দাশরথি রায়ের পাঁচালী

কলিকাতা শিবনাথ শাস্ত্রী কলেজের
বাঙলাভাষা ও সাহিত্যের প্রধান অধ্যাপক
শ্রীহরিপদ চক্রবর্তী এম. এ. ডি. ফিল
কর্তৃক সম্পাদিত

কলিকাতা বিশ্ববিদ্যালয়

১৯৬২

উৎসর্গ

স্বর্লোকস্থ

পরমারাধ্য জনক-জননী

৺চন্দ্রকান্ত চক্রবর্ত্তী

ও

৺সরলাসুন্দরী দেবীর

পুণ্য স্মরণে

নিবেদিত

ভূমিকা

[ক]

বাংলার তথা ভারতের জাতীয় জীবনের নবযুগের আবির্ভাব-কাকলি ঘোষিত হইয়াছিল পলাশী-প্রান্তরের তোপধ্বনির মধ্যদিয়া। কিন্তু তখনও ছিল অনিশ্চয়তার ঘন কুজ্ঝটিকায় দিগন্ত সমাচ্ছন্ন; নিশাবসানের অস্ফুট আলোক এই গাঢ় কুহেলিকার দুর্ভেদ্য যবনিকা ভেদ করিয়া বাহিরে আসিতে পারিতেছিল না। বাংলাদেশের সমগ্র পরিবেশ তখন সংশয়-শঙ্কা, উৎকণ্ঠা-উদ্বেগের উত্তেজনায় আতঙ্কিত ও সন্ত্রস্ত হইয়া উঠিয়াছিল। তারপর এই রুদ্ধশ্বাস দুঃসহ অনিশ্চয়তার অবসান ঘটিয়াছিল শতবর্ষ পরে, আর একটি বিদ্যুদ্দীপ্ত বজ্রমুখরিত ঝঞ্চার অবসানে। তখন বৃটিশ স্বর্ণের পূর্ণোদয়ে বাংলা তথা ভারত নবসম্ভাবনার বিচিত্র আশা-উদ্যমে পুলকিত ও চঞ্চল হইয়া উঠিয়াছিল। সুতরাং আমাদের নবযুগেরও যথার্থ আবির্ভাব ঘটিয়াছিল এই সময়ে, সিপাহী-বিদ্রোহের আগুণে ভস্মীভূত কোম্পানীর শ্মশানভূমির মহাসাধন পীঠে দুশ্চর ও দুঃসাহসিক তপস্যায়।

পলাশীর যুদ্ধ হইতে সিপাহী বিদ্রোহ পর্যন্ত একশত বৎসর কাল ভারতের ইতিহাসে কোম্পানীর আমল নামে পরিচিত। এই সময়টি বাংলাদেশ ও বাঙালী জাতির সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক জীবনে ঘোরতর অনিশ্চয়তা ও অরাজকতার সৃষ্টি করিয়াছিল। ইহার পূর্বভাগে অর্থাৎ অষ্টাদশ শতাব্দীর শেষার্ধকালে ভূমিব্যবস্থার যথেচ্ছচারিতায়, দুর্ভিক্ষ-মহামারী-মন্বন্তরে, অসাধু তহশীলদার ও কোম্পানীর অসৎ কর্মচারীদের অত্যাচার-উৎপীড়নে এবং আনুষঙ্গিক অন্যান্য সহস্রবিধ লাঞ্ছনা নির্যাতনে পল্লীবঙ্গের দরিদ্র কৃষককুল হইতে পুরবঙ্গের নাগরিক ধনিকসম্প্রদায় পর্যন্ত—সমগ্র বাঙালী সমাজ হতাশা ও অসহায়তার অন্ধকারে বিভ্রান্ত হইয়া পড়িয়াছিল। কিন্তু ইহার-ই উপান্ত ক্ষণ কিছুটা আলোকোজ্জ্বল হইয়া উঠিয়াছিল খ্রীষ্টান ধর্মপ্রচারকদের মশালে। সে মশালের আগুনে দাবদাহ হয়ত কম ছিল না, কিন্তু তদপেক্ষা অধিকতর পরিমাণে যে সে শিখা আলো বিকীর্ণ করিয়াছিল, অন্ধকার নাশ করিয়াছিল, তাহা সুনিশ্চিত। এই ঐতিহাসিক সিদ্ধান্তে সন্দেহের অবকাশ কম যে শ্রীরামপুর খ্রীষ্টান পাদরীদের ধর্মপ্রচার প্রচেষ্টার গৌণ ফলই—নববঙ্গ সাহিত্যের সম্ভাবনার পথকে সরল ও সুগম করিয়াছিল।

কোম্পানীর আমলের উত্তরার্ধকে অর্থাৎ উনবিংশ শতকের প্রারম্ভ হইতে সিপাহী-বিদ্রোহ পর্যন্ত কালটিকে—সংস্কার ও সংগঠনের যুগ বলা যাইতে পারে। ফোর্ট উইলিয়ম কলেজ প্রতিষ্ঠা দ্বারা এই যুগের পরিক্রমা আরম্ভ হইলেও ইহার সূচনা-সূত্র কয়েক বৎসর পূর্বে শ্রীরামপুর মিশনের কর্মোদ্যমের মধ্যে নিহিত। কাজেই আধুনিক বঙ্গসাহিত্য ভাগীরথীর গঙ্গোত্রী-যমুনোত্রী বলা যায় শ্রীরামপুর মিশন ও ফোর্ট উইলিয়ম কলেজ এই প্রতিষ্ঠানযুগলকে। বাংলা গদ্যানুশীলন, মুদ্রাযন্ত্রের আবিষ্কার, সাময়িক পত্রিকার প্রকাশ, ইংরাজী শিক্ষা ব্যবস্থার প্রসার, স্ত্রীশিক্ষার প্রবর্তন, হিন্দুকলেজ প্রতিষ্ঠা প্রভৃতি সংগঠনমূলক উদ্যোগের সহিত সমন্বিত হইয়াছিল রামমোহনের সতীদাহ নিবারণ ও বৈদান্তিক ধর্মপ্রচার এবং বিদ্যাসাগরের বিধবাবিবাহ আন্দোলন ও বহুবিবাহ নিরোধ আন্দোলন প্রমুখ সমাজ সংস্কার প্রয়াসসমূহ। পুরাতনকে সংস্কার করিয়া আর নূতনকে সংগঠন করিয়া সমন্বিত করা, গ্রহণযোগ্য করাই ছিল এই কালের মুখ্য উদ্যম।

এই উদ্যম কিন্তু নিষ্কণ্টক সরল পথে অগ্রসর হইতে পারে নাই। তীব্র বিরোধ ও সংগ্রামের মধ্য দিয়া সংঘাত ও সংঘর্ষের কুটিল পথে সতর্ক ও অপ্রমত্ত পদবিক্ষেপে উহাকে চলিতে হইয়াছে অভীপ্সিত, প্রত্যাশিত পরিণতির দিকে। সাম্প্রতিক পরিভাষায় যাহাদিগকে রক্ষণশীল ও প্রগতিশীল বা দক্ষিণপন্থী ও বামপন্থী বলে, তৎকালে সেই দুই শক্তি—প্রাচীন দল ও নব্যদল—সর্ববিষয়ে প্রতিদ্বন্দ্বিতা করিয়াছে, পদে পদে প্রতিক্ষেত্রে তীব্র সংগ্রাম চালাইয়াছে। সতীদাহ নিবারণ, বিধবা বিবাহ প্রচলন, ইংরাজী শিক্ষার প্রবর্তন, স্ত্রী শিক্ষার প্রচার, ধর্মসংস্কার প্রচেষ্টা প্রমুখ তদানীন্তন প্রতিটি কর্মক্ষেত্র যুদ্ধক্ষেত্রে পরিণত হইয়াছিল, দুই প্রতিদ্বন্দ্বী শক্তির তূর্যনিনাদে অস্ত্রের ঝনৎকারে মুখর হইয়া উঠিয়াছিল।

বাংলা সাহিত্যের ক্ষেত্রেও এই সংগ্রামের তীব্রতা কিছু মাত্র কম ছিল না, এবং ইহার কালব্যাপ্তিও ছিল প্রায় শত বৎসর ব্যাপী সুদীর্ঘ। পলাশীর যুদ্ধের তিন বৎসর পর মধ্যযুগীয় বাংলা সাহিত্য ধারার সর্বশেষ শ্রেষ্ঠ কবি রায়গুণাকর ভারতচন্দ্র দেহরক্ষা করেন, আর আধুনিক বঙ্গসাহিত্য-সুরধুনীর ভগীরথ শ্রীমধুসূদনের 'মেঘনাদ বধে'র শঙ্খধ্বনি মন্দ্রিত হয়, ইহার প্রায় একশত বৎসর পরে। প্রাচীন সাহিত্য ধারার শেষ শ্রেষ্ঠ সেনাপতি—বঙ্কিমচন্দ্রের 'শেষ খাঁটি বাঙালী কবি'—গুপ্ত কবি ঈশ্বরচন্দ্র ইহলোক ত্যাগ করেন মেঘনাদবধ প্রকাশের মাত্র দুইবৎসর পূর্বে। কাজেই এই কথা বলিলে অত্যুক্তি হয় না যে, সিপাহী বিদ্রোহের আগুন যে কেবল কোম্পানীর শাসন-সৌধকে ভস্মীভূত করিয়াছিল তাহা নহে, প্রাচীন ও মধ্য যুগীয় সাহিত্যের পদাবলী-পাঁচালী-কূজিত কুঞ্জকুটিরও উহার লেলিহান শিখার অগ্নিস্পর্শ হইতে আত্মরক্ষা করিতে পারে নাই।

ভারতচন্দ্রের তিরোধান হইতে শ্রীমধুসূদনের আবির্ভাব পর্যন্ত শতবৎসর পরিমিত যুগান্তর কালটি বাঙালী জাতির বহুমুখী অভ্যুদয়ের ইতিহাসের দিক হইতে যতখানি গুরুত্বপূর্ণ, আধুনিক বাংলা সাহিত্যের ক্রমবিকাশের দিক হইতেও ততখানি গুরুত্বপূর্ণ। ইহার প্রথমার্ধে অর্থাৎ অষ্টাদশ শতকের শেষাংশে মুখ্যতঃ প্রতিকূল পরিবেশের প্রভাবে এবং প্রতিভাবান কবির অসদ্ভাবে পদাবলীর উচ্ছ্বাস, মঙ্গলকাব্য বিরচন, অনুবাদ প্রচেষ্টা, আখ্যায়িকা রচনার উদ্যম প্রমুখ মধ্যযুগীয় বাংলা সাহিত্য ধারা বিশুষ্কপ্রায় হইয়া উঠিয়াছিল। কিন্তু ইহার শেষ পাদে হঠাৎ একটা প্রবল জোয়ার আসিয়াছিল কবিগানের খাতে, আর সেই সঙ্গে সম্পর্কিত সমগ্র আখ্যায়িকা প্রধান ও গীতিপ্রধান খাতরেখাগুলি—পাঁচালী, ঢপ্, তর্জা, ঝুমুর যাত্রা প্রভৃতি—একেবারে যেন কানায় কানায় ভরিয়া গিয়াছিল। একেবারে উনবিংশ শতকের প্রথমার্ধ পর্যন্ত বিভিন্ন দিক হইতেই এই সব জনসাহিত্যের প্রতাপ ও প্রভাব প্রায় অক্ষুন্ন ছিল। অনেকে এই যুগটিকে 'গানের যুগ' বলিয়াছেন, কেহ বা বলিয়াছেন 'কবিওয়ালাদের যুগ'।

আমরা 'জনসাহিত্য' কথাটি বিশেষ অর্থে ব্যবহার করিয়াছি এবং সেই সম্পর্কে কিছুটা কৈফিয়ৎ দিবার প্রয়োজন বোধ করিতেছি। স্থূল বিচারে কবি, পাঁচালী, আখড়াই, টপ্পা প্রভৃতিকে লোকসাহিত্যের অন্তর্ভুক্ত করা হইয়া থাকে। ধর্মমুখী সংস্কৃত প্রভাবিত প্রাচীন সাহিত্য, আর মানবমুখী ইংরাজী প্রভাবিত আধুনিক সাহিত্য—ইহার মধ্যবর্তী সাহিত্যের পারিভাষিক রূপই ব্যাপকার্থে লোক সাহিত্য বলিয়া অভিহিত। কিন্তু সংকীর্ণার্থে লোকসাহিত্য (**Folk Literature**) মুখ্যতঃ গ্রামের সাহিত্য, কৃষক সম্প্রদায় ও তথাকথিত নিরক্ষর সমাজের কবি ও পাঠকবর্গের, যথার্থ বলিতে শ্রোতৃবর্গের সাহিত্য। নগর ও সহরবাসীগণ ঐ জাতীয় সাহিত্যের সমাদর করিতে ও উহার রসাস্বাদন করিতে অভ্যাস করিয়াছে অনেক পরে, আর ইহা করিয়াছে খানিকটা রোমান্টিক মনোভাবের বশে ও নাগর জীবনের প্রতিকূল প্রতিক্রিয়ায়

এবং মুখ্যতঃ রবীন্দ্রনাথ ও আচার্য দীনেশচন্দ্র সেন প্রমুখ বিদগ্ধ রসিক ব্যক্তিবর্গের আনুকূল্যে ও প্রেরণায়। উৎস, উদ্ভব, রচনা ও রসসম্ভোগাদির দিক হইতে লোকসাহিত্য যেন স্বাভাবিক সম্পদে সমৃদ্ধ, দুস্তর লবনাম্বুরাশির অভ্যন্তরে অবস্থিত একটি দ্বীপভূমি—আধুনিক নাগর-সংস্কৃতির সঙ্গে উহার যোগাযোগ স্বল্প ও সুদূর। সে দ্বীপ হইতে মাঝে মাঝে এ পারে গান ভাসিয়া আসে, কদাচ গায়ক দলও আসে, আবার এপার হইতেও কৌতূহলী মুসাফির যায় সে দ্বীপে, সখ করিয়া তাহাদের কথা, তাহাদেরি ভাষায়, তাহাদের মত করিয়া বলিয়া আনন্দ পায়, ফিরিয়া আসিয়া তাহার অনুকরণ শোনাইয়া আসর জমাইয়া তোলে। অনুকরণ নিখুঁত হইলেও বিষয় যে কৃত্রিম তাহা অজানা থাকেনা। একটি নিজস্ব সংকীর্ণ সীমারেখায় লোকসাহিত্য যে ভাব ও রূপের মধ্যে আবদ্ধ, তাহাতে গ্রামের লোকের ভাষায় গ্রামের লোকের কথা গ্রামের লোকের কাছ পরিবেশন করা হয়। নিজের চতুঃসীমায় আবদ্ধ লোকসাহিত্যের একটি বিশেষ রূপ আছে, নির্বিশেষ বা কোন সাধারণ রূপ নাই। পক্ষান্তরে কবি, পাঁচালী, আখড়াই প্রভৃতি রচনা ও রসভোগের প্রধান অংশ সর্বদাই গ্রহণ করিয়াছেন শিক্ষিত সম্প্রদায়ের লোক, উহার বিষয় বস্তু ও অধিকাংশ উপাদান সংগৃহীত হইয়াছে পুরাণাদি সাধারণ ভাণ্ডার হইতে এবং উহা শ্রবণ করিয়াছে, উহার রসাস্বাদন করিয়াছে নগর পল্লীর শিক্ষিত-অশিক্ষিত নির্বিশেষ জনসাধারণ। কাজেই নির্বিশেষ জনসাধারণের মধ্যে স্বাভাবিক সমাদর লাভ করিয়াছিল বলিয়া এবং সাধারণ-সংস্কৃতির মধ্যে উদ্ভব হইয়াছিল বলিয়া আমরা এই শ্রেণীর সাহিত্যকে জনসাহিত্য (Popular Literature) বলাই সঙ্গত বোধ করি। প্রসঙ্গতঃ গণ-সাহিত্য কথাটি ও আলোচিতব্য। ইহা কিন্তু মূলতঃ বৈদেশিক শব্দের ভাবানুবাদ ও রাজনৈতিক পরিভাষা। ইংরাজীতে যাহাদের masses বলে, তাহাদের অভাব অভিযোগ, দুঃখ-দুর্দশা, লাঞ্ছনা-বেদনার যে বিশেষ মতবাদ-পুষ্ট ভাষা-চিত্র মুখ্যতঃ তাহাকেই গণসাহিত্য বলা হইয়া থাকে।

এই জনসাহিত্য প্রথম দিকে অত্যন্ত জনপ্রিয় হইয়া উঠিয়াছিল। কিন্তু উনবিংশ শতকের পর হইতে ইংরাজী শিক্ষার প্রভাবে ও বাংলা গদ্যের উদ্ভবে শিক্ষিত মানুষের মন ও রুচি ক্রমশঃ পরিবর্তিত হইতে লাগিল। প্রধানতঃ বাংলা গদ্যকে আশ্রয় করিয়া ইংরাজীপ্রভাব-পুষ্ট বাংলা সাহিত্য ধীরে ধীরে আত্মপ্রকাশ করিতে লাগিল এবং অনতিকালের মধ্যে ইংরাজীপ্রভাব-বর্জিত জনসাহিত্যের প্রবল প্রতিদ্বন্দ্বীরূপে যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হইল। এই যুদ্ধে আত্মরক্ষার প্রয়োজনে ইংরাজীপ্রভাব-বর্জিত জনসাহিত্য শাখায় জৈবলক্ষণ প্রকাশিত হইয়াছিল। পুষ্টিবর্ধন ও স্থায়িত্বের উদ্দেশে অনাবশ্যকের পরিবর্জন ও আবশ্যকের সংযোজন দ্বারা নিজেকে প্রয়োজনীয় পরিবর্তনের পথে দীর্ঘজীবী করিবার যে স্বাভাবিক প্রয়াস তাহার নাম জৈবলক্ষণ। এই প্রাণধর্মী প্রেরণায় প্রবুদ্ধ হইয়া কবি, পাঁচালী, আখড়াই, হাফ-আখড়াই প্রভৃতি শাখায় জনপ্রিয় অংশগুলি পরস্পরের মধ্যে সন্নিবিষ্ট হইয়াছিল। জনসাহিত্যের বিষয় বস্তু, প্রয়োগ কলা, গানের সুর এমন কি বাদ্য যন্ত্রের ব্যবহারের মধ্যেও এই সংযোজন ও সমন্বয়ের চিহ্ন সুস্পষ্ট। শিব-শক্তি সম্বন্ধীয় বিষয় অর্থাৎ শাক্তধারা, রাধাকৃষ্ণ বিষয়ক পদসমূহ অর্থাৎ বৈষ্ণবধারা এবং ধর্মনিরপেক্ষ মানুষী প্রেমের প্রত্যক্ষ প্রবাহ—জনসাহিত্যের প্রতিটি মুখ্য শাখাই এই তিন ধারার এক একটি ত্রিবেণী-সঙ্গম। কবিগানের সঙ্গমতীর্থে এই তিনধারা সমন্বিত হইয়াছে ভবানী বিষয়ক, সখী সংবাদ ও বিরহ গানের মধ্যে। পাঁচালী এবং হাফ-আখড়াইতেও পালার নির্বাচনে ও গীতাদি রচনায় এই সমন্বয় সুস্পষ্ট। পাঁচালী গানে যে সব চমৎকার ছড়ার মালা দেখা যায়, তাহা রচিত হইয়াছিল কবিগানের জনপ্রিয় অংশ টপ্পা ও লহরের অনুকরণে। ধর্ম ও প্রতীক নিরপেক্ষ বিরহগানের তথা নরনারীর বিরহ

বিধুর ও মিলনোৎসুক হৃদয়াবেগের যে অপরোক্ষ উদ্দাম প্রকাশধারাটি কবি, পাঁচালী, আখড়াই হাফ-আখড়াই, টপ্পা, বিদ্যাসুন্দর যাত্রা প্রভৃতির মধ্য দিয়া প্রবাহিত হইয়া আসিয়াছে, আধুনিক বাংলা সাহিত্যে মানুষের সরাসরি হৃদয়াবেগ প্রকাশের বিশাল ক্ষেত্রকে তাহা কি পরিমানে রসসিক্ত ও উর্বর করিয়াছিল, প্রস্তুত করিয়াছিল—অনুসন্ধিৎসু ঐতিহাসিকের সূক্ষ্ম দৃষ্টিতে আজ তাহা স্পষ্ট হইয়া উঠিয়াছে। এই সম্বন্ধে আমরা অন্যত্র বিস্তৃত আলোচনা করিয়াছি।[১] যাহা হউক, ইংরাজীপ্রভাব-বর্জিত ও ইংরাজী প্রভাব পুষ্ট এই দুই প্রতিস্পর্ধী ধারার সংগ্রামের পরিণাম সুপরিজ্ঞাত। সংক্ষেপে বলা চলে যে মধুসূদন দীনবন্ধুর আবির্ভাবের মধ্যেই ইংরাজীপ্রভাব-বর্জিত জনসাহিত্যের সুনিশ্চিত পরাজয় এবং আধুনিক সাহিত্যের নিরংকুশ অভ্যুদয় ঘোষিত হইয়াছিল।

[খ]

পদ ও পাঁচালী লইয়াই প্রাচীন ও মধ্যযুগের বাংলাসাহিত্য। পাঁচালী বলিতে সাধারণতঃ বুঝাইত প্রাচীন ও মধ্যযুগীয় বাংলা সাহিত্যের আখ্যায়িকা প্রধান ধারাটিকে। রামায়ণ মহাভারত, মঙ্গলকাব্য সমূহ, আলাওলের পদ্মাবতী এই সবই পাঁচালী, কাহিনী কাব্য। কিন্তু আমাদের আলোচ্য সন্ধিযুগের পাঁচালী একেবারে স্বতন্ত্র বস্তু। ইহাকে বিশিষ্ট করিবার জন্য "নূতন পদ্ধতির পাঁচালী" বলা যাইতে পারে। উনবিংশ শতকের পটভূমিকায় পাঁচালী বা পাঁচালী গান বলিতে সাধারণতঃ এই নূতন পদ্ধতির পাঁচালীকেই বুঝায়। এই নূতন পদ্ধতি পাঁচালীর উদ্ভাবকের গৌরব দেওয়া হয় দাশরথি রায়কে। কারণ, প্রথমতঃ দাশরথির পূর্বে পাঁচালী গানের প্রচলন থাকিলেও তাঁহার কোন নিদর্শন পাওয়া যায় নাই; দ্বিতীয়তঃ দাশরথি পাঁচালীকে একেবারে ঢালিয়া সাজাইয়া ছিলেন, নূতন করিয়া গড়িয়াছিলেন। কবির দলের অভিজ্ঞতালব্ধ সম্পদ সরস ও ঝাঁঝালো ছড়ার এবং তীব্র শ্লেষোক্তি সমন্বিত বাক্-যুদ্ধের (যথা হর গৌরীর কলহ, রাধাকৃষ্ণের দ্বন্দ্ব প্রভৃতি) সংযোজন করিয়া দাশরথি পাঁচালীর চমৎকারিত্ব ও জনপ্রিয়তা বহুগুণিত করিয়াছিলেন। পরবর্তী পাঁচালীকারগণ দাশরথির ধারারই অনুবর্তন করিয়াছেন।

দাশরথির বন্ধু সাহিত্য রসিক এবং তাঁহার প্রথম জীবনীকার চন্দ্রশেখর মুখোপাধ্যায় বলিয়াছেন—"পাঁচালী কথা-প্রধান সঙ্গীত।" অর্থাৎ পাঁচালীতে গানের প্রাধান্য সর্বাধিক। সমুদ্রের তরঙ্গশীর্ষের সফেন উচ্ছ্বাসের মত পাঁচালী পালার বিচিত্র গতিতরঙ্গের নাটকীয় তুঙ্গ মুহূর্তগুলি সর্বদাই সঙ্গীতোচ্ছ্বাসে মুখরিত। সংলাপ ও বর্ণনা যাহাই হউক না কেন, তাহার চরম ও আবেগময় প্রকাশ-মাধ্যম, গান। পাঁচালী পালার প্রারম্ভিক সঙ্গীত সম্বন্ধে কোন নিশ্চিত নিয়ম নাই। মনে হয়, আসর বন্দনা জাতীয় ছুট সঙ্গীতগুলি অধিকাংশ ক্ষেত্রে প্রারম্ভিক সঙ্গীতের কার্য করিত। কিন্তু প্রতি পালাতেই বিশিষ্ট অন্ত্য সঙ্গীত অপরিহার্য। পাঁচালী পালার অন্যতম বৈশিষ্ট্য এই যে, ইহার কথাবস্তুর মধ্যে একটি কাহিনীর ধারাবাহিকতা থাকিলেও, তাহার মধ্যে ঘটনা বিন্যাসের স্বাভাবিক পারম্পর্য ও ক্রমপরিণতি থাকে না, অসংলগ্ন বস্তুর সংযোজনে, অবান্তর বিষয়ের আকর্ষণে, সমসাময়িক ঘটনার টীকাটিপ্পনী বর্ণনে, ব্যঙ্গ চিত্র

১ মংপ্রণীত দাশরথি ও তাঁহার পাঁচালী গ্রন্থ দ্রষ্টব্য।

বা নকশা অঙ্কনে—মূল কাহিনীটি ক্ষণে ক্ষণে নেপথ্যে অপসারিত হয়। কিন্তু বিস্ময়ের বিষয় এই যে তাহা দ্বারা পাঁচালীর বিশিষ্ট রসের কোন অপকর্ষ ঘটে না—রসসম্ভোগের পথটিও অবাধ থাকে।

পাঁচালীতে প্রচার প্রাধান্ত সুস্পষ্ট, তদানীন্তন রক্ষণশীল সমাজের চৌহদ্দির মধ্যে ভক্তিবারি সিঞ্চন করিয়া মানুষের হৃদয়ক্ষেত্রে ধর্মের বীজ বপন করা এবং সুনীতি-সদাচার-ঈশ্বরভক্তি রূপ সুগন্ধ সুবর্ণ কুসুমরাজি প্রস্ফুটিত করাই ছিল পাঁচালীর মুখ্য কাজ। দাশরথির পাঁচালীতে এই লক্ষণ সুপ্রকট। তাঁহার উত্তর সূরী—রসিক রায়, ব্রজ রায়, ঠাকুরদাস, নন্দ রায়, মনোমোহন বসু প্রভৃতির মধ্যেও এই ধারা অনুসৃত হইয়াছে।

[গ]

দাশরথি জন্মগ্রহণ করিয়াছিলেন ১২১২ বঙ্গাব্দের (১৮০৬) মাঘ মাসে। তাঁহার পৈত্রিক বাস্তু ও জন্মস্থান বর্ধমান জিলার কাটোয়ার নিকট বাঁধমুড়া গ্রাম। দাশরথি ছিলেন পিতা দেবপ্রসাদ রায় ও মাতা শ্রীমতী দেবীর দ্বিতীয় সন্তান। তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতার নাম ভগবানচন্দ্র, কনিষ্ঠের নাম তিনকড়ি। দাশরথির পাঁচালীকারের জীবনের সহিত ভগবানচন্দ্রের কোন সংশ্রব নাই কিন্তু তিনকড়ির জীবন পাঁচালীগায়ন দাশরথির সহিত ঘনিষ্ঠভাবে জড়িত।

দাশরথি বাল্যকাল হইতেই মাতুলালয়ে বর্ধমান জিলার কাটোয়া-কালনার পীলাতে থাকিতেন। উত্তরকালে পীলাতেই তিনি বাস্তু নির্মাণ করিয়াছিলেন। আত্মপরিচয় সূচক পদে দাশরথি লিখিয়াছেন :

ধরা মধ্যে ধরি ধন্ত অগ্রদ্বীপ অগ্রগণ্য
যথায় শ্রীগোপীনাথের লীলা।
তৎ সন্নিকটে রাম্য গ্রাম অতি মনোরম্য
পাটুলী সমাজ পাশে পীলা॥

পীলায় তাঁহার মাতুল রামজীবন চক্রবর্তী প্রতিষ্ঠাবান লোক ছিলেন। তাঁহার কাছে থাকিয়া-ই দাশরথি পাঠশালার লেখাপড়া করেন। পরে তিনি নিজের যত্নে ও চেষ্টায় পীলার সরকারী রেশম কুঠীর কেরাণীগণের এবং বহরা গ্রামের হরকিশোর ভট্টাচার্যের নিকট হইতে কিছুটা ইংরাজী শিখিয়াছিলেন। এই সামান্ত শিক্ষাতেই তখনকার দিনে রেশমকুঠীর কেরাণীগিরি করিয়া পর্যাপ্ত সাচ্ছন্দ্যসহ ভদ্রভাবে জীবন যাত্রা নির্বাহ করা দাশরথির পক্ষে অসম্ভব হইত না। কিন্তু কী জানি কিসের আকর্ষণে চিরাচরিত, নিশ্চিত, সরল জীবন-পথ ছাড়িয়া তিনি অপরিচিত দুর্গম পথান্তরে পদক্ষেপ করিলেন। ইহাই বোধহয় বিধি ও বিধিলিপি। প্রতিভা—তাহা ক্ষুদ্রই হউক আর বৃহৎ-ই হউক—চিরকালই স্বতন্ত্র পথের পথিক—স্বচ্ছন্দ বিহারী।

দাশরথির সহিত পীলার নীলকণ্ঠ হালদারের বন্ধুত্ব ছিল। নীলকণ্ঠ অনুপ্রাস সহযোগে 'লহর' নামে এক ধরণের তরল ও অশ্লীল গান দ্রুত রচনা করিয়া কৃতিত্ব দেখাইতে পটু ছিলেন। এই লহর-রচনায় দাশরথি প্রথম নীলকণ্ঠের সাকরেদ ও পরে প্রবল প্রতিদ্বন্দ্বী হইয়া উঠিলেন। বয়স্তদের মধ্যে দাশুর লহর, গান ও টপ্পার খুব খ্যাতি হইল। এই খ্যাতির উত্তেজনার মুখেই কবির দলে যোগ দিবার একটা সুযোগ আসিয়া গেল এবং দাশরথি সেই সুযোগ গ্রহণ করিলেন।

পীলাগ্রামে সরকারী রেশমকুঠীতে নিম্ন শ্রেণীর অনেক কুলটা মেয়ে কাটুনীর কাজ করিত। ইহাদের মধ্যে অক্ষয়া বায়তিনি (আকা বাঈ) নামে একজন স্বামী পরিত্যক্তা নটীর একটি কবির দল ছিল। দাশরথি গোপনে আকার দলে যোগ দিলেন। প্রথম দিকে প্রকাশ্যে আসরে বসিতেন না, ক্রমে লোকলজ্জা অপগত হইল, প্রকাশ্য আসরে বসিয়া তিনি গাঁথনদারের কাজ আরম্ভ করিলেন। কথাটা আর গোপন রহিল না। দাশরথির আত্মীয়-স্বজন-জ্ঞাতি বর্গ নানাভাবে বাধা দিতে লাগিলেন। মাতুল রামজীবন জোর করিয়া দাশরথিকে অনন্তপুর কুঠীতে নিয়া কেরানীর কাজে লাগাইয়া দিলেন।

কিছুদিন নিরুপদ্রবে কাটিল। কিন্তু অকস্মাৎ একদা রামজীবন আবিষ্কার করিলেন যে দাশরথিকে অনন্তপুরে স্থানান্তরিত করিয়াও কবির দল ও আকার সাহচর্য হইতে বেশি দূরে রাখিতে পারেন নাই। প্রতি রাত্রিতে দাশরথি আকার দলের গাঁথনদারী করিয়া ভোরে বাড়ীতে ফিরিতেন। এই রহস্য উদ্ঘাটিত হইবার পর দাশরথিকে মাতুলালয়ের সর্বসংশ্রব ছিন্ন করিতে হইল। আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব সকলের অনুরোধ-উপরোধ, নিন্দা-তিরস্কার, তর্জন-গর্জন উপেক্ষা করিয়া দাশরথি আকার কবির দলের পুরোভাগে আসিয়া বসিলেন, কবির সরকার হইলেন। পিছনে বসিয়া কেবল প্রশ্নোত্তর রচনা নহে—আসরে দাঁড়াইয়া নিজে চাপান-কাটান দিতে লাগিলেন, ছড়া বলিতে লাগিলেন। কবিয়াল হিসাবে তাঁহার খ্যাতি চতুর্দিকে বিস্তৃত হইল।

সেকাল কবিগানের স্বর্ণযুগ। অতি বৃদ্ধ হরু ঠাকুর তখনো দেহরক্ষা করেন নাই; রামবসু, ভবানী বনিক, নিতাই বৈরাগী প্রভৃতি আকাশস্পর্শী খ্যাতি লইয়া দীপ্যমান। কাজেই দাশরথির মনে তাঁহাদের সমকক্ষ হইবার আকাঙ্ক্ষা জাগ্রত হওয়াটা অস্বাভাবিক ছিল না। তদঞ্চলে দাশরথির প্রধান প্রতিদ্বন্দ্বী কবিয়াল ছিলেন পুরুষোত্তম দাস বৈরাগ্য ও নিধিরাম শুঁড়ি। কবিগানের সর্বাপেক্ষা ঝাঁঝাল দিক হইতেছে চাপান কাটান। ইহাতে প্রতিপক্ষকে ঘায়েল করিতে সত্যমিথ্যা, শ্লীল-অশ্লীল সর্বপ্রকার নিন্দাবিদ্রূপই অস্ত্ররূপে নির্বিচারে নিক্ষেপ করা হইয়া থাকে। এমনি এক কবির লড়াইয়ের আসরে পুরুষোত্তম দাস বৈরাগ্য দাশরথির জাতকুলের উল্লেখ করিয়া গালাগাল দিলেন। আসরে দাশরথির আত্মীয়কুটুম্ব উপস্থিত ছিলেন। তাঁহারা নিতান্ত অপমানিত বোধ করিয়া দাশরথির কাছে ছুটিয়া আসিলেন এবং মর্মাহত দাশরথির মর্মে অধিকতর আঘাত হানিয়া শেষে কবির দলের সংশ্রব ত্যাগ করিতে একান্ত অনুরোধ করিলেন। এবার আর দাশরথি তাঁহাদের কথা অবহেলা করিতে পারিলেন না। দাশরথি কবির দল ত্যাগ করিলেন।

বাঙ্গালা ১২৪২ সাল (১৮৩৬) দাশরথির জীবনে একটি উল্লেখযোগ্য বৎসর। এই বৎসর দাশরথি তাঁহার পাঁচালীর আখড়া স্থাপন করিলেন। তখন তাঁহার বয়স মাত্র তিরিশ। কবির দলে যে সুনাম অর্জন করিয়াছিলেন, সেই সুবাদেই তিনি পাঁচালী গাহিবার কিছু কিছু বায়না পাইতে লাগিলেন এবং তাহাতে কিছুটা খ্যাতিও অর্জন করিলেন। দিকে দিকে তাঁহার পাঁচালীর দলের ডাক আসিতে লাগিল। কিছুকাল পরে একটি বড় ডাক আসিল নবদ্বীপে রাসপূর্ণিমার উৎসবে। দাশরথি বুঝিলেন যে ইহাই তাঁহার জীবনের শ্রেষ্ঠ সুযোগ, নবদ্বীপ জয় করিতে না পারিলে তাঁহার পাঁচালী-অভিযান চিরতরে ব্যর্থ হইয়া যাইবে এবং তাহা বুঝিয়া খুব সতর্কতার সহিত তিনি দল সজ্জা করিলেন। দাশরথির তীক্ষ্ণ বৈষয়িক বুদ্ধি ছিল। এই সময় হইতে তিনি বাহ্যিক আড়ম্বরও বাড়াইয়া দিলেন। শুধু পোষাক পরিচ্ছদে নহে, চাল-চলনেও আভিজাত্য বাড়িল। অন্যান্য বারের মত পদব্রজে না গিয়া দাশরথি পাল্‌কি করিয়া নবদ্বীপে

উপস্থিত হইলেন। দাশরথির প্রয়াস সার্থক হইল। প্রথম আসরেই তিনি নবদ্বীপের শ্রেষ্ঠ পণ্ডিতগণের চিত্তহরণ করিলেন। নবদ্বীপের পণ্ডিতবর্গের এতখানি আনুকূল্য তিনি লাভ করিয়াছিলেন যে তাঁহাদের আগ্রহে প্রতিবারই রাসপূর্ণিমায় নবদ্বীপে পাঁচালী গাহিতে আসিবেন এই প্রতিশ্রুতি দাশরথিকে দিতে হইল। কথিত আছে যে নবদ্বীপের পণ্ডিতবর্গ দাশরথির স্বাস্থ্যের জন্ম রাসের পূর্বে শান্তিস্বস্ত্যয়ন করিতেন।

নবদ্বীপের বিশ্রুত পণ্ডিতমণ্ডলীর কাছে দাশরথি কতখানি আনুকূল্য ও স্নেহ লাভ করিয়াছিলেন তাহার একটি ঘটনার উল্লেখ এইখানে অবান্তর হইবে না। দাশরথি একদা নবদ্বীপের আসরে তাঁহার বিখ্যাত গীতটি ধরিয়াছেন—

দোষ কারু নয় গো মা
আমি স্বখাত সলিলে ডুবে মরি শ্যামা।
ষড়রিপু হল কোদণ্ড স্বরূপ
পুণ্যক্ষেত্র মাঝে কাটিলাম কূপ—ইত্যাদি।

'কোদণ্ড' শব্দের অর্থ ধনুক, কোদাল নহে। কিন্তু দাশরথি শব্দটি 'কোদাল' অর্থে প্রয়োগ করিলেন। এই অশুদ্ধ প্রয়োগ দেখিয়া জনৈক ছাত্র বিদ্রূপ হাস্য করিয়া দাশরথির অজ্ঞতা সম্বন্ধে কটু মন্তব্য করিলেন। ইহা শুনিয়া নবদ্বীপের শ্রেষ্ঠ আচার্যগণ সভামধ্যেই উক্ত ছাত্রকে তিরস্কার করিয়া কহিলেন যে দাশরথি কবি, সিদ্ধবাক, বাণীর বরপুত্র। তাঁহার মুখ দিয়া যখন কোদালী অর্থে কোদণ্ড শব্দ প্রযুক্ত হইয়াছে, তখন কোদণ্ড শব্দের এই অর্থও প্রচলিত হউক।

পাঁচালীর দল গঠন করিবার দুই বৎসর পর দাশরথি মঙ্গলকোট থানার অন্তর্গত সিঙ্গত গ্রামের হরিপ্রসাদ রায় মহাশয়ের কন্যা প্রসন্নময়ীকে বিবাহ করিয়া পীলাতেই স্থায়ীভাবে বসবাসের ব্যবস্থা করিয়াছিলেন। অর্থাগম বৃদ্ধির সঙ্গে সঙ্গে তাঁহার গৃহ ব্যবস্থার ও পরিবর্তন হইতে লাগিল। দোতলা-দালান, বৈঠকখানা, চণ্ডীমণ্ডপাদি নির্মান করাইয়া বাড়ীর চতুর্দিকে পাকা প্রাচীর তুলিয়া দিলেন। বাড়ীতে শালগ্রাম শিলা প্রতিষ্ঠা এবং নির্বিঘ্নে পূজার্চনা চলিবার জন্ম তিনি নিষ্কর জমি ক্রয় করিলেন। দুর্গোৎসব, শ্যামাপূজা, জগদ্ধাত্রী পূজা হইতে লাগিল। যে বৎসর বাড়ীতে দুর্গোৎসব করিতেন, সে বৎসর দাশরথি নিজে বাহির হইতেন না, পাঁচালীর দল দিয়া ছোট ভাই তিনকড়িকে পাঠাইয়া দিতেন।

দাশরথির সুখের সংসার। কিন্তু বিধাতার সৃষ্টিতে অবিমিশ্র পরিপূর্ণতা কোথায়? দাশরথির কোন পুত্র সন্তান হইল না। একমাত্র কন্যা সন্তান কালিকাসুন্দরীকে তিনি নবদ্বীপের দুর্গাদাস ন্যায়রত্নের সহিত বিবাহ দিয়াছিলেন। কিন্তু কালিকাসুন্দরী দীর্ঘায়ু ছিলেন না, দাশরথির মৃত্যুর পরবৎসরই তিনি ইহলোক ত্যাগ করেন।

প্রচুর অর্থাগম হইতেছে, অথচ বংশধর পুত্র জন্মিল না, জন্মিবার আশাও ক্ষীণ হইয়া আসিল। গৃহসম্পদাদির ভবিষ্যৎ সম্বন্ধে দাশরথি চিন্তিত হইলেন এবং শেষে বাড়ীতে শিবলিঙ্গ প্রতিষ্ঠা করিয়া অর্চনার জন্ম ভূসম্পত্তি ক্রয় করিলেন। পাঁচালী গ্রন্থ মুদ্রনের ব্যবস্থাও করিলেন। নানাবিধ সৎকার্যে অর্থ ব্যয় করিতে লাগিলেন।

দাশরথি দেখিতে দীর্ঘাকৃতি ছিলেন। গায়ের রং ছিল উজ্জল শ্যামবর্ণ, কোঁকড়ান কৃষ্ণ চুল, নাক একটু লম্বা, চোখ দুটি বিশাল ও বিস্ফারিত। মুখে সর্বদাই একটি প্রসন্ন হাসি লাগিয়া থাকিত। একা থাকিবার কালে তাঁহাকে গভীর চিন্তামগ্ন দেখাইত; মাঝে মাঝে ঘাড় নাড়িয়া তিনি কি যেন মনে মনে বলিতেন। দাশরথির স্বাস্থ্য কিন্তু ভাল ছিল না। থাকিবার উপায়ও ছিল না। কারণ তিনি যে ব্যবসায় করিতেন, তাহাতে রাত্রি জাগরণ, অধিক রাত্রে অভক্ষ্য ভোজন অপরিহার্য ছিল। মাঝে মাঝে তিনি নানা অসুখে ভুগিতেন, একবার মারাত্মক সান্নিপাতিক জ্বরও হইয়াছিল।

১২৬৪ বঙ্গাব্দে (১৮৫৭) কাসিমবাজার দুর্গাপূজা উপলক্ষে পাঁচালী গান করিয়া, কোজাগরী পূর্ণিমার দিন জ্বরাক্রান্ত দেহে দাশরথি দেশে ফিরিয়া আসিলেন। রোগ ক্রমশঃ বাড়িয়া চলিল। ১২৬৪ বঙ্গাব্দের ২রা কার্তিক, শ্যামাপূজার পূর্ব দিবস, কৃষ্ণা চতুর্দশী তিথি। প্রভাতে কবিরাজ ঈশান চক্রবর্তী দাশরথির নাড়ী ধরিয়া মাথা নাড়িলেন। যথারীতি দাশরথিকে গঙ্গাযাত্রা করান হইল। গঙ্গাদর্শন করিতে করিতে, একজন গায়কের মুখে স্বরচিত গীত শুনিতে শুনিতে—ঐ অঞ্চলের তৎকালীন অন্যতম কবিরাজ ঈশানচন্দ্র চক্রবর্তীর ভাষায়—"বঙ্গের উজ্জল নক্ষত্র" দাশরথি মাত্র ৫২ বৎসর বয়সে মহানিদ্রায় নিমজ্জিত হইয়া গেলেন।

দাশরথির পত্নী প্রসন্নময়ী দীর্ঘকাল বাঁচিয়া ছিলেন। ১৩০৬ সালের ২রা অগ্রহায়ণ তিনি ইহলোক ত্যাগ করেন।

[ঘ]

দাশরথির রচিত ও তাঁহার জীবৎকালে প্রকাশিত মাত্র তিনখণ্ড পাঁচালী গ্রন্থ আমাদের দৃষ্টিগোচর হইয়াছে। দুইখানি আছে জাতীয় গ্রন্থাগারে আর একখানি শ্রীসজনীকান্ত দাস মহাশয়ের ব্যক্তিগত সংগ্রহ শালায়। সজনীবাবুর সংগৃহীত গ্রন্থের প্রকাশ তারিখ ১২৫৫ সাল (১৮৪৮ খৃঃ) ৩০শে জ্যৈষ্ঠ। জাতীয় গ্রন্থাগারে রক্ষিত একখানির (১নং পাঁচালীর) প্রকাশ কাল ১২৫৫ সাল (১৮৪৮ খৃঃ) ১৪ই আশ্বিন [গ্রন্থ সংখ্যা 182. Nc. 84. 2] অপরখানির পঞ্চম খণ্ডের, প্রকাশ কাল ১২৫৭ সাল (১৮৫১ খৃঃ) ১৫ই চৈত্র [গ্রন্থ সংখ্যা, 182. Nc. 851. 3]। এই খণ্ডের সঙ্গে একত্রে আরও একটি খণ্ড গ্রথিত আছে। প্রচলিত খণ্ডগুলির সূচী তালিকা মিলাইয়া দেখা যায় যে সজনীবাবুর সংগৃহীত পালাটি দ্বিতীয় খণ্ড এবং জাতীয় গ্রন্থগারের পালা দুইটি যথাক্রমে প্রথম ও পঞ্চম খণ্ড; আর পঞ্চম খণ্ডের সহিত একত্রগ্রথিত পালাটি তৃতীয় খণ্ড। অবশ্য এই পঞ্চম খণ্ডের সহিত বটতলা হইতে প্রকাশিত ও খণ্ডে খণ্ডে বিন্যস্ত প্রচলিত দাশরথির পাঁচালী গ্রন্থাবলীর পঞ্চম খণ্ডের মিল নাই। দাশরথি তাঁহার গ্রন্থাবলী হইতে এই পঞ্চম খণ্ডের পালাগুলি বাতিল করিয়া দিয়াছিলেন এবং সেই স্থলে নূতন করিয়া পঞ্চম খণ্ড প্রকাশ করিয়াছিলেন। এই বিষয়টি সম্বন্ধে অন্যত্র[১] আমরা সুদীর্ঘ আলোচনা করিয়াছি বলিয়া পুনরুক্তি করিলাম না। যাহোক, এই খণ্ডগুলির আখ্যাপত্র উল্লেখযোগ্য।

(১) মৎপ্রণীত 'দাশরথি ও তাঁহার পাঁচালী' গ্রন্থের ১ম সংস্করণ, তৃতীয় অধ্যায় [ক] দ্রষ্টব্য।

(১)

শ্রীশ্রীরাধাকৃষ্ণ
চরণ ভরসা

১ নম্বর পাঁচালী

শ্রীশ্রীমতীর কৃষ্ণবিরহানন্তর কুরুক্ষেত্র
যাত্রায় মিলন।

এবং প্রহ্লাদ চরিত্র ও রামায়ণ শিববিবাহ
আগমণি প্রভৃতি শ্রীশ্রীপ্রসঙ্গ উত্তমোত্তম গীত
সংযুক্ত তদনন্তর নানা রস বর্ণনযুক্ত বিরহ
এবং নায়ক নায়িকা উপাখ্যান।

শ্রীযুক্ত দাশরথী রায়ের
বিরচিত ও শ্রীমাধবচন্দ্র শীল কর্ত্তৃক দক্ষযজ্ঞ
পাঁচালী বিরচিত হইয়া
কলিকাতা যন্ত্রালয়ে যন্ত্রিত হইল।
সন ১২৫৫ সাল, তারিখ ১৪ই আশ্বিন।

(২)

শ্রীরাধাকৃষ্ণঃ ॥
শ্রীচরণ ভরসা ॥

॥ পাঞ্চালী নামক গ্রন্থঃ ॥

॥ পঞ্চম খণ্ড ॥

যদুকুলোদ্ভবঃ যদগুণাসম্ভবঃ
যদ্ভক্তভবতারণভবঃ তদ্বিচিত্রগুণবর্ত্তিতা
পূর্ব্বক কাব্যসভ্যভব্যাদিব্যগণস্য শ্রাব্য
শ্রীদাসরথি বিপ্রেণ বিরচিতমিদং
ইদানীং
শ্রীবনমালি প্রামাণিক ও শ্রীশ্যামাচরণ প্রামাণিকের
নিস্তারিনী যন্ত্রে যন্ত্রিত হইল।

এই গ্রন্থঃ যাহার প্রয়োজন হইবেক তাহারা
মোকাম কলিকাতার আহিরীটোলার শ্রীযুত
ছুখিরাম দের ১।১২ নম্বর বাটিতে
তত্ত্বঃ করিলেই পাইবেন।
ইতি সন ১২৫৭ সাল, তারিখ ১৫ই চৈত্র।

(৩) শ্রীশ্রীদুর্গা শরণং

পাঁচালী নামক গ্রন্থঃ
গৌড়দেশ চলিত ভাষায় ভাষিত
সুকোমল নানাচ্ছন্দে গান এবং পয়ারাদি রচিত
শ্রীযুৎ দাশরথী রায় মহাশয় কৃত
আদিরস ভক্তিরস ঘটিত
সুরসিক রসদায়ক পুস্তক
ইদানীং
কলিকাতা
শ্রীবিশ্বম্ভর লাহার অনুমত্যানুসারে
কবিতা রত্নাকর যন্ত্রে
মুদ্রাঙ্কিত হইল ॥

এই পুস্তক যাহার লওনেচ্ছা হইবে তিনি উক্ত যন্ত্রালয়ে তত্ত্ব করিলে পাইবেন।
ইতি সন ১২৫৫ সাল, তাং ৩০শে জ্যৈষ্ঠ।

দাশরথির মৃত্যুর তিন বৎসর পর, সাল ১২৬৭ সন (১৮৬১ খৃঃ), ২৭শে কার্তিক প্রকাশিত প্রচলিত পঞ্চম খণ্ড গ্রন্থখানির তৃতীয় মুদ্রণ [সাহিত্য পরিষৎ গ্রঃ সং ২০৮৬] দেখিয়াছি। ইহার আখ্যাপত্র ও বিজ্ঞাপনাদি উল্লেখযোগ্য। "সুরবর বরণীয় বরদেশ দিগম্বররাধ্য গুণকর, জগৎ প্রিয়বর পীতাম্বর চরণাম্বুজ মধুকর তনয় সুধাকরস্য চকর কিঙ্করাহকিঙ্কর ৺দাশরথি দ্বিজবরেণ বিরচিতমিদং রসজ্ঞ বৈরাগ্য বিজ্ঞাদি মধুকর মধুকুলবধূ চিত্তচকরস্য বিধু সুধাধিক সুস্বাদু সাধুরঞ্জক পাঞ্চালি নামক পুস্তক।" এই খণ্ডখানি ভবতারণ রায় মহাশয়ের অনুমত্যানুসারে যন্ত্রাধ্যক্ষ শ্রীবিশ্বম্ভর লাহা......তৃতীয়বার মুদ্রিত ও প্রকাশিত হইল।" এই খণ্ডে দাশরথির "বিষ্ণুরব-করি মুখে"—[১] ইত্যাদি ভূমিকাদি আছে। একটি বিজ্ঞাপন আছে—"সর্ব্বসাধারণকে অবগত করা যাইতেছে যে এই পঞ্চম খণ্ড পাঁচালী পুস্তক আমি রীতিমত গবর্ণমেণ্টের হোম ডিপার্টমেণ্টে রেজেষ্টারি করিয়া লইয়াছি। অতএব কোন ব্যক্তি ইহা পুনর্মুদ্রিত করিলে সমুচিত দণ্ড পাইবেন। মাহ ২৭ কার্ত্তিক, ১২৬৭, শ্রীবিশ্বম্ভর লাহা।" এই খণ্ড মুদ্রণের অনুমতি দাতা "ভবতারণ রায় মহাশয় দাশরথির ভ্রাতুষ্পুত্র। উক্ত বিজ্ঞাপন হইতে আর একটি বিষয় জানা যায় যে তখনও পাঁচালীর স্বত্ব বিক্রীত হইয়া যায় নাই।

দাশরথির জীবৎকালে মোট পাঁচ খণ্ড পাঁচালী প্রকাশিত হইয়াছিল। এই খণ্ড পাঁচটির স্বত্ব ১৮৭৪ খৃষ্টাব্দে রাজকিশোর দে ক্রয় করিয়াছিলেন। খণ্ডগুলি স্বতন্ত্র গ্রন্থকারে প্রকাশিত হইত, রাজকিশোর দে মহাশয়-ই খুব সম্ভব সর্বপ্রথম পাঁচ খণ্ড পাঁচালী একত্র এক গ্রন্থে সংকলিত করিয়া প্রকাশ করেন। ১২৯৬ সালে (১৮৮৯ খৃঃ) প্রকাশিত "মৃত মহাত্মা রাজকিশোর দে মহাশয়ের উত্তরাধিকারিগণের অনুমত্যানুসারে

(১) আলোচ্য দাশরথি রায়ের পাঁচালী, পৃঃ ২, আত্মপরিচয় সূচক তৃতীয় পদটি দ্রষ্টব্য।

কলিকাতা শ্রীরজনীকান্ত বন্দ্যোপাধ্যায় দ্বারা... পঞ্চম বার মুদ্রিত" পাচালী খণ্ড আমরা দেখিয়াছি। গ্রন্থখানি পকেট সাইজের, পৃষ্ঠা সংখ্যা ৬৩২। এই গ্রন্থে মুদ্রিত রাজকিশোর দে মহাশয়ের সম্পূর্ণ বিজ্ঞাপনটি উল্লেখ করিতেছি।

"সর্ব্ব সাধারণ জনগণ সন্নিধানে জ্ঞাতকরণ বিজ্ঞাপন করিতেছি যে দাশরথী রায় মহোদয়ের প্রণীত প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম খণ্ড পাঁচালী যাহা জনসমাজে প্রকাশিত হইয়াছে, তৎসমুদয় পুস্তকের স্বত্ব উক্ত মহাশয়ের স্বত্বাধিকারিনী শ্রীমতী প্রসন্নময়ী দেব্যার নিকট হইতে ক্রয় করিয়া উক্ত স্বত্বে স্বত্ববান হইয়াছি। বিশেষরূপে সংশোধন পূর্ব্বক একত্রে মুদ্রিত করিলাম। অতএব এই পুস্তক এখানে আমার কিম্বা আমার উত্তরাধিকারিগণের বিনানুমতিতে যিনি মুদ্রিত করিবেন তিনি আইনানুসারে আমাদিগের দাবীর দায়ী হইবেন। ইতি ১৮৭৪ সাল।

শ্রীরাজকিশোর দে"

এই স্বত্ব ক্রয়ের পূর্ব্বে মুদ্রিত দুই খণ্ড পাঁচালী,—একটি ১২৬৮ সালে (১৮৬১ ইঃ) শীল ব্রাদার্স প্রকাশিত দ্বিতীয় খণ্ড, অপরটি ১২৭৮ সালে (১৮৭১ ইঃ) প্রকাশিত চতুর্থ খণ্ড—আমরা দেখিয়াছি। প্রথমখানি আমাদের ব্যক্তিগত সংগ্রহে ও দ্বিতীয়খানি বঙ্গীয় সাহিত্য পরিষদে [গ্রঃ সং ২৮১২] আছে।

দাশরথির পাঁচালীর উত্তর ভাগ অর্থাৎ ষষ্ঠ হইতে দশম খণ্ড পর্য্যন্ত পাঁচালী বাহির হইয়াছিল তাঁহার মৃত্যুর পর। ষষ্ঠ খণ্ডের প্রাচীনতম যে সংস্করণটি [সাঃ পঃ গ্রঃ সং ৭৬৯৯] দেখিয়াছি তাহা— "শ্রীযুক্ত রামতারণ রায় মহাশয় দ্বারা প্রাপ্ত ও শ্রীবিহারীলাল শীল কর্ত্তৃক প্রকাশিত।" প্রকাশকাল ১২৭৬ সাল (১৮৬৯ ইঃ)। ইহা কোন সংস্করণ তাহার উল্লেখ নাই। কিন্তু দাশরথির মৃত্যুর বার বৎসর পর প্রকাশিত এই সংস্করণ যদি প্রথম সংস্করণ হয়, তবে তাহা যে বিস্ময়ের কথা সন্দেহ নাই। যাহা হউক পূর্বে উল্লিখিত পঞ্চম খণ্ডের বিশ্বম্ভর লাহার সংস্করণ যেমন "ভবতারণ রায় মহাশয়ের অনুমত্যানুসারে" প্রকাশিত; এই ষষ্ঠ খণ্ডও তেমনি—"রামতারণ রায় মহাশয়ের দ্বারা প্রাপ্ত।" এই রামতারণও দাশরথির অপর ভ্রাতুষ্পুত্র। সম্ভবতঃ পাঁচালীর স্বত্ব লইয়া দাশরথির পুত্রহীনা বিধবা পত্নী প্রসন্নময়ীর সহিত ভ্রাতুষ্পুত্রগণের বিবাদ হইয়াছিল এবং সেই হেতু তিনি পূর্ব ভাগের মত উত্তর ভাগের স্বত্বও বিক্রয় করিয়া দিয়াছিলেন।

এই উত্তর ভাগের ষষ্ঠ, নবম ও দশম খণ্ডের স্বত্ব ক্রয় করিয়াছিলেন বিহারীলাল শীল। উক্ত খণ্ড-গুলিতে—"...তস্য পত্নী শ্রীপ্রসন্নময়ী দেব্যা সাকিন পীলা, সন ১২৭৯ সালে ১১ই আষাঢ় তারিখে ক্রয় করিলাম"—এই মর্মে বিজ্ঞাপন লিখিত আছে। ষষ্ঠ খণ্ডের ষষ্ঠ সংস্করণ, প্রকাশকাল ১২৮৩ সাল (১৮৭৬) বঙ্গীয় সাহিত্য পরিষদে আছে [গ্র, সং ১০৫৬৯]। নবম ও দশম খণ্ডের প্রথম সংস্করণ চোখে পড়ে নাই, দ্বিতীয় সংস্করণ বাহির হইয়াছিল যথাক্রমে ১২৮৯ সাল (১৮৮২) ও ১২৯১ সাল (১৮৯৪)। [সাঃ পরিষদ গ্রন্থ সংখ্যা ৭৭১৮ এবং ৭৭১৬]।

সপ্তম ও অষ্টম খণ্ডের স্বত্ব ক্রয় করিয়াছিলেন রাজকিশোর দে। তাঁহার বিজ্ঞাপনযুক্ত ও তাঁহার অনুমত্যানুসারে ১২৮০ সালে (১৮৭৪) বেণীমাধব দে এণ্ড কোং দ্বারা মুদ্রিত ও প্রকাশিত সপ্তম ও অষ্টম খণ্ডের প্রথম সংস্করণ আমাদের সংগ্রহে আছে। মোটামুটি বলা যায় যে দাশরথির দেহত্যাগের পনর-যোল বৎসরের মধ্যে তাঁহার সমগ্র রচনাবলী প্রকাশিত হইয়াছিল। বটতলা হইতে দশ খণ্ড পাঁচালী একত্রে

একটি গ্রন্থাকারে প্রকাশ করিয়াছিলেন বেণীমাধব দের পৌত্র গৌরলাল দে ১৩৪২ সালে (১৯৩৫)। ইহাতে পাঁচটি গানের সংকলন পালা বাদ দিলে মোট ৫৬টি পালা সংকলিত হইয়াছিল।

দাশরথি নিজে কালনার নিকটবর্ত্তী বহড়া হইতে হরিহর মিত্রের মুদ্রাযন্ত্রে ছাপাইয়া পাঁচ খণ্ড পাঁচালী প্রকাশ করিয়াছিলেন। কিন্তু বহড়ার কোন সংস্করণ আমরা দেখি নাই। ঠিক কোন সময় দাশরথি এই খণ্ডগুলি প্রকাশ করিয়াছিলেন তাহার কোন নির্ভুল প্রমাণও পাই নাই। আনুসঙ্গিক তথ্যাবলী হইতে অনুমান হয় যে ১৮৫২ খৃষ্টাব্দের কাছাকাছি সময় হইতে উহার মুদ্রণ কার্য আরম্ভ হইয়াছিল। মৎপ্রণীত দাশরথি ও তাঁহার পাঁচালী গ্রন্থে এই বিষয়ে বিস্তৃত আলোচনা করিয়াছি এইখানে পুনরুক্তি করিলাম না।[১]

আমরা বহড়া প্রকাশিত পাঁচালীর পাঠ সম্বন্ধে প্রত্যক্ষভাবে কিছু বলিতে না পারিলেও যাঁহারা পারেন তাঁহাদের সাক্ষ্য সম্বন্ধে উল্লেখ করিতে পারি। বটতলার মুদ্রণের বাহিরে দাশরথির পাঁচালীর সর্বপ্রথম যে সংস্করণ দেখিয়াছি তাহা অরুণোদয় রায় দ্বারা বঙ্গবাসী ষ্টীম মেশিন যন্ত্রে মুদ্রিত ও প্রকাশিত প্রথম,দ্বিতীয় ও তৃতীয় খণ্ড দাশরথির পাঁচালী—প্রকাশকালে যথাক্রমে ১৩০৪ সাল (১৯০৭), ১৩০৫ সাল (১৯০৮), ১৩০৫ সাল (১৯০৮)। এই পাঁচালীগুলির আখ্যাপত্রে লিখিত আছে—"দাশরথি রায়ের বহড়ার ছাপাখানায় মুদ্রিত এবং তাঁহার-ই দ্বারা সম্পাদিত প্রুফ সংশোধিত গ্রন্থ হইতে উহা পুনর্মুদ্রিত হইল।" এই তিনখানি ছাড়া অরুণোদয় রায় প্রকাশিত অন্য কোন খণ্ড দেখি নাই, খুব সম্ভব অন্য কোন খণ্ড প্রকাশিত হয় নাই। এই খণ্ডগুলিতে প্রচলিত বটতলা সংস্করণে খণ্ডানুযায়ী পালার সংখ্যা ও ক্রম অনুসৃত হয় নাই। মোট ১৪টি পালা এই তিন খণ্ডে সংকলিত হইয়াছিল।

শ্রীচন্দ্রশেখর মুখোপাধ্যায়ের ভূমিকাসহ বসুমতীর চতুর্থ বর্ষের উপহার 'রস ভাণ্ডার' গ্রন্থে দাশরথির ১১টি পালা প্রকাশিত হইয়াছিল ১৩০৫ সালে (১৮৯৮)।

বঙ্গবাসীর সহ-সম্পাদক শ্রীহরিমোহন মুখোপাধ্যায় দাশরথির সমগ্র রচনার একটি সংকলন গ্রন্থ সম্পাদন করিয়াছিলেন ১৩০৯ সালে (১৯০২)। প্রথম সংস্করণে মোট পালা ছিল ৬০টি। দ্বিতীয় সংস্করণে পাঁচালীর ব্যাখ্যা বাহির করিবার একটা অসম্পূর্ণ চেষ্টা করিয়াছিলেন হরিমোহন। তৃতীয় সংস্করণে (১৩২৫ বঙ্গাব্দ) সংকলিত হইয়াছিল ৬৪ পালা। চতুর্থ সংস্করণ, তৃতীয় সংস্করণের উন্নত রূপ এবং ইহা প্রকাশিত হইয়াছিল ১৩৩১ সালে (১৯২৫)। ইহাতে ভূমিকা, প্রস্তাবনা, অভিমত সংগ্রহ, পালার ও গানের বিস্তৃত সূচীপত্র, পালা ও গান, নূতন সংগ্রহ, দশরথি রায়ের জীবনী, পরিশিষ্ট, বংশতালিকা— এইভাবে বিষয় বস্তু বিন্যস্ত হইয়াছে। এই বঙ্গবাসী চতুর্থ সংস্করণ-ই দাশরথির পাঁচালীর সর্বোত্তম সংস্করণ। গ্রন্থখানির আকার ৮২×৫২, ডবল কলমে ছাপা, পৃষ্ঠা সংখ্যা ৭৩৭।

সম্পাদক শ্রীহরিমোহন মুখোপাধ্যায় প্রস্তাবনায় লিখিয়াছেন—"পাঁচালীর মূল পালা সমূহও যাহাতে অবিকল প্রকাশিত হয়, তাহার জন্য বিশেষ রূপ চেষ্টা করিতে হয়। আমরা শেষোক্ত বিষয়ে চেষ্টা বিশেষ রূপ করিয়াছি। ৺দাশরথি রায় মহাশয় বর্দ্ধমান জেলায় অন্তর্গত বহরান গ্রামের ছাপাখানায় কতকগুলি পালা নিজে প্রুফ দেখিয়া ছাপাইয়া ছিলেন। বহু চেষ্টায় আমরা সেই ছাপা পালা কতকগুলি সংগ্রহ করিতে পারিয়াছিলাম। বর্দ্ধমান জেলার একাধিক গ্রাম হইতেও হস্ত লিখিত তাঁহার অনেকগুলি পালা

(১) দাশরথি ও তাঁহার পাঁচালী—তৃতীয় অধ্যায়।

সংগৃহীত হয়। এই সকল পালা একত্র মিলাইয়া, অবিকল পালাই এই গ্রন্থে সন্নিবিষ্ট করিয়াছি।...... দাশুরায়ের অপ্রকাশিত পূর্ব্ব কোন কোন নূতন পালাও পাঠক আমাদের এই গ্রন্থে দেখিতে পাইবেন।"[১] আলোচ্য সংস্করণ সম্পাদনা করিতে আমরা এই চতুর্থ সংস্করণ খানিকে অধিকাংশ ক্ষেত্রে আদর্শ হিসাবে গ্রহণ করিয়াছি।[২]

সুতরাং উপরের বিস্তৃত আলোচনা হইতে এই সিদ্ধান্তে আসা যায় যে দাশরথির পাঁচালী দশটি খণ্ডে প্রকাশিত হইয়াছিল এবং উহার পূর্বভাগ দাশরথির জীবৎকালে এবং উত্তরভাগ দাশরথির দেহত্যাগের পর বার বৎসরের মধ্যে প্রকাশিত হইয়াছিল।

উক্ত হইয়াছে যে হরিমোহন মুখোপাধ্যায় সম্পাদিত চতুর্থ সংস্করণ পাঁচালীখানি বিষয় বস্তু ও পাঠাদির দিক হইতে অনেকাংশে আদর্শ করা হইয়াছে। সুতরাং এই সংস্করণের বিষয় সূচী উল্লেখ যোগ্য।

মঙ্গলাচরণ; শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী; নন্দোৎসব; শ্রীকৃষ্ণের গোষ্ঠলীলা (প্রথম); শ্রীকৃষ্ণের গোষ্ঠলীলা (দ্বিতীয়); কালীয়দমন; ব্রহ্মার দর্পচূর্ণ, কৃষ্ণকালী; গোপী গণের বস্ত্রহরণ; শ্রীরাধিকার দর্পচূর্ণ; নবনারী কুঞ্জর (প্রথম) নবনারী কুঞ্জর (দ্বিতীয়); কলঙ্ক ভঞ্জন (প্রথম); কলঙ্ক ভঞ্জন (দ্বিতীয়); মান ভঞ্জন; (প্রথম); মান ভঞ্জন (দ্বিতীয়); অক্রুর সংবাদ (প্রথম); অক্রুর সংবাদ (দ্বিতীয়); মাথুর (প্রথম); মাথুর (দ্বিতীয়); মাথুর (তৃতীয়); নন্দবিদায়; উদ্ধব সংবাদ; রুক্মিণী হরণ; সত্যভামার ব্রত; সত্যভামা, সুদর্শন চক্র ও গরুড়ের দর্পচূর্ণ; দ্রৌপদীর বস্ত্রহরণ; দুর্ব্বাসার পারণ; শ্রীমতীর কৃষ্ণ বিরহানন্তর কুরুক্ষেত্র যাত্রায় মিলন; শ্রীশ্রীরামচন্দ্রের বিবাহ; শ্রীরামচন্দ্রের বনগমন ও সীতা হরণ; সীতা অন্বেষণ; তরণী সেন

১ বঙ্গবাসী-চতুর্থ সংস্করণ প্রস্তাবনা, পৃঃ ৯।

২ একটি বিষয় এইখানে উল্লেখযোগ্য। Catalogue of Library of the India office, vol II, Part IV গ্রন্থে দাশরথির পাঁচালী সম্বন্ধে একটি বিবরণ এই প্রকার:—"Parts I-VII and X-XI (Parts VI-XI in 12 Mo), Cal, 1869-78." উক্তিটি বিভ্রান্তিকর। কারণ আমাদের জ্ঞানে দাশরথির পাঁচালী মোট দশ খণ্ড; দাশরথিরচিত কোন একাদশ খণ্ডের কথা আমাদের জানা নাই। কাজেই তালিকাতে ভুল আছে সন্দেহ করিয়া লণ্ডন বিশ্ববিদ্যালয়ে School of Oriental and African Studies-এর বাংলার অধ্যাপক শ্রীশিশিরকুমার দাস এম-এ. মহাশয়ের কাছে পত্র দিয়াছিলাম। তিনি India office গ্রন্থাগারে গিয়া বইখানি দেখিয়া জানাইয়াছেন যে একাদশ খণ্ডখানি দাশরথির পাঁচালীর সহিত একত্র বাঁধাই থাকিলেও, উহা দাশরথির নহে, শ্রীপূর্ণচন্দ্র মুখোপাধ্যায়ের। উহার আখ্যা পত্র এই প্রকার:

পাঁচালী

একাদশ খণ্ড

অর্থাৎ

রাগ রাগিণীর সহিত

৺দাশরথি রায়ের

সমকালবর্ত্তী

শ্রীপূর্ণচন্দ্র মুখোপাধ্যায় কর্ত্তৃক প্রণীত।

অধ্যাপক দাস লিখিয়াছেন যে, পূর্ণচন্দ্র মুখোপাধ্যায় নামটি এত ছোট অক্ষরে ছাপা হইয়াছে যে প্রথমটাতে উহা লক্ষ্যই হয় না।

বধ ; মায়া সীতা বধ ; লক্ষ্মণের শক্তিশেল ; মহীরাবণ বধ ; রাবণ বধ ; শ্রীরামচন্দ্রের দেশাগমন ; লব কুশের যুদ্ধ ; দক্ষ যজ্ঞ ; ভগবতী ও গঙ্গার কোন্দল ; শিব বিবাহ ; আগমনী (প্রথম) ; আগমনী (দ্বিতীয়) ; কাশীখণ্ড ; ভগীরথ কর্ত্তৃক গঙ্গা আনয়ন ; মার্কণ্ডেয় চণ্ডী ; মহিষাসুরের যুদ্ধ ; প্রহ্লাদ চরিত্র ; কমলেকামিনী ; বামন ভিক্ষা (প্রথম) ; বামন ভিক্ষা (দ্বিতীয়) ; শাক্ত ও বৈষ্ণবের দ্বন্দ্ব ; কর্ত্তাভজা ; বিধবা বিবাহ ; বিরহ (প্রথম) ; বিরহ (দ্বিতীয়) কলিরাজার উপাখ্যান ; নবীন চাঁদ ও সোনামণির দ্বন্দ্ব ; প্রেমমণি ও প্রেমচাঁদ ; নলিনী ভ্রমর (প্রথম) ; নলিনী ভ্রমর (দ্বিতীয়) ; ব্যাঙের বৈরাগ্য ; বিবিধ সঙ্গীত ; শ্রীমন্ত ও ধনপতি সদাগরের দেশাগমন ; দুর্গা ও গঙ্গার কোন্দল (দ্বিতীয়) ; নবসংগৃহীত সঙ্গীত ; আর কয়েকটি গান।

দাশরথি কোন কোন খণ্ডে কি কি পালা সন্নিবিষ্ট করিয়াছিলেন সেগুলির নাম ও ক্রম স্থির করা দুরূহ। অরুণোদয় রায় ও হরিমোহন মুখোপাধ্যায় কেহই তাঁহাদের পাঁচালীতে দাশরথির প্রকাশিত পালার খণ্ড-বিন্যাস ও ক্রম অনুসরণ করেন নাই ; এমন কি উল্লেখ-ও করেন নাই। বটতলার পাঁচালীতে একটা ক্রম পাওয়া যায়। কিন্তু সেখানেও মস্ত একটা অসুবিধা এই যে রাজকিশোর দে বিজ্ঞাপনে লিখিয়াছেন—"বিশেষ রূপে সংশোধন করিয়া একত্রে মুদ্রিত করা হইল।" বিচার করিলে বুঝা যায় যে এই— "বিশেষ রূপে সংশোধন করিয়া—" মানে হইল, তদানীন্তন রুচি অনুসারে অশ্লীলাংশ বর্জন করিয়া। সুতরাং প্রথম দিকে প্রকাশিত সংস্করণ গুলির সঙ্গে মিলাইয়া ও আনুষঙ্গিক অন্যান্য বিষয় বিবেচনা করিয়া দাশরথির পূর্বার্ধের পালার নাম ও ক্রম বিন্যাস কি রকম ছিল, তাহা অনুমান করা কঠিন নহে। পূর্বার্ধের প্রথম পাঁচখণ্ডের একটি পূর্ণাঙ্গ তালিকা দেওয়া হইল। প্রচলিত সংস্করণে যে পালাগুলি অশ্লীলবোধে পরিবর্জিত হইয়াছে অথচ প্রাচীন সংস্করণে যেগুলি পাওয়া যায়, সেগুলিকে প্রতিখণ্ডের সূচীতে তৃতীয় বন্ধনীচিহ্নের মধ্যে রাখা হইয়াছে।

প্রথম খণ্ড: ১। শ্রীমতীর বিরহানন্তর কুরুক্ষেত্র যাত্রায় মিলন ; ২। প্রহ্লাদ চরিত্র ; ৩। রামের রাজ্যাভিষেক উপলক্ষে রামের বনগমন ও সীতাহরণ ; ৪। শিববিবাহ ; ৫। আগমনী ; ৬। নানা রাগরাগিনীযুক্ত গীত ; [৭। নানা রসবর্ণন যুক্ত বিরহ ;] [৮। নায়ক-নায়িকা উপাখ্যান ;] ৯। দক্ষযজ্ঞ।

দ্বিতীয় খণ্ড: ১। কালীকৃষ্ণ বর্ণন ; ২। অক্রুর সংবাদ ; ৩। রুক্মিণী হরণ ; ৪। সত্যভামা সুদর্শনচক্র ও গরুড়ের দর্পচূর্ণ ; ৫। সত্যভামার ব্রত ; [৬। নলিনী ভ্রমরোক্তি ;] [৭। নায়ক-নায়িকা বর্ণন ;] [৮। মার্কণ্ডের পুরাণান্তর্গত চণ্ডী ; ৯। ভগবতী ও গঙ্গার কোন্দল এবং দক্ষযজ্ঞ ; ১০। মহীরাবণ বধ ; ১১। শাক্ত ও বৈষ্ণবের দ্বন্দ্ব।

তৃতীয় খণ্ড: ১। লবকুশের যুদ্ধ ; ২। বলিরাজার নিকটে বামনদেবের ভিক্ষা ; ৩। শ্রীমন্তের কমলেকামিনী দর্শন ; ৪। শ্রীকৃষ্ণের গোষ্ঠলীলা বর্ণন। ৫। শ্রীকৃষ্ণের মথুরা লীলা বর্ণন ; ৬। নানা রাগরাগিনীযুক্ত গীত। [৭। নলিনী ভ্রমরের বিরহ বর্ণন।]

চতুর্থ খণ্ড: ১। মানভঞ্জন ; ২। নানা রাগরাগিনীযুক্ত গীত ; [৩। নলিনী ভ্রমর বিরহ বর্ণন।]

পঞ্চম খণ্ড: ১। শ্রীরাধিকার কলঙ্কভঞ্জন ; ২। শ্রীকৃষ্ণের মথুরা লীলা ; ৩। রাবণ বধ ৪। দ্রৌপদীর বস্ত্র হরণ ; [৫। বিরহ বর্ণনা—প্রেমমণি ও প্রেমচাঁদ ;] ৬। নানা রাগরাগিনীযুক্ত গান।

বটতলা হইতে প্রকাশিত প্রথম দিকের কয়েকটি সংস্করণ অনুসারে উত্তর ভাগের পালার সূচীপত্র এইরূপ :

ষষ্ঠ খণ্ড : ১। শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী ; ২। কাশী খণ্ড ; ৩। রামচন্দ্রের দেশাগমন ; ৪। গোপী-দিগের বস্ত্র হরণ ; ৫। বিরহ : নবীনচাঁদ ও সোনামণি—স্ত্রী-পুরুষের দ্বন্দ্ব ; ৬। বিধবা বিবাহ।

সপ্তম খণ্ড : ১। রাধার মানভঞ্জন ও বিদেশিনী হইয়া মিলন ; ২। অক্রূর সংবাদ ; ৩। বামনদেবের ভিক্ষা ; ৪। শ্রীকৃষ্ণের গোষ্ঠলীলা ; ৫। কর্তাভজা।

অষ্টম খণ্ড : ১। সীতা অন্বেষণ ; ২। নন্দোৎসব ; ৩। মাথুর ; ৪। আগমনী ; ৫। বিরহ ; ৬। নানা রাগরাগিনীযুক্ত সঙ্গীত।

নবম খণ্ড : ১। লক্ষ্মণের শক্তিশেল ; ২। দুর্বাসার পারণ ; ৩। শ্রীকৃষ্ণের গোষ্ঠ লীলা ও ব্রহ্মার দর্পচূর্ণ ; ৪। নন্দবিদায় ; ৫। উদ্ধব সংবাদ ; ৬। শ্রীকৃষ্ণের গোষ্ঠ লীলা ও কালীয়দমন ; ৭। বসন্ত আগমনে বিরহিনীদের বিরহ বর্ণন।

দশম খণ্ড : ১। শ্রীরামচন্দ্রের বিবাহ ; ২। নবনারী কুঞ্জর ; ৩। তরণীসেন বধ ; ৪। শ্রীরাধিকার দর্পচূর্ণ ; ৫। শ্রীমার্কণ্ডের পুরাণান্তর্গত মহিষাসুরের যুদ্ধ ; ৬। মায়াসীতা বধ ; ৭। বিরহ : কলিরাজার উপাখ্যান বা চার ইয়ারী কথা।

অনুমান করি উপরে ধৃত খণ্ডবিন্যাস ও পালার ক্রমানুসারেই দাশরথির নিজের প্রকাশিত পূর্বভাগের পাঁচ খণ্ড ও পরে প্রকাশিত উত্তরভাগের পাঁচ খণ্ড প্রকাশিত হইয়াছিল।

কিন্তু এখনো একটি গুরুতর প্রশ্নের উত্তর পাওয়া যায় নাই। বটতলা হইতে প্রকাশিত দশ খণ্ডের মধ্যে এমন কয়েকটি পালা আছে যাহা হরিমোহনের বঙ্গবাসী সংস্করণে নাই। আবার বঙ্গবাসী সংস্করণে হরিমোহন কতগুলি পালা দিয়াছেন যাহা বটতলার দশখণ্ডে পাওয়া যায় না।

প্রথমতঃ বঙ্গবাসী সংস্করণের নূতন পালাগুলি সম্বন্ধে আলোচনা করা যাউক। এই সংস্করণের ভগীরথের গঙ্গা আনয়ন [৪৬ নং পালা], নবনারী কুঞ্জর (২) [১২ নং পালা], কলঙ্ক ভঞ্জন (১) [১৩ নং পালা], ব্যাঙের বৈরাগ্য [৬৩ নং পালা], ধনপতি সদাগরের দেশগমন, [৬৫ নং পালা], দুর্গা ও গঙ্গার কোন্দল (২) [৬৬ নং পালা]—এই ছয়টি পালা দাশরথির প্রচলিত বটতলার দশ খণ্ড গ্রন্থে নাই। সম্পাদক হরিমোহন প্রস্তাবনায় বলিয়াছেন—যে "দাশরথির অপ্রকাশিত পূর্ব কোন কোন নূতন পালাও" তিনি উক্ত সংগ্রহে দিয়াছেন। তাহা হইলে এই ছয়খানিই কি অপ্রকাশিত পূর্ব ?

আমরা পূর্বে বলিয়াছি যে জাতীয় গ্রন্থাগারে ১২৫৭ বঙ্গাব্দে (১৮৫১) প্রকাশিত একখানি পঞ্চম খণ্ড পাঁচালী আছে। এই গ্রন্থখানির পালার নির্ঘণ্ট এই প্রকার : ১। নরনারী কুঞ্জর ও কলঙ্ক ভঞ্জন ২। ভগীরথের গঙ্গা আনয়ন ; ৩। ভেক ও ভৃঙ্গের দ্বন্দ্ব ৪। খেউড়। কিন্তু দাশরথির প্রচলিত পঞ্চম খণ্ডের তালিকা—যাহা আমরা উপরে উদ্ধৃত করিয়াছি তাহা—একেবারে নূতন। মনে হয় নানা কারণে দাশরথির পঞ্চম খণ্ড পাঁচালীর দুইটি স্বতন্ত্র সংস্করণ হইয়াছিল এবং দাশরথি পূর্ব সংস্করণ বাতিল করিয়া নূতন সংস্করণ প্রচলন করিয়াছিলেন। এই সম্বন্ধে গ্রন্থান্তরে আমি বিস্তৃত আলোচনা করিয়াছি বলিয়া পুনরুল্লেখ করিলাম না।[1] কাজেই নরনারী কুঞ্জর (২), কলঙ্ক ভঞ্জন (১), ভগীরথের গঙ্গা আনয়ন ও

১ মৎপ্রণীত 'দাশরথি ও তাঁহার পাঁচালী' গ্রন্থের তৃতীয় অধ্যায় দ্রষ্টব্য।

ব্যাঙের বৈরাগ্য (ভেক ও ভৃঙ্গের দ্বন্দ্ব)—এই চারিটি পালা পূর্ব প্রকাশিত। কেবল হরিমোহনের ৬৫ ও ৬৬ সংখ্যক—শ্রীমন্ত ও ধনপতি সদাগরের দেশাগমন এবং গঙ্গা ও দুর্গার কোন্দল (২)—এই পালা দুইটি (আমাদের সূচীর যথাক্রমে ৫৪ ও ৪৫ সংখ্যক পালা) অপ্রকাশিত পূর্ব বলিয়া গ্রহণ করা চলে।

এইবার দাশরথির সংশোধন পূর্ব-সংস্করণ পাঁচখণ্ডে প্রকাশিত অথচ হরিমোহন সংস্করণে (বটতলার পরবর্তী সংস্করণ গুলিতেও) পরিবর্জিত পালাগুলি সম্বন্ধে আলোচনা করা যাউক।

আমরা উপরে দাশরথির দশখণ্ড পাঁচালীর যে তালিকা উদ্ধার করিয়াছি, তাহাতে দেখা যাইবে যে বিরহ জাতীয় পালা ছিল মোট ১১টি। বিরহ বর্ণন ৩টি (১ম, ৮ম ও ৯ম খণ্ড) প্রেমমণি ও প্রেমচাঁদ (৫ম খণ্ড), নবীনচাঁদ ও সোনামণি (৬ষ্ঠ খণ্ড), কলিরাজার উপাখ্যান (১০ম খণ্ড), নলিনী ভ্রমরোক্তি তিনটি পালা (২য়, ৩য়, ৪র্থ খণ্ডে), এবং নায়ক নায়িকা উপাখ্যান দুইটি পালা (১ম ও ২য় খণ্ডে)। ভেক ও ভৃঙ্গ পালাটি দাশরথির বাতিল ৫ম খণ্ডে ছিল তাহাও উল্লিখিত হইয়াছে। এইটি যোগ করিয়া বিরহ জাতীয় পালার সংখ্যা দাঁড়ায় ১২টি। এই গুলির মধ্যে হরিমোহন সংকলন করিয়াছেন দুইটি বিরহ পালা (যথাক্রমে ৯ম ও ৮ম খণ্ডে প্রকাশিত), প্রেমমণি ও প্রেমচাঁদ, নবীনচাঁদ ও সোনামণি, কলিরাজার উপাখ্যান, ব্যাঙের বৈরাগ্য নামে ভেক ও ভৃঙ্গের দ্বন্দ্ব এবং দুইটি নলিনী ভ্রমর পালা।

নলিনী-ভ্রমরের মোট তিনটি পালাই ছিল পূর্বার্ধে ২য়, ৩য় ও ৪র্থ খণ্ডে। অথচ বটতলার প্রচলিত গৌরমোহন সংস্করণে একটি খণ্ডিত ও বিকৃত নলিনীভ্রমর পালা যুক্ত করা হইয়াছে পঞ্চম খণ্ডে। এই পালাটির একটি পূর্ণরূপ উল্লেখ করিয়াছেন হরিমোহন নলিনী-ভ্রমর (২) পালাতে। নলিনী-ভ্রমর (১) পালাটি দ্বিতীয়খণ্ড হইতে সংকলিত। কাজেই নলিনী-ভ্রমর (২) পালাটি হরিমোহন হয় দ্বিতীয়, তৃতীয়, নতুবা চতুর্থ খণ্ড হইতে গ্রহণ করিয়াছিলেন। বঙ্গীয় সাহিত্যপরিষদে আখ্যাপত্রহীন একখানা তৃতীয় খণ্ড পাঁচালীতে (গ্রঃ সং ৮১৭৪) একটি নূতন নলিনী-ভ্রমর পালা পাওয়া গিয়াছে। এই পালাটির শেষের কয়েকটি পাতার পাঠ উদ্ধার করিতে পারা যায় নাই। খণ্ডিত বলিয়া ইহা গ্রন্থমধ্যে না দিয়া আমরা ক-পরিশিষ্টে উল্লেখ করিয়াছি। যাহা হউক তাহা হইলে দেখা যাইতেছে যে হরিমোহনের নলিনী-ভ্রমর (২) পালাটি দাশরথির সংশোধন-পূর্ব চতুর্থ সংস্করণ হইতে গৃহীত। সুতরাং হরিমোহনের চতুর্থ সংস্করণ পাঁচালীতে অসংকলিত একটি বিরহ পালা ও একটি নলিনী-ভ্রমরোক্তি পালা মোট এই দুইটি নূতন পালা আমাদের সংগ্রহে সংকলিত হইল। পূর্বেই বলিয়াছি যে খণ্ডিত বলিয়া নলিনী-ভ্রমর পালাটি পরিশিষ্টে সন্নিবিষ্ট হইয়াছে।

এইখানে আর একটি কথা উল্লেখযোগ্য যে পরিশিষ্ট—ক-এ যে বিরহ পালাটি সংকলিত হইয়াছে আসলে তাহা আমাদের সংকলনের এবং ৮ম খণ্ডের মধ্যে উক্ত বিরহ পালার পরিমার্জিত বা সংশোধিত রূপ। বিষয়বস্তু এক থাকিলেও ছন্দের তথা বহিরঙ্গ রূপের স্বাতন্ত্র্য এত বেশি যে উহা একটি নূতন পালা বলিয়া বিবেচিত হইবার যোগ্য। অষ্টম খণ্ডের প্রাচীন সংস্করণের এই পালাতে (এইটি-ই আমরা আমাদের এই গ্রন্থে সংকলিত করিয়াছি) গীত সংখ্যা বার, পক্ষান্তরে হরিমোহনের এই পালার গীত সংখ্যা আট। ইহার মধ্যেও প্রথম ও অন্ত্য গীত দুইটি অষ্টম খণ্ডের উক্ত সংখ্যক গীতের সহিত মিল নাই। বাকি গীতগুলির পাঠ এক। পালা দুইটি মিলাইয়া দেখিলে সংস্কারকদের রুচি ও নীতিবোধ সম্বন্ধে একটা ধারণা পাওয়া যায়।

দাশরথির পাঁচালীর সমগ্র পালাগুলিকে বিষয়বস্তুর দিক হইতে মৌলিক ও অমৌলিক—এই

দুইটি প্রধান শাখায় ভাগ করা যায়। মৌলিক শাখার দুইটি প্রশাখা সমসাময়িক ঘটনামূলক যেমন "বিধবা বিবাহ" ইত্যাদি, এবং পরম্পরাগত ভাবমূলক যেমন "বিরহ" ইত্যাদি। অমৌলিক পালাগুলির প্রধান ভাগ দুইটি লৌকিক ও পৌরাণিক। "শ্রীমন্তের কমলেকামিনী দর্শন" লৌকিক পালার দৃষ্টান্ত। পৌরাণিক পালাগুলিকে বিষ্ণুমহিমামূলক, শিবশক্তি মহিমামূলক, গঙ্গা মহিমামূলব—এই তিন প্রশাখাতে বিভক্ত করা সম্ভব। "ভগীরথ কর্তৃক গঙ্গা আনয়ন"—গঙ্গা মহিমার একমাত্র উদাহরণ। বিষ্ণুমহিমা মূলক পালার তিনটি বিভাগ—রামায়ণ, কৃষ্ণায়ণ ও অন্যান্য অবতারোপাখ্যান। রামায়ণের পালা আছে দশটি। প্রহ্লাদচরিত্র ও দুইটি বামন ভিক্ষা লইয়া অন্যান্য অবতারমূলক পালা মোট তিনটি। কৃষ্ণায়ণকে আরো দুইটি বিভাগে ভাগ করা যায়, যথা—মথুরা-বৃন্দাবন সম্পর্কিত এবং দ্বারকা-মহাভারত সম্পর্কিত। বৃন্দাবন সম্পর্কিত পালা জন্মাষ্টমী প্রভৃতি আর মহাভারত সম্পর্কিত পালা দ্রৌপদীর বস্ত্রহরণ প্রভৃতি। শিবশক্তিমূলক পালা গুলিকেও শিবশক্তির আখ্যান ও চণ্ডীমাহাত্ম্য বর্ণন—এই দুই ভাগে বিভক্ত করা যায়। বিভাগগুলি এক নজরে বুঝিবার জন্য একটি রেখাচিত্র প্রদত্ত হইল।

পাঁচালীতে গানের প্রাধান্য সর্বাধিক। পালায় উল্লিখিত গানগুলি বাদে বিবিধ সঙ্গীত সংগ্রহে মোট ৮৯টি গীত সংকলিত হইয়াছে। ইহার মধ্যে শাক্তপদাবলী গ্রন্থে শ্রীঅমরেন্দ্র নাথ রায় উল্লিখিত "মনেরি বাসনা শ্যামা শবাসনা শোন মা বলি" এই গানটি এবং শ্রীরামকৃষ্ণ কথামৃত, দ্বিতীয় ভাগে "জীব সাজ সমরে" এই গানটি ছাড়া আর সব গান-ই শ্রীহরিমোহন সম্পাদিত দাশরথির পাঁচালী, চতুর্থ সংস্করণ হইতে সংগৃহীত। কয়েকটি গানে যে সুরতালের উল্লেখ করা যায় নাই, তাহাও এই কারণে। গীতগুলিতে প্রচুর পাঠান্তর আছে, সুরতালের নির্দেশেও প্রভূত পার্থক্য আছে। সঙ্গীত সার সংগ্রহ, বাঙালীর গান প্রভৃতি গ্রন্থের সঙ্গেও পাঠে এবং সুর-তালে অনেক পার্থক্য দেখা গিয়াছে। কাজেই বিবিধ সঙ্গীতের ক্ষেত্রে আর পাঠান্তর দেখাইতে চেষ্টা করি নাই। হিসাবে দেখা গিয়াছে এই সব গীতে

৯১টি স্বরের ও ২৫টি তালের ব্যবহার হইয়াছে। সর্বাপেক্ষা বেশি ব্যবহৃত হইয়াছে খাম্বাজ সুর আর একতালা তাল। ছুট গান বা বিবিধ সঙ্গীতগুলির শ্রেণীবিভাগ করিয়া সাজান হইয়াছে। এই সঙ্গীতগুলির সংখ্যা সূচনাতেও বৈশিষ্ট্য আছে। শ্রেণীগতভাবে ভাগ-সংখ্যা গীতের উপরে এবং সামগ্রিক সংখ্যা প্রতি গীতের অন্তে দেওয়া হইল।

পাঠান্তর সন্নিবেশ বিষয়ে অনাবশ্যক বাহুল্য বর্জন করা হইয়াছে। পালার মধ্যে প্রতিটি গানের সংখ্যা নির্দেশ করা হইল সম্পাদক শ্রীহরিমোহনের প্রদর্শিত রীতিতে (ক), (খ)—এইভাবে বন্ধনীযুক্ত ব্যঞ্জনবর্ণে। (অ), (আ) এই বন্ধনীযুক্ত স্বরবর্ণে সংখ্যা নির্দেশ করা হইয়াছে পালার মধ্যের ছড়াগুলির। ইহা একটি নূতন রীতি। দাশরথির পাঁচালীতে কেবল যে এই ছড়াগুলির সংখ্যা প্রাচুর্য আছে তাহা নহে, চমৎকারিত্বে এবং জনপ্রিয়তারও ইহাদের উল্লেখযোগ্য গৌরব আছে। এই হেতুই এই গুলিকে পৃথক করিয়া দেখাইবার প্রয়াস পাইয়াছি। অনবধানতা বশতঃ মূলগ্রন্থে দুই একটি স্থলে ত্রুটি ছিল, সংশোধন পত্রে তাহা শোধরাইবার চেষ্টা করিলাম। এই সম্বন্ধে আর একটি কথা এই যে পালার শ্লোক সংখ্যা গণনায় ছড়ার শ্লোক সংখ্যাও যোগ করিয়া লইয়াছি। কারণ অন্যান্য, বিশেষতঃ বঙ্গবাসী সংস্করণের শ্লোক সংখ্যার সহিত আলোচ্য সংস্করণের শ্লোক সংখ্যা নির্দেশে গুরুতর পার্থক্য যাহাতে না হয়, সেই দিকে দৃষ্টি রাখিয়াই ইহা করা হইয়াছে। আর একটি বিষয় উল্লেখযোগ্য যে গ্রন্থে প্রাচীন পদ্ধতির বানান অনুসরণ করাই যুক্তিযুক্ত মনে করিয়াছি। ছেদ চিহ্নাদি ব্যবহারে পাঁচালীর রীতি শিথিল, অধিকাংশ ক্ষেত্রে 'যতি' স্থলে ',' কমা-চিহ্ন ব্যবহার করা হইয়াছে। এইটি বিশেষভাবে লক্ষণীয়।

[ছ]

দাশরথির পাঁচালীর বিচার ও সমালোচনার অবকাশ এই ভূমিকাতে নাই। তবু রসিক পাঠকগণকে স্মরণ করাইতেছি যে পাঁচালী দৃশ্য কাব্য, কেবল পাঠ করিয়া ইহার ষোল আনা রস-আস্বাদন করা সম্ভব নহে। অধিকন্তু পাঁচালী সর্বত্র সুখপাঠ্যও নহে। বিষম ও দীর্ঘ-বিন্যস্ত ত্রিপদী ও চতুষ্পদীর বন্ধুর সোপান শ্রেণী ছাড়াও মাঝে-মধ্যে আছে বিচিত্র গঠন ও অদ্ভুত ভঙ্গীযুক্ত শ্লোকের দুরারোহ সিঁড়ি, আর আছে যতি বিন্যাসের চকিত বৈষম্য জনিত উৎকট উচ্চাবচতা, শব্দসমূহের দুরান্বয় রূপ দুর্লঙ্ঘ্য গহ্বর। এই সব ক্ষেত্রে কখনো আবৃত্তির সুর বিলম্বিত লয়ে টানিয়া, কোথাও দ্রুত উচ্চারণ করিয়া, কোথাও বা বিশেষ উচ্চারণ ভঙ্গীতে কাকু সৃষ্টি করিয়া না পড়িলে কোন অর্থবোধ হয় না। এই সব বাধা পাঁচালীর পঠন পথকে দুর্গম করিয়া তুলিয়াছে। অনুপ্রাস ও যমকের অনুরণন ও উপমা-রূপকের মাধুর্য আছে সর্বত্র, বরঞ্চ আধিক্য হেতু এই অনুপ্রাস কচিৎ সুশ্রাব্যতার সীমা অতিক্রম করিয়া গিয়াছে। তাহা হইলেও একটু অবহিত হইয়া পাঠ করিলে দাশরথির শব্দপ্রয়োগ দক্ষতা ও ভাষা বিন্যাস নৈপুণ্যের পরিচয় পাওয়া যাইবে। "যিনি বাঙ্গালা ভাষায় সম্যকরূপে ব্যুৎপন্ন হইতে বাসনা করেন, তিনি যত্নপূর্বক আদ্যোপান্ত দাশুরায়ের পাঁচালী পাঠ করুন"—বঙ্কিমচন্দ্রের এই উক্তি আজও বোধহয় সমান সত্যই রহিয়াছে।

দাশরথির সমগ্র পাঁচালীর পটভূমি ভক্তিরস। এই পটভূমিটি নানা রসের ধারায় অভিসিঞ্চিত হইলেও ইহার প্রধান ধারা দুইটি হইতেছে করুণ বিপ্রলম্ভ ও হাস্যরস। পাঁচালীর আকাশ অশ্রু-হাস্যের

মেঘরৌদ্রে বিচিত্র। তদুপরি পাঁচালী অন্যান্য জন-সাহিত্যের মত প্রচার-প্রধান সাহিত্য। শুধু আনন্দ পরিবেশন নহে, লোকশিক্ষাই ছিল পাঁচালীর মুখ্য উদ্দেশ্য। সেই কারণে তৎকালীন সমাজ বিগর্হিত যাবতীয় কর্মোদ্যমের বিরুদ্ধেই দাশরথি খড়্গহস্ত ছিলেন। বিদ্যাসাগর মহাশয়ের প্রতি শ্রদ্ধা দেখাইয়াও তিনি বিধবাবিবাহকে বিদ্রূপ করিয়াছেন তদানীন্তন সামাজিক আদর্শের মানদণ্ডে বিচার করিয়া। দেবদ্বিজে অকুণ্ঠ ভক্তি, ভারতের পৌরাণিক আদর্শ-পুষ্ট সমাজ-ব্যবস্থার প্রতি অটুট বিশ্বাস—ইহাই ছিল তখনকার লোকশিক্ষার মর্মবাণী।

পূর্বে একবার উল্লেখ করা হইলেও দাশরথির অশ্লীলতা অপরাধটি স্বতন্ত্রভাবে আলোচিতব্য। আচার্য দীনেশচন্দ্র সেন তাঁহার 'বঙ্গভাষা ও সাহিত্য' গ্রন্থে লিখিয়াছেন—"শ্রুতি সুখকর কিন্তু কুরুচি দুষ্ট গীত রচকদের মধ্যে দাশরথি সর্বশ্রেষ্ঠ।" এই একই অনুচ্ছেদে কয়েক ছত্র পর, আচার্য সেন আবার লিখিয়াছেন— "কিন্তু পাঠক মনে রাখিবেন, ইহা সেই যুগের পরিচায়ক, সুতরাং এই দোষের জন্য ব্যক্তি বিশেষকে দোষী করা সমীচীন হইবে না।" বস্তুতঃ অশ্লীলতা বলিতে ঠিক ঠিক যাহা বুঝায়, বহু মধ্যযুগীয় সাহিত্যের মতই দাশরথির পাঁচালীতেও তাহা বিরল। মূলতঃ ইহা যুগবিশেষের বিশিষ্ট বর্ণনা ভঙ্গী ও গ্রাম্যতা। এই সম্পর্কে ঈশ্বর গুপ্তের অশ্লীলতা বিচারে বঙ্কিমচন্দ্রের বিখ্যাত উক্তিটি উল্লেখ করিয়া এই প্রসঙ্গ শেষ করিব। "ঈশ্বর গুপ্তের অশ্লীলতা প্রকৃত অশ্লীলতা নহে। * * * যাহা ইন্দ্রিয়াদির উদ্দীপনার্থ বা গ্রন্থাকারের হৃদয়স্থিত কদর্য্যভাবের অভিব্যক্তির জন্য লিখিত হয়, তাহাই অশ্লীলতা। তাহা পবিত্র সভ্য ভাষায় লিখিত হইলেও অশ্লীল। আর যাহার উদ্দেশ্য সেইরূপ নহে, কেবল পাপকে তিরস্কৃত বা উপহসিত করা যাহার উদ্দেশ্য তাহার ভাষা রুচি এবং সভ্যতার বিরুদ্ধ হইলেও অশ্লীল নহে। ঋষিরা এইরূপ ব্যবহার করিতেন। সেই কালের বাঙ্গালীদিগের ইহা এক প্রকার স্বভাব ছিল।" এই উক্তিটি ষোল আনাই দাশরথির পাঁচালী সম্বন্ধে প্রযোজ্য।

[জ]

গ্রন্থখানির প্রকাশন ব্যাপারে প্রায় তিন বৎসর সময় লাগিল। প্রথমে ইহা দুই খণ্ডে প্রকাশিত হইবে—এই পরিকল্পনা গ্রহণ করা হইয়াছিল। প্রথম খণ্ডে শ্রীকৃষ্ণ বিষয়ক ও অন্যান্য অবতারমূলক পালা, দ্বিতীয় খণ্ডে রামায়ণাদি অবশিষ্ট পালা ও গানসমূহ। এই বৃহৎ ব্যাপারের হোতা ডঃ শশিভূষণ দাশগুপ্ত মহাশয়ের ইচ্ছা ছিল যে দাশরথির মৃত্যু শতবার্ষিকীর মধ্যেই প্রথম খণ্ডটি বাহির হয়। কিন্তু তাহা যখন সম্ভব হইল না, তখন তিনি স্থির করিলেন সমগ্র পাঁচালী একই খণ্ডে প্রকাশ করা হইবে। এই দ্বিধার চিহ্ন হয়ত অভিজ্ঞ পাঠকের দৃষ্টি এড়াইবে না।

পাঁচালীর পূর্ণ পরিচয় দান করিতে এবং উহাকে যথাসম্ভব সুবোধ্য ও সুব্যবহার্য করিয়া তুলিতে ভূমিকা ছাড়াও বিশিষ্ট শব্দসূচী, প্রবাদ সূচী, সঙ্গীতের ও ছড়ার প্রথম চরণের সূচীপত্র দেওয়া হইল। সম্পাদনা ব্যাপারে বিভিন্ন গ্রন্থাগারের অনেক বই মিলাইয়া পাঠ নির্ণয় করিতে যথাসাধ্য চেষ্টা করিয়াছি।

এই গ্রন্থখানি প্রকাশনের সম্পূর্ণ কৃতিত্ব ও গৌরব কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভারতীয় ভাষা বিভাগের অধ্যক্ষ রামতনু অধ্যাপক ডঃ শশিভূষণ দাশগুপ্ত মহাশয়ের। স্বতঃপ্রবৃত্ত হইয়া তিনি পাঁচালী সম্পাদনের গুরু তথা গৌরবজনক দায়িত্ব আমাকে দান করিয়াছেন এবং সুষ্ঠু সম্পাদনার প্রয়োজনে

প্রতিক্ষেত্রে, নানা অসুবিধাজনক পরিবেশের মধ্যেও অকুণ্ঠ সাহায্য দান করিয়াছেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন রামতনু অধ্যাপক আচার্য ডঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের খয়রা অধ্যাপক আচার্য ডঃ সুকুমার সেন মহাশয় গ্রন্থখানি সম্পাদনায় প্রাথমিক পরিকল্পনায় নানা উপদেশ দিয়া সাহায্য করিয়াছেন। অন্যান্য উৎসাহদাতা ও সহায়কদিগের মধ্যে বিশেষ ভাবে উল্লেখযোগ্য হইতেছেন গৌহাটি কটন কলেজের বাংলা ভাষা ও সাহিত্যের প্রধান অধ্যাপক শ্রীযতীন্দ্রমোহন ভট্টাচার্য, ডঃ সুশীল কুমার দে, শ্রীসজনীকান্ত দাস, অধ্যাপক শ্রীচিন্তাহরণ চক্রবর্তী, জাতীয় গ্রন্থাগারের শ্রীচিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায় ও অন্যান্য কর্মিগণ এবং সাহিত্য পরিষদের কর্মিবৃন্দ। পরিবারের পরিজন মণ্ডলীর কথা আর বিশেষ করিয়া উল্লেখ করিলাম না। প্রুফ দেখা ব্যাপারে শ্রীবিজয় ভৌমিক এবং মুদ্রণ ব্যাপারে শ্রীসূর্যনারায়ণ ভট্টাচার্য ও তাপসী প্রেসের অন্যান্য কর্মী ধন্যবাদার্হ। আমি ইঁহাদের সকলের নিকট ঋণ ও কৃতজ্ঞতা স্বীকার করিতেছি।

ভূমিকা আর বাড়াইব না। দাশরথির উক্তি দ্বারাই আমার বক্তব্য শেষ করি,

অহমতি হীন বুদ্ধি গ্রন্থ মধ্যে বর্ণাশুদ্ধি
থাকে দুষ্ট শাস্ত্র বহির্ভূত।
অগণ্যের দোষাগণ্য করি করিবেন গণ্য
স্বগুণে সগুণ ব্যক্তি যত ॥

অক্ষয় তৃতীয়া, ১৩৬৯ বঙ্গাব্দ
চক্রতীর্থ
১৭ডি।১এ রাণীব্রাঞ্চ রোড
পাইকপাড়া, কলিকাতা-২

শ্রীহরিপদ চক্রবর্তী

উপজীব্য গ্রন্থসূচী

ক—৺দাশরথি রায়ের পাঁচালী শ্রীহরিমোহন মুখোপাধ্যায় সম্পাদিত, বঙ্গবাসী চতুর্থ সংস্করণ (১৩০১)।

খ—৺দাশরথি রায় প্রণীত ১ম-১০ম খণ্ড পাঁচালী, শ্রীগৌরলাল দে দ্বারা প্রকাশিত (১৩৪২)।

গ—৺দাশরথি রায়ের পাঁচালী, শ্রীঅরুণোদয় রায় দ্বারা মুদ্রিত ও প্রকাশিত প্রথম খণ্ড (১৩০৪), দ্বিতীয় খণ্ড (১৩০৫), তৃতীয় খণ্ড (১৩০৫)।

ঘ—১নম্বর পাঁচালী…শ্রীদাশরথি রায়ের বিরচিত (১২৫৫), [জাতীয় গ্রন্থাগারে রক্ষিত গ্রন্থসংখ্যা 182. Nc. 84·2]।

ঙ—পঞ্চালী নামক গ্রন্থ পঞ্চম খণ্ড…শ্রীদাশরথি বিপ্রেণ বিরচিতম্ (১২৫৭) [জাতীয় গ্রন্থাগারে রক্ষিত গ্রন্থসংখ্যা 182. Nc. 851·3]।

চ—দাশরথি রায়ের পাঁচালী, সপ্তম ও অষ্টম খণ্ড শ্রীরাজকিশোর দের অনুমত্যানুসারে মুদ্রিত, প্রথম সংস্করণ (১২৮০)।

ছ—দাশরথি রায়ের পাঁচালী পঞ্চম খণ্ড, শ্রীবিশ্বম্ভর লাহা মুদ্রিত, তৃতীয় সংস্করণ (১২৬৭) [বঙ্গীয় সাহিত্য পরিষদ গ্রঃ সং ২০৮৬]।

জ—দাশরথির পাঁচালী দ্বিতীয় খণ্ড, শীল ব্রাদার্স যন্ত্রে যন্ত্রিত। (১২৬৮)।

ঝ—দাশরথি রায়ের পাঁচালী, ষষ্ঠ খণ্ড, বেহারীলাল শীলের অনুমত্যানুসারে সপ্তম সংস্করণ (১২৪৮)।

ঞ—দাশরথি রায়ের পাঁচালী, চতুর্থ খণ্ড (১২৭৮), যন্ত্রাধ্যক্ষ ক্ষেত্রমোহন ধর। [বঙ্গীয় সাহিত্য পরিষৎ, গ্রঃ সং ২৮১২]

ট—দাশরথি রায়ের পাঁচালী, নবম খণ্ড, দ্বিতীয় সংস্করণ (১২৮৯) শ্রীবেহারীলাল শীলের অনুমত্যানুসারে [বঃ সাঃ পঃ, গ্র-সং ৬৭১৮]

ঠ—দাশরথি রায়ের পাঁচালী দশম খণ্ড, দ্বিতীয় সংস্করণ (১২৯১) শ্রীবেহারীলাল শীলের অনুমত্যানুসারে [বঃ সাঃ পঃ, গ্র-সং ৭৭১৬]

ড—সঙ্গীত সার সংগ্রহ, দ্বিতীয় খণ্ড, হরিমোহন মুখোপাধ্যায় (১৩০৬)

ঢ—বাঙ্গালীর গান, দুর্গাদাস লাহিড়ী, বঙ্গবাসী, (১৩১২)

ণ—শাক্ত পদাবলী, অমরেন্দ্রনাথ রায়, কলিকাতা বিশ্ববিদ্যালয়

ত—শ্রীশ্রীরামকৃষ্ণ কথামৃত, শ্রীম কথিত, দ্বিতীয় খণ্ড

থ—রস গ্রন্থাবলী চন্দ্রশেখর মুখোপাধ্যায়, বসুমতী সাহিত্যমন্দির (১৩১২)

দ—পাঁচালী নামক গ্রন্থ…শ্রীযুৎ দাশরথি রায় মহাশয় কৃত (১২৫৫)

[শ্রীসজনীকান্ত দাস মহাশয়ের ব্যক্তিগত সংগ্রহশালা]

সূচীপত্র

পরিশিষ্ট—ক

পরিশিষ্ট—খ

দাশরথি রায়ের পাঁচালী

১। মঙ্গলাচরণ ও আত্মপরিচয়

প্রথম

সিদ্ধি করিবারে আশ, করি বর অভিলাষ,
করিবর-বদনে প্রণতি।
অগতির গতি-গতি নমামি, মানস অতি,
শীঘ্রগতি গতির সঙ্গতি॥ ১

প্রণমামি করি যত্ন, কমলযোনির রত্ন,
কমলা সহিত কমলাক্ষে।
বন্দি যত্নে বীণাপাণি, বাণী-কৃপা বিনা বাণী-
বিহীন সুরাদি নর যক্ষে॥ ২

নমামি ভবচরণে, ভবনিধি-নিস্তরণে,
ভবে জন্ম হত[১] যৎকৃপায়।
প্রণমামি দিনপতি, দিনান্তে হে দীন প্রতি,
ত্বং বিতর সম্প্রতি উপায়॥ ৩

অহমতি হীনবুদ্ধি, গ্রন্থমধ্যে বর্ণাশুদ্ধি,
থাকে দৃষ্ট শাস্ত্রবহির্ভূত।
অগণ্যের দোষাগণ্য, করি করিবেন ধন্য,
স্বগুণে সগুণ ব্যক্তি যত॥ ৪

তুল্য দিতে অপ্রমাণ, মান্ধাতার তুল্য মান,
শ্রীমান্ নিবাসী বর্দ্ধমান।
ভূপতি ভূপের চূড়া, গ্রাম নাম বাঁদমুড়া,
উক্ত ভূপের অধিকার-স্থান॥ ৫

কুলীনগণ-বসতি, গ্রামের গৌরব অতি,
স্বল্প পথে ত্রিপথগামিনী।
তথায় করেন ধাম, দেবীপ্রসাদ শর্ম্মা নাম,
দ্বিজরাজ নানাশাস্ত্র-জ্ঞানী॥ ৬

তস্যাত্মজ অহং দীন, দ্বিজের অনুজ্ঞাধীন,
দ্বিজ-পদ-বলে এ সঞ্চয়।
তদন্তরে নিবেদন শ্রুত হৌন সর্ব্বজন,
দীনের দ্বিতীয় পরিচয়॥ ৭

ধরামধ্যে ধরি ধন্য, অগ্রদ্বীপ অগ্রগণ্য,
যথা শ্রীগোপীনাথের লীলা।
তৎসন্নিকটধাম্য, গ্রাম অতি জনরম্য,
পাটুলি-সমাজ-পার্শ্বে পিলা॥ ৮

কত দেবদেব্যালয়,[২] তথায় মাতুলালয়,
মাতুল অতুল গুণযুত।
রাম-তুল্য গুণধাম, শ্রীরামজীবন নাম,
চক্রবর্ত্তী খ্যাত জীবন্মুক্ত॥ ৯

তাঁহার ধন্য কৃপায়, শিক্ষাদির সদুপায়,
প্রাপ্ত হৈয়ে তস্য গৃহে স্থিতি।
হৃদে চিন্তে ত্রিলোচনা, করে গ্রন্থ বিরচনা,
দ্বিজদাস দ্বিজ দাশরথি॥ ১০

পাঠান্তর: ১ হ'ত—ক। ২ দেবালয়—ক।

দ্বিতীয়

প্রণমামি বিঘ্নহরে তদন্তে বন্দিব হরে,
অশেষ সঙ্কট হরে যৎ-পদ-স্মরণে।
হরিতে অনন্তাপদ, অন্তে বন্দি হরিপদ,
যে পদ হরসম্পদ, বিদিত পুরাণে। ১

অসুর-শির-হারিণী, সুর-দুঃখ-প্রহারিণী,
হর-বক্ষ বিহারিণী নমামি অভয়ে।
করি যত্নে যুগকর, নমাম্যহং দিনকর
কৃপাদৃষ্টি দিন কর তত্ত্বময় ভয়ে। ২

বন্দ পীতাম্বর রাণী শ্বেতাম্বরধরা বাণী,
ধারা ত্রিভুবন রাণী ত্বং প্রদা সারদা।
যুগলচরণ ধরি কমলা গোলোকেশ্বরী
হৃদয়-কমলে স্মরি তচ্চরণ সদা। ৩

গ্রন্থ করি বিরচন আছে দৃশ্য অগণন
স্বগুণে সুধীরগণ করিবেন সহ্য।
না করি বিরাগে রাগ রাখি নিজ অনুরাগ
গ্রন্থের বিরাগ ভাগ করিবেন ত্যাজ্য। ৪

ধনে ধনেশ সমান মান-পক্ষে অপ্রমাণ
কে মানী তদ্বিদ্যমান বর্দ্ধমানপতি।
তস্য অধিকারে ধাম বাঁদমুড়া নাম গ্রাম
গণ্য দ্বিজের বিশ্রাম ধন্য সে বসতি। ৫

দেবতুল্য দেবদ্বিজ- ভক্ত দেবীপ্রসাদ দ্বিজ
অহং দীন তদঙ্গজ দ্বিজপদে মন।
দ্বিতীয়াংশ পরিচয় পিত্রালয় মাতুলালয়
মাতুল সদ্‌গুণালয় শ্রীরামজীবন। ৬

উপাধিতে চক্রবর্ত্তী, কীর্ত্তিমন্ত মধ্যবর্ত্তী,
রামতুল্য গুণকীর্ত্তি, সাধুদল-স্থল।
অতুল্য যাহার তুল্য তদ্‌গৃহে অবধি বাল্য
বাস, তাঁর আনুকূল্য- বলে মম বল। ৭

সারতত্ত্ব সুবচন হেতু সাধু প্রয়োজন,
জন্য রসিকরঞ্জন অপর পদ্ধতি।
অন্তরে ভাবি একান্ত পার্ব্বতীর প্রাণকান্ত
বিরচিল এই গ্রন্থ দ্বিজ দাশরথি। ৮

তৃতীয়

বিঘ্নেশ্বর করি মুখে প্রথমতঃ করি-মুখে
করি স্তুতি করিয়া যতন।
সহ দুর্গা শূলপানি চক্রপাণি বীণাপাণি
স্মরি কাব্য করি বিরচন। ১

হরচিত্তহর হরি রাধার কলঙ্ক হরি
দেন তত্ত্ব শুন যথাবিধি।
কংস-ধ্বংস-বিবরণ দ্রৌপদীর বস্ত্রহরণ
রাবণান্ত বৃত্তান্ত আদি। ২

থাকে গ্রন্থ দোষযুক্ত, ত্যজে দোষ দোষমুক্ত
স্বগুণে হবেন যত গুণী।
যে দুগ্ধে মিশ্রিত নীর, নীরাংশ ত্যজিয়া ক্ষীর
হংস-বংশে পান করে শুনি। ৩

গ্রাম নাম বাঁদমুড়া তন্মধ্যে ব্রাহ্মণচূড়া
দেবীপ্রসাদ দেবশর্ম্মা নাম।
অহং দীন তত্তনয়, পিলায় মাতুলালয়,
ইদানী মাতুলালয়ে ধাম। ৪

সাধুর সন্তাপ দূর জন্য যত সুমধুর
সারতত্ত্ব হইল যোজন।
শ্রবণেতে জীব মুক্ত ভারতী ভারত-উক্ত
শ্রীগোবিন্দ গুণানুকীর্ত্তন। ৫

অপরে করিবে রাগ, ঘুচাইতে সে বিরাগ
পরে কিছু অপর প্রসঙ্গ।
প্রেমচন্দ্র প্রেমমণি প্রেম-বিচ্ছেদের বাণী
রসিকরঞ্জন রসরঙ্গ। ৬

তদন্তরে নানাগীত নানা রাগ সম্মিলিত
সুললিত ললিত প্রভৃতি।
রচিল পাঞ্চালীগ্রন্থ [১]পাঞ্চালীর পঞ্চ কাণ্ড[১]
সদা চিন্তাযোগে দাশরথি। ৭

পাঠান্তর : ১-১ পাঞ্চালীর পঞ্চকাণ্ড—ক।

২। শ্রীশ্রীকৃষ্ণের জন্মাষ্টমী

ব্রাহ্মণ-বন্দনা

প্রণমামি দ্বিজবর, দ্বিজরূপেতে পীতাম্বর,
অভেদ-আত্মা বিরাজেন ভূতলে।
আরাধিলে দ্বিজবরে, কি না হয় দ্বিজ-বরে,
ধর্ম্ম অর্থ কাম মোক্ষ ফলে। ১

যেখানেতে দ্বিজ-বিশ্রাম, স্বগ্রামেতে স্বর্গধাম,
ভাবিলে জীব অনায়াসে পায়।
হরি লন যার জ্ঞান হরি, সেই ত গৃহ পরিহরি,
হরি দেখ্‌তে বৃন্দাবনে যায়। ২

শিবমুখে সর্ব্বদা বাণী, সদা শুনেন শর্ব্বাণী,
সর্ব্ব তীর্থ ব্রাহ্মণ-চরণে।
এই কর্ম্মভূমি পৃথিবীতে, দ্বিজ হয়েছেন বীজ ইহাতে,
সর্ব্ব কর্ম্ম বিফল দ্বিজ বিনে। ৩

যেমন ধর্ম্ম বিফল বিনা সত্য, ঔষধ[১] বিফল বিনা পথ্য,
গৃহ বিফল অতিথি নাই যায়।
নয়ন বিফল দৃষ্টি[২] বিনে, দৃষ্টি[২] বিফল ইষ্ট-পানে,
দৃষ্টি[২] নাই তবে যে জনার। ৪

হরি বলেছেন নিজ মুখে, ভোজন আমার দ্বিজমুখে,
চতুর্ম্মুখের মুখে ঐ কথাই।
এখন অনেক পাষণ্ডগণে, এরা এখন মনে গণে,
কলির ব্রাহ্মণের বস্তু নাই। ৫

করি দ্বিজের অপমান, পায় না ফল বর্ত্তমান,
বিষ নাই ব'লে অনায়াসে বিষধরে ধরে।
কিন্তু অমোঘ[৩] দ্বিজের বাক্য, নরের নরক-মোক্ষ,
কালে ফলে সেটা মনে না করে। ৬

পাপ করে যেই দণ্ডে, তখনি কি যমে দণ্ডে,
পুণ্য কর্‌লে বাঞ্ছা পূর্ণ তখনি কি হয়।
বৃক্ষ রোপণ যেই দিবে, সেই দিনেই কি ফল দিবে,
কিন্তু ফল ফলিবে নিশ্চয়। ৭

যে দিনে কুপথ্য-যোগ, সেই দিনে কি হয় রোগ,
কুপথ্য রোগের মূল বটে।
যে দিন ধাত্রী কাটে নাড়ী, সেই দিনে কি উঠে দাড়ি,
কাল পেয়ে যৌবনে দাড়ি উঠে। ৮

যে দিনে দেয় খড়ি হাতে, সেই দিনে কি হাতে হাতে,
পাঠ হয় তার চণ্ডী।
যে দিন সন্তান পড়ে ভূমে, সেই দিনে কি গয়া-ভূমে,
গিয়ে পিতার দিয়ে এসে পিণ্ডি। ৯

অতএব ব্রহ্ম-মন্ত্র-আশীর্ব্বাদ, কালে ফলে হয় না বাদ,
বেদ মিথ্যা কখন কি হয়।
দ্বিজ সকলের পূজ্য, দ্বিজরূপে চন্দ্র-সূর্য্য,
ব্রহ্মতেজ তাতেই জ্যোতির্ম্ময়। ১০

অসাধনে অধোগতি সাধিলে সম্পদ।
অতএব সাদরে সাধ রে দ্বিজপদ। ১১

সুরট-ঝাঁপতাল

মম মানস! সদা ভজ, দ্বিজ-চরণ-পঙ্কজ।
দ্বিজরাজ করিলে দয়া বামনে ধরে দ্বিজরাজ।
হরিতে অসাধ্য ব্যাধি, বৈদ্য নাহি পান বিধি,
সে রোগের ঔষধি কেবল ব্রাহ্মণ-চরণ-রজঃ।

পাঠান্তর: ১ ঔষধি—খ। ২ দৃষ্ট—খ। ৩ অলঙ্ঘ্য—খ।

যার গমন দ্বিজরাজে, নখরে দ্বিজরাজ সাজে,
দ্বিজপদ শোভিত যার হৃদয়-সরোজ।
ভ্রান্ত হ'য়ে পদে পদে, হেন দ্বিজের অভয় পদে,
দাস না হয়ে দাশরথি দুঃখ পায় সে দোষ নিজ। (ক)

দ্বিজপূজ্য বেদের ধ্বনি, কলিযুগে কোন কোন ধনী,
ওসব কথায় নাহি দেন কাণ।
না মেনে বেদের অর্থ, সদাই কেবল অর্থ অর্থ,
অর্থলোভে অনর্থ ঘটান। ১২
হারাইয়া জ্ঞান-ধন, ধনের জন্ম দ্বিজ নিধন,
তার সাক্ষী নূতন তালুক কিনে।
ব্রহ্মত্বে[1] দিয়ে টান, দ্বিজের বিপদ আগে ঘটান,
মহাপুণ্যের "পুণ্যে" করেন সেই দিনে। ১৩
আমিন পাঠান যায়, সে বেটা পাঠান-প্রায়,
যমদূত অপেক্ষা গুণ বেশী।
যায় ক'রে এক বকেয়া চিঠে, অগ্রেতে ব্রাহ্মণের ভিটে
ফেলেন গিয়ে বসি। ১৪
যার বিষয় নহে তত্ত্ব, মাঠে গিয়ে করে তপু-তত্ত্ব,
ভট্টাচার্য্য এ যে হচ্ছে মাল।
এগার বিঘা হলো কালি, খাজনা দিতে হবে কালি,
দ্বিজ অমনি শুকিয়ে কালী, বলে মা কি কর্‌লি কালি!
একবারে পয়মাল। ১৫
আটক জমি এগার বন্দ, এগার জনার আহার বন্দ,
কেঁদে দ্বিজ জমিদার-গোচরে।
(বলে) আমার ঐ উপজীবিকা মাত্র, আর অন্য নাহি যোত্র,
আছে তায়দাদ দলীল-পত্র ঘরে। ১৬
জমিদার কয় মহাশয়! সে সব দলীলের কর্ম নয়,
ক্রো-সাহেবের ছাড়্ দেখাতে পার।
তবে দিতে পারি ছাড়্, নচেৎ বিষয় পাওয়া ভার,
এক্ষণেতে ওসব কথা ছাড়। ১৭
তখন দ্বিজ হয়ে নৈরাশ, ছাড়েন দীর্ঘ নিঃশ্বাস,
বলেন, মিছে করি আশাস হায় রে।
আমার আশী বৎসর আছে ভোগ, আসা[2] কেবল কর্ম্মভোগ
বনে কাঁদিলে কেবা শুনে বরং ব্যাঘ্রে[3] খায় রে। ১৮
অতএব সাধুজন, দিয়ে মিথ্যা কথায় বিসর্জন,
হও তোমরা দ্বিজ-প্রেমের বশ।
শ্রবণ কর দ্বিজ-মাহাত্ম্য, শ্রীমদ্ভাগবত-তত্ত্ব,
শুক-মুখ গলিত সুধা-রস। ১৯
দ্বিজেরে করি অমান্য, দ্বিজসুতের মহ্য-[4]জন্য,
ক্ষুণ্ণ হয়ে জাহ্নবীর তটে।
কেঁদে বলেন পরীক্ষিত, কি পরীক্ষায় পরীক্ষিত,
হবো হে মুনি! আশু কাল নিকটে। ২০
সগরবংশ ধ্বংসে যে ব্রাহ্মণ-কোপভরে।
যে ব্রাহ্মণ গণ্ডূষে সাগর পান করে। ২১
ভগীরথের দিব্যাঙ্গ যে ব্রাহ্মণের বরে।
যে ব্রাহ্মণ-শাপে যোনি ইন্দ্র-কলেবরে। ২২
যে ব্রাহ্মণ সুরধুনীকে ধরেছেন উদরে।
যে ব্রাহ্মণের পদ হরি হৃদিপদ্মে ধরে। ২৩
আমি ত করেছি অপমান সেই দ্বিজবরে।
তরিতে কি পাব আমি এ ভব-দুস্তরে। ২৪
আসি বন্ধুজন সম্ভাষণ করিছে আমার সনে।
বলে, কর আয়োজন, ভয় কি রাজন তক্ষক-দংশনে। ২৫
সজাগে থেকে, নিকটে ডেকে, রাখ ধন্বন্তরি।
তারা সকলে ভ্রান্ত, বোঝে না অন্ত,
আমি অন্তে কিসে তরি। ২৬
সে নয় এসে, সামান্য বিষে, হবে বিনাশক।
আমার জীবনান্তে আছে যে ফণী তার কে চিকিৎসক। ২৭

জয়জয়ন্তী[5]—একতালা

মুনি! ঐ ভয় মম মানসে।
জীবনান্তে পাই জীবন কিসে।
বল কে বাঁচাবে আমায় হয়ে ধন্বন্তরি।
শমন-তক্ষক-বিষে।

পাঠান্তর: ১ ব্রহ্মত্রে-ক। ২ আশা—খ। ৩ বাঘে—খ। ৪ মাত্র—খ। ৫ সুরট—খ

মন্ত্র শুনে ক্ষান্ত হয় সামান্ত ফণী,
সেতো নয় মণি-মন্ত্রে বশ, মুনি!
কাল পেয়ে অমনি দংশিবে কাল-ফণী,
হৃদয় মন্দিরে এসে।
জন্মাবধি আমার কুপথে ভ্রমণ,
সে রাধারমণ-প্রতি হত মন,
কিসে হবে কাল-কালিয় দমন,
কালাগত কালবশে;
(যদি) ভজিত দাশরথি বিষয় পরিহরি,
করিত কি অন্তে কাল-বিষহরি?
বিষহরির বিষ হরি,
হরি জীবন দিতেন এই দাসে। (খ)

হরিতে রাজার অসুখ, সুধামাখা বাক্যে শুক,
বলেন, কি চিন্তা মহারাজ!
জন্ম যদি হয় ভবে, তবেই ভয় সম্ভবে,
জন্ম ঘুচিলে সে ভয়ে কি কাজ। ২৮
যার, হরি-কথাতে জন্মে মতি, জন্ম হ'তে অব্যাহতি,
ভবে জন্ম না হইবে পুনঃ।
জন্ম-মৃত্যু-হর হরি, লবেন তোমার জন্ম হরি,
আজি হরির জন্মকথা শুন। ২৯

* * *

কংসের কৃষ্ণদ্বেষ

ছিল কংস-দৈত্য মথুরায়, রসাতল করি ধরায়,
হইয়ে পাতকীর অগ্রগণ্য।
যেমন স্বয়ং তেমনি সভাসৎ, অনেক নাস্তিক সৎ,
ভবিষ্যৎ-ভয়-মাত্র-শূন্য। ৩০
কৃষ্ণেতে কেবল দ্বেষ, কৃষ্ণনাম-শূন্য দেশ,
করিয়া করিল পাপরাজ্য।
যে জন কৃষ্ণগুণ গায়, কংস শুনিলে কৃষ্ণ পায়,
কৃষ্ণদ্বেষী জনে করে পূজ্য। ৩১
নাম ছিল যার কৃষ্ণদাস, কংসরাজ্যে উঠিয়ে বাস,
পলায়ে গেল সমুদ্রের ধারে।
তুলসী-মন্দির যার ঘরে, হরিমন্দির নাসায় করে,
অমনি যমমন্দির কংস পাঠান তারে। ৩২
(তখন) দেখ্‌তাম মজা অপরূপ, যখন ছিল কংস ভূপ,
তখন যদি কেউ হরির বেয়ান্[১] কর্‌তো।
দুই বেয়ান্‌কে এক দড়ীতে, বেঁধে পুরিত হরিণবাড়ীতে,
গলাগলি করে বেয়ান্[২] মর্‌তো। ৩৩
ত্যেজে অগ্নি পিপুল শুঁট, তখন দিলে হরির-লুট,
ছেলেসুদ্ধ পোয়াতীর কপাল কাট্‌তো।
ছেলেকে দিয়ে যমের বাড়ী, তখন ছেলের বাপের নাড়ী,
টেনে কংস চোয়াড়ি দিয়ে কাট্‌তো। ৩৪
তখন গাভীরূপ ধ'রে ধরা, বিধির নিকটে গিয়ে ত্বরা,
কহিতেছেন করিয়া রোদন।
তব সৃষ্টি যায় বিধি! ত্বরায় প্রভু কর বিধি,
ভার হলো কংসের ভার গ্রহণ। ৩৫
শুনে, ব্রহ্মলোক পরিহরি, ব্রহ্মা যান যথা হরি,
নিদ্রাগত অনন্ত-শয্যায়!
কাতরে কহেন বিধি, গা তোল বিধির নিধি!
তব দাস বিধির সৃষ্টি যায়। ৩৬

ললিত ভৈঁরো[৩]—একতালা

শ্রীচরণে ভার,—একবার গা তোল হে অনন্ত।
নয় ভূতল রসাতল হরি! হলো হে নিতান্ত।
কর্‌লে সুর-দর্প দূর, কংসাসুর বলবন্ত!
ব্যাকুল ধরা, তার ভার ধরা, সাধ্য ধরার নয় শ্রীকান্ত!
কি পাপ কংস প্রকাশিলে, স্বভগ্নী সতী সুশীলে,
বক্ষে দিয়ে শিলে, বেঁধে রেখেছে দুরন্ত;
এ হ'তে কি ঘোর[৪] পাতকী, আর কে[৫] আছে এমন ভ্রান্ত।
উঠে কর ভুবন-জীবন! পাপ-জীবনের জীবনান্ত। (গ)

শ্রবণ কর মহাশয়, আশ্চর্য্য এক বিষয়,
তখন পুণ্যবান সমুদয়, এক পাপী কংস মথুরাতে ছিল।

পাঠান্তর: ১ বেহানি—খ। ২ বেহানি—খ। ৩ ঝট—খ। ৪ আর খ—। ৫ কি—খ।

তার ভার না পেরে ধর্‌তে, পৃথিবী যান নালিশ কর্‌তে,
ভার সহ্য কোনরূপে না হলো। ৩৭
এখন বাঙ্গালাটা করিলে অংশ, দশ হাজার জোটে কংস,
অন্য দেশ ঐক্য[১] হ'লে লক্ষ হতে পারে!
কিরূপে ভার ধরেন পৃথ্বী, পৃথিবীর বুঝি ঘৃণা-পিত্তি,
লোপাপত্তি হয়েছে একেবারে। ৩৮

* * *

মহাদেবের নিকট পৃথিবীর গমন

শুনেছি পৃথিবী কলিতে, গিয়াছিলেন বলিতে,
কাশীধামে কাশীনাথ-নিকটে।
শুনে কন পশুপতি, বসো বসো বসুমতি!
ভোগ শুন আমার ললাটে। ৩৯
আমি, মৃত্যুকে করিয়া জয়, নাম ধরেছি মৃত্যুঞ্জয়,
মৃত্যুঞ্জয়ের মৃত্যু এখন ভাল।
আমি লব কি তোমার ভার, আমারি মুখ দেখান ভার,
কাশীতে আমার ভূমিকম্প হলো। ৪০
আমি গুণ আর কিসে প্রকাশি, ত্রিশূলের উপরে ছিল কাশী
কলি বেটা ক্রমে নড়িয়ে দিলে।
দৈত্যনাশিনী ঘরে নারী, তিনি বলেন আমি কলিকে নারি
অবাক্ হয়ে আছেন দুটী ছেলে। ৪১

* * *

পৃথিবীর জগন্নাথের নিকট গমন

শুন শুন ভূতল! যাও তুমি উৎকল,
জানাও গিয়ে জগন্নাথের স্থানে।
শুনি কাশী পরিহরি, করিলেন শ্রীহরি,
সিন্ধুকূলে শ্রীহরি যেখানে। ৪২
মনের যত বেদন, অভয় পদে নিবেদন,
করিলেন ধরা, অভয়পদ ভাবি!
শুত মাত্রে হলো ব্যাঘাত, জবাব দিলেন জগন্নাথ,
বল্লেন আমার হাত নাই পৃথিবী। ৪৩
একে আমার নাইকো হাত, তাতে আমি অনাথ,
অকূল সমুদ্র-কূলে আছি।
ছিল কয়জন প্রিয়পাত্র, কলির অধিকার-মাত্র,
পাণ্ডব আদি স্বর্গে পাঠায়েছি। ৪৪
কতকগুলি ভোগ গ্রহণ কর্‌তে, আছি দশহাজার বর্ষ মর্ত্ত্যে
এই কথা শুনে বসুমতী,
প্রণাম ক'রে বিদায় ল'য়ে, মেদিনী বেদনা পেয়ে,
জানায় গিয়ে যথা ভাগীরথী। ৪৫

পৃথিবীর গঙ্গার নিকট গমন

বিভাস[২]—ঝাঁপতাল

হর নিদয়, হরি নিদয়, মোরে হর-কামিনি!
তুমি যদি নিস্তার-পথ কর ত্রিপথগামিনি!
স্বীয় কর্ম্ম-দোষে ভবে পেয়ে দুঃখ পদে পদে,
হ'লে পতিত পদে পতিতে রাখো, পতিতপাবনি! পদে,
শুনে ধরেছি পদ, হরি-পদ-রজ-বিহারিণি!
আরাধিয়ে পীতাম্বর, হর পূজে না পেয়ে বর,
বড় দুঃখ পেয়েছি, গিরিবর-নন্দিনি!
জীবনান্ত জেনে অন্তে, এসেছি তব জীবনে,
এখন, জীবনরূপিণি গঙ্গে! তোমা বিনে ত্রিভুবনে,
কে আছে আর দাশরথির দুঃখ-নিবারিণী। (ঘ)

গঙ্গা কন, শুন পৃথ্বি! ঘুচিল ভগীরথের কীর্ত্তি,
গঙ্গার এখন গঙ্গালাভ গণ্য।
গেছে সে তরঙ্গ প্রবল, মহাপ্রাণীটে আছে কেবল,
পাঁচ হাজার বর্ষ নিয়ম-জন্য। ৪৬
আমার সে জোর আর নাই,—কি বল,—
জোয়ার আছে তাইতে কেবল,
যোগে যোগে যেতেছি!
ক্রমে হ'য়ে এলাম ক্ষীণ, বাড়িছে দুঃখ দিন দিন,
গণ্‌তির দিন ক'টা মর্ত্ত্যে আছি। ৪৭

পাঠান্তর: ১ লক্ষ্য—ক। ২ সুরট—খ, ভ।

আমার সর্ব্বাঙ্গে ঘেরেছে চড়া, সাধ্য নাই আর নড়া-চড়া,
যেমন চড়া তেম্‌নি পড়া, বলিব দুঃখ কাকে।
তোমার ভার কি লব ধরণি! এলে একশত মণের তরণী,
চালাতে নারি চরে আটকে থাকে। ৪৮

(যদি বল কিছু পাপ ছিল।)

আমার পরম গুরু কৃত্তিবাস, তাঁর শিরে করেছি বাস,
সতীনের দ্বেষ করেছি সদাই।
সতীন কি সামান্য নিধি, তিনি দুর্গতিহারিণী দিদি,
তাইতে এত মনস্তাপ পাই। ৪৯

সতীনের উপর ক'রে দ্বেষ, স্বামীকে দিয়েছি ক্লেশ,
সেই ফল মোর ফলিল এত দিনে।
স্বামী আমার সদানন্দ, কত শত বলেছি মন্দ,
একটী কথা রাখেন নাইক মনে। ৫০

বুঝি, সেই পাপেতে শূলপাণি,
এখন, [১]দলে মিশায়ে হন্ কোম্পানী,
লজ্জা দেন আমাকে।[১]
নৈলে কাটি-গঙ্গা ক'রে তারা, ফিরিয়ে দেয় আমার ধারা,
এ লজ্জা ম'লে কি মোর ঢাকে। ৫১

নরে করে এত মন্দ, কালীঘাট দিয়ে পথ বন্ধ,
দিনে দিনে সন্দ বাড়িছে মনে।
মানে না কেউ গঙ্গা ব'লে, মল-মূত্র দেয় ফেলে,
মর্ত্ত্যলোকে তত্ত্ব-কথা কে শুনে। ৫২

* * *

শ্রীহরির দৈববাণী

হরি কন দৈববাণীতে, জন্ম ল'য়ে অবনীতে,
অবনীর ভার আশু ঘুচাইব।
যাবে কংসাদির গর্ব্ব, দেবকীর অষ্টম গর্ভ,
ছলে গিয়ে ভূতলে জন্ম লব। ৫৩

* * *

দেবকীর গর্ভে শ্রীকৃষ্ণের জন্মগ্রহণ

বাক্য-অনুযায়ী হরি, বৈকুণ্ঠ পরিহরি,
অষ্টম গর্ভেতে অধিষ্ঠান।
শ্রাবণ, পক্ষ অসিতে, অষ্টমীর অর্দ্ধ নিশিতে,
ভূমিষ্ঠ হইলেন ভগবান। ৫৪

বেহাগ—যৎ

কৃষ্ণতিথি অষ্টমীর নিশি অর্দ্ধকালে।
জন্মিলেন যোগেন্দ্র-হৃদিনিধি ভূতলে।
পুণ্যরূপ বীজ এক ল'য়ে কুতূহলে।
রোপণ করে দেবকী নিজ হৃৎকমলে।
শত জন্ম সিঞ্চন করিল ভক্তিজলে।
সেই পুণ্যতরুবর, ফলে দেবকীর পুণ্যফলে। (ভ)

শ্রীকৃষ্ণের রূপদর্শনে বসুদেব-দেবকীর বিস্ময়

রূপ দেখে কমল-আঁখির, বসুদেব-দেবকীর,
অনিমিষ হয় আঁখির, জন্মিল বিস্ময়।
উঠিল অঙ্গ শিহরি, দেখে ভব-আরাধ্য হরি,
হয়েছেন উদয়। ৫৫

চরণ দুটী শোভাকর, প্রভাতের প্রভাকর,
প্রভাকর-সুতের কর, এড়ায় যৎপদ-স্মরণে।
জগৎপিতা পীতাম্বরে, মরি কি শোভা পীতাম্বরে,
স্থির সৌদামিনী করে, যেমন শোভা ঘনে। ৫৬
কিবা শোভা কর চারি, কৈলাস-গিরি-বিহারী,
ফণিহারীর মণিহারী, বনকুসুম-হারী।
কটির হেরিয়ে বঙ্ক, সিংহেতে কোটী কলঙ্ক,
শঙ্কাযুক্ত হয় শঙ্খ, [২]শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী[২]। ৫৭

* * *

পাঠান্তর: ১-১ দলে মিশে হন কোম্পানী, যবনে বলে গঙ্গাপানি, লজ্জা দেয় আমাকে—ক; দলে মিশায়ে কোম্পানী লজ্জা দেয় আমাকে—খ। ২-২ গলদেশ মনোহারি—ক

বসুদেব-দেবকী শ্রীকৃষ্ণের স্তব করিতেছেন

দেখে উভয়ে যুগ্ম করে, মুক্তি-হেতু স্তব করে,
তুমি দিয়াছ শঙ্করে সংহারের ভার।
অচিন্ত্যরূপ চিন্তামণি, সুরমণির শিরোমণি,
তুমি হে অমূল্য মণি, ধাতার মাথার। ৫৮
দেবকী ক'রে রোদন, বলে, ওহে মধুসূদন!
চরণে করি নিবেদন, যদি বেদন হর।
ভয়ে অঙ্গ বি-বরণ, শুন দুঃখের বিবরণ,
এ রূপ যদি শ্যামবরণ! সম্বরণ কর। ৫৯
তুমি বিশ্বের জনক, ইহা কি বিশ্বাস-জনক,
আমরা জননী জনক, হব হে হরি! তব।
এ কথা শুনিলে বিজ্ঞে[1], বিজ্ঞে[1] কিম্বা অবিজ্ঞে[2],
সকলেরি অবজ্ঞে হবে হে মাধব! ৬০
বিশেষ, ওহে বিশ্বরূপ! আমরা কংসের বিষ-স্বরূপ,
না জানি সে দেখে এ রূপ, কিরূপ করিবে!
সে অতি পাষণ্ড-কায়া, ভাবে যদি করেছ মায়া,
তেয়াগিয়ে দয়ামায়া, উভয়কে[3] বধিবে। ৬১

'মল্লার—ঠেকা।'[4]

সম্বর এ রূপ, কমল-আঁখি!
এ যে অসম্ভব মান্য[5] হবে কি!
যাঁর ব্রহ্মাণ্ড উদরে, তাঁরে উদরে ধরে দেবকী!
হর হর কংস-ভয়, হরি! কর হে অভয়,
আমরা উভয়ে সভয়ে সর্ব্বদা থাকি।
পাষাণ হৃদয়ে দিয়ে, পাষাণ-হৃদয় হ'য়ে,
পাসরিয়া আছে মায়া, কলঙ্কী।
দুঃখ আর বলিব কায়, হে নীরদকায়!
আমার বড় পুত্র-বধে বড় দুঃখ দিয়াছে পাতকী।
সনকাদি[6] তপোধন, করে যে ধন সাধন,
শুক নারদাদি যাঁর প্রেমে বিবেকী।
পাষাণ উদ্ধারিল, যাঁর পদে গঙ্গা জনমিল,
অজামিল তরিল যাঁরে ডাকি।
'হরের চিরধন, বিরিঞ্চির ধন,'
হবে সে ধন নন্দন, আমি এত কি সাধন রাখি। (চ)

বসুদেব-দেবকীকে শ্রীকৃষ্ণের অভয়দান

দেবকীর ঝরে নেত্র, নিরখি কমল-নেত্র,
কহিছেন প্রসন্ন হইয়ে।
পূর্ব্ব-জন্ম-বিবরণ, হয়েছ মা! বিস্মরণ,
দিই মা আমি স্মরণ করিয়ে। ৬২
করেছিলে কঠিন যোগ, আত্মা-মনঃ-সংযোগ
জননি! যতন করিলে মোরে।
টলেছিল মোর আসন, দিয়াছিলাম দরশন,
তব দুঃখ-বিনাশন-তরে। ৬৩
চেয়েছিলাম দিতে বর, তুমি বল্লে পীতাম্বর!
অন্য বর প্রয়োজন মোর নাই।
চতুর্ভুজ পদ্মনেত্র, সজল-জলদ-গাত্র,
তব তুল্য পুত্র যেন পাই। ৬৪
সেই ত চতুর্ভুজ বেশ, হ'য়ে গর্ভে করি প্রবেশ,
ভূমিষ্ঠ হয়েছি আজি আমি।
ধর্ম্ম, অর্থ, মোক্ষ, কাম, ভক্তের যে মনস্কাম,
দি মা! আমি হয়ে অন্তর্যামী। ৬৫
ভয় নাই আর কংস-ভয়ে আমি রাখিলাম অভয়ে,
নির্ভয় হইয়ে সবে থাক।
ত্বরায় আসি কংসালয়, করিব আমি কংসে লয়[8],
নন্দালয়ে আশু আমাকে রাখ। ৬৬

পাঠান্তর : ১-১ বুজ্ঞে—খ। ২ অবুজ্ঞে—গ। ৩ আমাকে—খ। ৪-৪—সুরট-কাওয়ালী—ক। ৫ তা সম্ভব—ক। ৬ জনকাদি—খ, ঙ। ৭-৭ হরের চিরসাধন, বিরিঞ্চিবাঞ্ছিত ধন, বলেন পঞ্চ চতুর্মুখে ডাকি। দৈবকীর দৈব কি এত? কোলে পেলাম জগন্নাথ—ক (চ) গানে খ ও গ গ্রন্থে স্তবকবিন্যাস অন্যরূপ। ৮ অয়—খ।

যশোদা নন্দের জায়া, প্রসবিয়ে যোগমায়া,
নিদ্রাযোগে আছেন যে ঘরে।
মোরে পরিবর্ত্ত করি, আন গে সেই শুভঙ্করী,
শুভযাত্রা করহ সত্বরে। ৬৭

* * *

শ্রীকৃষ্ণকে লইয়া বসুদেবের নন্দপুরে যাত্রা

শুনে শব্দ সুধা-মাখা, শ্রেয় হলো গোকুলে রাখা,
বসুদেব উঠেন ত্বরা করি।
কংস-পুরী পরিহরি, বদনে বলি শ্রীহরি,
কোলে লয়ে শ্রীহরি, করেন শ্রীহরি। ৬৮

* * *

প্রহরিগণের চক্ষে নিদ্রার আবির্ভাব

শুন এক আশ্চর্য্য কই, যে রাত্রেতে ক্ষণেক বই,
জনমিবেন গোলোকের প্রধান।
ছিল যত দ্বারপাল, আসি কংস মহীপাল,
ক'রে যায় অত্যন্ত সাবধান। ৬৯
তারা কেমনে র'বে জাগিয়ে, আপনি যোগনিদ্রা গিয়ে,
আবির্ভাব সকলের নয়নে।
অস্থির যত প্রহরী, নিদ্রাতে লয় বল হরি,
সন্ধ্যাকালে বাঞ্ছিত শয়নে। ৭০
দ্বারী মধ্যে একজন, তার জন্মে-জন্মে ছিল ভজন,
সে বলে, ভাই! শুন সর্ব্বজনা।
জাগিয়ে এত দিবস, আজি হলি নিদ্রার বশ,
এটা ত ভাই বিধির বিড়ম্বনা। ৭১
সে কেমন?
তীর্থ-পথে ছয়মাস হেঁটে ছু দিন থাকতে ফিরলে।
প্রায় ঘরে উঠি, পাকায়ে ঘুঁটি,[1] কাঁচা খেলাটি খেল্লে[1]।
বাল্য হতে সুরধুনীতে অবগাহন করলে।
মরবার কালে গঙ্গা ফেলে বঙ্গদেশে চল্লে।
যৌবনকালে স্বপাকেতে হবিষ্যান্ন করলে।
মরবার বেলায় জঠর-জালায় যবনান্ন গিল্লে।
আজি, কৃষ্ণ-দরশনের নিশি, সন্ধ্যাকালে টল্লে।
অচেতনে হারালে নিধি, হায় হায়! কি করলে। (জ)

খাম্বাজ—একতালা

দেখ, কেউ ঘুমাইওনা, অচেতনে হারাইওনা নিধি।
যতনে সবাই, (যদি রে) চেতন থেকো ভাই!
দেবকী-নন্দনে দেখিবে যদি।
মূলাধারে আছেন কুলকুণ্ডলিনী,
তিনি হন যদি চৈতন্যরূপিণী,
তবে সে চৈতন্যরূপ-চিন্তামণি, [2]চিন্তে পেরে
পার হবে জলধি।[2]
নিদ্রাতে ভুলায়, জাগিলে জানা যায়,
[3]জাগরণে পায় লক্ষ্মীর কৃপায়[3],
দাশরথির চিত্ত, নিত্য-তত্ত্ব[4] পায়[5],
তত্ত্ব করলে অর্থ[6] মিলান বিধি। (ছ)

নিদ্রার দোষ-বর্ণন

নিদ্রার মুখে আগুন, জাগ ভাই! জাগরণের গুণ,—
শ্রবণ করহ কর্ণ-কুহরে।
ঘুমে লক্ষ্মী হন বিরূপা, জাগরণে লক্ষ্মীর কৃপা,
নৈলে কেন জাগে কোজাগরে। ৭৬
যত পরমায়ু লোকে পায়, নিদ্রায় [7]'অর্দ্ধেক যায়'[7],
সে কালটা ত বিফলে হরণ।
কুম্ভকর্ণ বর্ব্বর, মেগে ছিল নিদ্রার বর,
সেটা কেবল মৃত্যুর কারণ। ৭৭
নিদ্রাযুক্ত লোক সব, আছে বেঁচে কিন্তু শব,
সিঁদ কেটে চোর প্রবেশ করে ঘরে[8]।

পাঠান্তর: ১-১ কাঁচকলাটি খেলে—খ। ২-২ দেখে পার হবে জলধি—গ। ৩-৩ জাগিলে হরির চরণ পায় কিম্বা না পায়—গ। ৪ নিত্যসত্য—খ। ৫ চাও—ক। ৬ তথ্য—ক। ৭-৭ অর্দ্ধেক পাক পায়—ক। ৮ ঘরে পদটি নাই—খ।

হাত দিয়ে লয় গলার হার, অথবা করে সংহার,
বলবানকে দুর্ব্বলে জয় করে। ৭৮
স্বপ্ন দেখে কেঁদে মরে, কখন বিষধরে ধরে,
জলে ডোবে কখন বাঘে খায়।
নিদ্রাতুর লোকে ভাই! বিদ্যায় অধিকার নাই,
দিবানিদ্রায় পরমায়ু ফুরায়। ৭৯

* * *

নিদ্রার গুণ-বর্ণন

এ কথা শুনিয়ে সত্বর, প্রহরীরা করে উত্তর,
আছে গুণ নিদ্রার নিকটে।
যতক্ষণ নিদ্রা রন, পুত্রশোক নিবারণ,
সে কালটা ত অনায়াসে কাটে[১]। ৮০
নিদ্রা বিনে ঘোর বিপাক, আহার-অন্ন হয় না পাক,
নিদ্রা কেন হবে না হিতকরী।
নিদ্রা একটা প্রধান ভোগ, নিদ্রা নৈলে জন্মে[২] রোগ,
যার নিদ্রা না হয় বিভাবরী। ৮১
এত বলি যোগমায়ার বশে, মজিয়ে নিদ্রার রসে,
সবে পড়ে গেল শব-প্রায়।
দেখে দ্বারী ভাবে মনে, ওদের ভক্তি ভগবানে,
প্রীতি নাই হায় হায় হায়। ৮২

* * *

বসুদেবের গোকুল-যাত্রাপথে প্রাকৃতিক দুর্য্যোগ

হেথায় মহাদেব-আরাধ্য দেব, কোলে লয়ে বসুদেব,
কংস-ভয়ে গমন ত্বরিতে।
দ্বারে দ্বারে সব ছিল খিল, অমনি[৩] হ'ল অ-খিল,[৩]
অখিলপতির গমনেতে। ৮৩
হ'য়ে পুরী-বহির্ভূত, দেখিছেন অদ্ভুত,
অন্ধকার ঘন পবন বয়।
কোলে আছেন ভুবনময়, যাঁর ভৃত্য ভুবনময়,
সে তত্ত্ব নাই হৃদয়ে উদয়। ৮৪

হরি করেন গমন, অনন্তের আগমন,
পাতাল হতে শ্রীকান্ত স্মরণে।
বসুদেব যান যেরূপ, কোলে ল'য়ে বিশ্বরূপ,
অপরূপ শুনহে শ্রবণে। ৮৫

"পরজ—খেমটা"

চলেন গোকুলে কাল হরিতে হরি।
বসুদেব লন দুঃখে বক্ষে করি।
ঘোর অন্ধকার ঘন[৪] ঘন বারি,
রসাতল থেকে এসে অনন্ত,
মস্তকে হলেন অনন্তছত্রধারী।
হৃদয়ে সন্দ কিরূপে যাই নন্দালয়,
নাহি হয় পথ নির্ণয়,
সকলি হরির দূত,—সঘনে হ'য়ে বিদ্যুৎ,
দেখাইছে পথ, অন্ধকার হরি।
বসু করে দরশন, চতুর্দ্দিকে বরিষণ,
কোন্ দেবতা মম সহকারী?
মোর অঙ্গে না লাগে জীবন,
তবে বুঝি জীবনের জীবন,
যমুনা-জীবন-পারে রাখিতে পারি। (অ)

যমুনায় তুফান দর্শনে বসুদেবের আক্ষেপ

লয়ে ভব-কর্ণধারে, ক্রমে যমুনার ধারে,
গিয়ে হইলেন উপনীত।
হেরে যমুনার তরঙ্গ, ব্যাঘ্রকে হেরে কুরঙ্গ,
কম্পে যেমন, সেইরূপ কম্পিত। ৮৬
খরতর বেগবান, ভয়ে হৃদি কম্পমান,
স্রোতে তৃণ শতখান, দেখিয়া নয়নে।
কল কল[৬] ধ্বনি বিচিত্র, শুনে চিত্ত হয় বি-চিত্ত[৭],
চিত্রবৎ দাঁড়িয়ে ভাবে মনে। ৮৭

পাঠান্তর: ১ ঘটে—খ। ২ অন্ত—খ। ৩-৩ খুলিল খিল—খ। ৪-৪ খাম্বাজ—কাওয়ালী—ক ৫ তাহে—খ
৬ কুল কুল—খ। ৭ বিচিত্র—খ।

এ তরঙ্গে হয়ে পার, ওপারে গিয়ে এ ব্যাপার,
রেখে এ ধন লভ্য করা ভার।
দরিদ্রের মনোবাসনা, লঙ্কায় গিয়ে আনি সোণা,
সেটা মাত্র মনের বিকার। ৮৮
বামনেতে বাঞ্ছা করে, করে ধরে শশধরে,
বিধি কি পূর্ণ করে সে বাসনা।
কামুকের কামনা মনে, ভূপতির পত্নী সনে,—
ঘটে প্রেম, সে বাতিকের ঘটনা। ৮৯
অতি ক্ষুদ্র মক্ষিকার, ভ্রমে যেমন অহঙ্কার[1]
করিতে সাধ করি-বরে নিপাত।
যারে শিব পারে না তাল ধর্‌তে, সেজে যান আরাম কর্‌তে
হাতুড়ে বদ্যি আতুরে[2] সন্নিপাত। ৯০
গণিতে গগনের তারা, বাঞ্ছা করে পাগল তারা,
ভেকের বাঞ্ছা ধর্ত্তে কালফণী।
করিতে ব্রহ্ম-নিরূপণ, যে জন করেছে পণ,
তাহাকেও পাগল-মধ্যে গণি। ৯১
মনের অগ্রে গমন, সাধ্য আছে কার এমন,
হারি মেনেছেন সমীরণ যাকে।
আমার তেমনি এ অকূল, পার হয়ে গিয়ে গোকুল,
মিথ্যা আশা, রেখে আসা বালকে। ৯২
নাই নাবিক নাই তরী, কেমনে দুর্গমে তরি,
দুর্গে! যদি রাখ মা দুস্তরে।
শোক নাই নিজ পতনে, বাঁচাই বংশ-রতনে,
কেমনে কুবংশ কংস-করে। ৯৩

---

[3]রামকেলী—আড়া[3]

কেঁদে[4] আকুল বসুদেব দেখে অকূল যমুনা।
কূলে ব'সে দুনয়নে বারি,
কোলে অকূলের কাণ্ডারী তাতো জানে না।
বসু বলে, শিশু রক্ষ গো জননি!
এমন অকূলে কুলকুণ্ডলিনী বই, কূল আর কই!
[5]হ'লো প্রতিকূল বিধি, দিয়ে লয় বা নিধি![5]
কৃপানিধি বিনে, দীনের কূল আর রৈল না।
একবার ভাবে যদি ধর্‌তাম কংসের পদে,
দৈবে দয়া যদি হতো পাষাণ হৃদে,
তা হয় না আর,
গেল একূল ওকূল দুকূল, অকূল পারে গোকুল,
কুলের তিলক রাখ্‌তে কূল পেলেম না। (ঝ)[6]

কৈলাসে হর-পার্ব্বতীর কথোপকথন

বসু বলে আমারে বিধি, এখনি দান ক'রে নিধি,
এখনি কি হলো বিধি, হরিবার তরে।
আমি যে এসেছি হেথায়, যদি, মত্ত কংস তত্ত্ব পায়,
দুর্ঘটনা ঘটাবে সত্বরে। ৯৪
নাই নিস্তার তার করে, এত বলি রোদন করে,
হেথায় কৈলাসশিখরে, হরের রমণী।
ছিলেন বামে পশুপতির, অপেক্ষা নাই অনুমতির,
যাইতে যমুনার তীর, সাজিলেন অমনি। ৯৫
বিনয়ে শুধান হর, রাত্রি প্রায় তিন প্রহর,
দুগ্ধপোষ্য বিঘ্নহর ফেলে কোথায় যাবে।
কোন্ ভক্ত করেছে স্মরণ, অথবা যাবে কর্‌তে রণ,
কালের বুকে কাল-হরণ, আবার বুঝি হবে। ৯৬
শুনে ঈষৎ হেসে বাণী, ঈশ প্রতি কন ভবানী,
শুন শুন ত্রিশূলপাণি! বলি তব পাশে।
গোকুলে গোপ-পরিবারে, হরি যান কাল হরিবারে,
আমি যাই পার করিবারে, শুনি শিব কন হেসে। ৯৭
যিনি বিশ্বমূলাধার, ভব-জলধির কর্ণধার,
সামান্য জলে উদ্ধার, তুমি তাঁরে করিবে!
আরাধিয়ে তাঁর পায়, ভুবন নিস্তার পায়,
তাঁরি পায়, পারের উপায়, মুক্তি পায় জীবে। ৯৮

* * *

পাঠান্তর: ১ অহঙ্কার—ক। ২ পাথুরে—ক, খ। ৩-৩ লুমঝিঝিট—একতালা—ক। ৪ ভয়ে—খ, ড।
৫-৫ প্রতিকূল বিধি দিয়ে হরে লয় মা নিধি—খ, ড। ৬ খ, ড গ্রন্থে গীতের স্তবকবিন্যাস অন্যরূপ।

শক্তির প্রাধান্য

দুর্গা বলেন ভগবান, বটেন সর্ব্বশক্তিমান,
শক্তিবলেই বলবান, সেই শক্তি আমি।
বিনা সাধনা শক্তির, ভবে কোন্ ব্যক্তির,
উপায় আছে মুক্তির, তাকি জান না তুমি। ৯৯

মনে বুঝে দেখ মর্ম্ম, ওহে নাথ! শক্তি ব্রহ্ম,
শক্তি হতেই সকল কর্ম্ম, ব্যক্তিগণে করে।
যেমন শক্তি যার ঘটে, শক্তিমতেই কর্ম্ম ঘটে,
তুমি সংহার কর বটে, কেবল শক্তির জোরে॥ ১০০

গমন-শক্তি দিলাম যায়, এক দিনে দশ যোজন যায়,
যে আছে বঞ্চিত তায়, তার বড় বিপত্তি।
থাকে যেখানে সেখানে পড়ে, শুয়ে অন্ন মাগে গোড়ে,
সাধ্য কি যে ন'ড়ে করে, উঠো ধানের পত্তি। ১০১

ভোজন-শক্তি পায় যে জন, এক মণ পাকি ওজন,
একেবারে করে ভোজন, তাতে বঞ্চিত যিনি।
সদা রসনা রয় বিরসে, পরের খাওয়া দেখ লে দোষে,
সদা থেন সন্দেশে, পোড়াকপালে তিনি। ১০২

খায় না ক্ষীর ক্ষীরসে ছানা, মুখ বাঁকায় দেখে বেদানা,
তিক্ত লাগে মিছরির পানা, শক্তি-কৃপাহীন যে জন হয়।
দাড়িম্ব আম কাঁঠাল আতা, নাম করলে ধরে মাথা,
কতকগুলি সজনেপাতা সিদ্ধ ক'রে খায়। ১০৩

দান-শক্তি দিলাম যারে, সদা মন তার দানের উপরে,
সর্ব্বস্ব দেয় পরে, সে শক্তি যার নাই।
লক্ষ টাকার তোড়া বেঁধে, সিদ্ধ পক খায় রেঁধে,
গুরু এলে আট দিন কেঁদে, হাটখরচ আট পাই। ১০৪

জ্ঞান-শক্তি দিলাম যারে, সেই ত সকল বুঝতে পারে,
এই কথা ব'লে হরে, তারিণী তখন।
বসুদেব যথা বসিয়ে, জলে চক্ষু যায় ভাসিয়ে,
জম্বুকীরূপে আসিয়ে, দিলেন দরশন। ১০৫

শৃগালীরূপে পার্ব্বতীর যমুনা পার

বাগেশ্রী[১]—কাওয়ালী[২]

দিতে অভয় বসুদেবে।
সেই জলে পার হন হ'য়ে শিবে, শিবের রমণী শিবে।
হৃদে গোবিন্দ লয়ে, বড় বিবন্ধে প'ড়িয়ে,
"কাতরে কত কাঁদিয়ে শেষে দেখেন ভেবে,"[৩]
আমি কাঁদি যার তরে, সে জলে জম্বুকী তরে,
নিতান্ত মোরে দুস্তরে, তারিণী তারিলেন তবে॥ (এ)

হয়ে মূর্ত্তি শৃগালিনী, পার হন শুভদায়িনী,
বসুদেব পাইলেন অভয়।
বক্ষে ক'রে নীলবরণ, জলে দিলেন চরণ,
নন্দনে রাখিতে নন্দালয়॥ ১০৬

* * *

যমুনাজলে শ্রীহরির অন্তর্দ্ধান

মধ্য-জলে গিয়ে হরি, হরিষে বিষাদ করি,
যমুনার সাধ করেন পূর্ণিত।
প্রভু পিতারে ছলিয়ে, পড়িলেন পিছলিয়ে,
বসুদেব জীবনে জীবন্মৃত[৪]। ১০৭
হারিয়ে জীবন-কৃষ্ণ জীবনে, ত্যজিয়ে জীবন-ইষ্ট জীবনে,
অন্বেষণ করেন জীবনে, দেহে জীবন শূন্য।
কিঞ্চিৎ কাল অবশেষে, নিকটে উঠিলেন ভেসে,
জীবনে জীবনধর ধন্য। ১০৮
ফণী যেমন হারিয়ে মণি, ফিরে শিরে পায় অমনি,
চিন্তামণি পেয়ে তেমি বসু।
দীননাথকে লয়ে কোলে, দিননাথ-সুতার জলে,
পার হয়ে যান নন্দালয়ে আশু। ১০৯

* * *

পাঠান্তর: ১ আড়ানা—ক, কালাংড়া—খ। ২ মধ্যমান—খ। ৩-৩ কাঁদে কাতরে আর বার ভাবিতেছে অন্তরে—খ। ৪ জীবনামৃত—গ।

নন্দালয়ে বসুদেবের যোগমায়ার রূপ-দর্শন

দেখেন, সূতিকাঘরে নন্দজায়া, প্রসবিয়ে যোগমায়া,
মৃতকায়া-তুল্য নিদ্রা যান।
নিদ্রাবস্থায় হয়ে প্রসব, নাই দুঃখ নাই উৎসব,
না জানেন হ'লো কি সন্তান। ১১০
পুত্র বদলিয়া কন্যে, ল'তে হবে সেই জন্যে,
পূর্ব্বে বড় ছিল মনঃকষ্ট।
নয়ন-মন উথলিল, পুত্রমায়া পাসরিল,
মায়ার বদন করি দৃষ্ট। ১১১

সে কেমন ?
যেমন তীর্থের শেরা কাশীধাম, কর্ম্মের শেরা নিষ্কাম,
নামের শেরা রামনাম, তারকব্রহ্ম জানি।
খাদ্যের শেরা ঘৃত ক্ষীর, দেশের শেরা গঙ্গাতীর,
বেশের শেরা শ্রীপতির, গোষ্ঠ-বেশ খানি॥
বলের শেরা যোগ বল, ফলের শেরা মোক্ষ-ফল,
জলের শেরা গঙ্গা-জল, খলের শেরা ফণী।
পুরাণের শেরা ভারত, রথের শেরা পুষ্পক রথ,
পুত্রের শেরা ভগীরথ, বংশ-চূড়ামণি।
মুনির শেরা নারদ মুনি, ফণীর শেরা অনন্ত ফণী,
নদীর শেরা মন্দাকিনী, পতিত পাবনী।
পূজার শেরা আশ্বিনে পূজা, মূর্ত্তির শেরা দশভুজা,
যুক্তির শেরা শেষ থাকে যার, সেই যুক্তি শুনি॥
চুলের শেরা চাঁচর চুল, কুলের শেরা ব্রহ্ম-কুল,
ফুলের শেরা কমলফুল, করেন কমলযোনি।
তন্ত্রের শেরা নির্ব্বাণ-তন্ত্র, মন্ত্রের শেরা হরি-মন্ত্র,
যন্ত্রের শেরা বীণাযন্ত্র, বাজান নারদ মুনি।
তিথির শেরা পূর্ণিমা তিথি, ব্রতীর শেরা যজ্ঞে ব্রতী,
স্মৃতির শেরা হরি-স্মৃতি, বিপদনাশিনী।
মেঘের রৌদ্র ধূপের শেরা, রামচন্দ্র ভূপের শেরা,
তেমনি দেখেন রূপের শেরা, হর-মনোমোহিনী॥ (ঋ)

সুরট-মল্লার—ঢিমে-তেতালা[১]

তারার, দেখ্‌লে রূপ হরের নয়ন উথলে।
ভূভার-হারিণী স্বয়ং ভূতলে।
শশী আসি নখবাসী, তরুণ অরুণ পদতলে।
হেরি যোগেন্দ্রকামিনী, স্বরূপিণী সৌদামিনী,
হতমানিনী, গগনে সঘনে চলে।
মরি কি রূপ-মাধুরী, হিমগিরি-কুমারী,
হেমগিরি মলিন দুখানলে।
নন্দ-হিতার্থে, কৃষ্ণের প্রীত্যর্থে,
জনমিল যোগমায়া আসি, যশোদানন্দিনী ছলে।
ত্রিলোচনী এলোকেশী, সুরূপসী খর্ব্বকেশী,
শশী মসী-দোষী মুখ-মণ্ডলে।
শ্রুতি নাসার তুলনা, শ্রুতি-মূলেতে মেলে না,
অতুলনা ললনা শ্রুতি বলে।
দাশরথি শুন, পাবি দরশন,
কর জ্ঞান-চক্ষুযোগ, যোগমায়ার পদ-কমলে॥ (ট)

মতান্তরে এই বাণী, যশোদার গর্ভে ভবানী,
আর গোলকনাথ জনমিল।
বৈকুণ্ঠের নাথ কোলে, বসুদেব যান যে কালে,
উভয় অঙ্গ একত্র হইল। ১১৭

* * *

বসুদেবের মথুরায় প্রত্যাগমন

যশোদার কোলে সঁপে শিশু, কন্যাটি ল'য়ে বসু,
আশু যান পূর্ব্বপথে চ'লে।
গিয়ে মথুরা নগরে, সুনিদ্রে[২] সূতিকা ঘরে,
কন্যা দেন দেবকীর কোলে। ১১৮
যোগনিদ্রা পরিহরি, জাগিল যত প্রহরী,
পুনঃ দ্বার বন্ধ প্রতিঘরে।

পাঠান্তর : ১ ভৈরবী—রূপক—খ, ঙ। ২ প্রবেশিয়ে—গ।

পতিত হইয়া ধরা, পতিতপাবনী তারা,
কেঁদে উঠেন বালিকার স্বরে। ১১৯
দেবকী হইল প্রসব, বুঝিয়ে প্রহরী সব,
দ্রুতগতি গিয়ে নিরখিয়া।
কংসে দেয় সমাচার, বলে প্রভু যে বিচার,
কর্তব্য আশু কর গিয়া। ১২০

* * *

কংস কন্যা-নাশ করিতে উদ্যত দেখিয়া দেবকীর বিনয়

শুনি কংস যেমন শমন, সত্বরে করে গমন,
কারাবদ্ধ মন্দিরে উদয়।
নয়নে দেখে প্রকৃতি, না যায় মন-বিকৃতি,
নাশিতে উদ্যত নিরদয়। ১২১
কাঁদিয়ে দেবকী বলে, ইন্দ্র কাঁপে তব বলে,
ভবে তব তুল্য কেবা বলো।
এই সাহসে মোর বলা, জন্মেছে কন্যা অবলা,
দুর্ব্বলারে বধ করায় কি ফল। ১২২
নারদের কথায় চল্‌লে, ছয় পুত্র লয় কর্‌লে,
শুন্‌লে না, মান্‌লে না বেদবিধি।
অষ্টমে জন্মিবে পুত্র, সে কথা রহিল কুত্র,
বিধি-পুত্র সদা মিথ্যাবাদী। ১২৩
যে হোক আজি হ'য়ে শিষ্ট, রাখ কিঞ্চিৎ অবশিষ্ট,
পুরাও ইষ্ট কৃপাদৃষ্টি করি।
কুমারী বধো না, রাজা! কুমারী করিলে পূজা,
সে পূজা পান গিরিরাজ-কুমারী। ১২৪

খট্ ভৈরবী[১]—মধ্যমান[২]

এ নয় তনয়, কেন রুষ্ট।
অবলা হতে কি হবে অনিষ্ট!
অভাগিনী এ ভগিনী-পানে একবার চাও হে,—
প্রাণ বাঁচাও আমার তনয়াটীর জীবন করোনা নষ্ট।
এমন যন্ত্রণা ভাই হ'য়ে দিলে,
নারদের বাক্যে কি বাদ সাধিলে,
একবারে কি দুটী নয়ন মুদিলে, বধিলে আমার তনয় ষষ্ঠ। (ঠ)

* * *

যোগমায়ার তিরোভাব

শুনে কথা দেবকীর, রাগে হইল দু-আঁখির,
বর্ণ যেন জবা কোকনদ।
আরে, পাপিনি! বলিস্ কিরে, একবারে করেছি কিরে,
যা হয় গর্ভে তাই করিব বধ। ১২৫
কন্যাতো মানবী বটে, ফেলিতে পারে সঙ্কটে,
পাপিনি! তোর ও পাপ উদরে
যদি এক ভেক জন্মে, তথাপি না বিশ্বাস জন্মে,
অস্ত্র করা আছে মোর অন্তরে। ১২৬
জঠরে জন্মিলে হংস, বিশ্বাস না করে কংস,
তখনই ধ্বংস করিব তার প্রাণী।
অথবা যদি জন্মে শিখী, আমার হাতে বাঁচিবে সে কি,
আমি শিখি তোর শিখান বাণী? ১২৭
তোর জ্বালাতে পাইনে খেতে, রেতে নিদ্রা পাইনে যেতে,
দিনে রেতে থাকি ঘড়ি পেতে নিয়ত।
ঘটাতে পারি তোর মরণ, থাকি ক'রে রাগ সম্বরণ,
নৈলে ঢাকী-সহ[৩] সহমরণ হতো। ১২৮
ব'লে কন্যা ধরিতে যায়, দেবকী যতনে তায়,
হৃদে রেখেছিল মনসাধে।
প্রাণভয়ে দিল ছাড়িয়ে, পাষাণেতে আছাড়িয়ে,
পাষাণ হইয়ে কংস বধে। ১২৯

* * *

পাঠান্তর: ১ টোড়ী ভৈরবী—খ, মিশ্রছায়ানট—ক। ২ একতালা—ক। ৩ শুদ্ধ—খ।

যোগমায়া কর্ত্তৃক কংসের বধোপায় বর্ণনা

সেই যোগে যোগমায়া, ত্যজিয়ে মানবী কায়া,
মায়া করি গগনমণ্ডলে।
হন মূর্ত্তি অষ্টভুজা, দেবদলে করিল পূজা,
বিল্বদল জবা-গঙ্গা-জলে॥ ১৩০

শশীর কাঁপিল শির, শশিধর-মহিষীর,
নিরখিয়ে শশিমুখখানি।
বর্ণনাতে হারে বর্ণ, অতসীর মন অপ্রসন্ন,
শোকে মলিন হয় সৌদামিনী॥ ১৩১

কটিতট কেশরী জিনি, রবে পিক নীরব অমনি,
বেণী দেখে ফণী গণিছে দুঃখ।
ভুবন মত্ত নাসিকায়, দুঃখ-নাশে নাসিকায়,
নাশিয়াছে শুকপক্ষি-সুখ॥ ১৩২

কত আলো রবি-করে, দিন-করে ক্ষীণ করে,
দীনতারিণীর হেন রূপ।
মৃগমদ আঁখি নষ্ট করে, বিবিধ আয়ুধ অষ্ট করে,
ঘন দৃষ্টি করে কংসভূপ॥ ১৩৩

ডাকিয়ে কহেন শিবে, তুমি যারে বিনাশিবে,
বাঞ্ছা কর—সেই তোমায় নাশিবে।
নিকটে আছে সে জন, নিকট হলে শমন,
সে তোমার নিকটে আসিবে॥ ১৩৪

বারোঁয়া—একতালা[১]

[২]ওরে কংস[২]! ধ্বংস হবি রে আশু।
তোরে নাশিতে সকুলে, ছল ক'রে গোকুলে,
জ'ন্মেছে গোপকুলে নন্দগোপশিশু।
হেন পুণ্য প্রকাশিলে, পদে বজ্র হৃদে শিলে,
দিয়ে বাঁধো দেবকী আর বসু।
জন্ম ল'য়ে নর-উদরে, কর্ম কর যেন পশু!

[৩]ওরে মূঢ় জ্ঞানাভাব, যারে বৈরিভাবে ভাব,[৩]
সেই মাধব-কথা[৪] সর্ব্বকার্য্যেষু।
দেখ্‌লি নে সতের হাট, শিখ্‌লি নে সতের পাঠ,
লিখ্‌লি নে গুরুকে চরণেষু।
ভূতলে জন্ম লয়ে কু বৈ হলি নে সু! (ভ)

* * *

নন্দ ও যশোদার পুত্রদর্শন এবং মহোৎসব

কংসের মৃত্যুর বিবরণ, ব'লে রূপ সম্বরণ,
ক'রে যান স্বস্থানে যোগমায়া।
হেথায় গোকুল নগরে, শুনিয়ে সুতিকাঘরে
চৈতন্য পাইয়া নন্দজায়া॥ ১৩৫

সুন্দর সুত প্রসব, দে'খে, ধরে না উৎসব,
মনে মনে ভাবেন নন্দপ্রিয়ে।
না জানি কোন বেদনা, কালী করালবদনা,
এসব করুণা মায়ের ক্রিয়ে॥ ১৩৬

বলে কালি! যা কর মা! অমনি নন্দমনোরমা,
নন্দে ডাকি কহিতে লাগিল।
নীল-জলধর-নিধি, খোদিত করিয়া বিধি,
নির্ম্মাইয়া মোরে দিয়ে গেল॥ ১৩৭

পুলকে অঙ্গ মোহিতে, বলে, আমি এ মহীতে,
এত দিনে হলাম ভাগ্যবতী।
নীল-কমলে, হৃদ্‌কমলে, লইয়ে বদন-কমলে,
শত শত চুম্ব দেন সতী॥ ১৩৮

নন্দ এসে নীলমণি, কোলে তুলে নিল অমনি,
সুরমণির পদ তুচ্ছ গণে।
আনন্দে বিলায় ধন, শত শত গোধন,
বলে, ধন সার্থক এতদিনে॥ ১৩৯

পাঠান্তর: ১ ঊর্বরো—কাওয়ালী—ক। ২-২ ওরে দুরাচার কংস—খ। ৩-৩ ওরে মূঢ় জ্ঞান ভাব যারে, বৈরীভাব ভাব তারে—খ।
৪ শ্রীমাধব—ক।

এ নৈলে ধন কি নিমিত্তে, রাজা নাম কিনি মিথ্যে,
এত দিনে রাজা হলাম গোকুলে।
গোকুলবাসীরা সব, ঐ কথারি উৎসব,
সব কর্ম্ম সবে গিয়াছে ভুলে। ১৪০

* * *

দেবগণের গোকুলে আগমন

গোকুলে হরি-দরশনে, ব্রহ্মা যান হংসাসনে,
বৃষাসনে ঈশানী সনে হর।
অগ্নি যান অজাসনে, সহ ভার্য্যা গজাসনে,
যান নন্দপুরে পুরন্দর॥ ১৪১
হেরিতে গোকুলচন্দ্র, সাতাইশ ভার্য্যাকে চন্দ্র,
সজ্জা হেতু দেন অনুমতি।
পুষ্যা আদি রেবতী, অষ্টাদশ গুণবতী,
ভার্য্যার আনন্দমতি অতি॥ ১৪২
চিত্রা সুখে চিত্তমাঝে, ব্যস্ত হয়ে হস্তা সাজে,
শ্রবণার আনন্দময় শ্রবণে।
ভরণী আদি ঘরণী নয়, ইহাদের প্রবৃত্তি নয়,
শুভদিন যার—তার বাড়ী গমনে॥ ১৪৩
যে দিন লোকের সর্ব্বনাশ, ক'রে বেশ-বিন্যাস,
ভরণী মঘার সেই বাড়ীতে বাসা।
পুষ্যা এসে হেসে হেসে, নিকটে বসি ঘেঁষে ঘেঁষে,
ব্যঙ্গ-ছলে কহিতেছে ভাষা॥ ১৪৪
ওলো দিদি ভরণি! কাজ কি গিয়ে ধরণী,
হরি দেখে সুখী হবে না তুমি।
ঝোলা কিম্বা ওলাউঠো, সেই বাড়ীতে গিয়া যুটো,
সঙ্গে লয়ে যষ্ঠী আর নবমী॥ ১৪৫
রোগীকে ফেলে কফাধিক্যে, নাড়ী বসায়ে তুলে হিক্কে,
চালিয়ে দিকে, তবে এস এ বাটী।
অথবা যথায় সন্নিপাত, সেই রোগীটী কর গে হাত,
শাক্ত হয়তো গঙ্গা দিও, বৈরাগীকে হুন-মাটী॥ ১৪৬

ওলো দিদি কৃত্তিকে! তোমার মতন কীর্ত্তি কে,
বিপদকালে কর্‌তে পারে আর!
কফ আর পিত্তিকে, আশ্রয় করে মৃত্যুকে[১],
ভিটেয় তার ঘুঘু চরাতে পার॥ ১৪৭
মঘা তুমি মঘের মত, মানুষ খেতে শিখেছ ত,
ঘরে কিম্বা যাত্রাকালে, পেলে ছেড়ো না কো সেটা খেও।
ওগো দিদি উত্তরাষাঢ়া! শুভদিনে দিওনা সাড়া,
বিপদের পাড়া পড়িলেই তুমি যেও॥ ১৪৮
ওলো উত্তরভাদ্রপদ! তারিয় বাড়ী বাড়াবি পদ,
যে জন বিপদে পড়ে কাঁদে।
ব্যঙ্গ শুনে লজ্জায়, চাঁদের জায়া সকলে যায়,
চাঁদের সঙ্গে দেখ্‌তে গোকুল-চাঁদে॥ ১৪৯
ভূলোকে গোলোকের ধন, পুলকেতে দরশন,
কর্‌তে যায় ত্রিলোকের সবাই।
শ্রীমুখ হেরি গোবিন্দের, ধরে না সুখ শ্রীনন্দের,
আনন্দের আর পরিসীমা নাই॥ ১৫০

---

[২]ভাটিয়ারি—রূপক[২]

নিত্য গোপাল হেরে, নেত্রে বারি ঝরে,
প্রেমে নৃত্য করে, গোকুলবাসিগণ।
কি আনন্দ নন্দ, পেয়ে নিত্যানন্দ,
হয় না নন্দের চিত্তে, নৃত্য-নিবারণ।
মুনিগণ আসিয়ে হেরি কমল-নেত্র,
কহিছেন, নন্দ! তোমার এই যে পুত্র,
হৃদয়ে ত্রিনেত্র, মুদিয়ে ত্রিনেত্র, "এই ধন হে"[৩]!
তিনি জ্ঞান-নেত্রে করেন নিত্য-দরশন॥
সঙ্গে লয়ে চন্দ্রমুখী ভার্য্যাগণ,
চন্দ্র যান গোকুলচন্দ্র-দরশন,
হেরে চন্দ্রানন, চন্দ্রের চান্দ্রায়ণ, অমনি হয় গো,
গোকুলচন্দ্রের নখচন্দ্রে চন্দ্র লয় শরণ[৪]! (চ)

পাঠান্তর: ১ মৃত্তিকে—খ। ২-২ বিভাস—একতালা—ক। ৩-৩ তাবে এই ধন হে—খ, ড। ৪ স্মরণ—খ, ড।

জটিলার মুখে কৃষ্ণ-রূপের ব্যাখ্যা

গোকুলের কুলরমণী, আনন্দে চলে অমনি,
নন্দরাণীর নীলমণিকে দেখ্‌তে।
হেরিতে নন্দতনয়, জটিলের আনন্দ নয়,
যায় প্রেম মৌখিকেতে রাখ্‌তে ॥ ১৫১

রোগী যেন রোগের দায়, নয়ন মুদে নিম্ব খায়,
সেই রূপে সূতিকা-ঘরে গেল।
পরের সুখে জলে গাত্র, যুড়ায়নাকো খল মাত্র,
পুত্রমাত্র[১] দেখে পলাইল ॥ ১৫২

হেথায় গর্গমুনি-সীমন্তিনী, পতিমুখে শুনেছেন তিনি,
যশোদা প্রসব হইলেন জগৎপতি।
প্রেমে হ'য়ে পুলকিতে, ঘন-বরণ ভাবি চিতে,
দেখিতে আনন্দে যান সতী ॥ ১৫৩

পথে দেখে জটিলাকে, সুধান অতি পুলকে,
যশোদার ছেলেকে দেখে এলে।
অপরূপ শুনেছি রাষ্ট্র, জটিলে বলে, পোড়াকাষ্ঠ,
জানি কৃষ্ণবর্ণ বটে ছেলে ॥ ১৫৪

এই গোকুলের অভাগীরে, জয়কেতে যত মাগীরে,
সেই ছেলের রূপ বলিছে চমৎকার।
ধরিনে সেটা ছেলে ব'লে, কিন্তু সেটা মেয়ে হ'লে,
কেউ ছুঁ'ত না, বিকান হ'তো ভার ॥ ১৫৫

যা হোক্ হয়েছে বংশরক্ষা, নাই মামা তা অপেক্ষা,
লোকে বলে কানা মামাটা ভাল।
নাই মৎস্য দুগ্ধ দধি, সিদ্ধপক হ'ল যদি,
তবু তো ভাল উপবাসটা গেল ॥ ১৫৬

বস্ত্রাভাবে কটিতটে, যদি কারু কপ্‌নি ঘটে,
উলঙ্গ হতে তো ভাল দৃষ্ট।
যদি গেলাস ঘটি না যোগায়, ভাঁড়ে যদি জল খায়,
ঘাটে খাওয়া অপেক্ষা ত শ্রেষ্ঠ ॥ ১৫৭

চক্ষে দৃষ্টি ছিল না যার, ঝাপ্‌সা নজর হ'ল তার,
অন্ধ হতে ভাল ত শতগুণে।
সেইরূপ নন্দের হ'ল, সম্প্রতি মন্দের ভাল,
সোজা বলিব,—রাজা ব'লে বুঝি নে ॥ ১৫৮

* * *

জটিলার কথায় গর্গপত্নীর আক্ষেপ

কথা শুনে ব্রাহ্মণীর, দুঃখে দুটী চক্ষে নীর,
বলে, জটিলে! তুই বড় পাপিনী!
গিয়েছিলি অভক্তি করি, আঁখিতে দেখিতে হরি,
পাস নাই তুই ভাবেতে আমি জানি ॥ ১৫৯
শুনেছি কথা মিথ্যা তা কি, যে পুরুষ অতি পাতকী,
যে রমণী ব্যভিচারিণী হয়।
সাধ ক'রে ঘর তেয়াগিয়ে, জগন্নাথ দেখ্‌তে গিয়ে,
শ্রীমন্দির দেখে শূন্যময় ॥ ১৬০
তবু ক্ষান্ত না হয় মন, ভাবে পথে গিয়ে রথে বামন,
আলোতে গিয়ে দেখিব ভাল করে।
হরি দেখিতে নারেন যায়, সে কি হরি দেখ্‌তে পায়,
ও জটিলে! তাই ঘটেছে তোরে ॥ ১৬১
গিয়েছিলি[২] কালামুখে, কালের ধনকে এলি কালো দেখে,
"তাকে কেবল"[৩] সেই কাল দেখে।
আঁখিতে মাখিয়ে জ্ঞানাঞ্জন, কেউ দেখে কাল-বরণ,
কেউ দেখে কাল-নিবারণ,
যে যেমন যার ক্রিয়া যেমন, সেই তেমন দেখে ॥ ১৬২

সিন্ধু-মল্লার—তেওট[৪]

সে কি কালো দেখে এলি কাল যা'য়!
কালের কাল যায়, সে কাল-পূজায়,
সেই কালো-দরশনে, জীবের কাল-দরশন যায়।
আমি ভাল জেনে তোরে ভালবাসি লো অন্তরে,
ভাল শুনিবার তরে সে তো ভাল নয়!

পাঠান্তর: ১ পুত্রমুখ—ক। ২ যার করেছ—খ। ৩-৩ তাকে কি বল—খ। ৪ কাওয়ালী—ক।

আজ, ভাল জানা গেল, তোর ভাল নয় লো ভাল,
ভাল হলে হতো ভালে ভালোদয়।
কাল ভালরূপ[১] জেনে ভালরূপ,
শশিভাল যাঁকে ভালবাসে,
তোর ভাল লাগে না তায়!
ও জটিলে একি বটে, থেকে জলধি-নিকটে,
জলাভাবে যাবে জীবন পিপাসায়!
[২]দাশরথি! কেন জল, গুণজলধির জল,
যত দূরে মিলে গিয়ে, ঢাল কায়।
ও-পায় মিল রে,—জনমিল রে—
জল-রূপিণী জাহ্নবী ঐ জলদ-বরণ-পায়।[২] (প)

জন্মাষ্টমীর পালা সমাপ্ত।[৩]

৩। নন্দোৎসব

পুত্র হইল না বলিয়া যশোমতীর খেদ

গোকুলেতে রাজা নন্দ, দিবানিশি সদানন্দ,
ধনে মানে সকলের পূজ্য।
কাতর ভার্য্যা যশোমতী, যশে পরিপূর্ণ ক্ষিতি,
মনের দুঃখেতে অতি, অন্তরে অধৈর্য্য। ১

মৌন ভাবে আছেন রাণী, বদনে না নিঃসরে[৪] বাণী,
ছল ছল করে দুটি আঁখি।
বলে নাইকো আমার পুণ্যযোগ, হলো না[৫] ঐশ্বর্য্য-ভোগ,
যাওয়া-আসা কর্ম্মভোগ, সকলি হলো ফাঁকি। ২

কর্ম্মভূমে জন্ম নিলাম, কোন সুখী না হইলাম,
কোন পুণ্য না করিলাম ভবে।
সব মিছে মায়া অন্ধকার, গস্তির[৬] দিন কদিন আর,
কদিন[৭] গৌরবে দেহে রবে। ৩

অহিক আর পারত্রিক, [৮]তাতে আমি[৮] পাথিক,
ধিক্ ধিক্ শতধিক্ আমারে।
জনমে হলো না সুখ, বিদীর্ণ হইল বুক,
এ দুখ জানাব আর কারে। ৪

কপালে আগুন বিধাতার, দেখা যদি পাই তার,
গোটাকত কথা তারে বলি।
এম্‌নি কি সব লেখার ধ্যান, প্রতিকূল যারে ভগবান,
সর্ব্বস্ব দিয়ে দান, পাতালে গেল বলি। ৫

শ্রীরামচন্দ্র বিধির বিধি, তাঁর কি বনবাসের বিধি,
মনের দুঃখানল বর্ণিব কত।
স্বয়ং লক্ষ্মী মা জানকী, রাবণ হরে সম্ভবে কি,
শুকপক্ষী ব্যাধের হস্তে হত। ৬

কুবের যার ভাণ্ডারী, তার লিখেছে[৯] শ্মশানে বাড়ী,
মরি মরি! কিবা লেখার ধারা।
কি বলিব আর চতুর্ম্মুখে, চন্দ্র সূর্য্য রাহুর মুখে,
কেউ সুখভোগ করে সুখে, কেউ বা বাসিমড়া। ৭

এমন লেখা দেখি নাই কুত্র, রাজার ঘরে নাই পুত্র,
হাড়িশুঁড়ির ঘরে ছেলে ধরে না।
বিধির বুদ্ধি থাক্‌লে পরে, তবে কি নির্ব্বংশ করে,
জগতের লোক সকলি মরে, বিধি কেন মরে না। ৮

পাঠান্তর: ১ কালরূপ—খ। ২-২ এই অংশ খ গ্রন্থে নাই। ৩ ক গ্রন্থে জটিলার অংশটি পূর্বে বিস্তৃত আছে ও দেবগণের গোকুলে আগমন ও নিত্যগোপাল ইত্যাদি গীত দিয়া পালা শেষ হইয়াছে।
৪ সরে—ক। ৫ হলে বা—খ। ৬ গতির—ক, খ। ৭ ভাব যদি—ক। ৮-৮ তাতেও কি—ক, খ। ৯ হয়—ক।

কখন যদি ভগবান, দুঃখিনীরে মুখ তুলে চান,
তবেইতো রাখ্‌ব দেহে প্রাণ।
নৈলে প্রবেশিব বনে, জীবন দিব জীবনে,
এইরূপ মনে মনে, করে অনুমান ॥ ৯

জানি তিনি করুণার সিন্ধু, জগতের নাথ জগবন্ধু,
ভবসিন্ধু-পারের কর্ত্তা জানি।
পড়েছি ভবঘোর চক্রে, হ'ল না সাধন ষট্‌চক্রে,
সকল চক্রের চক্রী চক্রপাণি ॥ ১০

খটভৈরবী—একতালা

যদি রাখেন মান, আমার ভগবান,
সেই পঞ্চাননের দুরারাধ্য।
বল কে জানে তাঁহারে, [১]বিশ্ববিভু কয় যাঁরে[১],
কালে করেন লয়, তিনি পরম-পুরুষ পরমারাধ্য।
যাঁর কৃপাবলোকনে সৃষ্টি এ ব্রহ্মাণ্ড,
লোমকূপে যাঁর অনন্ত ব্রহ্মাণ্ড,
করাঙ্গুলে ধরাধর সপ্ত খণ্ড,
কে জানে সে কাণ্ড কার বা সাধ্য ॥
কালবলে[২] কালে না বলিলাম হরি,
চরমকালে কালের হস্তে কিসে তরি,
এ কাল-রোগের উপায় শ্রীহরি,
হরি বিনে নাই আর নিদানের বৈদ্য ॥ (ক)

রাণীকে দেখে নিরানন্দ, জিজ্ঞাসা করেন নন্দ,
বল তোমার কিসের অভাব।
তোমারি ঘর তোমারি বাড়ী, কেন হে যুগল নয়নে বারি,
তারতো কিছু বুঝ্‌তে নারি ; নারীজেতের[৩]
স্বভাব ॥ ১১

কথায় কথায় বদন ভার, এমন ভাব দেখিনে আর,
বুঝা ভার যায়না বোঝা ভারে।
বুঝিতে নারি নারীর চক্র, হারি মেনেছেন যাতে শক্র,
বক্র হলে নক্র হন একেবারে ॥ ১২

দেখে লাগে দেকদারি, বুকে বসে উপাড়ে দাড়ি,
বাড়ী এলে সময়ে পাইনে খেতে।
কি বলিব আর নারীর কাণ্ড, খুঁজে মিলেনা ব্রহ্মাণ্ড,
বল্‌লে হন উদ্দণ্ড, বাপের বাড়ী যেতে ॥ ১৩

শুনি কহেন নন্দরাণী, জানি হে নন্দ ! তোমায় জানি,
মন্দ কথায় কে পারিবে জিন্‌তে।
ঘু-কাটুনি চিরকাল, গরু চরায়ে কাটালে কাল,
করলে নাকো পরকালের চিন্‌তে ॥ ১৪

কেবল ঘঁাটিলে গোবর উড়ালে ছাই, ধর্ম্মকর্ম্ম কিছুই নাই,
প্রাতে উঠে কেবল খাবার চেষ্টা।
দেখ্‌তে পাইনে স্বব্যাভার, হাতে নড়ী কান্ধে ভার,
ভাবনা কি হবে আমার শেষটা ॥ ১৫

মাথায় পাগড়ী কোঁছড়ে মুড়ি, কাপড়ে গাঁটি চৌদ্দবুড়ি,
তা নৈলে গহনা শোভা পায় না।
মানো না টিক্‌টিকি বাধা, গায়ে গেলাপ পায়ে বাধা,
জেতের স্বভাব নবাব হলেও যায় না ॥ ১৬

বিশেষ কৃপণের ধন, বিধির তাতে বিড়ম্বন,
কখন সুখে পায় না খেতে মাগ্‌তে।
জন্মের মতন রক্ষা করে, পরেতে ভোগ করে পরে,
কৃপণ কেবল ভালবাসে ধন আগুলে থাকুতে ॥ ১৭

কখন নাই বিতরণ, মধুমক্ষিকার মধু যেমন,
করেনাকো ভক্ষণ, পরে তাহা অপরেতে লয়।
কৃপণ মক্ষি সমান দশা, যেমন বাবুই ভেজে থাকৃতে বাসা
কপালের ভোগ তাকে বলিতে হয় ॥ ১৮

অতিথি পুরুত কুটুম গেলে, গুষ্টিশুদ্ধ মরে জলে,
জানৃতে পারলে প্রায় দেন না দেখা।
গুরু গেলে হয় ত্যক্ত, একটী পয়সা গায়ের রক্ত,
খরচ হ'লে সাতবার করে লেখা ॥ ১৯

পাঠান্তর : ১-১ বিভু কয় যাঁহারে—ক। ২ কালবশে—ক। ৩ সকল কর্ম্মে তাড়াতাড়ি—ক, খ।

করে না কোন নিত্যকৃত্য, পরের খেয়ে বেড়ায় নিত্য,
কেবল বিপত্ত[১] উদরের তরে।
তবে সম্বন্ধী এলে পর, মৌখিকে করে আদর,
না কর্‌লে গিন্নি যে রাগ করে। ২০

অতএব স্ত্রীবশীভূত সকলে।

---

[২]পিলু খাম্বাজ—পোস্তা[২]

অসার সংসার-মধ্যে সার কেবল সংসারের ভাই।
এমন সম্বন্ধ মিষ্টি বিধাতার সৃষ্টিতে নাই।
ভাই বন্ধু পিতা মাতা, মানে না কেউ তাদের কথা,
মেগের কথায় শিক্ষাদাতা, সকলেরি দেখ্‌তে পাই। (খ)

শুনি নন্দ কয় রাণীরে, কেন মন্দ কও আমারে,
স্বামীকে কটু সংসারে, কেউ কয় না।
শুনেছি আমি মুনিবচন, স্বামীর প্রতি থাকিলে মন,
ব্রত তীর্থ পর্য্যটন, কিছু কর্‌তে হয় না। ২১

যে নারী হয় পতিব্রতা, পতিকে ভাবে দেবতা,
পুরাণের কথা এই তো জানি।
আর এক কথা শুন হে ধনি! শিব-নিন্দা শ্রবণে শুনি,
যোগেতে ত্যজিলেন প্রাণ, যোগেন্দ্র-কামিনী। ২২

নন্দের শুনিয়ে বাণী, ক্রুদ্ধ হয়ে কহে রাণী,
শিবভার্য্যা সুরধুনীর ধ্বনি শুন্‌তে পাই।
স্বামীর মস্তকে বাস, করেন তিনি বার মাস,
তাঁর বেলায় দোষ বুঝি নাই। ২৩

দেবতাদের সব দেখ কাণ্ড, যিনি প্রসবিলা ব্রহ্মাণ্ড,
নাম তাঁর ব্রহ্মাণ্ড-ভাণ্ডোদরী।
ব্রহ্মময়ী শ্যামা মা, শিবের বুকে দিয়ে পা,
দাঁড়িয়ে আছেন হয়ে দিগম্বরী। ২৪

ব্রহ্মা ইন্দ্র হর হরি, তাঁদের মস্তকোপরি,
বিরাজেন রাজরাজেশ্বরী, তাতে হলো না দূষ্য।
দেখে শুনে গেলে বুড়িয়ে, বল্‌লে উঠ চক্ষু ঘুরিয়ে,
উচিত বলিব কর করিবে উষ্ম। ২৫
নন্দ বলে যশোমতী, আমার কথায় দেহ মতি,
শিবের মাথায় ভাগীরথী, বাস করেছেন বল্‌লে।
ত্রৈলোক্য-তারিণী তিনি, স্বর্গে নাম মন্দাকিনী,
তাঁকে তুমি জল[৩] জ্ঞান কর্‌লে। ২৬
কুশাগ্রেতে লাগিলে গায়, স্বকায়[৪] বৈকুণ্ঠে যায়,
স্নানের ফল কে বলিতে পারে।
রাজেশ্বরী জগদ্ধাত্রী, বিশ্বমাতা বিশ্বকর্ত্রী,
তিনি সার এ ভব-সংসারে। ২৭
শিবের বুকে দিয়ে পা, দাঁড়িয়ে আছেন শ্যামা মা,
সে পা-কে কি পা ভেবেছ রাণী?
শিব রেখেছেন যত্ন করি, হৃৎপদ্মাসনোপরি,
ভব-পারের তরী বলেন শূলপাণি। ২৮

অতএব কালী পাদপদ্ম ভজিলে কি হয়,
তাহা শ্রবণ কর।

খাম্বাজ[৫]—পোস্তা

যে ভাবে তারা-পদ, ঘটে কি তার আপদ,
সে পদ ব্রহ্মপদ, মুক্তিপদ-প্রদায়িনী।
কি আর করিবে কালে, মহাকাল যাঁর পদতলে,
ডাকিলে জয় কালী ব'লে, কাল ভয়ে পলায় অমনি।
মায়ের মায়া অনন্ত, অনন্ত না পায় অন্ত,
কালহরা কালীমন্ত্র তারিণী ত্রিগুণ-ধারিণী।
মা আমার দক্ষিণে কালী, কখন বা হন করালী,
কখন হন বনমালী, কভু রাধা মন্দাকিনী। (গ)

যশোমতীর শুনি কথা, নন্দ করে হেঁট মাথা,
বলে মিছে দ্বন্দ্বে প্রয়োজন নাই।

১ বিপত্তি—ক। ২-২ সুরট—বং—খ, চ। ৩ বশ—খ। ৪ সকায়—ক। ৫ ঝিঁঝিট—খ, চ, ড।

কিসের জন্যে ভাব দুঃখ, হয়ে থাক অধোমুখ,
বল দেখি শুনতে আমি চাই ॥ ২৯
শুনি রাণী মধুর স্বরে, উত্তর প্রদান করে,
উত্তরকালে পুত্র বিনে কি হইবে গতি।
ঘুচিল না হে বন্ধ্যা নাম, একটী কন্যা হলেও সুখী হতাম
মনের কথা কহিলাম, উপায় কিছু কর হে সম্প্রতি ॥ ৩০
নাই যার পুত্রধন, ভবন তাহার বন,
রাজ্যধন কি ধনমধ্যে গণি।
শুনেছি স্মৃতি-দর্শনে, পুত্রমুখ-দরশনে,
নরকে নিস্তার হয় প্রাণী ॥ ৩১
যদি ইন্দ্রতুল্য ধনী হয়, দ্বারে হয় হস্তী হয়,
পুত্র বিনে শোভা নাহি হয়।
সম্পূর্ণ গ্রহ যার, পুত্র নাইক বংশে তার,
দিবানিশি অন্ধকারময় ॥ ৩২
শুনি কহে নন্দরায়, উপায় থাক্‌তে নিরুপায়,
মিছে তুমি ভাব কিসের জন্য।
দেবঋষি নারদ শুক, তাঁদের কি হয়েছে দুখ,
দারা পুত্র রাজ্যসুখ, করেন নাইতো গণ্য ॥ ৩৩
ভাই বন্ধু সুত দারা, মিথ্যা বলিয়াছেন তাঁরা,
চক্ষু মুদিলে কেহ কারু নয়।
বিধি করিয়াছেন বিধি, সম্বন্ধ জীবনাবধি,
কেবল মাত্র পথ-পরিচয় ॥ ৩৪
মলে সঙ্গে যাবে না কেহ, পড়ে থাক্‌বে আপনার দেহ,
মিথ্যে স্নেহ আমার আমার করা।
যখন হবে দেহ পঞ্চত্ব, তখন কে করিবে তত্ত্ব,
বপু হ'তে সব রিপু হবে ছাড়া ॥ ৩৫
পাপ কিম্বা পুণ্যযোগ, যার থাকে হয় তারি ভোগ,
কর্ম্মসূত্র ভোগাভোগ, অন্যে কেউ ভোগে না।
আপন আপন কর্ম্মফল, ভোগ করে জীব সকল,
দেখে শুনে তবু কেউ বুঝে না ॥ ৩৬
এখন হরিপদ স্মরণ কর, অসার ভেবে কাল কেন হর,
যখন কাল হরিবে জীবন।
তখন কেউ হবে না বন্ধু, বিনে সেই দীনবন্ধু,
ভবসিন্ধু করিতে তারণ ॥ ৩৭
হরিপদ-তরণী বিনে, তরিবার তরী আর দেখিনে,
নিরুপায়ে উপায় শ্রীহরি।
সে পাদপদ্ম না ভজিয়ে, নাই কিছু লাভ জীয়ে,
দেখ না মনে বুঝিয়ে, যশোমতী সুন্দরী ॥ ৩৮
শুন বলি হে সুমন্ত্রণা, এড়াবে যম-যন্ত্রণা,
হবে না আর জনম গ্রহণ।
কর সাধু-সেবা সাধু-সঙ্গ, মায়া-নিদ্রা হবে ভঙ্গ,
স্বপ্নবৎ জানিবে তখন ॥ ৩৯
কর হরিপদে মন সমর্পণ, জগতে নাই আর এমন ধন,
যোগীর আরাধ্য ধন মিলিবে।
কেন বাসনা কর স্বর্গ, স্বর্গ কেবল উপসর্গ,
হরি বল চতুর্ব্বর্গ ফলিবে ॥ ৪০

আলেয়া—কাওয়ালী।

রাণি! সাদরে সাধ হে হরির অভয় পায়।
নিরুপায়ে পায় উপায়।
এ দেহ হইলে অন্ত, কি করিবে আসি কৃতান্ত,
নিতান্ত এড়াবে[১] কালাকালের দায়।
আর ভবার্ণবে না চাও যদি আসিতে,
তবে অজ্ঞান-তিমির নাশ কর জ্ঞান-শশীতে,
কাট রে কুমতি, কর্ম্ম-অসিতে,
আছে কাম-ক্রোধ-দম্ভ-আদি, বিবেকে না হয় বিবাদী,
কর আগে তারা যাতে ক্ষান্ত পায় ॥ (ঘ)

* * *

পুত্রের জন্য যজ্ঞানুষ্ঠান

নন্দের শুনি ভারতী, কহিতেছে যশোমতী,
বলে সব[২] মিথ্যা কিছু নয়[২]।

পাঠান্তর : ১ ভাবহে—ক ; এড়াবে—খ। ২-২ মিথ্যা কিছু কিছু নয়—ক।

চারি চাল বেন্ধে কর্‌লে ঘর, তার বিধি স্বতন্তর,
গৃহধর্ম্মে সকলি কর্‌তে হয়। ৪১

গৃহাশ্রমের শুভ ফল, অতিথে দিলে অন্নজল,
অনন্ত সে ফলের পান্ না অন্ত।
সেবিলে গুরু পিতা মাতা, বেদেতে লিখেন ধাতা,
তার তুল্য নাই পুণ্যবস্তু। ৪২

কর্ম্মভূমে লয়ে জন্ম, কর্‌তে হয় সকল কর্ম্ম,
নিষ্কাম কর্ম্ম সকল কর্ম্মের সার।
প্রধান ধর্ম্ম কর্ম্মযোগ, জন্মান্তরের কর্ম্মভোগ,
ভুগিতে আসিতে হয় বার বার। ৪৩

কর্ম্মসূত্রে হয় পুত্র, পুত্রের তুলনা মৈত্র,
ভেবে দেখ হে কেহ নাহি আর।
পুত্র পরকালের গতি, ভগীরথ আনি ভাগীরথী,
সগর-বংশ করিল উদ্ধার। ৪৪

দেখ পুত্র বিনে হ'লো না স্বর্গ, ঘটিল কত উপসর্গ,
যযাতির তো বহু পুণ্য ছিল।
পুত্র প্রধান পিতৃকার্য্যে, পুত্রার্থে ক্রিয়তে ভার্য্যে,
বেদে ব্রহ্মা আপনি লিখিল। ৪৫

কর হে নন্দ যাগযজ্ঞ, দ্বিজ একটী আন বিজ্ঞ,
কর তুমি যথাযোগ্য, যজ্ঞেশ্বরের পূজা।
হবে বহু বিঘ্ননাশ, পূরাবেন আশ শ্রীনিবাস,
নৈরাশ হবে না মহারাজা। ৪৬

তোমা ভিন্ন এ গোকুলে, কে আছে আর গো কুলে,
অকূল ভাবিছ কিসের জন্য।
কোন দ্রব্যের নাই অভাব, কারু সঙ্গে নাই অ-ভাব
তুমি সকলের মান্যগণ্য[১]। ৪৭

বিশেষ রাজার ধর্ম্ম, রাজসিক যত কর্ম্ম,
করিতে হয় বিধি-অনুসারে।
শুভকর্ম্মে বিঘ্ন নানা, তোমার তো নাই সে সব জানা,
বল্‌লে পরে কর মানা, কেবল বারে বারে। ৪৮

শুনি বলে নন্দঘোষ, সকল পক্ষে আমারি দোষ,
বল্‌লে পরে কর রোষ, হাঁকডাক হাতনাড়া নাকনাড়া।
কথায় চোটে পাষাণ ফাটে, যেন ভোঁতা কুড়ুলে চুটিয়ে কাটে,
গৃহিণীরে সব গ্রহণীরোগের বাড়া। ৪৯

কর তোমার যা মনে লয়, তোমার কথা কে করে লয়,
ব্রত করিতে এত কেন বিব্রত।
আমি তোমায় বলেছি আগে, যথাবিধি যাগে যা লাগে,
বসন ভূষণ ঘৃত পঞ্চামৃত। ৫০

করো না মিছে জ্বালাতন, পূজিতে তোমায় নারায়ণ,
নিবারণ করিতো নাই আমি।
যদি পূজিলে যায় বড় দায়, পূজ গিয়ে বরদায়,
পুত্রের বর মেগে লওগে তুমি। ৫১

তুমি কর্‌লেই আমারি করা, এই দেখ সব আঙ্গুলে কড়া,
আচমন কর্‌তে জল থাকে না হাতে।
গোটে গিয়ে চরাই গাই, আহ্নিক পূজা কখন নাই,
একবার এসে খাই জলে-ভাতে। ৫২

মিছে কেন দুঃখ দাও, শত্রু আর কেন হাসাও,
গোল করে ঘোল ঢেল না মস্তকে।
উগ্র করা দুগ্ধ বড়, ক্ষান্ত হও রক্ষা কর,
এই মিনতি যশোমতী তোমাকে। ৫৩

ধরি তোমার দুটি করে, যা বল্‌তে হয় তা বল ঘরে,
পরে জান্‌তে পার্‌লে পরে, লজ্জা পেতে হয়।
আছে এমন পূর্ব্বাপর, সকল ঘরে কথান্তর,
তাতে কেউ নাহি হয় পর,
রাগ করাটা তোমার উচিত নয়। ৫৪

ঝিঁঝিট—ঠেকা

সকল ঘরে আছে কথান্তর।
যার লেগে পরাণ কাঁদে সে কখন হয় না পর।
নিত্যি কীর্ত্তি নিত্যি ল্যাটা, গৃহধর্ম্মের ধর্ম্ম সেটা,
ভাল মন্দ হয় কথাটা, তা বল্‌লে কি চলে ঘর।

পাঠান্তর: ১ মধ্যে গণ্য—ক, খ।

যে ঘরে হয় বৌ প্রবলা, যায় না বলা তায় অবলা,
সেই ঘরে যন্ত্রণা জ্বালা, হয়ে বসে স্বতন্তর। (৬)

রাণী বলে হে নন্দঘোষ, সকলি আমার দোষ,
তোমার দোষ না থাকিলেই ভাল।
জানি যত গুণাগুণ, পড়া-শুনাতে যত নিপুণ,
বকিয়ে কেন কর খুন,
মিছে কেন আর নির্ব্বাণ আগুন জ্বাল। ৫৫
আমাকে বল্লে সভাতে যেতে,
জাতি যে যাবে যেতে না যেতে,
শুনলে ঠেলে রাখিবে জেতে, তখন কেমন হবে।
কিসের নিমিত্তে নাথ, ব'লে উঠিলে অকস্মাৎ,
মুখ থাকৃতে নাকে ভাত, খাওয়া কি সম্ভবে। ৫৬
হবে যজ্ঞেশ্বরের যজ্ঞ, সে যজ্ঞে কি আমি যোগ্য,
এমন কথা কেমন ক'রে বল্লে।
তবে শুনেছি কোন শাস্ত্রে কয়, অধিক ফলাধিক্য হয়,
সস্ত্রীক হয়ে দৈবকর্ম্ম করলে। ৫৭

* * *

নন্দের যজ্ঞ

নন্দ হলো সম্মত, যজ্ঞের সামগ্রী যত,
আয়োজন করে সর্ব্বজনে।
নন্দের করিতে হিত, অগ্রে এলেন পুরোহিত,
রীতিনীতি দেখে ভাবেন মনে। ৫৮
বরণের বেটা বড় ঘোড়, চৌদ্দ পাই[১] হদ্দ জোর,
কোচা করতে কুলায় নাকো কাছা।
কি দিব আর পরিচয়, ভেঙ্গে বলা উচিত নয়,
তারি উপযুক্ত থাদি কাচা। ৫৯
ঘড়া গাড়ু সব বালুক, জল থাকে না মাঝে ভুলুক,
থাল রেকাবি ফুঁ দিলে যায় উড়ে।
পুরোহিত দেখে হন রুষ্ট, কপালের উপর তোলেন চক্ষু,
দেখে মরেন মাথামুণ্ড খুঁড়ে। ৬০

যজ্ঞদান সামগ্রী যত, পুরোহিত করেন হস্তগত,
বলেন লেহ মত, পাব ইহার সিকি।
আমি হোতা আমি ব্রহ্মা, সকলে আমি কৃতকর্ম্মা,
নাম আমার মাণিক শর্ম্মা,
আমি কারু শিখান কথা কি শিখি। ৬১
আছেন বড় বড় অধ্যাপক, ধর্ম্মশাস্ত্রে অতিব্যাপক,
তর্কালঙ্কার প্রভৃতি ক'রে যত।
তর্কবাগীশ সিদ্ধান্ত, নৈয়ায়িক বিদ্যাবন্ত,
এরা সকল আমার হস্তগত। ৬২
বিদ্যাবাগীশ বিদ্যানিধি, আমার কাছে লন বিধি,
পড়ো আমার যত বঙ্গদেশী।
আমা হতে কে বিদ্যাবান, আসুক আমার বিদ্যমান,
কোন্ বেটা জ্ঞানবান, মান্যমান বেশী। ৬৩
মুখে মুখে করাই শ্রাদ্ধ, মিনিট পাঁচ ছয় লাগে হদ্দ,
ভুজ্জির চাল বাঁধতে যতক্ষণ।
দুর্গোৎসব শ্যামা পূজা, তাতে যায় পণ্ডিত বুঝা,
চণ্ডীপাঠে আমি একটী জন। ৬৪
পুরোহিতের শুনিয়ে বাণী, হাস্য করিল যত জ্ঞানী,
রাঢ় বঙ্গ প্রভৃতি সকলেতে।
রাখিয়ে সব নিমন্ত্রণ্য, বলিতেছেন ধন্য ধন্য,
পুণ্যবান নন্দ গোকুলেতে। ৬৫
নিন্দুক স্বভাব কতকগুলি, খেয়ে দেয়ে বেঁধে বেগেপুটুলি
লয়ে যায় নিন্দে করতে করতে।
বলে এম্‌নি বেটার ক্ষুদ্র দৃষ্টি, দইয়ের উপরে দিলেনা মিষ্টি,
এমন পাপিষ্ঠের বাড়ী এসেছিলাম মরতে। ৬৬
যজ্ঞ সাঙ্গে পূর্ণাহুতি, নন্দ দেন আনন্দে অতি,
নারীগণে সব দেয় উলুধ্বনি।
তদন্তে পূজে কাত্যায়নী, ভক্তিভাবে নন্দরাণী,
সঙ্গে লয়ে যত গোপ-রমণী। ৬৭
বলে কোথা ও গো নারায়ণি! কর মা পুত্রধনে ধনী,
ওগো দিগম্বরের দিগম্বরী।

পাঠান্তর: ১ পোয়া—ক।

তোমাকে পূজে পার্ব্বতি! পুত্রবতী হন অদিতি,
বামন রূপে জন্মেন শ্রীহরি। ৬৮
কৌশল্যারে দিলে রাম, নবদুর্ব্বাদলশ্যাম,
যে নাম শুনে মুক্ত জীব ভবে।
আমারতো মা নাই পুণ্য, কলুষে দেহ পরিপূর্ণ,
কিসে আমার বাঞ্ছা পূর্ণ হবে। ৬৯

---

[1]ললিত ভৈরব—পোস্তা[1]

এ দাসীরে কৃপা কর মা জগৎমাতা জগদ্ধাত্রি!
দাক্ষায়ণী,নারায়ণি, বীণাপাণি, বিশ্বকর্ত্রি, ভাণ্ডোদরি
ক্ষেমঙ্করি, মহেশ্বরি, সর্ব্বেশ্বরি, সর্ব্বদাত্রি!
কোথা গো মা নারায়ণি! পুত্রধনে কর ধনী,
শুনেছি নামের ধ্বনি, সুরধনী সাবিত্রি॥
[2]গঙ্গাগীতা সর্ব্বজ্ঞতা গণেশমাতা গায়ত্রি।[2]
কালী তারা কালদারা কালহরা কালরাত্রি। (চ)

* * *

কংসের অত্যাচার

ব্রজে নন্দের যজ্ঞ সাঙ্গ, মথুরাতে পাপাঙ্গ,
শুন কংস কুলপাংশু বিবরণ।
অতি দুষ্ট দুরাচার, সদা থাকে অনাচার,
পাপাত্মা পাষণ্ড দুর্জ্জন। ৭০
যত মান্যমানের মান্য হীন, করে বেটা এম্‌নি হীন,
হীন জেতের বাড়ায় সম্মান।
যে সকল লোক পুণ্যবন্ত, তাদের প্রায় প্রাণান্ত,
বলে কোথা হে কৃষ্ণ ভগবান। ৭১
যক্ষ রক্ষ সর্ব্বজন, ভয়ে কাঁপে ত্রিভুবন,
ইন্দ্র যার নামে পান ত্রাস।
অহঙ্কারে হারিয়ে জ্ঞান, ভগ্নীর বক্ষে দিয়ে পাষাণ,
করে তার ছয় পুত্র নাশ। ৭২

উগ্রসেন জন্মদাতা, কেড়ে নিল তাঁর দণ্ডছাতা,
ধাতা কর্ত্তা বিধাতা আপনি।
হরি নামে এম্‌নি দ্বেষ, দেখে যদি বৈষ্ণবের বেশ,
করে তারে দেশছাড়া তখনি। ৭৩
ঝুলি মালা নামাবলি, কেড়ে লয়ে গালাগালি,
সঙ্গে[3] যদি ধুমড়ী কারু থাক্‌তো।
আনি তার তুণ্ড ধরি, বলে কোথা যাইস লো দুষ্ট রাঁড়ী,
লাঞ্ছনার বাকী কি আর রাখ্‌তো। ৭৪
আর এক কথা বলি আগে, কংস এখন কোথায় লাগে,
মুলুকযুড়ে সকলি হলো কংস।
এখন কৃষ্ণ বিষ্ণু কেউ বলে না, হরি কথাটি কাণে শুনে না
হরি মানে না বলে ধরি কারে[4] করিবেন ধ্বংস। ৭৫

খাম্বাজ[5]—পোস্তা

এখনকার ব্যাভার দেখে কংস থাকিলে লজ্জা পেতো।
সেকি স্বধর্ম ত্যজে উইলসেনের খানা খেতো॥
আখড়াতে গুলি গাঁজা, খেতো কি কংস রাজা,
রাঁড় ভাঁড় লয়ে মজা, করিতে কি প্রবর্ত্ত হোত। (ছ)

বিশেষত বৈষ্ণবেরা, যত বেটা ধুমড়ীধরা,
জাতি কুল মজালে ইদানী।
লোককে জানান পরমার্থ, অর্থ কর্‌তে নাই সামর্থ্য,
খুলে বসে চরিতামৃতখানি। ৭৬
সেবাদাসী সীমন্তিনী, বৃদ্ধ বেশ্যা তপস্বিনী,
তাদের হাতে খোপ দেওয়া খঞ্জনি।
দেখে শুনে তাদের ভাব, ভাবুকের হয় প্রাদুর্ভাব,
ভাবিতে ভাবিতে ভাব ঘটে তখনি। ৭৭
বসে চৈতন্যের চারি খুট, এত বলে পাতে খুট,
মাগীদিগে কার সাধ্য আঁটে।

পাঠান্তর: ১-১ বাহার—মধ্যমান খ, চ। ২-২ ক, খ গ্রন্থে এই চরণ নাই, চ-গ্রন্থে আছে। ৩ দিত—ক। ৪ হরি তারে—ক, খ। ৫ পিলু খাম্বাজ—ক।

আছে মাগীদের আবার শিক্ষে,
বলে, হরি বল মন দাও ভিক্ষে,
এম্‌নি দীক্ষে শতধারে কাটে। ৭৮
নাকে তিলক রসকলি, হাতে লয়ে পানের খিলি,
এম্‌নি গলি বারি করেছে ভাই।
গেল সকল হিন্দুয়ানী, বিচার নাই আর পান পানী,
অবাক হয়ে ভাব্‌ছি বসে তাই। ৭৯
কংস জেনে মর্ম্মার্থ, উঠিয়ে ছিল পরমার্থ,
এখন অনর্থ ঘটাচ্ছে পদে পদে।
গৌর বলে মাগীরে কাঁদে, লোককে ফেলিব বলে ফাঁদে,
দেখো যেন কেউ পড়োনা আপদে। ৮০

* * *

ধর্ম্মরক্ষার জন্য দেবগণের শ্রীকৃষ্ণের নিকটে নিবেদন

অন্য কথার আলাপন, কার্য্য নাই আর এখন,
শুন কিছু কংসের দৌরাত্ম্য।
ধার্ম্মিকের অপমান, অধার্ম্মিকের করে মান,
সাধুনিন্দায় সর্ব্বদা প্রবর্ত্ত। ৮১
হরি বলে সাধ্য কার, অমনি জীবন হরে[১] তার,
হরি বল্লে হরিণ বাড়ী দেয়।
ধর্ম্মাধর্ম্ম নাই বিচার, প্রজাদের প্রাণ বাঁচা ভার,
বেভার বেটার সকলি অন্যায়। ৮২
তখনি যুক্তি করেন দেবগণে, এ বেটা মরে কেমনে,
তার উপায় কিছু পাইনে দেখ্‌তে।
ইন্দ্র বলে শুন বচন, ভাব কেন অকারণ,
বিপদে শ্রীমধুসূদন থাক্‌তে। ৮৩
দেবগণ মিলিয়ে সব, করেন হরিকে স্তব,
বলে হরি সঙ্কটে উদ্ধার।
রক্ষা কর তিন পুর, বধি দুষ্ট কংসাসুর,
সকলের দুঃখ দূর কর। ৮৪

সুরট-মল্লার[২]—একতালা

দুঃখ তোমা বিনে কে আর হরে।
দুষ্ট কংস ভয়, কে দেয় অভয়,
ধরা ধৈর্য্য নয়, তাহারি ভরে।
দিলে তারে ভার, পালিতে সংসার,
অকালেতে সব করে হে সংহার,
তোমা বিনা তার, কে করে সংহার,
সকলেতে হারি মেনেছে তাহারে।
নিলে তব নাম, পাঠায় যমধাম,
তবে যদি কেউ ছাড়ে স্বীয় ধাম,
শুনিলে সে বেটা করে ধূমধাম,
তুমি যদি তারে নাশ গুণধাম,
কৃপা করি তবে এসো মহীধরে। (জ)

* * *

দেবকী-পুত্ররূপে শ্রীকৃষ্ণের এবং যশোদার গর্ভে যোগমায়ার জন্মগ্রহণ

দেবতাদের স্তবে তুষ্ট হইলেন কৃষ্ণ।
হইল আকাশবাণী পূরাইব ইষ্ট। ৮৫
দেবগণে বর দিয়ে ব্রহ্ম সনাতন।
মথুরাতে হইলেন দৈবকী-নন্দন। ৮৬
নন্দালয়ে জন্মিলেন গোস্বামীদের মতে।
তার কিছু আভাস ব্যাস লিখিল ভাগবতে। ৮৭
স্বয়ং-এর কর্ম্ম নহে হিংসা আদি ধর্ম্ম।
অংশরূপে মথুরাতে লইলেন জন্ম। ৮৮
পূর্ণরূপে গোকুলেতে হলেন অবতীর্ণ।
দুই দেহ এক অঙ্গ নাহিক বিভিন্ন। ৮৯
বসুদেব লয়ে পুত্র রাখেন নন্দালয়।
সেই কালে দুই অঙ্গ এক অঙ্গ হয়। ৯০
যোগমায়া প্রসবেন যশোদা সুন্দরী।
কংস লয়ে যায় তাঁরে ভাবি নিজ অরি। ৯১

পাঠান্তর: ১ লবে—ক, খ। ২ খাম্বাজ—চ।

নন্দপত্নী যশোমতী, প্রসবেন ভগবতী,
এই উক্তি বেদে ভাগবতে।
বলিয়াছেন মুনি সর্ব্বে, জন্মেন যশোমতীর গর্ভে,
কন্যা-পুত্র গোস্বামীদের মতে ॥ ৯২
অন্যে বলে তাকি হয়, নন্দ জন্মদাতা নয়,
বসুদেব-পুত্র সবে কয়।
শাস্ত্রেতে দুই মত ব্যাখ্যা, কোন্‌টা ইহার করি রক্ষা,
পরমার্থ তত্ত্ব কিসে রয় ॥ ৯৩
আবার বলিয়াছেন শ্রুতি, পাদমেকং ন গচ্ছতি,
বৃন্দাবনং পরিহরি হরি।
গেলেন যদি মথুরায়, তবে একথা কেমনে রয়,
সন্দেহ-ভঞ্জন কিসে করি ॥ ৯৪
বুঝিবে পণ্ডিতে যুক্তি, সত্য যেটা শিব-উক্তি,
মূঢ় ব্যক্তি বুঝিবে কেমনে।
যিনি সৃষ্টি করেন সর্ব্বে, তিনি কি জন্মেন কারু গর্ভে
এই কথা কি যোগিগণে শুনে ॥ ৯৫
যিনি সর্ব্ব সারাৎসার, জন্ম মৃত্যু আছে কি তাঁর,
নিরাকার কখন সাকার মূর্ত্তি।
লোমকূপে যাঁর ব্রহ্মাণ্ড, কে বুঝিবে তাঁর কাণ্ড,
হয় লয় সব তাঁর কীর্ত্তি ॥ ৯৬
মহাবিষ্ণু মহামায়া, তাঁহার অনন্ত কায়া,
দর্শনে যাঁর হয় না নিদর্শন।
তার কোটি কলার কলা-অংশ, তার শতাংশের এক অংশ,
তারাই করেন ভূভারহরণ ॥ ৯৭
কায নাই আর কথা অন্য, গোকুলেতে নন্দ ধন্য,
পূর্ণরূপে অবতীর্ণ হরি।
পরিহরি গোলোক, আইলেন ভূলোক,
দুষ্টগণের হয়ে অন্তকারী ॥ ৯৮
গোকুলবাসী লোক যত, বিষ্ণু-মায়াতে মোহিত,
নিদ্রাতে সব অভিভূত[১] জানে না যে জন্মেছে সন্তান।
পড়ে আছেন মৃত্তিকায়, সজল জলদকায়,
সূতিকার গৃহে ভগবান ॥ ৯৯
বিষ্ণু-মায়াতে আচ্ছন্ন, সকলেতে অচৈতন্য,
সঙ্গে আছেন চৈতন্যরূপিণী।
দৈবকীনন্দন হরি, মথুরাপুরী পরিহরি,
গোকুলে রহিলেন চক্রপাণি ॥ ১০০
আছে এই বেদের উক্তি, বসু লয়ে আদ্যাশক্তি,
মথুরাতে গেলেন পুনর্ব্বার।
প্রভাত হলো যামিনী, জন্মেছে এক কামিনী
কংসরাজে দিল সমাচার ॥ ১০১
বিচার নাই পুত্র কন্যে, লয়ে যায় বধিবার জন্যে
পাষাণেতে নিক্ষেপ করিল।
হইয়ে মা ক্ষেমঙ্করী, হস্ত হইতে যান উড়ি,
অষ্টভূজা মূর্ত্তি ধরি, আকাশে উঠিল ॥ ১০২

খাম্বাজ[২]—কাওয়ালী[৩]

কি অপরূপ রূপ শিব-মোহিনী[৪]।
[৫]জগতে নাম জগদ্ধাত্রী কালী কালবারিণী[৫]।
নখরেতে কোটি শশী, অষ্টভূজা করে অসি,
মুখে অট্ট অট্ট হাসি, দশন তড়িৎশ্রেণী ॥
রূপে আলো ত্রিভুবন, যোগীর আরাধ্য ধন,
পরশে যাঁর[৬] চরণ, ধন্য হন ধরণী ॥
হের গো হৈমবতী, আদ্যাশক্তি ভগবতী,
কহে দ্বিজ দাশরথি, গতি বিন্ধ্যবাসিনী ॥ (ক)

* * *

কৃষ্ণদর্শনে দেবগণের নন্দালয়ে গমন

হেথায়—গোকুলে কৃষ্ণ-দরশনে, স্ববাহনে দেবগণে,
সকলেতে আসি নন্দালয়।

পাঠান্তর: ১ আবির্ভূত -খ, চ। ২ আলিয়া—ক, ইমন—খ, চ। ৩ একতালা—খ, চ। ৪ মা আমার জগন্মোহিনী—ক (অতিরিক্ত লাইন)। ৫-৫ জগতে নাম জগদ্ধাত্রী, বিশ্বমাঝে বিশ্বকর্ত্রী, অপর নাম কালী কালবারিণী—ক। ৬ যার—চ।

করি হরি দরশন, দুর্লভ আরাধ্য ধন,
সকলের প্রফুল্ল হৃদয়। ১০৩
দেখিয়ে গোকুলচন্দ্র, ব্রহ্মা বলেন শুন ইন্দ্র,
নন্দ কত পুণ্য করেছিল।
সেই পুণ্য হলে উদয়, দয়া করে দয়াময়,
পুত্রভাবে আসি জন্মাইল। ১০৪
ধন্য নন্দ ধরাপতি, ধন্য ধন্য যশোমতী,
ধন্য রে গোকুলবাসিগণ।
জন্মান্তরে পুণ্যফলে, যশোদার পদতলে,
আলো করি আছেন নীলরতন। ১০৫
দেখি পতিতপাবন পতিত ধরা, প্রেমে অঙ্গ না যায় ধরা,
শতধারা বহে দুটি চক্ষে।
তদন্তে দেবতা সব, আরম্ভ করিল স্তব,
কমলা-সেবিত কমলাক্ষে। ১০৬
জয় কৃষ্ণ কেশব, পাণ্ডব-বান্ধব[১],
মুকুন্দ মাধব, শ্রীমধুসূদন।
জয় বিপদ-ভঞ্জন, [২] জগত-মনোরঞ্জন,
কংস-ভয় হরণ করহে নারায়ণ। ১০৭

* * *

যশোদার পুত্র-দর্শন

এত বলি দেবগণ হইল বিদায়।
আপন আপন স্থানে সকলেতে যায়। ১০৮
যশোদার হইল পরে মায়ানিদ্রা ভঙ্গ।
দেখে ধূলাতে ধূসর তনু পতিত ত্রিভঙ্গ। ১০৯
দেখিয়ে আনন্দ রাণীর ধরেনা আর গাত্রে।
ধূলা ঝাড়ি বক্ষোপরি রাখেন কমলনেত্রে। ১১০
সুধাতে সিক্তিল যেন পুলকিত তনু।
উদয় হইল যেন অদ্বিতীয় ভানু। ১১১
শুনিয়ে নন্দ, অতি আনন্দ, সানন্দকে ডাকি।
উপানন্দ প্রভৃতি যায় দেখিতে কমল-আঁখি। ১১২

প্রবেশি সুতিকাঘরে, লক্ষ্মীকান্ত দৃষ্ট করে,
সে ভাবের না হয় বর্ণন।
মরি কি বিধি নিধি দিল, ব'লে নন্দ কোলে নিল,
অনীল নীলকণ্ঠের ভূষণ। ১১৩

প্রতিবাসিনী যত রমণী, দেখে যশোদার নীলমণি,
বলে আহা মরি কি পুত্র প্রসবিল।
পেয়েছে অমূল্য নিধি, খোদিত করিয়ে বিধি,
নির্মাইয়ে যশোদাকে দিল। ১ ৪

ঝিঁঝিট[৩]—ঠেকা[৪]

আ মরি কি রূপ-মাধুরী।
একবার হেরিলে চক্ষে, চক্ষু পালটিতে নারি!
কোটি শশী নখোপরে, আরাধয়ে শশিধরে,
জগতের মনোহরে, কটিতে হারে কেশরী।
অঙ্গ-শোভা নীলাম্বুজ, আজানুলম্বিত ভুজ,
অজ বিভু মাগে রজঃ বহে দুনয়নে বারি। (ঐ)

* * *

কুটিলার কৃষ্ণরূপ ব্যাখ্যা

নন্দপুরে আসি সব, করে মহামহোৎসব,
নারীগণ সব দেয় উলুধ্বনি।
আহ্লাদে সব পরিপূর্ণ, দীন দ্বিজে দান করেন পূর্ণ,
রজত কাঞ্চন হীরা মণি। ১১৫

নন্দের আনন্দ মন, করিছে ধন বিতরণ,
গোধন প্রভৃতি করি সব।
পরে আইল বাদ্যকর, ঢাক ঢোল বাজে দগড়,
হইল একটা মহাকলরব। ১১৬

পাঠান্তর: ১ অবাঞ্চ-বান্ধব—চ। ২ শ্রীনন্দনন্দন—(অধিক পদ) চ। ৩ খাম্বাজ—চ, খ। ৪ মধ্যমান—ক।

শুনি করে সবে বলাবলি, আশা পূর্ণ করেছেন কালী,
হয়েছে কালি নন্দের একটী ছেলে।
বেঁচে থাকুক প্রাতর্বাক্যে, হউক নন্দের বংশ রক্ষে,
বিধি যদি নিধি তাকে দিলে ॥ ১১৭
জটিলে শুনিয়ে কুটিলেকে কয়, সে বড় কুটিলে নয়,
বলে নন্দের একটী ছেলে হয়েছে শুনিলাম।
কুটিলে বলে শুনেছি ঘাটে, দেখে আসাটা উচিত বটে,
তুই ঘরে থাক আমি দেখতে চল্লাম ॥ ১১৮
এত বলি বুকায়ে যায়, নন্দের বাটী কুটিলে যায়,
রাণী বলে এসো গো ঘরে এসো।
দেখা হয় নাই অনেক দিন, আজি আমার শুভ দিন,
এইত এলে বসো বসো ॥ ১১৯
কুটিলে বলে আসিতে হয়, সেটা কিছু মিথ্যা নয়,
আসিতে পাইনে অনেক কাজের জালা।
ঝঞ্ঝাটেতে হয় না আসা, তাতে কি যায় ভালবাসা,
বাড়ার ভাগ আমাকে কেবল বলা ॥ ১২০
দেখি মা কেমন হয়েছে ছেলে, অনেক যত্নে রত্ন পেলে,
যশোমতী কয় আশীর্ব্বাদ কর।
করে তুলে নীলমণি, কুটিলের কোলে দেন অমনি,
বলে মা লও নীলমণিকে ধর ॥ ১২১
কুটিলে বলে ঘুচিল দুঃখ, এই যে বাছার পদ্মচক্ষু,
হদ্দ ছেলে আহা মরি মরি।
কিবা হাত পা কিবা গঠন, একটু কেবল কালো বরণ,
যা হয়েছে বাঁচিয়ে রাখুন হরি ॥ ১২২
যশোদার কোলে দিয়ে শিশু, কুটিলে ঘরে যায় আশু,
পথে দেখা হয় যাদের সঙ্গে।
তাদের ডেকে যেচে কয়, গিয়াছিলাম নন্দালয়,
এমন ছেলে দেখি নাই রাঢ়ে বঙ্গে ॥ ১২৩
সেই ছেলেকে বলিছে ভাল, দেখি নাই আর তেমন কালো,
কালো কালো বিশেষ আছে কালো আছে কত।
কোলে ক'রে আছে রাণী, ঠিক যেন কষ্টিপাথর খানি,
দৃষ্টি করলে বৃদ্ধি হয় হত ॥
ঘোর কালো অন্ধকার, এমন ছেলে কদাকার,
ছোটলোকের ঘরে দেখ্‌তে পাইনে।
মরি কি বিধাতার সৃষ্টি, এমন ছেলে কালো কুষ্টি,
সাত জন্ম না হলেও চাইনে ॥ ১২৫
বলে কথা জায় বেজায়, সেই পথে এক পথিক যায়,
কৃষ্ণ-নিন্দা করিয়ে শ্রবণ।
কুটিলেরে করে ভর্ৎসনা, শাস্ত্রের দৃষ্টান্ত নানা,
দিয়ে তারে কহিছে বচন ॥১২৬
তুমি চিন্‌লে না সে কালবরণ, সেই কালতে করে কালহরণ,
মহাকাল সেই কালোর পূজা করে।
কুটিলে তোমার পাপনয়নে, দেখ্‌তে পাও নাই কালরতনে,
যে কালোতে কালাকালে কাল হরে ॥১২৭

অহং[১]—একতালা

তুমি সে কাল চিন্‌লে না, কি বস্তু জান্‌লে না,
সে কালোর তুলনা নাই ভুবনে।
যার রূপে আলো করে, হরের মন হরে,
শ্মশানে কাল হরে যাঁহার কারণে।
সে কাল রতন, করিলে দর্শন, [২]কালের দমন হয় হে কালে[২]।
মোক্ষ হয় যে পদে, বিপদ সম্পদে
নিরাপদে থাকে যার স্মরণে[৩]।
[৪]কাল পেয়ে একবার পূজলিনে সে কাল,
মজিলি চিরকাল, কালের বশে কেন কাল হারালি[৪]।
ছিল জ্ঞানরত্ন ধন, দিলি সব বিসর্জ্জন,
রিপু ছজনার মান বাড়ালি ;
[৫]এ ভব-তুফানে, পার হবি কেমনে,
ভাবলি নাকো মনে শ্রীহরি-চরণে[৫] ॥ (ট)

* * *

পাঠান্তর: ১ বিভাস—ক। ২-২ কালের দমন হয় তার দর্শনে—ক। ৩ লইলে স্মরণ—খ, চ। ৪-৪ পেয়ে একবার কাল, দেখলিনে সেকাল, মজলি চিরকাল, কালের গুণে। এখন পার হবি কেমনে ভবতুফানে—ক। ৫-৫ 'ক' গ্রন্থে এই অংশ নাই।

নন্দের ভবনে উৎসব

দেখে যায় সব পাড়ার লোক, কারু আনন্দ কারু বা শোক,
যত বেটারে হিংসক, পরের ভাল পারে নাক দেখতে।
অন্তরে বিষ মুখে মধু, কাষ্ঠলৌকতা শুধু,
ভালবাসে পরের খেতে মাখতে ॥ ১২৮
হিংসক লোকের জানি রীত, মন্ত্রণা দেয় বিপরীত,
অনিষ্ট যাহাতে শীঘ্র ঘটে।
লোকের হলে সর্ব্বনাশ, বাড়ে তার সুখ বিলাস,
পরের সুখ দেখিলে হৃদি ফাটে ॥ ১২৯
সে বেটাদের মুণ্ডে বাজ, দেন্‌না কেন দেবরাজ,
কি গুণে রেখেছেন তাদের মর্ত্ত্যে।
যত বেটা অভদ্র, পাবে কোথা কার আছে ছিদ্র,
বেড়ায় লোকের বাড়ী বাড়ী ঐ তত্বে ॥ ১৩০
এখন অন্য কথা যাক দূরে, মহানন্দ নন্দপুরে,
নৃত্য গীত করে সর্ব্বজন।
স্থানে স্থানে যথা তথা, সকলেরই ঐ কথা,
অন্য কথার নাহি আলাপন ॥ ১৩১
গোকুলে সুখের নদী, বহিছে নীর নিরবধি,
ভাসিয়ে বেড়ায় গোপ-গোপী।
নাচে গোপ-পরিবার, সাধ্য নাই বর্ণিবার,
কুলবধূ নাচে চুপি চুপি ॥ ১৩২
গোকুলের লোক মাত্র, কাদামাখা সব গাত্র,
নাচিতেছে দুবাহু তুলিয়ে।
হাতে লড়ি কাঁধে ভার, নাচন থামান ভার,
কেহ নাচে করতালি দিয়ে ॥ ১৩৩
মহোৎসব মহানন্দ, নাচে নন্দ উপানন্দ,
সানন্দ প্রভৃতি যত জন।
নাচে শিব ব্রহ্মা ইন্দ্র, দেব দিবাকর চন্দ্র,
গোবিন্দ পাইয়ে দরশন ॥ ১৩৪
বরুণ পবন হুতাশন, আদি যত দেবগণ,
নাচিয়ে বেড়ায় গোপ-বেশে।
নাচিছেন নারায়ণী, দক্ষসুতা দাক্ষায়ণী,
ছদ্মবেশে দেখি হৃষীকেশ ॥ ১৩৫

—

[১]সুরট—একতালা[১]

ওরে কি আনন্দ নন্দপুরে মরি হায়, হেরি নীরদ-কায়।
নাচে আর বলে সবে, হরি কথা কবে কবে,
সে দিন কোন্ দিন হবে, এড়াব শমন-দায়।
'নাচে সব সুরবৃন্দ'[২], ব্রহ্মা ইন্দ্র চন্দ্র,
সঙ্গে যত গোপবৃন্দ, গোবিন্দেরে দেখিয়ে।
নাচে নন্দ উপানন্দ, সানন্দ সদানন্দ,
আনন্দ-সাগরে দেহ ভাসায়ে।
প্রেমে মত্ত চিত্ত সদা, নাই চেষ্টা তৃষ্ণা ক্ষুধা,
কৃষ্ণ-নামামৃত-সুধা, পানে কি আর ক্ষুধা পায়। (ঠ)

—

নৃত্য গীত মহোৎসব করে সর্ব্বজন।
হেনকালে আইলেন যত মুনিগণ ॥ ১৩৬
দেখে নন্দ প্রণমিয়ে দিল পাদ্য অর্ঘ্য।
করপুটে কহে প্রভু মোর বহু ভাগ্য ॥ ১৩৭
মুনিগণ বলে নন্দ বহুভাগ্য তব।
পুত্রভাবে তব গৃহে জন্মিলা মাধব ॥ ১৩৮
নন্দ বলে তোমাদের চরণের বলে।
ব্রহ্মপদ পায় তায় চতুর্ব্বর্গ ফলে ॥ ১৩৯
শুবে তুষ্ট হয়ে নন্দের বাড়ান কল্যাণ।
দেখাও দেখি তোমার কেমন হয়েছে সন্তান ॥ ১৪০
আস্তেব্যস্তে নন্দ নীলমণিকে আনিল।
বাঁচিয়ে রাখ ব'লে মুনিদের চরণতলে দিল ॥ ১৪১
নন্দ বলে ছেলেটিকে কর আশীর্ব্বাদ।
পদরজ দাও যেন না ঘটে প্রমাদ ॥ ১৪২
মুনিগণ বলে নন্দ তোর নীলমণিকে।
চিন্তে পার নাই উনি জন্মিয়াছেন কে ॥ ১৪৩

পাঠান্তর: ১-১ সুরট-মল্লার—কাওয়ালী—ক। ২ নাচে সনারবিন্দ—খ, চ।

গোলোক ত্যজিয়ে এলেন গোলোকের পতি।
তুমি মহাপুণ্যবান যশোদা পুণ্যবতী ॥ ১৪৪
মুনিগণ বলে নন্দ কি কহিব আর।
ভব-ভয় এড়াবে পেলে ভবকর্ণধার ॥ ১৪৫
পদেতে গোষ্পদ-চিহ্ন স্বর্ণময় রেখা।
ধ্বজবজ্রাঙ্কুশ আদি চরণে যায় দেখা ॥ ১৪৬
মৎস্যপুচ্ছ-রেখা তায় অতি পরিপাটী।
ঐ পদ লাগি যোগী হলেন ধূর্জ্জটি ॥ ১৪৭
পদতল সুশীতল বালক-ভানু জিনি।
ঐ পদ-কমলে জন্মিলা সুরধুনী ॥ ১৪৮
ঐ পদে করে বলি সর্ব্বস্ব প্রদান।
ঐ পদে ব্রহ্মা অর্ঘ্য দিয়েছিল দান ॥ ১৪৯
চতুর্ব্বর্গ ফল লভ্য ঐ পদ সেবি।
ঐ পদ পরশেতে পাষাণ মানবী ॥ ১৫০
ঐ পদ পূজা আমরা নিত্য নিত্য করি।
গোকুলেতে অবতীর্ণ নর-হরি হরি ॥ ১৫১

ঝিঁঝিট—কাওয়ালী[১]

আমরি কি শোভা নীলবরণ ও যুগল চরণ
দুটী বালক ভানু-কিরণ।
অঙ্গ যেন নবঘন, জিনি নীল নিরঞ্জন,
নখরে শশী ভূষণ, শশিধর-ভূষণ।
মরি কি আশ্চর্য্য লীলে, কর্ম্মভূমে জন্ম নিলে,
কৃপাময় কৃপা করিলে, হ'লে নন্দের নন্দন।
কে বুঝিবে তব মায়া, ব্রহ্মাণ্ড তোমারি ছায়া,
বিশ্বরূপ বিশ্বকায়া, তুমি বিশ্বের কারণ। (ভ)

* * *

বালকরূপী শ্রীকৃষ্ণের ভবিষ্যৎ-সম্বন্ধে দৈবজ্ঞের গণনা

মুনিগণ এত বলি, স্বস্থানে সব যান চলি,
নন্দকে বলিয়া ধন্য ধন্য।
কে যে কোথা নাচ্ছে গাচ্ছে, কত লোক যে আসছে যাচ্ছে
দিচ্ছে সবে করিয়া অদৈন্য। ১৫২
তদন্তে এক দৈবজ্ঞ, জ্যোতিষ-শাস্ত্রেতে বিজ্ঞ,
বড় মান্যগণ্য গণনায়।
নন্দের হয়েছে পুত্র, সেই কথার শুনে সূত্র,
মহানন্দে নন্দালয়ে যায় ॥ ১৫৩
নন্দ বলে আসুন আসুন, বসিতে আজ্ঞা হয় বসুন
প্রশ্ন একটা গণনা করুন দেখি।
আস্‌পাস্ কথা ছাড়, যদি মনের কথা বলিতে পার,
তবে বিশ্বাস হয় বড়, তা হইলে শুনিব না ফাঁকিজুকি ॥১৫৪
গণক বলে করি গণনা, নাই মিথ্যা প্রবঞ্চনা,
কাগা কাগা বলিব কি হেতু।
করেছ বা কি বাসনা, কাঁসা পীতল রূপা সোণা,
ধাতু ধাতু ধাতু। ১৫৫
ফল মূল আদি দ্রব্য, বেদ পুরাণ আদি কাব্য,
মুখে বলে শিব শিব শিব।
ধান চাল ময়দা ছোলা, আগড়বাগড় কতকগুলা,
পড়ে বলে জীব জীব জীব। ১৫৬
জীবের ঘরে পড়েছে খড়ি, দেখিলাম আমি লেখা করি,
গিন্নির একটী জন্মেছে সন্তান।
গ্রহবিপ্র এলে বাড়ী, দিতে হয় টাকাকড়ি,
তবে বাড়ে ছেলের কল্যাণ। ১৫৭
একসের আতব চাল, তারি উপযুক্ত দাল,
নটা বড়ী পেঁটে কড়ি সাত কড়া।
ছেলের কিছু আছে রিষ্টি, গণনাতে হলো দৃষ্টি
শীঘ্র ছেলের কাটিয়ে ফেল ফাঁড়া। ১৫৮
আছে গ্রহদেব সম্পূর্ণ দুষ্ট, ছেলেটি বড় হবে না শিষ্ট,
লগ্নফলে দুষ্ট হবে বড়।
দেখিলাম করে গণনা, কর তোমরা বিবেচনা,
যাতে হয় সুঘটনা তার চিন্তা কর। ১৫৯
ফাঁড়া একটা সম্প্রতি, দেখ্‌ছি যে গো যশোমতী,
ছল করে কোন যুবতী, করাবে বিষপান।

কত ভাগ্যে হয়েছে ছেলে, এমন ধন আর হবে না গেলে,
দেখ বাছা সাবধান সাবধান ॥ ১৬০
সত্য কথা বলিতে হয়, ডুবিবে একবার কালিদয়,
তাতে কিছু হবে না প্রাণদণ্ড।
শত্রু আছে পায় পায়, বিঘ্ন বড় হবে না তায়,
সুলক্ষণ দেখা যায়, কপালেতে আছে রাজদণ্ড ॥ ১৬১
শুনিয়ে কহিছে রাণী, ফাঁড়া কাটিয়ে দেন আপনি,
কি কি চাই বল আমার কাছে।
বিদায় করিব বিধিমতে, অঙ্গহীন না হয় যাতে,
দেখো আমার ছেলেটি যাতে বাঁচে ॥ ১৬২
গণকের গণনায়, বিশ্বাস সকলে যায়,
কেউ বা দেখায় করকুষ্ঠি।
কেউ বা বলে আমার গণ, কেউ বলে ও ঠাকুর শুন,
কেউ বা তারে করে তামাসা ফষ্টি ॥ ১৬৩
এইরূপে নন্দালয়, যার যেটা মনে লয়,
সেই তা ক'রে আনিছে নানা ধন।
নারী পুরুষ ছেলে বৃদ্ধ, সকলের মানস সিদ্ধ,
কৃষ্ণপ্রেমে বাধ্য সর্বজন ॥ ১৬৪
পশু পক্ষ কীট পতঙ্গ, সকলেরি প্রেমতরঙ্গ,
কৃষ্ণনাম শ্রবণেতে শুনি।
ঐ রসে সকলে মত্ত, ভুলে গেছে অন্য তত্ত্ব,
মুখে কেবল হরি হরি ধ্বনি ॥ ১৬৫

সিন্ধুভৈরবী—কাওয়ালী

ব্রজধামের তুল্য ধাম আর কোথাও নাই।
সঘনে বদনে কেবল হরিধ্বনি শুনতে পাই॥
কৃষ্ণপ্রেমে সবে মত্ত, ভুলে গেছে সকল তত্ত্ব,
বলে কৃষ্ণের তত্ত্বকথা বল ভাই।
পশু পক্ষ বৃক্ষলতা, তাদের মুখে কৃষ্ণ-কথা,
অম্বুকম্প অনুগতা, জানে কেবল তাহারাই ॥ (চ)

৪। শ্রীশ্রীকৃষ্ণের গোষ্ঠলীলা

[প্রথম]

রাখালবালকগণের শ্রীকৃষ্ণকে আহ্বান

রজনী প্রভাতে উঠি ব্রজরাখালগণ।
সজ্জা করে পরস্পর চরাতে গোধন ॥ ১
এক স্থলে হৈল যত রাখাল-মণ্ডলী।
শিঙ্গাধ্বনি করে বলাই আয়রে কানাই বলি। ২
এখনো এল না কেন যশোদা-দুলাল।
নন্দালয়ে হয় উদয় যতেক রাখাল। ৩
শ্রীদাম সুদাম দাম প্রভৃতি সকল।
শ্রীমধুসূদনে ডাকে শ্রীমধুমঙ্গল। ৪
এখনো জননী কোলে রৈলে ঘুমাইয়ে।
ঊর্দ্ধমুখে ডাকে ধেনু বেণু না শুনিয়ে ॥ ৫
আমাদের তো মা আছে ভাই জানিস্ কানাই তাতো।
তুই কিরে সোহাগের নিধি মা যশোদার এত ॥ ৬

ললিত-ঝিঁঝিট[১]—ঝাঁপতাল

আয়রে কানাই আয়রে গোঠে রজনী পোহাইল।
ডাকিছে ঐ সঘনে ধেনু, গগনে ভানু উঠিল॥
বেরো[২] রে রাখালের রাজা, শ্রীনন্দের নন্দন,
করেতে কর মুরলী, কটিতে ধটী বন্ধন,
রাখালমণ্ডলী-মাঝে নেচে নেচে চল॥
ও ভাই! মায়ে বল বুঝাইয়ে, দিবে তোরে সাজাইয়ে,
অলকা-আবৃত করি বদন-কমল,—
মোহন চূড়ে বকুল-মালা মদনের মনোহারী,
শিরোপরি শিখিপুচ্ছ ওরে বঙ্ক-মাধুরি!
গলে গুঞ্জমালা যাতে ভুবন করে আলো। (ক)

—

রাখালের ধ্বনি শুনি, যশোদার নীলকান্ত মণি,
অমনি কপট নিদ্রা গেছে।
দুই চক্ষে দুই হস্ত গো-চারণে হন ব্যস্ত,
কহিছেন জননীর কাছে॥ ৭
চঞ্চল হইয়া চান, না করেন স্তনপান,
বলেন মাগো ডাকিছেন দাদা ঐ।
বিদায় দে মা শীঘ্র আসি, কৈ মা চূড়া কৈ মা বাঁশী,
কৈ মা আমার পীতধড়া কৈ॥ ৮
কিছুতে না মন সরে, দাদা ডাকে উচ্চৈঃস্বরে,
ক্ষীর সরে নাই মা প্রয়োজন।
ধড়ার অঞ্চলে ননী, শীঘ্র বেঁধে দে জননি!
বনে গিয়া করিব ভোজন॥ ৯

* * *

কৃষ্ণকে পাঠাইতে যশোদার অনিচ্ছা

শুনে বাক্য মধু মধু, যশোদা বলেন যাদু,
কি কথা শুনালি প্রাণধন।
ডাকুক বলাই হউক বেলা, ঘরে বসে কর খেলা,
দিব না আর চরাতে গোধন॥ ১০
বলিতে বলিতে কথা, যত রাখাল আইল তথা,
বলাই আসি অনুযোগ করে।
শুনি বলায়ের বাণী, কেঁদে কয় যশোদা রাণী,
ওরে বলাই রক্ষা কর মোরে॥ ১১

—

অহং ঝিঁঝিট[৩]—যৎ

বলরাম রে! আজি মোর নীলমণি-ধনে
গোষ্ঠে বিদায় দিতে পার্‌ব না।
কুস্বপন দেখেছি কালি, না জানি কি করেন কালী, রে,—
যেন কালীদহে ডুবেছে আমার কালিয়ে সোণা॥
ইথে যদি দ্বন্দ্ব করে, নন্দ মন্দ কয় আমারে,
এ পাপ-সংসারে রব না রে,
গোপালকে লয়ে ঘরে ঘরে, রাখিব প্রাণ ভিক্ষা ক'রে,
তবু গোপালের মা যশোদা নাম থাক্‌বে ঘোষণা। (খ)

* * *

রাখালগণের আশ্বাসবাক্য

রাখাল কহিছে কথা, ও কথা বলোনা মাতা,
কানায়ের কি বিপদ সম্ভবে।
চরায়ে ধেনুর পাল, আসিবে তোর গোপাল,
কুস্বপন সুস্বপন হবে॥ ১২
তোর কানায়ের শত্রু নাই, আমরা ভেয়ের সঙ্গ চাই,
কেবল শত্রু নিবারণের তরে।
ইন্দ্রদেব শত্রু হয়ে, কি কর্‌লে কানায়ে ভেয়ে,
যাতে কানাই গোবর্দ্ধন ধরে॥ ১৩
ক'রে ভাই স্তন পান, পুতনার বধেছে প্রাণ,
তৃণাবর্ত্ত আদির প্রাণদণ্ড।
কানাই কি সামান্য ভাই, মা তোর কি চৈতন্য নাই,
দেখেছ যার বদনে ব্রহ্মাণ্ড॥ ১৪
তোর যে মায়া কানাই প্রতি, তো হতে রাখালের অতি[৪],
কানাই আগে প্রাণকে পিছে ধরি।

পাঠান্তর: ১ বিভাস—ক। ২ এসো—ক। ৩ ঝিঁঝিট—ক। ৪ প্রীতি—ক।

নয়নে নয়নে রাখি, থামিলে বদন স্থরে আঁখি,
কাতর দেখিলে অম্‌নি স্কন্ধে করি। ১৫
ও যে রাখালের প্রাণ, না হেরে বিদরে প্রাণ,
কি গুণে বেন্ধেছে গুণের ভাই।
কুশাঙ্কুর ফুটিলে পদে, যত্নে পদ লয়ে হৃদে,
দন্ত দিয়া কণ্টক ঘুচাই। ১৬
শীঘ্র বিদায় দে জননি! ধেনু সব করিছে ধ্বনি,
রাখাল-মণ্ডলে নিরানন্দ।
ভাই যদি থাকে ভবনে, কি ধন লয়ে যাব গো বনে,
রাখালের পতি তোর গোবিন্দ। ১৭
ভাই সঙ্গে সহবাস, বনে যেন স্বর্গবাস,
নিবাস বনবাস জ্ঞান হয়।
মরে ধেনু আমরা[১] মরি, মা তোর চরণে ধরি,
দে মা সঙ্গে বিলম্ব না সয়। ১৮
(কানাই বিচ্ছেদে আমরা কি প্রকার শুন।)
যেমন খাপ ছাড়া তলওয়ার,
জল ছাড়া পলয়ার,
ঢাল ছাড়া খেলওয়াড়,
ছাপ্পর ছাড়া ঘর, লক্ষ্মী ছাড়া নর,
মজলিস্ ছাড়া গল্প, শক্তি ছাড়া দর্প,
চাকা ছাড়া রথ, শাস্ত্র ছাড়া মত,
পতি ছাড়া কামিনী, শশী ছাড়া যামিনী,
বিনে চিন্তামণি রাখাল তেমনি। ১৯

খাম্বাজ[২]—যৎ[৩]

ওমা যশোদে! সাধে কি তোর সাধের গোপাল সঙ্গে চাই
ওমা গুণের ভাই কি গুণ জানে, বনে অন্ন পাই।
মরেছিলাম রাখালগণে, কালীদহে বিষ-জল-পানে,
'গোকুলে জানে—প্রাণ দিয়াছে কানাই'। (গ)
* * *

যশোদা রক্ষা বাঁধিয়া গোপালকে গোষ্ঠে বিদায় দিতেছেন

রাখালের রোদনে রোদন করে রাণী।
উভয় সঙ্কটে যেন হয় উন্মাদিনী। ২০
তারাকারা ধারা চক্ষে লাগিল বহিতে।
কহে নন্দরাণী ধ'রে নন্দনের হাতে। ২১
যদি মায়ের স্নেহ অঙ্গে করে বনে অন্ন পাবে।
'যা রে গোপাল', যা থাকে কপালে তাই হবে।
দূর বনে যেওনা যাদু দুঃখিনীর প্রাণ।
ভুলে আর করোনা কালিন্দী-জলপান। ২৩
হইলে পিপাসা যেও অন্য নদীর কূলে।
লাগিলে রবির তাপ, বৈস তরুমূলে। ২৪
সঙ্গী ছাড়া হয়ে রে, যেওনা কোন খানে।
দুরন্ত কংসের দূত ফিরে বনে বনে। ২৫
শুন রে বলাই বাছা বলি তোর স্থানে।
গৃহমধ্যে দেহ রাখি লয়ে যাবি প্রাণে। ২৬
চেয়ে দেখ রে! নয়ন আমার হৈল দৃষ্টি-হত।
তারা দিলাম তোর সঙ্গে সারা দিনের মত। ২৭
রাখালের রোদন দেখে না পারিলাম রাখ্‌তে।
এনে দিস্ মোর নীলমণি দিনমণি থাক্‌তে। ২৮
তখন মোহনচূড়া মোহনবাঁশী পীতধড়া আনি।
লয়ে কোলে গোপালে সাজান নন্দরাণী। ২৯
জীবন্মৃত্যু হয়ে বিদায় দেয় যশোমতী।
রাখাল সঙ্গেতে যায় রাখালের পতি। ৩০
রাণীর ঘন ঘন চক্ষে ধারা ঘন ঘন চায়।
যত গোপাল যায়, তত রাণীর প্রাণ যায়। ৩১
ফিরে রাণী বলে একবার আয় রে নন্দলাল[৬]।
আমি বক্ষে বেঁধে দিতে তোর ভুলেছি গোপাল'[৭]। ৩২
মরি মরি সর্বনাশ বাটি বাটি বলে।
যতনে রতন কৃষ্ণ পুনঃ ল'য়ে কোলে। ৩৩

পাঠান্তর: ১ আরে—ক, খ। ২ বিঁঝিট—ক, যুহিনী—খ। ৩ মধ্যমান—খ। ৪-৪ গোকুলে সকলে জানে প্রাণ দিয়াছে ভাই কানাই—ক। ৫-৫ লয়ে যারে গোপালে—চ। ৬ গোপাল—ক। ৭ হা মোর কপাল—ক।

দিল ভাল-মধ্যে গোময়-ফোঁটা অঙ্গুলিতে আনি।
মন্ত্র পড়ি রক্ষা বেঁধে দেয় নন্দরাণী। ৩৪
সকাতরে সঁপে সর্ব্ব দেবের চরণে।
বনের দেবতা রক্ষা ক'রো বাছাধনে॥ ৩৫
সঙ্কট-নাশিনী দুর্গা শঙ্কর-রমণী।
তুমি দিয়াছ দাসীরে দুঃখপাসরা নীলমণি॥ ৩৬
সঙ্কটে গমনে বনে যাদুরে আমার।
ক'রে রক্ষা লজ্জা রক্ষা ক'রো যশোদার॥ ৩৭
সুখদা মোক্ষদা তুমি শুভদা শারদা।
ধনদা যশোদা তুমি যশোদা কৃষ্ণদা॥ ৩৮
প্রকৃতি-পুরুষ নিরাকারা নির্ব্বিকারা।
অনন্তরূপিণী তন্ত্র-বেদ-অগোচরা॥ ৩৯
তুমি শয়নেতে সরোজনাভ, বরাহ সলিলে।
ভোজনেতে জনার্দ্দন বেদাগমে বলে॥ ৪০
বিপত্তি-উদ্ধারে তুমি শ্রীমধুসূদন।
কাননে নৃসিংহ তুমি বেদের বচন॥ ৪১

ঝিঁঝিট[1]—খং

দেখ দেখ মা দেখ দুর্গে! নীলমণি তোর বনে যায়।
আমি রাখাল-সঙ্গে দিই নাই গোপাল,
দিলাম মা তোর রাঙ্গা পায়॥
দাসীরে করুণা করি, সঙ্কটে দেখ শঙ্করি!
(মাগো) আমি সবে-ধনে পাঠাইলাম বনে,
মা কেবল তোর ভরসায়॥
তারা-হারা হ'য়ে, তারা! সেই বনে নয়নের তারা,
মাগো! তুমি করুণ-নয়নের তারা,
বিতরণ কর বাছায়। (ঘ)

সঁপিয়ে শঙ্করী-পায়, গোপালে বনে বিদায়,
দেন রাণী প্রবোধিয়ে মনে।
শত বার স্তনপান, শত শত চুম্বদান,
দেন ধারা বহে দুনয়নে॥ ৪২

সঙ্গেতে ব্রজ-রাখাল, চলিল নন্দ-দুলাল,
গোপাল লইয়ে ধেনুপাল।
পাইয়া রাখাল-রাজে, রাখালমণ্ডলী-মাঝে,
আনন্দে কেউ নাচে দেয় তাল॥ ৪৩

চলিল গোকুলচন্দ্র, অকলঙ্ক কোটিচন্দ্র
উদয় হইল পথে আসি।
ব্রজরাখালগণ তারা, হইল সকলে তারা,
ঘেরিয়ে নির্ম্মল শ্যামশশী॥ ৪৪

হেথা গোপালেরে দিয়ে বিদায়, যশোদার সমূহ দায়,
ওষ্ঠে প্রাণ কৃষ্ণে না হেরিয়ে।
ক্ষণে ক্ষণে মূর্চ্ছা যায়, ক্ষণেক চৈতন্য পায়,
উঠে নয়নসিন্ধু উথলিয়ে॥ ৪৫

এলোথেলো পাগলিনী, হয়ে এলো নন্দরাণী,
গোপাল নিকটে পুনর্ব্বার।
ওরে কি হইল মোর, কোলে আয় মাখনচোর,
যেওনা বনে জীবন আমার॥ ৪৬

কেমন প্রাণ তোর কাহু, মায়ে ব'ধে চরাবি ধেনু,
আয় রে ঘরে আর যেও না বনে।
না বুঝিয়ে বিদায় দিয়ে, বিদরিয়া যায় হিয়ে,
প্রবোধিয়া রাখ্‌তে নারি মনে॥ ৪৭

খাম্বাজ[1]—খং

বাছা ফের রে নীলমণি! তোর গোষ্ঠে যাওয়া হ'ল না।
তোরে বিদায় দিয়ে, মন মানে ত, নয়ন মানে না।
গোপাল তুই গেলে অন্তরে, "অন্তরে দুঃখের অন্তরে",
যেতে বনে তাইতে তোরে করি রে মানা। (ঙ)

* * *

পাঠান্তর: ১ সুহিনী—খ। ২ ঝিঁঝিট—ক। ৩-৩ অন্তরে দুখ অন্ত রে—ক।

শ্রীকৃষ্ণের গোষ্ঠে গমন ও নারীগণ কর্ত্তৃক তাঁহার রূপ-বর্ণন

যশোদা-নন্দন, মায়ের ক্রন্দন,
শুনিয়া দুঃখে বিভোর।
মা কাঁদেরে ভাই, ও দাদা বলাই
যাওয়া তো হ'ল না মোর॥ ৪০

যদি যাই বন, এখনি জীবন,
ত্যজিবে জননী পাছে।
মায়ে হারাইব, কোথা ননী চাব,
দাঁড়াইব কার কাছে॥ ৪৯

এত বলি হরি, যান ত্বরা করি,
ফিরে জননীর কোলে।
কাঁদিস্ কেন বল্, ব'লে[1] চক্ষের জল,
মুছান ধড়া-অঞ্চলে॥ ৫০

ফিরে যশোদায়, ভুলায়ে মায়ায়,
বিদায় নিলেন হরি।
গোচারণে যান, গোলোক-প্রধান,
গো-রাখাল সঙ্গে করি॥ ৫১

মনোহর সাজ, করি ব্রজরাজ,
নৃত্য করি যায় বনে।
আন্‌তে গিয়ে জল, রমণী সকল,
হেরে শ্যাম নবঘনে॥ ৫২

কক্ষের কলসী, পড়ে খসি খসি,
রক্ষা করে প্রাণপণে।
চক্ষে বারি বহে, বক্ষে নাহি সহে,
পুনঃ সে গৃহ-গমনে॥ ৫৩

হাসুক বিপক্ষে, ভয় কোন পক্ষে,
করে না কুল-কামিনী।
শ্যামের সমক্ষে, দাঁড়াইয়া চক্ষে,
নিরখিছে রূপখানি॥ ৫৪

বলে পরস্পর, প্রেমে হয়ে ভোর,
ঝর ঝর ঝোরে আঁখি।
কি করি গো বল, অঙ্গে নাহি বল,
ও কে মন-চোরা সখি॥ ৫৫

অহং-ঝিঁঝিট[2]—ষৎ

ও কে যায় গো কালো মেঘের বরণ!
কালো রতন রমণী-রঞ্জন॥
মোহন করে মোহন বাঁশী,
বিধুমুখে মৃদু[3] হাসি, সই!
আবার কটাক্ষে চায়, নাচায় দুটি নয়ন-খঞ্জন॥
নিরখে বিদরে প্রাণী, ঘেমেছে চাঁদবদন খানি,
লেগে দারুণ রবির কিরণ গো।
বিধি[4] যদি সদয় হ'তো,
কুলের শঙ্কা না থাকিত, সই!
তবে বসনে ঢাকিতাম গিয়ে ও বিধুবদন॥ (চ)

পাঠান্তর: ১ বহে—খ। ২ ঝিঁঝিট—ক। ৩ মধুর—ক, খ। ৪ আমায়—গ, ঙ।

৫। শ্রীশ্রীকৃষ্ণের গোষ্ঠলীলা

[দ্বিতীয়]

প্রভাতে শ্রীদাম নন্দালয়ে আসিয়া গোষ্ঠে যাইবার জন্য শ্রীকৃষ্ণকে ডাকিতেছেন

গগনে লুকায় তারা সমস্ত, তারাপতি হন অস্ত,
তারা তারা বলে লোক গা তোলে অমনি।
গাভীর গভীর রব, নিশির নাশি গৌরব,
উদয় হইলেন দিনমণি। ১
ঋষি বসিলেন যোগে, গোধন-ধ্বনিতে জাগে,
সেই কালে যত ব্রজ-রাখাল।
সুবল করিল ধ্বনি, সুবলের সুবোল শুনি,
সবে আইল লয়ে ধেনুর পাল। ২
ছিদাম সুবলে বলে, যাবে গোষ্ঠে কার বলে,
রাখালের রাজা কই রে ভাই।
কৃষ্ণ না থাকিলে গোচরে, গোষ্ঠে কি কখন গো চরে,
তোদের অগোচর সেটা নাই। ৩
কাণ্ডারী নাই যে তরীতে, যায় সে তরীতে যে তরিতে,
সে ত্বরিতে[১] তরিতে পারে না।
সেনাপতি বিনা সেনা, যদি করে রণ-বাসনা,
সে সেনাতো ফিরে ঘরে এসে না। ৪
যন্ত্রী নাই যন্ত্র আনা, সেটা কেবল যন্ত্রণা,
গোচারণ-মন্ত্রণা মিছে রে সুবল।
কোথা তোদের ভাই কানাই, যাঁর বীজমন্ত্র মনে নাই
ধ্যান পড়াতে কি ফল আছে বল। ৫
ছিদাম গিয়ে নন্দ ধাম, যশোদায় করি প্রণাম,
গোপাল ব'লে ডাকিছে তখন।
ঐ দেখ উঠেন রবি, আর কেন ভাই শয়নে র'বি,
কখন ভাই গোষ্ঠে যাবি, [২]রাখালের জীবন[২]। ৬

ললিত-ঝিঁঝিট[৩]—একতালা

কানাই! একি ভাই! রইলি প্রভাতে অচৈতন্য।
উঠিল ভানু, ও নীলতনু! যায় না ধেনু বেণু ভিন্ন।
পর ধড়া, মোহন চূড়া, ব্রজের চূড়া, ও নীলবর্ণ!
রাখাল-সাজে, রাখাল-মাঝে, নেচে নেচে চল অরণ্য।
অঞ্জন আঁখি যুগলে, গুঞ্জ-হার পর রে গলে,
কদম্ব-মঞ্জরী পরি, সাজাও যুগল কর্ণ।
[৪]পা তুলে যাও, শীঘ্র সাজাও গোষ্ঠে যাবার রূপ-লাবণ্য!
তোর কালো কায়, দিক অলকায় আর তিলকায় করি চিহ্ন।
সাধ ক'রে তোর সেধে বলি, যখন ক্ষুধায় আমি কালি,
তুই এনে মিলালি, বনমালি! বনে অন্ন।[৪]
একদিন বনে, রাখালগণে, বিষজীবনে জীবনশূন্য।
দিলি জীবন জীবন-কানাই, '[৫]তুলনা নাই গুণে অন্য[৫]'। (ক)

* * *

শ্রীদামের প্রতি যশোদা

ছিদামের রবেতে রাণী, ব্যাকুল হয়ে পরাণী,
করে ধ্বনি করে, করে মানা[৬]।
গত রজনী প্রায় গত, ক'রে গোপাল নিদ্রাগত,
দেখো বাছার কাঁচা ঘুম ভেঙ্গ না। ৭
যেহেতু কালি জাগরণ, শুন তার বিবরণ,
প্রলাপ দেখে গোপাল কত বল্‌লে।
অবোধের নাই কোন ভয়, অপরাধের কথা কয়,
কর্ণে হাত দিতে হয় শুন্‌লে। ৮
বলে ব্রহ্মাণ্ড মোর উদরে, ব্রহ্মা আমাকে সমাদরে,
প্রণাম করে পড়িয়ে ভূতলে।

পাঠান্তর : ১ তরিতে—ক, খ, চ। ২-২ রাখালের গোপালের জীবন—খ। ৩ ললিত ভৈরবো—ক। ৪-৪ খ, চ, ভ পুস্তকে নাই। ৫-৫ তুল্য নাই গুণে তোমা ভিন্ন—খ, চ। ৬ না না—খ।

কাশীপতি মহাকাল, সেতো ভৃত্য চিরকাল,
কালকে আমি লয় করি মা কালে। ৯
ক্ষণেক পরে আবার কাঁদে, বলে, ধরে দে মা চাঁদে,
আমি বলিলাম, ওরে অবোধ-সিন্ধু !
চাঁদ ধরে বাপ্ কোন্ জনে, রবি রয় লক্ষ যোজনে,
দ্বিলক্ষ যোজনে থাকেন ইন্দু। ১০
শুনে গোপাল হাস্য করে, বলে আমি তো রে বেঁধে করে,
এনে দিতে পারি শম্বরে, সুধাকর কোন্ মাছি।
তোমার কুমার হই মা আমি, আমার মা হয়ে তুমি,
চাঁদ ধরিতে পার না তুমি ছিছি। ১১
আমার কাছে লও মা বর, বাড়িয়ে কর সুধাকর,
ধরিবে আমার বরে।
বর দিতে চায় গোপাল আমাকে,
ছেলেতে কি এই বলে মাকে,
এই উপদ্রব বাতিকেতে করে। ১২

---

[১]ঝিঁঝিট—একতালা[১]

যত বলি রে গোপাল চাঁদকে ধরবো কেমনে।
গোপাল বলে মাগো, বর মাগো,
আমার বরে করে চাঁদকে ধরে বামনে।
বুঝিলাম বাছার বাতিক হয়েছে রে কষ্টে,
প্রাণ থাকিতে কৃষ্ণে, পাঠাব না গোষ্ঠে,
আর পুনর্ব্বার,—দুধের বালক আমার, (ছিদাম রে)
[২]এত কেন, পরিশ্রম সবে বাছার।[২]
ভ্রম হয়েছে রে বন-ভ্রমণে। (খ)
ওরে শ্রীদাম কথা শুন, মায়ের হুতাশ বিনাশন,
কর রে প্রাণ-পুত্র।
তুই আমার জীবন-কানাই, জীবনেতে ভিন্ন নাই,
সবে জানে দেহ ভিন্ন মাত্র। ১৩

কালি গোপাল হয়ে বিভোল, বলেছে কুবোল, সুবল!
শুনেছি নিজ কর্ণে।
ওরে ছিদাম অমঙ্গল, দেখেছে মধুমঙ্গল,
আজি গোপাল পাঠাব না অরণ্যে। ১৪
বলাইকে তো বলা-ই আছে, বলাই অঙ্গীকার করেছে,
বলভদ্র ভদ্র বটে শিশু বিদ্যমানে।
কৌশল্যার যেমন রাম, তেমনি আমার বলরাম,
ধাতার কথার অপেক্ষায় মাতার কথা শুনে। ১৫
গোপাল আমার প্রাণাধিক, তোর শুনেছি ততোধিক
অধিক বলা তোরে কেবল ভ্রম।
এক দিন নিতান্ত পরে, অনুরোধ করলে পরে,
পরেও ভোগে পরের পরিশ্রম। ১৬

ললিত[৩]—একতালা[৪]

(আমার) এই কথাটী পাল, আজি রেখে গোপাল,
গোপালের গোপাল ল'য়ে যা ছিদাম।
(ওরে) কাঁচা ঘুমে আমার, উঠিলে অবোধ-কুমার,
ক্ষীর দিলেও হবেনা আঁখির জল-বিরাম।
যায় না ধেনু শীঘ্র গোপাল না গেলে পর,
গোপালের মাথার চূড়া মাথায় পর,
ধর মুরলী ধর, তুই মুরলীধর হয়ে যা রে,—
বাছার মত যাবি আর বাজাবি অভিরাম[৫]।
গোপাল-বেশে হও রে গোপালে প্রবেশ,
সাজিবে তোকে বেশ, প্রাণ-গোপালের বেশ,
তুই বাজালে বেণু, অমনি ফিরিবে ধেনু, তার[৬]কি ভয় রে,[৬]
ধেনু চিনিবে না রে ছিদাম, ছিদাম কি তুই শ্যাম। (গ)

* * *

শ্যামের বেশে শ্রীদামের গোষ্ঠে গমন

যশোদার অনুরোধ, না পারিয়ে ক'রতে রোধ,
ছিদাম শ্যামের সজ্জা করে।

পাঠান্তর : ১-১ আলিয়া—আড়া—চ। ২-২ অনিবার পরিশ্রম—ক। ৩ খাম্বাজ—খ, চ, ড; ললিত-বিভাস—ক। ৪ ঝং—খ, চ, ড। ৫ অবিরাম—ক, খ। ৬-৬ মনা নাই আ—ক।

ধন্য দেয় স্বর্গবাসীরে, ছিলাম যখন শিরে,
জগতের চূড়ার চূড়াটী মাথায় পরে ॥ ১৭

যতনে মুরলীকরের, মুরলিটী লয়ে করে,
গমন করে গোষ্ঠে ধেনু লয়ে।
ধেনু তৃণ নাহি খায়, হাম্বারবে ঊর্দ্ধে চায়,
যায় যায় চায় সবে ফিরিয়ে ॥ ১৮

দেখিয়া রাখালগণ সবে সবিস্ময় মন,
ধেনুগণে চিন্তিত দেখিয়ে।
হেথায় হয়ে সচেতন, উঠিলেন নীলরতন,
ডাকিছেন মা কোথায় বলিয়ে ॥ ১৯

জগৎ-জনক-জননী, যশোদা লয়ে ননী,
দ্রুতগতি দেয় চাঁদবদনে।
কোলে করি নীলকান্তে, বলে রাণী কাঁদ্‌তে কাঁদ্‌তে,
আর তোরে দিবনা গোপাল বনে ॥ ২০

আছে ধন আছে সাধ্য, এমন জনের বিদ্যা সাধ্য,
হবেনা বাছা এ যে দুঃখ বড়।
তোরে আমি পড়াব ধন, ক'রে বিদ্যা-আরাধন,
তুমি আমার কুলের যাজন কর ॥ ২১

হয়ে বাছা বিদ্যাবন্ত, স্বর্ণে জড়িত গজদন্ত,
তুমি আমার হও রে নীলমণি!
ধনের সঙ্গে বিদ্যা-ধন, যদি হয় রে প্রাণধন,
ওরে গোপাল সেই ধনেরি ধনী ॥ ২২

গোকুলে আছে বিদ্যালয়, যথা দ্বিজবালক বিদ্যা লয়,
শিক্ষা-গুরু তথায় ব্রাহ্মণ।
ডাকাইয়া পত্রপাঠ, দিতে নিজ পুত্রে পাঠ,
যতনে যশোদা রাণী কন ॥ ২৩

যদি চাও কৃপা-নয়নে, অদ্য হতে অধ্যয়নে,
দিই তব নিকটে প্রাণকৃষ্ণ।
আমার এই নীলরত্ন, পড়ে[১] যদি বিদ্যারত্ন,
দিব বস্ত্র তোমার যে ইষ্ট ॥ ২৪

দ্বিজ বলে শুভ শুভ, অদ্যকার দিন শুভ,
হাতে খড়ি এখনি হাতে হাতে।[২]
ধন্য নন্দ-ভার্য্যায়, ব'লে দ্বিজ লয়ে যায়,
ভবনেতে ভুবনের মাথে ॥ ২৫

* * *

শ্রীকৃষ্ণের হাতেখড়ি

দ্বিজ লয়ে হাতে খড়ি, অবধি গণেশ আঁকুড়ি,
ষড়াক্ষর লিখে দেয় ভূমিতে।
বলেন ওরে ঘনশ্যাম, সরস্বতীকে কর প্রণাম,
শুনে হরি ভাবিছেন চিত্তে ॥ ২৬

সরস্বতী যে মম নারী, প্রণাম করিতে নারি,
নরলোকে কেউ জেনেও জানে না।
হেসে উঠিবে চতুর্ম্মুখ, পঞ্চমুখের কাছে মুখ,
কোন্ মুখে দেখাব এই ভাবনা ॥ ২৭

নারদ দেশটা রটাবে, অনেকের ভক্তি চটাবে,
লুকাই কিরূপ চন্দ্র সূর্য্য সাক্ষী।
লক্ষ্মী করেন চরণ-সেবা, না জানি কি বলিবে সে বা,
চলিবে না আর ভক্তি-পথে লক্ষ্মী ॥ ২৮

দ্বিজ বলেন বারে বারে, বাণীকে প্রণাম করিবারে,
অবাক্ হয়ে দাঁড়িয়ে আছেন হরি।
দ্বিজ ভাবেন "এ কি দায়", তখনি ডাকি যশোদায়,
বলিতে লাগিল উষ্মা করি ॥ ২৯

মোর বুদ্ধির বড় বিকার, গোপের ছেলেকে শিখাতে স্বীকার
করেছি আমি, ধিক্ থাকুক আমায়।
তোমার জেতের লেখাপড়া, হ'লে বেদের লেখা-পড়া,
সে সব কথা মিথ্যা হয়ে যায় ॥ ৩০

শীঘ্র ছেলেকে ক'রে কোলে, গরু-চরাণে গুরুর টোলে
সুরু করে দাওগে জেতের পুঁথি।

পাঠান্তর: ১ পায়—ক। ২ অতিরিক্ত চরণ:—রাণীর মন বড় ব্যস্ত অমনি হলেন তটস্থ খড়ি দিতে কুমার কৃষ্ণের হাতে—ক।
৩-৩ কি বিষম দায়—চ।

বক্তে বক্তে মাথা ধরায়, তবু দিল না মাথা ধরায়,
প্রণাম করিতে সরস্বতী ॥ ৩১
শুনে কথা অযশ অতি, যশোমতি বিরসমতি,
যতনে সুধান নীলরতনে।
অভাগিনীর একি কপাল, সে কিরে সে কিরে গোপাল,
মনে ব্যথা পাই রে কথা শুনে ॥ ৩২

সুরট[১]—একতালা

গোপাল! প্রণাম কর রে বাণী।
(ও নীলমণি রে) কি শুনিরে বাণী!
বেদের এই ত বাণী,—বেদ কি জান না
ওরে অবোধ গোপাল,—
[২]ওরে বাণী ভিন্ন ভেদ নন ভবানী[২]॥
বাছা বাণী কর্‌লে ক্রোধ, হয় রে কণ্ঠরোধ,
বাছা, কার সনে বিরোধ কাঁপে পরাণী ॥ (ঘ)

* * *

শ্রীকৃষ্ণহীন গোষ্ঠ

হেথায় ছিদাম মুরলীকরের, মুরলীটী লয়ে করে,
গমন করেন ধেনু লয়ে বিপিনে।
ছিদাম যখন অধরে, বংশীধরের বংশী ধরে,
বাজে না বাঁশী ছিদামের বদনে ॥৩৩
দুঃখে যেন তৃণ হেন, গাভীগণ খায় না তৃণ,
সকলে আছে হয়ে উৰ্দ্ধমুখ।
ছিদাম বলে ওরে সুবল, বাঁশী কেন বলে না বোল,
ওরে ভাই এ বড় কৌতুক ॥ ৩৪
এই বাঁশী তো বাজায় কালা, আজি কেন ভাই হলো কালা
আজি আমি একি জ্বালা পাই।
আছে যেমন বাঁশী তেম্‌নি ছিদ্র, বাজেনা, ইহার অছিদ্র,
আমি কিছু করিতে নারি ভাই ॥ ৩৫

* * *

নন্দের নিকট রাখালগণের আগমন

বেণু বিনে ধেনু না চরে, গেলে যশোদা-গোচরে,
মা তো বিচার করিবে না বিহিত।
এত বলি রাখাল সব, গোষ্ঠে আনিতে কেশব,
নন্দের নিকটে উপনীত ॥ ৩৬
নন্দ শুনে রাখাল-মুখে, গিয়ে যশোদা-সম্মুখে,
বলে একি খেলিছ নূতন খেলা।
কেন কেন রে কানাই, বনে পাঠান হয় নাই,
গোধন ম'ল গেল গোঠের বেলা ॥ ৩৭

সুরট—তেতালা

নন্দ হে! মরি মনের বেদনে।
হর-সাধনে, পেলাম যে ধনে,
যাবে কিধন-অভাবে আমার এ ধন লয়ে গোধনে॥
ওহে ধনপতির তুল্য ধন, তবু না যায় ধন-ধন,
ধনে কি হইবে আমি পাইনে ভেবে মনে॥
আগে অভাবে এই জীবন-ধন, বিফল হয়েছিল ধন,
উভয়ে থাকিতাম অধোবদনে।
সদা এই ধন, জন্তেতে রোদন,
প্রাপ্ত হয়েছ যে ধন, মুক্ত হয়েছ ভব-বন্ধনে॥ (ঙ)

* * *

নন্দ-যশোদার কথোপকথন

মিথ্যা পেয়েছিলে অর্থ, অর্থে কি হয় তার অর্থ,
বুঝিতে নারিলে ভ্রান্ত পতি!
অহিকে অর্থ সুখের তরে, অর্থগুণে অন্তে তরে,
যদি বিতরে দীন প্রতি ॥ ৩৮
ধেনুপাল নব লক্ষ, একটী গোপাল উপলক্ষ,
এম্‌নি গ্রহ বিগুণ।

পাঠান্তর: ১ ঝিঁঝিট খাম্বাজ—ক। ২-২ বাণীতে তো ভেদ নন ভবযানী—চ।

সাধের গোপাল দুধের কুমার, ধেনু চরাবে ছিছি আমার,
এমন ধনের কপালে আগুন। ৩৯
এক তিল নাই সাধ বাঁচিতে, চিতের মতন জলিছে চিতে,
ঘোল বেচিতে হয় আমাকে নিত্য।
দেশের যত ভদ্রগণে, তোমাকে কে মানুষ গণে,
মানুষের মতন আছে কি কৃত্য। ৪০
তোমার আজ্ঞা নড়াব, আমি গোপালকে পড়াব,
ধেনু চরাণ ছাড়াব প্রতিজ্ঞে।
তোমার যেমন পোড়া-কপাল,
পরনে নেক্ড়া, চরাও গোপাল,
আর শুনিব না তোমার আজ্ঞে। ৪১
নন্দ বলে ক্ষমা দেহ, বর্ত্তমানে এই দেহ,
বাক্যবাণ আর না পারি সহিতে।
রাগে আমি হয়েছি পক, করিব কি যে সম্পর্ক,
সাধ্য নাই উচিত উত্তর দিতে। ৪২
তুমি হচ্ছ আমার নারী, বাবাকে পারি, নারীকে নারি,
[1]নারীরা যে পারে শক্ত নাচাতে।
বিচ্ছেদের বাড়ে ভ্রুকুটি, পিরীতের ছয় মাস ছুটী,
পাকা ঘুটী নাহক পার কাঁচাতে। ৪৩

(কিন্তু কিঞ্চিৎ বলি)

গোপের রমণী মানায় না ত, মানসিংহের নারীর মত,
মানের কান্না কাঁদিলে ত চলিবে না।
মিছে গোল[2] অমঙ্গল, বেচো ঘোল বেচিবে ঘোল,
তোমার মাথা মুড়িয়ে ঘোল তাতো কেহ ঢালিবে না।
গোপালকে তুমি পড়াবে, ঘরের লক্ষ্মী ছাড়াবে,
মহাজনের পথে দিয়ে কাঁটা।
সর্ব্বনাশ করো না সতি! আর এনো না সরস্বতী,
গোপালকে লিখিতে যেতে দিও না, জেতে দিওনা বাটা। ৪৫
যশোদা বলে বিদ্যাহীন, সকলেরি মান্যহীন,
মূর্খের যদি লক্ষ টাকা ঘটে।
ঘটে বস্তু না দেখিয়ে, চক্ষেতে অঙ্গুলি দিয়ে,
মূর্খের ধন ভুলিয়ে খায় শঠে। ৪৬
দিচ্ছ উট্‌না, বেচ্ছ ক্ষীর, মূর্খ দেখে তোমার আখির,
মধ্যে অঙ্গুলি দিয়ে কত জনা।
ক'রে লয় হিসাবের ভুল, কারো কাছে বা হারাও মূল,
দয়া ক'রে দেয় দুই এক আনা। ৪৭
নন্দ বলে লোকের ভুল, গোয়ালার করে হিসাব ভুল,
কেহ বা বলে বেটাকে দিয়েছি ফাঁকি।
গোয়ালার কাছে সবাই ঋণী, হাঁড়িতে পুরে পুষ্করিণী,
তামাম জল দুধ কই রাখি। ৪৮
যদি কারো বায়না পাই, টাকাটায় বড় চৌদ্দ পাই,
হিসাবে যত পাই না পাই, তাতে শোক করিনে।
যদি কেউ খায় দুধে-বড়ি, তার ঠাঁই লই দ্বিগুণ কড়ি,
দ্বিগুণ ক'রে জল দিতে ছাড়িনে। ৪৯

পিলু খাম্বাজ[3]—পোস্তা

স্থূলে ভুল আমরা করি, এমন ভুলতো কেউ করে না।
হলাম্ গোকুলে রাজা,
দিয়ে ঘোলে গোঁজা তাও জান না।
অপ্নে যদি[4] ভুল করে তায় অঙ্গ জলেনা।
আমাদের জলে কড়ি,
না হয় জলে '[5]প'ড়্‌বে দুই চার আনা[5]'। (চ)

নন্দ বলে যায় বেলা হে এই বেলা যাও।
রাখিতে ধেনু রাখালগণে কেন আর মজাও। ৫০
গোষ্ঠবেশে গোপালেরে সাজাও সাজাও।
বাক্যে কোন্দল বাক্যে কথা কেন আর বাজাও। ৫১
ত্যজি পতির অনুমতি, যশোমতী অবশ অতি,
"[6]হবে সেই দায়"।
স্বীকার হন কৃষ্ণে দিতে, দায়ে প'ড়ে বিদায়। ৫২

পাঠান্তর: ১ অধিক পদ: আপনি জানায় আপনারি—চ: আপনি জানায় নারী—ক। ২ গোপ—খ,চ। ৩ খুরট—খ, চ।
৪ আমাদের যে—খ, চ। ৫-৫ পড়ল দুই এক আনা—খ, চ। ৬ হবে না সেই দায়—খ, চ।

মোহন চূড়া দিয়ে সাজান গোলোক-পতির শির।
ধড়া পরাতে চক্ষে ধরে না রাণীর নীর ॥ ৫৩
সাজান বিচিত্র করি নানা অলঙ্কারে কায়।
স্বর্ণ-নূপুর পরান রাণী মরি কি শোভা পায় পায় ॥ ৫৪
নন্দরাণী নন্দনে সাজান গোষ্ঠবেশে বেশ[১]।
রক্তে বন্ধন করে দিল বিনায়ে হৃষীকেশ-কেশ ॥ ৫৫
মানসে রাণী কেঁদে বলে, নিবেদন শঙ্করি! করি।
জীব কেমনে, দিয়ে বনে, জীবন পরিহরি হরি ॥ ৫৬
কিছু মানে না, অতি অবোধ আমার নয়নতারা, তারা!
অনাসে সঙ্কটে পড়ে জ্ঞান-ধন হারা হারা ॥ ৫৭
ধরাধর মোর কিছু ধরে না অনাসে বিষধরে ধরে।
কখন কি অবোধ করে, ধরে বৈশ্বানরে নরে ॥ ৫৮
ব্রজালয়ে [২]এসো অবশ্য[২] আমার শিশুরে শূরে।
তব চরণবলে দিই মা প্রাণ-যাদুরে দূরে ॥ ৫৯

ঝিঁঝিট[৩]—একতালা

আমার জীবনের জীবন যায় বন, ভুবন-জননি!
শত্রু পায় পায়, রেখো মা ও পায়,
বনে গোপাল যেন পায় মা প্রাণী ॥
প্রচণ্ড তপনতাপে ঘামিলে মুখ, যদি দুর্গে!
আমার দুধের গোপাল দুঃখ পায়,—বলি পায়,
প্রকাশিয়ে দয়া, (ওমা তারিণি) ও যোগীন্দ্র-জায়া!
চরণ-কল্পতরু-ছায়া, দিও অমনি ॥ (ছ)

অধরে অঞ্চলে ক্ষীর, বেঁধে দিয়ে কমল-আঁখির
পাগলিনীর প্রায় যুগল আঁখির, জলে ভাসিল রাণী।
হৃদয়ের সুধাকরে, দিল বলরামের করে,
রাণী সমর্পণ করে, বলে দহে পরাণী ॥ ৬০

নানা শত্রু বনচর, তায় কুবংশ কংসের চর,
নয়নের অগোচর, করোনা গোপালে।
প্রচণ্ড উঠিলে রবি, নিকটে রেখ সুরভী,
গোপালকে লয়ে রবি, তরুবর-তলে ॥ ৬১

তোরই ভরসা সমুদায়, বনে কৃষ্ণ দিয়ে বিদায়,
প্রণাম ক'রে যশোদায়, চলে সর্ব্ব জনে।
মণ্ডলী রাখালগণ, মাঝে নন্দের নন্দন,
নৃত্য করি নিত্যধন, যান গোধন-সনে ॥ ৬২

* * *

শ্রীকৃষ্ণের শ্রীপাদপদ্মে কণ্টক-বিদ্ধ

ত্যজে গোধন-মণ্ডলী, এক[৪] চঞ্চল ধবলী,
গহন বন যায় চলি, ঊর্দ্ধ পুচ্ছ করি।
অমনি গোলোকের প্রধান, অশেষ গুণ-সন্নিধান,
গাভী ফিরাইতে যান, যষ্টি হস্তে করি ॥ ৬৩

কুপথে চরণ-পদ্ম দিতে চরণ হলো বদ্ধ,
ঊর্দ্ধ করি করপদ্ম, ডাকেন রাখালে।
ভাই রে! পড়েছি বিপদে, কণ্টক বিঁধিল পদে,
আজি বিপদ পদে পদে, কাঁদি যাত্রা-ফলে ॥ ৬৪

ছিদাম গিয়ে দ্রুতপায়, পায়ে কণ্টক দেখ্‌তে পায়,
হৃদে ব্রহ্মজ্ঞান পায়, পদ-দরশনে।
কহিছে চরণ ধরি, কেমনে কণ্টক বারি করি,
এতো শরণ লয়েছে চরণে ॥ ৬৫

এ পদে ভুবনের সব, [৫]শরণ লয় হে কেশব[৫]!
জগতেরি উৎসব, প্রবেশিতে ঐ পায়।
তুমি বেদনা বল পদে, ভুবন প'ড়ে বিপদে,
[৬]লয় শরণ পদে পদে, জীবের ঐ পদ উপায়[৬] ॥ ৬৬

পাঠান্তর: ১ গোষ্ঠ বেশাবেশ—খ, চ। ২-২ ধরতে এসে—ক। ৩ আলিয়া—খ, চ। ৪ এ কে—খ, চ।
৫-৫ কেমনে কণ্টক হে কেশব—খ, চ। ৬-৬ পদে পদে কলঙ্ক তোমার পদের পদ উপায়—খ, চ।

[১]ইমন—ঝাঁপতাল[১]

কানাই রে! তুই নস্ মানুষ।
জ্ঞান হয় রে তুই পরম পুরুষ।
তুই যদি মানুষ রে কেশব, কোথা পেলি চিহ্ন এ সব,
[২]ভৃগুমুনির পদ[২], পদে ধ্বজবজ্রাঙ্কুশ।

দাশরথির চক্ষে বারি,
[৩]কেন রে বিপদ-নিবারি[৩]!

তোর মায়া ভাই বুঝিতে নারি,
তুই '[৪]বিষ কি পীযূষ[৪]'। (জ)

৬। শ্রীকৃষ্ণের গোষ্ঠলীলা ও কালীয়দমন

[তৃতীয়]

গোষ্ঠে যাইবার জন্য রাখালগণ
শ্রীকৃষ্ণকে ডাকিতেছেন

ভূভার-হরণ জন্য, গোলোকধাম করি শূন্য,
হয়ে অবতীর্ণ ব্রজধামে।
ত্রেতার নাশিতে কষ্ট, দুরদৃষ্টহারী কৃষ্ণ,
হ'য়ে কনিষ্ঠ করেন কনিষ্ঠে জ্যেষ্ঠ বলরামে। ১
সদা বলরামের আজ্ঞাকারী, গোকুলের হিতকারী,
অন্য কার নন অনুগত।
বৃদ্ধি হন নন্দালয়ে, গোপাল গো-পাল লয়ে,
ব্রজরাখাল সঙ্গে লয়ে, লীলা করেন কত। ২
ভবদুঃখ-নিবারণ, '[৫]করেন দুঃখ নিবারণ[৫]',
গোপ-গোপিনীগণের।
সঙ্গে সঙ্গে দাদা রাম, গোষ্ঠে ভ্রমেন অবিরাম,
রাখালমাঝে ঘনশ্যাম, নাই কষ্ট মনের। ৩
যে রূপে কালীয়দমন, করিলেন শমন-দমন,
শ্রবণ কর শ্রবণ-কুহরে।
এক দিন রাখালগণে, প্রত্যূষে নন্দাঙ্গনে,
ডাক্‌চে তারা ঘনে ঘনে, ঘন-বরণেরে। ৪

শ্রীদাম ডাকিছে হয়ে কাতর, একি ভাই নিদ্রে তোর,
হয়েছে যে গোষ্ঠে যাবার বেলা।
ধেনু আছে সব উর্দ্ধমুখে, না শুনে বেণু ও চাঁদমুখে,
উঠ্ ভাই কেন করিস্ আর ছলা। ৫
আরো কি নিদ্রায় রবি, মস্তকে উঠেছে রবি,
তুই যদি ভাই রবি অমন করে।
দাও নাই সুধালে কথায় উত্তর, পূর্ব্ব পশ্চিম দক্ষিণ উত্তর,
জ্ঞান নাই যাদের, তাদের সঙ্গে কি এমন করে। ৬

---

[৬]ললিত—একতালা[৬]

আয় রে গোষ্ঠে যাই রে কানাই!
গগনে উঠেছে ভানু।
চঞ্চল চরণে চল, ভাই! চঞ্চল হয়েছে ধেনু।
অঞ্চল ছাড়িয়ে মায়ের, শিরে পর মোহন চূড়া,
মুরলীধর! মুরলী ধর, কটিতে পর পীত ধড়া,
অলকা-তিলক '[৭]অঙ্গে পর[৭]' নীলতনু। (ক)

* * *

পাঠান্তর: ১-১ ঝিঁ ঝিঁট—একতালা—ক। ২-২ ভৃগু-চরণ হৃদে—খ, চ, ড। ৩-৩ বল হে বিনোদবিহারী—খ, চ, ড। ৪-৪ বিষে হও পীযূষ—খ, চ, ড। ৫-৫ মনোদুঃখ নিবারণ করিছেন—খ, ট। ৬-৬ বিভাস—ঝাঁপতাল—ক। ৭-৭ বুকে হবে—খ, ট, ড।

শ্রীকৃষ্ণের গোষ্ঠে যাত্রা

হেথায়, নিদ্রা ভাঙ্গি যশোদার, গমন যথা বহির্বার,
শতধার নয়নযুগলে।
হৃদয়ে হয়ে কাতরা, বলে আজ গোষ্ঠে যা বাপ তোরা,
রেখে আজ গোপালে ॥ ৭

আমি যদি সে কথা স্মরিরে, বল্ থাকে না শরীরে,
মরি মরি মরি রে বাছা! গত নিশির শেষে।
তা করিতে নারি উচ্চারণ, কাজ নাই আমার গোচারণ,
এমন সময় শ্যামবরণ রাণীর কাছে এসে ॥ ৮

হয়ে অতি চঞ্চল, মায়ের ধরি অঞ্চল,
আঁখি দুটি ছলছল, কমল-কর পাতিয়ে।
ঘন ঘন চান্ নবনী, রাণীর নয়ন-নীরে ভাসে অবনী,
নিরখিয়ে চিন্তামণি, মায়ায় ভুলান মায়ে ॥ ৯

যার মায়ায় সংসার ভুলে, ভব সদা রন বিহ্বলে,
বাধ্য হয়ে আছেন পদ্মযোনি।
মুগ্ধ এতে সুরমণি যোগী ঋষি শুক-মুনি,
কত মুগ্ধ হয়েছিলেন নারদ-মুনি, ঝিনি ॥ ১০

তদন্তর শুন শ্রবণে, কোলে লয়ে ভুবন-জীবনে,
রাণী গিয়ে ভবনেতে উঠে।
অঞ্চলে জল মুছায়ে আঁখির, করে দিয়ে সর ক্ষীর,
পীতধড়া পরায় কটিতটে ॥ ১১

কিবা সাজিছেন ভুবনের চূড়া, করে বাঁশী শিরে চূড়া,
কদম্ব-মঞ্জরী কর্ণে, গলে বনমালা।
ভুত্তা যার ত্রিপুরে, শোভা পায় পায় নূপুরে,
[১]আসিয়ে হরি ব্রজপুরে[১], রূপে করেছে আলা ॥ ১২

যেখানে শ্রীদামাদি রাখালসব, মধ্যে আসি দাঁড়ান কেশব,
গোপাল সব গোপাল নিরখিয়ে।
ঊর্দ্ধমুখে করিছে ধ্বনি, এমন সময় এক দ্বিজরমণী,
নিরখিয়ে চিন্তামণি, কয় ইষ্ট ভাবে ॥ ১৩

আলেয়া—একতালা[২]

মরি কি শোভা কালবরণ!
জিনি নীলকান্ত মণি, ও নীলকান্তমণি,
সুরমণির শিরোমণি চিন্তামণি,—
ব্রজের রমণী ভাবেন যায় চিন্তামণির শ্রীচরণ ॥

অলকা-তিলকাযুক্ত জলদকায়,
ভক্তগণ-মাঝে যেরূপ ব্যক্ত পায়,
ভেবে ভেবে জীবে পায় মুক্ত কায়,
হয় স্বকায়[৩] স্বর্গে গমন ॥ (খ)

এইরূপ দ্বিজ-রমণী, বলে ইষ্ট ভাবে,—রাণী,
[৪]কৃষ্ণে বাৎসল্য ভাবে তাচ্ছল্য ভাবেতে[৪] কত বলে।
তুমি মুনির মনোরমা, আশীর্ব্বাদ কর গো মা,
গোষ্ঠে গোপাল লয়ে যায় গো-পালে ॥ ১৪

যেন বিপদ ঘটে না আমার, শুনে না কথা অবোধ কুমার,
পদধূলি দাও তোমার, দাসীপুত্র-শিরে।
রাণী এইরূপ মিনতি ভাষে, আর নয়ন-জলে ভাসে,
কৃষ্ণের প্রতি কাতর ভাষে, দিল রাখি বন্ধন ক'রে ॥ ১৫

হরি যান গোষ্ঠে বাজায়ে বেণু, ভানু-কন্যের তীরে কানু,
লয়ে ধেনু রাখালগণ সঙ্গে।
ছিদামাদি রাখাল সব, বেষ্টিত তার মধ্যে কেশব,
নাচে গায় আছে রঙ্গে ভঙ্গে ॥ ১৬

* * *

কৃষ্ণবিরহে কাতরা শ্রীরাধিকাকে কুটিলার ভর্ৎসনা

হেথায় শুনে রব বাঁশরীর, মত্ত মন কিশোরীর,
অবশে আবেশ শরীর, শ্যাম-শরীর নিরখিতে।
ডাকেন কোথা আয় লো বৃন্দে, পরিহরি কুল-নিন্দে,
যান হেরিতে প্রাণ-গোবিন্দে, পারেন না গৃহে থাকিতে ॥ ১৭

পাঠান্তর: ১-১ মরি মরি ত্রিপুরে—খ, ট। ২ ভৈরবী—ঠেকা—খ, ট, ড। ৩-সকায়—ক। ৪-৪ কৃষ্ণে বাৎসল্য ভাবেতে—খ, ট।

অমনি হেরিয়ে কুটিলের মুখ, মলিন হল চন্দ্রমুখ,
বলেন হরি আমায় বৈমুখ, করি অধোমুখ মহীতে।
কুটিলে কয় করি দুর্ম্মুখ, ধিক্ লো ধিক্ কালামুখ,
হলো না দেখা কালার মুখ, যেতেছিলি হয়ে মোহিতে ॥১৮

কেন করে রয়েছিস্ অধোমুখ, দিয়ে করে অধোমুখ,
ইচ্ছা হয় না দেখাই মুখ, পারিনে আর সহিতে।
শুনে কালার বাঁশীর রব, ত্যজিয়ে কুল-গৌরব,
কলঙ্কের সৌরভ, ধরে না আর মহীতে। ১৯

শুনি সুর-নর-বন্দিনী, কহিছেন রাই বিনোদিনী,
কলঙ্কী কও ননদিনি! এতে কি কলঙ্ক।
চিন্‌বি কেন ও পাপ চক্ষে, হরের বক্ষের ধন কমলাক্ষে,
সাধ করি সদা হেরিতে চক্ষে, শ্যামশশী অকলঙ্ক। ২০

কত অসাধ্য সাধন, করেছেন কৃষ্ণধন,
করাঙ্গুলে-গোবর্দ্ধন, ধরে কোন্ বালকে।
দেখেছ কোথাকার শিশুরে, অঘা বকা বৎসাসুরে,
পুতনায় বিনাশ করে, কার শিশু ভূলোকে। ২১

হরিরে সামান্য গণে, ধরায় যত সামান্যগণে,
মুনিগণে ঐ চরণ আরাধে।
ব্রহ্মা সদা ব্রহ্মভাবে, মোক্ষ হয় সখ্যভাবে,
যে বৈরিভাব ভাবে, ভবে সেই পড়ে অপরাধে। ২২

---

[1]সিন্ধু ভৈরবী—একতালা[1]

না ভাবনা করিলে সখি, লাভ হবে না কৃষ্ণধন।
[2]ভাব না করিলে ভবে, ভাবনা হবে না বারণ ॥[2]
ত্যজ না রে অনিত্য ধন, পেয়ে ত্যজ না ও নিত্যধন,
ভজ না যে রাখে গোধন, যে করে করে[3] গোবর্দ্ধন,
যে চরণ সাদরে বলি, শিরে করে ধারণ। (প)

শুনে রাধার বোলে, কুটিলে বলে,
ঐ বুঝি সেই হরি।
তোদের প্রেমে মজে, এসেছেন ব্রজে
গোলোক পরিহরি। ২৩
যারে চতুর্ম্মুখ চতুর্ম্মুখে স্তুতি পাঠ করে।
ত্যজিয়ে গোলোকে, আসি সে ভূলোকে,
অপকীর্ত্তি করে। ২৪
অনন্ত ফণীতে সুরমুনিতে, করে যাঁর আরাধা।
আসি অবনীতে ননীতে কি হয়ে থাকেন বাধ্য।
স্বয়ং লক্ষ্মী বাক্‌বাণী ঘরে যাঁর দুই নারী।
সেই হরি কি পর-বনিতে কখন করে চুরি। ২৬
ত্রিনেত্র ত্রিনেত্র মুদে যাঁরে সাধন করে।
সেও কখন গোপ-বনিতের সঙ্গে সঙ্গে ফেরে। ২৭
সুরাসুর নর কিন্নরের তিনি যদি [4]শ্রেষ্ঠ।
ইষ্ট[4] হলে তিনি কখন খান রাখালের উচ্ছিষ্ট। ২৮
নন্দের বাধা বয় লো রাধা কি পোড়া অদৃষ্ট।
যিনি গোলোকে, তাকে ত্রিলোকে,
বল্ কে করে দৃষ্ট। ২৯
তিনি যোগীর অদর্শন, করে সুদর্শন,
আসন গরুড়-পৃষ্ঠ।
এ ননীর তরে, ঘরে ঘরে ঘুরে মরে কি পাপিষ্ঠ। ৩০
তারে পায় না দেবে, মহাদেবে মূলের লিখন স্পষ্ট।
তাই কালামুখি! কালাকে ভেবে ধর্ম্ম কর্‌লি নষ্ট। ৩১
জ্ঞানীর বচন মিথ্যা নয়, শুনা আছে স্পষ্ট।
যার সঙ্গে যার মজে মন, সেই তখন তার ইষ্ট। ৩২

আলিয়া[5]—মধ্যমান

শুনি কি কলঙ্ক গোকুলে ধনি!
ধিক্ ধিক্ লো বৃকভানু-নন্দিনি!
লয়ে সাজিয়ে সঙ্গে রঙ্গে যত সঙ্গিনী।

পাঠান্তর: ১-১ সিন্ধু খাম্বাজ—পোস্তা—ক। ২-২ ভাবনা করিলে ভবে ভাবনা হবে বারণ—ক। ৩ ধরে—ক। ৪-৪ শ্রেষ্ঠ মিষ্ট. খ; মিষ্ট—ট। ৫ ঝিঁঝিট—ক।

ছলে কালিন্দীর কূলে কুল হারালি গিয়ে,
শুনি সে কালার বংশীর ধ্বনি,
(হয়ে) কুলাঙ্গনা অঙ্গনে না কর বাস,
রাখাল-সঙ্গে বনে বাস,
পূজা করিবারে কালী, গিয়ে মাখালি কুলে কালী,
বসন হরি, হরি করিল উলঙ্গিনী। (খ)

শুনি বৃকভানু-নন্দিনী, সুরবর-বন্দিনী,
বলেন ওলো ননদিনি! ধিক্ লো ধিক্ তোকে।
সাধে কি লো নিন্দে কিনি, জন্মে যাতে মন্দাকিনী,
রেখেছি সেই চরণ কিনি, হৃদয়-পয়োপরে। ৩৩

কাজ কি আমার গোকুল, কাজ কি আমার গো কুল!
আমি ত সঁপেছি কুল, অকূল-কাণ্ডারীর করে।
হরি যারে প্রতিকূল, আর তার প্রতি কূল,
কে দেয় হয়ে অনুকূল, এ তিন সংসারে। ৩৪

তুই ভাবিস বিষ-স্বরূপ, তিনি ঐ বিশ্বরূপ,
তাই শ্যামের বিষস্বরূপ, হয়ে রৈলি ব্রজে।
অতুল্য ধন ত্যাগ করিলি, হলাহল পান করিলি,
সুধাভাণ্ড ত্যজে। ৩৫

রাধা যত বলে শ্যামের গুণ, শুনে কুটিলে জলে দ্বিগুণ,
অগ্নি হয় শতগুণ, যেন পাইয়ে আহুতি।
হেথায় গোষ্ঠে গোকুল-চন্দ্র, পদনখে শোভে চন্দ্র,
ভালে চন্দ্র সদা যারে করে স্তুতি। ৩৬

বিধির হৃদির ধন, অরুণ-তনয়া-তটে গোধন,
বেষ্টিত রাখালগণ সব।
যার তত্ত্ব পায়না মূলে মূলে, বাঁশী বাজান দাঁড়িয়ে তরুমূলে
শুনে রব শ্রুতি-মূলে, মত্ত গোপিকা সব। ৩৭
কেহ বলে সই! চল চল, মন হয়েছে চঞ্চল,
চঞ্চল সব চঞ্চলার প্রায়।
কুম্ভ-কক্ষে যায় আনিতে বারি, আঁখিতে বহে প্রেম-বারি,
মন উতলা সবারি, পরস্পর কয়। ৩৮

---

[১]আলিয়া—যৎ[১]

বাঁশীর রব শুনে কানে, মন কেনে সই এমন করে।
রাখিতে পীতবাসে 'সদা বাসে অন্তরে'[২]।
বাসে বাস পরিহরি, সাধ করি হেরিতে হরি,
জীবন যৌবন কুল শীল, সঁপি শ্যামের কমল করে। (ঙ)

* * *

শ্রীকৃষ্ণের রূপ দর্শনে ব্রজরমণীগণের ভাবাবেশ

তখন পরস্পর কলসী কক্ষে, গিয়ে জল আনিবার উপলক্ষে,
কমলার ধন কমলাক্ষে, নিরখিয়ে সবে বলে।
আহা মরি সজনি! নির্জ্জনেতে পদ্মযোনি,
সৃজন ক'রে রূপখানি, পাঠালে ধরাতলে। ৩৯
কুল শীল সমুদয়, সমর্পণ করি দয়,
যদি হরি হন সদয়, উদয় হ'য়ে হৃদে।
ঘুচ্‌বে মনের অন্ধকার, হবে দেহ নির্বিকার,
দাসী হব শ্রীপদে। ৪০
কি করিবে মোর পতি, পাই যদি ঐ জগৎপতি,
পতিসহ বাস বাসনা নাই।
ননদিনীর বিষম রাগ, গুরুজনার কাছে বিরাগ,
করে সেই দেখি সর্ব্বদাই। ৪১
ভাল কি করিতে পারে তারা, তারানাথের নয়ন-তারা,
নয়নেতে করিব অঞ্জন।
ঐ ভুবনের কণ্ঠহার, রাখ্‌ব ক'রে কণ্ঠহার,
স্মরণ নিলে চরণে উহার, বিপদ ভঞ্জন। ৪২
শুনেছি মুনিরমণী-মুখে, স্তব করেন চতুর্ম্মুখে,
পঞ্চমুখে ভব গুণ গান।
হরির নাম-শ্রবণে জন্মে সুখ, সাধন করেন নারদ শুক,
অন্তে কি জানিবে তত্ত্ব, যার বেদে নাই সন্ধান। ৪৩
উনি ত ত্রৈলোক্যপতি, ঐ হতে সকল উৎপত্তি,—
দিবাপতি নিশাপতি, সুরপতি আদি।
পাতালাদি মর্ত্ত স্বর্গ, কর্ম্ম কার্য্য যাগ যজ্ঞ,
সার অসার উনিই বেদ-বিধি। ৪৪

পাঠান্তর: ১-১ পিলু খাম্বাজ—খেমটা—ক। ২-২ রাখিতে সদা অন্তরে—খ, ট।

মুনিগণে পায় না অন্ত, পাতালে উনি অনন্ত,
অনন্ত ব্রহ্মাণ্ড এক লোমকূপে যাঁর।
কখন পুরুষ কখন প্রকৃতি, করিতে সুর-নরে নিষ্কৃতি,
হ'য়ে হরি নরাকৃতি, হরেন ভূভার॥ ৪৫

আলিয়া[১]—একতালা

শ্যামের তুলনা ধন কি ভবে পায়।
অখিল ব্রহ্মাণ্ডের পতি, ভাবেন পশুপতি,
স্তুতি ক'রে যারে পায় না প্রজাপতি,
ভাবেন সুরপতি দিবাপতি,—
গঙ্গা উৎপত্তি যার পায়॥
নির্ব্বিকার নিত্য বস্তু নিরঞ্জন, রমণীরঞ্জন[২] বিপদভঞ্জন,
দাশরথির হয় গমন বারণ, অন্তে শমন-দায়[২]। (চ)

ভাবে এইরূপ রমণীগণে, লয়ে জল যায় অঙ্গনে,
কেহ মনে বিষাদ গণে, ল'য়ে কুম্ভ কক্ষে।
ঘন দুষ্ট আগে পাছে, জটিলে আসি জুটে পাছে,
যায় যায় চায় পাছে, বহে ধারা চক্ষে॥ ৪৬
আবার কেঁদে কহিছে এক নারী,
দিদি লো! গৃহে যেতে নারি,
জেতে নারী ক'রে দিয়েছেন বিধি।
নৈলে কি ফিরে হয় যেতে, পাছে রহিত করে জেতে,
জেতের একটা আছে যেমন বিধি॥ ৪৭
আবার কেহ বলে কায কি জেতে,
কেবল নিন্দে করে নীচ জেতে,
আমি তো সই! যেতে নারি বাসে।
ভবে যত সামান্য, শ্যামে ভাবে সামান্য,
তারা না করিলে মান্য, অমান্যটা কিসে॥ ৪৮

* * *

রাখালগণ ও গো-বৎসগণের কালীদহের
বিষ-জল পান

হেথা শ্রবণ কর তদন্তরে, হরি নিবিড় বনান্তরে,
করিলেন গমন।
আশ্চর্য্য চমৎকার, মায়া বুঝে সাধ্য কার,
নির্ব্বিকার নিত্য নিরঞ্জন॥ ৪৯
এখানে শ্রীদাম আদি রাখাল সব, গোপালের গো-পাল সব,
হারা হ'য়ে কেশব, চারণ করে গোঠে।
গগনে দুই প্রহর বেলা, করিতে করিতে খেলা,
উপনীত কালীদহের তটে॥ ৫০
পিপাসায় দগ্ধ জীবন, সম্মুখে হেরিয়ে জীবন,
গোবৎস রাখালগণ জীবন পান করে।
পান করি বিষ-বারি, নয়নে বারি অনিবারি,
জ্ঞান শূন্য সবারি, পড়ে ধরাপরে॥ ৫১
শ্রীদাম করি উচ্চৈঃস্বর, ডাকে কোথা হে ব্রজেশ্বর,
প্রাণ যায় ভাই! রক্ষে কর, কালীদহের কূলে।
কোথা রহিলে শ্রীহরি! নিদান-কালে আসিয়ে হরি,
দেখা দে, তোয় নয়নে হেরি, মরি আমরা সকলে॥ ৫২

খাম্বাজ—ঠেকা[৩]

কানাই! আর নাই সখা তো বিনে।
কারে জানাই, জীবন যায় ভাই! কালীয়-বিষ-জীবনে।
পিপাসায় পান ক'রে জীবন, জ্বলে হৃদয়, ওরে নিদয়!
দয় কেমন জীবন,—
একবার দেখা দেরে ব্রজের জীবন!
আজ বুঝি মরি জীবনে॥
সদা তোয় রাখি অন্তরে,
বংশীধারি! রাখ্তে নারি তোরে অন্তরে।
তুই রৈলি ভাই! বনান্তরে, প্রাণান্ত রে বিপিনে॥ (ছ)

* * *

পাঠান্তর: ১ সুরট-মল্লার—খ, ট। ২-২ রমণীরঞ্জন দাশরথি কর বিপদভঞ্জন দেন যদি জ্ঞানাঞ্জন কৃপায়—খ, ট। ৩ মধ্যমান—ক।

শ্রীকৃষ্ণের করস্পর্শে ব্রজরাখালগণের চৈতন্য-লাভ

তখন শ্রীদামাদি রাখাল সব, কেঁদে বলে কোথা কেশব!
ক্রমে ক্রমে সবে শব, হলো ধরা-শয়ন।
হেথায় অন্তরে জানিলেন কৃষ্ণ, অনন্ত গুণ-বিশিষ্ট,
পুরাইতে মনোভীষ্ট, আসি নারায়ণ॥ ৫৩
দেখেন, দেহ মাত্র, হারায়ে চেতন,
রাখাল গোধন ধূলায় পতন;
ত্বরায় করিতে চেতন, চৈতন্যরূপ হরি।
ছিল সবাকার শবাকার, স্পর্শমাত্র নির্বিকার,
চেতন হয় সবারি॥ ৫৪
সুবল বলেন শ্রীহরি! কোথায় ছিলে ক'রে শ্রীহরি,
আমরা জীবন পরিহরি, না হেরে তোমারে।
পিপাসায় পান করিয়ে জীবন, ত্যজিতেছিলাম ভাই! জীবন,
তুমি দান দিলে জীবন, আমা সবাকারে॥ ৫৫
সাধে কি তোমার গুণ গাই, বাঁচাইলে বৎস গাই,
আমরা ত ভাই! সবাই জরেছিলাম বিষ-জলে।
নৈলে কেন তোয় সাধিব, নবনী ক্ষীর সর বাঁধিব,
মিষ্ট লাগিলেই তুলে দিব, শ্রীমুখমণ্ডলে॥ ৫৬

* * *

শ্রীকৃষ্ণের কালীদহের জলে ঝম্পপ্রদান

শুনি হাস্য করি শমনদমন, কিছু দূর করিয়ে গমন,
করিতে কালীয়দমন, কদম্ব বৃক্ষে উঠিয়ে।
করি বৃক্ষে আরোহণ, লম্ফ দিয়ে অবগাহন,
প্রবেশ হন জলদবরণ, জলমধ্যে গিয়ে॥ ৫৭
হলেন জলে মগ্ন জলদ-কায়, হেরিয়ে রাখাল কাঁদিয়ে কয়,
আমা সবায় বাঁচালি তবে কেনে।
ভাই! কি দুখে ডুবিলি নীরে,
সুধালে কি কব আজ জননীরে,
ভাসে সব নয়ন-নীরে, প'ড়ে ধরাসনে॥ ৫৮

বক্ষ ভাসে নয়ন-জলে, ঝাঁপ দিতে কেহ যায় জলে,
কেহ কূলে, কেহ জলে, উন্মাদের প্রায় হ'য়ে।
ছিদাম দেখি বিষম দায়, দিতে সম্বাদ যশোদায়,
হইয়ে নিদয়-হৃদয়, কহিছে কাঁদিয়ে॥ ৫৯
ভাসে দুটি আঁখি জলে, বলে, কালীদহের বিষজলে,
ডুবেছে, উঠিতে দেখি নাই।
সে জল করিয়ে পান, আমরা ত্যজেছিলাম প্রাণ,
দান দিয়ে সকলের প্রাণ, ডুবিল কানাই॥ ৬০
শুনি বজ্রসম ছিদামের বাণী, জ্ঞানশূন্য হতবাণী,
হারায়ে রাণী চেতন, অমনি পতন ধূলে।
হেথায় বাথানে ছিলেন্ নন্দ, শুনে জলে মগ্ন শ্রীগোবিন্দ,
নির্ঘাত আঘাত করেন ভালে॥ ৬১
আঁখিতে পথ দেখ্‌তে না পায়, ভাবে মনে নিরুপায়,
কি উপায় করি হে এক্ষণে;
ভাসে দুইটী নয়ন-তারা, বলে, মা কোথা রৈলি তারা'!
দিয়ে অন্ধে নয়ন-তারা, হরিয়ে নিলি কেনে॥ ৬২

'খট্ ভৈরবী—একতালা[১]

কোথায় তারিণি! বিপদহারিণি!
একবার হের আসি পদ্মচক্ষে।
ক'রে তোমায় সাধন, পেয়েছিলাম যে ধন,
কৃষ্ণ-ধন অতুল্য ধন[২], সে ধন নিধন হলো,—
কি ধন আছে ত্রৈলোক্যে।
আর কি অর্থ আমার আছে,
বল মা! সে বিনে,—
অমূল্য ধন রাজত্ব কি সাজে,
কৃপা করি দে মা সে নীলসরোজে,
ও চরণ-সরোজে দাসের এই ভিক্ষে।
দাশরথি বলে, ওহে অবোধ নন্দ!
ত্যজ নিরানন্দ, পাবে শ্রীগোবিন্দ,

পাঠান্তর: ১-১ রামকেলি—যৎ—খ, ট, ড। ২ অমূল্য রতন—ক।

করলেন বিজয় নিরানন্দ, সদানন্দ,
সদানন্দে যে ধন রাখিয়ে বক্ষে। (জ)

হেথা চেতন পেয়ে নন্দরাণী, ত্যজিবারে পরাণী,
যায় সঙ্গে রোহিণী, প্রতিবাসিনী সকলে।
শিরে শত বজ্রাঘাত, বক্ষে করে করাঘাত,
নির্ঘাত আঘাত করে কপালে। ৬৩
বিদীর্ণ হতেছে হৃদয়, নন্দরাণী কালীদয়,
তটে উদয় হ'য়ে প'ড়ে কাঁদে।
উচ্চৈঃস্বরে কাঁদিয়ে নন্দ, বলরাম সহ উপানন্দ,
বলে, দেখা দে রে প্রাণগোবিন্দ! আঘাত করে কর হৃদে। ৬৪
পতিত নন্দ ধরাতলে, কেবা তারে ধ'রে তোলে,
কেহ কালীদহের জলে, ঝাঁপ দিতে যায়।
কেউ কাঁদিছে উচ্চৈঃস্বরে, ডাকিয়ে গোকুলেশ্বরে,
কেউ বা গিয়ে গোপেশ্বরে, ধরিয়ে বুঝায়। ৬৫
চেতন নাই নন্দরাণীর, কেবল নয়নে বহিছে নীর,
রাম-জননী রোহিণীর জ্ঞান মাত্র নাই।
রাখাল কাঁদে অধোমুখে, গোধন ডাকে ঊর্দ্ধমুখে,
গোপীগণ কাঁদে মুখে মুখে, কাঁদিছেন বলাই। ৬৬

* * *

কুটিলার আনন্দ

হরি ডুবেছেন কালীদয়, শুনে কুটিলের প্রফুল্ল হৃদয়,
জটিলেরে হেসে হেসে বলে।
ঘুচালেন বিধি মনস্তাপ, দূর হলো গোকুলের পাপ,
কালামুখ কালা ডুবেছে জলে। ৬৭
কি আমোদ এসে জুট্‌লো, আহ্লাদে পেট ফেটে উঠ্‌লো,
আহ্লাদ ধরে না মা, আর অঙ্গে।
এত আহ্লাদ কোথায় ছিল, আহ্লাদে গা শিউরে উঠ্‌লো,
আহ্লাদ ঘুরিছে সঙ্গে সঙ্গে। ৬৮
আহ্লাদে প্রাণ কেমন করে, এত আহ্লাদ কৈব কারে,
যশোদা মাগীর গৌরব ঘুচে গেল।
বলা যায় কি দুঃখের কথা, নন্দ গাঁয়ের হর্ত্তা-কর্ত্তা,
দই বেচে যার মাথায় টাক হলো। ৬৯
এইরূপ মায়ে ঝিয়ে, হাসে আহ্লাদে মজিয়ে,
হেথায় শুন কালীদহের কূলে।
ডাকেন উচ্চৈঃস্বরে বলরাম, নয়নে বারি অবিরাম,
ঘনশ্যাম কোথা আয় ভাই ব'লে। ৭০

ললিত ঝিঁঝিট[১]—একতালা[২]

কানাই! আয় ভাই তুই কি জলে হারালি চৈতন্য।
ও শ্যামরায়! আসি ত্বরায়, দেখ মা ধরায় অচৈতন্য।
ও প্রাণ! কেশব! সখা যে সব,
সে সব শব, তোমা ভিন্ন;
কাঁদে দেহ, রে নীলতনু! মধুর বেণু নীরব-জন্য।
গোপিনীরে দুঃখ-নীরে, ডুবালি ডুবিয়ে নীরে,
ভাসে নয়ন-নীরে, তারা না জানে আর অন্য। (ঝ)

* * *

কালীয় দমন

হেথায় দর্পহারী হরি, কালীয়ের দর্প হরি,
চরণ প্রদান করি শ্রীহরি, কালীয়ের শিরে।
তুষ্ট হ'য়ে পীতাম্বর, ভুজঙ্গেরে দিলেন বর,
দয়াময় দয়া প্রকাশ ক'রে। ৭১
যে চরণ অভিলাষে, মহাকাল কৈলাসে,
দৃশ্য মুদে সদা অচেতন।
প্রজাপতি সুরপতি, দিবাপতি নিশাপতি,
গঙ্গা উৎপত্তি এমন চরণ। ৭২
যে চরণ পাবার লাগি, শুক নারদ প্রভৃতি যোগী,
সর্ব্বত্যাগী হয়ে সনকাদি।

পাঠান্তর: ১ ললিত ভৈরোঁ—ক; ঝিঁঝিট—ড। ২ ঝাঁপতাল—খ, ট, ড।

করে তারা আরাধন, তবু হয় না যোগসাধন,
যুগে যুগে থাকি নয়ন মুদি ॥ ১৩

যে পদ বলি শিরে ধরিল, পাষাণ মানবী হলো,
কাষ্ঠতরী হলো স্বর্ণময় ।
আহা মরি কিবা পুণ্য, ধন্য কালীয় ধন্য ধন্য,
সে চরণ অনায়াসে মাথায় লয় ॥ ১৪

ছিল কালীদহের বিষবারি, সে বারি বিপদ-বারী,
অমৃতকুণ্ডের বারি, তুল্য করি যান ।
কালীদহের বিষ হরি, ল'য়ে সব বিষহরি,
তথা হৈতে শ্রীহরি, করেন কৃপানিদান ॥ ১৫

ক্রমেতে ভুবনের চূড়া, জল হৈতে দেখান চূড়া,
কটিতে বেড়া পীতধড়া, গলে বনমালা ।
আসি দাঁড়াইলেন শ্রীহরি, সকলের দুঃখ হরি,
রাখাল-মাঝে গোষ্ঠবিহারী, রূপে ভুবন আলা ॥ ১৬

* * *

যশোদার কোলে শ্রীকৃষ্ণ বলরাম

দেখে যশোদা আসি প্রাণ বিকলে, শ্রীকৃষ্ণ লইয়ে কোলে,
চুম্ব দেন বদন-কমলে, নয়ন-জলে ভাসি ।
আবার দক্ষিণ কক্ষে বলরাম, বাম কক্ষে ঘনশ্যাম,
হলো দুঃখের বিরাম, আনন্দ-উদয় আসি ॥ ১৭

জয়জয়ন্তি[১]—ঝাঁপতাল[২]

শ্যাম জলদবরণ বামে, রাম রজত-গিরি দক্ষিণে ।
দেখে যশোদা যুগল কক্ষে, যুগল-রূপ যুগল নয়নে ॥
পদতলে তরুণ অরুণ কিবা শোভা করে,
নখরে পতিত কোটি কোটি সুধাকরে,
ঐ রূপ হেরিতে সাধ ত্রিলোচনে ॥
দাশরথি কুমতি অতি, ভক্তিস্তুতিবিহীনে[৩]
কি হবে তার ভবে গতি, সঙ্গতি ও ধন বিনে,
তায় হয় কি দৃষ্ট, রামকৃষ্ণ
যুগল রূপ যুগল নয়নে ॥ (ঐ)

---

৭ শ্রীকৃষ্ণের গোষ্ঠলীলা ও ব্রহ্মার দর্পচূর্ণ

[চতুর্থ]

যোগমায়ার তিরোধান ; তাঁহার অষ্টভুজা মূর্তি ধারণ

শ্রবণে পবিত্র চিত, বেদব্যাস-সুরচিত,
কৃষ্ণলীলা সুধার সমান ।
বৈকুণ্ঠ করিয়ে শূন্য অবনীতে অবতীর্ণ,
দেবকীর গর্ভে ভগবান ॥ ১

মতান্তরে আছে বাণী, যশোদার গর্ভে ভবানী,
আর গোলকপতি জনমিল ।
বসু, শিশু লয়ে কোলে, নন্দালয়ে যান যে কালে,
উভয় তনু একত্র মিশিল ॥ ২

পাঠান্তর : ১ বিভাস-ক । ২ ৎং—খ, ট, ড । ৩ "ভক্তিস্তুতিবিহীনে" ক পুথিতে নাই ।

কেমন ভগবৎ-মায়া, কোলে ল'য়ে যোগমায়া,
যশোদার কোলে সঁপে শিশু।
তারায় লয়ে ত্বরায়, ক্ষণমধ্যে মথুরায়,
দেবকীর কোলে দেবীকে দেন আশু॥ ৩
কংস পেয়ে সমাচার, আসি দুষ্ট দুরাচার,
মনে বিচার না করে পাপিষ্ঠ।
দেবকীর নয়ন ভাসে, কংস ভাবে কটু ভাষে,
হাসে আর বলে তিষ্ঠ তিষ্ঠ॥ ৪
করী যেমন মদমত্ত, তেম্নি কংস উন্মত্ত,
হ'য়ে তত্ত্বহীন দুরাচার।
বিরিঞ্চি-বাঞ্ছিত পায়, অনায়াসে ধরি সে পায়,
ক্রোধে করে ভূধরে প্রহার॥৫
সেই যোগে যোগমায়া, প্রকাশ করিয়ে মায়া,
শূন্যে উঠে হন অষ্টভুজা।
আসি যত দেবদলে, দুর্গা-পদাম্বুজদলে,
গঙ্গাজল বিল্বদলে, করিলেন কত পূজা॥ ৬
কংসের ধ্বংসের বাণী, অন্তর্দ্ধান ভবানী,
হেথায় শুন গোকুলে যে আনন্দ।
যশোদার দেখে পুত্র-প্রসব, ব্রজের বসতি সব,
করিতেছে উৎসব, হয়ে চিত্তানন্দ॥ ৭

---

[১]বিভাস—একতালা[১]

কিবা চিত্তানন্দময়, নেত্রে নিত্যময়, হেরিলাম বৃন্দারণ্যে।
ত্যজে কৈলাস-বাস, শ্মশান-বাসে বাস,
করেন দিগ্‌বাস, যে পদ পাবার জন্যে।
যে নামে তরিল অজামিল প্রভৃতি,
যে পদ[২] হৃদয়ে ভাবেন প্রজাপতি,
জীবনরূপিণী গঙ্গা যায় উৎপত্তি,
যে পদ অভিলাষে, শুক নারদ সনকাদি ভ্রমেন অরণ্যে।
যুগল শ্রুতি শোভে মকর-কুণ্ডলে,
দিতে যার উপমা না হয় ভূমণ্ডলে,
[৩]"দাশরথি বলে" শ্রীমুখমণ্ডলে স্তন দেয় রে,
যশোমতী পুণ্যবতী ধরায় ধন্যে।[৩] (ক)

---

* * *

নন্দের উৎসব-অনুষ্ঠান

বক্ষে করি সচ্চিদানন্দ, নন্দ হয় চিত্তানন্দ,
উপানন্দ প্রভৃতি গোকুলবাসী।
গায়ক বাদকগণ, আসিতেছে অগণন,
নৃত্যকীরে নৃত্য করে আসি॥ ৮
শঙ্করারাধ্য ধন, দেখিতে যত তপোধন,
নন্দের ভবনে এসেন কত।
পেয়ে বাঞ্ছাকল্পতরু, নন্দ হয়ে কল্পতরু,
আনন্দে বিলায় ধন গোধন শত শত॥ ৯
ব্রজের কুলাঙ্গনাগণে, দেখিতে নন্দের অঙ্গনে,
আসি রূপ হেরে মোহিত হয়।
জটিলে জুটিয়ে তথা মৌখিকে কয় কত কথা
হাসে-ভাষে মনোগত তার নয়॥ ১০
হেরিবারে চিন্তামণি, আসিয়ে যত মুনি-রমণী,
নীলমণিকে কোলে করি দাও, বলে।
যশোদা কয় মা দ্বিজকন্যে! দাসী-পুত্র লবার জন্যে,
এত দৈন্যে কেন মা! সকলে॥ ১১
অশৌচান্তে হব পবিত্র, এখন আছি অপবিত্র,
[৪]"মাসান্তে মম পুত্র হলে চিত্তশুদ্ধ"[৪]।
অপরাধ কর মা! ক্ষমা, তোমরা মুনির মনোরমা,
কেমনে কোলে দিব গো মা! প্রসব হলাম অশুদ্ধ॥ ১২
এ যোগ্য নয় মা! ও কোলের, পদধূলি সকলের,
দিয়ে আশীষ কর মোর বাছারে।

পাঠান্তর: ১-১ মল্লার—টিমা তেতালা—খ, ট। ২ রূপ—খ, ট, ড। ৩-৩ ক গ্রন্থে নাই। ৪-৪ মাসান্তে হব চিত্তশুদ্ধ—ক।

শুনি মুনিগণের মনোরমা, বলে, যে ধন পেয়েছে মা!
ভবাদি আরাধন করেন ওরে। ১৩

সিন্ধুভৈরবী[1]—একতালা

কারে বল অপবিত্র, ত্রিলোক পবিত্র,
যে পবিত্র পুত্র পেয়েছ কোলে।
ওর গুণ বেদে আছে শোনা, রাণী গো! কাষ্ঠতরি সোনা
পদসরোজে মানব হলো শিলে।
ওগো! ফণীন্দ্র মুনীন্দ্র, রবি চন্দ্র ইন্দ্র
আশ্রিত ও চরণ-যুগলে।
ও পদ ধরিয়ে ত্রিনেত্র, মুদিয়ে ত্রিনেত্র,
পবিত্র হলো রেখে হৃদকমলে।
যার ব্রহ্মাণ্ড উদরে, তারে ধ'রে উদরে,
ধন্য হলে রাণী এই ভূতলে।
তোর পুত্র স্মরণ মাত্র, জয়ী রবির পুত্র,
হয়ে যায় ভবে জীব সকলে।
ও পদ না ক'রে ভাবনা, রাণী গো! দাশরথির ভাবনা,
প'ড়ে অপার ভব-সিন্ধুকূলে। (খ)

* * *

জটিলার কৃষ্ণরূপ-নিন্দা

তখন এইরূপ রমণী সবে, যশোদা-সুত কেশবে,
ব্রহ্মভাবে করিতেছে ব্যাখ্যে।
যে যা ভাবে ভাবে রূপ, অপরূপ বিশ্বরূপ,
দেখে রূপ বারিধারা চক্ষে। ১৪
যায় মুনি-রমণীগণে, পরস্পর অঙ্গনে,
পথিমধ্যে জটিলে জুটিল।
নারীগণের নয়ন ভাসে, জটিলে ব্যঙ্গ করি ভাষে,
কি আশ্চর্য্য দেখে এলে বল। ১৫

ভাসিতেছে আঁখি জলে, দেখে অঙ্গ যায় যে জলে,
রূপ দেখে কি ভুলে এলে সকলে।
সেটা যদি মেয়ে হতো, আপ্‌নাকে তার আপ্‌নি হতো,
বেটা ছেলে ব'লে সেটাকে, কর্‌তে হয় কোলে। ১৬
যেরূপ রূপ করেছে রাষ্ট্র, পড়ে আছে যেন পোড়া কাষ্ঠ,
পুত্র হলোনা ব'লে কষ্ট, যশোদার ঘুচিল।
যা হউক হলো বংশ রক্ষে, নাই মামাটা তা অপেক্ষে,
কানা মামা থাকে যদি সে ভাল। ১৭
অট্টালিকা যদি না হয়, পত্রকুটীর মধ্যে রয়,
বৃক্ষতলা অপেক্ষা ত শ্রেষ্ঠ।
বস্ত্র কারো যদি না ঘটে, কপ্নি আঁটে কটিতটে,
উলঙ্গ হইতে ভাল দৃষ্ট। ১৮
ঘটী গেলাস না থাকে যার, ভাঁড় যদি পায় মৃত্তিকার,
সেওত ভাল ঘাটে খাওয়া অপেক্ষে।
নয়নে দৃষ্টি ছিলনা যার, ঝাপ্‌সা নজর হলো তার,
সেও কি মন্দ অন্ধের অপেক্ষে? ১৯
মুষ্টিভিক্ষা ক'রে খায়, সে যদি কিছু ধন পায়,
দারিদ্র্য নাম গেল সেই দিনে।
তাই বা হোক্ মন্দের ভাল, নন্দের সেইরূপ হলো,
আঁটকুড়া নাম ঘুচলো বৃন্দাবনে। ২০
দেখ্‌তে গিয়েছিলাম ছেলেটাকে, কাঁদলে যেন ফিঙ্গে ডাকে,
রূপে আঁধার করেছে সূতিকাগার।
শুনে দ্বিজরমণী ক্রোধে বলে, যার যেমন ফল ভাগ্যে ফলে,
দেখ্‌তে পায় কি তায় সকলে, যেমন সাধন যার। ২১

বাহার[2]—কাওয়ালী

যায় কালো কালো বলিলি লো জটিলে!
হৃদয়ে ভেবে ঐ কালো, জয়ী হলেন মহাকাল,
কালকূট গরল-পান কালে কালে।

পাঠান্তর: [1] বিভাস—ক। [2] আলেয়া—ক।

হেরিয়ে সে রূপ, কালো অন্তরেতে জাগিছে,
সদা বিরিঞ্চি-বাঞ্ছিত আছে এ কালো পদতলে।
যখন চিনিতে নারিলি [১]কাল, তোর ত নয় ভাল ভাল[১],
তোর জলাভাবে গেল জীবন, থেকে জলধিজলে। (গ)

* * *

শ্রীকৃষ্ণের বদনে যশোদার ব্রহ্মাণ্ড-দর্শন

এইরূপ দ্বিজরমণী যত বলে, জটিলে তত ক্রোধে জ্বলে,
পরস্পর অমনি চলে নিজ নিজ বাস।
এখানে নবঘন শ্যাম, শুক্লপক্ষ শশী সম,
বৃদ্ধি হন আপনি পীতবাস। ২২
হেথা যোগমায়ার বাক্য-ছলে, অন্ত-প্রসূতা যত ছেলে,
ধ্বংস জন্য কংস দুষ্টাসুর।
আছেন গোকুলে নন্দ-তনয়, ব'লে পাঠালে পুতনায়,
অঘা বকা আদি বৎসাসুর। ২৩
অবনীর উদ্ধার জন্য, ভব-কর্ণধার শূন্য
করি বৈকুণ্ঠপুরী।
পাঠায় যত কংসাসুর, দর্পহারী দর্পচূর,
করিছেন নাশিছেন হরি-অরি। ২৪
যুগে যুগে অবতার, কত কব সে বিস্তার,
নিস্তার করিতে জীবগণে।
শ্রীরাম অবতার কষ্ট, নষ্ট জন্য গোকুলে কৃষ্ণ,
দয়্যজারি করেন জ্যেষ্ঠ অনুজ লক্ষণে। ২৫
নিরঞ্জন নির্বিকার, করেন লীলা নানা প্রকার,
কভু সঙ্গে গোপীকার, কভু রাখাল সনে।
বিধির হৃদির ধন, নন্দের নব লক্ষ গোধন,
রাখেন থাকেন গোচারণে। ২৬
ভব যারে করেন মান্য, ব্রজে তিনি সামান্য,
বালকের ন্যায় বালকের সঙ্গে হরি।
একদিন যশোদার কোলে, ছলে স্তনপানের কালে,
বদনে ব্রহ্মাণ্ড দেখান মাকে মায়া করি। ২৭
দেখিয়ে যশোদা বলে, কৃষ্ণ! তোর বদন-কমলে,
কি আশ্চর্য্য করি দরশন।
তোমায় ভাবি যা তা নয়, নও সামান্য তনয়,
জ্ঞান হয় নিত্য নিরঞ্জন। ২৮

আলিয়া-বিভাস[২]—একতালা

ওরে নীলমণি! বল বল রে শুনি, কি দেখালে চন্দ্রাননে।
তোর কি প্রকাণ্ড কাণ্ড, (গোপাল রে!) বিকট প্রচণ্ড,
বদনে ব্রহ্মাণ্ড দেখি নয়নে॥

দেখিলাম ইন্দ্র চন্দ্র অরুণ, যম কুবের বরুণ,
প্রজাপতি পশুপতি দেবাদি সব তোর আননে।
(ভয় হয় রে!) হেরে [৩]মনে মনে[৩],
যোগী ঋষি পশু পক্ষী বন দরশনে॥

তোর বদন-কমলে অগ্নি বারি শিলে,
কাল ভুজঙ্গ অনন্ত আদি,—
এ তোর কেমন মায়া মাকে দেখালে, ওরে মায়াধারি!
কত তাচ্ছল্য করেছি বাৎসল্য-জ্ঞানে। (ঘ)

* * *

শ্রীকৃষ্ণের ননী-সর-ভোজন ও যশোদার ভর্ৎসনা

শুনিয়ে যশোদার বাক্য, করি হাস্য কমলাক্ষ,
মায়ায় ভুলায়ে যশোদায়।
নৃত্য করেন নিত্য-গোপাল, গোষ্ঠে লয়ে নিত্য গো-পাল,
রাখাল সঙ্গে যান প্রেমের দায়। ২৯
ব্রজবালকের পুরান ইষ্ট, বিপিনে ভবের ইষ্ট,
উচ্ছিষ্ট খান অনায়াসে।
না করেন কা'র সুগোচর, সকলের অগোচর,
তাইতে নাম মাখন-চোর, ফেরেন নবনীর আশে। ৩০

পাঠান্তর: ১-১ কাল তনয় কাল কালে—খ, ট, ড। ২ বিভাস—ক। ৩-৩—ক পুস্তকে নাই।

থাকে ক্ষীর সর শিকায় তোলা, রাখেন না কারো এক তোলা,
খাবার লাগি এত উতলা, স্থির নাই এক দণ্ড।
মানেন না আদর অনাদর, মূর্ত্তিখানি দামোদর,
কে করে রোজ সমাদর, যার উদরে ব্রহ্মাণ্ড॥ ৩১

কেউ বলে ক্ষীর খেয়ে সব, ঐ পলায়ে গেল কেশব,
এমন ছেলে প্রসব হয়েছে মাগী।
নিষেধ কর্‌লে শুনে না, দেবতা ব্রাহ্মণ মানে না,
এমন কর্‌লে সওয়া যায় না, বল্‌লেই রাগারাগি॥ ৩২

এমন ছোঁড়া অধঃপেতে, দধি যদি দিদি! রাখি পেতে,
মাথা খেতে, সে মাথা খেতে চায়।
গোকুল কর্‌লে লণ্ডভণ্ড, নবনী খায় ভেঙ্গে ভাণ্ড,
জলে যায় ব্রহ্মাণ্ড, কি প্রকাণ্ড দায়॥ ৩৩

যদি রেগে বলি যা সর্ সর্, হাত পেতে করে সর্ সর্,
অবসর হয় না সর্ দিতে।
খেয়ে যায় সর ক্ষীর, দেখায়ে ভঙ্গি আঁখির,
ফিকির কত জানে নানা মতে॥ ৩৪

এইরূপ গোপীগণে, গিয়ে নন্দের অঙ্গনে,
জানিয়ে দায় কয় কথা।
শুনে যশোদা বলে রে বাতুল! তোর ঘরে কি অপ্রতুল,
বাদিয়ে তুল এলি গিয়ে কোথা॥ ৩৫

ক্রোধে কন কৃষ্ণ-প্রসূতি, তোর জ্বালায় কি ব্রজবসতি,
অবসতি হবে একেবারে।
কারো গৃহে কিছু থাকিবে না, কর্‌তে পায় না বিকি-কেনা,
সকলি বুঝি তোর কেনা, আছে ঘরে পরে॥ ৩৬

তোর জ্বালায় লোক হয়েছে কাতর,
দিয়ে শাস্তি এখনি তোর,
ঘরের ভিতর রাখ্‌ব তোরে বেঁধে।
কেউ কিছু বুঝি বলে না ব'লে!—শুনি কৃষ্ণ মিষ্ট বোলে,
বলেন, মা গো! বাঁধ্‌বে কি আর, রেখেছ ত বেঁধে॥ ৩৭

আলিয়া[১]—একতালা

কব কি তোমায়! বাঁধিয়ে রেখেছ আমায়॥
সাধ্যমতে বন্ধন করে, ভক্তি-ডোর থাকলে পরে,
যে জন ভব-পারে, যা যেতে পারে,—
ইহপরে বাঁধি এড়ায় শমনের দায়।
কে বেঁধেছে আমায় বলি, বেঁধেছে পাতালে বলি,
ভবে ভক্ত বলি বলি, [২]বলির দ্বারে আছি বাঁধা;
নৈলে কি[২] নন্দের বাধা বৈ মাথায়। (৬)

* * *

রাখাল-সঙ্গে শ্রীকৃষ্ণের গোষ্ঠে গমন

শুনি কৃষ্ণের বাণী, নন্দরাণী, নয়ন-জলে ভাসে।
কত যশোমতী প্রিয়ভাষে গোবিন্দেরে ভাষে॥ ৩৮
গোপাল কক্ষে ধ'রে, নবনী করে, দিয়ে আনন্দে ভাসে।
রাখালগণে, আসি অঙ্গনে, মিষ্টভাবে ভাষে॥ ৩৯
কত হয়েছে বেলা, চল এই বেলা, গোষ্ঠে যাই গোপাল।
ও নীলতনু! বাজায়ে বেণু, লয়ে ধেনুর পাল॥ ৪০
হচ্চে মন চঞ্চল, চল্ চল্ চল্, মায়ের অঞ্চল ছেড়ে।
ঐ ডাকিছে বলাই, আয় ভাই কানাই,
যেতে কি পারি ছেড়ে॥ ৪১
শুনি সাজিয়ে গোপাল, সাজায়ে গো-পাল,
সঙ্গে রাখাল সব।
ক'রে নৃত্য, ভবের সম্পত্ত, গোষ্ঠে যান কেশব॥ ৪২
গিয়ে যমুনার ধার, ভবকর্ণধার, রাখিয়ে রাখাল গো-পাল।
হাসি-আননে, গহন কাননে, প্রবেশেন গোপাল॥ ৪৩
যার বেদে নাই সন্ধান, কে করে সন্ধান,
গোলকের প্রধান হরি।
বুঝি অন্তরে, নিবিড় বনান্তরে, করিলেন শ্রীহরি॥ ৪৪
হেথা করিতে ব্রহ্মনিরূপণ, ব্রহ্মা করি পণ,
মনে মনে ব্রহ্মলোকে।
জানিতে ইষ্ট, মনের ইষ্ট, পূরাতে গমন ভূলোকে॥ ৪৫

পাঠান্তর: ১ আলিয়া বেহাগ—খ, ট। ২-২ আছি গো তথায়—শ্রদ্ধাভক্তি নহিলে কি—ক।

আলিয়া—একতালা

ব্রহ্ম করিতে নিরূপণ, একি পণ, ব্রহ্মার মনেতে।
এ কি অজ্ঞান-হৃদয়, (মরি রে !) ব্রহ্মার হয় উদয়,
কোটি ব্রহ্মা লয় হয় যে চরণেতে॥
সেই প্রলয়েরি কালে, সেই কারণ-বারি-জলে[১],
ব্রহ্মা ছিলেন ব্রহ্ম-নাভিস্থলে।
ব্রজের বালক বলি, গোলক-পালকে,
ব্রজের বালক-ভাবে,
নৈলে গোপালের গো-পাল এসেন হরিতে॥
যার ভব পান না তত্ত্ব, ভাবেতে উন্মত্ত
ত্যজে বাস, বাস শ্মশানেতে ;
যার মায়া-ছলে, মোহ-মোহিতে জীব সকলে,
ভুলে আছেন ঐ ব্রহ্মা দেবগণেতে॥ (চ)

* * *

ব্রহ্মার ভূলোকে আগমন

পদ্মযোনি ব্রহ্মলোকে, পরিহরি ভূলোকে,
আসিয়ে [২]গোলকের ধন[২] জানিতে বিপিনে।
দেখেন গোষ্ঠে নাই গোপাল, তপন-তনয়া-তটে গোপাল,
রাখালগণ আছে গোচারণে॥ ৪৬
না জানে মহিমা অতুল, ব্রহ্মা হয়ে বাতুল,
স্থূলে ভুল হয়েছেন একেবারে।
হেথা এসেছেন জ্ঞানশূন্য ধ্যানে দেখেন নাই গোলক শূন্য,
কি মায়া হরির ধন্য ধন্য, বলিহারি তাঁরে॥ ৪৭
যাঁর কিছু নাইক অপ্রকাশ, তাঁর কাছেতে মায়া প্রকাশ,
একি ব্রহ্মার উন্মাদের ন্যায় জ্ঞান।
কুম্ভীরের সঙ্গে ক'রে বিবাদ, বাস করা সলিলে সাধ,
ভুজঙ্গ ধরিতে সাধ, করে শিশু অজ্ঞান॥ ৪৮
কে মনের আগে গমন করে, ফণীর মণি ভেকে হরে,
হরির বল হরিবারে, শৃগালের আশা।
বাগ্‌বাদিনী হবেন অবোল, বোবার ফুটিবে বোল,
বাঘের ঘরে ঘোগে করে বাসা॥ ৪৯
নরে মনে ইচ্ছা করে, কালদণ্ড করে করে,
জোনাক যেমন নিশাকরের, জ্যোতি ঢাকিতে চায়।
গাধা বলে হব হয়, মনে কর্‌লেই হয় কি হয় ?
হয় কখন [৩]মনের ইচ্ছায়[৩]॥ ৫০
ঐরাবতের বুঝ্‌তে বল, মূষিকের দল হয়ে প্রবল,
যায় যেমন ইন্দ্রের ভবনে।
কমলযোনির তেম্‌নি পণ, ব্রহ্ম করিতে নিরূপণ,
না জেনে আপনাকে আপন, এসেছেন বৃন্দাবনে॥ ৫১

খাম্বাজ—কাওয়ালী[৪]

ব্রহ্ম-নিরূপণ করিতে কে পারে।
এ মিছে পণ ব্রহ্মার অন্তরে॥
অনন্তরূপে যিনি জীবের অন্তরে,
কীর্ত্তি যাঁর অদ্ভুত, বর্ত্তমান ভূত ভবিষ্যৎ,
উৎপত্তি লয় স্থিতি যে করে॥
তিনি কখন সাকার, কভু নিরাকার,
নিরঞ্জন নির্ব্বিকার, কখন অগ্নি-জলাকার,
কভু বৃক্ষ-পর্ব্বত-আকার,
কভু গিরি ধরেন হরি করাঙ্গুলোপরে॥ (ছ)

---

* * *

ব্রহ্মা কর্ত্তৃক শ্রীকৃষ্ণের গোধন-গোপন

ব্রহ্মণ্য দেবেরে ব্রহ্মা না হেরে বিপিনে।
গো-বৎস রাখাল সব হরিয়া গোপনে॥ ৫২
গিরিগুহা-মধ্যে গোধন লুকাইয়া রাখি।
গোলকপতি ভূলোকে কেমন আছেন দেখি॥ ৫৩
যার চরাচর অগোচর নাই কিছু অন্তরে।
কাননে থাকি নীরজ-আঁখি জানিলেন অন্তরে॥ ৫৪

পাঠান্তর: ১ কারণ-জলে—ক। ২ গোপালের গোধন—ক। ৩-৩ কি মনে কর্‌লে ইচ্ছা—ক। ৪ যৎ—খ, ট।

যার নাইক সীমা, গুণ অসীমা,
বেদে আছে ব্যক্ত।
জেনে কিছু মাহাত্ম্য, স্থিরচিত্ত,
হয়েছেন পঞ্চবক্ত্‌ ॥ ৫৫

ভবকর্ণধার, ভবের মূলাধার,
ভক্তাধীন কয় বেদে।
ভৃগুমুনির চরণ, যত্নে ধারণ,
করিয়ে রাখেন হৃদে ॥ ৫৬

আছেন ভক্তের বাঁধা, ভক্তের বাধা,
মাথায় করেন ধারণ।
ভক্ত হরির প্রাণ, করেন বিষপান,
ভক্তের কারণ ॥ ৫৭

হেথা গিরি-গহ্বরে, ব্রহ্মা হ'রে,
রেখেছেন রাখাল গোপাল।
উচ্চৈঃস্বরে, গোকুলেশ্বরে,
ডাকে কোথা রে গোপাল ॥ ৫৮

ওহে ভুবন-জীবন! যায় যে জীবন,
তোরে না হেরে চক্ষে।
আর নাইক গতি, অগতির গতি,
তুমি রাখালের পক্ষে ॥ ৫৯

আলিয়া[১]—একতালা

প্রাণ যায়! এ সময় একবার আয় রে কানাই!
ও রাখালের জীবন! জীবন রাখ্‌ রে, ও জীবনধর-বরণ!
জীবনান্ত-কালে আসি, দেখা দে রে ভাই!
আমরা বিষ-জীবন-পানে, ত্যেজেছিলাম প্রাণে,
তোর কৃপা-কৃপাণে[২] সে জ্বালা নিভাই।
ব্রজে রেখেছিলি, (গিরিধর রে!) গিরি ধ'রে করে,
আজি বুঝি গিরিগুহে জীবন হারাই।
ভাই! তোর মহিমা যে, থাকে মহী-মাঝে,
যদি গিরি-মাঝে আজ দেখা পাই।
ও নীলকমল-তনু! ঐ রেখ্‌ কাঁদে ধেনু,
না শুনে মধুর বেণু,
ভবে, নিরুপায়ের উপায় ও পায় ভিন্ন নাই। (জ)

---

* * *

শ্রীকৃষ্ণের অঙ্গ হইতে রাখাল ও গোপালের উৎপত্তি

হেথা, অন্তরে জানিলেন হরি, গো বৎস রাখাল হরি,
গোষ্ঠ পরিহরি ব্রহ্মা যান।
হাস্য করি দর্পহারী, বলে, ব্রহ্মার দর্প হরি
লব, আজ করিগে বিধান ॥ ৬০
এত বলি কমলাপতি, গোষ্ঠমাঝে মায়া পাতি,
অঙ্গ হইতে উৎপত্তি, করেন রাখাল ধেনু।
পূর্ব্বে গোষ্ঠে ছিল যে সব, তেমনি রাখাল গোপাল সব,
সঙ্গে লয়ে বেড়ান কেশব, বাজিয়ে বনে বেণু ॥ ৬১
দিনমণি হন অস্ত, গো-পাল[৩] লয়ে সমস্ত,
রাখালগণ শশব্যস্ত, যায় যে যার গৃহে।
কেহ কারে না চিনিতে পারে, পিতা মাতা পরস্পরে,
হেথা শ্রীদাম আদি পরস্পরে, থাকে গিরিগুহে ॥ ৬২
এইরূপেতে নিত্যগোপাল,
বালক সঙ্গে নিত্য গো-পাল,
যান গোষ্ঠে শুন তদন্তরে।
হেথা ব্রহ্মা ভাবেন কি করিলাম,
আপনার মাথা আপনি খেলাম,
বেনোজল ঘরে পুরিলাম, ঘ'রো জল দিবার তরে ॥ ৬৩
পেলাম ভাল প্রতিফল, যেমন কর্ম্ম তেমনি ফল,
দিলেন মোক্ষফল-দাতা।
ব্রহ্ম করিতে নির্ণয়, আপনি বুঝি হই লয়,
যার ভার সেই লয়, অন্যের কি কথা ॥ ৬৪

পাঠান্তর: ১ বিভাস—ক। ২ কৃপাবরষণে—ক। ৩ গোপাল গোপাল—খ, ট।

কি কাল-নিশি হলো প্রভাত, রাখালগুলার যোগাই ভাত
গরুর ঘাস কাটিতে হলো, ভাগ্যে এই ছিল।
কোথা হতে আহার যোগাই, উনিশ কুড়ি লক্ষ গাই,
তৃণ জল বৈতে বৈতে মাথা ফেটে গেল ॥ ৬৫

এইরূপ ব্রহ্মা প'ড়ে সঙ্কটে, সদা রন গিরি-নিকটে,
পাছে কিছু ঘটে ভাল মন্দ।
শ্রীদাম আদি রাখালগণে, প্রাণান্ত প্রমাদ গণে,
নবঘনে ডাকে সঘনে, বলে কোথা হে গোবিন্দ ॥ ৬৬

বিভাস-ভৈরবী[১]—একতালা

আর কেহ নাই, ও কানাই! হলো ভাই জীবনান্ত।
রে নীলকায়! সঁপেছি কায়, ও রাঙ্গা পায় একান্ত।
ত্যজে গো-পাল রৈলি গোপাল, কপাল গুণে হলি ভ্রান্ত!
হও যে তুমি, অন্তর্যামী, বেদে বলে তোয় অনন্ত।
পান ক'রে বিষ-জলে, পড়েছিলাম ধরাতলে,
রাখালে বাঁচালে জলে ডুবিলে সে দিন ত।
আজি নিদয়া[২], নীরদ-কায়া! কিসে মায়ায় হলে ক্ষান্ত!
কাল করে, কেমন ক'রে, দেও আজ কালের কালান্ত। (ক)

---

* * *

ব্রহ্মার শ্রীকৃষ্ণস্তব

এইরূপ কাঁদে রাখাল সব, অন্তরে জানি কেশব,
উৎসব তিলার্দ্ধ নাই মনে।
এমন সময় চতুর্ম্মুখ, লাজে করি অধোমুখ,
প্রণাম করি শ্রীহরি-চরণে ॥ ৬৭

বলে, ওহে নিরঞ্জন! অপরাধ কর মার্জ্জন,
এজন স্বজনকারী তুমি হরি।
তব গুণ বেদে ব্যক্ত, জানেন কিছু পঞ্চবক্ত্র,
আছ ভক্ত-অনুরক্ত, তুমি হে মুরারি ॥ ৬৮

নৈলে গোলক পরিহরি, ব্রজে হ'য়ে নরহরি,
নন্দের বাধা মাথায় করি, বাধ হে সাধরে।
প্রহ্লাদের ভক্তি-বলে, অনল পর্ব্বত জলে,
জীবন রাখিলে, থাকি স্তম্ভের ভিতরে ॥ ৬৯

তখন স্তবে তুষ্ট হ'য়ে কেশব,
মায়ার রাখাল গোপাল যে সব
স্বজন করেছিলেন, সে সব হরিয়ে নিলেন হরি।
প্রত্যক্ষ দেখিয়ে ধাতা, বলেন, ওহে ধাতার ধাতা!
দিয়ে দর্প, আজ হ'রে নিলে হরি ॥ ৭০

যে কুকর্ম্ম করেছিলাম, রাখাল গোপাল হয়েছিলাম,
দিয়ে, হরি! শরণ নিলাম চরণে একান্ত।
পেয়ে তুষ্ট গোলক-পালক, গোধন-আদি ব্রজের বালক,
স্তব ক'রে কন চতুর্ম্মুখ, রক্ষ কমলাকান্ত ॥ ৭১

---

[৩]বিভাস—ঝাঁপতাল[৩]

গোলক করি শূন্য, অবতীর্ণ ব্রজমণ্ডলে।
নৈলে কি শ্রীধর! ধর, ভূ-ধর করাঙ্গুলে।

জ্যোতির্ম্ময় পরব্রহ্ম চারি বেদে বলে,
ব্রহ্মাতে ব্রহ্ম-নিরূপণ আছে কোন্ কালে!
কূর্ম্মাদি অনন্ত রূপে আছ হে পাতালে ॥

(তুমি) নিত্য নিরঞ্জন নির্ব্বিকার, ভূভার হরিতে সাকার,
হ'য়ে হরি বামনাকার, বলিরে ছলিলে,
ত্রেতায় রাম অবতারে, রাবণ-কুল নাশিলে,
কৃপাসিন্ধু! সিন্ধু-সলিলে ভাসালে শিলে;
এখন গোপ-কূলে আছ গোকুলে[৪]
গোপাল গো-পালে ॥ (ঞ)

পাঠান্তর: ১ ললিত ভৈঁরো—ক। ২ নিদয় নিরয়া—খ, ট। ৩-৩ রামকেলী বিভাস—কাওয়ালী—খ, ট, ড। ৪ আছ হে প্রভু—ক।

৮। কৃষ্ণকালী-বর্ণন

শ্রীকৃষ্ণ-দর্শনে শ্রীরাধার বন-গমন-আয়োজন

দিবসে বিবশা রাধে শুনি বংশীধ্বনি।
চিত্রে সখী প্রতি খেদ-চিত্তে কয় ধনী ॥ ১
শুন গো চিত্রে! স্থিরচিত্তে শ্যামের মুরলী।
চিত্তে প্রবেশিলে, হবি চিত্রের পুতলী ॥ ২
পাপের প্রায়শ্চিত্ত হবে চিত্ত-দুঃখ দূর।
কি মধুর স্বর শুনে ক্ষিপ্ত সুরাসুর ॥ ৩
অসময় রসময় বাজায় বাঁশরী।
[১]কিরূপে সে রূপ হেরি[১], বাঁচে গো কিশোরী ॥ ৪
আমি বলি, শ্যাম! আমারে কর বনবাসী।
সে বলে, রাই! গুপ্ত প্রেম আমি ভালবাসি ॥ ৫
শুনি এ মোহন বাঁশী, তনু মন হরে।
মনে হয় মনোমধ্যে বাঁধি মনোহরে ॥ ৬
মনান্তর করিতে মনের না হয় মনন।
মনোমত না হয় সে মন্মথ-মোহন ॥ ৭
মন্ত্রণা বিফলে যায়, মরি মনে মনে।
মনে মনে ঐক্য নাই মাধবের সনে ॥ ৮
মজায় মুনির মন মোর চিন্তামণি।
এখন, সে মনে কেমনে সখী মজায় রমণী ॥ ৯
তবু মন বোঝে না, মন বুঝাতে, করি মন ভারি।
সে তো মন দিয়ে তোষে না মন, মনস্তাপে মরি ॥ ১০
মন দিয়ে মন পাবো ব'লে, মন সঁপিলাম আগে।
এখন মনহারা হয়েছি, মরি মনের অনুরাগে ॥ ১১
মন যা করে, মনের কথা, মন বিনে কে জানে।
বল্‌লে পরে মনের কথা, মন দিয়ে কে শুনে ॥ ১৩
সে করে না মনোযোগ, মন করে তার আশা।
এখন মন্দিরে বসিয়ে কাঁদি, দেখে মনের দশা ॥ ১৩
মনে মনে মান ক'রে, সই! থাকি মনের দুখে।
বলি, হেরিব না আর মনোহরে, থাকিব মনের সুখে ॥ ১৪

——

সিন্ধু-ভৈরবী—পোস্তা

[২]যাব না করি মনে[২], মন কি মানে বাঁশী শুনে।
বাঁশীতে মন উদাসী, হই গে দাসী শ্রীচরণে ॥
মনে হয় মানে বসি, হেরিব না আর কালো-শশী,
কাল্‌ হলো মোহন বাঁশী, না হেরিলে মরি প্রাণে ॥
পারিস্‌ কেহ সহচরি! রাখ্‌তে মোর মনকে ধরি,
কালাচাঁদ, প্রেম-ডুরি, [৩]বেঁধে মনে বনে টানে[৩] ॥ (ক)

শুনিয়া বাঁশরী, অধৈর্য্যা কিশোরী,
বলে বৃন্দের হস্ত ধরি।
চল সখি! যাই, জীবন জুড়াই,
ব্রজের জীবন হেরি ॥ ১৫
যদি না কর শ্রবণ, না যাও সে বন,
না দেখাও বনমালী।
তবে, কি কাজ ভবনে, কি কাজ জীবনে
জীবনে জীবন ঢালি ॥ ১৬
করি, জীবন ছলনা, চল না চল না,
তবে, গো জীবন থাকে।
চল গো সে বন, সে পদ-সেবন,
করি গে মনের সুখে ॥ ১৭
বৃন্দে সখী বলে, যাব কার বলে,
বেষ্টিত বিপক্ষমালা।
শুন গো শ্রীমতি! এ তোর কি মতি,
অসময় এত উতলা ॥ ১৮

পাঠান্তর: ১-১ কিরূপে সে বাঁশী শুনে—ক। ২-২ যা মনে করি মনে—ক, খ; যা মনে করি মানে—গ, ঙ। ৩-৩ বেন্ধে আমার মনকে টানে—খ; বেন্ধে মনে টানে—জ।

সময়ানুযোগ হইলে—সংযোগ
করিব বঁধুর সনে।
যাও ফিরে যাও, কি জন্যে মজাও,
দুখিনী গোপিনীগণে। ১৯
ঐ ভয় রাধে! তবে অপরাধে,
আমরা হব হতমানী।
কৃষ্ণপ্রেম-সাধে, সদা বাদ সাধে,
তোর পাপ ননদিনী। ২০

* * *

রাধিকার প্রতি সখীদিগের উক্তি

(তোমার ননদিনী কুটিলাকে কি প্রকার ডরাই?)

যেমন, ছেলে-ধরার নামে শিশু, আগুন দেখ্‌লে পশু।
বাঘকে ডরায় ছাগল, জলকে ডরায় পাগল।
মহাজনকে খাতক, বৈশাখের রৌদ্রে চাতক।
যেমন, পাতকী জনা ডরিয়ে মরে, দেখ্‌লে যমের দূত।
চোরকে গৃহী ডরায় জানি,
মদনকে ডরায় বিরহিণী, রাম নামেতে ভূত।
যেমন ভক্তকে গোবিন্দ ডরান, ব্যক্ত আছে বাণী।
অপমানকে মানী, মৃত্যুকে ডরায় প্রাণী।
দস্যুকে ডরায় পথি, পর-পুরুষকে সতী, ষষ্ঠীকে পোয়াতী।
শিবকে মদন ডরায় যেমন, রাগে ভস্ম হ'য়ে।
ব্যাধকে পক্ষী ডরায় আর তুফানকে ডরায় মেয়ে।
তেমনি কুটিলেকে ডরাই আমরা গোকুলের মেয়ে। [খ]

* * *

বৃন্দার প্রতি শ্রীরাধিকা

রাই বলে, কি বল বৃন্দে, অতি মনোভ্রান্তে।
ধৈই গো! বিপদ ঘটিবে গোপীর দেখ্‌তে গোপীকান্তে। ২২
যার নামেতে বিপদ-মুক্তি, বিদিত বেদান্তে।
আছে বিপদ-নাশক বৈদ্য হরিপদ-প্রান্তে। ২৩
আমি যে নাম ভাবিলাম, সখি! কি করে কৃতান্তে।
গরুড় কি ভয় করে সর্প-বিষ-দন্তে। ২৪
নিরীক্ষিতে প্রাণকান্তে যাব গো একান্তে।
শুনিব না তোদের মানা, মানিব না প্রাণান্তে। ২৫
তাঁর নামের মাহাত্ম্য, বৃন্দে! কে পারে গো জান্‌তে।
কিঞ্চিৎ মাহাত্ম্য জ্ঞাত আছে উমাকান্তে। ২৬
অজামিল মহাপাপী কহে জ্ঞানবন্তে।
একবার নামের গুণে মুক্তি পায় অন্তে। ২৭
সামান্য জ্ঞানী পারে কি সই! চিন্তামণি চিন্‌তে।
গৃহ-ধর্মের কর্ম, সই! সর্বদা অচিন্তে। ২৮
আমি চিন্তা করি, সখি! তাঁর হয়েছি নিশ্চিন্তে।
যে চিন্তে করে হরি, হরি করে তার চিন্তে। ২৯
বিষয়-বাসনা-বিষে বিরত হও বৃন্দে।
বিতরণ কর মন কৃষ্ণ[১]-পদারবিন্দে। ৩০
বিজয়ী ব্রহ্মাণ্ড, যে জন ভজে সে গোবিন্দে।
ভজিলে গোলোকপতি, তার কি লোকনিন্দে। ৩১
যাঁরে বিরিঞ্চি বাঞ্ছিত সদা বিনয় করি বন্দে।
তাঁরে ভজি, কে কোথা হয় পতিত বিবন্ধে। ৩২

* * *

শ্রীরাধা বৃন্দাকে দৃষ্টান্ত দ্বারা বুঝান—যাত্রাকালে হরিধ্বনি করিলে, হরি তাকে কেমন রক্ষা করেন

যেমন রমণীরক্ষক পতি, সর্পভয়ে খগপতি,
বিবাহে রক্ষক প্রজাপতি, প্রজারক্ষক ভূপতি।
শস্যরক্ষক ইন্দ্র যেমন, গগনে করেন বৃষ্টি।
বালক-রক্ষক ষষ্ঠী, অন্ধের রক্ষক যষ্টি।
দেহরক্ষক অন্ন যেমন, প্রাণরক্ষক জল।
রাজদেবে রক্ষক, সম্পদ সখাবল।
যজ্ঞরক্ষক যজ্ঞেশ্বর, যন্ত্ররক্ষক যন্ত্রী।
গৃহরক্ষক[২] পুরোহিত, রাজ্যরক্ষক মন্ত্রী।
অশক্ত কালেতে রক্ষক, সঞ্চিত বিষয়।

পাঠান্তর: ১ বিষ্ণু—ক, গ। ২ গ্রহরক্ষক—ক, গ।

সাধন-কালেতে রক্ষক, গুরু যে নিশ্চয়।
সৃষ্টিরক্ষক ধর্ম কেবল, বিপদ-রক্ষক মিত্র।
গো-ব্রাহ্মণ-রক্ষক গোবিন্দ জানি মাত্র, বংশরক্ষক পুত্র।
পরকাল-রক্ষক পুণ্য, কেবল তারি বলে তরি।
তরঙ্গে রক্ষক তরি, রোগে ধন্বন্তরি।
অন্ধের রক্ষক নড়ি, তেমনি যাত্রার রক্ষক হরি॥ [আ]

(সখি! হরি-দর্শনে গমন করিলে বিপদ-নাশ হয়।)

সিন্ধু-ভৈরবী[১]—পোস্তা

কি চিন্তা কর ধনি! হরি হরি কর ধ্বনি।
চল হেরি গে হরি, হরিবে দুখ অমনি॥
চিন্তিলে চিন্তা হরে, চিন্তে যারে বিধি হরে,
সজনি! চিন্তা-জ্বরে, ঔষধি শ্যাম-চিন্তামণি॥
রাখ রে দাশরথি! হরি-চরণে মতি,
কি শঙ্কা, হরিস্মৃতি— সর্ব্ববিপদ-নাশিনী॥

* * *

শ্রীরাধিকার বনগমন-সজ্জা

শুনে বাক্য কিশোরীর, প্রেমে পুলক শরীর,
চক্ষে বহে প্রেমনীর, বলে, চল যতনে।
তেয়াগিয়া কুললাজ, সবে বলে সাজ সাজ,
করিব না কাল-ব্যাজ, দেখ্‌তে কালোরতনে। ৩৪
অলসে অবশ কায়া, যায় তত গোপজায়া,
লইতে কৃষ্ণপদ-ছায়া, দ্রুত কুঞ্জ-কাননে।
ত্যজে শঙ্কা পরস্পর, সংসার ভাবিয়া পর,
হরি ব্রহ্ম পরাৎপর, চিন্তা করে মননে। ৩৫
বৃন্দে মনে পেয়ে প্রীতি, কহিছে সঙ্গিনী প্রতি,
শুনগো সখি! সম্প্রতি,
মন মত্ত হইলে কিছু মানে না।
বিনে সজ্জায় গেলে প্যারি! লজ্জা দিবেন বংশীধারী,
দুখে করিবেন মন ভারি,
মনোহরের মনতো তোমরা জান না। ৩৬
শুনিয়া সঙ্গিনীগণে, গ্রাহ্য করি মনে মনে,
রাই-অঙ্গ সাজাতে মনে, পরস্পর পুলকে।
বলে, কোথা গো শ্রীমতি! ভাবেতে উল্লাস-মতি,
আনে নানা রত্ন মতি, নয়নাৰ্দ্ধ-পলকে। ৩৭
আনিল গোপ-রমণী, উজ্জ্বল হীরক-মণি,
সাজাতে রাই চন্দ্রাননী, চঞ্চলা অবলা-কুল গোকুলে।
কাঞ্চন আভরণ কত, পরশ-আদি মরকত,
মুক্তাহার আর কত, নীলকান্ত মণি আনে সকলে॥ ৩৮
প্রেমেতে হইয়া আকুল, ভ্রমণ করে গোকুল,
চম্পক বক বকুল, নানা ফুল আনে ব্রজ-গোপিনী।
কোলে লইয়া কমলিনী, বেঁধে দেয় বৃন্দে ধনী,
চাঁচর চিকুর বেণী, যেন কাল-সাপিনী। ৩৯
গাঁথে সুখে ব্রজবালা, পুঞ্জ পুঞ্জ গুঞ্জমালা,
বিশাখাদি চন্দ্রমালা, যায় পুষ্পচয়নে।
জাতী যূথী আনি যূথে[২], গাঁথি মালা বিনি-সূতে,
ভুলাইব নন্দসুতে, বলি, গোপীর প্রেমধারা নয়নে। ৪০
তখন সাজাইতে রাই-স্বর্ণলতা, স্বর্ণে হইল বিবর্ণতা,
ললিতে চম্পক-লতা, দেখি রূপ চমকে।
বলে, রাই-অঙ্গে সাজে না হীরে, হীরে রূপের বাহিরে,
ভূষণকে ভূষিত করে,—রূপ ধরে রাধিকে॥ ৪১
মুক্তা না পাইল যশ, প্রবালের অপৌরুষ,
পরশ হয়ে বিরস, কাঁদে অধোবদনে।
কাঁদিছে নীলকান্ত-মণি, রাই-অঙ্গে পড়ি অমনি,
নিরখি ব্রজ-রমণী, বলে বৃন্দের সদনে। ৪২
ওগো বৃন্দে! একি দায়, সাজাতে রাই-প্রমদায়[৩],
ভূষণ মাগে বিদায়, সাধ্য কি মিশাতে রূপ-সাগরে।
এখন বল গো! করি কিরূপ, কি দিয়ে সাজাই রূপ,
ভুলাব সে বিশ্বরূপ, ব্রজগোপীর নাগরে। ৪৩
তরুণ অরুণ জিনি, জিনি রক্ত-সরোজিনী,
কেশব-মনোরঞ্জিনী,— কত শোভা চরণে।

পাঠান্তর: ১ সিন্ধু খাম্বাজ—ক। ২ যূতে—জ। ৩ বড় দায়—খ, জ।

সরোজ-নিন্দিত কর, সুধামুখীর শোভাকর,
সলজ্জিত সুধাকর, পদনখ-কিরণে। ৪৪
কিশোরীর কি মধ্যদেশ, কেশরী তায় করি দ্বেষ,
বনে যায় ছাড়ি দেশ, বলে, লাজে মরি রে!
কিবে নাভির গভীর, কিশোরীর কি শরীর,
মদনের গেল শরীর, পেয়ে তাপ শরীরে। ৪৫
তিল ফুল জিনি নাসা, খগপতির দর্প-নাশা,
পুরাইতে কৃষ্ণের আশা, বিধি রূপ গড়িলে।
চক্ষে হেরি পেয়ে তাপ, হরিণীর হরিল দাপ,
থাকে না চক্ষের পাপ, চক্ষে চক্ষু হেরিলে। ৪৬

সখি! সংসারে এমন কি আভরণ আছে যে,
রাই অঙ্গ সাজাইব?

খাম্বাজ—যৎ

ওগো সজনি! রাই-অঙ্গ সাজাব, দিয়ে কি ভূষণ।
ও যার, রূপে রইল ঢাকা, রাকা-শশীর কিরণ।
রাই রমণীর শিরোমণি, ও-অঙ্গে সাজে না মণি,
যার ভূষণ শ্যাম-চিন্তামণি, চিন্তে মুনিগণ।
বর্ণনে যার বর্ণ হারে, তার সাজে কি স্বর্ণ-হারে,
যেরূপ হেরিয়ে হরে, মুনি জনার মন। (গ)

শ্রীরাধিকার উক্তি

ওগো সাজাইতে আমার অঙ্গ, ভূষণে না দিবে অঙ্গ,
সজল-জলদ-অঙ্গ, এ অঙ্গে ভূষণ, ওগো সখি!
করি মিথ্যা রঙ্গভঙ্গ, নিরখিতে শ্যাম ত্রিভঙ্গ,
করিস্ বুঝি যাত্রাভঙ্গ, ভঙ্গিম ভাবেতে তোদের দেখি। ৪৭
গলে যার শুমন্তকমণি, বন্দে সনকাদি মুনি,
নন্দের নীলকান্তমণি, সে মণি পরেছি আমি গলে।
এ কায় মোর বিকায়, সে নব-নীরদ-কায়,
সাজাইতে রাধিকায়, বল কায়, সজনি সকলে! । ৪৮

শ্রী আমার কেবল শ্রীহরি, অনন্ত-ভূষণ[১] হরি,
অন্তরে লয়ে বিহরি, কত শোভা, অন্ত কেবা জানে।
তোমরা, কি ভূষণ সাজাবে করে, শ্যামরত্ন যার করে,
রত্ন নাই কো রত্নাকরে, এ কর সাজাতে জানি মনে। ৪৯
শ্যাম চন্দ্র, আমি তারা, শ্যাম আমার নয়নের তারা,
জানে যারা ধন্য তারা, তারাকান্ত অন্য কিছু জানে।
না করি মনে সন্দেহ, সামান্য ভূষণ দেহ,
সাজিবে না সাজিবে না দেহ, ওগো সখি! শ্যামরত্ন বিনে। ৫০
বিধির সৃষ্টি জলনিধি, তাতে জন্মে কত রত্ন-নিধি,
শ্রীকৃষ্ণ করুণা-নিধি, তুল্য কেবা মূল্য দিয়ে পাবে।
ব্রহ্মাদির অনুপায়, কেবল কিশোরী পায়,
মন সঁপে তাঁর বাঞ্ছা পায়, বৃন্দাবনে ম'জে মধুরভাবে[২]। ৫১
(অতএব অন্য ভূষণে প্রয়োজন নাই)
বিলম্ব দেখিয়ে, মনে হয় বড় ভয়।
যদি জয় নিবি তো বল গো মুখে বল কৃষ্ণ-জয়। ৫২
শুভকর্মে বিঘ্ন বহু, কি কর সই! হায় হায়!
মিছে কথায় কথায় বুঝি, দিন ব'য়ে যায় যায়। ৫৩
কখন দেখিব হরি, কি হইল হরি হরি!
কৃষ্ণ-বিচ্ছেদ-হুতাশনে[৩] বুঝি প্রাণে মরি মরি। ৫৪
পাছে, সাজ করিতে ফুরায় দোল, ঐ ভাবনা মনে মনে[৪]।
বুঝি, কৃষ্ণ-প্রেমের বাদী, তোরাই হলি জনে জনে। ৫৫
আমার ভাবনা বড় হয় সখি! তোদের ভাব দেখে দেখে[৪]।
পাছে, এ-কূল ও-কূল দুকূল যায় তোদের সঙ্গে
থেকে থেকে[৪]। ৫৬
তোরা কাজের কথায় দিসনে কাণ,
বলিলে তোদের কাণে কাণে[৪]।
মনের কথায় মন দিলে পর, আমি থাকি মানে মানে[৪]। ৫৭
(কৃষ্ণ আমার কেমন ভূষণ?)
যেমন পৃথিবীর ভূষণ রাজা, রাজার ভূষণ সভা।
সভার ভূষণ পণ্ডিত, সভা করে শোভা।
পণ্ডিতের ভূষণ ধর্মজ্ঞানী, মেঘের ভূষণ সৌদামিনী,
কোকিলের ভূষণ মধুর ধ্বনি, সতীর ভূষণ পতি।

পাঠান্তর: ১ অন্তর-ভূষণ—খ, গ, জ। ২ মধুভাবে—গ। ৩ হুতাশে—খ, জ। ৪ খ, গ, জ পুঁথিতে এই চিহ্ন নাই।

যোগীর ভূষণ ভস্ম, মৃত্তিকার ভূষণ শস্য, রত্নের ভূষণ জ্যোতি,
বৃক্ষের ভূষণ ফল, নদীর ভূষণ জল, জলের ভূষণ পদ্ম।
পদ্মের ভূষণ মধুকর,
মধুকরের ভূষণ গুণ-গুণ স্বর, উভয় প্রেমে বদ্ধ॥
শরীরের ভূষণ চক্ষু, যাতে হয় জগৎ দৃষ্ট।
দাতার ভূষণ দান করে, ব'লে বাক্য মিষ্ট।
পূজার ভূষণ ভক্তি যেমন, থাকে ইষ্টনিষ্ঠ।
তেমনি ভূষণের ভূষণ আমি, আমার ভূষণ কৃষ্ণ। [ই]

প্যারী-মুখে শুনি সখী, কৃষ্ণের প্রসঙ্গ।
ভ্রম দূরে যায়, প্রেমে পুলকিত অঙ্গ॥ ৫৯
ভাসিল তরুণীগণে প্রেমের তরঙ্গে।
কৃষ্ণদরশনে যায়, রাইকে লয়ে সঙ্গে॥ ৬০
চতুর্দ্দিকে বেষ্টিত যতেক সখীমালা।
মধ্যে রাধে গজেন্দ্রগামিনী রাজবালা॥ ৬১

ললিত[১]—ঝাঁপতাল

নিরখিতে ব্রজরাজে, ত্যজি কুল-লাজে,
গতি নিন্দে গজরাজে, চলে ব্রজরাজ-রাণী।
ভাবে অঙ্গ ঢল ঢল, প্রেমে আঁখি ছল ছল,
বলে, সখি! চল চল, যেন চকল হরিণী॥ (ঘ)

* * *

বন-যাত্রা-পথে কুটিলার সহিত সাক্ষাৎ

সখীগণ লৈয়া সঙ্গে রঙ্গে কমলিনী।
দ্রুতগতি যান কুঞ্জে কুঞ্জরগামিনী॥ ৬২
শুনিয়া কুটিলে পথে আইসে দড়োদড়ি[২]।
সীতারে ঘেরিল যেমন রাবণের চেড়ী॥ ৬৩
যমদূতে গিয়ে ধরে যেমন পাপগ্রস্ত নরে।
বিদ্যুল্লতা রাক্ষসী যেমন জলধরকে ধরে॥ ৬৪
কুপিয়ে[৩] কুটিলে রাধার ধরে গে দুটী বাহু।
যেমন ব্যাঘ্রেতে হরিণী ধরে, চাঁদকে ধরে রাহু॥ ৬৫

* * *

কুটিলার ভর্ৎসনা-বাক্য

বলে, খুব জলালি, খুব ঢলালি,
শরীরে অগাধ বিদ্যে।
লোক হাসালি, কুল ভাসালি,
অকূল সাগর মধ্যে॥ ৬৬
নাই পসরা মাথায়, যাও লো কোথায়,
সঙ্গে সখী দুটি[৪] লো।
এ নয়, বিকির বেলা, ডেকেছে কালা,
তাইতে বিকার ঘটিল॥ ৬৭
বেঁধে মাথায় খোঁপা, তাতে চাঁপা
মুচ্‌কি মুচ্‌কি হাসি।
বড় লাগায়ে চটক, 'মারিছো সাটক[৫]',
শুনেছো বুঝি বাঁশী॥ ৬৮
ধ'রে সখীর গলা, করিছো শলা,
দাদাকে দিয়ে ফাঁকি।
আজি, পাকাপাকি, মাখামাখি,
করিবো দাঁড়া ডাকি[৬]॥ ৬৯
ক'রে ওষ্ঠ লাল, সেজেছো ভাল,
ত্যজেছো কুললজ্জা।
থাকিবি, গোবরে ছেয়ে, গোয়ালার মেয়ে,
এত কেন তোর সজ্জা॥ ৭০
ক'রে চৌর্য্যপনা, মাখন ছেনা,
কাপড়ে লয়েছো ঢেকে।
দেবের দুর্লভ, এই দ্রব্য সব,
রাখালকে খাওয়াবি ডেকে॥ ৭১
তোর রাগ-তরঙ্গ, দেখে অঙ্গ
যায় লো আমার জ্ব'লে।

পাঠান্তর: ১ টৌরি—খ, গ, জ। ২ দৌড়াদৌড়ি—খ, জ। ৩ কোপেতে—খ, জ।
৪ দূতী—খ। ৫-৫ মারিছ অনাটক—খ। ৬ ডাকাডাকি—ক, খ, জ।

আজি, বড়াই বুড়ীর, ভাঙ্গ্‌বো মুড়ি,
আয়ান দাদাকে ব'লে। ৭২
ঐ বুড়ী অভাগী, পুরাণো ঘাগী[১],
ছিলো নষ্টের রাজা।
ওর, পরের মেয়ে, পরকে দিয়ে,
পর মজিয়ে মজা। ৭৩
হলো পককেশা, চক্ষু বসা,
দুঃখ-দশার শেষ।
গায়ে চর্ম্ম দড়ি, হাতে নড়ি,
কাঁখে চুপড়ী বেশ। ৭৪
বেটীর, উদর কোঁড়া, মাজা ভাঙ্গা,
উঠতে বসতে কাবু।
অন্ত নাই, দন্ত নাই,
কান্ত নাই যে তবু। ৭৫
নাই, চলৎ-শক্তি, পরম ভক্তি—
পর মজাতে পেলে।
ওটা, বিধির কর্ম্ম, নষ্টের ধর্ম্ম,
স্বভাব যায় না ম'লে। ৭৬
দিয়ে মন্দ দাঁড়া, বাজিয়ে কাড়া,
ঐ ত পাড়া জাগালে।
এ কে, সইতে পারে, ঐ তো ঘরে,
নন্দসুত লাগালে। ৭৭
তখন, ঘুরিয়ে আঁখি, চন্দ্রমুখী
প্রতি কুটিলে বলে।
ফের্ ফের্, নহিলে ফের,
ঘটিবে তোর কপালে। ৭৮
হয়ে কাতর, উক্তি কন শক্তি,
ননদি! ছাড়ি দেহ।
আমার! প্রাণ হয়েছে, অগ্রগামী,
মিথ্যা ধর্‌বে দেহ। ৭৯

* * *

আমার প্রাণ কি প্রকার, তাহা শুন—

যেমন বারিগত মীন, দাতাগত দীন।
নদীগত তরি, ভক্তগত হরি।
যেমন বনগত পশু, মাতৃগত শিশু।
স্বামিগত সতী, ক্রিয়াগত গতি।
জলগত মকর, চন্দ্রগত চকোর।
বৃক্ষগত লতা, জিহ্বাগত কথা।
আহারগত কায়া, ধর্ম্মগত দয়া।
অর্থগত নর, পিত্তগত জর।
উৎপন্নগত ধন, আশাগত মন।
ধনগত মান, আমার তেমনি কৃষ্ণগত প্রাণ। (ঐ)

সিন্ধু-ভৈরবী[২]—আড়া

কেমনে প্রাণ ধরি, না হেরে মাধব-মাধুরী।
ধ'রো না, ননদি! তোমার চরণে ধরি।
কৃষ্ণপ্রেম-তৃষ্ণানলে, তিষ্ঠে না মন গোকুলে,
জলে[৩] যাই-চাতকী, বিনে কৃষ্ণ-প্রেম-বারি।
গোকুল-রমণীগণে, গেলে কৃষ্ণ-দরশনে,
আমি, বিচ্ছেদ হুতাশনে কেমনে তরি।
হরি ব্রহ্ম পরাৎপর, আমারে কি হলো পর,
আমি জানি পূর্ব্বাপর, আমারি হরি।
যদি আমি বুঝাই মনে, মনোহর ভেবো না মনে,
মন তাতে মন-অভিমানে, মরে গুমরি।
পুরাইতে মনোরথ, কৃষ্ণপদে মন রত,
সংসারে বিরত মন, দিবে-শর্ব্বরী। (ঙ)

কুটিলার কৃষ্ণনিন্দা

কুটিলে বলে, এমন বুদ্ধি, তোরে দিয়েছে কেটা।
করিস ব্রহ্মজ্ঞান, ভগবান, সেই নন্দঘোষের বেটা। ৮১

পাঠান্তর: ১ নাগী—জ। ২ গাড়া ভৈরবী—ক। ৩ জলে—খ।

যে যমুনা-পারে, যেতে না পারে, কংসরাজার দায়।
হলে স্বয়ংব্রহ্ম, এম্‌নি কর্ম, গোয়ালার অন্ন খায়। ৮২
বনে, হারালে গাভী, বলি সুরভি, নন্দের ভয়ে কাঁদে।
হলে পরাৎপর, তার কি কর, নন্দরাণী বাঁধে। ৮৩
সে কি বইতো নন্দের বাধা, গোলোকচন্দ্র হ'লে।
দিবানিশি, একটা বাঁশের বাঁশী, বাজাতো রাধা ব'লে। ৮৪
তবে কি, মান ঘুচায়ে, মানের দায়ে, তোর পায়ে সে ধরিত।
হরি হ'লে কি, জঠর-জ্বালায়, মাখন চুরি করিত। ৮৫
গোলোকচন্দ্রে, শিরে বন্দে, ইন্দ্র চন্দ্র ভানু।
চরাচর, অগোচর, চরাত সে কি ধেনু। ৮৬
ভজিলে পরে, পরাৎপরে, তারে জগতে ভজে।
সে হলে কি, শ্যাম-কলঙ্কী, নাম হতো তোর ব্রজে। ৮৭
যে যজ্ঞেশ্বরের যজ্ঞে ভোজন পকামৃত মিষ্ট।
সে হলে কি, খেতো গোকুলে, রাখালের উচ্ছিষ্ট। ৮৮
নন্দের বেটা ব্রহ্ম নয়, জেনেছি তার মর্ম।
যার পানে যার মন পড়ে, রাই! সেই যেন তার ব্রহ্ম। ৮৯

* * *

শ্রীরাধিকা বলিতেছেন,—কৃষ্ণ আমার স্বয়ং ভগবান

শুনি বাণী, কমলিনী, কোমল বাক্যে কন।
ননদিনি! ব্রহ্ম তিনি, তোর পক্ষে নন। ৯০
আমার, শ্যাম যদি সামান্য হবে, কেন তার বংশীরবে,
কুলবতী রইতে নারে ঘরে।
উর্দ্ধ মুখে ধেনু রয়, যমুনা উজান বয়,
কেন তার, বাঁশের বাঁশীর স্বরে। ৯১
করি, শিশুকালে স্তনপান, পূতনার বধে প্রাণ,
ব্যক্ত গুণ ত্রিভুবনে জানে।
কালীয় করি দমন, রাখালের রাখে জীবন,
কালীদহে বিষজল-পানে। ৯২
ননদি! মোর কৃষ্ণধন, করে ধরি গোবর্দ্ধন,
রস[1] বৃন্দাবন বাঁচাইল।
কে তারে চিনিতে পারে, মায়া করি যশোদারে,
বদনে ব্রহ্মাণ্ড দেখাইল। ৯৩
বলিলে, গোধন চরায়, রাখালের উচ্ছিষ্ট খায়,
শ্রেষ্ঠ তায় বল মাত্র মিছে।
ওগো ননদি! সে ভগবান, তার কাছে মান অপমান,
সুখ দুঃখ তুল্য তার কাছে। ৯৪
চিন্‌বে কি শ্যাম কালো-রূপে, পড়েছ মায়া-অন্ধকূপে,
লোমকূপে ত্রিভুবন যার।
রাজ্যপদ গোচারণ, কিবা পঙ্ক কি চন্দন,
বৈকুণ্ঠ পাতাল তুল্য তাঁর। ৯৫
সে যে সংসারের সার, সংসার সকলি তাঁর,
সুখ দুঃখ সব তাঁর সৃষ্টি।
করে আমার প্রাণকৃষ্ণ, আপন হইতে শ্রেষ্ঠ,
ননদি গো! যারে কৃপাদৃষ্টি। ৯৬
সে যারে দিয়াছে মান, সেই ধন্য মান্যমান,
তার মানে মান্য হয় বিধি।
এ কথা নয় অপ্রমাণ, কৃষ্ণের বাড়াবে মান,
এত মান কার আছে, ননদি! ৯৭
করিল ভক্তের দায়, নন্দের বাধা মাথায়,
কর তায় এইজন্য সন্দ।
ননদি গো! তোরে বলি, ভক্তিতে বাঁধিল বলি,
ভক্তাধীন আমার গোবিন্দ। ৯৮
গোলোকপুরী পরিহরি, গোকুলে বিহরে হরি,
চিন্তামণি সকলে চিনিলে।
ননদি! তোর একি কর্ম, ধিক্ ধিক্ ধিক্ জন্ম!
হাতে রত্ন পেয়ে হারাইলে। ৯৯

ঝিঁঝিট-খাম্বাজ[2]—খং

ওগো ননদি! তুই কেবল চিন্‌লিনে আমার কৃষ্ণধন।
কিন্তু জগজ্জনে জানে, কৃষ্ণ জগতের জীবন।

পাঠান্তর: ১ সব—ক, খ। ২ খাম্বাজ—খ, গ, জ।

ননদি! তোমার প্রতি, বিমুখ বৈকুণ্ঠপতি,
সমুদ্রে বাস ক'রে কি তোর, পিপাসায় মরণ।
সাধে যায় শঙ্কর বিধি, ননদি! মোর কৃষ্ণনিধি,
দুস্তর ভবজলধি, নিস্তার-কারণ॥ (চ)

শ্রীমতীর কুঞ্জে প্রবেশ এবং শ্রীকৃষ্ণের সহিত কথোপকথন

কৃষ্ণের গুণ-কথায়, কুটিলে চৈতন্য পায়,
পাষাণ-শরীরে প্রেমোৎপত্তি।
দেখিতে যাইতে শ্রীপতিরে, প্রেমভরে শ্রীমতীরে
অমনি করিল অনুমতি॥ ১০০
সঙ্গে সখী রঙ্গে ভঙ্গে, নিরখিতে শ্যাম-ত্রিভঙ্গে,
কুঞ্জবনে উপনীত রাধে।
অন্তরে সুখ উপজিল, বিচ্ছেদ অন্তর হৈল,
যুগল-মিলন মন-সাধে॥ ১০১
দিবসে ছাড়িয়া বাস, হরি সঙ্গে পরিহাস,
মনে ত্রাস আয়ান দুর্জ্জনে।
পথে দেখি ননদিনী, বিনয়ে কন বিনোদিনী,
সেই ভয়ে কৃষ্ণের চরণে॥ ১০২
আজি শীঘ্র হই বিদায়, নতুবা ঘটিবে দায়
আসিতে কুটিলে সঙ্গে দেখা।
দিবাভাগে অসময়, এসেছি, হে রসময়!
শক্রময় জান তো সব, সখা॥ ১০৩
শুনিয়ে অন্তর উদাসী, কন কৃষ্ণ দুঃখে হাসি,
কেন মোরে বিচ্ছেদে কাঁদাবে।
আদ্যাশক্তি লোকে কয়, তুচ্ছ আয়ানের ভয়!
এ কথা কি তোমারে সম্ভবে॥ ১০৪
তুমি ব্রহ্মময়ী সত্য, জানিয়ে তোমার তত্ত্ব,
হয়েছি শরণাগত আমি।
বলিলে নাহি মানো কান্তে, ভুলেছ আপন ভ্রান্তে,
রাধে! এত ভ্রান্ত কেন তুমি॥ ১০৫
শুনি রাধে মিষ্ট ভাষে, কন কৃষ্ণে উপহাসে,
বলিলে তবে, বলি নিজ দুঃখে।
চিরদিন দেখ্‌তে পাই, নিজ ধর্ম্ম কারু নাই,
পরকে পরে জগতে দেয় শিক্ষে॥ ১০৬
আমি ভ্রান্তা যদি হই, তব তুল্য ভ্রান্ত নই,
কান্ত! গুণের অন্ত বলি তবে।
করি তুচ্ছ কংস-ভয়, গোপনে রও নন্দালয়।
এ কর্ম্ম কি তোমারে সম্ভবে॥ ১০৭
নবনীত অল্প করে, যশোদা বন্ধন করে,
তাতে, কেঁদে আকুল দিবস সমস্ত।
তোমায় ভজে ইন্দ্র ইন্দু, কি দুঃখে করুণাসিন্ধু!
জরাসিন্ধু-ভয়ে তুমি ব্যস্ত॥ ১০৮
সে অপূর্ব্ব কহিব কারে, পূর্ব্বে রাম-অবতারে,
জানকী হরিল দশাননে।
হয়ে ত্রিভুবনের শিরোমণি, যেন মণিহারা ফণী,
রোদন করহ বনে বনে॥ ১০৯
তখন, স্মরণ করিলে হরি, আসিত ব্রহ্মা ত্রিপুরারি,
জানকী, উদ্ধার শীঘ্র পায়।
সে সকল ভুলিলে চিতে, বানরে বলিলে মিতে,
করিতে সীতার উদ্ধার-উপায়॥ ১১০

জয়জয়ন্তী—ৎ

তুমি হে কমলাকান্ত! এত ভ্রান্ত কি কারণ।
নাশিতে রাবণে কয়, বনপশু-আরাধন॥
লঙ্কা যাইতে কৃপাসিন্ধু, বন্ধন করিলে সিন্ধু হে।
তোমার নামেতে নিস্তার, হরি! ভবসিন্ধু জগজ্জন॥
গোলোকেতে বিরাজিত, তুমি ইন্দ্রাদি-পূজিত,
তোমায় করে ইন্দ্রজিত, নাগপাশেতে বন্ধন।
তুমি কাঁদ শক্তি বিনে, শক্তি কাঁদে অশোকবনে, হে!
আবার শক্তিশেলে মরে প্রাণে, তব প্রাণের ভাই লক্ষণ॥ (ছ)

শুনি কন রাধাকান্ত, রাধে! আমি যেন অধিক ভ্রান্ত,
উভয়ের দোষ গুণের অন্ত,
বলিলে বলিয়ে বলি, নইলে কথা কইনে।

ভ্রান্ত হয়ে যদি থাকি,   তবু সদয় স্বভাব রাখি,
তুমি যেমন চন্দ্রমুখি ! অমন,   আমি ভক্তে নিদয় হইনে।
সাক্ষী দেখ, আমি ভক্ত-অনুগত অনুরক্ত,
আমায় করিলে যে বিরক্ত,
মানের দিন্‌টা ভাবিলে, প্রাণ তো রয় না।
ক'রে সাধে বিবাদ বাদ সাধিলে, সাধকের সাধ কৈ পূরালে,
সাধিলাম চরণ-তলে, ভক্ত ব'লে তবুতো দয়া হয় না ॥ ১১২
কমলিনী কন, হরি ! তোমার সঙ্গে বিহরি,
তুমি ভক্তের হিতকারী,   যত তাহা আমা ছাড়া নয় হে।
ত্রিভুবন করিল দান,   বলি ভক্ত, ভগবান !
বেঁধে করিলে অপমান, কি গুণেতে ভক্তাধীন কয় হে।
নিতান্ত ভক্ত তোমার,   প্রহ্লাদ রাজকুমার,
সঙ্গে সঙ্গে থেকে তার,   দুঃখ দিয়ে কত খেলাই খেলিলে !
দণ্ডে দণ্ডে রাজা দণ্ডে,   কভু ফেলে অগ্নি-কুণ্ডে,
কভু দেয় হস্তি-শুণ্ডে, প্রাণ বধিতে বিষ দান করিলে ॥ ১১৪
কত দুঃখ কব তার,   শেষে হয়ে অবতার,
বহু দিনে নিস্তার,   করিলে তারে, দিয়ে দুঃখের অন্ত।
রাবণের পুত্রগণে,   শরণ লয় গিয়ে রণে,
বিভীষণের বাক্য শুনে, কত ভক্তের করেছ প্রাণান্ত ॥ ১১৫
বাঞ্ছা-কল্পতরু নাম,   ও নামের তুল্য নও হে শ্যাম !
কারে সদয় কারে বাম,   আত্মশ্লাঘা যোগ্য তুমি নও হে।
শুনে কন ভগবান,   রাধে ! ভক্ত যে আমার প্রাণ,
আমি ভক্তের ঘুচাই মান,
কমলিনী ! এমনি কথা কও হে ॥ ১১৬

বারোঙা—খং

যদি ভক্তের মান ঘুচাতাম রাধিকে !
তবে ভৃগুমণির পদচিহ্ন কেন আমার বুকে।
আমি ভক্তের ভক্ত রাধা !   ভক্তপ্রেমে 'বন্দী সদা'[১],
নৈলে কেন নন্দের বাধা, বহি আমি মস্তকে।
দ্বিজ দাশরথি দীন, তার কি যাবে দুঃখে দিন,
দীনবন্ধু বলি যদি দিনান্তরে ডাকে। (জ)
কমলিনী বলে হরি ! বলি   পদারবিন্দে।
বলিলে কথা সমুচিত, হবে কৃষ্ণ-নিন্দে ॥ ১১৭
আছে ভৃগুর চরণ,   হৃদে ধারণ,
তাইতে গরব করি বলো।
হয় কপট যারা,   রাখে তারা,
বাহ্যলক্ষণ[২] ভালো ॥ ১১৮ ।

*   *   *

কালোরূপের দোষ

যেমন বিষকুম্ভ পয়োমুখ, স্বভাব ধরে শঠে।
তোমার অন্তরস্থ, গুণ সমস্ত, আমার জানা বটে ॥ ১১৯
গুণের কথা, গুণমণি ! গণে বলিতে নারি।
রূপ যে তোমার কালো রূপ, ও পরের মন্দকারী ॥ ১২০
করিলে, হে কালাচাঁদ ! তোমার কালো রূপের ব্যাখ্যে।
কাল্ হয়েছে কালোরূপ, কামিনীর পক্ষে ॥ ১২১
দেখ, সংসারেতে যত কালো কালের সমান।
কালো অঙ্গ, কাল ভুজঙ্গ, দংশিলে যায় প্রাণ ॥ ১২২
দেখ, পাষাণ কালো, দয়াহীন দেখ্‌লে পাষাণ বলে।
নারীর কালের স্বরূপ কালো কোকিল, কাল-বসন্তকালে।
কাল-শমনে শমন কালো,   কালাকালে ধরে।
অন্ধকার নিশি কালো,   সেহ পরের মন্দ করে ॥ ১২৪
দেখ সকল বর্ণ, হয় বিবর্ণ,   লাগিলে কালোর অংশ।
প্রলয়কালে কালো মেঘে   সৃষ্টি করে ধ্বংস ॥ ১২৫
নীলকণ্ঠের কণ্ঠ কালো   কালকূট-বিষে।
কালাচাঁদ ! তোমার কালো-রূপ ভাল বলিব কিসে ॥ ১২৬

*   *   *

কালো রূপের গুণ

কৃষ্ণ কন, রাধে ! তোমায় বলিতে করি সন্দ।
কি বলিব ! ভালোতে বা পাছে হব[৩] মন্দ ॥ ১২৭

পাঠান্তর : ১-১ সদাই বাঁধা—খ।   ২ বাক্য লক্ষণ—গ, জ   ৩ হয়—খ, জ।

একবার ধরো গুণের দোষ, আর-বার বলো কালো।
নারীর স্বভাব মিছে কথায়, কোন্দল করতে ভালো॥ ১২৮
তুমি ভালো বুঝে, কালো ভূষণ ধরেছ সকল অঙ্গে।
পরেছ কালো নীলাম্বরী, মজেছ কালো সঙ্গে॥ ১২৯
আছে, নয়নে কালো নয়ন-তারা, কত শোভা তার বল।
মুদিলে চক্ষু অন্ধকার, তাতেও দেখ কালো॥ ১৩০
তাতে মনোরঞ্জন, কালো অঞ্জন, নয়নের আভরণ।
তোমার অন্তর-মাঝারে কালো, হয় না দরশন॥ ১৩১
না বুঝিয়ে কালো-রূপ নিন্দা কর রাগে।
মাথায় কালো কেশ থাকিলে, পাকিলে কেমন লাগে॥ ১৩২
দেখ, অন্ধকার নাশে, কালো নীলকান্তমণি।
যখন অঙ্গ জ্বলে, কালো জলে, গেলে জুড়ায় প্রাণী॥ ১৩৩
হৈলে, গগনে উদয় কালো-মেঘ, বিফল হয় না বৃষ্টি।
হয়ে কালোতে জড়িত,
তোমার কেন কালোতে কোপদৃষ্টি॥ ১৩৪
তোমার কামধনু-নিন্দিত ভুরু, কালো জন্তেই সাজে।
আলো করেছে কালো কমলে, রাধাকুণ্ডের মাঝে॥ ১৩৫
নিকটেতে ছিল বৃন্দে, বলে ধরি পদারবিন্দে।
করো না করো না রাই! কালো রূপের নিন্দে॥ ১৩৬

সিন্ধু-ভৈরবী[১]—পোস্তা

কালো রূপ নৈলে তোমার কি শোভা, রাই কমলিনি!
সেজেছো শ্যাম-জলদের বামে, রাধে! সৌদামিনী॥
তুমি শ্যাম-অঙ্গের ভূষণ, তোমার ভূষণ চিন্তামণি।
হয়েছে স্বর্ণ-লতায় জড়িত নীলকান্ত মণি॥ (ঐ)

শ্রীকৃষ্ণের সহিত শ্রীরাধিকার রসালাপ

তখন বৃন্দেরে কন দয়াময়, এরূপ দ্বন্দ্ব সদাই হয়,
আমাদের দুই মনে নাহি ঐক্য।
দশের মত নহে রীত, প্যারীর সকল বিপরীত,
এক বিপরীত দেখ না প্রত্যক্ষ॥ ১৩৭
লোকে বলে এই কথা, পর্ব্বতে জন্মায় লতা,
লতায় পর্ব্বত জন্মে, শুনেছ কোন্ কালে।
আমি ভেবে ভেবে বিবর্ণতা প্যারী আমার স্বর্ণলতা,
তার মধ্যে কুচ-গিরি কেনে॥ ১৩৮
শুনে কৃষ্ণের ব্যঙ্গ-বাণী, হেসে ঢ'লে পড়ে ধনী,
কমলিনী দেন প্রত্যুত্তর।
বিপরীত তোমার যত, আর তো নাহিক তত,
বলি তবে, শুন বংশীধর॥ ১৩৯
জানে জগজ্জনে মর্ম্ম, জলেতে পদ্মের জন্ম,
শুকালে জল, পদ্ম মরে প্রাণে।
বল দেখি বংশীধারি! পদ্মে কি জন্মায় বারি?
তোমার এতো বিপরীত কেনে॥ ১৪০

খাম্বাজ—যৎ

একি তোমার বিপরীত রীত হে গুণমণি!
তোমার পাদপদ্মে পদ্ম কেন, কেন তায় সুরধুনী॥
কমলময় সকলি দেখি, কমল কর, তায় কমল আঁখি,
শ্রীঅঙ্গ নীলকমল বামে রাই কমলিনী।
কমল-মুখ তায় কমল হাসি, কমল-কর তায় কমল বাঁশী,
কমলা-সেবিত—কমলপদ-দুখানি॥ (ঐ)

কৃষ্ণ কন, শুন প্যারি! পদ্মেতে হইল বারি,
লতায় জন্মিল গিরি, উভয়ে ত সমান দুই জনা।
কিন্তু আমা হইতে আছে তোমার বহু বিড়ম্বনা॥ ১৪১
তব বিড়ম্বনা রাধে! বলিলে অল্প অপরাধে,
ঘটিবে বিষাদ সাধে, হাসিবে শত্রু, বসিবে কোন্দল করিতে।
তুমি জিনিলে বাড়িবে তোমারি মান,
হারিলে বাড়িবে অভিমান, আমারি কেবল অপমান,
লজ্জা হয় নিত্য চরণ ধরিতে॥ ১৪২

পাঠান্তর: ১ সিন্ধু-খাম্বাজ—ক

প্যারী বলেন দয়াময়! অন্যায় বলিলে উমা হয়,
উচিত বল্‌বে তার কি ভয়?
কও হে! আমার কিসের বিড়ম্বনা।
শুনে কৃষ্ণ করেন উক্তি, রাধে! তুমি আদ্যাশক্তি,
কেহ করে না মাতৃ-সম্ভাষণা॥ ১৭৩
কমলিনী কহেন কৃষ্ণ, ওটা উভয়েরি দুরদৃষ্ট,
আপনা পানে আপনি দৃষ্ট, ক'রে তুমি কি জন্যে দেখ না।
তুমি ব্রহ্মাণ্ডের পতি, তোমায় সাধে পশুপতি,
সর্ব্ব ঘটে তব স্থিতি, কেবা করে পিতৃ-সম্ভাষণা॥ ১৭৪
হরি! বিদিত আছে ত্রিভুবনে, বিধির সৃষ্টি রজোগুণে,
সৃষ্টি-ধ্বংস তমোগুণে, জীবের জীবন নাশে হর।
সত্ত্বগুণে, নারায়ণ! ত্রিভুবন কর পালন,
জীবের রাখ জীবন, পিতৃ-যোগ্য তুমি যজ্ঞেশ্বর॥ ১৭৫

জয়জয়ন্তী—যৎ

হে কৃষ্ণ! হে দীনবন্ধু তোমায় বলে কি কারণ।
পিতৃভাবে হরি! তুমি ত্রিভুবন কর পালন॥
কি নর কীট পতঙ্গ, কি বিহঙ্গ কি মাতঙ্গ হে,
হরি! তব গুণে ত্রিভুবনে জীবের জীবন ধারণ।
করে না মাতৃ-সম্ভাষ, করিলে আমার অপযশ, হে,
তোমারি কি আছে যশ, যশোদা-নন্দন!
তুমি হে পালনকারী, সৃষ্টিনাশী ত্রিপুরারি, হে,
তবু জয় শিব-শঙ্কর পিতা, তারে বলে জগজ্জন॥ (ট)

রাধিকারে অহঙ্কারে কন দয়াময়।
তব সঙ্গে বাক্যযুদ্ধ মোর যোগ্য নয়॥ ১৭৬
শুন শুন কমলিনি! কথায় যত কও।
কিন্তু সহজে অবলা তুমি মোর যোগ্য নও॥ ১৭৭
পুরুষ-পরশমণি চিন্তামণি আমি।
হও রমণী, বিনোদিনি! পরাধীনা তুমি॥ ১৪৮
বিশেষত বৃন্দাবনে আমারি গণন।
লোকে জানে গোবিন্দ লইয়া বৃন্দাবন॥ ১৪৯
প্রকৃতি রূপেতে তুমি থাক মোর বামে।
ভেবে দেখ আমারি গৌরব ব্রজধামে॥ ১৫০
প্যারী বলে, তোমারি গৌরব বটে শ্যাম!
তাইতে বলে, অগ্রে রাধা, পরে কৃষ্ণনাম॥ ১৫১
তুমি কি চতুর, শ্যাম! আমার অপিক্ষে?
বাঞ্ছা থাকে চতুরালি কর কিছু শিক্ষে॥ ১৫২
বামভাগেতে রেখে আমায়, শ্যাম! কি কর গর্ব্ব।
ভেবে দেখ তোমারি করেছি গর্ব্ব খর্ব্ব॥ ১৫৩
দক্ষিণে থাকিতে পারি, বামে রই কি সাধে।
বাম হয়ে না থাক্‌লে পরে, কেবা কারে সাধে॥ ১৫৪
বৃন্দে অমনি ধ'রে বলে কৃষ্ণের চরণে।
তুমি বড় ভ্রান্ত হরি! বুঝিলাম এত দিনে॥ ১৫৫

বারোঁয়া—যৎ

তুমি রাই হতে কি বড় ভাব, হরি!
তুমি অগতির গতি, তোমার গতি রাই-কিশোরী।
কৃষ্ণ! তোমার নামের গুণে, হরে বিপদ ত্রিভুবনে,
তোমার বিপদ হলে, বাজাও রাই ব'লে বাঁশরী।
রাই হতে যে তোমায় মানে, তা দেখেছি দুর্জ্জয় মানে,
বাকী কি শ্যাম! অপমানে, সাধিলে চরণে ধরি॥ (ঠ)

কুটিলা ও আয়ান

এরূপে কথার দ্বন্দ, উভয়ে কন উভয়ে মন্দ,
শ্রীগোবিন্দ শ্রীমতীর সঙ্গে।
অন্তরে আনন্দময়, মুখে যেন অপ্রণয়,
নানা কাব্য করে রঙ্গে ভঙ্গে॥ ১৫৬
এথা কুটিলে কুচক্রী ব্রজে, ভ্রান্ত হয়ে হৃদি-মাঝে,
কৃষ্ণের মাহাত্ম্য-কথা যত।
চলে মনের রাগে রাগে, ভবনে পবন-বেগে,
আয়ানকে কহিল গিয়ে দ্রুত॥ ১৫৭
বলে, শুনগো শুনগো দাদা! তোমার কলঙ্কিনী রাধা,
তার জ্বালায় আর মুখ দেখাতে নারি।

এখনি দেখে আইলাম বনে, এমনি ঘৃণা হতেছে মনে,
সেই বা মরে, আমরাই বা মরি। ১৫৮
কত অন্য লোকে ধিক্ দিয়ে, বলিতাম আমরা মায়ে-ঝিয়ে,
পরের মন্দ দেখি, আসিতাম হেসে।
এখন, লোকে উল্টে বলিছে কত, স'য়ে থাকি চোরের মত,
বাদীর কুক্কুর[১] হয়েছি রাধার দোষে। ১৫৯
তোর নারী সে রাজার ঝি, ছি ছি! রাধা করিল কি,
রাখাল ল'য়ে বনে বনে ভ্রমে।
কারেই ভালো মন্দ বলি, রাজার বেটী চন্দ্রাবলী,
সেও মজেছে সেই রাখালের প্রেমে। ১৬০
তুই করিসনে মনোযোগ, কুপথ্যেতে বাড়িল রোগ,
দমন হ'লে এমত হতো কি তবে।
মেয়ে-মুখো যার পতি, মাগ হয় তার আত্মমতি,
নহিলে কেন এমন দশা হবে। ১৬১
ভগিনী-বাক্যে অগ্নিপ্রায়, আয়ান বলে, হায় হায়!
এমত বাক্য আমায় বলে কেটা।
আমি আয়ান পাষাণবুকো, আমায় বলিস্ মেয়ে-মুখো,
চল্ দেখি কোন্ খানে নন্দের বেটা। ১৬২
বাক্য আমার ব্রহ্মবেদ, করিব গে তার শিরচ্ছেদ,
সে যেমন শিরকাটা করিল কর্ম।
কাটিব কলঙ্কী রাধারে, স্ত্রীহত্যাটা ঘটিল মোরে,
আজি আর মানিব না ধর্ম্মাধর্ম্ম। ১৬৩
বধিব কৃষ্ণে আজি বনেতে, যষ্টি কিম্বা মুষ্ট্যাঘাতে,
আমার হাতে আজি কি সে আর বাঁচিবে?
মনে বুঝিলাম নিঃসন্দ, নির্ব্বংশ হইল নন্দ,
সাধ্য কি মোর, যম তারে ডাকিবে[২]। ১৬৪
তার পূতনা আদি নষ্ট করা, হাতে গোবর্দ্ধন ধরা,
ভেল্কী করা মোর কাছে কি রবে?
করিব, গদাঘাতে হাড় চূর্ণ, কংস রাজার বাঞ্ছা পূর্ণ,
বুঝিলাম আজি আমা হতেই হবে। ১৬৫
ক্রোধে আয়ান দর্প করি, যায় যথা দর্পহারী,
কুচক্রী কুটিলে যায় সনে।
হস্তে লইয়া কাল্ সাট, ঘন মারে মালসাট,
কাট্ কাট্ শব্দে যায় বনে। ১৬৬
দূরে হৈতে দেখি প্যারী, অঙ্গ কাঁপে থরহরি,
ব্যাঘ্র হেরি হরিণী যেমন করে।
ধরিয়ে হরির পায়, চঞ্চলা হরিণী-প্রায়,
বলে, হরি! রক্ষা কর মোরে। ১৬৭

—

সিন্ধু ভৈরবী—পোস্তা

ঐ দেখ, আস্‌ছে আয়ান, বংশীবয়ান! বনমাঝে।
বিপদে যায় হে জীবন, মধুসূদন! তোমায় ভ'জে।
দুষ্ট দেখেছে মোরে, লুকাবো কেমন ক'রে,
কিঞ্চিৎ স্থান আমারে, দাওহে অভয়-পদাম্বুজে।
রাখ করুণা করি, তব করুণায়, শ্রীহরি!
সহস্র-ঝারায় বারি, এনেছিলাম আমি ব্রজে। (ভ)

—

শ্রীকৃষ্ণের কালীরূপ-ধারণ

কৃষ্ণ বলেন চিন্তা নাই, আমি কি ডরাই রাই!
ক্ষুদ্র আয়ানের দর্প হেরি।
চিন্তামণি নাম ধরি, ভব-চিন্তা নষ্ট করি,
তব চিন্তা কি হেতু কিশোরি। ৬৮
দেখ এক অপরূপ, সম্বরি এই কৃষ্ণরূপ,
দণ্ডিতে পারবে না কোন রূপে।
শুন রাধে রসময়ি! আমি যার সহায় রই,
তার কি ভয় ইন্দ্র-চন্দ্র-কোপে। ১৬৯
এত বলি ঈষৎ হাসি, ত্যজিয়ে মোহন বাঁশী,
মদনমোহন মায়া-ছলে—
রাধার ঘুচাতে মনের কালী, হইলেন দক্ষিণে-কালী,
মহাকাল পতিত পদতলে। ১৭০
জবা জাহ্নবীর জল, সচন্দন বিল্বদল,
প্যারী করে চরণে অর্পণ।

পাঠান্তর: ১ কর্প্ুর—গ; কুরু পর—জ। ২ ডেকেছে—ক, খ, গ।

শ্যাম হলেন নিকুঞ্জে শ্যামা, কিবা রূপ নিরুপমা,
আয়ান করিছে নিরীক্ষণ। ১৭১

সিন্ধু—কাওয়ালী

কুঞ্জ-কাননে কালী, ত্যজে বাঁশী বনমালী,
করে অসি ধরে শ্রীরাধাকান্ত।
শ্যামা-শ্যামে ভেদ কেন, কর রে জীব ভ্রান্ত।
পীতাম্বর পরিহরি, হরি হলেন দিগম্বরী,
মরি মরি! হেরি কি রূপের অন্ত।
কিবা, কালোপরে কালো-শশী, লোলজিহ্বা এলোকেশী,
ভালে শশী, অট্টহাসি, বিকট দন্ত।
যে গোবিন্দ-পদদ্বয়ে, সগন্ধ তুলসী দিয়ে,
সুর-নরে সাধে সারা দিনান্ত।
দিয়ে, সে চরণে রাঙ্গা জবা, রঙ্গিণী রাই করে সেবা,
কে পাবে শ্যাম চিন্তামণির ভাবের অন্ত। (৮)

হেরিয়ে আয়ান, ভাসিছে বয়ান,
নয়নের প্রেম-ধারে।
দূরে গেল রাগ, হইল বিরাগ,
রাধায় অনুরাগ করে। ১৭২
বলে ধন্যা ধন্যা, প্যারী রাজকন্যা—
গিরিরাজ-কন্যা সাধে।
হরি-পরিবাদ, দিয়ে করি বাদ
তবে কেন সাধে-সাধে। ১৭৩
ঘুচিল বিকার, মনের আন্ধার,
সব ধন্দ দূরে গেলো।
বলে, সার্থক আসা, ফেলে হস্তের আশা,
বলে, আশা পূর্ণ হলো। ১৭৪

ভাবে গদ্গদ, ভাবে তারা-পদ,
গলে বাস কৃতাঞ্জলি।
কুটিলেরে ডাকি, বলে, বল দেখি,
কই বনে বনমালী। ১৭৫

জয়জয়ন্তী[১]—ঝং

কোথা গো কুটিলে! বনে শ্রীনন্দের নন্দন কই।
শঙ্কর-হৃদি-সরোজে এ যে শ্যামা ব্রহ্মময়ী।
করিতে কৃষ্ণের তত্ত্ব, প'ড়ে পেলাম পরমার্থ, রে!
আমার গুরুদত্ত রত্ন, কালী করালবদনা ঐ।
গঞ্জনা দেই সাধে-সাধে, শ্রীরাধায় কি অপরাধে,
শ্রীগোবিন্দ-অপবাদে সদা মন্দ কই।
স্বচক্ষে দেখিলাম আসিয়ে, জবা বিল্বদল দিয়ে,
যারে শিব আরাধে, তায় আরাধে,
আমার রাধে রসময়ী। (৭)

কালীরূপ হেরি রাধে প্রফুল্ল হৃদয়।
কিন্তু হৈল ভাবিনীর কি ভাবের উদয়। ১৭৬
কমলাদি পুষ্প লয়ে ঢাকেন কমলিনী।
কমলাকান্তের কমল-চরণ দুখানি। ১৭৭
পরিধান নীলাম্বরী খণ্ড করি ল'য়ে।
ঢাকেন কৃষ্ণের হৃদয়, কি হৃদয়ে ভাবিয়ে। ১৭৮
গোকুলে গোকুলচন্দ্র কালীরূপ ধরে।
নিরখিতে সুরগণ আইসে শূন্যভরে। ১৭৯
মোক্ষ-ধন চরণ না দেখিবারে পায়।
বলে, কৃষ্ণ-প্রেমদা এ কি প্রমাদ ঘটায়। ১৮০
পবনে দিলেন আজ্ঞা যত দেবগণ।
মুক্ত কর মুক্তকেশীর যুগল চরণ। ১৮১
পুনঃপুনঃ কমলিনী দেন যত ঢাকা।
পবন উড়ায় পুষ্প নাহি যায় রাখা। ১৮২

পাঠান্তর: ১ সাহানা—ক

সহাস্য বদনে রাধায় কন চিন্তামণি।
কি জন্য চরণ হৃদি, ঢাক কমলিনি॥ ১৮৩
কমলিনী কন, কৃষ্ণ! কহি হে কমল পায়।
ঢেকেছি কমল-পদ আয়ানের দায়॥ ১৮৪
আপাদমস্তক দুষ্ট করে যদি দৃষ্ট।
প্রবঞ্চনা প্রকাশ পাইবে তবে কৃষ্ণ॥ ১৮৫

বারোঁয়া—যৎ

পাছে চিনিবে দুষ্ট আয়ান ভাবি মনে।
ঐ যে ধ্বজ-বজ্রাঙ্কুশ-চিহ্ন রয়েছে চরণে॥
দিয়ে জবা কোকনদ, যতনে ঢাকিলাম পদ,
কি জানি করে বিপদ, পদ দরশনে।
মনেতে ঐ শঙ্কা করি, বক্ষে দিলাম নীলাম্বরী,
ভৃগুচরণ-আছে হরি, হৃদি-পদ্মাসনে। (ত)

আয়ানের কালীস্তব

যোড় করে স্তব করে, আয়ান অতি ধীর।
আমি কি বর্ণিব গুণ, অসাধ্য বিধির॥ ১৮৬
মা! তুমি ত্রিশূল-ধরা, ত্রিশূলী-মোহিনী।
ত্রিবিধ কলুষহরা, ত্রিলোক-তারিণী॥ ১৮৭
ত্রিসন্ধ্যা-রূপিণী, ধ্যান করে ত্রিপুরারি।
ত্রিদেব-বন্দিনী তারা, ত্রিপুরাসুন্দরী॥ ১৮৮
মা! তুমি ত্রিবেণী তীর্থ, জাহ্নবী ত্রিধারা।
ত্রিকোটী-তীর্থ-রূপিণী, ত্রিসংসার-সারা॥ ১৮৯
ত্রিদেব-বন্দিনী, তব সৃষ্টি ত্রিভুবন।
ত্রিপুরা! 'তোমারি তনয় ত্রিপদ বামন'[১] ॥ ১৯০
তিষ্ঠ সর্ব্বঘটে, আশা-তৃষ্ণা-নিবারিণী।
ত্রিজগতকর্ত্রী ত্রাণকর্ত্রী ত্রিলোচনী॥ ১৯১
শক্তি! তুমি মুক্তিদাত্রী, ভক্তি-মূলাধার।
দুর্লভ জনম, দুর্গা! আমি দুরাচার॥ ১৯২

গোপগৃহে জন্ম, গোচারণে গত দিন।
নাস্তি গুণ-গৌরব, অগণ্য গতিহীন॥ ১৯৩

সিন্ধু-ভৈরবী[২] – পোস্তা

কি গুণে নির্গুণে পদ দিবে ত্রিগুণধারিণি।
কমলিনীর গুণে যদি কমলপদ দাও আপনি॥
জনমে না জানি পুণ্য, পুণ্যের বিষয় শূন্য ছয়,
পাপেতে আছি নৈপুণ্য, পূর্ণব্রহ্ম সনাতনি॥
গোকুলে দুষ্কুলে জন্ম, গোধন চরাণ ধর্ম্ম,
সাধন কেমন না জানি—
নাহিক পথ-সম্বল, মা! আমার কি হবে বলো,
ভরসা কেবল তোমার নাম পতিতোদ্ধারিণী॥ (থ)

হেথা, গোষ্ঠে না হেরিয়া কৃষ্ণ যত রাখালগণ।
মণিহারা ফণী প্রায় করিছে রোদন॥ ১৯৪

বনে আসি ব'লে, বাঁশী ফেলে, ভাণ্ডীর-তলায়।
প্রবঞ্চনা ক'রে কানাই লুকালো কোথায়॥ ১৯৫

বনে বনে রাখালগণে যায় অন্বেষণে।
অপরূপ দেখে ছিদাম রাই-কুঞ্জবনে॥ ১৯৬

কাতরে জিজ্ঞাসে ছিদাম, রাই-চরণে ধরি।
কোথা গুণের কানাই, কেন কুঞ্জে মহেশ্বরী॥ ১৯৭

রাই বলেন, পাবে রে কৃষ্ণে তাহে নাহি ভয়।
আজি, বিপদে আমারে রক্ষা করলেন দয়াময়॥ ১৯৮

পাঠান্তর : ১-১ তোমারি নয় ত্রিপদ বামন—ক, খ, জ। ২ সিন্ধু-খাম্বাজ—ক।

সিন্ধু-ভৈরবী[১]— পোস্তা

দণ্ডিতে প্রাণ, খণ্ডিতে মান দুই আয়ান এসেছিলো।
সাধ পুরাতে সাধের বন্ধু, শ্যাম আমার আজি শ্যামা হলো॥
যা রে ছিদাম! ত্বরায় বলো, দেখুক রে সখা সুবল,
শ্রীমতীর এই সুমঙ্গল, শ্রীমধুমঙ্গলে বলো।

সেজেছে সুন্দরী তারা, শ্যাম আমার নয়নের তারা,
ভালে তারা সেজেছে ভালো।
যে অধরে নন্দরাণী, দিত রে ক্ষীর নবনী,
বংশীধরের অধরে আজি, যোগিনী সুধা সঁপিল॥ (দ)

৯। শ্রীরাধিকার দর্পচূর্ণ

রাধিকার নিকট সুবলের মুক্তা-প্রার্থনা

দর্প ঘটে যার চিত্তে, সে দর্প হরণ কর্‌তে,
দর্পহারী ব্রহ্মসনাতন।
নর অসুর দেবতার, শূলপাণি কি বিধাতার,
করেন হ'য়ে অবতার, সে দর্প হরণ॥ ১

দর্প হরিতে রাধার, ভবনদীর কর্ণধার,
গিয়ে যমুনার ধার, রাখাল সঙ্গে করি।
গোপাল সব বিপিনে চরে, যার নাই অগোচর চরাচরে,
বিনয়ে সুবল গোচরে, কহিছেন সেই হরি॥ ২

"সুবল! গিয়ে রাধার নিকটে, বল গে,—হরি সঙ্কটে
পড়েছেন করেছেন প্রতিজ্ঞে।
রাখ দায়, কর মুক্ত, অঙ্গ হতে দাও একটী মুক্ত,
সাজাবেন গোপাল, গোপাল-বর্গে॥ ৩

যদি কয়, একটী মুক্ত ল'য়ে কেশব,
কি ক'রে সাজাবে গোকে সব, কর্‌লে হিসাব শতলক্ষ ধেনু।
রোপণ করিলে মতি, মতি হবে উৎপত্তি,
এই ব'লে শ্রীমতি! আমায় পাঠালেন কানু॥" ৪

দিলেন আজ্ঞা শ্যাম-শরীর, সুবল গিয়ে কিশোরীর,
নিকটে হরির বার্ত্তা কয়।
শুনে রাই হেসে কন, হায় রে কপাল!
মুক্ত-বৃক্ষ কর্‌বেন গোপাল, সাজাইবেন রাখাল গোপাল,
এ'ত কথাই নয়॥ ৫

---

[২]ঝিঁঝিট—একতালা[২]

ছি ছি মরে যাই, সুবল! তোর কথা শুনে।
সরে না ক বাণী, হরির শুনি বাণী,
অবাক হন ভবানী-বাণী, এ বাণী শ্রবণে॥

লক্ষণ-যুক্তাযুক্ত করেন মুখে উক্ত,
মৃত্তিকায় কভু উৎপত্তি হয় মুক্ত, হায়! একি দায়,—
বৃক্ষে ফল্‌বে মুক্ত মণি, সুবল রে! বলেছেন নীলমণি,
বিফল চিন্তা কেন চিন্তামণির মনে॥

দাশরথি বলে, কি কর্‌লে রাই উক্ত,
কোন্ তুচ্ছ মণি-মাণিকাদি মুক্ত, তাঁর, করা ভার,—
ভবে সব অসম্ভব, প্যারি গো! তাহাতে উদ্ভব,
ভব যাঁরে ভাবে শ্মশান-ভবনে॥ (ক)

পাঠান্তর: ১ সিন্ধু-খাম্বাজ—ক। ২-২ আলিয়া—কাওয়ালী—খ, ঠ।

এইরূপেতে পরিহাস, হরির প্রতি উপহাস,
করি প্যারী ছলে সুবলে বলে।
অসম্ভব কর্ম যে সব, উদ্ভব কর্‌তে চান কেশব,
১সব প্রকাশ ক'রে কেবা বলে১ ॥ ৬
অসম্ভব কথাগুলো, ব্যাঙেতে গিরি গিলিল,
গরুড়কে ভক্ষিল আসি নাগে।
বোবায় আসি বেদ পড়ে, কুষ্ঠীর আকাশে উড়ে,
সূর্য্যগ্রহণ হবে নিশাভাগে ॥ ৭
চড়ুয়ের পেটে জন্মাবে নর, সুরপতি হবে বনের বানর,
বক ডাকিবে কোকিলের রবে।
শৃগালের গর্ভে হবে হয়, তেঁতুল গাছে নারিকেল হয়,
তেম্‌নি বৃক্ষেতে মণি-মাণিকাদি ফর্‌বে ॥ ৮
রাখালের বুদ্ধি কত হবে বল, মন্ত্রী তেম্‌নি শ্রীদাম সুবল,
দেবতা যেমন, বাহন তেমন জোটে।
কভু যায় না ভদ্রমাঝে, গোপাল ল'য়ে গোঠের মাঝে,
ঘটে তার কত বুদ্ধি ঘটে। ৯
প্যারী যত নিন্দে ছলে, সুবলে প্রবলে বলে,
শুনিয়ে সুবল চলে, চক্ষে শতধার। ১০
রাই যে সব করিল উক্তি, সে উক্তি করিতে উক্তি,
যুক্ত হয় না, মুক্তিদাতা! তোমায়।
বল্‌লে, রাখাল সঙ্গে ফেরেন গোপাল,
গোঠে মাঠে চরান গোপাল,
মুকুর যত্ন কি জানে রাখাল, মুক্ত দিব তায় ॥ ১১
বলে, ২মুকুর কখন হয় কি বৃক্ষ২! শুনি লোহিতাক্ষ কমলাক্ষ,
তোমরা সকলে রক্ষ রক্ষ, গোবৎস বিপিনে।
বলে হরি অম্‌নি ধান, গিয়ে যশোদার সন্নিধান,
কাতর হয়ে ভবের প্রধান, জননী বিদ্যমানে ॥ ১২
ভবজলধির কর্ণধার, কয়,—আঁখিতে শতধার,
যশোদার ধরিয়ে অঞ্চলে।
রত্নাকর শঙ্কর, চরণে যাঁর কিঙ্কর,
মুক্তার জন্য পাতি কর, জননীরে হরি বলে ॥ ১৩

—

"সুরট মল্লার—একতালা"

বেদে পায় না অন্ত, নামটী যাঁর অনন্ত,
তাঁর অন্ত কি পায় সামান্যে।
হ'য়ে ঐ চরণ অভিলাষী, শিব যাতে উদাসী,
কমলা যাঁর দাসী, ত্রিলোক-মান্যে ॥
কিঙ্কর যে চরণে রত্নাকর আপনি,
পদনখাশ্রিত চন্দ্রকান্ত-মণি,
শিরে যাঁর শোভা করে কৌস্তুভমণি, সেই চিন্তামণি,
ভবে মুক্তিদাতার চিন্তা মুক্তার জন্যে। (খ)

—

যশোদার নিকট শ্রীকৃষ্ণের মুক্তা-প্রার্থনা

গৃহিণী যাঁর বীণাপাণি, বিনয়ে সেই চক্রপাণি,
মুক্ত লাগি যুগ্মপাণি, ক'রে যশোদায় বলে।
এলাম গোষ্ঠ হতে এই প্রযুক্ত, মনে মনে করেছি যুক্ত,
কোটী কোটী করিব মুক্ত, একটী মুক্ত পেলে ॥ ১৪
রোপণ কর্‌লেই হবে বৃক্ষ, ফল্‌বে মুক্ত লক্ষ লক্ষ,
একটী দাও মা! দিব শত শত।
আমায় একটী যে দেয় করে, কোটী রত্ন তার করে,
দিই মা আমি হয়ে বশীভূত। ১৫
শুনে, রাণী বলে রে অবোধ ছেলে! মুক্ত কভু কি বৃক্ষে ফলে
হীরে মণি পান্না চুণির গাছ কখন হয় রে।
মিছে কথায় ক'রে ভুল, গোঠে থেকে হ'য়ে বাতুল,
ঘটনা যা অপ্রতুল, কে সে কথা কয় রে। ১৬
তখন যশোদা হরির চন্দ্রাধর, ধ'রে বলে সর্‌৩ ধর ধর,
ধরায় অধর কেন মুরলীধর রে।
আবার ডাকে করি উচ্চ অধর, কোথা আয় রে হলধর!
শিখিপুচ্ছ-ধরকে আমার, ধর ধর ধর রে। ১৭
এইরূপে নন্দরমণী, কোলে ল'য়ে চিন্তামণি,
বুঝান,—এক দ্বিজ-রমণী, এমন সময় আসি।

—

পাঠান্তর: ১ হলেও সব প্রকাশ ক'রে কে বলে—ঠ। ২-২ মুকুর কখন বৃক্ষ—ঠ। ৩-৩ খাম্বাজ—ঠেকা—খ, ঠ। ৪। সব—খ: ক-গ্রন্থে এই শব্দ নাই।

শুনে সব পরিচয়, দ্বিজকন্যে কেঁদে কয়,
তোর নীলমণি চেয়ে কি হয়, মুক্ত মণি বেশী। ১৮

খাম্বাজ—কাওয়ালী[১]

কি ধন গর্ভে ধরেছ রাণি!
যে রত্ন-কিরণে আলো হলো ধরণী;
ও পদ-পরশে হয় কত রত্নমণি।
তোর নীলমণি যে বক্ষে লয়, মনের তিমির হয় লয়,
কটাক্ষে উৎপত্তি-লয়, করেন বেদেতে শুনি।
'মা, তোর নীলপদ্মের নাভি-পদ্মে জন্মেছেন পদ্মযোনি।'[২] (গ)

দ্বিজরমণী কন, যশোমতি! ভবে যার দুর্মতি,
ও মতিতে মতি তার কি লয়।
গুরুর মানে না অনুমতি, দিয়ে কণ্ঠ সাজায় গজমতি,
গজ-মতি তুল্য জ্ঞান-উদয়। ১৯
নাও নীলমণিকে কোলে তুলে, এমন কি পড়েছ অপ্রতুলে,
ঘরে মাত্র একটী ছেলে, লয়েছে আবদার।
কার জন্য এ সব ধন, কার জন্য সব গোধন,
পেয়েছ ক'রে আরাধন, ভবের মূলাধার। ২০

মুক্তাগাছে মুক্তাফল

রাণী না বুঝি যে সার তত্ত্ব, বাৎসল্য-ভাবেতে মত্ত,
কণ্ঠ হতে একটি মুক্ত, দেয় মুক্তিদাতায়।
মুক্ত করে পেয়ে হরি, নন্দপুরী পরিহরি,
উদয় হলেন বংশীধারী, শ্রীদাম সুবল যথায়। ২১
দৃষ্টে হেরি কৃষ্ণে বলে, শ্রীদামাদি সুবলে,
মুক্ত আনি গেলে ব'লে, মুক্ত কেমন দেখি।
শুন আশ্চর্য্য বিবরণ, নবঘন শ্যামবরণ,
মুক্ত-বীজ করে রোপণ, রাখালগণে ডাকি। ২২
রোপণ করিবা-মাত্র, অঙ্কুর উঠিল, হলো পত্র,
হইল বৃক্ষ বিচিত্র, যোজন পরিসর।
অপূর্ব্ব শোভা লতায় পাতায়, ফুল ফল ধরেছে তায়,
দেখে শ্রীদাম, জগৎপিতায়, কয় করি যুগ্ম কর। ২৩

আলিয়া—একতালা

কানাই! তুই মানব নয়, পরাৎপর ব্রহ্মজ্ঞান হয়।
নৈলে এত অসম্ভব, তোমাতে সব উদ্ভব,
যেদিন বিষ-জীবনে, আমরা ত্যজেছিলাম জীবনে,
"তুই সঙ্গে ছিলি, ওরে বনমালি!"
জীবন দিলি ডুবিলি কালীদয়। (ঘ)

মুক্তা-বৃক্ষ দেখিতে দেবদেবীগণের আগমন

গোষ্ঠে মুক্তবৃক্ষ উৎপত্তি, করেছেন কমলাপতি,
সুরপতি প্রজাপতি, দেখিবারে যান।
দিবাপতি নিশাপতি, বরুণ প্রভৃতি দিক্‌পতি,
আনন্দে যান পশুপতি, বৃষ করি যান। ২৪
দেখিয়ে কাতরে বাণী, কহিছেন ভবানী,
কোথা যাও শূলপাণি! সঙ্গে যাব তব।
শিব কন, যাই বৃন্দাবন, হরি করেছেন মুক্তবন,
আশ্চর্য্য করিলাম শ্রবণ, করেছেন উদ্ভব। ২৫
সকলেই গিয়েছেন তত্র, সমস্ত দেব হ'য়ে একত্র,
নারীমাত্র কারো সঙ্গে নাই।
শুনলে শ্বত্র কর তুল, কথায় কথায় বল বাতুল,
ত্রিলোকে তোমার সমতুল, নারীতে দেখি নাই। ২৬
শুনে কন শিবে শিবের কথা, কি কথাতে এত কথা,
না বললে কোন কথা, সওয়া যায় না আর।
জ্ঞান শাস্ত্র ষড়-দরশন, গুরু করিতে দরশন,
নিষেধ আছে কোন্ শাসন, শুনি সমাচার। ২৭

পাঠান্তর: ১ আড়খেমটা—খ, ঠ। ২-২ ক-গ্রন্থে অতিরিক্ত চরণ। ৩-৩ ক-গ্রন্থে অতিরিক্ত চরণ।

জগতে ব্যক্ত নামটি ভোলা, সিদ্ধিপানে সকলি ভোলা,
বিষ খেলে হ'য়ে উতলা, নাই বাহ্যজ্ঞান।
যা হয় চিত্তে কর তাই, অঙ্গে মাখ চিতে ছাই,
প্রেতের সঙ্গে সর্ব্বদাই, ভূতের প্রধান॥ ২৮
ভূতের সঙ্গে সদা তর্ক, কাণে ধুতুরা গলায় অর্ক[1],
ঐক্য সখ্য নাই দেবতার সঙ্গে।
বৃন্দাবন যাবার ছলে, কুচনী-ভবনে যাবে চলে,
লয়ে সকলে থাক্‌বে সেথা রঙ্গে॥ ২৯

——

পরজ-কালেংড়া[2]—খেম্‌টা

মনে বুঝেছি, তোমার যে জন্যেতে মন উতলা।
ঢাক্‌তে চাও শাক দিয়ে মাছ,
ভোল্‌বার নয় যে গিরিবালা॥
প্রেতে যার হয় প্রবৃত্তি, জানি সব তোমার কীর্ত্তি,
ল'য়ে কুচনী-যুবতী, ভোলা হয়ে থাক ভোলা॥ (৬)

——

শুনে ভব কন বাণী, শুন শুন ভবানি!
যে কিছু কহিলে বাণী, বড় মিথ্যা নয়।
সদা কর বিস্ বিস্, বার সতের উনিশ বিশ,
ভেবে আমি খাই বিষ, মনের ঘৃণায়॥ ৩০
বৃন্দাবন যাবার ছলে, কুচনী-পাড়া যাবো চলে,
ভূতের সঙ্গে বেড়াই ব'লে করিছ কত রঙ্গ।
থাক্‌তে গৃহ করিনে বাস, অন্ন বিনে উপবাস,
করি ভূতের সঙ্গে শ্মশানে বাস, দেখে তোমার রঙ্গ॥ ৩১
হয়ে উলঙ্গিনী পুরুষের মাঝে, পা দে দাঁড়াও বুকের মাঝে,
লজ্জাহীন রমণী-মাঝে, কে আছে তোমার সমা।
ডাকিনী যোগিনী সঙ্গে ফের সদা সমর-প্রসঙ্গে,
ভয়ে কথা কৈনে সঙ্গে, দেখে তোমায় করালবদন শ্যামা॥
তোমায় যে অবধি এনেছি পুরে, অন্ন পাইনে উদর পূরে,
ত্রিপুরে! ত্রিপুরে জানে সব।
মনে বুঝে দেখ হয় কি নয়, শাস্ত্র কভু মিথ্যা নয়,
স্বামীর ভাগ্যে হয় তনয়, স্ত্রীর ভাগ্যে বৈভব॥ ৩৩
কথায় কথায় কও পাগল, ফল্‌লো আমার ভাগ্যে ফল,
পুত্র কোলে পেলে যুগল,
তোমার ভাগ্যেতে কেবল, লক্ষ্মীছাড়া আমি।
শুনে দুর্গা হেসে কন কালে, রাজ্য ছিলে কোন্ কালে,
দেখেছি তো সর্ব্বকালে, লক্ষ্মীছাড়া তুমি॥ ৩৪
যখন হিমালয়ে জন্ম হয়, ভেবে দেখ নয় কি হয়,
[3]ভিক্ষা করতে গিয়ে তথায়[3] কত রঙ্গ সেখানে।
উমায় বিয়ে দিব ব'লে, ডাকৃত খ্যাপা ভুতুড়ে ব'লে,
মা ডাকিত, জামাই ব'লে, সেও ত আছে মনে॥ ৩৫

——

[4]সিন্ধু—একতালা[4]

জানি তোমায় কালে কালে, ভিখারী নও কোন কালে!
তব নিন্দে শুনে শ্রবণে,
জীবন ত্যজেছিলাম দক্ষযজ্ঞ-কালে॥
নাশিবারে সুর-অরি, গোলোকপুরী পরিহরি,
অবতীর্ণ হলেন হরি, অদিতির কোলে।[5]
ত্রিলোকে জানে ত্রিনয়ন! হলো বামনদেবের উপনয়ন,
নারদ নিমন্ত্রিল ত্রিভুবন, আমি অন্ন দি সকলে॥ (৮)

——

শ্রীকৃষ্ণ-বিরহে শ্রীমতীর খেদ

এখন শিব-শিবা সঙ্গে দ্বন্দ্ব, কারে বলি ভাল মন্দ,
এই রূপেতে সদানন্দ সদানন্দময়ী।
করেন বাদ-বিসম্বাদ, ঘুচাইতে সে বিবাদ,
হেথায় শুন সম্বাদ, ব্রজের ভাব কই॥ ৩৬
হরি করেছেন মুক্তাবন, সৌরভে মোহিত বৃন্দাবন,
রাই থাকি কুঞ্জবন, মধ্যে সখি-সঙ্গে।
কেঁদে কহিছেন শ্রীমতী, কেন হলো কুমতি,
সুবলে না দিলাম মতি, ব্যঙ্গ ক'রে ত্রিভঙ্গে॥ ৩৭

পাঠান্তর: ১ অর্ক—খ, ঠ। ২ ঝিঁঝিট—খ, ঠ। ৩-৩ ক-গ্রন্থে এই অংশ নাই। ৪-৪ খাম্বাজ—পোস্তা—ক। ৫ কোলকমলে—ক।

হারালেম হয়ে রিপুর বশ, কুঞ্জে এলেন না চারি দিবস,
হ'য়ে যার প্রেমের বশ, ত্যজিলাম গো কুল!
কাজ কি মুক্তাদি রতনে, খোয়াইলাম অযতনে,
অমূল্য ধন নীল-রতনে, ভুলে হয়ে ভুল। ৩৮
আর বাঁচে কি প্রাণ কিশোরীর, না হেরিয়ে শ্যাম-শরীর,
কিশোরীর কি শরীর রাখায় ফল!
শ্যাম-বিরহে দেহ জ্বলে, সঁপি যদি দেহ জলে,
জলে দ্বিগুণ দেহ জ্বলে, কি করি সই বল। ৩৯
সদা করিছে দংশন, অঙ্গেতে ভূষণ-বসন,
পীতবসন অদর্শন হেরে।
কায কি রত্নসিংহাসন, আসন[1] হলো মোর ধরাসন,
শোন্ লো বলি ত্বরায় শোন্, সে হুতাশন ক'রে। ৪০
জীবন আজি করিব নাশন, কে করে আমার পরিতোষণ,
সুদর্শনধারী যদি না আসে।
তখন কোথা পাই তার অন্বেষণ, বেদে নাই যার অন্বেষণ,
তাই বলি, বৃন্দে! শোন্ শোন্, জীবন রাখি কি আশে।

বাহার—কাওয়ালী

আর কি কবি করি, বলো গো বৃন্দে!
শ্রীহরির প্রতিকূলে, কায কি সই গোকুলে,
হারালাম অকূলে অনুকূল শ্রীগোবিন্দে॥
ধন মন কুল শীল সঁপিলাম যাহারে,
সে ত্যজিল,—না দিল স্থান চরণারবিন্দে॥ (ছ)

বৃন্দের উক্তি

শুনে বৃন্দে বলে, ওগো রাই! এখন বল প্রাণ হারাই,
কি করিব আমরাই, তোমার কারণে।
যদি শ্যামে প্রয়োজন, রেখে কাছে অপ্রিয় জন,
দিলে রাই বিসর্জ্জন, নীরদবরণে। ৪২

করলে অপমান দিলে না মুক্ত,
ডাক্‌বো শ্যামকে নাই যুগতো,
যে সব উক্ত, উক্ত হয় না মুখে।
নিষেধ বিধি মানো কার, কিসের এত অহঙ্কার,
ত্রিভুবন অন্ধকার, হও যারে না দেখে। ৪৩

ভাল নয় অতিশয়, বৃদ্ধি হইলে পড়্‌তে হয়,
অতিশয় দর্পে রাবণ ম'লো।
হরিশ্চন্দ্র নৃপমণি, অতিশয় দান দিয়ে তিনি,
শূকর চরাতে তাঁরে হলো। ৪৪

অতি মানে দুর্য্যোধন, সবংশে হলো নিধন,
অতি দানে বলি গেল পাতালে।
অতিশয় নিদ্রার বর, কুম্ভকর্ণ বর্ব্বর,
জেগে ম'লো—নিদ্রা ভেঙ্গে অকালে। ৪৫

দর্প ক'রে অতিশয়, কন্দর্প ভস্ম হয়,
পঞ্চাননে হেনে পঞ্চবাণ।
হলে, অতিশয় রাগ বাড়াবাড়ি, বিষপান কি গলায় দড়ি,
দিয়ে মরে কত জ্ঞানবান। ৪৬

তাই তোমার হলো দর্প অতিশয়, আর শ্রীহরি কত সয়,
কথায় কথায় কর অপমান।
আমরা তোর সঙ্গে থাকি, হারালাম নীরজ-আঁখি,
সঙ্গ-দোষে না হয় কি, বেদে আছে প্রমাণ। ৪৭

ঝিঁঝিট—একতালা

তোমার জন্যে রাই!
হরি আমি হারাইলাম গো শ্রীবৃন্দাবনে।
যে ধন সাধন করে বিধি, প্যারি গো! ত্রিনয়ন মুদি,
ত্রিনয়ন হৃদ্-পদ্মাসনে।
যারে ত্রিলোক করে মান্য, তুই তারে অমান্য,
সদা করিস সামান্য জ্ঞানে।

[1] পাঠান্তর: ১ আজন্ম—খ।

ব্রজে যাহার লাগি, কুল শীল ত্যজে হলি সর্ব্বত্যাগী,
এখন মাধবে আনি কেমনে। (জ)

—

মুক্তাবন দেখিতে শ্রীমতীর গোষ্ঠে গমন

শুনে প্যারী কন, কি করি উপায়, ধরিগে শ্রীহরির পায়,
বিনে সে পায় উপায় কি বল।
না হেরিয়ে শ্যামবরণ, শ্যাম-বিরহ সম্বরণ,
অকারণ কেন হয় প্রবল। ৪৮

শুনে রাই-কিঙ্করী, বৃন্দে কন বিনয় করি,
চল যাই ত্বরা করি, সকলে সঙ্গোপনে।
মমাসাধ্য কর্ম্ম নাই, মুক্তবন করেছেন কানাই,
মুকুতা তুলিতে যাই, ছলিতে বিপিনে। ৪৯

সখীমধ্যে বৃন্দে প্রধান, এই করি বিধি বিধান,
মুক্তাবন সন্নিধান, সকলেতে মিলি।
অন্তরে জানি মাধব, ভবের ধব ভব-ধব,
করেন অপূর্ব্ব উদ্ভব, মায়ায় সকলি। ৫০

যে মূর্ত্তিতে গোলোকে, সেই অবয়ব ভূলোকে,
অন্ত পায় বল কে, গোলোকের প্রধান।
রত্নাসনে লক্ষ্মীসনে, বসেছেন ভূষিত ভূষণে,
আসি দেবগণ দরশনে, করিতেছেন ধ্যান। ৫১

শঙ্খ চক্র গদাম্বুজে, শোভা করে চারি ভুজে,
তুলসীদল অম্বুজে, পদাম্বুজে পূজেন পশুপতি।
নিশাকর দিবাকর, দিক্‌পালাদি রত্নাকর,
দিয়ে গলে বসন যুগ্মকর, আছেন প্রজাপতি। ৫২

দর্পহরণ করিতে রাধার, ভবনদীর কর্ণধার,
পুরীর হলো সপ্তদ্বার, আশ্চর্য্য রূপ দেখি।
সপ্তদ্বারে রাখেন হরি, সখী সঙ্গে রাধা প্রহরী,
এইরূপ মায়া প্রকাশ করি, আছেন কমল-আঁখি। ৫৩

—

'সুরট-খাম্বাজ—কাওয়ালী'

যার অনন্ত গুণ বেদেতে বর্ণন।
দেন অনন্ত শিরেতে চরণ,—
অনন্ত রূপেতে শিরে ধরণী-ধারণ।
না পায় যার অন্ত, প্রজাপতি সুরকান্ত,
উমাকান্ত ভ্রান্ত, ভেবে ও চরণ।
যার মায়াতে মোহিত সনকাদি তপোধন,
হয়ে মোহিত মহীতে করে ভ্রমণ,
রাধার দর্প হরিবারে, মায়াময় মায়া ক'রে,
করেছেন অপূর্ব্ব পুরী মুকুতা-কারণ। (ঝ)

—

শ্রীরাধিকার অপমান

হেথায় হাস্যাননে, মুক্তা-কাননে,
মুক্ত তুলেন প্যারী।
ফুলে ফলে, ডালে মূলে,
ভাঙ্গেন দেখে প্রহরী। ৫৪

ক'রে চক্ষু রক্তাকার, বলে, তোরা কার?
হুকুমে মুক্তা তুল্‌লি।
ফলে ফুলে, লতায় মূলে,
ছিঁড়ে নষ্ট করলি। ৫৫

এখন হবে যা হবার, তোদের কোন্ বাবার,
ব'লে এত করলি।
সাধ ক'রে, ভুজঙ্গেরে,
করে জড়ায়ে ধরলি। ৫৬

তোরা মুক্তার লাগি, এসেছিস্ মাগী,
আমাদিগে কোন্ বল্‌লি!
সামান্য বিষয়, ক'রে আশয়,
মান খোয়ায়ে চল্‌লি। ৫৭

বেটীদের ভরসা দেখে, বাক্ সরে না মুখে,
দেখে লাগে দাঁতকপাটি।

ফেলে ধরণীতলে, এক এক কীলে,
ভাঙ্গি দাঁত ক পাটী ॥ ৫৮
বেটীদের চুলে চুলে, বেঁধে নে চ'লে,
যাই[১] রাজদরবারে।
দেখ্ ব এখন, কি বলিস্ তখন,
তোদের সেই শ্রীহরি ধরাধরে ॥ ৫৯
প্রহরী ভাষে, কটু ভাষে,
প্যারীর নয়ন ভাসে।
বলেন, কোথা ভবতারণ! দিয়ে মান, হরণ
কর্‌লে অনায়াসে ॥ ৬০

---

[২]জয়জয়ন্তী মিশ্র—একতালা[২]

দিয়ে মান, ভগবান! আজ মান হরিলে।
আমার ঘটিল দুর্গতি, হরি হে! না শুনিয়ে মতি,
দাসী এ শ্রীমতী, ও পদকমলে।
হরি! তোমার কিঙ্করে, বন্ধন করে করে,
কে তুস্তরে পার করে সকলে।
এ সামান্য বাঁধা,—
যখন কাল করে জীবের বন্ধন করে,
দাও বন্ধন খুলে, তব নাম শরণ নিলে। (ঞ)

মুক্তাপুরীতে শ্রীরাধিকার সপ্ত শ্রীরাধিকা-দর্শন

এইরূপ কাঁদেন প্যারী, ঘূর্ণিত লোচন করি,
প্রহরী কহিছে কত বাণী।
বেহায়া মাগী গোপিকে! তোদের মতন ব্যাপিকে,
পাপী কে আছে বল্ শুনি। ৬১
চুরি ক'রে নয়নে বারি, চল্ যেখানে বিপদ-বারী,
সভা-মধ্যে আছেন বসে বারিদবরণ।
পাবি সাজা হবি সোজা, যেমন কর্ম তেম্‌নি মজা,
দেখে কর্ বাটীতে গমন। ৬২
ব'লে কত জায়-বেজায়, প্রহরী অম্‌নি লয়ে যায়,
প্যারী সঙ্গে অষ্ট সখী লয়ে।
দেখেন গিয়ে প্রথম দ্বারে, অষ্ট সখী সঙ্গে করে,
রাধা দ্বার রক্ষে করে, দেখে হতজ্ঞান হয়ে। ৬৩
কাতরে কিশোরী ভাষে, ভাবে আর নয়ন ভাসে,
কে তোমরা দ্বারদেশে, দেহ পরিচয়।
শুনি দৌবারিণী রাধা, বলে আমার নাম রাধা,
বৃন্দে-আদি অষ্টসখী সঙ্গে আমার রয়। ৬৪
হরির দ্বার রক্ষে করি মোরা, এখানে এলে কে তোমরা,
শুনে রাই কন আমরা, বাস করি গোকুলে।
আমার নাম রাধা কমলিনী বৃন্দে-আদি অষ্ট সঙ্গিনী,
শুনে রাধা দৌবারিণী, হেসে রাধাকে বলে। ৬৫

---

[৩]খট-ভৈরবী—একতালা[৩]

তুমি কে রাধা, আমি শ্রীরাধা,
আছি জান গো এ গোকুলে।
লয়ে, বৃন্দাদি সঙ্গিনী, হ'য়ে দৌবারিণী,
হরি কাল, দ্বারে চিরকাল,—
আছি সেই হরির পদকমলে।
তুমি বল আমি রাধা ব্রজপুরে,
তোমার মত রাধা বাঁধা সপ্তপুরে,
ব্রহ্ম ভাবেন যারে ব্রহ্মজ্ঞান ক'রে,
ভবে সে মান্য কি জানে সামান্য সকলে। (ট)

যুগল মিলন

তখন এইরূপে চলেন রাধা, সপ্তদ্বারে সপ্ত রাধা,
দ্বাররক্ষিণী সঙ্গিনী আট সঙ্গে।
নয়নেতে জল ঝরে, হৃদে ভাবি জলধরে
করি উর্দ্ধ অধরে, ডাকেন ত্রিভঙ্গে। ৬৬

পাঠান্তর: ১ রাই—খ। ২-২ বাহার মূলতান—কাওয়ালী—খ, ঠ। ৩-৩ ঝিঁঝিট—ঠেকা—খ, ঠ।

গিয়ে দেখিছেন প্যারী, অপূর্ব্ব নির্ব্বাণ পুরী,
রত্নসিংহাসনোপরি, লক্ষ্মী-নারায়ণ।
চক্রীর কে বুঝে চক্র, গদা পদ্ম শঙ্খ চক্র,
চারি ভুজে করিছে অতি সুশোভন ॥ ৬৭

ব্রহ্মা অদি দেবতায়, স্তব করে জগৎপিতায়,
দেখে রাধা আরম্ভিলা স্তব।
হে কৃষ্ণ! করুণাসিন্ধু, কাতর জনার বন্ধু,
কৃপাকর জগবন্ধু! দাসীরে মাধব ॥ ৬৮

আমি দোষী পদে পদে, রাধা দাসী ও শ্রীপদে,
কেন আর পদে পদে, বিপদে ডুবাও।
তুমি ত হে ভগবান! বাড়ালে দাসীর মান,
তবে কেন দিয়ে মান, সে মান ঘুচাও ॥ ৬৯

এইরূপ কর-যুগলে, বারিধারা নয়ন-যুগলে,
পরে দেখে জলদবরণ।
ছিল যত মায়াময়, ব্রহ্ম-অঙ্গে লুপ্ত হয়,
দেখেন প্যারী, দয়াময় করিলেন হরণ ॥ ৭০
হইলেন বিশ্বরূপ, নন্দের তনয় রূপ,
রাখালগণ সেইরূপ, গোপাল সঙ্গে আছে।
কদম্ব তরুর তলে শ্যামে, দেখিয়ে শ্যামের বামে,
দাঁড়ায়ে ত্রিভঙ্গ ঠামে, কি শোভা হয়েছে ॥ ৭১

ললিত বিভাস[১]—ঝাঁপতাল

অপরূপ বিশ্বরূপ, হেরে হয় মন মোহিত।
নীল গিরিবরে যেন, কনকলতা-জড়িত।
কদম্বতলেতে আসি, যুগল শশী মিলিত।
হেরি শশী হলো মসী, লয়ে পলায় মন্মথ।
ও যুগল পদাম্বুজদল, দাশরথির বাঞ্ছিত,
ভবের ভাবনা যাবে কি করিবে রবিসুত। (ঠ)

১০। গোপীদিগের বস্ত্র-হরণ

শ্রীকৃষ্ণ-দর্শনে শ্রীরাধার উক্তি

শ্রীরাধা সহিত হরি, দোঁহে গোলক পরিহরি,
ভূলোকে গোলক—বৃন্দাবনে।
গোপগৃহে জন্ম লন, যেরূপে হয় সম্মিলন,
আদ্য কথা শুনহ শ্রবণে। ১
সঙ্গে সখী বৃন্দে চিত্রে, হইয়ে আনন্দ-চিত্তে,
বাল্যখেলা খেলেন কমলিনী।
এক দিন প্রহর বেলা, সঙ্গিনী সহিত খেলা,
ভঙ্গ করি কহেন রঙ্গিণী। ২
ওগো সখি! চল চল, হইল চিত্ত চঞ্চল,
হেমবরণী লয়ে হেম ঘটে।
ছলে দেখিতে প্রাণমোহনে, অবলা সহ অবগাহনে,
উপনীত যমুনার তটে। ৩
হেথায় তরুণ রাখাল সঙ্গে করি, কল্পতরু তরুণ হরি,
তরুণী তরুণ দেখিব বলে।
পদ দুটি তরুণ ভানু, তরুণীমোহন তনু,
দাঁড়ায়ে আছেন তরুবর-তলে। ৪
নিরখি ত্রিভঙ্গ অঙ্গ, অঙ্গহীন দেয় ভঙ্গ,
অঙ্গ দেখে রয় কেমনে অঙ্গনে অঙ্গনা।

পাঠান্তর: ১ খাম্বাজ—খ. ঠ।

বর্ণন করিতে বর্ণ, বিবর্ণ পঙ্কাশ বর্ণ,
বর্ণে না হয় বর্ণের বর্ণনা ॥ ৫

দূরে থেকে দেখে নয়নে, সেই রাখাল-বেশ বাঁকা-নয়নে,
সখীরে শুধান চন্দ্রাননী।

কি ধন দিয়ে করি সাধন, প্রাপ্ত হয় লো ঐ ধন,
কোন্ ধনীর ঐ ধন গো ধনী ॥ ৬

বিধি ওরে কি নির্ম্মাণ করে, কিম্বা হলো রত্নাকরে,
ও রত্ন কেউ যত্ন কর্‌লে পায় গো।

সখি! ও কেন রাখাল সাজে, ওরে কি রাখাল সাজে!
কোন্ রাখালে রাখাল সাজায় গো ॥ ৭

সখি! ঐ তো ভুবনের চূড়া, চূড়ার মাথায় দিয়ে চূড়া,
অবিচার কি চূড়ান্ত করেছে!

ঐ ভুবনের কণ্ঠহার, হার দিল যে গলে উহার,
সে বুঝি সই! চক্ষু হারায়েছে ॥ ৮

ঐ তো তিলকের তিলক, আবার ওর কপালে
কে দিল তিলক!
ত্রিলোকে আছে হেন মূর্খ জন।

যে দিল অঞ্জন ওর নয়নে, তারা নাই গো তার নয়নে,
ঐ তো সখি! নয়নের অঞ্জন ॥ ৯

এমন অবোধ কোন্ বংশে, বাঁশী নির্ম্মাণ ক'রে বংশে,
ওর করে দিয়েছে সহচরি।

যার যা বুদ্ধি তা করিল, আমি এখন কি করি লো,
ও রূপ-সাগরে ডুবে মরি ॥ ১০

---

[১]সুরট-মল্লার—ঢিমে তেতালা[১]

সই গো! ডুবিলাম ঐ রূপ-সাগরে!
এই গোকুল নগরে,[২] আছে কে হেন সুহৃদ,
আসি তরঙ্গে রাধারে ধরে।

মরি কি রূপ-মাধুরী, নীলোৎপল-বল নিল হরি,
দিল লাজ নীল গিরিবরে।

কালো তো কত দেখি লো, সখি লো! একি লো কালো,
অখিল ভুবন আলো করে।

ভবে এ নীলধন কে আনিলে, বিনিমূলে তরুমূলে,
ও নীলবরণ কিনিল মোরে।

আমি একা কোথা রাখি, কিছু ধরো গো ধরো গো সখি!
রূপ আমার আঁখিতে না ধরে।

কোটি আঁখি দিলে বিধি, কিছু কাল ঐ কালানিধি,
হেরিলে আঁখির দুঃখ হরে।
ঐ যে কালরূপ, বিশ্বরূপারূপ,
দাশরথি কয়, শ্রীমতি! দেখ নয়নমুদে অন্তরে। (ক)

বড়াই-বুড়ীর সহিত গোপিকাগণের কথা

সখীগণ বলে,—রাই! আমাদের ঐ ধারাই,
হেরিয়ে ওরে, হারাই মন-প্রাণ।

বাসনা মনে ঐকান্ত, আমাদিগের ঐ কান্ত,
দয়া করি বিধি যদি ঘটান ॥ ১১

এই রূপেতে গোপাঙ্গনা, কৃষ্ণ-প্রেমে হ'য়ে মগনা,
চক্ষে জল, কক্ষে জল লয়ে।

হারায়ে প্রাণ হেরে কেশবে, শব দেহ লয়ে সবে,
মৃদু গমনে চলিল আলয়ে ॥ ১২

পথে যেতে এক স্থলে, দাঁড়ায়ে সখীমণ্ডলে,
ঘন ঘন কাঁদেন কমলিনী।

হেনকালে গিয়ে বড়াই, বলে, একি গো একি গো রাই!
কাঁদিছ কেন কাঞ্চন-বরণি ॥ ১৩

কেঁদে যে কাঁদালি আমায়, বল্ কিছু বলেছে মায়,
কিম্বা পিতা করেছে তাপিতে।

কি ননদী শাশুড়ী, কাঁদালে তোকে কিশোরি!
নারি তোর দুঃখ আঁখিতে দেখিতে ॥ ১৪

দশম বয়স অথবা নয়, কাঁদিবার তোর বয়েস নয়,
নাই প্রণয়, নাই বিরহ-জ্বালা।

পাঠান্তর: ১-১ ললিত—কাওয়ালী—খ, ঋ, গ। ২ ইহার পর—"ঐ রূপ-সাগরে" এই অতিরিক্ত পদ আছে—ক।

লাজ পাবে সব পরিবার, কায নাই কাঁদিয়ে আর,
রাজপথে দাঁড়ায়ে রাজবালা। ১৫
শ্রুত মাত্র এই বচন, সুলোচনীর দ্বিলোচন,
দ্বিগুণ ভাসিয়ে যায় জলে।
বড়াই বলে, হলো স্মরণ, কাঁদছ তুমি যার কারণ,
সেটা আমি গিয়াছিলাম ভুলে। ১৬
কান্না দেখে যে কান্না পায়, তাইতে বলি ধরি পায়,
আর কেঁদনা ক'রে এমন ধারা।
স্মরণ ক'রে নয়ন-তারা, তোর তারায় ধরে না ধারা,
তার তারায় এম্‌নি ধারা ধারা। ১৭

——

খাম্বাজ[১]—মধ্যমান

রাই! যেমন কাঁদিলে ব'লে হরি হরি হরি!
তেম্‌নি তোর বিরহে, হরি কাঁদে গো অষ্টপ্রহর-ই।
যে দুঃখে আমরা বিহরি, বলিতে কাঁপি থরহরি,
তোর লেগে গোকুলের হরি, ব্রজে নরহরি হরি।
আগে গোলক[২] পরিহরি, তুলে বিচ্ছেদ-লহরী,
তুমি তো এলে কিশোরি! তব শ্রীহরির শ্রীহরি। (খ)
কাঁদিছেন কমলিনী, বনমালিনী বত্নমালিনী,
সুখশালিনী সুরপালিনী রাই।
বসনে আঁখির বারি মুছায়ে, পুনঃ পুনঃ পায়ে ধরিয়ে,
কেঁদোনা ব'লে বুঝাচ্ছেন বড়াই। ১৮
বড়াইকে গোপীর দলে, অনুযোগ করিয়ে বলে,
নব বালিকে ঐ রাজনন্দিনী।
এ কর্ম কি শোভা পায়, বুড়ি মাগি! ওর ধর্‌লি পায়,
অকল্যাণ কর্‌লে কেন ধনি। ১৯
বয়েস প্রায় তোর নব্বই, এমন নয় যে নব্যাই,
বুড়া হলে জ্ঞান থাকে না সবাকারি।
রাধার কাছে যখন আসিস্‌, মাথায় হাত দিয়ে করিস্‌ আশীষ,
নাতিনীর বয়েস তোর প্যারী। ২০
বড়াই বলে, পদে ধর্‌তে পারি, নবীনে নহেন প্যারী,
জ্ঞানের মাথা খেয়ে বসেছিস্‌ তোরা।
ও যে কমলাকান্তরমণী, ওরি গর্ভে কমলযোনি,
ও যে কমলে-কামিনী পরাৎপরা। ২১
জ্ঞানহীন সব গোপবালিকে! রাধাকে জ্ঞান করিছ বালিকে,
যা রাধা সা কালিকে, সুরপালিকে সদা।
ও যে ব্রহ্মাণ্ড-ভাণ্ডোদরী, ব্রহ্মা বিষ্ণু ত্রিপুরারি,
ত্রিদেব-আরাধ্যা আদ্যা রাধা। ২২
বড়াই বলে, তোরা সবাই নবীনে, প্রাচীনকাল প্রাপ্ত বিনে,
পরমার্থের অধিকার হয় না।
নব নব যত রমণী, এরা সামান্য মণির অভিমানী,
চিন্তামণির স্মরণ[৩] কেউ লয় না। ২৩
ওদের হরি-কথা নাই কাণে শুনা,
কেবল গলায়[৪] সোনা কাণে সোনা,
ঐ সোনারি সর্ব্বদা বাসনা।
গুরু দিলেন যে কানে সোনা, সে সোনার[৫] নাই উপাসনা,
সে ঘোষণা করে কার্‌ রসনা। ২৪
হৃদয়ে যখন যৌবন, মনে তখন গহন বন,
সে বনে কি ইষ্ট-দৃষ্ট ঘটে।
তরুণী মেয়ে মলে পরে, তরণী পায়না ভব-সাগরে,
কাঁদিতে হয় বসে ভবের তটে। ২৫
প্রথা নাই লো প্রথমকালে, কেও ভয় রাখে না কালে,
হরি-কথাটা নাইকো বলাবলি।
দেখ নব নব পুরুষের দলে, হাত দেয় না তুলসীর দলে,
বিষদলের সঙ্গে দলাদলি। ২৬
সন্ধ্যা আহ্নিক গায়ত্রী জপা, পুড়িয়ে খেয়ে সে সব দফা,
নিধুর টপ্পা গেয়ে বেড়ায় পথে।
মানে না বেদ পুরাণ তন্ত্র, মনে গণে না মণিমন্ত্র,
বলেনা কিছু, চলে না কারু মতে। ২৭
বেঁচে যদি থাকিস্‌ বৃন্দে! শ্রীরাধার পদারবিন্দে,
কি গুণ আছে, যৌবন গেলে জানিবি।

পাঠান্তর: ১ ভৈরবী—খ, গ, ঘ। ২ লোক—খ, গ, ঘ। ৩ শরণ—ক, খ। ৪ গলিয়ে—ক। ৫ সোনার—ক।

ললিতে লো! জানিবি তখন, লোলিত মাংস হবে যখন,
চিন্তামণির রমণীকে চিনিবি। ২৮
চিত্রে লো! পাকিলে কেশ, চিত্ত-মাঝে হৃষীকেশ-
রমণীকে দেখিবি দিব্যজ্ঞানে।
বিশাখা! খসিলে দন্ত, তদন্তে পাবি তদন্ত,
কত গুণ আছে রাই-চরণে। ২৯
এখন হৃদে ধরেছ পয়োধরে, এ বয়েসে বংশীধরে,
ভজিব ব'লে তরুণে মন করে না।
যখন অঙ্গে থাকেন অঙ্গহীন, হয় ভজনের অঙ্গহীন,
ওলো ধনি! তাইতে রাই চেন না। ৩০
উনি কি ধর্‌তে দেন পদে, বিঘ্ন ঘটান পদে পদে,
[1]'কোটি জন্ম কাটি যায়, সেই লবে'[1]।
কত বিপদ ক'রে স্বীকার, রাঙ্গা চরণে স্বাধিকার,
অধিকার করেছি আমি তবে[2]। ৩১

—

আলিয়া[3]—একতালা

নৈলে কে পায় ধর্‌তে রাধার পায়।
অনুকম্পায় যে জন আছে, [4]'অনুপায় যার গেছে'[4],
ধ'রে পায়, ভবের উপায় যে করেছে,
জন্ম জন্ম রাধার পায় ধরেছে,
সে কি পায় ধরিতে ক্ষান্ত পায়।
ব্রহ্মজ্ঞানী আমায় কয়েছেন কিশোরী,
আর কি এখন আমি ব্রহ্মার পদে ধরি,
ব্রহ্মপদ তুচ্ছ করি, কেবল প্যারী[5] ব্রহ্মময়ীর কৃপায়। (গ)

—

ব্রজগোপীগণের কাত্যায়নী-পূজা

গোপিকা চৈতন্ত পায়, ধ'রে বড়ায়ের পায়,
কৃষ্ণপতির উপায় জিজ্ঞাসে।
বড়াই বলে, বলি শুন, কৃষ্ণ-পদে রাখ মন,
ত্যজ মায়া, সাজ সবে সন্ন্যাসে। ৩২

যে ব্রত হবের হার, রমণী যদি হবে তাহার,
হর-মনোমোহিনী ভজ দ্রুত।
পুরাবেন সাধ শঙ্করী, মাসেক সঙ্কল্প করি,
কর তোমরা কাত্যায়নী-ব্রত। ৩৩
শুন গো রাই রাজকুমারি! ভজ গিরিরাজ-কুমারী,
গিরিশের ধন গিরিধরে লও সতি!
মজ তার পদারবিন্দে, অভিলাষ কর বৃন্দে!
যদি বৃন্দাবন-পতিকে পাবে পতি। ৩৪
দেবীরে ভজ, অঙ্গদেবি! দিবেন শ্যাম-অঙ্গ দেবী,
সুচিত্রে! সুচিত্তে ভজ কালী।
ললিতে! তোর স্ববাসনা, পূরাইবেন শবাসনা,
পাবে বাসনার ধন বনমালী। ৩৫
ব্রজরমণী হরি-প্রয়াসে, হেমন্তের প্রথম মাসে,
কাত্যায়নী কর্‌তে আরাধন।
আনে সব গোপিকার দল, শত শত শতদল,
বিল্বদল করি সচন্দন। ৩৬
পাত্ত দিতে মন-সাধে, বিশ্ব জননীর পদে,
ভীমজননীর জল আনিল।
নীলকমল-বরণ আশায়, নীল-কমলবরণী-পায়,
কমলিনী নীলকমল দিল। ৩৭
গিরিবর-নন্দিনী, নীলগিরি-বরণী-
বরদা প্রবর্ত্তা বরদানে।
চরণ কল্প-তরু বর- তলে গোপিকা মাগে বর,
পীতাম্বর বর হেতু যতনে। ৩৮

—

ললিত[6]—একতালা

হে কুলদায়িনী সতি!
ব্যাকুল সব কুলবতী, অকূল মাঝে কুলাও যদি
কূল, (জননি!) তবে দাও মা! গোকুলপতি পতি॥

পাঠান্তর: ১-১ কোটি জন্ম কেটে যায় সেই লবে—ক ; কোটি কোটি জন্ম চলি যায়—খ। ২ তায়—খ। ৩ খাম্বোজা—খ, ঘ, গ, ঙ। ৪-৪ সু-উপায় তারে দেছে—খ। ৫ রাই—খ, ঘ, গ, ঙ। ৬ ঝিঁঝিট—ক।

যার তরে চিত্ত কাতর, নেত্রে নীর নিরন্তর,
বিতর সত্বর বর হে হৈমবতি!
সংসারে আর নাই মা মতি,
দেখিলাম যে হতে গোলকের[১] পতি,
রূপে নয়ন মত্ত, শ্যামের তত্ত্ব,
শুনে মত্ত শ্রুতি॥ (ঘ)

গোপিকা কয় ক'রে ভক্তি, শুনেছি মা, শিব-উক্তি,
বিধি বিষ্ণু তুমি রবি ভৈরবী।
তব পদ করি সাধন, বাঞ্ছা করি কৃষ্ণ ধন,
তুমি কি কৃষ্ণ নও মা! তাই ভাবি॥ ৩৯
তুমি কখন পুরুষ কখন নারী, উভয় মূর্তি আপনারি,
বারণারি হয়ে ধর মা! ধনু।
কখন হয়ে বংশীধর, শ্যামা! তুমি বংশী ধর,
হলধর সহিত চরাও ধেনু॥ ৪০

* * *

ভণ্ড-বৈষ্ণবের কথা

কৃষ্ণ প্রতি গোপীর চিত, কালীকৃষ্ণেতে মিলিত,
ইদানী বিপদ উপস্থিত, নাহি মানে বেদ।
হেসে ভেড়াকান্ত নেড়াগুলো, ভেড়েদের লেগেছে ভুলো,
কালী-কৃষ্ণ সদাই[২] করেন ভেদ॥ ৪১
(বাছাদের) কালীতে দ্বেষ চিরকালি,
ত্যাগ করা কই হয়েছে কালি,
"অন্তরেতে কেবল কালি", কথায় কথায় মুখে কালি,
লোকে দেয় সদাই।
কালীময় দেখি সকলি, গালি খেয়ে বরণ কালি,
কুলে কালি গালে কালি, কেবল দক্ষিণে-কালী নাই॥ ৪২
ভেকধারী ভেড়ারা যত, কালীতে না হয়, না হউক রত,
কৃষ্ণের প্রতি ভক্তি বা কোন্ আছে?
নদের মাঝে পেতে ফাঁদ, ওদের মাথা খেয়েছে নিতাই চাঁদ,
বুদ্ধি খেয়েছে অদ্বৈতচাঁদ, গোরায় জাতি খেয়েছে॥ ৪৩

কায়স্থ কলু কোটাল পুত্র, কপ্নি মেরে এক গোত্র,
ঘৃণা নাই কিছু মাত্র, যেন জগন্নাথ-ক্ষেত্র,
সকল অন্নেই রুচি!
গৌরাঙ্গের কিবে দোহাই! তাতার মলে বিধবা নাই!
এক মেয়ে শত জামাই, বাবা মলে অশৌচ নাই,
কেবল খোল বাজালেই শুচি॥ ৪৪

মুখে বলে গৌরাং গৌরাং, উপরে রূপা ভিতরে রাং,
জুটিয়ে আখ্‌ড়ায় গাজা ভাং, মজিয়েছেন ভুবন।
পুরাণের মতে চলেন না, কোরাণের কথা তোলেন না,
নূতন জাতি গৌর-খৃষ্টান, না-হিন্দু না-যবন॥ ৪৫

বাছাদের[৩] ধর্ম্ম-পথটা বড় আঁটা,
পাকাম করে খান্ না পাঁটা,
হেঁসেলে উঁহাদের হয় না রান্না,
জাতি-মাংস ব'লে।
যদি বল ওদের জাতি কিসে,
আকার প্রকার পাঁটাতে মেশে,
সব আছে ঐ নেড়া বেটাদের দলে॥ ৪৬

পাঁটার ভক্ষণ কুলের পাতা, ওদের ভক্ষণ কুলের মাথা,
পাঁটাও পশু, ওরাও পশু, ভাবিলে সমুদাই।
পাঁটার যেমন লম্বা দাড়ি, বেটাদেরও[৪] সেই প্রকারি,
পাঁটাকে কালীর কাটিতে হুকুম, উহাদিগকেও তাই॥ ৪৭

পাঁটাকে যেমন বোকা বলি, নেড়ারাও তাই সকলি,
ভিন্ন ভাবে পাষণ্ড বৈরাগী।
জাতি কুল সব করে ধ্বংস, যেন কত পরমহংস,
লোক দেখান হয়েছে সর্ব্বত্যাগী॥ ৪৮

* * *

পাঠান্তর: ১ সংসারের—খ, গ, ঘ। ২ সদাই—খ, ক। ৩-৩ ক গ্রন্থে নাই।
৪ আবার—খ, গ, ঘ। ৫ উহাদের—খ, গ, ঘ।

কাত্যায়নীর নিকট গোপীগণের বর-প্রার্থনা

তদন্তে শুন শ্রবণে, হেথায় কাত্যায়নী-ভবনে,
গোপিকা বর মাগে কৃষ্ণধনে।
বলে দুর্গে দুঃখহরা! ব্রহ্মময়ী পরাৎপরা!
চাও মা তারা কৃপাবলোকনে॥ ৪৯
যদি বল মা! তোমায় ভ'জে কৃষ্ণ কেন মাগি।
পুরাণে শুনেছি তত্ত্ব, তব চরণ করি আসক্ত,
আগুলে আছেন মহাযোগী॥ ৫০
কে জানে মা! তব কাণ্ড, ত্রিজগত ব্রহ্মাণ্ড ভাণ্ড,
উমা! তুমি উদরে ধরেছ।
সুর নরের দুঃখ-হরণ, ছিল দুটি অভয়[১] চরণ,
তাতো তুমি বিক্রয় করেছ॥ ৫১
(মা!) দুর্ব্বলে কিনিত যদি, তবে হতেম প্রতিবাদী,
একা কি তাকে দিতাম ভোগ করতে।
যে জন কিনেছে শ্যামা! তাঁর কাছে কে যাবে গো মা!
কার বাঞ্ছা অকালেতে মরতে॥ ৫২

——

ললিত[২]—একতালা

প্রেমে মত্ত চিত্ত, যে ধন ত্রিলোচন বুকে রেখে!
তাকি পায় (শ্যামা!) সামান্য লোকে,
ওমা কালি কালবারিণি! কালের শঙ্কা কেউ না রাখে।
মা তোর ধরতে চরণ কার এত বুক,
হাত দিবে তোর কালের বুকে।
অভয়া! তোর অভয়চরণ অভিলাষী আর হবে কে?
করেছ স্বহস্তে সই, শিবকে চরণ, দিয়েছ সনন্দ লিখে॥ (৬)

——

শ্রীকৃষ্ণকর্ত্তৃক গোপীগণের বস্ত্রহরণ

বরদা দিলেন বর, পাবে পতি পীতাম্বর,
ধৈর্য্য নহে কলেবর, যত গোপিকায়।
অমনি ঘট ল'য়ে কক্ষে, জল আনিবার উপলক্ষে,
কমলার ধন কমলাক্ষে, দেখিবারে যায়[৩]॥ ৫৩
গিয়ে যমুনার ধারে, ধারে রাখি জলাধারে,
লজ্জার না ধার ধারে, হয়ে দিগ্বসনী।
জলে কমল ভাসে যেন, শোভা করে কমলবন,
কমলিনী তার মধ্যে যেন, কমলে কামিনী॥ ৫৪
আছে ঘাটে বস্ত্র ঘটোপরে, আমোদ শুনহ পরে,
গোপিকা আমোদ-ভরে, না দেখে তা চক্ষে।
হেনকালে আসিয়ে হরি, সেই সব বসন হরি,
উঠিলেন রাসবিহারী, কদম্বের বৃক্ষে॥ ৫৫
জলে খেলা সমাপন, সাঙ্গ রঙ্গের আলাপন,
সবে তখন আপন আপন বস্ত্র ল'তে যায়।
দেখে,—বস্ত্র নাই ঘাটে, সবে বলে কি বিপদ ঘটে[৪],
অমনি সবে পাছু হাঁটে, তটে উঠা দায়॥ ৫৬
ব্যস্ত সব গোপিকায়, কে কোথা শুধাবে কায়,
মৃত্যুসম শঙ্কায়, বলে মা! কি হলো।
ঘাটে রয়েছে 'ঘট মোর'[৫], ক'রে চক্ষের অগোচর,
কোথা হতে এসে চোর, বস্ত্র লয়ে গেল॥ ৫৭

*　　*　　*

গোপিকাগণের খেদ

কেঁদে বলে এক নারী, দিদি লো! দুঃখ সইতে নারি,
আমি কালি কিনেছি কালকিনারী[৬], ষোল টাকা দামে।
কেউ বলে, মোর নীলবসন, ভূষণকে করে ভূষণ,
শত টাকায় গত সন, কিনেছি ব্রজধামে॥ ৫৮
কেউ বলে, মোর মলমল, সূতো অতি সুকোমল,
পরিলে পরে ঝলমল, অঙ্গখানি হয় লো।
কেউ বলে, মোর বুটতোলা, সূতো তার টাকা তোলা,
রেখেছিলাম করে তোলা, আটপ্রহরে[৭] নয় লো॥ ৫৯
কেউ বলে, মোর জামদানি, এদেশে নাই ইদানী,
আর তেমন আমদানী, এখানেতে নাই লো!

পাঠান্তর: ১ রাঙ্গা—ক। ২ খাম্বাজ—ক। ৩ ধায়—খ। ৪ ঘাটে—খ, ঙ। ৫-৫ ঘটা ঘোর—খ, ঙ, ধ। ৬ নালকিনারী—ঙ, নালকি শাড়ী—খ, লালকিনারী—ধ। ৭ আটপউরে—খ।

কেউ বলে, মোর গোটাদার, হায় হায়! তার কি বাহার,
দেখ্‌তে অতি চমৎকার, আঁচলা সমুদায় লো। ৬০

কেউ বলে,মোর টেরচা-ঢাকাই,তেমন চিকণ আর দেখি নাই,
মুটোয় কিম্বা কৌটায় পোরা যায় লো।
কেউ বলে, মোর গুল্‌দার, তার কথা কি বলিব আর!
শোকে কান্না পায় আমার! সিপাই-পেড়ে
বড় কল্কা তায় লো। ৬১

কেউ বলে, মোর বালুচরে, কিনেছিলাম কত ক'রে,
কেউ বলে. মোর বারাণসে চেলি।
কেউ বলে, মোর ভাল তসর, দেখ্‌তে অতি সুন্দর.
এই রূপেতে পরস্পর, করে বলাবলি। ৬২

কেউ বলে,আর বলিব বৃথা, তেমন কাপড় আর পাব কোথা,
মনে করলে দুঃখেতে বুক ফাটে।
কেউ বলে, দুঃখ কত বাখানি, যেমন গেছে আমার খানি,
দিতে পারে না কোন দোকানী, এই মথুরার হাটে। ৬৩

ক'রে বিবিধ সন্ধান করে চোরের সন্ধান,
বৃক্ষে হাসে কৃপানিধান, গোলোকের প্রধান।
সন্ধান দিবার তরে, বাঞ্ছা হরির অন্তরে,
নৈলে কে সন্ধান করে, যাঁর বেদে নাই সন্ধান। ৬৪

নদীতটে কদম্ব তরু, তাতে লম্পটের গুরু,
বসে বাঞ্ছাকল্পতরু, বসনগুলি বামে।
এক রমণী[১] যমুনায়, অধোবদনী ভাবনায়,
দৈবযোগে দেখ্‌তে পায়, প্রতিমূর্ত্তি শ্যামে। ৬৫

অনুমান করিয়ে ধরে, জলমধ্যে জলধরে,
দেখে ধড়া-চূড়া-ধরে, অধরেতে মোহন মুরলী।
ঊর্দ্ধমুখী হয়ে অমনি, আর বার দেখে রমণী,
বৃক্ষে হাসেন[২] চিন্তামণি, লয়ে বসনগুলি। ৬৬

দৃষ্টি করি কেশবে, ধনী মনের উৎসবে,
অভয় দিয়ে বলে সবে, আর কেঁদো না থাক।
বসনের উপায় করেছি, কাছে থাক্‌তে কেঁদে মরেছি,
ওলো দিদি! চোর ধরেছি, ঐ দেখ দেখ। ৬৭

সুরট[৩]—কাওয়ালী

হায় হায়! লজ্জায় প্রাণ যায়, গিরিজায় পূজে—
পতি পাব অবিলম্বে।
সেই নবনী[৪]-চোর, নবীন নাগর[৫],
ঐ যে গোবিন্দ, লইয়ে বসন উঠেছে কদম্বে।
আছে কি ভাবে মত্ত হয়ে, রাধার বস্ত্র লয়ে,
আছে রাধার নাম-অবলম্বে।
রমণী দুঃখে ভাসে, ও গিয়ে বৃক্ষে হাসে,
সুখ-আশে পড়েছি বিড়ম্বে।
হরি করি সাধ, হরিবে বিষাদ,
আর কি আছে ভাগ্যে[৬] মোদের এই তো আরম্ভে। (চ)

গোপিকা-কর্ত্তৃক শ্রীকৃষ্ণ প্রতি মিষ্ট-ভর্ৎসনা

দাঁড়ায়ে গোপী নদীতটে, বস্ত্র নাই কটিতটে,
ধটি সম করিয়ে বাম করে।
পয়োধরে ঢাকিয়ে কেশে, ডাকিয়ে কয় হৃষীকেশে,
অম্বর বিতর পীতাম্বরে! ৬৮
কেহ বলে, ওহে বিজ্ঞ! কর কি,—হয়ে ধর্ম্মজ্ঞ,
কেহ বলে, বঁধু হে! ফিরে চাও।
আমরা ভাবি প্রাণাধিক, ধিক্ তোমারে ধিক্ ধিক্!
আর কেন অধিক লজ্জা দেও। ৬৯
কেহ বলে, ওহে কানাই, এ দেশে কি রাজা নাই,
মনে করেছ অরাজকের পুরী।
বলি যদি কংস রাজায়, এখনি তোমায় লয়ে যায়,
হাতে আর পায়ে দিয়ে দড়ী[৭]। ৭০

পাঠান্তর: ১ ধনী—ক। ২ হাসেন—খ, ঘ, ধ। ৩ সুরট-মল্লার—ক। ৪ নবীন—খ, ঘ, ধ। ৫ কিশোর—খ, ঘ, ধ। ৬ কপালে—খ, ঘ, ধ। ৭ দড়ী—ক।

পর-নারীর পরণের বাস, পথে হর হে পীতবাস!
দিই যদি হে সংভ্রমের দাবী।
(তোমার) বাঁশী যাবে হাসি যাবে, চূড়া যাবে চূড়ান্ত হবে,
বিকিয়ে যাবে ঘরকন্না, তাড়িয়ে[১] লবে গাভী। ৭১

চরণে নূপুর ব্যবহার, হবে চরণে কত প্রহার,
'লোহার লোহার হার দিবে'[২]।
ঘুচিবে সকল সুখ বিহার, তখন কি আর মাখন আহার!
আহার-কালে আহা বলে কাঁদিবে। ৭২

বাঁকা নয়ন ঘুরিয়ে যেমন, ভুলেয়েছিলে আমাদের মন,
কংস রাজা ভুলিবে না হে তায়।
সে যখন তোমাকে ধরিবে, বাঁকা তোমাকে সোজা করিবে,
তাইতে বলি ধরে ছুটি পায়। ৭৩

এখন হরি দেও হে বস্ত্র, "দিয়ে লও হে লজ্জা-অস্ত্র"[৩]—
নাসা কেটেছ, গলা কেটো না আর।
শুনে তরুবরে মুখ ফিরান, তরুণী পানে নাহি চান,
ভব-নদীর তরণী পদ যাঁর। ৭৪

কে যেন কাহাকে ডাকে, কালা যেমন শঙ্খ ডাকে[৪],
শব্দ হলে শুনিতে নাহি পান।
পুলকে প্রসন্ন শরীর, অন্ন মনে কিশোরীর,
গুণ গুণ করিয়ে গুণ গান। ৭৫

বিভাস—ঝাঁপতাল

রাখ রে কথা, ডাক রে মম বাঁশরি! সদা কিশোরীকে।
ভবে মুক্তি দেন সদা অপরাধীকে রাধিকে।
বৃষভানুর নন্দিনী, ভানু-শশীর বন্দিনী,
পদ তরুণ-ভানু জিনি, ভানুজ-ভয়-হারিকে।
তোরে দিয়াছি আমি রাধা-মন্ত্র, দেখ যেন হৈও না ভ্রান্ত,
রেখ ক্ষান্ত, বলবন্ত, ছদ্মনা[৫] প্রতিবাদীকে।
কত গুণ ধরেন শ্রীমতী, গুণাতীত সেই গুণবতী,
গতিহীন কুমতি দাশরথির গতি-দায়িকে। (ছ)

গোপীগণের কাতর উক্তি

চেতন নাই বাঁশী-যোগে, হরি যেন বসেছেন যোগে,
কে করে কপট যোগ ভঙ্গ।
গোপী কাঁপিছে থরহরি, বলে ওহে নরহরি!
হায় হায়! হাসালে বৈরঙ্গ। ৭৬

ঘন দৃষ্ট আগে পাছে, কেউ বনে[৬] দেখিবে পাছে!
উরু কাঁপিছে গুরুজন-শঙ্কায়।
মাটী হয়ে ছিল মাটীতে, নিরাশা হয়ে ঝটিতে,
পুনঃ সবে জলে গিয়ে দাঁড়ায়। ৭৭

অর্দ্ধ কায়া রাখি জলে, ঊর্দ্ধকরে গোপী বলে,
কি করলে হে জলদ-বরণ!
আর কেন মরি গুমরি, বল তো জলে ডুবে মরি,
মলে বাঁচি,—বাঁচিলে মরণ। ৭৮

এই রূপে রোদন করি, কহিছে কেশবে সবে।
কুটিলে খুটিলে, বন্ধু! প্রাণ কি তার রবে রবে। ৭৯
তুমি কান্ত হলে, অন্তে পাব শীঘ্রগতি গতি।
তাইতে দেবী পূজে আমরা চেয়েছি গোকুলপতি পতি। ৮০
কাত্যায়নী দিলেন ভাল গুণের সরোবর বর।
পরণের বসনখানি দিয়ে বিপদ-হর হর। ৮১
আমাদের হাসায়ে শত্রু-মুখখানি যে হাসি হাসি।
ব'ধে রাধাকে, রাধা ব'লে বাজাচ্ছ গোকুলবাসি! বাঁশী। ৮২
লজ্জায় রাধার দেহে প্রাণ বুঝি কানাই নাই।
আমরা তো হারাই প্রাণ, আগে বুঝি হারাই রাই। ৮৩
তটেতে উঠিতে নারি, প্রাণতো লজ্জায় যায়।
জলে বা কতক্ষণ বাঁচি, সন্নিপাত যোগায় গায়। ৮৪

পাঠান্তর: ১ কাড়িয়ে—খ। ২-২ লৌহারে লোহার জুড়ী দিবে—খ। ৩-৩ দিয়ে ওহে লজ্জা-বস্ত্র—খ।
৪ চাকে—ক, খ। ৫ ছলনা—খ, ক। ৬ দেখে—ক।

নগ্নবেশে বাসে গেলে, হাসিবে শত্রু পায় পায়।
কর চিন্তামণি! যাতে অধিনী উপায় পায়[১]। ৮৫

—

স্বরট-মল্লার[২]—কাওয়ালী

তোমার এ কেমন বাসনা, হরি! কুলবধূর নিলে বাস হরি,—
আর কতক্ষণ জলে বাস করি,
যাব আমরা বাস, ওহে নিদয় পীতবাস!
বাস দিয়ে বাজাও বাঁশরী।
শীতে হ্রদি শীতল, জলে কাঁপে কায়, কি কর হে জলদকায়!
রমণী বিবশে[৩] দহে, এ রসে পৌরুষ কি হে!
এই যে শুনিলাম তুমি রাসবিহারী।
কত সাধের সাধনায় তোমায় সাধিলাম,
সাধ না পূরালে হে শ্যাম!
অধিনীদের হবে কান্ত, তাতো হলো না হে একান্ত,
অধিকান্ত একি হে লাজে মরি। (ঞ)

—

শ্রীকৃষ্ণের রসালাপ

গোপিকার কত প্রকার
শুনিয়ে বিলাপ।
চিন্তামণি[৪] কন অমনি,
করি রসালাপ। ৮৬
আমার জন্যে গোপকন্যে!
করলে তোমরা ব্রত।
তাইতে আমি হইতে স্বামী,
হয়েছি বিব্রত। ৮৭
এই যমুনায়, কত লোকে নায়,
তোমরাও এস নিত্য।
বসন ফেলে, সকলে মেলে,
জলেতে কর নৃত্য। ৮৮

তা ক'রে দরশন, লতে বসন,
আমি এসেছি কই[৫]।
প্রাণ না দিলে, না সাধিলে,
আমি কি কথা কই। ৮৯
লজ্জা দিলে, ব'লে সকলে,
বলিছ নানা কথা।
স্বামীর কাছে, লজ্জা আছে,
রমণীর আবার কোথা। ৯০
স্বামীতে যদি, হয়ে আমোদী,
নারীর বস্ত্র হরে।
সেই দোষে কি, হাঁ হে সখি!
রমণী নালিশ করে। ৯১
কংসে কয়ে, আমাকে লয়ে,
বাঁধিবে কারাগারে।
সে কখন, হয়ে বামন,
চাঁদ ধরিতে পারে। ৯২
বেঁধেছে বলি, ভক্ত বলি,
বাঁধা থাকি তার বাসে।
রাম-অবতারে, রাবণ আমারে,
বেঁধেছিল নাগপাশে। ৯৩
বেদে ব্যক্ত, সে যে ভক্ত,
বৈকুণ্ঠের দ্বারী।
যে পারে চিন্তে, সে পারে বাঁধতে
আমারে ব্রজনারি। ৯৪
বাহু-বল কর, বাঁধা দুষ্কর,
এত বল কে ধরে।
তোমরা দেখ সদা, আমারে যশোদা,
অনাসে বন্ধন করে। ৯৫

পাঠান্তর: ১ পায় পায়—খ। ২ সরফর্দা—খ, গ, ঘ। ৩ বিরহে—ক। ৪ গুণমণি—খ, গ, ঘ। ৫ সই—খ।

বলিয়ে পুত্র, পাকিয়ে সূত্র,
বাঁধে দেখ,—সে মিছে।
সে তো এ সূত্র নয়, [1]আর অন্য সূত্র
পূর্ব্বে আছে[1] ॥ ৯৬

—

বারোঁয়া[2]—একতালা

তোমরা দেখ, সদা আমায় মা যশোদা বাঁধে সখি!
সে কি তার কর্ম, আমি যে ব্রহ্ম, মর্ম তা জানে কি।
যাকে ধন্য ক'রে, পুণ্য-ডোরে, আমি আপনি বাঁধা থাকি।
কে বাঁধে সই! আমার করে, জীবের জীবন গেলে পরে,
যখন শমন বন্ধন করে, আমায় ডাকিলে পরে,
সেই বন্ধনে ত্রাণ পায় পাতকী।
যুগে যুগে সঁপিয়ে মন, যোগসূত্র পাকায় যে জন,
সেই বাঁধে আমারে হে সুধাংশুমুখি!
যোগেতে না সঁপিলে মতি, বাঁধিবি রে দাশরথি,
ভক্তি-রজ্জুর নাইকো সঙ্গতি,—
আমি তাইতে তারে[3] অপার ভববন্ধনে রাখি। (স্ব)

শ্রীকৃষ্ণের উপদেশ-কথা

বরং তোমরা বাঁধো, ভক্তি-ফাঁদ,
পেতেছ করি ব্রত।
তোমরা বাঁধিবে মনে, আমি তা জেনে,
হাতে বেঁধেছি সুত ॥ ৯৭
ইহার সাতপাক আছে, এক পাকেই যে,
পার না পিরীত রাখ্‌তে।
যাকে চলিতে বাজে, সে কেন সাজে,
জগন্নাথ দেখ্‌তে ॥ ৯৮
আর মিছে কি কাঁদ, আট্‌কে বাঁধো,
আটকে রাখিলে থাকি।
যদি [4]বাঁধনি না ক'রে[4], বাঁধো আমারে,
তবে দিয়ে যাই ফাঁকি ॥ ৯৯
যদি পাকা করি, পাকিয়ে ডুরি,
বাঁধো আমারে শক্ত।
তবেই আমোদের দিন তোমাদের,
সকল বিপদ মুক্ত ॥ ১০০
আর কেন সকলে, দাঁড়ায়ে জলে,
কফের বৃদ্ধি কর!
গা তুলে উঠে, এসো নিকটে,
বসন দিচ্ছি পর ॥ ১০১
জলে ঢেকে কায়, লুকাইবে কায়,
লাজ দেখে মরি লাজে।
আমার কাছে কি, ও বিধুমুখি!
লুকালুকি কারু সাজে ॥ ১০২
ইন্দ্র যেমন, লুকিয়ে গমন,
করলে অহল্যার ঘরে।
অহল্যা সতী, দিত কি রতি?
স্বামী না জানলে পরে ॥ ১০৩
গোপন করি, মন্দোদরী-
পুরে যায় বানর।
জানিলে ফাঁকি, সতী দিত কি,
পতির মৃত্যু-শর ॥ ১০৪
(আবার) সেই বানরে, চাতুরী ক'রে,
মায়া বিভীষণ হ'য়ে।
মহীরাবণ, পাতাল ভুবন,
রামকে যায় লয়ে ॥ ১০৫
ও সুন্দরি! ক'রে চাতুরি,
লোকে লুকাতে পারে।
ত্রিসংসারে, কেহ না পারে,
লুকাতে আমারে ॥ ১০৬
অখিল পুরী, সব আমারি,
শরীর সমস্ত।

পাঠান্তর: ১-১ পূর্বজন্মের অন্য সূত্র আছে—ক। ২ বিভাস—ক। ৩ তোরে—খ, ঘ। ৪-৪ বাঁধনি করে -খ, গ, ঘ।

আমি,[১] জীবের জীবন, চক্ষু কর্ণ
পদ হস্ত ॥ ১০৭
জলে অঙ্গ, ঢেকে রঙ্গ,
কর কি ব্রজাঙ্গনা।
ভেবেছ কানাই, জলে বুঝি নাই,
তা মনে করো না ॥ ১০৮

ললিত[২]—একতালা

জলে স্থলে রই, তোমায় অন্ত কই,
অন্তরীক্ষে আমি আছি হে সখি!
কে পায় অন্ত মম, অনন্ত মোর নাম,
অন্তরীক্ষে জীবের অন্তরে থাকি ॥
আমি-ভিন্ন স্থানে লুকাবে কিরূপ,
অপরূপ আমার নামটী বিশ্বরূপ,
নৃসিংহ-রূপে, দনুজ ভূপে, নাশিতে হে,
আমি স্তম্ভ-মধ্যে গিয়া প্রহ্লাদে রাখি। (এ)

গোপী বলে, হে অন্তর্যামি! অনন্ত ভুবনের স্বামি!
অনন্ত রূপ বেদে কয় সবাই।
শুনেছি আছ সর্ব্ব ঘটে, চক্ষে দেখিলে লজ্জা ঘটে,
জলে আছ,—তায় চক্ষু-লজ্জা নাই ॥ ১০৯
দিগম্বরী হয়ে তটে, কামিনী কেমনে উঠে,
যামিনী হইলে শোভা পায়।
দিও না বৈরঙ্গ ডেকে, দাও হে, অঙ্গ বসনে ঢেকে,
অঙ্গনা সব অঙ্গনেতে যায় ॥ ১১০
শুনেছি, ম'জে তব পায়, সগ্য ভাবে মোক্ষ পায়,
লক্ষণে তা লাগে না হে ভাল ॥ ১১১
প্রণয়-বাসনা প্রাণপণে, লোকে না শুনে—সঙ্গোপনে
করিব আমরা কৃষ্ণ-প্রেমের ব্রত।
কিবল আমরাই করিব দৃষ্ট, পূরাইব মনোভীষ্ট,
আর কারু হবে না দৃষ্ট, লুকাইয়ে রাখিব কৃষ্ণ,
ইষ্টমন্ত্রের মত ॥ ১১২

(আমাদের) ইষ্টসিদ্ধি না করিয়ে, অন্তরের অন্তরে গিয়ে,
কর্‌লে যখন বৃক্ষোপরে বাসা।
বুঝিলাম, জলদ-রুচি! এ প্রেমে হলো না রুচি,
অরুচির ভোজন কর্‌তে আশা। ১১৩

আবার কপট রসিকতা কত, বলেন, হাতে বেঁধে
এসেছি সুত,
আবার বলিছেন, সাত পাক আছে বাকী।
এক পাকে যে ঘোর বিপাক, নারি আমরা এই পাক,
পরিপাক কর্‌তে কমল-আঁখি ॥ ১১৪

সাত পাক আর বলে কাকে, কত ঘুরাচ্ছ পাকে-পাকে,
কই হে বন্ধু! পাক সমাপন করিছ।
ভাল পাকাপাকে ফেলে, এই বসন দিচ্ছি ব'লে,
এখন তুমি চৌদ্দ পাক দিচ্ছ ॥ ১১৫

আবার বল্‌লে গুণনিধি! জগন্নাথ দেখ্‌তে যদি,
চলিতে বাজে, সে কেন সাজে তায়।
আছে অন্তকালে কালের ফাঁদ, কালভয়ে হে কালাচাঁদ!
জগন্নাথ দেখ্‌তে কষ্টে যায় ॥ ১১৬

সেই চাঁদমুখ দেখিব বলে, কত কষ্টে এসে চ'লে,
আঠার-নালাতে বুঝি মরি!
পড়ে রৈলাম যে ভোগেতে, ভোগ-নিবারণ জগন্নাথে,
এ ভোগ থাকৃতে, ভোগ দিয়ে কি করি ॥ ১১৭

আমরা তোমায় ধন-মন, দিয়েছি হে মদনমোহন[৩]!
জীবন যৌবন কুল শীল।
তোমাকে ভজিতে দয়াময়! ঘরকন্না সমুদয়,
দয়েতে দিয়েছি দয়াশীল ॥ ১১৮

* * *

পাঠান্তর: ১ পতিত পাবন—ক-গ্রন্থে অতিরিক্ত পদ। ২ বিভাস। ৩ মনোমোহন—খ, ক।

ব্রজগোপীগণের বিনয়-বাক্যে শ্রীকৃষ্ণের উত্তর

হরি কন হাস্য ক'রে, সব ধন দিয়েছ মোরে,
যদি তোমরা আমারি লাগিয়ে।
সকল ত্যাগ করেছ ধনি! তবে কেন ত্যাগ করিছ প্রাণী,
ত্যাগ-করা বসনগুলি দিয়ে ॥ ১১৯

মন প্রাণ যার আমার উপরে, সে কখন কি বস্ত্র পরে?
সে কি ধনি! ঘরেতে করে ঘর।
কুবের যার ভাণ্ডারী, পরনে নাই বস্ত্র তারি,
সে যে, বস্ত্রাভাবে দিগম্বর ॥ ১২০

'সুরট মল্লার—একতালা'

ধনি! মম ভক্ত কৃত্তিবাস,
ক'রে বাসনা পীতবাস,
বাস নাহি পরে, ঘরে বাস নাহি করে,
শ্মশান-বাসেতে বাস ॥

শুন নাই কি তোমরা সুন্দরী সকলে,
শুকদেব জন্ম লয়ে ধরাতলে,
না করে বস্ত্র-ধারণ, কেবল আমার কারণ,—
ধারণ করিলেন সন্ন্যাস ॥

মাতৃগর্ভে য'দিন থাকে বস্ত্রশূন্য,
সে কদিন তো জীবের থাকে হে চৈতন্য!
হইলে ভূমিষ্ঠ, সে চৈতন্য নষ্ট,
নানা সুখের অভিলাষ ॥

বাসে বাসত্যাগী, রতনে নয় রত,
বাসনার[২] বশ নহে জ্ঞানী যত,—
ত্যজিয়ে অম্বর, ভজিলে পীতাম্বর,
গোলোক-বাসেতে বাস ॥ (ট)

কাত্যায়নী-পূজার কথা অতি শীঘ্র রটিল

এক মাস কাল কাত্যায়নী পূজা করে যত গোপিনী।
সে কথা ছিল না কিছু গোকুলে জানাজানি ॥ ১২১
বস্ত্র যে দিন হরিলেন হরি, যমুনার ঘাটে।
মন্দ কথার গন্ধ পেলে অতি শীঘ্র ছোটে ॥ ১২২

কত শীঘ্র?

অতি শীঘ্র যেমন ধারা নূতন চোরকে ধরে।
অতি শীঘ্র যেমন ধারা ভেদের রোগী মরে ॥
বেলে মাটীতে বৃষ্টি যেমন অতি শীঘ্র শোষে।
কল্কি-ধেতে নিদ্রা যেমন অতি শীঘ্র এসে ॥
ক্ষুদ্র গাছে ফল যেমন অতি শীঘ্র ফলে।
অতি শীঘ্র পরমায়ু যায় দিনাজপুরের জলে ॥
বঙ্গদেশী লোক যেমন অতি শীঘ্র রাগে।
নিদ্রাকালে কুকুর যেমন অতি শীঘ্র জাগে ॥
অতি শীঘ্র ধরে যেমন মণিমন্ত্রের গুণ।
অতি শীঘ্র ধরে যেমন বারুদে আগুন ॥
সুজনে সুজনে যেমন অতি শীঘ্র ঐক্য।
ঘর-বিবাদে যান যেমন অতি শীঘ্র লক্ষ্মী ॥
অতি শীঘ্র যেমন ধারা ধনুকে বাণ ছোটে।
পশুপতির দয়া যেমন অতি শীঘ্র ঘটে ॥
খলে খলে পিরীত যেমন অতি শীঘ্র চটে।
তেমনি ধারা মন্দ কথা অতি শীঘ্র রটে। (অ)

* * *

যদি বল হরি হরিলেন গোপীকার বাস।
এ কথা শুনিলে লোকের গোলকে হয় বাস ॥ ১৩১
এতো দুষ্ট কথা নয়, রাষ্ট্র কেন তবে।
বলি তার সবিশেষ, শুন বিজ্ঞ সবে ॥ ১৩২

পাঠান্তর: ১-১ বিভাস—থয়রা—খ, ঝ, ষ। ২ বসনের—খ, ঝ, ষ।

ভূলোকে গোলোকের হরি সবে জানে কি মর্ম্ম।
কেহ জানে নন্দের পুত্র, কেহ জানে ব্রহ্ম॥ ১৩৩
এক বস্তুর উভয় গুণ, পাত্র-ভেদে পায়।
যোগী যেমন মধুর রসে নিম্বপত্র খায়॥ ১৩৪
তিক্ত ব'লে ত্যক্ত যেমন, তাতে হয় লোক যত।
দেবের দুর্লভ ঘৃতে মক্ষিকা বিরত॥ ১৩৫
জানে কি সামান্য জনে শ্যামের সমাচার।
ভেকে যেমন ত্যাজ্য ক'রে ফেলে রত্ন-হার॥ ১৩৬
ভাবুক বিনে এ ভাব কে বুঝিবে আর।
তোমরা ভেবে অত্যাচার কর্‌তেছ প্রচার॥ ১৩৭

* * *

কুটিলার নিকট কোন শ্যাম-বিরাগিণী রমণীর কথা

এক রমণী চিন্তামণির প্রেমে বঞ্চিত আছে।
দ্রুতগামিনী গিয়ে[১] কামিনী কহে কুটিলের কাছে॥ ১৩৮
দেখেছি কালিকে, ভজিতে কালীকে, ব্রজ-রমণীগণে।
দেখে ভক্তি, বড় ভক্তি হয়েছিল মনে॥ ১৩৯
ধন্য নব-রমণী, ভব-মহিষী পূজা করে সে ভাল।
আজিকার কীর্ত্তি দেখে, আমার চিত্ত চটে গেল॥ ১৪০
উপরে সরল, ভিতরে গরল, ব্রত করা সব বৃথা।
কপট আয়োজন, শ্যামাকে ভজন, শ্যামকে লয়েই কথা॥
ও কুটিলে! কথা রটিলে, মুখ দেখান ভার।
তোদের বধূ যে, পাড়ায়,—কোথা বেড়ায়, তত্ত্ব রাখ না তার।

ভৈরবী[২]—কাওয়ালী

তোদের কুলবধূর গুণ কি শুনি গোকুলে!
প্রতি[৩] দিন পূজে কালীকে, আজি কালাকে ডাকে,
কুলে কালি মাখে কালিন্দীর কূলে॥
[৪]তোরা বলিস্,—ভজে তারা, তারা তো ভজে না তারা,
মন নাই তারা-পদে ব'লে, শ্যামের নয়ন-তারা দেখে,
তাদের নয়ন-তারা গেছে ভুলে॥[৪]
আছে কত শত্রু তাতে, বেড়ায় তাদের সাথে সাথে,
সদা করে বাদ ভুজঙ্গ আর নকুলে॥
তিল পেলে করে তাল, নাচে দিয়ে করতাল,
হ'লে তাল, ধরিবে তাল কি ব'লে।
যদি কলঙ্ক দিল জীবনে, জীবন ধরা মিছে ধরাতলে॥ (ঠ)

ব্রজগোপীগণকে কুটিলার ভর্ৎসনা

এই কথা শুনিবা মাত্র, কুটিলের দুটি নেত্র,
উঠিল কপালে কোপানলে।
দণ্ডিতে শ্রীরাধায়, সেই দণ্ডে অম্‌নি যায়,
যমুনার ধারে গিয়ে বলে॥ ১৪৩
ওলো কলঙ্কিনি সব! হয়ে মত্ত সঙ্গে কেশব,
ঘটা করে ঘাঁটালি ঘাটে আসি।
গোকুলে কুল-কুল-ধ্বনি, তিন কুল ব্যাকুল শুনি,
প্রতিকূল তাহাতে প্রতিবাসী[৫]॥ ১৪৪
কুল ডুবালি অকূলে, শীলের গলায় বেঁধে শিলে,
কুলে শীলে একত্রে দিলি ফেলে!
গৌরব,—একটা রসে[৬] ছিলি, রসাতলে সে রস পাঠালি,
জাতি খোয়ালি দিয়ে যশোদার ছেলে॥ ১৪৫
মানের কাছে কি মাণিকের তোড়া?
এখন মনের উপরে গোড়া,
টান দিয়ে ফেলিলি যোজন শত।
মান গেলে গা জলে যত, মানের পাতে যায় না তাতো,
মানটা গেলে প্রাণটা যেন ঘণ্টা-নাড়ার মত॥১৪৬
এখন এই জলেতে ডুবে মর, তবে তোদের রয় শুমর,
আমরা হই দৃষ্টি-পোড়ায় মুক্তি।
আর পাবিনে ঘরে যেতে, আর কি গ্রহণ করিবে জেতে,
শমনপুরে যেতে এখন যুক্তি॥ ১৪৭
আবার কয় শুন শুন বলি, ওলো বৃন্দে চন্দ্রাবলি!
ছি ছি যদি কুলত্যাগী হলি।

পাঠান্তর: ১ হয়ে—গ, ঝ, ধ। ২ খাম্বাজ—ক। ৩ এত—খ, ঝ, ধ। ৪-৪ এই অংশটি খ, ঝ, ধ গ্রন্থে নাই।
৫ ব্রজবাসী—ক। ৬ বসে—খ, ঝ।

না ভ'জে পণ্ডিত নরে, প'ড়ে এক রাখালের করে,
কেন এমন ধারা অপঘাতে মলি ॥ ১৪৮
পরকাল মজিয়ে রসে, যারা মজে পর-পুরুষে,
কিছু কাল ত পরম সুখে থাকে!
নানা আভরণ দিয়ে গায়, মন দিয়ে তার মন যোগায়,
মন্দের ভাল বলা যায় লো তাকে ॥ ১৪৯
সে পথে বা চল্লি কই! ঐহিকের সুখ কর্লি কই!
নন্দ-সুতের ক'রে আরাধনা।
ঘুচালি ঐহিক পরমার্থ, দিন কতক সুখ হতে পারিত,
পাত্র বুঝে কর্লে বিবেচনা ॥ ১৫০
ও জ্ঞানবান কি গুণবান, ধনবান কি বলবান,
বল্ দেখি, কোন বান্ কানাই।
[১]ও নয় এখন কোন বান্, মদনের পঞ্চ-বাণ,
ওর এখন অঙ্গে প্রবেশ নাই।[১] ১৫১
পিরীতের[২] পদ্ধতি, প্রায় ষোড়শ পাত পুঁথি,
যে পড়ে তার সঙ্গে পিরীত সাজে।
ও পড়েছে কোন্ টৌলে, ওকে দেখে মন ট'লে,
গেল তোদের কি বিদ্যা বুঝে ॥ ১৫২

"সুরট-মল্লার—একতালা"

আই আই লাজে মরে যাই! প্রেম কর্লি কার সনে।
কি বোধ[৩], অবোধ নন্দের গোপাল,
বনে চরায় গোপাল, সে কি পিরীতি জানে ॥
ছিছি বৃন্দে! তোদের একি নিন্দে হলো,
অকূল মাঝে তোদের অঙ্গ ডুবিল! অঙ্গদেবি লো!
পাড়ার বিপক্ষে জাগাবি, কালার মন যোগাবি,
যে চরায় গাবী, তার গুণ গাবি কেমনে!
[৪]এ কি চিত্ত তোদের হল চিত্ররেখা[৪]!
এ ছার জীবন আর রাখা,
কি জন্য লো বিশাখা!—বিষ খা![৫] ত্বরায় অগ্নিকুণ্ড জ্বালো,
যা লো যা লো বৃকভানু-সুতা! ভানুসুত-ভবনে॥ (ভ)

কুটিলার ভৎর্সনা-বাক্যে শ্রীরাধিকার উত্তর

কুটিলে নানা ছলে বলে, রাধার অঙ্গ জ্বলে জ্বলে,
জলদাঙ্গ প্রতি ব্যঙ্গ শুনে।
কহেন '[৬]রাকাচন্দ্র যিনি[৭]', রাধা যায় কি দুঃখে প্রাণী,
রাখাল বল, ননদিনি! কোন্ জনে ॥ ১৫৩
ননদি গো! ও রাখাল, শুধু নয় গো-রাখাল,
জগতের রাখাল বেদে[৮] শুনি।
সব পশু ওর গোচরে, না চরালে কেবা চরে,
চরাচর চরান্ চিন্তামণি ॥ ১৫৪
ও রাখাল নয়,—জগতের রাজা, জেনে চরণ করেছি পূজা,
যে চরণে জন্মে ভাগীরথী।
দেখ যে চরণ লাগি, সদাশিব সদা যোগী,
ব্রহ্মা আদি পূজেন সুরপতি ॥ ১৫৫
সে চরণ পূজেছি আমি, কি মর্ম জানিবে তুমি?
অন্ধে কি মাণিক চিনিতে পারে!
বানরে সঁপিলে মতি, মতিতে তার হয় না মতি,
দুর্মতি দুর্গতি নানা করে ॥ ১৫৬
যদি বল কই পূজার দ্রব্য, কুঙ্কুমাদি করি সর্ব্ব,
পূজিতে হয় নানাবিধ ধনে[৯]।
আমাদের চিত্ত সকল, নির্মল গঙ্গার জল,
জেনে পাদ্য দিয়াছি চরণে ॥ ১৫৭
ফুলের সৌরভ ছিল, সুগন্ধি চন্দন হলো,
যদি বল, পুষ্প কোথায় পেলাম।
ছিল ষোড়শ-দল হৃদিপদ্মে, পুষ্প করি সেই পদ্মে,
পদ্ম-আঁখির পাদপদ্মে দিলাম ॥ ১৫৮

পা[illegible] ১-১ কিম্বা সুপুরুষ অতি, যাহাতে মজে যুবতী, তার কোন চিহ্ন দেখি নাই।—খ, গ। ২ বিপরীতের—খ।
[illegible]হার—বং—খ, গ, ঘ। ৪ সে যে—খ, গ, ঘ। ৪-৪ ভাল চিত্র কুলে করলি চিত্রলেখা—ক।
[illegible]খা' পদ খ, গ, ঘ গ্রন্থে নাই। ৬-৭ রাধা চন্দ্র জিনি—খ, গ। ৮ ব্রজে—খ, গ, ঘ। ৯ নানা বিধানে—খ।

লোকে এক দীপ দেয় পূজার বেলা, আমরা পূজিতে কালা,
সপ্ত দীপে করেছি আলা, মনে যদি ভাব।
যে ভজনে হরি বাধ্য, ভক্তি করে নৈবেদ্য,
শুনেছি ভক্তি-প্রিয় মাধব ॥ ১৫৯
নয়ন দুটী বক্র করি, তুই এলি একটা চক্র করি,
যেমন চক্র ধরে এসে ফণী।
আমি আর কি মানি তোর চক্র ?
(ওলো !) ভেদ করেছি ষট্‌চক্র,
হৃদয়ে ধরেছি চক্রপাণি ॥ ১৬০
সামান্য পূজা যে জন করে, শ্যাম কি সদয় তার উপরে ?
ষোড়শ উপচারে, শ্যামকে দিয়েছি সমভাগে।
বস্ত্র কি হরিলেন হরি ? আমরাই বস্ত্র প্রদান করি,
ষোড়শ-উপচারে বস্ত্র লাগে ॥ ১৬১
যদি বল এই কথা, বস্ত্র দিয়ে পূজে দেবতা,
আপন বস্ত্র ত্যাগ করে কোন্ জন।
জগন্নাথকে যা দেয় নরে, তাই কি ফিরে ব্যাভার করে,
সেটা ত্যাজ্য জনমের মতন ॥ ১৬২
আবার বল্‌লি ধনবান[১], নয় গুণবান নয় জ্ঞানবান,
নয় রসবান,—ও নয় যশোবান।
ও নয় যদি কোন বান্, আমরা তবে ত পেলাম নির্ব্বাণ,
আমাদের কপাল বলবান ॥ ১৬৩

একথা জটিলে বুঝিতে পারে, কুটিলে বুঝিতে নারে,
তুমি তত্ত্ব বুঝিবে কেমনে ?
আবার বল্‌লে ডুবে মর, ডোবা অতি সু-দুষ্কর,
না ডুবিলে কি জানা যায়—হরি কি গুণযুক্ত।
শ্রীকৃষ্ণের প্রেমার্ণবে, যে না ডোবে, সেই ত ডোবে,
যে ডোবে, সে ডুবে হয় মুক্ত ॥ ১৬৪
যদি পাতালে মাণিক থাকে, না ডুবিলে কি পায় তাকে ?
ও ননদি ! পাতাল কত দূরে।
আমি একবার ডুবে দেখিব, কারো কথা না গায়ে মাখিব,
যাও যাও কলঙ্কিনী নাম রটাও গে ব্রজপুরে ॥ ১৬৫

---

[২]ঝিঁঝিট - মধ্যমান[২]

ননদিনি গো ! বলো নগরে—
ডুবেছে রাই রাজনন্দিনী, কৃষ্ণ-কলঙ্ক-সাগরে।
কাজ কি বাসে, কাজ কি বাসে,
কাজ কেবল সেই পীতবাসে,
সে থাকে যার হৃদয়-বাসে, ওলো ! সে কি বাসে বাস করে।
কাজ কি গো কুল ! কাজ কি গোকুল !
গোকুলের কুল[৩] সব হ'ক প্রতিকূল,
আমিত সঁপেছি গো কুল ! অকূল,কাণ্ডারীর করে ॥" (ঢ)

১১। নবনারী-কুঞ্জর (১)

হতমানা শ্রীরাধিকার আক্ষেপ

শ্রীরাধা জগৎকর্ত্রী, মুক্তাজন্য মুক্তিদাত্রী,
হয়ে মুক্তিদাতার নিকটে হতমান।
সখী সঙ্গে সঙ্গোপনে, বসিয়ে নিকুঞ্জ বনে,
কহিছেন সখীগণে, করিয়ে অভিমান ॥ ১
বলেন ছি ছি সই ! মুক্তার জন্য, গেল মান হলেম অমান্য,
অগণ্য হলেম ব্রজমাঝে।
ধিক্ বৃন্দে ধিক্ ধিক্ ! ভাবি যারে প্রাণাধিক,
দিলেন যাতনা প্রাণে অধিক, মরি লোক-লাজে ॥ ২

পাঠান্তর : ১ ভগবান—খ, গ, ঘ। ২-২ ভৈরবী—একতালা—খ, গ, ঘ। ৩ ব্রজকূল— ...
৪ স্তবক-বিন্যাস অন্যপ্রকার—খ, গ, ঘ গ্রন্থ। ... 'বিধ ...

কি করলেন ভগবান, সুবলের বাক্য বাণ,
শক্তিশেল সম বাণ, বিঁধিয়াছে হৃদে।
আমি ত সই! মনে-জ্ঞানে, জানে কিম্বা অজ্ঞানে,
অপরাধ করিনে পঙ্কজ-পদে॥ ৩

গেলেম তুলিবারে মুক্ত, কথা কবার নাই মুখ ত,
কাল-সম পোহাল নিশি, হরি হলেন মোর কাল।
গোকুলে গৌরব গেল, মান গেল,- রাখালগুলো
হাসিবে চিরকাল॥ ৫

একি হল দুরদৃষ্ট! কৃষ্ণ জানিলে জগতে রাষ্ট
যে কষ্ট দিয়েছেন কৃষ্ণ, স্পষ্ট জানি মনে।
বিশেষ, যেটা মন্দ কথা, গোল বই ঢেকেছে কোথা?
শত্রু,—শুত্র শুনলে প্রকাশ করে ত্রিভুবনে॥ ২

আমরা দৃষ্ট মুদে ইষ্ট-ভাবে কৃষ্ণ-সাধন করি।
হল অগ্রে রাষ্ট বস্ত্র-হরণের কথা তিন পুরী॥ ৬
অতি শীঘ্র কার্য্য যেমন যোগ-বলেতে হয়।
অতি শীঘ্র মহাদেব হন যেমন সদয়॥
অতি শীঘ্র প্রণয় যেমন সরলে সরলে।
অতি শীঘ্র যেমন পিরীত চটে খলে খলে॥
অতি শীঘ্র যেমন ধারা পশু-শিশু চলে।
অতি শীঘ্র ফল যেমন ক্ষুদ্র বৃক্ষে ফলে॥
ভুজঙ্গ দংশিলে শিরে অতি শীঘ্র মরণ।
অতি শীঘ্র রয় না, ভাঙ্গে বালির বাঁধ যেমন॥
অতি শীঘ্র অপমান বালকের নিকটে।
মন্দ কথা তেম্‌নি, সই! অতি শীঘ্র রটে॥ (অ)
কি বিবন্ধ ঘটালেন গোবিন্দ আমারে।
আর কি স্থান দিবেন হরি পদপঙ্কজোপরে॥ ১২

সুরট—তেতালা

আর হরি দিবেন কি স্থান শ্রীচরণে!
এ সব যাতনা সয় না প্রাণে,—
বিপিনে শ্রীহরি, নিলেন মান হরি,
মরি সুবলের বাক্য-বাণে॥
শুত্র শুনিলে পরে শত্রু সে কুটিলে,
কবে কথা হ'য়ে প্রতিকূলে,
কি গৌরবে রবে রাধা এ গোকুলে,—
এ জীবন সঁপি জীবনে।
জগতে প্রকাশ নামটি কৃপাসিন্ধু,
রাধার ভাগ্যফলে ফল্‌লো না এক বিন্দু,
দীন-হীনে কি গুণে বল্‌বে দীনবন্ধু,
দিনমণি-সুত-আগত দিনে॥ (ক)

শ্রীরাধিকাকে বৃন্দার প্রবোধ-দান

শুনি বৃন্দে কিঙ্করী, কহিছে মিনতি করি,
কেন প্যারি! এত অভিমান।
কর শোক সম্বরণ, আসিবেন শ্যাম-বরণ,
কি দুঃখে ত্যজিবে বল প্রাণ॥ ১৩

তুমি নও সামান্যে, বিধিপূজ্য জগৎমান্যে,
সামান্যেতে সামান্য ভাব ভাবে।
নাই তব গুণের বর্ণন-শক্তি, তুমি রাধা আদ্যাশক্তি,
মুক্তিদাত্রী ভব বলেছেন ভবে॥ ৪

যে হারায় বুদ্ধি-বলে, সেই তোমারে মন্দ বলে,
বেদে বলে তুমি ব্রহ্মরূপা।
দেখ রাই! সদানন্দ, শ্মশানেতে সদানন্দ,
ক্ষেপা যারা, তারাই বলে ক্ষেপা॥ ১৫

আর দেখ মুনি-ঋষিতে, হরি পূজে যে তুলসীতে
সে তুলসীর কুকুরে জানে কি মান।
বালকের কটু কথায়, মানি[১]-মান গিয়াছে কোথায়,
ও সব বৃথায় করা অভিমান॥ ১৬

হরি তোমার প্রেমে বাঁধা, তোমার লাগি নন্দের বাধা,
যত্নে ধারণ করেছেন শিরে।

পাঠান্তর: ১ জ্ঞানীর—খ, ঠ।

তোমার জন্য গোচারণ, তোমার জন্য গিরি-ধারণ,
করেছেন জগৎতারণ, কবাস্থলোপরে। ১৭
যারা ভবে জ্ঞান-বিভিন্ন, তারাই ভাবে ভিন্ন ভিন্ন,
ভিন্ন গুণ ভিন্ন ভিন্ন রূপ।
কিন্তু বেদের লিখন স্পষ্ট, এক আত্মা রাধাকৃষ্ণ,
যারে গোবিন্দ বিরূপ, সেই ভাবে বিরূপ। ১৮

আলিয়া—একতালা

রাধে! কে চিনিতে পারে তোমায়!
এলে গোলোক করি শূন্য, ধরায় অবতীর্ণ,
পাতকীর কুল উদ্ধারিবার জন্য,
জগৎকর্ত্রী ত্রিলোক-মান্য,
ভব মান্য করেন যায়।
রাধাকৃষ্ণ এক আত্মা বলে বেদে,
চারি ফল হয় উৎপন্ন ঐ পদে,
দৃষ্ট মুদে যে জন পদ ভাবে হৃদে,
এড়ায় শমনের দায়। (খ)

বৃন্দার প্রবোধ-বাক্যে শ্রীরাধিকার উত্তর

বৃন্দে যত স্তুতি ভাষে, শুনি রাধার নয়ন ভাসে,
কহিছেন কাতর-হৃদয়ে।
সকলি জানি বৃন্দে! করি সাধে কি নিন্দে শ্রীগোবিন্দে,
তবে কেন সই! নিরানন্দে ভাসান কালিয়ে। ১৯
দেখ সই! সদানন্দ, যে নাম সাধনে সদানন্দ,
নিরানন্দ জয় করেছেন তিনি।
প্রহ্লাদ ভ'জে ঐ চরণ, অনলে জলে হলো না মরণ,
হস্তিতলে নাস্তি মৃত্যু শুনি। ২০
পঞ্চম বৎসরের ধ্রুব শিশু, তারে দয়া করলেন আশু,
ধ্রুবলোক হলো গোলোক-উপরে।
আর সখি! শুন বলি, বন্ধন ক'রে রেখেছেন বলি,
ধন্য বলি!—ধন্য বলি তারে। ২১

ভেবে ঐ কমল পদ, ইন্দ্রের ইন্দ্রত্ব-পদ,
ব্রহ্মত্ব-পদ পেলেন কমলযোনি।
ঐ চরণ-শরণে মৃত্যুঞ্জয়, মৃত্যুকে করেছেন জয়,
যমকে করে পরাজয়, পদ ভাবেন যিনি। ২২
ভেবে ঐ যুগল চরণ, শিবের শিরে শশী রন,
অজামিল প্রভৃতি সব তরিল।
আমি ভ'জে সেই পদ, পদে পদে ঘোর বিপদ!
বিপদহারী বিপদ কৈ হরিল। ২৩

ঝিঁঝিট—মধ্যমান

প'রে অকলঙ্ক শশীর হার গলে।
কালা-কলঙ্কিনী নাম রটালে সব প্রতিকূলে।
হরি ত্রিলোক-পূজ্য জগৎমান্য,—
যে ভজে সেই ধরায় ধন্য,
হলো সেই পদে ভ'জে জঘন্য,
অগণ্য রাই—এ গোকুলে। (গ)

শ্রীরাধার শুনি অভিমান, করিয়ে অতি সম্মান,
বিনয়মানে বৃন্দে কয় কাতরে।
থাকতে দাসী কিসের অভাব, প্রকাশ কর মনের ভাব,
কি ভাব উদয় হয়েছে অন্তরে। ২৪
মলিন আস্যে প্যারী কন, বাক্য অতি সুচিকণ,
মনোবেদন কি কব তোমারে।
যাতে মায়ায় মুক্ত হন, আসিয়ে মন্মথমোহন,
সেই যুক্তি বল সখি! আমারে। ২৫
দেখ, রাখালগণ মধ্যে কেশব, অপমান করেছেন যে সব,
শব-তুল্য হয়ে রয়েছি সখি!
হলো রাষ্ট্র জগৎময়, যা করেছেন জগৎময়,
মান হারায়ে জগৎময়, অন্ধকার নিরখি। ২৬
আমায় জানে সকলে কৃষ্ণপক্ষ, কিন্তু কৃষ্ণ হ'য়ে কৃষ্ণপক্ষ,
বিপক্ষগণ হাসালেন গোকুলে।
নাই থাকতে বাঞ্ছা ধরাতলে, মান গেল সব রসাতলে,
ছি ছি সখি! ছি ছি ব'লে, লোকে পাছে বলে। ২৭

এতে, কেমনে মুখ দেখায় রাই, শত্রুপক্ষে সদা ডরাই,
আবার ভয় পাছে হারাই, শ্যাম গুণধামে।
কুটিলের বাক্য এমনি, যেন দংশন করে ফণী,
সে সব দুঃখ যায় অমনি, দাঁড়ালে শ্যামের বামে। ২৮

—

'সুরট—কাওয়ালী'

নিলে ঐকান্তে শ্রীকান্ত-চরণে স্মরণ[১]।
হয় বিপদ খর্ব্ব, সর্ব্ব দুঃখ নিবারণ,—
রিপু গর্ব্ব নাশ হবে দিব্যজ্ঞান ধারণ।
রাবণ-ভয়ে ইন্দ্র চন্দ্র, কাঁপে যোগেন্দ্র,
প্রজাপতি ফণীন্দ্র মুনীন্দ্র, শমন হুতাশন।
রক্ষা হেতু দেবতারে, হয়ে রাম অবতারে,
বধে তারে করিলেন ভূভার-হরণ।
দুঃখ গেল না, সাধন হলো না, দাশরথির তাই ভাবনা,
ভবে ভব-যন্ত্রণা-কারণ। (ঘ)

—

শ্রীকৃষ্ণের দর্প হরণ করিবার জন্য শ্রীরাধার সংকল্প

শুনে বৃন্দে বলে মরি মরি! জানি ত সব রাজকুমারি!
তুমি শ্যামের,—শ্যাম তোমারি, আছেন যুগে যুগে।
কে চিনিবে সম্বরারির ধনে, বাঞ্ছা নাই যার সাধনে,
সেই ঐ ধনে কর্ম্ম-ভোগে ভোগে। ২৯
শ্যাম নন সামান্য ধন, বিধি আদির সাধনের ধন,
পান না ক'রে আরাধন, যত ঋষি মুনি।
বেদাগমে আছে ব্যক্ত, গুণ গান পঞ্চবক্ত্র,
ভবে তাঁরা পায় মুক্ত, ভাবেন যিনি যিনি। ৩০
পুরাণে শুনেছি, রাধা! যিনি কৃষ্ণ তিনি রাধা,
আমাদের নাই মনে বাধা, নাই অন্য ভাব।
ত্রিভুবন তোমার মায়ায় মোহ, তুমি করিবে শ্যামকে মোহ,
ভেবে কিছু পাইনে মনের ভাব। ৩১

শুনে প্যারী কন সই! জানলা মর্ম্ম, হরি বটেন পরমব্রহ্ম
মর্ম্মপীড়া যে দিয়েছেন তিনি।
মুক্তবন মায়ায় ক'রে, আমায় রাখলে বন্ধন ক'রে,
হতমান কত করে, জান ত সজনি। ৩২
আজ কুঞ্জে এলে দুঃখ-হরণ, করিব মনের দুঃখ হরণ,
জ্ঞান-হরণ শ্যামের যাতে হয়।
এই বাঞ্ছা হয়েছে মনে, মায়ায় ভুলাইব রাই-রমণে,
যুক্তি কর মনে মনে, উচিত যাহা হয়। ৩৩
বটেন ত্রিজগতের দর্পহারী, তাই নিলেন মোর দর্প হরি,
দর্পহারী দর্প হারি, যাবেন রাধার কাছে।
তবে সই! ব্রজে রব, নৈলে থাকার কি গৌরব!
অগৌরব হয়ে থাকা মিছে। ৩৪

—

'খাম্বাজ—কাওয়ালী'

যদি পারি দর্পহারীর দর্প হরিতে,
তবে মিশাব দেহ হরিতে।
নৈলে ধিক্ জীবনে!—যাব জীবনে,
জীবন পরিহরিতে।
যাঁর মায়ায় মোহিত বিধি আদি মৃত্যুঞ্জয়,
যাঁর দ্বারের দ্বারী জয়-বিজয়,
তাঁরে জয় করিলে মায়ায়,
তবে হবে মনোদুঃখ নিবারিতে। (ঙ)

* * *

বৃন্দা-কর্তৃক শ্রীরাধার স্তব

শুনি হাস্য করি কহে বৃন্দে, নিবেদন ঐ পদারবিন্দে,
মায়ায় ভুলাবে শ্রীগোবিন্দে, সন্দেহ কি তার?
হরি প্রকাশ করেছেন মায়া, তুমি শক্তিরূপা মহামায়া,
বুঝিতে তোমার মায়া, সাধ্য আছে কার। ৩৫
রাই! তুমি ব্রহ্মরূপিণী, গোলোক ত্যজে গোপিনী,
যা কহিবেন আপনি, তাহা পারি করিতে।

পাঠান্তর: ১-১ বাহার—একতালা—খ, ঠ। ২ শরণ—ক। ৩-৩ আলিয়া—একতালা—খ, ঠ।

তোমার গোলোক ত্যজে ভূলোকে আসা,
ভক্তের পুরাতে আশা,
বাসা-মাত্র আয়ানের গৃহেতে। ৩৬
তুমি বীণাপাণি বাধাদিনী, জগৎকর্ত্রী জগৎবন্দিনী,
বৃকভানু-নন্দিনী,—গোকুলে।
ব্রহ্মা তোমায় ব্রহ্ম ভাবে, কখন পুরুষ প্রকৃতিভাবে,
কুটিলে ভাবে, গোপবালিকে ব'লে। ৩৭
তোমায় ভব কন স্তুতি-বাণী, আমি কি জানি স্তুতি-বাণী,
তুমি বাণী-রূপিণী জগতের।
সর্ব্বভূতে আবির্ভূতা, তোমার কান্তি অত্যদ্ভুতা,
জগৎমাতা ভার্য্যা ভূতনাথের। ৩৮
স্বর্গে তুমি মন্দাকিনী, ধরণীতে সুরধুনী,
ভোগবতী রূপে পাতালেতে।
শচীরূপা ইন্দ্রালয়ে, কালরূপিণী যমালয়ে,
ব্রহ্মাণী ব্রহ্মালয়ে, লক্ষ্মীরূপা গোলোকেতে। ৩৯
তুমি স্থল, তুমি জল, তুমি শশী, তুমি উজ্জ্বল,
শীতল তুমি অনল-রূপিণী।
অসুর নাশিতে তুমি অসিতে, ত্রেতায় তুমি রামের সীতে,
সুরশত্রু বিনাশিতে, আগমন অবনী। ৪০

---

[১]ললিত-ঝিঁঝিট—একতালা[১]

কিছু নয় অসম্ভব, তোমাতে সম্ভব,
মান্য করেন ভব, তুমি ত্রিলোক-মান্যে।
হয়ে ও পদ-অভিলাষী, শুক-নারদ উদাসী,
ব্রহ্মা অভিলাষী, আছেন নিশি দিনে॥
ও গুণ-বর্ণনে অশক্ত হন পঞ্চবক্ত্
লেখা বেদাগমে, আছে রাধাতন্ত্রে ব্যক্ত,
নিলে চরণে শরণ, জীবে ভবে মুক্তি পায় গো,—
হরি,—নরহরি ব্রজে তোমারি জন্যে। (চ)

নবনারী-কুঞ্জর-রূপ ধারণ

বৃন্দের শুনি স্তুতি-বাণী, তুষ্ট রাধা বিনোদিনী,
কহিছেন বৃন্দেরে হাসিয়ে।
মনে মনে করেছি যুক্তি, ভয় হয় করিতে উক্তি,
যাতে মুক্তিদাতা মোহ হন আসিয়ে। ৪১
সুসজ্জা সব আছে বাসর, আসিবেন ব্রজেশ্বর,
আমরা কিন্তু রব না এখানে।
এর পরামর্শ বলি, সখি! আছ তোমরা অষ্ট সখী,
যুটে আমরা মিলিয়ে নয় জনে। ৪২
হব নব-নারী এক দেহ, ধরিব কুঞ্জরী-দেহ,
দেহ তোমরা দেহ, সখি! ত্বরায়।
যা বলি তায় মন দেহ, কিছু করো না সন্দেহ,
ভুলাইব শ্যাম দেহ, রজনী ব'য়ে যায়। ৪৩
তখন যুক্তি করি নব-নারী, হলেন করী নবনারী,
বুঝিতে নারি, কেমন নারী রাধা।
তা নৈলে কেন গোলোকের হরি, ব্রজে হন নরহরি,
ঐ রাধার জন্যে হরি, লন শিরে নন্দের বাধা। ৪৪

* * *

নবনারী-কুঞ্জর-দর্শনে দেবদেবীগণের আগমন

হেথায় শুন বিবরণ, করীরূপ করি ধারণ,
কুঞ্জে রন্ কুঞ্জরগামিনী।
করিতে আশ্চর্য্য দরশন, যান ব্রহ্মা করি হংসাসন,
করি যান বৃষাসন, ঈশান ঈশানী। ৪৫
যান দেবতা তাবৎ, ইন্দ্র চড়ি ঐরাবৎ,
অজাসনে দরশনে যান অগ্নি।
চন্দ্র যান সাজিয়ে ত্বরা, সঙ্গে সাতাশ ভার্য্যে তারা,
আনন্দেতে যান্ তারা, সাজিয়ে সাতাশ ভগ্নী। ৪৬
দেখে অগ্নি হয়েছেন ঐরাবৎ, নিন্দি ইন্দ্র-ঐরাবৎ,
সূর্য্য-চন্দ্র যাবৎ, উৎপত্তি আর নয়।

পাঠান্তর: ১-১ জয়জয়ন্তী—ঝাঁপতাল—খ, ঠ, ড।

নৈলে ঐ রাধার চরণ, করিয়ে সাধন,
প্রাপ্ত হন না সব তপোধন, সামান্তে সামান্তে ভাবে,—
যাঁর বেদে নাই নির্ণয়। ৪৭

---

[1]ললিত বিভাস – ঝাঁপতাল[1]

কিবা নিকুঞ্জে কুঞ্জর-গামিনী, কুঞ্জরী হইয়ে ভ্রমে।
মন্মথমোহন-মনোমোহিনী মোহ করিবারে শ্যামে।
যাঁর মায়ার প্রভাবে জীবে, মহীতে মোহিত হয়ে,
ভ্রমণ করিছে সদা অসার সংসার সার[2] ভাবিয়ে,—
ভাবনা না করে ভবে কি হবে চরমে!
দাশরথি কহিছে খেদে আমি কি পাব দরশন,
শ্মশান-ভবনে ভেবে, যে রাধার ভব পান না অন্বেষণ,
যে রাধার মায়ায় গোলোক পরিহরি হরি ব্রজধামে। (ছ)

কুঞ্জে রাই-অদর্শনে শ্রীকৃষ্ণের ব্যাকুলতা

নিশি গত এক প্রহর, হর-বাণীর মনোহর,
সাজিয়ে মূর্ত্তি মনোহর, কুঞ্জে উদয় হ'য়ে।
দেখিছেন ব্রজেশ্বর, রাধা নাই—শূন্য বাসর,
রাই-বিরহ-বিচ্ছেদ-শর, বাজিল হৃদয়ে। ৪৮
দেখেন, স্থিরচিত্তে দাঁড়ায়ে কেশব, কোথা গেল সখী সব,
সুসজ্জা করিয়ে সব, রাখিয়ে কোথা গেল।
বৃকভানু-নন্দিনী, কোথা সে আমার বিনোদিনী,
সে চন্দ্রবদনী, কোথা লুকাল। ৪৯
ভবনদীর কর্ণধার, বেড়ান কুঞ্জের চারি ধার,
শ্রীরাধার না পেয়ে সন্ধান।
পান না পথ নিরখিতে, ঘন ঘন জল আঁখিতে,
গুধান যারে পান দেখিতে, ভবের প্রধান। ৫০
রাধানাথ রাধা ভিন্ন, ভ্রমণ করেন জ্ঞান-ভিন্ন[3],
দশদিক শূন্যময় হেরি।

চঞ্চল চিত্ত স্থির নাই, বৃক্ষগণে শুধান কানাই,
বল রে বৃক্ষ! তোদের জানাই, কোথা গেল কিশোরী। ৫১
আবার দেখেন শুক শারী, আছে ব'সে সারি সারি,
হরি কন,—শুক শারি! তোরা ত আছিস্ বনে।
বল রে আমায় সত্য কথা, রাই মোর লুকাল কোথা,
সখীগণ গেল কোথা, দেখেছ নয়নে। ৫২
ওরে কোকিল! ওরে ভ্রমর! রাই কোথা গেল মোর,
কিসের গুমর, ডাকিলে কথা কও না!
বুঝি হ'য়ে সকলে এক-যোগ, ঘটালে আমার দুর্যোগ,
রাধা-শ্যামে যোগাযোগ, আর বুঝি হবে না। ৫৩

আলিয়া[4]—একতালা

তোরা বল্ আমায়, ভ্রমর!
কুঞ্জ ছেড়ে রাই আমার কোথা লুকাল।
কোথা গেল সখীগণে, হৃদয়-গগনে,
রাধা-শশী বিনে মসিময় হইল।
আমি ভবে নই কারি, হই রাধার আজ্ঞাকারী,
রাই বিনে ব্রজে কি আছে বল্,—
আমার জীবন রাধা,
যে রাধার কারণে বৈলাম নন্দের বাধা,
বুঝি হরির জীবন বনে হরিতে হরিল। (জ)

শ্রীকৃষ্ণ-কর্ত্তৃক রাধার অন্বেষণ

তখন না পেয়ে কারো উত্তর মুখে, চলিলেন উত্তর মুখে,
রাধা নাম সাধা মুখে, চক্ষে শতধার।
জ্ঞানশূন্য হলো শরীর, না পেয়ে দেখা কিশোরীর,
শুনি রব কেশরীর, ভবকর্ণধার। ৫৪
অমনি করেন শ্রীহরি, কানন-মধ্যে শ্রীহরি,
বলেন ঐ আমার জীবন হরি, হরি যায় পলায়ে।

পাঠান্তর: ১-১ পরজ—একতালা—খ, ঠ, ড। ২ 'সার' কথাটি খ, ড গ্রন্থে নাই। ৩ জ্ঞান বিভিন্ন—ঠ। ৪ মুলতান—খ, ঠ।

যান দ্রুতগমনে ব্রজরাজ, বনমধ্যে যথা বিরাজ,
করিছে বসি পশুরাজ, সম্মুখেতে গিয়ে। ৫৫

দাঁড়াইলেন বিশ্বরূপ, মৃগেন্দ্র দেখে অপরূপ,
বলে, ওহে বিশ্বরূপ! দাসেরে ক'রে দয়া।
দিলে দরশন—তরিলাম, জনম সফল করিলাম,
অসাধনে পেয়ে গেলাম, সফল করিলাম কায়া। ৫৬

শুনে হরি কন, হে কেশরি! দেখেছ আমার কিশোরী?
সঙ্গে অষ্ট-সহচরী, ক্রুরে ছিল তারা।
শুনিয়ে কহিছে হরি, রাইকে তোমার দেখিনে হরি!
দেখ গিয়ে হে শ্রীহরি! নিকুঞ্জে আছেন তারা। ৫৭

একি দেখি বিপদ ভারি, কনক-আঁখিতে বহে বারি,
তোমার চরণ ভাবিলে যায় সবারি, নয়নের বারি দূরে।
কি জন্যে হলে বিস্মৃতি, রাধা,—লক্ষ্মী সরস্বতী,
ব'লে সিংহ করে স্তুতি, দেব-দামোদরে। ৫৮

হে কৃষ্ণ করুণাময়! ব্যাপ্ত গুণ জগৎময়,
ব্রহ্মময় তুমি পরম ব্রহ্ম।
সত্য নিত্য নিরঞ্জন, দরিদ্রের দুঃখ-ভঞ্জন,
জ্ঞানীরে দাও জ্ঞানাঞ্জন, যে করেছে সৎকর্ম। ৫৯

তুমি সত্ত্ব রজঃ তম, মধ্যম অধম উত্তম,
স্বর্গ মর্ত্ত্য পাতাল তম, যাগ যজ্ঞ কর্ম। ৬০

স্থাবর জঙ্গম জল, তুমি শীতল, তুমি উজ্জ্বল,
তুমি পুরুষ, তুমি হে প্রকৃতি।
তুমি উচ্চ, তুমি খর্ব্ব, তুমি স্তুতি, তুমি গর্ব্ব,
গর্ব্বহারী তুমি কৃতি অকৃতি। ৬১

সত্য তব দুঃখ-ভঞ্জন, শমন-ভয়ভঞ্জন,
জ্ঞানাঞ্জন দাও, যে জন বিজনে ভজে।
সদা দৃষ্ট মুদে থাকে তারা, তাইতে চরণ পায় তা'রা,
তারানাথের নয়ন-তারা, বাঁধে হৃদসরোজে। ৬২

—

আলিয়া[১] – একতালা

দুঃখ হরি হরি! হের কৃপানেত্রে।
ভ্রমণ কুকর্ম্মে,—সর্ব্বত্রে, যদি না ক'রে সাধন,
ও-ধন হেরিলাম নেত্রে।
তুমি জ্যোতির্ম্ময় পরম-ব্রহ্ম, জ্ঞান নাই মোর ধর্ম্মাধর্ম্ম,
পশু-জন্ম নিলাম কর্ম্ম-ক্ষেত্রে।
তুমি হে ত্রিলোক-পবিত্র! ভ'জে তোমায় হন পবিত্র,—
তাই, গুরুপ মুদিয়ে ত্রিনেত্র,—
ভুজঙ্গ-শিরে, পদ প্রদান করে,
তবে, পবিত্র কর হে!—চরণ দিয়ে অপবিত্রে। (ঝ)

—

নবনারী-কুঞ্জরে আরোহণ ও যুগল-মিলন

তখন তুষ্ট হয়ে পীতাম্বর, কেশরীরে দিয়ে বর,
রাধার শোকে কলেবর, দগ্ধ হ'য়ে যায়।
তথা হৈতে করেন গমন, শমন-দমন-দমন,
নানা বন করেন ভ্রমণ, না দেখেন রাধায়। ৬৩
কেবল 'রাধা রাধা' রব মুখে, দেখেন করী সম্মুখে,
ভজেন যাঁরে করিমুখে, তিনি করী সম্মুখে গিয়ে।
ভাবেন,—উপায় কি করি! করীকে জিজ্ঞাসা করি;
শূন্যমার্গে ভর করি, দেবগণে বসিয়ে। ৬৪
বলেন, ওহে বিশ্বপতি! কেন হয়েছ বিস্মৃতি,
ব্রজে বসতি হ'য়ে, কি এমন হলে?
শুন হে মন্মথ-মোহন! কুঞ্জরী হও আরোহণ,
পাবে রাধা, রাধারমণ! সখীগণে সকলে। ৬৫
যে হরির ভার্য্যা বাণী, তিনি শুনি গগনে দৈববাণী,
ভবানীপূজ্য উঠেন অমনি, কুঞ্জরী উপরে।
পরাৎপরে পৃষ্ঠে করি, বনে ভ্রমণ করে করী,
পলায় সকলে হাস্য করি, হরি পড়েন ধরাপরে। ৬৬
হলেন লজ্জিত পীতবাস, দেখে, দেবতারা যান নিজ বাস,
বদনেতে দিয়ে বাস, বৃন্দে আদি সখী।

পাঠান্তর: ১ খাম্বাজ—খ. ঠ।

আসি কয় পরাৎপরে, কেন হে পতিত ধরা-পরে!
অভিমান কা'র উপরে, করেছ কমল-আঁখি। ৬৭
আঁখি দু'টী ছল ছল, মন হয়েছে চঞ্চল,
চল কুঞ্জে চল চল, ওহে অচলধারি!
ভার্য্যা যাঁর দেবী বাণী, পূজা যাঁরে করেন ভবানী,
বৃন্দে করি স্তুতি-বাণী, সেই হরির করে ধরি। ৬৮
লয়ে গিয়ে বাসরে, বসায় ভুবনেশ্বরে,
মিলন কিশোরী-কিশোরে, হইল কুঞ্জবনে।
রাধায় বামে ল'য়ে বসেন শ্রীহরি, গেল উভয়ের দুঃখ হরি,
মঙ্গল-ধ্বনি—হরি হরি, করে সখীগণে। ৬৯

—

ললিত—একতালা

কি শোভা হইল কুঞ্জে রাধাশ্যামে।
নীল-গিরি যেন জড়িত হেমে।

চরণ-নখরে, হেরে সুধাকরে,—
চকোরী চকোরে ভ্রমিতেছে ভ্রমে,—
দাস দাশরথি—দুঃখে নয়ন গলে,
ঐ পদ-যুগলে, পাব কি চরমে। (ঞ)

—

১২। নবনারী-কুঞ্জর (২)

শুন ভাই বিচক্ষণ! শ্রীকৃষ্ণের উপাখ্যান,
ব্রজের অপূর্ব্ব লীলা,—[১]কিঞ্চিৎ বর্ণনা করিতেছি[১]।

—

নবনারী-কুঞ্জর-মূর্ত্তি

এক দিন সখীসহ শ্রীমতী রাধায়।
মন্ত্রণা করিল সবে বসিয়া কুঞ্জায়। ১
হরিকে ভুলাব অদ্য করি-রূপ হয়্যা।
দেখি, কৃষ্ণ কি করেন কুঞ্জায় আসিয়া। ২
প্রথমেতে নটবরে দেখা নাহি দিব।
প্রকার-প্রবন্ধে সবে সম্মুখে রহিব। ৩
তোমরা ত অষ্ট সখী, আমি এক জন।
নয় জনে একত্রেতে হইব মিলন। ৪
নব নারী মিলে হব অপূর্ব্ব কুঞ্জর।
কুঞ্জর রূপেতে রব কুঞ্জের ভিতর। ৫

করি-রূপে প্রাণকান্তে পৃষ্ঠেতে করিয়া।
ব্রজের বিপিন মাঝে বেড়াব ভ্রমিয়া। ৬
শুনি রাধায় অনুমতি দিল সর্ব্বজন।
নব নারী-কুঞ্জর-রূপ করয়ে রচন[২]। ৭

আড়ানা বাহার[৩]—আড়া

সাজ সাজ ওগো সখীগণ!
নব-নারী-করি-রূপে ভুলাব মদন-মোহন!
প্রথমে না দেখা দিব, গুপ্ত ভাবে রহিব,
শ্যামচাঁদে কাঁদাব, করিয়া মোরা ছলন।
চতুরের শিরোমণি, আমাদের চিন্তামণি,
দেখি কি করেন আপনি, সেই শ্রীযদুনন্দন। (ক)

—

তবে রঙ্গে সখী সঙ্গে মিলিয়া শ্রীমতী।
হইলা নিকুঞ্জে এক অপূর্ব্ব মূরতি। ৮

পাঠান্তর: ১-১ কিঞ্চিৎ বর্ণন—ঙ। ২ ধারণ—ঙ। ৩ বিভাস—ঙ।

আত্মা শক্তিময়ী রাধা শক্তি বিস্তারিল।
বৃন্দাদি চারি সখী উঠিয়া দাণ্ডাইল॥ ৯
দুই দুই সখী তবে হইয়া মিলিত।
দুই দিগে দাণ্ডাইল হয়ে ভাগ-মত॥ ১০
উভয় উভয় পদ একত্র করিয়া।
নীলাম্বরী শাড়ী, প্যারী দিলেন ঢাকিয়া॥ ১১
এমন ভঙ্গীতে সখী রাখিলেন পদ।
অভিন্ন হইল যেন, কুঞ্জরের পদ॥ ১২
কক্ষস্থলে রাখিল পদের যোগাসন।
মাথা উচ্চ হইল কিঞ্চিৎ তখন॥ ১৩
তিন জনা সমভাগে এমনি রহিল।
মাতঙ্গের বক্ষ-দেশ ক্রমে জানাইল॥ ১৪
পরেতে শুনহ এক আশ্চর্য কথন।
সম্মুখ ভাগেতে সখী ছিল যেই জন॥ ১৫
তাহার মস্তকেতে উঠিল এক ধনী।
মাথামাথি করি দোঁহে রহিল অমনি॥ ১৬
করীর সমান মুণ্ড, মুণ্ডেতে করিয়া।
শুণ্ড-হেতু বাম পদ দিল ঝুলাইয়া॥ ১৭
দক্ষিণের জানু সেই সখী বক্ষে থুয়ে।
রাখিল দক্ষিণপদ বঙ্কিম করিয়ে॥ ১৮
মাতঙ্গ-বদন সম হইল তাহাতে।
তবে ত সম্মুখ-সখী ভাবিল মনেতে॥ ১৯
আর এক বিনোদিনী বাড়ায়ে দুই হাত।
অভিন্ন হইল দুই কুঞ্জরের দাঁত॥ ২০
পাশাপাশি করি চক্ষু রাগে সুমিলনে।
হস্তিনীর চক্ষু সম দেখায় নয়নে॥ ২১
কর্ণের কারণে তবে মনেতে ভাবিয়া।
নীলাম্বরী অঞ্চল দিলেক ঘুরাইয়া॥ ২২
দুই পাশে হেন ভাব হইল তাহাতে।
কবরী কর্ণের সম লাগিল ঝুলিতে॥ ২৩
তবে রাধা বিনোদিনী উঠিয়া তখন।
সহচরী-স্কন্ধে মাথে করিল শয়ন॥ ২৪
এমনি বঙ্কিম হৈয়া রহিল তথায়।
কুঞ্জরের পৃষ্ঠ সম হইল তাহায়॥ ২৫
তবে ধনী নিজ বেণী এলাইয়া দিল।
করিবর-পুচ্ছ সম দেখাতে লাগিল॥ ২৬
অঙ্গের উজ্জ্বল আভা লুকাইবার তরে।
সকল সখীর অঙ্গ ঢাকে নীলাম্বরে॥ ২৭
হইল অপূর্ব্ব করী, সুন্দর আকার।
তুলনা কি দিব তার, অতি চমৎকার॥ ২৮

ললিত—আড়া

কুঞ্জের ভিতরে আসি যত সখীগণ।
নবনারী-কুঞ্জর-রূপে দাণ্ডায় সর্ব্বজন॥
অবয়ব করি-প্রায়, হৈল সব সখীচয়,
কিবা মরি হায় হায়! কি দিব তার তুলন।
অঙ্গ যেন মেঘবর্ণ, লম্বিত হৈল দুই কর্ণ,
দাণ্ডাইল দুই জন, হৈল করীর চরণ॥
করি-পৃষ্ঠ-দেহ সম, হৈল রাধা ততক্ষণ,
দাশরথি-বিরচন, দেখে যত দেবগণ॥ (খ)

* * *

কুঞ্জবনে শ্রীকৃষ্ণের নারী-কুঞ্জর-দর্শন

হেথায়, ধরিয়ে মোহন বেশ গোপীকার পতি।
চলিলেন কুঞ্জবনে মৃদু মন্দ গতি॥ ২৯
রজনী হইল ঘোরা, করে ঝিল্লিরব।
কোন দিকে মনুষ্যের নাহি শুনি রব॥ ৩০
আকাশে উদয় মেঘ, গভীর গর্জ্জন।
বিন্দু বিন্দু হইতেছে বারি বরিষণ॥ ৩১
ঘোরতর অন্ধকার দৃষ্টি নাহি চলে।
গগনেতে ক্ষণে ক্ষণে, সৌদামিনী খেলে॥ ৩২
তাহাতে কেবল মাত্র পথ দেখা যায়।
অনুসারে[১] কৃষ্ণচন্দ্র চলিল ত্বরায়॥ ৩৩

পাঠান্তর: ১ অনুসারি—ঙ।

পথেতে যাইতে কত আছয়ে উৎপাত।
তাহাতে কমলাকান্ত না করে দৃষ্টিপাত ॥ ৩৪
এইরূপে রাধা-কান্ত করয়ে গমন।
ছয় দণ্ডে উত্তরিল নিকুঞ্জ কানন ॥ ৩৫
কুঞ্জে হৈয়া উপনীত, বংশীধারী ত্বরান্বিত,
অন্বেষণ করে সখীগণ।
বিপিন অরণ্যাদি, যত কুঞ্জের অবধি,
ভ্রমণ করয়ে স্থানে স্থান ॥ ৩৬
কোথাও না অন্বেষণ, পাইলেন গোপীগণ,
ভাবিতে লাগিলা নারায়ণ।
কি করিব কোথা যাব! কোথা গেলে প্যারী পাব!
এইরূপ ভাবিছে তখন ॥ ৩৭
হিংস্রক আছে স্থানে স্থান, তারা বা বধেছে প্রাণ!
কিম্বা কি ডুবেছে যমুনায়!
সাত-পাঁচ ভাবেন হরি, চাহে পুনঃ পুনঃ ফিরি,
যদি আইসে হেনই সময় ॥ ৩৮
হেনকালে সখীগণ, করি-রূপে আগমন,
আসি তথা হৈল উপনীত।
দেহ পর্ব্বত-প্রমাণ, শুণ্ড নাড়ে ঘনে ঘন,
দেখি কৃষ্ণ মনে হৈল ভীত ॥ ৩৯
মনে মনে কবেন হরি, এই বেটা দুষ্ট করী,
খাইয়াছে কমলিনী মোর।
কুমুদ করিয়া জ্ঞান, কুমুদিনী-সহ পান,
করিয়াছে সন্দ নাই তার ॥ ৪০
এত বলি ক্রোধভরে, চলিলেন মারিবারে,
দেখি গোপীগণে সবে হাসে।
নারী বধে নাহি ভয়, শুন ওহে দয়াময়!
কি দোষেতে আসিছ বিনাশে ॥ ৪১
নিজে ত রাখাল হও, কত যেন ভাবে রও,
নাহি তব ধর্ম্মাধর্ম্ম জ্ঞান!
ধেনু নিয়ে চরাও বনে, যতেক রাখাল সনে,
ধর্ম্মাধর্ম্ম কি জান সন্ধান ॥ ৪২
বেড়াও বৃক্ষ-মূলে মূলে, গৃহে যাও সন্ধ্যাকালে,
ভোজন করি করহ শয়ন।
এই কর্ম্ম তোমার প্রতি, ভার দিয়েছে গোপপতি,
ধিক্ ধিক্ ওহে নারায়ণ ॥ ৪৩
ধিক্ তব নয়নেতে, আমাদের না পার চিনতে
নারী হইতে ভয় পাইলে, হরি!
বর্ণনা করিব কত, ক্রন্দন করিলে যত,
আই আই! যাই বলিহারি ॥ ৪৪
অতএব শুন নাথ! তোমা হৈতে গোপীনাথ[১]!
অদ্যাবধি আমরা বড় হৈনু।
শুনিয়া বৃন্দার কথা, হৃদয়ে পাইয়া ব্যথা,
ছল-ক্রমে কহিতেছে কানু ॥ ৪৫
আমরা পুরুষ আদি করি, স্ত্রীলোকের কাছে হারি,
হারি মানিলাম, বিনোদিনি!
নাহি হান বাক্য-বাণ, শুন সব সখীগণ!
ক্ষান্ত হয়ে সব, গৃহে যাও ধনি ॥ ৪৬

টোরী[২]—ঠুংরি

আর বারে বারে ভর্ৎস কেন মোরে।
শুন গোপীগণ! আমার বচন,
নারী কাছে হারি আছে ত্রিসংসারে।
তোমরা ত অবলা, তাহে কুল-বালা,
কাঁদিলাম তাই করিবারে ছলা,
কেন আর মিছে করহ উতলা,
যাহ এখন সবে নিজ নিজ ঘরে।
একে ত রজনী, তাহে তমোময়,
কেমনেতে আছ, নাহি কিছু ভয়,
ধন্য তোমাদের পাষাণ হৃদয়,
এই রূপে হরি কহে সবাকারে ॥ (গ)

পাঠান্তর: ১ গোপী যত—৫ ২ ললিত—৫

নবনারী-কুঞ্জর-পৃষ্ঠে শ্রীকৃষ্ণের আরোহণ

তখন গোপীগণে কহে কথা, করিয়া বিনয়।
একবার করি-পৃষ্ঠে উঠ, দয়াময়। ৪৭
গোপীগণ বাক্য কৃষ্ণ লংঘিতে নারিয়া।
উঠিলেন কুঞ্জরেতে হরষিত হইয়া। ৪৮

* * *

করি-পৃষ্ঠে শ্রীহরির কেমন শোভা, তাহা শুন—
যেমন ঐরাবত-পৃষ্ঠোপরে শোভে সুরপতি।
করি-অরি-পৃষ্ঠোপরে শোভে ভগবতী॥
শূলপাণি শোভা পায়, বৃষের পৃষ্ঠেতে।
চতুর্ম্মুখ শোভা পায়, মরাল-পৃষ্ঠেতে॥
যেমন কার্ত্তিকের শোভা, ময়ূর-আরোহণ হৈলে।
ষষ্ঠীদেবী শোভা পায়, বিড়াল পরে রৈলে॥
নারদের শোভা হয়, ঢেঁকি-আরোহণে॥
মূষিকের শোভা করে হরের নন্দনে।
পবনের শোভা পায় অজের পরেতে।
তেম্নি শোভা কৃষ্ণচন্দ্র, দেখে সকলেতে। (অ)

শ্রীকৃষ্ণের নিকট শ্রীরাধিকার মনোদুঃখ-বর্ণন

তখন করি-পৃষ্ঠে আরোহিয়া ভাবেন শ্রীহরি।
নবনারী-কুঞ্জর-মধ্যে নাহি দেখি প্যারী। ৫৪
ইহার বিশেষ কিছু, ভাবিয়া না পাই।
এইরূপ মনে মনে করেন কানাই। ৫৫
এত ভাবি রাধানাথ এক দৃষ্টে চান।
কিশোরীর কমলাক্ষি দেখিবারে পান। ৫৬
তবে কৃষ্ণ নাম্বিলেন অতি শীঘ্রতর।
আসিয়া ধরিল হরি, শ্রীমতীর কর। ৫৭
তবে রাধা সখীগণে ইঙ্গিতে কহিল।
ভিন্ন ভিন্ন হৈয়া তারা ক্রমে দাঁড়াইল। ৫৮
ঘুচিল কুঞ্জর-রূপ, হৈল নবনারী।
দেখি ধন্য ধন্য করেন আপনি শ্রীহরি। ৫৯
হস্তে ধরি কিশোরীরে কহে বংশীধারী।
আমি তব অনুগত, শুন শুন প্যারি। ৬০

* * *

কেমন অনুগত, তাহা শুন—
যেমন প্রজাগণে অনুগত, রাজার অগ্রেতে।
করী অনুগত হয় মাহুতের কাছেতে॥
বালকেরা শিক্ষা-গুরুর কাছে অনুগত।
রোজার কাছে ভূতে যেমন, হয় অনুগত॥
সিংহের আশ্রিত যেমন যত পশুগণ।
সতী সাধ্বে স্ত্রী যেমন পতির ভাজন॥
রাবণ যেমন অনুগত বালি রাজার ছিল।
রণে হারি মৈত্র করি শরণ লইল॥
তেম্নি আমরা অনুগত আছি ত তোমার।
কি করিব আজ্ঞা মোরে কহ সারোদ্ধার। (আ)

বাহারাদি জংলা—খেমটা

আমি তব আশ্রিত প্যারি!
যাহা মোরে আজ্ঞা কর, তাইত আমি করি।
তব নাম চূড়াপরে, রাখিয়াছি যত্ন ক'রে
ঐ নাম বংশী ধ'রে, গাই দিবস-শর্ব্বরী॥
শুন রাধা রসময়ি! তোমা ছাড়া আমি নই,
যথায় তথায় ঐ নাম গান করি;
দাসখত লিখে দিয়ে, কোটালি করিলাম গিয়ে,
তোমার তরে যোগী হ'য়ে কুঞ্জদ্বারে ফিরি। (ঘ)

১৩। কলঙ্ক-ভঞ্জন (১)

শ্রীহরির নিকট শ্রীরাধিকার অভিমান

শুন শুন রমানাথ! করি নিবেদন।
বারে বারে মোরে কেন, কর জ্বালাতন ॥ ১
আমি কলঙ্কিনী হইয়াছি ত্রিসংসারে।
কি কহিব কথা, নাথ! কইতে লাজ করে ॥ ২
কৃষ্ণ-কলঙ্কিনী সবে রাখিয়াছে নাম।
ইহার বিহিত যদি কর ঘনশ্যাম ॥ ৩
শুনি কৃষ্ণ কহে কিশোরীরে, কেন আর বারে বারে,
মিনতি কর হে বিনোদিনি ॥ ৪
আছি আমি আজ্ঞাকারী, তব শ্রীচরণে পড়ি,
শুন শুন শুন কমলিনি ॥ ৫
তব নাম চূড়োপরে, রাখিয়াছি যত্ন ক'রে,
তব নাম বংশী-স্বরে গাই।
দাস-খত লিখে দিয়া, কোটালি করিলাম গিয়া,
তবু তব অন্ত নাহি পাই ॥ ৬

* * *

শ্রীকৃষ্ণের কপট মূর্চ্ছা

গৃহে আসি হৃষীকেশ, কপট করিয়া।
যশোদারে কহে বাণী, কাঁদিয়া কাঁদিয়া ॥ ৭
ক্ষুধাতে জ্বলিছে প্রাণ, শুনগো জননি!
মোরে কিছু দেহ মা! খাইতে ছানা ননী ॥ ৮
যশোদার অঞ্চলে নবনী বাঁধা ছিল।
অঞ্চল হইতে খুলে গোপালেরে দিল ॥ ৯
ভক্ষণ করিয়া কৃষ্ণ, আনন্দিত মন।
সুখশয্যোপরে গিয়া করিল শয়ন ॥ ১০
প্যারীর কলঙ্ক কিসে ঘুচাইব আমি।
এইরূপ মনে মনে ভাবেন চিন্তামণি ॥ ১১
কৃষ্ণের অপূর্ব্ব লীলা কে বুঝিতে পারে।
কপটেতে মূর্চ্ছা হইল শয্যার উপরে ॥ ১২
দেখিতে দেখিতে ভানু প্রকাশ হইল।
গোপ-বালকেতে আসি ডাকিতে লাগিল[১] ॥ ১৩
গোষ্ঠের বেলা হইয়াছে উঠ রে কানাই!
কত বেলা হইয়াছে, দেখ-দেখি ভাই ॥ ১৪
তখন একে একে সবে না পায় উত্তর।
দেখিয়া সকলে হৈল বিস্ময়-অন্তর ॥ ১৫
কেহ বলে, কৃষ্ণের কালি হইয়াছে শ্রম।
সেই জন্য এত বেলায় না ভাঙ্গিল ঘুম ॥ ১৬
এইরূপে সকলেতে কহে জনে জন।
বলাই কহিছে পরে, শুন সর্ব্বজন ॥ ১৭
শিঙ্গা-রবে ডাকি আমি দেখ দেখি সবে।
এখনি উঠিবে কৃষ্ণ, মম শিঙ্গা-রবে ॥ ১৮

ললিত[২]—আড়া

উঠ উঠ উঠ রে কানাই!
গো-চরণে বেলা হ'ল, উঠ রে ত্বরায় যাই।
যত সব রাখালগণ, দাণ্ডাইয়া সর্ব্বজন,
তব অপেক্ষা-কারণ, দেখ রে প্রাণের ভাই!
ধেনু-বৎস হাম্বা-রবে, কৃষ্ণ! ডাকিছে তোরে সবে,
কেন আছ মৌন-ভাবে, কিছু বুঝিতে পারি নাই। (ক)

এত বলি বলভদ্র শিঙ্গা করে ধরি।
ডাকিছেন, ওরে কানাই! উঠ ত্বরা করি ॥ ১৯
শিঙ্গা-রবে ডাকে যত, না পায় উত্তর।
দেখি বালকেতে যত কহে পরস্পর ॥ ২০

পাঠান্তর: ১ আইল—গু। ২ বিভাস—গু।

না উঠিল যদি কৃষ্ণ, বলায়ের শিঙ্গারবে।
আমাদের প্রতি অভিমান করিয়াছে তবে ॥ ২১
চল সবে, যশোদা মায়েরে জানাই।
যশোদা জননী আইলে উঠিবে কানাই ॥ ২২
এই কথা বলিয়া সবে করিল গমন।
শুন গো যশোদা রাণি! করি নিবেদন ॥ ২৩

*   *   *

যশোদার নিকট কৃষ্ণের মূর্চ্ছার সংবাদ

শুন মা যশোদা রাণি! তোমার নীলকান্তমণি।
শয্যাতে করেন শয়ন, আছে কৃষ্ণ অচেতন,
ডাকি মোরা সর্ব্বজন, উত্তর না পাই, গো জননি! ॥ ২৪
[১]নিদ্রাতে দিয়াছে মন, বুঝি হইয়াছে শ্রম,
সে নিমিত্তে ঘনশ্যাম, উত্তর না দিল কপট করি।
মনে মোরা ভাবিলাম—ত্বরা করি, নাহি সহে দেরি,
গোষ্ঠের বেলা হইল, সকলে আইল, কৃষ্ণের আশা করি[১]॥২৫

আমাদের কৃষ্ণের আশা কেমন—

যেমন চাতকের আশা বারি পানে।
বকের আশা মৎস্য পানে।
ভিক্ষুক আশা করে ধনে।
গোরুর আশা তৃণ পানে।
পোয়াতী যেমন আশা করে পুত্রের কারণে।
তেমনি আশা করি আমরা, কৃষ্ণধন পানে। (অ)

তখন গোপ-বালক সঙ্গে করি নন্দের গৃহিণী।
শয্যাপরে অচেতন, যথা আছে কৃষ্ণধন,
উপনীত তথায় আপনি। ২৯
ডাকে রাণী উচ্চৈঃস্বরে উঠ বাছাধন!
উত্তর না দেহ কেন, দেখি প্রায় অচেতন,
শীঘ্রগতি যাহ গোচারণ ॥ ৩০

হাঁরে হাঁরে! ডাকি রাণী না পায় উত্তর।
গোপাল বলিয়া রাণী কাঁদে উচ্চৈঃস্বর ॥ ৩১

মঙ্গল—আড়া

গোপাল কেন অচেতন হলো।
দেখ না রোহিণী দিদি! কি আপদ ঘটিল।
উঠ উঠ নীলমণি! খাও আসিয়া ছেনা ননী,
মা ব'লে ডাক রে তুমি, প্রাণ হউক শীতল।
বাছা! গগনে না উঠিতে ভানু, ক্ষুধায় চঞ্চল হ'ত তনু,
এখন কেন রে কানু! অচেতন হইল।
বাছা! অন্য দিন প্রভাত হলে, গোষ্ঠে যেতে আমায় ব'লে,
আজ কেন এমন হলে, হৃদি মোর ফেটে গেল ॥ (খ)

শ্রীকৃষ্ণের কপট-নিদ্রা ভঙ্গের জন্য মুষ্টিযোগ

গ্রামবাসী গোপীগণে আসি সবে কয়।
কি জন্যেতে কাঁদ রাণি! কহ কি নিশ্চয় ॥ ৩২
যশোদা কহেন, মাগো! কি কহিব আর।
প্রাণকৃষ্ণ অচেতন দেখ গো আমার ॥ ৩৩
দেখি গোপীগণে সবে কহিছেন কথা।
শুন গো যশোদা রাণি! বলি এক কথা ॥ ৩৪
কেহ বলে, ডাইনে দৃষ্টি দিয়াছে কৃষ্ণধনে।
চিকিৎসা কর, ভাল হবে, চিন্তা তার কেনে ॥ ৩৫
এইরূপে সর্ব্বজনা বলাবলি করে।
হেনকালে বড়াই আইল ব্রজপুরে ॥ ৩৬
শোক-সাগরেতে মগ্ন যত গোপীগণ।
যশোদা রোহিণী আদি করয়ে রোদন ॥ ৩৭
বড়াই কহিছে, রাণি! গোপাল কেমন আছে।
যশোমতি কহে,—মোর কপাল ভেঙ্গেছে ॥ ৩৮

পাঠান্তর: ১-১ ক্রীড়াতে দিয়াছি শ্রম, সে নিমিত্ত ঘনশ্যাম, উত্তর না দিল, কপট করিল। মনে মোরা ভাবিলাম, চল ত্বরা করি, আর নাই দেরী, গোষ্ঠের বেলা হইল সকলে আইল কৃষ্ণের আশা করি। ৫।

সর্ব্ব অঙ্গ হিম হইয়াছে বাণী কহে।
অনুমান, প্রাণ নাহি গোপালের দেহে ॥ ৩৯
বড়াই কহিছে, শুন শুন ওগো ছুঁড়ি!
রোদন করিস্ কেন ধরাতলে পড়ি ॥ ৪০
ছড়ি বুঝি হইয়াছে কৃষ্ণের অঙ্গেতে।
অন্ন-কাটি ছাকা দেহ পোড়ায়ে অগ্নিতে ॥ ৪১
শুনিয়া যশোদা সেই প্রবন্ধ করিল।
তথাপি সে কৃষ্ণধন চেতন না পাইল ॥ ৪২
জগতের সার যিনি অখিলের পতি।
পুত্রভাবে হইলেন যশোদা-সন্ততি ॥ ৪৩
প্যারীর কলঙ্ক কিসে করিবেন ভঞ্জন।
এই হেতু অচেতন প্রভু নারায়ণ ॥ ৪৪
ক্রন্দনের কলরব অধিক হইল।
গোষ্ঠ-মাঝে থাকি নন্দ শুনিতে পাইল ॥ ৪৫
দ্রুতগতি নন্দ উপানন্দ দুই জন।
ব্রজপুরে আসি দোঁহে উপনীত হন ॥ ৪৬
দে'খে নন্দ—অচৈতন্য গোপাল শয্যায়।
হস্তে ধরি দেখে তবে, ধাতু নাহি পায় ॥ ৪৭
নন্দ উপানন্দ তবে শিরে কর হানি।
রোদন করয়ে কেবল ব'লে নীলমণি ॥ ৪৮

——

সুরট-মল্লার[১]—যৎ

কৃষ্ণ রে! এই কি ছিল তোর মনে!
বিবাদ সাধিলি কেন, মাতাপিতার সনে ॥

আমি হই তোর পিতা নন্দ, উঠ রে বাছা গজস্কন্ধ!
দেখি কেন নিরানন্দ, হিম অঙ্গ কি কারণে।
বাছা! গাভী লয়ে কে যাবে বনে, রাখাল-বালক সনে,
বাধা মস্তকেতে ব'য়ে, কে দিবে রে আর এনে ॥
কালীদহে কে ঝাঁপ দিবে, বৎসাসুরে কে মারিবে,
গোবৰ্দ্ধন কে ধরিবে, আর তোমা বিহনে!
উঠরে বাছা! একবার, চাঁদ-মুখের কথা শুনি তোমার,
দাশরথি করে সার, এ রাঙ্গা চরণে ॥ (গ)

——

নন্দ-উপানন্দের বিলাপ

শিরে হানি কর, নন্দ গোপবর,
কাঁদে উচ্চঃস্বর, বলি নীলমণি।
উঠ বাছা! ত্বরা, তোর জন্যে মোরা,
হতেছি কাতরা, ওরে যাদুমণি ॥ ৪৯

কেবা দিবে আর, পাদুকা আমার,
মস্তক-উপরে ব'য়ে।
বালক-সঙ্গেতে, কে যাবে গোষ্ঠেতে,
গোচারণে ধেনু ল'য়ে ॥ ৫০
কংস-অনুচর, বল কেবা আর,
নিধন করিবে প্রাণে।
তোমা বিনে মোর, সকলি অসার,
হেরিতেছি ত্রিভুবনে ॥ ৫১

ঐ দেখ্ তোর জ্যেষ্ঠ সহোদর, শিঙ্গারবে ডাকিতেছে।
শ্রীদাম সুদাম, দাম বসুদাম, তব জন্য কাঁদিছে ॥ ৫২

* * *

শ্রীমতীর বিলাপ

হেথায় যতেক সখী, শ্রীমতীরে কহে ডাকি,
সর্ব্বনাশ আর কব কি! কৈতে নাহি পারি আর।
বয়ান কহিতে চায়, হৃদি বিদরিয়া যায়,
কি করিব হায় হায়! শুন সমাচার ॥ ৫৩
তব প্রাণকান্ত-ধন, শয্যা'পরে অচেতন,
শুন রাধে! বিবরণ, কহিলাম সকলে।
না জান কি এ সংবাদ, তোমারে দিলাম সংবাদ,
প্যারী করে বিষাদ, প্রাণধন ব'লে ॥ ৫৪

পাঠান্তর: ১ বসন্ত—ভ।

আমারে করিয়া ত্যাজ্য, কোথা যাও ব্রজরাজ!
তোমার বিহনে আজ, গরল খেয়ে মরিব।
শুন শুন চিন্তামণি! কে ঘুচালে কলঙ্কিনী,—
কল্য বলেছিলে তুমি, তব কলঙ্ক ঘুচাব। ৫৫
সে আশাতে হয়েছি ক্ষান্ত, শুন ওহে রমাকান্ত!
আর প্রাণ বাঁচেনা তো, তোমার বিচ্ছেদেতে।
যদি অপরাধী হই, তবু তোমার দাসী বই,
অন্ত আর কেহ নই, বলি, চরণ-তলেতে। ৫৬

শ্রীরাধার দৈববাণী-শ্রবণ

এই কথা শ্রীমতী ভাবয়ে মনে মনে।
হেনকালে দৈববাণী হইল গগনে। ৫৭
শুন শুন কমলিনি! করি নিবেদন!
তোমার কলঙ্ক আজি করিব ভঞ্জন। ৫৮
বৈদ্য-রূপে যাব পিতা নন্দের গৃহেতে।
খড়ি পাতি গণনা করিব, সে স্থানেতে। ৫৯
হইবে সহস্র ছিদ্র কুম্ভের ভিতর।
সেই কুম্ভ কক্ষে নিয়া যাইবে সত্বর। ৬০
কোন ভয় না করিবে, শুন বিনোদিনি!
কুম্ভ-পরে আবির্ভাব থাকিব আপনি। ৬১
যে তোমারে কলঙ্কিনী করেছে রটনা।
বিধি-মতে দিব তায় অশেষ যন্ত্রণা। ৬২
[1]চির কাল তোমায় সতী বলিবে সর্ব্বজন[1]।
এত বলি অদর্শন হৈলা নারায়ণ। ৬৩
শুনিয়া শ্রীমতী তবে হৈল আনন্দিত।
তবু মনে মনে শঙ্কা রহিল কিঞ্চিৎ। ৬৪

---

[2]সিন্ধু খাম্বাজ—পোস্তা[2]

অশ্রু-ধারা ঘুচে, রাধার প্রেম-ধারা বহিল।
শ্রীকৃষ্ণের বাক্যে তখন, কিঞ্চিৎ শঙ্কা দূরে গেল।
প্যারী তখন মনে মনে, কহে কথা কৃষ্ণ-সনে,
গতি নাই, নাথ! তোমা বিনে, এই দশা ঘটিল।
কলঙ্ক ঘুচাও মোর, ওহে হরি নটবর!
নৈলে জগতেতে আমার, নাম কলঙ্কিনী হইল। (ঘ)

* * *

বৈদ্যবেশে শ্রীকৃষ্ণের নন্দালয়ে আগমন

চক্রপাণির চক্র, বল কে বুঝিতে পারে।
নিজে চক্রী, চক্র করি, বৈদ্যরূপ ধরে। ৬৫
এক মূর্ত্তি নন্দরাজ গৃহেতে রহিল।
আর মূর্ত্তি বৈদ্যরূপ আপনি হইল। ৬৬
[3]বক্ষঃস্থলে শোভে নীল[3], স্বর্ণ-কৌটা হাতে।
ধীরে ধীরে যান হরি চ'লে রাজপথে। ৬৭
এখানেতে নন্দের প্রেরিত একজন।
বৈদ্যরূপ কৃষ্ণচন্দ্র কৈলা দরশন। ৬৮
মৃত শরীরেতে যেন জীবন পাইল।
বিনয় করিয়া তারে কহিতে লাগিল। ৬৯
কোথা যাহ মহাশয়? কহগো আপনি।
অনুমান করি, হবে বৈদ্যরাজ তুমি। ৭০

* * *

বৈদ্যরূপী শ্রীকৃষ্ণ বলিতেছেন

আমি বৈদ্য হই, ত্রিভুবনে জয়ী,
সবে কহে মোর নাম।
কহ বিবরণ, তুমি কোন্ জন,
কোথায় তোমার ধাম। ৭১

বুঝিনু মনেতে, তোমার গৃহেতে,
রোগ হইয়াছে কা'র।
তাহার জন্যেতে, প্রিয় বচনেতে,
আহ্বান কর আমার। ৭২

পাঠান্তর: ১-১ চিরকাল অসতী বলিবে সর্ব্বজন—ঙ। ২-২ সিন্ধু—আড়খেমটা—ঙ। ৩-৩ কক্ষতলে পেতে নিলা—ঙ।

সে গোপ কহিছে, বলি তব কাছে,
ব্রজের নন্দ-নন্দন।
মূর্চ্ছা আচম্বিতে, পড়িয়া শয্যাতে,
আছে সেই অচেতন। ৭৩
যদি কৃপা করি, আইস ত্বরা করি,
তবে বাঁচে সর্ব্বজনে।
কহে বৈদ্য শুনে, বিনা আবাহনে,
যাইব বল কেমনে। ৭৪
তবে গোপ বলে, থাক এই স্থলে,
আমি নন্দে ডেকে আনি।
গোপ এত বলি, যায় দ্রুত চলি,
যথা গোপ নৃপমণি। ৭৫
নন্দের গোচরে, কহিল সত্বরে,
বৈদ্যের আগমন।
শুনি নন্দ চলে, যথা বৈদ্য-ছলে,
দাণ্ডাইয়া নারায়ণ। ৭৬
দেখে নন্দ সব, কৃষ্ণ-অবয়ব,
কেবল হয় ভিন্ন বেশ।
দেখে গোপ নন্দ, প্রেমেতে আনন্দ,
পুলকিত হৈল শেষ। ৭৭

*　　*　　*

বৈদ্য-আগমনে নন্দ পুলকিত

সে কেমন, তাহা শুন—

রাবণ-বধে রামচন্দ্র আনন্দ-হৃদয়।
কাঙ্গালি যেমন মণি-রত্ন পাইলে সুখী হয়।
মৃত পুত্র বাঁচিলে তার জননী হয় খুসি।
গৌরী-আগমনে যেমন গিরিপুরবাসী।
গঙ্গা-আগমনে যেমন ভগীরথের আনন্দ।
বৈদ্য-আগমনে নন্দ ততোধিক আনন্দ। (আ)

—

বিভাস মিশ্র[a] —একতালা

কি আনন্দ দেখি নন্দালয়!
বৈদ্য-আগমনে সবে প্রফুল্লিত হয়।
শ্রীকৃষ্ণের রূপ প্রায়, বৈদ্যের দেখে সবায়,
সজল জলদরূপ, হেরে যশোদায়।
বাল্য বৃদ্ধ আদি যত, বৈদ্য-রূপে মূর্চ্ছাগত,
ধৈরয না ধরে চিত, একদৃষ্টে চেয়ে রয়।
কেহ কহে কৃষ্ণ হয়, কেহ কহে তাহা নয়,
তেমনি সে রূপ যেন, হেরিতেছি গো ইহায়। (ত)

—

তখন পুত্র-ভাবে নন্দ বলে, এসো বাছা! করি কোলে,
কুশাঙ্কুর ফোটে পাছে, তব যুগল চরণে।
বৈদ্যরূপী কৃষ্ণ কয়, শুন শুন মহাশয়!
পিতার সমান হও, কহ স্নেহের কারণে। ৮১
শুন ব্রজ-অধিকারি! লহ তবে কোলে করি,
নন্দ তবে শীঘ্রগতি, কোলে করি লইল।
কৃষ্ণের সমান স্নেহ, হইল নন্দের দেহ,
হইয়া আনন্দে রত, গৃহে নিয়া চলিল। ৮২

*　　*　　*

বৈদ্যরাজের ব্যবস্থা

বৈদ্যরাজে হেরিয়ে, যশোদা রাজরাণী।
কৃষ্ণ-শোক পাসরিল, আনন্দ পরাণী। ৮৩
বাহু পসারিয়া রাণী করিলেন কোলে।
প্রণাম করিয়া বৈদ্য, যশোদারে বলে। ৮৪
তুমি মা জননী, আমি তোমার তনয়।
তব নীলমণি যে গো! বাঁচাব নিশ্চয়। ৮৫
এত বলি হস্তে ধরি, দেখিল কৃষ্ণেরে।
ছলে দেখে বংশীধারী হস্ত আপনারে। ৮৬

পাঠান্তর: a বিভাস—ক।

ক্ষণেক বিলম্বে তবে বলিল বচন।
ধাতু নাহি পাওয়া যায়, বড় কুলক্ষণ ॥ ৮৭
ইহার ঔষধি যদি করিবারে পার।
তবে মা যশোদা রাণি! বাঁচে তোর কুমার ॥ ৮৮
যুড়িয়া যুগল পাণি যশোমতী কয়।
কি করিব বাছাধন! কহ না ত্বরায় ॥ ৮৯
প্রাণ যদি চাহ বাছা! তাহা দিতে পারি।
কি দ্রব্য কহ রে, তবে আনি ত্বরা করি। ৯০
বৈদ্য কহে, সতী কেবা গোকুল নগরে।
ত্বরায় আনহ তারে আমার গোচরে ॥ ৯১
সহস্র-ছিদ্র কুম্ভ করি আনিবেক বারি।
সেই বারি দিয়া, স্নান করাইবে হরি ॥ ৯২
পীড়া হৈতে মুক্ত হবে তোমার কুমার।
শীঘ্র যাহ,—বিলম্ব না সহিবে আমার ॥ ৯৩
এত যদি বৈদ্যরাজ সবা-অগ্রে কয়।
হেঁট-বদন হয়, সবে বাক্য নাহি কয় ॥ ৯৪
নন্দরাজ,—উপানন্দ ভাই প্রতি কয়।
সতী স্ত্রী তব করি আনহ ত্বরায় ॥ ৯৫
নন্দের বচনে তবে উপানন্দ ধীর।
মধুর বচনে কহে বচন গভীর ॥ ৯৬
শুন শুন ব্রজবাসী নারী যত জন!
স্বকর্ণে শুনিলে সবে বৈদ্যের বচন ॥ ৯৭
যে হও পরমা সতী, এ ব্রজমণ্ডলে।
সহস্র-ছিদ্র কুম্ভে বারি আন কুতূহলে। ৯৮
ত্রিভুবনে যশ কীর্ত্তি রবে চিরকাল।
অধিকন্তু প্রাণ পাবে নন্দের দুলাল। ৯৯
উপকার হবে, বড় বাড়িবেক মান।
ইহার অধিক কর্ম্ম কিবা আছে আন ॥ ১০০
এত যদি বারংবার কহিছে উপানন্দ।
কোন নারী কিছু নাহি বলে ভাল মন্দ ॥ ১০১

* * *

জটিলা কুটিলার নিকট যশোমতীর গমন

দেখি নন্দ-গোপ, করয়ে বিলাপ,
যশোদার নিকটেতে।
বুঝি কৃষ্ণ মোর, বাঁচিবে না আর।
কায কি আর এ প্রাণেতে ॥ ১০২
ঝাঁপ দিয়া মরি, যমুনার বারি,
যা থাকে তব কপালে।
এত বলি নন্দ, হ'য়ে নিরানন্দ,
বসিলেন ধরাতলে ॥ ১০৩
হেনকালে শুন, সখী এক জন,
যশোদা নিকটেতে বলে।
বড়ই সতীত্ব, জানায় দোঁহে নিত্য,
জটিলে আর কুটিলে ॥ ১০৪
যাহ রাণি! ত্বরা, যথায় তাহারা,
আহ্বান করিয়া আন।
সতী জানা যাবে, কৃষ্ণ প্রাণ পাবে,
শুন শুন বিবরণ ॥ ১০৫
শুনি যশোমতী, আনন্দিত অতি,
বলে,—ভাল ক'য়ে দিলি।
দেখিব দোঁহার সতীত্ব-ব্যাভার,
রাণী যায় এত বলি ॥ ১০৬

বেহাগ—ঝাঁপতাল

চল সখি রে! জটিলে-কুটিলে-গৃহে রে!
তাদের সতীত্ব জানিব এবারে।
যদি দেমাক করে, আন্‌ব করে ধ'রে,
তবে গর্ব্ব চূর্ণ হবে, আমা সবাকার গোচরে ॥
যদি গোপাল পায় প্রাণ, তবে তাদের রবে মান,
মানে মানে লয়ে মান, নিজ গৃহে যাবে রে।
যদি টলাটলি করে, তবে, শাস্তি দিব দোঁহাকারে,
পর-কুচ্ছ যেন নাহি করে, পুনর্ব্বার এমন ক'রে ॥ (চ)

* * *

যশোদা ও জটিলা

সখীরে সঙ্গেতে করি, যশোমতী যায়।
উপনীত হৈল গিয়া কুটিলা-আলয়॥ ১০৭
কি কর জটিলা দিদি! কহে যশোমতী।
সাড়া পাইয়া, জটিলা আইল শীঘ্রগতি॥ ১০৮
জটিলা কয়, কি গো দিদি! কিবা ভাগ্য মোর।
অনেক দিন পরে, চরণ-ধূলি পড়িল গো তোর॥ ১০৯
পূর্ব্বের অরুণ কেন পশ্চিমে উদয়!
কি নিমিত্তে আইলে দিদি! কহ গো ত্বরায়॥ ১১০
যশোদা বলেন, শুন কি কব তোমারে।
দুই দিন হইল গোপাল মূর্চ্ছা শয্যা-পরে॥ ১১১
কত শত করিলাম, না হইল ভাল।
মোর ভাগ্যে এক বৈদ্য আসিয়া মিলিল॥ ১১২
গোপালের হস্ত দেখি, কহিল আমারে।
সতী নারী কেবা আছে গোকুল নগরে॥ ১১৩
যমুনা হইতে সেই আনিবেক বারি।
সেই বারি-স্পর্শনে চেতন পাবে হরি॥ ১১৪
তাই আইলাম, দিদি! তোমার গোচরে।
তোমা বিনা এ কর্ম্ম করিতে কেবা পারে॥ ১১৫
বড়াই ক'রে জটিলা, যশোদা প্রতি কয়।
আমরা কেমন সতী নারী কহ গো নিশ্চয়॥ ১১৬
যেমন, "অহল্যা-দ্রৌপদী-কুন্তী-তারা মন্দোদরী তথা।
পঞ্চকন্যাঃ স্মরেন্নিত্যং মহাপাতক-নাশনম্॥"
অহল্যা গৌতম-গৃহিণী দ্রৌপদী পাণ্ডব পত্নী।
ইহারা দ্বাপর যুগে ছিল বড় সতী॥ ১১৭
পাণ্ডু রাজার গৃহিণী, কুন্তী মাদ্রী দোঁহে।
তারা ছিল মহাসতী মুনিগণে কহে॥ ১১৮
তারা নামে ছিল বালী রাজার রমণী।
বড় সতী ছিল সেই ভুবনে বাখানি॥ ১১৯
মন্দোদরী নাম ছিল দশানন-রাণী।
তিনি ছিলেন মহাসতী বিখ্যাত ধরণী॥ ১২০
তাই বলি, যশোদা দিদি! করি নিবেদন।
তাহা সবা হৈতে, সতী আমরা দুই জন॥ ১২১

---

[১]আড়ানা বাহার—কাওয়ালী[১]

মোরা যেমন সতী নারী, এমন কেবা আছে আর।
গোকুল-মধ্যে, রাণি! খুঁজে দেখ মিলা ভার।
দেখ পাড়া পাড়া ঘরে ঘরে,
মিল্‌বে নাকো কোথাকারে,
শুন রাণি! বলি তোমারে, জান্‌তে পারিবে এর পর।
তব সঙ্গে অবশ্য যাব, ছিদ্র কুম্ভে বারি আনিব,
গোপালেরে বাঁচাইব, ধন্য হবে ত্রিসংসার॥ (ছ)

জটিলার প্রতি সখীর ব্যঙ্গ-উক্তি

তাহারা যেমন ছিল, তেম্‌নি কি গো তোরা!
হৈলেও হইতে পারে, যেমন হাঁড়ি তেম্‌নি সরা॥ ১২২
[২]কুন্তী ছিল পাঁচ-ভাতারী[২] সূর্য্য আদি ক'রে।
গৌতম মুনীর পত্নী দেখে, ইন্দ্র নিল হ'রে॥ ১২৩
মুনির শাপে পাষাণ দেহ ধারণ করিল।
রামচন্দ্রের পদস্পর্শে মুক্ত হৈয়া গেল॥ ১২৪
আর দেখ দ্রুপদ-কুমারী সেই দ্রৌপদী নাম ধরে।
পঞ্চ স্বামী হয় তার যুধিষ্ঠির আদি ক'রে॥ ১২৫
দুই স্বামী হৈলে দেখ, হয় দ্বিচারিণী।
পঞ্চগোটা স্বামী তার নিতান্ত বেশ্যা তিনি॥ ১২৬
দশানন-পত্নী দেখ মন্দোদরী রাণী।
অবশেষে স্বামী তার কর্‌লেন বিভীষণে তিনি॥ ১২৭
তারা নামে নারী সেই বালী রাজার নারী।
স্বামী করিলেন শেষে সুগ্রীবেরে ধরি॥ ১২৮
তোরা যদি তেম্‌নি সতী হ'স ব্রজপুরে।
যাসনাকো বারি আন্‌তে, বারণ করি তোরে॥ ১২৯

• • •

পাঠান্তর: ১ বেহাগ—ঝাঁপতাল—ঙ। ২-২ কুন্তীর ছিল পাঁচটি পতি—ক

সখীর প্রতি জটিলার ভৎর্সনা

জটিলা হয়ে ক্রোধান্বিতা, সখীরে কহিছে কথা,
এত যে তোর যোগ্যতা, ছোট মুখে বড় কথা ক'স্ লো।
জানি জানি তোরে জানি, তুই যেমন পাড়া-চলানি,
নিত্য নিত্য পাড়ায় পাড়ায় চলাস লো॥ ১৩০
কৃষ্ণ-সহ ধরা পড়িলি, কত শত মার খেলি,
আমরা হ'লে গলায় দড়ি, দিয়া মরিতাম লো।
আমরা হলেম অসতী, তোরা ত বড়ই সতী!
সতী-গিরি জানা যাবে, ক্ষণেক পরেতে লো॥ ১৩১
পাড়ায় পাড়ায় বেড়াস ঘুরে, কত মত ছল ক'রে,
পুরুষ দেখিলে ইশারা ক'রে, গৃহে ডেকে আনিস লো।
তোদের মত নহি আমরা, হাড়-হাবাতি লক্ষ্মীছাড়া,
ঘুরে বেড়াস পাড়া পাড়া কেবল লো॥ ১৩২
দিন কত কৃষ্ণ লৈয়া, খুব মজা করলি গিয়া,
সেই দোষে, স্বামী শ্বশুর থুক দিয়া ত রাখলে লো!
আমার বৌ শ্রীরাধিকে, চুপে চুপে যাস্ লৈয়ে ডেকে,
এ সব কথা কৈব কা'কে, মরি মোরা লাজে লো॥ ১৩৩
শেষে গৃহ ত্যাগ করলি, আস্‌তে তারে নাহি দিলি,
কিবা তন্ত্রে মন্ত্রে ভুলাইলি লো!
যদি হরি থাকেন আপনি, এর বিচার করবেন তিনি,
দুই চক্ষু খাবে তুমি, তেরাত্রির মধ্যে লো॥ ১৩৪
তখন দ্বন্দ্ব নিবারণ ক'রে, যশোদা রাণী যোড় করে,
বলে, ক্ষমা কর মোরে, ও জটিলা দিদি লো!
ছেড়ে দে গো সখীর কথা, জানে না তাই বললে কথা,
তোর মত সতী হেথা নাই লো॥ ১৩৫

—

আড়ানা-বাহার[১]—আড়া

তোর মত সতী হেথা, আছে বল্ কোন জন।
জানে না তাই বললে কথা, ক্ষমা কর এখন॥
আমি মনে জানি তোরে, জটিলে তুই সতী বড়,
কেন আর বারে-বারে জ্বালাতন।
চল চল ত্বরা করি, নাহি আর সহে দেরি
বিলম্ব করিতে নারি, পাছে হারাই কৃষ্ণধন॥ (জ)

—

জটিলে কহেন, দিদি! নিবেদন করি।
ক্ষণেক বিলম্ব কর, আসি ত্বরা করি॥ ১৩৬
কুটিলে কন্যায় গিয়া, কহি বিবরণ।
মায়ে ঝিয়ে তথাকারে করিব গমন॥ ১৩৭
এত বলি জটিলা, কুটিলার কাছে গিয়া।
কৃষ্ণের ব্যামোহ-কথা কহে বিশেষিয়া॥ ১৩৮
সে কুটিলে বিষমা কুটিলে, চক্ষে যেন অগ্নি।
ক্রোধে কোপান্বিত হৈল, যে জলদগ্নি॥ ১৩৯
কি কহিলি, হাঁগো মা! এই কি তোর কথা।
শেল-সম অঙ্গেতে লাগিল আমার ব্যথা॥ ১৪০
কৃষ্ণ মরেছে, খুব হয়েছে, ঘুচে গেছে ব্যথা।
তুই আবার হিতৈষী হ'য়ে বল্‌তে এলি কথা॥ ১৪১
আয়ান দাদার ঘর মজানে, সে দুর্জ্জনে, আপদ গেল দূরে।
এখন রাধিকারে, আন্ গে ঘরে,
শোন্ গো বলি তোরে॥ ১৪২

* * *

সে কৃষ্ণ, দাদার শত্রু কেমন, তাহা শুন—

যেমন রাবণ আর রামে।
দুর্য্যোধন আর ভীমে॥
যেমন বিড়াল আর ইন্দুরে।
শার্দ্দূল আর নরে॥
শুম্ভ আর ভগবতী।
শিব আর রতিপতি॥
যেমন ব্যাধ আর জানোয়ার।
পাঁঠা আর কর্ম্মকার॥

পাঠান্তর: ১ সরফর্দা—৩।

এইরূপ আয়ান দাদার শত্রু কৃষ্ণ হয়।
সে মরিলে সব আমার হৃদয়ের দুঃখ যায়॥ (ই)

খট্—একতালা

আয়ান দাদার শত্রু হয় সেই কৃষ্ণ ধন।
শুনহ বচন, যাবি কোন্ মুখেতে, তাহার গৃহেতে,
সেই নন্দের বেটার বাঁচাতে জীবন।
মরেছে ছোঁড়া হয়েছে ভাল, কেন যাবি তথা বল,
শুন গো জননি! বলি তোরে আমি,
নাহি গেলে মোরা, মরিবে সে জন॥

যদি বাঁচে সেই চতুর হ'রে,
আমাদের বৌকে নে যাবে ধ'রে,
মরে গেছে ভাল হয়েছে!
আয়ান দাদা সুখে করুক ঘর এখন॥ (ঋ)

তখন মিষ্ট বাক্য কুটিলেরে জটিলে তবে বলে।
রাগান্বিত হয়ে তবে, মার প্রতি বলে॥ ১৪৮

তার নাম করো না, সে পথেতে যেওনা।
তার কথা তুল না, তার মুখ দেখ না॥ ১৪৯

সেই কৃষ্ণ বড় দুষ্ট, কিবা মন্ত্র জানে।
বংশীর গুণে কুলবধূ ঘরে হৈতে আনে॥ ১৫০

ভুলাইয়া রাখে তারে, ফোঁস ফাঁস দিয়া।
সে মরিলে, ব্রজের আপদ যায় গো ঘুচিয়া॥ ১৫১

আমাদের বধিকারে গৃহত্যাগ করালে।
অদ্যাবধি নাহি তারে গৃহে আন্‌তে দিলে॥ ১৫২

জটিলা কয়, কুটিলে রে! বলি শুন তোরে।
এ কর্ম্ম করিলে সতী হব ব্রজপুরে॥ ১৫৩

সকলের গর্ব্ব খর্ব্ব হইবে দেখিলে।
তাই বলি ত্বরায় করি, চলহ কুটিলে॥ ১৫৪

জটিলার মিষ্ট বাক্যে কুটিলে তুলিল।
মায়ে ঝিয়ে যশোদার নিকটে আইল॥ ১৫৫
দু'জনায় সঙ্গে করি ল'য়ে যশোমতী।
উপনীত নিজ গৃহে আনন্দিত মতি॥ ১৫৬
সহস্র-ছিদ্র কুম্ভ এক বৈদ্যরাজ কৈল।
প্রথমেতে বারি আন্‌তে, জটিলা চলিল॥ ১৫৭
কুম্ভ কক্ষে ল'য়ে বুড়ী যায় গুঁড়ি গুঁড়ি।
কৌতুক দেখিতে যায় গোপিনী আদি করি॥ ১৫৮

* * *

সহস্র-ছিদ্র কুম্ভসহ জটিলার যমুনায় গমন

সে ভঙ্গি কেমন—

হেলিতে দুলিতে টলিতে যাইতেছে চ'লে।
মত্ত মাতঙ্গের প্রায় দেখয়ে সকলে॥ ১৫৯
কলসীর ছিদ্র ঢাকে, দিয়া আপন অঞ্চল।
বলে, এমনি করে নিয়ে গেলে, না পড়িবে জল॥ ১৬০

* * *

বস্ত্রদ্বারা জটিলার ছিদ্রকুম্ভ ঢাকা কেমন,

তাহা শুন—

অগ্নি কখন চাপা থাকে, বস্ত্রের ভিতরে?
সূর্য্য কখন রাখা যায়, হস্তে মুঠা করে॥
ধর্ম্মের স্কন্ধেতে ঢোল ঢাকে কি কখন?
ব্রাহ্মণের বেদবাক্য খণ্ডে কোন্ জন॥
প্রাণী কখন রাখা যায়, যতন করিলে?
অবশ্যই যম রাজা লয় নিজ বলে॥
রৌদ্র কখন রাখা যায় কৌটায় পুরিয়া?
সেই মত জটিলা করে, কলসী ঢাকিয়া॥ (ঈ)

তখন জটিলা বুড়ী, দেমাক করি, কুম্ভ ডোবায় নীরে।
তুলিবা-মাত্র বারি সব, পড়ে চারি ধারে॥ ১৬১

আছাড় খাইয়া পড়ে, নীরের উপরে।
তলাইয়া গিয়া বুড়ী, হাঁস-ফাঁস করে। ১৬৬
ধেয়ে গিয়া একজন উপরে তুলিল।
তীরে উঠি জটিলা জীবন পাইল। ১৬৭
মায়ে অপমান দেখে, কুটিলে ক্রোধে জ্বলে।
গর্ব্বিত বচনে তবে মায়ে প্রতি বলে। ১৬৮
যদি বারি আন্‌তে না পারিলি ত, চলাইলি কেনে?
কিছু জন্মের দোষ আছে তোর, হেন লয় মনে। ১৬৯
তোর ঝি হইয়া আমি, দেখ্ না কি করি।
যমুনা হইতে আমি, আনি গিয়া বারি। ১৭০

* * *

সহস্র-ছিদ্র কুম্ভে জল আনয়নের জন্য কুটিলার গমন

এত বলি ভঙ্গি করি, কুটিলা সুন্দরী।
অন্ন ছিদ্র-কুম্ভ কক্ষে আন্‌তে চলে বারি। ১৭১
বারি[১] যেমন পূরি কুম্ভে কক্ষে করি লয়।
পড়িতে লাগিল বারি, সহস্র ধারায়। ১৭২
হাসিতে লাগিল দেখি, যত গোপীগণ মেলি।
বাহবা কি গো তোরা সতী! এ ব্রজেতে ছিলি। ১৭৩
কত মত টিট্‌কারি দিয়া গোপীগণ।
যে যার স্থানেতে সবে করিছে গমন। ১৭৪
হেনকালে গোপীগণে যশোদা বলিল।
সাহস করিয়া কেহ স্বীকার না হইল। ১৭৫
যশোমতী বলে, বৈদ্য! নিবেদন করি।
মোরে আজ্ঞা কর, আমি আনি গিয়া বারি। ১৭৬

ললিত—আড়া

শুন ওরে বৈদ্য! শুন আমার বচন।
বারি আন্‌তে যাব আমি, আজ্ঞা দেহ বাছাধন।
গোকুলে কেহ সতী নাই, তত্ত্ব কর্‌লেম ঠাঁই ঠাঁই,
ভাবিয়া নাহিক পাই, পাছে হারাই কৃষ্ণধন। (ঞ)

বৈদ্যরাজের খড়ি পাতিয়া গণনা

তখন মনে মনে করে কৃষ্ণ আপন হৃদয়।
যদি বারি আন্‌তে মা যশোদা রাণী আপনি যায়। ১৭৭
অপমান করিতে নারিব আমি তবে।
প্যারীর কলঙ্ক তবে কিরূপেতে যাবে। ১৭৮
ভাবিয়া চিন্তিয়া কৃষ্ণ, রাণী প্রতি কয়।
তোমা হইতে নাহি হবে, কহিলাম নিশ্চয়। ১৭৯
মায়ের ঔষধ না খাটিবে, আনিলে পরে বারি।
নন্দরাণী বলে, তবে কি উপায় করি। ১৮০
বৈদ্য কহে, দেখি আগে করিয়া গণনা।
ব্রজপুর মধ্যে সতী আছে কোন্ জনা। ১৮১
এত বলি গণনা করয়ে খড়ি পাতি।
বৈদ্যরাজ কহে, তবে যশোমতী প্রতি। ১৮২
এক ঘরে হস্ত দেহ, রাণী প্রতি কয়।
'রা'-ঘরেতে হস্তস্পর্শ করিলা ত্বরায়। ১৮৩
পরে রাণী হস্ত দিলা 'ধা'য়ের ঘরেতে।
রাধা হয়ে একত্রে মিলন আচম্বিতে। ১৮৪
বৈদ্য কহে, রাধা কেবা গোকুল নগরে।
সেই জনায় দেহ বারি আনিবার তরে। ১৮৫

কুটিলার কোপ

শুনিয়া কুটিলা তবে, বৈদ্য প্রতি বলে।
তব অসঙ্গত কথা শুনে অঙ্গ জ্বলে। ১৮৬
কৃষ্ণ-কলঙ্কিনী রাধা জানে সকলেতে।
সে আবার সতী হইল এ ব্রজ-পুরেতে। ১৮৭

পাঠান্তর: ১ নীর—গ।

যদি এই সকল কথা অসঙ্গত হয় পৃথিবীতে।
রাধা তবে সতী হবে এ ব্রজ-পুরেতে ॥ ১৮৮

সে কেমন ?

যদি ভেকেতে ভক্ষণ করে ভুজঙ্গ-ফণীরে।
ভুজঙ্গ ভক্ষণ যদি গরুড় পক্ষীরে ॥
যদি থালির ভিতরে গজবর পারে লুকাইতে।
আকাশ ভাঙ্গিয়া পড়ে ধরণী পরেতে ॥
রাহুকে গ্রাস যদি করে দিবাকর।
তবে রাধা সতী হবে, ওহে শুন বৈষ্ণবর ॥ (উ)

* * *

চন্দ্রাবলীর উত্তর

এ কথা শুনিয়া তবে, চন্দ্রাবলী কয়।
শরীর জ্বলিছে রাগে তোর লো কথায় ॥ ১৯২
তাই বল্‌লি কলঙ্কিনী, শ্রীমতী রাধারে।
কেবা হৈল কলঙ্কিনী বিদিত সংসারে ॥ ১৯৩
বিষমানে সতীগিরি প্রকাশ হইল।
শ্রীমতী রাধারে তবু কলঙ্কিনী বল ॥ ১৯৪

সরফরদা—আড়া

কেন লো কুটিলে! কেন তোর এত অহঙ্কার।
কি বুঝিয়া, প্যারী ভৎর্স কেন বারে বার ॥
তুই ওলো যেমন সতী, বিখ্যাত আছয়ে ক্ষিতি,
কেন আর মোর প্রতি, জানাস্ সতীত্ব বারে বার!
আমাদের প্যারী হতে, অনেক তফাত তোতে,
লৌহ আর কাঞ্চনেতে, এরূপ দোঁহার ॥ (টি)

শ্রীমতীতে তোমাতে অনেক অন্তর,
সে কেমন ?
যেমন সাগর আর খালে।
ব্রাহ্মণ আর চণ্ডালে ॥
সিংহ আর শৃগালে।
প্রজা আর মহীপালে ॥
যেমন পুষ্করণী আর ভাগীরথী।
বিশ্বকর্ম্মা আর সুরপতি ॥
গরুড় আর কাকে।
মাচরাঙ্গা আর বকে ॥ (উ)

* * *

শ্রীমতীর প্রতি কুটিলার ক্রোধ-বাক্য

জানি আমি তোরে জানি, তুই যেমন পাড়া-ঢলানি,
প্রতিদিন পাড়ায় পাড়ায় ঢলাস্ লো।
বড়াই আছে কুট্‌নী একজন, যুটিয়ে দেয় তোদের যেমন,
গিয়া নিকুঞ্জ-কাননে, বিহার করিস লো ॥ ১৯৯
ধিক্ ধিক্ এমন বিহারে, ছার-কপালে দশা তারে,
এমন ক'রে যে পিরীত করে, তার মুখে ছাই লো!
[১]ভাতারের কাছেতে শোও না[১], কেবল জান কেলে-সোনা,
কতমত গুণপনা করে লো ॥ ২০০
বেটাদের যদি বিয়ে হলো, আপদ ফুরায়ে গেল,
উপপতি লয়ে মজা করে লো!
কারো যদি গর্ভ হলো, স্বামী নামে ত'রে গেল,
[২]কেহ কেহ নৈলে পেট খসায় লো[২] ॥ ২০১

* * *

জল আনিতে শ্রীরাধিকার যমুনায় গমন

এইরূপে দ্বন্দ্ব যদি, দুই জনে হয়।
শুনিয়া যশোদা রাণী করযোড়ে কয় ॥ ২০২

পাঠান্তর: ১-১ ভাতারকে কেউ চাও না—ক। ২-২ গর্ভপাত ক'রে কেউ বাঁচ নারে ত'রে লো—ক।

যত্ন নাহি কর দোঁহে, কহে নন্দরাণী।
কি রূপেতে বাঁচিবে আমার নীলমণি॥ ২০৩
রাণীর বাক্যেতে সবে নিবৃত্ত হইল।
শ্রীমতীরে আনিবারে চন্দ্রাবলী গেল॥ ২০৪
দেখে, প্যারী রোদন করিছে ধরাতলে।
হৃদয়-মধ্যেতে কেবল ডাকে কৃষ্ণ ব'লে॥ ২০৫
কোথা ওহে দীননাথ মুকুন্দ মুরারি!
দেখা দেহ একবার আসি বংশীধারি॥ ২০৬
জগৎ তারণকর্ত্তা হৈয়া, পালহ সবারে।
আমি অনাথিনী নাথ! ডাকি বারে বারে॥ ২০৭
এইরূপে রোদন করিছে কৃষ্ণ বলি।
হেনকালে উপনীত হৈল চন্দ্রাবলী॥ ২০৮
চন্দ্রাবলী দেখি তবে শ্রীমতী উঠিল।
বিনয়েতে সখী প্রতি জিজ্ঞাসা করিল॥ ২০৯
কেমন আছেন কৃষ্ণচন্দ্র কহ গো ত্বরায়।
শুনিয়া আনন্দ মোর হউক হৃদয়॥ ২১০
কহে সখী, কৃষ্ণধন সেইরূপ আছে।
একবার চল, তোমায় যশোদা ডাকিছে॥ ২১১
বারি আন্‌তে হবে তোমায় ছিদ্র কুম্ভ করি।
ত্বরা করি ব্রজপুরে, চল চল প্যারি॥ ২১২
তখন শ্রীমতীর দুই চক্ষে ধারার শ্রাবণ।
রাধা মনে মনে কৃষ্ণে করিছে স্মরণ॥ ২১৩
কেন হে নিষ্ঠুর, হরি! হৈলে আমার প্রতি।
গর্ব্ব খর্ব্ব কৈলে আমার, ওহে! যদুপতি॥ ২১৪
বলেছিলে, কলঙ্ক ঘুচাব তব কালি।
সে আশায় নৈরাশা আমি হৈনু, বনমালি॥ ২১৫
আবার কি দর্পচূর্ণ করিবে আমার।
এইরূপে শ্রীমতী ভাবিছে সারোদ্ধার॥ ২১৬
হেনকালে প্যারীর হৃদয়-পদ্মেতে আসিয়া।
কহিছেন বংশীধারী হাসিয়া হাসিয়া॥ ২১৭
চিন্তা কিছু নাহি তব, শুন শুন প্যারি।
আমার নাম স্মরি তুমি, আন্‌তে যাবে বারি॥ ২১৮
এত বলি কৃষ্ণচন্দ্র অন্তর্দ্ধান হৈল।
আশ্বাস পাইয়া প্যারী আনন্দে চলিল॥ ২১৯

বাহার বাগেশ্বরী—খয়রা

তবে আন্‌তে বারি, চল্‌লেম হরি! ওহে নন্দের নন্দন।
দেখ নাথ, দয়াময়! দাসীরে না কর বঞ্চন॥
একেতো অবলা নারী, কুল লাজ ভয় করি,
শুন শুন বংশীধারি! হয় পাছে কলঙ্ক-ঘটন।
কুটিলে দুষ্ট ননদী, সদা তোমার বিবাদী,
ঐ ভয়ে সদা কাঁদি, সে দোষ কর ভঞ্জন॥ (ঠ)

প্যারীরে দেখিয়া তবে যশোমতী কয়।
মোর গোপালের প্রাণ দেগো মা! ত্বরায়॥ ২২০
তোমার গুণেতে যদি কৃষ্ণ প্রাণ পায়।
অনুগত হ'য়ে তবে রবে যদুরায়॥ ২২১

*   *   *

শ্রীরাধিকার জল-আনয়নে গমন

এত বলি কুম্ভ দিল, প্যারী-কক্ষতলে।
শ্রীহরি স্মরিয়া রাধা, ধীরে ধীরে চলে॥ ২২২
মধ্যে চলে ব্রজবাসী আদি গোপীগণ।
জটিলা কুটিলা আদি সহিত তখন॥ ২২৩
বৈদ্যরাজ, যশোদা আদি রহে ব্রজপুরে।
আর যত গোপী চলে যমুনার তীরে॥ ২২৪
যমুনার তীরে কুম্ভ নামাইয়া প্যারী।
স্তব আরম্ভিল তবে, ভক্তি ভাব করি॥ ২২৫
কোথা হে কমলাপতি! কলঙ্ক ঘুচাও।
বারেক আসি আবির্ভাব কুম্ভোপরে হও॥ ২২৬
কে জানে তোমার অন্ত, অন্ত কেবা জানে।
আমা হেন কোটি রাধা না পায় ধেয়ানে॥ ২২৭

যদি নাথ! কলঙ্ক না ঘুচাবে আমার।
কেহ আর নাহি নাম লইবে তোমার ॥ ২২৮

* * *

শ্রীরাধিকার জল-আনয়ন, ও শ্রীকৃষ্ণের কপট মূর্চ্ছা-ভঙ্গ

একরূপেতে স্তব যদি করিতেছে প্যারী।
কুম্ভোপরে আবির্ভাব হইলেন হরি ॥ ২২৯
ডাকিয়া কহেন তবে শুনহ শ্রীমতী।
শঙ্কা কিছু নাহি, বারি লহ শীঘ্রগতি ॥ ২৩০
ডুবাইয়া নীর যেমন তুলিল কক্ষেতে।
এক বিন্দু বারি নাহি পড়ে ধরণীতে ॥ ২৩১
চমৎকার জ্ঞান হৈল, দেখিয়া সকলে।
ধন্য ধন্য শ্রীমতী রাধারে সবে বলে ॥ ২৩২
শ্রীরাধারে সতী বলে গোকুল-মণ্ডলে।
রাধা-সম সতী নাই, সকলেতে বলে ॥ ২৩৩
বারি নিয়া উত্তরিল ব্রজের মধ্যেতে।
দেখিয়া যশোদা রাণী, করিল কোলেতে ॥ ২৩৪
সেই বারি দিয়া, বৈদ্য স্নান করাইল।
পাশ-মোড়া দিয়া তবে শ্রীহরি উঠিল ॥ ২৩৫
নিদ্রা হৈতে উঠে, যেমন মেলিয়া নয়ন।
সেইরূপ উঠিলেন শ্রীব্রজেন্দ্র-নন্দন ॥ ২৩৬

* * *

তখন নন্দ-যশোদার কিরূপ আনন্দ, তাহা শুন

নির্দ্ধনের পুত্র যদি হয় জমীদার।
আঁটকুড়ার গৃহে যদি জন্মায় কুমার ॥
নরলোক যায় যদি স্বর্গের পুরেতে।
অন্ধ জনার দৃষ্টি যদি হয় নয়নেতে ॥
ইন্দ্র যেমন আনন্দিত দানব-নিধনে।
সেইরূপ যশোদা নন্দ আনন্দিত মনে ॥ (ঋ)

সরফরদা—একতালা

নন্দালয়ে কি আনন্দ, প্রাণ পাইল শ্রীগোবিন্দ।
হরষিত হৈল শুনি, নন্দ আর উপানন্দ ॥
সবে শ্রীমতী রাধারে, ধন্য ধন্য ধন্য করে,—
সতী গোকুল নগরে, জটিলে কুটিলে বলে মন্দ ॥ (ড)

যশোদা ক্রোড়েতে করি লক্ষ্মী-নারায়ণে।
ক্ষীর ছানা তুলে দেয়, দোঁহার বদনে ॥ ২৪০
তবে নন্দ বৈদ্যরাজে আলিঙ্গন দিয়া।
দুই শত স্বর্ণমুদ্রা দিলেন আনিয়া ॥ ২৪১
বৈদ্য কহে, তুমি পিতা, আমি গো নন্দন।
মুদ্রাতে আমার কিছু নাহি প্রয়োজন ॥ ২৪২
এত বলি বৈদ্যরূপী প্রভু ভগবান।
দেখিতে দেখিতে তবে হৈল অন্তর্দ্ধান ॥ ২৪৩
এখানেতে গোপীগণে যে যার স্থানেতে।
উপনীত হৈল সবে আনন্দ মনেতে ॥ ২৪৪

* * *

যুগল-মিলন

রজনীতে কুঞ্জে হরি বসিলেন সিংহাসনে।
শ্রীমতী আসিয়া তবে বসিলেন বামে ॥ ২৪৫
সখীগণ আসি করে চামর-ব্যজন।
রাধা-কৃষ্ণ একস্থানে যুগল মিলন ॥ ২৪৬
হরি হরি বল সবে, হরিনাম সত্য।
কলঙ্কভঞ্জন এত দূরেতে সমাপ্ত ॥ ২৪৭

বসন্ত—তিওট

হরি রত্ন-সিংহাসনে বসেন কমলা-সনে।
আনন্দিত মনে চারি দিকে সখীগণে ॥
ইন্দ্র চন্দ্র আদি যত, দেখে দেবগণে কত,
স্তব করে নানামত, নাহি যায় বর্ণনে ॥
তুমি যে কর প্রলয়, তব অন্ত কেবা পায়,
শুন ওহে যদুরায়! কহে সবে সুরগণে ॥ (ঢ)

১৪। শ্রীরাধিকার কলঙ্ক-ভঞ্জন (২)

শ্রীহরির নিকট শ্রীরাধিকার অভিমান

এক দিন বৃন্দাবনে, শ্যামকে পেয়ে সঙ্গোপনে,
কাতরে কহেন ব্রজেশ্বরী।
[১]অন্তরে এক বেদন[১], আছে, করি নিবেদন,
নি-বেদন[২] কর যদি শ্রীহরি। ১
ভজিয়ে তোমার পদ, ব্রহ্মা পান ব্রহ্মপদ,
বিপদের বিপদ পদদ্বয়।
ঐ পদ ভেবে, গোবিন্দ! সদানন্দ সদানন্দ,
নিরানন্দ সদা করি জয়। ২
ধরেন শক্তি অসম্ভব, করেন মৃত্যু পরাভব,
ঐ পদ ভব-বৈভব, শুনি হে ভগবান!
ভজিয়ে[৩] পদারবিন্দ, দেবরাজ্য পান ইন্দ্র,
ইন্দু পান শিব-শিরে স্থান। ৩
শুন চিন্তামণি! বলি, ঐ চরণ চিন্তিল বলি,
বন্দী তাঁর চিরকাল দ্বারে।
ম'জে নাথ! তব পায়, কি সম্পদ ধ্রুব পায়,
স্থান দিয়েছো গোলোকের উপরে। ৪

প্রহ্লাদ ঐ পদ-বলে, অনল পর্বত জলে,
হস্তি-তলে নাস্তি মৃত্যু জানি।
ওহে নাথ নন্দকুমার! সেই পদ ভেবে আমার,
গোকুলে নাম রাধা কলঙ্কিনী। ৫

• • •

সে কেমন, যেমন—

অমৃত খাইয়া রোগ, ভ্রঙ্গ-বস্তর প্রাণ-বিয়োগ,
ভেবে কিছু কর্‌তে নারি ধার্য্য।
সখ্য যার গরুড়ের সঙ্গে, তার বক্ষ খায় ভুজঙ্গে,
ওহে মোক্ষদাতা! কিমাশ্চর্য্য।
গ্রহ-যাগের এই কি গুণ! দ্বিগুণ হয় কি গ্রহ বিগুণ!
জেলে আগুন—দ্বিগুণ কম্প শীতে।
বাসকে বাড়িল কাস, দয়া ক'রে ধর্মনাশ!
গয়া ক'রে কি নরকে যায় পিতে।
ভক্তি ক'রে ভাব চটে, দান ক'রে দুর্গতি ঘটে,
মিছরি-পানা পান ক'রে লিপ্ত!
কোন্ শাস্ত্রে, শ্রীনিবাস! ফাঁসিতে ম'রে স্বর্গবাস!
কাশীতে ম'রে ভূতযোনি প্রাপ্ত।
জগন্নাথ দেখে রথে, নর যায় কি নরকেতে?
গণেশ ভজিয়ে কর্ম্মে বাধা!
মাণিক রাখিয়ে ঘরে (যেমন) দৃষ্ট হয় না অন্ধকারে,
(তেমন) কৃষ্ণ ভ'জে কলঙ্কিনী রাধা। (অ)

পরজ[৪]—একতালা

এ কলঙ্ক তোমার, কালা! কলঙ্কী হয় রাজবালা!
যার গলে, হে গোকুলচন্দ্র! অকলঙ্ক চাঁদের মালা।
যে চাঁদে করেছে দূর, সদানন্দের মনের অন্ধকার,
রাধার পক্ষে ঘট্‌লো কি দায়! খাট্‌লো না সে চাঁদের আলা।
নাথ হে! গোকুলের মাঝে, কুলকন্যা হ'য়ে কুল ত্যজে,
অকূলের কাণ্ডারী ভ'জে, রাই হলো না কুলোজ্জ্বলা। (ক)

শ্রীকৃষ্ণকর্তৃক কলঙ্কভঞ্জনের প্রতিশ্রুতি

শুনি রাধার অভিমান, করিয়ে অতি সম্মান,
বিদ্যমান কহেন মাধব।

পাঠান্তর: ১-১ ওহে এক মনোবেদন—খ। ২ নির্বেদন—গ। ৩ ভাবিয়ে—খ, গ, ছ। ৪ কালাংড়া—ক।

তুমি ভবে ধন্যা ধনী, কে করে কলঙ্ক-ধ্বনি ?
[১]অকলঙ্ক বিধু-মুখ তব[১] । ১০
লোকে কলঙ্কী বলে শশীরে, শিব রেখেছেন যায় স্ব-শিরে,
চাঁদের কি কলঙ্ক তায় হে রাধা !
ভ্রান্ত গোকুল-বসতি অসতী বলে, হে সতি !
ব্রহ্মা ভাবেন ব্রহ্ম-ভাবে সদা । ১১
ভবে যত সামান্য-গণে, তোমারে সামান্য গণে,
তত্ত্ব পায় কি তত্ত্বজ্ঞানহীন ?
মাণিক দিলে অন্ধকারে, অন্ধে কি আনন্দ করে ?
অন্ধকারে আছে নিশি-দিন । ১২
শিশু মানে না দেবতায়, অমান্য কি দেব তায় ?
যত্নে যাঁরে পূজে জ্ঞানবন্তে ।
বানরে সঁপিলে মতি, তার নাই মতিতে মতি !
দুর্মতি অনাসে কাটে দন্তে । ১৩
অতুল্য ধন তুলসীরে, আমি যারে তুলি শিরে,
কুকুরে কি তার মান রাখে ?
তুমি কি জান না লক্ষ্মি ! শুক অতি সুখের পক্ষী,
ব্যাধে কি যতন করে তাকে । ১৪
তুমি যে ব্রহ্মরূপিণী, গোলোক ত্যজে গোপিনী,
ভ্রান্তে কি তোমারে পারে চিনতে ?
ধনবান কি বিদ্যাবান, (তাদের) রাখালে রাখে না মান,
কার কি মান, তারা পারে কি জানতে ।
যে হোক, সত্য করিলাম, আজি কলঙ্কিনী নাম,
ঘুচাব তোমার রাজবালা !
প্রবৃত্তি আমাতে হবে, সাবিত্রী সকলে কবে,
নিবৃত্তি হইবে লোক-জ্বালা । ১৬

* * *

শ্রীকৃষ্ণের কপট মূর্চ্ছা

এত বলি বিরস-মতি, যান যথা যশোমতী,
গোলোক-পতি মলিন-বদন ।
অঞ্চল বসনের ধরি চঞ্চল হইয়ে হরি,
ছল করি জননী প্রতি কন । ১৭
আজি আমার বিপদ বটে, ছিলাম বসি বংশীবটে,
তাপিত হইয়ে ভানু-তাপে ।
অকস্মাৎ কি বিকার, চক্ষে দেখি অন্ধকার !
মন্দ মন্দ যায় না কোন-রূপে । ১৮
সহ্য হয় না শির-ভার, গোষ্ঠে থাকা হৈল ভার,
সুবলকে সঁপিয়ে এলাম ধেনু ।
কাঁপিছে অঙ্গ থরহরি স্বেদ না করিলে মরি,
বেদনা হয়েছে সব তনু । ১৯
কাজ নাইগো মা ! এখন, দিও না ক্ষীর মাখন,
জিহ্বা তিক্ত—অমৃতে অরুচি ।
দুর্ব্বল হইল দেহ, শীঘ্র শয্যা ক'রে দেহ,
শয়ন করিতে পেলে বাঁচি । ২০
চক্র করি চক্রপাণি, যেন প্রলাপ দেখে রাণী,
জননীকে কন শত শত ।
মুদিত করি দুনয়ন, ভূতলে করি শয়ন,
গোপাল হৈলেন মূর্চ্ছাগত । ২১
অচেতন দেখি গোপালে, করাঘাত করি কপালে,
ডাকে রাণী হয়ে উন্মাদিনী ।
রোহিণি দিদি ! কোথায়, রহিলি গো ! দেখ্‌সে আয়,
সঙ্কটে পড়েছে নীলমণি । ২২

আলেয়া—কাওয়ালী

দেখে যা রোহিণি দিদি ! মরি ! এ কেমন !
কি জানি কি লিখন !
অঞ্চল ধ'রে এখনি, মা ব'লে চেয়ে নবনী,
নীলমণি কেন হলো অচেতন । ।
দিলে ক্ষীর অধরে আর খায় না !
আমার মাখনচোর মা ব'লে সুধায় না !

পাঠান্তর : ১-১ অকলঙ্ক বিধুমুখি তব—ছ।

কি হলো কপালে দিদি রোহিণি !
কাছে কাছে নেচে গোপাল এখনি,
'মা মোর কি হলো' বলি, ধূলোয় ফেলে মুরলী,
নয়ন-পুতলি মুদিল নয়ন। (খ)

* * *

যশোদার ভবনে প্রতিবাসিনী নারীগণের জটলা

কৃষ্ণে দেখি মূর্চ্ছাগত, যশোদার প্রাণ ওষ্ঠাগত,
জীবন ত্যজিতে জলে যায়।
প্রায় চারি দণ্ড গত, প্রিয়বন্ধু অনুগত,
'ভয় কি ?' ব'লে রাখে ভরসায়। ২৩
যত রমণী বৃন্দাবনে, সবে গেল নন্দ-ভবনে,
এক মাগী ঘরেতে না রহিল।
যাতায়াতে ভাঙ্গে কবাট, অন্তঃপুরে যেন হাট !
পুরুষ হ'তে নারীর ভাগ ষোল[১]। ২৪
বিপদ কি গণ্ডগোল, সেখানে যত ঘোটে গোল,
সুমঙ্গল-কালে তা ঘটে না।
যারা রাণীর বৈরঙ্গ, তাদের হয়েছে প্রেম-তরঙ্গ,
বন্ধুগণের হয়েছে বেদনা। ২৫
এক ধনী চেতুনে বামা, বলে, যশোদা! কেঁদ না মা !
বাঁচিবে ছেলে, ভূতুড়ে ডেকে আন।
এক ধনী কয়, ও যশোদে! ভয় নাই মা ! জলপড়া দে,
ছেলেকে দিয়েছে ডাইনে টান। ২৬
'কোথা গেলেন গোপপতি, ডাক তাঁরে শীঘ্রগতি,
কাল বিলম্ব করা নাহি সয়।[২]
"জীবে না কৃষ্ণে হারালে, মাগী এমন পোড়াকপালে,
অমন আর হবে না—হবার নয়।[৩] ২৭
গড়েছিল চতুর্ম্মুখ, গোবিন্দের কি চন্দ্রমুখ !
দেখিলে মুখ, সব দুঃখ-শান্তি।
কিবা কুলোজ্জ্বল পুত্র, নিরখিলে ঝরে নেত্র,
ঐকান্তিক হয় দেখে কান্তি। ২৮

'চক্ষু জিনি[৪] খঞ্জন, বর্ণ জিনি নীলাঞ্জন,
নীলকমল ঢাকা যেন কাচে।
দাঁড়ালে পীতবসন পরি, ঠিক যেন গোলোকের হরি,
অমন ছেলে গোয়ালা-ঘরে কি বাঁচে। ২৯
গোয়ালার ঘরে উদ্ভব, এ ছেলেটি অসম্ভব,
আদার ক্ষেত্রে কুঙ্কুমের উৎপত্তি।
সার-কুড়েতে শতদল, জীরের গাছে হীরের ফল !
ভেকের মস্তকে যেমন মতি। ৩০
চোরের ঘরে জন্মে সাধু, রাহুর মন্দিরে বিধু,
যক্ষের ঘরেতে জন্মে দাতা।
অভক্তের ঘরে হরি, ধর্ম্মের ঘরেতে চুরি,
জন্মে, যেমন অসম্ভব কথা। ৩১
বিধির অসম্ভব লীলে, কাকের ঘরে কোকিলে,
জন্মে যেমন মনোহর পাখী।
তেমনি দেখি বিচার ক'রে, এ ছেলে গোপের ঘরে,
কখনো কি শোভা পায় লো সখি। ৩২
জটিলে বলে, শুন সই ! একটা ধর্ম্ম-কথা কই,
যশোদা মাগীর দেখেছিস্ প্রতাপ !
ছেলে আবার নাই লো কার ? ও অভাগীর কি অহঙ্কার !
মনের গুণেতে মনস্তাপ। ৩৩
আমার পুত্র আমারি ধন, নব-লক্ষ মোর গোধন,
অমন ধারা গরব ক'রে কেউ কয় না।
স্বামী পুত্র কেবা কার, চক্ষু বুজ্‌লে অন্ধকার,
এক দণ্ডের কথা বলা যায় না। ৩৪
ও-ছেলেটি গোকুলের পাপ, 'ঘুচিয়ে দিলে বাপ্, বাপ্,[৫] !
পাপ গেল,—তার তাপ কি লো দিদি ?
গোকুলে কে থাক্‌ত সতী, সমূলেন বিনশ্যতি,
কর্‌তো,—বাঁচ্‌ত বছর দুই আর যদি। ৩৫
ঘরে ঘরে মাখন-চুরি, কত কাঙ্গালের গলায় ছুরি,
নিতি৷ দিতো এমনি দয়াহীন !

পাঠান্তর : ১ জাল—খ। ২-২ ত্যজিয়ে নন্দের পুর গিয়ে রমণী কিছু দূর মণ্ডলী করিয়া সবে কয়।—খ, ছ। ৩-৩ কি নীলরতন পেয়ে হারালে মাগী এমন পোড়াকপালে, এমন আর হবেনা, হবার নয়।—গ, ছ। ৪-৪ নয়ন দুটি—খ, গ, ছ। ৫-৫ ঘুচিয়েছিলো বাপরে বাপ—খ, ছ।

দানী হয়ে পোড়াতো[1] বাটে, মেয়ে হ'য়ে জ্বালাতো ঘাটে,
মেয়ে হলে কুল রাখ তো কত দিন ॥ ৩৬
কবে কি হতো কার কপালে, কালি দিতে কামিনীর কূলে,
কাল-স্বরূপ গোকুলে হয়েছিল।
কালে কালে বাড়িতো জ্বালা, অকালে কাল হয়েছিল[2] কালা,
এ আমাদের শুভ কাল হলো ॥ ৩৭
কালা কালা সর্ব্বদা ক'রে, কাল-সর্প ল'য়ে ঘরে,
কত কাল কে কাল কাটিতে পারে?
এত দিনে যুড়ালো হাড়, কাত হয়ে আজ কালাপাহাড়[3],
গিয়াছেন আজ কালের মন্দিরে ॥ ৩৮

* * *

শ্রীকৃষ্ণের মূর্চ্ছা শ্রবণে নন্দের বিলাপ

হেথা বাথানে ছিলেন নন্দ, মূর্চ্ছাগত শ্রীগোবিন্দ,
পরম্পরায় শুনে কর্ণ-মূলে।
শিরে যেন বজ্রাঘাত, গোপাল ব'লে গোপনাথ,
নির্ঘাৎ আঘাত করে ভালে। ৩৯
চ'লে যেতে ঘন পায়, ঘন ঘন পড়ে ধরায়,
সঘনে ডাকে নবঘন-বরণে।
ভাবেন শুধাইব কা'য়, সঙ্কটের শঙ্কায়,
মৃত্যু-সম হ'য়ে যান মনে ॥ ৪০
প্রবেশ হইতে ধামে, পথে দেখি বলরামে,
জিজ্ঞাসেন ভাসি চক্ষু-জলে।
ওরে বাছা বলভদ্র! নীলমণির বল ভদ্র,
আর কি বাস হবে রে গোকুলে ॥ ৪১

সুরট-মল্লার[4] – কাওয়ালী

মরি রে! বল্ বল্ বল্ বলরাম!—বল্‌রে, বল হারালাম।
আজি আমি কি বিপদ, গোপালের শুনিলাম॥
কিসে বিবন্ধ ঘটে, আমার আনন্দ-হাটে,
সে যে গোবিন্দ ধন, নন্দের সবে ধন—
সে ধন ধরাতে নাকি অচেতন,—
শক্তিশেল-সম বাণী, আমি শ্রবণেতে শুনি,
বনে জীবন-ধারণের আশা জীবনে দিলাম।
আর কি অর্থ ব্রজে, কিসে প্রভুত্ব সাজে!
কেবল রাজত্ব, ল'য়ে নীলমণি রে!
আমি গোপাল-ধনেতে কেবল ধনী রে!
যাব ঘরে কি দাগরে, ওরে বলাই! বল্ আমারে,
আছে কি ডুবেছে ব্রজের নন্দরাজা-নাম। (গ)

নন্দ করি নন্দ-গোপ, যশোদা প্রতি করি কোপ,
বলরামকে কহিছেন বাণী।
অন্ত বুঝিলাম অন্তরে, নীলমণিকে নিতান্ত রে!
আঘাত করেছে দুর্ভাগিনী ॥ ৪২
নব লক্ষ ধেনু-পাল, সবে মাত্র এক গোপাল,—
সাগর-সোসর[5] ক্ষীর সর।
পাপিনী আমার দামোদরে, খেতে দেয় না সমাদরে,
নিন্দিয়া দেখেছি নিরন্তর[6] ॥ ৪৩
যত বাছা করে সর্ সর্, পাপিনী বলে সর্ সর্!
অবসর হয় না সর দিতে।
সর্ সর্ ক'রে ত্রিভঙ্গ, হয় বাছার স্বরভঙ্গ,
বাক্য-শর হানে আবার তাতে ॥ ৪৪
সে তো আমার নয় প্রেয়সী, বিপদের মূল পাপীয়সী,
অসি দিয়ে কাটিব আজি তার মাথা।
হয়ে নন্দ রাগান্বিত, ত্বরান্বিত উপনীত,
অন্তঃপুরে নন্দরাণী যথা ॥ ৪৫
অতিশয় দোর্দ্দণ্ড, হস্তেতে করিয়ে দণ্ড,
উদ্দণ্ড বধিতে রাণীরে।
দেখি মূর্ত্তি ভয়ঙ্কর, যশোদা করি যোড়কর,
কহেন ভাসিয়ে চক্ষু-নীরে ॥ ৪৬
কেন বাক্য-অপলাপ, দণ্ড ক'রে হবে কি লাভ?
যেই দণ্ডে গোপাল ভূতলে—

পাঠান্তর: ১ বেড়াতো—ক, খ। ২ হলো—খ, গ ছ। ৩ কালাপাড়—ছ। ৪ সুরট—খ, গ, ছ। ৫ সাগর শুনে দিতে পারি—গ। ৬ দিনান্তর—খ।

সেই দণ্ডে মরেছি, কান্ত! আর দণ্ড অধিকান্ত,
অধিনীর প্রতি ভ্রমে ভুলে। ৫২

* * *

আমাকে আঘাত বিফল—কেমনে?

কি ফল আছে বিবাদ ক'রে, বালকের সঙ্গ।
কি ফল আছে, অন্ধকে আঙ্গুল দিয়া ব্যঙ্গ।
পঙ্ক চন্দন তুল্য,—তারে অপমানে কি ফল।
আঁটকুড়িকে গালি দেওয়ায়, কি ফল আছে বল।
কি ফল আছে, জলের উপর যষ্টির আঘাত কর্‌লে।
কি ফল আছে, [১]মরা কাককে[১] চড়কেতে তুল্‌লে।
[২]কি ফল আছে বাজায়ে বাঁশী যেথা বাজে তুরি[২]।
কি ফল আছে, ল্যাংটা যোগীর ঘরে ক'রে চুরি।
কবন্ধের মস্তক কাটা, লাভ যে প্রকার।
আমারে প্রহার, নন্দ! সেই লাভ তোমার। (আ)

খট-ভৈরবী—একতালা

এলে দণ্ডিতে দণ্ড করেতে, কর অবোধ নন্দ! একি কাণ্ড!
দেহে প্রাণ কি আছে?—যখন, হারা হয়েছি নীলরতন!
এ দেহ পতন,—নাথ! মৃত দেহে আবার কিসের দণ্ড!
ক্রোধ-ভরে দুখিনীরে দণ্ড ক'রে,
কান্ত! কি নীলকান্ত-রতন পাবে ঘরে!
একান্ত হয়েছ ভ্রান্ত কলেবরে,
বিপদ-কালে করে জ্ঞানের খণ্ড[৩]। (ঘ)

* * *

নন্দালয়ে নারদের আগমন

গোকুলে কপট মূর্চ্ছাগত হন চিন্তামণি।
জানিয়া নারদ যোগী উদ্যোগী অমনি। ৫৩
অতি হৃষ্টে ঢেঁকি-পৃষ্ঠে করি আরোহণ।
দেখিতে আনন্দে যান নন্দের ভবন। ৫৪
[৪]সার ভেবে সারাৎসার—সংসার প্রতি করি দ্বেষ।[৪]
নিরন্তর নিজ মনকে দেন উপদেশ। ৫৫
মন কর, ভাই! মনোযোগ মনের কথা বলি।
সংসারের সুখ-সজ্জা মিথ্যা যে সকলি। ৫৬

কি রকম মিথ্যা?

যেমন স্বপনের রাজ্যপদ, মিথ্যা জেনো ভাই।
বালকের ধূলার ঘর, এ ঘর জেনো তাই।
ব্যবসাদারের সত্য কথা, মিথ্যা তাকে ধরো।
সতীনে সতীনে পিরীত, মিথ্যা জ্ঞান করো।
বাজিকরের ভেল্কী যেমন মিথ্যা জানা আছে।
দৈবজ্ঞের গণনা যেমন, স্ত্রীলোকের কাছে।
দস্তখত বিনা যেমন মিথ্যা খত-পাটা।
দুর্ব্বলের দাঁত খামুটি, মিথ্যা জেনো সেটা।
মৃত্যুকালে সবলা নাড়ী, মিথ্যা তাকে ধরি।
চোরের যেমন ভক্তি প্রকাশ, মিথ্যা জ্ঞান করি।
ছোটলোকের বুজরুগি, জেনো মিথ্যা নিরন্তর।
যেন গাজুনে-সন্ন্যাসীর প্রতি ধর্ম্মরাজের ভর।
মিথ্যা যেমন জ্ঞানকৃত পাপের প্রায়শ্চিত্তে।
স্ত্রীর কাছে আত্মশ্লাঘা, সেটা জেনো মিথ্যে।
যেমন শতরঞ্চের হাতী-ঘোড়া-মন্ত্রী ল'য়ে খেলি।
দারাসুত ধন-জন, তাই জেনো সকলি। (ই)

এত বলি দেব-ঋষি গোকুল-গমনে।
আকুল হইয়ে পুনঃ ভাবিছেন মনে। ৬৫
চৈতন্ত-রূপেতে যারে হৃদে দেখ্‌তে পাই।
(আজ) অচৈতন্ত দেখ্‌তে কেন বৃন্দাবনে যাই। ৬৬
ভ্রম-জন্ত ভ্রমণ দেখেছি তন্ত্র-বেদ।
যেমন গঙ্গাগর্ভে থেকে, জীবের তীর্থ-জন্ত খেদ। ৬৭

পাঠান্তর: ১-১ মরাকাঠ—খ। ২-২-বোবার সঙ্গে শক্রতায়, ফল কি তাহারি—ক; কি ফল আছে অরণ্যের মধ্যে রোদন করি—গ,ছ।
৩ পণ্ড—ক; দণ্ড—খ। ৪-৪ অসার ভেবে সংসার প্রতি করি দ্বেষ।—ক; সার ভেবে সংসার প্রতি সদা করি দ্বেষ।—গ, ছ।

যদি বল বৃন্দাবন, গোলোকের স্বরূপ।
তথা গোলোকের ঐশ্বর্য্য লয়ে, আছে বিশ্বরূপ। ৬৮
ওহে করুণ-হৃদয়! ভক্তহৃদয়-মধ্যে তা কি নাই!
যদি এসো কেশব! হৃদয়ে সব, তোমারে দেখাই। ৬৯
সেই যশোদা, দেখাই সদা, সেই রাধা, সেই দূতী।
তুল্য বিধু, গোপের বধূ, সেই মধু-মালতী। ৭০
সেই নন্দ, সেই সানন্দ, দেখে সানন্দে রবে।
সেই মধু-বন[১], জুড়াবে জীবন, সেই কোকিলের রবে। ৭১
সেই সব ধন, সেই যে গোধন, সেই গোবর্দ্ধন-গিরি।
এসে হৃদয়ে আমার, নন্দকুমার! দেখ করুণা করি। ৭২

সুরট[২]—ঝাঁপতাল

হৃদি বৃন্দাবনে বাস, যদি কর কমলাপতি!
ওহে ভক্তপ্রিয়! আমার ভক্তি হবে রাধা-সতী।
মুক্তি-কামনা আমারি, হবে বৃন্দে গোপ-নারী,
দেহ হবে নন্দের পুরী, স্নেহ হবে মা যশোমতী।
আমার,—ধর ধর জনার্দ্দন! পাপ-ভার-গোবর্দ্ধন,
কামাদি ছয় কংস-চরে, ধ্বংস কর সম্প্রতি।
বাজায়ে কৃপা-বাঁশরী, মন-ধেনুকে বশ করি,
তিষ্ঠ হৃদি-গোষ্ঠে, পুরাও ইষ্ট, এই মিনতি।
আমার প্রেমরূপ যমুনা কূলে, আশা-বংশীবট-মূলে,
সদয়-ভাবে, স্বদাস ভেবে, সতত কর বসতি।
যদি বল রাখাল-প্রেমে, বন্দী আছি ব্রজধামে,
জ্ঞানহীন রাখাল তোমার, দাস হবে হে দাশরথি। (৬)

নারদ পরে, পরাৎপরে, চিন্তিয়া হৃদয়ে।
যান প্রেমভরে, দেখিবারে, গোপালে গোপালয়ে। ৭৩
দেখেন মুনি, চিন্তামণি, কপট মূর্চ্ছাগত।
যশোদার শতধার, চক্ষে অবিরত। ৭৪
কাঁদে নন্দ, নিরানন্দ, নিরখি নীলরতনে।
রাখাল সব, বিনে কেশব, শবরূপ শয়নে। ৭৫
দেখেন গোকুল, সব শোকাকুল, সুখহীন শুকশারী।
তাপে তনু ক্ষীণে, কাঁদিছে সঘনে, গোপনে গোপের নারী। ৭৬
নন্দ প্রতি, কন ভারতী, হাসিয়ে দেব-ঋষি।
কিসের অমঙ্গল! কেন কর গোল? পাগল গোকুলবাসী। ৭৭
কৈ অচেতন, তোমার রতন, কেন হে পতন ভূলে!
কিসের বেদন, করো না রোদন, শুন হে বদন তুলে। ৭৮
বৃন্দারণ্য, জ্ঞানশূন্য, সব হে গোপের স্বামি!
তোমার ঘরে, ছেলেটী সত্বরে, চেতন দেখ্‌ছি আমি। ৭৯
ঘুমের ঘোরে, তোমরা ঘরে, ছেলেকে মূর্চ্ছা জান্‌ছ[৩]।
ডেকে ডেকে, প্রলাপ দেখে, গোপাল ব'লে কাঁদ্‌চো। ৮০
তোমার নন্দন, জান[৪] হে যে ধন, জ্ঞান-ধন যদি রয়।
করে গোবর্দ্ধন, ধরে যে ধন, সে ধন নিধন-ভয়। ৮১
হায় একি দায়! দিবসে নিদ্রায়, আর কেন প'ড়ে থাক।
গোপাল, তোমাদের কাছে, কি খেলা খেলিছে,
চেতন হয়ে একবার দেখ। ৮২

খাম্বাজ—একতালা

আছ সবাই অচেতনে।
চিন্‌তে পার নাই চিন্তামণি-ধনে।
বললেন পিতা, আবার নিলেন জ্ঞান হরি,
হরির কি মন্ত্রণা,—হরি, হরি, হরি!
হরিবারে কাল, গোলোক পরিহরি, তব ভবনে। (৮)

বৈদ্যবেশে শ্রীকৃষ্ণের নন্দালয়ে আগমন

নারদ জ্ঞান-বলে বলে, সে বল কোথা দুর্ব্বলে!
ক্ষান্ত নহে ভ্রান্ত নন্দ তায়।
নিবারণ না হয় শোক, ডাকেন যত চিকিৎসক,
শুনি বৈদ্য শত শত ধায়। ৮৩

পাঠান্তর: ১ মিথুবন—খ। ২ সুরট-মল্লার—ক। ৩ দেখচো—ক, থাচো—ক। ৪ শুন—ক।

নীলমণিকে যে বাঁচাবে, দিব ধন—যত চাবে,
সর্ব্বস্ব—সমর্পণ প্রাণ।
হেথা, মায়া করি আপনি হরি, ব্রজের বেশ পরিহরি,
বৈদ্যবেশ করেন ধারণ॥ ৮৪
ছদ্মবেশ পদ্মনেত্র, করেতে ঔষধ-পাত্র,
পবিত্র এক ধরেন যতনে।
তাতে নানাবিধ ঔষধ পূরে, দ্রুত যান নন্দ-পুরে,
পথ-মাঝে দেখা বৃন্দের সনে॥ ৮৫

* * *

বৈদ্য হরি ও বৃন্দা

বৃন্দা কন করি গদ্য, কোথা যাও নবীন বৈদ্য!
দেখ্‌ছি নাই বিদ্যাসাধ্য লভ্য।
পাণ্ডিত্য থাকিলে পরে, ত্রিকচ্ছ বসন পরে,—
সে এক চলন[১] সভ্যভব্য॥ ৮৬
বিশেষ, গণ্য বৈদ্য হ'লে, নর-স্কন্ধে প্রায় চলে,
কেউ বা যায় গজ-আরোহণে।
দেখে তোমার হাব-ভাব, হাতুড়ে বৈদ্যের ভাব,
আমার যেন জ্ঞান হচ্চে মনে॥ ৮৭
হাতুড়ে বৈদ্যের জানি রীত, তারা এক ঔষধে দীক্ষিত,
হলাহল গোদন্তী আর পারা।
ধর্ম্ম-ভয় নাই চিত্তে, ব্যাধের মত জীবহত্যে,
কর্‌তে সদা ফেরেন পাড়া পাড়া॥ ৮৮
খুন করে—পড়েন না ধরা, সেই সাহসে ব্যবসা করা,
কি পদ দিয়েছেন জগৎপতি!
কিবা অনুমানের লেখা! কিবা সূক্ষ্ম ধাতু দেখা!
যে নাড়ীতে বায়ু-বৃদ্ধি অতি॥ ৮৯
হাতুড়ে বলেন ধরি হাত, এ তো ঘোর সন্নিপাত!
দধির মাত শীঘ্র আন্‌তে হয়।
আগে ল'য়ে দক্ষিণার কড়ি, ঘর্ষণ করিয়া বড়ি,
দর্শন করান যমালয়॥ ৯০

যে ঔষধ আমবাতে, তাই দেন সন্নিপাতে,
তাই দেন পৃষ্ঠাঘাতে, [২]যকুৎ-প্লীহা-পাতে[২]!
ঔষধের দোষে ভুগি', অন্ন থাক্‌তে মরে রোগী,
অপমৃত্যু হাতুড়ের হাতে॥ ৯১
হাতুড়ের হাতে এড়ান নাই, যমরাজার[৩] বৈমাত্র ভাই,
ত্রিপুরুষার পতি হন হাতুড়ে।
দৈবে কেউ বাঁচে যদি, সে পরমায়ু পরম ঔষধি!
বিষ খেয়ে অমৃত গুণ ধরে॥ ৯২
ওহে বৈদ্য শুন ভাই! সেই লক্ষণ সমুদাই,
দেখ্‌তে পাই, আমি তোমার ভাবে।
তুমি না জান বচন-প্রমাণ, অনায়াসে হারাবে মান!
মিছে নন্দের রাজসভাতে যাবে॥ ৯৩
নন্দ, গোকুলের শ্রেষ্ঠ, পীড়িত তাঁর প্রাণকৃষ্ণ;
দিগ্বিজয়ী বৈদ্য কত এলো।
ধন্ব গণ্য কবিরাজ, দিবোদাস কাশীরাজ,
ভোগ দেখে শঙ্কিত সবে হলো॥ ৯৪
অশ্বিনীসুত নকুল, না বুঝে ব্যাধির মূল,—
নকুল আকুল রাজসভাতে।
কহিছেন ধন্বন্তরি, আমি, কিরূপে অকূলে তরি!
ভাঙ্গা তরী ভাসাবে তুমি তা'তে॥ ৯৫

——

ঝিঁঝিট—একতালা[৪]

ফিরে যাও, যেও না, ওহে সে তরঙ্গেতে।
অকূল দেখে আকুল ধন্বন্তরি—
মিছে ভাঙ্গা তরী তুমি ভাসাবে তা'তে।
জান্‌বো কেমন বিদ্যা, বৈদ্য গুণনিধি!
সে রোগেতে কি ঔষধি-বিধি,
বল তাই, শুনতে চাই—
তবে দাশরথি ভোগে, কেন ভব-রোগে,—
আরোগ্য কর মুক্তি-প্রদানেতে॥ (ছ)

——

পাঠান্তর: ১ ধরণ—গ, বসন—ছ। ২-২ তাই দেন যকুৎ প্লীহাতে—গ, ছ। ৩ যমদূতের—খ, গ। ৪ এই গীতটি খ, গ, ছ গ্রন্থে নাই।

তখন, হেসে কন নন্দকুমার, কি ভঙ্গি দেখে আমার,
ব্যঙ্গ কর, ওহে গোপনারি।
বিদ্যা নাই মোর শরীরে, জান্‌লে কি বিদ্যার জোরে?
ভেঙ্গে বল তবে বুঝিতে পারি। ৯৬
তুমি যে পণ্ডিতের ভার্য্যে, চিনি আমি সে ভট্টাচার্য্যে,—
(গোরুর) বাথানে তাঁর তিনখানা টোল আছে।
তিনি পণ্ডিতের শিরোমণি, তুমি হচ্চো তাঁর রমণী,
স্বামীর টীকে পড়েছো, স্বামীর কাছে। ৯৭
পুনঃ হেসে কন কৃষ্ণ, সুধা জিনি বচন মিষ্ট,
পরিচয় লও, ধনি! সমীক্ষে।
আছে কি না আছে গুণ, স্বর্ণেতে দিলে আগুন,
বর্ণ দেখে স্বর্ণের পরীক্ষে। ৯৮
অসভ্য দেখিয়ে অঙ্গ, মূর্খ ভেবে কর ব্যঙ্গ,
মোর কাছে অবাক বাগ্‌বাদিনী।
ডাকিতে মাত্র ব্যাধি হরি, সেই মোর নাম বৈদ্য হরি,
জিহ্বাগ্রে মোর আয়ুর্ব্বেদ খানি। ৯৯
আমি পড়েছি নাড়ীচক্র, আমার কাছে কি নারী-চক্র!
নারি সহিতে,—রাগে জলে চিত্ত।
এই দেখ ঔষধের থলি, যাতে যা ব্যবস্থা—বলি,
তবে আমার বুঝিবে পাণ্ডিত্য। ১০০
সামান্য তরুণ জ্বরে, কজ্জলীতে কার্য্য করে,
ত্রিদোষ-কালে হলাহল-বিধি।
গেলে জ্বর পুরাতনে, লৌহ খাবে যতনে,
জ্বরান্তক জয়মঙ্গলাদি। ১০১
উপদংশে পারা-গুলি, প্লীহায় গুড়পিপুলী,
শোথে অধিকার স্বর্ণবটী।
গৃহিণীর ঘোচে গৌরব, যদি হয় নৃপ-বল্লভ,
বালা খেতে স্বর্ণ-পর্পটী। ১০২
কাসে বাকসের যশ, মেহেতে সোমনাথ-রস,
ধূর্জ্জটি করেন সব ধার্য্য।
শূলে নারিকেল-খণ্ড উদরীতে মানমণ্ড,
রক্তপিত্তে কুষ্মাণ্ড, গলগণ্ড রোগ অনিবার্য্য। ১০৩

গোঁত্রমূত্রাদি পঞ্চতিক্ত, ভোজনে যায় বাত-রক্ত,
গুগ্‌গুলেতে বাতের বিরাম।
প্রাচীন বৈদ্যগণ ভাষে, সাধ্য রোগ ঔষধে নাশে,
অসাধ্য রোগেতে দুর্গানাম। ১০৪
মুষ্টিযোগ জানি কটা, পাঁচড়ায় আকন্দের আটা,—
মরিচ বাটা দিবে বিস্ফোটকে।
কুলে উঠিলে কুঁচকিটী গন্ধবিরাজের পটি,
রক্তবদ্ধ-বেদনা যায় জোঁকে। ১০৫

বলিসাতে বন-পুঁয়ের মূল, ছুলিতে হলুদের ফুল,
দূর থেকে মারবে রোগীর গায়।
জাম খেলে পাক পায় চুল, পুরণো চূণে বুকশূল,—
কাপড়-ছাড়ায় দিক্‌ভুল যায়। ১০৬
শুনে দূতী দেন সায়, বুঝিলাম,—ভাল চিকিৎসায়,
কোন্ শাস্ত্রমতে চিকিৎসা কর।
শুনিয়া কহেন হরি, নিদান-ব্যবসা করি,
কেউ নাই ইহাতে আমার বড়। ১০৭

—

সুরট্‌-মল্লার[১]—একতাল

ধনি! আমি কেবল নিদানে।
বিদ্যা যে প্রকার, বৈদ্যনাথ আমার,
বিশেষ গুণ সে জানে[২]।
ওহে ব্রজাঙ্গনা! কর কি কৌতুক,
আমারি সৃষ্টি করা চতুর্ম্মুখ,
হরি-বৈদ্য আমি, হরিবারে দুখ,
ভ্রমণ করি ভুবনে।
চারিযুগে আমার আয়োজন হয়,
একত্রেতে করি চূর্ণ সমুদয়,
গঙ্গাধর-চূর্ণ আমারি আলয়,
কেবা তুল্য মম গুণে।

পাঠান্তর: ১ সুরট—খ, গ, ছ। ২ বাখানে—গ।

দৃষ্টিমাত্র দেহে রাখিনে বিকার,
তাইতে নাম আমি ধরি নির্ব্বিকার,
মরণের তার কি থাকে অধিকার,
সদা, আমায় ডাকে যে জন।
আমি এ ব্রহ্মাণ্ডে আনি চণ্ডেশ্বর,
আমারি জানিবে সর্ব্বাঙ্গ-সুন্দর,
জয়-মঙ্গলাদি কোথা পায় নর,
কেবল আমারি স্থানে।
সংসার-কুপথ্য ত্যেজে যে বৈরাগ্য,
এ জন্মের মত করি তার আরোগ্য,
বাসনা-বাতিক, প্রবৃত্তি-পৈত্তিক,
ঘুচাই তার যতনে। (জ)[১]

কৃষ্ণের কথায় ত্বরা, কয় বৃন্দে হ'য়ে কাতরা,
নাই হে তোমার গুণের তুলনা।
ওহে বৈদ্য মহাশয়! নিবেদন এক বিষয়,—
কর যদি কিঞ্চিৎ করুণা। ১০৮
একটা রোগে দগ্ধ দেহ, কৃপা করি ঔষধ দেহ,
কাঙ্গালিনী,—নাই হে কিছু অর্থ।
যদি বল রাজার ঘরে, রাজকুমার আরোগ্য ক'রে,
শেষে করিব কাঙ্গালের তত্ত্ব। ১০৯
সে নয় মহত্তের মত, শুন তার দৃষ্টান্ত-পথ,
ভগীরথের তপস্যা-করণে।
গঙ্গা এলেন অবনীতে, সগর-বংশ উদ্ধারিতে,
প্রধান কল্প সেইটে, সবাই জানে। ১১০
গঙ্গার পথ-ঘটিত তরঙ্গে[২], কত কীট পতঙ্গ সঙ্গে[৩],
দেখা মাত্র অগ্রে অনুকূল।
বলেন নাই তো জাহ্নবী, তোরা মুক্তি শেষে পাবি,
আগে উদ্ধার করি সগর-কুল। ১১১
"আমরা দেখা পেলাম অগ্রে, শুচি অধমে কর অগ্রে,
শুচি ক'রে খল-ব্যাধির দমন।"[৪]
যদি বল কোন্ পীড়ায় তোমার সদা মন পীড়ায়,
শুন বৈদ্য! প্রাণের বেদন। ১১২
যে দিকে ফিরাই আঁখি, কালো কালো সর্ব্বদা দেখি,
কি কাল-পীড়া কপালে ঘটেছে!
ওহে নীলাম্বুজ-রুচি! ঘরে থাকৃতে হয় না রুচি!
বনে গেলে জীবন যেন বাঁচে। ১১৩

আমার আর একটি গোপন রোগ আছে—

আলিয়া—কাওয়ালী

ঘরে রৈতে নারি শ্যামের বাঁশরীতে, মজিয়ে হরিতে।
কুল-লাজ পরিহরি, যাই বনে হেরিতে হরি;
হরি-দেখা-রোগ পার হরিতে?
এ রোগ আমাদের কিসে যায় হে!
গোকুলবাসিনীর কুল, বাঁশীতে মজায় হে!
সুপণ্ডিত তুমি নিদানে যদি, বল দেখি,
এ আমাদের কি ব্যাধি!
স্বামীরে জ্ঞান হয় কাল,
সাধ মনে সদা কাল,
কালার সহিত কাল হরিতে। (ঝ)

বৃন্দার প্রতি বৈদ্যরাজের ব্যবস্থা

কহেন চিন্তামণি-বৈদ্য, এ বাতিক যাবে সদ্য,
একবার একবার করো কৃষ্ণধ্বনি।
কালো জলেতে করো স্নান, কৃষ্ণপক্ষে করো দান,
বিষ্ণুতৈল গায় মেখো লো ধনি। ১১৪
আহার করো কৃষ্ণজীরে, স্মরণ কর কৃষ্ণজীরে,
হরি-বাসরে থেকো উপবাসী।

পাঠান্তর: ১ খ গ ছ গ্রন্থে গানের স্তবকগুলির বিন্যাস অন্যরূপ। ২ গমনে—খ, ছ। ৩ সনে—ছ।
৪-৪ আমরা দেখা পেলেম অগ্রশুচি, অধমে কর অগ্রে শুচি, করে খল-ব্যাধির দমন।—খ।

হরীতকী চারি অক্ষরে, অর্দ্ধ শেষ ত্যাগ ক'রে,
ব্যবহার করিবা দিবানিশি ॥ ১১৫

কণ্ঠে করো ব্যবহার, কৃষ্ণ-কলিকার হার,
শ্যাম-লতায় বন্ধন করো কেশ।
ক্রীড়া করো কৃষ্ণ-তিলে, তেব কৃষ্ণ তিলে তিলে,
তিলে তিলে মাখিলে রোগ-শেষ ॥ ১১৬

যদি বল অসম্ভব, যাতে রোগের উদ্ভব,
তাই ব্যবস্থা ঔষধের তরে!
ওলো ধনি! রবে না ব্যাধি, [১]বিষস্ত বিষমৌষধি[১],
বিষে বিষে অমৃত গুণ ধরে ॥ ১১৭

আগুনে পুড়িলে গাত্র, সেই আগুনে স্বেদ-মাত্র,
করলে জ্বালা নিবৃত্তি অমনি।
ভয় কি লো! হবে সফল, কর্ণে প্রবেশিলে জল,
জল দিলে জল বাহির হয় লো ধনি ॥ ১১৮

বৈদ্য হরির নন্দালয়ে গমন

পরিহাস পরিহরি, পরে চলিলেন হরি,
শীঘ্র করি নন্দের ভবনে।
কাঁদিতে কাঁদিতে যশোদার, গমন যথা বহির্দ্বার,
'বৈদ্য এলো'-রব শুনে শ্রবণে ॥ ১১৯

যেমন মৃত বাঁচে অমৃত-পানে, চেয়ে বৈদ্য-মুখপানে,
নষ্ট প্রাণ পায় রাজমহিষী।
দেখিছে আমারি পুত্র, সেই নেত্র, সেই গাত্র,
ঔষধের পাত্র মাত্র বেশি ॥ ১২০

কহেন নন্দরমণী, এই যে আমার নীলমণি!
মরি মরি বাপু! গিয়াছিলে রে কোথা!
অচেতন দেখে তোমারে, কত কেঁদেছি, মা রে মা রে!
সেটা কিরে স্বপনের কথা ॥ ১২১

অহং[২]—একতালা

স্বপ্নে কি সহজে, অঙ্গনের মাঝে,
তোরে অচেতন দেখিলাম, হরি!
কোথা ছিলি কৃষ্ণ-ধন! যশোদার জীবন!
তুই রে,—আমার ভবন শূন্য করি।
তুই কি শিশুবেলা খেল্‌লি এত খেলা,
কৈ রে শিখিপুচ্ছ, কৈ বাঁশরী!
এখন ধ'রে বৈদ্যবেশ, করেছো প্রবেশ,
সাজে কি রে! এমন মায় চাতুরী।
বৃন্দারণ্যবাসী শীর্ণ, ছিন্ন ভিন্ন জীর্ণ!
গোপাল! তোরে চেতনশূন্য হেরি।
আর কিছু কাল পরে, এলে পরে ঘরে,
দেখ্‌তে পেতিস, তনু শব সবারি।
ঐ দেখ! ধূলায় পড়ে নন্দ, তোর শোকে, গোবিন্দ!—
নিরানন্দ আমার নন্দপুরী ॥ (ঞ)

কৃষ্ণ ভাবেন এ কি দায়, প্রবোধিয়ে কন যশোদায়,
কেঁদ না মা! হয়েছে শুভযোগ।
আমি নৈ মা! তোর হরি, হরি-বৈদ্য নাম ধরি,
হরিব হরির মূর্চ্ছারোগ ॥ ১২২
হরিষে বিষাদমতি, হয়ে বল্‌ছে যশোমতী,
তুই কিরে বাঁচাবি নীল-রতনে?
এ রত্ন বাঁচিলে পরে, যত রত্ন আছে ঘরে,
আমি তোরে দিব রে যতনে ॥ ১২৩
যদি এ ধন পায় রে যশোমতী,
(তবে) কোন মতিতে নাই রে মতি,
গজমতি সব তোরে [৩]আজি বিলাবো[৩]।
কর্‌তে হবে না উপাসনা, যত সোনা তোর বাসনা,
কালীয়ে-সোনা বাঁচিলে, তোরে দিব ॥ ১২৪

পাঠান্তর : ১-১ বিষয়ের বিষমৌষধি—খ, ছ। ২ সুরট-মল্লার—ক। ৩-৩ সমর্পিব—খ।

পুনঃ কৃষ্ণ মায়া দিয়ে, মায়ে পাঠায়ে প্রবোধ দিয়ে,
সভায় বসিলেন গিয়ে হরি।
যত ছিল চিকিৎসক, সকলের বল-নাশক,
হলেন শাস্ত্রে পরাভব করি ॥ ১২৫
সভায় হলো সৌরভ, হরি-বৈদ্যের গৌরব,
গোপ-পরিবার আজ্ঞাকারী।
গোপ-মাঝে কন কেশব, আয়োজন কর হে সব,
(আমি) আশু যেন ঔষধ করতে পারি। ১২৬
যাতে কৃষ্ণ চেতন পান, ঔষধের এক অনুপান,
অনুসন্ধান শীঘ্র কর, ভাই!
তবে ঔষধের কূল, অক্ষয়-বটের মূল,—
পারিজাত বৃক্ষের মূল চাই ॥ ১২৭
সভায় ছিলেন দেব-ঋষি, কৃষ্ণের চরণে আসি,
প্রণমিয়া কন করপুটে।
গোপের প্রতি প্রতারণ, আর কেন ভবতারণ!
অভয় দিয়ে বাঁচাও সঙ্কটে ॥ ১২৮
গোকুল কেঁদে আকুল, আর হৈওনা প্রতিকূল,
মিছে চক্র ছাড়, চক্রপাণি!
অক্ষয় বটের মূল, আনো ব'লে আর কেন ভুল[১]!
মূল কথাটা সকলি আমি জানি। ১২৯

খাম্বাজ—একতালা

মূলের লিখন জানি আমি।
সকলেরি মূল হে গোবিন্দ! তুমি।
কোথা যাবে অন্য মূলের অন্বেষণে,
অমূলক কথা শুনি না শ্রবণে,
মূলমন্ত্র-গুণে, মূলাধারে তত্ত্ব,
পেয়েছি, হে ভবস্বামি। (ট)

ছিদ্র-কুম্ভে কুটিলার জল-আনয়নে গমন

পরে প্রভু চিন্তামণি, মন্ত্রণার শিরোমণি,
আনি এক মৃত্তিকার ঘট।
নহে স্থূল,নহে ক্ষুদ্র, সহস্র করেন ছিদ্র,
কহিছেন বচন দুর্ঘট ॥ ১৩০
ব্রজে যদি থাকে কেউ সতী নারী, এই কলসে আন বারি।
অসতীর কক্ষে না আসিবে।
দেখিবে কেমন বৈদ্য বটি, সেই জলে বাঁটিয়ে বটি,
দিলে, গোপাল চৈতন্য পাবে। ১৩১
কুটিলে ছিল 'নন্দপুরে, অম্‌নি এসে তালপুরে[২],
বলে, জল আনি গে দেও মোরে।
আমি সতী আর যাকে জানি, আর গোকুলে কুল-মজানী,
ঢাক-বাজানী প্রায় ঘরে ঘরে ॥ ১৩২
লোককে বলি' জায়-বেজায়, ঘট লয়ে কুটিলে যায়,
ডুবিয়ে কুম্ভ যমুনার জলে।
যতবার কক্ষে তোলা, রক্ষে হয় না এক তোলা!
দুঃখে বক্ষে[৩] ধারা ব'য়ে চলে ॥ ১৩৩
চলিতে কাঁপে কাঁকালি, তাপে তপ্ত হয়েছে কালি,
যায় লজ্জায় বসনে মুখ ঢেকে।
শুনিয়া লজ্জার কথা, জটিলে ছুটিয়ে তথা,
কুপিয়ে কয় কুটিলেকে ডেকে ॥ ১৩৪
কি করিলি ছি লো ছি লো! গর্ভে মরণ ভাল ছিল!
জানিলে মারিতাম সূতিকা-ঘরে টিপে!
দিলি নির্ম্মল কুলে টিকে, টিক্ টিক্ করিবে লোকে,
টিক্‌তে পারিব না কোন রূপে। ১৩৫
আমি জানি,—মোর লক্ষ্মী মেয়ে, অভাগীর সঙ্গ পেয়ে,
খেয়ে বুঝি ফেলেছিস্ মোর মাথা?
আমাদের সে এক কাল ছিল, এখনকার অভাগীগুলো!—
লজ্জা নাই,—সজ্জা নিয়েই কথা ॥ ১৩৬

পাঠান্তর: ১ ভুল—গ। ২-২ নন্দপুরে অমনি এসে তার পরে—ক; নিজপুর শুনে এসে নন্দপুরে—খ। ৩ চক্ষে—ক।

হয়ে কুলের কুলবতী, নিকৃসি-[১]পেড়ে চিকণ ধুতি,
ঠোঁট রাঙ্গিয়ে সর্ব্বদা মুখ-তেলা।
মিছে মিছে যায় মুখ লুকিয়ে, আড়ে-আড়ে আড়-চ'খে চেয়ে
মুখ দেখিয়ে, বুক চিতিয়ে চলা। ১৩৭
হাতে গহনা সোনার চিপ, ভ্রূতে খয়েরের টিপ,
সিঁতের সিন্দুর পরা গিয়াছে উঠে।
করেন না অন্য কারবার, দিনের মধ্যে ষোল বার,
ভালবাসেন যেতে জলের ঘাটে। ১৩৮
মাথায় আরমানী-খোঁপা, চারি দিকে তার বেড়া চাপা,
ঝাপ্‌টা-কাটা কান-ঢাকা সব চুল।
পথে যেন ছবি নাচায়, ছোঁড়ারা ফিরে ফিরে চায়,
এতে কি থাকে কুল-কামিনীর কুল। ১৩৯
যেতে তোকে দক্ষিণ-পাড়া[২], নিত্যি আমি দিই লো তাড়া,
মান না সাড়া,—থাক লো বেটি! থাক।
যেমন সত্যপীরের ঘোড়া, করিব খোঁড়া সেই রূপের গোড়া!
পা কেটে দিয়ে ঘুচাব সকল জাঁক। ১৪০

খাম্বাজ—পোস্তা

আর তোরে রাখ্‌বো না ঘরে, হাসাতে শত্রু গোকুলে।
কাজ নাই অনমের মত, যা মা! এবার জামাই এলে।
নারীর ঢেউ স্বামী বিনে, অন্যে কে ধরে কেমনে[৩]—
গঙ্গার ঢেউ গঙ্গাধর ধরেছেন শিরোমণ্ডলে। (ঠ)

ছিদ্র-কুম্ভে জটিলার জল-আনয়নে গমন

জটিলে "অভিমানে জলে[৪], বলে,—চল্‌লাম আমি জলে,
ঘট দেও, হে বৈদ্য গুণসিন্ধু!
ব'লে, গিয়ে[৫] মহাতুলে, জলে ডুবিয়ে দেখে তুলে,
ঘটে জল থাকিল না একবিন্দু। ১৪১
লাজে হয়েছে জড়সড়, ঘাগী মাগীদের চালাকী বড়,
কোপ করে কহিছে বৈদ্য প্রতি।
কোথাকার এক অল্‌পেয়ে, বসেছে এক রঙ্গ পেয়ে,
আই মা! হলাম সতী হয়ে অসতী। ১৪২
হতভাগার ভোগায় ভুলে, ভাঙ্গা ঘটে জল তুলে,
ঘটে কলঙ্ক মিছে,—কই কারে!
যাউন বৈদ্য যমের বাড়ী, ছিদ্র যাতে চৌদ্দ বুড়ি,
তাতে কেউ কি জল আন্‌তে পারে। ১৪৩
আঁচলা পেতে রৌদ্র ধরা, পাষাণের সত্ত্ব বার করা,
বসনে আগুন বেঁধে আনা।
কান দিয়ে বাজায় শিঙ্গে, তেঙ্গায় চালায় ডিঙ্গে,
হেন সাধ্য করে কোন্ জনা। ১৪৪
কার সাধ্য কোন্ কালে, জল দিয়ে প্রদীপ জ্বালে!
জলে আগুন কে দেয় কোন্ দেশে!
হতভাগার[৬] কথা শুনে, মায়ে ঝিয়ে মনাগুনে,
জলে ম'লাম, জল আন্‌তে এসে। ১৪৫
তখন, যশোদা সঙ্কট ভাবে, ছেলে পাই নে জলাভাবে!
উন্মাদিনী হ'য়ে রাণী বলে।
ওরে বৈদ্য বাছা! বল, সকলে হলো দুর্ব্বল
বল্ তবে রে আমি যাই জলে। ১৪৬
বৈদ্য কন আন্‌তে নীর, উচিত হয় না জননীর,
মাতৃহস্তে ঔষধ-বারণ।
বিষ-বড়ি মায়ে দিলে করে, সুধাতুল্য গুণ করে,
হয় না তায় ব্যাধির দমন। ১৪৭
কেঁদ না মা! ব্রজবসতি, মধ্যে কি অনেক সতী,
থাকিবে না, এমনি বিবেচনা?
কেন আর মিছে উৎপাত, ক'রে দেখি অঙ্কপাত,
জানি মা! আমি জ্যোতিষ-গণনা। ১৪৮

* * *

হরি-বৈদ্যের গণনা

এত বলি চিন্তামণি, ডাকিয়ে যত রমণী,
খড়ি দিয়ে ভূতলে ঘর করি।

পাঠান্তর: ১ নক্সা পেড়ে—খ; নকাসি পেড়ে—গ। ২ বামুন পাড়া—ক। ৩ ভূতলে—ক। ৪-৫ নানা ছলেবলে—ক। ৫ ঘট লয়ে যায়—খ। ৬ পোড়ামুখোর—খ, গ, ছ।

পঞ্চাশ অক্ষর পরে, সজ্জা করি প্রতি ঘরে,
লিখিলেন নিখিল-ভয়-হারী[1] ॥ ১৪৯

কন বৈদ্য গুণমণি, এসো অনেক রমণি !
হস্ত দেও—বাসনা যে ঘরে।
শুনে এক ধনী ত্রস্ত "র"য়ের ঘরে দিল হস্ত,
বৈদ্য কন,—সতী আছে নগরে ॥ ১৫০

"র" অক্ষরে এক রমণী সতী দেখিলাম গণে !
শুনে সবে কয়, "র"য়ে বহু রয়, রমণী এ বৃন্দাবনে ॥ ১৫১
বৈদ্য বলে, দেখিলে[2], চিনিব ডাক দ্রুত।
শুনে রমণী, যায় অমনি, "র"-অক্ষরে যত ॥ ১৫২
রাসমণি রাজমণি রামমণি রঙ্গিণী।
রাজকুমারী রাজেশ্বরী রক্ষে রতনমণি ॥ ১৫৩
রামা রসিকে রসদায়িকে রসমঞ্জরী রতি।
রঞ্জনী রজনী রতনমণি রসবতী ॥ ১৫৪

কন বৈদ্য হরি, অমৃত-লহরী,
জিনিয়া যেন বচন।
এ সব গোপীকে, কেবল ব্যাপিকে
সতী নহে একজন ॥ ১৫৫
কেবল এক সতী, ভূত ভবিষ্যতি,
তত্ত্ব-কথা হৃদে জানে।
আছে সে রমণী, নারীর শিরোমণি,
(এখন) চিন্তামণি-পদধ্যানে ॥ ১৫৬

—

ললিত-ঝিঁঝিট[3]—ঝাঁপতাল

এক সতী বসতি করে এই ব্রজ-মণ্ডলে।
চিনতে নারে তারে গোকুলে, ডাকে সকলে রাধা ব'লে ॥
গতি-বিহীনগণ গতি, দুর্গতি-বিনাশিনী,
গোবিন্দপ্রিয়ে গুণময়ী গোলোক-বাসিনী,
সে ধনী গোপের কন্যা,—গোপনে গোকুলে ॥
সে যে আয়ান-গোপ-কান্তা, ভেবে ভ্রান্তা, তার ননদিনী,
হরি-পরিবাদিনী, রব রটালে কুটিলে,
শিরে পশরা দিয়ে, মথুরার হাটে যেতে কয় সতত,
যে হাটক-বরণীর হাটে জগজ্জনের যাতায়াত,
যার, ধর্ম্মার্থ-কাম-মোক্ষপদ পদতলে ॥ (ভ)

—

এই কথা শুনিবা মাত্র, পুরময়[4] পুলক-চিত্ত,
কুটিলে শুনিয়া রাগে জল্‌ছে।
দৌড়ে গিয়া বল্‌ছে মাকে, সতী হলো শুনলি মা কে !
পোড়া-কপালে বদ্যি যে কি বল্‌ছে ॥ ১৫৭
কথা শুনে ধরিল মাথা সতী তোমার বধূমাতা !
জন্মটা যন্ত্রণা যার জন্যে।
কালি দিয়ে দাদার কুলে, সদা যায় কালিন্দী-কূলে,
দুপুর বেলায় ধরে আনি অরণ্যে ॥ ১৫৮
বদ্যি নয় সে অধঃপেতে, বসেছে ভাল রঙ্গ পেতে,
রাধা ব'লে কেঁদে হলো আকুল।
হাত গ'ণে মা বল্‌তে পারি, নিঃসন্দ তোমারি প্যারী,
তার প্রতি আছেন অনুকূল ॥ ১৫৯
হেথা ব্যস্ত হয়ে যশোমতী, গোপীরে দেন অনুমতি,
ওগো চন্দ্রা ! ডাক মা[5] রাধাকে।
চন্দ্রমুখী যাউন জীবনে যত্নে এনে জীবন-দানে,
জীবনে জীবন যেন রাখে ॥ ১৬০
শুনে সংবাদ রাধা-শক্তি, শক্তি নাই করিতে উক্তি,
গতি-শক্তি রহিত,—শ্রবণে।
বলেন অচিন্ত্যরূপিণী, ওহে নাথ চিন্তামণি !
কি চিন্তে করেছ আবার মনে ॥ ১৬১
শ্রীহরি বলেন,—শ্রীমতি ! শ্রীপতি-চরণে মতি,
সঁপ গিয়ে নন্দের মন্দিরে।
ল'য়ে ছিদ্রঘট কক্ষে, ঘন ঘন ধারা চক্ষে,
করেন স্তুতি ককারাদি অক্ষরে ॥ ১৬২

* * *

পাঠান্তর : ১ নিখিল-ভয়হারী—গ, ছ। ২ দেখতে পেলে—খ, ছ। ৩ বিভাস—ক। ৪ পরম—গ। ৫ মা—খ।

জল আনিবার পূর্ব্বে শ্রীরাধিকা স্তব করিতেছেন

ওহে কৃষ্ণ কংসারি! কৃতান্ত-ভয়ান্তকারি!
করপুটে কাঁদে কিশোরী, করুণার প্রয়াসী।
কঠিন কিসের তরে, কৃপা নাই কি কলেবরে?
কক্ষে দেও কেমন ক'রে, কলঙ্ক-কলসী॥ ১৬৩
খর খর বচন ব'লে, খল খল হাসিবে খলে,
ক্ষুদ্রগণের খেদ পূরালে, ওহে ক্ষীরোদবাসি!
কি খেলা নাথ! খেলাইলে, ক্ষিতি হতে খেদাইলে,
খুন-প্রায় ক্ষেতি করিলে, এই বড় খেদ-রাশি॥ ১৬৪
গোবিন্দ গোলোকের পতি, গতি-হীনগণের গতি,
জ্ঞানহীনে গায় কি সঙ্গতি, গুণের গরিমে!
গোপগণ কাঁদে গোপনে, গোধন কাঁদে গোবর্দ্ধনে!
গোপাল কি মনে গণে, গা ঢেলেছে ভূমে॥ ১৬৫
দেখে ঘন-নিদ্রে ঘনশ্যাম, ঘোর ভয়েতে ঘামিলাম,
ঘটে তোমার অবিশ্রাম, কত ঘটনাই ঘটে।
কি ঘটার ঘটক হ'য়ে, ঘটে ছিদ্র ঘটাইয়ে,
ঘোর শত্রু ঘাঁটাইয়ে, কেন ফেল দুর্ঘটে॥ ১৬৬
ওহে উৎকট-ভঞ্জন, উমাপতি-আরাধ্য-ধন!
নাই শক্তি উথায়ন, উপায় করি কি!
উত্তাপে দেহ-নিপাত, উত্তরি কিসে উৎপাত!
উদ্ধারহ দীননাথ! ঊর্দ্ধকরে ডাকি॥ ১৬৭
তুমি চরমের চিন্তাহরণ, চরাচরে চাহে চরণ,
চন্দ্রচূড়ের চিরধন, তুমি হে চিন্তামণি!
ওহে চিন্তাময় হরি! দুঃখে চক্ষের জল নিবারি,
ওহে চক্রি! তোমার চক্র, দেখে চমকে পরাণী॥ ১৬৮
ছলগ্রাহি! ছল দেখি, ছল ছল করিছে আঁখি,
ছদ্ম করা ছন্দ একি! ছাড় ছাড় ছলনা।
ছিদ্র-ঘটে জল না এলে, ছোটলোকে ছিদ্র পেলে,
ছি ছি কান্ত! ছি ছি ব'লে, করিবে হে লাঞ্ছনা॥ ১৬৯
ওহে জলধর-বর্ণ! জ্বালাবে জলের জন্ত,
জীবন করিবে জীর্ণ, বাকি তা কি জান্তে!
যায় যাবে জীবন-জাতি, যন্ত্রণা পান যশোমতী,
যা কর হে জগৎপতি! যাই আমি জল আন্তে॥ ১৭০

আলিয়া—একতালা[১]

এখন যা কর হে ভগবান!
ছিদ্র-ঘটে বুঝি বিপদ ঘটে, হরি!
কিন্তু আনিতে যদি নারি এই বারি,
তবে এই বারি, ওহে দুঃখ-বারি! বারিতে ত্যজিব প্রাণ॥
অসম্ভব সব তোমাতে সম্ভব,
প্রহলাদে রাখিতে স্তম্ভেতে উদ্ভব.
[২]দাসীরে প্রসন্ন হও হে মাধব!
কুম্ভে[২] হও অধিষ্ঠান॥
শঙ্কা এই,—কৃষ্ণ-নামের[৩] হবে নিন্দে,
ভাসাইলে দুঃখিনীরে নিরানন্দে,
কর্‌লে বুঝি নাথ! চরণারবিন্দে
স্থান দিয়ে অপমান॥ (চ)

ছিদ্র-কুম্ভে শ্রীরাধিকার জল-আনয়নে গমন

কক্ষে ল'য়ে জলপাত্র, চক্ষে বহে জল-মাত্র,
পদ্মনেত্র-পানে চেয়ে কন।
আর মিছে অনুশোচন, অনুপায় জেনেছে মন,
অনুগ্রহ বিনে নাই মোচন॥ ১৭১
আমি তো অনুচরা হয়ে, চল্‌লাম,—অনুমতি লয়ে,
অনুকূল থেকো হে জগৎপতি!
করেছো যে অনুষ্ঠান, দেখ্‌ছি ক'রে অনুমান,
অনুতাপ ঘটাবে দাসীর প্রতি॥ ১৭২
তোমায় মিথ্যে অনুযোগ, কর্ম্ম-অনুযায় ভোগ,
অনুক্ষণ বেদাগমে বলে।
যায় দুঃখের অনুশীলন, অনুরক্ত হয় ভুবন,
তোমার কৃপায় অনুকম্পা হ'লে॥ ১৭৩

পাঠান্তর : ১ কাওয়ালী—খ। ২-২ দাসীরে প্রসন্ন ভাব যদি একবার কুম্ভে—গ, ছ। ৩ কৃষ্ণধনের—খ, গ, ছ।

অনুজ্ঞাবর্তিনী[১] এত, জান নিতান্ত অনুগত!
অনুব্রত[২] ঐ পদ ধ্যেয়াই।
অধিনী[৩] দাসীর অনুরোধে, অনুদয় থেকো না হৃদে,
অনুসন্ধান-কালে যেন পাই। ১৭৪

এত বলি হ'য়ে কাতরা, যমুনায় গিয়ে ত্বরা,
জলে কুম্ভ দিতে কাঁপে অঙ্গ।
যেমন ভুজঙ্গ-গহ্বরে কর, দিতে অতি দুষ্কর!
বলে, পাছে ধরে ভুজে ভুজঙ্গ। ১৭৫

তাপেতে তনু বিবর্ণ, ঘন ঘন ঘনবর্ণ,
স্মরণ করিয়ে কন প্যারী।
লজ্জাভয়ে অঙ্গ দহে, কি বিবন্ধ, গোবিন্দ হে!
ঘটালে ঘটেতে ছিদ্র করি। ১৭৬

ধরিয়ে কলঙ্ক-ডালি, তুলে দিলে দাসীর শিরে।
বুঝিলাম হে দীননাথ! ডুবালে দুখিনীরে দুঃখ-নীরে। ১৭৭
কেন নাই হে হরি! তুমি অন্ত যশোদায় দায়।
কেবল রাধার শত্রু হাসাবে তুমি পায় পায়। ১৭৮
একান্ত তোমার পদে, "সঁপে হে"! শ্রীমতী মতি।
'তোমাকে ভজিয়ে'[৪] আমার, এই হলো সঙ্গতি গতি। ১৭৯
একে তো ব্রজের মাঝে, নামটী কলঙ্কিনী কিনি।
আমার কালি জানেন কালী, কাল-ভয়-ভঞ্জিনী যিনি। ১৮০
এইরূপে শ্রীমতী, কত মিনতি যুগ্ম-করে করে।
দয়া কর, হে দয়াময়! দাসী তবে সত্বরে তরে। ১৮১
তবে হয় প্রত্যয়, জানিব বাঁচালে অপরাধে রাধে।
জল-মধ্যে দেখা দিয়ে, স্থান দাও বিপদে পদে। ১৮২

খট্-ভৈরবী—একতালা

যদি ঘুচাও শ্যাম! কলঙ্কিনী নাম,
বল্‌বে গোকুলে সকলে সাধ্বে।
দেখিব কেমন দয়া, যদি দাও দাসীরে,
একবার দরশন,—মহাকালের ধন!
ওহে কালবারি! কাল-বারির মধ্যে।
অকলঙ্ক রাধার হবে হে পরীক্ষে,
দেখ্‌বে হে ত্রৈলোক্যে যক্ষে রক্ষে—চক্ষে,
দিলে দাসীর পক্ষে, লজ্জা-রক্ষে ভিক্ষে,
ব্যাখ্যে কেবল তোমার চরণ-পদ্মে।
এ ভার—কি ভার, ভূভারহারি! তাতো জানো,
করাঙ্গুলে ধর গিরি-গোবর্দ্ধন,
করে কর দিবাকর-আচ্ছাদন,
অসাধ্য সাধন তোমার সাধ্যে। (৭)

ছিদ্র-কুম্ভে শ্রীরাধিকার জল আনয়ন

জল-মধ্যে জলদাঙ্গ, রাইকে দিয়ে দরশন।
জল দিয়া নিভান যত্নে, রাধার মনের হুতাশন। ১৮৩
গিয়ে ছিদ্র-কুম্ভে, অবিলম্বে, দেন ছিদ্র নিবারি।
সঙ্গে সখী, চন্দ্রমুখী, কি আনন্দ সবারি। ১৮৪
লয়ে বারি, রাজকুমারী, যান রাধারঙ্গিণী।
জয় রাধা, জয় রাধা, রব করে যত সঙ্গিনী। ১৮৫
শুনে ধ্বনি, প্যারী ধনী, কহেন সহচরীকে।
সই গো! নয় রাধার জয়, জয় দেও মোর হরিকে। ১৮৬
কীর্ত্তি যার, জয় তার, জগতে রয় ঘোষণা।
বরং তার, ক'রে বিচার, দৃষ্টান্তে দেখ না। ১৮৭
যুধিষ্ঠিরের কীর্ত্তি যেমন, সকায় স্বর্গে গমনে।
বলি রাজার কীর্ত্তি যেমন, বিত্ত দিয়ে বামনে।
পরশুরামের কীর্ত্তি যেমন, ক্ষত্রকুল-দলনে।
রাবণ রাজার কীর্ত্তি যেমন, ঘাস কাটিয়ে শমনে।
প্রহ্লাদের কীর্ত্তি যেমন, কৃষ্ণপদ-ভজনে।
ভীমসেনের কীর্ত্তি যেমন, বারায়পৌটী-ভোজনে।
গয়াসুরের কীর্ত্তি যেমন, শিরে লয়ে শ্যাম-চরণে।
ভীষ্মদেবের কীর্ত্তি যেমন, ইচ্ছা হয় মরণে।

পাঠান্তর: ১ অনুজ্ঞা বিতরিলে—গ। ২ অনুরত—গ। ৩ আপনি—গ। ৪-৪ রেখেছে—খ, রাখে হে—গ, রেখো হে—ঙ।
৪-৪ ও চরণ ধরিয়ে—খ, গ, ঙ।

ইন্দ্রদ্যুম্নের কীর্ত্তি যেমন, জগন্নাথ-স্থাপনে।
ভগীরথের কীর্ত্তি যেমন, গঙ্গা এসে ভুবনে॥
ছিদ্র ঘটে জল লয়ে যাই, আমি যে নন্দ-ভবনে।
এ আমার শ্যামের কীর্ত্তি, শুন গো সখি! শ্রবণে॥ (ঈ)
যার কীর্ত্তি, তারি জয়, বল্‌তে হয় সযনে।
'রাধা-জয়-জয়' বল, সখি! তোমরা রাধার কি গুণে॥ ১৯৪

খাম্বাজ—কাওয়ালী

তোমরা কেমনে সখি! বল রাধার জয়।
তোরা বল্ গো, সই! মোর শ্যামচাঁদের জয়॥
তারি জয়ে জয়, দ্বারী জয় আর বিজয়,
জয়ন্তী সনে, বলে জয় জয় বদনে,—
যাতে মৃত্যুঞ্জয়ী মৃত্যুঞ্জয়॥
গিয়ে জল আন্‌তে নয়নে না ধরে জল,
জলাকার দেখি সকল,
বত চক্ষে জল ঝরে, ডেকেছি শ্যাম-জলধরে,
জলাধারে হলেন হরি, আপনি উদয়॥
আমার এ কুম্ভমাঝে কৃপাসিন্ধুর জল,
এ আমার শ্যামের উজ্জ্বল,—
যে পদে জন্মে গো ধনি! জলরূপা সুরধুনী,
এ ঘটে জল আনি, করি তাঁরি পদাশ্রয়॥ (ড)

জলস্পর্শে শ্রীকৃষ্ণের কপট মূর্চ্ছা ভঙ্গ

কলসীতে জল পূরে, রাই যান নন্দের পুরে,
চরণে রত্ন-নূপুরে, কিবা মধুর ধ্বনি।
যথায় বৈদ্য বিরাজে, বারি দিয়া বৈদ্য-রাজে,
বাঁচাতে কন ব্রজরাজে, ব্রজরাজ রাণী॥ ১৯৫
তখন বারি লয়ে বারি-পাত্রে, বিপদ-বারীর গাত্রে,
দিবা মাত্রে উঠিলেন শ্রীহরি।
ডাকিছেন জননী ব'লে, যশোদা আসি প্রাণ-বিকলে,
ল'য়ে কোলে নীলকমলে, কাঁদে বদন হেরি॥ ১৯৬

চৌদ্দ বৎসরের পরে, রামকে যেমন পেয়ে ঘরে,
কৌশল্যার দুঃখ হরে, রাণীর যেন তাই।
একজন প্রতিবাসিনী, নারী এসে কহিছে বাণী,—
বল দেখি গো নন্দরাণি! তোর কি দয়া নাই॥ ১৯৭
জীবন আন্‌লে রাজার মেয়ে,
তোর জীবন উঠ্‌লো জীবন পেয়ে,
নৈলে তো জীবন যেয়ে, মর্‌তে শোকানলে।
চন্দ্রমুখী শ্রীরাধাকে, বাঁচালে তোমার প্রাণাধিকে,
আগে চন্দ্রবদনীকে, হয় কর্‌তে কোলে॥ ১৯৮

* * *

যশোদার কোলে রাধাকৃষ্ণ

রাণী বলে, মরি মরি! আয় কোলে মা রাজকুমারি।
তোর গুণে পেলাম গো প্যারি! প্রাণের কৃষ্ণধনে।
তো হ'তে সুখ জন্মায় অতি, হয়ে থেকো জন্মায়োতি,
তুমি মা সাবিত্রী সতী, এই বৃন্দাবনে॥ ১৯৯
তখন, দক্ষিণ কোলেতে হরি, বাম কোলে ল'য়ে
রাই-কিশোরী,
রাণী যেন রাজরাজেশ্বরী, দাঁড়ালেন উল্লাসে।
আমার কি পুণ্য-ফল, যশোদার জন্ম সফল!
সোনার গাছে হীরের ফল, ফল্‌লো দুই পাশে॥ ২০০

সুরট[১]—ঝাঁপতাল

বাম-ভাগেতে শ্যামমোহিনী, শ্যামচাঁদ শোভিছে দক্ষে।
কি শোভা যুগল-রূপ, যশোদার যুগল কক্ষে॥
ব্যাকুলা হয়ে নন্দ-নারী, বলে কিছু বুঝিতে নারি,
রাই হেরি কি শ্যাম হেরি, কোন্ রূপের করি ব্যাখ্যে।
কিবা বর্ণ রাধা কমলিনী, স্বর্ণ-সরোজিনী জিনি,
নীলমণি নির্ম্মল আমার নীলকান্তাপেক্ষে।
দাশরথি কহে বিশিষ্ট, পাপ-নয়নে নহে দৃষ্ট,—
এক অঙ্গ রাধাকৃষ্ণ, একবার দেখো জননি! জ্ঞান-চক্ষে॥ থ)

পাঠান্তর: ১ সুরট-মল্লার—ক।

১৫। মানভঞ্জন

শ্রীমতীর বিরহ-বিলাপ ও সখীগণের সান্ত্বনা

বাসর সুসজ্জা ক'রে, না হেরি বাঁশরীধরে,
চিত্ত না ধৈরয ধরে, ভাসে চক্ষু জলে।
নিরখিয়ে নিশি-অন্ত, অন্তরে দুঃখ অনন্ত,
'অনন্ত-পূর্ণিত কান্ত! কোথা রৈলে'—ব'লে। ১
নারেন বঞ্চিতে আসনে, বাঞ্ছিত প্রাণ-নাশনে,
গোবিন্দের অদর্শনে ভুবন অন্ধকার।
গলিত ভূষণ বেশ, গলিত চাঁচর কেশ,
অন্তরেতে হৃষীকেশ, অন্তর রাধার। ২
শোকে যেন উন্মাদিনী, হয়ে কৃষ্ণ-প্রেমাধিনী,
প্রাণান্ত প্রমাদ গণি, করয়ে রোদন।
কহিছেন,—ওগো বৃন্দে! আর পাব না সে গোবিন্দে!
ভাসাইলে নিরানন্দে, নীরদ বরণ। ৩
রাধারে বধি একান্ত, কোন্ ধনী মোর নীলকান্ত,
কণ্ঠহার নীলকান্ত, নিল বংশীধরে!
বিষময় সংসার হেরি, বিনে বিশ্বময় হরি,
ভূষণ হয়ে বিষ-হরি, দংশে কলেবরে। ৪

সিন্ধু[১]—জৎ

বৃন্দে গো! কেশবের বিচ্ছেদ কে সবে প্রাণে।
আমার [২]শবরূপ—যে,সব আত্মার,সেই প্রাণ-কেশব বিনে[২]।
না শুনে গান বাঁশরীর, না হেরে শ্যাম-শরীর,
করে কি শরীর কিশোরীর, সে গোবিন্দ জানে। (ক)

শুনে বৃন্দে কিঙ্করী, কহিছে বিনয় করি,
আই মা ছি ছি! কেমন উদাস্ত!
কহিতেছি বার বার, যায় নাই কাল আসিবার,
আশা পূর্ণ হইবে অবশ্য। ৫
রঙ্গের রাধার মত কান্না, এমন ধারা ঘরকন্না,
তোমাকে লয়ে করা যে, ভার হলো!
না হেরিয়ে শ্যাম-বরণ, এক দণ্ড সম্বরণ,
হয় না!—একি অসম্ভব বল। ৬
শুনিয়ে সখীর মুখে, কিশোরী সখী-সম্মুখে,
[৩]কহিছেন,—দহিছেন শোকে[৩]।
[৪]আসিবে রাধা-রমণ[৪], ও কথায় রাধার মন,
শান্ত হয় কি লক্ষণ দেখে। ৭
সুহৃদের আছে রীত, যে কথায় জন্মে পিরীত,
প্রিয় বাক্য বলে প্রিয় জনে।
জেনে রোগ অসাধ্য, রোগীরে বুঝান বৈদ্য,
ভয় কি ব'লে সন্তোষ-বচনে। ৮
এ আশায় কি দিব সায়! ভর দিব কি ভরসায়!
কালোরূপ পাবার কাল কি আছে?
ভাদ্র গেলে হবে ধান্য, এ কথা কি ভদ্রে মান্য?
ত্রিশ ঊর্দ্ধে বিভার আশা মিছে। ৯
কিনারা যার দিনান্তরে, সে তরী কখনো তরে?
ভাঙ্গে যদি গিয়া মধ্য-জলে!
সম্মুখে আইলে ব্যাঘ্র, প্রাণের আশায় হয়ে ব্যগ্র,
তার অগ্রে মিথ্যা জীব চলে। ১০
বৃন্দে গো! গোবিন্দের আশা, প্রত্যয় নহে প্রত্যাশা,
ব্যত্যয় জন্মেছে তা জেনেছি।
কিসে আর হ'ব শান্ত, হৈল নিশি-অবসান ত,
সে কান্ত একান্ত হারায়েছি। ১১

পাঠান্তর: ১ সিন্ধু-খাম্বাজ—ক। ২-২ সব রূপ যে সেই আকার সেই প্রাণ-কেশব বিনে—খ।
৩-৩ কহিতেছে অশ্রুপূর্ণ চোখে—খ। ৪-৪ বিনা সে রাধারমণ—খ।

আলিয়া—একতালা

আসার আশা আর কেন গো বৃন্দে!
'অস্তাচলে শশী'¹ ! ভানু প্রকাশিবে, কুমুদী মুদিবে,—
হ'লে দিবে কি এনে দিবে গোবিন্দে॥
দেহ-পিঞ্জরেতে ছিল প্রাণ-পাখী,
কৃষ্ণ-প্রেমাহার দিয়ে তারে রাখি,
সে পাখী আজি প্রাণ হারায় সখি!
প'ড়ে প্রাণকৃষ্ণ-আশার ব্যাধের ফান্দে॥ (খ)

গোবিন্দ বিনে বেদনা, প্রসন্নহীনা-বদনা,
রাইকে দেখে বলে বৃন্দে দূতী।
স্থির মতি কর শ্রীমতি! দাসীরে কর অনুমতি,
অনুতাপ ঘুচাই শীঘ্রগতি॥ ১২
কোন্ কার্য্য শ্যামকে ধরা, স্বর্গ কি পাতাল ধরা,
ভ্রমিয়ে ত্বরা আন্‌তেছি মাধবে।
এত বলি শ্রীরাধায়, প্রবোধিয়া দূতী যায়,
কাননে চলেন কৃষ্ণ ভেবে॥ ১৩

*   *   *

চন্দ্রাবলীর কুঞ্জে শ্রীকৃষ্ণের গমন

হেথা সন্ধ্যাকালে নন্দালয়ে, গোপাল গোপাল লয়ে,
আসিছেন সখাগণ-সনে।
পথ-মধ্যে অদর্শন, হইয়ে পীতবসন,
যান চন্দ্রাবলী-কুঞ্জবনে॥ ১৪
চন্দ্রাবলী রাধাধনে-(র) চন্দ্রমুখ-দরশনে,
চন্দ্রাবলী চন্দ্র পায় করে।
বল হে গোকুলচন্দ্র! আজি কি আমার শুভ-চন্দ্র,
উদয় হইল ব্রজপুরে॥ ১৫
কোন্ ঘাটে ধুয়েছি মুখ, যাঁরে ভজে চতুর্ম্মুখ,
সে মুখ সম্মুখে,—একি লাভ!
যদি চাও চন্দ্রমুখ তুলি, মুখ রাখ একটী কথা বলি,
নতুবা জানিব মুখের ভাব॥ ১৬
অধো করো না!—তোল শির, শুন ওহে তুলসীর,
প্রিয় কৃষ্ণ! দাসীর অভিলাষ।
অন্তরে গণি প্রয়াস, এক রজনী পীতবাস!
দাসীর বাসেতে কর বাস॥ ১৭
উদ্যোগে তোমারে আনা, সে যোগ জন্মে হতো না,
দাসীর এমন সহযোগ কই।
যাঁরে যোগীন্দ্র জপেন যোগে, দেখা পেলাম দৈব-যোগে,
যোগে-যোগে যদি ধন্যা হই॥ ১৮
যে পদ শিরে পায় বলি, করে পায় বৃন্দাবলী,
শুন হে গোবিন্দ! বলি, চন্দ্রাবলীর সাধ রাখ হৃদয়ে!
রাখিতে হবে উপরোধ, ক'রো না আশা-পথ-রোধ,
আজি পথ করিব পথে পেয়ে॥ ১৯
উপরোধে পরশুরাম, জননীর প্রাণ বধে।
বিন্ধ্যগিরির হেঁট মাথা, অগস্ত্যের উপরোধে।
প্রহ্লাদের উপরোধে, তুমি হে অবিলম্বে।
উদয় হয়েছ, হরি! স্ফটিকের স্তম্ভে॥
উপরোধে মারীচ গেল, জীবনে মরিতে।
জেনে শুনে জগবন্ধুর জানকী হরিতে॥
দ্রৌপদীর ভোজনান্তে পাণ্ডবে ছলিতে।
উপরোধে দুর্ব্বাসা যান দ্বৈতক বনেতে॥
কৈকেয়ী রাণীর উপরোধ শুনিয়া শ্রবণে।
দশরথ দেয় প্রাণাধিক রামচন্দ্রে বনে॥
সত্যবতীর উপরোধে—পুরাণেতে শুনি।
ভ্রাতৃ-বধূ-সহবাস করেন ব্যাস-মুনি॥ (অ)

সুরট—একতালা

দাসীর কুঞ্জে থাক এ শর্ব্বরী।
করি কৃপা-দান, কর এ বিধান,
করুণানিধান হরি।

পাঠান্তর: ১-১ অস্তাচলে সখি নিরখি চন্দ্রে—ক।

তব অঙ্গ সঙ্গ গুরুর গঞ্জন, কর হে বিশ্ব-বিপদভঞ্জন।
তুমি মনোরঞ্জন, এসো নিরঞ্জন!
নয়নের অঞ্জন করি।
পূর্ণব্রহ্ম! কর পূর্ণ অভিলাষ,
কিঞ্চিৎ অবকাশ কর হে প্রকাশ,
অন্তরেতে যেন ভেবো না আকাশ,
ব্রজেশ্বরী হৃদে স্মরি।
হই বনলতা হরিণী যেমন,
হরি হে! করিলে শ্রীহরি এখন,
যেওনা শ্রীহরি! হরি দাসীর মন,
হরিষে বিষাদ করি। (গ)

তখন শঙ্কা করি কিশোরীর, শঙ্কিত শ্যাম-শরীর
সঙ্কেতে বুঝিল চন্দ্রাবলী।
বল হে করি বারণ, ভয় নাই ভবতারণ!
তব ভ্রান্ত বুঝিলাম সকলি। ২৬
কমলা তব গৃহিণী, লোকে কয় চঞ্চলা তিনি,
মিছে তাঁর কলঙ্ক লোকে কয়।
কিছু কাল তো পূরান্ আশা, আসিবা মাত্র নৈরাশা,
এমন স্বভাব তাঁর নয়। ২৭
তাব দেখে হলেম অচল, তুমি হে যেমন চঞ্চল,
এমন চঞ্চল কেবা বল।
সঙ্গ হলো না সঙ্গোপন, হলো না প্রেম-আলাপন,
স্বপন দেখিয়া বিচ্ছেদ হলো। ২৮
সুখের আলাপ কি শুন হে কৃষ্ণ! সুখ নাই শুনিয়ে কাষ্ঠ[১],—
কত কষ্টে মুখে কাষ্ঠ-হাসি।
বলিব তোমায় কিমধিক, ওহে বঁধু! ধিক্ ধিক্,
পুরুষ এমন কন্নারাশি। ২৯
আঁখি করছে ছল ছল, পলা'বার দেখ্ছো ছল,
অন্তরে আর ভাব্ছ কমল-আঁখি!
যে তুষিলে চন্দ্রার মন, কর্‌লে পরে চান্দ্রায়ণ!
তবু স্থান দিবে না চন্দ্রমুখী। ৩০

* * *

কৃষ্ণ হে! তুমি যদি লক্ষ্মী ব্যতিরেকে তিষ্টিতে না
পারো, তবে তাহার উপায় বলি, শুন—
যদি তোমার এই স্থানে, ঘটে লক্ষ্মী-সংস্থানে,
তবে ত প্রস্থানে হও ক্ষান্ত।
বলি হে লক্ষ্মীর তরে, কি ফল গিয়া লঙ্কান্তরে,
লক্ষ্য যদি কর লক্ষ্মীকান্ত। ৩১
বাণিজ্যে বসতে লক্ষ্মী, ক'রে সেই উপলক্ষী
তোমারে ঘটাব লক্ষ্মীশ্বরে।
ওহে সৃজন-সংহারি! নির্জ্জনে বাণিজ্য করি,
স্থির হও,—অধৈর্য্য ত্যাজ্য কর। ৩২
সকল ঘটে ঘটে, ভাগ্যে মোক্ষ ঘটে, যোগ্যে বন্ধু ঘটে,
বিয়েয় আনন্দ ঘটে, প্রণয়ে প্রণয় ঘটে,
মমতায় মমতা ঘটে, শীলতায় মন ঘটে,
সম্পত্তে হেতু ঘটে, কুপথ্যে ব্যাধি ঘটে,
লালসে মূর্খ ঘটে, অলসে যাতনা ঘটে,
কলুষে বিষাদ ঘটে, ক্লেশে দৈন্য ঘটে,
বিবাদে দস্যু ঘটে, আবাদে শস্য ঘটে,
কুরাজ্যে কলঙ্ক ঘটে, সুকার্য্যে লক্ষ্মী ঘটে। (আ)
বাণিজ্য দেখ,—বাণিজ্যে লাভ, অল্প 'দাও হে'[২] অধিক লাভ,
দেখাই তোমায় ত্বরা করি।
ওহে নিকুঞ্জবিহারি হরি! হবে না তোমার হারি
যদি হারি আমি হারি[৩], হরি। ৩৪

বেহাগ—যৎ

রাধার হৃদয়ের ধন! আজি বৃন্দাবনে।
কর হে বাণিজ্য-কার্য্য আজ দাসী-সনে।
আমার স্বীকার, তোমায় সব সম্প্রদানে।
তুমি যে ধন দিবে, সেই ইঙ্গিত নয়নে।

পাঠান্তর: ১ কষ্ট—ক। ২-২ নয় হে—খ। ৩ 'হারি' পদটি খ-গ্রন্থে নাই।

ইথে কি লাভ, বঁধু! ভাব দেখি মনে।
তোমায় স্থান দিয়া হৃদয়ে, আমি স্থান লব চরণে॥ (ঘ)

কালো-রূপে শ্রীমতীর বিরাগ

চন্দ্রাবলীর ভক্তি-যোগে বদ্ধ ভগবান।
বাসে তার বাস করি, বাসনা পূরান্॥ ৩৫
হেথা চন্দ্র-অম্বে চন্দ্রমুখী, সখী-সন্নিধানে।
সম্মান হারিয়ে কুঞ্জে বসিলেন মানে॥ ৩৬
বৃন্দেরে কন কমলিনী, রাগে যেন তপন।
আজি পণ করিয়াছি, কৃষ্ণ-প্রেমের ব্রত উদ্‌যাপন॥ ৩৭
গোপেরে গোপন করি যারে করে ধরি।
প্রাণপণ করিয়া আলাপন বাঞ্ছা করি॥ ৩৮
সকলি স্বপন, বৃন্দে! কেউ নয় আপন।
তখন কালার সঙ্গে কেন করি কাল-যাপন॥ ৩৯
কৃষ্ণ-রূপ দৃষ্ট আর ইষ্ট নই এ জন্মে।
সহচরি! সহকারিণী হও যদি কর্ম্মে॥ ৪০
কালো মাত্র দরশনে রাগে অঙ্গ দ'য়।
ত্যাজ্য করি দেহ, বৃন্দে! কালো সমুদয়॥ ৪১
যতনে ঘুচাও যত কালো আভরণ।
মুছাইয়া দেহ, বৃন্দে! নয়নের অঞ্জন॥ ৪২
যে পথে ত্রিভঙ্গ,—কালো ভৃঙ্গে যেতে কহ।
কেশব-স্বরূপ কেশ মুড়াইয়া দেহ॥ ৪৩
আঁখির শূল হলো শ্যামা-সখীর বদন!
শ্যামা যাউক, যে পথে গিয়েছে শ্যামবরণ॥ ৪৪
ঘুচাব অন্তরের কালো, বিচ্ছেদ-আগুন জেলে।
দিব দণ্ড, কুঞ্জে কালো কোকিল ডাকিলে॥ ৪৫

*　　*　　*

প্রভাতে শ্রীকৃষ্ণের রাধা-কুঞ্জে গমন

হেথায় রহস্য কথা শুনহ বিশেষে।
রাধানাথ রাধার কুঞ্জে চলিছে প্রত্যূষে॥ ৪৬
ত্রিনেত্র-ধন পদ্মনেত্রে পথ-মধ্যে দেখি।
রঙ্গে ভঙ্গে ত্রিভঙ্গে সুধান বৃন্দে সখী॥ ৪৭
ভুবনমোহন হরি! হরিল লাবণ্য।
কৃষ্ণ হে! আজি দেখি কেন অধিক কৃষ্ণবর্ণ॥ ৪৮
এমন দরিদ্র নারী ছিল ক্ষুধা ভরে।
নিদ্‌ড়ে খেয়েছে সুধা, শ্যাম-সুধাকরে॥ ৪৯
চলে যেতে পায়ে লাগে, পড়িতেছে ভূমে!
কেন উঠে, কালাচাঁদ! এসেছো কাঁচা ঘুমে॥ ৫০
ধিক্ ধিক্ প্রাণাধিক! বলিব কিমধিক্।
কাল নিশিতে হয়েছিলে কার প্রাণাধিক॥ ৫১

রামকেলি—মধ্যমান

বল হে নির্দ্দয়! নিশি কোথা বঞ্চিলে।
কোন্ ধনীর বাড়ালে ধ্বনি,
শ্যাম-ধনে ধনী করিলে।
যার সনে করলে বিহার,
সে হারে নাই তুমিই হার,
না দিলে চিন্তামণি-হার,
চিন্তামণি যার গলে॥ (ঙ)

বৃন্দে দূতীর সহিত শ্রীকৃষ্ণের কথা

বৃন্দে দূতীর বচনে, পদ্মলোচন-লোচনে,
ধারা বহে ধারাধর সম।
অকূল গণিয়া অতি, ব্যাকুল গোলোক-পতি,
কন বৃন্দে! উপায় কর মম॥ ৫২

না হয় ধরি রাধার পায়, ঘুচাবে না কি অনুপায়!
বড় যাতনা তনু পায়, চল গো সখি! চল।
দিবে উত্তর রাধিকে, হ'য়ে উত্তরসাধিকে,
তোমরা মাত্র এ দিকে, দুটা কথা ব'লো॥ ৫৩
বৃন্দে বলে,—কুমন্ত্রণা, করো না,—হবে যন্ত্রণা!
এক্ষণে রক্ষা হবে না, যে আগুন জলেছে।

গিয়া নিশি-প্রভাতে, পারিবে না মিতাতে,
কেবল শত্রু-সভাতে, হাসিবে শত্রু পাছে। ৫৪
উদয় ক'রে দিনমণি, এসেছ হে গুণমণি!
এখন আর কি সে রমণী, ভুলাতে পারো ছলে?
যদি কিছু কাল অগ্রসচী, আসিতে হে জলদ-রুচি!
অরুচির মুখেতে রুচি, ঘটাতাম কৌশলে। ৫৫
এখন তো শীঘ্র প্রণয়, হবে না,— হবার নয়,
ন্যূনকল্প আট নয় দিন্ তো ক্ষান্ত থাক!
যে দুঃখ পেয়েছে বক্ষে, ঘুচাতে আঁধার কৃষ্ণ-পক্ষে,
কথা হবে না রক্ষে, মিছে বাঞ্ছা রাখ। ৫৬
শুন হে সাধনের ধন! এখন আর মিথ্যা সাধন!
মিছে করিবে সম্বোধন, কাল গত হয়েছে।
মানে না, হে কালাচাঁদ! তরঙ্গে বালির বাঁধ,
বামনে ধরিতে চাঁদ, বাঞ্ছা করা মিছে। ৫৭
পাবে যাতনা গেলে পরে, কোপ হয়েছে কালোপরে,
যাবে কিছু কাল পরে, রবে না হে সখা!
তুমি যদি দণ্ড চারি, মধ্যে হও দণ্ডধারী,
আমিত ঘটাতে নারি, প্যারী সঙ্গে দেখা। ৫৮
কি করিব তোমার ফলে, মর্ম্ম-পীড়া কর্ম্ম-ফলে!
যা হউক বঁধু! তোমায় ফলে, নির্ব্বোধ গণেছি।
ক'রে লাভ লোহা কিঞ্চিৎ, কাঞ্চনে হ'লে বঞ্চিত,
এমন পাপ সঞ্চিত, কেন করলে ছি ছি। ৫৯
ত্যেজে রাধার কুঞ্জবন, কপালে এত বিড়ম্বন!
কার কথা ক'রে স্মরণ, ছার প্রেমে মজিলে!
ভুঞ্জে সুখ এক দণ্ড, সে যে যেন যমদণ্ড!
এমন কার্য্যে উদ্দণ্ড, কেন হয়েছিলে। ৬০
তুমি রুদ্র-আরাধিত কৃষ্ণ, তোমার এমন ক্ষুদ্র দৃষ্ট,
রাধার সনে হৃষ্ট নষ্ট, করলে বুঝেছি হে।
ওহে শ্যাম কমলাক্ষি! দাড়িম্ব দূরেতে রাখি,
মাখাল লয়ে মাখামাখি, রাখালেই করে হে। ৬১
এখন কচ্চো যে বাসনা, মিথ্যা হবে উপাসনা,
ভাবো যারে—তার ভাবনা, ভাবিতে হয় অগ্র।

করি উদ্যোগ ভেঙ্গেছ ঘর, যোগাযোগ হওয়া দুষ্কর,
ভোগ বিনা রোগীর জ্বর, যাবে কেন শীঘ্র। ৬২
তাতে ঘটেছে যে রস-যোগ, পাক বিনা যাবে না রোগ,
পুষ্টি নাড়ীতে মুষ্টি-যোগ, করলে কি গুণ ধরে?
এ রসে হে শ্যামধন! যেওনা রাধার অঙ্গন,
দিন আষ্টেক লঙ্ঘন, দিলে যদি সারে। ৬৩
কাল্, বাত্তিকে নাড়ী ছিল বক্র, আজি নাহি বাত্তিকে ঐক্য,
কেবল দেখছি কফাধিক্য, তাতে হয়েছে মোহ।
বলছ দহে অঙ্গ-গ্রহ, কি করিব—তোমার গ্রহ!
এ গ্রহ করিলে সংগ্রহ, ত্যেজে রাধার গৃহ। ৬৪
ক'রো না অন্ন আহার মাত্র, আজি হে নন্দের পুত্র!
কেবল তুলসীপত্র, ব্যবস্থা তোমাকে।
ব'লে এই ভক্তি-বাণী, চক্রপাণির ধরি পাণি,
বলে বৃন্দে বিনোদিনী, বিনয়-পূর্ব্বকে। ৬৫
তোমায়, যত বলি যতনের ধন! কিন্তু তোমার অযতন,
শুনিয়ে হৃদয়ে যাতন,—তার বাড়া কি আছে?
রাধার মান দুর্জ্জয়, যেও না,— হবে না জয়,
কেবল হবে পরাজয়, মান হারাবে পাছে। ৬৬

সুরট[১] কাওয়ালী

না রহিবে মান, সে মানে।
ফিরে যাও হে কৃষ্ণ! নিজ মানে মানে।
না হেরি নয়নে কভু সে মান-সমান মান,
রাখিতে মান, মানা যদি হে মানো, সে মান বিদ্যমান,
গেলে হবে হত-মান, মানসে রতন জ্ঞান, মানে মানে। (চ)

বৃন্দে বলে ওহে কেশব! বনে এক দিন গোপী সব,
তব লাগি করে উৎসব, পুষ্প-চয়ন করি।
নারদের সঙ্গে, সখা! দৈবে বন-মধ্যে দেখা,
মুনির কথা মনে লেখা, করিলাম আজি হরি। ৬৭

পাঠান্তর: ১ সুরট-আড়ানা মিশ্র—ক।

হেসে বলিল তপোধন, হরি নন্দ-নন্দন,
তোমরা কি পূজা-বন্দন, করিলে গোপাঙ্গনা ?
তারে নির্গুণ বাখানে বিজ্ঞ, অমানুষ অযোগ্য,
হেন জন-চরণ-যুগ্ম, কি জন্য অর্চ্চনা। ৬৮
তখন আমরা ব্রজ-রমণী, ভাবিলাম হে চিন্তামণি!
জন্ম-ক্ষেপা নারদ মুনি, ব'লে বল্‌লাম মন্দ।
আজি ব্রহ্মজ্ঞান হলো তাঁহারে, হরি! তোমার ব্যবহারে,
কণ্টক ভক্তির দ্বারে, পড়িল হে গোবিন্দ। ৬৯
তুমি নির্গুণ না হ'বে যদি, এমন নির্গুণ-ব্যাধি,
এ আগুন হে গুণনিধি! গুণ থাকিলে জ্বলে।
তোমার মানুষের কর্ম কৈ, অমানুষ তোমারে কই!
অযোগ্য আর তোমা বই, কেউ নাই ভূতলে। ৭০
চিন্তামণি কন অমনি, শুন হে ব্রজরমণি!
নারদ জ্ঞানীর শিরোমণি, বলেছেন যোগ্য।
আমি ত মানুষ নই, আমার যোগ্য আমি বই,
কেউ নাই,—সেই হলাম সই! অমানুষ অযোগ্য। ৭১
আমি হে পুরুষোত্তম, সত্ব রজ আর তম,
ত্রিগুণ অতীত মম, গুণ বেদে ধ্বনি।
মুনি জানিয়া চিক্কণ, আমারে নির্গুণ কন,
ত্রিগুণের গুণ-বর্ণন, শুন বৃন্দে ধনি। ৭২
যাদের আশ্রয় সত্ব, তাহাদেরই ক্রিয়া সত্য,
সৎকর্মের পায় সত্ব, সত্বরেতে তরে।
রজোগুণ-বিশিষ্ট লোক, সুখাকাঙ্ক্ষী দুঃখ-শোক,
ভোগ করে পুণ্যপাতক, সংসার ভিতরে। ৭৩
যাহার আশ্রয় তম, ত্যাজ্য তার সব উত্তম,
দস্যুকর্ম্মে প্রিয়তম, সে নর নারকী।
কাম ক্রোধ লোভ মোহ, রিপুতে মাতি সমূহ,
দস্যুকর্ম মুহুর্ম্মুহু, সে করে হে সখি। ৭৪
বৃন্দে বলে,—তম গুণ, তবে তোমাতে দ্বিগুণ,
আমরা তো সকল গুণ, জানি হে গুণমণি!
কাম ক্রোধ লোভ মোহ, যুক্ত যেমন তব দেহ,
এমন আছে অন্য কেহ, নাহি দেখি শুনি। ৭৫
ইন্দ্রিয়-দোষেতে কান্ত! তুমি যেমন কীর্ত্তিমন্ত,
ও বিদ্যায় মূর্ত্তিমন্ত, না দেখি সংসারে।
লোকলজ্জা পরিহরি, ব্রজাঙ্গনার বসন হরি,
বৃক্ষেতে উঠেছ হরি! এমন কি আর কেউ পারে। ৭৬
ক্রোধ যেমন তব চিত্তে, এত ক্রোধ কে পারে কর্‌তে,
স্ত্রীহত্যে গোহত্যে, গোকুলে হ'য়ে গেল।
লোভী যেমন তুমি কৃষ্ণ! এমন নাই কেহ অপকৃষ্ট,
রাখালের খাও উচ্ছিষ্ট, মিষ্ট হলেই হলো। ৭৭
গোপীর ঘরে যে সব কাণ্ড, ক্ষীর খেয়ে ভাঙ্গ ভাণ্ড,
ব্যবহার ব্রহ্মাণ্ড, হ'য়ে গেছে রাষ্ট্র।
পাক করিলেন গর্গ মুনি, লোভেতে না বর্গ মানি,
অগ্রভাগ খাও আপনি, করি ধর্ম নষ্ট। ৭৮
তোমার তুল্য মোহই বা কার, বংশধর ষাটি হাজার,
পুত্র মরে সগর রাজার, শোক-সাগরে ডুবলো, না ম'রে।
একটা নারীর মানে এত শোক, শোক হলো প্রাণ-নাশক,
ছি ছি হাসিবে শত্রু-লোক, যত্র শুনিলে পরে। ৭৯

সুরট[১]—কাওয়ালী

হে মদন-মোহন! এমন মোহ কার্!
অধিনী রমণী রাধার মানের দায়,
মানে না নয়নে শতধারা॥
এত বিষন্ন কেন, যেমন আসন্ন, দীন দুঃখে;
[২]প্রসন্ন-বিহীন, শশি-বদন[২], শ্রীহীন হ'য়েছে শ্রীমধুসূদন!
আছ মরমে মরণ-সম, সরমে দাসীর সনে—
এ হেন আলাপ কেবল, প্রলাপ তোমার। (ছ)

বিনয়ে বৃন্দের প্রতি কহিছেন কৃষ্ণ।
অন্য কথা ত্যজ, সখি! সহে না আর কষ্ট। ৮০
যাই—যা হবে, তুমি একবার সঙ্গে আমার তিষ্ঠ।
ধ'রে পায়, ঘুচাব মান, এই করেছি ইষ্ট। ৮১

পাঠান্তর: ১ সুরট-মল্লার—ক। ২-২ প্রসন্নহীন দেখি হে তোমার—ক।

বৃন্দে বলে, ছি ছি! একি বাক্য অপকৃষ্ট!
এই যে বল্লে, কৃষ্ণ! তুমি জগতের শ্রেষ্ঠ। ৮২
মহীতলে মহিমে এখনি এবে নষ্ট!
ছি ছি নাথ! তুমি এমন আচরণ-ভ্রষ্ট। ৮৩
নারীর মানে কেঁদে, যায় বা নয়নের দৃষ্ট।
দৃষ্টে কারু দেখি নাই এমন অদৃষ্ট। ৮৪
তুমি বল্লে, আমায় ভজে নারদ বশিষ্ঠ।
এত হীন হবে কেন, যে হেন বিশিষ্ট। ৮৫
কৃষ্ণ কন,—বিশিষ্টের এই চিন বটে।
ছোট বই বড় হয় না, কাহারো নিকটে। ৮৬
লোকের কাছে তুচ্ছ হলেই, উচ্চ পদ পায়।
আপনাকে ভাবিলে উচ্চ, তুচ্ছ হ'য়ে যায়। ৮৭
এই কি হীন কর্ম,—রাধার চরণ শিরে ধরা?
অনন্ত রূপেতে, বৃন্দে! আমার শিরে ধরা। ৮৮
হীন কর্ম্মে আমার, বৃন্দে! হীনতা কি রটে!
ছিদামের উচ্ছিষ্ট খেয়ে, শ্রেষ্ঠ পদ ঘটে। ৮৯
পতিতেরে দিয়ে স্থান, পেয়েছি পৌরষ।
চণ্ডালে বলিয়ে মিতে, ত্রিজগতে যশ। ৯০

আলিয়া—একতালা

সেই ত আমি জগত-মান্য হই!
কে নয় আশ্রিত চরণে, হীন আচরণে,
জগতের জীব ফেরে মম গুণে,—
গোলোক ত্যেজে এসে বৃন্দাবনে,
বৃন্দে! নন্দের বাধা মাথায় বই।

জান না হে বৃন্দে গোকুল-রমণি!
আমি চিন্তামণি, আমায় চিন্তে মুনি,
সুর-মণির শিরোমণি,
হ'য়ে, ভৃগু-মুনির পদ হৃদে লই। (জ)

বৃন্দে বলে, ওহে হরি! যদি তুচ্ছেরে আদর করি,
উচ্চ-পদ হয়েছে তোমার।
তবে দাসীর কথা দয়াময়! তুচ্ছ ক'রে যাওয়া নয়,
গেলে মান বাঁচান হবে ভার। ৯১
কৃষ্ণ কন, তবে যাই বৃন্দে! বৃন্দে কহে গোবিন্দে,
এসো গো তবে, বিলম্ব কিসের তরে।
শুনিয়া গোবিন্দ যান, পথে গিয়া করেন অনুমান,
'এসো গো' বল্লে বৃন্দে, কেন মোরে। ৯২
পুনঃ ফিরে গিয়া বৃন্দেরে কন, মৃদু ভাষে—ভাসে বদন
নয়নের নীরে।
"এসো গো" বল্লে—সেই ত আশা, পূরাইতে পার আশা!
প্রাণের আশা নৈলে যায় দূরে। ৯৩
কহে কথা বৃন্দে শুনে, যাই বল্লে কেউ বন্ধু জনে,
'বিদায় দেয় 'এসো'-বচনে,'
আবার এলে কও কি স্বপন দেখে!
বোঝ নাই হে রসরায়! যেতে বলেছি ইশারায়,
জেতে রহিত করি নাই হে তোমাকে। ৯৪
শুনে কেঁদে শ্যামরায়, চলিলেন পুনরায়,
পথে পুনঃ করেন মন্ত্রণা।
যেতে রহিত করিনে, বল্লে কিসের কারণে,
ফিরে গিয়ে উচিত তত্ত্ব জানা। ৯৫
আবার গিয়ে কন হরি, তুমি যে বল্লে সহচরি!
যেতে রহিত করিনে, সে কি তাহা শুনি।
সে কথা রহিল কই! আমি জেতে রহিত হই,
জাতি কুল আমার কমলিনী। ৯৬
যদি রহিত না কর জেতে, তবে কেন বল যেতে,
শুনে বৃন্দে নিন্দা করি বলে।
যারা করে গোচারণ, তাদের অম্নি আচরণ!
পূর্ব্বে বল্লে উত্তরেতে চলে। ৯৭
ঘরে আর কি আমার কায নাই!
তোমার কাযে কায-কামাই,
আর আমি অধিক ভুগ্‌তে নারি।

পাঠান্তর: ১-১ খ-গ্রন্থে এই অংশ নাই।

শুনে কন ব্রজরাজ ঘরের কাযে কি কায!
পরের কায-টাই, পরের কাযে ধরি। ৯৮

দূতী কয় শ্রীকৃষ্ণ-বাক্যে, যদি ঘরের কায নাই ব্যাখ্যে,
তবে মিছে তোমার পক্ষে রই!
তোমাতে প্রাণ-সমর্পণ, এ দাসীর আর কে আপন,
আছে হে গোবিন্দ! তোমা বই। ৯৯

তুমি কি আমার পর? তোমা ভিন্ন পরাৎপর!
অপর সকলি পর বটে।
হইল শ্রীমুখের অনুমতি, আর তোমার কাযে রাখি না মতি,
বলো না কিছু আমার নিকটে। ১০০

আর কেন কর মিনতি, তব চরণে করি প্রণতি,
পথ দেখ,—দাঁড়িয়ে কেন পথে?
শুনে কৃষ্ণ যান ত্বরা, জল-ধরের জল-ধারা,
নিবারণ না হয় নয়ন-পথে। ১০১

পুনঃ এসে কন কমল-আঁখি, পথ দেখিতে বল্লে সখি!
তবে আমি পথ দেখিতে পারি!
যাব পথে কি প্রকার, দেখ্‌ছি ভুবন অন্ধকার!
নয়নের বারিধারা নিবারি। ১০২

ললিত[১]—ঝাঁপতাল

কি রূপে পথ দেখি, তার পথ বলা মত বটে।
নয়ন-জলে পথ ভুলে, পথে বুঝি পতন ঘটে।

কি কাল-পথ-ভ্রমে চন্দ্রাবলী-কুঞ্জ-পথে গেলাম,
আমি আর হেরিব না সে মুখ, সুখ-পন্থা হারাইলাম,
প্রাণ-সংহারের পথ ঘটিল নিকটে।
আমার করিলি কি গতি, বিধি!
যে পথে মম গতি-বিধি, করি কি বিধি,
সে পথে আজি কণ্টক ঘটে[২]।

কুপথে পড়িলে অন্ধ, তারে পথ দেখাতে হয়,
তাহে বৃন্দে হে! তোমার সনে নহে পথের পরিচয়,
দোসর হয়ে সোসর, সখি! কর সঙ্কটে। (ঝ)

শ্রীকৃষ্ণ-কর্ত্তৃক শ্রীরাধার চরণ ধারণ

করুণাময় মুখে ধনী, করুণাময় বচন শুনি,
করুণা জন্মিল কলেবরে।
শ্রীগোবিন্দে সহ করি, যায় বৃন্দে সহচরী
যথায় কিশোরী মানভরে। ১০৩

দেখে মানের আড়ম্বর, পদে ধরেন পীতাম্বর,
পীতাম্বর গলে দিয়ে যতনে।
তবু না দেন ভঙ্গ মানে, না চান ত্রিভঙ্গ-পানে
বামা হয়ে ত্যজেন বাম চরণে। ১০৪

কৃষ্ণ-ধনের অপমান, নিরখিয়ে বিস্ময়মান,
অপ্রমাণ ক্রোধে বৃন্দে বলে।
যার মানে জগতে মান, তার উপরে এত মান,
মাণিক ফেলে জলে। ১০৫

হয়ে গোপকন্যে তোরা যত, মান্ধাতার বেটীর এত,
মান ছিল না!—মাগো! একি মান?
মান্ মূর্ত্তি করিয়ে, মাধবের মান হরিয়ে,
ব্রজময়[৩] করেছ ম্রিয়মাণ। ১০৬

মানে কেবল যাবে মান্, রবে না মান বর্ত্তমান,
চির দিন এ মান থাকে তো মানি।
যখন মানান্তে জলিছে দেহ, মান-পত্র দিয়া দাহ,
নিবারণ করো গো কমলিনি। ১০৭

কিছু না সয় অতিশয় সর্ব্ব কর্ম্ম দুষ্য।
অতিশয় সাহসে মদন হন ভস্ম।
অতিশয় ভারি হলে, রসাতল বিশ্ব।
অতিশয় প্রজার পাপে পৃথিবী হরে শস্য।
অতিশয় দর্পে লঙ্কায় হত হয় দশাস্য।
অতিশয় হাস্য হ'লে, রোদন অবশ্য।

পাঠান্তর: ১ ললিত বিভাস—ক। ২ রটে—খ। ৩ ব্রজময়—খ।

অতিশয় সন্তানে সগর-বংশ শূন্য।
অতিশয় গৌরবে গরুড়ের দর্প চূর্ণ॥
অতিশয় দানে বলির অপমান পূর্ণ।
অতিশয় মানে তোমার হবে মান শূন্য॥ (ই)

খাম্বাজ—একতালা

ছি! তোর মানের মান কি এত!
কবৃলি সাধের শ্যামের মান হত॥
যে গোবিন্দ-পদ, আপদের আপদ,
শঙ্করের সদা-সম্পদ, পদে যার ব্রহ্ম-পদ,
ঘটে,—সে তোর পদে প'ড়ে পদচ্যুত॥
যে মাধব মুনিগণের শিরোমণি,
কণ্ঠ-ভূষণ তোমার নীলকান্ত-মণি,
রমণীর দায়ে সে মণি অমনি,
মণিহারা ফণীর মত। (ঐ)

মান-সাগরে মান-ভরে ভাসেন কমলিনী।
ত্যজিলেন নীলকমল-অঙ্গে কমলনয়নী॥ ১১৩
কাতর কমলাকান্ত হৃদয়-কমলে।
রতন-কমল ভাসে, কমলাক্ষির জলে॥ ১১৪
রাধার শোকে রাধাকুণ্ডের ধারে যান ত্বরায়।
পতিতপাবন হন পতিত ধরায়॥ ১১৫

*   *   *

রাধাকুণ্ডের তীরে শ্রীকৃষ্ণের সহিত চিত্রার সাক্ষাৎ

ভূতলে ভুবনের পতি নয়ন মুদিয়ে।
দৈবে চিত্রে সখী যায় সেই পথ দিয়ে॥ ১১৬
বিচিত্র দেখিয়া চিত্তে, চিত্রে চমৎকার।
ঘুচাইতে নারে চিত্রে, চিত্তের বিকার॥ ১১৭
চিত্রে কিছু চিত্তে[১] স্থির করিবারে নারে।
চিত্রের পুতলি প্রায় চিত্রে চিতে হেরে॥ ১১৮
চিত্র বিচিত্র রেখা হেরি শ্যাম-গাত্রে।
জগতের চিত্ত-হরে[২] শুধাতেছে চিত্রে॥ ১১৯
অন্য চিন্তা ঘুচাও, নাথ! করি চিত্ত শান্ত।
উচিত, চিত্রেরে বলা চিত্তের বৃত্তান্ত॥ ১২০
ধরায় ব্যাকুল-চিত্ত কি পাপের তরে?
এমন প্রায়শ্চিত্ত-বিধি, কে দিয়াছে তোমারে॥ ১২১
কালি ছিলাম মথুরার বিকে, না পাইয়া পার।
কিছু জানি না, ব্রজনাথ! ব্রজের সমাচার॥ ১২২
মরে যাই! সাধনের ধন! ধূলায় পড়ে সে কি!
বল হে মাধব! তোমার মা মরেছে না কি॥ ১২৩
সুবল-কুশল কিছু বল হে! করি দ্বন্দ্ব,
বলেছে কি গোবিন্দ! তোমায় নন্দ কিছু মন্দ॥ ১২৪
তার বাধা ব'য়ে, লয়ে যেতে দিয়েছিলে কি বাধা?
কি না, মান ক'রে ত্যজেছে তোমায়,
তোমার মনোমোহিনী[৩] রাধা॥ ১২৫
কহে গোকুল-রমণী, প্রাণ-চিন্তামণি!
কি জন্য অমনি, হয়েছ গুণমণি!
হারায়ে যেন মণি, বিব্রত হয় ফণী,
কেন প'ড়ে অবনী, চুরি ক'রে নবনী,
খেয়েছ, তাই নন্দরাণী, বলেছে কি মন্দবাণী?
কি গোকুলের গোপিনী, কি জানি কোন্ পাপিনী,
হয়ে কাল-সাপিনী, বলেছে কোন বাণী,
স্কন্ধে দুষ্ট বাণী, ধরে কার না জানি,
কি ভুবন-বন্দিনী, বৃকভানু-নন্দিনী,
তোমার প্রেমাধিনী, অসাধ্য-সাধিনী,
প্যারী বিনোদিনী, হরি-পরিবাদিনী,
মান করেছেন তিনি,
যে ধনে তুমি ধনী, হারায়ে সেই ধনী,
ত্যজে বংশীধ্বনি, পড়েছ ধরণী॥ ১২৬

পাঠান্তর: ১ চিত্র—খ। ২ চিত্ত হরে—খ। ৩ কমলিনী—খ।

অহং—একতালা

কর এ কি রঙ্গ!
ধরা-শয়নে, ধারা নয়নে,—
আজি এমন কেন, রসভঙ্গ হে ত্রিভঙ্গ!
কি লাগি উদাসী,—বল না দাসীরে,
বিগলিত কেন শিখিপুচ্ছ শিরে,—
শোভে কি হে শ্যাম-অঙ্গ!
বংশীধর! কেন বংশী ধ্বনীতে,
ত্যেজে রাধা-গুণ-প্রসঙ্গ॥
কেন না হেরি কেশব, প্রাণাধিক সব[১],
সখা হে! সখা-সঙ্গ!
কি লাগি খেদিত, না হয় বিদিত,
কি ভাব উদিত, কেন হে মুদিত,
ক'রে যুগল অপাঙ্গ॥
কিসে মর্ম্মে ব্যথা, কও না ডাক্‌লে কথা!
মাধব! আমি কি হে বৈরঙ্গ॥ (ট)

——

শ্রীরাধিকার নিকট চিত্রা সখীর গমন

না কন কথা পরাৎপর, সখীরে লাগে ফাঁফর,
তার পর অপর বচনে।
শুনিলেন বিবরণ, রাই-বিরহে শ্যাম-বরণ,
বিবরণ হয়ে ধরাসনে॥ ১২৭
অমনি করিতে বিধান, রাই-সন্নিধানে যান,
বলে, চিত্রে এ আর কেমন!
কি করেছ মরি হায়! রাই শ্যামধনে বুঝি হারায়,
শ্যাম গেলে কিসের বৃন্দাবন॥ ১২৮
কেঁদে কেঁদে চক্ষে জল, পড়েছে মরি কি জঞ্জাল!
চক্ষু হারায় বুঝি হরি!
যদি হৃদয়ে গিয়া হও উদয়, রাই! তুমি তার চন্দ্রোদয়,
খাটে না অন্য চন্দ্রোদয়ের বড়ি॥ ১২৯

ব্যাধির চিকিৎসা

কারু বাক্যে না দেয় সায়, বুঝি কণ্ঠ, পিপাসায়,
বোধ হয়েছে, বিরহ-কফজ্বরে।
বিনে তব প্রেমবারি, সে তৃষ্ণা কিসে নিবারি!
দেহ শীঘ্র সেই জল,—কফ-জ্বরে॥ ১৩০
পীতবাস বড় তাপিত, দেখিলাম উদর স্ফীত,
উদরী,—সন্দেহ তাতে নাই!
হয় বা বঁধুর প্রাণদণ্ড, পথ্য তাতে মান-খণ্ড,
ব্যবস্থা হয়েছে,—ওগো রাই॥ ১৩১
আছে যেন প্রস্তুত ঘরে, শীঘ্র মান চূর্ণ ক'রে,
অগ্রে দাও,—আর কথা পশ্চাতে।
দেখিলাম তোমার শ্যামবরণ, হয়েছেন পাণ্ডু-বরণ,
যে বর্ণ ঘটায় সর্পাঘাতে॥ ১৩২
দংশিয়াছে যেই ফণী, মণি-মন্ত্রে চিন্তামণি,
সে বিষে নিস্তার নাহি পান।
তবে প্রেমামৃত পান, বিনে কৃষ্ণ প্রাণ পান,
এমন তো করিনে অনুমান॥ ১৩৩

——

বাগেশ্রী[২]—কাওয়ালী

সে বিনে শ্যাম কিসে তরে!
রাধে! আজি গো ধরেছে তব শ্রীধরে,
তব বিচ্ছেদ-বিষধরে॥

বুঝি হারায় জীবন, সাধের ব্রজের জীবন,
হেরি তার আকার দেখে এলাম আমি,
শ্যাম-অঙ্গে যে বিকার হলো,
গোকুলে অন্ধকার, বিনে তব অঙ্গীকার,
আর সাধ্য কার, সে বিকার প্রতিকার করে॥ (ঠ)

——

পাঠান্তর: ১ রব—ড। ২ আড়ানা-বাগেশ্রী—ক।

শ্রীকৃষ্ণের যোগি-বেশ ধারণ

হেথা কিঞ্চিৎ পরে চেতন, পাইয়ে নীলরতন,
অমনি করিয়ে যতন, যান বৃন্দে-পাশে।
হতে হলো উদ্যোগী, আমারে সাজাও যোগী,
বাঁচাও হয়ে মনোযোগী মনের হুতাশে ॥ ১৩৪
বলিবো গিয়া প্রেমদারে, থাকি তীর্থ হরিদ্বারে,
ছল করে কুঞ্জের দ্বারে, লব দান মান-ভিক্ষা হে।
শুনে বৃন্দে উঠে শিহরি, বলে,—কি বল্লে হরি!
দেহ হৈতে প্রাণ হরি, লও যে কথায় হে। ১৩৫
কেমনে কক্ষে দেই বাকল, মনে কর্তে প্রাণ বিকল,
দাসী হতে এ সকল, কেমনে শোভা পায় হে।
যে গলে মালতীর হার, পরিয়ে করি পরিহার।
ম'রে যাই কেমনে হাড়-মালা দিব গলায় হে। ১৩৬
যাতে ময় গোকুলবাসী, কর-শোভাকর মোহন-বাঁশী,
বাঁশীর ধ্বনি ভাল বাসি, দাসী হয়েছি যায় হে।
তাতে সাজাব শিঙ্গা ডম্বরে, ডাকিবে তুমি শম্ভুরে,
থাকিবে দুঃখ সম্বরে, কেমনে গোপিকায় হে ॥ ১৩৭
শুনে কেমন করে বক্ষ, করে দিব রুদ্রাক্ষ!
ধুতুরা করিতে ভক্ষ্য, দিব শ্যাম! তোমায় হে।
আমাদের পরমার্থ, ঘুচাইবে পদ্মনেত্র!
চন্দন তুলসীপত্র, লবে না আজি পায় হে ॥ ১৩৮
কি অশুভ চন্দ্র, তব হে গোকুলচন্দ্র!
পদ-নখে পতিত চন্দ্র, যার হায় হায় হে!
চাঁদকে দিব কপালে তুলে, চাঁদ তো হবে কপালে,
এত ভোগ তব কপালে, ছিল শ্যাম-রায় হে। ১৩৯
কি কথা বল্লে দাসীরে, কি বলিবে ব্রজবাসীরে,
কি শোভা শিখি-পুচ্ছ-শিরে, রাধা-নাম লেখায় হে।
তাতে দিলে জটাভার, কে লবে এমন ভার!
এত নয় ভাল ব্যাভার, ভার হলো আমায় হে ॥ ১৪০
অলকা-তিলকাবৃত, শ্রীঅঙ্গ কত শোভিত!
মুছাতে মন তাপিত, মরি মমতায় হে!
এ সব কর্ম্ম দুয়ত, অপরাধ ঘটিবে শত,
আর এক কর্ম্ম বিশেষত, দাসীর করা দায় হে ॥ ১৪১

——

খট্[১]—একতালা

যাতে ক্ষীর সর, হে গোকুলেশ্বর! নন্দরাণী দেয় আনন্দে।
আমি দাসী হ'য়ে এমন দুষ্কর্ম্ম করিব কিরূপ,
ওহে বিশ্বরূপ! দিব ভস্ম মেখে তোমার বদন-চন্দ্রে ॥
আমি তোমার, হে গোবিন্দ গোলোকবাসি!
চরম-কালের ধন ঐ চরণ ভাল বাসি,
বৃন্দাবনে বৃন্দে তোমারই দাসী,
দিতে চন্দন তুলসী, পদারবিন্দে।
তুমি হে গোবিন্দ! যশোমতীর কোলে,
যে মুখ-মণ্ডলে ব্রহ্মাণ্ড দেখালে,
পুনর্জ্জন্ম নাস্তি যে মুখ হেরিলে,
জীবের মুক্তি ঘটে ভবের ফান্দে ॥ (ঙ)

——

শুনে কন বৃন্দেরে শ্রীকৃষ্ণ মিষ্ট বাক্যে।
সাজাও যোগী, দহে প্রাণ, সহে না অপেক্ষে ॥ ১৪২
বিষ-দান বিধান, দূতি! নাই বটে ত্রৈলোক্যে।
বিকার-কালেতে দিলে হয় প্রাণ-রক্ষে। ১৪৩
শুনে বৃন্দে পাষাণ বাঁধিয়া নিজ বক্ষে।
পরায় ত্রৈলোক্য-নাথে ব্যাঘ্রছাল কক্ষে ॥ ১৪৪
ছল ক'রে হরিতে যান, রাধার সমক্ষে।
মাধব মদনকুঞ্জে মান[২] মনোদুঃখে। ১৪৫
পথ-মাঝে বিশখা সখী দেখে পদ্মচক্ষে।
ত্রিভঙ্গেরে রঙ্গিণী কহিছে ব্যঙ্গ-বাক্যে ॥ ১৪৬
যোগী কি উদ্যোগী?—কোন কার্য্য উপলক্ষে।
চেন-চেন করিছে যেন চক্ষেতে নিরীক্ষে ॥ ১৪৭
তুমি সেই নও, আসিয়ে এক দিন, কমলিনীর বিপক্ষে।
বসন লয়ে উঠেছিলে কদম্বের বৃক্ষে। ১৪৮

পাঠান্তর: ১ খটভৈরবী—ক। ২ যান—ক, খ।

ধর্ম্ম-হীনে যোগ-ধর্ম্ম কে দিয়েছে শিক্ষে।
তোমার কপট সকল হে হয়েছে পরীক্ষে। ১৪৯
কেহ নাই আর ভণ্ডযোগী তোমার অপেক্ষে।
এক মন্ত্র ত্যাগ ক'রে, আর মন্ত্র দীক্ষে। ১৫০
মুক্ত-পুরুষ হয়ে, জানাও লোকের কাছে ব্যাখ্যে।
নিকটে তোমার সংসার জানে স্বর যক্ষে। ১৫১
তোমার দোষ নাই হে! এত পরিবার যে রক্ষে।
তার কি আর চলে, ক'রে এক বাড়ীতে ভিক্ষে। ১৫২
কিন্তু ঘুচিল সব পরিবার একবারকার দুর্ভিক্ষে।
ছেড়েছেন লক্ষ্মী অনাচার-উপলক্ষে। ১৫৩
ব্যঙ্গ ত্যজি ভক্তি-ছলে শুধায় গোপিকে।
হরি হে! এমন কর্ম্ম কর্‌লে কোন্ ব্যাপিকে। ১৫৪
আবার কোন্ ছার-কপালী ছাই দিয়েছে মেখে।
ছাই দিয়ে কি তোমার অঙ্গের জ্যোতি রাখ্‌বে ঢেকে। ১৫৫
সখা হে! গরুড়ের পাখা ঢাকিতে পারে কি কাকে।
বজ্রাঘাতের ঘোর শব্দ, ঢাকে কখন ঢাকে। ১৫৬
জগবন্ধু! তুমিই জগতের আচ্ছাদক।
তোমারি ঢাকেতে ঢাকে ভূলোক ভবলোক। ১৫৭
তোমারি ঢাকেতে আছে পাতাল স্বর্গ-ভূমি।
ব্রহ্মা-পুরন্দর-শিবকে ঢেকে রেখেছ তুমি। ১৫৮
ছি ছি কি লজ্জার কথা,—ভয় নাই কি নিন্দে।
তোমায় ঢাক্‌তে সাধ করেছেন গোপী-রমণী-বৃন্দে। ১৫৯
হাস্য কথা,— ভস্মেতে ঢাকিবেন কাল শশী।
আকাশে বসন দিয়া, দিনে করিবেন নিশি। ১৬০
সর্প-দর্প ঢাকিতে বাসনা ভেক-দলে।
দাবানল নিবাতে বাঞ্ছা কুশাগ্রের জলে। ১৬১
তোমারে ঢাকিতে নাথ! কি অন্যের অধিকারো।
মায়া ক'রে আপনারে আপনি ঢাকিতে পারো। ১৬২
তা তো হয় নাই, চিহ্ন আছে নানামতে।
ভুলেছ সকল মায়া, রাধার মায়াতে। ১৬৩
বিশেষ, গোপী প্রতি, চক্রপাণি! চক্র করা ভার।
শ্রীঅঙ্গের বক্রভাব চিহ্ন গোপিকার। ১৬৪
কিছু অগোচর গোপীর নাই হে চিন্তামণি!
হৃদয়ে ভাবি তিলে তিলে, তিলটী শুদ্ধ চিনি। ১৬৫

খাম্বাজ—কাওয়ালী

সুধু ঢাকে রজত-বরণে! হে ত্রিভঙ্গ! রঙ্গ কর কেনে।
চিন্‌তে পেরেছি, ভব-চিন্তাহারি!
অপাঙ্গে দেখে বাঁকা অপাঙ্গ,
তব ধ্বজ-বজ্রাঙ্কুশ চরণে।

দুঃখে নয়ন-সলিল হৃদয়ে পতন,
হৃদয়ের ভস্ম হয়েছে মোচন,
ঐ যে দেখা যায় হে সখা! ভৃগুমুনির পদ-রেখা,
যায় কি রাখা গোপিকারে গোপনে। (৮)

শ্রীকৃষ্ণের রাধাকুঞ্জে গমন ও যুগল মিলন

সঙ্গে ল'য়ে শ্যাম-সখা, আনন্দে চলে বিশখা,
কার্য্য দেখিবারে সাধ মনে।
সাজাইয়া যোগি-বেশ, চলে বৃন্দে হয় প্রবেশ,
অগ্রে গিয়া প্যারী-কুঞ্জবনে। ১৬৬

দ্বারে কৃষ্ণ উপনীত, যেমন যোগীর রীত,
রাম-রাম শব্দ অবিরত।
শুনে স্বর্ণ-কটরায়, তণ্ডুল ল'য়ে ত্বরায়,
বৃন্দে বহির্দ্বারে যায় দ্রুত। ১৬৭

কহিছেন শ্রীনিবাস, রাজনন্দিনীর বাস,
এসেছি হে সেই ভিক্ষার তরে!
প্রতিজ্ঞা করেন রাই, তবে আজি ভিক্ষা চাই,
না দেন,—যাইব অন্য দ্বারে। ১৬৮

শুনে বৃন্দে রসিকতা, বলে, আই মা! সে কি কথা!
এ কথায় তো গৃহী অপারক।
অতিথির ধর্ম্ম নয়, ধন্না দিয়ে ভিক্ষা লয়,—
জন্মে ইথে উভয়ের নরক। ১৬৯

কথা হচ্ছে ব্যতিক্রম, ঘরে নাই পুরুষোত্তম,
পুরুষ থাকলে হতো একটা যুক্তি।
তুমি যদি রাধাকে বল, যোগিনী হয়ে সঙ্গে চল,
সতীর কেমনে হবে শক্তি॥ ১৭০

এমন পাঠ তো কোনকালে পড়ে না যোগীতে।
তত্ত্ব-কথায় মত্ত যোগী, যোগীর পাঠ গীতে॥ ১৭১
তারা তো সংসারের জ্বালা এড়ায় ভূমিতে।
প্রতিজ্ঞা করিয়া ভিক্ষা কেন যাবে মাগিতে॥ ১৭২
তাদের পরিণাম-চিন্তা, মত্ত হরিনাম-সঙ্গীতে।
কুপথে না যায়, না মিশায় কু-সঙ্গীতে॥ ১৭৩
তোমাকে যোগীর মত লাগে না কিছু আকার-ইঙ্গিতে।
কেমন-কেমন লাগিছে যেন নয়ন-ভঙ্গিতে॥ ১৭৪

তখন বৃন্দে গিয়ে কয় রাধায়, কি মন্ত্রণা এ বিধায়,
হবে রাই! বিপাক-পরিপাকে!
মান বটে প্রাণাধিক, ধর্ম হয়েছেন ততোধিক,
সে ধর্ম যায় অতিথি-বৈমুখে॥ ১৭৫
তুমি যদি প্রতিজ্ঞা কর, কি জানি হবে দুষ্কর,
না জানি কি চায় ভিক্ষা-ছলে।
এসেছে কি কাল অতিথ, আর কথা নয় কালাতীত
কালাচাঁদকে ডাক্‌তে হয় এ কালে॥ ১৭৬
বৃন্দের প্রতি অনুমতি, অমনি দেন শ্রীমতী,
শ্রীপতিরে আনিবার তরে।
বৃন্দে ক'রে অন্বেষণ, বলে রাই! পীতবসন,
পেলেম না তিন ভুবন-ভিতরে॥ ১৭৭

অদর্শন জন্য হরি, কাঁপে অঙ্গ থরহরি,
হরিল চেতন হরি-শোকে।
মাধবের অন্বেষণে, বসিলেন যোগাসনে,
বিশ্বজনবন্দিনী রাধিকে॥ ১৭৮

দেখেন যোগি-বেশ ধরি, যোগীন্দ্র-বন্দিত হরি,
দ্বারে আমার মান-ভিক্ষার তরে।
চক্ষু করি উন্মীলন, অমনি বাঞ্ছা মিলন,
হরে মন হেরে মনোহরে॥ ১৭৯

কাঁদেন মান পরিহরি, শ্রীমান্ কৃষ্ণেরে হেরি,
বি-মন[১] ঘুচিল মনোমাঝে।
রত্ন-সিংহাসনে শ্যামে, বসায়ে বৈসেন বামে,
কি আনন্দময় হয় ব্রজে॥ ১৮০

ললিত[২]—একতালা

কি শোভা রে কুঞ্জে রাই-সহ শ্রীগোবিন্দ।
নবঘন পাশে যেন উদয় হলো রাকাচন্দ্র।

ব্রজেশ্বরী রাই-কিশোরী হরির হরি নিরানন্দ।
বিতরিছেন বংশীধরে সমাদরে প্রেমানন্দ॥

ডাকিছেন সুধাংশুমুখী, শ্যাম এলো, আয় শ্যামা সখি!
শ্যাম-শোকে অসুখী হ'য়ে, বলিছি তোয় মন্দ।
ডাকেন শুকে, নাচ রে সুখে! সুখের সময় কি আর সন্ধ!
মধুকর ধ্বনি ক'রে, পান করে মকরন্দ॥ (ণ)

পাঠান্তর: ১ অভিমান—ক। ২ ললিত-ভৈরো—ক।

১৬। শ্রীরাধার মানভঞ্জন ও বিদেশিনী হইয়া মিলন

পায়ে ধরিয়াও শ্রীমতীর মান ভাঙ্গিতে না পারিয়া, শ্রীকৃষ্ণ বৃন্দাকে শ্রীমতীর নিকট যাইতে বলিতেছেন,—অভিপ্রায়, বৃন্দা শ্রীমতীর মান ভাঙ্গিয়া দিবেন

ক'র্‌তে রাধার মানভঙ্গ, নিজ মান ত্যজে ত্রিভঙ্গ,
ধরেন পায়,—উপায়-শূন্য দেখি।
কেঁদে বৃন্দাবন-পতি, যান যথা বৃন্দে দূতী,
কহেন,—কি করি বল সখি। ১
পেলেম না সে প্রমদায়, পায়ে ধর্‌লাম প্রেম-দায়,
এমন দায় জন্মে হয় নাই!
প্যারী বিনে প্রাণ পারিনে রাখ্‌তে,
গৌণ করো না প্রাণ থাক্‌তে,
হে বৃন্দে! যদি প্রাণ পাই। ২
বৃন্দে বলে, সে কি কথা! সাধনের ধন তুমি যথা,
মান হারিয়ে কেঁদে এলে শ্রীকান্ত!
(হাঁ হে,) তোমা হতে কি আমি মানী?
ও কথা কি আমি মানি?
আমার মান রেখে রাই মানে হবেন ক্ষান্ত। ৩
শ্রীরাধার যে অন্ত মান, যে যাবে তাঁর বিদ্যমান,
সন্ত মান অমনি তার যাবে।
যান যদি পুরোহিত, হবেন যেতে-মাত্র জেতে রহিত,
গুরু গেলে পর গুরুদণ্ড হবে। ৪
রাধে যেরূপ আছেন কুপিতে, এখন সেখানে গেলে পিতে,
পিতৃপিণ্ড দেন বুঝি অমনি।
যদি মাতা গিয়া দেন উপদেশ, মাতার মাথার কেশ,
মুড়াইয়া দেন কমলিনী। ৫
এখন সেখানে গেলে জ্যেঠা, অপমানের শেষ যেটা,
জ্যেঠার ভাগ্যে ঘটে অনায়াসে।
মান থাকে না গেলে পিসির, মাসীর থাকে না শির,
এ দাসীর থাকিবে মান কিসে। ৬
বিরহ-জ্বালা ক'রে সহ, থাকো দুদিন হয়ে ধৈর্য্য,
কদিন থাকিবে মান ক'রে মানিনী।
তপ্ত জলে পোড়ে না ঘর, জলে কি পচে পাথর,
কাতর হইও না গুণমণি। ৭
এ কথা শুনিয়ে তখন, বৃন্দেরে বিনয়ে কন,
আঁখির জলে ভেসে কমল-আঁখি।
দুদিন থাক্‌তে বলিছো, সই! থাকিবার লক্ষণ কই!
ওহে সখি! আমিতো বলি থাকি। ৮

'সুরট-মল্লার—খং'

বৃন্দে হে! প্রাণ দেহে থাকে কৈ!
বুঝি হা-রাই ব'লে হারাই জীবন, দাঁড়াই কার কাছে সই!
আর সহে না বিচ্ছেদ-ব্যাধি, গত নিশির শেষাবধি,
দুঃখের নাহি অবধি, করেছেন রাই রসময়ী!
বৃন্দে হে! কোন প্রকারে, বাঁচাও এ বিচ্ছেদ-বিকারে,
দেখাতে পথ অন্ধকারে, 'কারে কই' তোমা বই।
(ওহে) রাই-কুঞ্জে যাব বলি, মনে ছিল শুন বলি,
পথে পেয়ে চন্দ্রাবলী, লয়ে গেল "মোরে সই"!
যার নাম সদা ভজি, সে আমায় ত্যজিল আজি,
যার জন্য গোলোক ত্যজি, নন্দের বাধা মাথায় বই। (ক)

বৃন্দে বলে, হে শ্যামরায়! বিচ্ছেদে লোক প্রাণ হারায়,
'এ কথা' শুনি নাই কোন কালে।

পাঠান্তর ঃ ১-১ দেশ-খাম্বাজ—একতালা—খ, চ। ২-২ কে আছে আর—ক। ৩-৩ তোমারে কই—খ, চ। ৪-৪ সেটা আর—খ, চ।

[১]যখন কালি তুমি[১] হে ব্রজেশ্বর! হেনেছিলে বিচ্ছেদ-শর,
কমলিনীর হৃদয়-কমলে। ৯
এখন ত তোমার দশ ইন্দ্রিয় রয়েছে বশ,
দাঁড়িয়ে কথা কহিছো বংশীধারী!
রাধার প্রাণটা কণ্ঠায় উঠেছিল, হেমাঙ্গী হিমাঙ্গী হলো,
ভুলেছিল জ্ঞান,—মূলে ছিল না নাড়ী। ১০
আমরা কিরূপে বিপদে তরি, ডেকে আনিলাম ধন্বন্তরি,
তিনি বিধিমতে দিলেন ঔষধি।
অপার দেখিয়ে রোগ, শেষে তিনি অপরাগ,
বৈতরণী করতে দেন বিধি। ১১
শয্যা হইতে রাইকে তুলে, রেখেছিলাম তুলসী-মূলে,
মরিবার কথা ছিল তখনি।
অতেব, বিচ্ছেদে কেউ মরে না নাথ!
যখন শ্যাম-বিরহ-সন্নিপাত,
সামলে উঠেছেন কমলিনী। ১২
এই কথা ব'লে গোবিন্দে, ঈষৎ হাসিলেন বৃন্দে,
কৃষ্ণ কন, শুন রসময়ি!
এমন সময়ে যে হাসিলে, সই! আমি কেমনে পরাণে সই
প্রেমের বিষয় যে সই করলে সই। ১৩
শুনি দূতী কন কান্তে, হাঁ হে! তুমি কি আমারে বল কাঁদতে,
কাঁদে, যাদের ঘটে থাকে না বুদ্ধি।
কেঁদে কেবল রিপু হাসায়, দুঃখ যায় না—চক্ষু যায়,
কাঁদিলে কেবল কান্নার হয় বৃদ্ধি। ১৪
বলেছেন তা সদানন্দ, যার শরীরে সদানন্দ,
আনন্দ-নগরে অন্তে যায়।
যে কেঁদে কেঁদে কাটায় কাল, তার থাকে না পরকাল,
অন্ত-কালে কালে ধরে তায়। ১৫
আমরা কি ধন-শোকে কাঁদিব কানাই!
যে ধন ধনপতির ভাণ্ডারে নাই,
যে ধন এখন নাই রত্নাকরে!
যে ধন ধ্যানে পান না হর, বিধি-হরের মনোহর,
আট প্রহর বিরাজেন আমাদের ঘরে। ১৬

গোপীদের সুখ দেখে শোকে, সদাশিব রন সদা অসুখে,
মুখ দেখাতে নারেন চতুর্মুখ।
(আমরা) সাধ ক'রে কি হাসি হে নাগর!
উথলে উঠেছে সুখের সাগর,
আমাদের গায়ে ধরে না—[২]গাঁয়ে ধরে না[২] সুখ। ১৭
ছিল অঙ্গ-দেবী দাঁড়িয়ে তথা, হেসে শ্যামকে বল্‌ছে কথা,
এখন হাসি উচিত নয় এ কর্ম।
(কিন্তু) আমরা নব-যৌবনা যত নারী,
আমরা হাসি রাখতে নারি,
হাসিটে কেবল যৌবনের ধর্ম[৩]। ১৮
আপনার অঙ্গ আপনি দেখে, ওহে বন্ধু! কোথা থেকে,
পোড়া-কপালে হাসি এসে ধরে।
হাসির জন্যে শত্রু হাসে, ষষ্টি দিয়ে জ্যৈষ্ঠ মাসে,
পতি কত প্রহার করেছেন ঘরে। ১৯
ননদিনী ক'রে রাগ, ক'রে দিয়েছেন পৃষ্ঠে দাগ,
তবু ত হাসি ভুলিতে নারিলাম।
বয়েস-দোষে সহজে হাসি, তাতে যুটিল তোমার বাঁশী,
ভাসাভাসি তাই হলো হে শ্যাম। ২০
এই রূপে হতেছে রস, দূতী কিন্তু মনে বিরস,
রসময়ের অসময় জেনে।
করতে রাইকে অনুযোগ, মান ভেঙ্গে করতে যোগ,
সেই সুযোগে চলেন কুঞ্জবনে। ২১

* * *

কালো-রূপে শ্রীমতীর ক্রোধ

(হেথা) কেঁদে আসিছে শ্যামা সখী, বৃন্দে পথমধ্যে দেখি,
বলে,—শ্যামা! কাঁদছিস কেন সই!
শ্যামা বলে, ওগো বৃন্দে! শ্রীরাধার পদারবিন্দে,
আমি ত কোন অপরাধী নই। ২২
ষেষ করে আজি কালোর উপরে, কালো-রূপ না চক্ষে হেরে,
দেশ-ছাড়া করেছেন দেশের কালো।

পাঠান্তর: ১-১ কাল যখন—ক। ২-২ খ, গ-গ্রন্থে এই অংশ নাই। ৩ কর্ম -খ, চ।

ছিল কালো কোকিল পিঞ্জরে, কুঞ্জরগামিনী তারে,
কুঞ্জের বাহির ক'রে দিল ॥ ২৩

ছিল যত ভৃঙ্গকুল, তারা, না পেয়ে অনুকূলে কূল,
হয়ে আকুল গোকুল ছাড়ে তারা।

শ্যামাঙ্গিনী সখী দেখে, কত মন্দ ব'লে আমাকে,
চন্দ্রমুখী কর্‌লে চরণ-ছাড়া ॥ ২৪

---

[১]ঝিঁঝিট—একতালা[১]

নারী—শ্যামা অঙ্গ যার, সে নয় সামান্যে ধনী।
শ্যামা যেমন দৈত্যকুলে বামা,
তেম্‌নি শ্যামারে[২] হলেন আজি শ্যাম-মোহিনী ॥
প্যারী জেলে দিল যে অনল চিতে,
ওগো বৃন্দে! আমার বাসনা বাঁচিতে
নাই, তা জানাই,—কুঞ্জে পেলাম না বকিতে,
অমূল্য ধন রাধার চরণে বঞ্চিত, হলাম সজনি ॥
অঙ্গ দেখে আমার সদা অঙ্গ জলে,
চল্‌লাম আমি দিতে কালো অঙ্গ জলে,
সই! কত সই,—
আমি গৌরাঙ্গী হইলে, দাসী ব'লে,
চরণ-কমলে স্থান দিতেন রাই-কমলিনী ॥[৩] (খ)

কালো-রূপ মন্দ কি ভাল

যে নারীদের কালো-বরণ, তাদের কেন হয় না মরণ,
সংসারেতে কি সুখেতে থাকে!
তাদের মা বাপে মরে ভাবিয়ে,
কালো মেয়ে কেউ করে না বিয়ে,
"[৪]ঘুষ না দিলে[৪]" ভাগ্যবন্ত লোকে ॥ ২৫

কেউ লয় না সমাদরে, অল্প দরে অনাদরে,
কলে কৌশলে বিকায় কালো।
ঘৃণা ক'রে কেউ চক্ষে না দেখে,
এই ভূলোকে কালো-গুলোকে,
কাল্ হয়ে বিধাতা গড়েছিল ॥ ২৬

(তবে) যারা জেতে হীন হীনগোত্র, অথবা প্রাচীন পাত্র,
তারাই মাত্র কালো-মেয়ে লয়।
তারা যায় না সুখের পক্ষে, কোন রূপে বংশ-রক্ষে,
কালো গৌর একটা হ'লেই হয় ॥ ২৭

দুখের কথা বলিব কায়, দেখিলে নারীর কালো গায়,
মুখ বাঁকায় সবাই ব্যঙ্গ করি।
কালো মেয়েটা কর্‌লে বরণ, অপমানটা অসাধারণ,
আমার ঘটেছে তেমন, শুন গো সহচরি ॥ ২৮

শ্যামা বল্‌ছে হয়ে কাতরা, শ্যামার অঙ্গ ধ'রে ত্বরা,
লোচন মুছান বস্ত্রে করি।
দম্ভ করি কহে বৃন্দে, কালো মেয়েকে করে নিন্দে,
কার বাপের সাধ্য সহচরি ॥ ২৯

গোরো কি গৌরব করে লোকে,
কালো কি পথে পড়ে থাকে!
বিচার কর্‌লে কালোরই গৌরব বেশী।
যে বোঝে—সে গুণ গায়, গহনা মানায় কালো গায়,
কালো মেয়ে যেন মুক্তকেশী ॥ ৩০

পতি বড় থাকেন তৃপ্ত, শ্যামাঙ্গিনী শীতে তপ্ত,
গ্রীষ্মেতে শীতল হয় অতি।
শুনেছি বৈদ্যের ধামে, শ্যামাঙ্গিনী নারীর ঘামে,
হিমসাগর তৈলের উৎপত্তি ॥ ৩১

কালো কালো যত যুবতী, তাদের মুখের জ্যোতি,
চিরকালটা '[৫]এক ভাবেতেই রয়[৫]'।
অর্থাৎ তাদের মুখ পাকে না, গৌরাঙ্গদের তা থাকে না,
যৌবন গেলেই, বদন বিগড়ে যায় ॥ ৩২

কালো কালো বৈষ্ণবীগুলি, তাদের নাকে রসকলি,
মানায় যেমন, গোরোতে তা হয় না!

পাঠান্তর: ১-১ আলিয়া—আড়া—খ, চ, শ। ২ আমারে—খ। ৩ এই গীতের স্তবক-বিন্যাসে ক-গ্রন্থ ও খ, চ, শ-গ্রন্থে বৈসাদৃশ্য আছে।
৪-৪ ঘুষ দিলে পর—খ, চ, খ। ৫-৫ এক ভাব জানায়—খ, চ, খ।

সর্ব্বদা দেখিলে কালো, চক্ষের জ্যোতি থাকে ভাল,
কালো কেশ নইলে শোভা পায় না। ৩৩

কালো বিধাতার ভাল সৃষ্টি, কালো কোকিলের স্বর মিষ্টি,
হয় না বৃষ্টি কালো মেঘ বিনে।
কালো তারা যার নাই লো সখি!
সে ধনীর নাম বিড়াল-চোখী,
গোরো হলেও সুখ থাকে না মনে। ৩৪

কালি দিয়ে পুরাণ-লেখা সকলি তো কালি-মাখা,
যন্ত্রপুষ্প কালো অপরাজিতে।
নয়নের ভূষণ কাজল, জলের ব্যাখ্যা কালো জল,
কালো কমলে দেবী বড় তুষ্টিতে। ৩৫

বলির ব্যাখ্যা মিশকালি, যাতে তুষ্ট হন কালী,
কালো ইক্ষুর গুণ লিখেছেন বৈদ্য।
আর এক দেখ কালোর মান, মহাকালের বিদ্যমান,
কালো রূপেতে তিনি বড় বাধ্য। ৩৬

পরজ-কালাংড়া[১]—কাওয়ালী

সই! কালো-রূপে সদা হরের মন হরে।
প্রাণ-সই রে! গৌরাঙ্গী হ'য়ে যখন, হরের ভবনে রন,
হররাণী পূজা করেন হরে,—
আবার শ্যামাঙ্গী যখন, তখন হরের হৃদে বিহরে।

রাধার হরে মনের কালো কালো, কালো-নিধি চিকণ
চির-কাল,
কালো, কাল নিবারণ করে।

ধিক্ ধিক্ ধিক্ জ্ঞানে, ধিক্ সে নারীর মানে,
ধিক্ প্রাণে ধিক্ তার অন্তরে,
কালো-মাণিক ত্যজিয়ে রাধে,
মান লয়ে কাল-হবে। (গ)

বৃন্দার রাই-কুঞ্জে গমন ও শ্রীমতীকে ভর্ৎসনা

শ্যামা সখীরে প্রবোধিয়ে, রাগে শঙ্কা তেয়াগিয়ে,
বৃন্দে দূতী রাইকে গিয়ে, কন কুঞ্জ-বনে।
ওগো রাধে! কর শ্রবণ, হায় কি হলো বিড়ম্বন,
বৃন্দাবনটা কর্‌লি বন, বনমালি-বিহনে। ৩৭

ব্রহ্মা যাঁরে ধ্যানে না পায় সে ধরে যে তোর পায়,
এত মান কি শোভা পায়? অধিক মান বটে!
অধিক কিছু ভাল নয়, অধিক উচ্চে পতন হয়,
যার যখন অধিক হয়, তাতেই বিঘ্ন ঘটে।

রাবণ মলো অধিক ধূমে, কুম্ভকর্ণ অধিক ঘুমে,
বিচ্ছেদ হয় অধিক প্রেমে, গর্ব্ব হয় অধিক ধন পেয়ে।
অধিক রাগে বিষপান, অধিক লোভে হনুমান,
লঙ্কাতে প্রাণ হারান, শ্রীরামের ফল খেয়ে।

অধিকের দোষ শুন বলি, অধিক দান করে বলি,
বামন রূপে তারে ছলি, পাঠান পাতালপুরী।
অধিক ঋণ শোধ হয় না, অধিক কোন্দলে[২] ঘর রয় না,
অধিক পাপে ভর সয় না, শুন রাজকুমারি!। (অ)

শ্রীমতীর উত্তর

এই কথা শুনিয়ে ত্বরা, বৃন্দেরে কন হয়ে কাতরা,
সখি! মান যাবে গো বল্‌লি তোরা, মান কি আমার আছে!
যখন ভূপালের মেয়ে হয়ে গোপ-রাখাল গোপাল[৩] ল'য়ে,
মজেছিলাম কপাল খেয়ে, তখনি তো মান গেছে। ৪১
এ রাধারে পরিহরি, যান যথা সুখ পান হরি,
কপট পায়ে ধরাধরি, তা'তে প্রাণ জুড়ায় না।
মুড়িয়ে মাথা গড়িয়ে পড়া, গলা কেটে পায়ে ধরা,
অমন-ধারা আদর করা, কমলিনী আর চায় না। ৪২
(তবে) মলাম আমি ঐ দুঃখে, দাসী হয়ে দোষ ভিক্ষে,
ক'রে তোরা কৃষ্ণ-পক্ষে, সবাই গেলি সখি!

পাঠান্তর: ১ মিশ্র টোড়ি—ক। ২ কগড়ায়—ক। ৩ গোপনে—খ।

শুনি দূতী কন বাক্য, কৃষ্ণপক্ষ আর তোমার পক্ষ,
এখন দুই পক্ষেই কৃষ্ণপক্ষ,—
আমরা এখন যে পক্ষেই থাকি। ৪৩

—

খাম্বাজ—একতালা

যদি কিশোরি!
তোমার শ্যাম[১]-চাঁদের উদয় ঘুচিল হৃদে।
কে নাশিবে আর, কৃষ্ণ বই আন্ধার,
কৃষ্ণ-বিপক্ষে[২] তুমি থাকিলে রাধে।

চল্‌লাম আমরা—যে পথে যান মধুসূদন,
শুনিব না তোর রোদন, মানিব না তোর বচন[৩],
থাকিব না তোর সদন, কৃষ্ণত্যাগীর বদন,
দেখ্‌তে নিষেধ আছে—পুরাণে বেদে।

কাল যাঁরে চিন্তা করেন চির কাল,
চিন্তিলে সেই কালো, "যায় অন্তরের কালো"[৪],
কাল[৫] নিবারণ কাল, "কাল বিনে আলো"[৬],
কাল মানে হারালি সে কালাচাঁদে। (ঘ)

——

বৃন্দে যত নিন্দে-ছলে, রাধার বলে রাধাকে বলে,
শ্রবণে শুনিয়ে দূতীর উক্তি।
কুরঙ্গীনয়নী কন, ভ্রূ-রঙ্গ করে এখন,
মোর সঙ্গে কার এত শক্তি। ৪৪

কৃষ্ণ-সঙ্গে ভাঙ্গিলে সখ্য, আমার হবে কৃষ্ণপক্ষ,
কৃষ্ণ-ভ্রষ্ট তো হ'তে মোর হবে।
ব'লে চক্ষু রক্তাকার, যেন প্রলয়ের আকার,
ভয়ে অম্‌নি শবাকার সবে। ৪৫

* * *

বৃন্দার শ্রীকৃষ্ণের নিকট শ্রীরাধার বার্তা জ্ঞাপন

গলবস্ত্র যুগ্মকরে, দূতী কত স্তুতি করে,
প্রণমিয়ে মাগিয়ে বিদায়।
ছিলেন পতিত-পাবন যথা, পতিত হইয়ে তথা,
দূতী গিয়ে সংবাদ জানায়। ৪৬

ওহে গা তোল গোকুলপতি! একে হলো আর উৎপত্তি,
তোমার দশা যা হবার তাই হলো।
এখন রসাতল যায় পৃথ্বী, রাই হয়েছেন কালীমূর্ত্তি,
গোকুল আকুল,—কুল কিসে রয় বল। ৪৭

যদি বল, ওহে হরি! কালী যে তিনি দিগম্বরী,
সেরূপ কিরূপ ধরেন কিশোরী!
শুন ওহে পীতাম্বর! ত্যাজ্য করি পীতাম্বর,
দাঁড়িয়ে আছেন হয়ে দিগম্বরী। ৪৮

যদি বল শ্যাম! নয়ন-তারা, তারার যে তিনটি তারা,
তিন চক্ষু রাধার কিরূপ বল।
হরি! তোমার উপরে হয়ে রুক্ষ, কপালে উঠেছে চক্ষু,
তাইতে রাধা ত্রিনয়নী হলো। ৪৯

যদি বল, কাল-কামিনী, বলি গ্রহণ করেন তিনি,
কমলিনী বলি পান কি করি।
রাধার কাছে হে বনমালি! অনেক দেখিলাম বলি,
যত বলি কাটেন ব্রজেশ্বরী। ৫০

যদি আর এক কথা কও আমাকে, কালীর হাতে মুণ্ড থাকে
রাধার সেরূপ ঘটেছে প্রকারেতে।
অতুল্য ধন, তুমি নাথ! ছিলে রাধার হস্তগত,
এখন তোমায় হারিয়ে, মুণ্ড হয়েছে হাতে। ৫১

যদি বল গুণমণি! চতুর্ভুজা কাল-কামিনী,
কমলিনী হয়েছেন তাই রাগে।
আর কি রাধার সে দিন আছে,
(এখন) মান ক'রে দুই হাত বেড়েছে,
কে দাঁড়াবে ভয়ঙ্করীর আগে। ৫২

পাঠান্তর: ১ গোকুল—ক। ২ কৃষ্ণপক্ষে—ক। ৩ বেদন—খ, চ, গ। ৪-৪ যায় অন্তরে কাল—গ। ৫ যায়—ক। ৬-৬ হারালি সে কালো—ক; কাল বিনে হারালি সে কাল—গ।

যদি বল হে বনমালি! পাষাণ-নন্দিনী কালী,
সে তুলনা ধরেছি রাধাকে।
না হলে পাষাণ-কুমারী, এ ধন পাসরি প্যারী,
কেমনে জীবন ধরে থাকে। ৫৩

যদি বল কালশশি! কালীর হাতে থাকে অসি,
অসি কিরূপ ধরেন প্রেয়সী।
প্যারী স্বীয় ধরিতেন তোমায় তখন, অ-স্বীয় ধরেছেন এখন,
ব্রজনাথ কম্পিত ব্রজবাসী। ৫৪

* * *

খট-ভৈরবী[১]—একতালা

দেখ্‌লাম শ্রীরাধায়, শ্যাম হে! শ্যামা-প্রায়,
অসি-ধরা,—ধরা যায় রসাতলে!
(একবার,) তুমি হে শ্রীধর! হয়ে গঙ্গাধর,
ধর-গে রাই-চরণ হৃদি-কমলে।
সে ধনীর ধ্বনিতে নাই কারু উৎসব,
অকালে যেন[২] গুর্ব্বিণী প্রসব,
সংসারবাসী সব, শঙ্কায় সবে শব, সব যায় হে,
এখন তুমি হে কেশব! শব না হ'লে। (৬)

বৃন্দার মুখে শ্রীমতীর অটুট মানের কথা শুনিয়া, শ্রীকৃষ্ণ বলিতেছেন,—'তবে আমি সন্ন্যাসী হইব'

কহিতেছেন বনবালী, (তবে) দেখতে আর যাব না কালী,
মাখতে আর যাব না কালি গালে!
রাধার প্রেমে দণ্ডবত, দণ্ডগ্রহণ হলো মত,
এই দণ্ডেই কাশী যাব চলে। ৫৫

বৃন্দে বলে,—হে জ্ঞানশূন্য! তাতো হয় না ব্রাহ্মণ-ভিন্ন,
বঁধু হে! তোমার দ্বিজচিহ্ন কই?
গোপের ছেলে হয় না দণ্ডী, চণ্ডালে পড়ে না চণ্ডী,
কিছু জান না গোচারণ বই। ৫৬

শ্যাম কন,—চেননা তুমি, শ্যাম-বেদী শ্যাম শর্ম্মা আমি,
দ্বিজ-চিহ্ন বুকে দেখ হে ধনি!
আমার কাছে কেবা মান্য, আমার কাছে কোন্ ব্রাহ্মণ গণ্য,
আমি বিষ্ণুঠাকুর বামুনের শিরোমণি। ৫৭

বৃন্দে বলে তোমায় কই, বঁধু হে! তোমার পৈতে কই?
কৃষ্ণ কন,—পৈতে রাখলে থাকে না ভক্তের মান।
এসে প্রেমের দায়ে ব্রজ-ভূমি, নন্দের বাধা বৈতে আমি,
পৈতে পুড়িয়ে হয়েছি ভগবান। ৫৮

বৃন্দে বলে,—হে কেশব! ব্রাহ্মণের যে ধর্ম্ম সব,
সন্ধ্যা-গায়ত্রী কিছু দেখতে পাইনে।
কৃষ্ণ কন,—গোলোকের কর্ত্রী, যিনি রাধা, তিনি গায়ত্রী,
রাধা না ব'লে, আমিতো জল খাইনে। ৫৯

বৃন্দে কয়,—বেদ তো জান, কৃষ্ণ কন,—জান্‌ব না কেন?
বৃন্দে বলে,—বেদ জানিলে পরে।
এত ভোগ কি হতো কপালে? বেদ না জেনে বেদনা পেলে!
বেদ-বহির্ভূত কর্ম্ম ক'রে। ৬০

তোমার যে ব্রাহ্মণ-দেহ, শুনে বড় সন্দেহ,
কৃষ্ণ কন,—সন্দ ত্যজ মনে!
হয়ে আমি সন্ন্যাসী, এ জনমের মতন আসি,
ফলে আর রব না বৃন্দাবনে। ৬১

বৃন্দে বলে,—হে গোকুলেশ! নাই তোমার বুদ্ধির লেশ,
বৃন্দাবন কিরূপে ত্যজিবে?
যেখানে দাঁড়াবে তুমি, সেই-ই বৃন্দাবন-ভূমি,
এই বৃন্দাবন বন হবে। ৬২

তুমি যাবে—তোমার বাঁশী যাবে, যে দেশে বাঁশী বাজাবে,
দাসী হবে সেই দেশের রাজকন্যে।
তোমার অভাব কি ধন আছে?
কেবল, তুমি অভাব সবার কাছে!
জগৎ অভিলাষী তোমার জন্যে। ৬৩

আমাদের, আর এক কথা "হলো স্মরণ[৩]", শুন ওহে শ্যামবরণ!
নারদ-মুখে শুনেছি ব্রজধামে।

পাঠান্তর: ১ বিভাস—ক। ২ তরে—ক। ৩-৩ কর শ্রবণ—খ।

কাশী কাঞ্চী দেশাশ্রম, কেন করিবে পরিশ্রম ?
সব আশ্রম তব পদাশ্রমে ॥ ৬৪
তুমি যাবে কি বৈদ্যনাথ? তব চরণে বাধ্য, নাথ!
বৈদ্যনাথ আছেন চিরদিন।
হরি! যাবে কি হরিদ্বারে? সদা বন্দী হরি-দ্বারে,
ব্রহ্মা আদি হইয়ে অধীন ॥ ৬৫
মুক্তি-বাঞ্ছা করি মনে, সবে যায় তীর্থ-ভ্রমণে,
তুমি যাবে কোন্ তীর্থালয়?
জটা ক'রে চাঁচর কেশ, ভস্মে ভূষিত হৃষীকেশ,
কেন ভুগ্‌বে এত ক্লেশ, সব তীর্থ তব চরণে হয় ॥ ৬৬

সিন্ধু-খাম্বাজ[১]—আড়া

তা কি নাই হে তোমার[২] মনে!
যাবে তুমি কোন্ তীর্থ ভ্রমণে!
সর্ব্ব তীর্থময়ী গঙ্গা, উদ্ভবা তব চরণে ॥
বঁধু হে! কি জন্যে যাবে সাগরে, গয়া-গমন কিসের তরে!
ঐ চরণ তো গয়াসুরের শিরে, ভব-নিস্তারণে ॥
বঁধু হে! যাবে কাশীতে, কোন্ পুণ্য প্রকাশিতে,
কি অধর্ম্ম বিনাশিতে, হয়েছে মনে।
শ্যাম! তোমার ঐ চরণ-কাশী, কাশীকান্ত অভিলাষী,
দাও হে গোলকবাসি! সদা বাঞ্ছা-ফল সেই পঞ্চাননে ॥ (চ)

ললিত[৩]—কাওয়ালী

মরি হায় হায়! শুনে হাসি পায়!
কালী যাবে কাল-শশি! ভস্ম-রাশি মেখে গায় ॥
নাথ হে! যাবে কাশীতে, কি বল্‌বে কাশীবাসীতে,
কাশীধামে প্রবেশিতে, কাশীনাথ পড়িবেন পায়।
হে কৃষ্ণ! এ কষ্ট সবে হে কেমনে,
কি বালাই, মুখে ছাই, চন্দ্রবদনে!

ত্যজে বাঁশী, ও শ্যামশশি! ধরিবে নাকি দণ্ড,
[৪]ভাসিবে নয়ন-নীরে,—হাসিবে ব্রহ্মাণ্ড[৪],
পীতাম্বর! ত্যজে পীতাম্বর, বাঘাম্বর কি শোভা পায় ॥ (ছ)

বৃন্দে বলে, ওহে কানাই! হচ্ছে বড় অন্যায়ই
এতক্ষণ বলি নাই, তোমারে কিছু আমি।
নাথের কাছে বাড়াতে মান, রমণী করেছে মান,
এখন, করে চল্‌লে[৫] হতমান, এই ত রসিক তুমি ॥ ৬৭
রমণীর আর আছে কি ধন! মান বিনে, হে প্রাণমোহন!
মানে ম'জে মান-রতন, ত্যজেছেন কিশোরী।
যে দুঃখ দিয়েছ তাঁরে, কল্যকার ব্যবহারে,
কর্‌লে সে মান কর্‌তে পারে, তাতে সে রাজকুমারী ॥ ৬৮
(আমাদের) মনের নাই হে অগোচর, যা করেছ মনোচোর!
কিছু নাই জ্ঞান-গোচর, চোর হয়ে জোর কর!
তুমি দোষী পদে পদে, এখন, পদে পদে ভোগো বিপদে—
একবার ধরেছ পদে, আবার গিয়ে ধর ॥ ৬৯

* * *

শ্রীকৃষ্ণের যোগিবেশ ধারণ

কৃষ্ণ বলেন, ধর্‌লে পায়, সে মান কি ক্ষান্ত পায়,
শত বার ধর্‌লে পায়, সু-উপায় না হবে!
বরং (তোমরা) হয়ে উদ্যোগী, আমারে সাজাও যোগী,
মানিনীর মান-ভিক্ষা মাগি[৬]! —শুনি দূতী সাজান মাধবে ॥ ৭০
পরাইছেন বাঘাম্বর, সাজাইছেন দিগম্বর,
নীলকমল-কলেবর, ভস্ম দিয়ে ঢাকে।
ছদ্মবেশ পদ্ম-আঁখি যান যথা পদ্মমুখী,
ললিতে পথমধ্যে দেখি, কহিছে কৌতুকে ॥ ৭১
কে হে তুমি যোগিবর! মদনের মনোহর!
তুমি কি কৈলাসের হর! কিবা অন্য ঋষি!
তোমার দুইটী নয়ন দেখে, যোগি!
আমার নয়ন-দুটী হলো যোগী,
জীবন বৈরাগ্য-উদ্যোগী, অন্তর উদাসী ॥ ৭২

পাঠান্তর: ১ ঝি ঝিট-খাম্বাজ—খ, চ, ধ। ২ বঁধু—ক। ৩ বিভাস—ক। ৪-৪ কাশী যাওয়া কর্ত্তে কেবল গোপীর প্রাণদণ্ড—খ, চ। ৫ চল্লে—খ, চ, ধ। ৬ লাগি—খ।

(কিন্তু) যথার্থ-রূপ যোগী যারা, সদানন্দে ভাসে তারা,
তোমার দুটী নয়ন-তারা, বিরসেতে ভাসে।
যদি বল যোগিগণ, যত-ক্ষণ যোগে রন,
তখনি সদানন্দ হন, কৃষ্ণ-প্রেমরসে। ৭৩

ওহে! তুমি ত নয় সে সব যোগী,
তুমি কোন যোগের যোগে উদ্যোগী,
কিম্বা কারু প্রেমে অনুরাগী,
বিবেচনায় বৈরাগী দেখতে পাই।

কত দিন হে এ সন্ন্যাস! কোথায় যাবে—কোথায় বাস?
আমাদিগে আভাস, একটু বললে ক্ষতি নাই। ৭৪

—

[1]খাম্বাজ—একতালা[1]

প্রেমের অঙ্গে সঙ্গে ছিল তোমার যোগ,—যোগি! যে ধন[2]!
বুঝি যোগ ভেঙ্গেছে তাইতে রোদন!
অযোগেতে যাত্রা ক'রে, যোগের প্রণয় ভাঙ্গিল যখন;
এখন, হয় না যোগ আর যোগে-যাগে,
বিনা যোগমায়াকে সাধন।
যুগল ভেঙ্গে[3] পাগল হ'য়ে, জান যদি জলবে জীবন!
এখন যোগ জানে যোগিনী যারা,
যাও না কেন তাদের সদন। (জ)

—

এইরূপ ললিতে ভাষে, রসময়কে রসাভাসে,
রসের ব্যঙ্গ শুনিয়ে তখন।
নাই কিছু উত্তর মুখে, দাঁড়িয়েছিলেন উত্তর-মুখে,
লাজে[4] ফিরান দক্ষিণে বদন। ৭৫

আবার চলে গোপীর সখা, পথে বিশাখার সঙ্গে দেখা,
যোগীর বেশ দেখিয়ে ছলে বলে।
আহা মরি কি যোগি-বেশ! কি অপরূপ রূপের শেষ!
এমন যোগী দেখি নাই ভূ-তলে। ৭৬

কোথায় তোমার জন্মভূমি, আপন ইচ্ছাতে তুমি,
হয়েছ যোগী,—কিম্বা কারু দায়!
কদ্দিনকার এ বৈরাগ, কাশী কিম্বা পৈরাগ,
এত দিন ছিলে হে কোথায়। ৭৭

সত্য কথা দাসীরে কবে, বৃন্দাবনে এসেছ কবে,
কোন্ তীর্থে যাবে ইহার পর।
শুনি কন চিন্তামণি, চিন্‌তে কি পার নাই ধনি!
আমি ত নই নূতন যোগিবর। ৭৮

নানা তীর্থ ভ্রমিয়াছি, ইদানি বৃন্দাবনে আছি,
দ্বাদশ বৎসর প্রায় গত।
ভ্রমি ব্রজের দ্বার দ্বার, কত কব গুণ যশোদার,
স্নেহ করে সন্তানের মত। ৭৯

গোপি! তোমাদের বলি স্পষ্ট, ইদানি কিছু মনঃকষ্ট,
আমার হয়েছে বৃন্দাবনে।
অনাদর হচ্ছে ক্রমে, ভুগছি এখন ভগ্ন প্রেমে,
ভদ্র নাই,—থাকিব না এখানে। ৮০

এক স্থলে অধিক দিন, থাক্‌তে হলেই আদর-হীন,
হতে পারে,—ব্যাভারে জানা যায়।
গুরু গেলে শিষ্য-ধাম, দুই এক দিন ধুমধাম,
আদরে সবাই অধরামৃত খায়। ৮১

আবার, অধিক দিন থাক্‌লে পরে, সেই মুক্তিদাতার উপরে,
ভক্তি হরে,—মনে মনে বিরত।
অধিক দিন থাকিলে গাজন, কেবা করিত শিবের ভজন,
সে গাজনে সন্ন্যাসী কি হ'ত। ৮২

দেখ, জামাই গেলে শ্বশুরবাড়ী, তিন দিন আদর বাড়াবাড়ি,
বিশেষ, যদি হয় জ্যৈষ্ঠ মাসের ষষ্ঠী।
মোণ্ডা ছানা জলপানে, এলাচ লবঙ্গ পানে,
জামাই পানে সকলের সুদৃষ্টি। ৮৩

আর, অধিক দিন কর্‌লে বাস, নাম হয় তার অন্নদাস,
উপহাস প্রতিবাসীতে করে।
শ্বশুরের মন হয় বিরস, শ্যালী শালাজে করে না রস,
শয়ন ভোজন কেবল অনাদরে। ৮৪

পাঠান্তর: ১-১ বিভাস রামপ্রসাদী—জলদ একতালা—ক। ২ জন—খ, চ, থ। ৩ বিনে—খ, চ, থ। ৪ অমনি—ক।

অতএব এক স্থলে, অধিক দিন থাক্‌তে হ'লে,
ঢাকে না গা,—থাকে না কারো মান।
আমি, দি‌ক দুদিন আছি মাত্র, ত্বরায় তুলিব গাত্র,
মনে মনে করেছি বিধান॥ ৮৫

—

আলিয়া—একতালা

ব্রজে রব না আর কই তোমায়।
ভ্রমণ কর্‌লেম অনেক তীর্থ, সকলি অনিত্য,
করি নাই জনক-জননীর তত্ত্ব,—
তাঁদের দর্শনার্থ, জন্মভূমি-তীর্থ
যাব একবার মথুরায়॥
বলেছিলেন আমায় সনকাদি যোগী,
পিতৃ-সবে তীর্থ-ভ্রমণ কিসের লাগি,
ঘরে ব'সে নর সর্ব্বতীর্থভোগী,
জনক-জননীর সেবায়॥ (ঝ)

—

যোগিবেশে শ্রীকৃষ্ণের কমলিনী-কুঞ্জে যাত্রা

সখীর কাছে হ'য়ে বিদায়, স্মরণ ক'রে প্রমদায়,
প্রেম-দায় ঝুরিছে দুটি আঁখি।
ধারণ করি যোগিবেশ, অম্‌নি গিয়ে হন প্রবেশ,
কমলিনীর কুঞ্জে কমল-আঁখি॥ ৮৬
দ্বারে দেখি জটাধারী, অষ্ট সখী শ্রীরাধারি,
প্রণাম করিয়ে সবে বলে।
কও প্রভু! কি প্রয়োজন, আজ্ঞা হ'লে আয়োজন,
করি আমরা রমণী সকলে॥ ৮৭
শুনে কন কেশব যোগী, অন্য কোন উদ্যোগী,
হতে হবে না আমার নিমিত্তে।
নানা তীর্থ ক'রে ভ্রমণ, চরম তীর্থ রাই-চরণ,
দেখতে এলাম বৃন্দাবন-তীর্থে॥ ৮৮

আমার বাসনার ধন দরশনে, বাসনা তোমাদের সনে,
গোপি! একবার অন্তঃপুরে যাই।
শুনে হেসে কয় চিত্রে, অসম্ভব আশা চিত্তে,
এ যে উন্মাদ-লক্ষণ দেখ্‌তে পাই॥ ৮৯

যারা সামান্য রাজা এ মহীতে, কোন যোগী না পারে কহিতে,
রাজ-দুহিতে দেখিব অন্তঃপুরে।
যিনি অখিল ব্রহ্মাণ্ডেশ্বরী, হরি-প্রিয়ে রাই-কিশোরী,
আছেন চর্ম্ম-চক্ষুর অগোচরে॥ ৯০

সে অগম্য স্থান ব্রহ্মার, নারদাদি শর্ব্বার,
অধিকার নাইক দরশনে।
মহাযোগী বঞ্চিত যথা, তুমি যোগি! যাবে তথা!
এ যে চাঁদ-ধরা সাধ বামনের মনে॥ ৯১

আর এক কথা কই তোমারে, ত্রেতাযুগ অবধি করে,
যোগীরে বিশ্বাস করে না কোন জনে।
যোগী বড় অবিশ্বাসী, শ্রীরাম যখন বনবাসী,
হরে সীতা পঞ্চবটী বনে॥ ৯২

—

'সুরট-মল্লার—একতালা'

যোগি! ঐখানে হবে বসিতে।
কুঞ্জে পাবে না প্রবেশিতে।
এম্‌নি ছদ্মযোগিবেশে, রাবণ এসে, বনে হরির হরিল সীতে॥

আজ্ঞা হ'লে আনি,—যদি ভিক্ষা লন,
কিম্বা হয় যদি পদ প্রক্ষালন,
জাহ্নবীর জল, যে বাঞ্ছা সকল, এনে দেয় দাসীতে।

দেখ্‌ছি তোমায় তেজঃপুঞ্জ-কলেবর,
যোগিবর! তুমি তুল্য দিগম্বর,
দিতে পার বর, ক্রোধ হলে পর, পার জীবন নাশিতে॥

পাঠান্তর: ১০১ দেশ—তেতালা—খ, গ।

কিন্তু আমরা তোমায় ভয় করিনে যোগি!
ভ'জে রাই হয়েছি ভয়-ত্যাগী,
যমের ভয় করে না ওহে যোগি!
ভাগীরথী-তীর-বাসীতে। (ঐ)

তোমার মনে ভয়[1] হলো না ভ্রান্ত, অনন্ত ভুবনের কান্ত,
তাঁর ভার্য্যা আছেন অন্তঃপুরে।
তুমি দেখ্‌তে চাও পুরুষ হ'য়ে,
আমরা অনেক ভেবে আছি স'য়ে,
অন্ত রাগ সম্বরণ ক'রে। ৯৩

আজি পূর্ণিমার তিথিটে, অতি পুণ্যতিথি, তায় অতিথি,
অতিথের দোষ ক্ষমা কর্‌তে হয়।
যোগী বলে,—ভাব বুঝিতে নারি,
হাঁহে সখি! রাধা কি নারী?
এ কথাতো বেদের লিখন নয়। ৯৪

বিশেষ, বৈরাগী আমি, অতি নিষ্ঠা নিষ্কামী,
শুকদেবের তুল্য জ্ঞান ধরি।
মান কিম্বা অপমান, আমার কাছে সব সমান,
যাব রাধার বিদ্যমান, যা করেন কিশোরী। ৯৫

গোপী বলে তুমি যেমন, তোমার যেমন পবিত্র মন,
আঁখির ভাবে বুঝেছি সন্ন্যাসি!
যোগি হে! করে যে সুন্দরী, মনো-চোরের মন চুরি,
আমরা সেই রাই-কিশোরীর দাসী। ৯৬

বেণেয় যেমন চেনে সোনা, রসিক চেনে রসিক জনা,
নেয়ে যেমন চেনে গাঙ্গের বারি।
বাতিক কিম্বা কফের যোগ, বৈদ্য যেমন চেনেন রোগ,
আমরা তেম্‌নি চোর চিন্‌তে পারি। ৯৭

তুমি নারীর জন্য দেশান্তরী, তোমার রোগ ধন্বন্তরি,
কি করিবেন!—নাড়ী কিবল আমরাই বুঝেছি স্পষ্ট।
তোমার নারী কুপিতে যেই দিন,
সেই দিন তোমার নাড়ী ক্ষীণ,
নারী-সোহাগে নাড়ী তোমার পুষ্ট। ৯৮
নারী তোমার গলার হার, সেই দিন তোমার অনাহার,
যে দিন নাই নারী-সনে বিহার।
তোমার চিত্ত নারীর গুণ গায়, এখনও নারীর গন্ধ গায়,
বাতাস আসিছে এক এক বার। ৯৯
সখী-বাক্যে নিরুত্তর, হয়ে চলেন সত্বর,
বৃন্দেরে কহেন কমল-আঁখি।
ধরিয়ে পুরুষ-বেশ, রাই-কুঞ্জে হতে প্রবেশ,
অসাধ্য হইল প্রাণসখি! ১০০

ব্যর্থকাম শ্রীকৃষ্ণের প্রত্যাবর্ত্তন

সাজ্‌ব আমি নারী-দেহ, নারীর ভূষণ আমি দেহ,
সই হে! আর সইতে নারি প্রাণে!
নারীর নিকটে যেতে, অনাসে পারে নারী জেতে,
নারী না হলে, নারি যেতে সেখানে। ১০১
শুনি বৃন্দে উঠে শিহরি, বলে, হে হরি! হরি হরি!
মরি হে গুমরি কোথা যাব!
কত কোটি অধর্ম্মের ফলে, নারীর জন্ম মহীতলে,
সেই নারী আজি তোমারে সাজাব। ১০২

* * *

নারী-জন্মের দুঃখ

ওহে ব্রজ-নারীর জীবন! নারীর দুঃখ কর শ্রবণ,
যত যাতনা[2] দেখিছ নিজ চক্ষে।
বঁধু হে! জগতের নরে, পুত্র-জন্য কামনা করে,
কন্যা হলে মরে মনোদুঃখে। ১০৩
বাল্য হতে পর-বাসে, প্রাণ দণ্ড পর-বশে,
রমণীর যাতনা বঁধু! দুঃখ।

পাঠান্তর: ১কিছু—ক ২ আরও—খ, চ, থ।

দুঃখের দশা দশ বৎসরে ঘোমটা দিয়ে শ্বশুর-ঘরে,
পক্ষী যেমন পিঞ্জরেতে বদ্ধ ॥ ১০৪
কারু পতি কানা খোঁড়া, কারু বা সতীন পোড়া,
কারু পতি বা নয় বশীভূত।
কারু পতি অন্ন-হড়, কোন যুবতীর পতি বুড়,
মনাগুনে মন পোড়ে তার কত ॥ ১০৫
কেউ বিধবা হয় বাল্য দশায়, ছাই পড়ে সব সুখের আশায়!
পরের লাগিয়ে পরম দুঃখ।
মরণ বিনে ঘরে বাস, মাসে মাসে দুটো উপবাস,
পোড়া-কপালে নারীর এইতো সুখ ॥ ১০৬
নারীকে বিধি নারে দেখ্‌তে পুরুষের পিতা থাকৃতে,
মায়ের পিণ্ড গয়ায় দিতে নাই।
নারীর মান্য আছে কোথায় পরশুরাম বাপের কথায়,
মায়ের মুণ্ড কাটে হে কানাই ॥ ১০৭
আবার কুলীন ব্রাহ্মণের যত নারী, এদের দুঃখ বলিতে নারি,
যদি বিয়ে হয় পুনঃ-বিয়ের পরে।
সে,—উদ্দেশ নাই কোন্ দেশ, পতি যেন সন্দেশ,
দৈবে যদি এসেন দয়া ক'রে ॥ ১০৮
আবার, শ্বশুরের কন্থর পেলে, ষোড়শী যুবতী ফেলে,
রাত্রে এসে প্রভাতে যান চলে।
কুলীনের যুবতীগণ, তারা যমের জন্যে যৌবন,
ধারণ করে হৃদয়-কমলে ॥ ১০৯
মিথ্যা নারীর কাল গত, চিনির বলদের মত,
বুকে বোঝা বইতে হয় হে শ্যাম!
অন্যকে দান করলে পরে, কলঙ্ক হয় ঘরে-পরে,
রটে কুল-কলঙ্কিনী নাম ॥ ১১০
অতএব পুরুষ যদি দরিদ্র হয়, রাজরাণী তার তুল্য নয়,
তবু নারীকে পরাধিনী কই।
ওহে বঁধু ধিক্ ধিক্, নারীর জীবনে ধিক্,
প্রাণ কাঁদে হে প্রাণাধিক!
(এমন) নারী তোমায় সাজাতে পারি কই ॥ ১১১

---

[১]বেহাগ খং[১]

বঁধু হে! পরাধিনী! নারীর বেশ তোমারে।
পরাতে পরাণ-বঁধু! পরাণ বিদরে॥
পর-পরাধিনীর দুঃখ জানাতাম তোমারে,—
পরাতাম, পরাণ-বঁধু! পর হলে পরে।
পর নও পরম সখা! তুমি ইহ-পরে।
গোপীগণের পরম নিধি গণ্য পরাণ-উপরে॥
রমণী-রঞ্জন প্রাণবঁধু হে!
তোমারে, রমণী সহিত সুরমণি সাধ করে;
হরের রমণী তোমায় সাধেন সাদরে;—
বঁধু! হতে চাও রমণী-দাসী রমণীর তরে॥ (ট)

নারী-জন্মের সুখ

কহিছেন চিন্তামণি, পুরুষের সার-ধন রমণী,
রমণী দুঃখিনী নয়, জেন।
পুরুষেতে যেমন সুখী, আমায় দিয়ে দেখ না সখি!
হাতে পাঁজি মঙ্গলবার কেন॥ ১১২
নরীর নাই কোন ভার, ভারের মধ্যে বদন ভার,—
[২]দেখ্‌লে পতির প্রাণ শুকিয়ে যায়[২]।
আমল করেন ঘরকন্না, দেনা-পাওনার কথা কন্ না,
জ্বালার মূল হ'য়ে জ্বালা সন্ না,
যত জ্বালা পুরুষের মাথায় ॥ ১১৩
পুরুষ করলে দান কি যাগ, নারী পান তার পুণ্য-ভাগ,
পাপ করলে সে ভাগ এড়ান।
পুরুষের ভারি মরণ, অপকর্ম অপহরণ,
নারীর কেবল কথায় কথায় মান ॥ ১১৪
সখি হে! নারীর সুখ জানাই, ঋণ নাই—প্রবাস নাই,
দ্বিগুণ আহার,—ছয় গুণ শক্তি বলে।
বুদ্ধি নারীর চারি গুণ, পুরুষের মুখে আগুন,
প'ড়ে শুনে শেষে নারীর বুদ্ধে চলে ॥ ১১৫

পাঠান্তর: ১-১ সুরট—ঝাঁপতাল। ২-২ মধ্যে মধ্যে সাধে প্রাণ যায়—খ, চ, ণ।

যে পুরুষ বয়েস ভেটিয়ে, ¹করে চারিশো টাকা দিয়ে¹ বিয়ে,
সে নারীর সুখ নারি হে কহিতে।
পতির ঘরে এসেন তিনি, যেন পতিত-পাবনী,
গতিহীনের বংশ উদ্ধারিতে। ১১৬

গা-খানি তাঁর আদর-মাখা, রোদন কিংবা বদন বাঁকা,
দেখ্‌লে পতির প্রাণ শুকিয়ে যায়।
মাটিতে তিনি দেন না চরণ, শাশুড়ী ননদের মরণ!
চিরকাল মন যুগিয়ে কাল কাটায়। ১১৭

করেন না কোন গৃহ-কায, আদ্-ঘোমটা দিয়ে লাজ!
বল্‌লে, রেগে হন খরতর।
স্বামীকে সেজে দেন্ না পান, সন্ধ্যাকালে নিদ্রা যান,
ডাকিলে বলে,—ডেক্‌রা কেন মর। ১১৮

দেশের ব্যাভার দেখে কই, রমণী দুঃখিনী কৈ!
আমায় নারী সাজাও ত্বরা করি।
বৃন্দে বলে,—বেশ বেশ, এসো সাজাই নারী-বেশ,
হরি হে! তোমার দুঃখ পরিহরি। ১১৯

* * *

বৃন্দা শ্রীকৃষ্ণকে নারী-বেশে সাজাইতেছেন

তখন পীতাম্বরে পীতাম্বরী, পরাইছে ত্বরা করি,
অলক্ত পরায় দুটি পদে।
নহে খর্ব্ব নহে উচ্চ, বসনে গড়িয়ে কুচ,
বন্ধন করিয়ে দিল হৃদে। ১২০

কিছু গায়—কিছু পায়, কিছু দিল নাসিকায়,
আনি দূতী স্বর্ণ-আভরণ।
সাজাইছে শ্যামকায়, শ্রবণ দুটি ঝুম্‌কায়,
চম্‌কায় দেখলে মুনির মন। ১২১

* * *

বিদেশিনীরূপে শ্রীকৃষ্ণের রাই-কুঞ্জে যাত্রা

তখন সুরমুনির শিরোমণি, বীণা করে—হ'য়ে রমণী,
অমনি যান যথা রাজকুমারী।
আবার বিপদ পায় পায়, পথে চলিতে দেখ্‌তে পায়,
নারীর বেশধারী বংশীধারী। ১২২

শুধাচ্ছে ব্রজ-গোপিনী, কে হে তুমি স্বরূপিণি!
দেখি একবার আমাদের পানে ফের।
এমন শ্রী-তো কালো-বরণে, দেখি নাই শ্রীবৃন্দাবনে,
আমাদের যে শ্রীধর-তুল্য শ্রী ধর। ১২৩

অভিনব রঙ্গিণী, সঙ্গে নাই সঙ্গিনী,
একাকিনী ফির্‌ছ কি সাহসে!
কুল-কন্যা এমন ক'রে, কে কোথা ভ্রমণ করে?
অপযশ যে ঘট্‌বে অনায়াসে। ১২৪

আমরা মনে করি অনুমান, পিতা মাতা নাই বর্ত্তমান,
হতমান তাইতে হলো বটে।
স্বামী বুঝি লোকান্তর, স্বামী বেঁচে থাক্‌লে পর,
এমন মেয়ের কি এমন বিপদ ঘটে। ১২৫

ঝিঁঝিট—ঠেকা²

কে ধনি! তুই ভ্রমিস গোকুলে।
অকূলে হয়েছিস্ আকুল,
কেউ বুঝি তোর নাই ত্রিকুলে॥
বয়েস দেখে—দেখে আকার,
অসতী তো হয় না বিচার,
কেবল যৌবনের সঞ্চার, হয়েছে হৃদয়-কমলে।
হয় নাই রস রস-বোধ, প্রণয়ের বোধাবোধ,
জন্মে নাই পিরীতের স্বাদ, দাশরথি তা কি বলে। (১)

পাঠান্তর: ১-১ বুড় বয়সে করে—ক। ২ মধ্যমান—ক।

বিদেশিনীর উক্তি

কহিছেন বিদেশিনী, পিক-নিন্দিত-ভাষিণী,
দুঃখের কথা বলিতে বুক ফাটে।
আছেন কান্ত বর্তমান, কিন্তু বড় অপমান[1],
সদা আমার তাঁহার নিকটে॥ ১২৬
আমার একটী কুস্বভাব, প্রতিবাসিনীর সঙ্গে ভাব,
যদি আমি কারু বাড়ী গিয়ে।
হাসি বসি এক দণ্ড, তবেই তিনি দেন দণ্ড,
দণ্ড—যমদণ্ডকে জিনিয়ে॥ ১২৭
স্বামি-সুখে বঞ্চিতে হ'য়ে—ঘরে বঞ্চিতে
না পেরে, হয় বিরাগ অন্তরে।
করিব আমি তীর্থ-ভ্রমণ, যেন ভবে এসে আর এমন,
যন্ত্রণা না হয় জন্মান্তরে॥ ১২৮
তাতেই করে ধরেছি বীণে, এই বীণা-অবলম্বনে,
সদা কামনা—হরি-গুণ গাই।
এই বীণাকে করি হাতে, গিয়েছিলাম জগন্নাথে,
কারু সনে যেতে আমি না চাই॥ ১২৯
সাগর-সঙ্গম দিয়ে, কালীঘাটে কালী বন্দিয়ে,
ত্রিবেণীতে স্নান করিয়া আসি।
কালি এসেছি ব্রজধামে, দেখিব যুগল রাধা-শ্যামে,
এর পর যাইব আমি কাশী॥ ১৩০
ললিতে বলে,—বীণে-ধরা! একাকিনী ফিরিছ ধরা,
যৌবনেতে ভরা অঙ্গ-খানি।
সেই দিন পাইবে টের, যে দিন কালো লম্পটের,
সঙ্গে দেখা হবে লো রঙ্গিণি॥ ১৩১
যৌবন ধরিয়ে গায়, যুবতী যথা-তথা যায়,
ওমা মরি! তার কি ধর্ম থাকে?
মৃগীর প্রায় যুবতী যত, পুরুষ ব্যাধের মত,
একবার চক্ষে দেখ্‌লে পর কি রাখে॥ ১৩২
বিদেশিনী কন শুনে, ও কথা আমি শুনিনে,
পুরুষে কি নারী মজাতে পারে?
বল সাজে কি নারীর উপরে, নারী না মজিলে পরে,
নারিকেল কি খেতে পারে বানরে॥ ১৩৩
ধর্মে মতি থাকে যার, ধর্ম ধর্মে রাখে তার,
বেদ-পুরাণে আছে তার প্রমাণ।
লয়ে একাকিনী মৃত পতি, বনে ছিল সাবিত্রী সতী,
সাধ্য কি তার যম নিকটে যান॥ ১৩৪
নলরাজার কামিনী, রূপে শত সৌদামিনী,
জান্‌ত না সে বিনে নলের সেবা।
জেলে দিয়ে দুঃখানল, বনে ফেলে গেল নল,
তার ধর্ম রক্ষা করলে কেবা॥ ১৩৫
ললিতে বলে,—মিথ্যা নয়, বল্‌লে যা তা চিত্তে লয়,
কিন্তু সে সব অন্য-দেশ-পক্ষে।
শুন নাই কি ধনি! শ্রবণে, সতীর বিপদ বৃন্দাবনে!
এখানে হয় না ধর্মে ধর্ম-রক্ষে॥ ১৩৬
আমরা যত কুল-কামিনী, ভজিতাম কুলকুণ্ডলিনী,
স্বামীকে ব্রহ্মজ্ঞান ক'রে থাকি।
ঘুচালে সে ধর্ম সব, যশোদার সুত কেশব,
বাজিয়ে বাঁশী—দেখিয়ে বাঁকা আঁখি॥ ১৩৭
তুমি এখন পড় নাই ফাঁদে! দেখ নাই প্রাণ-ধরা চাঁদে,
শুন নাই মধুর বংশীধ্বনি!
কাশী যাওয়া করিছ মত, ঘুচে যাবে জনমের মত,
নন্দের সুত লাগিবে যখন ধনি॥ ১৩৮

বিভাস[2]—একতালা

আর কি থাকে কুল, এসেছ গোকুল,
ডুবাইতে কুল, অকূল সাগরে!
একবার দেখ্‌লে কালো-শশী, আর কি যাবি কাশী,
দাসী হবি বাঁশী শুন্‌লে পরে॥
আমরা নারী করি অন্তঃপুরে বাস,
অন্তরে প্রবেশ করেন শ্রীনিবাস,

পাঠান্তর: ১ হতমান—খ, চ, খ। ২ যোনাট—খ, চ।

স্বামি-সহ বাস, ঘুচাই গৃহবাস, বাসনা গো!
শ্যামের বাঁশের বাঁশী বনবাসিনী করে।
বংশীরবে সতীর সতীত্ব দমন,—
হ'রে লয় সতীর পতি প্রতি মন,
মত্ত জগজ্জন, যমুনা উজোন, বেগে ধায় গো!
যখন বংশীধর বংশী ধরেন অধরে। (ড)

এই কথা শুনিবামাত্র, প্রেমে পুলকিত-গাত্র,
বিদেশিনী কয়,—গোপি শুন!
বিধি কি পুরাবেন সাধ, দিয়ে কৃষ্ণের অপবাদ!
তাতে আমার সতীত্ব যাবে কেন॥ ১৩৯
সতী যে পতির সেবা করে, কৃষ্ণের কৃপা হ'বার তরে,
আর এক কথা শুন বিধির বেদ।
কৃষ্ণ-প্রেমে যে মজিল, নিজ পতি সে কৈ ত্যজিল!
পতি আর কৃষ্ণে কিবা ভেদ। ১৪০

* * *

এখনকার রমণীগণের পতিভক্তি কিরূপ

এইরূপে ললিতার কাছে, শ্রীকৃষ্ণের হচ্ছে উক্তি।
কিন্তু কলিযুগের রমণী যত, সবাই নহে অনুগত,
ইহাদের পতিকে নাই ভক্তি॥ ১৪১
এখনকার যে সব ভার্য্যে, ঘরে থাকেন সৌভার্য্যে,
সেই পতিদের বাপের ভাগ্য অতি।
পতিকে না থাকুক টান, পর-পুরুষকে[১] না ঘটান,
সেই নারীকে জেন পরম সতী॥ ১৪২
পতির চরণ সেবা করা, পতিকে পরম গুরু ধরা,
সে সব আইন হয়ে গিয়েছে বন্ধ।
এখন দেশাচারে এই বিচার, দিয়ে ষোড়শ উপচার,
পুজিতে হয় নারীর চরণপদ্ম॥ ১৪৩
নইলে হয় না অনুগ্রহ, কলির পুরুষের গ্রহ,
গ্রহ-ফেরে[২] গৃহ-অভিলাষী।
গৃহিণীতে কি সুখ ভোগ, গৃহিণী যেন গ্রহিণী রোগ,
তবু তো কেউ হয় না সন্ন্যাসী॥ ১৪৪

* * *

ললিতার সহিত বিদেশিনী-বেশী শ্রীকৃষ্ণের কথা

এত বল্‌লাম কলির আচার, পরে শুন সমাচার,
বিদেশী কন,—ওহে গোপ-ললনা!
কৃষ্ণ যে জগতের স্বামী, জগৎ ছাড়া নইতো আমি,
তাতে মজিলে কুল তো যাবে না॥ ১৪৫
তুমি বল্‌লে যাবে কুল, এটা তোমার বুঝিবার ভুল,
গোকুল-পতিকে ভ'জে কুল মজাবো!
বরং ছিল না কুল—ছিল অকূল, শ্যাম যদি হন অনুকূল,
তবে ত আমি অকূলে কূল পাব॥ ১৪৬
কৃষ্ণ যদি ভালবাসে, কাজ কি আমার কাশীবাসে!
কৃত্তিবাসের কাছে কি ফল আছে?
কর তোমরা আশীর্ব্বাদ, ঘটুক হরি-পরিবাদ,
পুরুক সাধ—ধরুক ফল এই গাছে॥ ১৪৭

---

[৩]খাম্বাজ—কাওয়ালী[৩]

(আমার) বিধি কি সাধ করিবে পূরণ।
অসাধনে পাব সাধনের ধন—
পতি হবেন কৃষ্ণ পতিতপাবন॥
কৃষ্ণপ্রেমে প্রেমিক যদি হতে পারি আমি,
তবে অন্তে পাব রাই-চরণ॥
ওহে নারী-পুরুষ উভয়েরি পতি দয়াময়,
শুধু রমণীর নয়,—
প্রজাপতি সুরপতি, পশুপতির হন পতি,
দিবাপতির পতি সেই পতিতপাবন। (ঢ)

পাঠান্তর: ১ পরপতি—ক। ২ গ্রহকের—খ, চ। ৩-৩ দেশ—তেতালা—খ, চ, থ।

ললিতার উক্তি

ললিতে বলিছে ত্বরা, বিধুমুখি বিম্বাধরা!
তবেই তুমি পড়িলে ধরা, আমাদের কাছে।
ক'রে কৃষ্ণ উপাসনা, রাই-চরণ কর বান্দনা,
রাই রাই সদা ঘোষণা, ভাবেই জানা গেছে। ১৪৮

* * *

বিদেশিনী-বেশী শ্রীকৃষ্ণ রাই-কুঞ্জদ্বারে উপস্থিত

কথার না উত্তর দিয়ে, রাইকুঞ্জে উত্তরিয়ে,
দ্বারের কাছে দাঁড়াইয়ে, আছেন বিদেশিনী।
নারীর বেশ হরিকে দেখে, হরিল মন দূরে থেকে,
বিশাখা এসে সম্মুখে, জিজ্ঞাসেন অমনি। ১৪৯

কে তুমি নীলবরণি! কার সুতা—কোকিল-ধ্বনি!
তুমি কার ঘরণী বলতো!
কওনা প্রয়োজন থাকে, বিরলে গিয়ে কও আমাকে,
সম্প্রতি রাই-কুঞ্জ থেকে চলতো। ১৫০

প্যারী আছেন ঘোর মানেতে, আর যেওনা দ্বার-পানেতে,
থাকো না হয় এইখানেই থাকতো।
যাবে যদি মান বাঁচিয়ে, তারা ঢাক—আঁখি মুদিয়ে,
কালোরূপটী বসন দিয়ে ঢাকতো। ১৫১

বীণায় যদি বল হরি, যদি শুনতে পান প্যারী,
লবেন তোমার প্রাণ হরি ত্বরিত।
আমাদের কথা না শুনে, যদি বাজাইবি বীণে,
প্রাণে মরিবি ও নবীনে! চকিত। ১৫২

যেখানে কৃষ্ণের প্রিয়ে, যেওনা ও দিক্ দিয়ে!
কথাটা মনে ঠিক দিয়ে গণতো।
বৃন্দাবন-বিলাসিনী, কালো দেখিলে প্রাণনাশিনী,
তাতেই বলি, বিদেশিনি! আমাদের কথা শুনতো। ১৫৩

—

'ঝিঁঝিট একতালা'[১]

আহা মরি, যাস্‌নে গো, কুঞ্জে কালো-বরণি!
কোনরূপে ত্রাণ[২] পাবিনে,
প্যারী কালোরূপের প্রতি কালরূপিণী।

ও নব-রঙ্গিণি শ্যামাঙ্গিনি ধনি!
তুই ত নস্ অতি সামান্যা রমণী,—বই—তোরে কই!
জানি হন হত-মানিনী, এখন কমলিনী-(র),
কুঞ্জে গেলে কালী কালকামিনী।

কালাচাঁদের উপর মান ক'রে ধনী,
কালো দেখ্‌লে যেন কাল-ভুজঙ্গিনী, রাই! বলি তাই,—
ছিল শ্যামাঙ্গিনী সখী, তারে চন্দ্রমুখী,
দিলেন কুঞ্জের বাহির ক'রে অমনি। (ণ)

—

শ্রীমতীর শ্রীকৃষ্ণ-দর্শন-আকাঙ্ক্ষা

হেথায় রাধার মানভঙ্গ, নিকটে নাই ত্রিভঙ্গ,
অন্ধকার দেখি চন্দ্রমুখী।
দূতীরে কন করি রোদন, নাই গো আমার শ্যামধন,
শ্যামা-ধনের ধন গো সখি। ১৫৪

এনে দে মোর শ্রীগোবিন্দে, নইলে মরেছি গো বৃন্দে!
ললিতে! নলিনাক্ষ দে আনিয়ে।
কোথা গেলি গো অঙ্গদেবি! তুই কি আমার অঙ্গ দিবি,
অকূলে শ্যাম-অঙ্গ এনে দিয়ে। ১৫৫

চিত্রে গো! বাঁচিনে আর তো, অন্ধকার ক'রে চিত্ত,
কোথা আমার চিত্তহর হরি!
বাঁচিনে বিনে প্রাণ-হরি, লয় যে আমার প্রাণ হরি!
হরির বিচ্ছেদ-বিষহরি। ১৫৬

মরি মরি ওগো বিশাখা! বাঁচিনে আর [৩]হয়ে বি-সখা[৩]
একবার তোরা এনে দে মোর শ্যামে।
এবার বঁধুরে দেখ্‌লে সখিরে! চরণ ধ'রে করিব কিরে,
আর মান করিব না জনমে। ১৫৭

পাঠান্তর: ১-১ খাম্বাজ—তিওট—গ, চ, ধ। ২ প্রাণ—খ, চ। ৩-৩ বিহনে সখা—ক, ধ।

বিশাখা বলে,—কেন রোদন, সাধে সাধে সাধনের ধন,
বিসর্জ্জন দিয়ে মান-সাগরে!
এখন বল্‌ছ প্রাণ হারাই, প্রাণ কি তোমার আছে রাই?
কালিতো প্রাণ ত্যজেছ মান ক'রে। ১৫৮

হরির উপরে হলে রিপু, যেন হিরণ্যকশিপু,
হরি হরি! হরির কি দিন গেছে!
তোমার দ্বেষ দেখে হরি, গেছেন দেশ পরিহরি,
এদেশে উদ্দেশ করা মিছে। ১৫৯

ওগো ব্রজ-বিলাসিনি! এসেছে এক বিদেশিনী,
সুধামুখী—শুধালে হয় তাকে।
দেশ-বিদেশ করে ভ্রমণ, ধনি!—তোমার কৃষ্ণধন,
যদি কোন দেশে দেখে থাকে। ১৬০

কিন্তু শ্যামতুল্য শ্যাম-দেহ. তাইতে আন্‌তে সন্দেহ,
কর কালোর উপরে কোপ শুনে।
আজ্ঞা দিলে আন্‌তে পারি, শুনিয়ে কহেন প্যারী
অবিলম্বে আন তারে এখানে। ১৬১

বিদেশিনীর রাইকুঞ্জে গমন

আজ্ঞা পেয়ে যান ত্বরা, রাই নিকটে বীণা-ধরা,
এক দৃষ্টে দেখেন কমলিনী।
দেখেন হরি-অভেদ, হরিল হরির খেদ,
হরিষে কন হরি-সোহাগিনী। ১৬২

বল্ দেখি গো বিদেশিনি! ছিলে কার গৃহবাসিনী,
উদাসিনী কে তোরে করিল।
কেন ফিরিছ এমন সাজে, সুন্দরি!—সংসার-মাঝে,
কে তোমার আছে আমায় বল। ১৬৩

বিদেশিনী বলে,—রাই! আর আমার কেহ নাই!
ব্যভিচারিণী ব'লে ত্যজেছেন স্বামী।
[1]কোথা রই[1]—কি সুখ জীবনে, বাস করিতে বৃন্দাবনে,
বাসনা মনে ক'রে এসেছি আমি। ১৬৪

বিদেশিনীর কষ্ট শুনি, কেঁদে কন কৃষ্ণরাণী,
কি শুনি গো আহা মরে যাই!
তোর পতির কপাল মন্দ, বুঝি তার দু-নয়ন অন্ধ,
তোর নয়ন সে নয়নে দেখে নাই। ১৬৫

মরি মরি কি অপমান! মাণিকের থাকে না মান,
ওলো ধনি! অন্ধের নিকটে।
অন্ধের কাছে কন্দর্প- রূপের থাকে না দর্প,
দর্পণের দর্প চূর্ণ ঘটে। ১৬৬

নবীন নীরদ জিনি, জিনি নীলপদ্ম যিনি,
তোর পতি, জানে না রূপ এমন!
যদি চক্ষে দেখ্‌তে পেতো তোকে,
তবে তুলে রাখ্‌তো মস্তকে,
শিব রেখেছেন ভাগীরথীকে যেমন। ১৬৭

ধনি! তুমি নও রমণী, চিন্তা মনে করি এমনি,
তুমি আমার চিন্তামণি হবে।
শ্যাম-তুল্য শ্যাম-কায়, তা নইলে কি রাই বিকায়?
হেন রূপ কি ভবে আর সম্ভবে। ১৬৮

ললিত-ভৈরো[2]—একতালা

এমন কালোরূপ নাই আর সংসারের মাঝে অন্য।
নাই আর এমন, বাঁকা নয়ন,
আমার বাঁকা সখা ভিন্ন॥
অন্য রবে আর মজিনে[3], আমরা শ্যামের বাঁশী বিনে,—
তেম্‌নি তোমার বীণে শুনে, দেহ অবসন্ন॥
যা ভাবিয়ে, বসন দিয়ে, হৃদয় করেছ আচ্ছন্ন,
তবু দেখা যায় লো ধনি! ভৃগুমুনির পদচিহ্ন॥
[4]কালো রূপে, নয়ন সঁপে, নয়ন-মন হ'ল ধন্য।
দাশরথি কয়, শ্রীমতি! হরি নারী তব জন্য॥[4] (ত)

পাঠান্তর: ১-১ কারে কই—ক। ২ মুলতান—ক। ৩ ভুলিনে—খ, চ, শ ৪-৪ এই অংশ—খ, চ-গ্রন্থে নাই।

যুগল মিলন

ছদ্মবেশ পদ্ম-আঁখি, প্রকাশ পেয়ে পদ্মমুখী,
আনন্দের আর সীমা নাই অন্তরে।
যেমন দরিদ্র পায় ধন, অন্ধ যেমন পায় নয়ন,
জীবন পায় মৃত কলেবরে ॥ ১৬৯
হারিয়ে যেমন মাথার মণি, ফিরে শিরে পায় ফণী,
তেম্‌নি প্যারী পেয়ে চিন্তামণি।
মগ্না গদগদ ভাবে, হরিকে কন্‌ নারী-ভাবে,
কৌতুক করিয়ে কমলিনী ॥ ১৭০
ও নবীনে বীণেধারিণি! তোর পতি যে ব্যভিচারিণী,
বলে তোকে – কথা নয় এ মিথ্যে।
স্বামী না হয় করেছে হেলা, এ নব যৌবনের বেলা,
একাকিনী নারী বেড়ায় কি তীর্থে ॥ ১৭১
হও যদি অসতী নারী, তবে কাছে রাখ্‌তে নারি,
ধনি লো! আমার ধর্ম্মের ঘরকন্না।
ভাবটি তোমার ভাল নয়, ভাব কর্‌তে ভাবনা হয়,
বৃন্দে বলে,—ক্ষমা দে মা আর না ॥ ১৭২
নারীর ভূষণ ক'রে দূর, অম্‌নি দূতী শ্যামবঁধুর,
মস্তকে চূড়া—হস্তে দেয় বাঁশী ॥
কেঁদে বলে,—গো রাজকুমারি!
আমরা নই গো শ্যামের—হই তোমারি,
প্যারি! আমরা যুগল-প্রেমের দাসী ॥ ১৭৩
হেসে চন্দ্রমুখী কন, হবেনা বিনে চান্দ্রায়ণ,
গঙ্গাজলে অভিষেক চাই।
স্তুতি ক'রে দূতী বলে, তিন দিন আজি নয়নের জলে,
শ্যামের অভিষেক হচ্ছে রাই ॥ ১৭৪
যদি প্যারি কর উক্ত, ও জলে হবে না মুক্ত,
চক্ষের জল অশুদ্ধ মানি।
শ্যামের চক্ষের জল যদি অশুদ্ধ[১], গঙ্গাজল কিসে শুদ্ধ!
গঙ্গা তো ঐ চরণে জানি ॥ ১৭৫
যাঁরে ভগীরথ আনিল ধরা, ত্রিলোক পবিত্র-করা,
পতিত-উদ্ধারিণী ভাগীরথী।
যাঁর চরণের জলের এত ফল, সেই মাধবের চক্ষের জল,—
ইথে কি শুচি হন্‌না শ্রীপতি ॥ ১৭৬
অমনি প্যারী উল্লাসিতে, চন্দনাক্ত তুলসীতে,
অতুল্য ধন চরণ পূজা করি।
প্রাণকে দিয়ে দক্ষিণে, শ্যামে রেখে দক্ষিণে,
বামে দাঁড়াইলেন ব্রজেশ্বরী ॥ ১৭৭

বিভাস[২]—একতালা

মরি, কিবা শোভা ব্রজধামে –
শ্যামের বামে শ্যাম-সোহাগিনী।
যত ললিতা আদি সঙ্গিনী,
যুগল-রূপ হেরে, যুগল আঁখি ঝোরে,
এরা যুগল-প্রেমের পাগলিনী।
আনন্দে প্রেমানন্দে, ডাকেন গোকুলচন্দ্রে,
পেয়ে চন্দ্রাননী,—আমার শ্যাম এসেছেন কুঞ্জে,
কোথা রইলি, আমার সাধের শ্যামা সখী শ্যামাঙ্গিনী ॥
বলেন প্যারী,—আমার গোবিন্দ সদয়,
করুণা-হৃদয়, হৃদয়ে উদয়,
দুঃখ তাপ দূরে গেল সমুদয়, দেখিয়ে ধনী,—
ওহে মধুকর! গুণ-গুণ ধ্বনি কর,
এলো আমার গুণমণি,—
ও কোকিল! আমার পোহাল কুহু-নিশি,
এখন কর কুহু কুহু-ধ্বনি ॥ (থ)

পাঠান্তর: ১ বিরুদ্ধ—খ, চ, ঋ। ২ ললিত ঠুংরী—ক।

১৭। অক্রূর-সংবাদ (১)

নারদ মুনির আত্ম-তত্ত্ব-চিন্তা

ব্রহ্মার সুত নারদ, ঘটে যায় ঘোর বিরোধ,
তারি করতে অনুরোধ, সর্ব্বদা ভ্রমণ।
গোকুল হ'তে গুণালয়, 'যাতে হয় কংস লয়'[1],
সেই উদ্যোগে মুনির আগমন॥ ১

নিজ বিপদ-বিনাশনে, ভক্তিতে বিপদ-বিনাশনে,
পথে যুক্তি বীণা-সনে, করেন করে তুলি।
ভোলে হরি যাতেতাতে, আমি থাকি মত্ততাতে,
তুমি হও না মত্ত তা'তে, তত্ত্ব-কথা ভুলি॥ ২

তোমায় ধরেছি নবীনে, তোমার ভরসা বিনে
অন্তরঙ্গ তোমা বিনে, আর কেহ নাই।
তোমারি প্রতি প্রতিনিধি, ভজি কৃষ্ণ গুণনিধি,
অপার ভব-জলধি, পার কর রে ভাই॥ ৩

কেন রে মিছে কাল যায়, ভজেন মহাকাল যা'য়,
যায় ভজনের[2] কাল যায়, ধর তাঁর পায়।
পদ্মনাভ না ভজিয়ে, নাই কিছু লাভ জীয়ে,
সে নামেতে না মজিয়ে, নাম যে ডুবে যায়॥ ৪

ভজ কান্ত রাধিকার, বল্‌বো তোয় কি অধিক আর,
যদি যাবে না কালের অধিকার,
তবে বীণা!—ভজ সেই বীণাধরা-কান্তে।
ডাক,—থেকে থেকে ঘোর করে করে,
তবে কোন বেটা বল করে, তা হ'লে কাল করে করে
পারে কি সে বাঁধতে॥ ৫

বীণা! যদি ঔষধি চাও হতে কালজয়ী।
তবে শুন বিবরণ, কাল-নিবারণ,
ঔষধি তোরে কই।

যেমন সুপুত্রেতে দুঃখ-নিবারণ, রোগ-নিবারণ বৈদ্য।
গান-নিবারণ গোল যেমন, জ্ঞান-নিবারণ মদ্য॥
ঘরে পরিতাপ-নিবারণ, যার প্রিয়বাদী জায়া।
সাপ-নিবারণ গরুড় যেমন, তাপ-নিবারণ ছায়া॥
মূর্খ লোকের রাগ-নিবারণ, গাঁজা চরস গুলি।
স্তুতিবাক্যে রাগ-নিবারণ, বাঘ-নিবারণ গুলি॥
দক্ষিণে বাতাস মেঘ-নিবারণ করে তন্ন তন্ন।
বিধা-নিবারণ পরম জ্ঞানী, ক্ষুধা-নিবারণ অন্ন॥
অম্বল ভোজনে দেয়, ঝাল নিবারণ করি।
সকল জঞ্জাল নিবারণ জল, কাল-নিবারণ হরি॥ (অ)

* * *

কংস-ধ্বংস-মন্ত্রণায় মথুরায় গমন।
এ দেহটা মথুরা যদি ভাব আমার মন॥ ১১
মতি! তোমার দেহ-মথুরা অতি অধমপুর।
এ মথুরায় বরং একজন আছে রে! অক্রূর॥ ১২
তোমার মথুরা কেবল কুকুরের[3] পুরী।
এ পুরী পবিত্র করা উচিত সবাকারি॥ ১৩
কংস আছেন, কুব্জা আছেন, আছেন দেবকী বন্ধনে।
(আগে) নিজ উপায় কর এনে নন্দের নন্দনে॥ ১৪

সুরট[4]—কাওয়ালী

চল রে মানস! রস-শ্রীবৃন্দাবনে।
অনন্ত ভয় এড়াবে, কৃতান্ত দূরে যাবে,
নিতান্ত-স্থান পাবে, শ্রীকান্ত-চরণে॥
সদত কলুষ-কংস করে জ্বালাতন, চল ওরে মন!
তায় করিতে দমন, আন গে হৃদয়-মধুপুরে মধুসূদনে॥

পাঠান্তর: ১-১ আসেন যাতে কংসালয়—ক। ২ ভ্রাবনায়—খ। ৩ কলুষের—খ। ৪ সুরট-মল্লার—ক।

তোমার[১] বুদ্ধি যে কুরূপা, বাঁকা কুব্জা-স্বরূপা,
বুদ্ধি কুব্জারে রাখ কেন শ্রীহীনে,—
শ্রী পায় সে শ্রীনাথ-আগমনে।
কুমতি-রজক নাশ হবে রে ত্বরায়,
হৃদয়-মথুরায়, আন গে শ্যামরায়,
বসু[২] দেবকীরে কর মুক্ত বন্ধনে। (ক)

নারদের কংসরাজ-সভায় গমন ও ধনুর্যজ্ঞের প্রস্তাব

যথায় কংস রাজন, পাত্র-মিত্র বহুজন,
মুনি গিয়ে কহিছেন তথা।
আমি কেন ভাবি বাপু রে! তুমি ত বসে আছ পুরে,
নিশ্চিন্ত,—সে কেমন কথা॥ ১৫

গোকুলে শত্রু প্রবল, দিনে দিনে তার বাড়িছে বল,
অনবরত খেয়ে ঘৃত মাখন।
ইন্দ্র-দর্প দিয়ে দূরে, নাম রেখেছে ব্রজপুরে,
বাম করে ধ'রে গোবর্দ্ধন॥ ১৬

বলিলে হেসে পড় ঢলে, গোয়ালার শিশু ব'লে,
শিশুর হাতে আশু কিন্তু ঠেকিবে।
ব'লে গিয়েছি অনেক দিন, আমি ব্রাহ্মণ অতি দীন,
দীনের কথা দিন দুই বই দেখিবে॥ ১৭

তখন কংসের জন্মিল ভয়, বলে প্রভু! কর অভয়,
দায় মুক্তির যুক্তি কিবা করি।
মুনি কন,—এই কথা যোগ্য, কর ধনুর্ময় যজ্ঞ,
নিমন্ত্রিয়ে এনে বধ হরি॥ ১৮

তখনি কংস রাজন, করে যজ্ঞের আয়োজন,
নানা স্থানে পাঠাইল পত্র।
শুধান যতেক বীরে, গোকুলে তোরা কে যাবি রে!
আনিতে নন্দের দুটি পুত্র॥ ১৯

* * *

কংসরাজ-সভায় অক্রূর

সবাই বলে অক্রূর, লোকটা বড় অ-ক্রূর,
গুণযুক্ত জ্ঞানযুক্ত নিযুক্ত ভজনে।
শুন ওহে ভাল যুক্ত এই যুক্তি উপযুক্ত,
তাহাকে পাঠাতে বৃন্দাবনে॥ ২০

তখন চরে দিল সমাচার, শুনি সানন্দে করে বিচার,
অক্রূর বৈষ্ণব-শিরোমণি।
আমি কি পাব দরশন, কমলার কুচভূষণ,
ভব-চিন্তাহারী চিন্তামণি॥ ২১

আবার ভাবে পরিণাম, আমার মুখে হরিনাম,
বিচ্ছেদ হবে না এক দণ্ড।
কংস কাছে যাই কিরূপ, হরিনামে সে হয় বিরূপ,
তখনি করিবে প্রাণদণ্ড॥ ২২

করিতে হলো চাতুরী, নতুবা কিরূপে তরি,
কৃষ্ণদ্বেষী পাষণ্ডের পাশে।
আমি বলিব বনমালী, সে বলিবে বল্‌ছে কালী,
এক শব্দে দুই অর্থ প্রকাশে॥ ২৩

প্রকাশি যে কবিশক্তি, হরিগুণে মিশায়ে শক্তি,
ভক্তিযোগে সেই গানটি গান।
লইয়া গোকুলের পত্র, বসে আছেন কংস যত্র,
আনন্দে অক্রূর তথা যান॥ ২৪

ঝিঁঝিট[৩]—ঠেকা

অপরূপ রূপ কে শবে।
দেখ রে তারা, এমন ধারা,
কালোরূপ কি আছে ভবে॥
আমরি কি প্রেমভরে, সদানন্দ হৃদে ধরে,
ঐ রমণী মন হরে, যে ভজে সে মুক্ত ভবে।
মা-বারি-মৃত্তিকা মাখ, মাধবে দাঁড়ায়ে দেখ,
দিন সব হরিতে থাক, নইলে মা দুখ আবার দিবে। (খ)

পাঠান্তর: ১ আমার—খ, চ। ২ জীবাত্মা—ক। ৩ বাহার—খ, চ।

কৃষ্ণ কালী এক যোগ, দুই অর্থে মনঃ-সংযোগ,
কংসের হলনা গীত শুনি।
এক অক্ষর হরিগুণ, শুনি রাগে হয়ে আগুন,
কহিছে অক্রূরের প্রতি বাণী। ২৫
ওরে বেটা দুরাচার! এ তো ভারি অত্যাচার,
নিত্য আমার বৃত্তিভোগ কর।
আমারি সঙ্গে বিপক্ষতা, আমারি বিপক্ষ-কথা,
সম্মুখে আসিয়া ব্যাখ্যা কর। ২৬

* * *

সে কেমন,—

ব্যভিচারিণী নারী যত, হয় না পতির প্রতি রত,
অবিরত পতির খায় পরে।
পতির কুশল নাই বাসনা, ভুলিয়ে লয়ে রূপা সোনা,
উপপতির উপাসনা করে। ২৭
ছল করে তেল দিয়ে পায়, সদা পতিকে গহনা চায়,
গহনা লহনা আদায় করা।
পতি হন পতিত তায়, রাগ করে ত বেরিয়ে যায়,
শক্র-ভয়ে ত্যাগ করে রাগ করা। ২৮
আমি ত মথুরার স্বামী, সবারে অন্ন যোগাই আমি,
নেমকহারামি সকল বেটাই করে!
কিছু নাই মোর অগোচর, কোন বেটা বলে চোর,
কেউ বা বলে গো-চোর, গিয়ে অগোচরে। ২৯
সকল বেটারাই বেতন ভুক, দেখ্‌তে নারে আমার মুখ,
মুখের কাছে এসে করে চাতুরী!
জানায় পিরীত গলায় গলায়, কিন্তু বেটারা তলায় তলায়,
জ্বালায় আমাকে আমি বুঝতে পারি। ৩০
সূক্ষ্ম বিচার কেউ না করে, যত মূর্খ বেটারা আমার ঘরে,
ভিক্ষা ক'রে গালি দিয়ে যায়, দুঃখে কি প্রাণ বাঁচে!
উদ্ধবকে জানা আছে, সে কাছে কথা কয় কাচে-কাচে,
আমার মন্দ গায়, তখনি নাচে গিয়ে নাচে। ৩১

তখন অক্রূর বলেন হরি! আমি অতি দীন।
দীনবন্ধু নামটি তোমার শুনি চিরদিন। ৩২
নামের শুনি ব্যাখ্যে, দেখিনে চক্ষে, ঐ দুঃখে কই।
হরি হে! বন্ধুর কার্য্য তুমি কর্‌লে কই। ৩৩

---

[১]অহং—একতালা[১]

দীনবন্ধু! আমি সেই দিনে হে দেখ্‌ব কেমন বন্ধু তুমি।
কে পার কর্‌বে হে আমারে, [৩]শমন রাজার দ্বারে,
যে দিন গিয়ে বন্ধন পড়িব হে আমি।[৩]
হরি তুমি বন্ধু বট, আমি কিন্তু শঠ,
শঠের প্রেমে পাছে না হবে প্রেমী,—
কিন্তু ও দীননাথ! [২]তুমি নির্ব্বিকার, নির্গুণ, নিত্য-বস্তু[২],
তোমার শঠ সরল সমান সংসারস্বামি!।
যদি তুমি হে মাধব! হও দীন-বান্ধব,
হতে হবে সে দিন অগ্রগামী।
একবার সেই দিনে হে! [৪]দাশরথি যে দিন পড়বে ধরায়[৪],
শমন যা করবে, তা তুমি জান অন্তর্যামী। (প)

তখন অক্রূর বলে মহাশয়, আমি গান করেছি কালীবিষয়,
বিষয়-জ্ঞান আছে আমার, মূর্খ নই হেন!
নন্দের গোপাল[৫] সে যে, গোপের ছেলে গোপাল ব্রজে,
আমি তার গুণগান[৫] করিব কেন। ৩৪
তখন কংসের ঘুচিল রাগ, বলছে করি অনুরাগ,
তাই ত বলি ঘটে বুদ্ধি আছে।
কি কথা কোথাকার হরি, শঙ্করীর ধ্যান করি
মায়ের ছেলে থাকবে মায়ের কাছে। ৩৫
হরির জীবন হরি, যত মূর্খ বেটাদের 'হরি হরি',
ঘুচিয়ে দিব এই করেছি সূত্র।

পাঠান্তর: ১-১ ভৈরবী—তেতালা। ২-২ এই অংশ—খ, চ-গ্রন্থে নাই। ৩-৩ যদি না দাঁড়াও ওহে শমন দমন—খ, চ।
৪ তনয়—খ, চ। ৫ নাম—ক।

এত বলি অক্রুর-করে, কংস সমর্পণ করে,
গোকুলের নিমন্ত্রণ-পত্র। ৩৬
* * *

নিমন্ত্রণ-পত্র লইয়া অক্রূরের নন্দালয় যাত্রা

পত্র পেয়ে পত্রপাঠ, ভবে[১] পরমার্থ-হাট,
অক্রুর উদয় নন্দালয়ে।
যত্নে দিয়ে রত্নাসন, নন্দ করে সম্ভাষণ,
এসো এসো বস ভাই!—বলিয়ে। ৩৭
রামের গলে শ্যামের কর, শ্যামের গলে হলধর,
কর দিয়ে, আনন্দ-ভরে যান!
ভেয়ে ভেয়ে যুগল রূপ, অপরূপ কি বিশ্বরূপ!
সেরূপ অক্রূর দেখ্‌তে পান। ৩৮

---

[২]ললিত বিভাস—ঝাঁপতাল[২]

দেখিছেন অক্রূর,—রূপে রাম যেন রজত-গিরি!
বামে হেরিয়ে নীলগিরি, নয়ন-মন নিল হরি।
হীরক-মণি মানহত, রামের অঙ্গে শোভা কত,
তাহে মিলিত মরকত-নিন্দিত রূপ-মাধুরী।
অক্রূর বাম নয়নে দেখেন রাম, দক্ষিণ নয়নে শ্যাম,
এক আঁখিতে দুই দেখিতে না পেয়ে আঁখিতে বারি,—
দাশরথি কয় ওরে নেত্র! রাম-শ্যাম অভেদ-গাত্র,
যাঁরে দেখ দেখ রে মাত্র, দুই কই রে একই হরি। (ঘ)

অক্রূর কর্তৃক নন্দকে কংসের নিমন্ত্রণ-পত্র প্রদান

অক্রূর দিলেন পাঁতি, নন্দ নিলেন হস্ত পাতি,
কে পড়িবে,—পড়িলেন সঙ্কটে।
ভাবেন করি হেঁট মাথা, আমায় ত গণেশের মাতা,
গণেশ-আঁকড়ি দেন নাইক পেটে। ৩৯

বাঁচাতে আপন পাড়া, করে খুন সীমানা ছাড়া,
দেন পত্র উপানন্দের হাতে।
উপানন্দ কেঁদে কয়, দাদার এমন কর্ম নয়,
মর্মপীড়া ছোট ভাইকে দিতে। ৪০
জানেন ত আমি গাইমাই, পাঁচ বৎসরের বেলায় গাই,
দিয়াছেন ভাই, তাই চরাই গোঠে।
দোহন করিয়ে গাই, লোকের বাড়ী দুগ্ধ যোগাই,
আর কেবল যাই মথুরার হাটে। ৪১
বলাই বলে,—কি জ্বালাই হল, কোথা থেকে বালাই এলো,
শীঘ্র চরণ চালাই তবে পালাই কিছু কাল।
বিরলে লয়ে শ্রীগোবিন্দ, উপায় শুধাইছেন নন্দ,
বল বাপু কি হবে গোপাল। ৪২
হেসে হেসে কন গোপাল, আমাদের সব এক-কপাল,
সরস্বতী সমান সবারি ঘটে।
সদাই তোমার কড়ি কড়ি, কারু দিলে না হাতে খড়ি,
হাতে নড়ি দিয়ে পাঠাও গোঠে। ৪৩
মা তো বলেছিল লিখিতে, তুমি দিলে গরু রাখিতে,
বাপের কথা বই মায়ের কথা শোনে কোন্ জনা!
দশরথের বাক্যে রাম, বনে যান গুণধাম,
মানেন নাই তো কৌশল্যার মানা। ৪৪
তবু তোমাকে লুকিয়ে তাত! লিখেছিলাম তাল-পাত
শিখেছিলাম কিরি-মিরি-গিরি।
ভাগ্যে শিখেছিলাম গিরি, তাইতে গিরি ধারণ করি,
তা নৈলে কি ধর্‌তে পারতাম গিরি। ৪৫
ছিল একজন ব্রজধামে, আত্মারাম ঘোষ নামে,
পত্র লয়ে নন্দ তথা গেল।
খুলিয়া পত্রের খাম, বলে,—পড় বাবা আত্মারাম!
রাজা কংস কি কথা লিখিল। ৪৬
আত্মারামের সেই কথায়, আত্মাপুরুষ শুকিয়ে যায়!
হেন কালে এলেন গর্গ মুনি।
কহিছেন পড়ি পত্র, গোকুলের গোপ মাত্র,
নিমন্ত্রণ করেছে নৃপমণি। ৪৭

পাঠান্তর: ১ ভাবে—খ। ২-২ সুরট—মধ্যমান—গ, চ।

সহ কৃষ্ণ বলভদ্র, তার বাড়ী যাওয়া ভদ্র,
ভদ্র ব'লে করেছে গণন।
এই কথা শুনিয়া নন্দ, মনেতে বড় আনন্দ,
নন্দন দুটিকে ডেকে কন। ৪৮
পর ধুতি কর কোঁচা, ধড়া চূড়া ছাড় বাছা!
যেতে হবে সে ধরাপতি-গোচরে।
ফেলো শিঙ্গা ফেলো বাঁশী, হবে লোক-হাসাহাসি,
এ বেশে সেখানে গেলে পরে। ৪৯
যে যে দ্রব্য প্রয়োজন, নন্দ করেন আয়োজন,
নানা ধন কংসে ভেট দিতে।
ব্রজে ধ্বনি হয় অমনি, লয়ে রাম-চিন্তামণি,
নন্দ যাবেন মথুরায় প্রভাতে। ৫০

* * *

এই সংবাদে নন্দরাণীর কাতরতা

অন্তঃপুরে নন্দরাণী, শুনিয়া উড়িল প্রাণী,
ছাড়িল নিঃশ্বাস অতি দীর্ঘ।
পড়িয়া ঘোর সঙ্কটে, আসিয়া নন্দ-নিকটে,
মুক্তকেশী হয়ে কয় শীঘ্র। ৫১
বলে,—নিমন্ত্রণ-পত্র পেয়েছো, তুমি যাও কর্ত্তা আছ!
ভেট দিতে একাকী কংস-ভূপে।
পেয়ে নিধি হারাইওনা, তার কাছে লয়ে যেওনা,
(আমার) দুধের গোপালে কোনরূপে। ৫২

---

[১]ললিত-ভৈঁরো—একতালা[১]

যেও না হে নন্দ! প্রাণ-গোপাল লয়ে সঙ্গে।
অযতনে নীল-রতনে কেন হারাবে তরঙ্গে॥
কাল হয়ে কালালয়ে, যাবে লয়ে কাল-অঙ্গে!
এ ধন, করেছ কি পণ, সমর্পণ কাল-ভুজঙ্গে॥
জন্মাবধি সে পাপ জীবন, বধিতে গোপালের জীবন,
দূত পাঠায় বৃন্দাবন, তাকি দেখ নাই অপাঙ্গে।
হয় না ত্রাস, যাও তার বাস, কি বিশ্বাস সে বৈরঙ্গে,
সাধ ক'রে ব্যাধ-করে সঁপে দিও না বিহঙ্গে॥ (ও)

* * *

শ্রীকৃষ্ণের জন্য শ্রীমতীর মালা-গ্রন্থন

কৃষ্ণ অঙ্গ কমলিনী, সাজাবেন স্বরূপিণী,
মালিনী আনিয়ে দিচ্ছে ফুল।
নানাবিধ সৌগন্ধ, গন্ধরাজ রজনীগন্ধ,
যে গন্ধে গোবিন্দ অনুকূল। ৫৩
চম্পক বক বকুলে, গাঁথে মালা কুন্দফুলে,
প্রসন্ন হইয়া হেমবর্ণা!
মাঝে মাঝে দেন তত্র, তুলে তুলসীর পত্র,
তা নইলে নন্দের পুত্র লন না। ৫৪
যোগ-বলে রাজবালা, সামান্য ফুলের মালা,
পরাণের পরাণ কৃষ্ণে পরান কি জন্যে।
মুক্তি-জন্য মুক্তাহার, শক্তি আছে দিতে তাঁহার,
তিনি তো বটেন রাজকন্যে। ৫৫
ফুল দেন তার আছে কারণ, শুন কই তার বিবরণ,
ফল-আকাঙ্ক্ষা জগতে যারা করে।
তারাই চেষ্টা করে ফুল, ফুল হয়েছে ফলের মূল,
ফুল না দিলে ফল কখন ধরে। ৫৬

তুলসী সহিত প্যারী, ফুল লয়ে সারি সারি
পরমানন্দে গাঁথিছেন হরির ব্যবহার-হার। ৫৭
বিলম্ব দেখিয়া প্যারী, উঠিয়া দেখেন বার বার।
মনোহরের প্রতি মনটা হচ্ছে ভার ভার। ৫৮
দুখ পেয়ে মুখে বলছেন,—দেখব না মুখ আর তার!
মুখের কথায় কি হচ্ছে, প্রাণ করছে ছাড়্-ছাড়্। ৫৯
সুধান কৃষ্ণতত্ত্ব-কথা, দেখা পাচ্ছেন যার-যার।
সাহস আছে, অন্য নারীর সহিত ব্যাভার তার-তার। ৬০

পাঠান্তর: ১-১ আলিয়া—ঠেকা—খ, চ।

দাসখত বিকায়ে গেছে, শুধ্‌তে রাধার ধার ধার।
লম্পট-স্বভাব তবু বেড়ান লোকের দ্বার দ্বার॥ ৬১
হেন কালে বৃন্দে দূতী শুনিল ত্বরায়।
বৃন্দাবন-চন্দ্র হরি চল্‌লেন মথুরায়॥ ৬২

* * *

বৃন্দা কমলিনীর নিকট আসিয়া বলিতেছেন,—
তোমার নীলমণি ত মথুরা চলিলেন, কার জন্য
আর হার গাঁথিতেছ?

যেই মাত্র শুনিলেন,—চলিলেন জীবের জীবন।
(অমনি) জীবন উঠিল কণ্ঠে, [1](বাঞ্ছা) জীবনে জীবন[1]॥ ৬৩

বৃন্দে বলে, চল গো জীবনে সঁপি কায়।
মৃতকায় হ'য়ে যায় বলতে রাধিকায়॥ ৬৪

কহে গিয়ে, নিকট হয়ে, ক'রে ক্রন্দনের ধ্বনি!
কার জন্যে আর হার গাঁথ ওলো ধনি!॥ ৬৫

---

[2]অহং—একতালা[2]

প্যারি! কার তরে আর গাঁথ হার যতনে।
গলার হার—কিশোরি! আরাধনের ধন তোমার চিন্তামণি,
সে হার[3] হারালে, হা রাই! কি শুন নাই শ্রবণে॥

একজন অক্রূর নামে সে যে, সাধুর মূর্ত্তি সেজে,
কংসের দূত এসেছে বৃন্দাবনে, দস্যুবৃত্তি ক'রে,
হ'রে লয়ে যায় তোমার সর্ব্বস্ব-ধন,—
আমরা দেখে এলাম—রথে তুলেছে রতনে। (চ)

শ্রীকৃষ্ণের মথুরাযাত্রা-কথায় জটিলা-কুটিলার আনন্দ

গোকুলে হইল রব, ঘুচায়ে গোপীর গৌরব,
গোবিন্দ-গমন মথুরায়।

নগরে হইল গোল, সুখেতে বাজায় বগোল,
জটিলে কুটিলে জুটে তায়। ৬৬

(বলে) কংস অনেক দিন অবধি, মনে করেছে পেলেই বধি,
ছল ক'রে দূত পাঠায়ে দিয়ে, যুত কর্‌তে নার্‌লে।
নন্দ বুঝ্‌তে পারে নাই, সঙ্গে লয়ে যাবে কানাই,
এইবার ছা ফাঁকি দিয়ে বারি কর্‌লে। ৬৭

বাঁচি এখন শুন্‌তে পেলে, যজ্ঞকুণ্ডে দিয়েছে ফেলে,
কালামুখো কালাকে কংস বলে।
(আমরা) কালি দিব পীরকে শিন্নি, পাপিনী নন্দের গিন্নি,
কাঁদে যেন 'বাছা বাছা' ব'লে। ৬৮

ওর বেটা মজায় কুল, বলিতে গেলে করে ভুল,
গরব শুনে এসে গা-টা অম্‌নি ঘোরে।
ধন হয়েছে—হয়েছে সুত, হাটে গিয়ে বেচিতো সুতো,
সে সব কথা এখন গিয়েছে দূরে। ৬৯

সকল জানি উহার ভর্ত্তা, নন্দ হয়েছে গাঁয়ের কর্ত্তা,
পৌষ মাসে পাঁচটা উপোস—ছিল অন্নছড়ো।
খাটিতো মজুর কাটিতো নাড়া, তার মেগের যে নথ-নাড়া,
সইতে হলো ঐ দুঃখ বড়। ৭০

এখন ভাঙ্গ্‌ল কপাল, গেলেন গোপাল,—
কাল বিকালে যাবে গো-পাল, অতিশয়টা রয়না চিরস্থায়ী।

অতিশয় ক'রে দর্প, শিবের কাছে কন্দর্প,
কোপ-নয়নে হয়ে গেলেন ছাই।
অতিশয় বাড়িল রাবণ, বাটীতে খাটিতো ইন্দ্র পবন,
শেষে তারে বানরে মারে লাথি।
অতিশয় দর্প ক'রে, হরি হর ভিন্ন ক'রে,
কাশীতে কত ব্যাসের দুর্গতি।
বৈকুণ্ঠ-নাথের রিপু, হ'য়ে হিরণ্যকশিপু,
অতিশয় সকলি বাড়াবাড়ি।
হয়ে নৃসিংহ-অবতার, নখ দিয়ে পেট চিরে তার,
সন্ধ্যাকালে বার করিলেন নাড়ী। (অ)

পাঠান্তর: ১-১ জীবন জীবন—খ, চ। ২-২ ভৈরবী—আড়াঠেকা—খ, চ। ৩ ধন—খ, চ।

এই রূপেতে মায়ে-ঝিয়ে, কত ভাবে[1] রাগে মজিয়ে,
হেথা শুন যে দশা রাধায়।
কেন হায় গাঁথ ব'লে, সখী যখন গিয়ে বলে,
কৃষ্ণ তোমার যান মথুরায়। ৭৪

* * *

শ্রীকৃষ্ণের মথুরা-যাত্রার কথায় কমলিনী কাতরা

প্রবেশ হ'তে কর্ণে কথা শুকায় অমনি স্বর্ণলতা,
নাসা-মূলে নিশ্বাস নাশিল।
রসনা হইল নীল, দশনে লাগিল খিল,
দশেন্দ্রিয় অবশ হইল। ৭৫

---

[2]মুলতান—ঠেকা[2]

যাবেন কৃষ্ণ মথুরা,—শুনি।
চৈতন্য হারায়ে ভূমে পড়েন চৈতন্য-রূপিণী॥
হারাইলাম ব'লে নাথে, হাতের মালা রইল হাতে,
আগন্তুক জ্বর-সন্নিপাতে, পাত হলো যেন পরাণী।
যত সখা-সখী দুঃখে ভাসিল,—
অমনি জীবন ধ্বংসিল, বক্ষে তক্ষক দংশিল,
চক্ষের তারা স্থির অমনি। (ছ)

রাধিকার কি প্রকার অবস্থা

রাইকে দেখে অচেতন, দ্বিগুণ হলো জ্বালাতন,
বলে—;শূন্য হলো ব্রজধাম।
আছেন আঁখি মুদিয়ে, জাগান ঔষধি দিয়ে,
কর্ণমূলে ব'লে কৃষ্ণের নাম। ৭৬

* * *

অক্রূরকে ব্রজ-গোপিনীগণের ভর্ৎসনা

বিরহে না রহে কায়, সঙ্গে লয়ে রাধিকায়,
গোপিনী তাপিনী হ'য়ে চলে।
যথা ল'য়ে শ্রীহরি, অক্রূর করে শ্রীহরি,
রথচক্র ধরি গোপী বলে। ৭৭
শোন্ রে অক্রূর! তোরে বলি, তুই, গায়ে দিয়েছিস্ নামাবলী,
যোগীর বেশ দেখ্‌তে বেশ বটে।
ব্রজের মাটি মাখা গায়, রসনা হরি-গুণ গায়,
মাথাটী মানায় বটে জটে। ৭৮
কপালে হরি-মন্দিরে, বসি হরি-মন্দিরে,
তুই জপ ক'রে থাকিস্ নাকি!
গায়ে লিখেছিস্ রাধা-কৃষ্ণ, আই মা ছি ছি! রাধাকৃষ্ণ!
ও গুলো সব চুরি করিবার ফাঁকি। ৭৯
তোর মত এমন চোর! নয়নের অগোচর,—
চোর তো চুরি লুকায়ে ক'রে থাকে।
তোমার তো নাই লুকোচুরি, দিয়ে অবলার গলায় ছুরি,
ব'লে কয়ে দেখিয়ে ব্রজের লোকে। ৮০

এক্ষণেতে মহাশয়! চোরের বৃদ্ধি অতিশয়,
পূর্ব্বে রাজা শূলে দিতেন চোরে।
এখন ধরলে কিসের দায়, পরম সুখে খেতে পায়,
বালাখানায় শুতে পায়, দিতে পারিলে জরিমানা,
খাটুনি মানা করে। ৮১

অমাবস্তে দুপর রেতে, চুরি ক'রে চোর জেতে,
যোগে-যাগে যদি ধরতে পারি।
হাকিম বলে, সাক্ষী কই? তখন সাক্ষী কারে কই!
কৈরাদীর হয় উল্টো কসুর, চোরের বাড়ে জারী। ৮২

চোর বেটারা ফুকিয়ে বাটী, লয়ে যায় সব ঘটী বাটী,
রাজার ভয়ে থাকি ছাপিয়ে সে কথাটী।
ছাপালে কিছু রেয়াতি বটে, [3]বলিলে পরে[3] ছাপিয়ে উঠে,
দারোগা গিয়ে কাঁপিয়ে দেন মাটি। ৮৩

পাঠান্তর: ১ জ্বাবে—খ। ২-২ লুম ঝিঁঝিট—ত্রিতালীয় মধ্যমান—ক। ৩-৩ না ছাপলেই—ক।

একে তো হলো দফা রফা, আবার দারোগার সঙ্গে কর রফা,
কড়ি দিয়ে—নইলে দ্বিগুণ ফন্দী।
ফৈরাদীকে ফেলে ফেরে, মূলটো ছেড়ে তুলটো করে,
লিখিয়ে দেয় উল্‌টো জবানবন্দী ॥ ৮৪

চোর, জরির জুতো দিয়ে পায়, শাটিনের আংরাখা গায়,
গাঁয়ে বেড়ায় চলে।
লোকের এখন এম্‌নি ভয়, চোরকে দেখেই বল্‌তে হয়,
দাদা-মহাশয়! কোথায় গিয়েছিলে ॥ ৮৫

থাকুক রহস্য-কথা, হেথায় অক্রূর যথা,
গোপিকা কয় করিয়ে ভর্ৎসনা।
চুরি তো আছে বিশেষ, তুই কর্‌লি চুরির শেষ!
রত্ন চুরির কি পাপ জান না ॥ ৮৬

(ওরে) ব্রহ্মহত্যা আদি যত, রত্ন-চুরি তারি মধ্য,
মহাপাপী বলেন মুনি সবে।
এর শাস্তি নিঃসন্দ, হয় কুষ্ঠ অথবা অন্ধ,
জন্ম জন্ম ভুগিতে হয় ভবে ॥ ৮৭

তুই যদি বলিস্‌—রত্ন কৈ? রত্নকে কি রত্ন কই!
এর কাছে কি মণি মুক্তা সোনা।
যদি এ সোনার হয় অধিকার, (তবে) সোনার বাসনা কার,
মুক্তা কি ছার মুক্ত জন্য, ইহারি উপাসনা ॥ ৮৮

অশীতি-রত্তি প্রমাণ সোনা, চুরি করে যেই জনা,
মহাপাপ—তার গতি নাই ভবে।
অতুল্য অমূল্য মণি, রাধার ধন চিন্তামণি,
চুরি কর্‌লে তোর কি গতি হবে ॥ ৮৯

—

আলিয়া—একতালা

হরির তুলনা নিধি কোথায়!
পরশ-মণির গুণে, লোহা স্বর্ণ জানিস মনে,
চিনিস্‌নে আমার চিন্তামণি ধনে,
যার চরণাম্বুজ-রেণু-পরশনে,
পাষাণ মানব-দেহ পায়।
সুর মুনি বাঞ্ছা করে যে মণিরে,
হরের মনোহর মণি হরণ ক'রে,
অক্রূর মুনি! ব্রজরমণীরে, কর্‌লি মণিহারা ফণী প্রায়।
লক্ষ্মী বলেছিলেন কৃষ্ণের চরণ ধরি,
স্ত্রীধন কিঞ্চিৎ আমায় দাও যদি যে হরি!
রাঙ্গাচরণ দুটি অধিকার করি, এ রত্ন অন্যে না পায়। (জ)

—

অক্রূরের উত্তর

রত্ন-চোর বলে গোপী, অক্রূরকে বলে পাপী,
অক্রূর বলে, ওরে গোপী! শোন।
পরের ধন যে লয় হরি, তার বিচার করেন হরি,
বিচার-কর্ত্তাই উনি জেনো ॥ ৯০

ওগো বৃন্দে! ওগো রাই! চোর কেবল তোমরাই,
জগতের ধন হরি—তা কি জান না?
তোমরা আট জনাতে আটক রাখি, জগৎকে দিয়েছ ফাঁকি,
সেটা কি তোমাদের ভাল বিবেচনা ॥ ৯১

দয়া হয় না কিঞ্চিৎ, একবারেতে বঞ্চিত,
জগতে করেছ জগৎনিধি।
সহজে না দিলে ছেড়ে, সহজেতেই লই কেড়ে,
ও ধনে আছে গো ধনী জগতে ফরিয়াদি ॥ ৯২

অনন্ত-কোটি জীবের বংশে, অংশী কৃষ্ণধনের অংশে,
যোগ ক'রে ভোগ করিতেছ সবাই।
তোমাদিগে ক'রে দুঃখ, অবলার লইতে মহ্য
অংশ লইতে আমি আসি নাই ॥ ৯৩

* * *

তবে আমার কি জন্যে আসা, তা শুন—

মথুরায় কংস-রাজন্‌, করেছেন যজ্ঞের আয়োজন,
ব'সে আছেন—সকল আয়োজন শূন্য[১]।

পাঠান্তর: ১ পূর্ণ—ক।

একবার গোকুল পরিহরি, গেলে যজ্ঞেশ্বর হরি,
তবে তাঁর যজ্ঞ হয় পূর্ণ। ৯৪
যদি কোন গৃহস্থ কোন গ্রামে, সেবা করে শালগ্রামে,
সেত নিজ মুক্তির কারণ।
নাই বিষ্ণু যার ঘরে, লয়ে গিয়ে সেই ঠাকুরে,
দশে করে যজ্ঞ সমাপন। ৯৫

সেই মথুরার পাপ-নগরে, নাই বিষ্ণু কারু ঘরে,
তাইতে আজ্ঞা দিলেন কংস-রায়।
আছেন গোকুলে কৃষ্ণ গোপালয়ে, গোকুল হতে এসো লয়ে,
যাও অক্রূর! রথ লয়ে ত্বরায়। ৯৬

পরিণামে কি দোষ ধরে, ঠাকুর লইতে কে মানা করে!
আর গোপী কিসের জন্ম ভাব!
হলে যজ্ঞ সমাপন, সেখানে রাখা নাই মন,
কালি আমি ফিরে দিয়া যাব। ৯৭

গোপীগণের প্রত্যুত্তর

গোপী বলে,—শোন রে কই, এখন পাঠাতে পারি কৈ?
আমরা করেছি কৃষ্ণ-প্রেমের ব্রত।
হৃদয় যজ্ঞ-বেদীর পরে, বসিয়ে কেবল বংশীধরে,
আয়োজন করেছি দ্রব্য যত। ৯৮

যখন না থাকে ক্রিয়া নিজ ঘরে, তখন ল'য়ে যায় পরে,
ক্ষতি নাই যান যথা-তথা।
আমাদের ক'রে ব্রত-ভঙ্গ, অকালে ল'য়ে ত্রিভঙ্গ,
তুই যে যাবি—এ কেমন কথা। ৯৯

ভেঙ্গে তাই বল রে বল, কংসের প্রবল বল,
বল যদি বলে যাও রে ল'য়ে।
ক্ষণেক তবে রাখ হরি, এখনি ব্রত সাঙ্গ করি,
আহুতি-দক্ষিণে আদি দিয়ে। ১০০

'খাম্বাজ—পোস্তা'[১]

আমরা আছি রে অক্রূর! কৃষ্ণপ্রেমের যজ্ঞে ব্রতী।
যজ্ঞ আজ পূর্ণ করি, প্রাণকে দিয়ে পূর্ণাহুতি।
অজ্ঞান অবলার ব্রত, বৈগুণ্য হলো কত,
রাঙ্গা পায় ধ'রে তা তো, সঁপি রে গোবিন্দ প্রতি।
একবার গোপিকার কারণ, ধৌত করি রাঙ্গা চরণ,
শান্তিজল দিয়ে দুঃখের, শান্তি ক'রে যান শ্রীপতি। (ঝ)

ব্রজ-গোপিনীগণ কর্তৃক শ্রীকৃষ্ণের রথচক্র ধারণ

গোপী কয়—রে অক্রূর! তুই একবার অ-ক্রূর,
হলে, গোপীর সাঙ্গ হয় ব্রত।
ক্ষণেক তবে রাখ কৃষ্ণ, রাই সঙ্গে দেখি কৃষ্ণ,
পুরাই ইষ্ট জনমের মত। ১০১
হলে পর গোপিকান্ত, তবে লয়ে গোপী-কান্ত,
যেয়ো অক্রূর!—নতুবা মানিব না।
ছেড়ে দিব না চক্রধরে, বলি রথচক্র ধরে,
চক্র করি যত ব্রজাঙ্গনা। ১০২
কেহ বা গিয়া অশ্বের, রজ্জু ধ'রে,—বিশ্বের
পতিকে দিব না ছেড়ে,—বলে।
কেউ গিয়ে কয়—ধরি হয়, ছাড়ি—যদি বিচার হয়,
নৈলে দেখি, কেমনে হয় চলে। ১০৩
শ্রীরাধার কিঙ্করী, দূতী কয় বিনয় করি,
করে ধরি যত গোপীগণে।
কি জন্ম ধরেছ রথ, রথ ধ'রে কি মনোরথ,
পূর্ণ হবে,—তাই ভেবেছ মনে। ১০৪
উপরোধ কর কার, কে করিবে উপকার,
সাধো কারে,—সাধ্য নাই কারো।
অক্রূর লয়ে যায় কেশব, চিতে ভাব মিথ্যা সব,
ছাড় ছাড় রথচক্র ছাড়। ১০৫

পাঠান্তর : ১-১ সিন্ধু ভৈরবী—বং—ব, চ।

ঝিঁঝিট—ঠেকা[1]

কেন চক্র ধরো সকলে।
ঐ চক্রে কি যায় গো! রথ, জান না কার চক্রে চলে।
ভেবেছ রথ টান্‌ছে বাজী,
সই! তোরে কই, বাজি কই, ও কেবল বাজি!
আজি আমাদের সুখের বাজি, সাঙ্গ হলো এ গোকুলে।
হয় ধর, হয় হতে কি হয়, এ দশা যা হতে হয়,
আগে তা বুঝিতে হয়।
হয় ছেড়ে সকলে, হয় প্রাণ জলে, না হয় দাও অনলে।
কেন কও সব কুভারতী, সারথিরে বল সই! অসার অতি,—
কি করিবে সারথি এর মূল রথী—দাশরথি বলে। (ঞ)

তবু রথ-চক্র ধরি রইল চন্দ্রাবলী।
বৃন্দে বলে, কেন চক্র ধর চন্দ্রাবলী। ১০৬
রথ ধ'রে, অক্রূর ধ'রে, রাখ্‌তে হবে কেশব।
কোন্ কর্ম্ম কর্‌তে পারে?—সখি! ওরা কে সব। ১০৭
ওরা কি সখি! লয়ে যেতে পারে গো কালোরূপ!
সে আমাদের কালোরূপ হয়েছে কাল-রূপ। ১০৮
যে আমাদের বল-বুদ্ধি জ্ঞান-মন হরে।
বলতো দুটো দুঃখের কথা, বল মনোহরে। ১০৯
চিত্রে বলে,—কি কর্‌লে হে রাধার প্রাণ-হরি!
কি দোষেতে চল্‌লে বঁধু! রাধার প্রাণ হরি। ১১০
যদি সাঙ্গ কর ব্রজের লীলা, শ্রীরাধারমণ!
তবে কেন বাঁশীতে হ'রে নিলে রাধার মন। ১১১
রাখ্‌বে না গোকুল যদি জান গিরিধর!
তবে সে দিন গোকুল রাখ্‌তে, কেন গিরি ধর। ১১২

ব্রজগোপীগণকে শ্রীকৃষ্ণের সান্ত্বনা প্রদান

রাই কন, স্বপ্নের মতন এই বুঝি শ্রীহরি।
প্রবোধিয়া রাইকে তখন কহেন শ্রীহরি। ১১৩
গত মাত্র আমি তত্র, শত্রু বিনাশিব।
সন্দ নাই, চন্দ্রমুখি! সত্য কাল আসিব। ১১৪

* * *

যমুনার জলে অক্রূরের শ্রীকৃষ্ণরূপ দর্শন

মধুর বাক্যে মধুসূদন তোষেন শ্রীমতীরে!
ত্বরান্বিত উপনীত যমুনার তীরে। ১১৫
অক্রূর যমুনায় গিয়ে করে অবগাহন।
মস্তক ডুবায়ে জলমধ্যে মগ্ন হন। ১১৬
ভক্ত-প্রেমে বশীভূত হ'য়ে বিশ্বরূপ।
জলমধ্যে অক্রূরে দেখান অপরূপ রূপ। ১১৭

---

[2]ললিত বিভাস- কাওয়ালী[2]

দেখে জীবনে, জীবের জীবনে,
চতুর্ভুজ অনন্ত গুণধারী অনন্তাসনে।
নীর হতে তুলে শির, না ধরে নয়নে নীর,
রাম-সঙ্গে জগন্নাথে, দেখে রথারোহণে।
স্তব করেন বিধি-ভব, বলেন ওহে ভব-ধব!
মাধব দীনবান্ধব! পাব কি স্থান চরণে। (ট)

শ্রীকৃষ্ণ-কর্ত্তৃক কংস-রজকের হাতে মাথা কাটা

পুনরায়, যদুরায়, রথে আরোহণ।
ত্বরান্বিত, উপনীত, মথুরাতে হন। ১১৮
মথুরায়ে, কংসরায়ে, ভেট দিবার তরে।
রাম-কেশবে, আর আর সবে, রেখে স্থানান্তরে। ১১৯
নিশিযোগে, নিদ্রাযোগে, হরি রন কপটে।
দীননাথ, দিননাথ-উদয়-কালে উঠে। ১২০
কন দাদায়, বিষম দায়, শুভ্র বস্ত্র নাই।
কেমন ক'রে, ধড়া পরে, রাজসভাতে যাই। ১২১

পাঠান্তর: ১ ঝাঁপতাল—খ, চ। ২-২ সুরট—তেতালা—খ, চ।

ধরিয়ে এ বেশ, হলে প্রবেশ, হারা হব গৌরবে।
হাসিবে সব, লাজে শবতুল্য হতে হবে ॥ ১২২
গোকুল ছাড়ি, রথ নিবারি, ভাবেন বস্ত্র-দায়।
হেন কালে কংসরজক রাজ সভাতে যায় ॥ ১২৩
কন বিপদ-ভঞ্জক, ভুবন-রঞ্জক,
দাঁড়া দাঁড়া রে রজক! দিননে বেটা ভজ!
তুই আমার নহিস্ পর, ¹সকলি আমার—না ভাবলে পর¹,
আমি যে তোর নই কো পর, এত আমার রঙ্গ ॥ ১২৪
বস্ত্র দে রে খানকতক, নইলে হব প্রাণঘাতক,
ঘটাসনে রে ঘোর পাতক, মোর কথা না শুনে।
শুনে রজক উমায়, করে সায় কটু ভাষায়,
শমন-পুরে যাবার আশায়, আসা বুঝি এখানে² ॥ ১২৫
ওরে কানাই! জানি তোমাকে,
জানি তোমার যশোদা মাকে,
বিদ্যা বুদ্ধি কিছু আমাকে, বলিতে হবে না!
সঙ্গে লয়ে দাদা রাম, গরু চরাও অবিরাম,
পিতা তোমার নন্দরাম, বাথানে যার থানা ॥ ১২৬
আছে ত বিষয় কিঞ্চিৎ, তাতে তোমরা বঞ্চিত,
জেতের যেমন লাঞ্ছিত, তাই সকলি আছে।
কিছু নাইত সুখ-নামা, খাটিস লোকের পয়নামা,
পাড়ায় পাড়ায় তোর মা, অদ্যাপি ঘোল বেচে ॥ ১২৭
রাজভোগ ল'য়ে বাস, যাই আমি রাজার বাস,
যমের কেন উপবাস, তোদের রেখে মর্ত্ত্যে।
ওরে নন্দের অঙ্গজ! ব্যাং হয়ে চাও ধরতে গজ!
ঘাট টাকা সাটীনের গজ, সাধ করেছ পরতে ॥ ১২৮
এই যে বারাণসে চাদর, তোর বাপ জানে না এর কদর!
চাদরের কত হবে আদর, তুমি যখন গায়ে দিয়ে বসবে!
(এই যে) জরি দিয়া জড়ান বুক, ³তুমি পরবে এত বুক³!
রাজা শুনলে তিন চাবুক, সেই নন্দের পিঠে কসবে ॥ ১২৯
ব্যাভার করেন নরবর, অমূল্য অম্বর,
তুমি পরিবে বর্ব্বর! এত গরবের কথা?
যাঁরে পূজেন ব্রহ্মা শঙ্করে, রজক অমান্য করে,
কোপে কৃষ্ণ তখনি করে, কাটিলেন তার মাথা ॥ ১৩০
দূত গিয়ে দ্রুতগতি, রাজারে জানায় শীঘ্রগতি,
প্রাণ বাঁচবার অসঙ্গতি, অস্ত্র মথুরাতে।
ওহে মহারাজ! পৃথিবীর মাঝে কি আছে এমন বীর,
করে কাটে রজকের শির, অসির কর্ম্ম হাতে। ১৩১
তোমার অক্রূরকে দিয়ে রথ, এনে যেমন মনোরথ,
পূর্ণ হ'ল না, হাসে ভারত! হায় হায় কি হ'ল।
মাগিতে পুত্রের বর, বর না হতে নরবর!
তোমার সুখের সরোবর, আজি যে শুকাইল ॥ ১৩২

——

⁴অহং—একতালা⁴

কালো-রূপ ওহে ভূপ! কাল-রূপ কে এলো!
এ কি শক্তি বালকের, মহারাজ! তব রজকের,
হস্ত দিয়ে মস্তক কাটিল।
মহারাজ হে! তোমার দিন আজি ভাল নয়,
⁵বুঝি নিকটে লয়⁵ তব ধ্বংসকারী বংশীধারী যে এলো।
কি রূপ আহা মরি মরি, মোহন বংশীধারী,
রূপে মনের অন্ধকার হরিল।
জ্ঞান হয় হে মনে, সে যে মানব নয়, ওহে দানব-রায়!
সদানন্দের নিধি নন্দের ভবনে ছিল। (ঠ)

——

শ্রীকৃষ্ণ-বলরামের বস্ত্র-পরিধান

রজকে বধি পীতাম্বর, পীতাম্বর নীলাম্বর,
নীলাম্বর বেছে বেছে লন।
কিরূপে হয় পরিধান, সন্ধানেতে হরি ধান,
হেন কালে দৈবের ঘটন ॥ ১৩৩
হরির দৃষ্ট হল বায়, পথে যায় তন্তুবায়,
বলেন তারে,—যা রে বস্ত্র পরিয়ে।

পাঠান্তর: ১-১ সকলি আমার ভাবিলে পর—খ, চ। ২ এক্ষণে—ক। ৩-৩ গায় দিতে চাও এত সুখ—খ; গায় দিতে চাও এত বুক—চ।
৪-৪ ইমন—ঠেকা—খ, চ। ৫-৫ কাল নিকট হ'ল—ক।

তাঁতি বলে, হে বংশীবদন! তুমি দীন-হীনকে দিও না বেদন,
আমার দিন যাচ্ছে, হাট যাচ্ছে ফুরিয়ে। ১৩৪

[১]পরের প'ড়েন পরের টানা[১], আমায় যে ধ'রে পথে টানা,
একি প্রভু! উচিত হয় হে তব?
হাট গেলে না পাব সুত, তবেই আমায় মেলে আশু তো,
হাটটি গেলেই সুতাসুত,কালি কিসে বাঁচাব। ১৩৫

কন দুঃখ-নিবারণ, শোন্ শোন্ পরা বসন,
পাঠাব তোরে বৈকুণ্ঠপুরী।
তাঁতি বলে,—সে কত দূর, দূরে গেলে যায় দুঃখ দূর,
তা হলে পর দূরকে স্বীকার করি। ১৩৬

বৈকুণ্ঠ তালুক কা'র, সেখানে তোমার অধিকার,
আছে—কিছু ইজারা কি পত্তনি?
শুন শুন কালবরণ! এখানে অপেক্ষা অসাধারণ,
বৈকুণ্ঠের সুখ কি,—তাই শুনি। ১৩৭

হরি কন, দুঃখের তাপ এড়াবি,
দুই হাত আছে চারি হাত পাবি,
তাঁতি বলে, ভাল কথা নয় এ-তো।
যদি দুই হাত বাড়িলে বাড়িত মান,
তবে দুই-পেয়েদের বিগুমান,
চারি-পেয়েদের কত মান হ'তো। ১৩৮

আমি তাঁত ফেলে যাই তব কথাতে,
যাই যদি সুখ পাই হে তাতে,
দুই দিগ্-হারা হই এই চিন্তে।
হরি কন, তোর কর্ম-সূত্র, কেটেছে আর হাটে সূত্র,
কিনিতে হবে না, হবে না তাঁত বুনতে। ১৩৯

চল রে এ তাঁত উঠায়ে, দিব ভাল তাঁত যুটায়ে,—
দিব সে তাঁত সদা বাঞ্ছিত যোগীতে।
বুনতে হতো অম্বর, কহিতেছেন[২] পীতাম্বর,
বার বার তোর আর হবে না ভুগিতে। ১৪০

——

খাম্বাজ[৩]—পোস্তা

জগতের তাঁতকে পাবি, এ তাঁত হতে সে তাঁত ভাল।
বার বার আর এসে ধরায়, টানা-কাড়ার ফল কি বল।
কলুষ-আগুনের তাঁতে, জ্বালাতন ছিলি তা'তে,
তাঁতি! তোর কপালগুণে সে আগুনের তাত জুড়াল। (৬)

——

শ্রীকৃষ্ণ-কুব্জা সংবাদ

বসন প'রে বনমালী, বনমালা পরিতে মালী,
তত্ত্ব ক'রে—যান তার পুরী।
নানা ফুলের মালা করে, ধরি সেই মালাকরে,
গলে হরি পরেন দুঃখ হরি। ১৪১

শ্রীনন্দের নন্দন, গায়ে মাখিতে চন্দন,
মনে মনে হন অভিলাষী।
হেন কালে রাজ-সভায়, চন্দন লয়ে দিতে যায়,
কুরূপা কুব্জা কংসের দাসী। ১৪২

তার মূর্তি দেখে কানাই, একটী দন্ত নাকটি নাই,
কান নাই,—কানাই ভাবেন এ কি!
পেট্টা ডোঙ্গা[৪] আট্টা বেঁক, ঠিক যেন গাঙ্গের টেঁক,
উচ্চ কপাল,—তাতে কুঁদুরে-চোখী। ১৪৩

গলে গণ্ড—গালে আব, দেখিয়ে মুখের ভাব,
বনে যায় বানরী মুখ ঢেকে!
গায়ে লোম যেন উল্লুক, স্তন-শূন্য শুকনো বুক,
চলে যেতে বুকেতে মুখ ঠেকে। ১৪৪

খুঁড়িয়ে গমন খড়ম-পেয়ে, শমন বলে,—এমন মেয়ে,
আমার বাড়ী কেউ এনো না ভাই!
মশকের[৫] মতন গাত্র, কন্যা-সহ যোগ্য পাত্র,
ঘটকে ঘটাতে পারে নাই। ১৪৫

তার মাথাময় সকলি টাক, ডাকটী যেন দাঁড়কাক,
স্থান নাই বলিতে একটু ভাল।

পাঠান্তর: ১-১ পরের পরনে পরের টানা—চ ; আমার ঘরে পড়লার টানা—খ। ২ বুঝবি তথায়—ক।
৩ সুরট—খ, চ। ৪ ডাঙ্গা—ক। ৫ পশমের—খ।

যে দিন কুপটী গড়ে তায়, সে দিন বুঝি বিধাতার,
বড় ব্যস্ত—বাপের শ্রাদ্ধ ছিল ॥ ১৪৬

—

'আড়ানা-বাহার—কাওয়ালী'

ভুবনে দেখি নাই আমি রূপ এমন।
আ মরি, সুন্দরি! লয়ে বাটিতে চন্দন,
কার বাটিতে কর গমন॥
ভুবনমোহন আমার রূপ হে!
আমি ত্রিভঙ্গ হরি, রূপে মুনির মন হরি,
ধনি! তুমি যে হরিলে সেই মুনির মনোহরের মন।
অনঙ্গ এলো আমার অঙ্গে,
হেরি তোর অঙ্গখানি, প্রেম-তরঙ্গে ধনি!
ডুবে মরি, দাও তরী, নইলে তরিব কেমনে॥ (চ)

—

হরি ডাকিছেন কুবুজায়, কুবুজাকে তা কু বুঝায়,
ব্যঙ্গ-কথা শুনে অঙ্গ জলে।
মনের দুঃখে একাকী, যায় বসনে মুখ ঢাকি,
একবার দেখেনা মুখ তুলে॥ ১৪৭

বলিছে কত দুঃখ পেয়ে, ওরে ছোঁড়ারা অল্পেয়ে,
তোদের জ্বালায় কি করি তাই বল!
জলে যাব কি খাব বিষ, তাই করিব যা বলিস্,
পথে আর হয় না চলাচল॥ ১৪৮

'পোড়াকপালে কুরূপা' আছি,
আপনার ঘরে আপনি আছি,
যেচে গিয়া কার্ গায়ে পড়েছি?
'গ্রহণ কর এই কুবুজায়' ব'লে ধরেছি কার পায়?
নিরুপায়—করিব কিরে ছিছি॥ ১৪৯

তোরা জানবি জানলে টের, তাইতে দিয়ে গাঁয়ের টের,
নিত্য আমি রাজার বাটিতে যাই।
ঘাটে-পড়ারা পড়ে থাকিস্ ঘাটে, নাইতে যাইনে বাঁধা ঘাটে
নিত্য নিত্য আঘাটেতে নাই॥ ১৫০

বাঞ্ছা করি মনে মনে, লুকিয়ে থাকি কোণে কোণে,
চলে না তাতে—কেউ নাই জগতে।
বিধি করেছেন একাকিনী, আমি একা বেচি—একা কিনি,
হাটে ঘাটে মাঠে হয় যেতে॥ ১৫১

বয়েস আমার তের চৌদ্দ, তা নৈলে পোনের হদ্দ,
বিধির পাকে যৌবনেতে বুড়ী।
বেড়াতে কারু বাড়ী যাইনে, মুখ পাইনে—সুখ পাইনে,
মুচ্‌কে হাসে যত ফচ্‌কে ছুঁড়ী॥ ১৫২

বিধি বেটার মাথা খাক্, নির্ব্বংশ হয়ে যাক্,
সত্যপীরে সিন্নি দিই তবে।
সেইত করলে এত গোল, নৈলে কেন গণ্ডগোল,
লোকের সঙ্গে আমায় করতে হবে॥ ১৫৩

—

খাম্বাজ—একতালা[৩]

বিধির কপালে আগুন, আমার মনের আগুন,
দিয়েছে জেলে।
পোড়ার উপর পোড়া, পোড়া-কপালেরা!
তোরা কেন দিস্, তায় আহুতি ঢেলে।
আমি কুরূপিণী,—আছি খাঁদা বোঁচা,
গায়ে পড়ি নাই কারু দেখে লম্বা কোঁচা,
আমায় দেখে অমনি নিত্য করে খোঁচা,
গাঁয়ের যত সর্ব্বনাশীদের ছেলে।
আমি পথে চলি বসনে মুখ ঢেকে,
অল্পেয়েরা যেন খবর পেয়ে থাকে,
যে দুঃখ দেয় আমাকে, বলব দুখ আর কাকে,
কাকে লাগে যেমন পেঁচাকে পেলে॥ (ণ)

—

পাঠান্তর: ১-১ আলিয়া—ঝাঁপতাল—খ, চ। ২-২ কুরূপা কুবুজা—ক। ৩ খং—খ, চ।

তখন কমল হস্ত দিয়া গায়, রূপটী কমলার প্রায়,
করি, কুব্জার পূরান বাসনা।
কুরূপা ছিল রমণী, পরশে পরশমণি,
লোহা অমনি হয় যেন সোনা ॥ ১৫৪

* * *

কংস-বধ ও দেবকীর বন্ধন-মোচন

প্রসন্ন হয়ে কুব্জায়, রূপ যৌবন দিয়ে তায়,
তদন্তে গেলেন কংসপুরী।
ছিল যত দ্বারপাল, তাদের পক্ষে হয়ে কাল,
চাণূর আদি বধ করি করী ॥ ১৫৫

অনেকের প্রাণ হরণ, করিলেন সঙ্কর্ষণ,
কৃষ্ণ কেশ আকর্ষণ করি কংসাসুরে।
বজ্র মুষ্টি মুখে মারি, কাল হয়ে কালবারী,
কংসেরে পাঠান যমপুরে ॥ ১৫৬

আনন্দিত দেবগণ, করেন পুষ্প বরিষণ,
শমন বলে,—শমন আমার গেল!
কুবের বরুণ হুতাশন, ইন্দ্র চন্দ্র আদি পবন,
সকলের হর্ষ মনে হ'ল ॥ ১৫৭

তখন জগতের ঘুচায়ে ত্রাস, মুখে মৃদু মন্দ হাস,
চলিলেন পীতবাস, জননী বিদ্যমান।
আছেন যেই কারাগারে, বন্ধন মুক্তি করিবারে,
তথাকারে যান ভগবান ॥ ১৫৮

ঘরে গিয়ে দুঃখ-নিবারণ, ঘন ঘন শ্যামবরণ,
মা বলিয়া করিছেন ধ্বনি।
অমৃত-সমান ধ্বনি, শুনিতে পায় দেবকী ধনী,
অমৃতে সিঞ্চিল যেন প্রাণী ॥ ১৫৯

বসুদেবে কন দেবকী, মোরে সদয় আজি দেব কি?
সেবকী ভেবে কি দয়া হ'ল!
ওহে নাথ! মনে হয়, এ দুর্দ্দশা করতে লয়,
গোপালয় হ'তে গোপাল এলো ॥ ১৬০

—

[১]ঝিঁঝিট—একতালা[১]

বাছা! কে তুই ডাকিলি রে, দুঃখিনীরে মা ব'লে!
তুই রে আমার সে নীল-রতন মণি,
যারে কংস-ভয়ে রেখেছিলাম গোকুলে।

আমি দশ মাস দশ দিন তোরে, গর্ভে ধারণ ক'রে,
সঁপেছিলাম শত্রু দায় যশোদায়।
এখন মা ব'লে তার ইষ্ট, পূরালি কি রে কৃষ্ণ!
আমি, পেয়ে হারালেম তোর ভূমিষ্ঠ-কালে।
শুনিলাম নাকি হাঁরে! কিঞ্চিৎ ননীর তরে,
যশোদা বন্ধন করে, তোর কমল-করে রে!
(গোপাল রে!)
আমার বুকে পাষাণ— তায়, কি দুঃখ রে তনয়!
তোর দুঃখ শুনে যে দুখ, (আমার) হৃদ-কমলে ॥ (ত)

——

পাঠান্তর: ১-১ সিন্ধু ভৈরবী—ঝাঁপতাল—খ, চ।

১৮। অক্রুর-সংবাদ (২)

বৃন্দাবন যাত্রাপথে অক্রূরের শ্রীকৃষ্ণ-সাক্ষাৎকার

চলিলেন অক্রূর, রাজা কংসাসুর,
আজ্ঞা লইয়া বৃন্দাবনে।
উৎকণ্ঠিত-মতি, বৈকুণ্ঠের পতি,
জানিলেন মনে মনে। ১

লইয়া গোধন, গোধূলি যখন,
আইসেন নন্দালয়।
পথে অক্রূর মুনি, সঙ্গে চিন্তামণি,
উভয়ে মিলন হয়। ২

শিবের সম্পদ, হেরি হরিপদ,
অক্রূর হরিষ মনে।
দেখি অপরূপ, বিশ্বরূপ-রূপ,
জীবন সফল গণে। ৩

তাহে গোষ্ঠবেশ, তরুণ বয়েস,
তরুমূলে রাম কানু।
তরুণ অরুণ, জিনিয়া চরণ,
তরুণীমোহন তনু। ৪

কটিতটে ধড়া কোটি চন্দ্রে ঘেরা,
যেন কালো মেঘে আসি।
কলেবর বঙ্ক, শিরে শিখিপক্ষ,
অকলঙ্ক কালো শশী। ৫

ডাকেন বনমালী, হিঙ্গুলি পিউলি!
ধবলি শ্যামলি আয়!
করেতে পাচনী, লইয়া চিন্তামণি,
সুরভির পিছে ধায়। ৬

* * *

অক্রূরের মনঃকষ্ট ও নন্দকে উদ্দেশ্যে ভর্ৎসনা

ভাবিছে অক্রূর, নন্দ বড় ক্রূর,
দয়াহীন কলেবরে।
যাহার বালক, গোলোক-পালক,
গোচারণে দেয় তারে। ৭
হয় না প্রাণে সহ্য, আছে তো ঐশ্বর্য্য,
দিয়ে বিধি প্রতিকূল!
দুগ্ধপোষ্য হরি, করে বনচারী,
অধম গোপের কুল। ৮

অক্রূর বলিছে, ঠাকুর! তুমি এত অযত্নে বৃন্দাবনে
বাস করো কি জন্যে? তুমি যে কি বস্তু,—
নন্দ তোমার কি যত্ন জানিবে?

যেমন অন্ধ, হস্তে রত্ন পেলে, যত্ন নাহি করে।
অতিথির নাহিক যত্ন, কৃপণ ধনীর ঘরে॥
শুকপক্ষী যত্ন করি, ব্যাধ কভু না[১] রাখে।
বিদ্যাহীনের কাছে কি পুস্তকের যত্ন থাকে॥
অসতী না করে যত্ন, পতি-রত্ন-ধনে।
বিজ্ঞ লোক দেখি, যত্ন করে না অজ্ঞানে॥
দেব-দ্রব্য বলি কখনো, যত্ন না করে শিশু।
মুক্তাহার যত্ন করি, গলায় পরে না পশু॥
নিগুণী নিকটে নাই গুণীর যতন।
মানীর না করে যত্ন, অহঙ্কারী জন॥
তুমি ভবসিন্ধু-ত্রাণকর্ত্তা ভবারাধ্য ধন।
নন্দ কি জানিবে হরি! তোমার যতন। (অ)

পাঠান্তর : ১ কখনো—ক, গ।

বাহোঁয়া[১]—খং

হরি এতো অযতনে ব্রজে কেনে।
হয়ে অখিল ব্রহ্মাণ্ডপতি ধেনু রাখ বনে ॥
এ ধন কি চিনিবে নন্দ, গোচারণে দেয় গোবিন্দ,
জানিতে কি পারে অন্ধ, কি গুণ দর্পণে ॥
কমলা-সেবিত তব, যে চরণ, হে মাধব!
বনে কুশাঙ্কুর সব বাজে সে চরণে[২] ॥ (ক)

—

বসুদেব-দেবকীর কথা শ্রীকৃষ্ণকে জ্ঞাপন

অক্রূর কহিছে, যে দুখে দহিছে,
তব জনক জননী।
সে দুর্গতি হেরে, পাষাণ বিদরে,
প্রাণী দেখিলে ছাড়ে প্রাণী ॥ ১৫
আশা ক্ষান্ত নয়, আসিবে তনয়,—
আশায় জীবন রাখে।
হৃদয়ে পাষাণ, ওষ্ঠাগত প্রাণ,
তবু কৃষ্ণ বলি ডাকে ॥ ১৬

* * *

মথুরায় যাইতে শ্রীকৃষ্ণের অভিলাষ

শুনে দুঃখ মা-পিতার, চক্ষে বহে শতধার,
কৃষ্ণ কন,— ন হে অক্রূর!
দেহ নন্দে নিমন্ত্রণ, প্রভাতে করিব গমন,
করিতে তাঁহাদের দুঃখ দূর ॥ ১৭

* * *

অক্রূর-কর্তৃক নন্দকে কংসের ধনুর্যজ্ঞের নিমন্ত্রণ

তখন দ্রুত গিয়ে নন্দপুর, নিমন্ত্রণ দেয় অক্রূর,
রাজা কংস ধনুর্যজ্ঞ করে।
সহ কৃষ্ণ বলরাম, যেতে হবে কংসধাম,
ব্রজবাসিগণ সঙ্গে ক'রে ॥ ১৮

কাতরে কহিছে নন্দ, লয়ে যাইতে প্রাণগোবিন্দ,
মনে সন্দ— কহিলাম সার।
অন্ধের নয়ন-ধন, আমার এই কৃষ্ণ-ধন—
নিধন-আকাঙ্ক্ষা সে রাজার ॥ ১৯

অক্রূর কহিছে,—অতি, ভ্রান্ত তুমি গোপপতি!
জান না[৩], গোলোক-পতি ঘরে।
জগদীশ জনক-ছলে, তোমায় ছলে শিশু-ছলে,
যোগীন্দ্র যাহারে ধ্যান করে ॥ ২০

শত্রুভাব করে কংস, অমনি হইবে ধ্বংস,
সবংশেতে ত্যজিবে জীবন।
যজ্ঞেশ্বরে নষ্ট ক'রে, যোগ্যতা কি যজ্ঞ করে,
অযোগ্য ভাবনা অকারণ ॥ ২১

—

শ্রীকৃষ্ণ মথুরায় যাইবেন শুনিয়া নন্দরাণী কাতরা

অক্রূর-বচনে নন্দ, ত্যজিলেন মনঃসন্দ,
ব্রজ নিমন্ত্রিল একদণ্ডে।
অন্তঃপুরে নন্দরাণী, শুনি কৃষ্ণের যাত্রাবাণী,
আকাশ ভাঙ্গিয়া পড়ে মুণ্ডে ॥ ২২

সঙ্গিহারা পথি যেমন, ঘটে ঘোর বিবন্ধ।
পুস্তক-হারা বিপ্র যেমন, যষ্টি-হারা অন্ধ ॥ ২৩
বৎসহারা গাভী যেমন, ঊর্দ্ধমুখে ধ্বনি।
মণিহারা ফণী প্রায় এসে নন্দরাণী ॥ ২৪

বলে,—হেদেরে অবোধ ছেলে! দুরাত্মা কংসের[৪] ছলে,
ছলে[৫] নাকি মথুরাতে যাবি?
নন্দেরে কি কব হায়! বৃদ্ধ-দশায় বুদ্ধি যায়,
আজন্ম কি আমারে কাঁদাবি ॥ ২৫

পাঠান্তর: ১ আড়ানাবাহার—ক। ২ শ্রীচরণে—ক। ৩ জানেন—খ। জনম—জ। ৪ কংসবধের—ক। ৫ ভুলে—ক, জ।

সেই পূতনা আদি বৎসাসুর, তারি রাজা কংসাসুর,
সে নিষ্ঠুর-হাতে কেন যাইস্?
এবারে লয়ে নিজ কোটে, ফেলিবে ঘোর সঙ্কটে,
যাসনে রে,—মায়ের মাথা খাইস। ২৬

ঝিঁঝিট-খাম্বাজ[১]—ঠেকা

যেও না প্রাণ-গোপাল! মধু-ভুবনে রে!
দেখিলাম অমঙ্গল—গত রজনী স্বপনে রে।
যেন প্রাণ হ'তে কে নিল নীল-রতনে রে!
ওরে মাখনচোরা! গোধন-কি-রাখোয়ারা!
এ ধন কি বিদায় দিয়ে প্রাণে ধৈর্য মানে রে!
নীলমণি! তোর মোহন-বেণু না শুনিয়ে শ্রবণে রে।
বনে চরিবে না ধবলী,—মরিবে পরাণে রে। (খ)

* * *

নিদ্রা ও নয়নের প্রতি শ্রীরাধিকার ক্রোধোক্তি

হেথায় মদন-কুঞ্জে প্রভাত যামিনী।
শয্যা শূন্য হেরিয়ে অধৈর্য্যা কমলিনী। ২৭
পলকে বিচ্ছেদ হয় শতযুগ-জ্ঞান।
'কোথা কৃষ্ণ' বলি রাধার ওষ্ঠাগত প্রাণ। ২৮

নিদ্রা প্রতি কহেন রাধে, আমারে কি অপরাধে,
অচৈতন্য করিলি নিশি-শেষে!
আমি করি নাই তোয় আকিঞ্চন, তুই জ্বালালি কি কারণ?
কৃষ্ণ-সঙ্গে ছিলাম রঙ্গ-রসে। ২৯
কুসুম-শয্যাতে রাখি, কালিয়ে কুসুম-আঁখি,
কুসুম-নূপুর বন্ধুর দিতেছি চরণে।
গাঁথিয়া কুসুম-হার, কণ্ঠমাঝে দিলাম তাঁর,
কদম্ব-কুসুম দিলাম কাণে। ৩০

ওরে, যোগীন্দ্র মুনীন্দ্র যাঁরে, নিরন্তর ধ্যান করে,
অখিল ব্রহ্মাণ্ডপতি হরি।
কোন্ তুচ্ছ ব্রহ্মপদ, এর বাড়া সুখ-সম্পদ,
তাঁর সঙ্গে পরিহাস করি। ৩১
এ সুখ-সম্পদ ছেড়ে, ধিক্ ধিক্ ধিক্ আমারে,
হব কি আমি নিদ্রা-অভিলাষী!
হৃৎকমলে অধিষ্ঠান, ভবারাধ্য ভগবান,
গরল করিব পান, ত্যজে সুধারাশি। ৩২
সোহাগের তরণী-মাঝে, রেখে প্রাণ-ব্রজরাজে,
আনন্দ-সাগরে করি খেলা।
ওরে নিদ্রা! তুই আসিয়ে, দুর্যোগ-পবন হ'য়ে
ডুবায়ে দিলি রসের ভেলা। ৩৩
চতুর্দ্দশ বর্ষ তোরে, লক্ষ্মণ যে ত্যাজ্য করে,
তাতে সহ্য করি, ছিলে কি প্রকার।
তার কাছে না যেতিস্ ভয়ে, আমায় কি অবলা পেয়ে,
প্রাণদণ্ড করিলি,—দুরাচার। ৩৪

---

[২]খট্‌-ভৈরবী—একতালা[২]

ওরে নিদ্রে! কেন অঙ্গে এলি!
তোর কি এত ধার, ছিল রে রাধার,
রাধার মূলাধার, কোথা লুকালি।
হরি নিলি আমায় ক'রে অচেতন,
অমূল্য রতন সে নীলরতন,
সদা সাধে যাঁরে সনক সনাতন,
ব্রহ্ম-সনাতন কারে বিলালি।
হৃদি-পদ্মাসন, করি অন্বেষণ,
পাইনে দরশন, সে পীতবসন,
ওরে নিদ্রে! শোন্, ক'রে আকর্ষণ,
বিচ্ছেদ-হুতাশন, তুই জ্বেলে দিলি।[৩] (গ)

পাঠান্তর: ১ ঝিঁঝিট—খ, গ, জ। ২-২ খট—কং—খ, গ, জ। ৩ মোহন বংশীধর, কালো শশধর, যাঁরে গঙ্গাধর ভাবেন ধরাধর, সেই জলধর, আমার গিরিধর, বল কারে বিলালি।
—ক-গ্রন্থে অতিরিক্ত অংশ

খঞ্জন-নয়নযুগে অশ্রুধারা বয়।
গঞ্জনা-বাক্যেতে রাধে নয়ন প্রতি কয়॥ ৩৫
ওরে নয়ন! আমার সাধনের ধন কৃষ্ণধন চিরধন!
পেয়েছিলাম,—ভক্তিসাগর করিয়ে সিঞ্চন॥ ৩৬
অবলার ধনে,—বহু বিঘ্ন, সদা চৌর্য্য-ভয়!
তাইতে বান্ধব-নিকটে এ ধন[১] রাখ্‌তে সন্দ হয়॥ ৩৭
আমি যত্নে সে ধন রেখেছিলাম হৃদয়-মন্দিরে।
শ্রীহরি-প্রহরী,—নয়ন! রাখিলাম তোমারে॥ ৩৮
তুই রক্ষক,—ভক্ষক হ'য়ে, রাধায় করিলি সারা।
নয়ন মুদে হারালি, নয়ন! শ্যাম নয়নের তারা॥ ৩৯

খট্‌-ভৈরবী—একতালা[২]

নয়ন! কে নিলে রে হরি হরি!
নয়নের অঞ্জন, সে বাঁকা-নয়ন,
ছিলি রে নয়ন! দিয়ে প্রহরী।
কি কাল নিদ্রে এসেছিল তোর!
কাল পেয়ে ঘরে এলো কালচোর,
নয়ন-অগোচর, করলে মনোচোর,
মরি রে, সে চোর কেমনে ধরি॥ (ঘ)

তখন, নয়ন প্রতি কহেন শ্রীমতী বহু খেদ-বাণী।
কুঞ্জের বাহিরে যান কুঞ্জর-গামিনী॥ ৪০
নয়নে গলিত ধারা, বিগলিত-কেশী।
কৃষ্ণ-বিচ্ছেদ-রাহুগ্রস্তা রাধে পূর্ণশশী॥ ৪১
অসম্বরা নীলাম্বরা,—দুবাহু পশারি।
জিজ্ঞাসেন কৃষ্ণতত্ত্ব,—যথা শুকশারি॥ ৪২
ওরে পক্ষি! তোরা বলিলিনে বা বিপক্ষ হইয়ে!
কিন্তু গেছে বংশীধারী—বংশীবট-মূল দিয়ে॥ ৪৩
সাপক্ষ-হীন হলো কৃষ্ণ, কৃষ্ণ বিনে মরি!
ওরে পক্ষি! কৃষ্ণ-পক্ষ-নিশি, দিনে হেরি॥ ৪৪
মোর পক্ষে কৃষ্ণপক্ষ, তোরা দুই জনে।
উভয় পক্ষে সম ভক্তি, ছিল জানি মনে॥ ৪৫
তোরে বলি গেছে কৃষ্ণ,—পক্ষি-নাথ-নাথ।
না বলিয়ে, পক্ষি! বুঝি করিলি পক্ষপাত॥ ৪৬

ললিত-ঝিঁঝিট[৩]—ঝাঁপতাল

বল দেখি রে শুক শারি! তোরা তো কুঞ্জে ছিলি।
কোন্ পথে গেল রে আমার, মনোচোরা বনমালী॥
কি দোষে ত্যজিল কান্ত, সে তদন্ত না জানি।
অন্তরে ছিল রে অন্তর্যামী সে চিন্তামণি।
অন্তর হইল দিয়ে অন্তরে কালি॥
ওরে শুক! আমার আজি কি হইল, সুখ-সম্পদ ঘুচিল,
সুখসাগর শুকাইল. দুঃখ কারে বলি!
সুখে ছিলাম শুক! ল'য়ে কৃষ্ণ-শুকপাখী,
হৃৎপিঞ্জর ভেঙ্গে, সে রাধারে দিল ফাঁকি,—
কে আর শুনাবে ব্রজে রাধা রাধা বুলি॥ (ঙ)

* * *

শ্রীকৃষ্ণের মথুরা-গমন-বার্ত্তা শুনিয়া কুটিলার কিরূপ আহ্লাদ

যেমন প্রবাসী পতি ঘরে আইলে, যুবতীর আহ্লাদ ঘটে।
বন্দুয়ানের আহ্লাদ, যে দিন পায়ের বেড়ি কাটে॥
বন্ধ্যা নারীর আহ্লাদ, যেমন হঠাৎ গর্ভ হ'লে।
অগ্রদানীর আহ্লাদ হয়, বুড়ো ধনী ম'লে॥
তিন-পুরুষে পিরিলি যেমন, জাতি পেয়ে আহ্লাদ মনে।
জরো রোগীর আহ্লাদ যেমন, অন্ন-পথ্যের দিনে॥
দারোগার আহ্লাদ, করিলে কোথাও ডাকাইত গ্রেপ্তারি।
খেলোয়াড়ের আহ্লাদ, যেমন পাশাতে পড়িলে আড়ি॥
দরিদ্রের আহ্লাদ, কোথাও হঠাৎ ধন পেলে।
পেটুকের আহ্লাদ, ফলারের কোথাও নিমন্ত্রণ হ'লে॥ (আ)

* * *

পাঠান্তর: ১ এধন—জ। ২ খট—খ, গ, জ। ৩ ললিত-বিভাস—ক।

জটিলা-কুটিলা-সংবাদ

কৃষ্ণের যাত্রা শুনে মথুরায়, আহ্লাদে প্রফুল্ল-কায়,
কুটিলে গিয়ে জটিলেরে কয়।
বলে, গোকুলে হৈল কিসের গোল, শুনিস্ নাই মা! সুমঙ্গল,
নন্দের বেটা গোকুল-ছাড়া হয়। ৫২
কংস-রাজার এসে দূত, লয়ে যায় নন্দসুত,
যজ্ঞছলে করিবে দর্প চূর।
ভালই হইল—ঘুচিল দায়, ষাঁড়ের শত্রু বাঘে খায়,
বৃন্দাবনের বালাই হ'ল দূর। ৫৩
হেসে হেসে কুটিলে কয়, এমন আহ্লাদ হবার নয়,
আজি কি আহ্লাদের দিন মরি!
একি আহ্লাদ বল্ মা হেঁটে! আহ্লাদে গা শিউরে ওঠে,
আহ্লাদের ভরেতে হইলাম ভারি। ৫৪
কোথা থেকে আহ্লাদ জুটিল, আহ্লাদে পেট ফেটে উঠিল!
আহ্লাদ যে ধরে না মা! আর ঘরে। ৫৫
ঘিরেছে আহ্লাদ গা-টা-ময়, এত আহ্লাদ ভাল ত নয়!
সামালিতে না পারলে পরে, আহ্লাদী লোক মরে। ৫৬
জটিলে বলে মরি মরি, আয় মা একবার কোলে করি,
ফিরে বল কি কথা শুনালি।
খুব খুব খুব হয়েছে, চারি যুগ যে ধর্ম্ম আছে,
কালুটে আমার কুলে দিয়েছে কালি। ৫৭
কংস রাজা আছে খাপা, যাবা মাত্র সারবে দফা,
দস্যু কেবল দশ দিন কাল বাঁচে।
সেই মরিবে অল্পেয়ে, কেবল আমার মাথাটা খেয়ে,
রাখিল খোঁটা যত শত্রুর কাছে। ৫৮
হে কুটিলে! সত্য বটে? তোর কথায় যে সন্দ ঘটে!
বলি, ঠাট্‌কি মেয়ে ঠাট করিয়া কয়।
কুটিলে বলে, আ মর মাগি! মিথ্যা বলব কিসের লাগি?
আমার কথা তোর—কথাই যেন নয়। ৫৯
যখন, বয়স কাঁচা তখন কথা কাঁচা,
বয়স-কালে নাই সে সব ধাঁচা,
এখনি আমি দেখে এসেছি পথে।
কি বলিস্ মা আই আই! দুটি চক্ষের মাথা খাই,
দুটি ভাই উঠেছে গিয়া রথে। ৬০
তখন জটিলে বলে,—যা মা তবে, দেখগে পাছে প্রমাদ হবে!
তোদের কমলিনী সঙ্গে পাছে যায়।
ভিন্ন গাঁয়ে জানে না কেউ, গাঁয়ে মরে গাঁয়ের ঢেউ,
গেলে রাষ্ট্র হবে মথুরায়। ৬১
নন্দের বেটা ম'লে পরে, পাপ গেলে প্রায়শ্চিত্ত ক'রে,
সোনার বউকে নিয়ে করিব ঘর।
গঙ্গা নাওয়ায়ে করাব দিব্য, খাওয়ায়ে দিব পঞ্চগব্য,
রাম বল মন!—ঘাম দিয়ে গেল জ্বর। ৬২
সাধ ক'রে দিয়েছি বিয়ে, ঘর করি নাই বৌকে নিয়ে,
মনের দুখে হইয়াছি মাটি।
ফিরে করিব সতী-সাধ্বী, মন্দ বলে কার সাধ্যি,
পুড়িয়ে সোনা ফিরে করিব খাঁটি। ৬৩

——

কুটিলা ও শ্রীরাধা

তখন জটিলের বাক্যমতে, দ্রুত কুটিলে যায় পথে,
সাবধান করিতে রাধায়।
দেখে পথে রাধা চন্দ্রমুখী, হারিয়ে বাঁকা পঙ্কজ-আঁখি,
চক্ষুনীরে বক্ষঃ ভাসি যায়। ৬৪
কুটিলেরে চক্ষে হেরে, পড়ে রাই ধরণী-পরে,
ছিন্নমূল তরুবর প্রায়।
বলে ননদি! শুন শুন, এই জন্মের মত দেখাশুন,
শ্যাম গেলে প্রাণ ত্যজিব যমুনায়। ৬৫

——

খাম্বাজ—কাওয়ালী[১]

ঐ দেখ! মধুসূদন মধুপুরে যায়!
তুমি যে বর মাগ, ননদি! বিধির পায়।
ঘুচাইতে মোর মনের কালি,
আয়ান-ভয়ে যে হয় কালী,
আমার সে দিয়ে অন্তরে কালি, আজি লুকায়।

পাঠান্তর: ১ আড়খেমটা—খ, গ, জ।

কৃষ্ণ-কলঙ্কিনী আমি আজি হৈলাম,
ব্রজের অকলঙ্ক কালাচাঁদকে হারাইলাম,
এত দিন যে ননদিনি! বল্‌তিস্ মিছে কলঙ্কিনী,
আমার সে কলঙ্ক আভরণ হৈত গায়। (চ)

——

শক্র লোকের বিপদ দেখে, মনে সুখী হয় সর্ব্ব লোকে,
কিন্তু মুখে দুটো আল্‌গা প্রবোধ বলে।
কুটিলের ঘটিল তাই, বলে, আহা মরে যাই!
আঙ্গুল দিয়ে ভাসল চক্ষের জলে। ৬৬
বলে, শুনিলাম বটে মথুরায় গেল, দোষে-গুণে ছিল ভালো,
বৃন্দাবনে ছিলো না কোন ভয়।
এখন, বয়স হয়েছে বুদ্ধি পেলে, থাক্‌বে কেন পরের ছেলে,
শুনেছি, তার তো যশোদা মা নয়। ৬৭
যা হৌক মেনে, রাধা! শোন, আজি আমার কি করিছে মন!
মনে করি, সেই রূপটি চিকণ কালো।
আমি কত বলেছি মন্দ, এক দিন করে নাই দ্বন্দ,
নন্দের বেটার মনটা ছিলো ভালো। ৬৮
সকলি ভালো রূপে গুণে, একটু দোষ ঘর-মজানে,
তাতেও নিন্দে করিনে, তাহা সকল ঘরে আছে।
কিন্তু একটা কথা শুনে, বড় ঘৃণা হতেছে মনে,
তোদের উলঙ্গী করে উঠেছিলো গিয়ে গাছে। ৬৯
তুই যা করিস সে যা করুক, যা হবার হয়েছে মরুক,
কোঁচলের আগুন — ফেলিব তোকে কোথা?
কাঁদিসনে আর ঘরে আয়! ঘরকন্না কর বজায়,
পরকে যতন করা কেবল বৃথা। ৭০
আজি হৈতে দে নাকে খত, ছাড়া হ'স নে দাদার মত,
পাপ-কর্ম্মে দেখিলি কত জ্বালা!
ফলিয়ে তোদের পাপ যেমন, জন্মের মত জলিয়ে মন,
ফেলিয়ে দুখে পালিয়ে গেল কালা। ৭১
কুটিলের বাক্য-ছলে বৃন্দেরে রাই কেঁদে বলে,
হাঁগো সখি! একি দায়ের উপর দায়।
আবার কুটিলে কেন দেয় ধন্না, করিতে বলে ঘরকন্না,
প্রাণ ল'য়ে মোর প্রাণবঁধু পলায়। ৭২

* * *

কৃষ্ণ-বিরহ-উন্মাদিনী রাই,—পথে শ্রীকৃষ্ণের পদাঙ্ক দেখিতে পাইয়াছেন

তখন অবিজ্ঞে কবিয়ে তায়, মণিহারা ফণী প্রায়,
উন্মাদিনী হয়ে রাধে যায়।
অঙ্গে ধূলি ছিন্ন-ভিন্ন, দৈবে কৃষ্ণের পদচিহ্ন,
পথ-মধ্যে দেখিবারে পায়। ৭৩
ধরি সেই চিহ্ন-পদে, বলে—ফেলিস্ কি বিপদে!
ও-পদে নই দোষী জানি মনে।
ওরে কৃষ্ণের পদ! বলো, আমার তো ঐ পদ বল,
কেন ঘুচিল সে সম্বল, দিলি রে প্রবল জ্বালা কেনে। ৭৪
তুই তো রাধার মূলাধার, অকূল-মাঝে কর্ণধার,
গোকুল-মাঝে তোরি ধার, ধারি বংশীধারী তাতো জানে।
সংসার ক'রে অসার, তোরে করেছি পসার,
ব্যক্ত আছে ত্রিসংসার,
তবে এতো দুর্দ্দশার, ভোগ হয় রে কেনে। ৭৫
আমি তোমায় ভজি রাত্র দিবে, তুমি যে এত দুঃখ দিবে,
দেখিয়ে চক্ষু মুদিবে, বধিবে বাদ সাধিবে, স্বপনে না জানি।
না জানি এর সবিশেষ, গত রজনীর শেষ,
শ্রীকৃষ্ণ-বিচ্ছেদ-শেষ, দংশিয়ে মোর ধ্বংসিবে পরাণী। ৭৬

* * *

ওরে পদাঙ্ক! আমি তোর আশ্রিত,—কেমন?

কমলার আশ্রিত দরিদ্র যেমন থাকে চিরদিন।
বন-আশ্রিত পশু যেমন জল-আশ্রিত মীন।
গহ্বর-আশ্রিত ফণী, পাপ-আশ্রিত শনি,
যোগ-আশ্রিত মুনি, সাধু-আশ্রিত ঋণী[1],

পাঠান্তর: ১ ঋষি—খ, জ।

চন্দ্র-আশ্রিত চকোরিণী, তরু-আশ্রিত পক্ষ।
তেমনি কৃষ্ণ-পদাশ্রিত আমি, বিদিত ত্রৈলোক্য। (ই)

এই কথায় গোপীর নয়ন-জলে পদাঙ্ক লোপ পাইল; তাহা দেখিয়া, রাধিকা ধরাশয্যাগতা হইলেন।

* * *

গোপিকাগণ কর্ত্তৃক শ্রীকৃষ্ণের রথচক্র ধারণ

তখন ধরাধরি রাধিকায়, যায় যত গোপিকায়,
যথায় জলদকায় রথে।
রথচক্র ধরি নারী, বলে, শ্যাম! আর রইতে নারি,
ত্যজিব প্রাণ রথের চক্রেতে। ৮০
কহিছে গোপীর কুল, কুল দিয়ে হও প্রতিকূল,
গোকুলে আকুল করি যাবে।
বি-কূলে আকুল করি, দুকূল মজাবে হরি,
অকূল পাথারে প্রাণ যাবে। ৮১
এই যে নিকুঞ্জবন, তোমা ভিন্ন হবে বন,
ঘোর বন হইবে ভবন।
জীবনে জীবন দ্রবে, ভূষণ দূষণ হবে,
বসন কে করিবে শাসন। ৮২
এই যে গলার হার, করি শক্র-ব্যবহার,
প্রহার করিবে অবিরত।
বিহার-বঞ্চিত হ'লে, নিরাহার হয়ে কালে,
সংহার হইব, ওহে নাথ। ৮৩
টঙ্কারিয়ে ফুল-বাণ, হানিবেক স্থূল-বাণ,
সে বাণ নির্ব্বাণ করা দায়।
কোকিল করিবে দাখিল খুন, ভ্রমর করিবে গুন্ গুন্,
দ্বিগুণ আগুন দিবে গায়। ৮৪
পাতকী চাতকীচয়, স্ত্রীঘাতকী অতিশয়,
তমালে কি সামালে এ দায়!
তোমায় বলিব কি শ্যাম অধিকান্ত,
এবার তোমা বিনে গোপীকান্ত!
গোপিকান্ত হ'ল শ্যামরায়। ৮৫

* * *

চিত্র সখী অক্রূরকে তিরস্কার করিতেছে

তখন চিত্রে কয় অক্রূর প্রতি রাগেতে প্রচুর।
হাঁ রে! তোর কে রাখে অক্রূর নাম?—তুই তো অতি ক্রূর।

অক্রূর বলি কা'কে,—যার শরীরে ক্রূরতা না থাকে।
তুই অত্যন্ত ক্রূর; যদি তোর অক্রূর নাম হয়, তবে তোর পূর্ব্বভাগে যে অ আছে, ওটা দোষযুক্ত অ।
কেন না—

অজ্ঞানের মত কর্ম দেখি রে অদ্ভুত।
অর্থলোভে হয়ে এলি অসুরের দূত। ৮৭
অজ্ঞ হয়ে করিস্ অশ্ব-সম অহঙ্কার।
অবলা বধিয়ে করিস অধর্ম্ম-সঞ্চার। ৮৮
অনায়াসে অটল-বিহারী হরি হরিলি।
অসময়ে অবলারে অনাথিনী করিলি। ৮৯
ঐ অভয়-চরণ বিনে অবলার অবলম্ব নাই।
অজলে অস্থলে ফেলিস অসাধ্য তোর নাই। ৯০
তোর, অপকর্ম্মের কেউ অন্ত পায় না, অন্তঃশিলে বয়।
তুই অধার্ম্মিকের অগ্রগণ্য, অজামিল অত নয়। ৯১
অপযশ অপমান হয় অলঙ্কার তোকে।
অধম হয়েছিস অতি অরাজকে থেকে। ৯২

* * *

চিত্রা সখী পুনর্ব্বার ভর্ৎসনা-বাক্যে বলিতেছে

তুই ভণ্ড-ঋষি পণ্ড, কেবল ধরেছিস জপের মালা।
গণ্ডমূর্খের কাণ্ড তোর, দণ্ড করিস অবলা। ৯৩
কপালে দিয়ে, হরি-মন্দিরে, নারীর মন্দিরে চুরি।
তোর জপ তপ, বুঝিলাম বাপু! গলায় দিতে পার ছুরি।
অঙ্গে ছাবা, যেখানে যাবা, ভুলিয়ে খাবার ঘটা।
ভেক বিনে ত, ভিখ মিলে না, ঠিক বুঝেছি সেটা। ৯৫
তোমার লম্বা দাড়ি, জটাধারী, কপট জারিজুরি।
হরি হরি শব্দ কেবল, পরের দ্রব্য হরি। ৯৬

সাক্ষী তার, ঐ রাধার, হরি হরিয়ে চল্‌লি!
আজ ডাকাতি, দিনে ডাকাতি,
হয় নাই, তা কবুলি ॥ ৯৭
দেখি অঙ্গের সৌষ্ঠব, পরম বৈষ্ণব,
জ্ঞান করে সব লোকে।
কিন্তু চোরের ঘেটেল, বক্ষ লেঠেল,
হন্দ বুঝ্‌লাম তোকে ॥ ৯৮
তুই বিড়াল-তপস্বী, বিরলে বসি,
মন্ত্রণা তোর কত।
নাই দয়া মায়া, করিস মায়া,
মহীরাবণের মত ॥ ৯৯
তোর, নামাবলী গায়, না দিলে কি নয়,
কাজ কি কৌপীন ডুরি?
বুঝেছি গুজন, ভোজনে পোক্ত,
ভজনের দফায় ডুরি ॥ ১০০
তখন বৃন্দে বলে,— ওগো চিত্রে!
চিত্তে নাই কি ভয়?
পড়িলে বিপদ, বিপক্ষের পদ,
ধ'রে সাধিতে হয় ॥ ১০১
তোমার অকৌশল, হলাহল,
বাক্য শুনে মুখে।
তিলেক থাকিত, শ্যামকে রাখিত,
তাও বুঝি না রাখে ॥ ১০২
ঢালো ভূমে অন্ন, কিসের জন্য,
চোরের উপর রাগ!
বরং দুটো মিষ্ট, কথায় তুষ্ট,
করি,— কৃষ্ণধনকে মাগ ॥ ১০৩
তখন চিত্রে বলে, আর কি ফলে,
আশাবৃক্ষের ফল!
ওগো বৃন্দে! আমি বুঝেছি অসার, ঘুচেছে পসার,
দশম দশার এ ফল ॥ ১০৪

ইষ্টদেবতা তুই নাই, সাধ্‌বে কি অক্রূরে।
মিছে সাধ্‌ব, মুষ্টিযোগে কুষ্ঠ কখন সারে? ॥ ১০৫
মর্ম্মের কথা বলি, সখি! ধর্ম্মজ্ঞানী জনে।
জোর বিনে, সই! চোর কখন ধর্ম্মশাস্ত্র মানে ॥ ১০৬
এখন চল্‌ল হরি, পরিহরি, ভুলে গাকুলের খেলা।
ঐহিকের সুখ, ক্ষান্ত করি প্রাণ ত্যজ এই বেলা ॥ ১০৭
জগতে কে রাখিবে, দিলে জগদীশ যাতনা।
পায়ে ধরিব, মিছে করিব, নরের উপাসনা ॥ ১০৮

---

[১]খাম্বাজ — পোস্তা[১]

করিলে মন্ত্রতন্ত্র-সাধন, যায় কি বেদন মনোদুখ।
আমি জানি, ওগো বৃন্দে! গোবিন্দ যাঁর বৈমুখ ॥
নামে যার বিপত্তি হরে, মধুসূদন রথোপরে,
সই! এখনও যদি বিপত্তি ঘটায়, কি করিবে চতুর্ম্মুখ।
রাধার দুঃখ যাবে দূরে, শ্যাম কি থাকিবেন ব্রজপুরে,
বুঝ না সই! ব্যবহারে, শ্যামের কি কৌতুক ॥
যে রাধার মান দেখে হরি, অধৈর্য্য চরণে ধরি,
সই! এখন চরণ ধরে সেই কিশোরী,
তথাচ শ্যাম অধোমুখ ॥ (ছ)

গোপিকাগণকে শ্রীকৃষ্ণের সান্ত্বনা-প্রদান

গোপিকার দুঃখ দেখি, সজল কমল-আঁখি,
প্রবোধিয়ে কন অতি ধৈর্য্যে।
অচিরাতে আসিব সই! কি ধন কিশোরী বই,
অমঙ্গল রোদন কি জন্যে ॥ ১০৯

এ কথা শুনিয়া বৃন্দা বলিতেছেন,—

কৃষ্ণ হে! তোমার অমঙ্গল হবে না। যদি বল অমঙ্গল হবে না কিসে,—দেখ, বামে শব-শিবা-কুম্ভ দক্ষিণে গো-মৃগ-দ্বিজ, ইত্যাদি দেখিলে যাত্রা সফল হয়; প্রকারে তাবৎ ঘটিয়াছে,—

পাঠান্তর: ১-১ জয়জয়ন্তী—হং—খ, গ, জ।

তখন বৃন্দে বলে করি ছল, হবে না শ্যাম অমঙ্গল,
সুমঙ্গল ঘটেছে তোমায়।
দক্ষিণে গো দেখ সুখে, নন্দের ধেনু ঊর্দ্ধমুখে,
একদৃষ্টে রথপানে চায়॥ ১১০
হরি বিনে আমরা রমণী, যেমন চঞ্চলা হরিণী,
মৃগ তায় কর নিরীক্ষণ।
যাত্রাকালে দেখলে শুণ, দক্ষিণে থাকিলে আগুন,
জ্বলিছে কৃষ্ণবিচ্ছেদ-হুতাশন॥ ১১১
বাম ভাগে ঐ দেখ হরি! গোপিকার নয়নের বারি
পূর্ণ ঘটে বাঞ্ছা পূর্ণ ঘটে।
পশু-পক্ষী কাঁদিছে সবে, তারি মধ্যে আছে শিবে,
বামে শিবে দেখিলে সফল ঘটে॥ ১১২
ওহে কৃষ্ণ বিশ্বরূপি! আমরা যত ব্রজগোপী,
বাম ভাগে প্রাণ ত্যাজ্য করি সবে।
স্ববামেতে শব হেরে, সব দুঃখ যাবে দূরে,
মধুপুরে রাজ্যপদ পাবে॥ ১১৩
কিন্তু এক নিবেদন, শুন হে মধুসূদন!
ব্রজ-বধূর হর দুঃখ,—হরি!
কোমলাঙ্গ তব কৃষ্ণ, দেখ্‌ছি বড় পাবে কষ্ট,
কাষ্ঠ-রথে আরোহণ করি॥ ১১৪
আমরা দাসী, তাইতে জানি, নিদ্রা হয় না গুণমণি!
দুগ্ধ-ফেন নিন্দিত শয্যায়।
কাষ্ঠে উপবিষ্ট হরি! বেদনা হইবে মরি!
বেদনা দিও না গোপিকায়॥ ১১৫
রাজনন্দিনী কমলিনী, তার যে কোমল তনুখানি,
মনোরথে রথী তুমি তায় সখা!
লজ্জা কি সেই রথোপরে! ধ্বজার উপরে উড়ে,
ব্রজ-গোপীর কলঙ্ক-পতাকা॥ ১১৬
আজি যেন নিগ্রহ-হরি, তোমারে বিগ্রহ করি,
যত্নে তুলিতাম সেই রথে।
আমরা যত ব্রজ-নারী, দিয়ে তাতে মনো-ডুরি,
সদা রথ টানি ভক্তি-পথে॥ ১১৭
কি জানিবে বিশ্বকর্ম্মা, অগোচর শিবব্রহ্মা,
কি রত্নে নির্ম্মাণ রথখানি।
ত্যজিয়ে এমন রথ, কিসে পূরাও মনোরথ,
কাষ্ঠ-রথে চড়ি চিন্তামণি॥ ১১৮

অতএব, ঠাকুর! তুমি শ্রীরাধিকার মনোরথের সারথি হও, কাষ্ঠরথে আরোহণ করিয়া মথুরা গমন করিও না। যদি নিতান্তই তোমার মথুরাগমন করিতে মানস হয়, তবে তরণীযোগে গমন করো; যদি বল, তরণী পাওয়া যায় কোথা, তাহার বৃত্তান্ত শুন—

বেহাগ কাওয়ালী[১]

রাধানাথ! যেও না হে রথ-আরোহণে।
হবে তোমার শ্রীঅঙ্গে বেদনা, তরি-আরোহণে,
সুখে যাও মধুভুবনে॥
অক্রূর কাণ্ডারী হবে,—মিলিবে দুজনে॥
যদি বল বারি বিনে, তরি যায় কেমনে!
গোপীর নয়নজলে সিন্ধু-তরি ভাসাও হে যতনে।
যদি বল হরি! তরি বাহে কোন্ জনে?
তুমি হে ভবকাণ্ডারী বিদিত ভুবনে॥
যদি বল তরণী নাহিক বৃন্দাবনে।
আমরা গোপের তরুণী, এই তো ভাসালে তুফানে॥ (জ)

রথারোহণে শ্রীকৃষ্ণ প্রভৃতির মথুরা-যাত্রা। পথে রথোপরে এবং যমুনার জলে অক্রূরের শ্রীকৃষ্ণ-রূপ দর্শন

অক্রূর চালায় রথ, গমন পবনবৎ,
উচ্চৈঃস্বরে কান্দে গোপীগণ!
আশিব আশিব ধ্বনি, করিলেন চিন্তামণি,
সেই আশায় রাখিল জীবন॥ ১১৯

পাঠান্তর: ১ বং—খ, গ, চ।

বলরাম শ্রীগোবিন্দ, সহ নন্দ উপানন্দ,
উপনীত যমুনার তীরে।
রথে হইতে নামি সবে, গোপমাত্র মহোৎসবে,
স্নানাদি তর্পণ তথা করে ॥ ১২০

কিন্তু অক্রূর ব্যাকুল মনে, বলে,—জলে মগ্ন হই কেমনে,
ত্যেজে কৃষ্ণের রূপদরশন।
মনস্তাপী হ'য়ে জলে, যায় ভাসি চক্ষের জলে,
তারাকারা ধারা বরিষণ ॥ ১২১

বুঝিয়া ভক্তের মন, ভক্ত মনোরঞ্জন,
পূর্ণ করেন ভক্তের অভিলাষ।
জলমধ্যে গিয়ে হরি, ত্রিভঙ্গ মাধুরী ধরি,
অক্রূরে সদয় পীতবাস ॥ ১২২

জল হৈতে মাথা তুলি, রথে দেখে বনমালী,
পুনঃ দেখে জলের ভিতরে।
কৃষ্ণের করুণা দেখি, অক্রূর সজল-আঁখি,
করুণা-বচনে স্তব করে ॥ ১২৩

অক্রূর জলমধ্যে মগ্ন হইয়া, কৃষ্ণরূপ দর্শন করিয়া, পুনর্ব্বার রথে কৃষ্ণরূপ দেখিয়া বলিছেন—ঠাকুর! তুমি এরূপ প্রকারে ভক্তের মান না রাখিলে, 'ভক্তাধীন গোবিন্দ' তোমাকে কেহ বলিত না।

——

বারোঁয়া—খৎ

তুমি ভক্তাধীন চিরদিন বেদে বলে।
দিয়ে জলে দেখা জলদবরণ! ভক্তের সাধ পূরালে ॥
দেখা দিলে প্রহ্লাদেরে স্ফটিক-স্তম্ভ-মাঝারে।
বামনরূপে অদিতির অন্তরে দেখা দিলে ॥ (ধ্রু)

* * *

শ্রীকৃষ্ণ-বলরামের মথুরা-প্রবেশ ও দেবকীর বন্ধন মোচন

স্নানাদি তর্পণ তথা সমাপন করি।
দ্রুতগতি যায় সবে পুনঃ রথে চড়ি ॥ ১২৪
পুরে প্রবেশিয়ে সবে নামিলেক ধরা।
অক্রূর সংবাদ কংসে কহিলেক ত্বরা ॥ ১২৫
কৃষ্ণ-বলরামে নন্দ করি সাবধান।
কংসালয়ে গোপগণ রহে স্থানে স্থান ॥ ১২৬
নিশিযোগে যোগেন্দ্র-বন্দিত জগন্ময়।
দেবকীর কারাগার-মন্দিরে উদয় ॥ ১২৭
দেখিয়া দুর্দ্দশাপন্ন অবলয় হরি।
চক্ষে ধার তারাকার কারাগার হেরি ॥ ১২৮
কৃপাসিন্ধুর শোকসিন্ধু উঠে উথলিয়া।
ঘন ঘন ঘনশ্যাম ডাকেন মা বলিয়া ॥ ১২৯
মাধবের জননী-বাক্য শুনে মধুর-ধ্বনি।
মৃত্যুদেহে দেবকীর সঞ্চারিল প্রাণী ॥ ১৩০

——

ললিত-ঝিঁঝিট—ঝাঁপতাল

দেবকীর দৈব-দুঃখ নাশিতে এত কালে।
কে ডাক মা বলি, বুঝি কৃষ্ণধন আমার এলে ॥
এলি তো দুঃখিনীর দুঃখ দেখ রে যদুনন্দন!
করেছে নির্দয় কংস কর-চরণে বন্ধন,—
চক্ষেতে হের রে গোপাল! বক্ষেতে শিলে ॥
তোরে রেখে যশোদা-ভবনে, তোর আসার আশা-পবনে[১],
আছি রে জীবনে, গোপাল! এতো দুঃখানলে।
একি অসম্ভব শুনি নারদের মুখে আমি,
ভবের বন্ধন-মুক্তি-কারণ, বাছা! তুমি,
তবে বন্ধন-দশাতে কেন মায়ে দুঃখ দিলে ॥
বাছা! বধি জননী জনক, ব্রজে কি সুখজনক,
জানি রে যাদব! যত যতনে ছিলে।

পাঠান্তর: ১ কারণে—খ।

জানে কে সন্তানের মায়া, না ধরিলে উদরে,
কিঞ্চিৎ নবনী-তরে, ধবলী-পুচ্ছ-ডোরে,
বান্ধিলে যশোদা কর-কমল-যুগলে ॥ (ঞ)

শ্রীকৃষ্ণ-কর্তৃক কংস-রজকের হাতে মাথা কাটা

নিশিযোগে দেবকীর বন্ধন মুক্ত করি।
প্রভাতে উঠিয়া বলরামকে কহেন হরি ॥ ১৩১
কংস-সভাসদ মাত্র সবগুলি ভদ্র।
ইহার ভদ্র উপায় বলো কিছু, দাদা বলভদ্র ॥ ১৩২
আমাদের পরনে ধড়া, মাথায় চূড়া, ভদ্রতা ভাব কৈ।
নব্য-বয়েস বটি কিন্তু সভ্য-ভব্য নই ॥ ১৩৩
কিছু বস্ত্র পেলে, প'রে গেলে, ভ্রম থাকে সভাতে।
বলাই বলে, ভাই! পেলে বস্ত্র পরিবে কিরূপেতে ॥ ১৩৪
হেন সময় কংসের রজক আইল তথায়।
কংস-বস্ত্র বস্তা বেঁধে রাস্তা বয়ে যায় ॥ ১৩৫
দেখে কৃষ্ণ ডাকেন তাকে হেলাইয়া হস্ত।
আমরা দুটী ভাই, সভায় যাই, চারিখানি চাই বস্ত্র ॥ ১৩৬
হয়ে খাপা, বলিছে ধোপা, দেই বস্ত্র রহিস্।
জাতি গোয়ালা, মাথা-পাগলা[১], যা-ইচ্ছে তাই কহিস্ ॥ ১৩৭

আমি দিনে তিনবার, হয়ে নদী-পার,
গোকুলে গিয়া থাকি।
তোর বাপের খপর, কাপড় চোপড়,
পরার বেওরা রাখি ॥ ১৩৮

দিয়ে মার্গে ধড়ি, হাতে নড়ি,
বাথানে চরায় গাই।
তুই রাখাল হ'য়ে, চাইস রাজবস্ত্র,
তোর চক্ষের পরদা নাই ॥ ১৩৯

এ কাশ্মীরি শাল, রেশমী রুমাল,
মখমল আদি কত।
মলমলের থান, চাদর ক'খান,
টাকা তোলা ইহার সুত ॥ ১৪০

এ চাপকান কাবা, তোর নন্দ বাবা,
দেখে কখন থাকিবে?
ইহার নাম জানিসনে, দাম শুনে তোর,
দাঁতকপাটী লাগিবে ॥ ১৪১

তখন কোপে কৃষ্ণ, কাঁপে ওষ্ঠ, শুনে রজকের কথা।
করাঘাতে, তৎক্ষণাতে, কাটেন তার মাথা ॥ ১৪২

মথুরায় সব, হ'ল কলরব, বলে ভাই কি লেটা।
প্রাণ বাঁচা দায়, হলো মথুরায়, হাতে মাথা কাটা ॥ ১৪৩

যত প্রজায়, বলে গে রাজায়, ভয়ে '[২]মরে মা রা[২]'।
করিছো কি কাজ, মরি মহারাজ! হা মা কা[৩] ॥ ১৪৪

প্রজা-সকলে ভয়ে ব্যস্ত হইয়া রাজার নিকটেতে গিয়া বলিতেছে,—
হা মা কা,—হাতের হা, মাথার মা, কাটার কা।

সিন্ধু—কাওয়ালী

কে এলো বালক দুটী, করেতে রজক কাটি,
বলে তোদের বধিব রাজা কংস।
হবে না মঙ্গল, রাজা! রবে না তব বংশ ॥
সংসার-অসুর-নরে, আশু বিনাশিতে পারে,
শিশু যদি করে কিছু কোপাংশ।
তুমি জান না তার পরিচয়, সামান্য মানুষ নয়,
শত ইন্দ্র এলে বুঝি না হয় শতাংশ ॥
রূপ অতি মনোহর, নিন্দি কালো জলধর,
চরণ-নখরে পড়ে সুধাংশু।
আমি মনে অনুমান করি, ভূভার-হরণে হরি,
অরি-ভাবে এলেন তোমায় করিতে ধ্বংস। (ট)

পাঠান্তর: ১ মাথা পেয়ালা—ক, গ। ২-২ মরে মরা—খ, জ। ৩ হামাকা করে সারা—জ-গ্রন্থে অতিরিক্ত।

শ্রীকৃষ্ণ-বলরামের বস্ত্র পরিধান

তখন রজকেরে নষ্ট করি কৃষ্ণ মন-সুখে।
বেছে বেছে লন বস্ত্র পরম কৌতুকে॥ ১৪৫
হৃষ্টমতি, বলাই প্রতি, বলেন মাধব।
দাদা! বসন-ভূষণ, কিসের অনাটন, আমি থাকিতে তব॥১৪৬
বলরাম, বলেন শ্যাম, বলি ভাই! তোমাকে।
দস্যুবৃত্তি করিতে পারিলে, কিসের অভাব থাকে॥ ১৪৭
তখন ভাবেন হরি, কিরূপে পরি, শুভ্র[১] বস্ত্রগুলি।
তারি পরিধান-সুসন্ধান, করেন বনমালী॥ ১৪৮
হেন সময়, তন্তুবায় যায়, মথুরার দিকে।
হেলায়ে কর, বংশীধর, ঘন ডাকিছেন তাকে॥ ১৪৯
দেখে তাঁতি, পবন-গতি, হাট পানেতে হাঁটে।
বলে, রাখ ব্রহ্মময়ি! সেই বটে ঐ, হাতে মাথা কাটে॥ ১৫০
তখন তাড়িয়ে হরি, তাঁতিকে ধরি, বলেন,—বস্ত্র পরা।
ভয়ে ক্রন্দন, তাঁতির নন্দন[২], হয়েছে আধমরা॥ ১৫১
বলে, কি কর! রাস্তা ছাড়, কাজ কি দুঃখ দিয়ে।
দিওনা জ্বালা, গিয়েছে বেলা,
আমার সুতোহাট গেলো ব'য়ে॥ ১৫২
কন নারায়ণ, পরাও বসন, বন্দী হইলাম সত্যে।
বাক্য আমার, তোকে কখন আর, হবে না হাট করিতে॥১৫৩
তাঁতি বলিলে, কৃতার্থ করিলে, আমার হাটটী বন্ধ করো।
তবেই আমার, কাচ্চাবাচ্চাগুলির,
দফা তিন দিনেতেই সারো॥ ১৫৪
কৃষ্ণ বলেন, তোকে আমি বৈকুণ্ঠে পাঠাব।
তাঁতি বলে, কৃতার্থ করিলে, তোমার হুকুমেই যাবো॥ ১৫৫
আমি ঘর ফেলিয়ে, একলা গিয়ে, বৈকুণ্ঠেতে রই।
আমার অপোগণ্ডগুলিন মরুক দিন আষ্টেক বই॥ ১৫৬
কৃষ্ণ বলেন, একলা যদি না পারিস গে রহিতে।
পাঠিয়ে দিব, বৈকুণ্ঠে তোর স্বপরিবার সহিতে॥ ১৫৭
বলিছে তাঁতি, নাইকো ক্ষতি, তবে একদিন যাই।
সেটা চলা-বলার, জায়গা কেমন, সেটা শুনিতে চাই॥ ১৫৮
কৃষ্ণ হে! বসত করিবার জায়গা, যেখানে অসৎ লোক না রয়।
রাজার সুখ থাকে, মহাল হাজা শুকা না হয়॥ ১৫৯
ফল কথা কও, আর গুলা সব হোক্‌গে যেমন-তেমন।
তোমাদের বৈকুণ্ঠে সুতো সস্তা কেমন? ॥ ১৬০
তখন কন কৃষ্ণ, বাক্য মিষ্ট, পরম সুখে রবি।
গত-মাত্রে সবে তোরা চতুর্ভুজ হবি॥ ১৬১
তাঁতি বলিছে, ভাল ভাল[৩], তবে কিছু ফলিবে।
তবে আমার একলা হাতেই, দুখানা তাঁত চলিবে॥ ১৬২
বলিছে তাঁতি, নাহিক ক্ষতি, চলো সেখানে যাই।
এসো দুটি ভাই, বস্ত্র পরাই, বিলম্বে কাজ নাই॥ ১৬৩
বিষ্ণু-গাত্র, স্পর্শমাত্র, দিব্যজ্ঞান ধরে।
ধরি পায়, তন্তুবায়, নানা স্তব করে॥ ১৬৪

ছায়ানট—কাওয়ালী

গোবিন্দ গুণধাম! কে জানে তোমার মায়া।
হর হর, হরারাধ্য হরি! ধন-জন-মায়া॥
দীন হীন ভ্রান্ত পামরে দেহ পদছায়া।
দারাদি তনয়, কেহ নয়, এ মিছে প্রণয়,—
দীনে রক্ষ তুমি মোক্ষধাম হে! শ্যাম হে!
শিবের সম্পদ পদ, প্রদানে হর বিপদ,
নিরাশ্রয়ে নিরাপদ কর হে নীরদ-কায়া!॥ (ঠ)

মথুরা-কামিনীগণের শ্রীকৃষ্ণ-রূপ-দর্শন

দিব্য বস্ত্র পরি হরি, সেই স্থান পরিহরি,
মালাকার-ভবনে গমন।
সে দিলে পুষ্পের হার, বাসনা পূর্ণ তাহার,
করিলেন ব্রহ্ম সনাতন॥ ১৬৫
গোকুলের গোকুলচন্দ্র, নিরখি মলিন চন্দ্র,
কোটি-চন্দ্র-নিন্দিত রূপ ধরে।

পাঠান্তর: ১ সজ্জা—ক, গ। ২ বদন—খ, ঝ। ৩ হবে হবে—ক, গ।

তাহে ভূষণ বনমালা, ত্রিভুবন করেছে আলা,
নিরখিয়ে মন্মথ-মনোহরে ॥ ১৬৬
যত কুলকন্যা মথুরার, দিয়ে গবাক্ষের দ্বার,
কৃষ্ণ-রূপখানি দৃষ্ট করে।
হেরি কান্তি নবঘন, চক্ষে ধারা ঘন ঘন,
উন্মাদিনী হয় পরস্পরে ॥ ১৬৭

——

ঝিঁঝিট-অহং[1]—খং

ও কে যায় গো কালো মেঘের বরণ,
কালো রতন রমণীরঞ্জন।
মোহন করে মোহন বাঁশী, বিধুমুখে মৃদু হাসি,
সই! আবার কটাক্ষে চায়, নাচায় ছুটি নয়ন-খঞ্জন।
নিরখি বিদরে প্রাণী, ঘেমেছে চাঁদবদন খানি,
লেগে দারুণ রবির কিরণ গো।
বিধি আমায় সদয় হ'ত,
কুলের শঙ্কা না থাকিত সই!
তবে বসনে ঢাকিতাম গিয়ে ও বিধু-বদন ॥ (ড)

——

শ্রীকৃষ্ণ ও কুব্জা

হেথা চন্দন হাতে, রাজ-সভাতে, যায় কংসের দাসী।
হৃদ্ধ মজা, নাম কুব্জা, মুখে মধুর হাসি ॥ ১৬৮
অষ্টে-পৃষ্ঠে ঢিপি-ঢাপা, আট দিকে আট বেঁক।
পেট্‌টা ভোম্বা, শতেক ভাঙ্গা, যেন গাঙ্গের টেঁক ॥ ১৬৯
ঠিক তাল-পারাটি, বড় ঠেঁটা, দেখিলে ভয় লাগে।
তায় ভীষণ ভাবা, বৃদ্ধ-দশা, নব অনুরাগে ॥ ১৭০
তাতে কোটরে চক্ষু, অতি সূক্ষ্ম, করিছে মিটমিটি।
হঠাৎ তারে, দেখিলে পরে, সন্ত দাঁতকপাটী ॥ ১৭১
নাই নারীর চিহ্ন, স্তন বিভিন্ন, কি বিধাতার গতি।
চাই ভুরুর ভঙ্গে, নাকের সঙ্গে, ফারখতা ফারখতি ॥ ১৭২
দেখিতে শুলুক, কদর্য্য মুখ, বুকময় খাল ডোবা।
তাকে দৃষ্ট করি, বলেন হরি, এটা কে রে বাবা! ॥ ১৭৩
কৃষ্ণরূপে, রসকূপে, মন গিয়েছে ভুলে।
হলো, চলিতে অচল, ভাবে ঢলঢল, পড়িছে ঢ'লে ঢ'লে ॥ ১৭৪
বলে, আ-মরে যাই! লইয়ে বালাই, কি রূপের মাধুরী!
রূপের সাগর, গুণের নাগর, এই বুঝি সেই হরি ॥ ১৭৫
আমার ইচ্ছে করে, শ্যাম নাগরে, রাখি হৃদিপরে।
শ্যাম ত্রিলোকস্বামী, কুব্জা আমি, স্পর্শিবে কি মোরে ॥ ১৭৬
বুঝে কুব্জার আশয়, রসের বিষয়, ব্যঙ্গ করি হরি।
কন দূরে থেকে, কুব্জায় ডেকে, কোথা যাও সুন্দরি! ॥ ১৭৭

কৃষ্ণ 'সুন্দরী সুন্দরী' বলিয়া ডাকিবামাত্র কুব্জা অভিমানিনী হইয়া বলিতেছে—ঠাকুর! আমাকে কুৎসিতা রমণী দেখিয়া ব্যঙ্গ করিতেছেন কেন?

খাম্বাজ[2]—খেমটা

কুৎসিতের বেশ দেখে, শ্যাম!
ঠেস্ ক'রে কি কও আমাকে।
ভালো নই, কমল-আঁখি!
হাঁ হে! সুন্দরী কি সবাই থাকে।
এমন নয় যে গায় পড়েছি
তোমার রূপ দেখে,—
আমার[3] এই রূপটি দেখে,
থাকি চুপটি ক'রে মনের দুখে ॥ (ঢ)

——

তখন কৃষ্ণ-বোলে, কুব্জা বলে, আপনারে না বুঝ।
নিজে অষ্ট-ভঙ্গ, বঙ্কিমাঙ্গ, আমি বা কোন্ কুঁজো ॥ ১৭৮
কিবে রূপের শ্রী, আহা মরি, ভ্রমর বরং ভালো!
নব-কাদম্বিনী-বরণ জিনি, এমনি আন্ধার কালো ॥ ১৭৯
এ কি গোকুল পেলে, ফেরে ফেলে, যা হবার তাই হবে।
লয়ে গোপনে, নারীগণে, রসের কথা কবে ॥ ১৮০

পাঠান্তর: ১ অহং-সিন্ধু—খ, গ, জ। ২ আড়—খ, গ, জ। ৩ তোমার—খ।

এ নয় তেমন সহর, যে করিবে নহর, লয়ে কুলাঙ্গনা।
বড় বিষম এ ঠাঁই, ঘুম কারু নাই, কংস-রাজার থানা ॥ ১৮১
তখন মিষ্ট বোলে, কৃষ্ণ বলে, কংসেরে না ডরি।
আমার কি দোষ পেয়ে, রুষ্টা হয়ে, ভৎর্স লো সুন্দরি! ॥
তব দিব্য কান্তি, দেখি ভ্রান্তি, জন্মিল মোর মনে।
কিবে কালো ধলো, সেই তো ভালো, লাগে যা নয়নে।
তুমি শীঘ্র আসি, কংস-দাসি! পরাহ চন্দন।
তোরে সুন্দরাঙ্গী, করিব আমি, করিলাম এই পণ ॥ ১৮৪
তখন দিয়ে চন্দনাঙ্গে, অবশ অঙ্গে, কুব্জা পড়ে ট'লে।
অমনি হরি, কুঁজীকে ধরি, ধাক্কা দিলেন ছলে ॥ ১৮৫
ছিল চিপি চাপা, ফুলো ফাঁপা, কুঁজকুজাদি করি।
সকল গেল, দেখিতে হ'ল, অপূর্ব্ব মাধুরী ॥ ১৮৬
দেখি আপন অঙ্গ, অবশ-অঙ্গ, কুব্জা কেঁদে বলে।
যদি দয়া করি, ওহে হরি! যৌবন-তরি দিলে ॥ ১৮৭
তাই ভাব্‌ছি মনে, নাবিক বিনে, কে চালাবে তরি।
পাছে ঘোর তুফানে, ধনে প্রাণে, ডুবে আমি মরি ॥ ১৮৮

* * *

শ্রীকৃষ্ণ-কর্তৃক কংসবধ ও ব্রজধামে রাধাশ্যাম-মিলন

পশ্চাৎ পূরাব আশ, আশ্বাসিয়ে পীতবাস,
কংস বিনাশিতে শীঘ্র যান।
হেরে কৃষ্ণ-পদদ্বয়, খঞ্জ পদ প্রাপ্ত হয়,
অন্ধেরে দিলেন চক্ষু-দান ॥ ১৮৯
সমরে বিজয়ী হয়ে, দ্বারে হস্তী বিনাশিয়ে,
কংস-সভায় হৈলেন উপনীত।
পরস্পর নর-নারী, শ্রীকৃষ্ণরূপ দৃষ্ট করি,
স্বভাবেতে হইল মোহিত ॥ ১৯০
রমণীগণের মন, দেখে, কামরূপী নারায়ণ,
ঋষিগণে দেখে যজ্ঞেশ্বর।
ভোজবংশে দেখে হরি, কুলের দেবতা করি,
ভক্তে দেখে বিষ্ণু পরাৎপর ॥ ১৯১

ব্রজ-রাখালের চিত্ত, আমাদের রাখাল মিত্র,
নন্দ দেখে আমার গোপাল।
পণ্ডিতে বিরাট ভাবে, পুত্রভাব বসুদেবে,
কংস দেখে,—আইল মোর কাল ॥ ১৯২

দেখিয়ে প্রলয়-অংশ, মার্ মার্ করে কংস,
রাম-কৃষ্ণ হন্যতাং বলে।
ক্রোধে ব্রহ্ম সনাতন, করিছেন নির্যাতন,
কেশে ধরি বসে বক্ষঃস্থলে ॥ ১৯৩

বক্ষে বিশ্বম্ভর হরি, 'মার্ মার্' শব্দ করি,
রাজা কংস ত্যজিল জীবন।
আনন্দ অমরবর্গে, পুষ্পবৃষ্টি হয় স্বর্গে,
করে কংস বৈকুণ্ঠে গমন ॥ ১৯৪

ভাগবতে লেখে স্পষ্ট, পূর্ণব্রহ্ম-রূপ কৃষ্ণ,
অবিচ্ছেদ সদা বৃন্দাবনে।
অংশরূপ ধরি হরি, বধেন দেবের অরি,
অবতার ভূভার-হরণে ॥ ১৯৫

গোকুলে গোকুলপতি, পরিত্যাজ্য করি তথি,
"পাদমেকং ন গচ্ছতি", আছে এই বাক্য।
বিহরে যুগলরূপ, শ্রীরাধিকা-বিশ্বরূপ,
ভাবিলে ভাবুকে পায় মোক্ষ ॥ ১৯৬

সুরট—যৎ

বিরাজে ব্রজে রাধাশ্যামে।
রাধা কোটিচন্দ্র সাজে, কালো জলদেরি বামে।
কিবা নিন্দি কালো জলধর, রূপ রাধার বংশীধর,
নিরখিতে গঙ্গাধর, এলো ব্রজধামে।
পুরাইতে মন-সাধ, ভাবে ব্রহ্মা গদগদ,
পূজিল গোবিন্দ-পদ, চন্দন-কুসুমে ॥ (গ)

পাঠান্তর: ১-১ রাম রাম—ক, গ।

১৯। মাথুর (১)

শ্রীকৃষ্ণ-বিরহে শ্রীরাধিকার খেদ

রাধার মানে হারিয়ে মান, বিরহানলে ভগবান,
রাধার কাছে লইয়া বিদায়।
সজল-জলদকায়, বলেন,—দুঃখ জানাব কায়,
শতবার ধরিলাম দুটী পায়। ১
এতেক ভাবিয়ে হরি, বৃন্দাবন পরিহরি,
মধুপুরী করেন গমন।
গোকুলে কৃষ্ণ-অদর্শন, জেলে বিচ্ছেদ-হুতাশন,
গিয়েছেন পীতবসন, ত্যজিয়ে মৃণাসন। ২
মথুরাতে পেয়ে রাজত্ব, ভুলিয়ে সকল তত্ত্ব,
প্রবর্ত্ত হয়েছেন কুব্জা-প্রেমে।
দাসীরে করি রাজমহিষী, রত্নাসনে কালোশশী,
বসিয়ে, পিরীত ভাসাভাসি, হচ্ছে ক্রমে ক্রমে। ৩
হেথায় রাধার মানভঙ্গ, না হেরিয়ে শ্যাম-ত্রিভঙ্গ,
বনদগ্ধা কুরঙ্গীর প্রায়।
বলে, দেও হে কৃষ্ণ! দরশন, জগত-জীবন! রাখ জীবন,
নিরুপায়ে তুমি হে উপায়। ৪
ভাসালে বিচ্ছেদ-নীরে, কি দোষে হে দুঃখিনীরে,
তোমা বিনে কে করিবে রক্ষে।
আমার জীবন হরি, কোথায় রহিলে হরি!
কে হলো বিপক্ষ আমার, হ'লে কার্ পক্ষে। ৫
হয়ে অতি শোকাকুল, বলেন, কে কুলাবে কূল,
প্রতিকূল আমায় বিধাতা।
বলেছিলে হে শ্যাম-ত্রিভঙ্গ! তোমায় আমায় এক-অঙ্গ,
সে কথা রহিল এখন কোথা। ৬
কি বলিব অধিক আর, গেল বুঝি অধিকার,
এত বলি করেন রোদন।
আবার কহেন পরে, প্রাণধন কি নিল পরে?
আর কি পাব গো সে রতন। ৭
সাধনের ধন গুণনিধি, দিয়ে হ'রে নিল বিধি,
নিরবধি ভাসি দুঃখ-নীরে।
শুন বলি চন্দ্রাবলি! মনের কথা কারে বলি,
না ব'লে বা থাকি কেমন ক'রে। ৮
কোথা গো সখি চিত্ররেখা! চিত্রপটে লিখে দেখা,
তবু একবার হরিকে নেহারি।
শ্যাম সখি! তোয় বলি শোন, তোর শ্যামের মতন শ্যাম-বরণ,
একবার লয়ে আয় গো নীলবরণ, গোবর্দ্ধনধারী। ৯
কোথা গেলি গো বিশাখা! হলি বুঝি গো বি-সখা,
তুই কি আমার সখার সঙ্গী হলি!
বল দেখি গো বৃন্দে দূতি! কোথা গোলোকের গোকুলপতি,
জগতের পতি বনমালী। ১০
কেন দিদি! অকস্মাৎ, কৃষ্ণ-বিচ্ছেদ-বজ্রাঘাত,
আঘাত হইল মোর শিরে।
এত বলি করেন রোদন, ভেসে যায় শ্রীবৃন্দাবন,
কমলিনীর কমল-আঁখির নীরে। ১১

খট্‌ভৈরবী—একতালা

মনের বিষাদে, কাঁদেন শ্রীরাধে,
বলেন,—কোথা আছ প্রাণ-কৃষ্ণ!
(ব'ধে রাধার প্রাণ) কেন দীননাথ! হেন বজ্রাঘাত,
আবার কোথা গেলে কার পূরাতে ইষ্ট।
একে তো ননদী বাঘিনীর প্রায়,
প্রবল শত্রু (আমার) ফেরে পায় পায়,
না দেখি উপায়, একি অদৃষ্ট!
এখন আমার কেবল মরণ মঙ্গল,
মন্থনেতে সুধা উঠিল গরল,
জীবন ধারণ বিফল কেবল,
তা হ'তে এখন মরণ শ্রেষ্ঠ। (ক)

বলেন,—কোথা হে কৃষ্ণ গুণনিধি! ব'লে কাঁদেন নিরবধি,
হায়! বিধি কি করিলে ব'লে।
করাঘাত করেন শিরে, কে নিল নীলবরণে হ'রে,
হরি-শোক যাবে না—না ম'লে। ১২
কৃষ্ণ-বিচ্ছেদ-দাবানল, ক্রমেতে হলো প্রবল,
বল বুদ্ধি করিল দাহন।
কেবল রহিল শোক, যাতে হয় প্রাণনাশক,
সে শোক না হয় নিবারণ। ১৩
এত বলি পড়ে ধরায়, বৃন্দে দূতী আসি ত্বরায়,
উঠ ব'লে শ্রীরাধায়, অনেক বুঝায়!
বলে—রাধে, হও ক্ষান্ত, হইও নাকো এত ভ্রান্ত,
তব কান্ত আনিব ত্বরায়। ১৪
বৃন্দে দেয় প্রবোধ-জল, নিভাতে বিচ্ছেদানল,
সে জল নিষ্ফল হয় সব।
বরং বিচ্ছেদ আগুন, বিগুণ হ'য়ে হয় দ্বিগুণ,
দেখে সখী জীয়ন্তে সবে শব। ১৫
দেখে কৃষ্ণ-বিচ্ছেদ-বিষধরে, দংশেছে রাই-কলেবরে,
একেবারে নীলবর্ণ তনু।
যে বর্ণ না হ'তো বর্ণ, দেখিতে হইত স্বর্ণ, সে বর্ণ হলো বিবর্ণ,
মেঘে যেন আচ্ছাদিল ভানু। ১৬
আনে নানা মহৌষধি, যতেক সৃজিল বিধি,
নিরবধি করিল শুশ্রূষা।
তাতে না হয় নিবারণ, ক্রমে বিষ-উদ্দীপন,
সখীগণ হইল নৈরাশা। ১৭
হেমকান্তি নীলবরণ, হৃদে ভাবি নীলবরণ,
বিবরণ বুঝিতে কে বা পাবে!
দেখে কহে সখীগণ, জীবনে কি প্রয়োজন,
রাধার জীবন যমুনা-জীবন-পারে। ১৮

খাম্বাজ—একতালা

রাধার জীবন হরি, হরি গেছেন মথুরায়, সে নীরদ-কায়।
উপায় কি করি, রাইকিশোরী, কিসে রক্ষা পায়।
হয়েছেন চৈতন্য-হারা, স্থির হয়েছে নয়ন-তারা,
কি করিবে বৈদ্য যারা, কি ঔষধি দিবে তায়।
এ রোগের আর নাইকো বিধি, অন্য কোন মহৌষধি,
বিনে কৃষ্ণ গুণনিধি, কে বাঁচাবে রাধিকায়। (খ)

মথুরায় শ্রীকৃষ্ণের নিকট বৃন্দা দূতীর গমন

তখন কর্ণে শুনায় কৃষ্ণ-নাম, শ্রীমতীকে অবিরাম,
শুনিয়ে চৈতন্য পান কিশোরী।
দেখে তুষ্ট গোপীগণ, বলে তোমার কৃষ্ণধন,
এনে দিব ভয় কি ব্রজেশ্বরি! ১৯
প্রবোধবাক্য কহে বৃন্দে, মধুপুরে শ্রীগোবিন্দে,
আন্‌তে আমি চলিলাম তবে।
যাব হরির অন্বেষণে, দেখা হয় যদি অন্য সনে,
মন্দ লোকে অন্য যাহা কবে। ২০
এত বলি চলে বৃন্দে, শ্রীগোবিন্দের পদারবিন্দে,
শ্রীরাধার বৃত্তান্ত সব কইতে।
মনে ভাবে রাজবালা, দারুণ বিচ্ছেদ-জ্বালা,
প্রাণেতে কি পারে আর সইতে। ২১
গিয়ে যমুনার ধারে, ভাবে কেমনে যাব পারে,
পারের মূল্য কোথা পাব কড়ি।
একে তো তুফান ভারি, যমুনা নদীর বারি,
তরি বিনে কেমনে বা তরি। ২২
এত ভাবি উঠিল নায়, পারে গিয়ে মেয়ে পয়সা চায়,
বৃন্দে বলে পয়সা কিসের পাবি?
কুল-কামিনী তুলেছিস্ নায়, এই তো তোর এক অন্যায়,
বল্‌লে পরে অন্যায়, হরিণবাড়ী যাবি। ২৩
শুনি উষ্মা করে নাবিক, বলে,—বেটী তো বড় রসিক,
বলিব আর কি অধিক, কত জানেন ছলা।
ওরে বেটী গোয়ালার মেয়ে! যা আমার পয়সা দিয়ে,
রেখে দিগে তোর যত ছলা। ২৪
বেটীদিগে চেনা ভার, হয়ে যায় নিত্য পার,
গোপিনীদের কীর্তি আমি জানি।

গুরের চিনিত কেবল নন্দের বেটা, সেই তো লাগিয়ে ল্যাটা,
ফাঁকি দিয়ে গিয়েছে ইদানী। ২৫
সে-ই বেটাদের দিত ফাঁকি, দেখিয়ে ছুটী বাঁকা আঁখি,
চিন্‌ত গুরের,—জান্‌ত সে কিকির।
বনে ডেকে লয়ে যেতো, জাতি কুল সব লুটে নিতো,
মজা ক'রে খেতে পেতো, ছানা মাখন ক্ষীর। ২৬
আমিও হচ্ছি নায়ের মাঝি, জানি অনেক কারসাজি,
আমার কাছে ভারি-ভুরি খাটিবে না।
ভুলিব না তোর চক্ষু-ঠারায়,
এ তো ঘোল বেচা নয় পাড়ায় পাড়ায়,
ওসব ভেল্কী এখানে সাজিবে না। ২৭

খাম্বাজ—পোস্তা

ও রঙ্গের রঙ্গী যারা, তারাই করে রং বাসনা।
আমি ও অনেক জানি, ও রসে আর নাই বাসনা।
যাদের সব টেড়ি কাটা, ইষ্টকিং-আঁটা পা,
পোশাক কাটা[১], তাদের কর উপাসনা।
যদি পাও বঙ্গদেশী, লাভালাভ হবে বেশী,
করলে পর কসাকসি, তবেই মিলিবে রূপা সোনা। (গ)

বৃন্দে বলে, নিন্দে করিস্, হাঁরে বেটা পাজি!
কুট্‌নির ছেলে, পাট্‌নি তুই, গুজরা ঘাটের মাঝি[২]। ২৮
বেটার বড় বুক বেড়েছে, যা নয় তাই বলে।
ঘুচাব আজি রসিকতা, রসি লাগাব গলে। ২৯

পথে লুটো মালামাল, জান না আছে দায়মাল?
একবারে পয়মাল করিব।
দিবানিশি মরিস্ খেটে, বেড়াস লোকের আমানি চেটে,
ফেলিব তোর মাথা কেটে,
যেমন শূকর, তেম্‌নি খেটে মারিব। ৩০

বৃন্দে দূতীর গালি খেয়ে, ভয়ে পলাইল নেয়ে,
বৃন্দে উপনীত মথুরায়।
অন্তরে জানিলেন হরি, উদ্ধবে কন ত্বরা করি,
বৃন্দেরে আন গে রাজসভায়। ৩১
বৃন্দে যথা দাঁড়াইয়ে, উদ্ধব তথায় গিয়ে,
কহিছেন মিষ্ট মিষ্ট কথা।
ডাকিছেন তোমারে কৃষ্ণ ত্রিজগতে যিনি শ্রেষ্ঠ,
চল হে পূরিবে ইষ্ট, কৃষ্ণচন্দ্র যথা। ৩২

* * *

মথুরার রাজসভায় বৃন্দা

শুনিয়ে উদ্ধব-বাণী, একাকিনী গেল ধনী,
মথুরার রাজধানী, হেতু— চিন্তামণি-দরশন।
নিরখিয়ে জলধরে, আঁখিতে না জল ধরে,
বংশীধরে করে নিবেদন। ৩৩
আমি বৃন্দে সহচরী, শ্রীরাধিকার কিঙ্করী,
সুগোচর কর হে হরি! অগোচর তোমার কি আছে?
তোমার জন্যে কিশোরীর, হয়েছে যে কি শরীর,
বলিতে পারিনে হরি!
প্যারী তোমার আছে কি মরিছে। ৩৪
পত্রে বুঝি আছে লেখা, একবার তোমায় চক্ষের দেখা,
দেখিবেন কমলিনী।
তোমার জন্যে আছে প্রাণ, কৃপা ক'রে ভগবান!
রাখ হে দাসীর মান, ব্রজে চল শ্যাম গুণমণি! ৩৫
তোমার আর যত গোপী সব, কেবল মাত্র দেখি শব,
অসম্ভব শুনহ শ্রবণে।
নাহি পক্ষ-জন-রব, কোকিলের কুহু-রব,
নাহি শুনি হে মাধব! তরু-লতাগণ সব,
শুকাল বৃন্দাবনে। ৩৬
ছিল রসময় শ্রীবৃন্দাবন, রস[৩]-শূন্য হয়েছে এখন,
তাল-বন তমাল-বন, নিধুবন নিকুঞ্জবন,
সে বন হয়েছে, বনমালি! তোমার বিহনে।

পাঠান্তর: ১ মেজাজ চটা—ক-গ্রন্থে অধিক। ২ শাজি—ক, খ। ৩ সব—ক, খ।

সব বৃক্ষ-শাখা নম্রমান,[১] নহে কথা অপ্রমাণ,
ভগবান! দেখ গে নয়নে ॥ ৩৭
এখন আর কিছু নাই হে সুখ, রোদন করে শারী শুক,
সর্ব্বদা অসুখ, তাদের মনে।
পুষ্পের সৌরভ নাই, মধুর গৌরব নাই,
মধুহীন হয়েছে তোমার মধুর বৃন্দাবনে ॥ ৩৮
অলিকুল ত্যজেছে পদ্ম, মুদিত হয়ে আছে পদ্ম,
স্থলপদ্ম জলপদ্ম, রোদন করেন স্বর্ণপদ্ম, নীলপদ্ম বিনে।
শুন ওহে কালোশশি! ব্রজে উদয় হ'ত শশী,
দিবানিশি রাইশশী, মলিন এক্ষণে ॥

খট্-ভৈরবী—একতালা

শুন হে মাধব! ব্রজে নাই উৎসব,
বলে,—কোথা গেল প্রাণ-কৃষ্ণ।
বহে চক্ষে শতধার, ব্রজ-গোপিকার,
সবে শবাকার, সদা নিরানন্দময়, একি অদৃষ্ট!
তোমার সাধের বৃন্দাবন হয়েছে বন, নিকুঞ্জকানন[২]
নাই হে আর তেমন, তোমার থাকিলে মন,
হ'তো না কষ্ট।
ব্রজনাথ! ব্রজের শুন সমাচার,—
তুমি হে শ্রীরাধার ছিলে মূলাধার,
বিচ্ছেদ-বিকার জন্মেছে রাধার,
হয় প্রতিকার, তুমি যদি নাথ! কর হে দৃষ্ট। (ঘ)

শ্রীকৃষ্ণকে বৃন্দার ভর্ৎসনা

একবার ব্রজে চল হে দয়াময়! ব্রজের দুঃখ সমুদয়,
দেখিবে নয়নে।
তুমি একবার গেলে চিন্তামণি! জীবন পায় অনেক প্রাণী,
মধুর নাম কৃষ্ণ-ধ্বনি, শুনিলে শ্রবণে ॥ ৪০

তবে না যাও যদি পেয়ে রাজ্য, বেড়ে থাকে কিছু মাৎসর্য্য,
আশ্চর্য্য নয় হে! তোমার পক্ষে।
মোক্ষ জন্মে যে পদে, ভাবিলে তুচ্ছ ব্রহ্মপদে,
ভুললে তুচ্ছ রাজ্য-পদে, সঁপেছ মন কুব্জা-পদে,
বুড়ী কি সুন্দরী হলো, কিশোরী অপেক্ষে ॥ ৪১
ত্যাজ্য করে বৃন্দাবন, কুব্জার কুঁজ দেখে এখন,
ভুলেছ হে রাধারমণ! কুব্জামোহন হয়েছ এক্ষণে।
রাধার হৃদিপদ্মাসন, ত্যাজ্য করে পীতবসন!
বসেছ হে রত্ন-সিংহাসনে ॥ ৪২
তুমি শুক-শারী ত্যাজ্য করি, পুষিলে দাঁড়কাক।
দুর্গোৎসবে শাঁখের বাদ্য, ধোবার নাটে ঢাক ॥
বারাণসী ত্যাজ্য করি, ব্যাস-কাশীতে বাস।
ঘৃত খেতে রাজী হও না, কাঁজী-ভোজন বার মাস ॥
তুমি ত্যজিলে হীরে, কালো জীরে যত্ন করলে অতি।
ফেলে মুক্তামণি, চিন্তামণি! রতিতে হলো রতি ॥
বিদ্যাধরী ত্যাজ্য করি, নিলে কাঠকুড়নী।
জান কত খেলা, ভাসালে ভেলা, ত্যজিয়ে তরণী ॥
ক্ষীর ছানা তা রোচে না, নাল্‌তে-শাকে রুচি।
গেল দ্বিজের মান বিদ্যমান, মান্যমান মুচি ॥
হয় না জীবন-রক্ষা, পান না ভিক্ষা, যিনি দীক্ষাদাতা।
আর কাজ কি কথায়, মরি হায় হায়!
কুট্‌নীর মাথায় ছাতা ॥
লয়ে গঙ্গাজল, বিল্বদল, পূজিলে তুমি চেড়ী।
হাতীশালে, এত কালে, পুষিলে দুম্ব ভেড়ী ॥
ত্যজে পদ্মমধু, ওহে বঁধু! বসিলে শিমুল-ফুলে।
দিলে কালি, বনমালি! অলি-কুলের কুলে ॥
তোমার বুদ্ধি নাই, হে কানাই!
জানিলাম হে এত দিনে।
দিয়ে কড়ি, ডুবিলে হরি! পরের বুদ্ধি শুনে। (অ)

জানি নন্দলাল! চিরকাল, তোমার যে সব কর্ম্ম।
তুমি নারী-হত্যা পার করতে, নাইক ধর্ম্মাধর্ম্ম ॥ ৫১

পাঠান্তর: ১ ম্রিয়মাণ—ক। ২ ক-গ্রন্থে নাই।

ওহে গোকুলপতি! এ দুর্গতি তোমার ভাগ্যে ছিল।
যার নাম কুব্জা, কুঁজের বোঝা, সে বামে বসিল। ৫২

——

[1]আলিয়া—ঠেকা[1]

তোমার এই কি ছিল হে কপালে লিখন।
শ্রীমধুসূদন! বিপত্তিভঞ্জন নামে বিপদ হলো ঘটন।
স্বর্ণ-সরোজিনী যিনি, প্রেমময়ী প্রেমাধিনী,
তাঁরে ত্যজে চিন্তামণি, কুব্জাতে হইল মন।
অলি যেমন পদ্ম ছেড়ে, কেয়াফুলে বসে উড়ে,
শেষ কালে যায় পাখা ছিঁড়ে, ভাগ্যে রয় জীবন।
ব্রহ্মা ধরেন তোমার পদে, (তুমি) ভুললে তুচ্ছ রাজ্যপদে,
ধরলে কুব্জা-দাসীর পদে, করিতে তার মান-হরণ। (ঙ)

——

আর এক কথা কর শ্রবণ, বলি যে তোমার কাছে।
পেয়ে রাজত্ব, হয়েছ মত্ত, প্রভুত্ব কি আছে। ৫৩
রাজার যে রীতি-নীতি আগে জান্‌তে হয়।
এতো বাথানে গিয়ে, বাঁশী বাজিয়ে, গরু চরান নয়। ৫৪
তোমার যত বিদ্যা-বুদ্ধি, জানি সমুদাই।
মিথ্যা বলা, আঙ্ক-কলা, পেটে তোমার নাই। ৫৫
হবে ধর্মাধর্ম, বিচার করতে, সাজিবে না হে ফাঁকি।
এ তো ব্রজাঙ্গনা, ভুলান নয়, দেখিয়ে বাঁকা আঁখি। ৫৬
বড় শক্ত কথা, প্রজা রাখা, এর মন্ত্রী ভাল চাই।
সে সকল চিহ্ন তোমার কিছু মাত্র নাই। ৫৭
কেবল কুব্জী আছে, বামে ব'সে, হয়ে পাটেশ্বরী।
মতি-হারে বাঁশের গুঁজি, দেখে লাজে মরি। ৫৮
তুমি শক্র-গণ্য[2], মহামান্য, হও চক্রপাণি!
মথুরায় এসে করলে শেষে, মেথ্‌রাণীকে রাণী। ৫৯
মণিকোটা ত্যাজ্য ক'রে, মান্য করলে গোফা।
এখন করলে বেশ, বাঁধিলে কেশ, ছেঁড়া চুলে খোঁপা। ৬০

তুমি গোলোকপতি, যদুপতি, ব্রহ্মাণ্ডের পতি।
তুমি রাজা, তোমার প্রজা, পশুপতি প্রভৃতি। ৬১
তোমার পাটেশ্বরী, রাইকিশোরী, কনক-বরণী।
নব মেঘের কোলে যেমন, স্থির সৌদামিনী। ৬২
ত্রিভুবনের রাজা হয়ে, এ রাজ্যে প্রবর্ত্ত।
শ্রীরাধারে ত্যাজ্য করি কুব্জার প্রেমে মত্ত। ৬৩

——

ভৈরবী—একতালা

তোমার, এ কেমন অদৃষ্ট. ছি ছি হে শ্রীকৃষ্ণ!
এত কষ্ট তোমার ছিল কপালে।
ত্যজে রাধিকায়, মজিলে কুব্জায়,
দেখিয়ে লজ্জায় মরি সকলে।
যাঁর পদসেবা করেন ব্রহ্মা-শশধর,
শ্মশানে বসি ভাবেন শঙ্কর,
যজ্ঞের যজ্ঞেশ্বর, পরম ঈশ্বর, বেদে কয় হে!
এখন কুব্জা-ঈশ্বর হ'লে হে কালে। (চ)

——

তুমি ব'ধে এলে রাধার প্রাণ, হানিয়ে বিচ্ছেদ-বাণ,
ভগবান্! কেমন বিবেচনা।
তোমার দয়াময় নাম রাখিল কে! তুমি অতি নির্দয় হে!
শ্রীকান্ত! নিতান্ত গেল জানা। ৬৪
যে লয় তব পদাশ্রয়, তারে কর নিরাশ্রয়,
নীরদবরণ-শরণ যে লয়েছে।
তোমাকে হে ভগবান! বলি দিল সর্ব্বস্ব দান,
তবু হয়ে অপমান, পাতালে গিয়েছে। ৬৫
আর এক কথা বলি তোমারে, ত্রেতাযুগে রাম-অবতারে,
বিনা দোষে বালি-রাজে বধিলে।
কিবা তব বিবেচনা, বল ওহে কেলেসোনা!
দোষ গুণ কিছু নাহি ধরিলে। ৬৬

পাঠান্তর : ১-১ আলিয়া—তেতালা মধ্যমান—ক। ২ শক্রগণ্য—ক।

গর্ভবতী সীতা সতী, বনে দিলে রঘুপতি!
দোষ গুণ না ক'রে বিচার।
তব ভক্ত ছিল তরণি, বধিলে তারে গুণমণি!
তব লীলা, চিন্তামণি! বুঝা অতি ভার॥ ৬৭
তোমার ধর্ম্ম কর্ম্ম কিছু নাই, বুঝা গেল, হে কানাই!
বিশেষতঃ নাই হে দয়া মায়া।
তোমার বিদ্যা নাস্তি, বুদ্ধি নাস্তি,
নাস্তি তোমার কায়া॥ ৬৮
তোমার গুণ নাস্তি, রূপ নাস্তি,
নাস্তি তোমার মূল।
তোমার জাতি নাস্তি, যাতনা নাস্তি,
নাস্তি তোমার কুল॥ ৬৯

যদি ভাব অসম্ভব, শুন হে কেশব!
একে একে তোমায় আমি বুঝিয়ে দিচ্ছি সব॥ ৭০
তোমার ধর্ম্ম নাস্তি, কর্ম্ম দেখ মনেতে ভাবিয়ে।
বৃন্দের ধর্ম্ম নষ্ট কর্‌লে, শঙ্খাসুর হয়ে॥ ৭১
কায়া নাস্তি,—আছে তোমার পুরাণে লিখন।
নিরাকার ব্রহ্ম তুমি নিত্য নিরঞ্জন॥ ৭২
তোমার কর্ম্ম নাস্তি, দেখ হরি! মনেতে ভাবিয়ে।
ইচ্ছায় সকলি কর, ক্ষীরোদেতে শুয়ে॥ ৭৩
তোমার বিদ্যা নাস্তি, ব্রজপুরে জানে সর্ব্বজনে।
নৈলে কেন গোপের সঙ্গে, গরু চরাবে বনে॥ ৭৪
কু-ঘটনা ঘটে কি কখন, বুদ্ধি থাকিলে চিতে?
মায়ামৃগ ধরিতে গিয়ে, হারাইলে সীতে॥ ৭৫
মায়া নাস্তি, কৃষ্ণ! তোমার হইল প্রকাশ।
মধুপুরী এলে, করি রাধার সর্ব্বনাশ॥ ৭৬

ললিত-ঝিঁঝিট[১]—একতালা

ব'ধে রাধার প্রাণ, এলে কালাচাঁদ!
বল এ তোমার কোন্ ধর্ম্ম!
কেঁদে কেঁদে নন্দ, হইল হে অন্ধ,
কে করে গোবিন্দ! এমন কর্ম্ম।
তোমার মাতা যশোমতী,
কি কব দুর্গতি, ওহে যদুপতি! পতিত-পাবন!
ওহে তব সঙ্গিগণে, তব অদর্শনে,
ধরাসনে তারা করিয়া শয়ন॥
বহে চক্ষে বারিধারা, বলিতেছে তা'রা,
বলেছিলে,—ছাড়া হব না আজন্ম॥ (ছ)

তোমায় ব'লে আর জানাব কি, তুমি কিছু জান না কি?
শ্রীহরি! তোমারে ছি! তোমার জন্যে রাধে বিনোদিনী।
হইল শ্যাম-কলঙ্কিনী, অকলঙ্ক শশী ধনী,
তুমি সে চিন্তা কর্‌লে না চিন্তামণি!॥ ৭৭
তুমি হে সাধনের ধন! তারা-আরাধনের ধন,—
কৃষ্ণ-ধন তোমায় হ'য়ে ছাড়া।
শ্রীরাধা মনের দুঃখে, করাঘাত করেন বক্ষে,
চক্ষে বহে তারাকারা ধারা॥ ৭৮
তুমি মান্যমান হে যার মানে, সে ধনী আজি মরে প্রাণে,
পদে ধ'রে ভেঙ্গেছ যার মান হে!
যে মানেতে হয়ে দীক্ষে, যোগী হ'য়ে লও মানভিক্ষে,
সেই মানিনীর এত অপমান হে॥ ৭৯

নূতন জিনিসের বড় আদর

সে সব দিন গিয়েছ ভুলে, মনে থাকে না পুরাতন হ'লে,
নূতন রাজা হয়েছ নূতন রাজ্যে।
ধরেছ এখন নূতন বেশ, নূতন ছত্র হৃষীকেশ!
নূতন রসিক!—পেয়েছ নূতন ভার্য্যে॥ ৮০
নূতন পিরীত ভাল হে বঁধু! অতি মিষ্টি নূতন মধু,
শুন্‌তে ভাল নিত্য নূতন কথা।
পরিতে ভাল নূতন বস্ত্র, কর্ম্মে ভাল নূতন অস্ত্র,
দেখ্‌তে ভাল নূতন ছত্র, বৃক্ষের নূতন পাতা॥

পাঠান্তর: ১ বিভাস—ক।

ভাল নূতন কুটুম্বিতে, আদর থাকে নূতন স্ত্রীতে,
নূতন জিনিস ভাল হয় দেখ্‌তে।
অতি উত্তম নূতন ঘর, নূতন বরের হয় আদর,
নূতন সরিষের তৈল ভাল মাখ্‌তে।
শয়নে ভাল নূতন শয্যা, মন খুসি হয় নূতন ভার্য্যা,
নূতন দ্রব্য খেতে লাগে মিষ্ট!
তাইতে এখন নূতন প্রেমে মজেছ হে কৃষ্ণ!॥ (আ)

ললিত—পোস্তা

এখন নূতন পিরীতে যতন বেড়েছে।
তুমি বাঁকা, কুব্জা বাঁকা, দুই বাঁকাতে মিলেছে।
তোমার যেমন বাঁকা আঁখি, কুব্জী তেম্নি কোঠরচ'খী,
খাঁদা নাকে ঝুম্‌কো নলক ছুলিয়েছে।
সকলি নিন্দে, যেন সারিন্দে,
মাথার ফাঁকে টাকের উপর পরচুলেতে ঘেরেছে॥
ভাল ভাল গহনা-গাটা,
তাতে আবার ডায়মন-কাটা,
প'রে কেমন কুব্জাবুড়ী সেজেছে!
কিবা রূপসী, রাজমহিষী,
ঠিক যেন রাহু আসি, কালশশী গিলেছে॥ (জ)

নূতন জিনিসের অনেক দোষ

করিছ এ ঘর নূতন নূতন, নূতনের গুণ সকলি বিগুণ,
নূতন বেগুন খেতে লাগে না মিষ্ট।
নূতন জলে কফের বৃদ্ধি, নূতন ঘোড়া কার সাধ্যি,
'শীঘ্র করে শিষ্ট'[1]॥
নূতন পিরীতে হলে বিচ্ছেদ, একবারে হয় মর্ম্মচ্ছেদ,
লাগে না যোড়া নূতন পিরীত ভাঙ্গিলে।
নূতন জ্বরে বিকার হলে, বাঁচে না ধন্বন্তরি এলে,
নূতন মাঝি ভাবে—বাতাস উঠিলে।
মোট আনা দায় নূতন মুটে-(য়), অসুখ হয় নূতন শুঁটে,
পাক পায় না নূতন ছেলের অন্ন।
উপকারী নয় নূতন সিদ্ধি, নূতন গুড়ে পিত্তবৃদ্ধি,
নূতন বুদ্ধি হলে মান উচ্ছন্ন।
শাসিত হওয়া ভার নূতন রাজ্যে,
বশ হওয়া ভার নূতন ভার্য্যে,
জিনিস বিকায় না গেলে নূতন হাটে।
মিষ্টি হয় না নূতন কুল, নূতন মুহুরির ঠিকে ভুল,
নূতন কথা থাকে না নারীর পেটে॥
যোগ জানে না নূতন যোগী, আহার পায় না নূতন রোগী,
নূতন শোক প্রাণনাশক হয়।
মান রাখে না নূতন ধনী, দায়মাল হয় নূতন খুনি,
গুণমণি! নিত্য নূতন কীর্ত্তি ভাল নয়॥ (ই)

ললিত-বসন্ত—আড়খেমটা

ওহে বঁধু হে! নূতন পিরীতে করে জ্বালাতন।
সদা ভার, মন তাহার, কিছু যায় না বোঝা,
তার কি বোঝা!—হয় না সোজা বাঁকা মন॥
ভাল নয় হে নূতন কীর্ত্তি, ঘটে বিপদ নিত্যি নিত্যি,
নূতন বিচ্ছেদে[2] করে মান-হরণ।
ব'লে থাকে অনেক লোক, নূতন পিরীত ভাঙ্গ্‌লে শোক,
মানের নাশক হয় আগে ধ'রে চরণ॥
লজ্জা ভয় সমুদয়ে, সব ডুবিয়ে দিয়ে,
তারে লয়ে, শেষে করে প্রাণ হরণ॥ (ঝ)

পুরাতন জিনিসের অনেক সুখ

ওহে! পুরাণো পিরীত রাখাটা উচিত,
কাযে লাগে এক দিন।
সে পিরীত যায় না কভু, ছাড়লে তবু,
ভাবে সেই দিন॥ ৮৯

পাঠান্তর: ১-১ বশ করে শীঘ্র বিনা কষ্ট—ক, খ। ২ পীরিতে—খ।

অতেব, সব ভাল হয় পুরাতন হলে,
পুরাতন কথাকে পুরাণ বলে,
পুরাতন পুরুষ তুমি হে ভগবান।
পুরাতন লোকের কথা মান্য, পুরাতন চেলে বাড়ে অন্ন,
পুরাতন কুমাণ্ড-খণ্ড অমৃত-সমান ॥ ৯০
পুরাতন জ্বরে পায় পথ্য, বিশ্বাসী হয় পুরাতন ভৃত্য,
পুরাতন ঘৃত ত্রিদোষ নষ্ট করে।
পুরাতন গুড়ে পিত্তি নাশে, পুরাতন তেঁতুল কাস নাশে,
পুরাতন সিদ্ধি অগ্নিমান্দ্য হরে ॥ ৯১
পুরাতন রতন পরিপাটী, পুরাতন টাকার রূপা খাঁটি,
[১]পুরাতন সোনার আকব্বরি নাম[১]।
[২]বুনাদী হয় পুরাতন ধনী, পুরাতন ফণীর মাথায় মণি[২]
পুরাতন পিরীত সু-রীত হয় হে শ্যাম! ॥ ৯২
পুরাতন প্রেম পরেশ-তুল্য, পুরাতনের কি আছে মূল্য,
পুরাতন পিরীত ভাঙ্গিলে যায় হে গড়া।
দেখ দেখ শ্যাম! মনে বুঝে, পুরাতন পিরীত মেলে না খুঁজে,
পিরীত আছে কি পুরাতনের বাড়া ॥ ৯৩
ঔষধে লাগে পুরাতন কাঁজি, দপ্তরী হয় পুরাতন পাঁজি,
পুরাতন দ্রব্যের গুণ লিখেছেন অতি।
যদি নূতন দেখে মন ভুলেছে, আমাদের বড়াই আছে,
তবু কুব্জী হতে অতি রূপবতী ॥ ৯৪
না হয় কুব্জাকে হে সঙ্গে করি,
বৃন্দাবনে চল হরি! দুঃখিতা না হবেন প্যারী,
যত দুঃখ ওর মুখ দেখলে যাবে।
নন্দের আনন্দ হবে, উলু দিয়ে বৌ ঘরে লবে,
কৌতুক করি নাই, যৌতুক কত পাবে ॥ ৯৫
ছল করি কহে বৃন্দে, তাতে যদি নাথ! ঘটে নিন্দে,
তবে না হয় মথুরাতেই থাক।
চিন্তে কি হে প্রাণ-সখা! দেখে যাব চক্ষের দেখা,
তুমি মনে রাখো বা না রাখো ॥ ৯৬
কিন্তু, না গেলে শ্যাম! বৃন্দাবনে, দ্বন্দ ঘটিবে রাধার সনে,
গেলে তোমার নূতন প্রেম চটে।
বল হে শ্যাম! হবে কার, উপায় কিছু দেখিনে আর,
পড়েছ তুমি উভয় সঙ্কটে ॥ ৯৭

ইমন—পোস্তা

বল, দুদিক কেমনে রাখিবে কানাই! শুনি তাই।
দুই গুরুতে হলে দীক্ষে, কোন পক্ষে মুক্তি নাই।
দু-রাজার প্রজাদের মন্দ, দু-দল হলে বাধে দ্বন্দ,
দুই উক্তিতে মনের সন্ধ মেটে না,—
ওহে প্রাণাধিক! বলিব কি অধিক,
তার সাক্ষী সুরধুনী দেখতে পাই।
ওহে, দু পা দিলে দুই তরিতে,
বল, কেমনে পারে তরিতে,
কোনরূপেতে তরিতে পারে না,—
উভয় বিদ্যমান, রাখবে কার[৩] মান,
বল হে গোবিন্দ! আমি মনের সন্দ মিটিয়ে যাই ॥ (ঞ)

শ্রীকৃষ্ণের উক্তি

কৃষ্ণ কন, প্রাণসখি! কি কাজ করিলে।
রাধার বিচ্ছেদানলে জীবন বধিলে ॥ ৯৮
রাধা রাধা ব'লে শ্যাম ভূতলে পড়িল।
গরুড়ের ভরে যেন সুমেরু ভাঙ্গিল ॥ ৯৯
কাতর হইয়ে অতি কাঁদিয়ে আকুল।
বলেন, এ তরঙ্গে ব্রজেশ্বরী যদি দেন কূল ॥ ১০০
কৃষ্ণ কন, হলো ভার জীবন-ধারণ।
জলে স্থলে রাধারূপ করি দরশন ॥ ১০১
বৃন্দে বলে, বিশ্বরূপ! এ যে কথা অপরূপ,
কেমনে তুমি দেখ রাধিকারে!

পাঠান্তর: ১-১ পুরাতন বুনিয়াদীর বড় নাম—ক। ২-২ পুরাতন সোনা মাথার মণি, পুরাতন বাস্তুনাগের মাথায় মণি—ক।
৩ তুল্য—খ, জ।

শুন শুন হে মাধব! আমি তোমার জানি সব,
কেন মিছে ভুলাও আমারে॥ ১০২
কৃষ্ণ কন, শুন সখি! মিথ্যা কথায় ফল আছে কি,
কেন কব প্রবঞ্চনা-বাক্য।
যে যার থাকে অন্তরে, সে যদি থাকে অন্তরে,
তা ব'লে কি যায় তার সখ্য?॥ ১০৩
তবে শুন ওহে! রাধাপদ কোকনদ-সম দেখি জলে।
সে পদ্ম হেরিলে আমার হৃদ্‌পদ্ম জলে॥ ১০৪
রাধানেত্র সম নেত্র ধরয়ে কুরঙ্গ,
সে নেত্র হেরি, মম নেত্র, করয়ে কু-রঙ্গ॥ ১০৫
সুবর্ণ-চম্পক হেরি রাধার সু-বর্ণ।
সে সোহাগে সব গলে এমন সুবর্ণ॥ ১০৬
বৃন্দে বলে, ভগবান্ তব সম নাই!
তোমার বিচ্ছেদ বড়,—এ বড় বালাই॥ ১০৭

বড়র বড় দোষ

বড়তে বিপদ বড়, শুন চক্রপাণি!
বড় হলে বড় জালা বিধিমতে জানি।
দেখ, বড় যোদ্ধা শুম্ভ আর নিশুম্ভ দুই ভাই।
ভবানী করিল ধ্বংস, বংশে কেহ নাই।
বড় যজ্ঞে দক্ষ রাজা পান বড় কষ্ট।
বড় শোকে দশরথের প্রাণ হ'ল নষ্ট।
বড় বীর হনুমান্ সদাই বিস্মৃতি।
বড় মায়া কালনিমের বড়ই দুর্গতি।
বড় দর্প গরুড়ের দর্পচূর্ণ হ'ল।
বড় রূপে শশধরের কলঙ্ক জন্মিল।
বড় দর্পে রাবণের হইল নিধন।
বড় দানে বলি রাজার পাতালে গমন।
বড় প্রেম ক'রো না হে ত্রিভঙ্গ কানাই!।
বড় প্রেমে বড় জালা, বড়তে কার্য্য নাই। (ঠ)

ইমন[১]—পোস্তা

ওহে কালাচাঁদ! বড় পিরীতি বড় ভাল নয়।
বড় প্রেমে বড় জালা, হয় না তাতে সুখোদয়।
বড় গাছে বড় ঝড় বড়ই বড় দুষ্কর,
বড় হ'য়ে ছোট হলে অপমান।
বড় লবণাক্ত সিন্ধুনীর, অতি বড় সুগভীর,
বড় বীর, শুম্ভ বীর, রণেতে হইল ক্ষয়।
দেখ বড় আশা করি, কালনিমে পাকায় দড়ি,
ভাগ ক'রে লব ব'লে লঙ্কাখান,
শেষে হনুর করে, যমঘরে, গেল সেই দুরাশয়। (ট)

শ্রীরাধাই শ্রীকৃষ্ণের মূলাধার

কৃষ্ণ কন,—প্রাণসখি! কেমনে জীবন রাখি,
শ্রীমতীরে নাহি দেখি, জীবন-সংশয়।
এ বিরহ-দাবানল, মানে না প্রবোধ-জল,
দিবানিশি বিদরে হৃদয়॥ ১১৫
ওহে বৃন্দে! শুন সার, রাধা আমার মূলাধার,
সদা আমি জপি রাধা রাধা।
রাধার লাগি সহচরি! গোলোকধাম ত্যাজ্য করি,
ব্রজে হয়ে নরহরি, বহিলাম শিরে নন্দের বাধা॥ ১১৬
রাধা আমার মূল মন্ত্র, পূজা করি রাধাযন্ত্র,
রাধাতন্ত্রের লিপি-অনুসারে।
সে রাধার অদর্শনে, প্রাণে বাঁচি কেমনে,
সে উপায় বলহ আমারে॥ ১১৭
রাধা আমার কুল মান, রাধা ধ্যান, রাধা জ্ঞান,
বাঁশীতে রাধার গুণ, গাই দিবানিশি।
মন-হৃৎপদ্মাসনে, মানস-রস-বৃন্দাবনে,
উদয় আসি হন রাইশশী॥ ১১৮
রাধা ছাড়া কখন নই, জানি নে রাধার চরণ বই,
অন্য নাম শুনিনে শ্রবণে।

পাঠান্তর: ১ ভূপালী—ক।

ডুবেছি রাধা-রসকূপে, রাধা বিনে কোন রূপে,
অন্য রূপ লাগে না নয়নে। ১১৯

বল্লে বৃন্দে সহচরি! 'ব্রজে এক বার চল হরি!'
কি সুখে আর যাব বৃন্দাবনে।
সুখ নাই হে! দুঃখ সদা, বইতে হয় নন্দের বাধা,
শ্রীরাধা তো তা ভাবে না মনে। ১২০

মা বাপে না আদর করে, ননী খেলে বাঁধে করে,
গোষ্ঠেতে চরাতে দেয় ধেনু।
গরু চরিয়ে হলো না বিদ্যে! একটী কেবল সুখের মধ্যে,
রাধা ব'লে বাজাই মোহন বেণু। ১২১

শুন দূতি! তাদের গর্ব্ব, রাখালের উচ্ছিষ্ট দ্রব্য,
'খা রে' বলে দেন যশোমতী।
কি বলিব অধিক আর, দুঃখের সব সমাচার,
ওহে সখি! ব্রজে আমার হয়েছে দুর্গতি। ১২২

বলিছ তুমি বার বার, ব্রজে চল একবার,
প্যারী তোমায় দেখিবেন চক্ষের দেখা।
আমি কি রাধার রাখিনে মান, দেখ হে সখি! বিদ্যমান,
মস্তকে রাধার নাম লেখা। ১২৩

মানময়ী করিলে মান, পদে ধরে ভেঙ্গেছি মান,
হ'তে হয় যে অপমান, তা আমার হয়েছে।
তবু প্রেমের অনুরাগী, হইয়ে বিরাগী যোগী,
ভেঙ্গেছি মান ভিক্ষা মাগি, সকলে জেনেছে। ১২৪

* * *

ভক্তের ভগবান

তুমি বললে পেয়ে রাজ্য, বেড়েছে কিছু মাৎসর্য্য,
দূতি! এটা আশ্চর্য্য তো নয়।
পুরাণেতে আছে ব্যক্ত, প্রাণ যদি চায় ভক্ত,
ভক্ত-বাঞ্ছা পূর্ণ করতে হয়। ১২৫

দেখ, ভক্তজন্য যুগে যুগে হ'য়ে অবতার।
ভূ-ভার হরিয়ে করি, জীবের উদ্ধার। ১২৬

ছিল মহাপাপী রত্নাকর, কর্ম্ম তার অতি দুষ্কর,
উক্তি করি, একবার করিল শরণ।
জপিয়ে আমার নাম, পূর্ণ হ'লো মনস্কাম,
বাল্মীকি হইল নাম, গাইল রামায়ণ। ১২৭

মম ভক্ত প্রহ্লাদে, রাখিলাম কত বিপদে,
শুন দূতি! বলি সে বৃত্তান্ত।
প্রহ্লাদেরে বধিবারে, যুক্তি করে বারে বারে,
কিছুতে না হলো প্রাণ-অন্ত। ১২৮

ফেলে দিলে সিন্ধু-নীরে, গুণসিন্ধু ব'লে আমারে,
একবার করেছিল স্মরণ!
জলে না ডুবিল কায়, নামের ফলে রক্ষা পায়,
স্বচক্ষে তা দেখে সর্ব্বজন। ১২৯

আনি এক মত্ত করী, প্রহ্লাদে বন্ধন করি,
ফেলে দিল করি-পদতলে।
মম ভক্ত জানি করী, রাখে তারে পৃষ্ঠোপরি,
তাও দৃষ্টি করিল সকলে। ১৩০

খেতে দিল সর্পবিষ, প্রহ্লাদ বলে,—জগদীশ!
এই বার রক্ষে কর প্রাণ।
কালকূট বিষ বেষ্টি, আমি দিলাম কৃপাদৃষ্টি,
হইল বিষ—অমৃত-সমান। ১৩১

শেষে ফেল্লে বহ্নিতে, মম নাম বণিতে,
অমনি বহ্নি হইল শীতল।
অঙ্গে করে অস্ত্রাঘাত, সে অস্ত্র হইল নিপাত,
মন্ত্রীর মন্ত্রণা হ'ল নিষ্ফল। ১৩২

মহাপাপী অজামিল, তারে না ভাবিলাম ভিন,
ডেকেছিল একবার আমায়।
তাহারে করিলাম মুক্ত, এ কথা জগতে ব্যক্ত,
বিমানে বৈকুণ্ঠে চ'লে যায়। ১৩৩

যে জন হয় ভক্তিমান, তারে মেলে ভগবান,
[1]ভক্তি হয় সকলেরি সার।
অতএব ভক্তি ধন্য ভক্তির অধীন পুণ্য
ভক্তি-জন্য বাঞ্ছা পূর্ণ করিলাম কুবুজার।[1] ১৩৪

—

ভৈরবী—ঠেকা

শুন দূতি! দিলাম তোমায় পরিচয়।
আছে শিবের উক্তি, সাধুর যুক্তি, ভক্তির কাছে মুক্তি নয়।
লেখা আছে তন্ত্রসারে, ভক্তি সার ভবসংসারে,
মন্ত্রেতে কি কার্য্য করে, হবে মাত্র পাপচয়।
আছে ধূপ দীপ নৈবেদ্য, গন্ধ পুষ্প যথাসাধ্য,
সে সাধনা ভক্তিসাধ্য সমুদয়।
মন-তন্ত্র সার, জিহ্বা যন্ত্র তার,
মন্ত্রেতে ভক্তিতে যুক্তি হলেই, ঘটে ফলোদয়। (ঠ)

—

ভক্তি করি যে আমারে ডাকে একবার।
মনের মানস পূর্ণ করি আমি তার। ১৩৫
মহারাসে গোপিকার পূরাইলাম ইষ্ট।
ঘরে ঘরে হইলাম, ষোড়শত অষ্ট। ১৩৬
শুন শুন ওহে দূতি! বলি হে তোমায়!
স্ত্রীরত্নের তুল্য রত্ন, কোন রত্ন নয়। ১৩৭
কুবুজাকে দেখে তোমার হ'লো না প্রবৃত্তি।
শত শত থাকিলে, তবু আশা না হয় নিবৃত্তি। ১৩৮
দেখ, দশানন রক্ষিল ল'য়ে দশ হাজার নারী।
বস্তারে হরিল তবু, বলাৎকার করি। ১৩৯
সাতাইশ রমণী দেখ, চন্দ্র দেবতার।
তার মধ্যে নয় জন, অতি দুরাচার। ১৪০
তা বলে ত চন্দ্রদেব, করেন নাই ত্যাগ।
কুবুজার উপর তোমার এত কেন রাগ। ১৪১
বৃন্দে বলে, ক্ষান্ত হও জ্বালিওনা শ্রীহরি!
এখন, আমার সঙ্গে, ব্রজপুরে, কর হে শ্রীহরি। ১৪২
চল চল কালো-বরণ! করো না আর রঙ্গ!
না গেলে, বাধিবে গোল, শুন হে জলদাঙ্গ! ১৪৩
দাসখত লেখা আছে, তোমার হাতের সই।
ধ'রে লয়ে যেতে আজ্ঞা, দিয়াছেন রসময়ই। ১৪৪
ক'রে ভিক্রীজারী, ঘুচাব জারী, পলাবে তুমি কোথা।
হাতে লাগাব রসি, কাল-শশি! ঘুচাব রসিকতা। ১৪৫

শুনিয়ে সখীর বাণী, হাসিয়ে কন চিন্তামণি,
ওহে সখি! আবার বাঁধিবে কবে?
আমি রাধার প্রেমে প্রেমাধীন, [2]বাঁধা আছি অনেক দিন,
আর আমাকে[2] বাঁধিতে কেন হবে। ১৪৬
এখন চল ব্রজে যাই, কেমন আছে—দেখিগে রাই,
হৃদে আমার জাগিছে রাধার রূপ।
কমলিনী কমলাক্ষী, তিনি গোলোকের লক্ষ্মী,
এক অঙ্গ,—বিচ্ছেদ কিরূপ। ১৪৭
কি বলিব অধিক আর, তোমরা সঙ্গী রাধিকার,
তোমরা আমার রাধার তুল্য ব্যক্তি।
বৃন্দে বলে প্রাণাধিক! কি বলিব হে! আর অধিক,
ঐ চরণে থাকে যেন ভক্তি। ১৪৮

* * *

শ্রীকৃষ্ণের গোকুল-যাত্রা

তখন, গোকুলে যেতে করেন যাত্রা,
ব্রজগোপী সব শুনিয়ে বার্ত্তা,
দাঁড়িয়ে আছে যমুনার ধারে।

পাঠান্তর : ১-১ তুষ্ট হন মনে আপনার।
আছে বুদ্ধি জ্ঞান তব, অধিক আর কিবা কব,
ভক্তি হয় সকলেরি সার।—ক, খ
২-২ এই অংশ ক, খ-গ্রন্থে নাই।

চাতকিনী যেন সব, পাইয়ে মেঘের রব,
তেমতি দেখিছে বারে বারে। ১৪৯
কক্ষে ল'য়ে জলাধার, দেখিছে ভব-কর্ণধার,
হেন কালে জগত-জীবন।
প্রকাশিলা অরবিন্দ, এলেন গোকুলচন্দ্র,
পার হ'য়ে যমুনা-জীবন। ১৫০

—

সুরট পোস্তা

গেল সব নিরানন্দ, কি আনন্দ মরি মরি!
গোকুলে ধরে না সুখ, দেখিয়ে গোলোকের হরি।
প্রকাশিল অরবিন্দ, উদয় হলেন গোকুলচন্দ্র,
লজ্জাতে গগনচন্দ্র, শরণ নিলেন নগোপরি।
পশু পক্ষ আদি যে সব, তাদের মুখে ছিল না রব,
তারা দেখিয়ে কেশব, উঠে বসে বৃক্ষোপরি। (ড)

—

শ্রীকৃষ্ণের রাই-কুঞ্জে গমন

তখন সখী-সঙ্গে চিন্তামণি, গেলেন যথা বিনোদিনী,
ধরাসনে করিয়া শয়ন।
দেখিয়ে—কহেন হরি, উঠ উঠ প্রাণেশ্বরি!
মরি মরি! একি অলক্ষণ। ১৫১
কর হে রাধে! বিঘ্ন-শান্তি, ঘুচাও মনের ভ্রান্তি,
এত ভ্রান্ত হ'লে কি কারণ?
তুমি আমি এক-অঙ্গ, কেন কর রস-ভঙ্গ,
শুন শুন করি নিবেদন। ১৫২
তুমি সর্ব্বমতে সর্ব্বকর্ত্রী, সর্ব্ব-জীবের অধিষ্ঠাত্রী,
তুমি রাই! অনন্ত-রূপিণী।
ব্রহ্মময়ী ব্রহ্মমান্যা, পরমপ্রকৃতি ধন্যা,
সৃষ্টি-স্থিতি-প্রলয়কারিণী। ১৫৩
কে জানে তোমার তত্ত্ব, তমঃ রজ গুণ সত্ত্ব,
প্রকারেতে প্রকাশিলা লীলা।
স্বর্গে মন্দাকিনী হ'লে, ভোগবতী রসাতলে,
গঙ্গারূপে ধরাতে আইলা। ১৫৪

রাক্ষসে করিলে ধ্বংস, সীতারূপে অবতংস,
ত্রেতাযুগে অযোধ্যাতে গিয়ে।
শতস্কন্ধ-সংগ্রামে, তুমি বাঁচাইলে রামে,
অসিধরা তারা-মূর্ত্তি হয়ে। ১৫৫

অপার মহিমা তব, ভাবেতে আসক্ত ভব,
ব্রহ্মাণ্ড তোমার লোমকূপে।
মহাবিষ্ণু করি কোলে, ভাসিয়ে ক্ষীরোদ-জলে,
তুমি রাই! বটপত্ররূপে। ১৫৬

ধন্য এই বৃন্দারণ্য, গোপনে গোপের কন্যা,
প্রকাশিলা রাধে! ব্রহ্মময়ি।
আমি হে বৈকুণ্ঠপুরী, আসিয়াছি পরিহরি,
তোমার লাগি নন্দের বাধা বই। ১৫৭

তব প্রেমে অনুরাগী, সেজেছি পরম যোগী,
তব লাগি নিকুঞ্জ-কাননে।
কল্পনা—এই কল্পতরু, ভাবিয়ে পরম-গুরু,
কৃষ্ণনাম লিখেছি চরণে। ১৫৮

প্রকাশিয়ে হৃৎপদ্ম, সে পদ্মে চরণপদ্ম,
মিলিয়ে ত্রিভঙ্গ-অঙ্গ হই।
অন্তরেতে রাধা রাধা, আছি তব প্রেমে বাঁধা,
তিলার্দ্ধও তোমা ছাড়া নই। ১৫৯

—

ভৈরবী—ঠেকা

রাধে! উঠ উঠ একি অলক্ষণ।
ধরণীতে তুমি ধন্যা, ধরাশয্যা কি কারণ।

তুমি আমি এক-অঙ্গ, ছাড়া নই তোমার সঙ্গ,
মিছে কেন কর রঙ্গ, কর চক্ষু-উন্মীলন।

শুন মম নিবেদন, তুমি হে! মম জীবন,
জীবন ত্যজিয়ে মীন, বাঁচে আর কতক্ষণ। (ঢ)

—

যুগল-মিলন

প্যারী বলে,—প্রাণনাথ! কথায় কর অশ্রুপাত,
বজ্রাঘাত কর ব্যাভারেতে।
তোমার ও সব মায়াবীতে, ভোলেন প্রজাপতির পিতে,
কোন্ বিচিত্র নারী ভুলাইতে। ১৬০

না বুঝে হে বংশীধারি! তব সঙ্গে প্রেম করি,
মনে করি কখন কি হয়!
যাবে যাও হে মধুপুরী, তাহে নাহি খেদ করি,
অবলার প্রাণে সব সয়। ১৬১

জলিতেছি বিরহানলে, কি করে প্রবোধ-জলে,
এ অনল জলে কি নিভায়!
যাহার জনম জলে, কি তার করিবে জলে,
মরি মরি! জলে প্রাণ যায়। ১৬২

তোমার বিচ্ছেদে শ্যাম! উপায় কি করি।
উন্মত্ত হইল আমার মন-মত্তকরী। ১৬৩
বিরহ-কেশরী হেরে পলায় বারণ।
প্রবোধ-অঙ্কুশাঘাতে না মানে বারণ। ১৬৪
দুরন্ত মাতঙ্গ-মন ভ্রমিতেছে ধরা।
ধৈর্য্যরূপ মাহুতেরে নাহি দেয় ধরা। ১৬৫
ওহে শ্যাম-রায়! তুমি ধর্ম্ম পাল্লে বেশ!
তোমার বিরহে আমার অস্থিচর্ম্ম শেষ। ১৬৬

যেমন ইন্দ্রের হইল শেষ, ক্ষতাঙ্গ শরীর।
সিন্ধুর হইল শেষ, লবণাম্বু নীর।
চন্দ্রের হইল শেষ, কলঙ্ক-ঘোষণা।
অহল্যার হইল শেষ, অসতীত্বপনা।
পরশুরামের হলো শেষ, স্বর্গপথ গেল।
যজ্ঞ শেষ, দক্ষরাজার ছাগমুণ্ড হ'ল।
স্থূর্পণখার হ'ল শেষ, নাসিকা-ছেদন।
সীতার হইল শেষ, পাতালে গমন।
তেমতি বিশেষ, প্রেমের শেষ, আমি না চাই।
রেখো শেষ, হৃষীকেশ! শেষ যেন তোমায় পাই। (উ)

এইরূপে কথা হয় শ্রীরাধা-গোবিন্দে।
হেনকালে উপনীত সখী-সহ বৃন্দে। ১৭২
সখী সম্বোধিয়ে রাধে কহেন বচন।
শুনিয়ে সখীরে সব সহাস্য-বদন। ১৭৩
বৃন্দে বলে, একি ভ্রান্ত ব্রহ্মময়ী রাই!
রাধাকৃষ্ণ এক-দেহ—কিছু ভিন্ন নাই। ১৭৪
বৃন্দের প্রবোধ-বাক্যে আনন্দিত মনে।
শ্যাম-বিনোদিনী বিরাজেন সিংহাসনে। ১৭৫

—

খট-ভৈরবী—আড়াঠেকা

শোভা দেখি বাণীর নাই বাণী।
নীলাম্বুজ-বামে রাধে—স্বর্ণ সরোজিনী জিনি।
বাঁকা দুটি পদ্ম-আঁখি, রাকাচন্দ্র পদ্মমুখী,
রাধাকৃষ্ণ চক্ষে দেখি, লাজে লুকায় সৌদামিনী।
পদ্ম-জ্ঞান করি রাধাকে, ধায় অলি ঝাঁকে ঝাঁকে,
এ কথা আর বলিব কা'কে, যেন কমলে কামিনী। (খ)

—

২০। মাথুর (২)

বৃন্দা-দূতীর মথুরা-যাত্রা

মথুরায় কুব্জাসনে, ভূষিত রাজভূষণে,
ত্রিভঙ্গ রাজ-সিংহাসনে, রাজত্ব-শাসনে।
হেথায় ব্রজে কিশোরী ধরাসনে, দগ্ধা মন-হুতাশনে,
প্রবর্ত্তা প্রাণ-নাশনে, নিষেধ না শোনে॥ ১

না হেরি পীতবসনে, অচলাঙ্গ অনশনে,
আদর-শূন্য অদর্শনে, আদরিণী কিশোরী।
হইয়ে সুখ-বঞ্চিতে, [১]মরণ বাঞ্ছিতে চিতে,
সাজাইতে কন চিতে[১], বৃন্দের কর ধরি॥ ২

শুনে বৃন্দে গোপিনীর, না ধরে নয়নে নীর,
ধ'রে কৃষ্ণমোহিনীর চরণারবিন্দে।
বচন জিনি সুধায়, প্রবোধিয়ে শ্রীরাধায়,
বৃন্দে মথুরায় ধায়, আনিতে গোবিন্দে॥ ৩

কত ভাব্য ভাবনায়, দ্রুত গিয়া যমুনায়,
চড়ি নাবিকের নায়, যমুনা উত্তরে।
না দিয়ে পারের মূল্য, ধেয়ে ব্রজাঙ্গনা চল্‌লো,
নেয়ে রাগে অগ্নি-তুল্য, ধরায় উঠে ধরে॥ ৪

হয়ে মূর্ত্তি ভয়ঙ্কর, ধরিয়ে দূতীর কর,
বলে বেটি! বার্ কর্, পয়সা কোন্ খানে।
[২]এ কি রূপ দেখায়ে সুরূপিনি[২]! বেহায়া বেটি গোপিনি!
পার হ'য়ে যাবি পাপিনি! তাই ভেবেছিস্ মনে॥

গোলে মিশিয়ে গেলে কি হয়? ঘোলে জল মিশানো নয়!
রঙ্গ-গুলো সমুদয়, দেখ্‌ছি ব'সে হেলে।
ঘুচিয়ে দিয়ে সকল বোল, লুটে-পুটে খেতো সম্বল,
বেটীদিগে চিন্‌ত কেবল, নন্দঘোষের ছেলে॥ ৬

দেখায়ে ভক্তি খাঁখির, খামকা খাইত ক্ষীর,
সে বড় জান্‌ত ফিকির, আন্‌ত বনে ডাকি।
ভাল ছিল তার মরদানি, পথে লুঠ্‌তো হয়ে দানী,
কুল মজায়ে সে-এদানি, দিয়ে গিয়েছে ফাঁকি॥ ৭

শুনে বৃন্দে কুবচন, "[৩]ছল ছল করি লোচন[৩]",
বলে, কর রে কর-মোচন, কেন রে করে ধর্‌লি।
মূল্য চা'স বারে বারে, ও মা মরি! মা রে মা রে!
অবোধ নেয়ে! তুই আমারে, কৈ রে পার্ কর্‌লি॥ ৮

না ক'রে পার্ বলিস পার, এ কোন্ তোর ব্যাপার!
আমি দেখ্‌ছি অপার, পার্ হয়েছি কৈ।
যে পারে আছি—সেই পারে, কে পার করিতে পারে,
পারো যদি পার করিবারে, পারের কথা কৈ॥ ৯

অহং[৪] একতালা

(ওরে!) পারের কর্ত্তা হরি, পারে আন্‌তে পারি,
পার রে কাণ্ডারি! পার সে-কালে।
এখন কৈ রে পার হয়েছি, এই তো আমি আছি,
কৃষ্ণ বিনে অপার সিন্ধু-কূলে।
তোর তরিতে উঠে, কৈ তরি সঙ্কটে!
দেহ উঠ্‌লো তটে, প্রাণ যে জলে।
হাঁ রে! কে দেয় এমন তরি, কৃষ্ণ-শোকে তরি,
কে আছে কাণ্ডারী, এই ভূতলে॥
(যার) এপার ওপার তুল্য, এমন পারের মূল্য,
অবোধ নেয়ে! আমায় চাস্ কি ব'লে।
অন্তরে কাণ্ডারী, বিচ্ছেদ-সাগর-বারি,

পাঠান্তর: ১-১ মরণ ভাল বাঞ্ছিতে, চিতে সাজাইতে কন—ক। ২-২ এ কিরূপ সুরূপিণী—ক, এ কি রূপ দেখি সুরূপিণী—ছ। ৩-৩ ঝর ঝর করি ঝরে লোচন—ক। ৪ বিভাস—ক।

ডুবে মরি সে তরঙ্গ-জলে।
গোপী পার পেয়েছে জেনো,
পারত্রিকের ধন, কৃষ্ণধন,
প্রাণে প্রাপ্ত হলে। (ক)

——

মথুরার রাজ-সভায় বৃন্দার প্রবেশ

ক্ষান্ত করি কর্ণধারে, ভাসে চক্ষু শতধারে,
বৃন্দে উপনীত মথুরায়।
অন্ত জানিলেন কৃষ্ণ, অনন্ত-গুণবিশিষ্ট,
উদ্ধবে পাঠান ইসারায়। ১০
যথা বৃন্দে সকাতরা, উদ্ধব আসিয়ে ত্বরা,
কৃষ্ণসখা—কন মিষ্ট কথা।
ডাকিছেন তোমায় ব'লে হরি, যতনে যাতনা হরি,
আনিলেন শ্রীগোবিন্দ যথা। ১১
হরি-চরণারবিন্দে, প্রণতি করিয়ে বৃন্দে,
ছলে বলে, ওহে পঙ্কজ-আঁখি!
মিছে গোকুল পরিহরি, কি দেখিতে এলাম,—হরি!
যা গোকুলে তাই মথুরায় দেখি। ১২

——

বৃন্দা বলিতেছেন,—কি দেখিতে আমি
মথুরায় এলাম!
গোকুলেও যাহা, এখানেও ত তাহাই দেখিতেছি!
সে কেমন,—

মথুরায় কাল রাজা হয়েছ গুণমণি।
গোকুলেও কাল্ রাজা হয়েছে এদানি। ১৩
মথুরা তোমার দেশ হয়েছে, বিদেশ জ্ঞান নাই।
গোকুলেও তোমার দ্বেষ হয়েছে, তুল্য দুই ঠাঁঞি। ১৪
মথুরায় সব কৃষ্ণ পেয়েছে, হৃষ্ট হয়েছে অতি।
গোকুলেও সব কৃষ্ণ পেয়েছে, তুল্য দুই বসতি। ১৫
আর দেখেছি,—মথুরাতে কংসের ঘরণী।
'কৃষ্ণ রে কি করলি!' ব'লে কাঁদছে রাজরাণী। ১৬
গোকুলেও রাণী কাঁদছে,—'কৃষ্ণ! গেলি রে কি ব'লে!'
আমি কি অপরূপ দেখতে এলেম এ মধুমণ্ডলে। ১৭
আর এক দেখছি মথুরায়,—দীন নাই হে শ্যাম!
গোকুলেও আর দিন নাই হে, তুল্য দুই ধাম। ১৮

উভয় স্থানে তুল্য ভাব, হরি! কিছু বুঝেছ ভাব?
এ ভাব বুঝিতে বিদ্যা কিছু চাই।
সে দফাতে নবডঙ্ক, পেট চিরিলে নাই অঙ্ক,
জানি হে বঙ্ক! জানি সমুদাই। ১৯

(তুমি) বাথানের প্রধান ছাত্র, সরস্বতীর বরপুত্র,
গোপাল! গো-পালে থাক সদা।
নানা শাস্ত্রে অধ্যাপক, শিক্ষাগুরু অতি-ব্যাপক,
ঘরে পণ্ডিত হলধর দাদা। ২০

এক কড়াতে একটা জাম, চারিটা জামের বলতে দাম,
সামলাতে পার না শ্যাম! গা-ময় ঘাম—দাঁতকপাটি লাগে।
কেবল গরুর করিতে যত্ন, সে বিষয়ে ন্যায়রত্ন,
গো-চিকিৎসায় কে দাঁড়াবে আগে। ২১

ভবে বিধাতা দিলে বিষয়, মহামূর্খ হন মহাশয়,
মহামহিম—মহালক্ষ্মীর বলে।
মূর্খের কাছে মান রক্ষে, ঘরে পরে হাসে পরোক্ষে,
শরীরেতে বিদ্যা না থাকিলে। ২২

রহস্য ত্যজিয়ে বৃন্দে, পুনঃ কয় পদারবিন্দে,
ওহে নাথ! ক'রো না কিছু মনে।
উভয় স্থানে যে দিন নাই, তদন্ত বলি কানাই!
দীন বলি শ্যাম! অর্থহীন জনে। ২৩

মথুরায় আসিয়ে হরি, দীনের দৈন্যদশা হেরি,
সকলকে করেছো ভাগ্যবন্ত।
গোকুলে যে দিন নাই, চরণ ধরে জানাই,
শুন দীননাথ! সে দিনের বৃত্তান্ত। ২৪

——

গোকুলে আর দিন নাই।

আলিয়া—একতালা

নাথ! গোকুলে আর দিন নাই!
যে দিন আইল অক্রূর মুনি, নিদয় গুণমণি,
ব্রজে আর উদয় হয় না দিনমণি,
আমরা জানি কি, দিন-যামিনী
কেবল অন্ধকারে, হে কানাই॥
তারা-আরাধনের ধন হয়ে হারা,
শুন ওহে তারানাথের নয়ন-তারা!
তারায় বহে তারাকারা ধারা,
তারায় তারা দেখি সর্ব্বদাই।
মনে ক'র্‌লাম একবার দেখি রাধিকারে,
আছে কি ম'লো রাই বিচ্ছেদ-বিকারে,
দেখা হলো না শ্যাম! অন্ধকারে,
আমরা অন্ধের মত পথ হারাই॥ (খ)

কৃষ্ণ কন,—কি চমৎকার! শুনিয়া জন্মে বিকার,
বল্লে,—গোকুল অন্ধকার দিনে।
এ যে বাক্য অবিহিত, সূর্য্যের উদয় রহিত,
কি হেতু হইল বৃন্দাবনে॥ ২৫
দূতী কয়, রাধারমণ! সূর্য্যের সুত শমন,—
গোকুল এখন তারি অধিকার।
পুত্রে দিয়ে ব্রজরাজ্য, অবকাশ পেয়ে সূর্য্য,
প্রকাশ নাহিক ব্রজে আর॥ ২৬
'ব্রজে কাল পেয়ে কাল-বরণ'[১], কাল করে কাল-হরণ,
অকালে কালপ্রাপ্ত প্রায় হলো।
অমা নাই তার যমালয়, প্রায় যায় হে যমালয়,
শ্যামালয় সামান্ত হোতে গেলো॥ ২৭
তবে যদি বল নিদয়! ব্রজে আছে তো চন্দ্রোদয়,
তাতেও হয় তো অন্ধকার হীন।
রাইচন্দ্র শ্যামচন্দ্র, যুগলচন্দ্র হেরি চন্দ্র,
ব্রজের উদয় ছেড়েছে অনেক দিন॥ ২৮
কৃষ্ণ কন দূতীর কাছে, রাইচাঁদতো ব্রজে আছে,
যে চাঁদ চাঁদের দর্প নাশে।
যাতে মম হৃদি-তিমিরাস্ত, রাইচাঁদের গুণানন্ত,
যে চাঁদের গুণ চন্দ্রচূড় ভাষে॥ ২৯
দূতী বলে বিনয়হস্ত, রাইচাঁদ যে রাহুগ্রস্ত!
নতুবা আন্ধার হতো কি ভগবান!
ছিল রাই-চাঁদ চাঁদের শ্রেষ্ঠ, শ্যামচাঁদ! দিয়েছো কষ্ট,
চাঁদ ক'রেছো চাঁদের অপমান॥ ৩০

খাম্বাজ—কাওয়ালী।

তব বিচ্ছেদ রাহু দেখিলাম।
প্যারী-পূর্ণচাঁদকে গ্রাসিল হে শ্যাম॥
রাহু গ্রাসি সুধাকরে, নবদণ্ড স্থিতি করে,
পূর্ব্বাপরে জানি আমরা সবে,
(শ্যাম) তোমার রাহু কেন নবদণ্ডে যাবে,
প্রাণদণ্ড করা আছে মনস্কাম॥
যে হ'তে করেছ গ্রাস, শশীরো নাহি প্রকাশ,
অবকাশ দুঃখে আর দেখিনে,
ওহে গোবিন্দ! প্যারী-চন্দ্র বিনে,
ঘোর অন্ধকার হ'লো ব্রজধাম॥ (গ)

নূতন বস্তুর অনেক দোষ

ছলে কয় বৃন্দে ধনী, কৃষ্ণ! তুমি নূতন ধনী,
তাইতে উচিত ব'ল্‌তে হয় ভয়।
নূতন ধনীর বিত্তমান, কভু রয় না মানীর মান,
নূতন কিছুই প্রশংসিত নয়॥

পাঠান্তর: ১-১ ব্রজে পেয়ে কাল-বরণ—ক, ছ।

নূতন চা'লে অগ্নি নষ্ট, নূতন রাজ্যে শাসন কষ্ট,
নূতন ভার্য্যে পতির বশ হয় না।
নূতন বয়েসে ধরে না জপ, নূতন জলে ধরে কফ,
নূতন হাঁড়িতে তৈল সয় না॥
গুণ করে না নূতন সিদ্ধি, নূতন গুড়ে পিত্ত-বৃদ্ধি,
নূতন বালকে কথা কয় না।
নূতন চোর পড়ে ধরা, নূতন বৈরাগী মুখচোরা,
সদর হ'তে চেয়ে ভিক্ষা লয় না॥
নূতন শোক প্রাণনাশক, নূতন বৈদ্য ভয়ানক,
নূতন গৃহস্থের সকল দ্রব্য রয় না।
নূতন ধ'নে দুর্গন্ধ, নূতন জলে আহার বন্ধ,
নূতন পিরীত ভাঙ্গিলে প্রাণে সয় না॥
নূতন ইক্ষুর নাই মিষ্টি, নূতন মেঘে শিলাবৃষ্টি,
নূতন হাটে যত যায় বিকায় না।
ওহে নির্দয় কৃষ্ণধন! যে পায় নূতন ধন,
অহঙ্কারে সে চোখে দেখ্‌তে পায় না॥ (অ)

* * *

বৃন্দা বলিতেছেন,—হে শ্রীহরি! তুমি এক জনের
নয়ন হরণ করিয়া আর একজনকে দিয়াছ!
তোমার এ কেমন দান?

কিন্তু হারায় মান হারাবে গোপী, দুটো কথা বলি তথাপি,
অবিচার কথা সয় না প্রাণে।
এ দেশের লোকে হে বঁধু! ঘোর চোরকে বলে সাধু,
নিম্বকে স্বাদু ব'লে গুণ বাখানে॥ ৩৬
মথুরায় এ কি শুনিলাম, কল্পতরু তোমার নাম,
সকলে বল্‌ছে—কৃষ্ণ বড় দাতা।
কারু ক'রে সর্ব্বনাশ, কারু বাড়ালে উল্লাস,
এমন[১]! দানের ব্যাখ্যা বৃথা॥ ৩৭
কংসেরে করি নিধন, উগ্রসেনে দিয়েছো ধন,
ছিল দরিদ্র,—আশু হলো সে ধনী।
বল্‌ছে উগ্রসেনের নারী, কৃষ্ণ তোর গুণ বল্‌তে নারি,
চিরজীবী হওরে চিন্তামণি॥ ৩৮
আবার কংস-ভার্য্যা তোমার মামী, হারায়ে আপন স্বামী,
বল্‌ছে কৃষ্ণ বড় কষ্টে রও।
শোকেতে ক'রে আচ্ছন্ন, আমায় যেমন কর্‌লে ছন্ন,
প্রাতঃবাক্যে উচ্ছন্ন হও॥ ৩৯
মধুর বৃন্দাবনের মধু, মধুপুরে বিলালে বঁধু!
কারু কেটে হাত—কারে চতুর্ভুজ।
ব্রজে চন্দ্রমুখী রাধিকে, শোকে কুব্জা ক'রে তাকে,
কুব্জার ঘুচায়ে দিলে কুঁজ॥ ৪০
ব্রজে সঙ্গী রাখাল যারা, থাক্‌তে পদ পদহারা,
তব শোকে উঠিতে নাই শক্তি।
হেথায়, বক্রকে দিলে চরণ, ওহে জলদবরণ!
সকলে করিছে গুণের উক্তি॥ ৪১
ব্রজে বিচ্ছেদ-কারাগারে, বন্দী কোরে যশোদারে,
দৈবকীকে বাঁচা'লে সে দুঃখে।
অন্ধকে নয়ন দান, করেছো হে ভগবান!
ছি ছি নাথ! এ দানের কি ব্যাখ্যে॥ ৪২

তুমি একজনের নয়ন হরণ করিয়া
আর এক জনকে দিয়াছ।

খট্‌-ভৈরবী—একতালা

এ সব কেমন দান, তোমার কি বিধান,
আমায় বল বল হে গোবিন্দ!
এসে মধুপুরে, তুমি দিয়েছো হে ত্রিনয়নের-ধন!
অন্ধের নয়ন,—কিন্তু ব্রজে কর্‌লে নন্দের নয়ন অন্ধ॥
কারু বা অকার্য্য, কারু বা সাহায্য,
কারে কর ত্যাজ্য, কারে কর পূজ্য, এ বড় আশ্চর্য্য,—
কারু ঘরে চৌর্য্য, কারে দেও ঐশ্বর্য্য, এ রীত মন্দ॥ (ঘ)

পাঠান্তর: ১ ছি ছি নাথ—ক।

শ্রীকৃষ্ণের মুখে ব্রজধামের ছল-নিন্দা

বৃন্দে বলে প্রাণাধিক্‌ ! ব'ল না হে আর অধিক,
গত কর্ম্মের অনুশোচনা নাই।
এখন বল বল কালো-বরণ ! ব্রজে যাবার বিবরণ,
শ্রীমুখে তাই শুনে প্রাণ জুড়াই ॥ ৪৩
কি বলে বৃন্দে-সুন্দরী, আমোদ শুনিতে হরি,
ছলে কন ব্রজের করি নিন্দে।
দুঃখের হয়েছে শেষ, সব জান সবিশেষ,
কি সুখে আর ব্রজে যাই হে বৃন্দে ॥ ৪৪
সুখ নাই যাতনা বই, নন্দের বাধা মাথায় বই,
অতুল ঐশ্বর্য্য যার দেখি।
সে দেয় মোরে গোচারণে, অবাক্‌ হয়েছি আচরণে,
উচ্চারণে ঘৃণা হয় হে সখি ॥ ৪৫
নবনীর তরে করে, মা হ'য়ে বন্ধন করে,
এমন দুষ্করে কে বাস করে।
রাখালের দেখেছো ভব্য, উচ্ছিষ্ট ক'রে দ্রব্য,
খা রে কানাই ! ব'লে দেয় মোর করে। ৪৬
এ সব যন্ত্রণা সই ! কেবল রাধার জন্য সই,
কমলিনী তা বোঝেন না হৃদে।
তিলে তিলে ক'রে মান, ঘুচায় আমার মান,
ধর্‌তে হয় পদে পদে পদে ॥ ৪৭
ধরিলে নারীর পায়, পূর্ব্ব পুণ্য নষ্ট পায়,
শুধিয়ে দেখো পণ্ডিতের কাছে।
যদি, পাপে পেয়েছি পরিত্রাণ, মানে মানে পেয়েছি মান,
ব্রজে যাওয়া আর কি ফল আছে ॥ ৪৮
শুনে কয় বৃন্দে গোপিনী, হয়ে অপ্রিয়রূপিণী,
ওহে রাখাল ! বল কি হয়ে মত্ত ?
রাধার চরণ ধ'রে পুণ্য, তোমার হয়েছে শূন্য,
জ্ঞানশূন্য !—জান না রাধার তত্ত্ব ॥ ৪৯
ওহে অবোধ চিন্তামণি ! রাই যদি হ'তো রমণী,
তবে চরণ ধরায় পুণ্য যেতো।
পুণ্য গেলেই হ'তো পাপ, হ'তো তাপ,—যেতো প্রতাপ,
তবে তোমার এমন উদয় কি হ'তো ? ॥ ৫০
রাধার চরণ ধরি, পূর্ব্ব পাপে মুক্ত—হরি !
হয়েছো তুমি জানে জগজ্জনে।
কেমন বিপদে ছিলে, কি সম্পদ আশু পেলে,
এ পদ তোমার রাই-পদের গুণে ॥ ৫১

'ললিত-ঝিঁঝিট—একতালা'

ব্রজে চতুষ্পদ, চরানো বিপদ, সে দায় ত্রাণ হয়েছো।
ধ'রে রাধার পদ, ওহে রাধানাথ !
এসে মাতুলপুরে অতুল পদ পেয়েছো ॥
যে পদ আপদের আপদ, সদাশিবের সম্পদ,
ওহে ! যে পদে জীবের মোক্ষপদ, সেই পদ ধরেছো।
রাধার পদের পদার্থ, ভাবের ভাবার্থ,
তুমি বই আর কে জানে হে তত্ত্ব,
ব্রহ্মজ্ঞানে ধর্‌লে পদ, বাঁশীতে গান কর্‌লে পদ,
সে কিশোরীর পদে বন্দী, তুমি পদে পদে আছো ॥ (৬)

বৃন্দা বলিতেছেন,—শ্রীরাধার নিকট তুমি যে দাস-খত লিখিয়া দিয়াছ, তাহা শুধিবার জন্য তোমাকে বৃন্দাবন যাইতে হইবে,—এই দেখ সেই দাস-খত।

বৃন্দে কয় রাধারমণ ! গোকুলে কর্‌তে গমন,
নাই হে ! মন বুঝিলাম অন্তরে।
তা করিবে কি পীতবসন ! মহাজনের আকর্ষণ,
তোলো গা তোলো—অলসে কি করে ॥ ৫২
সাক্ষী চন্দ্র দিনমণি, লিখে দিয়েছো গুণমণি !
দাসত্ব-খত রাধার নিকটে।
এই দেখ মোর হাতে খত, তোমারি হাতের দস্তখত,
ঢেরা-সই বটে কি না বটে ॥ ৫৩

খতে বন্ধক রেখেছো মনে, ভক্তি রেখেছো 'সুদের তনে'[১],
পরিশোধের উপায় ছিল না, বিনে রাধার কৃপা।
তোমায় মুক্ত করতে চিন্তামণি! কৃপা করি কমলিনী,
আজ্ঞা দিয়েছিলেন একটা রফা॥ ৫৪

তুমি মুক্ত হ'তে ঋণে বন্দী, করেছিলে কিস্তিবন্দী,
মাসে মাসে ধর্‌বে রাই-চরণে।
দিয়ে পরিশোধ এক কিস্তি, দেখা শুনা আর নাস্তি,
পালিয়ে এসেছ—জ্বলিয়ে মহাজনে॥ ৫৫

ওহে শ্রীনন্দ-নন্দন! হবে যে কর-বন্ধন,
রাইরাজাকে তুমি কি জান না?
এখন মানে মানে থাকে মান, রাধায় কি অনুমান,
করেছো মনে, তাই আমায় বল না॥ ৫৬

———

পরজ[২]—একতালা

দেখো কি জোর রাই রাজারি।
কৃষ্ণ তোমার ভাঙ্গিব জারি, যখন হবে ডিক্রিজারী।
ভাঙ্গিবে কপাল কুবুজারি॥
ল'য়ে সাধের কুবুজাকে, যাবে পালিয়ে কোন্ রাজার মুলুকে,
সকল রাজ্যের রাজা আমার, গোকুলে রাই রাজকুমারী॥
যখন তোমায় বাঁধিব করে, দুঃখ-বারণ! কে তা বারণ করে,
বারণ ধর্‌লে মক্ষিকারে, কে উদ্ধারে বংশীধারি! (চ)

——

শ্রীকৃষ্ণ বলিতেছেন,—এ দাসখত জাল,—এ লেখা আমার নহে।

বৃন্দের শুনি বচন, হাসিয়ে পদ্মলোচন,
কহেন করিয়া রসিকতা।
যা ধারিতাম শ্রীরাধার, পরিশোধ ক'রে সে ধার,
সে খতের ফেঁড়েছি আমি মাথা॥ ৫৭

লোকত ধর্ম্মত নিন্দে, কি দেখাবে ওহে বৃন্দে!
ও জালখত,—তোমার হাতের সই।
পাপ নাই, কি জন্যে ঠেকি, দুর্গা বল ছি ছি সখি!
এ খতে মোর দস্তখত কই?॥ ৫৮

এ লেখা যে অতি মন্দ, আমার লেখা দীর্ঘছন্দ,
মোর লেখা নয়,—লেখার কথা বলি।
বৃন্দে কয় পেয়ে ছন্দ, তোমার যে লেখা দীর্ঘছন্দ,
সে কথা নয় মিথ্যা বনমালি॥ ৫৯

যে কলম ধরিতে হাতে, লিখ্‌তে যে পোড়োদের সাথে,
যে পাঠশালে থাক্‌তে অবিশ্রাম।
তোমার বলাই দাদা সরকার, সর্দ্দার পোড়ো তুমি তার,
তোমার নীচে শ্রীদাম আর সুদাম॥ ৬০

গোষ্ঠে গিয়েছো ঘরে এসেছো, আনাগোনা 'খ লিখেছো'[৩],
লিখ্‌তে আবেশ অমন কারু কি আছে?
লিখে লিখে ওহে ত্রিভঙ্গ! কালী লেগে কালো অঙ্গ,
খড়ি পেতে পেতে, তিন ঠাঁই বেঁকেছে॥ ৬১

তুমি যেমন বিদ্যাবন্ত[৪], লেখাপড়ায় মূর্ত্তিমন্ত,
জানি, কান্ত! জানি আমরা সব।
এক দিন রাধার মানে, লেখাপড়া বিদ্যমানে,
যৎকিঞ্চিৎ দেখেছি কেশব॥ ৬২

ধরে নাপ্‌তিনীর বেশ, মদন-কুঞ্জে হয়ে প্রবেশ,
কমলিনীর কমল-চরণে।
অলক্ত পরাতে শ্যাম, লিখেছিলে কৃষ্ণ-নাম,
সে তোমার গুণ, কি পায়ের গুণ, কে জানে?॥ ৬৩

আবার জালখত বলিলে হাতে, শুনে যে প্রাণ যায় জ্বালাতে,
আমরাই মাত্র জালে ত্রাণ পাই।
বন্দী হয়ে তোমারি জালে, জীব ঘুরে মর্‌ছে জঞ্জালে,
তোমার উপর জাল করায় কায নাই॥ ৬৪

যদি জোর ক'রে কও পেয়ে যোত্র, মানিনে ও সব খতপত্র,
কিসের লেখা?—লেখাতেই কি হয়!—
ও কথা রবেনা সখা, আর কারু নয় তোমারি লেখা,
যা লিখেছো খণ্ডিবার নয়॥ ৬৫

পাঠান্তর: ১-১ সুদে রতনে—ক। ২ কালাড়া—ক। ৩-৩ যা লিখেছো—খ। ৪ কীর্ত্তিবন্ত—খ, ছ।

তোমার লেখার দায়, সংসারের সমুদায়,
জীবের হ'তেছে ভোগাভোগ।
কারু হচ্ছে পঞ্চামৃত, কেউ হচ্ছে জীবন্মৃত,
অন্নাভাবে সদা প্রাণ-বিয়োগ॥ ৬৬

তব লেখাতে গোবিন্দ! শুক্রাচার্য্য হন অন্ধ,
ইন্দ্রের অঙ্গেতে জন্মে যোনি।
হরিশ্চন্দ্র বরাহ পালে, নলরাজা অশ্বশালে,
তোমার লেখাতে চিন্তামণি॥ ৬৭

দান দিয়ে বন্ধন বলি, মাণ্ডব্যের হ'লো শূলী,
বশিষ্ঠের শত-সুত-নিধন।
কুলকন্যা ব্রজে বসতি, আমাদের যে এ দুর্গতি,
ওহে কৃষ্ণ! তোমারি লিখন॥ ৬৮

অহং[১]—একতালা

এ যমুনা পারে, কে আনিতে পারে,
আমরা কুলের কুলবালা।
কেবল তুমিই বাদ সেধেছো, অবলায় বধেছো,
কপালে লিখেছো বিচ্ছেদ-জ্বালা॥
তোমারি লিখন মাত্র, [২]কারু শিরে স্বর্ণ-ছত্র[২],
কারু শিরে বজ্র দেও হে কালা!
ঘটে যা দিয়েছো লিখে, কারু অট্টালিকে,
কারু পক্ষে মাধব! বৃক্ষের তলা।
তুমি লিখেছ ত্রিভঙ্গ! সেই ত রসভঙ্গ,
সাঙ্গ হ'লো তোমার সঙ্গে খেলা।
তোমার লেখায় আসি, তোমার বামে বসি,
কুব্জা কংসের দাসী, হয় প্রবলা।
রাজকন্যে কমলিনী, সে হয় কাঙ্গালিনী,
নীলমণি ছিল যার কণ্ঠমালা॥ (ছ)

বৃন্দা বলিতেছেন,—তুমি স্বয়ং ভগবান; তোমাকেও
কিন্তু অনেক ভোগ ভুগিতে হয়।

যদি বল হে ব্রজের স্বামি! না হয় যত লিখেছি আমি,
লেখার ভোগে নিজে আমি ভুগিনে।
লিখি জীবের ভাগ্যে যে লিখন, খণ্ডিবে না তা কখন,
কর্ম্মভোগ ভুগিবে জীবগণে॥ ৬৯
সেটা মিথ্যা হে কানাই! কর্ম্মভোগ যে তোমার নাই,
এ ভোগায় ভুলিনে ভগবান!
প্রত্যক্ষেতে দেখছি ভোগ, ভোগ দেখে মোর প্রাণ-বিয়োগ,
এ ভোগ তোমায় কোন্ বিধি ভোগান॥ ৭০
কুরূপা কংসের দাসী, এর পিরীতে মন উদাসী,
একি হে! লোক-হাসাহাসি তব।
বামে বসায়ে সিংহাসনে, রহস্য উহারি সনে,
এ কপালের ভোগ নয়?—মাধব॥ ৭১
তুমি হয়েছ হে বংশীধর! রাহুগ্রস্ত শশধর,
দুঃখ দেখে বিদরে আমার বুক।
দিয়েছো নীলরত্নমালা, কালামুখীর কণ্ঠে কালা,
কালাচাঁদ! তোমার কালা মুখ॥ ৭২
তুমি কোন্ রাজ্যে ছিলে ধনী, তোমার রাণী সে কোন্ ধনী,
যে ধনীর নামেতে বংশীধ্বনি?
রূপেতে হরে যামিনী, কামনার ধন যে কামিনী,
শোভে যেন মেঘে সৌদামিনী॥ ৭৩
শ্রীহরি! তার শ্রী হরি, গোকুলে ক'রে শ্রীহরি,
ছি ছি হরি! মজিলে কার সনে।
কোথা দ্বিজরাজ অতি ভদ্র, একবারে কি নমঃশূদ্র,
এত ক্ষুদ্র হৈলে কি কারণে?॥ ৭৪
বামভাগে যা দেখি শ্যাম! এ তোমার বিধি বাম,
এমন রূপের নারী কি পাওয়া যায়?
রূপ দেখে বিশ্বরূপি! লজ্জায় লুকায় রূপী,
বদন দেখে ভেক ভেকিয়ে যায়॥ ৭৫

পাঠান্তর: ১ অহং বিভাস—ক। ২-২ কারু স্বর্ণ-ছত্র—ছ।

নাক দেখে লুকায় পেঁচা, নয়নের দেখে ধাঁচা,
বিড়াল বিরলে কাঁদে ব'সে।
ধনীর ধ্বনি শ্রবণ করি, গাধা হ'লো দেশান্তরী,
'মেঘের সঙ্গেতে ধনী মেশে'[১] ॥ ৭৬

ছুটী কাণ দেখে কানাই, হাতীর খাতির নাই,
কাননে লুকায় মনো-দুঃখে।
জো নাই করিতে জোর, চরণ দেখে মাণিকযোড়,
উড়ে গিয়েছে উ'ড়ের মুলুকে ॥ ৭৭

কিবা অঙ্গের হাব-ভাব, পেটে পিঠে একটী ভাব,
এই ভাবে কি এত ভাব ঘটে?
দেখি ভাব-শুদ্ধ ভাব, একি ভাবের প্রাদুর্ভাব,
ভাব দেখে যে ভাব-ভক্তি চটে ॥ ৭৮

ওহে রাখাল! জ্ঞান ভাব, এ নয় তোমার ভদ্র ভাব,
যেমন উপর-ভাব হয় হে!
তোমারে দুঃখের ভাগী, করেছে নাথ! এই অভাগী,
এ আবার কপালের ভোগ নয় হে? ॥ ৭৯

——

আলিয়া—কাওয়ালী

এসব কপালে লিখন, তোমার হে কানাই।
করবে কি?—সাধ্য নাই॥
লোহায় জড়িত হেম, চাঁদের সঙ্গে রাহুর প্রেম,
শ্যামাঙ্গে কুব্জা মিশেছে তাই।
এই কি তোমার কুব্জা সুন্দরী হে!
এ নিন্দে রূপসী অঞ্জনাকে ধরি হে!
বড়াই বরং রূপের মাধুরী হে!
এই কি তোমার করে মনোচুরি হে?
পৃষ্ঠে কুঁজ দৃষ্ট ক'রে, হৃষ্ট হয়ে তিষ্ঠ ঘরে,
মিষ্ট কথা ইষ্ট আলাপন সদাই। (জ)

——

শ্রীকৃষ্ণের ব্রজের রূপই রূপের সার

আর এক কথা কর শ্রবণ, ত্যজে মধুর বৃন্দাবন,
মনে করেছো হয়েছি ভাগ্যবন্ত।
তুমি কাঙ্গালের শিরোমণি, হয়েছো হে চিন্তামণি!
ভাব তো কিছু বোঝা নাই তদন্ত ॥ ৮০

রাজার মূল রাজলক্ষ্মী, লক্ষ্মীই রাজার উপলক্ষী,
মূল কই ঘরেতে গুণধাম।
ঘর নাই তার উত্তর দ্বারী, ভূমি নাই তার জমিদারী,
বিদ্যা নাই তার ভট্টাচার্য্য নাম ॥ ৮১

মাথা নাই তার মাথা ধরে, ভক্তি নাই যার ঘরে,
মুক্ত-পুরুষ নাম তার কিরূপ?
ঘরেতে নাহিক অন্ন, তার নাম দাতাকর্ণ,
সেইরূপ তোমার হে বিশ্বরূপ ॥ ৮২

যার মূলমন্ত্র মনে নাই, সে জন কি কানাই!
সিদ্ধপুরুষ নাম ধরে ধরায়?
লক্ষ্মীহত হয়ে, গোপাল! নাম ধর হে মহীপাল,
কি দেখে মহিমা লোকে গায়? ॥ ৮৩

লক্ষ্মী গেলেই বুদ্ধি যায়, মান যায়,—কর্ম্ম বেজায়,
কুব্জায় নহে কেন পিরীতি?
তুমি রাজা ছিলে গোকুলে হরি! রাণী রাই রাজরাজেশ্বরী,
প্রজা ছিলেন প্রজাপতি প্রভৃতি ॥ ৮৪

মথুরায় যে অধিকার, এ কেবল মনোবিকার,
যেমন স্বপ্নে রাজা বাত্তিকে জানায়।
যেমন মাদক দ্রব্য ক'রে ভোজন, মনে মনে হ'য়ে রাজন,
আপনি হাসে আপনি নাচে গায় ॥ ৮৫

তুমি সেই ভূপতি মথুরায়, হয়েছো হে শ্যামরায়!
দুঃখেতে ভাবিছ সুখভোগ।
তুমি দুঃখীর হয়েছো শেষ, সবে জেনেছে সবিশেষ,
বায়ুগ্রস্ত বোঝে না নিজ রোগ ॥ ৮৬

——

পাঠান্তর: ১-১ মেঘের সঙ্গেতে ধ্বনি মেশে—ক।

খাম্বাজ—পোস্তা

ঘরে নাই লক্ষ্মী,—
তুমি দুঃখী বই নাথ কিসের সুখী।
হরের আরাধ্য ধন রাই, হারিয়েছো হে পদ্ম-আঁখি।
যদি কও চিন্তামণি! লক্ষ্মী আমার কুব্জা ধনী,
লোকে কয় ভেকবদনী, তুমিই বল পদ্মমুখী। (ক)

——

বৃন্দা আবার বলিতেছেন

খাম্বাজ—পোস্তা

এই কি সব বৈভব, ঘরে লক্ষ্মী কই হে তব?
তব দুঃখে পশুপক্ষী কাঁদে লক্ষ্মীবল্লভ।
হরারাধ্য রাই-লক্ষ্মী হারিয়েছো, হে মাধব!
যদি বল হে চিন্তামণি! লক্ষ্মী আমার কুব্জাধনী,
জগতে বলে ভেকবদনী, তুমি পদ্মমুখী ভাব। (ঞ)

——

ওহে পক্ষিনাথ-নাথো! দেখে তোমায় লক্ষ্মী-হত,
ধরেছি তোমারে পরম দুঃখী।
তুমি যদি বল কানাই! লক্ষ্মীর তো হাত পা নাই,
পুরুষের সম্ভ্রমটাই লক্ষ্মী। ৮৭
তোমার এ যে সম্ভ্রম, মন হয় মনের ভ্রম,
অভ্রম হয়েছো ত্রিভুবনে।
মথুরাতে কএক জন, রাজন ব'লে পূজন,
করে মাত্র,—আর মানে কোন্ জনে। ৮৮
এই তোমার রাজবেশ, হৃদয়-মাঝে প্রবেশ,
হয় না, কারু, লয় না স্মরণাদি।
ইন্দ্র আদি দিক্‌পাল, এ রূপ ভজে না গোপাল!
বিধি এ রূপ করেছেন অবিধি। ৮৯
সুর কি নর কিন্নর, বসু আদি বৈশ্বানর,
এ রূপে বিরূপ ত্রিভুবন।
শশধর কি বিষধর, লয়কর্ত্তা গঙ্গাধর,
লয় না কেহ এ রূপে স্মরণ। ৯০
পৃথিবীতে যত দেবালয়, এ ভাব তোমার কে বা লয়?
ব্রজের ভাবটী প্রকাশ করে জানি।
যশোদা সাজাতো অঙ্গ, সেই সাধকের সাধনের অঙ্গ,
অনঙ্গ-মোহন অঙ্গখানি। ৯১
সেই যে ত্রিভঙ্গ-ভাব, সেই ভাবে সবারি ভাব,
ভেবে,—ভব রয়েছেন ভুলে।
ব্রহ্মাদি যাহার প্রজা, সে জন কেমন রাজা,
সেই রাজা তুমি ছিলে গোকুলে। ৯২
অন্তরে বুঝ নাই অন্ত, হয়েছে তোমার সর্ব্বস্বান্ত,
ভ্রান্ত কান্ত! জানতো তোমার নাই।
শুনে কথা কৃষ্ণ কন, এ কথা নহে চিকণ,
এ কি অপরূপ শুনতে পাই। ৯৩
ব্রজে যারে করেছো দৃষ্ট, আমি মথুরায় সেই কৃষ্ণ,
উৎকৃষ্ট না হইলাম কিসে?
বৃন্দে কন, ওহে কৃষ্ণ! ব্রজে ছিলে জগতের ইষ্ট,
মান-ভ্রষ্ট হ'লো স্থান-দোষে। ৯৪
যেমন ভগীরথ-খাতে থাকিলে বারি, সেই বারি পাপ-নিবারী,
গঙ্গা ব'লে পূজে সুরাসুরে।
কূপ-মধ্যে সেই জল, প্রবেশিলে কি থাকে বল?
অসীম মহিমে যায় দূরে।
যদি কুস্থানে তুলসী বৃক্ষ, থাকে হে পুণ্ডরীকাক্ষ!
সে তুলসী কে তোলে ভূতলে।
'ডোমের বাড়ী ধর্ম্মরাজ', থাকেন যখন হে ব্রজরাজ!
দ্বিজ প্রণাম করে না সে কালে।
যবনালয়ে থাকিলে ঘৃত, ল'য়ে কে করে যজ্ঞব্রত,
গব্য কেবল গোপ-গৃহে গ্রাহ্য।
যদি কুল-কন্যা যুবতীকে, নিশিতে কেউ শ্মশানে দেখে,
সে নারী পতির হয় ত্যাজ্য। (আ)

* * *

পাঠান্তর: ১-১ শূদ্রের বাড়ী দেবরাজ—ক।

তোমার এই রাজবেশে জগতের দ্বেষ

যায়, চোরের সঙ্গে কুটুম্বিতে, সদা যায় চোরের বাড়ীতে,
সাধু হ'য়ে সে পড়েন বন্দিশালে।
সেই কৃষ্ণ বট তুমি, ত্যজে রাধার কুঞ্জভূমি,
স্থান-দোষে নাথ! অপবিত্র হ'লে। ৯৮
বিশেষ, তোমার এই রাজবেশ, এ বেশে জগতের দ্বেষ,
কোন্ দেশে কে উপদেশ লয়।
রাজ-আভরণ রাজছত্র, রাজ-বসনে ঢাকা গাত্র,
দেখে হয় না প্রেমের উদয়। ৯৯
এ রূপে মজে না মন, ওহে মন্মথমোহন!
মন হ'লো মোর শত মণ ভারী।
বিকিয়েছিলাম বিনি মূলে, কি রূপ কদম্ব-মূলে,
দেখিয়েছিলে ওহে বংশীধারি। ১০০

আলিয়া—কাওয়ালী

প্রেমের উদয় করে না বিনে ব্রজের রূপ।
ব্রজনাথ! কই স্বরূপ।
সেই যে নবীন জলধর, দ্বিভুজ মুরলী-ধর,
গঙ্গাধর-ভাব্য যে রূপ অপরূপ।
অলকা-তিলকযুক্ত কায় হে,
যে রূপ চিন্তিলে নাথ! শমন লুকায় হে,
জীবের গমন স্বর্গাদি সকায় হে,
ভক্তের হাটে যে রূপ বিকায় হে,
রাজসিংহাসনোপরি, আছ রাজভূষণ পরি,
এ নয় সুদৃশ্য, ওহে বিশ্বরূপ। (ট)

বৃন্দে কন,—পদ্মনেত্র! আনি নাই আমি খতপত্র,
ছল মাত্র জেন[১] সমুদায়।
ব'ল্লাম কত রসাভাষে পাসকথা তোমার পাশে,
এখন, সার তত্ত্ব জানাই কানাই। ১০১

রাধার প্রতিজ্ঞা বলবর্ত্ত, দেহ করিবেন পরিবর্ত্ত,
ব'সে আছেন চিতা সজ্জা করি।
শুনে তাঁর বন্ধু বান্ধব, ব্রজে সব গেছে মাধব!
তোমায় আনতে পাঠালেন কিশোরী। ১০২
কথাটা নাথ! কর গ্রহ, ধনাদি রাধার সংগ্রহ,
যে কিছু আছে হে ভগবান!
যে ধনের যেই পাত্র, লিখে ইচ্ছা-দান-পত্র,
নিদান-কালে দিতেছেন দান। ১০৩

বিদ্যা দিলেন সরস্বতী, বুদ্ধি দিলেন বৃহস্পতি,
ধরাকে দিয়েছেন স্থৈর্য্য-শক্তি।
কেবল, নিজ সঙ্গে মান যাবে, জ্ঞান দিয়েছেন শুকদেবে,
নারদকে দিয়েছেন কৃষ্ণভক্তি। ১০৪

নয়নে এসেছি দেখে, নয়নের ভঙ্গি রাধিকে,
হরিণীকে দিয়েছেন হে হরি!
গমনের গৌরবের অংশ, কিছু পেয়েছে রাজহংস,
কিছু দিয়েছেন করীকে কৃপা করি। ১০৫

কণ্ঠের মধুর ধ্বনি, কোকিলকে দিয়েছেন ধনী,
শতদলকে দিয়েছেন সৌরভ।
চন্দ্রকে অঙ্গের জ্যোতি, দিয়েছেন গুণবতী,
গণপতিকে দিয়েছেন গৌরব। ১০৬

কটিদেশের কোটি ব্যাখ্যে, সিংহকে দিয়েছেন ভিক্ষে,
প্রতাপ দিয়েছেন দিবাকরে।
যে ধন অতি প্রশংসার, শুন ওহে সারাৎসার!
সার ধন রেখেছেন তোমার তরে। ১০৭

ললিত[২]—একতালা

চল চল চঞ্চল পদে নাথ! চল হে বৃন্দারণ্যে।
বিতরণ করে প্যারী নিধনকালে আর অন্য ধন,
ওহে কৃষ্ণধন! কেবল জীবন রেখেছেন তোমার জন্যে।

পাঠান্তর: ১ যেন—খ। ২ যোগিয়া ললিত—ক।

চল চল ওহে জীবন রাধার!
একবার সে যমুনা-জীবন-পার,
জীবনের জীবনকান্তে জীবনান্তে, ডেকেছে রাজার কন্তে॥
[1]বলেন প্যারী,—এখন কৃষ্ণ-শোকানলে,
বেঁচে আছেন কৃষ্ণ-নামৌষধি-বলে,
দেখা দাও একবার অন্তিমকালে,
নাথ! কে আছে আর তোমা ভিন্নে।
বিলম্ব করো না ওহে রসময়!
কিশোরীর এখন বড় অসময়,
এ সংসার সব বিষময়, ওহে বিশ্বময়!
মনের কথা তোমা বিনে কে জানে অন্তে॥[1] (১)

বৃন্দা শ্রীকৃষ্ণকে বৃন্দাবনে যাইতে অনুরোধ করিতেছেন

চল চল কালোবরণ! কালবিলম্ব কি কারণ,
অনিত্য কথায় ক'রে রঙ্গ।
ওহে পঙ্কজ-আঁখি বঙ্ক! তোমারি লজ্যের অঙ্ক,
জলে জল বাধিল জলদাঙ্গ॥ ১০৮
যখন ধনভাগ্য পায় পুরুষে, পায় পায় ধন পায় সে ব'সে,
কোথাকার ধন কোথা এসে পড়ে।
কপালের বশ হয়ে বিধি, বিধিমত করিয়া নিধি,
এনে দেন আপনি মাথায় ক'রে॥ ১০৯
ধন হয় না অন্বেষণে, ধন হয় না অধ্যয়নে,
ধন ধন করিলে কি ধন ঘটে?
পণ্ডিতের উপবাস, মূর্খের অট্টালিকায় বাস,
পূর্ব্বজন্মার্জ্জিত ধন বটে॥ ১১০
তুমি হে গোকুলেশ্বর! ব্রজে দ্বাদশ বৎসর,
রাহুর দশায় কত ভোগ ভুগ্‌লে।
এখন হে কুব্জাপতি! একাদশ বৃহস্পতি,
এ দশা কেবল দশার কালে॥ ১১১
নৈলে তুমি যারে ক'র্‌ছো নিধন, সে চায় তোমায় দিতে ধন,
একি ধন-ভাগ্য? গুণমণি!
চল একবার বৃন্দাবন, এখনি এসো,—কতক্ষণ!
রাণীকে সুধাও কি বলেন বা উনি॥ ১১২
কি হয় উঁহার মতি, হয় কি না হয় অনুমতি
কি জানি নাথ! তোমারি বা কি মতি।
না দেখে যদি কুব্জায়, তিল-মধ্যে প্রাণ যায়,
ও সঙ্গে যায়, তাতেই বা কি ক্ষতি?॥ ১১৩
আর কুব্জায় লয়ে ব্রজে বাস, কর যদি হে পীতবাস!
তবে যে উভয় পক্ষে রক্ষে হয়।
যদি বিবেচনা হয় বিহিত, রাধার জীবন-ত্যাগ রহিত,
আমি গিয়ে করি হে দয়াময়॥ ১১৪
হবে না হয় দুজনা নারী, রাগ যে মন দু-জনারি,
বাধা তায় দিবে না রাগ সতী॥
দেখে পুরুষের পরম দোষ, মনে কিঞ্চিৎ অসন্তোষ,
সতী ত্যাগ করে না নিজ পতি॥ ১১৫
যদি বল হে গুণমণি, অবলা অভিমানিনী,
কুব্জা আমার নূতন প্রেয়সী।
কার সনে হবে ঐক্যতা, সবাই করিবে বিপক্ষতা,
তোমরা তো রাধার কেনা দাসী॥ ১১৬
কার সঙ্গে হবে ভাব, ওর সেখানে লোকাভাব,
কাঁদাবে সবে কুমন্ত্রণা করি।
নব্য বয়সের রসিকে, প্রাণ-তুল্য প্রেয়সীকে,
নিরানন্দে ভাসাইতে নারি॥ ১১৭
তা ভেবো না গুণধাম! তোমারি ত সে ব্রজধাম,
সবাই[2] তারা,—তুমি তথাকার চন্দ্র।
তুমি দিবে চাঁদ যার করে, তায় কে নিরানন্দ করে,
বাম যারে শ্যাম! সেই তো নিরানন্দ॥ ১১৮

পাঠান্তর: ১-১ এই অংশ খ, ছ পুস্তকে নাই। ২ তারাই—ক।

পরজ[১]—একতালা

কুব্জা প্রাণের প্রেয়সী, কাঁদ্‌বে কেন কালোশশি !
তার কি নিরানন্দ থাকে, গোবিন্দ যার হৃদয়-বাসী।
মিলিয়ে দিব বৃন্দাবনে, যত এক-বয়সী নারীর সনে,
জটিলে মা সই হবে ওর, বড়াই হবে দেখনহাসি। (ড)

——

কাব্য[২] শুনি কমলাক্ষ, বৃন্দেরে কহেন বাক্য,
নারি সই দু-নারী স্বীকার করতে।
চরণ দিলে দুই তরিতে, কেমন বিপদ হয় তরিতে,
তরঙ্গে তাহারে হয় মর্‌তে॥
দুই গুরু—সমূহ দোষ, উভয়ে সদা অসন্তোষ,
দুই ব্যবস্থায় ক্রিয়া হয় মন্দ।
দুই রাজার হইলে গ্রাম, প্রজার কষ্ট অবিশ্রাম,
দু-দলী গ্রামেতে সদাই দ্বন্দ্ব॥
অশেষ যন্ত্রণা ভোগে, দুই সন্তান এক যোগে,
জন্মে যদি পোয়াতীর উদরে।
দুই মনেতে নাই মুক্তি, এক মুখেতে দুই উক্তি,
কর্‌লে, তারে রাজা দণ্ড করে।
দুই ধর্ম্ম আচরণে, গতি পায় না কোন জনে,
দুকুল হারায় হায় দুপথগামী।
দুই বৈদ্য গেলে ঘরে, যুক্তি কর্‌তে রোগী মরে,
দুই নারীতে মত করিনে আমি। (ই)

বৃন্দে বলে প্রাণাধিক ! ধিক্‌ তোমারে ধিক্‌ ধিক্‌,
স্ত্রীরত্ন-তুলনা রত্ন আছে কি দয়াময় ?
তোমার দুই নারী নাই প্রবৃত্তি, রসিক হ'লে খেদ নিবৃত্তি,
শত স্ত্রী হইলে নাহি হয়। ১২৩
দশ হাজার রমণী সঙ্গে, দশানন বঞ্চিল রঙ্গে,
কুন্তী মাদ্রী পাণ্ডুর দুই নারী।
অদিতি কদ্রু বিনতা, সঙ্গে "করি তিন"[৩] বনিতা,
কশ্যপ আছেন বংশীধারি। ১২৪
অগ্নি আছেন শীতল সদা, দুই ভার্য্যা স্বাহা স্বধা,
সঙ্গে—রসরঙ্গে অবিশ্রাম।
লইয়া সাতাশ ভার্য্যে, চন্দ্র আছেন সৌভার্য্যে,
এক এক ভার্য্যার গুণ শুন হে শ্যাম। ১২৫
ভরণী ঘরণী ঘরে, কত কষ্ট দেন নরে,
জগৎ জ্বালায় যার জ্বলে।
আর তার আর্দ্রা ধনী, প্রাণিগণের মহাপ্রাণী,
টানাটানি করেন জরের কালে। ১২৬
যে জন চলে মঘায়, 'রাখে কেবা মেগে খায়'[৪],
মঘায় ভোগায় নানা ভোগে।
দুর্গা ব'লে দিলে সাড়া, মানেন না উত্তরষাঢ়া,
উত্তরভাদ্র—যাত্রায় কি যোগে। ১২৭
বিশাখা মাগী বিষে ভরা, বিষাদ ঘটায় ত্বরা,
বিড়ম্বনা করে বিবিধ কার্য্যে।
এরা চাঁদেতে লাগায় গ্রহণ, চাঁদকে করায় চান্দ্রায়ণ !
তবু চাঁদের কত মন, লইয়ে পাপিনী ন-টা ভার্য্যে॥ ১২৮
দুই ভার্য্যে শিবের শ্যাম ! তরঙ্গিণী একজনার নাম,
এক জনার নাম করালবদনী কালী।
তোমার এই যে দুই নারী, যেমন কুব্জা তেমনি প্যারী,
এরা মাটির মেয়ে, খাঁটী সোনাতে তৌলি। ১২৯

——

খাম্বাজ—কাওয়ালী

কে রমণী মহাকালের ঘরে !
অসিখণ্ড বামার বাম করে।
পরবাসে স্ববাসে কি কাননবাসে,
লাজ নাহি বাসে, বামা ত্যেয়াগিয়ে বাসে,
কৃত্তিবাসের হৃদে বাস করে।

পাঠান্তর : ১ কালেংড়া—ক। ২ বাক্য—খ। ৩-৩ ত্রয়োদশ—ক।
৪-৪ সাপে কিংবা বাঘে খায়—ক ; রাখে কিংবা মগে খায়—ছ।

শিরে তরঙ্গিণীর কত তরঙ্গ, তবি' শিবের রসরঙ্গ,
স্বপত্নী-সহিত দ্বন্দ্ব, নিরখিয়ে সদানন্দ,
ভাসিছেন সদানন্দ-সাগরে ॥ (চ)

* * *

যুগল-মিলন

কৃষ্ণ কহিছেন শেষ, সখি! সে শুন বিশেষ,
মধুর বৃন্দাবন ত্যাজ্য করি।
এক পদ নাহি গমন, করিতে কংস-দমন,
অংশরূপে এলাম কংসপুরী ॥ ১৩০
আমি গোলোক পরিহরি, গোকুলে এসে বিহরি
গোকুল আমার গোলোকের স্বরূপ।
কমলিনী কমলাক্ষী, তিনি গোলোকের লক্ষ্মী,
এক-অঙ্গ,—বিচ্ছেদ কিরূপ ॥ ১৩১
তোমরা সঙ্গিনী রাধার, সেই গোলোকের পরিবার,
সেই বিরজা এখন যমুনা।
স্বপনে বিচ্ছেদ দেখি, মথুরায় এসেছ সখি!
বিধির বিপাকে বিড়ম্বনা। ১৩২
নাই ব্রজে প্রমাদ, বৃন্দে! দেখগে সবে প্রেমানন্দে;
শুনে বৃন্দে শ্রীমুখের উক্তি।
ভেবেছিল নিরাকার, দেহ ছিল শবাকার,
অমনি জন্মিল দেহে শক্তি ॥ ১৩৩
শোক-সন্তাপ পাসরে, প্রণমিয়া যজ্ঞেশ্বরে,
সত্বরে উত্তরে বৃন্দাবনে।
দেখে গোকুলের সেই উৎসব, রাখাল সঙ্গে সেই কেশব,
সেই গোধন লইয়ে গোবর্দ্ধনে ॥ ১৩৪
সেই কুসুমের সৌরভ, সেই গোপিকার গৌরব,
সেই মধুর রব কর্‌তেছে কোকিলে।
পূর্ব্বজন্মের বিবরণ, লোকে যেমন বিস্মরণ,
তেমনি বৃন্দে গেল বিচ্ছেদ ভুলে ॥ ১৩৫
রাই কোথা ব'লে শুধায়, দেখিতে রাধায় ধায়,
উপনীতা মদন-কুঞ্জবনে।
দানবারি দুঃখ-নিবারী, দেখে বৃন্দের বহে বারি,
অনিবারি যুগল নয়নে ॥ ১৩৬

খাম্বাজ—কাওয়ালী

কি শোভা কমলিনী শ্যাম সনে।
যেন সৌদামিনী জড়িত ঘনে।
দেখে রজনী বাসরে, ভৃঙ্গ ডাকে ব্রজেশ্বরে,
পদ্ম ঘনাইয়ে গুণ গুণ স্বরে,
হেরে যুগলরূপ কিশোরী-কিশোরে,
কোকিল পঞ্চমস্বরে ডাকে সঘনে ॥ (৭)

২১। মাথুর (৩)

শ্রীকৃষ্ণ-বিরহে শ্রীরাধিকার খেদ

কৃষ্ণ গোকুলবাসীরে ফেলে, বিরহ-সমুদ্রজলে,
আরোহণ করি রথোপরে।
বলভদ্রে সঙ্গে ল'য়ে, যমুনা উত্তীর্ণ হয়ে,
অবতীর্ণ হইল মধুপুরে ॥ ১
হরি, দুরাত্মা কংস বধিয়ে উগ্রসেনে প্রবোধিয়ে,
রাজ্য দিয়ে দ্বারকাতে যান।
হেথায় ব্যাকুল গোকুলবাসী, দিনে কৃষ্ণপক্ষ-নিশি,
বিনে কৃষ্ণ ওষ্ঠাগত প্রাণ ॥ ২

পাঠান্তর: ১ তাই—ক।

সব শূন্য জ্ঞানোদয়, দ্বাদশ-অরুণোদয়,
হেন তাপে বৃন্দাবন জ্বলে।
'কৃষ্ণ কৃষ্ণ' ব'লে খেদে, অষ্টসখী-মধ্যে রাধে,
অষ্টাঙ্গ লুণ্ঠিত ভূমিতলে। ৩

খাম্বাজ—যৎ

কে সজনি! কৃষ্ণ-নাম শুনালি আমার শ্রবণে।
আবার কি জন্যে ঔষধি পাপ-জীবনে।
পাব না পাব না হরি, বৃথা সে ভাবনা করি,
প্রাণান্ত হইলে এখন বাঁচি গো প্রাণে।
মরণে ছিল বাসনা, তাহাতো এখন হ'লো না,
মরণ-হরণ কৃষ্ণ-নামের গুণে। (ক)

বলে,—চিতে-সজ্জা কর সই! কিম্বা জলশায়ী হই,
কত সই বিচ্ছেদ-যন্ত্রণা।
বনদগ্ধা মৃগীপ্রায়, মন-দগ্ধা দগ্ধ কায়,
বলি কা'য় করি কি মন্ত্রণা। ৪
কি সুখে বাঁচিব ধনি! রাধে কৃষ্ণধনে ধনী,—
এই ধ্বনি ছিল বৃন্দাবনে।
আমায়, কে দিল অভিসম্পাত, ঘুচিল সুখ-সম্পদ,
পদচ্যুত,—অচ্যুত-বিহনে। ৫
আমার প্রাণের কি প্রয়োজন, সে প্রিয়[১] ভাব যখন,
ঘুচাইল সে প্রিয় মাধব।
করিতে বিরহ-শান্তি, ভেবে জলধর-কান্তি,
জলদগ্নি-মধ্যে প্রবেশিব। ৬

খট্‌-ভৈরবী—একতালা

সই! কে যাবে মধুভুবনে।
মৃতদেহে আর, জীবন রাধার,
কে দিবে এনে, সই! মধুসূদনে।
প্রাণ দহে কৃষ্ণ-বিরহ-তপন,
কে মোর আপন, করে প্রাণপণ,
ক'রে নিরূপণ দুঃখের আলাপন,
কে জানাবে গিয়ে হরির চরণে।

ঘুচাইল বিধি সুখের বিহার,
হ'রে নিল নীলরতনের হার,
শমন-সমান বিরহ-প্রহার,
বল কত আর সহে পরাণে।

জেনে এস, সখি! রাখিতে গোকুল,
কত দিনে হরি হবেন অনুকূল,
দাশরথি দীনে কবে দিবে কূল,
গোকুলচন্দ্র ভব-তুফানে। (খ)

বৃন্দার উক্তি

পরজ—আড়া

কেন রত্নময়ি রাই! ত্যজে রত্নাসন।
'নাই ভূষণ'[২], তোর আসন ধরাসন।
কেঁদ না রাই! এনে দিব সে পীতবসন। (গ)

শ্রীরাধিকাকে বৃন্দার সান্ত্বনা

ওগো এ কেমন ধারা, নয়নেতে ধারা,
ধরাসনে কেন রাধিকে?
কেন হও দুর্ভরসা, একি ঘোর[৩] দুর্দ্দশা,
"দু-দিন দুর্দ্দিন"[৪] দেখে। ৭
দিয়ে নয়ন-প্রহরী, রেখেছিলে হরি,
সে হরি হরিল চোরে।
আমি যমুনা তরিব, সে চোরে ধরিব,
সে ধন এনে দিব তোরে। ৮

পাঠান্তর: ১ অপ্রিয়—খ, গ। ২-২ নাই কেন তোর ভূষণ—গ। ৩ মোর—খ। ৪-৪ দুর্দ্দিন দুরদিন—ঙ।

হবে সুদিন প্রভাত, পাবে দিননাথ,
এ দিন কি কখন রয় ?
রাধে ! অতি দীনহীন, পায় শুভদিন,
চিরদিন সমান নয় ॥ ৯
তোমার গোবিন্দ আসিবে, বিবন্ধ নাশিবে,
ভাসিবে মনের সুখে ।
আর ঢেল না অঙ্গ, দেখে তরঙ্গ,
রঙ্গময়ি রাধিকে ॥ ১০
আমি করি তোরে মানা, রাধে ! আর ভেব না,
ভাবিলে ভাবনায় ঘেরে ।
যে জন ভাবনাতে তোর, ভাবনার সাগর,
ভাবনাতে ভাসায় তারে ॥ ১১
তোমার, ভেবে নিশিদিন, তনু হৈল ক্ষীণ,
প্রাণ হারাইবে পাছে ।
এমন অনেকের হয়, তোমা ব'লে নয়,
জন্মিলে যাতনা আছে ॥ ১২
কভু সুখ শরীরে, কভু দুঃখনীরে,
নিরাপদে যায় না জন্ম ।
ঘটে সকলের আপদ, আপদ সম্পদ,
সংসার-ধর্মের কর্ম ॥ ১৩
তখন, ধরিয়ে পদারবিন্দে, বিনয়ে কহিছে বৃন্দে,
শ্রীগোবিন্দে এনে দিব ব্রজে ।
শুন রাধে ! সারোদ্ধার, করিব বিপদোদ্ধার,
বিপদনাশিনী-পদ পূজে ॥ ১৪
বিনা দৈব-আরাধন, না হয় কার্য্য-সাধন,
অকালে বোধন করি রাম ।
দেবী পূজে হরষিতে, উদ্ধার করিল সীতে,
রাবণে অসিতে হৈল বাম ॥ ১৫
পূজিব কালীর পায়, কৃপাময়ীর কৃপায়,
অনুপায় দূরে যায় জানি ।
ভ্রূভঙ্গে চাহিলে তারা, ত্রিভঙ্গ আসিবে ত্বরা,
কাতরা হয়ো না কমলিনি ॥ ১৬

কালী হ'লে অনুকূল, অকূলে পাইবে কূল,
প্রতিকূল রবে না শ্রীহরি ।
ঘুচাবে মনের কালি, কৈলাস-বাসিনী কালী,
ঐ মানস কর গো কিশোরি ॥ ১৭

* * *

শ্রীরাধিকা ও বৃন্দার শ্যামা-পূজা

তখন করিবারে ব্রজে গতি, করে বৃন্দে সুসঙ্গতি,
দ্রুতগতি যায় ব্রজাঙ্গনা ।
পূজা করে শুভঙ্করী, ঘট-মধ্যে ঘটা করি,
ঘটে যার অঘট ঘটনা ॥ ১৮
বিধিমতে আনে দ্রব্য, পঞ্চামৃত পঞ্চগব্য,
পঞ্চশাখা পঞ্চম রতন ।
পঞ্চদীপ আনে ত্বরা, পূজিতে পঞ্চত্বহরা,
পঞ্চদেব অগ্রে আবাহন ॥ ১৯
রক্ত কোকনদ জবা, কুসুম সুন্দর-শোভা,
সিন্দূর চন্দন যত্নে নিল ।
আনি জাহ্নবীর নীর, ভক্তিভাবে ভবানীর,
পদাম্বুজে অর্পণ করিল ॥ ২০
উপচার নাহি সংখ্য, বস্ত্র আভরণ শঙ্খ,
সঙ্কটনাশিনী-সন্নিকটে ।
দিয়ে চরণে কুসুমাঞ্জলি, ক'রে গোপী কৃতাঞ্জলি,
বলে উমে ! উদ্ধার উৎকটে ॥ ২১
ওগো মা ত্রিপুরেশ্বরি ! হে শিবে ! হে শুভঙ্করি !
অশুভনাশিনী বেদে বলে ।
দেহি দুর্গে ! কৃষ্ণধন, হর বিচ্ছেদ-বেদন,
নিবেদন চরণ-কমলে ॥ ২২

---

[১]আলিয়া—কাওয়ালী[১]

সঙ্কটহরা শিবে শ্যামা ! শ্যাম কবে আসিবে !
গোকুল-অন্ধকার কবে নাশিবে ।

পাঠান্তর : ১-১ সিন্ধু ভৈরবী—আড়া।

গোপিকা সুখে ভাসিবে, সে নীলমাধব কি প্রকাশিবে,
নিদয় গোবিন্দ রাধায় ভাল বাসিবে।
তুমি কৃষ্ণপ্রদায়িনী, দিয়ে হর হররাণি!
সন্তাপহারিণী ব'লে লোকে ঘুষিবে।
গোপীর প্রতি বাম সম্বর, দেহি দুর্গে! পীতাম্বর,
না দিলে নিতান্ত রাধা ডুবে মরিবে। (ঘ)

তখন ব্রহ্মময়ী রাধিকার, মর্ম্ম বুঝে সাধ্য কার,
দুটী চক্ষে শতধারা বহে।
হয়ে অতি ম্রিয়মাণ, বলে, ত্রাণ দুর্গে! ত্রাণ মান,
দহে প্রাণ শ্রীকৃষ্ণ-বিরহে। ২৩
তব আশ্রিত গোপিনী, শুন গো বিশ্বব্যাপিনি!
বিশ্বম্ভরে! হর কেন তবে।
কর শত্রু-পরাভব, ঝটিতে প্রসন্না ভব,
অসম্ভব এত কি সম্ভবে? । ২৪
চরণে মিনতি করি, ক্ষম দোষ ক্ষেমঙ্করি!
অক্ষম-অধম-দুঃখহরা!
কৃপাঙ্কুর হে ত্রিপুরে! প্রাণকৃষ্ণ মধুপুরে,
দহে প্রাণ!—দেহি দুর্গে! ত্বরা। ২৫

ত্রাহি মে, হে ভীমে! হে উমে! কৃষ্ণ দেহি মে। ধুয়া।

ওমা কিঞ্চিৎ কর কৃপা, কঙ্কালী কালস্বরূপা!
ত্বং কালী কপালমালিকে!
কৈবল্য-বিধায়িনি! কৌমারি! হে কল্যাণি!
কল্যাণ দেহি মে কালি কালিকে। ২৬
মা চণ্ডমুণ্ড-দমনি! চন্দ্রচূড়-রমণি!
চণ্ডনায়িকে! চণ্ডিকে!
ভ্রমরি! ভ্রমর-হরা[১], অসিতে! অসিধরা,
অমর-আপদ-খণ্ডিকে। ২৭
হরি-হীন দুর্গতি, হর গো হৈমবতি!
হের গো হেরম্ব-জননি!
অপর্ণা অন্নপূর্ণা! হে দুর্গে! হেমবর্ণা,
হের মে[২] হরি-ভক্তি-দায়িনি। ২৮
ব্রহ্মাণী বিশ্বেশ্বরী, ব্রহ্মাণ্ড-ভাণ্ডোদরী,
বিষয়-বাসনা-বারিণী।
শঙ্কর-সীমন্তিনী, সর্ব্বাপদ-হন্তিনী,
সর্ব্বসিদ্ধিকারিণী[৩]। ২৯
অপরা পরাৎপরা, শঙ্করী সারাৎসারা,
সংসারার্ণব-তারিণী।
হে গিরিশ-গৃহিণি! গদাধর-রমণি!
গোপীরে গোবিন্দদায়িনী। ৩০
আশুতোষ-রমণী, আশু দুঃখ-ভঞ্জিনী,
অশুভ-নাশিনী অম্বিকে!
বারাহি! বিরূপাক্ষী, বৈষ্ণবী বিশালাক্ষী,
বিমলা বিপদ-ভঞ্জিকে। ৩১
ত্বং বিষ্ণু হর বিধি, সাগর সঙ্গম আদি,
স্থাবর জঙ্গমাদি জানি।
ত্বমর্থ ত্বং সমর্থ, হে দুর্গে! সর্ব্বতীর্থ,
ত্বং নিত্য নিত্যানন্দ-রূপিণী। ৩২
ত্বং দিবে ত্বংহি রাত্রি, সৃজনলয়কর্ত্রী,
স্বর্গাদি রসাতল মহী।
অজ্ঞান দাশরথি, করে মা! এ আরতী,
ত্বং পদে রতি মতি দেহি। ৩৩

বৃন্দার মথুরা-যাত্রা

তখন যোড়করে, স্তব করে, গোকুল-কামিনী।
স্তবে তুষ্টা, কৃপা-দৃষ্টা, হইলা ভবানী। ৩৪
দিলা বর, পীতাম্বর, আসিবে গোকুলে।
শুন বার্ত্তা, কর যাত্রা, সে মধুমণ্ডলে। ৩৫
শুভদাত্রী, শিবকর্ত্রী, কন দৈববাণী।
বৃন্দে বলে, দৈব-বলে, দুঃখ হরে জানি। ৩৬

পাঠান্তর: ১ ভ্রমণহরা—ক; ভ্রমহরা—গ, ঙ। ২ হে রমে—গ। ৩ সর্ব্বাদি সর্ব্বসিদ্ধিকারিণী—গ, ঙ।

দৈববাণী হৈল পাব দৈবকী-নন্দনে।
[১]গেল শ্রান্তি, দুঃখ শান্তি[১], হৈল এত দিনে॥ ৩৭
বৃন্দা দূতী, করে স্তুতি, বুঝায়ে রাধারে।
সকাতরা হয়ে ত্বরা, উদয় মধুপুরে॥ ৩৮
দুঃখানলে, শুষ্ক তনু হেলে পড়ে বায়।
মুক্তকেশী, ছিন্নবেণী, অতি জীর্ণ কায়॥ ৩৯
পীতাম্বর-শোকেতে অম্বর[২] অসম্বরা।
প্রেম-বিরহে, চক্ষে বহে, তারাকারা ধারা॥ ৪০
যেন মণিহারা ফণী, উন্মাদিনী ধনী।
চিন্তা করে,—কিরূপে পাইব চিন্তামণি॥ ৪১
উচ্চৈঃস্বরে কাঁদে, কৃষ্ণ! কোথায় রহিলে।
কোথা হে! গোপীর প্রাণ দহিলে দহিলে॥ ৪২
বৃক্ষমূলে শোকাকুলে চক্ষে[৩] বহে বারি।
আনতে বারি আইল যত মথুরা-নাগরী॥ ৪৩
নারীগণে দেখি বৃন্দে কান্দিয়া বিকল।
বলে, কে তোরা গো দুঃখিনীর উপায় কিছু বল॥ ৪৪

সুরট—যৎ

তোমরা কেউ দেখেছ নয়নে,
সেই রাধার নয়নাঞ্জন নবজলদ-বরণে।
তা'র পরিধান পীতবসন, করে বংশী নিদর্শন,
আসি ব'লে অদর্শন, হৈল বৃন্দাবনে॥
শুন গো সজনি! শুন, না পেলে তার অন্বেষণ,
জীবন ত্যজিবে রাধে, যমুনার জীবনে॥
তার কমল যুগল কর, কমলিনী-মধুকর,
নিন্দে কোটি সুধাকর, চরণ-কিরণে,—
[৪]যে চরণে ভাগীরথী, বঞ্চিত হয় দাশরথি,
সে হরির চরণে॥ (ঙ)

মথুরার রাজসভায় বৃন্দা

রমণীর দুঃখে কাঁদে রমণী সকলে।
সন্নিধান সন্ধান জানায় সে সকলে॥ ৪৫
বৃন্দে আগমন মনে জানিয়ে মাধবে।
নিকটে আনিতে আজ্ঞা দিলেন উদ্ধবে॥ ৪৬
উদ্ধব বৃন্দের অতি সম্মান করিল।
সত্য করি দ্রুত গিয়ে সভায় আনিল॥ ৪৭
হৃষীকেশ-রাজবেশ দেখে ব্রজাঙ্গনা।
নির্ভয় নির্দ্দয় বলি করিছে ভর্ৎসনা॥ ৪৮

খট্-ভৈরবী—একতালা

হরি! প্যারী প'ড়ে ধরাসনে।
ওহে ব্রজরাজ! কি সুখে বিরাজ
কর তুমি রাজ-সিংহাসনে॥
সুবর্ণ-বরণী রাজকুমারীর, কৃষ্ণ ভেবে কৃষ্ণবরণ শরীর,
কব কি যাতনা তব কিশোরীর,
আছ কি শরীর বেঁধে পাষাণে॥
নব নব নারী করিছে সোহাগ,
রাগে মরি তব দেখে নব রাগ,
কিসের রঙ্গরাগ, কিসের অনুরাগ,
সকলি বিরাগ, কিশোরী বিনে॥ (চ)

পরজ—একতালা[৫]

কেমন ধর্ম্ম তোমার শ্যাম! ভাবি নিশি-দিন।
দীননাথ! যারে দাও শুভদিন,
তারে দীনের অধীন ক'রে,
আবার কাঁদাও চিরদিন॥ (ছ)

পাঠান্তর: ১-১ গেল শান্তি দুঃখ নাস্তি—ক। ২ অসম্বর—গ, ঙ। ৩ বক্ষে—খ।
৪ যে কৃষ্ণ পাণ্ডব সারথি—ক-গ্রন্থে এই চরণ প্রারম্ভে অধিকপদ। ৫ আড়া—খ, গ।

শ্রীকৃষ্ণের নিকট শ্রীরাধিকার অবস্থা বর্ণন।

আমি গোকুলবাসিনী, পরদুঃখে দুঃখিনী,
বৃন্দে গোপরমণী।
পাছে না পার চিন্‌তে, মনে কত মোর চিন্তে,
হয় হে চিন্তামণি ॥ ৪৯
ওহে গোপের গোবিন্দ! গোকুলের চন্দ্র!
উদয় মধুপুরে আসি।
নাই সাধন ভজন, উন্মাদ-লক্ষণ,
ব্রজনাথ বিনে ব্রজবাসী ॥ ৫০
তোমায় করি মিনতি, কমলিনীর প্রতি,
কঠিনতা ভাব ছাড়।
রাধার ওষ্ঠাগত প্রাণ, করিতেছে আনচান,
কাতরা হয়েছে বড়॥ ৫১
সে স্বর্ণ-বরণী, বিবর্ণ-ধারিণী,
অধৈর্য্যা ধরণী পরে!
কাঁদে সোনার ভ্রমরী, গুমরি গুমরি,
গুণ্‌ গুণ্‌ গুণ্‌ স্বরে। ৫২
আছ কুব্জার রঙ্গে, রস-প্রসঙ্গে,
বল্‌তে শুন্‌তে লাজ।
এত নিন্দের অঙ্ক, এমন কলঙ্ক,
রেখ না বঙ্করাজ ॥ ৫৩
তোমার লাবণ্য হেরি, কাঁদে নীলগিরি,
নবঘন লুকাল লাজে।
ওহে বিনে রাই-রূপে, এ রূপে কিরূপে,
কুরূপা কুব্জা সাজে। ৫৪
তোমার লাবণ্য ভাবিয়া, অঙ্গনে বসিয়া,
কাঁদিতেছে অঙ্গদেবী।
উঠে অশক্ত চলিতে, কেঁদে বলে ললিতে,
কে তোরা মথুরা যাবি। ৫৫
সব ছিন্ন ভিন্ন, হ'ল তোমা ভিন্ন,
গোকুলের চিহ্ন নাই।
যত বৃক্ষের শাখা, শুকাইল সখা।
বিশাখা বলে, বিষ খাই ॥ ৫৬
আর কুঞ্জেতে গুঞ্জে না, ভ্রমরা ভ্রমরী,
মরি মরি মনোদুঃখে।
সদা দুবাহু পসারি, কাঁদে শুক শারী,
যতেক লোকেতে দেখে। ৫৭
কেঁদে শারী বলে—শুক! মনে নাহি সুখ,
কি সুখেতে নৃত্য করি।
কেহ গেল না আন্‌তে, মধুর বসন্তে,
মধুসূদনে মধুপুরী ॥ ৫৮

শ্রীকৃষ্ণের ব্রজধামে আগমন ও যুগল মিলন

বৃন্দেরে প্রবোধিয়া কহেন শ্রীহরি।
বিবন্ধে পড়িয়া, বৃন্দে! আছি মধুপুরী। ৫৯
অভিশাপ জন্যে দুঃখ পায় জগজ্জন।
মুনির শাপে জয় বিজয়, রাক্ষসকুলে জন্ম হয়,
কুম্ভকর্ণ আর দশানন ॥ ৬০
মুনিপুত্র[1]-শাপে হয় পরীক্ষিতের নিধন।
পূর্ব্বাপর দৃষ্ট হয়, শাপ কভু মিথ্যা নয়,
সত্য সত্য বেদের বচন ॥ ৬১
[2]দূতী কহে,—রসময়! ও কথা হে এ সময়,
ভাল নাহি লাগে তোমার মুখে।
ব্রজে চল একটীবার, বিলম্ব ক'রো না আর,
দেখ্‌বে রাধা আছেন কি দুখে ॥[2] ৬২
দূতী-বাক্যে দুঃখিত হইয়া দয়াময়।
নির্দ্দয় শরীরে হৈল প্রেমের উদয়। ৬৩
ভাবিয়া ব্রজের ভাব অন্তর অধৈর্য্য।
ভক্ত জন্য সিংহাসন করিলেন ত্যাজ্য। ৬৪
ব্রজের বেশ হৃষীকেশ ধরিয়া সানন্দ।
গোকুলে উদয় হরি গোকুলের চন্দ্র ॥ ৬৫

পাঠান্তর: ১ নন্দীর—খ, গ। ২-২ এই অংশ গ ও ঙ গ্রন্থে নাই।

নিকুঞ্জেতে যুগল-মিলন হৈল আসি।
মৃত্যুদেহে জীবন পাইল ব্রজবাসী। ৬৬
নন্দালয় নিরানন্দ হইল বিমুখ।
দুবাহু পসারি সুখে নাচে শারী শুক। ৬৭
রাখাল পাইল প্রাণ, হেরি গোবিন্দেরে।
বিচ্ছেদের বিচ্ছেদ হ'লো, গোপীর মন্দিরে। ৬৮
কোকিল ললিত গায়, কৃষ্ণ কৃষ্ণ বলি।
শুষ্ক তরু মুঞ্জরে, গুঞ্জরে কুঞ্জে অলি। ৬৯

সুরট—খং

বিরাজে ব্রজে রাধাশ্যামে।
রাধে কোটিচন্দ্র সাজে, কালো জলদের বামে।
কিবা ত্রিভুবন-মনোহর, রূপ রাধা-বংশীধর,
নিরখিতে গঙ্গাধর, এলেন ব্রজধামে।
পূরাইতে মনসাধ, ভাবে ব্রহ্মা গদগদ,
পূজিল গোবিন্দ-পদ, চন্দন-কুসুমে। (জ)

২২। নন্দ-বিদায়

কংসের কারাগারে দেবকীর বিলাপ

অক্রূর সহিত হরি, ব্রজপুর পরিহরি,
কংসরাজ্য মধুপুরী, মধ্যে উপনীত।
ধ্বংস করি কংসেরে, গিয়ে দেখেন কারাগারে,
বসুদেব দেবকীরে, পাষাণে পীড়িত। ১
দেখেন কাঁদিছে বসু, বলে, কোথা রে অমূল্য বসু!
কৃষ্ণ! তোমার ইষ্ট এই কি মনে!
হাঁরে, সমুদ্র থাকিতে করে, গেল জীবন জীবনের তরে,
জীবনের জীবন হাঁরে! তাও কি সয় জীবনে? ২
তুমি নন্দন থাকতে হরি, বন্ধনে প্রাণ পরিহরি,
তুই এসে এই মধুপুরী, আছ রে নিশ্চিন্ত।
শুনেছি কথা সম্পষ্ট, কংস তো হয়েছে নষ্ট,
তবে কেন রে প্রাণকৃষ্ণ! আমাদের প্রাণান্ত। ৩
এই দেখ জননী তোর, তোর শোকে সদা কাতর,
অন্তরে যাতনা নিরন্তর।
একে তো প্রস্তর-ক্লেশ, অঙ্গে শক্তি নাই বিশেষ,
পুত্র হ'য়ে অবশেষ, তুই হলি প্রস্তর। ৪
তখন দেখিছেন দেবকীপুত্র, দেবকী পাষাণ-গাত্র,
অস্থিচর্ম্ম অস্থি মাত্র, প্রাণ মাত্র বাকী।
দুনয়নে বহে নীর, শোকে গোবিন্দ-জননীর,
নিরন্তর নীরযুক্ত আঁখি। ৫
কাঁদে কেবল কৃষ্ণ ব'লে, দুঃখে বক্ষের পাষাণ গলে,
পাষাণ-হৃদয় ছেলে কোথা রে গোবিন্দ!
তোর শোকে প্রাণ-অবসান, তাতে বক্ষে এই পাষাণ,
সাধ্য কার খণ্ডান বিধির নির্ব্বন্ধ। ৬

সুরট-মল্লার—তেতালা

শমন-সঙ্কটে তরি কেমনে।
ও মন পাতকি!—ভাব কি মনে,
কিসে হবে রে বিশ্বাস, এ বি-শ্বাস বিনাশ,—জীবনে।
ভেবে দেখ মন! মনে, একবার ভবে আগমনে,
আমি বলিতে বলেছি রাধারমণে,—
তুই এসে ধরণীতলে, ছজন কুজনে ভুলে,
বিজনে সে জনে তো পূজিলিনে।
এখন কি করি কি দিবা কর,
ভয়ঙ্কর দিবাকর-সুত-বিহিত ভব-বন্ধনে।

আশা-স্মুবৃত্তি হ'তে, যদি নিবৃত্তি হ'তে,
তবে প্রবৃত্তি হ'তো হরির চরণে॥
জঠরে যন্ত্রণা পেয়ে, জঠর-কঠোর-দায়ে,
অযতনে হারালি সে রতনে!
ভেবে অহং কার, যদি অহঙ্কার-হত-চিত,
হ'তে[১] চিত, তবে, ভব-পারে ভাবি কেনে॥ (ক)

——

ঝিঁঝিট—একতালা

দুঃখে গেলরে জীবন! ওরে দুঃখিনীর জীবন!
পাষাণ-ভরে আমার হৃদয় কাতর,
কোথায় পাষাণ-হৃদয় নিদয় বারিদ-বরণ॥
কষ্ট পেয়ে অষ্টম উদরে,
গর্ভে ধারণ করেছিলাম আমি তোরে,—বাপ! একি তাপ,
একবার জীবনান্তকালে মাকে দেখা দিলে,
দুঃখের বেলায় তবু যুড়াতো জীবন।
কংস-ভয়ে তোরে নন্দালয়ে রাখি,
সদানন্দ হৃদয়-ধনে প্রাণে ফাঁকি,
হায়! একি দায়! কেবল জঠরে যন্ত্রণা,
দিলি কেলেসোনা, আমার ক্লেশ না হ'লো নিবারণ। (খ)

——

শ্রীকৃষ্ণের নিকট জনৈক দ্বারীর কর্ম্ম-প্রার্থনা

দ্বারে দাঁড়ায়ে দেখেন হরি, হেনকালে এক বৃদ্ধ দ্বারী,
পদ্মনেত্রে প্রণতি করি, দিতেছে পরিচয়।
বলে, হে ভূলোক-ভর্ত্তা! তুমি তো ত্রিলোকের কর্ত্তা,
জানে কি সামান্ত লোকে মহিমার নিশ্চয়॥ ৭
ওহে কৃষ্ণ কংসারি! কৃতান্ত-ভয়ান্তকারি!
আমি কংসের নিযুক্ত দ্বারী, আছি হে বহুকাল।
এখন তো বয়সের শেষ, অঙ্গে শক্তি নাই বিশেষ,
সংসারটা তাতে বিশেষ, ঘটেছে জঞ্জাল॥ ৮

শুনিলাম, এখন তোমার রাজ্য, তোমারি হাতে কর্ম্ম-কার্য্য,
তুমি তো সমস্ত দেশের কর্ত্তা সর্ব্বময়।
নিবেদন করিয়ে রাখি, কর নির্ব্বেদন নীরজ-আঁখি!
কর্ম্মক্ষেত্রে ভাল কর্ম্ম দিয়ে ব্রহ্মময়॥ ৯

শুনে হরি বলেন, ওহে দ্বারি! এখন আমি ব্যস্ত ভারি,
অন্য কথা কইতে আমার অবকাশ নাই।
লোকটা তুমি ভাল হে দ্বারি! তোমার ভাল করতে পারি,
আপাতক তো আমার হাতে কর্ম্ম কার্য্য নাই॥ ১০

তোমার কর্ম্ম যেমন হয় না কেন,
আর নাই তোর ভাবনা কোন,
কিছু কাল কর কাল-যাপন, অন্য কারাগারে।
দ্বারি! লোকটা তুমি উপযুক্ত, তোমার কর্ম্মের উপযুক্ত,
ফল তোরে দেবই দেব ক'রে॥ ১১

ফলের কথা শুনিবা মাত্রে, অনিবার বারি নেত্রে,
দ্বারী অমনি পদ্মনেত্র-যুগলে—
বলে, কর্ম্ম চেয়েছি ব্রহ্মময়! ফল দিবার তো কথা নয়,
হাঁ হে, কর্ম্মফল তো [২]জন্ম ফলেই[২] ফলে॥ ১২

কৈ করুণা করুণা-সিন্ধু! কাতর জনের বন্ধু!—
ফলে আমার কাতর অন্তরে।
কি বল্লে হে বৈকুণ্ঠ-নিধি! শেষে করলে এই বিধি,
আবার বল্লে কেন যেতে অন্য কারাগারে॥ ১৩

——

খাম্বাজ[৩]—পোস্তা

কারাগার হ'তে আবার, বল্লে কারাগারে যেতে।
গেলে সেই কারাগারে, কার আগারে হবে যেতে।
জন্ম-কারাগারেতে, কর্ম্ম-কারাগারেতে,
ব্রহ্ম-কারাগার হ'তে পাঠাবে কারাগারেতে॥ (গ)

——

পাঠান্তর: ১ হতো—খ, ট। ২-২ ফলে ফল্লেই—ক। ৩ ঝিঁঝিট—খ, ট।

দেবকী-কর্তৃক শ্রীকৃষ্ণের স্তব

আবার দেখিছেন হরি, দেবকী শোক পরিহরি,
হরি প্রতি ভক্তি করি কয়।
বলে,—হে গোলোকের স্বামি! ত্রিলোক রাখিতে তুমি,
ভূলোকেতে হইলে উদয়॥ ১৪
হাঁহে, ধরায় এত কে ভাগ্য ধরে, তোমারে উদরে ধরে,
ব্রহ্মাণ্ড তব উদরে, ওহে ব্রহ্মময়!
তবে কেন বৈকুণ্ঠনাথ! করিতে বৈরঙ্গপাত,
বৈমুখ হইলা দয়াময়॥ ১৫
হাঁহে! তুমিই তো জগতে জনক, তোমার যে জননী-জনক,
সেটা কেবল ভ্রমজনক মাত্র।
তুমি বিরিঞ্চি-বাঞ্ছিত ধন, চিরকালের চিরন্তন,
তোমায় চিন্তা করেছিলাম, তাইতে বলে দেবকীর পুত্র। ১৬
কেবল জগতের রিপু নাশিতে, নিজ কীর্তি প্রকাশিতে,
তুমিই সীতে, তুমিই অসিতে, তুমিই রবি ভৈরবী।
তুমিই গোকুল প্রকাশিলে, তুমিই অগ্নি তুমিই শিলে,
তুমিই তো করেছ শিলে অহল্যা মানবী॥ ১৭
এইরূপে কত প্রকারে, দেবকী যত স্তুতি করে,
দ্বারে দাঁড়ায়ে দেখেন মাধব।
তখন তুষ্ট হয়ে অন্তর্যামী, অনন্ত ভুবনের স্বামী,
রাম-সহ হ'লেন দেবকীর অন্তরে উদ্ভব॥ ১৮
ত্যজিয়ে বাৎসল্য-ভাবে, দেবকী দেখে ভক্তিভাবে,
স্বয়ংস্বরূপ হৃদয়-মন্দিরে।
দে'খে নাই সুখের বিরাম, কৃষ্ণ-সহ বলরাম,
যুগলের যুগল রূপ হেরে॥ ১৯

দেবকীর রামকৃষ্ণ-দর্শন

সুরট—ঝাঁপতাল

দেখিছেন দেবকী চিতে, রামকৃষ্ণ-যুগলেতে,
অমরপুর-বন্দিত রজতমণি মরকত।
ইন্দ্রনীল-নিন্দিত, নীল-নলিনী-দলগত,—
জল-জলদ-রুচি-রুচির হরি-হর যেন মিলিত॥
কিবা শিঙ্গা-শোভিত রাম-কর, বাঁশীতে শোভে শ্যাম-কর,
[1]রামের বামে বিপরীত করে শোভে শ্যামকর,
মধুমদে মোহিত রাম, ভৃগুপদ-নিহিত শ্যাম।[1]
রেবতী মনোরমণ রাম, রাধামোহন রাধানাথ॥
দাশরথি কয় ও দেবকি! ও রূপের তুলনা দিব কি?
শুক নারদ যাতে বিবেকী, বিধি আদি যাতে মোহিত॥ (ঘ)

চিত্ত মাঝে নিত্য-রূপ দেখিছেন দেবকী।
করেন মায়ায় বদ্ধ, মায়াময়, মা বলিয়া ডাকি॥ ২০
ভ্রান্ত গিয়ে অন্তরেতে উদয় হ'লো আসি।
ডাকে কাঁদতে কাঁদতে জগৎকান্তে নয়ন জলে ভাসি॥ ২১
বলে, কংস-ভয়ে নন্দালয়ে তোমাকে রেখে এসে।
ও নীলকান্ত! জীবনান্ত হয় আমাদের শেষে॥ ২২
ওরে, তোর শোকে কি, আর বুকে কি, এ যন্ত্রণা সয় রে?
দিলে কত কষ্ট, কৃষ্ণ শ্রেষ্ঠ! কংস দুরাশয় রে॥ ২৩
দে রে বন্ধন খুলে, বদন তুলে, দেখি চাঁদ বদন রে।
হর হৃদয়ের বেদন, হৃদয়ের ধন! দূরে যাক রোদন রে॥ ২৪
ওরে, ঐ তোর জনক, দুঃখ-জনক, বক্ষ-মাঝে শিলে!
হয়ে তুমি পুত্র, সেই কুপুত্র, শত্রু ত নাশিলে॥ ২৫
একবার এসেছ যদি, ও নীল-নিধি! নিকটে এসো মোর।
দেখে মায়ের দুঃখ, হয়েছে সুখ, ও মোর সন্তান পামর!॥ ২৬
[2]যাবে প্রাণ-হারা যাতনা হারানিধিকে নিরখিলে[2]।
হবে সুস্থ দেহ সজীব, জীবের জীবকে পেলে কোলে॥ ২৭
একবার মা বোলে ডাক রে কৃষ্ণ! কষ্ট যাক্ দূরে।
কর বক্ষ রক্ষে, ব্যাখ্যে তোমার থাকবে মধুপুরে॥ ২৮

ঝিঁঝিট—মধ্যমান[3]

আয় আয় কোলে, ডাক মা ব'লে রে।
ভূমিষ্ঠ অবধি কৃষ্ণ! হারাই হারাধন তোরে॥

পাঠান্তর: ১-১ এই অংশ ক-গ্রন্থে নাই। ২-২ হবে প্রাণহারা যাতনহারা, নিধিকে নিরখিলে—ক। ৩ তিওট—খ, ট।

আয় হেরি হারাণে-সোনা!
এই দেখ বুকে, ও তোর শোকের উপর যাতনা,
পাষাণ তুলে বাঁচাও ও নীল-বরণ!
পাষাণ-জালা জননীরে।
ঐ দেখ কাঁদিছে বসু, আয় কোথা রে,—
দেখা দে রে অমূল্য বসু!
[১]বধিলে বধ রে—ও মাধব! আসি কংসাসুরে[১]। (৬)

—

নন্দরাজের বিলাপ

মুক্ত করি বসুদেব দেবকীর বন্ধন।
বিনয়ে করিয়ে হরি চরণ-বন্দন। ২৯
প্রবোধ-বাক্যে বুঝায়ে বসুদেব দেবকীকে।
মথুরা হইতে বিদায় করিতে নন্দকে। ৩০
বলরামকে বলেন দাদা! বল গে বসুদেবে!
নন্দকে বিদায় করা তাহারি সম্ভবে। ৩১
নন্দ তো জানে না কৃষ্ণ, পুত্র নয় আমার।
আমি জানায়েছি, পিতা নন্দই আমার। ৩২
যে কার্য্যে এসেছি আমি অবনীমণ্ডলে।
কার্য্য-সাধন হয় না আমার, নন্দালয়ে গেলে। ৩৩
শত্রু-বিনাশন-সূত্রে সংসারেতে আসা।
ভক্তের পুরাতে আশা, নন্দালয়ে বাসা। ৩৪
আমার কাছে পিতা মাতা ভাই খুড়া জেঠা।
সকলি সমান, আমি যখন হই যেটা। ৩৫

এইরূপ কহিছেন হরি, কিন্তু নয়নে বারি অনিবারি,
জগতের বিপদ-বারী, বারিদ-বরণ।
হরি এমনি ভক্তের বাঁধা, ভক্তের রয়েছেন বাধ্য,
ভক্তের হাতে পড়েছেন বাঁধা, যে রাধারমণ। ৩৬
ওকে মুক্তি জন্য ভক্ত ভাবে, পুত্রভাবে নন্দ ভাবে,
ভুলে আছেন সেই ভাবে, ভক্তিপ্রিয় মাধব।
নন্দের বাৎসল্য ভাবে, কৈবল্যের কর্ত্তা ভাবে,
সে ভাব দেখিলে ভবের, ভাবের উদ্ভব। ৩৭
তখন এই কথা শুনিবামাত্র, রেবতীর প্রিয়-পাত্র,
বসুদেবের নিকটে গিয়া কন।
শুনিয়ে সমস্ত বাক্য, হয়ে বসুদেব সজলাক্ষ,
করেন নন্দের নিকটে গমন। ৩৮
গিয়ে বসু কন বাণী, পিতা সত্য বট মানি,
আমি তো কেবল উপলক্ষ মাত্র।
তোমার স্নেহে প্রতিপালন, তোমারি গৃহেতে রন,
তোমার এখন পরম প্রিয়পাত্র। ৩৯
কিন্তু মূলসূত্র শুন হে নন্দ! পুত্র নন কারো গোবিন্দ,
উঁহার পুত্র পরিবার জগৎসংসার।
কিছু নাই ওঁর অগোচরে, উনিই কর্ত্তা চরাচরে,
উনিই সার, উনিই অসার, উনিই সারাৎসার। ৪০
অবনীর উদ্ধার জন্য, অবনীতে অবতীর্ণ,
দেবকীর গর্ভে নারায়ণ।
কি কব তাঁহার তত্ত্ব, ভব যাঁর ভাবে মত্ত,
বিরিঞ্চি যাঁর বাঞ্ছিত চরণ। ৪১
অতএব শুন ভাই নন্দ! তোমারি তো ছেলে গোবিন্দ,
বৃথা কি দেবকী তবে গর্ভ-জালাটা ভুগ্‌বে?
এখন দুদিন এখানে রাখ, আর ত কেউ লবেনা ক,
তোমার গোপাল তোমারি তো থাক্‌বে। ৪২

* * *

বসুদেবের এই ঘটকালি-বাক্য শুনিয়া, নন্দের চিত্ত তখন কি প্রকার হইয়াছিল, তাহা অনুভব করিয়া দেখ—

এই কথা শুনিবামাত্র, স-নীর[২] ত্রিনেত্র-নেত্র,
দেবরাজকে বজ্রসম লাগে।
শুনে মুখ তোলে না চতুর্ম্মুখ, বশিষ্ঠাদি বৈমুখ,
বাণী হারায়ে বাগ্‌বাদিনী, অবাক হলেন আগে। ৪৩

পাঠান্তর: ১-১ বধ রে বধ রে মাধব রে আসি কংসাসুরে—ক। ২ শনির—খ, ট।

শুনে এই সকল পরিচয়, নন্দ অমনি দণ্ড হয়,
কতক্ষণ জ্ঞান ছিল না মাংসপিণ্ডের মত।
'মুদ্দর হ'য়ে' ছিল প'ড়ে, কৃষ্ণ-নাম কর্ণ-কুহরে,
শুনায় তখন ইষ্ট মন্ত্রের মত॥ ৪৪

কৃষ্ণ-নামের মহিমা এত, ছিল মহীতে প'ড়ে মোহিত,
গোপাল গোপাল ব'লে, অমনি কেঁদে উচ্চৈঃস্বরে।
আবার বলে হে বসুদেব! তোমারে কি জন্যে দেব,
আমার প্রাণের গোপাল গুণেশ্বরে॥ ৪৫

—

নন্দের আক্ষেপ

ললিত-ভৈরবী[২]—একতালা

ও বসুদেব! তোর সঙ্গে প্রাণ-গোপালের কি সম্বন্ধ।
তাই ভেবে কি আমায় ফাঁকি দিয়ে, রাখিবে গোবিন্দ॥
হায় কি কপাল হারাই গোপাল, বিধি ঘটালে বিবন্ধ।
ত্রাণ কিসে পাই, মান কিসে পাই, উপায় কিরে উপানন্দ॥
কেঁদে নন্দ চেতন-হারা, হারায়ে নয়নের তারা,
ছিদাম আদি যত তারা, সবে নিরানন্দ।
যে ধন হরের হৃদয়-পরে, সদা করে রে আনন্দ,
সে ধন বিদায় দেয় কেমনে নিদয়-হৃদয় নন্দ॥ (চ)

—

তখন চৈতন্য পাইয়ে নন্দ কাঁদে বার বার।
বলে, কোথা রে গোকুলের চাঁদ! দেখা দে একবার॥ ৪৬
বলে ও বসুদেব! হৃদয়-বস্তু তোমারে কেন দিব।
কেন দেবের দুর্লভ দ্রব্য দেবকীরে দিব॥ ৪৭
যখন যশোদা ক'রেছিল মানা,
তা না শুনিয়ে তাহারে নানা,—
কপাল খেয়ে—করেছিলাম ব্যঙ্গ।
এনে ব্যাধের করে সঁপে দিলাম সাধের বিহঙ্গ॥ ৪৮

হায়! দুঃখে পড়েছে আমার মানের মাতঙ্গ।
কেন সুখের সমুদ্রে উঠে হে আজ শোকের তরঙ্গ॥ ৪৯
কি কলঙ্ক ঘটালেন মহেশের মহিষী।
সিংহ-শিশু কেড়ে লয়, মা! মহিষের মহিষী॥ ৫০
ও বসুদেব! এ চাতুরী শিখেছ কোথায় হে?
জলে অঙ্গ জলে তোমার কথার ব্যাভারে হে॥ ৫১
আমার উঠেছে দুঃখের নদী মাথায় মাথায় হে!
আমার চিন্তামণি কি তোমার ছেলে,
কেবল তোমারি কথায় হে॥ ৫২
তুমি মূল সূত্র ব'লে, পুত্র তোমার ত নয় হে।
হাঁহে, মূলের কথা বল্লে,—পুত্র তোমার তনয় হে॥ ৫৩
আবার বল্লে, তোমারি পুত্র, কেবল উপলক্ষ আমি।
আমায় প্রত্যক্ষ হইতে আবার লক্ষ্য কিসের তুমি॥ ৫৪

সদানন্দ জানেন, কৃষ্ণ নন্দের তনয় হে।
বসুদেব! বলিলে, কৃষ্ণ নন্দের ত নয় হে॥ ৫৫
নাই—অবিচার—দেশে বিচার, হায়! কি কর্লে শ্যামা!
হেদে, পরের ছেলেকে ছেলে বলে, বেটা ছেলেধরার মামা॥ ৫৬
নন্দে দিলে গোবিন্দ ধন, মা সদানন্দরাণি!
কেন হর মা! হররমা! সদানন্দ নন্দরাণীর॥ ৫৭
এখন এ বিপদ উদ্ধার মা বিপদবিনাশিনি!
একবার হরি বল মন! হরি-স্মৃতি, বিপদ-বিনাশিনী॥ ৫৮
সঙ্কটে করুণা কর মা শঙ্করি!
যেন সন্তান হারায় না তোমার কিঙ্কর-কিঙ্করী॥ ৫৯

—

খট্‌-ভৈরবী[৩]—একতালা

মা! আজি কর ত্রাণ, কাতর সন্তান,
বড় বিপদে প'ড়ে ঈশানী।
যে ধন সাধন ক'রে তোরে, পেয়েছিলাম ঘরে,
কৃষ্ণধন অমূল্য রতন, দিল যজ্ঞস্থলে আমার সে নীলমণি।

পাঠান্তর: ১-১ মৃতদেহ—ক। ২ ললিত—খ, ট। ৩ টোরী—খ, ট।

গোকুল আকুল গোকুলচন্দ্র হ'য়ে হারা,
যে নন্দন নন্দরাণীর নয়ন-তারা,
ত্রিনয়নী ত্রিনয়নের নয়ন-তারা,
আমার নয়নতারার তারা তারিণী।
এ ধন নিধন হ'য়ে কি ধন ল'য়ে যাব,
গোধন চরাইতে এ ধন কোথা পাব,
কি ধন দিয়ে যশোদারে বুঝাইব,
তারিণি গো! তার নিধন প্রাণী॥ (ছ)

—

শ্রীকৃষ্ণ-বিরহে ব্রজ-রাখালগণের বিলাপ

তখন তারা ব'লে কাঁদে নন্দ, হারা হ'য়ে প্রাণ-গোবিন্দ,
ধরায় প'ড়ে ধূলায় ধূসর।
বলে, ওরে প্রাণাধিক! আমার প্রাণে ধিক্ ধিক্,
কেন আর আমি অধিক, তোর শোকে কাতর॥ ৬০

হাঁরে! তুই যে নস্ সন্তান, পেলাম আমি সে সন্ধান,
বস্থ-শোক-সন্ধান, পূরিয়ে হৃদয় বিদরে।
তুমি কি জন্যে যাবে না ব্রজে,
ওরে গোপাল! গো-পাল ত্যজে,
রবে মথুরার ভূপাল-মন্দিরে॥ ৬১

তোরে কে শিখালে এ মন্ত্রণা, এমন মনন তোর ছিল না,
বল্ না, এটা কার ছলনা, তা আমার সঙ্গে কেন?
আমি বা কাহার লক্ষ্য, সবে মাত্র উপলক্ষ,
তুমি রে কুমার নীলরতন॥ ৬২

তায় কত বিপদ ঘটালে বিধি,
এই বালকটীতে মোর বাল্যাবধি,
সংসারের সকল লোকের দৃষ্টি।
তবে আর তো লোকের ছেলে আছে,
কেউ তো যায় না তাদের কাছে,
আমার ছেলেটী কেবল সকলের লাগে মিষ্টি॥ ৬৩

সংসার-সমুদ্র-মাঝে, সাগর সিঞ্চিত ও-যে,
নীলকান্ত হ'তেও আমার নীলকান্ত বড়।
গেলে সে ধন বিলায়ে পরে, প্রাণ কি রবে দেহ-পরে!
ঘরে পরে গঞ্জনা হবে যে বড়॥ ৬৪

মথুরায় তো অনেক দিন, এসেছ রে প্রাণ-গোবিন!
আর এখানে অধিক দিন, থাকায় এই তো ফল রে!
আমি এমন দেশ ত দেখি নাই হরি! চল শীঘ্র পরিহরি,
পরের বস্তু লয় যে হরি, কি অধর্ম্মের ফল রে॥ ৬৫

—

রাখালগণের বিলাপ

হরি! আর যাবে না বৃন্দাবনে, উপানন্দ মুখে তা শুনে,
ছিদাম আদি রাখালগণে, প্রাণান্ত প্রমাদ গ'ণে,
করিতেছে রোদন।
কেবল শব্দ হাহাকার, যেন প্রলয়ের আকার,
অমনি সবে শবাকার, ভূতলে পতন॥ ৬৬

কেউ বা উঠে কারে ধরে, কেউ উঠে কাহার করে,
কর দিয়ে কত প্রকারে, করিতেছে করুণা।
কেউ কেঁদে কয় ও সুবল! শুনে সংবাদ শুকাল বোল[১],
সত্য ক'রে বল্ কৃষ্ণ! বল্,— কেন যাবে না॥ ৬৭

কেউ কেঁদে কয় ও কানাই! ব্রজবালকের আর কেউ নাই,
তুমি ভিন্ন ছিন্ন-ভিন্ন 'মধুর বৃন্দাবন বন রে'[২]।
আমাদের দেহ মাত্র প্রাণ তুমি, প্রাণাধিক রাখালের স্বামী,
বল কি দোষে যাবে না তুমি, নন্দের ভবন রে॥ ৬৮

কেঁদে ছিদাম বলে হে সখা! তুমি বৃক্ষ আমরা শাখা,
তোমায় না পাইলে দেখা, রাখাল কিসে বাঁচে।
এদের, কল তুমি কৌশল তুমি, এদের সকলি তুমি,
তোমার কৌশল-শৃঙ্খলে এরা যখন বেঁচে আছে॥ ৬৯

ওরে ইন্দ্র-বৃষ্টি দাবানল, কে তাহে বাঁচাবে বল্,
বল কেবা ধরিবে গিরি, ও ভাই গিরিধর রে!

পাঠান্তর: ১ কোল—খ। ২-২ মধুর বৃন্দাবন রে—ক।

বল কি জন্যে যাবিনে ব্রজে, ব্রজনাথ! তুই ব্রজ ত্যজে,
কোন্ রাজার রাজ্যে এখন, ধর্‌বি ধরাধর রে?। ৭০

তুমি ব্রজে যদি আর না যাও কানু! তোমার ধেনু বেণু,
সে রুণু-ঝুনু, সুমধুর শব্দটা এখন কাদের নফর হবে?
হাঁরে কানাই! কি তোর জ্ঞান নাই?
যাদের তুমি-ভিন্ন জ্ঞান নাই,
এখন তোমাকে হারায়ে তারা কার কাছে দাঁড়াবে?। ৭১

জঙ্গলা[১]—একতালা

ওরে ভাই কানাই!
শুনলাম তুই নাকি আর যাবিনে বৃন্দাবনে।
ও তোর ধেনু কে চরাবে, বেণু কে বাজাবে,
কে বাঁচাবে বনে সে বিষ-জীবনে॥

আমরা ছিদামাদি যত, তোর অনুগত,
ও ভাই কানু! তা তো জান তো মনে।
ছি ভাই! ভাঙ্‌লে কেন, ওহে রাখালরাজ!
ব্রজের ধুলাখেলা (ছি ভাই ভাঙ্‌লে কেন)
(আর তো হবে না) (হ'লো এ জন্মের মত)
বল কি অপরাধ হ'লো তোর রাঙ্গা চরণে॥ (জ)

আবার কেঁদে ছিদাম, বলে, গোবিন্দ গুণধাম!
কি জন্যে রে ব্রজধাম, পরিহরিলে হরি!
আমরা স্বপ্নেও শুনি নাই তা তো, তুমি নও নন্দের সুত,
তুমি ভূলোকের হরি নও তো, হাঁরে গোলোকের হরি॥ ৭২

হাঁরে! তোমারে কি ভাবেন হর, হররাণীর মনোহর?
হাঁরে! বিরিঞ্চি-বাঞ্ছিত তবে কি তুমি?
হাঁরে! বেদে কি তোমারি ব্যাখ্যে, জলে স্থলে অন্তরীক্ষে,
অন্তরে কি তুমিই অন্তর্যামী?। ৭৩

যদি মোক্ষ জন্য তোমারে ভাবে, তবে কেন ভাই সখ্যভাবে,
দুঃখ দাও রে ভবের দুঃখহারি!
আমরা একটা কথা শুধাই তোরে,
ভবের লোক যে প'ড়ে কাতরে, ব্যগ্র-চিত্ত বারে বারে,
ডাকে সদা বিপদ্-তারণ হরি। ৭৪

হাঁরে! ও রাখালের অঞ্জন! তবে বিপদভঞ্জন,—
তুমিই কি নিরঞ্জন, অসুর-দর্পহারী। ৭৫

তবে আমরা করেছি কি রে, বাহিরে রাখিয়ে হীরে,
জীরের করেছি যত্নের চূড়ান্ত।
ব্রহ্মবস্তু পাইয়ে করে, কেউ কি রাখে অনাদরে,
কৌস্তুভ-শোভিত-হারে ও গোলোকের কান্ত। ৭৬

হাঁ ভাই! তুমিই ত জগতে শ্রেষ্ঠ, তোমার মুখে যে উচ্ছিষ্ট,
উন্মত্ত হয়ে, কৃষ্ণ! দিয়েছি বারে বারে।
কর সে সকল দোষের শান্তি, ভ্রান্তি-মোচন! যদিও ভ্রান্তি-
জন্য গণ্য হ'লেও হ'তে পারে। ৭৭

ওরে মুক্তি-কল্পতরু! তোয় ভুলে, কদম্ব তরুর তলে,
কত যে কৌতুক-ছলে, মন্দ বলেছি গোবিন্দ!
কিন্তু তোমারি চরণাশ্রিত, ছিদামাদি আমরা যত,
এত তো জানিনে ভালমন্দ। ৭৮

যে তুমি নও রাখালেশ্বর, তুমি নিখিল-অখিলেশ্বর,
তোমার অবনীর নবনী-সর শুধু নয় পিপাসা।
হাঁ ভাই! গোষ্ঠে গোচারণ-কালে,
কত অপরাধ তোর চরণতলে,
করেছি ভাই! তাই এলে চ'লে,
ভেঙ্গে আমাদের বৃন্দাবনের বাসা। ৭৯

এইরূপে কাঁদে তখন, ছিদাম আদি রাখালগণ,
ধরাতলে প'ড়ে সবে রসাতলে যায়।
কাঁদে আর এদিকে উপানন্দ, উপায়ান্ত কাঁদিছে নন্দ,
বলে কোথা রে প্রাণ-গোবিন্দ! প্রাণ যায় প্রাণ যায়। ৮০

পাঠান্তর: ১ বিভাস—ক।

দেখে বসুদেব বলে এ কি !
আমি একটা কথা বলেছি তা কি,—
সত্য ?—তার কার্য্য জান আগে।
একি নন্দের মমতা রে, ¹এত ত নাই মম তারে¹,
কোথা কৃষ্ণ !—শমতা রে, কর তোর পিতা নন্দে আগে ॥৮১
ও সে, কার মায়াতে নন্দ কাঁদে,
মহামায়া যাঁর মায়ার ফাঁদে,
যাঁর মায়ায় যশোদা বাঁধে,
যাঁর মায়ায় যিনি নন্দের বাধা, মাথায় ক'রে বন।
যাঁর মায়াতে সৃষ্টি-স্থিতি-লয়, যাঁর মায়ায় যিনি নন্দালয়,
তাঁরি মায়ায় কাঁদে রাখালগণ। ৮২
বসুদেব বলেন কৃষ্ণ ! তুমিই ত জগতের শ্রেষ্ঠ,
কারাগার-বন্ধন-কষ্ট, আমাদের ক'রে দূর।
এখন সৃষ্টি স্থিতি হয় যে লয়, তুমি নয় কিছু দিন নন্দালয়,
থাকগে গিয়ে সে-ই বা কত দূর। ৮৩
তোমায় যেরূপ নন্দের স্নেহ, জগতে কার সাধ্য কেহ,
বুঝাইতে পারে এসে পারুক।
আমিত পারলাম না বাপু ! এ কষ্টের হাটে শু'তে হাপু,
এখন এখান হ'তে পালাই, আমার প্রাণটা তো যুড়াক্ ॥৮৪
হরি বিপদের মধুসূদন, বিপদ দেখিয়ে তখন,
নন্দের কোলেতে আসি অমনি উদয়।
এমনি কৃষ্ণের মায়া, ছিল যার চিত্তে যত মায়া,
অমনি করিয়ে মায়া, হরিলেন মায়াময়। ৮৫

---

²আলিয়া—একতালা²

বসিলেন কোলেতে হরি নন্দের হরিতে মায়া।
ধরিলেন শ্রীগোবিন্দ মোহিতে মোহিনী-মায়া॥
যে মায়ায় মোহিত আছে বিধি-পঞ্চানন,
যে মায়ায় মোহিত জীবের মহীতে ভ্রমণ,
যে মায়ায় যোগীন্দ্র-ইন্দ্র-মোহ মোহমায়া।
জ্ঞান-সৌদামিনী নন্দের উদয় অন্তরে,
বলে, রে গোবিন্দ ! তুমি থাক মধুপুরে,
³একেবারে তোরে হারালে শোকে ত্যজিবে জীবন-মায়া।³
নন্দে ত্যজি সদানন্দে যবি রে সাদরে,
বারেক দিওরে দেখা, গিয়ে যশোদারে,
ত্যজিব যখন আমরা জীবন-মায়া॥ (ঝ)

নীলমণিকে কোলে করিয়া নন্দের দিব্যজ্ঞান লাভ

তখন, অমনি কৃষ্ণের মায়ায় ভুলে, নন্দন করিয়ে কোলে,
বন্দন করিয়ে নন্দ বলে।
ওহে ত্রিলোকের ত্রিতাপহারি ! ত্রিপুরারির হৃদয়-বিহারি !
তোমারি কৃপায় তুমি ছিলে গোকুলে। ৮৬
তুমি ত ত্রিলোকের পিতা, আমায় ব'লেছিলে পিতা,
আবার তুমিই তো তাপিত করলে হরি !
আবার মায়ারূপী তুমি হরি ! 'মায়া হরিলে মায়া করি',
তোমারি যে মায়াপুরী, তোমারি অযোধ্যা কাশী,
দ্বারকা মথুরাপুরী। ৮৭
একবার জীবনান্তে মহীমাঝে, দিলে দরশন মহিমা যে,
থাকবে বহুকাল হে !
ওহে কৃতান্তভয়-অন্তকারি ! অন্তকালে ভয় তাহারি,
ওহে হরি ! কাল বেটা যে পরকালের কাল হে। ৮৮
তখন হরি দেখ্‌লেন্ হলোনা কিছু, করেন আকর্ষণ আর কিছু,
চিত্ত উহাদের নিত্যানন্দময়।
অমনি শোক গেল দূরে, হলো উদয় হৃদয়-মন্দিরে,
নন্দের আনন্দ অতিশয়। ৮৯
তখন উপানন্দে ডাকিয়ে বলে, আর কেন চল গোকুলে,
গোপকুলে সংবাদ জানাও।
হরি ঘটালেন বিবন্ধ, উচ্চৈঃস্বরে কাঁদে নন্দ,
কেঁদে বলে উপানন্দ, কেন মায়ায় পতিত হও। ৯০

পাঠান্তর : ১-১ এত ত নাই মম মমতা রে—খ, ট। ২-২ ললিত-বিভাস—ঝাঁপতাল—ক।
৩-৩ ক-গ্রন্থে এই চরণটি নাই। ৪-৪ ক-গ্রন্থে এই অংশ নাই।

নন্দের বিদায়-কালে, হরি আবার গিয়ে বসিলেন কোলে,
বিবিধ প্রবোধ-বাক্যে করিয়ে সান্ত্বনা।
দিলেন পিতাকে পীতাম্বর, কতকগুলি অম্বর,
শোক-সম্বরণ-হেতু, আভরণ নানা। ২১

* * *

যমুনাতীরে সকলের শ্রীকৃষ্ণ-জন্য খেদ

তখন ভূলোকে গোলোকের হরি, গোপকুল পরিহরি,
আসিয়ে মথুরাপুরী, থাকেন শ্রীনিবাস।
হেথায় আনন্দ ত্যজিয়ে নন্দ, সঙ্গে ল'য়ে উপানন্দ,
চিত্তে নিত্য নিরানন্দ, ত্যজিলেন প্রবাস-বাস। ২২

ছিদাম আদি রাখালগণে, শমনে সামান্য গণে,
ঘৃণায় শমন-ভবনে, কিম্বা জীবনান্ত আগুনে করিল গমন মন।
বলে, রাখালের জীবন হরি! রাখালে কেন পরিহরি,
থাকিলে হরি ল'য়ে জীবন-মন। ২৩

তখন দিনমণি-সুতার তীরে, গিয়ে ব্রজবাসীরে,
করাঘাত করিয়ে শিরে, হারায়ে কেশবে সবে।
হরি যে করেছিলেন মায়া, আবার পরিহরিলেন সেই মায়া,
এম্‌নি যে কৃষ্ণের মায়া, কৃষ্ণ-বিচ্ছেদ মহামায়া,
হলো মহীতে মোহিত সবে। ২৪

অম্‌নি কেঁদে উঠে নন্দ, বলে ওরে উপানন্দ,
হারায়ে প্রাণ-গোবিন্দ, প্রাণ কিসে রবে!
এলাম কৃষ্ণধন দিয়ে বিদায়, এখন গিয়ে যশোদায়,
কি ধন দিয়ে কি ব'লে বুঝাবে। ২৫

তখন এইরূপে কত প্রকারে, বিলাপ করিয়ে পরে,
যমুনার তীরে নীরে, কাতর হ'য়ে নন্দরায়।
অম্‌নি হাহাকার শব্দ মুখে, কেউ কাঁদে ঊর্দ্ধমুখে,
কেউ বা দুখে পতিত ধরায়। ২৬

তখন ছিদাম কাঁদিয়ে কয়, ভাই কানাই রে এ সময়,
একবার এসে দেখা দিয়ে প্রাণ রাখরে!
যার বাধা রয়েছো মাথায় ক'রে,
আজ সেই পিতা তোর কোথায় প'ড়ে,
হাঁরে পিতৃহত্যা হ'লে পরে, তুমি কিসের সন্তান রে। ২৭

সুরট-মল্লার—একতালা

কোথায় রহিলি রহিলি সুত!
রাখালের জীবন নন্দসুত!
ও তোর শোকে রে গোবিন্দ!
নিরানন্দ নন্দ, জীবনে জীবন্মৃত।
জীর্ণশীর্ণ দেহে শূন্য হিতাহিত,
নয়নাম্বুজ নয়নাম্বু-যুত[১],
পুত্র হ'য়ে কর্‌লে হিতে বিপরীত,
পিতায় ক'রে তাপিত।
তপন-তনয়া-তীরে-নীরে তোর,
কাঁদে পিতা নন্দ শোকেতে কাতর,
কভু কাঁদে ভূমিতে, কভু বা ত্যজিতে
জীবনে জীবনোদ্যত।
একবার পরকালের কালে দরশন,
দে রে আসি কৃষ্ণ! পরকালের ধন!
বারি দেরে মুখে বারিদ-বরণ!
মরণ-কালে যা হিত। (ঐ)

শ্রীকৃষ্ণের জন্য যশোমতীর বিলাপ

তখন অরুণ-তনয়া-তীরে, একত্রে ব্রজ-বসতিরে,
দারুণ কাতর হেরে, নন্দের কর্ণ-কুহরে,
করে কৃষ্ণ-নামের ধ্বনি।
তখন হরিনামামৃত-পানে, নন্দ প্রায় ত মৃত প্রাণে,
জ্ঞান প্রাপ্ত হইল অমনি। ২৮

পাঠান্তর: ১ নয়নাম্বুজিত—খ, ট।

তখন নন্দ বলে,—উপানন্দ! হারা হ'য়ে প্রাণ-গোবিন্দ,
যশোদার নিকটে এখন কেমন ক'রে যাব?
তুমি হও হে অগ্রগামী, এই কদম্ব-তরুর তলে আমি,
কিছুকাল থাকি,—তবে বিলম্বেতে যাব। ৯৯

আবার কেঁদে বলে দারুণ বিধি!
এই কি তোর উচিত বিধি,
আমার হৃদয়ের নিধি, কে হরিয়ে লয়!
তখন অম্‌নি ব্রজরাখাল-সহ, উপানন্দ নিরুৎসাহ-
চিত্তে চলে নন্দের আলয়। ১০০

দেখে ক্ষীর সর নবনী করে, 'আয় গোপাল' এই শব্দ করে,
দ্বারে দাঁড়ায়ে নন্দ-মনোরমার।
উপানন্দে দেখিয়া কন, তোমরা এলে কতক্ষণ,
কৈ কত দূরে সে প্রাণধন, কৃষ্ণধন আমার। ১০১

দেখে বিরস তোমাদের মুখ, নীরস তরুর তুল্য বুক
ফেটে আমার উঠিল উপানন্দ।
তোরা হয়ে এলি নিরানন্দ, বল্ কোথায় নৃপতি নন্দ,
হাঁরে যশোমতীর অমূল্য মতি কোথায় সে গোবিন্দ। ১০২

সত্য ক'রে বল ছিদাম! আমার কৃষ্ণ বলরাম,
ব্রজধাম এলো কি না এলো।
আমি তবে রাখিব প্রাণ, নৈলে করি বিষ পান,
কৃষ্ণ-শোকে মিথ্যা প্রাণ, রাখায় ফল কি বলো। ১০৩

অমনি আঁখি ছল-ছল, প্রাণ-পাখিটী চঞ্চল,
দেহ-পিঞ্জরের মধ্যে হলো যশোদার।
রাণী কণ্ঠের নীল-মুক্ত-শোকে, মুক্তকণ্ঠে ডাকে কৃষ্ণকে,
অম্‌নি ধরায় প'ড়ে ধূলা মাখে, চক্ষে শতধার। ১০৪

ক্ষণেক চৈতন্য নাই, ক্ষণেক বলে,—এলি কানাই!
এইরূপ কাঁদয়ে বার বার।
হেনকালে আসি নন্দ, বলে কোথায় আয় গোবিন্দ!
তোর শোকে দুনয়ন অন্ধ, দেখা দে একবার। ১০৫

তখন কৃষ্ণশূন্য নন্দরাণী, শুনে ত্রিগুণ কাতরা রাণী,
বলে নন্দ নৃপমণি! অমৃত ত্যজিয়ে এলে জলে।
তুমি রতন-হারা হয়ে সাগরে, ঘরে এসে অঞ্চলে গিরে
দিয়ে এখন অভাগীরে, ছলে বুঝাতে এলে। ১০৬

তখন নন্দ বলে অভাগিনি! তুই না চিনে কহিলি চিনি
না চিনিলি পাইয়ে চিন্তামণি।
সে যে বসুদেব-দেবকী-সুত, তবে কেন তার করে সুত,
বাঁধিলি বলিয়ে সুত, ফণীকে খাওয়ালি ত ঘৃত,
বলিয়ে নীলমণি। ১০৭

অতএব সে নয় সামান্য রাণী, তা হ'তেই ভবানী বাণী,
ভবের আরাধ্য তিনি, জীবের অন্তর।
অবনীর হরিতে ভার, অবনীতে অবতার,
এখন কর্ত্তা হয়েছেন মথুরার, কংসেরে পাঠায়ে লোকান্তর।
তখন নেত্রে বহে শতধার, কৃষ্ণ-শোকে যশোদার,
নন্দবাক্য[1] শুনিয়ে মন্দভাবে ভাষে।
বলে ছিছি নন্দ! ধিক্ ধিক, দিলে যাতনা প্রাণাধিক,
কারে বিলায়ে প্রাণাধিক, প্রাণ ধরেছে কিসে। ১০৯

তোমার কংসের আলয়ে যেতে, নীলমণিকে লয়ে যেতে
কত বারণ করেছি ও হে প্রমত্তবারণ!
যেমন তোমার চিত্ত ক্রূর, তেমনি তোমার সে অক্রূর,
যা হ'তে আর নাই ক্রূর, এই অর্থে নাম অক্রূর,
নৈলে কি হয় এত ক্রূর, অক্রূর কখন। ১১০

তখন লয়ে গেলে করিয়ে জোর, সঙ্গে আমার মাখন-চোর,
এসে চোর হ'য়ে করছ জোর, ওহে নন্দরায়।
আমায় ছলে কলে বোঝাতে এলে, করে ছল-ছল আঁখিযুগলে,
ছি ছি নন্দ! প্রাণ যে জ্বলে,
তোমার প্রবোধ-বচনে হায় হায়। ১১১

—

জঙ্গলা[2]—একতালা

প্রাণ যায় নন্দরায়!—প্রবোধ-বচনে।
ছি ছি! ধিক্ জীবনে,—
জীবন হারায়ে, জীবন লয়ে, এলে ছি ছি! ধিক্ জীবনে,
জীবন দিতে কি পার নাই যমুনার জীবনে।

পাঠান্তর: ১ নন্দবাক্য—খ, ট। ২ বিভাস—ক।

আমার নীলকান্তমণি, মণির শিরোমণি,
নৃপমণি! লয়ে গেলে বা কেনে,—
বল কোন্ পরাণে, রেখে এলে নাথ! অনাথিনীর ধনে,
বল কোন্ পরাণে, আজি খোয়াইলে অমূল্য রতনে। (ট)

তখন নন্দ বলে, ও অভাগিনি! পুত্র নয় তব নীলমণি,
তবে যদি আমার কথা না মানি, তারে পুত্র-ভাবেই ভাব।
তা হ'লেও যে তোমার ঘরে, কিঞ্চিৎ নবনীর তরে,
নাইক আর কোন প্রকারে, আসার সম্ভব। ১১২

দেখ দরিদ্রে পায় উচ্চপদ, তুচ্ছ করে ব্রহ্মপদ,
পদে পদে বিপদ ঘটায়।
সামান্য নদীতে তরঙ্গ হলে, ভাঙ্গে দুকূল অবহেলে,
একূল ওকূল সকলি ডুবায়। ১১৩

গোপাল গোয়ালার ছেলে, গিয়ে কংস-বধের ছলে,
মথুরার অতুল সম্পদ হলো তার।
গোয়ালা ব'লে আর নাইক রুচি, সে মুচি হ'য়ে হয়েছে শুচি,
কৃষ্ণ তোমার কৃষ্ণ ভজেছে, সেথায় পেতেছে পসার। ১১৪

ধর এই নাও ধড়া চূড়া বেণু, আর ভানু-কন্যার তীরে কানু,
তোমার নবলক্ষ ধেনু, পাল্‌বে না আর গোষ্ঠে।
আর কি বাধা সে মাথায় করে!—তার কথার ব্যথার ভরে,
প্রাণ কি আছে দেহ-পরে, নিদয় হৃদয়ের তরে,
কাতর হৃদয় আমার বিদরিয়ে উঠে। ১১৫

তখন নন্দ-বাক্য শুনে রাণীর, দু-নয়নে বহে নীর,
নীরদ-বরণ নীলমণির, শোকে সকাতরা।
কেবল কাঁদে আর বলে হায় হায়!
আয় রে কৃষ্ণ! প্রাণ যায়!
একবার এসে দেখা দেরে ও নবনী-চোরা। ১১৬

তুমি যে দিন হতে ব্রজপুরী, পরিহরি গিয়াছ হরি!
প্রাণ হরি মধুরামণ্ডলে রে।
গোপাল তোমার অদর্শন-ব্যাধি, সেই অবধি নিরবধি,
আমার প্রবেশ করেছে হৃদি, দেখ গোকুলে গোকুল আদি,
অকূলে আকুল রে। ১১৭

আমি কিঞ্চিৎ নবনীর তরে, বেঁধেছিলাম যুগ্ম করে,
তাইতে কি শোক-রত্নাকরে, ডুবালি আমাকে।
তবে কি জন্যে রে কমল-আঁখি!
তোরে আঁখিতে আঁখিতে রাখি,
নবনী ক্ষীর দিতাম চন্দ্রমুখে। ১১৮

ললিত-ঝিঁঝিট[1]—একতালা

হায় কি এতকাল,
বৃথা তোর যতনে দেহ পতন করিলাম আমি।
কেন কি দোষে নীলমণি!
ত্যজিয়ে জননী, দেশান্তরী হ'লে, বল রে তুমি।

গোপাল ভিন্ন, ছিন্ন ভিন্ন বৃন্দারণ্য,
তোমা-শূন্য দেহে রয়েছি আমি।
আরতো কেউ ডাকে না—ও গোপালের মা!
(তোমার গোপাল কোথায় ব'লে)
পথের কাঙ্গালিনী মত পথে পথে ভ্রমি। (ঠ)

পাঠান্তর: ১ খাম্বাজ—খ, ট।

২৩। উদ্ধব-সংবাদ

শ্রীকৃষ্ণ-বিরহে রাধিকার বিলাপ

কংস ধ্বংস জন্য হরি, ব্রজপুরী পরিহরি,
মধুপুরী করি শ্রীহরি, ব্রহ্ম সনাতন।
নিস্তার করিতে সুরে, বিনাশ করি কংসাসুরে,
করেন মুক্ত দেবকীরে, কারাগার বন্ধন ॥১
কুব্জা সনে সিংহাসনে, ভূষিত হয়ে রাজভূষণে,
আছেন রাজত্ব-শাসনে, ত্রিভঙ্গ মুরারি।
হেথা গোকুলে হরি-অদর্শনে, পতিত হয়ে ধরাসনে,
কৃষ্ণ-বিচ্ছেদ-হুতাশনে, দগ্ধ হন কিশোরী। ২
হেরে, গোকুলে কৃষ্ণ-শূন্য, দশ দিক্ হেরি শূন্য,
বাহ্যজ্ঞান হলো শূন্য, যেন উন্মাদিনী।
[১]শ্যাম-বিরহ নিবারিতে, প্রাণ ত্যজিতে যান বারিতে,
কেহ না পারে নিবারিতে বৃন্দে আদি সঙ্গিনী।[১] ৩
নয়নে না জল ধরে, গগনে হেরে জলধরে,
বলে, আমায় ঐ জলধরে এনে দে সখি।
এইরূপ নিকুঞ্জ-বনে, কুঞ্জরগামিনী কৃষ্ণ বিনে,
অচৈতন্য ধরাসনে, পড়েন চন্দ্রমুখী। ৪

---

[২]ঝিঁঝিট—মধ্যমান[২]

কৃষ্ণ-শূন্য হেরি গোকুলে।
চৈতন্যরূপিণী পড়েন অচৈতন্য ধরাতলে।
দেখে বৃন্দে আসি ধরে, বাক্য না সরে অধরে,
জলদের জল ঝরে, জল ঝরে আঁখি-যুগলে।
এ বিকার নির্ব্বিকার, কে করে বিনে নির্ব্বিকার,
আছে আর[৩] সাধ্য কার, অধিকার এ ভূমণ্ডলে। (ক)

দে'খে প্যারীর জ্ঞানশূন্য, হ'লো বৃন্দের জ্ঞান শূন্য,
বলে,—আজ হ'লো শূন্য, বৃন্দারণ্য-পুরী।
ধরায় রাই অচৈতন্য, করিবারে সচৈতন্য,
শুনায় চৈতন্য-রূপ কর্ণে মন্ত্র হরি। ৫
মহৌষধি নাম শুনিবামাত্র, উন্মীলন করিয়ে নেত্র,
বলেন আমার কমল-নেত্র, কই বৃন্দে!—কই।
কোথা গেলি রে বিশখা! বাঁচিনে হয়ে বি-সখা
আনি আমার সে সখা, বাঁচাও যদি সই। ৬
ও ললিতে! অঙ্গদেবি! তোরা আমার অঙ্গ দিবি,
বলেছিলি আনিয়ে গোকুলে।
সে কথা হলো অনেক দিন, সে দিনের আর বাকী ক'দিন,
আন্‌বি বুঝি সেই দিন, জীবনান্ত হ'লে। ৭
কাঁদিব কত নিশিদিন, জ্ঞান নাই মোর নিশি দিন,
হবে কি আর সে দিন, সুদিন রাধার।
অক্রূর হরিল যে দিন, সে দিন ফুরাল দিন,
ক'রে দীন, দীনবন্ধু গিয়েছে আমার। ৮
হরি, ব'লে গিয়াছে আস্‌ব কাল, কাল হলো কত কাল,
সে কাল হয়ে মোর কাল-ভুজঙ্গ রূপ।
দংশিল আসিয়ে বক্ষে, রাধার জীবন হবে রক্ষে,
মহৌষধি আর নাই ত্রৈলোক্যে, বিনা বিশ্বরূপ। ৯

সিন্ধু[৪]—একতালা

সই! কি হলো হলো, বক্ষেতে দংশিল,
শ্যাম-বিচ্ছেদ-ভুজঙ্গ।
সে বিষে কে বাঁচাবে আর, জীবন রাধার,
রাধার মূলাধার বিনে বাঁকা ত্রিভঙ্গ।

পাঠান্তর: ১-১ গোপিকাদি সব নারীতে, সদা আসে প্যারী বাড়ীতে,
শ্যাম-বিরহ নিবারিতে, বৃন্দে আদি সঙ্গিনী।—ক
২-২ খাম্বাজ—কাওয়ালী—খ, ট। ৩ কার—ক। ৪ ললিত-বিভাস—ক।

এ সংসারময়, হেরি বিষময়,
বিষেতে আচ্ছন্ন হলো অঙ্গময়,—আর কি দুঃখ সয়,
ভেবে বিস্ময়, এ অসময় গো,
রসময় কি অঙ্গ দিয়ে জুড়াবেন অঙ্গ ॥ (খ)

—

মাধবের আদেশে উদ্ধবের ব্রজ-যাত্রা

এইরূপ শ্রীরাধার, নয়নে বহে শতধার,
দেখে কাতর রাধায়, বৃন্দে কেঁদে কয়।
কর দুঃখ সম্বরণ, নবঘন-শ্যামবরণ,
আনিয়ে মিলাইব রাই তোমায় ॥ ১০
বৃন্দে ভাবি হৃদে শ্রীহরি, আনিবারে শ্রীহরি,
করিছেন শ্রীহরি, এমন সময়।
হেথা অন্তরে জানিলেন কৃষ্ণ, অনন্ত গুণ-বিশিষ্ট,
জগতের 'দুরদৃষ্ট হরি'[1] জগৎময় ॥ ১১
কাতরে কন মাধব, শুন হে সখা উদ্ধব!
আছি হয়ে মথুরার ধব, ব'সে সিংহাসনে।
পেয়ে এ বৈভব সব, তিলার্দ্ধ নাই উৎসব,
ব্রজের বসতি সব, না হেরে নয়নে ॥ ১২
অবিলম্বে পদব্রজে, গমন করিয়ে ব্রজে,
আসিয়ে ব্রজের কুশল ক'বে।
ব'লে চক্ষে শতধার, ভব-নদীর কর্ণধার,
সংবাদ লইতে রাধার, পাঠান উদ্ধবে ॥ ১৩
উদ্ধব প্রণমিয়া কৃষ্ণ-পদে, হৃদে দেখে দুই মুদে,
ভবের ইষ্ট, গোলোকবিহারী।
দিননাথ-সুতার জলে, পার হ'য়ে ভাসে নয়ন-জলে,
কৃষ্ণ-বিচ্ছেদ-অনলে জলে, বৃন্দাবনপুরী ॥ ১৪
দাঁড়ায়ে যমুনার কূলে, দেখেন উদ্ধব গোকুলে,
ব্রজ-বসতি সব।
বৃক্ষের শুকায়েছে পল্লব, বিনা ব্রজের ব্রজ-বল্লভ,
পশুপক্ষী নীরব সব, না হেরে কেশব ॥ ১৫

—

খাম্বাজ[2]—ঝাঁপতাল

আসি দেখিছেন উদ্ধব ছিন্ন-ভিন্ন ব্রজ-মণ্ডলে।
হেরি কৃষ্ণশূন্য অচৈতন্য, পড়ে সব ধরাতলে ॥
ভ্রমে না ভ্রমর সব, কুসুমাদি কমলে নাহি রব,
হয়ে নীরব কোকিল কাঁদে তমালে।
না শুনিয়ে মধুর বেণু, কাঁদে ধেনু সকলে,
যমুনা হইয়েছে প্রবল, গোপিকার নয়ন-জলে ॥ (গ)

—

শ্রীকৃষ্ণ-বিহনে শ্রীবৃন্দাবন ছিন্ন-ভিন্ন

দেখে উদ্ধব দীনবান্ধব-ভিন্ন ছিন্ন-ভিন্ন।
আছে গোকুলে শোকাকুলে সকলে জীর্ণশীর্ণ ॥ ১৬
নাই গোপিকার গৌরব, কুসুমের সৌরভ,
অলি বসে না কমলে।
শুষ্ক কলেবর, নীরব পিকবর, কাঁদে বসে তমালে ॥ ১৭
ব্রজের শ্রী হরি, লয়ে শ্রীহরি, করেছেন শ্রীহরি, মধুপুরে।
বিনা সে কেশব, সবে যেন শব, হয়ে আছে ব্রজপুরে ॥ ১৮

বৃন্দাবন শোভাহীন—সে কেমন?

পণ্ডিত বিহনে যেমন, সভার শোভা নাই।
দিনমণি ভিন্ন যেন, দিনের শোভা নাই।
রাজ্যের শোভা নাই যেমন, নরপতি বিনে।
ব্রাহ্মণের শোভা হয় না, যজ্ঞোপবীত বিহনে।
সরোবর কি শোভা পায় সলিল যদি না থাকে?
বিদ্যাহীন পুরুষের শোভা নাই যেমন ভূলোকে।
দেবী না থাকিলে যেমন, মণ্ডপের শোভা হয় না।
সুপুত্র বিনে যেমন, বংশের শোভা রয় না।
নিশির শোভা হয় না যেমন, শশধর বিনে।
তেমনি বৃন্দাবনচন্দ্র ভিন্ন, শোভা নাই বৃন্দাবনে ॥ (অ)

আছেন দাঁড়ায়ে উদ্ধব, যেখানে মাধব,
থাকিতেন মাধবীতলে।

পাঠান্তর: ১-১ দুরদৃষ্টহারী—ক। ২ সুরট-খাম্বাজ—ক।

দেখে দ্রুতগামিনী, এক কামিনী,
গিয়ে কমলিনীকে বলে ॥ ২৪
প'ড়ে কেন ধরাতল, বাঁধ গো কুন্তল,
গা তোল গা তোল প্যারি !
আর কেন গো কাতর, দেখে এলাম তোর,
এসেছে মনোচোর হরি ॥ ২৫

খাম্বাজ[১]—কাওয়ালী

রাই ! চল চল যাই সকলে।
হরিতে দুঃখার্ণব, এসেছেন শ্রীমাধব,
দেখিলাম, দাঁড়ায়ে আছেন মাধবী-তরুর তলে ॥
শোক সম্বর গো প্যারি ! অম্বর সম্বর,
বিগলিত-কুন্তলে কেন প'ড়ে ধরাতলে ॥ (ঘ)

পরম-ভাগবত উদ্ধব-আগমনে বৃন্দাবনের প্রফুল্লতা

উদ্ধবে মাধবে প্রভেদ, অবয়ব নাই ভেদাভেদ,
যেন ব্রজের হরি ব্রজে দেখে উদয়।
হয় নব-শাখা তরুবরে, সলিল পূর্ণ সরোবরে,
করে রব পিকবরে, যেন বসন্ত সময় ॥ ২৬
বসে অলিদলে শতদলে সুখে, নৃত্য করে শারী শুকে,
পশু পক্ষী সকলে সুখে, করে রব গৌরবে।
যেন হলো কৃষ্ণের আগমন, প্রফুল্লিত সকলের মন,
মোহিত হলো বৃন্দাবন, ফুলের সৌরভে ॥ ২৭
হেথায় ছিলেন রাই ধরাতলে, গোপিনী যখন ধ'রে তুলে,
বলে,—মাধবীতরুর তলে, দেখে এলাম কেশবে।
শুনে রাধার নয়ন ভাসে, কত মিনতি-ভাবে ভাষে,
কায কি আর ও সম্ভাষে, ভাসে আর সবে ॥ ২৮
আর পাব কি দীনবান্ধবে, [২]ক'রে দীন[২] বান্ধবে,
গি'য়ে ব'ধে মথুরার ধবে, পেয়েছেন বৈভব।
লয়ে ব্রজের শ্রী হরি, করেছে শ্রীহরি,
আর কি আমার শ্রীহরি, আসার সম্ভব ॥ ২৯
বলে, রাই নয়ন গলে, শুনে গোপী কর-যুগলে,
বসন গলে দিয়ে বলে সত্য।
প্রবঞ্চনা করি নাই, গোকুলে এসেছেন কানাই,
বৃন্দাবন অসুখী নাই, সেইরূপ চিত্ত মত্ত ॥ ৩০
হরি দিয়েছেন ব্রজের গৌরব, হয়েছে ফুলের সৌরভ,
পশু পক্ষী করিছে রব, নীরব গোকুলে নাই।
রাই দেখে-শুনে গোকুলের ভাব, ভাবের কিছু অনুভাব,
ভব-ভাবিনী ভাবেন এ ভাব, কি ভাব দেখ্‌তে পাই ॥ ৩১
এক ভাবেন এসে নাই শ্যাম, আবার ভাবেন ঘনশ্যাম,
ব্রজধাম না এলে, এ সব কি শুনি !
এত ভাবি অন্তরে, বৃন্দেরে কন সকাতরে,
চল যাই সত্বরে, হেরি গো চিন্তামণি ॥ ৩২

---

[৩]সুরট মল্লার—ঝাঁপতাল[৩]

হরি হেরিতে হরি-সোহাগিনী, চঞ্চল চরণে চলে।
যেন মত্তা মাতঙ্গিনী এই ভূমণ্ডলে।
গগন হ'তে শশী যেন উদয় আসি ভূতলে,
সখীগণ যেন তারা, ঘেরিল তারা সকলে ;
হৃদে কাতরা, গমনে ত্বরা, ভাসে আঁখি-তারা জলে।
রাধার চরণতল-কিরণ, যেন তরুণ অরুণ,
নখে দশখণ্ড শশী আছে পদ্ম-কমলে।
দাশরথি কহিছে, যখন মুদিব আঁখি-যুগলে,
হৃদয়-পদ্মে যেন দেখি ও-পাদপদ্ম-যুগলে,
তবে কি আর ভয় ভবে কালে সে কালে ॥ (ঙ)

শ্রীরাধিকার মাধবী-তরুতলে গমন

কুঞ্জ হ'তে যান যখন কুঞ্জরগামিনী।
ভূমে উদয় হয় যেন শত সৌদামিনী ॥ ৩৩

পাঠান্তর : ১ বাহার বাগেশ্বরী—খ, ট। ২-২ করে দিলে—খ, ট। ৩-৩ মল্লার—একতালা—খ, ট।

হরির ধ্বনি ক'রে সব ধনী, হরি যায় দেখিতে।
সঙ্গে সঙ্গিনী শ্যাম-সোহাগিনী, প্রেম-ধারা আঁখিতে। ৩৪
নাই বিশ্রাম রাধার, ভব-মূলাধার, দেখিবার জন্যে।
ভানু-শশি-বন্দিনী, ভানুজ-ভয়হারিণী, বৃকভানু-রাজকন্যে।
ভবের সম্পদ, যে যুগল পদ, কুশাঙ্কুর বাজে সে পদে।
করেছিলেন পূজ্যমান, সেধে ভগবান, ধরেছিলেন যে পদে।
হ'তেছে নির্গত, বিন্দুরক্ত, যেন অলক্ত শোভা পায় পায়।
সেই শ্রীহরি ভিন্ন যেন ছিন্ন, প্রমদায় প্রেম-দায়। ৩৭

নাই সুমধুর হাস্য, মলিন আস্য,
রাহু যেন শশধরে ধরে।
দেখেন,—দাঁড়ায়ে উদ্ধব, বলেন,—এ নয় মাধব,
এরে কি শ্রীধরে ধরে। ৩৮
কেন সখি! উৎসব, ব'লে ঐ কেশব!
প্যারীর তত বারি নয়ন-যুগলে গলে।
দেখে রাধার ভাব, না বুঝে সে ভাব,
শাসিল প্রবলে বলে। ৩৯
হরি ছিলেন প্রতিকূল, হলেন অনুকূল,
আজ যদি গোকুলে।
হলো যে মঙ্গল, কেন অমঙ্গল,
বারি নয়ন-যুগলে গলে। ৪০
শুনে ক'ন প্যারী, কৈ মধুপুরী,
এসেছেন পরিহরি হরি।
সেই অবয়ব, এ ত নয় মাধব,
দেখে ওরে গুমরি মরি। ৪১

—

ভৈঁরো-ললিত[১]—একতালা

কও কিরূপ ঐ বিশ্বরূপ, আছে সে রূপের বিভিন্ন।
শ্রীধরের শ্রী ধরে,—ধরায় ধরে কি, সই! অন্য।
সে রূপ হেরে, মনকে ঘিরে, সখি! করে গো আচ্ছন্ন;
চিন্তামণির হৃদে শোভে ভৃগুমণির পদচিহ্ন। (চ)

—

উদ্ধবের সহিত বৃন্দার কথা

তখন, শুনি বাক্য কিশোরীর, বৃন্দের শিহরিল শরীর,
নিরখিল শ্যাম সে ত নয়।
মনেতে বিচার করি, শ্রীরাধার কিঙ্করী,
বিনয় করি উদ্ধবেরে কয়। ৪২
কে তুমি কোথায় ধাম, এসেছ হে ব্রজধাম,
রাধার গুণধাম অবয়ব সব।
ক'রে তোমার দৃশ্য রূপ, ঠিক যেন হে বিশ্বরূপ,
কিন্তু নও কেশব। ৪৩

শুনিয়ে কন উদ্ধব, মাধব নই আমি উদ্ধব,
পাঠালেন জগতের ধব, আমারে গোকুলে।
কেমন আছেন ব্রজবসতি, সঙ্গিনী আদি রাধাসতী,
মগ্ন আছেন শ্রীপতি, সদা শোকাকুলে। ৪৪
বৃন্দে, শুনিয়ে উদ্ধবের বচন, বারি-পূরিত দু-নয়ন,
বলে, প্যারীকে কি পদ্মলোচন করেছেন মনে।
দেখ, ব্রজের বসতি সব, ছিন্নভিন্ন যেন শব,
হ'য়ে আছি সবে শব, সেই কেশব বিনে। ৪৫

ক'রে গিয়াছেন যে, দুর্দশা, দেখ উদ্ধব! ব্রজের দশা,
দশম দশা হ'তে রাধার কত দশা হলো।
দীনবন্ধু ক'রে দীন, গিয়েছেন যেই দিন,
অন্ধকার নিশিদিন, সুদিন ফুরাল। ৪৬

—

বিভাস—ঝাঁপতাল[২]

হেরি অন্ধকার, হে উদ্ধব! ব্রজের ধব মাধব বিনে।
অক্রূর হ'রে লয় যে দিন দীনবন্ধুকে,
দিন গেছে সে দিন, নিশি দিন হয়েছে আজি দীনে।

পাঠান্তর: ১ ভৈঁরো—খ। ২ একতালা—খ, ট।

তারানাথের নয়নতারা, হারায়ে কাতরা,
গোপদারা সবে বৃন্দাবনে।
গেছে নয়নতারা, তারার তারাকারা ধারা,
তারা-আরাধনের ধনে না হেরে নয়নে। (ছ)

—

শুনে উদ্ধব কন যেমন রাই, মাধব কাতর ঐ ধারাই,
'রাই রাই' ভিন্ন নাই মুখে।
কমল-নেত্রে শতধার, ভব-নদীর কর্ণধার,
মগ্ন আছেন শ্রীরাধার, বিচ্ছেদেতে দুঃখে। ৪৭
শুনে বৃন্দে বলে, শ্যামসখা! হারা হয়ে শ্যামসখা,
ললিতে আদি বিশখা, আছি সকলে ক্ষুণ্ণ।
জ্ঞান নাই মোদের পূর্বোত্তর, না করিলে উত্তর,
প্রত্যুত্তরে হই কই উত্তীর্ণ। ৪৮
ব্রজে পাঠান তোমায় অসম্ভব, যা পেয়েছেন বৈভব,
রাজরাণীও সম্ভব, হয়েছে মনোমত।
তাঁর গোকুলের সংবাদ লওয়া, রোগীর যেমন ঔষধ খাওয়া,
বেগারের পুণ্যে গঙ্গায় নাওয়া, মনে নয় সম্মত। ৪৯
কংসেরে করি নিধন, পেয়েছেন রাজ্যধন,
কৃষ্ণধন আর কি গোধন, চরাবেন গোকুলে!
যা হউক একটা শুধাই উদ্ধব! বিচারপতি কেমন মাধব,
হয়েছেন মথুরার ধব, শুনি সে সকলে। ৫০
বিদ্যাবুদ্ধি জানি সকল, লেখাপড়ায় যেমন দখল,
জিজ্ঞাসিলে কথা, ককিয়ে ককিয়ে উঠে শ্যাম।
ছিল রাখাল লয়ে গলাগলি[১], সরস্বতীর সঙ্গে দলাদলি,
ও বিষয়টা গালাগালি, বিদ্যায় গুণধাম। ৫১
লোকের শৈশব কালে হাতে খড়ি, তাঁর হাতেতে পাঁচন-বাড়ী,
দিয়াছিল তাই বাড়াবাড়ি, কেবল গরুর জানেন ভাল যত্ন।
কর্‌ছেন গোঠে মাঠে হাঁটাহাটি, রাখানে তাঁর চতুষ্পাঠী,
গোচিকিৎসায় পরিপাটী, ঐ বিদ্যার ন্যায়রত্ন। ৫২
শ্রীরাধার মানে দাসত্ব-খত, শ্যাম তায় দস্তখত,
কর্‌তে কত নাকে খত, দিয়েছেন কুঞ্জবনে।
যদি এখন হয়েছেন ধনী, কি ক'রে চালান রাজধানী,
কেমন বিচার করেন শুনি, ব'সে সিংহাসনে। ৫৩

—

সুরট-খাম্বাজ—কাওয়ালী

শুনি কি বিচার কর্‌লেন শ্রীহরি।
তবে কোন্ বিচারে মরে কিশোরী।
অচৈতন্ত জ্ঞান-শূন্য, দিবা-শর্ব্বরী।
এই কি তার হ'লো বিচার,
গোকুলে করিলেন প্রচার,
সঁপিলাম মন কুলাচার পরিহরি!
জগৎ ব্রহ্মাণ্ড যার ক'রে যায় ভৃত্যাচার,
সে বিচার-পতির একি অবিচার,
হলো রাধার কি পাপাচার, তার উপরে অত্যাচার,
কৃপণাচার কর্‌লেন ব্রজে কুঞ্জবিহারী। (জ)

—

আবার নিন্দে শ্রীগোবিন্দে, কহেন উদ্ধবে বৃন্দে,
হরির করিলে নিন্দে, অধোগতি[৩] হয়।
যে করেছেন শ্রীনিবাস, নিন্দিলে হয় নরকে বাস,
কিন্তু 'দোষা বাচ্যা গুরোরপি' শাস্ত্র-মতে কয়। ৫৪
বৃকভানু রাজার কন্যে, জগৎপূজ্যা ত্রিলোক-মান্যে,
তারে ক'রে দিলে দৈন্যে, কুব্জার প্রেমে বাঁধা।
যে রাধার জন্যে হরি, গোলোকপুরী পরিহরি,
ব্রজে হয়ে নরহরি, নন্দের বয়েছেন বাধা। ৫৫
নামে যাঁর বিপদ হরে, যে নাম কর্ণ-কুহরে,
শুনিলে জীবের দুঃখ হরে, ভব-নদীর কূলে।
যাঁর বিরিঞ্চি-বাঞ্ছিত চরণ, যাঁর পদ করিয়ে স্মরণ,
কাল কর্‌ছেন কাল-হরণ, শ্মশানে বিহ্বলে। ৫৬
দেখ ত্রিলোক-পবিত্রকারিণী, যমালয়-গমন-বারিণী,
সুরধুনী যে পদে জন্মেছে।

পাঠান্তর: ১ গালাগালি—খ, ট। ২-২ ঝিঁঝিট—ঠেকা—খ, ট। ৩ অধোগামী—খ, ট।

ব্রজপদ ইন্দ্রপদ, তুচ্ছ হয় এ সম্পদ,
এ সব পদ, জ্ঞান হয় আপদ, শ্যাম-পদের কাছে ॥ ৫৭
দেখ ব্রত যাগ যজ্ঞ ক'রে, ফল যাঁরে সমর্পণ করে,
সে যদি নীচ কর্ম্ম করে, তারে বলিতে কি দোষ ?
যখন ছিলেন শ্যাম ব্রজধামে, রাই থাকিতেন শ্যামের বামে,
ভক্তের মনে কোনক্রমে, হ'ত না অসন্তোষ ॥ ৫৮
ধরায় দেবালয় করে যারা, ব্রজের ভাব ঠিক করে তারা,
কুব্জা-কৃষ্ণ কোন ভক্তেরা, স্থাপিত ক'রেছে কি কোন দেশে।
দিয়ে রাধা-লক্ষ্মী বনবাস, কোন্ লাজেতে শ্রীনিবাস,
কুজায় লয়ে কচ্ছেন বাস, রাষ্ট্র দেশ বিদেশে ॥ ৫৯

'সুরট—কাওয়ালী'

ও ভাবে কি হয় ভক্তের মোহিত মন!
সে যে ভাব, সব অভাব, এখন কি ভাবে—
কুব্জার ভাবে আছে মন্মথমোহন ॥
ব্রজের ভাবটী কেবল ভক্তের হাটে বিকায়,
যে ভাব ভাবিলে শঙ্কায় শমন অন্তরে গে লুকায়,
ভবের ভাবনা যায়, জীবের সকায়
গোলোকেতে হয় গমন ॥ (ঝ)

বৃন্দে যত প্রবলে বলে, শুনে উদ্ধব কাতরে বলে,
ভক্তাধীন তাঁয় বেদে বলে, জান ত সহচরি!
তিনি ভক্তি পান যার তার[২], কি রাজার কি প্রজার,
শুধু নয় কুব্জার, প্রেমে বাঁধা হরি ॥ ৬০
ভক্তজন্য বিশ্বরূপ, ধরায় ধরেন নানা রূপ,
বরাহ-আদি নৃসিংহরূপ, হইয়ে বামন,
[৩]বাঁধা রন বলির দ্বারে, রাবণ বাঁধে রাম অবতারে[৩]।
হেথা নন্দের বাধা লয়েছেন শিরে, সে রাধারমণ ॥ ৬১
তাই করেছিল ভক্তি সাধন, তাতেই বটে ভবারাধ্য ধন,
বাধ্য হ'য়ে দিয়েছেন বন্ধন, কুব্জার প্রেম-ডোরে।
শুনে বৃন্দে বলে,—উদ্ধব! তাতেই দীনবান্ধব,
হয়েছেন কুব্জার ধব, গিয়ে মধুপুরে ॥ ৬২
কিছু যা ছিল অন্তরে ভক্তি, শুনে জন্মিল অভক্তি,
উক্তি বেদের—ভক্তিপ্রিয় মাধব বটে।
এ যে শুধু নয় তার ভক্তিভাব, তার স্বভাবগুণে অনুভাব,
দেখে ভাবের প্রাদুর্ভাব, ভাব-ভক্তি চটে[৪] ॥ ৬৩
যদিও ছিলেন পরম পবিত্র, স্থান-বিশেষে অপবিত্র—
রয়েছেন ত্রিলোক-পবিত্র, ত্রিলোচনের ধন।
যখন ব্রজে ছিলেন নিরঞ্জন, ভবের কালভঞ্জন,
ভবের ভবারাধ্য ধন ॥ ৬৪
যদি ভগীরথ-খাদে থাকে বারি, সেই বারি কলুষ-নিবারী,
স্পর্শ মাত্র করিলে বারি, সবারি পাপ ক্ষয়।
সেই বারি কোন কূপে, প্রবেশ যদি হয় রূপে,
পরশ করিলে কোন রূপে, মাক্ত নাহি হয় ॥ ৬৫
হরি যারে তোলেন শিরে সেই অতুল্য তুলসীরে,
ক'রে সচন্দন মুনি-ঋষিরে, ইষ্ট সাধন করে।
যদি সেই তুলসী যবনে তুলে, অপবিত্র ব'লে ভূতলে,
টেনে ফেলে দেয় কেউ না তুলে, বিষ্ণুর মন্দিরে ॥ ৬৬

খাম্বাজ—পোস্তা

দেখে সেই হরির ভক্তি, হরিভক্তি যায় চটে।
ত্যজিয়ে পদ্মের মধু মনঃপূত হ'ল চিটে।
কুরূপা কংসের দাসী, তাতে তার মন উদাসী,
লক্ষ্মী যার চিরদাসী, থাক্‌তে চরণের নিকটে ॥ (ঞ)

উদ্ধবের নন্দালয়ে গমন

শুনে উদ্ধব বলে, ব্রজের প্রতি, আছে ব্রজনাথের প্রীতি,
এথা তোমরা সম্প্রতি, কর ধৈর্য্যাবলম্বন।
ব্রজপুরী পরিহরি, তিলার্দ্ধ নন শ্রীহরি,
পাদমেকং ন গচ্ছতি, ছাড়া নন বৃন্দাবন ॥ ৬৭

পাঠান্তর : ১-১ ইমন—ঝাঁপতাল—খ, ট। ২ বারবার—খ, ট। ৩-৩ ক-গ্রন্থে এই অংশটি নাই। ৪ ছুটে—খ, ট।

তখন গোপীগণে আশ্বাসিয়ে, নয়ন-জলে ভাসিয়ে,
নন্দালয়ে প্রবেশিয়ে, দেখিছেন উদ্ধব।
কাঁদিছেন উপানন্দ, অন্ধ হ'য়ে আছেন নন্দ,
ঘটাইয়ে ঘোর বিবন্ধ, গিয়েছেন মাধব। ৬৮
আবার দেখেন নন্দরাণীর, দু-নয়নে বহিছে নীর,
নীরদবরণ নীলমণির, শোকে সকাতরা।
কিবল! বলে, কি এলি গোপাল,
দেখা দিয়ে প্রাণ রাখ রে গোপাল!
আবার দেখেন প'ড়ে গোপাল, ঊর্দ্ধমুখে তারা। ৬৯
শ্রীদাম-আদি রাখাল সব, প্রাণবিহীন যেন শব,
কেবল ডাকে এলি কেশব, সবারি শবাকার।
দেখিয়া ব্রজের ভাব, যে দশা বিনা কেশব,
যত ব্রজবাসী সব, করে হাহাকার। ৭০
তখন ধীরে ধীরে যান উদ্ধব, দেখে যশোদা বলে—এলি মাধব,
তোর শোকে গোকুলের সব, প'ড়ে ধরাতলে।
যেন মৃত দেহে পেয়ে পরাণী, মাধব ব'লে উদ্ধবে রাণী,
কোলে করি, আয় নীলমণি! ডাক দেখি মা ব'লে। ৭১

---

[1]ঝিঁঝিট-মধ্যমান—ঠেকা[1]

যদি এলি গোপাল! আয় কোলে করি।
অভাগিনী জননীরে কেমনে ছিলে পাসরি।
অন্ধ হ'য়ে আছে নন্দ, ঐ দেখ প'ড়ে উপানন্দ,
তোর শোকে গোবিন্দ আমার, নিরানন্দ নন্দপুরী। (ট)

উদ্ধবের মথুরা-যাত্রা

তখন কেঁদে কয় উদ্ধব, মাধব নই—আমি উদ্ধব,
মাধব-দাস বাস মথুরাতে।
দিয়েছেন অনুমতি বিপদবারী, তত্ত্ব লতে তোমা সবারি,
শুনি রাণীর নয়নে বারি, পতিত ধরাতে। ৭২

পরে চৈতন্য পাইয়ে রাণীর, অনিবার নয়নে নীর,
বলে, তুই এলি নীলমণির, জননীর তত্ত্ব নিতে।
এই যে ছিল বৃন্দাবন, কেবল মাত্র আছে জীবন,
হারা হয়ে জীবনের জীবন, প'ড়ে ধরণীতে। ৭৩
ঐ দেখ প'ড়ে উপানন্দ, অন্ধ হয়ে আছেন নন্দ,
সকলেতেই নিরানন্দ, স্পন্দন রহিতে।
ছিদামাদি রাখালগণে, জ্ঞানশূন্য অঙ্গনে
প'ড়ে সব গোধনগণে, প্রমাদ গণিতে। ৭৪
নাহি খায় তৃণ-জল, নয়নে ঝরিছে জল,
জলদ-বরণ বিনে জল, কেউ দেয় নাই মুখে।
উঠিবার ক্ষমতা নাই, কার দেহে মমতা নাই,
কে মমতা করে এমন নাই, কানাই বিনে এ দুঃখে। ৭৫
না হয় অক্রূর তারে হরিল, সে কেমনে পাসরিল,
জনক জননী বধ করিল, পাষাণ-হৃদয় ছেলে।
পেয়েছে রাজ্য মধুপুর, সেই বা পথ কতদূর,
কেমনে নিঠুর ক্রূর, মায়ে রয়েছে ভুলে। ৭৬

---

[2]খাম্বাজ—যৎ[2]

আর কত দিন, মায়ার অধীন, হয়ে রব বৃন্দাবনে।
কেঁদে গেছে নয়ন-তারা, সেই অন্ধের নয়ন-তারা,
হারা হ'য়ে তারা-আরাধনের ধনে।
যায় বিদরিয়ে হিয়ে, সে চাঁদবদন চাহিয়ে,
কে দিবে ক্ষীর সর নবনী;
ক্ষুধার সময় হ'লে, সহিতে নারে ভাসে নয়ন-জলে
বেদন অন্যে কি জানিবে, এই অভাগিনী বিনে। (ঠ)

এইরূপ নন্দরাণীর, নয়নে বহিছে নীর,
চিন্তামণির শোকের কারণ হ'য়ে।
কভু বক্ষে হানে কর, কভু প্রসারি দুই কর,
কভু কয় যোড়কর,—ধর নবনী কর পাতিয়ে। ৭৭

পাঠান্তর: ১-১ সোহিনী বাহার—মধ্যমান ঠেকা—খ, ট। ২-২ মুলতান—একতালা—ক, ট।

হারা হয়েছে বাহ্য জ্ঞান, দেখি উদ্ধব বিধি-বিধান,
প্রবোধ-বচনে শান্ত করি।
প্রণমিয়ে যশোদায়, গোকুল হ'তে বিদায়,
হয়ে গিয়ে মথুরায়, হরিকে প্রণাম করি। ৭৮

বলে, হে ত্রিলোকের নাথ! গোকুল ক'রে অনাথ,
শ্রীনাথ বিহনে তারা সব।
প্রাণ মাত্র আছে দেহ, যদি দরশন দেহ,
থাকে—দেহ হয়েছে শব কেশব। ৭৯

—

আলিয়া—মধ্যমান

কি দেখিলাম কেশব! ব্রজবাসী সব,
শবপ্রায় সব প'ড়ে ধরাসনে।
জীর্ণশীর্ণ ছিন্নভিন্ন, জ্ঞান-বিভিন্ন তোমা ভিন্ন,
হয়ে আছে বৃন্দাবনে।

গোকুল আকুল গোকুলচন্দ্র হয়ে হারা,
শুন ওহে তারানাথের নয়ন-তারা!
তারায় বহে যারা, তারাকারা ধারা,
জ্ঞান নাই আর,—বাঁচে কত তারা,
নয়ন-তারা বিনে।

মা যশোদা সদা করে ল'য়ে সর,
ডাকেন গোপাল গোপাল ক'রে উচ্চৈঃস্বর,
একবার গুণেশ্বর, হয় না অবসর,
আসিবার রে! ধর ধর সর তোর দিই চন্দ্রাননে। (৬)

—

২৪। রুক্মিণী-হরণ

দ্বারকায় শ্রীকৃষ্ণ-দর্শনের জন্য নারদ মুনির আগমন

লেপন সর্ব্বকায়, গঙ্গা-মৃত্তিকায়,
স্মরিয়া শ্রীরাধা-রমণ।
শ্যাম জলদ-কায়, দেখিতে দ্বারকায়
নারদ ঋষির গমন। ১

লোক রাগাইতে, দ্বন্দ্ব লাগাইতে,
দণ্ডে শত দেশে যান।
বাজায়ে দোকাটি, গমন একাটি[১],
দ্বারকায় অধিষ্ঠান। ২

প্রণমিল মুনি, প্রভু চিন্তামণি,
চরণ-সরোজে আসি।
মুনি-আগমনে, আনন্দিত মনে,
সহ কৃষ্ণ পুরবাসী। ৩

হেরি দ্বারকার, পুরী চমৎকার,
নির্ম্মাণ মণি-মাণিকে।
মুনি কন,—এ সব, কেন হে কেশব!
কার জন্যে অট্টালিকে। ৪

গ্রহরূপী হরি, অনুগ্রহ করি,
কর নিবেদন গ্রহ।
গৃহে নাই ভার্য্যে, আছ কি সৌভার্য্যে,
যথারণ্য তথা গৃহ। ৫

তাহা কি প্রকার?
ভক্তি নাই তার ভজন অগ্নি নাই তার ভোজন,
শক্তি নাই তার রাগ।

পাঠান্তর: ১ একট একটি—ক।

মান নাই তার সজ্জা, জাতি নাই তার লজ্জা,
মৃত নাই তার যাগ॥
পক্ষী নাই তার খাঁচা, সুখ নাই তার বাঁচা,
প্রাণ নাই তার দেহ।
দ্রব্য নাই তার মাচা, রূপ নাই তার নাচা,
গৃহী নয় তার গৃহ॥ (অ)

শীঘ্র হয়ে কৃতী, কর হে নিষ্কৃতি,
প্রকৃতি আন হে বামে।
যুগল মিলন, রূপ অতুলন
হেরিব দ্বারকাধামে॥ ৮

কর মনোযোগ, করি যোগাযোগ,
তবে শুভযোগ জানি।
শুনে মনঃপ্রীতি, নারদের প্রতি,
শ্রীপতি কহেন বাণী। ৯

হৈলে প্রয়োজন, কর আয়োজন,
সর্ব্বজন ইহা বলে।
শুনি মুনিবর, প্রভু পীতাম্বর-
পদে প্রণমিয়ে চলে। ১০

* * *

কৃষ্ণ-বিবাহের আয়োজন-জন্যে নারদমুনির যাত্রা

সাজিল মুনি সত্বরে, কৃষ্ণ বিবাহের তরে,
তুলে পঞ্চস্বরে বীণার তান।
দীনের দিন রাখ রে বীণে! দিন গেল রে দিনে দিনে!
এত বলি বীণাকে বুঝান। ১১

তোর জোরে যমে ভাবি নে, তো বিনে নাই বন্ধু, বীণে!
বীণে[১] সুখে সুখে কাল কাটাই রে।
যা করেছ ভাই নবীনে, এখন প্রবীণে বীণে,
কৃষ্ণ বিনে আর মুক্তি নাই রে॥ ১২

তন্ত্র মত কর তন্ত্র, যন্ত্রণা ঘুচাও যন্ত্র!
দেহযন্ত্রে যন্ত্রী যেই জন।
গুন্ গুন্ তুলিয়ে তান, তারি গুণ করো গান,
কি গুণ অনিত্য আলাপন। ১৩

বীণা! জানো বহু রাগিণী রাগ, যে রাগে থাকে বিরাগ,
তায় কি প্রয়োজন রে।
সেই রাগে তো অনুরাগ, যে রাগে ঘটে বৈরাগ,
প্রয়াগ-গমনে বাঞ্ছা মন রে॥ ১৪

গেলো দিন তো নবরাগে, কামাদি বিপক্ষ-রাগে,
রাগে রাগে আছেন দয়াময় রে।
চলো রাগ আলাপন করি, যে রাগ তুলিলে হরির,
রাগ-ভঞ্জন হয় রে। ১৫

মূল কথা শুন মন দিয়ে, মূলমন্ত্র মিশাইয়ে,
মূল-তান আলাপ কর ভাই রে।
চলো সিন্ধু আলাপিয়ে, কৃপাসিন্ধুর নাম দিয়ে,
ভবসিন্ধু পার যাহাতে পাই রে। ১৬

চলো কল্যাণ আলাপ করি, যাতে কল্যাণ করেন হরি,
কল্যাণ গমন-অন্তে হয় রে।
জপ জয় জয় জলদকান্তি, মিশাইয়ে জয়জয়ন্তী,
করো অন্তে যমকে পরাজয় রে॥ ১৭

মল্লারে আইসে জল, মেঘের জলে কি ফল!
কৃষ্ণগুণ গাও রে মল্লারেতে।
যেন হৃদয়-মাঝারে হন, উদয় কৃষ্ণ নবঘন,
প্রেম-জল ঝরে নয়ন-পথে। ১৮

চলো অহং ছাড়ি অহং আলাপি, বলো, 'কৃষ্ণ! অহং পাপী'!
কাতর অহং কৃষ্ণ মোরে ত্রাণ।
শুনে বীণা বিনাইয়ে, ক অক্ষর বর্ণাইয়ে,
কাতরে কৃষ্ণের গুণ গান॥ ১৯

পাঠান্তর: ১ বিনে—ক, খ, গ।

সুরট—ঝাঁপতাল

কিং ভবে, কমলাকান্ত! কালান্তে কাল-করে[১]।
কুরু করুণা, কাতর কিঙ্করে, কৃষ্ণ কংসারে!
ক্রিয়াবিহীন-কুমতি-কৃত পাতকিকুল-নিস্তারে।
কেশব করুণাসিন্ধু কলি-কলুষ-সংহারে॥
ওহে কুলবিহীন-কুল! কুলকামিনী-কুলহর কান্তে!
কালীয়-ফণি কাল, কালবরণ! কাল-নিবারে!
কম্পে কায়া কামাদি কজন কুজন ব্যবহারে।
কাতরোঽহং রক্ষ, কমলাক্ষ! দাশরথি রে। (ক)

——

নারদ-মুনির বিদর্ভ নগরে গমন

চলেন মুনি চিন্তামণি-গুণগান ক'রে।
ভীষ্মক ভূপতি-রাজ্যে বিদর্ভ নগরে॥ ২০
সভায় সবার মধ্যে ভূপতি বিহরে।
শুনিল ঐ কৃষ্ণ-নাম শ্রবণ-কুহরে॥ ২১
রাজা বলে, যদি ঐ কৃষ্ণ আমায় কৃপাদৃষ্টে চান।
আমার রুক্মিণী কন্যা তাঁরে করি দান॥ ২২
অন্তঃপুরে রুক্মিণী শুনিয়ে ঐ ধ্বনি।
মুনির বীণা শুনি যেন মণিহারা ফণী॥ ২৩
অমনি রমণী মধ্যে হলেন অধরা।
তারাকারা ধারায় ভাসিল নয়ন-তারা॥ ২৪
ধনীর দূরে গেল অঙ্গরাগ, প্রেমে অঙ্গ ঢল ঢল।
চঞ্চল চকিত মন, দুটী চক্ষু ছল ছল॥ ২৫
ভাবেন সতী, কৃষ্ণ পতি, যদি আমার ঘটে।
জন্ম সফল, কর্ম্ম সফল, তবে আমার বটে॥ ২৬
ফলিবে কি অদৃষ্টে আমার, মিলিবে কৃষ্ণ-করে কর।
পিতা কি আমারে আনি দিবেন পীতাম্বর॥ ২৭
কি হৈল কি হৈল, সখি! হায় কোথা যাব।
প্রাণ হারাইলাম সখি! প্রাণ কোথায় পাব॥ ২৮

——

ঝিঁঝিট[২]—খং

মধুর কৃষ্ণধ্বনি কে শুনায় গো সই!
গেলো প্রাণ তো গৃহের প্রান্তভাগে—
আমি ত আর আমার নই।
নাম শুনে যার আঁখি ঝোরে,
বিধি যদি মিলায় তারে, সই গো!
রাখি হৃদয়-মাঝারে তারে, রাঙ্গা পায়ের দাসী হই।
হবে কি মোর শুভাদৃষ্ট, হবে চণ্ডীর শুভ দৃষ্ট,—
সই গো! আমায় দিয়ে কৃষ্ণ—মনোভীষ্ট,
পুরাবেন কি ব্রহ্মময়ী। (খ)

——

নারদমুনির রুক্মিণী-দর্শন ও ঘটকালি

দ্রুতগতি দেবঋষি, রাজার সভায় আসি
আশীর্ব্বাদ করেন রাজনে।
ভীষ্মক মানিয়া ভাগ্য, যত্নে দিয়া পাদ্য অর্ঘ্য,
প্রণাম করিল শ্রীচরণে॥ ২৯
মুনি কন, নৃপমণি! তব তনয়া রুক্মিণী,
রূপের তুলনা ভগবতী।
যদি রাখ বাক্য নৃপবর! এ কন্যার যোগ্য বর,
যজ্ঞেশ্বর দ্বারকার পতি॥ ৩০
পাত্র বুঝে কন্যা দিবা, কিং ধনে কিং কুলেন বা,
পাত্র-দোষে শ্রেয় নহে কাজ।
আছে ত্রিভুবন দেখা মম, সুপাত্র নাই তাঁর সম,
"পুরুষেষু বিষ্ণু মহারাজ"[৩]॥ ৩২
শুনিয়া মুনির বাক্য, অমনি হইল ঐক্য,
ভাবিছেন ভূপতি অন্তরেতে।
করেছিলাম যে বাসনা সে বাসনা শবাসনা,
পূর্ণ করি দিলেন হাতে হাতে॥ ৩২
এত কৃত পুণ্য ছিল, বিধি কি বিক্রীত[৪] হৈল,
আমার নিকটে[৫] আহা মরি!

——

পাঠান্তর: ১ কাল রে—খ, জ। ২ লুম ঝিঁঝিট—ক। ৩-৩ পুরুষে হরিবিষ্ণু মহারাজ—খ, জ। ৪ সদয়—জ; সহায়—খ।
৫ অদৃষ্টে—খ, জ।

রাখ বাক্য মুনিরাজ! কি কাজ আর কালব্যাজ,
বাসনা পূরাও শীঘ্র করি। ৩৩

তখন শুভ লগ্ন শুভ বারে, রুক্মিণীরে দেখিবারে,
অন্তঃপুরে নারদের গমন।

সাজাইতে রাজকন্যা, এলো যত কুলকন্যা,
নগরবাসিনী নারীগণ। ৩৪

আসিয়া নব-সুন্দরী, সুন্দর সুচিত্র করি,
অলক্ত পরায় রাঙ্গা পায়।

নখচন্দ্র কাটে যার, যেন শশী পূর্ণিমার!
খণ্ড খণ্ড পড়িছে ধরায়। ৩৫

মায়ে দিল হরিদ্রা গায়, মালিনী মালা যোগায়,
খোঁপায় চাঁপায় ঘেরে সখী।

যথাযোগ্য সাজায় গাত্র, কজ্জলে উজ্জ্বল নেত্র,
সিঁতায় সিন্দূর মাত্র বাকী।

এক ধনী করি প্রবেশ, বিনাইয়া বেণী বেশ,
হৃষীকেশ-রাণীর কেশ বান্ধে।

লক্ষ্মীর সুসজ্জা দেখি, দ্বিলক্ষ যোজনে থাকি,
সরমে শরচ্চন্দ্র কান্দে। ৩৭

সখীগণ সঙ্গে করি, গমন নিন্দিত-করী,
হরিষে হরি স্মরণ করিয়া।

ভীষ্মক-রাজনন্দিনী, বিশ্বজন-বন্দিনী,
দেখা দেন নারদেরে গিয়া। ৩৮

নারদ বলে দিব্য বর্ণ, দিব্য নাসা দিব্য কর্ণ,
সুবর্ণপ্রতিমা ত্রিলোকধন্যা।

কোমল কক্ষ কোমল বক্ষ, দীর্ঘকেশী কমলাক্ষ,
লক্ষ্মীর লক্ষণা বটে কন্যা। ৩৯

লোমশী উচ-কপালী মেয়ে, খড়্গা-নাসা খড়ম-পেয়ে,
হৈলে পতির অমঙ্গল ঘটে।

তা নয় ইহাঁরে ধরি, মেয়ে ত্রিলোকসুন্দরী,
বাহ্য লক্ষণ সকলি ভালো বটে। ৪০

একবার হাঁ কর মা, চন্দ্রমুখি! তোমার দন্তের তদন্ত দেখি,—
তবে নারদ ক্ষান্ত হইতে পারে।

শুনি লক্ষ্মী করেন হাস্য, নারদের হৈল দৃশ্য,
দেখি দন্তে মুক্তাহার হারে। ৪১

রমণী-মাঝে নারদ কয়, মেয়ের কিছু মন্দ নয়,
কিন্তু একটী বলি তোমাদের কাছে।

সকলি ভালো চলিলাম দেখে, কিছু কিছু মা লক্ষ্মীকে—
চঞ্চলা চঞ্চলা ভাব আছে[১]। ৪২

ইনি স্থির হবেন না একঠাঁই, সকলকে দয়া সমান নাই,
কারে দিবেন দুঃখ, কারে অতুল প্রতাপ।

ইহাঁর পাত্র যেমন রূপাসিন্ধু, জগতে নাম জগবন্ধু,
রূপ কব কি কামদেবের বাপ। ৪৩

যা হৌক নারদ কয় শেষ, মেয়ে সুন্দরীর শেষ,
বিশেষ দেখি নে হেন মেয়ে।

এই মাসের প্রথম কি শেষ, শুভ কর্ম্ম হবে শেষ,
বিশেষ জানাই কৃষ্ণে গিয়ে। ৪৪

বুঝে পাইলে ঘটকালি, ঘটাতে পারি আজি কালি,
স্থির করি নাই—স্থির ক'রে যাই।

চাই তিন-শ হাতি ন-শ ঘোড়া, মাণিক চাই এগার ঘড়া,
কথায় হবে না লেখাপড়া চাই। ৪৫

রমণীগণ বলে, ঘটক! তায় কিছু রবে না আটক,
সৎপাত্রে দিতে কি রাজা ভাবে!

পাত্র যেমন পাবেন পণ, ঘটকের আছে নিরূপণ,
দশ-অংশের এক অংশ পাবে। ৪৬

হাসি রমণীগণ কয়, পাত্র তোমার কেটা হয়,
নারদ বলে,—লেঠা বাধালে বড়।

মিথ্যা কাজ কি বলি খাঁটি এখানকার বেহাই বটি,
কোটে পেয়েছো যা হয় তাই করো। ৪৭

রমণীগণ কয় হাসি হাসি, আমরা সবাই মেয়ের মাসী,
তবে, বেহাই! কেমন বটেন গৃহিণী?

পাঠান্তর: ১ লাগে—ক, গ।

তোমার পকদাড়ি পায়ে ঝোলে,
ইহাই দেখে কি বেহানী ভুলে ?
যদি ভুলেন তবে তাঁকে ধন্যি। ৪৮
নারদ বলেন, কে কি কয়, বয়স তো আমার অধিক নয়,
বাবা হয়েছেন—তার-পরেতে হই।
দেখাতে বয়স অতি কমি, মহাপ্রলয় দেখেছি আমি,
কবার বা 'বড় জোর আশী'[১] নয়ই। ৪৯
যেবার বটপত্রে হরি ভাসে, তার ফিরে বার বৈশাখ মাসে,
জন্ম আমার হয় মহীতলে।
বয়স তাকিতে পারে না অন্য পরে, কৈলাসেতে গেলে পরে,
মা আমাকে কালিকার ছেলে বলে। ৫০
এক চতুরা নারী, কয়, হাঁ হে। কালিকার ছেলে কে বা নয়,
কালিকার পেটে জন্মেন সবাই।
ও সব ফাঁকি-জুকি করিলে, কালিকার সম্বন্ধ ধরিলে,
মা হন ভগিনী, পিতা হন ভাই। ৫১
এইরূপে হয় কত, রসাভাষ উভয়ত,
নারীগণে গেল নিজালয়।
দেখি কন্যা দেব-ঋষি, রাজার সভায় আসি,
করেন শুভ সম্বন্ধ-নির্ণয়। ৫২
জগতে হৈল সমাচার, স্ত্রীগণে মঙ্গলাচার,
করে কন্যা লয়ে অন্তঃপুরে।
পর দিন হৈলে প্রভাত, আনন্দে আইবড় ভাত,
যত্নে রাণী দেন রুক্মিণীরে। ৫৩
প্রতিবাসী নারীগণে, ডাকে মাকে জনে জনে,
দণ্ডে শতবার যান লক্ষ্মী।
যে ডাকে—তার বাড়ী যান, রাখেন সবারি মান,
না গেলে কেহ পাছে হয় দুঃখী। ৫৪
একজন দ্বিজ-রমণী, প্রাচীনা অতি দুঃখিনী,
চিরদিন ভিক্ষাজীবী স্বামী।
রুক্মিণীর নিকটে আসি, বলে, নয়ন-জলে ভাসি,
শুন মাগো! দুর্ভাগিনী আমি। ৫৫
কপালে নাহিক ভদ্র, পতি অতি দুঃদরিদ্র,
পড়েছি মা! বিধির বিড়ম্বনে।
কপালে যা কখন নাই, মনে আজি করেছি তাই,
যদি মা! তোর দয়া হয় গো মনে। ৫৬

খাম্বাজ—যৎ

বলিতে তো পারিনে মাগো! যাও যদি দয়া ক'রে।
অতি দরিদ্র দ্বিজরমণী কাঙ্গালিনীর মন্দিরে।
আমি দৈন্য দ্বিজনারী, মা! তুমি রাজকুমারী,
দয়া কি তোর হবে, লক্ষ্মী! লক্ষ্মীহীন দ্বিজবরে।
রুক্মিণি! তোয় বলিবো বলে,
এনেছি মা! কালি বিকালে,
ক্ষীর সর মিষ্টান্ন কিঞ্চিৎ, ভিক্ষা করি নগরে। (গ)

শ্রীকৃষ্ণের সহিত বিবাহ-সম্বন্ধ শ্রবণে রুক্মীর ক্রোধ

রুক্মী আদি নামে চারি পুত্র ভূপতির।
কৃষ্ণ সঙ্গে সম্বন্ধ শুনিয়া রুক্মিণীর। ৫৭
রুক্মী অতি দুঃখী হয়ে, ঐক্যে চারি ভাই।
বলে, ধিক্ ধিক্ এর বাড়া কি, অধিক লজ্জা পাই[২] ।৫৮
আছে, জগৎমান্য, অগ্রগণ্য, বহু নরপতি।
শিশুপাল ভূপাল, ভূমান্য মহামতি। ৫৯
প্রতাপে সিন্ধু, জরাসন্ধ, তারে দিলেও সাজে।
পিতা আমার ভগিনীকে ফেলিবেন জলসিন্ধু[৩]-মাঝে। ৬০
অতি অপকৃষ্ট নাম কৃষ্ণ, জাতিভ্রষ্ট জানি!
জন্ম দেবকীর গর্ভে, পালে নন্দরাণী। ৬১
তার বাপ মা থাকে, পড়ে পাকে, বাঁধা কংসালয়।
কথা জগতে ঘোষে, নন্দ ঘোষের বাধা মাথায় বয়। ৬২
অতি কুসন্ধানে, কুল-মজানে, অতি কদাচারী।
কুহক দিয়ে, বাহির করিছে, আয়ান ঘোষের নারী। ৬৩

পাঠান্তর: ১-১ বার আশী—গ, বড় আশী—গ। ২ নাই—গ'। ৩ জরাসিন্ধু—অ।

তার বাড়া কি, ঘোর পাতকী, আছে পদে পদে।
করে কীর্ত্তি, দস্যুবৃত্তি, মাতুল কংসে ব'ধে। ৬৪
সহস্র দোষ ঢাকে, যদি বিদ্যা দেখিতে পাই।
তাতে নবডম্ব, অক্ষর[1] পেটে আঙ্ক-ফলাও নাই। ৬৫
কিছু জানিনে গন্ধ, এ সম্বন্ধ, কালি ঘটেছে আসি।
বাধালে কাণ্ড, লণ্ডভণ্ড, নারুদে ভণ্ড ঋষি। ৬৬
দেবতার যেমন রূপ তেমনি গুণ তেমনি বাহন ঢেঁকি।
নারুদে বেটা, হদ্দ ঠেঁটা, মুনির মধ্যে মেকি। ৬৭
বেটা মিথ্যাবাদী, কপালযুড়ে গঙ্গামাটির ফোঁটা।
ঠকের ধোঁকায় ঠেকি, পিতা কি কুলে রাখিবেন খোঁটা। ৬৮
পিতা আমার বাধাতে চান, ভারি কুটুম্বিতে।
রাম যেমন করেছিলেন, চণ্ডালের সঙ্গে মিতে। ৬৯
না জেনে তত্ত্ব, করেছেন পত্র, এ কথা কেহ রাখে।
কপালে অগ্নি, তাকে ভগিনী, দিলে কি বিষয় থাকে। ৭০

পিতা মিলন করিবেন খুব।
যেন গঙ্গায় মিশাবেন কূপ। ৭১

এ তো ভালো মিলন বটে, যেমন—

এক মোহর আর এক বটে।
বাবলা আর বটে।
শালে আর চটে।
রামকুঁড়ে[2] আর মঠে।
সুজন আর শঠে।
চন্দন আর সিমুল কাঠে।
খাটুলি আর ছাপর খাটে।
সানকি আর টাটে।
চামর আর পাটে।
কুলীন ব্রাহ্মণ আর ভাটে।
মজলিসে আর মাঠে।
পরম যোগী আর কুটে।
আসল আর ঝুঁটে।
ঐরাবত আর উটে।
দেওয়ান আর মুটে।
আনারসে আর ফুটে।
চাঁদি আর নোড়ে।
সাধু আর চোরে।
সোনা আর সীসে।
অমৃত আর বিষে।
রোহিত আর পাঁকালে।
সিংহ আর শৃগালে।
দালিম আর মাখালে।
রাজা আর রাখালে। (আ)

* * *

রুক্মিণীর-স্বয়ংবরে বহু নৃপতিকে নিমন্ত্রণ

বৃদ্ধ দশায় বুদ্ধি যায়, জ্ঞান থাকে না জায়-বেজায়
যায় প্রাণ তথাচ না শুনিব!
আমরা হয়েছি উপযুক্ত, যাকে দেওয়া উপযুক্ত,
গুণযুক্ত দেখে ভগিনী দিব। ৮৪
তখন চারি সহোদরে পরে, পরস্পর যুক্তি ক'রে,
সর্ব্বত্র পাঠায় অনুচর।
কৃষ্ণ প্রতি করি দ্বেষ, নিমন্ত্রিল নানা দেশ,
লিখি রুক্মিণীর স্বয়ংবর। ৮৫
শুনিয়ে সাজিয়ে বর, আইল বহু নৃপবর,
বর মাগি বরদার পদতলে।
দ্রবিড়[3] দ্রাবিড় সৌরাষ্ট্র সর্ব্বত্রে হলো রাষ্ট্র,
ধৃতরাষ্ট্র-পুত্রগণ চলে। ৮৬
উথলিল প্রেমসিন্ধু, সসৈন্যে যায় জরাসিন্ধু,
স্মরণ করিয়া হরগৌরী।
হাতেতে বান্ধিয়া সূত, যায় দমঘোষ-সুত,
শিশুপাল দুষ্ট কৃষ্ণ-বৈরী। ৮৭
যাটি লক্ষ কিংবা আশী, উদয় হইল আসি,
রাজগণ বিদর্ভ নগরে।

পাঠান্তর: ১ বক্কর—ক, গ। ২ রামকুণ্ডে—জ। ৩ দবিড়—ক, গ।

কৃষ্ণ সঙ্গে শত্রুবাদ, শুনিয়ে হেন সংবাদ,
লক্ষ্মী মনোদুঃখী অন্তঃপুরে। ৮৮

কৃষ্ণ বলি রুক্মিণীর, চক্ষে বহে প্রেমনীর,
ভাবেন সতী কি হয় ললাটে!
মানসে ডাকেন সতী, কোথা হে ত্রৈলোক্যপতি!
জগদীশ! নাম' রক্ষ এ সঙ্কটে। ৮৯

* * *

শ্রীকৃষ্ণের নিকট রুক্মিণীর পত্র প্রেরণ

নিকটে দেখিয়া সতী, সুন্দরিত্র ভাব অতি,
প্রাচীন ব্রাহ্মণ এক জন।
যত্নে কর ধরি তার, করিয়া দুঃখ-বিস্তার,
কহেন বেদন নিবেদন। ৯০

শুন ওহে দ্বিজরাজ! যথা কৃষ্ণ ব্রজরাজ,
বিরাজে দ্বারকাপুরী-মধ্যে।
রাখিতে মোরে সঙ্কটে, যেতে হবে তাঁর নিকটে,
ত্বরায় গমন যথাসাধ্যে। ৯১

রাখ যদি এই দায়, তোমারে দারিদ্র্য-দায়,
মুক্ত আমি করিব অনায়াসে।
ধর ধর ধর পত্র, প্রাণ আমার পদ্মপত্র-
জলবৎ থাকিল কৃষ্ণের আশে। ৯২

——

খাম্বাজ—যৎ

যাও হে দ্বিজ! যাও হে একবার কৃষ্ণ কাছে দ্বারকায়।
এই রুক্মিণী দুঃখিনীর দুঃখ বলো কৃষ্ণের রাঙ্গা পায়।
বলো সে শ্যাম নবঘনে, কৃষ্ণ! তোমার অদর্শনে,
প্রেমাধিনী চাতকিনী রুক্মিণী প্রাণ হারায়। (খ)

——

সখীগণ-কর্তৃক কৃষ্ণনাম-কীর্তন নিষেধ

অন্তঃপুরে পূর্ণ দুঃখী, দরিদ্র দশাতে লক্ষ্মী,
ভাবিছেন কৃষ্ণধন বিনে।
মুখে কৃষ্ণ কৃষ্ণ রব, কেবল কৃষ্ণ-গৌরব,
শুনিয়ে কহিছে সখীগণে। ৯৩

কি করো গো ঠাকুরাণী! আছেন রাজা আছেন রাণী
উপযুক্ত সহোদরগণ গো।
দেখি পাত্র কুল মান, তোমারে করিবেন দান,
'কৃষ্ণ কৃষ্ণ', তোমার একি পণ গো। ৯৪

লোকে শুনে ব্যঙ্গ করে, তাইতে ধরি দুটি করে,
বারংবার করি তোমায় বারণ গো।
কাজ কি কৃষ্ণ কৃষ্ণ রবে, যাতে তুমি সুখে রবে,
তেমনি বরে হইবে মিলন গো। ৯৫

কেন করো কৃষ্ণ কৃষ্ণ, কৃষ্ণ হৈতে উৎকৃষ্ট,
এসেছে নগরে কত জন গো।
লাজের কথা আই আই! আইবুড়োতে যেন আই!
ছি ছি মেনে! এ আর কেমন গো। ৯৬

বয়স তো তোমার বড় নয়, যদি হয় বড় নয়,
[২]হয় নয় শিখেছ[২] এমন গো!
আই মা! বসি মায়ের কোলে, বিয়ের কথা ঝিয়ে তোলে,
শিকায় তোলে ভ্রাতার বচন গো। ৯৭

হয় যদি ভালো কপাল, ঠাকুর-জামাই শিশুপাল,
ভূপাল সঙ্গে হইবে বরণ গো।
ধনে যক্ষ রূপে কাম, আমাদের মনস্কাম,
সেই বরে হয় সংঘটন গো। ৯৮

রূপ গুণ তার আছে শুনা, গজদন্তে মিলিবে সোনা,
উপাসনা করি ধরি চরণ গো!
কৃষ্ণকথা আর তুলো না, কৃষ্ণ নহে তার তুলনা,
দেখো না আর দিনেতে স্বপন গো। ৯৯

থাকিবে তোমার কথা, সে ত কেবল কথার কথা,
কৃষ্ণকথা ক'রো না আলাপন গো।

পাঠান্তর: ১ মান—ক, মান্—খ। ২-২ হায় কেন হয়েছ—খ।

মন্দ কেবল হবে পরে, সুখ পাবে না বাপের ঘরে,
ভাঙিলে পরে সহোদরের মন গো ॥ ১০০
লক্ষ্মী কন, কি বল সই! হব কি আমি জল-সই,
তোলো কি শিশুপালের বচন গো!
শুনিয়ে কি ছার রূপ ধন, আমায় করিবে সম্বোধন,
না পাইলে কৃষ্ণধন আমার নিধন গো ॥ ১০১
তারে করি আরাধন, সেই আমার সাধনের ধন,
যে ধন ধরে গিরি গোবর্দ্ধন গো।
সে বিনে সব অসাধন, লব সেই অমূল্য ধন,
মরি কিংবা মন্ত্রের সাধন গো ॥ ১০২

পদ্মের গতি যেমন জল, জল বিনে জলে কমল,
কমলের জীবন জীবন গো।
দীনের গতি যেমন দাতা, দুঃখী পুত্রের গতি মাতা,
সতীর গতি পতি-রত্ন-ধন গো ॥
শস্যের গতি যেমন বৃষ্টি, অন্ধজনের গতি যষ্টি,
দৃষ্টিহীনের যষ্টি তো নয়ন গো।
রথীর গতি হয় সারথি, নিরাশ্রয় জনার গতি,
জগন্মধ্যে জগদীশ যেমন গো।
গৃহীর গতি অর্থ মূল, যোগীর গতি বৃক্ষমূল,
সংসার অসার সদা মন গো!
মীনের গতি যেমন বারি, তরির গতি কাণ্ডারী,
আমার গতি তেমনি হরি, নন্দের নন্দন গো ॥ (ই)

খাম্বাজ—আড়খেমটা

আমার গতি তো সেই পতিতপাবন।
কৃষ্ণ গতিহীনের গতি,—সে জীবের জীবন ॥
সে ভিন্ন জানিনে মনে, জন্মে জন্মে সেই চরণে,
আমার ধন প্রাণ কুল মান সমর্পণ।
আমার সহোদর কাল হলো, সই! আমায়,
অতি শিশুবুদ্ধি শিশুপালকে দিতে চায়,—
আজি না দেখা দিলে হরি, তেজিব প্রাণগো সহচরি!
হৃদে চিন্তা করি, চিন্তামণির শ্রীচরণ ॥ (ঙ)

ফিরে সখী বলে, যোড়কর, হেঁগো! তুমি যে কৃষ্ণ কৃষ্ণ কর,
কালো কি গৌর,—দেখি নাই এক দিন।
করি কৃষ্ণ কৃষ্ণ অবিরত, কৃষ্ণপক্ষের শশী মত,
করিলে তনু দিনে দিনে ক্ষীণ ॥ ১০৬
গৌরাঙ্গ কি শ্যামরূপ, তোমায় মজালে কিরূপ,
স্বপ্নে কি দেখেছ, ঠাকুরাণি!
বলো দেখি তার বিবরণ, স্বর্ণ কান্তি বি-বরণ,
যার জন্যে করিলে গো আপনি ॥ ১০৭
শুনিতে চাই সকল বিষয়, কেমন বয়স, কেমন বিষয়,—
রূপ-গুণ তার কও করি প্রকাশ।
শুনি নাই তার নামের ধ্বনি, ও রাজনন্দিনী ধনি!
আমাদের যে সকলি আকাশ ॥ ১০৮

রুক্মিণী-কর্ত্তৃক শ্রীকৃষ্ণের রূপ বর্ণন

লক্ষ্মী কন কি অপরূপ, কিরূপে বর্ণিব রূপ,
চিন্তার অগোচর চিন্তামণি।
অঙ্ঘ্রি তল অতুলনা, শিশুবুদ্ধি যত জনা,
শিশু-ভানু[১] তুলনা দেয় সজনি ॥ ১০৯
অভিমান করি মানসে, জলে রক্তোৎপল ভাসে,
সরোজ শরণাগত চরণ-সরোজে।
ঘনাইয়া এসে ঘন, দেখি কান্তি নবঘন,
ঘন ঘন গগনে গরজে ॥ ১১০
দেখি ক্ষীণ কটি তাঁর, করি কোটি নমস্কার,
[২]রাজ্য ছাড়ি কেশরী যায় বনে মনোদুখে[২]।
কটিতটে পীতাম্বর, ঈষদ্বঙ্ক কলেবর,
মুনিবর-পদচিহ্ন বুকে ॥ ১১১

পাঠান্তর: ১ শশীভানু—খ, জ। ২-২ কোটি রাজ্য ছাড়ি তায়, কেশরী যায় দুখে—প।

হেরি মোহন বংশীধর, সশঙ্কিত শশধর,
পদনখাশ্রিত শশী আসি।
ভবকর্ত্রী ভাগীরথী, চরণে যাঁর উৎপত্তি,
কমলা কমলপদে দাসী ॥ ১১২

হেরি সে রূপ ত্রিভঙ্গ, কুলবতীর কুলভঙ্গ,
মুনির মনোমোহন মাধুরী।
হেন রূপ আছে কোথায়, তুলনা করিব তায়,
অমূল্য তুলনা তুল্য হরি। ১১৩

—

সিন্ধু-ভৈরবী—যৎ

[১]পতি আমার বিশ্বরূপ, নাই স্বরূপ, তাঁর রূপ,
অপরূপ গো সই ![১]
সেই কি তুলনা,—হরির তুলনা নাই হরি বই।
বলি, সেরূপ কি বর্ণিব, যদি সদয় হন মাধব,
এনে রূপ দেখাব, আমি, যদি কৃষ্ণের দাসী হই ॥ (চ)

—

রুক্মিণীর পত্র লইয়া দরিদ্র ব্রাহ্মণের দ্বারকায় গমন

হেথায় রুক্মিণীর পত্র লয়ে, ব্রাহ্মণ দুঃখিত হয়ে,
যাত্রা করে দ্বারকা গমনে।
যাইতে মনঃপূত নয়, না গেলে ঘুচে প্রণয়,
যায় আর ভাবে মনে মনে ॥ ১১৪

বলে, লেখা করি দেখেছি অঙ্ক, লাভের বিষয় নবডঙ্ক,
প্রাচীন কায়া তাতে নানা রোগ।
অবলার কথা ধরিলাম, কোন্ দেশে বা মরিতে চলিলাম,
কপালে কি এত কর্ম্মভোগ ॥ ১১৫

রাজার মেয়ের এমনি গুণ, ভালো করুন বা না করুন,
না গেলে পর মন্দ করিবেন রাগে।
উনি বলেছেন পাবে অশ্ব, আমি দেখিছি পাব ভস্ম,
পোড়া কপাল যোড়া কখন লাগে ? ॥ ১১৬

দ্বারকার রাজা কৃষ্ণ, তাঁরে আমি করি দৃষ্ট,
দিব পত্র, ওরে আমার দশা!
অতি দীন হীন দরিদ্র বেশ, কেমনে করিব প্রবেশ,
যেমন যাওয়া, তেমনি ফিরে আসা ॥ ১১৭

ভাগ্যবন্ত লোক যারা, অর্থ পেয়ে মত্ত তারা,
কাঙ্গাল দেখে নেঁকে বসে জানি।
দেখেছি আমি দিব্য চক্ষে, লাভে হৈতে কামাই ভিক্ষে,
পোহাইল আজি কি কাল-রজনী ॥ ১১৮

ভেবে কিছু পাইনে কূল, সকলি হইল ভণ্ডুল,
এক সের তণ্ডুল নাই বাসে।
নিত্য নিত্য করি ভিক্ষা, তবে হয় প্রাণরক্ষা,
ব্রাহ্মণীটী মরিবে উপবাসে ॥ ১১৯

যা হোক যা করেন দুর্গে, যা হবার তাই হবে ভাগ্যে,
উপসর্গে ভোগি কিছু দিন।
জিজ্ঞাসিতে জিজ্ঞাসিতে, দ্বারকার রাজপথে,
উপনীত ব্রাহ্মণ প্রবীণ ॥ ১২০

দেখে দ্বিজ দিবারাত্রি, যাইছে অগণন যাত্রী,
কৃষ্ণ-দরশনে দ্বারকায়।
অতি দৈন্য আতুর অন্ধ, মুখেতে বলে গোবিন্দ,
প্রেমানন্দে পুলকিত-কায় ॥ ১২১

মগ্ন হয়ে প্রেমভরে, ডাকিছে পথে পরস্পরে,
কে যাবিরে ভবসিন্ধু-পার।
আয় রে করি ঐকান্ত, দ্বারকায় দ্বারকা-কান্ত,
অবতীর্ণ ভবকর্ণধার ॥ ১২২

অগণন পথিগণ মনের উল্লাসে।
দর্শনের পূর্ব্বে যায় হাস্য-পরিহাসে। ১২৩
হেরি, সজল-জলদকান্তি ভ্রান্তি দূরে গেলো।
বিরিঞ্চি-বাঞ্ছিত পদ নয়নে হেরিলো ॥ ১২৪
প্রেমে পুলকিত চক্ষে বহে শতবার।
কেঁদে পথিগণ ফিরে এসে পুনর্ব্বার ॥ ১২৫

পাঠান্তর: ১-১ ক-গ্রন্থে এই চরণের বিন্যাস স্বতন্ত্র।

বৃদ্ধ যদি শুধায়, ভাই! কাঁদ কি কারণ?
তারা বলে, গিয়েছিলাম কৃষ্ণ-দরশন ॥ ১২৬
দ্বিজ বলে,—হেসে গেলে, শেষে চক্ষের জল।
আহা মরি! কৃষ্ণ-দর্শনের এই কি ফল ॥ ১২৭
অঙ্গে ধুলী, কতগুলি দেখ্‌ছি ভূমে পড়ি।
দ্বারিগণে গায়েতে মেরেছে বেত্র বাড়ি ॥ ১২৮
অর্থলোভে, সকলি ডোবে, মানের গোড়ায় ছাই।
নিয়ে মহাপ্রাণী, টানাটানি, শেষে এই ঘটে রে ভাই ॥১২৯
গিয়েছিলে অর্থলোভে, তার হলো খুব স্বার্থ।
ধরি চুলে, ভূমে ফেলে, বুঝিয়ে দিয়েছে অর্থ ॥ ১৩০
দেখেছি ব্যাভার, আমিও আবার, যাই তাদের কাছে।
আমার কপালে, বৃদ্ধকালে, অপমৃত্যু আছে ॥ ১৩১
লয়ে যাইতেছি রুক্মিণীর পত্র,—কৃষ্ণে কে বলিবে?
আমার হাতে থাকিবে হাতের লিখন,
কপালের লিখন ফলিবে ॥ ১৩২

* * *

ব্রাহ্মণ দ্বারকায় উপস্থিত ও শ্রীকৃষ্ণ-কর্তৃক আহূত

এইরূপে করি বিপ্র বিধিমত ভয়।
দ্বারিকানাথের দ্বারের নিকটে উদয় ॥ ১৩৩
যমসম দ্বারের রক্ষকগণ দেখি।
দুর্গম জানিয়া দুর্ভাবনা দূরে থাকি ॥ ১৩৪
বৃক্ষমূলে বসি, ভয়ে মূলমন্ত্র জপে।
করি অপার হইয়া পার, বেপার কিরূপে ॥ ১৩৫
দেখিয়া দ্বারীরে আজ্ঞা দিলেন দয়াময়।
বৃক্ষমূলে বসি বিপ্র, আনহ আলয় ॥ ১৩৬
যজ্ঞেশ্বরের আজ্ঞা পেয়ে ধেয়ে দ্বারী যায়।
ব্রহ্মণ্যদেবের আজ্ঞা ব্রাহ্মণে জানায় ॥ ১৩৭
ভাগ ফিরা তোমারি মহুয়া-ধারি[1]! আব ক্যা হিঁয়া রহেনা।
কৃষ্ণজী বোলায়নে তোম্‌কো জল্‌দি হজুর জানা ॥ ১৩৮
কেঁপে দ্বিজ বলে বাবা! হাম হুঁই ক্যা করেঙ্গে।
দ্বারী বলে, বাত্ রাখ্‌দেও, পাকড়্‌কে লে যাঙ্গে ॥ ১৩৯
তোম্‌ছে হাম্‌ছে বাত নাহি হায়, কেশ্বরে মেই ছোড়ে।
জগদীশ্‌নে হুকুম কিয়া, আও বে রাস্তা থোড়ে ॥ ১৪০
দ্বিজ বলে, ছোড়্‌দে বাবা ক্যা কিয়া মেই গুণা।
ক্যা তেরা বাপ ফিকির কর্‌কে, ফকিরকো দুখ্ দেনা ॥ ১৪১
কহ যাকে কৃষ্ণজীকো, বুড্‌ঢা হঁয়াছে ভাগা।
আশীষ করেগা বাবা, রামজী কল্যাণ করেগা ॥ ১৪২
পুনর্ব্বার আসি এক অন্য দ্বারী কয়।
ওহে দ্বিজ এখন বিলম্ব কেন হয় ॥ ১৪৩
তোমারে ডাকিছেন কৃষ্ণ দুরদৃষ্টহারী।
না ডাকিতে, যাঁর আশ্রিত ব্রহ্মা ত্রিপুরারি ॥ ১৪৪
ব্রাহ্মণের হৈল ব্রহ্মভাবের উদ্ভব।
বলে, আমারে ডাকিছেন কৃষ্ণ এ নহে সম্ভব ॥ ১৪৫
শুনেছি বিরিঞ্চি-হর-বাঞ্ছিত সে কৃষ্ণ।
অগণ্য অধমে করিবেন কৃপাদৃষ্ট ॥ ১৪৬

ক্রিয়া নাই তার ধর্ম্ম, বীজ নাই তার জন্ম অসম্ভব শুনি।
জন্ম হয় নাই মৃত্যু হ'লো, পীরিত নাই তার বিচ্ছেদ এলো,
জীব নাই তার প্রাণী ॥
মেঘ নাই তার বর্ষে জল, বৃক্ষ নাই তার ফলিল ফল,
এ কথা বিফল!
ধান নাই তার হ'লো চিঁড়ে, শিরো নাস্তি শিরঃপীড়ে,
বুদ্ধি নাই তার বল ॥
ব্যক্তি নাই তার উক্তি করিলে, ভক্তি নাই তার মুক্তি পেলে,
কথা যুক্তি নয়।
কৃষ্ণ ডাকিছেন এ নির্গুণে, বোবায় বলে—কালায় শুনে,
একি সম্ভব হয়? ॥ (ঐ)

---

[2]সিন্ধু-ভৈরবী—যৎ[2]

[3]দীন হীন গতিহীন অতি দীন,
এ দীনের সে দিন কি হবে!
দ্বারী রে! দ্বারিকাকান্ত কৃষ্ণ আমায় ডাকিবে ॥

পাঠান্তর: ১ জমুয়াধারী—গ; যমুয়াধারী—জ। ২-২ ঝিঁঝিট—কাওয়ালী—গ, জ। ৩ ক-গ্রন্থে প্রথম চরণ—"সেদিন কি হবে"।

আমি তো ডাকি নাই তারে,
একবার কৃষ্ণ বলি দিনান্তরে,
ডাকিলে ডাকিয়ে[1] স্থান দিতেন পদ-পল্লবে।
গতি নাই করিলে বিচার, তবে দাশরথির পার,
পতিতপাবন কৃষ্ণনাম-গুণে সম্ভবে। (ছ)

শ্রীকৃষ্ণের রাজসভায় দরিদ্র ব্রাহ্মণের সমাদর

সঙ্গে করি দ্বিজবর, যথা প্রভু পীতাম্বর,
দ্বারী লয়ে গেল শীঘ্রগতি।
ছিলেন রত্নসিংহাসনে, দ্বিজে হেরি ধরাসনে,
বসিলেন বৈকুণ্ঠের পতি। ১৫০
বিধির বিধাতা হরি, বিধিমতে যত্ন করি,
দ্বিজেরে দিলেন রত্নাসন।
যজ্ঞেশ্বর যথাযোগ্যে তুষিলেন পাদ্য অর্ঘ্যে,
পত্র-পাঠে চিত্ত উচাটন। ১৫১
বিদর্ভ গমন জন্যে সাজ—আজ্ঞা দিয়ে সৈন্যে,
দ্বিজে লয়ে যান অন্তঃপুরে।
আনয়ন করেন শীঘ্র, নানা উপাদেয়[2] দ্রব্য,
ভোজন করান দ্বিজবরে। ১৫২
স্ব থালে অন্ন পোরা, নানা ব্যঞ্জন কটরা,
পঞ্চামৃত দধি ঘৃত তায়।
পরিবেশন পরিপাটী, পায়সায় বাটী বাটী,
হরি-পুরে হরিষে দ্বিজ খায়। ১৫৩
নানা দ্রব্য থরে থরে, খেতে দ্বিজ ভেবে মরে,
বলে, কোন্‌টা আগে কোন্‌টা খাব পাছে।
খেয়ে তিন মালসা ক্ষীর-সর, বলে হে গোকুলেশ্বর!
দ্বিজ শরীর জীর্ণ না হয় পাছে। ১৫৪
সকল দ্রব্যই ঘৃতপক্ব, পেটে পাছে না হয় পক্ক,
লোভে খেয়ে কি শেষে পড়িব পাকে?
ওহে কৃষ্ণ মহাশয়! অগ্নিমান্দ্য অতিশয়,
এতো সয় অভ্যাস যদি থাকে। ১৫৫

আপনি আদর করেন কি উদরময়া, তৈলপক্ক তিলের বড়া,
গুরুপাক পায়স মাংস মীন।
দিচ্ছেন আপনি, খাচ্ছি কেঁপে, কালি মরিব উদর ফেঁপে,
সাহস করিতে নারি—নাড়ী ক্ষীণ। ১৫৬
তুমি খাও খাও নাগালে ধরা, শর্ম্মা কিন্তু ভয়ে খান্ না,
খেতে কিন্তু সকলগুলি পারি।
খেয়ে কি আপনাকে খাব, আত্মহত্যার পাতকী হব,
শুনি হাসি কন বংশীধারী। ১৫৭
আনন্দে করো ভোজন, জপিয়ে জয় জনার্দ্দন,
ক্ষুন্ন রেখো না, পূর্ণ করিয়া খাবে।
পূর্ণব্রহ্মের কথা ধরি, খায় দ্বিজ উদর পূরি,
খায় খায় তবু মনে ভাবে। ১৫৮
একবার একবার খায় না ডরে, আবার লোভে মনে করে,
খেলাম না হয় জন্মের মত খাই।
খেলাম খেলাম খেয়ে মরি, মহাপ্রাণীকে শীতল করি,
একবার বই ত দুবার মরণ নাই। ১৫৯
জিজ্ঞাসেন নন্দ-নন্দন, কেমন বটে রন্ধন,
সূপকার তো সুপক্ক ক'রেছে।
দ্বিজ বলে করি তাক, শাক বড় হয়েছে পাক,
সব হারি হয়েছে শাকের কাছে। ১৬০
বলিছে করি নির্ঘণ্ট, আশ্চর্য্য হয়েছে ঘণ্ট,
কচু-শাকের গুহে হরি!
চিনি গোলা মিছরি মিছে, ফাঁকে ফাঁকে সব শাকের নীচে,
কি সৃষ্টি করেছেন শাকম্ভরী। ১৬১
জন্মে যাহা খাই নাই কভু প্রচুর খাওয়ালে প্রভু!
কিন্তু খুব ভোজনটী হ'লো এখানে।
ক্ষীর ক্ষীরসে কেবল পোষক, বাড়ার ভাগ কি আবশ্যক!
নালিতের শাক, চালিতের অম্বল যেখানে। ১৬২
খায় দ্বিজ উদর পূরি, রুচিপূর্ব্বক পুরি কচুরি,
ধরে না তবু পোরে না আত্তি মন।
উর্দ্ধশ্বাস উপজিল, উদরীর মত উদর হৈল,
উঠে শেষে সাধ্য কি আচমন। ১৬৩

পাঠান্তর: ১ "ডাকিয়ে" কথাটি খ, জ-গ্রন্থে নাই। ২ উপহার—খ, জ।

গুজন-ছাড়া ভোজন করি, দ্বিজ বলে,—মরিলাম হরি!
সহ্য হয় না শয্যা কই হে শোব।
দ্বিজেরে দেখিয়া ব্যস্ত, দ্বিজ-হস্তে নিজ হস্ত,
দিয়ে অমনি উঠান মাধব। ১৬৪
রত্ন-পালঙ্ক-উপরে, ইষ্ট-সম সমাদরে,
শয়ন করান কৃষ্ণ দ্বিজে।
দ্বিজের যাতে প্রবৃত্তি, গোবিন্দ আজ্ঞানুবর্ত্তী,
অনাহারী হয়ে আছেন নিজে। ১৬৫
ভূতলে ব্রাহ্মণ ধন্য, হইলেন জগৎমান্য,
কি মান্য বাড়ান ভগবান।
তেজেতে কম্পিত ভানু, ব্রাহ্মণ কৃষ্ণের তনু,
দ্বিজের বদনে কৃষ্ণ খান। ১৬৬

* * *

ব্রাহ্মণের প্রাধান্য

যাগ যজ্ঞ কি পূজন, বিনে ব্রাহ্মণ-ভোজন,
ক্রিয়া সিদ্ধ নহে বেদের বাণী।
ব্রাহ্মণে যা কর দান, ব্রহ্মলোকে ব্রহ্মা পান,
কৈলাসেতে পান শূলপাণি। ১৬৭
ব্রাহ্মণে যা বলে—ফলে, চতুর্ব্বর্গ হৈলে ফলে,
ব্রহ্মবাক্যে কে পারে রাখিতে?
ব্রহ্মশাপে হয় ধ্বংস, সগর-ভূপতি-বংশ,
তক্ষকে দংশিল পরীক্ষিতে। ১৬৮
ব্রাহ্মণের পদাম্বুজে ব্রাহ্মণের পদরজে,
যে মত,- সে ধন্য মর্ত্ত্যলোকে।
পুত্রবৃদ্ধি শত্রুক্ষয়, মহাব্যাধি নষ্ট হয়,
ভূদেব-ব্রাহ্মণ-পাদোদকে। ১৬৯
এখন বলে সর্ব্ব জনে, সে কাল নাহি ব্রাহ্মণে,
কলির ব্রাহ্মণ তেজোহীন।
চারি যুগ দেখ সূর্য্য, সমান তেজ সমান পূজ্য,
কলি বলি সূর্য্য নহে ক্ষীণ। ১৭০
চারি যুগ আছে তুল্য, স্বর্ণের সমান মূল্য,
যত্নে লয় পাইলে স্বর্ণচূর্ণ।
অনল নহে শীতল, শুকায় কি সাগরের জল,
চারি যুগ জলধি জলে পূর্ণ। ১৭১
চারি যুগ সমান দর্প, ধরিয়াছে কাল-সর্প,
ভুজঙ্গ না ছাড়িয়াছে বিষ।
করিলে বিহিত অনুমান, এইরূপ ব্রাহ্মণ-মান,
চারি যুগ রেখেছেন জগদীশ। ১৭২
এখন কেবল কলি ব'লে, কিঞ্চিৎ বিলম্বে[১] ফলে,
ব্রহ্মমন্ত্র ব্রহ্ম-আশীর্ব্বাদ।
কিঞ্চিৎ বিলম্ব দেখে, যতেক পাষণ্ড লোকে,
ব্রাহ্মণের সঙ্গে করে বাদ। ১৭৩

* * *

শ্রীকৃষ্ণ-কর্ত্তৃক দরিদ্র ব্রাহ্মণের পদসেবা

অপর শুন বৃত্তান্ত, হেথায় দ্বারিকাকান্ত,
দ্বিজসেবায় আছেন উল্লাসে।
বাড়াতে ব্রাহ্মণ-মান্য, চরণ-সেবার জন্য,
বসিলেন দ্বিজ-পদপাশে। ১৭৪
এসেছেন কত পথ চলি, বেদনা হয়েছে বলি,
ভক্তি-ভাবে হ'লেন গদগদ।
'বেদনা ঘুচাই দূরে', বলি—তুলি নিলেন উরে,
প্রবীণ দ্বিজের দুটি পদ। ১৭৫

ঝিঁঝিট—যৎ

কমলা-সেবিত যাঁর কমল-চরণ।
দিয়ে কমল হস্ত করেন হরি, ব্রাহ্মণের পদ-সেবন॥
ভাবিলে যাঁহার পদ তুচ্ছজ্ঞান ব্রহ্মপদ, হয় রে—
দিলেন ব্রাহ্মণে কি পদ, ভৃগুপদ হৃদয়ে ধারণ॥ (ক্র)

পাঠান্তর: ১ কালেতে—ক. প্র।

শ্রীহরির ঐশ্বর্য্য-দর্শনে ব্রাহ্মণের লোভ

দরিদ্র দ্বিজের নাই সুখের অভাব।
পদ্মহস্তে পদসেবা করেন পদ্মনাভ ॥ ১৭৬
পদ্ম-আঁখির মর্দ্দনেতে হৃদ্ধ নিদ্রা হ'লো।
হয়ে একটি কাতি, পোহায় রাতি, পাশটি না ফিরিল ॥ ১৭৭
পর দিন উঠিয়া দ্বিজ বসিয়া সভায়।
কৃষ্ণ-অট্টালিকা পানে একদৃষ্টে চায় ॥ ১৭৮
দ্বিজ বলে,— ধন্য ধন্য দ্বারকার কান্ত।
ভগবান করেছেন কৃষ্ণে ভারি ভাগ্যবন্ত ॥ ১৭৯
চিন্তামণির মণি-মন্দির মুনির মনঃপ্রীত।
কত চন্দ্রকান্ত সূর্য্যকান্ত মণিতে রচিত ॥ ১৮০
সুধাকর-কর নিন্দি করে কি উজ্জ্বল।
কুহু-নিশিতে দিনপ্রায় দ্বারকামণ্ডল ॥ ১৮১
কত হীরে চিরে মেরেছেন দ্বারের চৌকাঠ।
গজমতিতে গজগিরি স্বর্ণের কপাট ॥ ১৮২
প্রাচীর প্রবল উচ্চ রতনে[১] রচিত।
পরশ ছাউনি তাতে প্রবালের ভিত ॥ ১৮৩
সুমেরু সমান উচ্চ অতি বহ্বারম্ভ।
ফণি-শিরোমণিতে মণ্ডিত যত স্তম্ভ ॥ ১৮৪
দ্বিজ বলে এক এক মাণিক, সাত রাজার ধন।
ইহার স্তম্ভ বেড়া মাণিক ঘেরা, এ আর কেমন ॥ ১৮৫
আপশোষে আকুল দ্বিজ—বলে,—আহা মরে যাই।
কপালের ফাঁকটা বোজে, ইহার একটা যদি পাই ॥ ১৮৬
আড়ে আড়ে চান দ্বিজ নাড়ে দিয়ে হস্ত।
অঙ্গময় ঘর্ম্ম বয় লোভে শশব্যস্ত ॥ ১৮৭
ছাড়াতে অশক্ত হ'লো রক্ত দুই কর।
জৌ দিয়ে যোড়ান মাণিক ছাড়ান দুষ্কর ॥ ১৮৮
শ্রান্ত হয়ে ক্ষান্ত দ্বিজ কপালে ঘা মারে।
বলে, সকলি ভগবানের হাত, আপন হাতে কি করে ॥১৮৯
এইরূপে দীন দ্বিজ কিছু দিন তথা।
মনে ভাবে, শুনিনে কিছু দেওয়া থোওয়ার কথা ॥ ১৯০
ভক্তিভাবে খাওয়ান শোয়ান,—বচন যেন মধু।
ফলে বা না ফলে কৃষ্ণ বিদায় করেন বা শুধু ॥ ১৯১
ভাবনার বিষয় নয়,—কপাল-গুণে ভরাই।
ইহার সূত্র তোলে—উত্তরসাধক লোক একটি নাই ॥ ১৯২
হেথায় হরিতে রুক্মিণী হরি উৎকণ্ঠিত অতি।
আজ্ঞা দিলেন,—শীঘ্র রথ সাজাহে সারথি ॥ ১৯৩
সৈন্য সঙ্গে নাই, অন্য জনে না জানান।
না জানে বলরাম এ সব সন্ধান ॥ ১৯৪
দরিদ্র ব্রাহ্মণে কন ব্রহ্ম-সনাতন।
শীঘ্র আসি কর দ্বিজ! রথে আরোহণ ॥ ১৯৫
পদব্রজে পথশ্রান্তে কেন দুঃখ পাবে।
দণ্ড-মধ্যে আনন্দে আপন ঘরে যাবে ॥ ১৯৬
দ্বিজ ভাবে মনে মনে, রথে না হয় যাই।
ভেবেছিলাম মনে যেটা, কপালে ঘটিল তাই ॥ ১৯৭
নগদ অঙ্ক আঁকিয়েছিলাম, আর তবে হ'লো না।
সে কি একটা সিকি পাইনে, এ কি বিবেচনা ॥১৯৮
লক্ষণেতে ভেবেছিলাম লক্ষ টাকা পাব।
শেষে একটা পাই পাইনে, ভাই রে! কোথা যাব ॥ ১৯৯
ইনি আত্মসুখের সুখী হয়ে, বলিলেন রথে উঠ।
মিষ্টভাষী কৃষ্ণ,—ইহার দৃষ্টি অতি ছোট ॥ ২০০
অতি শক্ত-শরীর, ভক্ত-বিটেল, কথায় করুণা প্রকাশ।
আহ্লাদে আমাকে আকাশে তুলিলেন,
শেষে সকলি আকাশ ॥ ২০১
ইনি পরকে দিবেন কি,আপনি বা কোন্ সুখ-ভোগে থাকেন।
আতর কিনতে কাতর, গায়ে কাষ্ঠ ঘ'ষে মাখেন ॥ ২০২
এক, দরিদ্রের মতন, হরিদ্রে মাখা, বস্ত্র প্রতিদান।
আহারের দোষে কৃষ্ণবর্ণ, মাজাখানি ক্ষীণ ॥ ২০৩
বলিব কি দেখে শুনে, পড়েছি আমি ধন্দে।
ইহার জ্যেষ্ঠ ভাই, বলরাম—লাঙ্গল তার স্কন্ধে ॥ ২০৪
দেবালয় বিপ্রসেবা নাহি দেখিতে পাই।
কৃষ্ণ যেন অহংব্রহ্ম, ইহার ধর্ম্মকর্ম্ম নাই ॥ ২০৫

* * *

পাঠান্তর: ১ স্বর্ণেতে—খ, জ।

শ্রীকৃষ্ণসহ রথারোহণে ব্রাহ্মণের বিদর্ভ-যাত্রা

যা হ'বার তাই হবে, ব'লে চক্ষে জল পড়ে।
ভাবিয়া চিন্তিয়া দ্বিজ রথে গিয়া চড়ে॥ ২০৬
পবন-বেগেতে রথ গগনে উঠিল।
কম্পে কায় ব্রাহ্মণের পরাণ উড়িল॥ ২০৭
কেঁদে বলে, তুমি রথ আনিলে কোথায়?
ওহে কৃষ্ণ! অবশেষে প্রাণটা বুঝি যায়॥ ২০৮
ওহে কৃষ্ণ! ম'লাম ম'লাম, নাই—আমি গিয়েছি।
আমার রথ-আরোহণ, [১]মত হ'লোনা, পথ পেলে বাঁচি[১]॥২০৯
যে আশাতে আসা, তার তো ফল ফলিল বড়।
অধিকান্ত কেন প্রভু! আর ব্রহ্মহত্যাটা কর॥ ২১০
নামিয়ে দাও হে, নাম কবিব, ব্রহ্ম-স্থাপন হয়।
হেসে কৃষ্ণ বলেন, চক্ষু মুদিলে যাবে ভয়॥ ২১১
ভয়ে কাষ্ঠ হয়ে, দ্বিজ রথ-কাষ্ঠ ধরে।
শশব্যস্ত হয়ে, ছত্র জলপাত্র পড়ে॥ ২১২
আবার বলে, ওহে কৃষ্ণ! হায় হায় কি করিলে!
ধর্ম্ম খেয়ে তুমি আমাকে জন্মের মতন সারিলে॥ ২১৩
আমার ঘটী গেলো হে, ঘটিল বিপদ, একি কপালের লিখন।
ছাতি গেলো হে ছাতি ফাটে, মৃত্যু ভালো এখন॥ ২১৪
তুমি নিরাশ্রয়ের গতি শুনে, তোমার আশ্রয় ধরিলাম।
একি ভরণী যাত্রায় এসে, দুখের তরণী বোঝাই করিলাম॥ ২১৫
যোগীর ধন কোশাকুশী আর কুশাসন।
রাজার ধন রাজ্যপাট, বেশ্যার যৌবন॥ ২১৬
চোরের ধন সাহস, যেমন গণকের ধন পাঁজি।
আমার সবে ধন, দ্বারকাকান্ত! ঐ ঘটিছত্র[২] পুঁজি॥ ২১৭

খাম্বাজ[৩]—পোস্তা

ওহে দ্বারকাকান্ত! সর্ব্বস্বান্ত আমার হলো।
সবে ধন জলপাত্র, তাল-পত্র-ছত্র গেল॥
শুনে নাম কৃষ্ণ দাতা, কষ্টেতে এসেছি হেথা,
তুমি কি করিবে, কৃষ্ণ! ফলিল মোর অদৃষ্ট-ফল।
কিঞ্চিৎ ধন পাবো ব'লে, সঞ্চিত ধন চলিলাম ফেলে,
ব্রাহ্মণী শুধাইলে, কি বলিবো তাই আমায় বলো॥[৪] (ঝ)

কৃষ্ণ কন আর কেঁদো না, মিথ্যা আর অনুশোচনা,
করা যাবে বিবেচনা, দেখো হে দ্বিজ! বলিলাম।
ভাবিতেছে ব্রাহ্মণ, তুমি বিবেচনাতে বিলক্ষণ,
তার তো আমি সুলক্ষণ, দেখে শুনেই চলিলাম॥ ২১৮
ভাবে দ্বিজ কত-মত, নিকট হইল পথ,
বিদর্ভ নগরে রথ, সত্বরে উত্তরে।
ব্রাহ্মণের করে ধরি, নামাইয়া দেন হরি,
যথায় ব্রাহ্মণপুরী, নগর-উত্তরে॥ ২১৯

* * *

বিদর্ভ-নগরে ব্রাহ্মণের স্বীয় কুটীরের পরিবর্ত্তে অট্টালিকা দর্শন

নিকটে হয়ে উদয়, দ্বিজ দেখে নিজালয়,
সব অট্টালিকাময়, কৃপাদৃষ্টে কৃপাময় চেয়েছেন আপনি।
দ্বিজ নাহি বুঝে অন্ত, বলে,—এ সব অট্টালিকা-তন্ত্র,
করেছে কোন্ ভাগ্যবন্ত, ভেঙ্গেছে আমার কুঁড়েখানি॥ ২২০
উহু উহু মরি মরি! জলে প্রাণ দেই গলে ছুরি,
হরি হরি! কি দিলে হরি! আমারে এত শাস্তি!
উপলক্ষ ছিল মাত্র, সবে-ধন এক জলপাত্র,
আর তালপত্র-ছত্র, তালপত্রের কুঁড়েখানিও নাস্তি॥ ২২১
দাঁড়াই এখন কার ঘরে, দরিদ্র দেখিলে পরে,
অবহেলা করে পরে, কেহ নাই ভুবনে[৫]।
এতো কি ছিল ললাটে, শয়ন বৃক্ষ-নিকটে,
জল খেতে হ'লো ঘাটে, জলপাত্র বিনে॥ ২২২

পাঠান্তর: ১-১ হ'ল জন্মের মতন, এখন পথ পেলে পর বাঁচি—খ; হা-পথ পেলে পর বাঁচি—জ। ২ ঘটিটী—ক, গ। ৩ সিন্ধুভৈরবী—ঘ, জ।
৪ এই গীতের পর ক-গ্রন্থের পাদটীকায় "সর্ব্বনাশ হ'লো আমার"—ইত্যাদি একটি গীত পাওয়া যায়। ৫ ত্রিভুবনে—ক।

আগে পারিলে জানিতে, হ'তো না এত কাঁদিতে,
ফলিতো কিছু গেলে আনিতে, রাজা শিশুপালে।
কোথাকার কৃপণ কৃষ্ণ, আনিতে গিয়ে এত কষ্ট,
ধন প্রাণ স্থানভ্রষ্ট, আমার কপালে। ২২৩
ব্রাহ্মণী গেলো কোথায়, হায় হায়! না হেরি তায়,
মম মৃত্যু 'সম তায়', হ'লো রে বিধাতা!
বিধি কি আনিলি ভারতে, বিধিমতে দুঃখ দিতে,
বিধি! কি তোর সঙ্গেতে, এত বিপক্ষতা। ২২৪
হেথায় অট্টালিকা-মধ্যে থাকি, ব্রাহ্মণী ব্রাহ্মণে দেখি,
বলে দাসি! দেখ দেখি, শুভদিন উদয় গো।
ছিন্ন-ছাড়া জীর্ণ অতি, ঐ আমার প্রাচীন পতি,
চিহ্ন আছে জীর্ণ ধুতি, ভিন্ন অন্য নয় গো। ২২৫
যত্নে ব্রাহ্মণী পরে, বস্ত্র-ভূষণ অঙ্গে পরে,
সখী সঙ্গে সমাদরে, চলিল পতি আনিতে।
করি বৃক্ষমূলে আগমন, বসনে ঢাকি বদন,
ধরিয়ে দুটি চরণ, প্রণমিল কাঁদিতে কাঁদিতে। ২২৬
দ্বিজ ভাবে, ইনি নন সামান্যে, সুর নর কি নাগ-কন্যে,
আমি বা কিসের জন্যে, ইঁহার প্রণাম লই।
দ্বিজ অমনি ভূমে পড়ি, বলে আমিও তোমাকে প্রণাম করি,
কে তুমি রাজরাজেশ্বরি! আমারে কৃপা কর কৃপাময়ী। ২২৭
ব্রাহ্মণী কয় হয়ে রুক্ষ, আইমা! ছি ছি একি দুঃখ,
একবারে খেয়েছিস্ চক্ষু, ও পোড়াকপা'লে!
দ্বিজ বলে,– কি ফেরে পড়িলাম,
কেন মা, আমি কি করিলাম।
তোমারে কি কটু বলিলাম, কেন ফেলো জঞ্জালে। ২২৮
ব্রাহ্মণী কহিছে শেষে, ধিক্ ধিক্ আ মর্ মিন্‌সে!
কতদিন ছিলিনে দেশে, সব গিয়েছিস্ ভুলে।
দ্বিজ বলে সে আর কেমন, কার পত্নী তুমি বা কোন্,
কোন্ বেটা অব্রাহ্মণ, দেখেছে কোন্ কালে। ২২৯
একেতো বিপাকে পড়েছি, বিধির সঙ্গে বাদ করেছি,
বাঁচা মিথ্যে প্রাণে মরেছি, কাঁদি বৃক্ষতলে।
আবার তুমি বুঝি মা রাজকন্যে! রাজদৈবে ফেলিবার জন্যে
খেতে মাথা এলে এখানে, পরাণে বুঝি মেলে। ২৩০
মিছে দ্বন্দ্বে নাইকো গুণ, থাকে দোষ মাপ করুন,
ফিরে ঘরে যাও ঠাকরুণ! ফেলেন না বিপত্তে।
আপনি এসেছেন বৃক্ষতলে, কর্তামহাশয় দেখ্‌তে পেলে,
এইখানে আমাকে ফেলে, করিবেন ব্রহ্মহত্যে। ২৩১
দ্বিজনারী বৃক্ষতলায়, বিশেষ বারতা জানায়,
অতুল ঐশ্বর্য্য তোমায়, দিয়েছেন গোবিন্দ।
শুনি হৈল জ্ঞানের উদয়, আনন্দে প্রফুল্ল-হৃদয়,
ভেবেছিলাম কৃষ্ণ নিদয়, তবে কি আমার ধন্দ। ২৩২
পাইয়া অতুল ধন, সহ-ভার্য্যা ব্রাহ্মণ,
সৌভাগ্যে কাল-যাপন, করে ক্রিয়া-কর্ম্মে!
হেথায় কৃষ্ণের লাগি, রুক্মিণীর মন বিবাগী,
সুখ সাধ সর্ব্বত্যাগী, কত ভয় জন্মে। ২৩৩
সহোদর-সহ বাদ, সাধে বা ঘটে বিবাদ,
ঘটে বা ঘটে প্রমাদ, মনে কত ঘটে।
করে বাদ বহু ভূপাল, আইল দুষ্ট শিশুপাল,
রক্ষ নাথ হে গোপাল! দাসীরে সঙ্কটে। ২৩৪

বারোঁয়া—ঝং

পড়ি বিপত্তি-সাগরে, ডাকি তোমারে,
ওহে জগবন্ধু! রক্ষাং কুরু রুক্মিণী দাসীরে।
একবার দেখা দাও হে তুমি, অখিল-ব্রহ্মাণ্ড-স্বামী,
অনন্তরূপ অন্তর্যামী, দাসী-অন্তঃপুরে।
ত্বৎপদে সঁপেছি প্রাণ, রাখ প্রাণ রাখ মান,
অভয় পদপ্রান্তে স্থান, দাও দাশরথিরে। (ঞ)

বলরামের বিদর্ভ-নগরে গমন

হেথায় ত্যেজিয়া দ্বারকাধাম, এসেন নবঘনশ্যাম,
শুনিলেন বলরাম, পশ্চাৎ এ কথা।

পাঠান্তর: ১-১ মমতায়—ক, খ।

দোসর হ'তে গোবিন্দে, লাঙ্গল ধরিয়া স্কন্ধে,
আনন্দে বলাই যান তথা ॥ ২৩৫
ভাবিলেন বলভদ্র, ভায়া বড় অভদ্র,
একা যান শত্রু-মাঝে তিনি।
জরাসন্ধ শিশুপাল, ভেয়ের আমার চিরকাল,
দুবেটা পরম শত্রু জানি ॥ ২৩৬
কোন স্থানে যান না ডেকে, ভায়ার নির্ব্বুদ্ধি দেখে,
মনে মনে বড় দুঃখ হয়।
ঝগড়া করিতে সদাই আর্ত্তি[১], চিরকাল দৌরাত্ম্যি,
নিত্য নিত্য নূতন কীর্ত্তি, ভালো তো এসব নয় ॥ ২৩৭
মরণ-বাঁচন নাইকো জ্ঞান, কালীদহে গিয়ে ঝম্প দেন,
বাদ করেন গে ইন্দ্ররাজার সনে।
সদাই ফেরেন শত্রু-হাতে, আমি ফিরি সাথে সাথে,
বাঁচেন কেবল এই বলাই-দাদার গুণে ॥ ২৩৮
মানেন না তো কোন কালে, জ্যেষ্ঠ ভাইকে শ্রেষ্ঠ ব'লে,
আত্মবুদ্ধি শুভ তার সদা।
সম্পদ সময়ে তার, অন্ত সৈন্য সমিভ্যার,
বিপদ কালেতে কেবল দাদা ॥ ২৩৯
আপনি হয়েছেন যোগ্য, আমাকে ভাবেন অবিজ্ঞ,
একটী কথা শুধান না বিরলে।
এই যে গেলেন বিদর্ভে, আপন মনের গর্ব্বে,
ইহাতে সঙ্কট যদি ফলে ॥ ২৪০
একবার একবার মনে রাগি, বলি, ফিরিবনা আর তার লাগি,
মন বোঝে না,—পড়েছি মায়া-ফাঁদে।
সে যেন মোর এক কায়া, কনিষ্ঠ ভেয়ের মায়া,
পাসরিতে নারি প্রাণ কাঁদে ॥ ২৪১
সে রাখুক বা না রাখুক মান, কৃষ্ণ যে আমার প্রাণ,
সর্ব্বদা কল্যাণ বাঞ্ছা করি।
চিরকাল বালক ধরিব, তার দোষ কি মনে করিব?
ছোট বই তো বড় নয় সে হরি ॥ ২৪২
আপনি মান পাই না পাই, ভেয়ের মঙ্গল চাই,
এত বলি ত্যজে নিজ ধাম।
করিতে কৃষ্ণের হিত, ত্বরান্বিত উপনীত,
বিদর্ভ নগরে বলরাম ॥ ২৪৩
হেথায় হয়ে অগ্রগামী, এসেন ত্রৈলোক্য-স্বামী,
গোবিন্দ আনন্দ শূন্ত-ভরে।
অন্তঃপুরে ঊর্দ্ধমুখী, দেখেন সুধাংশুমুখী,
রুক্মিণী—গোবিন্দ রথোপরে ॥ ২৪৪
দেখে ভবের কর্ণধার, দুই চক্ষে শতধার,
বলেন, তোমরা হের হের সই গো!
পূজে চণ্ডী পড়িলো ফুল, চণ্ডী আমায় অনুকূল,
খণ্ডিল মনের শূল, চণ্ডীসাধনের ধন ঐ গো॥২৪৫

সিন্ধু-ভৈরবী—খং

সখি! ঐ দেখ, মোর শ্যাম-নবঘনে, উদয় গগনে।[২]
এলেন আমার জগবন্ধু রথ-আরোহণে।
ঐ পদে রেখেছে মতি, ব্রহ্মা ইন্দ্র পশুপতি,
ভবভার্য্যা ভাগীরথীর জন্ম ঐ চরণে।
গলে বনফুল-হার, শিরে শিখিপুচ্ছ যার,
দ্বিভুজ মুরলীধর, পীতবাস পরণে ॥ (ট)

সমাগত ভূপতিগণের ক্রোধ

হেথা রুক্মিণীর স্বয়ম্বরে, আসি বহু নৃপবরে,
সজ্জা করি সবাই কয় সভাতে।
ভূপতির কি দুরদৃষ্ট! মানস করেছেন কৃষ্ণ,
গোপের নন্দনে কন্যা দিতে ॥ ২৪৬
রুক্মী তবে কিসের জন্য, আনিল করি নিমন্ত্রণ,
অপমান করিতে রাজগণে।
আমাদের হয়েছে বিমর্ষ, ইহাদের বাপে-ঝিয়ে পরামর্শ,
উভয়ের মন দেবকী-নন্দনে ॥ ২৪৭

পাঠান্তর: ১ আস্থ—জ। ২ ক-গ্রন্থে বিন্যাস অন্যরকম।

ইহাদের বিবেচনা কেমন ?—

রাজা, দালিম ফেলে নালিম খান, ব্রাহ্মণ ফেলে মুচিকে দান,
ভালো ত বিবেচনা!
বিবেচনা হ'লো কোন্ দেশী, বাপকে রেখে উপ্‌বাসী,
বেহাইকে ক্ষীর ছেনা॥
বিবেচনাকে ধন্যি ধন্যি, গঙ্গা ফেলে পুষ্করিণী,
স্নান করেন রে ভাই!
একি বিবেচনা করিলেন রাজা, ঘরে এনে লক্ষ রাজা,
কোটালের দোহাই॥

ময়না টিয়ে উড়িয়ে দিয়ে, খাঁচায় পোষেন কাক।
ঘণ্টা নেড়ে দুর্গোৎসব, ইতুপূজাতে ঢাক।
সিদ্ধিযোগ ত্যাগ করি, ভরণী মঘায় যাত্রা।
চৌত্রিশ অক্ষর খালি রেখে, "ধ"য়ের মাথায় মাত্রা॥

ফেলে হীরে বাঁধিলেন জীরে, সোনা বাইরে আঁচলে গিরে,
এ দেশে লোক থাকে!
ঘোড়া ফেলে জয়পতাকা ছাগলের মস্তকে॥

ব্রাহ্মণ প্রতি করি কোপ, সভাসদ সদ্গোপ!
নইলে মান্য কৃষ্ণ!
জাহাজ ডুবিয়ে ডোঙ্গায় চড়া, জিলিপি ফেলে তালের বড়া,
জ্ঞান করেছেন মিষ্ট॥

আরগিণেতে মন ভুল্‌লো না, মন ভুলেছে চরকা।
শালকে রেখে যবে স্থবে, চটে দিয়েছেন মার্‌কা॥
সার-চন্দন ফেলে মান্য, শিমুলের কাঠ।
উঠানে বসান অধ্যাপককে, ভাটকে দিয়েছেন খাট॥

মনসা-মন্ত্রে দীক্ষিত হয়েছেন, জলে ডুবিয়ে শ্যামা।
রূপোকে রেখে কুপোর[১] মধ্যে, কাগজে বেঁধেছেন তামা॥

যজ্ঞের ঘৃত-অগ্রভাগ খায় যেমন শৃগালে।
রুক্মিণীকে দিতে চান, নন্দের বেটা রাখালে॥ (ঐ)

*　*　*

শ্রীকৃষ্ণ-কর্তৃক রুক্মিণী-হরণ

যতেক রাজার দল, সবে করে কোলাহল,
হলাহল উঠিছে মনোরাগে।
আছে ক্রোধে চারি রাজদূত, আসিয়া অনেক দূত,
কহিতে লাগিল রাজার আগে॥ ২৫৮
ধনুকে সন্ধান পুরে, রুক্মিণীর অন্তঃপুরে,
ছিলাম আমরা রক্ষার কারণে।
শূন্যভরে আসি হরি, রাজার নন্দিনী হরি,
রথে চড়ি উঠিলো গগনে॥ ২৫৯
যুদ্ধ করি কোন ক্রমে, পারি নাই তার পরাক্রমে,
হারি মেনে এসেছি মহারাজ!
যায় নাহিকো বহু দূর, নিকটে আছে নিঠুর,
ধরেন তো করেন না কালব্যাজ॥ ২৬০
শুনি রুক্মী উঠিল দ্রুত, জলন্ত অনলে ঘৃত,
যেন দিল ঢালি।
বলে বেটারা দূর দূর, ভালো বাঁচালি অন্তঃপুর,
হস্ত কামড়ায় দিয়ে গালি॥ ২৬১
রাগে হয়ে জ্ঞানশূন্য, বলে ধর ধর ধর সৈন্য,
কি আর দেখ রে যায় দর্প!
হবে জগতে কলঙ্কধ্বনি, ভেকে চুরি করে মণি,
ঠেলিয়ে ফেলায়ে কালসর্প॥ ২৬২
ক্রোধে চারি সহোদর, বলে সৈন্য ধর ধর,
বংশীধারী শূন্যপথে যায় রে!
হাতে লয়ে নানা অস্ত্র, সবে হয়ে শশব্যস্ত,
গেলো গেলো হায় হায় হায় রে॥ ২৬৩

সুরট—কাওয়ালী

ঐ যায় রুক্মিণী লয়ে রথোপরে।
আরে ধর্ ধর্ ধর্ দ্রুত মার্ মার্
দুরাচার কৃষ্ণ গোপ-কুমারে॥

পাঠান্তর: ১ কুপের—খ।

অতি অগণ্য ও যে ব্রজে গোপাল—
গো-রাখাল চিরকাল রে!
ব্রজ-গোপিনী সকলে, ও রাখালে ভুলে,
রাজকুমারী কি সাজে সে বরে ? ॥ (ঠ)

—

অবাক হয়ে রাজগণ, সবাই দুঃখে মগন,
বলে, পণ্ড হ'লো এ সব মন্ত্রণা।
জরাসন্ধ শুধায় দূতে, বেষ্টিত দেবকী-সুতে,
কে কে আছে কতগুলি সেনা ॥ ২৬৪
দূত বলে, মহাশয়! বহু সেনা তার সঙ্গে নয়,
কিন্তু তার কাজ কি সেনা সাথে?
বাইরে ডাক্‌ছে বলরাম, ভয় কি রে ভাই ঘনশ্যাম!
নূতন এক লাঙ্গল লয়ে হাতে ॥ ২৬৫
জরাসন্ধ বলে হদ্দ, এসেছেন সেই বলভদ্র,
ভদ্রলোক তার কাছে না যান।
নাই অস্ত্র অস্ত্রে শিক্ষা, কেবল লাঙ্গলে দীক্ষা,
তাইতে ইন্দ্র প্রাণ ভিক্ষা চান ॥ ২৬৬
কৃষ্ণকে করেছি ক্ষান্ত, বটি তা হ'তে আমি বলবন্ত,
কিন্তু আমি পারি নাই বলার বলে।
কাতর দেখে করে না দয়া, নাইকো বলার বলা কওয়া,
অকস্মাৎ লাঙ্গল লাগায় গলে ॥ ২৬৭
একদিন আমার যুদ্ধস্থলে, দিয়েছিলো সেই হলটা গলে,
অদ্যাপি বেদনা স্কন্ধে আছে।
নাম শুনে তার কাঁপে অঙ্গ, আমিতো ভাই! দিলাম ভঙ্গ,
হার মেনেছি হলধরের কাছে ॥ ২৬৮

* * *

নারদ-কর্ত্তৃক শিশুপালকে পরামর্শ প্রদান

এইরূপে রাজন কয়, নারদ মুনি হেন সময়,
রাজসভা-মধ্যে উপনীত।
কহেন,—শুন শিশুপাল! তুমি মান্য মহীপাল,
কহিব তোমার কিছু হিত ॥ ২৬৯
হাতে বেঁধে এলে সুত, সে আনন্দ নন্দসুত,
ঘুচালে তোমার, ওহে ভূপ!
হাসিবে বিপক্ষ নরে, এ বেশে এক্ষণে ঘরে,
লজ্জা খেয়ে যাইবে কিরূপ ॥ ২৭০
আমি একটী যুক্তি বলি ভাই! ভক্তি হয় তো কর তাই,
যাউক প্রাণ—মানকে হাতে রেখো।
যাও ঘরে ডুলিতে চ'ড়ে, বস্ত্র-আচ্ছাদন ক'রে,
কিছু কাল অন্তঃপুরে থেকো ॥ ২৭১
এ কথাটা পুরাণা হবে, নগরে দেখা দিও তবে,
শিশুপাল বলে,—কথা বটে।
করিতে হ'লো এই কার্য্য, বৃদ্ধস্য বচনং গ্রাহ্য,
বলিয়ে ডুলিতে গিয়ে উঠে ॥ ২৭২

* * *

ডুলি চড়িয়া শিশুপালের নগরে প্রবেশ

শিশুপালে মন্ত্রণা দিয়ে, নারদ তবে দ্রুত গিয়ে,
উদয় শিশুপালের নগরে।
ঘরে ঘরে বাদ্যকরে, মুনি অনুমতি করে,
সাজ সাজ সকলে শীঘ্র ক'রে ॥ ২৭৩
শুনে যত বাদ্যকর, সকলে হয়ে সত্বর,
পথে গিয়ে বাজায় রাজার আগে।
যায় নিয়ে জয়ঢাক ঢোল, নগরে বিষম গোল,
শুনে শব্দ পঞ্চগ্রাম জাগে ॥ ২৭৪
শিশুপাল কয়, এ কিরূপ! ওরে বেটারা চুপ চুপ!
একি লজ্জা!—পড়িলাম সঙ্কটে।
মুনি বলেন, বলিল রাজা, বাজা বেটারা বাজা বাজা,
কামাই দিসনে গাঁয়ের নিকটে ॥ ২৭৫
শুনিয়ে মুনির সাড়া, কন্ কন্ বাজিছে কাড়া,
টং টং বাজে টিকরা দড়।
দুই পাশেতে থাক থাক, বাজে বাঘ-লেঙ্গুড়ে ঢাক,
দগড়ে নগর করিছে জড় ॥ ২৭৬
দম্ভেতে বাজায় দম্প, ঝমঝমী জগঝম্প,
ভূমিকম্প বাদ্য-শব্দ করে।

ধাতিং তা বাজে মাদল, ভোঁ ভোঁ শিঙ্গের বোল,
ঝাঁক করি বাঁক বাজে পঞ্চম স্বরে। ২৭৭
বাজে যত বাদ্য নামা[1], ধি ধি বাজিছে দামামা,
ধ্ ধ্ ভেরীর শব্দ তাল।
বিদায় করিছেন বলি রাজা, যায় যত ইংরাজী বাজা,
তবলা বাঁশী তবলা করতাল। ২৭৮
প্রধান প্রধান যত ঢুলী, আহ্লাদে যায় ঢুলি ঢুলি,
নূতন নূতন রঙ্গে হাত বাজায়ে।
একবার কাছ ঘুনিয়ে যায়, ছক্কা দিয়ে শিরোপা চায়,
বলে,—ছাড়িনে মহারাজার বিয়ে। ২৭৯
চুপ চুপ ধুমকি সাজে, ধুমকিটি ধুমকিটি খেলাং বাজে,
বারণ করিলে দ্বিগুণ বেড়ে উঠে।
শিশুপাল যেন হয়েছে চোর,
বলে বিয়ে নয়, আজি মৃত্যু মোর!
এতো কি সাজা—রাজার আপন কোটে। ২৮০
নগরে শুনিয়া রব, শিশুপালের ভগিনী সব,
আনন্দে মগনা হয়ে চলে।
মঙ্গলাচরণ জন্যে, ডাকে যত কুলকন্যে,
সমাদর করিয়া সবে বলে। ২৮১
হ'লো কি শুভদিন আজি লো! ঐ বাজিলো ঐ বাজিলো,
দাদার বিয়ের বাজনা আহা মরি!
আয় লো ধনি!—আয় লো মণি! মতিদিদি মনোমোহিনি!
মঙ্গলা মাসি!—সুন্দরি মাধুরী!। ২৮২
আয় লো হীরে! আয় লো দীরে! আসিছে দাদা গাঁটা ফিরে,
আয় লো রাঙ্গ রঙ্গিণি! বামনি!
আয় লো অম্বা জগদম্বা! নিয়ে পান-গুয়ো রম্ভা,
সাধের বউকে উলিয়ে ঘরে আনি। ২৮৩
কোথা গেলি লো তারামালিনি!
শীঘ্র দে লো পিঁড়িতে এলোনি,
ঐ দেখ্ সিকেতে আলোচালি।
মেনেছিলাম সত্যপীরে, পীর মেনে চেয়েছেন ফিরে,
ঠাড়ো[2] গুয়োপান দিতে হবে কালি। ২৮৪

নগরের যত নাগরী, "বৌ দেখি বৌ দেখি" করি,
নগরের বাহিরে যায় হেঁটে।
শিশুপালের ভগিনী গিয়ে, ডুলির আচ্ছাদন তুলিয়ে,
"আই মা!" বলি, দন্তে জিহ্বা কাটে। ২৮৫
নারীগণকে বলিছে এসে, আয়লো মজার বৌ দেখ্‌সে।
জন্মেতো দেখি নাই হেন বউ!
লাজের কথা কারে ক'ব, ও মা আমি কোথা যাব!
বিয়ের ক'নের গোঁপ দেখেছো কেউ? ২৮৬

খাম্বাজ—আড়খেম্‌টা
ছি ছি আই আই! বলিবো কায়!
মরি লজ্জায়! শিশুপেলে ছারকপালের—
কারখানা কেউ দেখ্‌সে আয়।
লজ্জা নাই পাষাণ-বুকো, মর্ মর্ মর্ কালামুখো!
ছি ছি মুড়িয়ে মাথা, ঘোল ঢেলে তায়,
গোল ক'রে কেউ ঢোল বাজায়। (ভ)

শ্রীকৃষ্ণের সহিত রুক্মীর যুদ্ধ

হরিয়ে রুক্মিণী হরি ত্বরায় গমন রথে।
রুক্মিণীর সহোদর-সহ যুদ্ধ পথে। ২৮৭
ভগবানের বাণে বাণে প্রাণে কাতর হয়ে।
রুক্মী হয়ে দুঃখী,—রাজা যায় পলাইয়ে। ২৮৮
পলায় পাছে, পরাভব দেখিয়ে পরাৎপর।
ক্রোধে শীঘ্র তোলেন তারে রথের উপর। ২৮৯
কত মন্দ বলেন, তারে নন্দের নন্দন।
রথ-কাঠে রাখেন, করি নিগূঢ় বন্ধন। ২৯০
বলরাম বলেন হেসে, খুব করেছো ভাই!
নূতন কুটুম্ব হ'লে, তার এমনি আদর চাই। ২৯১
মরি ধন্য ধন্য, গণ্য পুণ্য মান্য বাড়াইলে!
একি সভ্য ভব্য দিব্য নব্য কাব্য দেখাইলে। ২৯২

পাঠান্তর: ১ নানা—খ, জ। ২ দাঁড়া—খ, জ।

করি দ্বন্দ্ব ছন্দ, মন্দ বলো, সম্বন্ধ মান না।
বলো, বেটা সেটা ঠেটা, এটা কেটা তা জান না। ২৯৩
ভায়া! দয়া মায়া হায়া—কায়া-মধ্যে নাই।
ধরো শ্বশুর-শিশুর কসুর, ওটা শিশুর বুদ্ধি ভাই!
এখন ভার্য্যে রাজ্যে[১], ভার্য্যার ভেয়ের এ কি কণ্ড হে।২৯৪
তুমি ভূলোক-ভবলোক-গোলোক-পালক,
শ্যালক-পালক নও হে। ২৯৫
বলরামের বাক্যেতে লজ্জিত কমলচক্ষু।
রুক্মিণী দুঃখিত, দেখি সহোদরের দুঃখু। ২৯৬
তুণ্ডে ধরি হৃষীকেশ, তার কেশ মুড়াইয়া।
দূর হ রে দুর্ভাগা! বলি, দিলেন তাড়াইয়া। ২৯৭

* * *

রুক্মিণীর সহিত শ্রীকৃষ্ণের বিবাহ

রথে মনোরথ পূর্ণ—পূর্ণব্রহ্মময়।
লক্ষ্মী ল'য়ে ঐক্য হয়ে দ্বারকায় উদয়। ২৯৮

লক্ষ্মী-নারায়ণ-মিলন

বিধিমতে বিবাহ নির্ব্বাহ হয় পরে।
হৃদয়ে দ্বারকাবাসীর আনন্দ না ধরে। ২৯৯
হেরিয়ে যুগল-কান্তি, ভ্রান্তি গেলো দূরে।
জয় জয় শব্দ হয়, চিন্তামণি-পুরে। ৩০০

বেহাগ—খং

কি শোভা শ্যাম-বামে সাজিল রুক্মিণী।
যেন রে জলদে সৌদামিনী।
শুভ দরশনে আগমন শুকমুনি।
সুরগণ-সহ শুভাগমন সুরমণি।
সুত সঙ্গে শুভদা সহিত শূলপাণি।
এলেন সুধাকর-সহ সূর্য্য, শুভবার্ত্তা শুনি। (চ)

২৫। সত্যভামার ব্রত

সত্যভামার অভিমান; শ্রীকৃষ্ণ-কর্তৃক মানভঞ্জন

নারদ গিয়া ইন্দ্রালয়ে, পারিজাত পুষ্প ল'য়ে,
সে স্থান হতে প্রস্থান করেন ঋষি।
বীণায় কৃষ্ণ গুণ ল'য়ে, দিলেন কৃষ্ণ-গুণালয়ে,
দ্বারকা নগরে আশু আসি। ১

হেরে পুষ্প সুবাসিত, হরপূজ্য হরষিত,
তুষিলেন মধুর সম্ভাষে।
সেই পুষ্পে হৃষীকেশ, সাজান রুক্মিণীর কেশ,
বিচিত্র-বিউনি কেশ-পাশে। ২

লক্ষ্মী-নারায়ণ-পদে, প্রণাম করি প্রমোদে,
জানেন মুনি কি সুখ ঘটেছে।
বাধাব আজি অতুল দ্বন্দ্ব, ইথে কিছু নাই সন্দ,
অন্তরে অতুল আনন্দ, [২]দেন তথ্য সত্যভামার[২] কাছে। ৩

ছিছি মা! শ্রীনাথের কৃত্য, দেখে জ্বলে গেল চিত্ত,
বিচিত্র গুণ তাঁর এত জানিনে।
শুনিলে শোকে হবি কাতরা, সৌখিকে প্রেয়সী তোমা,
মন বাঁধা তাঁর রুক্মিণীর মনে। ৪

পাঠান্তর: ১ ক, গ-গ্রন্থে একটি অতিরিক্ত পদ আছে এইখানে 'পুজ্য'। ২-২ যান সত্যভামার—ক।

পুষ্প আনিলাম গিয়ে স্বর্গ, ছি ছি একি উপসর্গ!
আমি ভাবিলাম, তোমায় দিবেন হরি।
ত্যজে তোমা হেন প্রেয়সীরে, দিলেন রুক্মিণীর শিরে!
হরি কি করিলেন হরি হরি। ৫

বলি চলে যান মুনি, সত্যভামা হয়ে মৌনী,
অমনি বসিলেন অভিমানে।
করিতে মান-ভঞ্জন, হরি বিপদ-ভঞ্জন,
যান সত্যভামা-বিদ্যমানে। ৬

একেবারে বাক্য-রোধ, না রাখেন অনুরোধ,
নাই উত্তর,—শুনে বাক্য শত।
কৃতাঞ্জলি বিদ্যমান, হরি হয়ে ম্রিয়মাণ,
রাখিতে মান বাড়ান মান কত। ৭

কে করিল হে অপমান, একি মান অপ্রমাণ,
মানে যে মান রাখ না সুন্দরি!
মনে রৈল মনের কথা, বলনা কি মনোব্যথা?
না শুনে যে মনস্তাপে মরি। ৮

তখন অধোমুখে কন ধনী, করিয়ে গুণ গুণ ধ্বনি,
যাও যাও, যে ঘরে সুখের বাসা।
বুঝেছি ভাল-বাসাবাসি, কেন শত্রু-হাসাহাসি,
করিতে আর এস্থানেতে আসা। ৯

হয়েছে কপাল পোড়া, পোড়ার উপর দৃষ্টিপোড়া,
একি পোড়া!—এত কেন দেও জ্বালা।
বুঝেছি তোমার ভাব-ভক্তি, আর কেন হে ভাবের উক্তি?
পোড়া কেটে আগায় জল ঢালা। ১০

ভেবেছিলাম আছ বন্দী, করেছিলে সত্যে বন্দী,
মরিতে তেঁই[১] দিয়াছিলাম মন।
সদরে আদরের কথা, বিরলে গিয়ে বিপক্ষতা,
এমন প্রিয় জনে কি প্রয়োজন। ১১

সম্মুখে সুন্দর সাধু, যেন সুধা বর্ষে বিধু,
বনে ব্যাঘ্র—মনে তা জানিনে।
ছি ছি মেনে আর এসো না, কাণ কাটে হে যেই সোনা,
সেই সোনা বাসনা আর করিনে। ১২

অবলা পেয়ে কর হেলা, বারণ করেছি বার-বেলা,
বার বার দিও না কথা খণ্ডি।
মুখে মধু অন্তরে বিষ, তুমি উনিশ আমি বিশ,
ও বিষয় বুঝিবার ভূষণ্ডী। ১৩

করিতে কত রঙ্গ—পেয়ে, গোকুলে গোয়ালার মেয়ে,
আমরা তেমন নই হে অবোধ নারী।
যে মজিয়ে যাবে বাজিয়ে বাঁশী, নষ্টের স্বভাব কাষ্ঠ-হাসি,
দৃষ্টিমাত্র আমি বুঝিতে পারি। ১৪

কাঁদ কেন[২] আর কপট কান্না, যে ঘরেতে ঘরকন্না,
তার গিয়ে সেই ঘরের ভাবনা!
যদি কাঁদতে এসেছ শুনিতে পায়, ওহে কান্ত! ধরি পায়,
কাঁদিতে হবে, জানিতে কি পার না। ১৫

তখন বুঝি সত্যভামার মন, ইন্দ্রপুরে করি গমন,
হরি পারিজাত পুষ্প হরি।
করি সেই ফুল-বাগান, ধনীর মন যোগান,
সুন্দর আনন্দিত হলেন হরি। ১৬

এক দিন পুনর্ব্বার, মিছে দ্বন্দ্ব বাধাবার,
চেষ্টায় নারদ তথা যান।
বর্ণনা করি জ-কার, নিত্য বস্তু নিরাকার,
নির্গুণ জনার গুণ গান। ১৭

——

সুরট—যৎ[৩]

জয়তি জগদীশ জগবন্ধু জগজ্জীবন।
জপে গুণ যোগীন্দ্র-আদি যতনে যারে যোগিগণ।
যজ্ঞেশ্বর যাদব জয় যশোদানন্দন।
যদুকুলোদ্ভব জলদবর্ণ জনরঞ্জন।
তুমি জীবের জীব আত্মরূপ, ত্বং যজ্ঞ তুমি জপ।
"যন্ত্রি-জন-যন্ত্র" যম-যন্ত্রণা-নিবারণ।
জগত-আরাধ্য, জগদাদ্য জগন্মোহন।
এই জঘন্য দাশরথিরে তার হে জগত্তারণ। (ক)

——

পাঠান্তর: ১ সেই—জ। ২ কত—খ। ৩ ঝাঁপতাল—ক। ৪-৪ যন্ত্রী-জনযন্ত্র—খ; যন্ত্রী ত্বং যন্ত্র—জ।

নারদ কর্ত্তৃক সত্যভামাকে পুণ্যক-ব্রতের পরামর্শ

আনন্দ-হৃদয়, মুনির উদয়,
যথা নারী সত্যভামা।
গিয়া সন্নিধান, শুধান বিধান,
সুমঙ্গল বল গো মা ॥ ১৮
সত্যভামা কন, শুন তপোধন!
হরি পারিজাত হরি।
আমারে উদ্যান, করিলেন দান,
অনেক মিনতি করি ॥ ১৯
আমারি কেশব, মিথ্যা আর সব,
আমার আমার করে।
কহেন নারদ, ঘটিবে বিরোধ,
বলিনে তাহারি তরে ॥ ২০
তোমার ভবন, পারিজাত বন,
সৃজন করেন আনি।
তাইতে ভাব মোর, হরির গুমর,
জাননা তুমি জননি ॥ ২১
হৈল অনুমান, তুমি কেঁদে মান,
বাড়ালে জানিবে তাকি।
বলিলে মরিবে ফুলে, যা পেয়েছ তুমি ফুলে,
ফলে কিন্তু তুমি ফাঁকি ॥ ২২
অবলা বলিয়ে, বাড়ান ছলিয়ে,
বলি ছুটো কথা মিষ্টি।
তুমি মন পাবে? হরির পাবে পাবে,
সকলি কৃষ্ণের সৃষ্টি ॥ ২৩
অন্তরের অন্তরা, জানিস কি মা! তোরা,
কপট কথায় রাজী।
নাই লেশ মমতার, তোর প্রতি তাঁর,
ভালবাসা ভোজবাজী ॥ ২৪
জানি তাঁর পণ, করি সংগোপন,
আমারে না কন কি।
মন লয়েছে কিনি, কেবল রুক্মিণী,
ভীষ্মক রাজার ঝি ॥ ২৫
শুনি ধনী কন, দুখেতে—চিকণ,—
স্বরেতে মন বিরসে।
কহ দেখি মুনি! পতি চিন্তামণি,
কিরূপে রাখিব বশে ॥ ২৬
মুনি কন শেষ, শুনহ বিশেষ,
কর্‌তে পার যদি দ্রুত।
আছে একটা রূপ, অতি অপরূপ,
পুণ্যক নামেতে ব্রত ॥ ২৭
সে ব্রতের বিধি, লিখেছেন বিধি,
দক্ষিণায় পতি-দান।
আছে ব্যবস্থায়, পুন লবে তায়,
স্বর্ণেতে করি সমান ॥ ২৮
হইলে সঙ্গতি, হতে পারে গতি,
পতি রয় তার কেনা।
শুনি কন ধনী, পিতা পূর্ণ ধনী,
মুনি! কি তুমি জান না ॥ ২৯
যতেক বাসনা, দিতে পারি সোনা,
পর্ব্বত প্রমাণ করি।
এ নহে বিস্তর, হন মনোহর,
বড়[1] মণ দুই ভারি ॥ ৩০
তখন করি সেই ব্রত, নারদ মুনি বিব্রত,
কহেন করি চাতুরী।
দেহ মা! দক্ষিণে, আমারে এক্ষণে,
যাইতে হবে সুর-পুরী ॥ ৩১

* * *

সত্যভামার পুণ্যক-ব্রতের দক্ষিণা

কিসে অপ্রতুল, বলিয়ে অতুল,
আনন্দে রাজার সুতা।

পাঠান্তর: ১ বড় জোর—ক।

কৃষ্ণে সমতুল, করিবারে তুল,
তথনি আনেন তথা। ৩২

মহা পরাক্রম, করিয়া বিক্রম,
ভীম বৈসে তুল ধরি।
এক দিকে ভর, করেন বিশ্বম্ভর,
বিশ্বম্ভর রূপ ধরি। ৩৩

রাজার নন্দিনী, সত্যভামা ধনী,
গদ্‌গদ—ভ্রমে ভুলে।
করি আকিঞ্চন, আনিয়া কাঞ্চন,
দিতেছেন তুলে তুলে। ৩৪

যতেক তাঁহার, স্বর্ণসী'তি হার,
স্বর্ণ চম্পকের কলি।
স্বর্ণ-ভূষণ মাত্র, স্বর্ণ-বারি পাত্র,
কর্ণসাজ স্বর্ণগুলি। ৩৫

কনকের তরে, জনকের ঘরে,
জনেক ধনী পাঠায়।
তার যত স্বর্ণ, ছিল নানা বর্ণ,
সে দিল কন্যার দায়। ৩৬

আশী মণ কি শত, করি পরিমিত,
স্বর্ণ দেন তুলোপরি।
ভাবিয়ে বিষয়, ফুরাইল স্বর্ণ,
প্রসন্ন না হন হরি। ৩৭

পড়িয়া সঙ্কটে, নারদ-নিকটে,
লজ্জায় কহেন ধনী।
স্বর্ণ ভিন্ন নিধি, থাকে যদি বিধি,
বিধিমতে দেই এখনি। ৩৮

কহেন নারদ, স্বর্ণে যদি শোধ,
না পার,—যা পার তাই।
শীঘ্র আনি দেহ, নাহিক সন্দেহ,
অভাবেতে দূষ্য নাই। ৩৯

মুনির উত্তর, শুনিয়া সত্বর,
সত্যভামা অকাতরে।
কর্‌তে পতি মুক্ত, আনি মণি মুক্ত,
অম্‌নি দেন তুলোপরে। ৪০

রত্ন যে প্রধান, সব হলো প্রদান,
ভাবেন রাজার মেয়ে।
শেষে দেন রামা, কাঁসা দস্তা তামা,
মুনির অনুমতি পেয়ে। ৪১

ব্যস্ত হয়ে দায়, বস্ত্র সমুদায়,
দেন এক বস্ত্র পরি।
প্রতিজ্ঞা—কনক, শেষেতে চণক,
যব গম আদি করি। ৪২

তথাচ তুলনা, হরির হলো না,
হরিষে বিষাদ সতী।
লাজে ত্রুণ হেন, হইয়া কাঁদেন,
বলে,—হারাইলাম পতি। ৪৩

মুনি কন, মা গো! তুমি বিদায় মাগো,
আমিও বিদায় হই।
ফিরে নে জননি! হীরা মুক্তা মণি,
চিন্তামণি আমি লই। ৪৪

* * *

নারদের শ্রীকৃষ্ণ লাভ

গা তোল হে কৃষ্ণ! আর কেন তিষ্ঠ,
কৃষ্ণ-প্রাপ্তি মোর হলো।
আমার এক লোক, ছিল আবশ্যক,
ভাল হৈল সঙ্গে চল। ৪৫

নানা স্থানে যাই, নানা দ্রব্য পাই,
বইতে লজ্জা পাই আমি।
দিলাম সেই ভার, তুমি লবে তার,
ভার বইতে ভাল তুমি। ৪৬

ওহে জলদ-কায়া! দ্বারকার মায়া,
ত্যজ আর মিছে কাঁদ।

ব্রতের সামিগ্র, [1]কাচা পাতো[1] শীঘ্র,
আলোচালি কলা বাঁধো ॥ ৪৭
কি দেখ কি ভাব! দ্বারকার ভাব,
পাবে না মোর নিকটে।
ছিলে যে গোলোকে, এসেছ ভূলোকে,
জন্মিলে যাতনা ঘটে। ৪৮
মোর তরু-তলে বাস, ওহে পীতবাস!
উপবাস প্রায় থাকি।
কি শীত বরষা, ভোজন ভরসা,
হরি! মোর হরীতকী ॥ ৪৯
কপালে লিখন, কি জানি কখন,
কার ভাগ্যে কিবা ঘটে।
জনম বৈরাগ্য, যেমন হতভাগ্য,
হরি কিনা তার মুটে ॥ ৫০
তুমি জীবের কপালে, লেখ জন্ম-কালে,
সুখ-দুঃখ-ভোগ যথা।
তোমার কপালে, এ লেখা লিখিলে,
হরি হে! কোন্ বিধাতা ॥ ৫১
তখন ভূমে পড়ি রামা, কাঁদে সত্যভামা
বলে, কি হলোরে হায়!
করি দক্ষিণান্ত, হইল সর্ব্বস্বান্ত,
কৃষ্ণ লয়ে মুনি যায় ॥ ৫২
কিবা অশীতি-পর, পঞ্চম বৎসর,
বালকাদি পুরে যত।
মুখে হাহাকার, ধ্বনি সবাকার,
দ্রুত যায় যথা ব্রত ॥ ৫৩
শুনি অমঙ্গল, যদুবংশে গোল,
মহাপ্রলয়ের ধারা।
কেহ মূর্চ্ছাগত, উন্মাদের মত,
পথে পড়ি জ্ঞানহারা ॥ ৫৪
ষোড়শ শত অষ্ট, নারী—শুনে কৃষ্ণ,
ঐ লয়ে যায় ঋষি।
বাস না সম্বরে, দেখ্‌তে পীতাম্বরে,
এলো সব এলোকেশী ॥ ৫৫
পড়িয়ে ভূতলে, নয়ন উথলে,
কেঁদে বলে যত রামা।
ছার ব্রত-দায়, কার ধন কা'য়,
দিলি তুই সত্যভামা ॥ ৫৬
দ্বারকা-জীবন, এ তিন ভুবন,—
জীবন জগতময়।
জগত সংসার, জীবের অধিকার,
কৃষ্ণ তোর সুধু নয় ॥ ৫৭

সিন্ধুভৈরবী—যৎ

কি ব্রত করিলি বল, ফলিল ফল একি ফল,
প্রতিফল তোমায়।
দক্ষিণাতে সাধনের ধন কৃষ্ণধন দিলি বিদায়।
তোরে ধিক্ তোর ব্রতে ধিক্, আছে কি ধন আর অধিক,
অখিল-ব্রহ্মাণ্ড-পতি পতি তোর মন যোগায়।
তোরে বিড়ম্বিল বিধি, প্রাঙ্গনে নাই প্রাপ্ত নিধি,
কপাল যার মন্দ, শ্রীগোবিন্দ-চরণ সে কি পায়। (খ)

কুবেরের ভাণ্ডার হইতে ধনরত্ন আনয়নের জন্য যদুবংশীয়গণের দূত প্রেরণ

যদুবংশে একযোগ, সকলে হয়ে সংযোগ,
যার ঘরে ছিল যত রত্ন।
শুনিয়া মুনির পণ, সবে করি প্রাণপণ,
সমর্পণ করে করি যত্ন ॥ ৫৮
করি দিল আয়োজন, গিরি-তুল্য করি ধন,
গিরিধারী তুল্য নাহি ঘটে।
যদুবংশে কহে মুনি! ক্ষণেক রাখ চিন্তামণি,
আনি ধন কুবের-নিকটে ॥ ৫৯

পাঠান্তর: ১-১ কাঁচা পাতে—অ।

ব'লে পাঠাইল চরে, ধনপতি-গোচরে,
চরে গিয়া জানায় তারে ত্বরা।
কুবের করিয়া তুচ্ছ কহে কত বাক্য উচ্চ,
বড় উচ্চ পদ পেয়েছে তারা। ৬০

শুনি নাই যে এমন কার, চমৎকার অহঙ্কার,
শিবের ধনেতে লোভ করে।
কিছু তো বুঝে না স্থক্ষ্ম, কতকগুলা গণ্ডমূর্খ,
জন্মেছেন সেই যদুনাথের ঘরে। ৬১

ভব মোর ভবকাণ্ডারী, আমারে করি ভাণ্ডারী,
রেখেছেন ধনের রক্ষাতে।
অগোচরে দিলে পরে, আমারে বধিবেন পরে,
নীলকণ্ঠ ব্যয়কুণ্ঠ তাতে। ৬২

অতুল ধনে যেন দরিদ্র, না ভাঙ্গান এক মুদ্র,
অতি-ক্ষুদ্র-মতে চলেন তিনি।
ঘরেতে ঘরণী তাঁর, জগদম্বা মা আমার,
দেন না তাঁরে অলঙ্কার একখানি। ৬৩

ভাণ্ডারেতে পট্টবাস, তা না পরি কৃত্তিবাস,
ব্যাঘ্রচর্ম নিত্য পরিধান।
একটিবার মনে হলে, মণি-মন্দির হয় হেলে,
তা না করি শ্মশানেতে স্থান। ৬৪

এমন জনার ধন, দিয়ে কি হব নিধন,
এমন অনুরোধ ভাল নয়।
আমি ত হইব ধ্বংস, হবে ধ্বংস যদুবংশ
কোপাংশ হরের যদি হয়। ৬৫

কৃষ্ণ হয়েছেন সম্পন্ন, বিষয় করেছেন উৎপন্ন,
বংশ করেছেন ছাপ্পান্ন কোটি।
অধিক কিছু ভাল নয়, একবারেতে হবে লয়,
আজি বা কি করেন ধূর্জ্জটি। ৬৬

অনেক খরিদদারে কসে হাট,
অনেক পড়োতে হয় না পাঠ,
অনেকের মৃত্যু হয় অনেক লোভে।
অনেক পরিবারে ঘটে কষ্ট,
অতি লোভে তাঁতি নষ্ট,
অনেক যাত্রী উঠিলে তরি ডোবে।
অনেক আশাতে হয় ক্ষতি,
অনেক কোঁদলে ছাড়ে লক্ষ্মী,
অনেক আদরে অহঙ্কার বাড়ে।
অনেক নারীতে যায় ধর্ম,
অনেক মন্ত্রীতে খায় কর্ম,
অনেক আলেতে পাকে পাক পড়ে। (অ)

* * *

কুবেরের বিরুদ্ধে যদুবংশীয়গণের যুদ্ধ-যাত্রা

ক্রোধে কুবের অনুচিত, কহিলেন যথোচিত,
দূত গিয়া কয় দ্বারকায়।
শুনি যক্ষের বাক্য-শূল, কুপিল কৃষ্ণের কুল,
হয়ে ব্যস্ত হস্ত কামড়ায়। ৬৯

নহে সহ্য এক দণ্ড, কুবেরে করিতে দণ্ড,
সাজিল প্রচণ্ড হরি-সুতে।
পিতা যাদের দর্পহারী, তাদের সঙ্গে দর্প করি,
বেটা মোর অমান্য করে দূতে। ৭০

বেটারে ধরেছে কাল, ভরসা করে মহাকাল,
এ সব কটু বলে তারি বলে।
আজি রণে হ'লে প্রবর্ত্ত, শিবের যাবে শিবত্ব,
কৈলাস পাঠাব রসাতলে। ৭১

টৌরী—কাওয়ালী

সাজিল কংস-রিপু-বংশ সমরে।
সসৈন্য শিবের কুবের কাঁপে ডরে।
বিপক্ষ ত্রৈলোক্য-নাথ-সুত যারে রে।
করে কে রক্ষে সে যক্ষে ত্রৈলোক্যের মাঝারে।
যাঁরে যোগীন্দ্র মুনীন্দ্র ফণীন্দ্র ভজে,
তাঁর তনয় ত নয় সামান্য,
অমান্য কে করে, কে পারে,

দাশরথি পড়েছে কি একান্ত ঘোরে রে,
যাবে একান্ত নিতান্ত কৃতান্তেরি নগরে ॥ (গ)

—

বাজে বাদ্য সাজে সৈন্য, কুবের দমন জন্য,
গমন করিছে হরি-পুত্র।
হ'য়ে যক্ষপুরে উপনীত, কহে, হেঁ রে দুর্নীত!
ভাবনা কি, কি হবে দশা অত্র ॥ ৭২
এখন করিবে কার আরাধন নিধন ক'রে লব ধন,
বাঁচাতে ধন হবি ভুবন-ছাড়া।
এ বড় আশ্চর্য্য মজা, হয়ে একটি ক্ষুদ্র অজা,
সিংহের কাছেতে শিং নাড়া ॥ ৭৩
করি উগ্রা অতিরেক, হাতীকে লাথি মারে ভেক,
বিড়াল বধিতে যুক্তি ইন্দুর যুটে।
এত নয় তারি সঙ্কট, যেমন লক্ষপতির সঙ্গে ঘোট,
প্রাণপণে দেয় তিন পণের মুটে ॥ ৭৪
আমরা জয়ী[১] পৃথিবীতে, ব্রহ্মসনাতন পিতে,
মাতা ব্রহ্মময়ী ব্রহ্ম দুই।
জীবের গতি চিন্তামণি, তোদের শিবের শিরোমণি,
দাসানুদাসের মধ্যে তুই ॥ ৭৫
বাসনা থাকে মরণ, মোদের সঙ্গে কর রণ,
নইলে পালা প্রাণ-শঙ্কা রেখে।
ডেকে আন্ তোর গঙ্গাধরে, দেখ্‌ব কেমন বল ধরে,
হলধরের শিশু যাউক দেখে ॥ ৭৬
অক্ষম অন্যায় রঙ্গ ঘরে, বসি ঘোর তরঙ্গ করে,
ধরিলেই প'ড়ে খান খাবি।
করেছিলি ত বড় রাগ, রাখ না তার অনুরাগ,
রাগ দেখে ছাগ পশুর প্রায় পলাবি ॥ ৭৭
মূর্খ লোকের এই কর্ম, রাখ্‌তে মান থাকে না ধর্ম,
সে কর্ম সহজে নাহি চলে।
বিহিত করিলে বিধিমতে, সাজা দিলে যায় সোজা পথে,—
কিল খেয়ে দাখিল খুন হ'লে ॥ ৭৮

বিরলে বসি বীরপণা, এমন বীরের বিড়ম্বনা,
কেন বা করিস্ বিরস বদন-খানা।
মেরে মালসাট হেরে যাচ্ছ, কেড়ে ধন নিলে ছেড়ে দিচ্ছ,
বেঁড়ে লেজ নেড়ে কেন মড় না ॥ ৭৯

* * *

ভীত কুবের কর্ত্তৃক মহাদেবের শরণ-গ্রহণ

কুচক্র দেখে কুবের, শরণ লইতে শিবের,
ত্যজে ধন রাখিতে জীবন।
সদলে যায় যক্ষ-পতি, যথায় দক্ষ-সুতা-পতি,
ত্রৈলোক্য-পতি ত্রিলোচন ॥ ৮০
কম্পান্বিত কলেবর, বলে ওহে দিগম্বর!
পীতাম্বর-পুত্র আসি পুরে।
হরে ধন বাঁধে কর, কাতর তব কিঙ্কর,
শঙ্কর! সঙ্কটে রক্ষ মোরে ॥ ৮১

—

সিন্ধু—কাওয়ালী

কি দেখ হে ত্রিলোচন! ত্রিলোক-দুঃখ-মোচন!
তব ধন হরিল হরি-বংশে।
তারা কি হে তারাপতি! আছে সে ধন-অংশে ॥
ভেবে মরি ওহে ভব! হইল একি অসম্ভব,
ভেবে আছি,—ভুজঙ্গ অঙ্গে দংশে।
ওহে ভব-কর্ণধার! কি ধার হরির ধার,
সুত তাঁর মম জীবন ধ্বংসে ॥
ভাবে না কি হবে পরে, পরম যতন ক'রে,
পরম পাতক যে পর হিংসে, নাথ!
কেন হেন প্রলয়, তব ধন অন্যে লয়,
সৃষ্টি লয় হয় প্রভু! তব কোপাংশে ॥ (ঘ)

—

পাঠান্তর: ১ যাই—জ।

কুবেরে অভয় দেন অভয়ার পতি।
স্থির ভব, কন ভব, উল্লসিত-মতি ॥ ৮২
জান না কুবের! তুমি হরির পরিচয়।
মম গুরু কল্পতরু কৃষ্ণ দয়াময় ॥ ৮৩
কিঞ্চিৎ-সঞ্চিত-ধন-বঞ্চিত যে জন্য।
হলো ইষ্ট পরিজাপ্ত[১], মম প্রাক্তন অতি ধন্য ॥ ৮৪
কত পুণ্য-জন্য আমি হয়েছি কৃতার্থ।
প্রেমানন্দে সদানন্দ করিছেন নৃত্য ॥ ৮৫

* * *

কুবেরের ভাণ্ডার হইতে রত্ন হরণ

কুবেরের, ভাণ্ডারের, অসংখ্য রতন।
হরিয়া, হরিষে যায়, হরি-পুত্রগণ ॥ ৮৬
দ্বারকায়, দ্রুত যায়, আনন্দে সকলে।
করি যত্ন, যত রত্ন, তুলে দেয় তুলে ॥ ৮৭
কোন রূপে, বিশ্বরূপের, তুল্য না হইল।
যদুকুল, প্রাণাকুল, সঙ্কট গণিল ॥ ৮৮
কি অদৃষ্ট হায়! কৃষ্ণ হারাইলাম বলিয়া।
কেঁদে ব্যস্ত, হয় সমস্ত, শিরে হস্ত দিয়া ॥ ৮৯
কৃষ্ণ-নারী, সারি সারি, আছে কৃষ্ণে ঘেরে।
সবে বলে, কেন গো না দেখি রুক্মিণীরে ॥ ৯০
তিনি কিসের দুঃখী, স্বয়ং লক্ষ্মী, অন্তর-যামিনী।
আছেন ইষ্ট-মনে, কৃষ্ণ-ধ্যানে, কৃষ্ণের কামিনী ॥ ৯১
নয়ন মুদে, দেখ্‌ছেন হৃদে, দ্বারকায় বিপত্ত।
শ্যামকে আমার তুলে দিলে, সামান্য সম্পত্ত ॥ ৯২
সবে বলে, রুক্মিণীরে, দে গো সমাচার।
যায় কৃষ্ণ, কি অদৃষ্ট, দেখ্‌বে না একবার ॥ ৯৩
যদি যাবার বেলা, রাজবালা, না দেখে মরিবে।
এ বিচ্ছেদ, জন্ম-খেদ, মর্ম্মে তাঁর রবে ॥ ৯৪
যত রমণী, যায় অমনি, তাঁর অন্তঃপুরে।
চক্ষে ধারা, তারাকারা, কহে রুক্মিণীরে ॥ ৯৫

খট্‌-ভৈরবী[২]—ঠেকা

ও রাজ-নন্দিনি! ত্রিলোক বন্দিনি!
পেয়েছ মা! কিছু কি শুনতে।
ছলে নারদ মুনি, ভুলায়ে রমণী,
নিল মা তোর নীলকান্তে।
জন্মজন্মান্তর, ভেবে নিরন্তর,
পেয়েছিলে গো মা শ্রীকান্তে,—
ওমা পতিব্রতা! সকল হল বৃথা,
চিন্তামণি-পদ-চিন্তে ॥ (৬)

রুক্মিণী অন্তরে হাসি, কহেন যেন উদাসী,
সত্যভামা সর্ব্বনাশী, কি করেছে হায় গো।
করি সকলের সর্ব্বস্বান্ত, ধন-প্রাণ দ্বারকা-কান্ত,
করেছে ব্রতে দক্ষিণান্ত, দিয়াছে বিদায় গো ॥ ৯৬
প্রাণ তো হবে না রক্ষে, সবে না সবে না বক্ষে,
কেমনে দেখিব চক্ষে, কৃষ্ণ আমার যায় গো।
আমার সঙ্গে কেবল অঙ্গ আছে, আর সব ত্রিভঙ্গ-কাছে,
ধন প্রাণ মন রয়েছে, কৃষ্ণের রাঙ্গা পায় গো ॥ ৯৭
অবিচার কি প্রাণে সয়, জগতের সে জগন্ময়,
একা কৃষ্ণ তার নয়, কি বলি বিলায় গো।
ষোড়শত অষ্ট নারী, কৃষ্ণধনের অধিকারী,
সবাই অংশী বংশীধারী, দিব কেন তায় গো ॥ ৯৮
চল ফিরাব কমল-আঁখি, কে লয় তার সাধ্য বা কি,
পরকে কাঁদায় সখি! মিছে পরের দায় গো।
হবে বলি ক্রিয়া নষ্ট অনেকেরে দিয়ে কষ্ট,
পরে দিয়া পরের কৃষ্ণ, সে কেন কাঁদায় গো ॥ ৯৯
সঙ্গেতে যত রমণী, রমণীর শিরোমণি,
যান যথা চিন্তামণি, সবে দেখ্‌তে পায় গো।
লক্ষ্মীরে দেখি আগত, শত্রুভাব করি হত,
হইতে শরণাগত, সত্যভামা ধায় গো ॥ ১০০

পাঠান্তর: ১ পর্য্যাপ্ত—ক। ২ ভৈরবী—খ, জ।

কহে কাতর হইয়া সজলাক্ষী, দিদি! তুমি স্বয়ং লক্ষী,
মোর দোষে পশুপক্ষী, কাঁদিছে দ্বারকায় গো।
করি যদি কোনরূপ, রাখিতে পার বিশ্বরূপ,
সকলে মোরে বিরূপ, এ কলঙ্ক গায় গো॥ ১০১
করিতে চিন্তামণি মুক্ত, দিলাম কত মণি-মুক্ত,
লোকের কাছে পাইনে মুখ ত, একি অনুপায় গো।
এখন শ্যাম রাখ মান রাখ যদি, আমি তোমার নিরবধি,
দাসী হয়ে জন্মাবধি, রব রাঙ্গা পায় গো॥ ১০২
সপত্নী করিছে স্তব, এত বড় অসম্ভব,
করুণা হলো উদ্ভব, সুখে লক্ষী কন গো।
থাক থাক কি বাহুল্য, করিব কৃষ্ণ-আহুকূল্য,
কি ধনে করেছ তুল্য, তোমরা—ছি কেমন গো॥ ১০৩
কর তুল্য সামান্য জ্ঞানে, শ্যামধন সামান্য ধনে,
অমান্য করেছ কেনে, জগত-মান্য ধন গো।
কি ছার ফণীর মণি, তিনি মণির শিরোমণি,
অচিন্ত্য রূপ চিন্তামণি, সামান্য ধন নয় গো॥ ১০৪
তুলবে আমার শ্যামচাঁদে, যেমন মক্ষিকাতে সাগর বাঁধে,
বামন যেমন চাঁদে, ধরিতে আশা মন গো।
এ কেমন বাসনা সই লো! পঙ্গুতে লঙ্ঘিবে শৈল,
কব কি প্রাণেতে সইল, বড় বিড়ম্বন গো॥ ১০৫
কি ধন আছে রত্নাকরে, শ্যাম-ধনে সমান করে,
যে ধন ধরেছে করে, গিরি গোবর্দ্ধন গো।
বালকের মত খেলা, ত্রিলোকের নাথকে তোলা,
জানিস্‌নে তোরা অবলা, এ ধন কি ধন গো॥ ১০৬
আর হ'য়ে দুঃখে কাতরা, কাঁদিস্‌নে রমণী তোরা,
যা বলি সকলে ত্বরা, কর আয়োজন গো।
মুনির যেমন পণ, করি শীঘ্র সমর্পণ,
ত্বরায় তোরা কর গমন, তুলসী-কাননে গো॥ ১০৭

——

ঝিঁঝিট—যৎ

বিশ্বম্ভরের কত ভার, আজি তাই দেখি আনগো সখি!
তোরা তুলে কেউ তুলসী আন, কৃষ্ণনাম তায় দিব লিখি।
শ্যামকে আজি করি সামান্য, বাড়াব তুলসীর মান্য,
সই গো! করি দর্পহারীর দর্পচূর্ণ, জগতে এ নাম রাখি॥ (চ)

——

তুল-মধ্যে কৃষ্ণনামাঙ্কিত তুলসীপত্র-প্রদান

তুলিয়া তুলসী-পত্র, সখী আনি দিল তত্র,
কমল করে লন কমলাক্ষী।
পূর্ণ-হেতু মনস্কাম, তার মধ্যে কৃষ্ণনাম,
স্বহস্তে লিখেন স্বয়ং লক্ষী॥ ১০৮
হস্তে করি লয়ে সাধ্বে, তুলে দেন তুলমধ্যে,
তুলসীর তুলনা কি সংসারে!
ত্রিলোক-পতি তিল-মধ্যে, অমনি উঠেন উর্দ্ধে,
তুলসী রহিল ভূমি-পরে॥ ১০৯
সবে বলে ধন্যা ধন্যা, ভীষ্মক-রাজার কন্যা,
অবতীর্ণা লক্ষী-অংশ মেয়ে।
আনন্দ দ্বারকাবর্গ, সহ নারী বন্ধুবর্গ,
হাতে স্বর্গ পায় কৃষ্ণ পেয়ে॥ ১১০
কৃষ্ণের রমণী মাত্র, লয়ে সেই তুলসীপত্র,
মুনিরে কহিছে ব্যঙ্গ-ছলে।
তোমার কৃষ্ণ-তুল্য ধন, এই লও হে তপোধন!
কাণে গুঁজে স্বস্থানে যাও চলে॥ ১১১
পর্ব্বত প্রমাণ রত্ন, দিলাম করিয়ে যত্ন,
তখনি নিলে পেতে অনায়াসে।
এখন, অমনি দিতে হৈল কৃষ্ণ, অতি লোভে তাঁতি নষ্ট,
বলি রমণী ঢ'লে পড়ে হেসে॥ ১১২
করি গেলে ভারি যোত্র, কালো তুলসীর পত্র,
চিরকাল কাল কাটাবে সুখে।
কুবেরের ধন বসে পেলে, তা নিলে না ছারকপালে!
যেমন কপাল, ছাই পড়িল মুখে॥ ১১৩
দরিদ্র লয়েতে জন্ম, বামুনে কপালের কর্ম্ম,
হবে কেন ঐশ্বর্য্য নিধি।
কপালেতে ঢেঁকী চড়া, উহার কেন, সই! হবে ঘোড়া,
অবিচার করবেন কেন বিধি॥ ১১৪

ছি ক'রে ত্যজিলে সৃষ্টি, মুষ্টি-ভিক্ষা বড় মিষ্টি,
এক দিন পান, এক দিন উপবাস।
এত কেন হবে লাভ, ডেক্‌রার সদা ঝকড়া স্বভাব,
ঝকুড়োর ঘরে লক্ষ্মীর হয় না বাস। ১১৫

চারি পয়সা হইলে দণ্ড, লোকে কেঁদে চারি দণ্ড,
সারা দিনটা আপসোসে বাঁচে না।
এত ধন হারালে পেয়ে, পাষাণবুকো অলপেয়ে
এখনো যে বুক ফেটে মলো না। ১১৬

কিছু বুদ্ধি নাইক ঘটে, দিদি! ওটা পাগলই বটে,
দেখনা ছি ছি! এখনো যে হাসে।
বিষয়-জ্ঞান নাই কিসের বিজ্ঞ, ঐ মিন্‌সে করে যজ্ঞ,
কেমন করি সভাতে বসে। ১১৭

যেমন গুণ তেমনি রূপের ঘটা, কটা কটা জটা ক'টা,
দাড়ির ভাব দেখ্‌লে ছেলে, দাঁড়িয়ে হাসে হর্ষে।
বাহন ঢেঁকি—বুদ্ধি ঢেঁকি, আমি ত দেখি নাই সখি!
পোড়াকপালে এমন ভারতবর্ষে। ১১৮

* * *

তুলসীর মাহাত্ম্য

নারদের বিরাগ-দেহ, বলে কি গঞ্জনা দেহ,
হেঁ গো মা! কৃষ্ণের প্রিয়ে যত।
তোদিগে শিখাব অর্থ, শ্যাম হতে কি আছে অর্থ!
পরম যোগী পরমার্থে রত। ১১৯

এই পাগল-বেশে দেশে দেশে, করি সঞ্চয় নানা ক্লেশে,
দেখ্‌ছি মা! হৃদয়-ভাণ্ডারে।
অসাধ্য সাধনের ধন, হরি বিপদভঞ্জন,
করি যার যুগযুগান্তরে। ১২০

প্রত্যক্ষ দেখি যে ভ্রান্ত, না বুঝি তুলসীর অন্ত,
কর ব্যঙ্গ ত্রিভঙ্গ-অঙ্গনা!
হরি যার নিকটে তুচ্ছ, মরি কি মহিমা উচ্চ,
ত্রিলোকে নাই তুলসীর তুলনা। ১২১

আমি ত্যজিয়ে অতুল অর্থ, নিলাম এই তুলসী-পত্র,
ব্রহ্মাণ্ড পড়েছে মোর করে।
এ ধন করিলে পরিবর্ত্ত, শিবের লব শিবত্ব,
ব্রহ্মা দেন ব্রহ্মপদ ছেড়ে।

সিন্ধু-ভৈরবী—যৎ

এই তুলসী যদি কৃষ্ণের চরণপদ্মে প্রদান করি।
তবে জন্মের মত তোদের চিন্তামণি-ধনকে কিন্‌তে পারি।
লক্ষ্মীকান্তের তুল্য ক'রে,
যে ধন মা! লক্ষ্মী দিলেন আমারে,
আমার অলক্ষ্মী কি থাক্‌বে ঘরে, ওরে অবোধ নারি।
প্রাপ্ত হলেম যে সম্পদ, এর কাছে কি ব্রহ্ম-পদ,
দিয়ে অভয়পদ, নিরাপদ, আমারে করিবেন হরি। (ছ)

২৬। সত্যভামা, সুদর্শনচক্র এবং গরুড়ের দর্পচূর্ণ

সত্যভামা, সুদর্শনচক্র এবং গরুড়ের দর্প

দর্প ঘটে যার, রাজা কি প্রজার,
নর কিম্বা সুরাসুর।
গোলোক-বিহারী, হরি দর্পহারী,
সে দর্প করেন চুর ॥ ১
করেন নারীগণ-সহ, দ্বারকায় উৎসাহ,
যদুবংশ-চূড়ামণি।
ভাবে সত্যভামা, কে আমার সমা—
শ্যামাঙ্গের সোহাগিনী ॥ ২
অন্যান্য নারীগণে, গোবিন্দকে মনে গণে,
আমার বাঁধা মাধব।
যে কাজে যান চলি, আমি যদি বলি,
জলধর জলে ডোব ॥ ৩
তাতেই হন রত, আমার অবিরত,
দিয়েছেন মনে মান।
আমার কথা হ'লে, ভাসেন কুতূহলে,
আমি তাঁর যেন প্রাণ ॥[১] ৪
কৃষ্ণ মোর ঋণী, এমন আদরিণী,
তারিণী করেন হেন কারে।
অন্য নারীর প্রতি, নাই কৃষ্ণের প্রীতি,
যান ধর্ম্মরক্ষার তরে ॥ ৫
বাঁধা মোর প্রাণে, সদা মোর পানে,
বাঁকা নয়নের তারা।
আমি করিলে মান, কেঁদে ম্রিয়মাণ,
ভয়ে ভগবান সারা ॥ ৬
দিবানিশি আমি, গরবেতে ঘামি,
রইতে নারি রত্ন-ঘরে।
পরশ-রতনে, পরশ করিনে,
চরণে ঠেলেছি তারে ॥ ৭

কি কৃষ্ণের চক্র, সুদর্শন-চক্র,
ঐ মত গর্ব্ব মনে।
থাকি কৃষ্ণের হাতে, কেবা মোর সাথে,
লাগে এই ত্রিভুবনে ॥ ৮
ইন্দ্র শশধরে, কেবা মোরে ধরে,
গঙ্গাধরে নাহি ধরি।
ব্রহ্মা ক্রোধ-মুখে, ছুটিলে সম্মুখে,
কেটে খণ্ড খণ্ড করি ॥ ৯
ভব কর্ণধার, দিলেন হেন ধার,
এ ধারে না ধরে মলা।
পারি, করিতে দমন, করি যদি মন,
শমনের কাটি গলা ॥ ১০
শুন শাস্ত্র যথা, গৌরবের কথা,
গরুড়ের যে প্রকার।
আমি হেন বীর, স্বর্গ পৃথিবীর,
মাঝে আছে কেবা আর ॥ ১১
ফেল্‌তে পারি বলে, সাগরের জলে,
সুমেরুকে পৃষ্ঠে করি।
কেবল শ্রীগোবিন্দে, রাখি নিজ স্কন্ধে,
অন্য স্কন্ধে গিয়া চড়ি ॥ ১২

গরুড়কে নীলপদ্ম আনিতে প্রেরণ

এ তিন জনের, গরব মনের,
হরিতে হরি হরিষে।
গরুড়ে কহেন, আর তোমা হেন,
কেবা আছে মম পাশে ॥ ১৩
কর আয়োজন, মম প্রয়োজন,
নীলপদ্ম দেহ আনি।

পাঠান্তর: ১ এই ৪নং শ্লোকটি জ-গ্রন্থে নাই।

প্রভু যজ্ঞেশ্বর, আজ্ঞা খগেশ্বর,
পেয়ে কহে, ভাগ্য মানি। ১৪
এ কোন্ অঘন্ত, কার্য্য জন্য, জগন্নাথ!
দাসাহুদাসে স্মরণ।
আনি এক পল, মধ্যে নীলোৎপল,
দিব হে নীলবরণ। ১৫
করি বিনতা-নন্দন, বিনয়ে বন্দন,
বিরিঞ্চি-বাঞ্ছিত-পদে।
প্রেমে পূর্ণ-কায়, কৃষ্ণ-গুণ গায়,
গমন করে আমোদে। ১৬

টৌরী[1]—কাওয়ালী

ভাব শ্রীকান্ত নরকান্তকারীরে,—
নিতান্ত কৃতান্ত-ভয়ান্ত হবে ভবে।
ভাবিলে ভাবনা যত ভ্রূভঙ্গে হরে রে,
তরল তরঙ্গে ভ্রূভঙ্গে ত্রিভঙ্গে যেবা ভাবে।
মন! কিমর্থে এ মর্ত্তো কি তত্ত্বে এলি,
সদা কুকীর্ত্তি দুর্ব্বৃত্তি করিলি! কি হবে রে।
উচিত এ নহে দাশরথিরে ডুবাবে।
কর প্রায়শ্চিত্ত, রে চিত্ত! সে নিত্য পদ ভেবে। (ক)

হনুমান-কর্ত্তৃক গরুড়ের পথ-রোধ

পেয়ে কৃষ্ণের অনুমতি, কৃষ্ণ পদে রেখে মতি,
চলে পক্ষ নীলপদ্মারণ্য।
কি ছার পবন-গতি, যায় হেন দ্রুত-গতি,
অগতির গতির আজ্ঞা জন্য। ১৭
ঘন ঘন শব্দ ডাকে, দিবাকর কর ঢাকে,
দুই পাখা ঘেরিল গগনে।
দক্ষে ধরা কম্পে ঘন, বাসুকীর অসুখী মন,
অনন্তের অনন্ত ভয় মনে। ১৮

নানা বন তেয়াগিয়ে, খগেন্দ্র উদয় গিয়ে,
কদলী কানন মধ্যভাগে।
যথা বীর হনুমন্ত, পরম-জ্ঞানে জ্ঞানবন্ত,
রামমন্ত্র[2] জপিছেন যোগে। ১৯
জিনিয়া রাবণ-রাজ্য, উদ্ধারিয়া রাম-কার্য্য,
স্বকার্য্য-সাধনে বসি বনে।
হৃদে চিন্তে নারায়ণ, পরম বস্তু নারায়ণ,
বাহ্যজ্ঞান-বর্জ্জিত সাধনে। ২০
পথ-মধ্যে আছে বসি, গরুড় নিকটে আসি,
পথ না পেয়ে রাগেতে জলিছে।
কোন্ বস্তু হনুমান, না পেয়ে তার অনুমান,
অপমান-বাক্য-গুলো বলিছে। ২১

* * *

হনুমান গরুড়ের বাগ্‌যুদ্ধ

হেদে রে বনের[3] পশু! ছাড়্‌বি রাস্তা কি কাল পরশু,
দণ্ড দুই ডাক্‌ছি তোর নিকটে।
জগতে দেখিনে এমন আর, এ যে বুদ্ধি চমৎকার,
প্রতিকার করিতে হৈল বটে। ২২
কোন বানরে দিলে তাড়া, হ'য়ে বুঝি পাল-ছাড়া,
হতবুদ্ধি হয়েছিস্ রে হনু!
পথ যুড়েছিস্ লেঙ্গুড় পেতে, আরে ম'লো কি উৎপেতে
পাইনে যেতে মাথায় উঠ্‌ল তনু। ২৩
ছাড়্ রে বানর! পথ ছাড়্, প্রাণ করিছে ছাড়্ ছাড়,
প্রাণ-কৃষ্ণের পূজার বেলা যায় ব'য়ে।
অপরাহ্ন হৈলে পর, পূজা হবে না পরাৎপর,
জলে কি ফেলিব পুষ্প ল'য়ে। ২৪
হাজার ডাকে দেন না উত্তর, বসেছেন যেন রাজপুত্তুর,
কর্ম্মসূত্রে জন্ম বানর-কুলে।
যেরেছিস্ জমী একটা কুড়ো, এখন বল্‌ছি লেঙ্গুড় কুড়ো,
যাবি নাইকো কৃষ্ণের জীব বোলে। ২৫

পাঠান্তর: ১ বিভাস—ক। ২ রামচন্দ্র—ক। ৩। বানর—খ।

খাম্বাজ—যৎ

পদ্ম-আঁখি আজ্ঞা দিলেন, পদ্মবনে আমি যাব।
আনিয়ে নীলপদ্ম, সে নীলপদ্মের চরণ-পদ্মে দিব।
হয় না হরির কার্য্য-সিদ্ধি, কিসে তোর এত বুদ্ধি,
মলো রে বাঁদুরে-বুদ্ধি, হরির দোহাই তুচ্ছ তব। (খ)

পবন-পুত্র যোগাসনে, পক্ষি-বাক্য নাহি শুনে,
পক্ষী ক্রোধ-হুতাশনে, কহে রুক্ষ ভাষে।
আরে খেলে কচুপোড়া, ভাল সময় ভাল পোড়া,
মনোদুঃখে মুখপোড়া, কি আনন্দে ভাসে। ২৬
আমি কৃষ্ণের অনুচর, যাঁরে চিন্তে চরাচর,
গণ্ডমূর্খ বনচর, বল্লে ত বুঝে না।
ডালে বসি কাল কাটে, মুক্তা দিলে দাঁতে কাটে,
জল দিলে পর শুষ্ক কাঠে, ফল কভু ফলে না। ২৭
করেছিস্ কার্ বলে বল, ওরে বানর! বল্‌রে বল,
আমি গরুড় মহাবল, কিছু শঙ্কা নাস্তি।
জিনি যেন বসেছিস্ কোট, মর ভেড়ে মরকোট,
কল্যাণ চাস্ তো এখনি ওঠ, নইলে পেলি শাস্তি। ২৮
কিসে ধর্ম্ম মোক্ষ ফল, জানিস্‌নে কোন ফলাফল,
বনে বসে খাস ফল, কেবল কর্ম্মফলে।
কিছু নাই তোর প্রশংসার, এলি কেবল এ সংসার,
করে গেলি পেটটি সার, পরাৎপর ভুলে। ২৯
তথ্য শুন সত্য বলি, বেন্ধেছি আমি দৈত্য বলি,
গজকচ্ছপেরে তুলি, নিলাম ওষ্ঠে করি।
যুদ্ধে জিনি পুরন্দরে, প্রবেশিয়ে তার অন্দরে,
হায় কি মনের আনন্দ রে! সুধা এনেছি হরি। ৩০
আমি গরুড় দিগ্বিজয়, সবে মেনেছে পরাজয়,
মৃত্যুঞ্জয় না পান জয়, করিলে হেলায় যুদ্ধ।
চাই ত করি সৃষ্টি লয়, যমকে পাঠাই যমালয়,
তোকে কি মোর মনে লয়, পশু একটা ক্ষুদ্র। ৩১
সহায় কৃষ্ণ কৃপাসিন্ধু, গোষ্পদ জ্ঞান করি সিন্ধু,
সদাই আমার সুখসিন্ধু, মধ্যে ভাসে মন।
এলে ইন্দ্রের ঐরাবত, জ্ঞান করি পতঙ্গবৎ,
সিন্ধু আদি পর্ব্বত, জ্ঞান করেছি তৃণ। ৩২
কে মোর দর্পেতে লাগে, অনন্ত বাসুকী নাগে,
সে ত মোর আহারে লাগে, খেয়ে থাকি সর্প।
কারে মানিনে ভুবনময়, মানি কৃষ্ণ জগন্ময়,
অন্য আমার মান্য নয়, ধরি অতি অল্প। ৩৩
মনে করেছিলাম এটা, মারিব না বানরের ছা-টা,
ধর্ম্ম রাখিতে কর্ম্মে লেঠা, কি করে এ পাপে।
গরুড় করি অহঙ্কার, ঘন ছাড়ে হুহুঙ্কার,
শুনে শব্দ লঙ্কার, রাক্ষসগণ কাঁপে। ৩৪
শুনে শব্দ রঙ্গ ভঙ্গ, হনূমানের ধ্যান ভঙ্গ,
অসময়ে রাম রস-ভঙ্গ, বলছে অভিমানে।
ভক্তিরূপ রজ্জু দিয়ে, কত যত্নে মন বাঁধিয়ে,
বসেছি নয়ন মুদিয়ে, ধ্যান ভাঙ্গিলি কেনে। ৩৫

সিন্ধুভৈরবী[১]—যৎ

শুন রে বিহঙ্গ! তুই কি ধ্যান করি,
ধ্যান ভাঙ্গতে এলি।
ছিল হৃদ্‌কমলে কমললোচন,
রামকে আমার ভুলিয়ে দিলি।
পক্ষি রে! কি করি বল, হলেম অচল নাই অঙ্গে বল,
ছিল হৃদে বল, দুর্ব্বলের বল বনমালী।
মনে প্রাণে ঐক্য ছিল, রাম মোর সাপক্ষ ছিল,
কেন পক্ষী তুই বিপক্ষ হ'য়ে,
আমার মোক্ষধন হারালি[২]। (গ)

গরুড় কয় ক'রে ব্যঙ্গ, করেছি তোর ধ্যান ভঙ্গ,
তাইতে কাঁদিছ ওরে আমার দশা।

পাঠান্তর: ১ আলেয়া—ক ২ হারায়ে দিলি—ক

আমি দিব তা কিসের চিন্তা, নয়ন মুদে তোমার চিন্তা,
আমড়া জাম কুমড়া আর শশা ॥ ৩৮

হিংস্রক লোকের চিন্তা যেমন, সদাই পরের মন্দ।
ঠকের চিন্তা, পরে পরে সদাই লাগে দ্বন্দ্ব ॥
সাধুর চিন্তা, পরকাল—পর-উপকার করা।
চোরের চিন্তা, পরম সুখে পরের ধন হরা ॥
দরিদ্রের চিন্তা, প্রাতে উঠে ভাবে কি রূপেতে চল্‌ব।
কলির চিন্তা, কি রূপে জীবের ধর্ম কর্ম খাব ॥
মুনির চিন্তা, চিন্তামণি,—নাই অন্য আশা।
নিষ্কর্মা লোকের চিন্তা, তাস আর পাশা ॥
বৈদ্যের চিন্তা, সন্নিপাত যোগায় গেঁটে গেঁটে।
পেটুকের চিন্তা, দশে পাঁচে পাকা-ফলার ঘটে ॥
ধনীর চিন্তা, ধন ধন নিরানব্বুইয়ের খাতা।
যোগীর চিন্তা জগন্নাথ, ফকিরের চিন্তা মক্কা ॥
গৃহস্থের চিন্তা, বজায় করিতে চারি চালের ঠাট্টা।
শিশুর চিন্তা সদাই মা'কে, পশুর চিন্তা পেট্টা ॥ (অ)

মরি মরি আহা রে, পেট ভরে না আহারে,
ঐ দুঃখে সদাই থাক ক্ষুন্ন।
হনু! আমার সঙ্গে যাস্, জগন্নাথের প্রসাদ খাস,
যত চাস পাবি পরিপূর্ণ ॥ ৪৪
চল রে কৃষ্ণের পুরী, খাওয়াব পুরি উদর পুরি,
কিসের চিন্তা চিন্তামণির ঘরে।
যাঁর ঘরে ঘরণী লক্ষ্মী, তোর মত তিন লক্ষি,
বানরের পেট বাল্যভোগেই ভরে ॥ ৪৫
খাও আশী কি শত মণ, তোর মনের সংখ্যা যত মণ,
মনোহরের মন তাতে সন্তুষ্ট।
প্রভুর কি প্রসাদের গুণ, শরীর হবে তোর তিন গুণ,
তিন দিনে তোর কান্তি হবে পুষ্ট ॥ ৪৬
ফুল্‌বে কাড়া ফুলিবে বুক, ফরসা হবে পোড়ামুখ,
ঘৃত ছেনা মাখন ভোজন কর্‌তে।
হবে চিকণ বুদ্ধি শরীর মোটা, বানর একটা হবি গোটা,
আঁকড়ে লাঙ্গুল পারবে না কেও ধর্‌তে ॥ ৪৭

নানা রকম আছে প্রসাদ, যার মনে হয় যে দিন যে সাধ,
ইচ্ছা ভোজন ইচ্ছাময়ের ঘরে।
অনেক দ্রব্য ঘৃতপক্ক, একটা শঙ্কা তোর পক্ষ,
ঘৃত ভোজনে লোমের হানি করে ॥ ৪৮
তাতেই তোর হানি কি বল, যায় যাবে লোম বাড়িবে বল,
লোম গেলে বান্দরে গঠন সারবে।
ঘৃতাদি ভোজনের রসে, কৃষ্ণ করেন লেজুড়টী খসে,
তবে মনুষ্যের দলে বসিতে পারবে ॥ ৪৯
থাক্‌বে না বান্দরে বুদ্ধি, আমি লেখাব আত্ত সিদ্ধি,
পড়িলে কভু মূর্খ কেহ থাকে।
যদি পড়াই তোরে শব্দ মন্ত্র, আমি করিতে পারি হনু!
তিন দিনেতে তর্কবাগীশ তোকে ॥ ৫০

• • •

গরুড়কে হনুমানের ভর্ৎসনা

হেসে বলিছে হনুমান, আপনি আপনার মান,
বাড়ালে কি মান বাড়ে।
শাস্ত্র কভু মিথ্যা নয়, যোগীর বুদ্ধির ভ্রম হয়,
মৃত্যু যখন চাপেন গিয়ে ঘাড়ে ॥ ৫১
রাগে শরীর যায় পেকে, ব্যঙ্গ করে উড়নপেকে,
রাম বল মন! রামের কি এত সৃষ্টি।
জগৎকর্ত্তা জগদীশ, মিথ্যা তার দোহাই দিস,
তোর প্রতি কৃষ্ণের নাই দৃষ্টি ॥ ৫২
কাওটা বুঝেছি পাকা, উঠেছে তোর মরণ-পাখা,
পাখা নেড়ে পাকাম করিস পাখি!
ওরে কৃষ্ণের বুল্‌বুলি! পড়েছিস তুই কত বুলি!
কি বোল তোর আছে বল্ দেখি ॥ ৫৩
দূরে থেকে বল্‌ছিস দূর, ওরে গরুড় দূর দূর!
কাছে ঘনিয়ে আয় না গরব কর্‌তে।
যদি কড়ে লাঙ্গুলে ভেনা নাড়ি, পট্ করে বাহির হবে নাড়ি,
নাড়িনে বলি—নাহক জীব হত্যে ॥ ৫৪
গগনে ছুট পাখা মেলে, স্বর্গে ইন্দ্র চন্দ্রে মেলে,
গজ কচ্ছপ পেয়েছিলে খেতে।

মোর কাছে তবে কেন ধন্না, কচি ছেলের মত কান্না,
লেঙ্গুড় নেড়ে পদ্মবনে যেতে। ৫৫
কাজ কি একটা ভারি তুলে, পারিস্ যদি লেঙ্গুড় তুলে,
সরোবরে সরোজ আনিতে যা না।
বটি রাম নামেতে বৈরাগী, মধ্যে মধ্যে যখন রাগি,
ব্রহ্মা সাধিলে শর্ম্মার রাগ পড়ে না। ৫৬
আমি বিজয়ী হয়েছি বিশ্ব, বিশ্বম্ভরের প্রধান শিষ্য,
চিন্তা করে যদি আমাকে চিন্‌তে।
এখন আছিস্ মায়ের গর্ভে, ফেটে মরিস্ মেটে গর্ব্বে,
যৎকিঞ্চিৎ জানালে পারিস্ জান্‌তে। ৫৭
ও আমার দুর্দ্দশা! শুন নাই দশাননের দশা,
ইন্দ্র যার আজ্ঞার অনুবর্ত্তী।
আমি গিয়ে তার ঘাড়ে চ'ড়ে, দাঁত ভেঙ্গেছি চড়ে চড়ে,
ব্যক্ত আছে চরাচরে, আমার দৌরাত্মি। ৫৮
ওরে মূর্খ! তা জান কি, আমার মা যে মা জানকী,
যাঁর গুণ জানে না পঙ্কবক্তে।
যার পতি রঘুবর, মা মোরে দিয়াছেন বর,
নাস্তি মরণ—আছি মরণ দেখ্‌তে। ৫৯
আমি জানি ওরে ষোল আনা, তোকে দিয়ে পদ্ম আনা,
পদ্মআঁখির সেটা নয় হৃদয়ে।
হরি যদি করিতেন স্মরণ, আমি গিয়ে তাঁর নিতাম শরণ,
কোটি পদ্ম রাঙ্গা চরণে দিয়ে। ৬০
তুই কি হরির একলা চর, তাঁর চর এই চরাচর,
কে নয় চর তাঁহার গোচর।
তোমারে বলেছেন আন্‌তে সরোজ,
সরোজ-আঁখির এত কি গরজ,
আমি কি পরম বস্তু হরির পর। ৬১
আমাকে ক'রে সব-বর্জ্জিত, নিজ কর্ম্মে নিয়োজিত,
করেছেন বৈকুণ্ঠপতি রাম।
আজ্ঞা দিলে কিঙ্করে, বান্ধি গিয়ে ব্রহ্মার করে,
শিবকে আনি সহ-কৈলাস-ধাম। ৬২
তুই বলছিস্ পশু পশু, রাগিনে বলি বুদ্ধি শিশু,
কুকুরের প্রতি তুলসীর হয় কি রাগ।
যদি বালকে বাপান্ত করে, জ্ঞানবন্তে কি তা ধরে,
তবে জ্ঞানীর কিসের অনুরাগ। ৬৩
বিশেষ আছে সম্বন্ধ, করিতে নারি তোর মন্দ,
তুই কনিষ্ঠ এক ইষ্ট-সাধনে।
শিশুতে আমাকে পশু ভাবে, রামকে ভাবি পশু-ভাবে,
বীর-ভাবেতে বসি এই বনে। ৬৪

খটভৈরবী—পোস্তা

পশু নই আমি রে তোর জ্যেষ্ঠ হই রে কৃষ্ণবাহন!
হাঁরে! পশু পায় কি পশুপতির আরাধ্য ধন॥
তুই যে কৃষ্ণে অনুগত, আমি সেই রামে রত,
ওরে শ্রীনাথ-জানকীনাথ অভেদ-জীবন। (ঘ)

হনূমানের ভর্ৎসনা-বাক্যে গরুড়ের উত্তর

থাকে বৃক্ষের ডালে পাতায়, মোর সনে সম্বন্ধ পাতায়,
আহা মরি! রস নয়নে খাট।
কথা জানিস্ বহুরূপী, ক্যা বাৎ কহ বানররূপী!
তুমি আমার দাদার যোগ্য বট। ৬৫
লোকে তোরে বলে কপি, কিন্তু নয় তোর ধাতটা কপী,
খালি বাতিক-বুদ্ধি গেল জানা।
আমি তোমার কনিষ্ঠ, এক ঘরে তেঁই ঘনিষ্ঠ,
এক সূর্য্যে রৌদ্র পোহাই রে দুজনা। ৬৬
আমি থাকি হরিদ্বারে, তুমি রও কিষ্কিন্ধ্যা-পুরে,
আমার পাখা, তোমার গায়ে লোম।
আমার চিন্তা মোক্ষ ফল, তোমার চিন্তা মোচাফল,
দাদা! তুমি কেবল খাবার যম। ৬৭
ব্যঙ্গ-ছলে গরুড় কয়, পরিচয় ত বলিতে হয়,
দাদা মহাশয়! নমস্কার হই।
দেখা হইল ভাল ভাল, ছেলেপিলে ত আছে ভাল,
কোথা গেল বড় বৌ-ঠাকুরাণী কই। ৬৮
আসা যাওয়া নাই অনেক দিন, সেই দেখা আজ বৎসর তিন,
তুমি ব্যস্ত আমিও ব্যস্ত যেমন।

ব্যবসা কার্য্যের প্রতুল ত বটে, পাতা কেমন অশ্বত্থ বটে,
আম্রবাগানে মুকুল ধরেছে কেমন। ৬৯

কোথা গেল অঞ্জনা মাসী, এখানে রন্ ত বারমাসই,
বোন্‌পোর বাড়ী দোষ কি দুদিন গেলে।
কার সনে বা সাক্ষাৎ ঘটে, অঙ্গদ দাদার মঙ্গল ত বটে,
সুগ্রীব মামার কটী এখন ছেলে। ৭০

* * *

গরুড়ের বাক্যে হনূমানের ক্রোধ—গরুড়-নির্য্যাতন

ক্রোধে পবনপুত্র বলে, সবাই আছেন সুমঙ্গলে,
তোমার কল্যাণে আর বিনতা-মাসীর পুণ্যে।
এক খবর এসেছে আমার কাছে,
যম-রাজার কিছু খেদ আছে,
তোমার সঙ্গে সাক্ষাৎ করিবার জন্যে। ৭১

ভালে ত জ্বালা মেলি পুড়িয়ে, উড়ে আসিস্ ফর্‌ফরিয়ে,
হুস্ হুস্ করি খেদাইবো বা কত।
আছে তোর ঐ বিদ্যে, পাছে রামের নৈবেদ্যে,
ঠোকর দিয়ে সকলি করিস্ হত। ৭২

রামের ভোগ রামশালী, ছাড়িয়ে দিলাম আতপচালি,
একপাশে তাই খুঁটে খুঁটে খাগা।
এক টিপুনে যাস্ মারা, লোকে বল্‌বে পাখিমারা,
ঐ ভয় করেছি হতভাগা। ৭৩

দেখে তোমার দুর্ম্মতি, আমাকে দিয়াছেন অনুমতি,
চক্ষুলজ্জায় হরি দেন নাই শাস্তি।
ক'রেছ মনে পাপ প্রচুর, এসো করি দর্প চুর,
আমার কাছে চক্ষুলজ্জা নাস্তি। ৭৪

জ্ঞান নাই তোর এক তোলা, ক্ষণ না দেখে পদ্ম তোলা,
গুরুবারের বারবেলা মান না।
বলে হনূমান,—মারিব কি, প্রকাশ ক'রে নিজ মূর্ত্তি,
মুচড়ে ধরে গরুড় পক্ষীর ডেনা। ৭৫

রাখে বাম বগলে পুরে, গরুড় বলে, মলেম বাপ্ রে,
ত্রাহি ত্রাহি কণ্ঠাগত প্রাণ।
নিজ হস্তে পদ্ম তুলে, রামজয় রামজয় শব্দ তুলে,
দ্বারকা যাত্রা করেন হনূমান। ৭৬

মাঝে মাঝে দেন অন্তরটিপ্পি, গরুড় কাঁপিছে মরণ-কাঁপনি,
কেঁদে বলিছে গেলাম গেলাম যাই রে।
দিওনা চাপন আর জিয়াদা, তনু গেল গো হনূমান দাদা!
মাঝে মাঝে আল্‌গা দিও ভাই রে। ৭৭

দাদা তোমার দয়া নাই, আমি যে তোমার ছোট ভাই,
বলেছি দুটো বুদ্ধি কি মোর ঘটে?
রুদ্র মারিবেন ক্ষুদ্র পাখী, তাতে তোমার পৌরুষ বা কি,
যোগ্য হইলে মারা যোগ্য বটে। ৭৮

ছিল আমার কত মান, করিলে হন্ব হতমান,
সূত্র শুনিলে শত্রু উঠ্‌বে নেচে।
দাদা! তোমাকে হারি মানিলাম,
তুমি জানিলে আর আমি জানিলাম,
আর যেন ব'লো না কার কাছে। ৭৯

তোমার হাতে আমার কষ্ট, এ কথা যেন না জানেন কৃষ্ণ,
হনূমান কন, তাঁর অগোচর কুত্র।
আগে জানেন সেই লক্ষ্মী-পতি, তিনি দিয়াছেন এ দুর্গতি,
আমি কেবল উপলক্ষ মাত্র। ৮০

গরুড় বলে, গো দাদা রুদ্র! দেখিবে কৃষ্ণের সভাশুদ্ধ,
সেইটে হবে বড় বিড়ম্বনা।
জানিলাম না হয় তিন জনায়, তবু বাঁচিব গঞ্জনায়,
গণ্ড-গোলায় গোল যেন ক'রো না। ৮১

হনূমান কহেন ওরে মূর্খ! নৈলে কেন তোর এত দুঃখ,
সূক্ষ্ম বুঝ না, চক্ষু থাকিতে অন্ধ।
কৃষ্ণ জীবের ঘটে ঘটে, হরি জানিলেই জগতে রটে,
বিশেষ, ঢাকে না যে কথাটা মন্দ। ৮২

গরুড় বলে, হায় হায়! কি কাল নিশি পোহায়,
এখন দাদা! ভরসা তোমার কৃপা।
লয়ে যেওনা—হয়ত ছাড়, নৈলে দাদা চেপে মার,
চাই ভিক্ষা দুই দফার এক দফা। ৮৩

বিপদে প'ড়ে খগপতি, বলে, কোথা হে লক্ষ্মীপতি!
দাসের দুর্গতি হেন যাতে[১]।
তোমার গর্ব্বে করি গর্ব্ব, তুমি কৈলে এত খর্ব্ব,
মান ঘুচালে হনুমানের হাতে॥ ৮৪

—

খট্‌ভৈরবী—পোস্তা

কোথা হে মধুসূদন! আজি বিপত্তে রক্ষা কর।
আমি আর না মনে করিব কৃষ্ণ! আমি বড়।
হে দুর্গে! হে বগলে! হনুমান রাখিল বগলে,
ওমা লজ্জানিবারিণি! আমার লজ্জা হর।
কোথা হে পশুপতি! পশুর হাতে এ দুর্গতি,
প্রভু! বাঁচাও কিম্বা মৃত্যুঞ্জয়! আজি (আমার) মৃত্যু কর॥(৬)

—

গরুড়কে বগলে লইয়া হনুমানের দ্বারকা-যাত্রা

রেখে বগলে পাখী, বাজায়ে বগল, হনুমান আনন্দে।
চলে নীলপদ্ম লয়ে ভেট দিতে গোবিন্দে॥ ৮৫
ভক্ত-জন্য অবতীর্ণ ভবে বিশ্বরূপ।
চিন্তামণির চিন্তা মনে সাজিতে রামরূপ॥ ৮৬
প্রাণসমা, সত্যভামা, কোথা গেলে সুন্দরি!
আর দেখ কি সাজ জানকি! আমি রামরূপ ধরি॥ ৮৭
কোথা দাদা রাম! আমি হই রাম, অনুজ হয়ে ধর ছত্র।
কি দেখ আর, আসিছে আমার, ভক্ত পবনপুত্র॥ ৮৮
অন্য রূপে, কোন রূপে, হেরবে না সে চক্ষে।
দেখে রামময়, জগতময়, রামমন্ত্রে দীক্ষে॥ ৮৯
তথ্য শুনে সত্যভামা, ভাবে—গেল মান আজি।
লোকে লজ্জা মুখে লজ্জা, করি বল্‌ছেন—সাজি॥ ৯০
হলো মিথ্যা সাজা, দিলেন সাজা, হরি হয়ে মোর কাল।
গরব গেল, সতিনী-গুলো, হাসবে চিরকাল॥ ৯১
ষোড়শত অষ্টরমণী কৃষ্ণের সকলে আইল ধেয়ে।
চিনিনে তোমা, সত্যভামা, বট সামান্যা মেয়ে॥ ৯২
আজি হলধর আর শ্যাম হলেন শ্রীরাম লক্ষ্মণ।
অপরূপ দেখিতে রূপ সাজিল ত্রিভুবন॥ ৯৩
লয়ে স্বগণ-সহিতে, রামরূপ দেখিতে, সাজেন শূলপাণি।
বৃষে চড়ি বামে করি, বিশ্বের জননী॥ ৯৪

* * *

রুক্মিণীর সীতা-সাজ গ্রহণ

করেন হরি তখন ধ্বনি, শুনি সত্যভামা ধনী,
আড়চক্ষে চান রামে।
বাঁধিয়ে কেশ, বিনাইয়ে বেশ,
বসতে গেলেন বামে॥ ৯৫
বল্‌ছেন হরি, হরি হরি! এই কি তুমি সীতে!
ওরে কপাল! বলিয়ে গোপাল, লাগিলেন হাসিতে॥ ৯৬
নাই গৌণকল্প, অতি অল্প, আস্‌ছে হনুমান্।
না হইয়া সীতে, কোথা বসিতে এলে ঘুচাতে মান॥ ৯৭
হব ব'লে, তাল ধরিলে, শেষ কালে নট।
হ'লনা হ'লনা, সীতার তুলনা, এখান হইতে উঠ॥ ৯৮
ব'লে হরি, ত্বরা করি, ডাকেন রুক্মিণীরে।
কোথা লক্ষ্মি! কমলাক্ষি! মোরে দুঃখী করে॥ ৯৯
তোমা ভিন্ন, জগতে অন্য, নাই যে আমার গতি।
তুমি হও মম শক্তি, আদ্যাশক্তি সতি॥ ১০০
সিংহ-বামে শোভা কি পায় শৃগাল-রমণী?
তুমি থাকৃতে, মোর তক্তে, সত্যভামা ধনী॥ ১০১
তখন পীত-বসন, আকর্ষণ, বুঝি রাজসুতা।
যান সম্মুখে, হাস্যমুখে, ভীষ্মক-দুহিতা॥ ১০২
হেরে লক্ষ্মীর বদন, মধুসূদন, মধুর বাক্য কন।
মম কামনা, উভয়ে জানা, বিলম্ব কি কারণ॥ ১০৩

* * *

সুদর্শন চক্র কর্ত্তৃক হনুমানের পথ-রোধ

সিংহাসনে রামরূপ, হয়ে বসিলেন বিশ্বরূপ,
রুক্মিণী বামেতে হন সীতে।

পাঠান্তর: ১ মতে—জ।

হনুমান ত্বরান্বিত, দ্বারকায় উপনীত,
দ্বন্দ্ব ঘটে পুরে প্রবেশিতে ॥ ১০৪
বীরে করি দরশন, দর্প করি সুদর্শন,
বলে রে বানর! কোথা যাবি ?
রেগে বলে হনুমান, দেখ্ছি ক'রে অনুমান,
গরুড়ের মত মান পাবি ॥ ১০৫

* * *

সুদর্শন চক্রের দর্পচূর্ণ

শুনরে সুদর্শন চক্র! সকলি প্রভুর চক্র,
চক্রি-চূড়ামণি তিনি জগতে।
তাঁরি ঘুরণে মরিছ ঘুরে, ভাষায় বলে ভবঘুরে,
ঘুরে ঘুরে পড়িলে আমার হাতে ॥ ১০৬
আমি যখন হইলাম বক্র, স্বর্গ হতে এলে শঙ্খ চক্র,
তোরে করিতে নারে রক্ষে।
মনে করেছিস্ বড় ধার, ধারের কি তুই ধারিস্ ধার,
ভব-কর্ণধার আমার পক্ষে ॥ ১০৭
শুনেছি বড় পরাক্রম, আমার অঙ্গের একটি লোম,
কাটিতে পারিস্ তবে ধার ধরি!
বাড়িয়ে দিলাম হয়ত কাট্, নইলে দ্বারের ছাড় কপাট্,
শ্রীপাদপদ্মে পদ্ম প্রদান করি ॥ ১০৮
মিথ্যা নহে শুন শুন, ওরে চক্র সুদর্শন!
যম করেছেন আকর্ষণ তোরে।
কেন মরিছ ঘুরি ঘুরি, অঙ্গুলে হও অঙ্গুরি,
বলি—অঙ্গুল-মধ্যে দেন পুরে ॥ ১০৯

হনুমান কর্তৃক শ্রীরামচন্দ্রের পদপূজা

করি চক্র-দর্প চূর্ণ, হরিষে হয়ে পরিপূর্ণ,
যায় পূর্ণব্রহ্ম দরশনে।
দেখে অনাথের নাথ, রত্নাধিক রঘুনাথ,
বসিয়াছেন রত্নসিংহাসনে ॥ ১১০
করে লয়ে নীল পদ্ম পুলকিত হৃদ্পদ্ম,
চরণপদ্ম নিকটেতে রাখি।
গললগ্নী-কৃতবাসে, স্তব করে পীতবাসে,
প্রেমামৃতে ঝরে দুটী আঁখি ॥ ১১১
তব তত্ত্বে শিবোহমন্তং, কিং জানামি তন্মহত্তং,
প্রভো! ত্বং ত্রিজগতে ত্রাণ-জন্তু।
ভানুবংশোদ্ভব তনু, পয়োধি-ত্রাণকর্তা প্রভু,
দশরথাত্মজ! কুরু মে ধন্য ॥ ১১২
শবাকার হয়ে ভূমে, প্রণাম করিছে রামে,
ধূলিতে ধূসর হনুমন্ত।
কর দুঃখ মোচন, অকিঞ্চনের আকিঞ্চন,
গৃহাণং কমল কমলাকান্ত ॥ ১১৩
পূজিতে রঘুনন্দন, আনে সুগন্ধি চন্দন,
জহ্নুসুতা জল যত্নে দিল।
পুলকিত হৃদ্পদ্ম, করে নিল নীলপদ্ম,
চরণপদ্মে অর্পণ করিল ॥ ১১৪

জয়জয়ন্তী[১]—খং

অদ্য মে সফলং জন্ম, অদ্য মে সফলং ক্রিয়া।
তোমার কমলা-সেবিত চরণকমলে নীলকমল দিয়া॥
কোটিজন্মার্জ্জিত পুণ্য, বুঝি ছিল মম পরিপূর্ণ,
ওহে পূর্ণব্রহ্ম! সাধ পূর্ণ, করিলে তল্লাগিয়া।
ধন্যোহং ধন্য মে আঁখি, বামাঙ্কে রামরূপ দেখি,
আমার অপরাঙ্কে ধন্য, হেরি মা জানকী রাম-প্রিয়া ॥ (চ)

সত্যভামার অপমান

লজ্জা পেয়ে সত্যভামা বেড়ায় বদন ঢেকে।
সরম দিয়ে সতীকে যত সতীনে কয় রুখে[২] ॥ ১১৫
শ্যামসোহাগী হবি বলে, শ্যামের বামে বসে।
একবারেতে এ জন্মের মত গেলি বসে ॥ ১১৬

কেহ বলে মা, কেমন মেয়ে আই আই মা ছি-টে।
শুনে লোকে দিবে গায় গোবর-গোলার ছিটে ॥ ১১৭
আম্রের ডাল ভেঙ্গে গেলি, জানায়ে সতী সাধ্বী।
আগুন দেখে বস্‌লি বেঁকে, তোর নাই অসাধ্যি ॥ ১১৮
মানে মানে মান রাখিতে অনেক করিল মানা।
সাধের কাজল পর্‌তে গিয়ে, হয়ে এলি কাণা ॥ ১১৯
বাপের কালে জানিনে মাগো, কেমন মূর্ত্তি শীতে।
তুই সাজবি শুনে আমরা কেঁপে মরিছিলাম শীতে ॥ ১২০
শক্তি হবে না এমন কাযে, কি জন্তে সাজা।
স্বপন দেখে গেলি যেমন, তেমন পেলি সাজা ॥ ১২১
এখন মেনে বেঁচে আছিস, লাজের মাথা খেয়ে।
আমরা হলে তখনি মরিতাম অমনি বিষ খেয়ে ॥ ১২২
মনে করেছিস, আমাকে বড় ভালবাসেন শ্যামসুন্দর।
তাওত মেনে পরিচয় পেয়ে এলি সুন্দর ॥ ১২৩
আমরা বুঝি, মরণ ভাল হতমানের পূর্ব্বে।
রাষ্ট্র হয়েছে লাজের কথা উত্তর দক্ষিণ পূর্ব্বে ॥ ১২৪
কোন্ সাহসে বসতে গেলি করে দৌড়াদৌড়ি।
তোর সজ্জা, বলা লজ্জা, ছি ছি গলায় দে দড়ি ॥ ১২৫
কালের স্বরূপ পোহাল রাত্রি, তোর কি কুদিন এলো।
বাঁধলি কেশ, ধরলি বেশ, সকলি শেষ এলো ॥ ১২৬

মৃত্যুসমা হয়ে কায়, অমনি গিয়ে লুকায়,
সত্যভামার দুর্গতি অকথ্য।
হয়ে গেল হতমান, পরে বীর হনুমান,
কৃষ্ণে কি শুধান শুন তথ্য ॥ ১২৭

* * *

শ্রীরামচন্দ্রের পাদপদ্মে হনুমানের নিবেদন

যত কৃষ্ণের রমণী-মণ্ডল, আলো করেছে ভূমণ্ডল,
ষোড়শত অষ্ট নারীমালা।
শুধান বীর রঘুবীরে, প্রভু হে! তব শিবিরে,
এ সব কাহার কুলবালা ॥ ১২৮
কহিছেন চিন্তামণি, এ সব মম রমণী,
তোমার বিমাতা মাত্র সবে।
জানায়ে আপন নাম, সকলে কর প্রণাম,
আশীর্ব্বাদ করিলে ভাল হবে ॥ ১২৯
হনুমান কহেন শ্রীহরি! আজ্ঞা হয়ত করি শ্রীহরি,
এখানে থাকলে এখনি হব নষ্ট।
এক বিমাতার জন্যে হরি, চৌদ্দবৎসর দেশান্তরী,
আমার ভাগ্যে ষোড়শত অষ্ট ॥ ১৩০
ভজি মা জানকীর পদ, অন্তে বাঁধা মোক্ষপদ,
এ সব আপদ কেন করেছ জড়।
কোন্ দিনে গোল বাধবে ঘরে, দিন কতক কাল গেলে পরে,
দীনবন্ধু দুঃখ পাবে বড় ॥ ১৩১
যে হতে অযোধ্যা ছাড়ি, প্রভু হয়েছেন বনচারী,
বিমাতায় বিস্মত মোর তখনি।
বড় দুঃখেতে জানাই, ইচ্ছাময়! মোর ইচ্ছা নাই,
রাখ্‌তে ঘরে জননীর সতিনী ॥ ১৩২
প্রভু! যদি মনে লয়, ইহাদিগে যমালয়,
পাঠায়ে করি মার আপদের অন্ত।
তব সাধ পুরে না লক্ষ্মী পেয়ে, যত লক্ষ্মী-ছাড়ার মেয়ে,
পুরে কেন পুরেছ লক্ষ্মীকান্ত ॥ ১৩৩
আমি জানিনে ইহার সম্বন্ধ, কে করে বিয়ের সম্বন্ধ,
এ সব মন্দ মন্দলোকেই করে।
এক নারীতে শুভ যোগ, দুই জন হলেই গোলযোগ,
তুমি নারীর হাট বসালে ঘরে ॥ ১৩৪
হস্তেতে ধরেছি সাট্, আজ্ঞা হয়ত ভাঙ্গি হাট,
আপনি বল্‌ছেন, এদের প্রণাম কর।
প্রণাম করা শ্রম সরবাদ, বিমাতার আশীর্ব্বাদ,
মনে মনে বলেন, শীঘ্র মর ॥ ১৩৫

* * *

হনুমানের বগল হইতে গরুড়ের মুক্তিলাভ

তখন গরুড়ের দেখি দুর্গতি, কন দুর্গতির গতি,
ছাড় ওটাকে, দেহ প্রাণ ভিক্ষে।
হনুমান কন, একি দুঃখ, এই কি প্রভুর পড়া শুক,
কুসঙ্গে এমন কেন শিক্ষে ॥ ১৩৬

এ নয় দাসের উপযুক্ত, তাহাতে এর উপযুক্ত,
সাজা দিয়াছি দেখে কর্ম্মের দাঁড়া।
বলি ছেড়ে দিল পক্ষে, পক্ষী বলে, মোর পক্ষে,
গেল একটা মরণান্ত ফাঁড়া ॥ ১৩৭

উড়ে যায় আর চায় পাছে, ভাবে আবার ধরে পাছে,
শ্রমে পড়ে ডেনা বয়ে ঘর্ম্ম!
বলে, বাঁচিলাম রাম রাম! বড় দায় হৈল আরাম,
আজি আমি পেয়েছি পুনর্জ্জন্ম ॥ ১৩৮

আমিত পাপে পরিপূর্ণ, পিতামাতার ছিল পুণ্য,
এ সঙ্কটে তেঁই বাঁচে প্রাণী।
কৃষ্ণকে যে পৃষ্ঠে বই, জানিনে কৃষ্ণের চরণ বই,
দুঃখ দিবার মূল দেখিলাম তিনি ॥ ১৩৯

তখন লজ্জাযুক্ত সুদর্শন, প্রভুরে করি দর্শন,
হনুমান চক্র তেয়াগিয়া।
পবন গতির প্রায়, পবননন্দন যায়,
চরণ-পঙ্কজে প্রণমিয়া ॥ ১৪০

করি সুসিদ্ধ মানস-কার্য্য, রামরূপ করি ত্যাজ্য,
তদন্তরে কৃষ্ণরূপ ধরি।
বামে লয়ে রুক্মিণীরে, ভাসেন প্রেমসিন্ধুনীরে,
কৃপাসিন্ধু রত্নাসনোপরি ॥ ১৪১

——

সিন্ধুভৈরবী[১] —যৎ

মাধবের নিন্দি নীলাঞ্জন নীরদবরণ।
তাহে কমলা, স্থির চপলা, বামে শ্যামেরি ভূষণ ॥
নীলকান্ত মরে ত্রাসে, নীলাম্বুজ নীরে ভাসে,
হেরি কৃষ্ণরূপ, অভিমানে বিমানে রন নবঘন ॥ (ছ)

——

২৭। দ্রৌপদীর বস্ত্র-হরণ

মহাভারতের গুণ-ব্যাখ্যা

ভারতের সভাপর্ব্ব, ভারত-মধ্যে অপূর্ব্ব,
শ্রবণে কলুষ সর্ব্ব খর্ব্ব, —ব্যাস-বাণী।
রাজসূয়-বিবরণ, দ্রৌপদীর বস্ত্রহরণ,
যাতে লজ্জা-নিবারণ, করেন চিন্তামণি ॥ ১

ধন্য সতী সত্যবতী, রত্নগর্ভা গুণবতী,
জন্মেন অগতির গতি, যে ধনীর উদরে।
যিনি রচিয়ে পুরাণ, জীবের বাঞ্ছা পুরাণ,
কাতরে ত্বরা তরাণ, সঙ্কট-সাগরে ॥ ২

দ্বৈপায়ন তপোধন, যাঁর বাক্যে মোক্ষধন,
পায় জীব হয়ে নিধন, এ নয় অন্যথা।
তাঁরি করুণা-আশায়, তাঁরি চরণ ভরসায়,
কিঞ্চিৎ ভেঙ্গে ভাষায়, কই ভারতের কথা ॥ ৩

——

সুরট[২]—ঝাঁপতাল

যাতে জীবের জয়ে জয়, যাতে মুক্ত জন্মেজয়,
জন্মে জ্ঞানোদয়, জন্ম-মৃত্যু-ভয় যায় দূরে।
শুনরে জীব! যাবে চিন্তে, যাবে চিন্তামণি-পুরে ॥
যার ভক্তি এ ভারতে, সেই ধন্য এ ভারতে,
তার ভার কি পার হ'তে, ভূভার-হারী ভার হরে ॥ (ক)

——

পাঠান্তর: ১ বিভাস—ক। ২ ললিত—গ।

ভব-মধ্যে এই ভারত, সুধা-মাখা বাক্য-রত,
অবিরত কৃষ্ণ ভক্তগণে।
অভক্তে না রস পান, তাদের পক্ষে বিষপান,
কষ্ট পান—কৃষ্ণ-নাম যেখানে। ৪
ইথে চাই ভদ্রতাই, ভাব চাই ভাবুক চাই,
ভক্তিযুক্ত ব্যক্তি চাই ইহাতে।
ভক্তিশূন্য কলেবর, দিগম্বর কি পীতাম্বর,
মানে না সে বর্ব্বর, ভাগবত ভারতে। ৫

*   *   *

ভক্তির প্রাধান্য বর্ণন

ভক্তিতে না কর্‌লে আবাদ, ভূমিতে শস্য ফলে না।
ভক্তিতে না পড়ালে পাখী, কখন কৃষ্ণ বলে না।
ভক্তিতে না শুন্‌লে কৃষ্ণ-কথা, নয়ন গলে না।
ভক্তিতে না ডাকিলে, ভগবানের আসন টলে না।
ভক্তিতে না যোগালে মন, শ্রদ্ধাতে মন সরে না।
ভক্তিতে না পড়িলে চণ্ডী, কখন বিপদ হরে না।
ভক্তি ভিন্ন জগন্নাথ, দেখ্‌লে জীব তরে না।
ভক্তিতে না খেলে ঔষধ, ঔষধে গুণ ধরে না। (অ)

দরিদ্র ব্রাহ্মণের আখ্যান

ভক্তি কেমন বস্তু তার, কই শুন করি বিস্তার,
বিবেকী দীন বিপ্র একজন।
নিত্যরূপ জলদকায়, দরশনে দ্বারকায়,
ত্যজে ভবন করেছেন গমন। ১০
মন প্রতি অনুযোগ, করি শিক্ষা দিচ্ছেন যোগ,
বলেন মন! কর মনোযোগ।
মম বাঞ্ছা ব'লে হরি, এ সংসারে কাল হরি,
তোরি দোষে ঘটিল দুর্য্যোগ। ১১
অপরূপ ভাবি তাই, কেন কর শত্রুতাই,
আমারি দেহেতে বাস করি।
আমি বলি,—হরি বল, তুই আমার হরিলি বল,
দুর্ব্বল করিলি হরি হরি। ১২
কাল হয়ে কালদণ্ড, আগত করিতে দণ্ড,
নিস্তার কে করে তার করে।
তুই আমার হলি কাল, নৈলে কি করিত কাল!
কালরূপ চিন্তিলে অন্তরে। ১৩
গেল প্রায় সব দিবস, এখন হইবে বশ,
যদি চিন্তা কর হরিচরণ।
ভজিয়ে নন্দকুমার, শেষে যদি ঘটে আমার,
মধুর রসেতে সমর্পণ। ১৪
কিন্তু মিথ্যা তোর উপাসনা মন! তোর মনোবাসনা,
আমারে সঁপিতে কাল-করে।
অস্ত নিকটে উদয়, অন্তরে পাইয়া ভয়,
দ্বিজবর কহিছে অন্তরে। ১৫

ঝিঁঝিট[১]—ঠেকা

এই ছিল কি মন রে! তোর মনে।
আমারে মজালি মন, না ভজে শ্রীরাধারমণে।
তুই আমার আমি তার, তোর সনে কি মনান্তর,
মনান্তরে রাখ্‌লি কেন, আমার মন্মথমোহনে।
যারে চিন্তে বিধি হরে, না চিন্তিয়ে চিন্তা হ'রে,
তুই আমায় ডুবালি অন্তে চিন্তাসাগর-জীবনে। (খ)

মনে অনুযোগ করি, ব্রাহ্মণ হেরিতে হরি,
দ্বারকায় সত্বরে উত্তরে।
যথায় অমাত্য সনে, যদুনাথ রাজসিংহাসনে,
দ্বিজ গিয়া রূপ দরশন করে। ১৬
যেমন করে পায় মোক্ষপদ, বন্দিয়ে গোবিন্দ পদ,
কাতর বচনে দ্বিজ কয়।

পাঠান্তর: ১ খাম্বাজ—খ।

পেয়েছি অনেক কষ্ট, অন্ত এ দীনের ইষ্ট,
পূবাও ওহে কৃষ্ণ দয়াময়। ১৭

শুনেছি কমলাকান্ত! তব তুল্য ভাগ্যবন্ত,
অনন্ত ভুবন মধ্যে নাই।
রত্নাকর সুধাকর, ইন্দ্র আদি কিঙ্কর,
পদাশ্রিত শঙ্কর সদাই। ১৮

কমলা-সেবিত পদ, তুলনাহীন সম্পদ,
চতুর্ব্বর্গ পদের অধিপতি।
ওহে প্রভু বিশ্বরূপ! বিশ্বমাঝে তদ্রূপ,
আমি একটি দরিদ্রের পতি। ১৯

ভাগ্যবন্তগণ-কাছে, কেহ যদি কোন কাচ কাচে,
অর্থাৎ ভাঁড়ামি ক'রে যায়।
ধনীর আছে ব্যবহার, তারে কিছু পুরস্কার,
ধন দ্বারা করেন ত্বরায়। ২০

আমি আশি লক্ষবার, আসি যাই প্রভু তোমার,
নিকটেতে নানা বেশ ধরি।
কখন হরিতে কষ্ট, হল না করুণা-দৃষ্ট,
কেন হে করুণাসিন্ধু হরি? ২১

বিতরণ করলে ধন, ধনের হবে নিধন,
এরূপ ধনের পতি নহ!
দেন যদি জলসিন্ধু, কুশাগ্রে হে জলবিন্দু,
সিন্ধুর কি হানি তাতে কহ। ২২

সে কি প্রভু! এ কি পণ, করতে নারি নিরূপণ,
এমন কৃপণ-ভাব ছাড়।
প্রকাশ ভুবনময়, নাম কৃষ্ণ দয়াময়,
কৈ তুমি দয়ার ধার ধারো। ২৩

রাজ্য পদ হস্তী হয়, কটাক্ষ-প্রদানে হয়,
বামনে ধরাতে পার ইন্দু।
দীন-দৈন্য-শূন্য জন্য, এ কথা সামান্য গণ্য,
ওহে পূর্ণরূপ কৃপাসিন্ধু। ২৪

যদি কিছু বিতরণ, জয় হে ভবতারণ!
না হয় চিত্ত, ভব-চিন্তহারি!
মম এই নিবেদন, তৎপদে—মধুসূদন!
যদি তাই কর দুঃখ-নিবারি। ২৫

— —

আলিয়া—কাওয়ালী

দীননাথ! হবে দীন-দুঃখ নাশিতে—ত্রাসিতে তুষিতে
হয় দেহ শ্রীপদ, না হয় ব'লো এ আমোদ,
আমি দেখ্‌বো না তোর,—আর হবে না আসিতে।
আর যাতনা সহে না সদায় হে,
ঘুচাও যদ্যপি নাথ! যাতায়াত-দায় হে,
হই জনমের মতন বিদায় হে,
নৈলে তো দায় রবে সমুদায় হে,
না হয় ভবে জন্ম-মরণ,—দুঃখের তরু,—অসিতবরণ!
যদি ছেদ কর কৃপা-অসিতে। (গ)

* * *

শ্রীকৃষ্ণের হস্তিনা-গমন

দ্বিজেরে বাঞ্ছিত বর, দিলেন প্রভু পীতাম্বর,
হেনকালে উপনীত নারদ।
কর-যোড় করি বিনয়, কহেন ব্রহ্মা-তনয়,
বন্দি হর-বন্দিত শ্রীপদ। ২৬

শুন প্রভু! নিবেদন, জগজ্জন জনার্দন!
এলাম আমি যুধিষ্ঠিরের জন্য।
রাজসূয় যজ্ঞ-কারণ, বাঞ্ছা তার,—ভবতারণ!
যে যজ্ঞ জগতে অগ্রগণ্য। ২৭

করেছে অযোগ্য সাধ, ওহে হরি! তৎপ্রসাদ,
বিনা সাধ পূর্ণ কেবা করে।
তুমি মাত্র সঙ্গতি, বিপদ-সম্পদে গতি,
পাণ্ডবের সখা কয় সংসারে। ২৮

তুমি বল তুমি সম্বল, ভরসার ধন তুমি কেবল,
তারা প্রবল তোমারি সম্ভ্রমে।

মুনি বাক্যে দিয়ে কর্ণ, সজল জলদ-বর্ণ,
সজল-লোচন হন প্রেমে। ২৯

সর্ব্ব কর্ম্ম হলো বোধ, পাণ্ডবের অনুরোধ,
বলবান করেন ভগবান।

পাণ্ডুপুত্র পঞ্চ জন্য, করে করি পাঞ্চজন্য,
হস্তিনায় গমন-বিধান। ৩০

অন্তরে হয়ে আকুল, ডাকেন যত যদুকুল,
কুলবতী সহিত সঙ্গে করি।

কেউ যায় বাজিবাহনে, কেউ বা হস্তি-আরোহণে,
হস্তিনায় উপনীত শ্রীহরি। ৩১

হেথা পাণ্ডব আছে অন্তরে, সখার তরে কাতরে,
হেরিয়ে হরি হরিল দুঃখ সব।

ছলে কন ধর্ম্মতনয়, প্রণয়ের ভাব এ তোর নয়,
পাণ্ডবের গতি তুমি কেশব। ৩২

— —

সুরট—ঝাঁপতাল

হরি হেরি হরিল দুঃখ, বলে ধর্ম্মরাজন্।
এত কেন বিলম্ব তব, বল হে দুঃখভঞ্জন।
তোমা বিনে কে আছে আর, পাণ্ডবের মূলাধার,
বিপদকালে কর্ণধার, বিদিত কথা জগজ্জন!
তুমি বুদ্ধি তুমি বল, তব করুণা সম্বল,
তবে বলে প্রবল আমি, রিপুবল-বিনাশন!
ঘন আশে চাতকী থাকে, যেমন ঘন ঘন ডাকে,
তব আশাতে আমি তেমনি আছি ওহে নবঘন! (ঘ)

—

রাজসূয়-যজ্ঞে শ্রীকৃষ্ণের ব্রাহ্মণ-পদসেবার ভার গ্রহণ

তখন শুনে যজ্ঞের উত্থাপন, হরি কন,—এ কঠিন পণ,
যজ্ঞ ত নয় যোগ্য অন্য প্রতি।

তুমি বট যোগ্যতাশয়, হবে যজ্ঞ সম্পন্ন,
আমার ইথে সম্পূর্ণ পিরীতি। ৩৩

পূর্ব্বে রাজা হরিশ্চন্দ্র, দানে ইন্দ্র রূপে চন্দ্র,
এই যজ্ঞ করেছিলেন তিনি।

সপ্ত দ্বীপ নিমন্ত্রিয়ে, নির্ব্বাহ করেন ক্রিয়ে,
দেবতার আগমন হয় নাই জানি। ৩৪

তা হতে তোমার যজ্ঞ, হবে প্রশংসার যোগ্য,
তুমি বল পৃথিবী পাতাল স্বর্গে।

আসিবেন তব গোচর, চর্ম্মচক্ষের অগোচর,
ব্রহ্মা ইন্দ্র আদি দেববর্গে। ৩৫

ডাকিয়ে যত নিজ জন, কি কি কর্ম্মে নিয়োজন,
কর রাজন!—যাতে যে বলবান।

শুভাশুভ সুবিচার্য্য, বসে করুন দ্রোণাচার্য্য,
কৃপাচার্য্য দ্বিজে দিউন দান। ৩৬

তিন জন সভা-সাজনে, অনেক রাজ-সম্ভাষণে,
দুঃশাসনে ভার দেহ ভোজ্য।

রাখ্তে ধন দিতে ধন, ভাণ্ডারেতে দুর্য্যোধন,
থাকিলে হইবে ভাল কার্য্য। ৩৭

তোমায় লজ্জা দিবার তরে, দান দিবে সে অকাতরে,
শত্রু লোক থাকা ভাল ভাণ্ডারে।

চিন্তা কি হে নৃপবর! হবে তব শাপে বর,
তব ধন কি ফুরাইতে পারে। ৩৮

যার ঘরে এই পীতবাস, রজনী-বাসর-বাস,
কমলা অধিনী তব বাসে।

হরমোহিনী হেমবর্ণা, আসিবেন অন্নপূর্ণা,
পুরে তব পুণ্যের প্রকাশে। ৩৯

অপামর সাধারণে, স্তব ক'রে ধন-বিতরণে,
বিদুরকে দাও বিদুর বড় প্রেমী।

আজ্ঞা দিউন আমার তরে, বাসনা আছে অন্তরে,
দ্বিজপদ ধৌত করিব আমি। ৪০

কত গুণ দ্বিজের পায়, আমা বই কে তত্ত্ব পায়!
যে ভজে দ্বিজের পদারবিন্দ।

ব্রহ্মণ্যদেব-কৃপায়, তার থাকে না অনুপায়,
পায় পায় সে পায় পরমানন্দ। ৪১

এইরূপে কৃপানিধান, করেন যজ্ঞের বিধান,
স্থানে স্থানে সঁপিলেন সকলে।
জগৎ আগমন সমস্ত, ইন্দ্র আদি ইন্দ্রপ্রস্থ,
অধিষ্ঠান হইলেন সকলে॥ ৪২
হয়ে শ্রান্ত-কলেবর, এসেন যত দ্বিজবর,
পীতাম্বর পরম যতনে।
ভৃঙ্গারে লইয়া বারি, ডাকিছেন হরি বিপদবারী,
এই আসন বসুন সিংহাসনে॥ ৪৩

———

ললিত-বিভাস[১]—একতালা

যত্নে জলদবরণ, করেন দ্বিজের চরণ,
প্রক্ষালন—প্রেমের জন্যে।
যাঁর পদ অভিলাষী, মেখে ভস্মরাশি, ঈশান সন্ন্যাসী,
যাঁর দিবানিশি, চরণ-সেবার দাসী,
লক্ষ্মী গোলোক-মাঝে।
ভজেন যাঁর চরণপদ্ম পদ্মযোনি,
নরকার্ণবে তরিতে তরণী,
যে পায় নরকান্তকারিণী, ত্রিলোক-তারিণী,
জন্ম নিলেন সুরধুনী ত্রিলোক-ধন্যে। (৬)

———

রাজসূয়-যজ্ঞের অনুষ্ঠান

পাণ্ডুসুতের ভবন, আগমন ভুবন,
পাইয়া যজ্ঞের নিমন্ত্রণ।
আইল ভূপতিবর্গ, সঙ্গে করি বন্ধুবর্গ,
কলরবে পুরী পরিপূর্ণ॥ ৪৪
প্রজাগণ নানা জাতি, লয়ে দ্রব্য নানা জাতি,
ভেট দেয় আসি নৃপবরে।
আহ্লাদে হয়ে মগন, অগণন মুনিগণ,
আসি সবে আশীর্ব্বাদ করে॥ ৪৫

ভৃগু সনক সনাতন, শাতাতপ তপোধন,
বশিষ্ঠ বিশিষ্ট মুনিবর।
সঙ্গে করি শিষ্যবর্গ, এলেন মহামুনি গর্গ,
মুনিবর্গ মাঝে বিজ্ঞবর॥ ৪৬
অন্তরে অনন্ত সুখ, আগমন করেন শুক,
দেখেন ভুবন মাত্র ব্রহ্ম।
এলেন মুনি দ্বৈপায়ন, পরাৎপর-পরায়ণ,
পরাপর পরা ব্যাঘ্র-চর্ম্ম॥ ৪৭
ষাটি হাজার সঙ্গে শিষ্য, জলদগ্নি প্রায় দৃশ্য,
দুর্ব্বাসা উদয় ত্বরান্বিত।
গহন কানন-বাসী, দেবল প্রবল ঋষি,
আসি সভা-মধ্যে উপনীত॥ ৪৮
ঘোর ভক্ত বাতাহারী, কপিল কৌপিনধারী,
বিপিন ত্যজিয়ে অধিষ্ঠান।
আনন্দে নারদ যান, বীণা যন্ত্রে তুলে তান,
যন্ত্রণাহারীর গুণ গান॥ ৪৯

———

সুরট[২]—ধামাল

ভজ পরমাদরে মন! পরমার্থের কারণ,
পরমাত্মা-রূপ পরমব্রহ্ম পরদেব হরি।
পরম-যোগি-পূজিত সদা পরম সঙ্কটহারী॥
পরম শিব রূপে পরম পুরুষ শিরোবিহারী।
চরমে হরি পরম-দাতা, পরম-পদ-দানকারী॥
পরমাণু-নিন্দিত পরম সূক্ষ্ম কলেবর-ধারী।
পরমেশ পরমারাধ্য পরমায়ু রূপধারী।
পরদ দীন দাশরথির পরম দুঃখ-নিবারী॥ (৮)

———

শ্রীকৃষ্ণকে অর্ঘ্য-দানের প্রস্তাব

সুর নর কিন্নরাদি সভায় আগত।
যথাযোগ্য স্থানে বসি সমাদর কত॥ ৫০

পাঠান্তর: ১ রামকেলি—খ। ২ সুরট মল্লার—ক।

যজ্ঞ পূর্ণ,—পাণ্ডব প্রেমেতে পুলকিত।
শান্তিবারি দেন সবারি গাত্রে পুরোহিত ॥ ৫১
তখন চক্র করি চক্র করে শিশুপালে বধো।
বসিলেন ত্রৈলোক্যনাথ লক্ষ রাজার মধ্যে ॥ ৫২
যজ্ঞ সাঙ্গ পর পূর্ব্বাপর আছে এক বিধান।
যিনি মান্য, অগ্রগণ্য, অগ্রে অর্ঘ্য পান ॥ ৫৩
দূর্ব্বা ফুল, লয়ে নকুল, শুধান সভাজনে।
কারে অর্ঘ্য, দিতে যোগ্য, বল বিজ্ঞগণে ॥ ৫৪
শুনে বচন, সবে লোচন, ফিরাইল ত্বরা।
ভেবে আকুল, হয় নকুল, না পায় কূল-কিনারা ॥ ৫৫
কহেন ভীম, এই বিশ্বমাঝে আর কার মান।
কৃষ্ণ থাকৃতে জগদীশ, সভায় বিদ্যমান ॥ ৫৬
হন গোলোক-শশী, গোকুলবাসী, নকুল জান না রে।
জগবন্ধু, হয়ে বন্ধু, বন্দী তোদের ঘরে ॥ ৫৭
উনি ত্রিসংসার, মধ্যে সার, সারাৎসার নিধি।
বাঞ্ছা করেন, ঐ চরণ, পঞ্চানন বিধি ॥ ৫৮

এই যে সভার মধ্যে বিরাজ করেন চিন্তামণি।
যেমন চতুর্দিকে পুষ্করিণী, মধ্যে সুরধুনী ॥
যেমন শত শত পশুর মধ্যে বিরাজ করেন সিংহ।
যেমন শত শত পক্ষীর মধ্যে গরুড় বিহঙ্গ ॥
যেমন শত শত শিষ্যের মধ্যে বিরাজ করেন গুরু।
যেমন শত শত বৃক্ষের মধ্যে চন্দনের তরু ॥
যেমন শত শত তারার মধ্যে চাঁদ রন গগনে।
যেমন শত শত রাখাল-মধ্যে গোপাল বৃন্দাবনে ॥
যেমন শত শত ধামের মধ্যে বৃন্দাবন ধাম।
যেমন শত শত রাজার মধ্যে ধন্য রাজা রাম ॥
যেমন শত শত ভার্য্যের মধ্যে শয্যায় বিরাজে স্বামী।
যেমন শত শত বৈরাগী মধ্যে বিরাজেন গোস্বামী ॥
যেমন শত শত ফণীর মধ্যে বিরাজেন অনন্ত।
যেমন শত শত মূর্খের মধ্যে একটী গুণবন্ত ॥
যেমন শত শত লতার মধ্যে একটী মহৌষধি।
যেমন শত শত বর্ব্বরের মধ্যে একটী সত্যবাদী ॥
যেমন সাত কাহন কড়ির মধ্যে একটী পরশমণি।
তেম্‌নি রাজসভার মধ্যে আছেন চিন্তামণি ॥ (আ)
পূর্ণ কর মনস্কাম পূর্ণ কর যজ্ঞ।
হরি বই কে আছে অর্ঘ্যগ্রহণের যোগ্য ॥ ৬৮

খাম্বাজ—কাওয়ালী

যাঁর অনন্ত গুণ বলেন মুনিগণ।
যাঁর অনন্ত শয্যা করি শয়ন,
'যাঁর শঙ্কায় শঙ্কিত শমন' ॥
না পেয়ে অনন্ত ভেবে অন্ত যাঁর,
যদুকুলেশ্বর, সভায় সেই যজ্ঞেশ্বর,—
তাঁর আগে অর্ঘ্য-যোগ্য আর কোন্ জন।
ধর ধর ধর রে নকুল! মোর বচন,
ধর রে শ্রীধর চরণ।
সকল কার্য্যে গুণ ধরে, যে ধরে ঐ গুণধরে,
গঙ্গাধরের অধরে ঐ গুণ-ধারণ ॥ (ছ)

শিশুপালের ক্রোধ

শুনে কৃষ্ণের প্রধানত্ব, সভামধ্যে রাগে মত্ত,
কৃষ্ণদ্বেষী যত রাজাগণ।
ভীমের কথায় সায়, দিচ্ছে ঘোর উম্মায়,
অমনি উঠে শিশুপাল রাজন্ ॥ ৬৯

ওরে ভীম বাহাত্তুরে! কত ধিক্ বা দিব তোরে,
কাপুরুষের মতন তোর কর্ম্ম।
নিলিনে পুত্র-সংসার, ক'রে মাত্র পেটটী সার,
দুর্য্যোধনের অন্নদাস জন্ম ॥ ৭০

পাঠান্তর: ১-১ এই চরণ খ-গ্রন্থে নাই।

গৃহকর্ম্ম তাও কর না, যোগ-ধর্ম্ম তাও ধর না,
মোড়লী ক'রে বুড়লী পরের ঘরে।
পুত্রহীন জন দুষ্য, যাত্রা নাই ওরে ভীষ্ম!
বুড় বেটা! তোর মুখ দেখলে পরে। ৭১

থাক্‌তে লক্ষ নৃপমণি, কৃষ্ণ তোমার শিরোমণি,
গোপরমণী-নাগর যেই কৃষ্ণ।
গোয়ালার অন্ন খায়, গোয়ালার নামে বিকায়,
ক্ষত্রি-কুলে জন্মিয়ে পাপিষ্ঠ। ৭২

শিরে বয় নন্দের বাধা, সকল কর্ম্মে হয় বাধা,
ও পাতকীর নাম-উচ্চারণে।
কত পাপ ওর বল্‌তে নারি, বধেছে পুতনা নারী,
গোহত্যা করেছে বৃন্দাবনে। ৭৩

মাতুলকে ক'রে নিধন, সঞ্চয় করেছে ধন,
দস্যুবৃত্তির বিষয় লোকে জানে।
তুই জগৎপতি বলিস্ কায়, জরাসন্ধের শঙ্কায়,
লুকিয়ে থাকে সমুদ্রের মাঝখানে। ৭৪

তুই যে বলিস্ হরি ব্রহ্ম, হাতে হাতে এক অপকর্ম্ম,
দেখ না এই—কে করে রাজসূয়তে।
যে কর্ম্ম নাপিতে করে, গাড়ু লয়ে আপন করে,
তার লয়েছে বামুনের পা ধুতে। ৭৫

যদি কালির অক্ষর পেটে থাক্‌ত,
তবে কি গালে কালি মাখত,
কালি কি কখন দিত ক্ষত্রিকুলে।
ওরে নিগ্রহ করেন কালী, দেখা হয় নাই দোয়াতে কালি,
গোয়ালা বেটাকে বাপ বলে গোকুলে। ৭৬

ওরে খাটিয়েছে খুব নন্দরায়, তার বার বৎসর গরু চরায়,
উহার আমরা জানি সব দুর্গতি।
উহার নামটী ছিল রাখাল কানাই,
ধন পেয়েছে এখন তা নাই,
এখন যাদুর নামটী যদুপতি। ৭৭

* * *

শিশুপালের কথায় ভীষ্মের উত্তর

পরে কন ভীষ্ম, করি হাস্য, শুন রে দুরাশয়!
হরি ব্রহ্ম, তার মর্ম্ম, তোর কর্ম্ম নয়। ৭৮

কটু বাক্যে কত যাতনা, মর্ম্ম পায় কি কালা?
সন্ন্যাসী কি জানে বিচ্ছেদ-জ্বালা কেমন জ্বালা।
বন্ধ্যা জানে কি মর্ম্ম, কেমন পুত্র-শোক।
সঙ্গম-রসের মর্ম্ম পায় কি নপুংসক।
অরসিক কি বুঝতে পারে রসিকের রহস্য?
ধর্ম্ম কেমন কর্ম্ম, তার কি মর্ম্ম পায় দস্যু।
পশুর কখন কি কৃষ্ণ-কথা শুনে নয়ন গলে?
পশু কখন মুক্তাহার পেলে পরে গলে।
পশু কখন বিষ্ণুতৈল মাখতে বল্‌লে মাখে?
পশু কখন পশুপতিকে ডাক্‌তে বল্‌লে ডাকে।
শিশু কখন মান রেখে কথা কয় মানীকে?
অন্ধ কি আনন্দ করে, করে পেয়ে মাণিকে।
ব্যাধ কি কখন চিন্‌তে পারে সুখের পক্ষী শুকে।
ভৃঙ্গের ধন কমলিনীর গুণ জানে কি ভেকে।
যবনে জগন্নাথের প্রসাদ ধরে কি মস্তকে?
মূর্খ কখন করে কি যত্ন পুরাণাদি পুস্তকে। (ই)
তুই চিন্‌বি কিরে চিন্তামণি, ওরে শিশুপাল!
শালগ্রামকে ভেটা বলে জানে শিশুর পাল। ৮৭

বিনাশ-কালেতে হয় বিপরীত বুদ্ধি।
বিনাশ-কালেতে নাড়ীর হয় কিছু বৃদ্ধি।
বিনাশ কালেতে কেহ নাহি থাকে শুচি।
বিনাশ-কালেতে হয় অমৃতে অরুচি।
বিনাশ-কালেতে বন্ধুর কথা লাগে বিষ।
বিনাশ-কালেতে হয় গুরু প্রতি রীষ।
বিনাশ-কালেতে লোক হয়ে বসে ভ্রান্ত।
বিনাশ-কালেতে অতিশান্ত হন অশান্ত।
বিনাশ-কালেতে গুরুকে কটু বলেন সাধুজন।
বিনাশ-কালেতে করে কুপথ্য ভোজন।

বিনাশ-কালেতে রাগে শৃগাল হন সিংহ।
বিনাশ-কালেতে ক্ষেপে হয়ে বসে উলঙ্গ॥
বিনাশ কালেতে ইষ্ট-পূজায় ভক্তি চটে॥
বিনাশ-কালেতে জরা চাড়া দিয়ে উঠে॥ (ঐ)

নিকটে বিনাশ-কাল তোর রে শিশুপাল!
তাইতে তুমি নিন্দা কর নন্দের গোপাল॥ ৯৫
আমি কি অর্ঘ্য দিতে যোগ্য যদুনাথকে বলি।
হয়ে বামন, হরি যখন, ছলতে যান বলি॥ ৯৬
পাতাল পৃথিবী হরি হরিলেন এক পায়।
দ্বিতীয় চরণ ব্রহ্মলোকে ব্রহ্মা দেখতে পায়॥ ৯৭
কমণ্ডলুর মধ্যে বিধির ছিল গঙ্গাজল।
চরণ ধুয়ে করেন ব্রহ্মা জনম সফল॥ ৯৮

ঝিঁঝিট—একতালা

ওরে অভাগা! ব্রহ্মা দেন অর্ঘ্য ঐ চরণ-কমলে।
তাইতে গোবিন্দ-পদোদ্ভবা গঙ্গা-নাম জগতে বলে॥
গোলোকের নাথ ধরায় ভূপাল,
চিন্‌লিনে তোর পোড়া কপাল!
তুই কি মনে করিস্ ওরে শিশুপাল!
গোপাল গোপের ছেলে।
হারে, কোন্ গোপ-নন্দন, গিরি গোবর্দ্ধন,
ধরে করে, করে কালীয় নিধন,
কোন্ গোপশিশু ভূতলে, ভক্ষণ করে অনলে,
ব্রহ্ম বিনে কি ব্রহ্মাণ্ড দেখায় বদনমণ্ডলে॥
শুন নাই গুণ তার জগতে প্রচার,
করে করে কংস রাজাকে সংহার,
যে নন্দ-নন্দনের গুণে, অন্ধ প্রাপ্ত হয় নয়নে,
দৃষ্টিবিহীন নয়ন থাকতে রে তুই কি অদৃষ্ট-ফলে॥ (ঐ)

শিশুপাল-বধ

ভীষ্মদেবের কথায়, বিশ্বপতির মাথায়,
সুখে নকুল অর্ঘ্য সমর্পিল।
দেখে দুষ্ট শিশুপাল, নিন্দা করিয়া গোপাল,
কত বাক্য কহিতে লাগিল॥ ৯৯
শুনিয়া কহেন হরি, কিছু কাল কাল হরি,
তোর দর্প করি সম্বরণ।
কারণ আছে রে তার, বলি শুন করি বিস্তার,
ওরে মূর্খ! বলি তোরে শোন্॥ ১০০
যে দিন হলি ভূমিষ্ঠ, তোরে করিবারে দৃষ্ট,
গেলাম আমি সূতিকা-মন্দিরে।
জননী তোর পেয়ে ভয়, আমারে মাগে অভয়,
বিবিধ বচনে সকাতরে॥ ১০১
এই যে বালক মোর, ভূতলে অতি পামর,
কৃষ্ণ-দ্বেষী হবে চিরকাল।
দোহাই মোর বচন, দেখো পঙ্কজলোচন,
যাতে রক্ষা পায় শিশুপাল॥ ১০২
তুমি বাছা! নির্ব্বিকার, সদা অঙ্গে অঙ্গীকার,
ক'রো এ শিশুর বাক্য-বাণ।
আছে তাঁর অনুরোধ, সম্বরণ করি ক্রোধ,
এতক্ষণ আছি রে অজ্ঞান॥ ১০৩
শতনিন্দা আছে পণ, হৈলে তাই সমাপন,
সমুচিত দণ্ড দিব পরে।
হেসে বলে শিশুপাল, কার হলো মৃত্যুকাল,
বুঝিতে কিছু না পারি অন্তরে॥ ১০৪
নিন্দা আমি করি কার, নিন্দা যার অলঙ্কার,
তোর নিন্দা করিয়া কি রস!
হরি কন, ক'' তুই, আমি গণি এক দুই,
দশম হবে, হ'লে দশ-দশ॥ ১০৫

পাঠান্তর: ১ শুন—গ।

বল নিরানব্বই, নিরাপদে রবি তুই,
শত হলে থাকা ভার, ওরে দুরাচার!
শিশুপাল বলে, গোপ! তোর কোপে মোর লোপ,
হতবুদ্ধি!—এত অহঙ্কার॥ ১০৬
গুণের কথা কিসে কই, নিন্দে বই গুণ কই!
গুণের মধ্যে গোপীর গুণ জানো।
গুণ তব জগতে গায়, নেয়ে হয়ে যমুনায়,
গোপীরে চড়ায়ে গুণ টানো॥ ১০৭
হরি কন,—নিন্দা তোর, গণিলাম সত্তর,
অল্লায়ু হইতে অল্প বাকি।
শিশুপাল বলে,—ভ্রান্ত! এক শত পর্য্যন্ত,
কি গুণে গণিবি বল্ দেখি॥ ১০৮
চিরকাল চরালে গাই, কড়া-সটুকে পড়া নাই,
বন্ধ! তোমার অঙ্ক নাই পেটে।
হরি কন,—রে মূঢ়মতি! ভার্য্যা মম সরস্বতী,
রাজ্যে জানে—বেদাগমে রটে॥ ১০৯
যে জন যে দিন হবে, যার মরণের দিন যবে,
গণে স্থির ক'রে রেখেছি আমি।
তোমার আর এক দণ্ড, অন্তে হবে প্রাণদণ্ড,
এত বলি কুপিত ভবস্বামী॥ ১১০
শত নিন্দা হলো অন্ত, কাল-রূপ হয়ে অনন্ত,
লোহিত করিয়া ত্রিনয়ন।
শিশুপালকে বিনাশনে, আজ্ঞা দেন সুদর্শনে,
শুনে চক্র বেগে করে গমন॥ ১১১
মস্তক করে ছেদন, জয় জয় মধুসূদন!
আনন্দে বলেন দেবগণে।
ভারতী ভারতে উক্ত, শিশুপাল হয়ে মুক্ত,
স্থান পায় বৈকুণ্ঠ ভুবনে॥ ১১২
তদন্তে জলদকায়, যান প্রভু দ্বারকায়,
তুষিয়া পাণ্ডব পঞ্চজন।
আরোহণ করিয়া যান, রাজগণ স্বদেশে যান,
কিছু দিন রইল দুর্য্যোধন॥ ১১৩

* * *

দুর্য্যোধনের অপমান

পাণ্ডবের কিবা সভা, ইন্দ্রসভা-নিন্দি শোভা,
মাণিক জড়িত যত স্তম্ভে।
স্ফটিকের সরোবর, করেছেন নরবর,
জল-জ্ঞান হয় অবিলম্বে॥ ১১৪
প্রাচীরের স্থানে স্থানে, স্ফটিক-যোগে নির্ম্মাণে,
দ্বার জ্ঞান হয় দেখে চক্ষে।
চতুর্দ্দিক করি ভ্রমণ, সভা দেখে দুর্য্যোধন,
হিংসায় ভাবিছে মনোদুঃখে॥ ১১৫
বিধাতা হইল বাদী, স্ফটিকের দেখে বেদী,
বারি-জ্ঞান করি দুর্য্যোধন।
মহামানী ভ্রমে ভুলে, চলিলেন বস্ত্র তুলে,
দেখে হাস্য করে সভাজন॥ ১১৬
প্রাচীরে নাহিক দ্বার, দ্বার ভেবে পুনর্ব্বার,
যাইবারে কপালে বাজিল।
দেখিয়া সভার লোকে, সঘনে হাসে পুলকে,
অপ্রমাণ অপমান ঘটিল॥ ১১৭
খল খল হাসিতে সব, রাজা যেন জীয়ন্তে শব,
দুর্য্যোধন হয়ে মান-হত।
লজ্জায় মাথা না তুলে, ডাকিয়া নিজ মাতুলে,
অভিমানে চলিলেন দ্রুত॥ ১১৮
শকুনি শুধায় দেখে, ভাব কেন, বাছা! দুখে,
কিসের অভাব পৃথ্বীপতি!
কেঁদে বলে দুর্য্যোধন, ধিক্ ধিক্ মোর রাজ্য ধন!
ধিক্ বীর্য্য ধিক্ আমার শকতি॥ ১১৯
কি লজ্জা দিলেন কালী, লজ্জায় হয়েছি কালি,
মেদিনী বিদরে,—তা'তে যাই।
অনলে করি প্রবেশ, বাঁচনাপেক্ষা সেই বেশ,
অথবা এখনি বিষ খাই॥ ১২০
জ্ঞাতিগণের ঐশ্বর্য্য, সাধ্য নাহি করি সহ্য,
ধৈর্য্য নাহি ধরে চিত্তে, মামা!
ক্ষুদ্র বেটারা করে তুল, মোরে দেখে হাসে মাতুল!
কি লজ্জা দিলেন আজি শ্যামা॥

মিথ্যা ধন মিথ্যা জন, আমি তো মিথ্যা রাজন্,
মিথ্যা রাজ্য চিত্তে আর কি ধরে!
মিথ্যা গজ মিথ্যা হয়, বিচারে সব মিথ্যা হয়,
মিথ্যা সোহাগ আর করি অন্তরে ॥ ১২২

আমি যে সংসারে মানী, সে কথা কি আর মানি?
আমি অদ্য হতমানীর শেষ।
পাণ্ডবের বিদ্যমান, কার আর সমান মান!
জিনিল নকুল সর্ব্ব দেশ ॥ ১২৩

পঞ্চজনে আসি ভব, বলে ছলে পরাভব,
করিয়া করিল দিগ্বিজয়।
পাণ্ডবেরে ভয়ঙ্কর, গণিয়া সঁপিল কর,
লক্ষ রাজা ঐক্য সবে হয় ॥ ১২৪

পরজ[১]—একতালা

মামা! আমি কিসের ধনী! কৈ গো আমার মানের[২] ধ্বনি!
এ ধন হতে নিধন ভাল, স্থান যদি দেন সুরধুনী।
পাণ্ডবের কি অতুল পদ, মামা! দ্বারকায় যার রাজ্যপদ,
যজ্ঞে এসে দ্বিজের পদ, ধৌত করেন সেই চিন্তামণি ॥
নাই সুখ ভোজন-শয়নে, দেখে পাণ্ডবের প্রতাপ নয়নে,
তৃণ হেন যেন মনে, আপনারে আপনি গণি ॥ (ঋ)

শুন গো মাতুল! দুঃখ অতিশয় না সয়।
অসহ্য হইল মোর জ্ঞাতির বিষয়।
ভাদ্রে রৌদ্র অসহ্য যেমন আছে বলা।
ততোধিক অসহ্য, ভার্য্যে হয় যার প্রবলা ॥
ভৃত্য হয়ে নিন্দুক,—অসহ্য জ্বালা বলি।
বৈরাগীর অসহ্য যেমন, শুন্‌লে ছাগল-বলি ॥
শোকের কালে অসহ্য, করিলে রঙ্গ-রস।
সাধুর অসহ্য যদি ঘটে অপযশ।
সতীর অসহ্য যেমন লম্পটের বাণী।
লম্পটের অসহ্য যেমন উপদেশ-কাহিনী ॥
মাঘে মেঘে মিশালে অসহ্য হয় বটে।
ততোধিক অসহ্য জ্বালা, জ্ঞাতি-সুখে ঘটে ॥ (ঊ)

* * *

পাশা-খেলার প্রস্তাব

কথা শুনে শকুনির, দুঃখে দুটী চক্ষে নীর,
বলে, বাছা! বলি রে তোমায়।
পাণ্ডবের ঐশ্বর্য্য, অঙ্গে যদি অসহ্য,
হয়, তার শুন রে উপায় ॥ ১৩১
বাহু-বলে হৈতে জয়ী, সে পাণ্ডবের সাধ্য কৈ,
তাদের অর্জ্জুন দিগ্বিজয়ী[৩] একা।
জ্ঞান হয় পঞ্চ জন, বল-বুদ্ধে পঞ্চানন,
অধিকন্তু কৃষ্ণ তাদের সখা ॥ ১৩২
শুন ওরে দুর্য্যোধন! চক্র ক'রে রাজ্য-ধন,
তাদের লওয়া যায় রে সমুদাই।
এনে তোমার ভদ্রাসনে, আমি যুধিষ্ঠিরের সনে,
যদি একবার পাশা খেল্‌তে পাই ॥ ১৩৩
পণ করে সব লব অর্থ, অধিকার গেলেই অধীনত্ব,
করিবে তোমার পঞ্চ পাণ্ডুসুতে।
কথা শুনে যুড়ায় মন, দুর্ভিক্ষ-কালে যেমন,
দরিদ্র, রতন পায় হাতে ॥ ১৩৪

কুমুদীর আনন্দ যেমন, নিরখিয়া সন্ধ্যা।
পুত্র প্রসবিয়া যেমন, আনন্দিত বন্ধ্যা ॥
ভক্তের আনন্দ যেমন, নিরখি গোবিন্দে।
অসুরের আনন্দ যেমন, শুনে দেব-নিন্দে।
হিংস্রকের আনন্দ যেমন, গাঁয়ের লোকের মন্দে।
ব্যাধের আনন্দ যেমন, মৃগ পড়িলে ফান্দে ॥
কয়েদীর আনন্দ যেমন, ত্রাণ পেয়ে বিবন্ধে।
আশু চক্ষু পেয়ে যেমন, আনন্দিত অন্ধে ॥

পাঠান্তর: ১ সুরট—খ। ২ নামের—খ। ৩ দিগ্বিজয়—ক।

শনির আনন্দ যেমন, প্রবেশ ক'রে রন্ধ্রে।
চকোরের আনন্দ যেমন, হেরে পূর্ণচন্দ্রে ॥
ভ্রমরের আনন্দ যেমন, কমলের গন্ধে।
নারদের আনন্দ যেমন, দ্বি-দলের দ্বন্দ্বে ॥
মাতুলের বাক্যে মজে ততোধিক আনন্দে।
দুর্য্যোধন আনন্দে মাতুল-পদ বন্দে ॥ (উ)

বলে, মামা! মৃত্যু-দেহে ঘটালে জীবন।
এ রাজ্য তোমারি, মামা! তোমারি ভবন ॥ ১৪২
জীবন পর্য্যন্ত তব হলাম আজ্ঞাধীন।
হবে রক্ষা, যে আজ্ঞা করিবে যেই দিন ॥ ১৪৩
মম পুরে যে তব না হবে অনুগত।
পুরে হতে আমি তারে করিব নির্গত ॥ ১৪৪
মজে মন-সুখে, রাজা ত্যজে রাজকার্য্য।
অবিলম্বে পাশা খেলা করিলেন ধার্য্য ॥ ১৪৫
পিতার নিকটে কথা করিলেন প্রশ্ন।
ত্বরায় পাঠান দূত যথা ইন্দ্রপ্রস্থ ॥ ১৪৬

* * *

শকুনির সহিত যুধিষ্ঠিরের পাশা-খেলা

পত্র পাঠ করি, পত্র-পাঠ আয়োজন।
হস্তি-পৃষ্ঠে হস্তিনায় আইল পঞ্চ জন ॥ ১৪৭
প্রণমিল ধৃতরাষ্ট্র গান্ধারীর পায়।
পাশা-খেলা বিবরণ, পরে শুনতে পায় ॥ ১৪৮
জ্ঞাতিগণের অনুরোধ করি বলবত্ত।
হইলেন ধর্ম্মসুত খেলায় প্রবর্ত্ত ॥ ১৪৯
কুন্তীপুত্র খেলায় নহেন কিছু শক্ত।
হারিলে না ক্ষান্ত হন,—বড় খেলাসক্ত ॥ ১৫০
উভয় দলে উত্থাপন করিছেন পণ।
হয়ে মত্ত, নানা অর্থ, করি নিরূপণ ॥ ১৫১
ধর্ম্মসুত পরাজয়, শকুনির জিত।
পুনঃ পুনঃ হতেছেন বিষম লজ্জিত ॥ ১৫২
প্রথমতঃ শকুনির কাছে হেরে বাজি।
অবিলম্বে আনিয়া দিলেন গজ-বাজী ॥ ১৫৩
তদন্তরে হারিয়া হইল জ্ঞানশূন্য।
প্রদান করেন যত সেনাপতি সৈন্য ॥ ১৫৪
তদন্তরে দেন যত বসন-ভূষণ।
পশ্চাতে পণেতে দেন রাজসিংহাসন ॥ ১৫৫
রজত কাঞ্চন মুদ্রা দেন তৎপরে।
প্রাণ-পণ আছে রাজার প্রাণের উপরে ॥ ১৫৬
সুবর্ণ-ভৃঙ্গার আর স্বর্ণ-বাটা-বাটী।
পণে সমর্পণ, পরে ভদ্রাসন বাটী ॥ ১৫৭
সভার মধ্যেতে যত ছিল সভাসৎ।
তার মধ্যে যারা যারা ছিল অতি সৎ ॥ ১৫৮
পুনঃ পুনঃ ধর্ম্ম-সুতে করিছে বারণ।
তা শুনিয়া দুই চক্ষু লোহিত বরণ ॥ ১৫৯
যাউক রাজ্য ধন জন রমণী কুমার।
জীবন পর্য্যন্ত আছে প্রতিজ্ঞা আমার ॥ ১৬০
সহ্য নাহি হয় ব্যঙ্গ-বাক্য শকুনির।
এত বলি রাগে বহে দুই চক্ষে নীর ॥ ১৬১
শকুনি কহেন, বাছা! উষ্মা অকারণ!
কি দোষেতে কর চক্ষু লোহিত বরণ ॥ ১৬২
ধর্ম্ম নাম ধ'রে কেন, হেরে কর রাগ।
এমন রাগের কোথা আছে অনুরাগ ॥ ১৬৩
শকুনির মুখে এই ব্যঙ্গ-বাণী শুনে।
আহুতি পড়িল যেন জ্বলন্ত আগুনে ॥ ১৬৪
ধর্ম্ম ত্যজি কন ধর্ম্ম, অধর্ম্ম-বচন।
শকুনি কয়,—কেন বাছা! ঘূর্ণিত লোচন ॥ ১৬৫
ধর্ম্মশীল সুশীল জগতে বড় রব।
কেন নষ্ট কর আজি সে সব গৌরব ॥ ১৬৬
সম্পর্কেতে গুরু আমি. তোমার মাতুল।
আমারে বলিলে কটু, বলিবে বাতুল ॥ ১৬৭
বিদ্যা বুদ্ধি যায় সব, হইলে অপ্রতুল।
অপ্রতুল-কালে লোক কহে অমনি ভুল ॥ ১৬৮
এত বলি শকুনি ফেলিল পাশা সারি।
চতুর্দ্দিকে দাঁড়াইয়া লোক সারি সারি ॥ ১৬৯
শকুনি কয়,—ব্রহ্মা ইন্দ্র আদি হউন যিনি।
সকলেরে হেলায় খেলায় আমি জিনি ॥ ১৭০

পাত্র মিত্র সব দিয়াছ, আরতো কিছু নাই।
ক্ষান্ত হও, ধর্ম্ম-সুত! তোমারে জানাই॥ ১৭১
ভ্রান্তি যদি না যায়, ওরে কুন্তীর কুমার!
স্বদোষে মজিবে তবে কি দোষ আমার॥ ১৭২

——

খাম্বাজ—আড়খেমটা

এবার কি ধর্‌বে বাজি, কি ধন আছে কও বাবাজী।
সকল ধন ফুরিয়েছে রে পণে, হারিয়েছো মাতঙ্গ বাজী॥
চালি জান না চাল্‌তে এসো কি মনে বুঝি!
চেলেতে লাগিয়ে আগুন, কেবল শিখেছো চালিভাঙাভাঙি
চাল্‌তে ভাল,—জেনে দেশে সব ছিল রাজি।
'দেখে চাল-চুল,—তোমাকে' সুজন বুঝিলাম আজি॥ (ক)

——

দ্রৌপদীকে পণ-রক্ষার কথায় ভীমের ক্রোধ

শকুনির বাক্যবাণ, ক্রমে হয় বলবান,
পুনঃ পুনঃ করিয়া শ্রবণ।
রাজার জ্বলিছে কর্ণ, হাসে দুঃশাসন কর্ণ,
রসাভাসে কয় কত বচন॥ ১৭৩
শকুনি বলে,—রাজন্! যদি খেলা প্রয়োজন,
ধন জন কিছু নাহি আর।
কাজ কি কথা আর গোপন, দ্রৌপদীরে করি পণ,
সমর্পণ করহ এবার॥ ১৭৪
শুনে অতি কুবচন, ঘূর্ণিত করি লোচন,
গদা হস্তে করি বৃকোদর।
না পারে রাগ সম্বরিতে, শকুনিরে সংহারিতে,
সভা-মধ্যে দাঁড়ায় সত্বর॥ ১৭৫
ওরে বেটা দুরাচার! অতিশয় অত্যাচার,—
আচার বিচার কিছু নাই।
শিখে একটা ভোজবাজি, নিলি সব জিনিয়া বাজি,
গজ-বাজী নিলি সমুদাই॥ ১৭৬
ছলে যে জ্ঞাতির ধন, হরে পাপী দুর্য্যোধন,
সুখ-ভোগী হবে ভাবিয়াছ!
পড়েছি দাদার দায়, নতুবা এই গদায়,
সাধ্য কি অনেক প্রাণে বাঁচ॥ ১৭৭
কালে গদা প্রকাশিব, সকলের প্রাণ নাশিব,
অশিব ঘটাব শত্রুকুলে।
অধার্ম্মিক হবে জিত, ধার্ম্মিক হবে লজ্জিত,
এ কথা বুঝেছো ভ্রমে ভুলে॥ ১৭৮
আমরা তোর ভগ্নী-কুমার, দুরাত্মা বেটা! তোমার,
ধর্ম্মাধর্ম্ম কিছু নাই বোধ।
দ্রৌপদীকে কর্‌তে পণ, করলি বেটা উত্থাপন,
এত বলি করি মহাক্রোধ॥ ১৭৯
দন্তে কর কামড়ায়, গদা লয়ে যায় ত্বরায়,
প্রহারিতে শকুনির মাথে।
কম্পান্বিত সভা-জন, প্রলয় দেখে রাজন্,
ক্ষান্ত করিছেন ধরি হাতে॥ ১৮০
কেন বল কর ভাই! তোমরা তো মোর সবাই,
বিক্রীত হয়েছো মোর পণে।
না মানিলে ধর্ম্ম যায়, কর, থাকে ধর্ম্ম যা'য়,
রাখ ধর্ম্ম ধর্ম্মের বচনে॥ ১৮১
যদি পণে যাই বনে, ধর্ম্ম-অবলম্বনে,
তথাচ থাকিতে হবে সবে।
যদি দেহে থাকে ধর্ম্ম, ধর্ম্মের এমনি ধর্ম্ম,
ঘুচান তিনি জন্ম-মৃত্যু ভবে॥ ১৮২

* * *

যুধিষ্ঠিরের পরাজয় ও পণে সর্ব্বস্ব প্রদান

কহিয়া ধর্ম্ম-মহিমে, রাজা শান্ত করি ভীমে,
শকুনিরে কহেন তৎপরে।
তব বাক্য ধরিলাম, দ্রৌপদী পণ করিলাম,
ফেল পাশা,—খেলহ সত্বরে॥ ১৮৩

পাঠান্তর: ১-১ দেখে চালছ রয়ে বয়ে তুমি—খ।

ফেলিবামাত্র জিনিল, ধর্ম্মের পণ কিনিল,
তথাচ না যায় মনোরাগ।
ডুবিলাম যদ্যপি তবে, পাতাল দেখিতে হবে,
এইরূপ জন্মেছে বিরাগ॥ ১৮৪

শকুনি বলে,—এবার পণ, কি করেছ নিরূপণ,
রাজ্য রাণী গেল রাজধানী।
কহেন ধর্ম্মকুমার, আর কিছু নাহি আমার,
সবে মাত্র আছি পাঁচটী প্রাণী॥ ১৮৫

যা করেন বিপদহারী, এবার যদি হারি,
পঞ্চ ভাই হইব বিক্রীত।
তখন বসিতে বসিতে পরাজয়, কৌরবের জয় জয়,
পাঁচ ভাই ভয়েতে বাক্য-হত॥ ১৮৬

দুষ্টমতি দুঃশাসন, করতেছে এসে শাসন,
বলে,—রে পাণ্ডব! কথা শোন্।
যে কর্ম্মে যে হয় পারক, পরিবারের পরিচারক,
এক এক কর্ম্মে হও পঞ্চ জন॥ ১৮৭

তাম্বূলের আয়োজন, করুক ধর্ম্ম-রাজন্,
পারবে,—অধিক পরিশ্রম নয়।
অস্ত্রবিদ্যায় গুণবান, করে ল'য়ে ধনুর্ব্বাণ,
রাজার পাছে থাকুক ধনঞ্জয়॥ ১৮৮

ভীমের অঙ্গে বল ভারি, সরকারেতে হউক ভারী,
পরিবারের জল বইতে হবে।
অনুমতি শুন মোর, মাদ্রীসুত লয়ে চামর,
রাজার অঙ্গেতে ঢুলাইবে॥ ১৮৯

সুভদ্রা আসুক ঘরে, সে যেন দুই সন্ধ্যা করে,
রন্ধন,—রন্ধন-ঘরে আসি।
শীঘ্র আন দ্রৌপদীরে, থাকুক এসে মন্দিরে,
নারীগণের মধ্যে হ'য়ে দাসী॥ ১৯০

ছলে বলে দুঃশাসন, ওরে ভীম! বলি শোন্,
স্থূলবুদ্ধি তোর তো অতিশয়।
ছিলি জ্ঞাতি হলি চর, এখন রাজার গোচর,
একাসনে বসা যোগ্য নয়॥ ১৯১

কথা শুনে বৃকোদর, উষ্মায় ফুলে উদর,
দরদরিত ধারা দুটী চক্ষে।
দন্ত কড় মড় করে, দন্তাঘাত করে করে,
করাঘাত ঘন করে বক্ষে॥ ১৯২

রাজসভার বিদ্যমানে, মৃতকল্প অভিমানে,
মানসে কাঁদিয়ে কৃষ্ণে বলে।
না লইয়ে প্রাণ হরি, লও কেন হে মান হরি,
দিয়া মান, হরি! কেন হরিলে॥ ১৯৩

ললিত-ঝিঁঝিট[১]—একতালা

জীবন থাকতে সব, হলাম আমরা শব,
কে সবে কেশব! এ সব দুঃখ।
মান গেল, হে কৃষ্ণ! প্রাণে কি সুখ॥
ওহে, আমি বৃকোদর, রাজার সহোদর,
একি অনাদর, ঘটালে হরি!
হ'য়ে আমরা করী, অজের সেবা করি,
দ্রৌপদী কিঙ্করী হবে কি করি?
কি ব'লে হে কৃষ্ণ! দেখাব মুখ॥
ওহে, ভ্রাতা ধনঞ্জয়, ত্রিভুবনে জয়,
রণে মৃত্যুঞ্জয়, মানেন পরাজয়।
ত্রিভুবনে নাম ধর তুমি হে মাধব!
পাণ্ডবের বান্ধব, ত্রিভুবনে কয়,—
কি দোষে হে কৃষ্ণ! হইলে বৈমুখ॥ (ট)

দ্রৌপদীকে সভায় আনিতে সঞ্জয়পুত্রের গমন

আকাশ-বাণীতে হরি, ভীমের মনোদুঃখ হরি,
কহিছেন দুঃখ অল্পকাল।
শ্রবণ কর তদন্তরে, অনন্ত সুখ অন্তরে,
প্রাপ্ত হন কৌরব-ভূপাল॥ ১৯৪

পাঠান্তর: ১ বিভাস—ক।

আজ্ঞা দেন ত্বরান্বিতে, দ্রৌপদীরে সভায় আনিতে,
কে যাবে রে হও অগ্রগামী!
কর্ণ বলে, আনতে তায়, কাজ কি অধিক ক্ষমতায়,
যাউক সঞ্জয়-পুত্র প্রতিকামী। ১৯৫

রাজাজ্ঞা পালনের তরে, সঞ্জয়সুত সত্বরে,
বিদায় দুর্য্যোধনের নিকটে।
পাণ্ডবের শঙ্কায়, সঘনে কম্পিত কায়,
পথে রোদন উভয় সঙ্কটে। ১৯৬

আশু বধে দুর্য্যোধন, ভীমের করে নিধন,
মারীচের মরণ মোর হলো।
চিন্তায় কি করে আর, ব'লে দ্রুপদ-তনয়ার,
নিকটে আসিয়া উত্তরিল। ১৯৭

ভয়ে চায় চতুর্দ্দিকে, বিনয় করিয়া দ্রৌপদীকে,
বলে, জননি! গা তুলিতে হয়।
সতী শুনে সংবাদ, বলে ছি ছি কি অপবাদ!
ফিরে যাও সঞ্জয়-তনয়। ১৯৮

বিদায় ক'রে দিলেন সাধ্বে, আর প্রতিকামীর সাধ্যে,
হয় না বল্‌তে, অম্‌নি ফিরে চলে।
দুর্য্যোধনের কাছে গিয়া, বল বুদ্ধি হারাইয়া,
বিকারের রোগীর মত বলে। ১৯৯

বলেন গান্ধারী-তনয়, কাপুরুষের কর্ম্ম নয়,
ও বেটা অধম জানা আছে।
পাণ্ডবের ভয় করে, 'পাছে, মরিব ভীমের করে',—
ঐ ভয়ে ওর মুখ শুকিয়ে গেছে। ২০০

ওটা পুরুষ নয়—অতি অবলা, কোন কর্ম্ম ওরে বলা,
ছি ছি কিছু প্রয়োজন নাই।
কোথা গেলি রে দুঃশাসন! করিয়া কেশ-আকর্ষণ,
তুমি তারে শীঘ্র আন তো ভাই। ২০১

* * *

দ্রৌপদীকে আনিতে দুঃশাসনের গমন

দুঃশাসন দুরাচার, শ্রুতমাত্র সমাচার,
গমন করিছে অতি-বেগে।
বায়ু-তুল্য ত্বরান্বিত, অন্তঃপুরে উপনীত,
হ'য়ে কহে দ্রৌপদীর আগে। ২০২

শুন নাই বিবরণ, পাশায় রাজ্য-হরণ,
তোমাদের করেছি আমরা, ধনি!
তোমারে করিয়া পণ, করিয়াছে সমর্পণ,
জগতে প্রকাশ এই ধ্বনি। ২০৩

কি শুনাব অধিক আর, তোমার প্রতি অধিকার,
আর পঞ্চ-পাণ্ডবের নাই।
এসো এসো ছাড়িয়া দ্বার, অধিকার হলো দাদার,
দেহ এখন তাঁহারি দোহাই। ২০৪

কুরঙ্গ শুনিয়া ধ্বনি, গহন বনে কুরঙ্গিণী,
হয় যেমন ব্যাঘ্র নিরখিয়ে।
চঞ্চল হইল প্রাণ, চঞ্চলার মত যান,
তথা হইতে ভয়ে পলাইয়ে। ২০৫

কি শত্রু ঘিরিল পাছে, অঙ্গ পরশিয়ে পাছে,
কি জানি কি কপালে লিখন।
দেখে অতি ভয়ঙ্কর, ধনী করিয়া যোড়কর,
কহিছেন বিনয় বচন। ২০৬

—

সুরট[১]—ঝাঁপতাল

বিনয়ে বলি, শুন শুন! সতীর অঙ্গ-পরশন,
করো না রে দস্যু-সম, দুষ্ট কায় এ—দুঃশাসন!
আমি অবলা কুল-বালা, করো না কটু ভর্ৎসন।
এত রঙ্গ মোর সনে, ভীম যদি এ কথা শুনে,
পাবিনে ত্রাণ এ আসনে, ঘটাবে যম-দরশন॥

পাঠান্তর: ১ ললিত ঝিঁঝিট—খ।

ওরে মম হিতের কথা শুন, জ্বালিয়ে পাপ-হুতাশন,
অকালে কেন ঘটে কর্মদোষে বিনাশন।
কেন রব কর ভীষণ, ত্যজে মধুর সম্ভাষণ,
হৃদয়ে কেন কর বাক্যবাণ-বরিষণ। (ঠ)

হেসে বলে দুঃশাসন, আমায় ক'রে পরশন,
সতীত্ব ঘুচাবে—আহা মরি!
এই যে ভারত-বসতি, মধ্যে তব তুল্য সতী,
দেখ্‌তে না পাই আর দ্বিতীয় নারী। ২০৭

এক স্বামী ভিন্ন ধরা, সে ধনী অগণ্যা ধরা,
কুলকলঙ্কিনী লোকে বলে।
তব চরণে প্রণমামি, বক্ষ লয়ে পঞ্চ স্বামী,
আছে বাঞ্ছা আরও কিছু পেলে। ২০৮

তুরু পাণ্ডবের বল, ইদানী অতি প্রবল,
শাসন পৃথিবী সসাগরা।
যত রাজা দেয় কর, ধনে প্রায় রত্নাকর,
কার সাধ্য দোষ ব্যক্ত করা। ২০৯

যাহার মৃত্যু যোগায়, দুকূলের দোষ গায়,
শঙ্কায় সংসার অনুগত।
নৈলে কলঙ্কিনি! তোর, দোষে হাসিত নগর,
লজ্জার সাগর কুলে হতো। ২১০

রব কর্‌তে নারে কেউ, ঘরে মরে ঘরের ঢেউ,
কিন্তু পাপে পরিপূর্ণ হলো।
এত দিনে ফল্‌লো ফল, বিধি দিচ্ছেন প্রতিফল,
বিষয়-সম্বল-বল গেলো। ২১১

* * *

কুরুরাজ-সভায় দ্রৌপদী

তুই কি ভীমের ভয় দেখালি, সে আশায় পড়েছে কালি,
দাস হয়ে সে চিরকালি, খাট্‌বে আমাদের ঘরে।
আমাদের দ্বেষ আর কে করে দেশে,
কলঙ্কিনী বল্‌বে কে সে,
এত বলি ধরিয়ে কেশে, দ্বারের বাহির করে। ২১২

ধ'রে সতীর কুন্তলে, দয়া ধর্ম্ম রসাতলে,
দিয়া এনে সভাতলে, কত কয় কুবাণী।
জিনি মাস্তে চরাচরে, কটু কয় কৌরবের চরে,
ধনী যেন কৌরব-গোচরে, চোরের রমণী। ২১৩

রিপুগণের বাক্য-শরে, মনাগুণে গুণ গুণ স্বরে,
কেঁদে পঞ্চ প্রাণেশ্বরে, কহিলেন রূপসী।
দেখেন পতি পঞ্চজন, হারিয়ে রাজ্য ধন জন,
বলবুদ্ধি বিসর্জ্জন, দিয়ে রয়েছেন বসি। ২১৪

দেখিছেন বৃকোদরে, মৃত তুল্য অনাদরে,
মেদিনী যদি বিদরে, তাহাতে মিশায়।
ধরা-ধন্য ধনঞ্জয়, বলবুদ্ধে মৃত্যুঞ্জয়,
রিপুচক্রে পরাজয়, হ'য়ে হেঁট মাথায়। ২১৫

সহদেব আর নকুল, অন্তরে গণি আকুল,
দুঃখেতে হ'য়ে আকুল, চক্ষে জল ঝরে।
মর্ম্মে দুঃখ ধর্ম্মরায়, পেয়ে মুখ না ফিরায়,
পঞ্চের পঞ্চত্ব প্রায় কৌরবের পুরে। ২১৬

শতবাক্যে নাই উত্তর, মরণ-তুল্য কাতর,
দেখে ব্যাকুল অন্তর, কেঁদে দ্রৌপদী কন।
এ যে দুঃখ অতিশয়, দুরাশয়কে ধর্ম্ম সয়,
ধার্ম্মিকের যায় বিষয়, সংশয় জীবন। ২১৭

ঝিঁঝিট[১]—একতালা

এত তোমার খেলা নয়, কান্ত! বুঝিলাম একান্ত।
এ খেলা খেলিছেন গুণনিধি,—
বিধির হৃৎকমলের নিধি কমলাকান্ত।
এ বিপত্তকালে কোথায় নাথ! তব,
বিপদ-সম্পদ-কালে তোমার মাধব বান্ধব,

পাঠান্তর: ১ লুম ঝিঁঝিট—ক।

পাশায় রাজ্যধন, নিলো দুর্য্যোধন,
কৃষ্ণ জানেন না কি এ বিপদ-তদন্ত।
কখন মাতঙ্গ কখন পতঙ্গ এ সব,
রঙ্গ ভঙ্গ করেন জানি আমি—সব সেই কেশব,
একবার বলেন যায় অন্তরঙ্গ, আবার তার বৈরঙ্গ,
ঐ রঙ্গে তাঁর দিন-রজনী-অন্ত। (ড)

দ্রৌপদীর শ্রীকৃষ্ণ-স্তব

দ্রৌপদীর শুনে বচন, ঝর ঝর ঝুরে লোচন,
বচন বদনে নাহি সরে।
কুবচন কহে কর্ণ, দ্রৌপদীর স্বর্ণ-বর্ণ,
বিবর্ণ হইল বাক্যশরে। ২১৮
দুঃশাসন দুরাচার, না করি চিত্তে বিচার,
বল করি দ্রৌপদী প্রতি বলে।
আর মুখ চাও কার, দাসীত্ব কর স্বীকার,
অন্তঃপুর-মধ্যে যাও চ'লে। ২১৯
পট্ট-বস্ত্র বস্ত্রহার, গলে করে ব্যবহার,
ও সব কাহার—তা জাননা।
অবিলম্বে শুন শুন, দেহ হৈতে ভূষণ,
দেহ খসাইয়া মুক্তা সোনা। ২২০
ব'লে, মান হরিবারে, যায় বস্ত্র ধরিবারে,
বিপদ গণিয়া গুণবতী।
ঘন ডাকিছেন অন্তরে, অনন্ত গুণসাগরে,
কোথা হে গোবিন্দ! গোলোকপতি। ২২১
করুণার কল্পতরু! কৃপাসিন্ধু কৃপা কুরু!
কর দৃষ্টি করুণা-নয়নে।
দুষ্টমতি দুঃশাসন, হরে মান, পীতবসন!
ধ'রে বসন সভা বিদ্যমানে। ২২২
দয়াময়! এ নির্দ্দয়, লয় যে মান হরি,—হরি!
হরি ক'রে সার, ঘুচলো পসার, এই হলো হরি হরি। ২২৩
বিপদে যদি, গুণ-জলধি! না রাখ অনুপায় পায়।
দিব অনলে, অথবা জলে, হরি হে! জীবন যায় যা'য়। ২২৪
রাজকুমারী, রাজার নারী, কত কটু দুর্ব্বলে বলে।
ওহে শ্রীপতি! এ দুর্গতি, কি অধর্ম্ম-ফলে ফলে। ২২৫
বাজিয়ে বাদ্য, ক'রে গদ্য, কর্‌ছে হে কৌরব রব।
আর সহে না, এ যন্ত্রণা, কত হে কেশব! সব। ২২৬
কৃপা-নিধান! কর বিধান, হরে মান পামর মোর।
শ্রীচরণের দাসীকে মনে, পর ভেবেছো পরাৎপর। ২২৭
একি বিড়ম্বনা, বিবসনা, কর্‌তে দুষ্টমতির মতি।
মনাগুণে দগ্ধ দেহ, দেহ শীঘ্রগতি গতি। ২২৮

ভৈরবী—একতালা

ও দয়াময়[১]! বড় দুঃসময়, [১]আসি হরি! হর হে বিপক্ষ[২]।
কোথা সঙ্কটের ঔষধি, [৩]নিদান-দিনের[৩] নিধি,
নীলবরণ! লজ্জা-নিবারণ!
আসি দ্রুপদ-কন্যা দাসীর বিপদ রক্ষ।
এই যে দুষ্ট মূঢ়মতি দুঃশাসন, কে করে শাসন,
অতি দুঃশাসন, দাসের দাসীর করে কেশ আকর্ষণ,
হে গোবিন্দ! তোমার কেমন সখ্য।
[৪]কোথা রৈলে নিরাপদের কারণ,
নিরাশ্রয়-গতি নীরদ-বরণ!
বিপদে ল'য়েছি শ্রীপদে শরণ,
ঐ পদ বিনা নাই উপলক্ষ।[৪] (ঢ)

কাঁদতে কাঁদতে একান্তে, দ্রৌপদী ডাকেন শ্রীকান্তে,
নিরাকার-রূপে আগমন করি।
হৃদয়ে বসি বিশ্বরূপ, কহিছেন স্বপ্ন-রূপ,
কি রূপে মান রাখিব, হে সুন্দরি! ২২৯
সতি! কিছু আছে হে মনে, দরিদ্র কিম্বা ব্রাহ্মণে,
কখন বস্ত্র দান দিয়াছ তুমি?

পাঠান্তর: ১ বিস্ময়—ক। ১-২ লজ্জাদান হরে হে বিপক্ষ—ক। ৩-৩ নিদান কালের—ক। ৪-৪ পাণ্ডবের সখা বলে হে ত্রৈলোক্য, তথাপিতে বিপদ হরে লক্ষ লক্ষ, লক্ষ রাজা মাঝে অর্জ্জুন বেন্ধে লক্ষ্য, সে কেবল তোমার চরণ উপলক্ষ।—ক।

সুখ দুঃখ জয় পরাজয়, কেবল কর্ম অনুযায়,
কর্মই কর্ত্তা,—কর্ত্তা নই হে আমি। ২৩০
কর্ম হ'তেই ছত্র দণ্ড, কর্ম হ'তেই প্রাণদণ্ড,
কর্ম-পণ্ড কেবল কর্ম-গুণে।
কর্মই হন কর্ণধার, কর্মই কর্ত্তা ডুবাবার,
সাধু প্রণাম করেন সদা কর্মের চরণে। ২৩১
কিছু ভগ্ন বস্ত্র বিতরণ, ক'রে থাক—থাকে স্মরণ,
বল আমাকে তবে করি বল।
এসেন যদি ব্রহ্মা হরে, কার সাধ্য বস্ত্র হরে,
ওহে ধনি! দেখাই কর্মফল। ২৩২
সতী কন,—হে চিন্তামণি! কারে কি দিব কুল-রমণী,
স্বামিগণে দেন নাই স্বীধন।
প্রাণ সঁপে ঐ পাদপদ্মে, সদা ভরসা হৃৎপদ্মে,
বিপদ-সম্পদে কৃষ্ণধন। ২৩৩
কেবল একটা কথা হ'লো স্মরণ, এক দিন হে দীনতারণ!
বালিকা-কালে জননীর বাসে।
দুখিনী এক দ্বিজ-কন্যে, কিঞ্চিৎ ভগ্ন বস্ত্র জন্যে,
প্রার্থনা করেন মোর পাশে। ২৩৪
ওহে করুণানিধান! (ছিল যে বস্ত্র পরিধান,)
অঞ্চলের ভাগ কিঞ্চিৎ চিরে।
তাই কি দিবা'র যোগ্য হরি! রোদন দেখি—রোদন করি,
দিলাম দুঃখিনী রমণীরে। ২৩৫
তখন, পেয়ে কিঞ্চিৎ উপলক্ষ, সেই কথা করিয়া লক্ষ্য,
আর কি ভয় করেন দয়াময়?
বংশে প্রবেশ করেছে শনি, তোমায় কর্‌তে বিবসনী,
দুরাশা করেছে দুরাশয়। ২৩৬
অপরূপ দেখাবার তরে, বাস ক'রে তব অন্তরে,
অনন্ত বাস ল'য়ে থাকিলাম সতি!
দেখি,—দুষ্ট দুঃশাসন, কত পারে লইতে বসন,
ক' দিন হরে, কত ধরে শকতি। ২৩৭

সিন্ধু ভৈরবী[১] কাওয়ালী
তোমায় লজ্জা দিবে, কার মরণের দিবে,
আমার প্রাণের বন্ধু তোমার স্বামী।
তোমার বাসনা পূরাতে, বাস পরাইতে,
গোলোকের বাস হ'তে এলাম আমি।
আমারে অপ্রীতি, আমার ভক্ত প্রতি,
দ্বেষ করে যে নরক-পন্থাগামী।
ধনি! ইষ্ট পূর্ণ হবে, কষ্ট কি সম্ভবে,
যারা ভবে কৃষ্ণ-প্রেমের প্রেমী। (৭)

দুঃশাসন-কর্তৃক দ্রৌপদীর বস্ত্র-আকর্ষণ

সভা-মধ্যে দুঃশাসন, করে বস্ত্র আকর্ষণ,
যত চায় করিতে মান হত।
যিনি ভবে অদ্বিতীয়, অমনি বস্ত্র ল'য়ে দ্বিতীয়,
সতীর অঙ্গে পরাইছেন দ্রুত। ২৩৮
দিতেছেন পীতবাস, চিত্র বিচিত্র বাস,
যা দেখে নাই সুর নর সমস্ত।
সভা-মধ্যে শোভাকর, দেখে লাগে চমৎকার
পর্ব্বত-প্রমাণ হইল বস্ত্র। ২৩৯
ভ্রান্ত জীবের আকিঞ্চন, করে করে সিঞ্চন,
প্রার্থনা যেমন সিন্ধু-জল।
টানে বস্ত্র ক্রমাগত, সপ্ত দিন হয় গত,
আর পারে না—হইল দুর্ব্বল। ২৪০

* * *

দুর্ব্বাসা ও নারদ-মুনির কথোপকথন

সতীরে দিয়ে ধন্যবাদ, কৌরবের পরিবাদ,
কর্‌তেছে যতেক সাধুগণে।
বিচিত্র দেখে গৌরব, লজ্জায় সবে নীরব,
হরিষে বিষাদ হইল মনে। ২৪১
পাণ্ডবের রাজ্য ভ্রষ্ট, দ্রৌপদীর সভায় কষ্ট,
শুনে রাষ্ট্র আইল বহু জন।

[১] পাঠান্তর: ১ অহং—ক।

হেথা, দেখতে হরি সারাৎসার, দ্বারকা-গমন দুর্ব্বাসার,
পথ-মাঝে নারদে দেখে, রঙ্গ করি কন ॥ ২৪২
পরে পরে হৈল দ্বন্দ্ব, তোমার যে পরমানন্দ,
দ্বন্দ্বের যে গন্ধ পেলে নাচ।
কুরু-পাণ্ডবে বিবাদ, পাশার আমোদ হয় যে বাদ,
তুমি যে ভাই! এখনও এখানে আছ ॥ ২৪৩

কুমুদীর আনন্দ যেমন, নিরখিয়া সন্ধ্যা।
পুত্র প্রসবিয়া যেমন, আনন্দিত বন্ধ্যা ॥
ভক্তের আনন্দ যেমন, হেরিয়ে গোবিন্দে।
অসুরের আনন্দ যেমন, শুনে দেব-নিন্দে ॥
হিংসকের আনন্দ যেমন, গাঁয়ের লোকের মন্দে।
ব্যাধের আনন্দ যেমন, মৃগ পড়িলে ফান্দে ॥
কয়েদীর আনন্দ যেমন, ত্রাণ পেয়ে বিবন্ধে।
হঠাৎ চক্ষু পেয়ে যেমন, হরষিত অন্ধে ॥
শনির আনন্দ যেমন, প্রবেশ ক'রে রন্ধ্রে।
চকোরের আনন্দ যেমন, পেয়ে পূর্ণচন্দ্রে ॥
ভ্রমরের আনন্দ যেমন, কমলের গন্ধে।
তোমার আনন্দ তেম্‌নি, উপস্থিত দ্বন্দ্বে ॥ (ণ)

শুনে মুনি দুর্ব্বাসায়, নারদ করেন সায়,
মিছে আর কি দেখিব তাদের খেলা।
যেখানে সেখানে রই, দেখ্‌তে পাইনে খেলা বই,
খেলা দেখ্‌তে হয়েছে মোর হেলা ॥ ২৫০
জগতের যত ভূত পঞ্চ, খেলিছেন শতরঞ্চ,
নাচেন করিয়া ঊর্দ্ধ বাহু।
ভোর হয়ে যায় বাজি, ঘরে থাকুতে গজ বাজী,
জিনিতে না পারিলেন কেহ ॥ ২৫১
মিথ্যা ফল মিথ্যা হয়, যদি কিছু কর্ম্ম হয়,
তবে এদের যত্ন করা ভাল।
ব্যবসার জন্য তরী, তরী রেখে যদি তরি,
নতুবা তরীতে কিবা ফল ॥ ২৫২
বার বার হইল মাত, জীব-রাজার যাতায়াত,
কখন হলো না খেলা সাঙ্গ।
পঞ্চরং হয়ে কেহ, করিছেন উহু উহু,
বিপক্ষ করিছে নানা ব্যঙ্গ ॥ ২৫৩

সুরট্‌—একতালা

না দেখি চাল্‌ বিচার ক'রে,
ফাঁদে প'ড়ে মনোমন্ত্রী মরে।
কেবল পাপের পিল থাকে রে ভাই!
কাঁদে জীব-রাজা, মাত হয়ে ঘরে ॥
ঘরে থাকে দুটো বাজী, না চলে সে হারায় বাজি,
খেলার দোষে হেরে এসে ভাই!
জীবের শত্রু-দলের ছটা বোড়ে ॥ (ত)

নারদের বাক্য শুনি, আনন্দে দুর্ব্বাসা মুনি,
নিজ-স্থানে করেন গমন।
পাণ্ডবের দুঃখ হরি, হেথায় ফিরিলেন হরি,
দ্রৌপদীর লজ্জা-নিবারণ ॥ ২৫৪
ধ্বনি হলো দ্রৌপদী ধনী, ধরায় ধন্যা রমণী,
ধৃতরাষ্ট্র নৃপমণি, সঙ্কট গণিল।
বিনয় করি পাঞ্চালীরে, ডে'কে পঞ্চ সহোদরে,
রাজ্য দিয়া সমাদরে, বিদায় করিল ॥ ২৫৫
ভারত অমৃত-বাণী, চিন্তামণির ভার্য্যা বাণী,
চিন্তা করি ব্যাস মুনি, প্রকাশেন ভারতে।
এ রস-পানে যেই ধায়, সে কি সুধায় সুধায়,
এ পথে কেবল সু ধায়, কু ধায় না এ পথে ॥ ২৫৬

সুরট্‌—খং

যাতে জীবের জয়ে জয়, যাতে মুক্ত জন্মেজয়,
জন্মে জ্ঞানোদয়, জন্ম-মৃত্যু-ভয় যায় দূরে।
দ্রৌপদী-গুণ যেই নরে, শুনে কর্ণকুহরে,
তার সব বিবন্ধ হরে, আনন্দে বিহরে।
শুন রে জীব! যাবে চিন্তে, যাবে চিন্তামণি-পুরে ॥
যার ভক্তি এ ভারতে, সেই ধন্য এ ভারতে,
তার ভার কি পার হ'তে ভূভার-হারী ভার হরে ॥ (থ)

২৮। দুর্ব্বাসার পারণ

গ্রন্থকারের আত্মচিন্তা

ভারতের বনপর্ব্ব, শ্রবণে কলুষ সর্ব্ব,
হয় খর্ব্ব—বেদব্যাস-বাণী।
থাকে ভারতে যাহার প্রীতি, ভারতে তাহার প্রতি,
অনুকূল হ'য়ে শ্রীপতি, দেন পদ-তরণি। ১
যে রূপেতে অনুকূল, হ'য়ে রক্ষে পাণ্ডুকুল,
করেছেন যদুকুলপতি।
তাহার বর্ণন-কথা, ভারতে ভারতে গাঁথা,
শ্রবণ করিতে সেই কথা, শ্রবণ রাখো পাতি। ২
ভারতে যার নাই মন, ভারতে তার মিছে গমন,
তারে শমন দণ্ডে দণ্ডে দণ্ডে।
জ্ঞানশূন্য নর-কে, যেতে হয় নরকে,
না ভেবে পরাৎপরকে, তার কে বিপদ খণ্ডে। ৩
তাই বলি ওরে মন! ভাবো রে শমন-দমন,
গমন করিয়ে এ ভারতে।
মিছে আসা এ সংসার, ভাবো নিত্য সারাৎসার,
যদি রাখবি ভবের পসার, সার ভাবো ভারতে। ৪

—

সুরট-মল্লার—ঢিমে-তেতালা

ভব-সঙ্কটেতে তরি কেমনে!
ভেবেছ রে মন! কি মনে মনে!
গেল কুপথে ভ্রমণে দিন, না ভেবে রাধারমণে।
দুখে থাকি জননী-উদরে, ব'লেছিলি দামোদরে,
সাদরে পূজিব চরণ,—বিজনে।
আসি সংসার-রত্নাকরে, কি রত্ন পেয়েছ করে,
ও রত্ন হারালি রে অযতনে,—
সেই দুস্তারে, কে তোরে নিস্তারে,
ভয়ঙ্কর দিনকর-সুত আসিবে কর-বন্ধনে।
আশা-কুবৃত্তি আছে তোর,
নিবৃত্তি ক'রে তারে,—প্রবৃত্ত হ রে, হরি-সাধনে,
ভাবো বিপদ-ভঞ্জন, হবে বিপদ-ভঞ্জন,
নিরঞ্জন জ্ঞানাঞ্জন দিবেন নয়নে।
ভবে সে পদ, হলে সম্পদ,
দাশরথির কি বিপদ, থাকে ভবপারে-গমনে। (ক)

—

কুরু-কুলের সমৃদ্ধি

ভারতে ভারতে রাষ্ট্র, অন্ধরাজা ধৃতরাষ্ট্র,
ক্রূরের ইষ্ট, কুরু-কুলের প্রধান।
তাহার অঙ্গজ যত, কুমন্ত্রী সব সভাসত,
কুকর্ম্মেতে সদা রত, অসৎ অজ্ঞান। ৫
ভবে হয় লক্ষ্মীভাগ্য যার, কি রাজার কি প্রজার,
যোটে এসে হাজার হাজার মজার মজার লোক।
কেও থাকে না বিপক্ষ, পাতিয়ে বসে সম্পর্ক,
অসম্পর্ক থাকে না কোন লোক। ৬
সদা বিরাজ করেন মন্দিরে, শ্বশুর আর সম্বন্ধীরে,
মামাশ্বশুরের মামার মামাতো ভেয়ের ছেলে।
বেহায়ের মকরের জ্যেঠা, থাকেন যার যেখানে যে-টা,
পরিচয় সব দেন যেটা, আত্মীয় ও কুটুম্ব ব'লে। ৭
থাকেন কত শালার শালা, গায়ে উড়ায়ে শাল-দোশালা,
বাটীতে কিন্তু কোন শালার, চতুঃশালা নাস্তি।
করেন তুচ্ছ জ্ঞান ব্রহ্মপদ, হাঁটিতে দেন না মাটিতে পদ,
পেয়ে পরের সম্পদ, চড়েন হয় হস্তী। ৮
যত বেটা খোসামুদে, রাজায় রাখে তোষামুদে,
মন্ত্রীর প্রধান শকুনি মামা যার।
দুষ্টবর কুরুবংশে, জন্ম লয়েছে কলি-অংশে,
জ্যেষ্ঠ পুত্র ধৃতরাষ্ট্র রাজার। ৯

শকুনি-যুক্তে দুর্য্যোধন, পাশা-ক্রীড়ায় রাজ্য ধন,
হরণ করিয়ে যুধিষ্ঠিরের।
বনবাস দেয় দুর্জ্জন, পাঞ্চালী সহিত পঞ্চজন,
নিষেধ করিল কত জন, মানে না বারণ ইষ্টির। ১০
নিষ্ঠুর পাষাণ-জীবন, দ্বাদশ বৎসর জন্ত বন,
পাঠায়ে ভবন মধ্যে থাকে।
হ'লে জগৎ-সংসার বিপক্ষ, ঘটে না বিপদ তার পক্ষ,
হয়ে জগদীশ্বর সাপক্ষ, সখ্য করেন যাকে। ১১

আলিয়া—যৎ

ভবে তার কারে ভয়।
যারে সাপক্ষ হইয়ে হরি, দেন পদ অভয়।
বিপক্ষ ত্রৈলোক্য হ'লে, সবে পরাজয় মানে,
রণে বনে কি জীবনে, রাখেন ভক্তের জীবনে,
কৃপাময় কৃপা-কৃপাণে[১], রিপু করেন ক্ষয়।
তার, যে ভাবে চরণ দৃঢ় জ্ঞানে, শমনে সামান্য গণে,
ভাবে না মূঢ় অজ্ঞানে, দাশরথি খেদে কয়। (খ)

দুর্য্যোধনের রাজসভায় দুর্ব্বাসার আগমন

দ্বাদশ বৎসর জন্ত, বাস করেন অরণ্য,
পাণ্ডবগণ পাঞ্চালী সহিতে।
রক্ষা করেন চিন্তামণি, আইসেন যান কত মুনি,
ধর্ম্মরাজ নৃপমণি, আছেন কাম্যক-বনেতে। ১২
হেথায়, হস্তিনায় রাজসিংহাসনে, দুর্য্যোধন রাজ্য-শাসনে,
পাত্র মিত্র মন্ত্রী সনে, আছেন রাজসভাতে।
বেষ্টিত আছেন সভাজন, শকুনি বেটা অভাজন,
সম্মুখেতে কত জন, দাণ্ডায়ে যোড়-হাতে। ১৩
হরিয়ে পাণ্ডবের মান, নিজে মান্ত অপ্রমাণ,
উঠেছে মান বিমান পর্য্যন্ত।
সুরপতি অপেক্ষা সভা, সভার কি হয়েছে শোভা!
মণি মাণিক্যের আভা হয়েছে চূড়ান্ত। ১৪
রাজসভায় আসি নিত্য, নৃত্যকীরে করে নৃত্য,
গান করে যত গুণিগণে।
আছেন এইরূপে দুর্য্যোধন, হেথা দুর্ব্বাসা তপোধন,
একাদশীর করিতে পারণ, ইচ্ছা করি মনে। ১৫
আসিছেন—ভাসিছেন রঙ্গে, ষাটি হাজার শিষ্য সঙ্গে,
হরিগুণানুগুণ-প্রসঙ্গে, সমর্পিয়ে মন।
ভাবি হৃদে রূপ চিন্তামণির, মুনির নয়নে নীর,
দুর্য্যোধন নৃপমণির, সভায় গমন। ১৬

জয়জয়ন্তী—ঝাঁপতাল

জয়তি জগদীশ জগবন্ধু বন্ধু সংসারে।
কলুষ-গর্ব্বখর্ব্বকারী, কুরু করুণা কংসারে।
যদি হে গতিবিহীন-জনে,—তার তারে দুস্তারে।
তবে ত্বং মাহাত্ম্য-গুণ-বিস্তার হে মুরারে।
ছগুন কুজন-সঙ্গে, ভ্রমণ সদা কুপ্রসঙ্গে,
মগ্ন সংসার-তরঙ্গে, আসি ফিরে বারে বারে।
ক্রিয়াহীন কুমতি দীন দাশরথি দাসেরে,
দেহি ত্বং[২] চরণে স্থান, শমন-শাসন-সংহারে। (গ)

সত্য নিত্য পরাৎপরে, নাহি পর যাঁর উপরে,
সঁপি মন তাঁর চরণ-পরে, দুর্ব্বাসা তপোধন।
বলেন, জয়োহস্ত নৃপমণি! সভায় দাঁড়ালেন মুনি,
মুনিরে প্রণাম অমনি, করে দুর্য্যোধন। ১৭
যত্নে তখন পাদ্য অর্ঘ্য, দিয়ে আসন যথাযোগ্য,
বলে, আমার সফল ভাগ্য, তব আগমনে।
ভক্তের পুরেতে আসা, ভক্তের পুরাতে আশা
কি আশাতে আসা ক'রে মনে। ১৮

পাঠান্তর: ১ কৃপা করে—গ। ২ মাং—খ, ট।

তাসে ভক্তিভাবে নৃপমণি, দেখিয়ে সন্তুষ্ট মুনি,
বলেন শুন নৃপমণি ! আমার কারণ।
কল্য একাদশীর উপবাস, ক'রে অন্ত তব বাস,
এলাম ক'রে অভিলাষ, করিতে পারণ ॥ ১৯
সৌভাগ্য মানিয়ে রাজন্, নানাবিধ আয়োজন
মুনিরে করাতে ভোজন, অন্ন-ব্যঞ্জন-আদি।
নানা পিষ্টক পায়সান্ন, ঘৃত-পক্ক মিষ্টান্ন,
মণ্ডা মুণ্ডী ক্ষীর দুগ্ধ দধি ॥ ২০

* * *

কুরুগৃহে দুর্ব্বাসার ভোজন

তখন গললগ্নীকৃত-বাসে, দাণ্ডায়ে মুনির পাশে,
বলে, দাসে করি কৃপাবলোকন।
প্রস্তুত হয়েছে সমুদয়, পা তুলিতে আজ্ঞা হয়,
নাই বিলম্ব করার প্রয়োজন ॥ ২১
অমনি, শিষ্যগণ সমভিব্যাহারে, মুনি বসিলেন আহারে,
'দে রে দে রে নে রে খা রে'—শব্দ।
ভোজন করিছেন সুখে, বাক্য নাই কারো মুখে,
একেবারেতে সকলে নিস্তব্ধ ॥ ২২
হ'য়ে আহারে তৃপ্ত মুনিবর, বলেন, মহারাজ ! মাগো বর,
শুনি অমনি নৃপবর, ভাবিছেন মনে মনে।
এমন সময় শকুনি আসি, কহিছেন হাসি হাসি,
লহ বর দ্বিজবর-চরণে ॥ ২৩

খাম্বাজ—পোস্তা

মুনিবর[১] দেন যদি বর, নরবর ! কি ভাবো মনে।
থাকে কি বাদ-বিসম্বাদ, তোমার এমন মামা বর্ত্তমানে ॥
এই মামার বুদ্ধি-বলে, খেলায় ধন রাজ্য নিলে,
দেখ কলে কৌশলে, সংহার করি পাণ্ডবগণে ॥ (ঘ)

দুর্য্যোধনকে দুর্ব্বাসার বর-প্রদান

শকুনি বলে,—নরবর ! বর যদি দেন দ্বিজবর,
লহ[২] বর মুনিবর-চরণে।
আগত একাদশীর পারণ, পাণ্ডবগণ যথা রন,
করেন যেন কাম্যক-কাননে ॥ ২৪
এর যুক্তি একটী আছে রাজন্ ! দ্রৌপদীর হইলে ভোজন,
তদন্তর গিয়ে ভোজন, ইচ্ছা করেন মুনি।
দিতে পারিবে না কোন অংশে, মুনিগণের কোপাংশে,
সবংশে সব ভস্ম হবে অমনি ॥ ২৫
শুনে দুর্য্যোধন বলে,—মামা ! বুদ্ধিমান তোমার সমা,
নাই মামা ! এ তিন সংসারে।
ব'লে অমনি দুর্য্যোধন, যথা দুর্ব্বাসা তপোধন,
গিয়ে প্রণাম করে যুগ্ম করে ॥ ২৬
বলে,—ওহে মুনিবর ! দাসে যদি দিবে বর,
অন্য বর নাহি প্রয়োজন।
এই বাঞ্ছা মমান্তরে, দ্রৌপদীর ভোজনান্তরে,
আগত দ্বাদশীতে ঋষি ! করিবে পারণ ॥ ২৭
অমনি, শুনি বাণী নৃপমণির, মুনির নয়নে বহে নীর,
বলেন, মহারাজ ! এ বাণীর কি দিব উত্তর।
এ কেমন বর চাহিলে তুমি, এ বর তোমারে আমি,
[৩]দিতে হে ধরণীস্বামী ! হই সকাতর[৩] ॥ ২৮

জঙ্গলা[৪]—একতালা

হে নরবর ! এ বর,—চাহিলে কেমনে।
পারি প্রাণ সঁপিতে, দেহে প্রাণ থাকিতে,
নারি এ বর দিতে,—
এ সব কুমন্ত্রণা, তোমায় দিলে কোন্ জনে ॥
তারা হয় জগৎপূজ্য, ঐশ্বর্য্য রাজ্য,
ত্যাজ্য করে যখন গিয়াছে বনে।
ধর্ম্ম আর কত সয়, এত দুরাশয়, করিলে আশয়,—
যে যন্ত্রণা সহ্য ক'রে আছে পাণ্ডবগণে ॥ (ঙ)

পাঠান্তর : ১ দ্বিজবর—খ, ট। ২ চাহ—গ, ট। ৩-৩ দিব হে ধরণীস্বামী—হ'য়ে অকাতর—খ, ট। ৪ বিভাস মিশ্র—ক।

শুনে বলে দুর্য্যোধন, দাও বর তপোধন!
শত্রু করিতে নিধন, যে কৌশলে পারি।
দাসে করি কৃপাদান, ঐ বর কর প্রদান,
ক'রেছি আমি সুসন্ধান, শত্রু বিনাশেরি। ২৯
শুনি মৌনভাবে থাকি মুনি, বলেন ওহে নৃপমণি!
অবশ্য করিব আমি, বাঞ্ছা তোমার যা মনে।
স্বীকার হইলাম রাজন্! দ্রৌপদীর হইলে ভোজন,
শিষ্য সহ করিতে ভোজন, যাব কাম্যক-বনে। ৩০
সন্তোষিয়ে রাজার মন, দুর্ব্বাসা করিলেন গমন,
ভাবি হৃদে রাধারমণ, বারি-ধারা চক্ষে।
ক্রমে দিন তিথি গত, একাদশীর দিনাগত,
উপবাসে করিয়ে গত, পারণ-উপলক্ষে। ৩১
হেথায় ধর্ম্মরাজন, অতিথি করা'য়ে ভোজন,
তদন্তরে করিয়ে ভোজন, পঞ্চ সহোদর।
বলেন,—অনশন থাক কোন জন,
এসো অন্ন করিবে ভোজন,
উচ্চৈঃস্বরে ডাকেন বৃকোদর। ৩২
দেখে অনশন নাহি আর, দ্রৌপদীরে করিতে আহার
অনুমতি দিল পঞ্চ জন।
শ্রবণ কর তদন্তর, দ্রৌপদীর ভোজনান্তর,
উপস্থিত দুর্ব্বাসা তপোধন। ৩৩

* * *

দ্রৌপদীর ভোজনান্তে পাণ্ডবগৃহে দুর্ব্বাসার গমন

সঙ্গে শিষ্য ষাটি হাজার, জয়োঽস্তু ধর্ম্মরাজার,
ব'লে মুনি দাণ্ডায়ে সম্মুখে।
দেখে—আসুন ব'লে আসন দিয়ে, ভক্তি-ভাবে পদ বন্দিয়ে,
যুধিষ্ঠির জিজ্ঞাসেন মুনিকে। ৩৪
আগমন কি কারণ, মুনি কন করিব পারণ,
আছি কল্য ক'রে একাদশী।
তবাশ্রমে করিব ভোজন, শুনিয়ে ধর্ম্মরাজন্,
অমনি যান নয়ন-জলে ভাসি। ৩৫

মুনি-বাক্যে হৃদয়ে বেদন, পেয়ে রাজার শুকালো বদন
বলে, কোথা হে মধুসূদন! দাসে অন্ত রক্ষ!
একবার আসি দাও হে দেখা, রাখ পাণ্ডবে পাণ্ডবের সখা,
কাতর কিঙ্করে—কমলাক্ষ। ৩৬

ভৈরবী—একতালা

[1]আজি রাখ মান, কোথা ভগবান![1]
একবার হের আসি পদ্মচক্ষে।
তুমি হে মাধব! ওহে ভবধব!
দেহ দিন—দীন-বান্ধব!
তোমার এ দীন বান্ধব, জানে ত্রৈলোক্যে॥
পাণ্ডবের চির পদ ও সম্পদ[2],
বেদে কয়—ও-পদ আপদের আপদ,
বিপদার্ণব[3] জ্ঞান হয় গোষ্পদ,
ও পদ-তরণী দিলে তার পক্ষে॥
আজি ক্ষুধার্ত্ত হইয়ে মুনি চায় অন্ন,
এ সময় এ দীন দৈন্য অন্ন-শূন্য,
হয় পাণ্ডবকুল শূন্য, হলে ব্রহ্মহত্যা,
ব্রহ্মণ্যদেব! যদি কর হে রক্ষে। (চ)

হেথায় কুরুরাজন্, পাত্র মিত্র বন্ধুজন,
বহু জন লয়ে, সভায় বসি।
নানালাপ শাস্ত্র-প্রসঙ্গ, কেউ করিছে রস-রঙ্গ,
এমন সময়ে শকুনি হাসি হাসি। ৩৭
বলে, মহারাজ! কিছু হয়েছে স্মরণ? দুর্ব্বাসা করিতে পারণ,
গিয়েছেন আজ পাণ্ডবের কাছে।
বল্‌বো কি মাথামুণ্ড ছাই, এতক্ষণ বেটারা হ'য়ে ছাই,
ভস্ম হ'য়ে কোন্ দিকে উড়ে গেছে। ৩৮
হবে না তুষ্ট শুনে মিষ্ট ভাষা, নামটি তার দুর্ব্বাসা,
তার কাছেতে ভাষাভাষি নাই।

পাঠান্তর: ১-১ ক-গ্রন্থের বিন্যাস—কোথা ভগবান, আজি রাখ মান। ২ শ্রীপদ—খ, ট। ৩ বিপদসাগর—খ, ট।

রেখে ঠিক ক'রে যমের বাটীতে বাসা,
যেতে হয় তার সঙ্গে কইতে ভাষা,
তফাত হলে একটী ভাষা, এক ভাষাতেই ছাই। ৩৯
যদি শুন্‌তে পাই এই কথাটা, ছাই হয়ে গেছে ভাই ক-টা,
মুনির পা-টা পূজা করি গিয়ে।
যুড়ায় এখন সব দেশটা, সভার মাঝে বল্‌লে দোষটা,
লাগে শেষটা আপনা-আপনি গায়ে। ৪০
করেছেন কি কুঘটন প্রজাপতি, এক যুবতীর পাঁচটা পতি,
তারা আবার ভূপতি—হতে চায় কোন্ লাজে।
দেখ দেখি কি পৌরষ, ওদের জন্মটা কার ঔরস,
অপৌরষ সভাজনের মাঝে। ৪১
এই কথা শকুনি ভাষে, দুর্য্যোধন আনন্দ-সাগরে ভাসে,
হেথায় যুধিষ্ঠির নয়ন-জলে ভাসে, কাম্যক-কাননে।
বৃকোদর মুখেতে শুনি, বিপদ-বাক্য যাজ্ঞসেনী,
কাঁদিয়ে ডাকে অমনি, ব্রহ্ম-সনাতনে। ৪২

—

দ্রৌপদীর শ্রীকৃষ্ণ-স্তব

বালিয়া[১]—একতালা

একবার দেখা দাও হে ভগবান!
যখন দুষ্ট দুঃশাসন, মম কেশাকর্ষণ,
করেছিল সভায় হরিতে বসন, হৃদয় পদ্মাসন-
মধ্যে দরশন, দিয়ে পীতবসন রেখেছিলে মান।
ও শ্রীপদ-প্রান্তে এ দাসী একান্ত,
নিতান্ত এ মন সঁপেছে শ্রীকান্ত!
ভ্রান্তিমোচন! মম কান্তের ঘুচাও ভ্রান্ত,
করিয়ে কৃপা বিধান[২]।
ছলে দুর্য্যোধন নিলে সব ঐশ্বর্য্য,
বনবাসী হ'লাম ত্যাজ্য করে রাজ্য,
ভরসা কেবল, ঐ যুগলপদ-বীর্য্য,
তাতেই ধৈর্য্য থাকে প্রাণ। (ছ)

—

হেথা অন্তরে জানিলেন কৃষ্ণ, অনন্ত-গুণ বিশিষ্ট,
পূরাতে পাণ্ডবের ইষ্ট, ভবের ইষ্ট যিনি।
যাঁর বেদে হয় না সন্ধান, ভাবনা-হারী ভবের প্রধান,
পাণ্ডবে দেন সুসন্ধান, ক'য়ে দৈববাণী। ৪৩
তখন, দৈববাক্য ক'রে শ্রবণ, সফল মানিয়ে জীবন,
মুনিগণে,—ধর্ম্মরাজন্ কন যুগ্মকরে।
নিবেদন শুন মুনি! অস্ত হন দিনমণি,
সত্বরে আসুন্ আপনি, সায়ংসন্ধ্যা ক'রে। ৪৪
ও-চরণাশ্রিত এ দীন জন, দ্রব্যাদি সব আয়োজন,
ক'রেছে হে ক'রে ভোজন, তৃপ্তি কর দাসেরে।
যুধিষ্ঠির-বাক্য মুনি, শ্রবণ ক'রে অমনি,
শিষ্যগণে লয়ে তখনি, গেলেন নদীতীরে। ৪৫
ভার্য্যা যার আপনি বাণী, দিয়ে উপদেশ-বাণী,
চিন্তিত দেখে কহিছেন বাণী, রুক্মিণী হেসে হেসে।
আচম্বিতে কেন এমনি, চিন্তাযুক্ত চিন্তামণি!
ব'সে ব'সে রমণীগণ-পাশে। ৪৬
প্রকাশিয়ে বল শুনি, ডেকেছে বুঝি যাজ্ঞসেনী?
বাহিরে গিয়ে কারে এখনি, কি কথাটি বল্‌লে!
নৈলে কেন এমন ভাব, স্বভাবে ঘুচে অভাব,
এ সব ভাব বৈরিভাব, সেই ভাবেতেই চল্‌লে। ৪৭
শয়নে কি আহারে, থাক যদি কোন বিহারে,
অমনি উঠ শিহরে, দ্রৌপদীকে মনে হলে।
শুনে হরি কন,—রুক্মিণি!
আমায়, ঐ ছয় জনে রেখেছে কিনি,
আমার ভক্তাধীন নাম চিন্তামণি, ব্যক্ত ভূমণ্ডলে। ৪৮

—

জঙ্গলা[৩]—একতালা

ভক্তাধীন চিরদিন, আমি এ তিন সংসারে।
ভক্তের দ্বারে আছি বাঁধা, তা কি জান না!
ভক্ত দিলে বাধা, যত্নে ধারণ করি মস্তক-উপরে।

পাঠান্তর: ১ বিভাস আলিয়া—খ, ট। ২ নিদান—খ, ট। ৩ বিভাস-মিশ্র—ক।

হই ভক্ত-অনুরক্ত, চারি বেদে ব্যক্ত,
ভক্তগণে স্থান দি গোলোক উপরে।
ভক্তে দিতে পারি,—প্রাণ চাহে যদি দেহ পরিহরি,
দেখ, ভক্ত-পদ রাখি হৃদয়ে ধ'রে।
দেখ, নামটি মোর অনন্ত, কে পায় আমার অন্ত,
রই অনন্তরূপে জীবের অন্তরে।
আমি ভক্তের রিপু, নাশিলাম হিরণ্যকশিপু,
প্রহ্লাদে রাখিলাম, নরসিংহ-রূপ ধ'রে। (জ)

—

কাম্যক-কাননে শ্রীকৃষ্ণের আগমন

এ কথা ব'লে শ্রীহরি, দ্বারকা-ধাম পরিহরি,
কাম্যক বনে শ্রীহরি, চলিলেন তখন।
হেথায় দ্রুপদ-কন্তে, ক্ষীণে মলিনে দীনে দৈন্তে,
আসিছেন হরি সেই জন্তে, করে আশাপথ নিরীক্ষণ। ৪৯
বিলম্ব দেখে দ্রৌপদী, ভাবে চরণ দৃষ্ট মুদি,
বিধির হৃদির ধনেরে।
স্তব করে গোলোকবাসীরে, বলে, দেখা দাও দাসীরে,
মরে আজি বনবাসীরে, না হেরে তোমারে। ৫০
হে কৃষ্ণ করুণাসিন্ধু! দিন দাও দীনবন্ধু!
দেখ্‌ব, কেমন পাণ্ডবের বন্ধু, বলে হে সংসারে।
কে জানে তোমার মর্ম্ম, তুমি হে পরমব্রহ্ম,
তোমার কর্ম্ম ব্যাপ্ত চরাচরে। ৫১
তুমি অনল তুমি জল, তুমি স্বর্গ মহীতল,
তুমি স্থূল তুমি নির্ম্মল, বায়ু বরুণ ধর্ম্ম।
তুমি সূর্য্য তুমি চন্দ্র, প্রজাপতি শিব ইন্দ্র,
যক্ষ রক্ষ তুমি নরেন্দ্র, যাগ যজ্ঞ কর্ম্ম। ৫২
যাজ্ঞসেনী যুগ্মপাণি, করে স্তব চক্রপাণি,
এমন সময় আসি আপনি, কহেন দ্রৌপদীরে।
নয়ন মুদে কারে ভাব, কি তোমার আছে অভাব,
কেন আজ দেখি স্বভাব-পরিবর্ত্ত তোমারে। ৫৩
এই কথা ব'লে পীতবসন, দ্রৌপদীর হৃৎপদ্মাসন-
মধ্যে গিয়ে দরশন, দেন সুদর্শনধারী।
বেদে নাই যার অন্বেষণ, অনন্ত রূপ অনন্তাসন,
যায় তুষিয়ে পরিতোষণ, করেন ত্রিপুরারি। ৫৪
ভাবে দেবেন্দ্র হুতাশন, যাঁর কমলা নারী কমলাসন,
কৌস্তুভ যাঁর শিরোভূষণ, শমন-শাসন-কারী।
দরশনে নাই নিদর্শন, বাক্য যার সুধা-বরিষণ,
সৃষ্টি-স্থিতি-বিনাশন, করেন যেই হরি। ৫৫
কুশাসন করি আসন, যুগে যুগে অনশন,
থাকি পায় না অন্বেষণ, যার যোগী মুনি।
যাঁর কটিতে শোভা পীতবসন, সে রূপ হৃদয়ে দরশন,
ক'রে নয়নে ধারা বরিষণ, দ্রৌপদী অমনি। ৫৬

—

খাম্বাজ—কাওয়ালী

বিশ্বরূপ-রূপ হেরিয়ে অন্তরে
যায় অন্তরের দুঃখ অন্তরে।
ভ্রান্ত ঘুচাও মন! বলি শোন্ তোরে।
ও পদ ক'রে ঐকান্তে, ভাবিলে কমলাকান্তে,
জয়ী হবি অন্তে সে কৃতান্তেরে।
যদি করি বিভবের দুঃখ খর্ব্ব, রে!
পরিহর ধন জনে, কুমন্ত্রী ছজন কুজনে,
নির্জ্জনে বিপদ-ভঞ্জনে, ডাক দিনান্তরে। (ঝ)

—

রূপ ক'রে নিরীক্ষণ, মনকে ভক্তি-বলে বলে।
শোক তাপ নিবারি, অমনি বারি, আঁখি যুগলে গলে। ৫৭
কিছু পরিশ্রম স্বীকার, ক'রে নির্ব্বিকার,
যদি ভাব, মন! মনে মনে।
ঐ পদ ক'রে দৃঢ়, যাবে দুরদৃষ্ট,
শঙ্কা রবে না শমনে মনে। ৫৮
কেন পাও ভয়, হবে অভয়, ঐ অভয়পদ ভাবো সার-সার।
রিপুরে নাশি, অনায়াসেই, হবি ভব পারাপার। ৫৯
ঘটে দুর্ম্মতি, ও পদে মতি, রাখে না থাকে না যার যার।
তারা কি পারে, যেতে পারে, পারের ভাবনা তার তার। ৬০

আসিয়ে ভবে, কেন মর ভেবে, দুঃখ পেয়ে পদে পদে।
তবু হ'লো না কো জ্ঞান, শুন রে অজ্ঞান!
কত শিখাই পদে পদে॥ ৬১
সংসার-বিকারে, আছ অন্ধকারে,
বাড়ায়ে রিপুর প্রবল বল। ৬২
কেন রও বিহ্বলে, সদা যাও ভুলে,
না দেখ রে কমল-আঁখি,—আঁখি!
একবার দেখ নয়ন-তারা! তারানাথের নয়ন-তারা,
তারা মুদে থাকি থাকি॥ ৬৩
প্রাণ ত্যজে হবি শব, ধন জন সব,
কোথা রবে এ সব,—শব[1]।
আর রাখ্‌বে না বন্ধুবর্গে, তখন সেই দুর্গে,
রাখিবেন দুর্গাধব-ধব॥ ৬৪

জঙ্গলা[2]—একতালা

তাই বলি মন! মিছে বারবার ভ্রমণ, করিছ ভব-সংসারে।
সদা বিষয়-মদে মত্ত, মন রে! কুতত্ত্বে প্রবর্ত্ত,
এ তত্ত্বে আর তত্ত্ব, নাই প্রশংসা রে॥
পান কর সেই নাম-সুধা, যাবে ভবের ক্ষুধা,
ভাব্‌তে কি তোর বাধা, সে কংসারে।
দিবাকর-সুত, বাঁধিবে দিয়ে সুত, করের তরে করে,—
কি কর দিয়ে তার করে, কর্‌বি মীমাংসা রে॥
ওরে, অমাত্য বন্ধুবর্গ, ত্যজে এ সংসর্গ,
এরাই উপসর্গ, কেবল সংসারে।
একবার হয়ে বিজন, ওরে দাশরথি! ওপদ কর ভজন,
সে জন-ভবনে যাও, ছজন-কুজন ধ্বংস ক'রে॥ (ঞ)

তখন দ্রৌপদী-হৃৎপদ্মাসনে, ব্রহ্মরূপ দরশনে,
ব্রহ্মজ্ঞানে ব্রহ্মণ্যদেবেরে।
স্তব করে যাজ্ঞসেনী, যজ্ঞেশ্বর তুষ্ট শুনি,
কহিছেন দ্রুপদ-কন্যারে॥ ৬৫

যে জন্যে কর উপাসনা, পূর্ণ হবে সে বাসনা,
তব গুণের ঘোষণা, রবে হে সংসারে।
আছি অদ্য অনাহার, যা হয় কিছু করাও আহার,
চল শীঘ্র রন্ধনাগার, কন দ্রৌপদীরে॥ ৬৬
শুনি পাঞ্চালীর নয়ন-বারি, বলে ওহে বিপদ-বারি[3]!
তুমি কেন আবার বিপদ-বারি মধ্যেতে ডুবাও হে।
সকলি তো জান তুমি, দাসীর অন্তর্যামী,
কি আছে কি দিব আমি, জেনে কেন চাও হে॥ ৬৭
শুনে কন ভবের স্বামী, জানি তাই চাহিলাম আমি,
প্রতারণা কেন তুমি, কর আজ আমায় হে!
কি আছে মোর অগোচর, জানি তত্ত্ব চরাচর,
জেনে শুনে সুগোচর, করিলাম তোমায় হে॥ ৬৮
বিলম্বে নাই প্রয়োজন, আছে মম প্রয়োজন,
যাব সত্বর ক'রে ভোজন, ফিরে দ্বারকায় হে।
মধুসূদনের বচন শুনি, রোদন করে যাজ্ঞসেনী,
বলে, কেন আর কপট বাণী, কও জলদকায় হে॥ ৬৯

ঝিঁঝিট—মধ্যমান-ঠেকা

দাসীরে আর কেন প্রতারণ।
লজ্জা-নিবারণ! আমার কর আজ লজ্জা-নিবারণ॥
কি কব দুঃখের ভাষা, যে বাদ সেধেছেন দুর্ব্বাসা,
এ বিপদার্ণবে ভরসা, কেবল ঐ যুগল চরণ॥ (ট)

হেথায় এসেছেন চিন্তামণি, শুনি যুধিষ্ঠির নৃপমণি,
একত্রে আসি অমনি, পঞ্চ সহোদর।
গললগ্নী কৃত্তবাসে, প্রণাম করি পীতবাসে,
বলে, দয়া করি দীনের বাসে, যদি এসেছ দামোদর॥
দুঃখার্ণবে উদ্ধার, কর ভবকর্ণধার!
পাণ্ডবের মূলাধার, তুমি এ সংসারে।

পাঠান্তর: ১ সব—খ, ট। ২ বিভাস-মিশ্র—ক। ৩ বিপদহারি—গ; বিপদ-অরি—ট।

আজ ব্রহ্মশাপে পরিত্রাণ, কর হে কৃপা-নিদান!
চরণ-প্রসাদ দান, ক'রে পাণ্ডবেরে। ৭১
শুনে হরি কন, কেন ভয়, সকলে হও অভয়,
মিছে ভয়,—নির্ভয় হ'য়ে থাক।
কি ভয় তাহার জন্যে, ব'লে হরি কন, দ্রুপদ-কন্যে!
পাকস্থলী সত্বরে গে দেখ। ৭২

* * * *

শ্রীকৃষ্ণের শাকের কণা ভোজন

কহিলেন চিন্তামণি, যাজ্ঞসেনী গিয়ে অমনি,
পাকস্থলী আনি তখনি, নিরীক্ষণ করে।
দেখে কিছুমাত্র তাতে নাই,
ছিল একটী শাকের কণা তুলিয়ে তাই,
কাঁদিতে কাঁদিতে দিল অমনি জগৎকান্তের করে। ৭৩
সুধা-জ্ঞানে গোলোক-শশী,
তাই করেন আহার ব'লে তৃপ্তোঽস্মি[১],
জগৎ-তৃপ্ত হইল অমনি।
হরির মহিমা যে, কে জানিবে মহী-মাঝে,
সদা ভেবে হৃদয়-মাঝে, কিছু জানেন শূলপাণি। ৭৪

——

আলিয়া—একতালা

রাখিতে ভক্তের মান, ভক্তাধীন ভগবান।
পাণ্ডবের কি ভাগ্য হেরি, ভক্তি-ডোরে বাঁধা হরি,
করেন জগৎতৃপ্ত, যে ধন মহাযোগী যোগে হন অপ্রাপ্ত,
করেন শাকের কণা গ্রহণ, সুধার সমান।
অভক্ত অমৃত দিলে, দৃষ্টিপাত তায় হয় না ভুলে,
ব্যক্ত আছে ভবে, ভবের জীব সবে,
দৃঢ় জ্ঞানে ভাবে, দিলে ভক্তিভাবে,
বিষ করেন পান। (ঠ)

——

নদী-কূলে সশিষ্য দুর্ব্বাসার পরিতৃপ্তি ও প্রস্থান

হেথা দুর্ব্বাসা মুনি নদীর কূলে, শিষ্যগণ লয়ে সকলে,
সন্ধ্যা-আহ্নিক সন্ধ্যাকালে, করিয়ে সম্পূর্ণ।
কিন্তু শক্তি নাই উঠিবার, উদ্গার উঠে বার বার,
উদরীর মত উদর, হয়েছে পরিপূর্ণ। ৭৫
জেনে অন্তর্যামী দামোদর, কন সত্বরে গে বৃকোদর,
মুনিগণে সমাদর, করে আনো ভবনে।
হরির আজ্ঞা ধরি শিরে, গিয়ে নদী-তীরে—তপস্বীরে,
বৃকোদর সব ঋষিরে অমিয় বচনে। ৭৬

বলেন, আজ্ঞা করিলেন নৃপমণি,
আহার কর্‌তে চলুন মুনি!

শুনি অমনি সকল মুনি, কন—আহারে কাজ নাই।
কি বল হে তর্কবাগীশ! ন্যায়রত্ন ন্যায়বাগীশ!
তর্করত্ন বিদ্যাবাগীশ! কি বল হে ভাই! ৭৭
কোথায় আছ হে তর্কালঙ্কার! বাক্য নাই যে মুখে কার,
আহার করিতে কার্ কার্, ইচ্ছা আছে—বলে।

শুনে, সকলেই বলে কেউ না খাব,
খেয়ে কি আপনাকে খাব!

এর উপরে খেলেই খাবি খাব, প'ড়ে নদীর কূলে। ৭৮
একে ফেটে যাচ্ছে পেটের মাস, আমি ত আর ছয় মাস,
ভোজন থাকুক—জল দিব না মুখে।

কেউ বলে, গেলাম গেলাম আহা রে!
কাজ নাই আর আহারে,

শমন-সমান প্রহারে, মরিতেছি অসুখে। ৭৯
কেহ প'ড়ে মৃত্তিকায়, ঠিক যেন মৃত কায়,
সুধালে কথা কয় না কা'য়, শ্বাস মাত্র আছে।
কেউ কেঁদে কয়,—দারুণ বিধি, অকস্মাৎ কি দিলে ব্যাধি,
কে করে ব্যাধি নির্ব্যাধি, বৈদ্য নাইক কাছে। ৮০

ভোজনে আর নাই আশ্বাস,
আমাদের সকলের হয়েছে উর্দ্ধশ্বাস,

শিরোমণি মামা! তোমার গো কেমন?

পাঠান্তর: ১ তৃপ্তোসি—খ, ট।

তখন, দুর্ব্বাসা মুনি সমাদরে, কহেন বীর বৃকোদরে,
আহার করিব কোন্ উদরে, স্থান নাই এমন ॥ ৮১
চল্‌লাম আমরা আশ্রমে, কায নাই আর পরিশ্রমে,
নিজাশ্রমে গমন করুন আপনি।
সুখে থাকুন ধর্ম্মরাজন্, আমরা আর করিব না ভোজন,
ব'লে মুনি সর্ব্বজন, চলিলেন অমনি ॥ ৮২
করি মুনি-চরণে দণ্ডবৎ, গমন জিনি ঐরাবত,
ভীম গে কহিলেন তাবৎ, জগৎপতি-পাশে।
শুনি তুষ্ট চিন্তামণি, যুধিষ্ঠির নৃপমণি,
স্তব ক'রে কন অমনি, পীতবাসে বাসে ॥ ৮৩

ললিত[১]—একতালা

দীনে দিয়ে দিন, দীননাথ! করিলে দুঃখের অন্ত।
নিজ গুণে এ নিগুর্ণে, দিলে পদে স্থান নিতান্ত ॥
মহিমা যে মহী-মাঝে, আছে ব্যক্ত গুণ অনন্ত,
ভক্তে রাখ্‌তে হে বিশ্বরূপ! ধর রূপ কি অনন্ত ॥
শুন হে ভব-বৈভব! ত্যজিয়া সব বৈভব,
করেছি বৈভব, তব চরণ একান্ত।
কুমতি দাশরথি, বিষয়-বিষ-পানে ভ্রান্ত;
নাই তার উপায়, দেখ ও পায়,
যদি [২]কৃপায় হয় কালান্ত[২] ॥ (ড)

২৯। শ্রীশ্রীমতীর শ্রীকৃষ্ণ-বিরহানন্তর কুরুক্ষেত্র-যাত্রায় মিলন

নারদের হরিনাম-গান

কৃষ্ণপ্রিয়ে রাধিকার, কৃষ্ণ-বিচ্ছেদ-অধিকার
শতবর্ষ হৈল সমাপন।
প্রেমে মত্ত হয়ে মর্ত্তে, যুগল-মিলন তরে,
তত্ত্বজ্ঞানী নারদের আগমন ॥ ১
করে করি যন্ত্র বীণে, মুখে হরিমন্ত্র-বিনে,
নাহি মন অন্য আলাপনে।
করেন মুখে উচ্চারণ, চল রে চল চরণ!
শ্রীনাথ-চরণ-দরশনে ॥ ২
না হেরে সেই অচ্যুত, করোনা পদ!—পদচ্যুত,
চল পদ! বিপদ ঘুচাই রে।
প্রাপ্তে হরি-উচ্চপদ, তুচ্ছ হবে ব্রহ্ম-পদ,
শ্যাম-পদ সম্পদ কর ভাই রে ॥ ৩
কর রে! কি কর ভাই, কর না মনে,—কর চাই,
কর কৃষ্ণ-করমালা করে।
নতুবা হবে দুষ্কর, কি ধন ল'য়ে দিবা কর,
দিবাকর-সুত ধরিলে করে ॥ ৪

হেদে রে অধম মুখ! হরি কি তোরে বৈমুখ,
অধোমুখ কর্‌লি তুই আমারে।
দিনান্তে নাম লও না মুখে দুর্মুখ কাল সম্মুখে,
কোন্ মুখে মুখ দেখাবি তারে ॥ ৫
(ওরে) কর্ণ! কথায় কর্ণ দিও, কর্ণ-নাশকের প্রিয়,
শুন তস্য নামানুকীর্ত্তনে।
রসনা! রস না বুঝে, রসহীন দ্রব্যে মজে,
রসস্থ[৩] ঘটালি কি কারণে ॥ ৬
ওরে মন! তোর মন্ত্রণা বা কি, সে দিনের আর ক'দিন বাকি,
সকলি বাকী—পুণ্যের নাই পুণ্য।
যে পদ ভাবিল বলি, সদাই তোরে ভাব্‌তে বলি,
যাবে ভাবনা,— ভাব না কি জন্যে ॥ ৭
আমি করিনে মন্দ চেষ্টা, তোরি দোষে মন্দ শেষটা,
হলো রে মন! দেখ্‌ছি অনায়াসে।
যেমন কুপুত্র-দোষে সমস্ত, পূর্ব্ব-পুরুষ নরকস্থ,
জলধি-বন্ধন যেমন রাবণের দোষে ॥ ৮

পাঠান্তর: ১ বিভাস ললিত—খ, ট। ২-২ কৃপা কর কালান্ত—খ, ট। ৩ রস না—ক।

বলি বল্‌তে হরি বার বার, তুই দেখিস্‌ রে তিথি বার,
দিন দেখিয়ে শুভ দিনে দীন-নাথকে ডাকিবে[১] ?
যখন ভব-যাত্রায় করিবে গমন, ডাকিবে দুরন্ত শমন,
সে কি তোমায় দিন দেখিতে রাখিবে ॥৯

হবে না রে দিন করা, হয়তো হবে ত্রিপুষ্করা,
বান্ধ বৃক্ষ আদি সঙ্গে লবে।
তোরে বল্‌ছি দিনে তিন সন্ধ্যা,
গেলো রে দিন—এলো সন্ধ্যা,
দিন থাকৃতে যা কর তাই হবে ॥ ১০

এ তোর ভাল ভরসা, ঘুচায়ে সমস্ত বর্ষা,
শুকালে নদী, তরী আরোহণ কর্‌বে।
যখন অধিকার করিবে কফে, অধিকার কি থাকিবে জপে ?
কণ্ঠকে কণ্টক যখন ধর্ব্বে ॥ ১১

আলিয়া—একতালা

গেল রে দিন গেল একান্ত।
কি কর রে মন! মানস ভ্রান্ত।
নিন্দি রূপ-নীলকমল, হৃদ্‌কমলে ভাব সে কমলাকান্ত ॥

মুদিলে নয়ন সব নৈরেকার,
কেহ নয় আমার, আমি নৈরে কার[২],
কর সেবা কার, ঘরে কেবা কার,
"হও রে জায়া-সুত-মায়ায় ক্ষান্ত[৩]"।

না শুন শ্রবণ! সুজন-ভারতী,
ভব-নিস্তারণ;—তোমার ভারতী[৪],
কেন চিন্ত না রে দাশরথি—
"স্বীয় শিয়রে" অসুর-ভাবে কৃতান্ত ॥ (ক)

নারদ মুনির বৃন্দাবনে গমন

জপিয়া রাধারমণ, নারদের শুভগমন,
"যে নামে কালদমন, মগ্ন সেই নামে"।
মনোযোগে একান্ত যোগে, ভুবন ভ্রমণ-দোগে,
উপনীত দৈব-যোগে, শ্রীগোবিন্দের বৃন্দাবন-ধামে ॥ ১২
দেখেন শ্রীনাথ-ভিন্ন, শ্রীবৃন্দাবন ছিন্ন ভিন্ন,
প্রাণ-মাত্র জ্ঞান-বিভিন্ন, শোকে জীর্ণ সকলে।
বিরহে নাহি নিষ্কৃতি, কিবা পুরুষ কি প্রকৃতি,
সবে হ'য়েছেন শবাকৃতি, কৃষ্ণশূন্য গোকুলে ॥ ১৩
দিন যেন কুহূ রজনী, নাই কোকিলের কুহু ধ্বনি,
কি কুহকে চিন্তামণি, ফেলে গেছেন আ মরি।
শারী কেঁদে কয়, ওহে শুক! শূন্য ব্রজে শ্যাম-সুখ,—
নৈলে সুখত নাই হে শুক! মরি হে মরি শুমরি ॥ ১৪
কৃষ্ণ-বিরহ-বিপক্ষ,—জ্বালায় দগ্ধ পশু পক্ষ,
কৃষ্ণ বিনা কৃষ্ণপক্ষ, মম[৭] আঁধার নয়নে।
ভাসে ব্রজ নয়ন-জলে, প্রাণ জলে মন জ্বলে,
জলজ কুসুম জলে জলে, জলদাঙ্গ-বিহনে ॥ ১৫
তাপেতে তনু শুকায়, সুরভী না তৃণ খায়!
সংশয় প্রাণ রাখায়, রাখালাদি সকলি।
সবে হয়েছে বল-হীন, জল-মধ্যে কাঁদে মীন,
হরি-শোকে কাঁদে হরিণ, বন-মধ্যে ব্যাকুলী ॥ ১৬
মুনি গিয়া নন্দ-দ্বারে, দেখেন রাণী যশোদারে,
শতধারা নয়ন-দ্বারে, নয়ন অন্ধ রোদনে।
স্বপ্নবৎ মুখে বুলি, কে রে আমার গোপাল! এলি,
কোলে আয় রে বনমালি! মা ব'লে চাঁদবদনে ॥ ১৭

কৃষ্ণ-শূন্য গোকুল কি প্রকার হইয়াছে ?—যেমন—

বিদ্যা-শূন্য নরবর, বারি-শূন্য সরোবর,
বস্ত্র-শূন্য বেশ।
দেবী-শূন্য মণ্ডপ, কৃষ্ণ-শূন্য পাণ্ডব,
গঙ্গা-শূন্য দেশ ॥

পাঠান্তর : ১ কি ডাকবে—ক। ২ নৈরাকার—গ। ৩-৩ হও রে জায়া সুত—ক, খ। ৪ তার অতি—ক। ৫-৫ শিয়রে—ক; স্বীয় শিরে—গ। ৬-৬ মগ্ন হয়ে সদা সেই নামে—ক, খ। ৭ সব—খ ; সম—গ।

জল-শূন্য ঘট, শিব-শূন্য মঠ,
ব্যয়-শূন্য কাণ্ড।
নাড়ী-শূন্য দেহ, নারী-শূন্য গৃহ,
কর্পূর-শূন্য ভাণ্ড॥
শিকল-শূন্য তালা, ভজন-শূন্য মালা,
দৃষ্টি-শূন্য নয়ন।
ভূমি-শূন্য রাজার রাজ্য, বিদ্যা-শূন্য ভট্টাচার্য্য,
নিদ্রা-শূন্য শয়ন॥
পুত্র-শূন্য কুল, মধু-শূন্য ফুল,
মধু-মালতী বকুল।
নিরখিলা মুনি, বিনে চিন্তামণি,
তাই হ'য়েছে গোকুল॥ (অ)

হায়! কি করেছেন কৃষ্ণ, দুরদৃষ্ট করি দৃষ্ট,
যায় মুনি গোপীগণ যথা।
দেখেন গোপীকে সকলি, সখার শোকে শোকাকুলী,
'রাধে স্বর্ণলতা বিবর্ণতা'[1] ॥ ২২
স্খলিত বসন বেশ, গলিত চিকুর কেশ,
হৃষীকেশ-বিহনে তনু জরা।
পতিতা ধরণী-পৃষ্ঠে, পতিত-পাবন কৃষ্ণে,
হারিয়ে রাধা-শক্তি শক্তি-হারা॥ ২৩
কেঁদে বলে চন্দ্রাবলী, ওলো ললিতে! তোরে বলি,
'অনল আন গো খেয়ে মরি'[2]।
বিধি ল'য়েছেন যে ধন হরি, পাব কি আর হরি হরি!
জন্মের মত সে হরি শ্রীহরি॥ ২৪
ললিতে বলে বিশাখা গো! মরি বিষ দে!—বি-সখা গো[3],
ত্যজে প্রাণ, বিরহ-বিষে বাঁচি।
কার লেগে আর সকাতরা, আর পাবিনে সখা তোরা,
সুখের অন্ত অন্তরে জেনেছি॥ ২৫
সম্মুখে নারদ মুনি হেরিয়া ব্রজ-রমণী,
অমনি অধীরা ধরাতলে।
আগমন মুনি কিমর্থে, অধিনী পাপিনী তত্ত্বে,
চিন্তামণি তোমায় কি পাঠালে॥ ২৬
নিদারুণ সে শ্যামবর্ণ, করিছেন সদা বিবর্ণ,
বর্ণনা করিব দুঃখ কত।
প্রাণ আমাদের কৃষ্ণ-গত, কৃষ্ণ-বিনে প্রাণ ওষ্ঠাগত,
কৃষ্ণ তো হলোনা অনুগত॥ ২৭

—

খট্‌-ভৈরবী—একতালা

কেন হে মুনি! এখন তুমি—
এই গোকুলে পাপ-রাজ্যে।
"প'ড়ে অকূলে গোকুলে সকলের অন্তকাল-রূপ"[4],
বিনে কালোরূপ, রাধে হেন কমলিনী ধরায় শয্যে॥
ত্যজে কমলিনী-হৃদয়-বাসর,
শতেক বৎসর গেছেন ব্রজেশ্বর,
বলি দুঃখ হেন পাইনে অবসর,
কৃষ্ণ-বিচ্ছেদ-শর হৃদয়ে বাজ্‌ছে॥
জলধর বিনে জলে জলে কায়,
সে যাতনা মুনি! কব আমরা কা'য়,
ব'ধে গোপীকায়, রৈল নীলকায়,
পেয়ে দ্বারকায়, নূতন ভার্য্যে॥ (খ)

——

ব্যাকুলা ব্রজ-রমণী, নিরখি নারদ মুনি,
অমনি করেন অঙ্গীকার।
কালি আনিয়ে দিব ব্রজে, ব্রজনাথকে পদব্রজে,
দিয়ে এ দুর্গতির সমাচার॥ ২৮
স্বীকার করি বচন, চিন্তাযুক্ত তপোধন,
চিন্তামণি আনিব কিরূপে।
উৎকণ্ঠিত হ'য়ে মনে, পুনঃ যান দিক্‌-ভ্রমণে,
হৃদয়ে ভাবিয়ে বিশ্বরূপে॥ ২৯

পাঠান্তর: ১-১ ব্যাকুলিতা রাধা স্বর্ণলতা—ক, খ। ২-২ অনলে আনলো আমি মরি—গ। ৩ বিশাখা গো—খ, গ। ৪-৪ পড়িয়ে গোকুলে সকলে অন্তকালরূপ—ক; পোড়ে গোকুলে সকলের অন্ত কালরূপ—খ; পোড়ে গোকুলে সকলের অন্তরে কালরূপ—গ।

পরে শুন আশ্চর্য্য সূত্র, জনেক ব্রাহ্মণ-পুত্র,
সুদরিদ্র গুণ-জ্ঞান-হত।
জঠর কঠোর দায়, সমুদায় তার দায়,
লজ্জা মন ক্রিয়া ধর্ম্ম যত ॥ ৩০

* * *

মহাদেবের নিকট জনৈক ব্রাহ্মণের দারিদ্র্য-মোচন-প্রার্থনা

যায় সেই দ্বিজ দীন, দৈবযোগে এক দিন,
শৈব-নাথ শিবের কৈলাসে।
শির সমর্পিয়া রজে, প্রণমি পদ্ম-সরোজে,
যাচিল্লা করেন কৃত্তিবাসে ॥ ৩১
ওহে প্রভু ত্রিলোচন! সংসারে শুনি বচন,
দারিদ্র্য-মোচন না কি তুমি।
দুখে মোর তহুচ্ছেদন, বিনে অন্ন আচ্ছাদান,
রোদন-সাগরে ভাসি আমি ॥ ৩২
সংসারে শুনি হে ভব! কুবের ভাণ্ডারী তব,
জীবে ধন প্রাপ্ত হয় তব গুণে।
আমি বড় অনর্থযোগী[১], কিঞ্চিৎ হও মনোযোগী
মহাযোগি! মম দুঃখ শুনে ॥ ৩৩
দেখি দ্বিজের যোড় পাণি, হেসে কন শূলপাণি,
হাসালে আমায় তুমি দুখে।
তব দারিদ্র্য 'ধিক্ ধিক্'[২], আমায় জেনো ততোধিক,
আমিও ঐ ভিক্ষা-মন্ত্রে দীক্ষে ॥ ৩৪
অন্ন-বিনা শুকায় চর্ম, বস্ত্র-বিনে ব্যাঘ্র-চর্ম,
স্থান-বিনে শ্মশানে প'ড়ে থাকি।
ভগ্ন কপাল!—অশ্ব নাই, বল কি বলদে যাই!
তৈল বিনে গায় ভস্ম মাখি ॥ ৩৫
এমনি দুঃখ নিরবধি, ভিক্ষা করি সন্ধ্যাবধি,
তারা উঠিলে তারা দেন বেঁধে।
কি গুণের ভার্য্যা চণ্ডী, বেঁধে বলেন এই খাও পিণ্ডি,
মনের দুঃখেতে মরি কেঁদে ॥ ৩৬

দেখছ—হরকে পুরুষটি গোটা, কফো ধাতু তেঁই উদর মোটা,
দুঃখে সুখে সদানন্দে থাকি।
যেমন কর্ম্ম তেমনি ফল, ভেবে দেখেছি ভেবে কি ফল,
ধুতুরা খাই আর মথুরানাথকে ডাকি ॥ ৩৭
ঘরে অচল দেখিয়ে, অচল-নন্দিনী-প্রিয়ে,
আত্মা-পুরুষ শুকায় তার রবে।
থাকিত যদি বৈভব, তবে কি ভাবিতেন ভব,
ভবানীর কি বাণী সইতাম তবে ॥ ৩৮
থাকিলে ঘরে সম্পত্ত সিদ্ধ হয় সার পথ্য[৩],
দরিদ্র ক'রেছেন গোলোক-স্বামী।
সাধের ভার্য্যা গিরিবালা, তার গর্ভে দুটি বালা,
খাং-বালা দিতে পারিনে আমি ॥ ৩৯
গণেশের গর্ভধারিণী, কথায় কথায় ইনি,
বুকে চড়েন দুঃখে বুক কাটে,
আর এক ভার্য্যা সুরধুনী শিরে চ'ড়ে করেন ধ্বনি,
বিষয় থাকলে এমন বিপদ কি ঘটে ॥ ৪০
পূর্ব্বে কিঞ্চিৎ ছিলাম যুতে, খেয়েছে আমায় বার ভূতে,
ভূতে সুখ করেছে বহিভূ'ত।
সিদ্ধেশ্বরী ঘরে বনিতা, তাঁর পেটের ছেলে সিদ্ধি-দাতা,
সিদ্ধিরস্তু তার পেটেতে হত ॥ ৪১
পাঁচ জনে খায় একলা মাগি, দশ হাতে খায় ডোক্‌লা মাগী,
কিবে আমার সুখের ঘরকন্না!
পরকে দিব কি স্বয়মসিদ্ধ, হবে কি তোমার কার্য্য সিদ্ধ,
দিয়ে ফল-হীন বৃক্ষ-কাছে ধন্না ॥ ৪২
যদি কিছু চাওহে শর্ম্মা! আছেন এক জন কৃত-কর্ম্মা,
জগদিষ্ট কৃষ্ণ আমার গুরু।
যে যায় তাঁর সন্নিধানে, অদৈন্য করেন দানে,
দ্বারকায় হ'য়েছেন কল্পতরু ॥ ৪৩
দ্বিজ বলে, হে শূলপাণি! তোমায় জানলাম—তাকেও জানি,
'সে বাড়ী যাও'—বলার কি গুণ আছে।
হবে না বললে—রবে না জ্বালা, কাজ কি ও সব ওজর-টালা,
ভিক্ষুকেরে দুঃখ দেওয়া মিছে ॥ ৪৪

পাঠান্তর: ১ অনত্রযোগী—গ ২-২ কিমধিক—গ। ৩ সাপথ্য—গ, ঘ।

জন্মে ভুলি নে ঠকেছি, সেখানে একবার গিয়ে দেখেছি,
তোমার ইষ্ট কৃষ্ণ যেমন দাতা।
তাঁর পুরীমধ্যে যাবে কেটা, দ্বারে যেন যম চারি বেটা,
'কাঁহা যাও রে নিকল' এই কথা ॥ ৪৫
তাঁর সোনার মন্দির—হীরের খুঁটি,
ভিক্ষুক গেলে পায় না মুটি,
উপুড় হস্ত করা নাই তাঁর মত।
অনেকগুলি ক'রেছেন প্রিয়ে, ষোড় শত আট বিয়ে,
আট প্রহর ঐ রসেতে মত্ত ॥ ৪৬
আপনার কার্য্য-সিদ্ধি, কতকগুলি বংশবৃদ্ধি,
ব'সে ব'সে ক'রেছেন কেবল প্রভু।
কখন নাই ক্রিয়া-কাণ্ড, তাঁর তুল্য ঘোর পাষণ্ড,
সংসারে দেখি নে আমি কভু ॥ ৪৭
বিনে কখন বনিয়াদি ব্যক্তি, শরীরে হয় কি দান-শক্তি[১] ?
নূতন বিষয়ে অহঙ্কার মাত্র।
রাখালে রাজত্ব পেলে, মানীর মান কি সেখানে গেলে ?
হতমান হইতে যাওয়া তত্র ॥ ৪৮
জানি তাঁর পূর্ব্ব সূত্র, অগ্রে বসুদেবের পুত্র,
নন্দেরে বাপ বলেন কংস-ভয়।
গোকুলে চরাত গরু, তিনি হবেন কল্পতরু !
তা হইলে পর, বেদ মিথ্যা হয় ॥ ৪৯
দ্বিজ কহিতেছে নানা, কৃষ্ণের দোষ বর্ণনা,
সেই পথে নারদ দৈবে যান।
শুনিলেন দ্বিজের রব, কৃষ্ণের নাশে গৌরব,
অন্তরে জন্মিল অভিমান ॥ ৫০

—

নারদের ক্রোধ ও ব্রাহ্মণকে ভর্ৎসনা

আলিয়া—একতালা

কে মোর বাদ সাধে আনন্দে।
কহে কুবচন মম গোবিন্দে।
কে করে সংসারে এই রে পাতকী,
পাতক-তারণ হরির নিন্দে।
দীনবন্ধু সদা দীন-প্রীতিকর,
দিনকর-সুত ত্রাশ-নাশ-কর,
সুধাকর-শিরধর,—সে শঙ্কর কিঙ্কর,
যে হরির পদারবিন্দে ॥ (গ)

—

অতি ত্রস্ত, নিকটস্থ, ব্রহ্মার নন্দন।
প্রেমানন্দে, সদানন্দে, করেন বন্দন ॥ ৫১
যথোচিত, কোপান্বিত, ব্রাহ্মণে কন রুষে।
একি দুঃখ, ওরে মূর্খ! কৃষ্ণ-নিন্দা মুখে ॥ ৫২
চমৎকার, কুলাঙ্গার, জন্ম ব্রহ্ম-কুলে।
জপের মালা, জঠরজ্বালা-দায়ে দিয়েছিস ফেলে ॥ ৫৩
ক অক্ষর, জবাক্ষর, বিদ্যার দফায় বন্ধ্যা।
গায়ত্রী মন্ত্র উড়িয়ে দিয়েছিস, পুড়িয়ে খেয়েছিস সন্ধ্যা ॥ ৫৪
হত-কর্ম্মে হর কাল— পরকাল মান না।
নরাধম! শিয়রে যম, তা বুঝি জান না ॥ ৫৫
তোর নাই বস্তু, সিদ্ধিরস্তু, হত দ্বিজবংশে।
আমার ইষ্ট, কি ধন কৃষ্ণ, জানবি কি গুণাংশে ॥ ৫৬
ক্রিয়া-কর্ম্ম-হীন জন্য, বললি তুই তাঁরে।
কোন্ যজ্ঞ, তাঁর যোগ্য, আছে ত্রিসংসারে ॥ ৫৭
সর্ব্ব-যজ্ঞেশ্বর হরি, সর্ব্ব শাস্ত্রে বলে।
সর্ব্ব-যজ্ঞ পূর্ণ—হরির চরণ-কমলে ॥ ৫৮
নাই তাঁর সামান্য দান, ভিক্ষুকের পক্ষে।
মুক্তি-ভিক্ষে দেন, যার ভক্তি-ঝুলি কক্ষে ॥ ৫৯

—

ব্রাহ্মণের মূর্খতা কেমন,—
দেবের দুর্লভ দুগ্ধ—চুঁয়ে যেমন গন্ধ।
যবনে স্পর্শিলে শিব, পূজা যেমন বন্ধ ॥

পাঠান্তর: [১] দাতা-শক্তি—গ, ঘ।

নানা উপকরণে যেমন, মদিরার ছিটে।
পক্ষিরাজ ঘোড়ার যেমন, পক্ষাঘাত পিঠে।
পরম পণ্ডিতের যেমন, চোর অপবাদ রটে।
নিকালি[১] কালীর পাঁঠা, যেমন একটু খুঁটে।
দাতার ব্যাখ্যা যায় যেমন, রূঢ় বাক্য জন্ত।
ব্যাকরণ অদৃষ্টে যেমন, পুস্তক অমান্ত।
ভুষ্ট দ্রব্যে এক ফোঁটা জল, পড়িলে যেমন যায়।
দিব্যাঙ্গ রমণীর যেমন, বোট্‌কা গন্ধ গায়।
কন্দর্প পুরুষের যেমন, অন্ধ ছুটি চক্ষু।
ধিক্ ধিক্ ততোধিক, ব্রাহ্মণের ঘরে মূর্খ। (আ)

করেন বিধিমতে, বিধিপুত্র, দ্বিজেরে ভৎর্সনা।
করেন পরে, সমাদরে, শিবের অর্চ্চনা। ৬৬
বীণা-যন্ত্রে, শিব-মন্ত্রে, তুলিয়া স্বতান।
করেন বসন্ত-রাগে, হর-গুণ গান। ৬৭

বসন্ত[২]—কাওয়ালী

কাতরে উদ্ধার হে উমাকান্ত।
গেল দিন ত নিকট কৃতান্ত।
হর পাপ কৈলাস-বিহারি পাপহারি! ফণিহারি!
নৈলে আমি এ জনম হারি,
কে আর লইবে ভার, কে আর করিবে পার,
অপার সংসার-সাগর-ঘোর হর,
(হর) তুমি যদি কর দুঃখের অন্ত।
তৎপদে বিহীন ভক্তি রতি,
কাতর অতি দাশরথি,
দেহ-রথে আমার অজ্ঞান-সারথি,
মন-অশ্ব বাঁধা তাতে, অসার সারথি-মতে,
না চলে ভক্তি-পথে, মজালে স্বতে,
করে কুপথ-গমনেতে কালান্ত। (ঘ)

প্রণমিয়া গঙ্গাধরে, হরিগুণ ল'য়ে অধরে,
প্রস্থান করেন দেব-ঋষি।
কৃষ্ণ-নিন্দে অভিমান, দুঃখে হ'য়ে ম্রিয়মাণ,
কন কৃষ্ণ-বিদ্যমানে আসি। ৬৮
ওহে কৃষ্ণ কৃপাসিন্ধু! শ্রীনাথ অনাথ-বন্ধু!
দৈবে গেলাম শিবের কৈলাসে।
একি বিধির সৃজন, দরিদ্র দ্বিজ এক জন,
তব নিন্দে করে ভব-পাশে। ৬৯
বলে,—কৃষ্ণ বড় ক্রিয়া-হীন, দান-হীন দয়া হীন,
কর্ম্ম তাঁর সকলি অসার।
গুরু-নিন্দা শুনে কর্ণ, জ্বলে হে জলদ-বর্ণ!
মস্তক ছেদন যোগ্য তার। ৭০
কি করিব দ্বিজ-পুত্র, গলে আছে যজ্ঞ-সূত্র,
বধিতে অযোগ্য তার প্রাণ।
গুরু-নিন্দা হয় যত্র, ক্ষণেক না রবে তত্র,
তখনি ত্যজিবে সেই স্থান। ৭১
কি করিব গুণ-ধাম, শিবের কৈলাস-ধাম,
ত্যাজ্য মত নয় শাস্ত্র বটে।
দ্বিজ বধি কি ত্যজি হরে, এ কুল রাখ্‌তে ও কুল হরে,
পড়েছিলাম[৩] উভয় সঙ্কটে। ৭২

আমার সে উভয়-সঙ্কট-জ্বালা কেমন? যেমন—
গুরু-পুরোহিতে দ্বন্দ্ব, কেবা ভাল কেবা মন্দ,
উভয়েতে সমান সম্বন্ধ।
বাত-শ্লেষ্মায় ক্রূরা নাড়ী, রাজ-বৈদ্য হয় আনাড়ি,
চিকিৎসা করিতে ঘোর ধন্দ[৪]।
বাতিকে ব্যবস্থা চিনি ভাব, তাতে হৈল প্রাদুর্ভাব,
কণ্ঠ রোধ করে গিয়া কফে।
কফের দমন কর্‌তে গেলে, শুঁঠ পিপুল মরিচ খেলে,
বাতিক বৃদ্ধি হ'য়ে উঠে ক্ষেপে।
পঙ্গ-পুরুষে নারীর গর্ভ, রাখিলে গর্ভ জেতে খর্ব্ব,
না রাখিলে জীবন নষ্ট ঘটে।

পাঠান্তর: ১ নিশকালি—ক, গ। ২ বসন্তবাহার—ক। ৩ পড়েছি নাথ—গ। ৪ দ্বন্দ্ব—গ।

পড়িলে জীব অগাধ জলে, মরিতে হয়—ধরিতে গেলে,
না ধরিলে পাপ,—উভয় সঙ্কট বটে। (ই)

নারদ বলিতেছেন,—অতএব কৃষ্ণ!
এক নিবেদন করি,—

তুমি যে পুরুষ পূর্ণ, অবনীতে অবতীর্ণ,
যোগী ভিন্ন কে জানে ইহার সূত্র।
ওহে বসুদেবের কুমার! কেহ নাম ঘোষে তোমার,
ঘোষে কেহ নন্দ ঘোষের পুত্র। ৭৬
মানব-দেহ ধারণ, করেছ ভবতারণ!
মানবের নীতি-রীতি[১] ধর।
দীন দৈন্যে সকাতরে কর হে দান অকাতরে,
যথাযোগ্য যাগ-যজ্ঞ কর। ৭৭
ওহে কৃষ্ণ কংসারি! হ'য়েছ তুমি সংসারী,
করা উচিত ক্রিয়া বিধিমত।
দৈব-কর্ম নাই ঘরে, ঘোষে হে লোক তোমারে,
বলে, দৈবকীনন্দন ক্রিয়া-হত। ৭৮
শুনিয়ে মুনির উক্তি, অমনি করিয়া যুক্তি,
চিন্তামণি কন মুনির স্থানে।
স্থির করিলাম কল্প, করিব না গৌণকল্প,
হব কল্পতরু-যোগ্য দানে। ৭৯
রাহুতে গ্রাসিবে আসি, পূর্ণিমাতে পূর্ণশশী,
পুণ্যকাল নিকটে সম্প্রতি।
কুরুক্ষেত্রে-সন্নিকটে, প্রভাস নদীর তটে,
প্রভাতে নিশ্চয় মোর গতি। ৮০
শাস্ত্রীয় মানি বিধান, সস্ত্রীক হইয়ে দান-
কর্মেতে কর্মের ফলাধিক্য।
করিব সেই ধর্মাচার, শীঘ্র তুমি সমাচার,
রুক্মিণীরে দেহ এই বাক্য। ৮১
পাতাল পৃথিবী স্বর্গ, এ তিন ভুবনবর্গ,
শীঘ্র তুমি দেহ নিমন্ত্রণ।
যত্নে কহে জগজ্জনে, কুরুক্ষেত্র-আগমনে,
শুভ কর্ম করেন সম্পূর্ণ[২]। ৮২
মুনিরে বলি এইরূপ, তৎ পর বিশ্বরূপ,
দ্বারকায় বসিলেন রাত্রে।
যদুবংশ সমিভ্যার, সঙ্গে রত্ন ভার ভার,
প্রভাতে গমন কুরুক্ষেত্রে। ৮৩
কর্মকর্তা চিন্তামণি, মন্ত্রণার শিরোমণি,
উদ্ধব মাধব সঙ্গে যান।
বাসুদেবের গমনে, বসুদেব উল্লাস মনে,
অক্রূরাদি করেন প্রস্থান। ৮৪
সত্যভামা জাম্ববতী, সাধ্যা সতী গুণবতী,
রুক্মিণী ভীষ্মকরাজ-পুত্রী।
মুনি-মুখে শুনে অমনি, ষোড়শত অষ্ট রমণী,
কুরুক্ষেত্রে হন অধিষ্ঠাত্রী। ৮৫
তদন্তে মুনি নারদ, অচ্যুতের অনুরোধ-
জন্য সাজিলেন নিমন্ত্রণে।
প্রথমেতে প্রণামত[৩], গমনে হইল মত,
মহেশের কৈলাস-ভবনে।

পরম বৈষ্ণব নারদ শক্তিগুণ গান করিয়া, কৈলাস গমন করিতেছেন; এক্ষণকার কোন কোন ভণ্ড বৈরাগী তা মানে না। কোন কোন ভণ্ড বৈরাগীর কথা শুনুন।

গৌরাং ঠাকুরের ভণ্ড চেংড়া কত অকাল-কুমাণ্ড নেড়া,
কি আপদ করেছেন সৃষ্টি হরি।
বলেন, গৌর ব'লে ডাক্ রসনা! গৌর-মন্ত্রে উপাসনা,
নিতাই ব'লে, নৃত্য ক'রে ধুলায় গড়াগড়ি। ৮৭
গৌর ব'লে, আনন্দে মেতে, একত্র ভোজন ছত্রিশ জেতে,
বাগ্দী কোটাল ধোপা কলুতে একত্র সমস্ত।
বিল্বপত্র জবার ফুল, দেখ্‌তে নারে—চক্ষের শূল,
কালী-নাম শুনিলে কাণে দেয় হস্ত। ৮৮

পাঠান্তর: ১ নীতবর্ম—খ, ঘ। ২ সম্পন্ন—গ। ৩ প্রথমত—খ, গ।

দোয়াতের কালিকে সেহাই বলা, কালীতলার পথে না চলা,
হাট করে না কালীগঞ্জের হাটে।
হাঁড়ির কালিকে বলে ভুষা, ভেড়েরা কি কালমুখা,
কাল-ভঞ্জিনী কালী মায়ের সঙ্গে, বাদ ক'রে কাল কাটে॥
দক্ষ-সুতা মোক্ষদা মা, সংসার-জননী শ্যামা,
শঙ্কর শরণাগত যে শ্যামা-পদ-তলে।
কত ক্ষুদির[1] বেটা রামশরা, শ্যামা মায়ের নাম শুন্ না,
শাক্ত বামুনের ভাত খান্ না, বলি দিয়েছে ব'লে॥ ২০
এ দিকে কেউ ডোম কোটালকে করে শিষ্য,
তাদের প্রতি নাই উষ,
শূওর বলিতে নাই দুষ্য,
আনন্দে ভোজন হয় ব'সে তাদের বাড়ী।
শাক্ত বামুনকে দয়া হয় না, পাঁটা উহাদের পেটে সয় না,
ঐ বিষয়টায় মন্দাগ্নি ভারি॥ ২১
কিবা ভক্তি—কিবা তপস্বী, জপের মালা সেবা-দাসী,
ভজন-কুঠরী আইরি-কাঠের বেড়া।
গোঁসাঞিকে পাঁচ সিকে দিয়ে, ছেলে-শুদ্ধ করেন বিয়ে,
জাত্যংশে কুলীন বড় নেড়া॥ ২২
তজ্ঞ হরি শ্রীনিবাস, বিদ্যাপতি নিতাই দাস,
শাস্ত্র অনেকের অগোচর নাই কিছু।
এক এক জন বিদ্যাবন্ত, করেন কিবা সিদ্ধান্ত,
বদরিকাকে ব্যাখ্যা করেন কচু॥ ২৩
না হবে যদি এত বিদ্যা, কালী তারা মহাবিদ্যা,
সঙ্গে সদা থাকে দ্বেষ করি।
যারা ভিন্ন ভাবে তারা, থাকিতে তারা—অন্ধ তা'রা,
তারা বিমুখ হইলে বিমুখ হরি॥ ২৪

—

নারদ প্রভৃতি এরূপ বৈষ্ণব নহেন।

দিতে সংবাদ শঙ্করে, মুনি ক'রে বীণা করে,
কয়কে কন্,—আজি যজ্ঞালয়ে[2] ভাই রে!
তারা-গুণ তুই বাজা রে, মুক্তকেশীর বাজারে,
মুক্তি-অভিলাষে আমি যাই রে॥ ২৫
গাও তারা-গুণ সেতারা! যে গোবিন্দ সে তারা,
কেবল বুঝিবার ধন্দ সব রে।
তবে তুই রহিলি কি ধূমে, শ্রীমাতঙ্গী কিবা ধূমে,
বদনে কর না সদা রব রে॥ ২৬
ভেবে সে অসিতবরণে, [3]অভয়-পদে বর নে[3],
যমকে জয়ী হ'য়ে কেন থাক না।
আছ কি ধন ল'য়ে পাসরি, যুগল বাহু পসারি,
জননী জগদম্বা বলে ডাক না॥ ২৭
সদা থাক মন!—সুনীতে, ভবানী-গুণ শুনিতে,
শ্রবণে বাসনা সদা কর্ না।
ভবে বাঞ্ছা থাকে তরিতে, তারিণী-পদ-তরীতে,
আরোহণ করিয়া মন তর্ না॥ ২৮
নৈলে তরা বড় দায়, বর মাগ সে বরদায়,
শুনি মুনির বীণে মনের উল্লাসে।
অতি ভক্তি-প্রকারে, তারিণী-গুণ তকারে,
বর্ণনা করিয়া যান কৈলাসে॥ ২৯

—

সুরট মল্লার[4]—কাওয়ালী

(মা!) তারিণি তাপহারিণি!
তার তার তারা! প্রদানে পদতরণী।
তপন-তনয়-তাপে তাপিত তনয়-তনু,
ত্রাস নাশ, তারা! ত্রিবিধ পাপ-বারিণি॥
তপাদি লোক-মন-তুষ্টি-কারিণী, তুমি তপ্ত-হেম-বরণী,
তত্ত্বে তদন্ত-বিহীন।
জানে কে তত্ত্ব তব, পদ-তরঙ্গ তরল তরণী॥
ত্রিগুণ-ধারিণি ত্রিলোচনি! তুণাতীত তুণ, তপ-বিহীন,
তুচ্ছ তব তনয় দাশরথির তিমির-দূর-কারিণী। (৬)

—

পাঠান্তর: ১ গৌরির—খ, গ, ঘ। ২ যজ্ঞ নৈবে—খ। ৩-৩ অভয়পদ বরণে—গ। ৪ মল্লার—খ, গ, ঘ।

মহাদেবের কুরুক্ষেত্র-যাত্রা

যন্ত্র বাজাইয়া মুনি, ভব-যন্ত্রণা-হারিণী-
গুণ গানে পুলকিত-গাত্র।
ভবের ভবনে গিয়ে, পদোপান্তে প্রণমিয়ে,
পরম যতনে দেন পত্র॥ ১০০
পেয়ে যজ্ঞ-নিমন্ত্রণ, আপনারে মানি ধন্য,
আনন্দে নাচেন শূলপাণি।
হ'য়ে অতি চঞ্চল, বলেন শীঘ্র চল চল,
কোথা গেলে হে অচল-নন্দিনি॥ ১০১
ডাকো ষড়ানন হেরম্বে, নিমন্ত্রণ সর্ব্বাবস্থে,—
প্রভুর সঙ্গে আমার বড় হৃদ্য।
সেইখানে হবে ভোজন, রন্ধনের প্রয়োজন,
এখানে নাই আবশ্যক অদ্য॥ ১০২
কোথা গেলি রে বীরভদ্র! শীঘ্র করি যাও ভদ্র,
রৌদ্র বড় শিশু ল'য়ে চলা।
এস আমরা শুভঙ্করি! ঊষা-যাত্রায় যাত্রা করি,
প্রভাত হ'লে শনিবারের বারবেলা॥ ১০৩
মনে কিঞ্চিৎ সন্ধ র'য়েছে, বৃষটা কিছু কৃশ হ'য়েছে,
পূর্ব্বে যেমন চলিত, সে ভাব নাই।
স্নানাদি করিয়া পথে, যেমত হউক কোন মতে,
আহারের পূর্ব্বে যাওয়া চাই॥ ১০৪
শুনিয়ে শিবের বাণী, উষ্ম করি কন ভবানী,
কারে ডাকছ আপনি যাও তথা।
এসেছিলে এ সংসার, উদর করেছ সার,
তোমার কি আর আছে লোক-লৌকতা॥ ১০৫
লোকে বলিবে ধন্য ধন্য, যত যাবে কুল-কন্যা,
অগ্রে তারা করে বেশ-ভূষা।
বস্ত্র-আভরণ-ভিন্ন, 'কুৎসিত অঙ্গ ছিন্নভিন্ন'[১],
হ'য়ে যাব ছারকপালের দশা॥ ১০৬
তোমা হৈতে কে নয় বা সুখী,
পাতাল হতে আসিবে বাসুকী,
সুসজ্জা করিয়া ভার্য্যা-সঙ্গে!
ইন্দ্র আসিবে ঐরাবতে, সাজিয়ে ভার্য্যা নানা মতে,
মণিময় ভূষণ দিয়ে অঙ্গে॥ ১০৭
হংসোপরে ব্রহ্মাণী, সজ্জায় আসিবে সম্মানী,
বিবিধমতে সাজায়ে দিবেন বিধি।
বলদে বসে যাব তথা, হংস-মধ্যে বক যথা,
বলি তোমার লজ্জা থাকে যদি॥ ১০৮
তুমিত সদা নিঃশঙ্ক, হাতে নাই দুটি বাই[২] শঙ্খ,
কেমন ক'রে লোকের কাছে দাঁড়াই।
পতি বড় ভাগ্যবন্ত, এক বস্ত্র শত গ্রন্থ,
দিয়ে পরেছি বছর দুই আড়াই॥ ১০৯
আবার সদা বল সদানন্দ! গৌরি! তোমার পত্র মন্দ,
জলে অঙ্গ,—বলি জলে গিয়ে ডুবি।
কপালেতে আগুন জেলে, আপনি হয়েছ পোড়াকপালে,
তা কেন দেখ না মনে ভাবি॥ ১১০
চাই রাগে পাষাণ ভাঙ্গতে শিরে,
প্রতিবাদী হয় প্রতিবাসীরে,
ধরে তারা তবে করিব কি!
বলে, ভাং খায় ধুতুরা খায়, ওর কথা তোর গায় মাখায়,
কাজ কি বাছা! হেমন্তের ঝি॥ ১১১
জানি হে জানি শূলপাণি!
তোমার গুণ কেবল আমিই জানি,
আর কে জানে ত্রিভুবন-মধ্যে।
যাকে ল'য়ে যে ঘর করে, তার পরিচয় তারি করে,
প্রকাশ ক'রে দিতে পারি বিদ্যে॥ ১১২
আবার সদাই আমাকে দেও আশা, পুরুষের হয় দশ দশা,
চিরদিন সমান থাকিবে নাকি।
কৈও না ও সব ভুও কথা রসহীনের রসিকতা
কৌষিকী ও সুখে হয় না সুখী॥ ১১৩
অনায়াসে কও অনাসৃষ্টি, সৃষ্টির যখন ছিল না সৃষ্টি,
তব ঘরে এই "দিক্‌বাসার বাসা"[৩]।
গেল সত্য ত্রেতা দ্বাপর, হবে সুখ তার পর,
ভাবো[৪] একি হে অসম্ভব আশা॥ ১১৪

পাঠান্তর: ১-১ কুৎছিন্ন কুৎভিন্ন—গ, ঘ। ২ বই—গ। ৩-৩ দিক আমার বাসা—ঘ। ৪ ভব—গ, ঘ।

আহা মরি কি দুর্দ্দশা! প্রবীণ দশার কি হবে দশা,
আবার কি আমার কালে সুখ হবে?
হলো নব্য বয়সে লভ্য ভারি, ত্রিকাল ঘুচিয়ে ত্রিপুরারি,
পাকিয়ে দাড়ি জাঁকিয়ে ঘর দিবে॥ ১১৫

সিন্ধুভৈরবী—যৎ

কোন্ কালে আর হ'বে সঙ্গতি, চিরকাল এই গতি,
আর কি মোর কালে সুখ হবে, কাল ঘরে যার পতি হে।
ভেবে অঙ্গ কালি আমার, কালকূট পতির আহার,
কালফণী অঙ্গে হার, ইথে বাঁচে কি সতী হে। (চ)

গৌরী করেন যে সব উক্ত, শঙ্কর সঙ্কট-যুক্ত,
কহেন শুন হে রাজবালা!
প্রিয়বাদিনী হৈলে ভার্য্যে, ঘরকন্না সৌভার্য্যে,
করা যায়, নৈলে বড় জ্বালা॥ ১১৬

কি দিবে প্রকাশ ক'রে বিদ্যা, তুমিত সেই মহাবিদ্যা,
যত বিদ্যা—সকলি জানেন ইনি।
বলা-কওয়ার আছে কি গুণ, তুমিও জান আমার গুণ,
আমিও তোমার গুণ ভাল জানি। ১১৭

শক্তি হে! তোমার বাণী, শক্তিশেল অধিক জানি,
শক্তি হয় না তিষ্ঠি আমি অত্র।
শুন শুন হে মহামায়া! তব প্রতি গেছে মায়া,
বালক দুটির মায়া মাত্র॥ ১১৮

সম্প্রতি এক নিমন্ত্রণ, ক'রে দিচ্ছে তত্ত তন্ন,
অন্নদা! অন্যায় শিখাও কারে।
সকলেরি কি হয় ধন, যার যেমন আরাধন,—
তা ব'লে কেহ কি আহার ব্যাভার ছাড়ে॥ ১১৯

বিশেষ গুরুর পত্র, না গেলে তত্র পরমার্থ,
কিছুমাত্র থাকে না আমার।
কর যাত্রা যাত্রাকালে, দুঃখ আর দিও না কালে,
করো না কালি! কালবিলম্ব আর॥ ১২০

তোমার বুঝিবার ভ্রম, কোথা আমাদের অসম্ভ্রম,
আমারি গণেশ অগ্র-পূজ্য।
তদন্তে পূজি শঙ্করে, যাগ-যজ্ঞ জগতে করে,
মান ল'য়ে কাজ, ধনেতে কি কার্য্য। ১২১

শক্তি! তোমায় কে না মানে, শক্তিছাড়া কে বাঁচে প্রাণে!
অবিরত রও অভিমানে কিসে।
তবে কিঞ্চিৎ অর্থযোগ, করিতে নারি যোগাযোগ,
অলঙ্কার পাও না মোর পাশে॥ ১২২

ব্রহ্মা-পুরন্দর-ভার্য্যে, এসেছেন নানা ঐশ্বর্য্যে,
তুমি কি আমায় দিতে বল তাই?
পরের দেখে কর শোক, তুমিত বড় হিংসক[১],
ছি ছি ও সব আবশ্যক নাই। ১২৩

সব অদৃষ্ট কি সমান হয়, কারু হয় হস্তী হয়,
কেউ বা নিরাশ্রয় নিরানন্দে।
বিষয় যেমন যার, বেশ ভূষণ ঘর দ্বার,
তাদৃশ করিবে,—নাই নিন্দে। ১২৪

আদ্য শ্রাদ্ধ করে নরে, কেহ করে দানসাগরে,
কেউ সারে তিলকাঞ্চনে।
থাকে যার অর্থ কড়ি, বিবাহেতে ফুলের ছড়ি,
কেউ সারে বর-বামুনে। ১২৫

কেহ বা চারি প্রহর, করে দান টাকা মোহর,
কেহ কেহ দেয় মুষ্টি-ভিক্ষা।
কেহ খায় জিলাপি খাজা, কেহ খায় চালি-ভাজা,
খেতে হয় পিত্তি-রক্ষা। ১২৬

কেহ বা সঙ্কটে পড়ি, ফাঁড়া কাটে মন্ত্র পড়ি,
কেহ তরে নানা ধন-বিতরণে।
কেহ বা বিপাকে প'ড়ে, সত্যপীরে ভক্তি করে,
ন-কড়ার সিন্নি দিব মানে॥ ১২৭

পাঠান্তর: ১ হিংস্রক—খ, গ।

কেহ বা সৌভাগ্যবতী, কাণবালা সোনার সিঁথি,—
গহনায় সর্ব্ব অঙ্গ ঢাকে।
[1]কেহ বা প্রাণপণ ক'রে, পিত্তলের পঁইছে কিনে পরে,
কি করিবে কষ্টে আইয়ত্ত রাখে[1] ॥ ১২৮

তখন মহাদেব পার্ব্বতীকে বলিতেছেন, অতএব তোমার যদ্যপি অলঙ্কারের খেদ থাকে, তবে আমার যথাশক্তি কিঞ্চিৎ লও।

সিন্ধু ভৈরবী—খং

লও হে শক্তি যথাশক্তি দিলাম কণ্ঠের হাড়মালা।
তবু যজ্ঞেশ্বরের যজ্ঞে দুর্গে! যোগ্য নয় যাব না বলা ॥
অনেক দিনের ইষ্ট মনে, যাব ইষ্ট-দরশনে,
ইথে বিঘ্ন ক'রে, বিঘ্নহরের জননি! দিওনা জ্বালা ॥
কপালে নাই অর্থ-কড়ী[2], বল কার উপরে উম্মা করি,
আমার কি সাধ, শঙ্করি! বৃষবাহন করি চলা।
বিধি কিঞ্চিৎ দিতো হাতে, তবে তোমায় বিধিমতে,
দিয়ে মণিময় আভরণ অঙ্গে, সাজাতাম হে রাজবালা ॥ (ছ)

শ্রীকৃষ্ণের যজ্ঞে নানাদেশবাসীর আগমন

বিপদভঞ্জিনী-সঙ্গে, বিবাদ ভঞ্জিয়া রঙ্গে,
যজ্ঞে যাত্রা করিলেন হর।
ল'য়ে গোবিন্দের আদেশ, নিমন্ত্রিতে নানা দেশ,
ভ্রমণ করেন মুনিবর ॥ ১২৯
করেন জগৎ রাষ্ট্র, কি মগধ কি সৌরাষ্ট্র,
বিরাট পঞ্চালে চলে বার্ত্তা।
যেতে চিন্তামণি-পুরে, মুনি কন মণিপুরে[3],
অমনি করিল সবে যাত্রা ॥ ১৩০
হরি-যজ্ঞ-সমাচার, দেন যথা হরিদ্বার,
হরিষে গমন সবে করে।
নিবিড় অরণ্য-বাসী, কলিঙ্গ দ্রাবিড়[4] কাশী,
প্রয়াগ-নিবাসী বাস ছাড়ে ॥ ১৩১
স্বস্থানেতে দিয়া ভঙ্গ, চলিল উৎকল বঙ্গ,
গৌড়রাজ্য নবদ্বীপ আদি।
শুনে ধ্বনি সবে উদাসী, সুরধুনী-তীর-বাসী,
সবে যায় পাইব ব'লে নিধি ॥ ১৩২
বীরভূমে সব বামুন জুটে, পরামর্শ করিছে ঘাটে[5],
বলে, ভাই চলিবার কর ধার্য্য।
বৃন্দাবনে নন্দের ছেলে, ভারি সম্পদ ভারি-কপালে,
দ্বারকায় পেয়েছে সোনার রাজ্য ॥ ১৩৩
সর্ব্বাংশে পুরুষ যোগ্য কুরুক্ষেত্রে করিবেন যজ্ঞ,
নিমন্ত্রণ গিয়াছে লাগাদ লঙ্কা।
কর্ণে শুনিলাম হদ্দ, কাঙ্গালিদের বরাদ্দ,
ফি ফি জন এক এক শত তঙ্কা ॥ ১৩৪
রবে যাচ্ছে রবাহুত, যে যাবে সে পাবে বহুত,
বহু দূর,—যাই কি না যাই ভাবি।
ঘোষালের পো কোথা রামা! দেখ দেখি কি করেন শ্যামা,
মাগ্ কে মামা! কি বলিস্ গো যাবি? ॥ ১৩৫
কোথা গেলি রে সাতক'ড়ে! শীঘ্র নেয়ে সাইত ক'রে,
বাঁধা ছাঁদা বেতের মধ্যে ঢুকো।
বেরোবো রাত্রি হ'লে ভোর, থোলির ভিতর থালিটে পোর,
নে কয়লা চকমকী আর হুঁকো ॥ ১৩৬
পীঠে বুচ্‌কী হাতে হুঁকো, অমনি হ'লো পশ্চিম-মুখো,
বৈদ্যনাথের বনের কাছে গিয়ে।
কারু কারু হয় না মত, বলে,—ভাই! সে অনেক পথ,
বহ্বারম্ভে হয় বা লঘু ক্রিয়ে ॥ ১৩৭
কথা শুনে হচ্ছি ভীতু, পথে কেবল বিকায় ছাতু,
তা হ'লে তো আমাদের চলে না।

পাঠান্তর : ১—১ কেহ বা প্রাণপণে, পিত্তলের পৈঁছে কিনে,
করিবে কি এওত রাখে—গ।

২ অর্থকড়ি—গ। ৩ মুনিপুরে—গ। ৪ দ্রবিড়—ঘ, দবিড়—গ। ৫ ঘুঁটে—গ।

না জেনে শুনে পথে চল্‌লি, শুনেছি বড় কুপল্লী,
কোনও গাঁয়ে গুড় মুড়ি মেলে না। ১৩৮

কি দিবে নাই লেখা যোখা, খাওয়া হচ্ছে কপাল ঠোকা,
শয়েক দেড় শ আশা করেছি বড়।

পথ চারি মাস কাল মরিব হেঁটে, দেবে পাছে পয়সা বেঁটে,
এইখানে তার বিবেচনা কর। ১৩৯

আর একটা ভারি ভয়, তিলি তামলীর[১] বাড়ী নয়,
ভদ্রলোকে বিদায় করিবে তথা।

আমি বল্‌লাম তখন দেখো, ভারি মুস্কিল হ'বে ভেকো,
শুধায় যদি সন্ধ্যা-গায়ত্রীর কথা। ১৪০

একজন জান্‌লেই করিব জয়, কি বলিল্‌ রে ধনঞ্জয়!
সন্ধ্যা গায়ত্রী জানিস্‌ থোড়াথুড়ি ?

শাল্‌কে আর শেওড়াফু'লি,— তোর বাপতো রাম গাঙ্গুলী,
দক্ষিণদেশে থাক্‌তো গোড়াগুড়ি। ১৪১

রামজয় কয়,—একি জালা! গায়ত্রী জানে কোন্‌ শালা,
আমি যেন সবারি মধ্যে চোর।

সবাই মেলে খোঁয়াড়ে ঢুকে, আমাকে ফেলে কাটগড়া-মুখে[২],
পয়সা নিয়ে[৩] মারিব বুঝি দৌড়। ১৪২

হেথা করি দেশ তন্ন তন্ন, মুনি দিয়ে নিমন্ত্রণ,
বৃন্দাবনে করেন গমন।

মগ্নমন হরিময়ে, তুলে তান বীণাযন্ত্রে,
শ্রীগোবিন্দ গুণানুকীর্ত্তন। ১৪৩

মুলতান—কাওয়ালী

শ্রীকান্ত-শ্রীচরণ ভাব রে মন!
বলি শুন দিন ত অন্ত, কৃতান্ত আগমন।
এ সংসার কেন আর, সব অসার রে কর সার,
কেবল ভরসার স্থান যে জন॥
আছ কি ভাবে কি পাবে জ্ঞানহারা!
নিদানে কি ধন দারাসুত দারা,
মুদিলে তারা কে তারা তখন!
না রেখে পার্থ-সারথি-পদে রতি,
ব্যর্থ দিন তো রতি-গত দাশরথি,
দেখ না,—মম[৪] শিয়রে শমন॥ (জ)

নন্দালয়ে নিমন্ত্রণ করিতে নারদের আগমন

যার ইচ্ছাতে সৃষ্টি লয়, বীণা সেই নাম লয়,
উপনীত নন্দালয় হইয়ে আনন্দ।

দেখেন নন্দনের শোকে নন্দ, নিরবধি নিরানন্দ,
রহিত হ'য়েছে স্পন্দ, যুগল আঁখি অন্ধ। ১৪৪

মুনি কন দিয়ে পত্র, কালোরূপ করুণনেত্র,
কৃষ্ণ তোমার কুরুক্ষেত্র, ওহে নন্দ ভূপতি!

জীর্ণ তনু যাঁর লেগে, গমন করহ বেগে,
প্রাপ্ত হ'বে নিরুদ্বেগে, প্রাণ-পুত্র শ্রীপতি। ১৪৫

সে স্থানে হ'য়ে বিদায়, বাঁচাইতে বিচ্ছেদ-দায়,
দেন বার্ত্তা যশোদায়, কহেন মুনি যতনে।
যাঁর লাগি অতি কাতর, মা! তোর মাখন-চোর,
শত বৎসর অগোচর, আজ পাবি সে রতনে। ১৪৬

তৎসুত ত্রিতাপবারী, গোকুল আদি[৫] সবারি,
শোকাগ্নিতে দিলেন বারি, কি ফল আর রোদনে।
ত্বরায় যাউন নন্দরায়, মা! তুমি চল ত্বরায়,
আর কেঁদ না উভরায়, কৃষ্ণ বলে বদনে। ১৪৭

পুত্র-আগমন প্রভাসে, মধুমাখা মুনির ভাষে,
যুগল নয়ন জলে ভাসে, বলে নন্দ-রমণী।
আমার দূর হ'বে কি দুরদৃষ্ট, ইষ্ট কি পুরাবেন ইষ্ট,
"আর কি মোর প্রাণ-কৃষ্ণ, দিবে আমায় হে মুনি!"[৬] ১৪৮

পাঠান্তর: ১ তাম্বুলির—গ। ২ কটে মুখে—গ, ঘ। ৩ দিয়ে—গ। ৪ মনে—গ, ঘ। ৫ মাত্র—ঘ।
৬-৬ কৃষ্ণ কি মোর প্রাণ-কৃষ্ণ দিবেন আবার হে মুনি!—গ

সিন্ধুভৈরবী—যৎ

সবে ধন সাধনের ধন, কৃষ্ণধন তপোধন,
আর পাব কি তায়!
ক'রে গেছে প্রাণ-গোবিন্দ অন্ধ নন্দ-যশোদায়॥
অপুত্রিণী ছিলাম ভাল, সন্তানে সন্তাপ হ'লো,
কি মায়া বাড়ালে কৃষ্ণ, মা বলে দুঃখিনী মায়।
না হেরে গোপাল-মুখ, গোপাল সব ঊর্দ্ধ-মুখ,
বনে কাঁদে পশু পক্ষ[১], ব্রজে শিশুগণ পড়ি ধূলায়॥ (ঋ)

—

সিন্ধুকূলে কৃষ্ণ কৃপাসিন্ধু অবতীর্ণ।
ঘরে ঘরে কন মুনি দিয়া নিমন্ত্রণ॥ ১৪৯
ব্রজের দুর্গতি হরিবার অভিলাষী।
হরি বার দিয়াছেন কুরুক্ষেত্রে আসি॥ ১৫০
মুনি-মুখে শুনি চিন্তামণির সমাচার।
শবাকার দেহে প্রাণ প্রাপ্ত সবাকার॥ ১৫১
শুষ্ক-বৃক্ষ পল্লবে দুর্লভ বাক্য শুনি।
নীরব কোকিলের '[২]ধ্বনি শুনি কৃষ্ণ-ধ্বনি[২]'॥ ১৫২
রাজীবলোচন কৃষ্ণ আসিবেন ব'লে।
শুষ্ক ছিল রাজীব, সজীব হৈল জলে॥ ১৫৩
প্রকাশে কুসুমগণ বৃন্দাবন-বনে।
অশোক কিংশুক শোক-নাশক-বচনে॥ ১৫৪
সুকোমল শব্দে সুখ-যুক্ত শুক-শারী।
সুরভী সুরব শুনে, উঠে শারি শারি॥ ১৫৫
মঙ্গল শুনিয়া মধুমঙ্গলাদি যত।
[৩]গোপাল-বালক সব পুলক-বিহিত[৩]॥ ১৫৬
কেশব কেশব শব্দে উৎসব গোকুলে।
ললিতে বলিতে যায় সঙ্গিনী সকলে॥ ১৫৭
আমরি! বিচিত্র বাণী কি শুনি গো চিত্রে!
প্রাণ-কৃষ্ণ দান করিছেন কুরুক্ষেত্রে॥ ১৫৮
দীন দৈন্যে অদৈন্য করিছেন অর্থ দিয়ে!
হয়েছেন কল্পতরু সঙ্কল্প করিয়ে॥ ১৫৯
চল আমরা কৃষ্ণ-কল্পতরু মূলে যাই।
বিচ্ছেদ-বিদায় ভিক্ষা চরণে গিয়া চাই॥ ১৬০
নারদ এসে নন্দ-বাসে দিয়ে গেল পত্র।
প্রভাতে প্রভাসতীর্থে যায় গোপমাত্র॥ ১৬১
এই কথা বলিয়া যথা বৃকভানু-কন্যা।
চৈতন্য-রূপিণী কুঞ্জে আছেন অচৈতন্যা॥ ১৬২
ললিতে খলিত-বস্ত্রা গলিত-নয়নে।
চঞ্চলা জিনিয়া যান চঞ্চল-চরণে॥ ১৬৩
কৃষ্ণ-মনোমোহিনি! তোমার কৃষ্ণ এলো ব'লে।
যুগল পদ ধরিয়ে ধরণী হৈতে তোলে॥ ১৬৪

—

সিন্ধুভৈরবী—যৎ

এসো গো রাই রাজকুমারি! ভেসোনা আর নয়ন-জলে।
রাধে[৪] বিধি দিলেন জল, তোমার চিন্তামণির চিন্তানলে॥
ব'লে গেলেন মুনিবর, ত্যজ ধূলায় লুন্ঠিত কলেবর!
রাধে! অম্বর সম্বর, পীতাম্বর শ্যামকে পেলে।
কুদিন আজ হরিলেন হরি, কর শীঘ্র গমন প্যারি,
এলেন কুরুবংশ-ধ্বংস-কারী, কুরুক্ষেত্রে যজ্ঞ-স্থলে॥
একে বিচ্ছেদ-উন্মাদিনী, তাতে বিবাদিনী ননদিনী,
সদা ভাবছো গো,—রাই বিনোদিনি! গোকুলে অকূলে।
অন্তরে বুঝিলাম অন্ত, শ্রীদামের শাপ হ'লো অন্ত,
তুমি পাবে "[৫]নিজ কান্ত[৫]", চল রাই! শ্রীকান্ত ব'লে॥ (এ)

—

কর্ণে শুনি কৃষ্ণ-ধ্বনি, অমনি উঠিল ধনী,
বলেন, আহা কি শুনালি সই গো!
ক'রে সাধন ভক্তিনিধি, পেয়েছিলাম অমূল্য নিধি,
কৈ সে আমার প্রাণ-কৃষ্ণ কৈ গো॥ ১৬৫

পাঠান্তর : ১ পক্ষ পদ গ-গ্রন্থে নাই। ২-২ শুনি ধ্বনি করে ধ্বনি—খ, গ। ৩-৩ গোপালক বালক পালক বিহিত—গ, গোপালক বালক পুলক যে বিহিত—খ। ৪ সাধে—ক, খ, গ। ৫-৫ কান্ত আজি একান্ত—গ।

ললিতে বলে কুরুক্ষেত্রে, শুনি ধ্বনি—ধারা নেত্রে,
উথলিয়া উঠে শোকনদী।
দাঁড়া তবে গো চন্দ্রাবলি! কাল ননদীর কাছে বলি,
সে যে আমার কৃষ্ণ-প্রেমের বাদী॥ ১৬৬

* * *

আমার ননদী কেমন?

শরীরের শত্রু কাসরোগ[1], যেমন জীর্ণ করে বপু।
ভজনের শত্রু কাম ক্রোধ ইত্যাদি যেমন রিপু॥
দাতার শত্রু কুমন্ত্রী, কর্ণে দেয় পাক।
কুলের শত্রু কুপুত্র, চুলের শত্রু টাক॥
গৃহীর শত্রু চোর যেমন, বিষয় করে হানি।
চোরের শত্রু চৌকিদার, ছেলের শত্রু ডানি॥
প্রজার শত্রু শোষক রাজা, নাশক পদে পদে।
রোগীর শত্রু হাতুড়ে বৈদ্য, বিষ দিয়া প্রাণ বধে॥ (ঞ)

কুটিলার নিকট শ্রীরাধিকার প্রভাস-গমন-জন্য অনুমতি প্রার্থনা

কুটিলের নিকটে ত্বরা, কহেন সবে[2] সকাতরা,
ননদি গো! তোমার অপেক্ষা।
ভয়ে কব কি নির্ভয়, আমারে যদি অভয়,
দেও তবে কিঞ্চিৎ করি ভিক্ষা॥ ১৭১
"হ'লে অনুমতি মতি, করি শীঘ্রগতি গতি[3]",
নিকটে এলেন শ্যামরায়।
"না কহিয়ে বিষ-বিষ, যদি দেখ্‌তে জগদীশ দিস্[4]",
জন্ম কেনা রব তোর পায়॥ ১৭২
দিয়াছ বহু দুঃখ-শোক, আর দেওয়া কি আবশ্যক?
প্রকোপ সে কোপ ছাড় মোরে।
এনেছ ঘরে যে অবধি, নিরবধি প্রাণ বধি,
রেখেছ অপরাধী রাধিকারে॥ ১৭৩

অন্তরেতে দিয়ে কালি, করেছ কালি চিরকালি,
কালীয়-দর্পহারি-অপবাদে।
সব করেছি জল-সয়[5], সয়েছি জ্বালা আর না সয়,
আর যেন দিও না দুঃখ হৃদে॥ ১৭৪

আলিয়া—ঝং

চরণ ধরি তোমার, ননদি! দুঃখের নদী কর পার।
দেখে আসি কুরুক্ষেত্রে কৃষ্ণ-ধন আমার॥
শ্যাম প্রতি যে রাগ তোমার, সম্প্রতি আজি ক্ষমা কর,
"আমা প্রতি" করুণ নয়ন ফিরাও একবার।
শ্যাম বিনে দগ্ধ অন্তর, শত বৎসর স্বতন্তর,
কথান্তর আর কেন গো তার।
দেখাও যদি ব্রজের জীবন, এ দুঃখ সব হবে জীবন,
নতুবা আজি যাবে জীবন, জীবনে রাধার। (ট)

কুটিলার কৃষ্ণ-নিন্দা

কুটিলে বলে ঘুরায়ে আঁখি, থাক্ থাক্ লো দাদাকে ডাকি,
বাধালি লেটা—ঘটা ক'রে শেষকালে!
ঘটাবি একটা দুর্যোগ, তারি কচ্ছিস্ উদ্যোগ,
যোগ করেছিস্ আবার সবাই মেলে॥ ১৭৫
আছিস্ ধরা-শয়নে প'ড়ে বাসে, শত বৎসর উপবাসে,
কেমন কঠিন তোর প্রাণী।
অস্থি-চর্ম্ম-দেহ মলিনে, কি আশ্চর্য্য তবু মলি নে,
অদ্যাপি তোর 'কালা কালা' বাণী॥ ১৭৬
পর পুরুষ তো অনেকে ভজে, চিরকাল নয় আবার ত্যজে,
অঙ্গ বঙ্গে আছে তো অনেক লোক লো।
অনেকের তো ভাঙ্গে কুরীত, বাপ্‌রে বাপ্, একি বিপরীত,
সামলাতে পার্‌লিনে শ্যামের শোক লো॥ ১৭৭

পাঠান্তর: ১ রোগ—খ। ২ হয়ে—গ। ৩-৩ হলে তব অনুমতি করিতাম শীঘ্র গতি—ক, খ; হলে অনুমতি করি শীঘ্র গতি—গ।
৪-৪ যদি অনুমতি দিন দেখিতে জগদীশ—ঘ। ৫ জলাশয়—খ, গ, ঘ। ৬-৬ সম্প্রতি—ঘ।

কি চক্ষে দেখেছিস্ তাকে, পোড়া-কপালে ধড়া-পরাকে,
রূপ আছে কি গুণ আছে তার লো।
মাথায় ক'রে বয় বাধা, কোন্ ঠাঁই তার ভালো বাধা!
তিন ঠাঁই শরীরে বাঁকা যার লো। ১৭৮

কি রূপ নন্দের কৃষ্ণ, ছোঁড়া যেন পোড়া-কাষ্ঠ,
অপকৃষ্ট কর্ম, চরায় গাই লো।
মাথায় চূড়া করে পাঁচনি নিগুর্ণের চূড়ামণি,
কালার পেটে কালির অক্ষর নাই লো। ১৭৯

বলিতে কথা ঘৃণা করে, চুরি ক'রে খায় লোকের ঘরে,
বারো বৎসর বয়েসে এমন রোগ লো!
গোকুলের গোপকে দিয়া কষ্ট, কত করেছে ভাঁড় নষ্ট,
উচ্ছিষ্ট করে দেবের ভোগ[১] লো। ১৮০

মানে না মান্য লোকের মানা, কদম গাছে ক'রে থানা,
জন্ম-জ্বালা জল আন্‌তে জানিলো।
ছুঁয়ে অঙ্গ সর্ব্বনেশে, সতীর সতীত্ব নাশে,
নন্দের ভয়ে কেউ বলে না বাণী লো। ১৮১

স্ত্রী-হত্যে গো-হত্যে, কিছু ভয় করে না মর্ত্ত্যে,
বৎসাসুর পুতনা মাগীকে মারে।
হ'য়ে কপট নেয়ে যমুনার ঘাটে, অবলা মেয়ের পসরা[২] লোটে,
মথুরার হাট বন্ধ করে। ১৮২

ঘর-জ্বালানে ঘর-মজানে, কুমন্ত্র কুতন্ত্র জানে,
ল'য়ে যায় নির্জ্জন নিবিড় বনে।
ছিদ্র করে বাঁশের পাবে, ফুঁ দিয়ে মজিয়ে ভাবে,
কুলবতীকে [৩]কুল মজাতে[৩] টানে। ১৮৩

মর মর তোর গলায় দড়ি, তারি জন্যে দৌড়াদৌড়ি,
ক্ষেপলি এ জন্ম[৪] হারালি—ক্ষেপালি লো।
আবার চাইতে এলি অনুমতি, আরে মলো! কি দুর্ম্মতি,
আমায় বুঝি ঘটকালীর ভার দিলি লো। ১৮৪

তবে আমিও তোদের সঙ্গী হই, শ্যাম-কলঙ্কের বোঝা বই,
যোগে-যাগে ফিরি তোদের পাছে লো।
দাদার মন হ'তে যাই, নন্দের বেটার গুণ গাই,
কত বা কপালে লেখা আছে লো। ১৮৫

জড়াতে পারিলে আমাকে শুদ্ধ, তবেই হয় অঙ্গ শুদ্ধ,
শত্রু গেলে শ্যাম-কলঙ্ক ঢাকে লো।
ভার্য্যে ডুবিল শ্যাম-সাগরে, বুন তাইতে ঝাঁপ দিলে পরে,
আয়ান দাদার মুখটা বড় থাকে লো। ১৮৬

ওলো পোড়ামুখি! তাই কই, তেমন মায়ের মেয়ে নই,
বাঁশী শুনে ভাসিব কুল ভাসিয়ে।
কালার কথা বিষ-বর্ষণ, যে করে তার মুখ দর্শন,
করি না—প্রতিজ্ঞা মায়ে ঝিয়ে। ১৮৭

সতী লক্ষ্মীর পেটের ছেলে, কভু চলিনে মন্দ চেলে,
তোদের কাছে দাঁড়াতে মরি ত্রাসে।
তোদের বাতাস লাগ্‌লে গায়, কলঙ্কিনী হ'তে হয়,
সঙ্গ-দোষে সৎগুণ যে নাশে। ১৮৮

সে কালে তোর ছিল রীতি, সঙ্গোপনে শ্যাম-পিরীতি,
ধর্‌লে ভয়ে হ'তিস্ জড়জড়।
আজ্ঞা নিতে এলি মোর, ব'লে ক'য়ে ডাকাতি তোর,
ইদানী তোর বুক বেড়েছে বড়। ১৮৯

ব্যস্ত হ'য়ে রাধিকা কন, এ সব কথা উত্থাপন,
তোমার কাছে বুঝিবার ফেরে।
তুমি যে অনুমতি করে, দেখ্‌তে আমার প্রাণ-মাধবে,
সাপের মুখে সুধা কি কখন ক্ষরে[৫]। ১৯০

আমি চলিলাম দেখ্‌তে কালা, তোমায় বলা ধর্ম্ম-পালা,
অনুমতি চেয়েছি ননদি!
ব'লে যান চ'লে রাই, সঙ্গিনী সঙ্গে বড়াই,
ললিতে বিশাখা বৃন্দে আদি। ১৯১

কুটিলে কয় ক্রোধে জ্বলি, থাক্ থাক্ লো মাকে বলি,
দেখি তুই কেমন ক'রে যাবি লো!
হবে না কুরুক্ষেত্রে যেতে হয়তো আমাদেরি হাতে,
ঘরে বসে আজি কৃষ্ণ পাবি লো। ১৯২

দ্রুত গিয়ে বলিছে মায়, ওমা! করিস কি দেখসে আয়,
রহিল কোথা সে আয়ান দাদা।

পাঠান্তর : ১ অগ্রভাগে—ক, খ। ২ গহনা—গ। ৩-৩ কুল লাগিয়ে—গ। ৪ গেল—গ, ঘ। ৫ খেয়ে—গ, ঘ।

'ইচ্ছে হয় মোরা হই খুন', শুনেছিস্ তোর বধূর গুণ,
সেই আগুন জেলেছে আবার রাধা॥ ১৯৩

——

খাম্বাজ—আড়খেম্‌টা

'আই কি কর্‌লে মা'!
তোর বউ রাধিকে এ ঘর কর্‌লে না।
হলো জ্বালা, এলো কালা,
কালামুখী কালার পিরীত ভুললে না॥
নন্দের বেটা সেই গোপালে,
আবার আসিবে নাকি এ গোকুলে,
কালা ছারকপালে দাদার কুলে,
কালি দিতে ছাড়্‌লে না॥ (ঠ)

——

একত্রে যুট্‌লো ছায় মায়, যেমন উল্‌টা বাতাস উজান নায়,
বাঁচা ভার তার তরঙ্গে।
কালাপাহাড় আর অজামিলে, জরের সঙ্গে যুটিলে পিলে,
ভরণী যোগ অমাবস্যার সঙ্গে॥ ১৯৪
ভাঙ্গা ঢোল তালকাণা যন্ত্রী, শনি রাজা কুজ মন্ত্রী,
তুই জন দুর্জনের চূড়।
ছুটিল বাতাস মাঘের হিমে, মাথামাখি মাথালে নিমে,
আদার সঙ্গে গোলমরীচের গুঁড়॥ ১৯৫

*   *   *

জটিলা বড়াইকে ভৎর্সনা করিতেছে—

জটিলে শুনে কুটিলের মুখে, ধেয়ে যায় দক্ষিণ মুখে,
বড়ায়ের সম্মুখে, মুখ নেড়ে কয় কত।
"বড় বাড়ালি গিয়ে বাড়াবাড়ি",
দাঁড়া দেখি লো বড়াই বুড়ি!
মুরদ হবে না আড়াই বুড়ি, সাহস কেন তোর এত॥ ১৯৬

কত কাল তোর পাইনে সাড়া,
ভেবেছিলাম পাপ হলো ছাড়া,
পোড়াকপালি! আবার এ পাড়া, কবে সাঁধালি বল্ লো।
ক্ষেপা নারদের কথায় ক্ষেপে, চল্‌লি নিয়ে চেপে চুপে,
বউকে আমার কোন রূপে, কর্‌তে দিলিনা ঘর লো॥ ১৯৭
তুইতো করে ঘটকালী, দিলি আমার কুলে কালি,
ইহার বিচার করেন কালী, তবে দুঃখ যায় লো।
ব'লে কেবল লোক জাগাব,
ফেলে আকাশে থুতু গায় লাগাব,
তোর জ্বালাতে কোথা যাব, হায় হায় হায় লো। ১৯৮
আমি তোকে জন্মে জানি, বৃন্দাবনে ঢাকবাজানি,
কেবল পরের ঘর-মজানি, চিরকাল স্বভাব লো।
বাল্যকালে ঘোম্‌টা খুলে, কালি দিয়েছিস্ শ্বশুর-কুলে,
পাকিয়ে বেণী পাকা চুলে, অদ্যাপি এ ভাব লো। ১৯৯
কালি হলো নন্দ-তনয়, তার সঙ্গে তোর এত প্রণয়,
বয়স তার তো কিছু নয়, বৎসর আট নয় দশ লো।
কীর্ত্তি মেনে রাখ্‌লি ভালা, ঘৃণার কথা আমার বলা',
দুধের ছেলে চিকণ কালা,
তাকে নিয়ে তোর রস লো॥ ২০০

তোর রঙ্গ দেখে দেখে, বেখেছি উমা গায় মেখে,
'অবলা বধূকে দুবেলা ডেকে', নিবিড় বনে যাস্ লো।
অবলা কি জানে ছিদ্র, কোথা কৃষ্ণ বলভদ্র,
পোড়ামুখি! ধ'রে ভদ্র, তুই গিয়ে ঘটাস্ লো॥ ২০১
তোর পোড়া কারে জানাই, ঘরে এনে দিয়ে কানাই,
তিনে নাই তেরোতে নাই, ফাঁকে ফাঁকে থাকিস লো।
পোড়ালি খুব লো পুরাণো মাগি!
সে-কেলে তে-কেলে মাগি!
বে-আক্কিলে হতভাগি! তুই চক্ষের বিষ লো॥ ২০২
বয়েস হলো নিরেনব্বই, মর্‌তে হ'বে আজি কালি বই,
পাপের বোঝা কেন বই, মনে কর্‌তে নাই লো।

পাঠান্তর: ১-১ ইচ্ছের মা পুনঃ পুনঃ—গ। ২-২ আই কি বল্লে মা—গ, ঘ। ৩-৩ বড় দেখি যে বাড়াবাড়ি—ক, গ। ৪ আলা—গ, ঘ। ৫-৫ বধূকে দুইবেলা ডেকে—গ।

গয়া গঙ্গা গুরু গোবিন্দ, মুখে নাই তোর ও সবন্ধ,
কেবল পরের করিস্ মন্দ, পরকালে দিস্ ছাই লো ॥ ২০৩
যত অবলা—মায়ের ঝি, ধর্মপথের জানে কি,
তুই তো ক'রে কলঙ্কী, ঢোল বাজায়ে দিলি লো।
বেটা ছেলে নন্দের বেটা, তাকেই বা দোষ দিবে কেটা,
তুই মাগি! এর যত লেঠা, কপাল খেতে ছিলি লো ॥ ২০৪

* * *

বড়াই বুড়ীর উত্তর

তখন মনোদুঃখে বড়াই বলে, বড়ই যে বলিস্ বুকের বলে,
চক্ষে চক্ষে ঘর কর্‌তে হ'লে, এত ক'রে কেউ কয় না।
গেল গেল মোর যাঁক গুমর,
হাজার ঘাটি তোর চরণে মোর,
ক্ষমা কর জটিলে! তোর, মুখ-নাড়া আর সয় না ॥ ২০৫
আপনার কড়ি আপনি খাই, দীনবন্ধুর গুণ গাই,
দুটি চক্ষের মাথা খাই, কারু মন্দে থাকিনে।
কি বলিস্ তুই একথাই, কোন্ অভাগীর ঘর মজাই?
একলা শ্যামকে দেখ্‌তে যাই,
আমি তো কাকে ডাকিনে ॥ ২০৬
গোকুলে লোক সকলে কাণা,
তোর বধূর গুণ কেউ জানে না,
ঢাকে-ঢোলে দিয়ে[১] কাঁসিতে মানা,
মন্দ কেবল আমি লো।
কাঙ্গাল দেখে যাইস্ কতই ক'য়ে, বুড়ী তেঁই থাকি সয়ে,
হরি থাকেন তো আমার হ'য়ে,
বিচার করিবেন তিনি লো ॥ ২০৭
ঘরে নন্দের বেটা শ্যাম এলে, রাখ্‌তে নারিস্ ঘর সাম্‌লে,
ঘর না বুঝে পরকে মেলে, মন্দ হয় পাছে লো।
বিনা দোষে মোরে মজাবি, রসাতলে আপনি যাবি,
তাল-বাসার মাথা[২] খাবি, মাথায় ধর্ম আছে লো ॥ ২০৮
ধরলি কি দোষ করলি ভুল, ছায় মায় কি একটা তুল,
সেয়াকুলে জড়িয়ে চুল, ঝকড়া তোর জানি লো।
কারু কাঁচা এলে দিই না পা, একি পাপ বাপ্‌রে মা!
মা লক্ষ্মী! কর ক্ষমা, তোদিগে হারি মানি লো। ২০৯
আই আই মা! কি অদৃষ্ট, কেন হ'লো পাপ[৩] পাপদৃষ্ট,
কোথা দেখ্‌তে যাচ্ছি কৃষ্ণ, শত বৎসর পরে লো।
শ্যাম দেখা নাই ভাগ্যে লেখা,
যেন রাবণের বোন শূর্পণখা,
এমন সময় দিয়া দেখা, যাত্রা ভঙ্গ করে লো। ২১০
নন্দের বেটার বয়স অল্প, তার প্রেমে মন সঙ্কল্প,
হেসে হেসে তাই করিস্ গল্প, মোর কি বয়েস ভারি লো।
যখন ছিল না ভুবন সৃষ্টি মাত্র, জলে ভাসে বটপত্র,
শয়নে ছিলেন তত্র, সেই বংশীধারী লো। ২১১
দেখে ক্ষুদ্র কাল ছেলেটা, মাথায় চূড়া পরণে ধটী,
আশু জ্ঞান হয় অতি শিশুটী, অন্ত কেবা পায় লো।
তিন পা ভূমির কথা শুনে, বালক বামুন বুঝে বামনে,
বলি বদ্ধ হৈয়া দানে, পাতাল-পুরে যায় লো। ২১২
তুই ভাবিস্ নবযৌবনা, ব্রজ-রমণী যত জনা,
কৃষ্ণ করেন তায় করুণা, তা নয় তা নয় লো।
যে ভক্তি-যৌবন হৃদয়ে ধরে, মুক্তি-আলিঙ্গন দেন তাঁরে,
তারে সদাই করুণা করে, নন্দের তনয় লো। ২১৩
তার নবীনে প্রবীণে নাই, চন্দ্রাবলী কি বড়াই,
সবারি সমান সে কানাই, ভক্তি-যুবতী লো।
শুধু নয় রমণীর পতি, তয়ে লেখেন পশুপতি,
প্রজাপতি কি সুরপতি, সকলের পতি লো ॥ ২১৪

কানেংড়া[৪]—একতালা

তাঁরি তো সব এ সম্পত্তি, হরি তো ভুবনের পতি।
পুণ্যাত্মার পতি হরি, পতিত জনার পতি॥
নিস্তারণে ভব-বারি, আবার করেছেন ত্রিতাপ-বারী,
পতিত-কারণে পদে কারণ বারি-উৎপত্তি॥ (ভ)

পাঠান্তর: ১ দিয়ে—গ ঘ। ২ মুণ্ডু—গ, ঘ। ৩ তোর—গ। ৪ কালেংড়া-বাহার—ক।

যশোদাকে কুরুক্ষেত্র যাইতে নন্দরাজ নিষেধ করিতেছেন

শুনিয়া কৃষ্ণের তত্ত্ব, দূরে গেল কুটিলত্ব,
কুটিলের ক্ষণমাত্রে।
গোপ-গোপিকার সঙ্গে, কৃষ্ণগুণ-প্রসঙ্গে,
গমন করিছে কুরুক্ষেত্রে ॥ ২১৫
মগ্ন সুখ-সিন্ধু-নীরে, চলে রাই ল'য়ে গোপিনীরে,
নীরদ-বরণে নিরীক্ষিতে।
শ্রীগোবিন্দ দরশনে, চলে উপানন্দ সনে,
সানন্দ আনন্দ হয়ে চিত্তে ॥ ২১৬
নিরীক্ষিতে ব্রজরাজে, ব্রজের রাখাল সাজে,
গোবৎসাদি উর্দ্ধমুখে ধায়।
লয়ে নবনী যশোদা যায়, করে ধরি নন্দরায়,
না দেয় বিদায় যশোদায় ॥ ২১৭
বলে, কোথা যাবি অভাগিনি!
কার শোকে তুই বিবাগিনী,
গেলে তোর জীবন যে যাবে!
ভ্রমেতে হৃদি কাতর, সে নয় তনয় তোর,
বিনয় করিলে না আসিবে ॥ ২১৮
পরের ধনে করি শোক, ঘুচাস্ কেন পরলোক,
শোক তোর নাশক হলো রাণি!
সঙ্গে কৃষ্ণ বলরাম, সেদিন গেলেন কংসধাম,
শুন, কৃষ্ণ ব'লেছে যে বাণী ॥ ২১৯
আমি বল্লাম প্রাণ গোপাল! বধিলি কংস মহীপাল,
আর তব বিলম্ব কি কারণ?
যশোদা কাঁদে কাতরে, কালি বলে এনেছি তোরে,
আয় রে ব্রজে যশোদার জীবন ॥ ২২০
শুনি কৃষ্ণ করেন উক্ত, কে কার পিতা কে কার পুত্র,
যাতায়াত পথ মাত্র জেনো।
আমার উঠেছে ব্রজের অধিকার,
ব'লে কি ফল অধিক আর,
তোমার আর বিলম্ব হেথা কেন ॥ ২২১
তবে যে কিছু কাল যত্ন ক'রে, পালন ক'রেছ মোরে,
তার ত করি নাই ধর্ম্মরোধ।
হীন কর্ম্ম আচরণ, ক'রে তব গোচারণ,
সে ঋণ ক'রেছি পরিশোধ ॥ ২২২
কঠিন নাই সম তার, লেশ নাই মমতার,
বজ্রাঘাত আঘাত করেছে।
শুনে সেই বাক্যবাণ, পুরুষের পাষাণ প্রাণ,
অদ্যাপি দেহেতে মোর আছে ॥ ২২৩
তুই যাবি মায়ার ঘোরে, সে রূপ যদি হানে তোরে,
নির্ঘাত আঘাত বাক্যবাণ।
সে কি রমণীর প্রাণেতে সয়, তার কিছু নাহি সংশয়,
তখনি ত্যজিবি তুই প্রাণ ॥ ২২৪

সিন্ধু-খাম্বাজ[১]—যৎ

যাসনে রে দুর্ভাগিনি যশোদে!
কৃষ্ণ যে কথা বলেছে আমায়,
শক্তি শেল আছে হৃদে।
গোপাল-চিন্তে দূরে রাখ, 'ঘরে গোপাল চিন্তে থাক'[২],
যদি পুত্র হ'তো গোপাল, তবে কি এত বাদ সাধে॥
দেখে চিহ্ন কাঙ্গালিনী, তোরে চিনিবে না সে চিন্তামণি,
কেবল হায় হায় ক'রে, গিয়ে মরবি,
হরিবে বিষাদে ॥ (চ)

যশোদা কহেন, নন্দ! চরণে ধরি আমি।
ধরিতে না পারি ধৈর্য্য, ধরো না হে তুমি ॥ ২২৫
মরণ-কারণ অকারণ চিন্তা কি হে!
আমা হইতে তোমার পাষাণ দেহ নহে ॥ ২২৬
হবে না মরণ নন্দ নন্দনের শোকে।
বিস্তর দেখেছি ভেঙ্গে প্রস্তর মস্তকে ॥ ২২৭

পাঠান্তর: ১ সিন্ধু—খ, গ, ঘ। ২-২ ঘরে কপালে চিন্তা করে থাক—গ।

দেখিয়াছি ভুজঙ্গের অঙ্গে ভুজ দিয়ে।
দংশে না ফণীতে তব বনিতে শুনিয়ে ॥ ২২৮
পাব মুক্তি বলি, পাবকেতে সঁপি কায়।
বাঁচিনে পোড়ায় অগ্নি মোরে না পোড়ায় ॥ ২২৯
ভবনে হারায়ে কৃষ্ণ জীবনের জীবনে।
জীবন সঁপিতে যাই যমুনা-জীবনে ॥ ২৩০
অঙ্গ নাহি ডুবে মোর সলিল-মাঝারে।
যম নাহি লয় মোরে, যমুনা কি পারে? ॥ ২৩১
মৃত্যু-বাসনাতে বাসে উপবাস করি।
বিশ দিন,—বিষ ভোজনে তাহায় না মরি ॥ ২৩২

* * *

যশোদার কুরুক্ষেত্র-যাত্রা

তখন রহিত করিয়া মানা, সহিত রোহিণী।
চলে যান রাণী, বেঁধে অঞ্চলে নবনী ॥ ২৩৩
দেখা দে গোপাল! প্রাণ দুলাল! কোথা ব'লে।
চলেন পথে,—নয়ন-পথে অশ্রুধারা গলে ॥ ২৩৪

——

ললিত-ঝিঁঝিট—ঝাঁপতাল

আয় রে! প্রাণ যায় রে! মাকে দেখা দে রে মাখন চোরা!
মরি রে নীলমণি রে! তোর শোকে জননী সকাতরা।
কি ছলে গোবিন্দ মায়ে কালি ব'লে গেলি তোরা।
আমার কেঁদে কেঁদে নয়নের তারা,
গেছে ওরে নয়ন-তারা!
তারা আরাধনের নিধি তোরে হ'য়ে হারা।
বাছা গগনে না উঠিতে ভানু, চঞ্চল ক্ষুধায় তনু,
অঞ্চলের নিধি মায়ের অঞ্চল ধরা।
ও বিধু-বদন চেয়ে এখন, কে দেয় ক্ষীর নবনী,
কার মাকে মা বলিয়ে পাসরিলি রে নীলমণি!
বাছা! কে জানে বেদন, বিনে জঠরেতে ধরা।
বাছা! উদিত হ'লে দিন-মণি, সাজাতাম রে নীলমণি!
ও রূপ-পসরা—সে রূপ যায় কি পাসরা।
সাজাতাম তোর ইন্দু-বদন অলকা-তিলকে
রাধা-নামাঙ্কিত-শিখিপুচ্ছ-চূড়া মস্তকে,
গলে গুঞ্জমালা কটী-বেড়া পীতধড়া। (৭)

——

দ্বারিগণ যশোদাকে দ্বারে প্রবেশ করিতে দিতেছে না।

গোপাল! গোপাল! সদা, শব্দে রাণী মা যশোদা,
দ্বারকার দ্বার-সন্নিধানে
যজ্ঞ-স্থলে যদুবর, গণ্য মান্য নৃপবর,
ভিন্ন অন্য কে যাবে সেখানে ॥ ২৩৫
দ্বারে সব কোমরবন্দ, তারা ঘোর প্রতিবন্ধ,
কেঁদে রাণী কয় হ'য়ে কাতরা।
ওরে দ্বারি! বাঁচা রে, দেখা আমার প্রাণ-বাছারে,
হবি রে বাছা! চিরজীবী তোরা ॥ ২৩৬
ঘৃণিত করি লোচন, ব'লো না বাছা! কুবচন,
ছিন্ন ভিন্ন তনু মম দেখে।
ব্রজের নন্দ-গোপরমণী, তোদের হই রাজ-জননী,
দে রে আমার প্রাণ-গোপালকে ডেকে ॥ ২৩৭
নয়নের অগোচর, হ'লে মোর মাখন-চোর,
গোপাল ব'লে মরিতাম তখনি।
প্রবঞ্চনা ক'রে মায়, কালি আসিব ব'লে আমায়,
শত বৎসর লুকায়েছে নীলমণি ॥ ২৩৮
ব'লে এলেন তপোধন, কুরুক্ষেত্রে প্রাণধন,
কৃষ্ণ আমার যজ্ঞ না কি করে।
দেখি বাছাকে সর্ সর্ এই দেখ্ রে ক্ষীর সর,
এনেছি প্রাণ-গোপালের তরে ॥ ২৩৯
শুনে দ্বারী বলছে রাগি, দূর হ মাগি হতভাগি!
স্বপন দেখেছিস্ শুয়ে ছেঁড়া চটে।
আঁচল পেতে কাঁদ্‌তে কাঁদ্‌তে, ক'রে বেড়াস্ অন্ন-চিন্তে,
চিন্তামণির মা এম্‌নি বটে ॥ ২৪০
যদুনাথ তোর হলে বেটা, বার্ পেতো তোর কোন্ বেটা,
সোনার শয্যায় শুয়ে থাক্‌তিস্ ঘরে।

ভগবান ভুবন-ভর্ত্তা, সংসারের বিরাজ-কর্ত্তা,
এত অবিচার তাঁর মা হ'লে পরে ॥ ২৪১

নিন্দি গগনের বিধু, লক্ষী হতেন তোর পুত্রবধূ,
হাজার দাসী খাটিত আজ্ঞা-তলে।
এখন তোকে বল্‌ছি আমি, ফের্ করিলে বদনামী,
তাড়িয়ে দিব ধাক্কা দিয়ে গলে ॥ ২৪২

এক দ্বারী এসে কয়, শোনরে বুড্‌ডি।
নিকালো হিঁয়াসে তোড়েঙ্গে হাড্‌ডি ॥ ২৪৩
ক্যা বাত কহতো দোসরা গণ্ডী।
ব্রজ-কি গোয়ালিনী ঝুটা রেণ্ডী ॥ ২৪৪
বক্‌বক্ করনা ক্যা মজা লাগাই।
হোনে আই মহারাজন্ কি মাই ॥ ২৪৫
কাঁহারে লছমন ক্যায়ছা ধরম।
কাঁহারে চৌবে, গোল কাহে একদম[১] ॥ ২৪৬
ইয়াবাৎ শুনকে কহে দশরথ।
ছোড় দেও রেণ্ডীকো শুন মেরা বাৎ ॥ ২৪৭
বদনাম ক্যায়া কাম রেণ্ডীকো আগলি।
যো হোগা সো হোগা পিছে, জানে দেও পাগ্‌লী ॥
ক্যায়া কাম্ ঝুট-মুট, নাম লেও রাম্‌কা।
জবাব কর্ ছাপ আপনে কাম্‌কা ॥ ২৪৯
নাহক দেনা আদ্‌মিকো জ্বালা।
তোম নেহি দেতেহো, হরি দেনেওয়ালা ॥ ২৫০

না দিল দ্বারে প্রবেশিতে, ক্রোধে যায় প্রাণ নাশিতে,
শত শত বলে মন্দ বাণী।
দ্বারীর ভয়ে অমনি সরে, গোপাল ব'লে উচ্চৈঃস্বরে,
কেঁদে কেঁদে বলে নন্দরাণী ॥ ২৫১

অতি ক্ষুদ্র নীচ জাতি, বলে মন্দ নানা জাতি,
তোর মা হয়ে এত বিড়ম্বন রে!
মরি কৃষ্ণ! জলে মর্ম্ম, বুঝিতে না পারি মর্ম্ম,
কপালের লিখন কেমন রে ॥ ২৫২

নৈলে দক্ষ প্রজাপতি, জামাতা যার পশুপতি,
ত্রৈলোক্য-তারিণী সতী কন্যে।
ক্ষণমাত্র ছিন্ন ভিন্ন, কেবল কপাল জন্য,
ছাগমুণ্ড তাহার কি জন্যে ॥ ২৫৩

নিতান্ত কপালের কর্ম্ম, অগ্রপূজ্য স্বয়ং ব্রহ্ম,
গণেশের হইল গজমাথা।
পিতা যাঁর শূলপাণি, পূর্ণব্রহ্ম সনাতনী,
সৃষ্টি-স্থিতি-বিনাশিনী মাতা ॥ ২৫৪

পুণ্যশীল দশরথ, পূর্ণ যার মনোরথ,
পূর্ণব্রহ্ম পুত্র রাম যাঁর।
বধূ যাঁর সীতা শক্তি, কর্ম্ম-জন্য হেন ব্যক্তি,
পুত্রশোকে মৃত্যু হয় তাঁর ॥ ২৫৫

গুরু যার পঞ্চানন, ভাই ধর্ম্ম বিভীষণ,
অধিপতি কনক লঙ্কার।
চণ্ডীকার বরপুত্র, রাবণের কি কর্ম্মসূত্র!
বানরের হাতে ছারখার ॥ ২৫৬

আমি জানি মোর পুত্র, হলি রে পরম শত্রু,
[২]কেন শত্রু হাসালি যাদব[২]।
[৩]যে কথা কহিলো নন্দ, তাই হ'লো রে প্রাণ-গোবিন্দ[৩]!
কি ব'লে মুখ তারে দেখাইব ॥ ২৫৭

ঘুচিল সকল আলপেন, এ পাপ-জীবন সমর্পণ,
যমুনার জীবনে গিয়ে করি।
ব্রজে ছিল নাম পুণ্যবতী, পূর্ণ হয়েছে সে সুখ্যাতি,
যে বাকি আজি পূর্ণ করলি হরি ॥ ২৫৮

সিন্ধুভৈরবী—যৎ

এত বাদ কি সাধিলি, সাধের গোপাল রে।
কি কপাল রে! ব'লে কাঙ্গালিনী—
দ্বারীতে তোর যেতে দেয় না দ্বারে।

পাঠান্তর: ১ দ্বারমে—গ। ২-২ শত্রুগণ হাসছে কি বলিব—ক, খ। ৩-৩ ফের কথা কহিলেন তাই হ'লোরে প্রাণগোবিন্দ—খ।

বিধাতার কত মন্ত্রণা, তার জননীর এ যন্ত্রণা,
হায় হায় হায় রে!
যার সন্তান ভূপতি এই দ্বারকাপুরে।
কালি আসিব ব'লে এলি মথুরা,
মায়ে ব'ধে মাখনচোরা! তোর তরে, বাছা!
শত বৎসর নয়ন আমার, ভাসিছে শতধারে। (ত)

শ্রীকৃষ্ণ, যজ্ঞস্থল হইতে উঠিয়া আসিয়া, দ্বার-দেশে মা-যশোদার পদপ্রান্তে পতিত

হরি ব্রহ্ম পরাৎপর, যজ্ঞবেদীর উপর,
শুদ্ধচিত্তে দানাদি মানসে।
পুলস্ত্য পৌলস্ত্য গর্গ, শৌনকাদি মুনিবর্গ,
শিষ্যবর্গ সহ চতুঃপার্শে। ২৫৯
মুনিগণে কত বিতর্ক, দ্বন্দ্ব যাতে হয় পক্ক,
নারদ আছেন সেই উদ্যোগে।
মধ্যস্থ মুনি সকলে, চিন্তামণি মধ্যস্থলে,
বামে শক্তি রুক্মিণী সংযোগে। ২৬০
দানাদির সঙ্কল্প, করিবেন করিয়ে কল্প,
কুশ-হস্তে করেন আচমন।
অকস্মাৎ চিন্তামণি, গোপাল গোপাল ধ্বনি,
শুনিয়ে অধৈর্য্য হৈল মন। ২৬১
দুই চক্ষে শত ধার, ভবনদীর কর্ণধার,
বিনয়ে কহেন শুন যত মুনি!
এখন আমার যজ্ঞ, দানাদি হলো না যোগ্য,
ব'লে গা তুলেন চিন্তামণি। ২৬২
ওগো বলভদ্র দাদা! এলো বুঝি মোর মা যশোদা,
দ্বারী বুঝি ছাড়ে নাই দ্বার গো।
বলেছে কত মন্দ বাণী, কাঁদে মা মোর নন্দরাণী,
গোপাল বলিয়া অনিবার গো। ২৬৩
সেই যে কাল আসিব ব'লে, শত বৎসর এসেছি চ'লে,
নন্দসনে কংস-যজ্ঞ-স্থলে।
চল আমরা দুই জন, অপরাধ করি ভঞ্জন,
মা বলি পড়িগে পদতলে। ২৬৪
এত বলি যান ত্বরা, জলধরের জলধারা,
নয়নে গলিত অনিবার।
ব'লে রক্ষ মা বিপদে, পতিত যশোদার পদে,
শিবের সম্পদ পদ যাঁর। ২৬৫
শোকে রাণী অচেতনা, সন্তানে করে সান্ত্বনা,
বুঝিতে না পারে নন্দরাণী।
উদ্ধব আসি বলে ধন্য, মা তোর একি পুণ্য,
পদে পড়ি বিপদকাণ্ডারী। ২৬৬

ঝিঁ ঝিঁট—যৎ

গোপাল ব'লে কাঁদিস-নি মা যশোদে,—আর বিষাদে।
ওমা! চেয়ে দেখ পতিতপাবন পতিত তোর পদে।
বলিতেছেন হরি করপুটে, কুসন্তান অনেকের বটে,
মাগো! হেন মায় কোথা ত্যজেছে, সন্তানে অপরাধে। (থ)

যজ্ঞান্তে দান

করি জননীর শোক-সম্বরণ, তদন্তরে শ্যামবরণ,
প্রবর্ত্ত হলেন যজ্ঞদানে।
নানা বস্ত্র বিতরণ, করেন ভবতারণ,
বসিয়া সভার বিদ্যমানে। ২৬৭
অকাতরে শ্যামবর্ণ, মুক্তা মণি কি সুবর্ণ,
চারি বর্ণে করিছেন দান।
কারে দেন স্বর্ণ-তোড়া, কারে দেন স্বর্ণ-ঘড়া,
পাত্রাপাত্র সকলি সমান। ২৬৮
কতকগুলি বিপ্রগণে, অসন্তুষ্ট হ'য়ে মনে,
বলে,—একি কাণ্ড অসম্ভব।
একি উচিত দান বলি? [১]দ্বিজ তাম্বুলী মালী,
বনমালী সমান করলেন সব।[১] ২৬৯

পাঠান্তর: ১-১ দ্বিজ তাম্বলী বনমালী আজি দেখছি সমান করলেন সব।—ক, খ।

একি মানীর মান রাখা, হাজরা বেটা পায় হাজার টাকা,
তর্কালঙ্কার পেলেন সেই তঙ্কা।
টৌলে পড়ে যার তিন শ ছাত্র, এই দানের কি ঐ পাত্র,
দিতে একটু হলোনা উহার শঙ্কা॥ ২৭০

যত বেটা কুমন্ত্রী যুটে, সূপকার বামুনে খুঁটে,
শিরোমণিকে বিদায় কর্‌লেন ভাল।
ভাগ্য না মানেন কৃষ্ণ, এ সব অতি বিশিষ্ট,
দান লয়ে পতিত হতে হ'ল॥ ২৭১

উনি যেমন লোকের পুত্র, কাজ কি তুলে সে সব সূত্র,
জাত্যংশে যেমন জানা আছে।
এখানে কি এসে লোক, ব্যাপক যে অধ্যাপক,
দায়ে প'ড়ে মুখ ঢেকে এসেছে॥ ২৭২

* * *

গৌড়দেশস্থ এক দরিদ্র ব্রাহ্মণের কথা

এই রূপ কয় পরস্পরে, আশ্চর্য্য শুনহ পরে,
গৌড় দেশে দ্বিজ এক থাকে।
নানা শাস্ত্রে জ্ঞানবান, ক'রেছেন ভগবান,
সুদরিদ্র কর্ম্মের বিপাকে॥ ২৭৩

নাহি তার কন্যা পুত্র, শ্বশুর-কন্যা দোসর মাত্র,
ন অন্ন ন বস্ত্র বারিপাত্র।
বার মাস ব্যাকুল তনু, শীতকালে ভরসা ভানু,
বরষায় ভরসা তালপত্র॥ ২৭৪

কুরুক্ষেত্র-বার্ত্তা শুনি, কহে সেই দ্বিজরমণী,
ওহে কান্ত! সহে না সহে না।
কত কাল কাটাব কান্ত! দন্তে আর দিয়া দন্ত,
অন্নাভাবে অন্তায় যন্ত্রণা॥ ২৭৫

আমায় কর অনুগ্রহ, করগে দান প্রতিগ্রহ,
সুখে কিছু দিন করি পতির সেবা।
লইতে দান সেই রাজ্য, যাও হে তুমি ভট্টাচার্য!
দশে কর্ম্ম করিলে দোষে কেবা॥ ২৭৬

রক্ষে করিবে পরকাল, ভিক্ষা ক'রে চিরকাল,
পুণ্যপথে আছ নিরবধি।
তুমি যে কর ধর্ম্মাচার, পাত্রাপাত্র সুবিচার,
দেখিয়া ভাল করেন কই বিধি॥ ২৭৭

বিধাতার এই কি বিচার ?

বিধাতার অবিচারে লোকের হয় দুঃখ।
সারকুড়ে জল থাকে, সরোবর শুষ্ক।
বামশেলের অগ্রে ঘটে শালপত্র।
সাকারা কন্যার ভাগ্যে নাকারা পাত্র।
মধুফল আম্রে দেখ হয় কত বিঘ্ন।
বাবলার ফলে নাই, কোন কালে ভয়।
বিধিমতে করি আমি, বিধাতারে নিন্দা।
ভাঁড়ানীর সাত বেটা, রাজরাণী বন্ধ্যা।
বিধাতার অবিচারে তুমি শ্রীকান্তে!
চিন্তিয়া কর চিরকাল অন্ন-চিন্তে। (ঈ)

দ্বিজ বলিছে, সীমন্তিনি! তুমি বট মোর সুমন্ত্রিণী,
তব বাক্য ব্রহ্ম করি ধরি।
দ্বিজ অমনি ত্বরায় করি, করিলেন গৃহ পরিহরি,
শ্রীহরির যজ্ঞেতে শ্রীহরি॥ ২৮৩

পথশ্রান্তে দ্বিজবর, ক্ষুধানলে কলেবর,
জলে—চলে কেবল বাতাসে।
কষ্টেতে না চলে কায়া, কৃষ্ণ! কি তোমার মায়া,
বলে আর নয়নজলে ভাসে॥ ২৮৪

—

দেশ-সিন্ধু—আড়া

দিবে দুর্গতি দীননাথ! দীনে কত দিন।
কবে দয়া হবে, পাব সুদিন সেদিন।
এই যে কু-আশার,—এ সংসার,—
প্রশংসার কি হে, বেদ-তন্ত্রসার,—
যাহা সার-সারাংসার, ভবে অসার চিরদিন। (দ)

—

কায়-ক্লেশে যোগে-যাগে, যত্নে যজ্ঞেশ্বর-যাগে,
উপনীত দরিদ্র ব্রাহ্মণ।
দ্বিজে দেখি জ্ঞানবান, ভক্তিভাবে ভগবান,
করেন মধুর সম্ভাষণ॥ ২৮৫

বসাইয়া রত্নাসনে, বিচার দ্বিজের সনে,
করেন কমলাকান্ত কত।
দেখে দ্বিজের বিদ্যা-সাধ্য, হরপূজ্য বড় বাধ্য,
প্রশংসা করেন শত শত॥ ২৮৬

[1]প্রকাশ পায় বিদ্যার ব্যুৎপত্তি[1], হরির কাছে প্রতিপত্তি,
হ'য়ে দ্বিজ হর্ষ বড় মনে।
শুভলগ্নে উপস্থিত, সম্পূর্ণ করেছি প্রীত,
আমি তো দ্বারকা-নাথ সনে॥ ২৮৭

যত অগণ্য ভাট অগ্রদানী, ইহাদিগে চক্রপাণি,
দান করেছেন হাজার টাকা বসি।
আমাকে দিতে পারেন না অল্প, পঞ্চাশ হাজার ন্যূনকল্প,
অনুমান বরং কিছু বেশী॥ ২৮৮

জন পঁচিশেক কোমরবন্দ, সঙ্গে যদি দেন গোবিন্দ,
সন্দ পথে—অনেকগুলি টাকা।
মাটির ঘরেতে হবে না গাড়া, সম্মুখ বরষায় ইট পোড়া
হয় কি রূপে মুস্কিলের লেখা॥ ২৮৯

হেথা হরি ভাবিছেন মনে, কি দান দিব এ ব্রাহ্মণে,
রাজ্য দিলে গুণের শোধ নয়।
কহেন মাধব রঙ্গে, এস হে দ্বিজ! তোমার সঙ্গে,
কোলাকুলি করি মহাশয়॥ ২৯০

ব'লে নানা মিষ্ট বোল, তুষ্ট হয়ে দেন কোল,
কৃষ্ণ তাঁরে সভা-বিদ্যমানে।
দেখে ভাল-বাসাবাসি, আহ্লাদে রাখিতে হাসি,
পারে না দ্বিজ,—আবার ভাবে মনে॥ ২৯১

আমার সঙ্গে যত সখ্য, তবে আমাকে দু তিন লক্ষ,
টাকা দিবেন আর কি তার কথা।
এই রূপে যায় দিন সকল, আবার উঠে দিলেন কোল,
কৃষ্ণ করেন কত রসিকতা॥ ২৯২

ভানু অস্ত-প্রায় গগনে, ব্রাহ্মণ আকাশ গণে,
ভাবিছে [2]দেওয়া কোথায় কথা কৈ[2]।
না জানি কি দেন গোপাল, আট-কপালের যেমন কপাল,
কোলেতে বিদায় পাছে হই॥ ২৯৩

দ্বিজ বলে, আসি প্রভু! কৃষ্ণ বলেন, এস প্রভু!
দ্বিজ ভাবে,—তবেই দফা সাঙ্গ।
বড় আশা করিলাম মনে, কোথা রাজ্য,—কোথা বনে!
ব'লে বহে নয়নে তরঙ্গ॥ ২৯৪

বিদরিয়ে যায় হিয়ে, দ্বারের বাহিরে গিয়ে,
বলে রে বিধি! এই ছিল তোর মনে!
হেঁটে মলাম মাসাবধি, মাসাটাও পেতেম যদি,
ঘরে গিয়ে মুখ দেখাই কেমনে॥ ২৯৫

খাম্বাজ—আড়খেমটা

মরি হায় রে, বিধি! কি কপালের দায়!
এসে আশা ক'রে বন্ধ্যা-বিচার,
সন্ধ্যাকালে বাক্‌দানে বিদায়॥
[3]দিয়ে কোল[3] কণ্ঠা ধ'রে,
আগে প্রাণটা দিলেন শীতল ক'রে,
শেষে বিদায় দিলেন ঘণ্টা নেড়ে,
সন্তাপে প্রাণ যায়॥
চক্ষু নাই আমার পানে,
করি সূক্ষ্ম বিচার হরির সনে,
একি দুঃখ, হেলে, মূর্খ বামুন হাজার টাকা পায়॥ (ধ)

রোদন করি দ্বিজ যায়, পুনরায় যদুরায়,
ডাকি দ্বিজে করেন শীলতা[4]।

পাঠান্তর: ১-১। প্রকাশ করে ব্রত পত্তি—গ; প্রকাশ পায় ব্রত পত্তি—ঘ। ২-২ দেওয়ার কথা কৈ—ক, খ।
৩-৩ কোলাকুলি—ক, খ। ৪ শীতল—ক, খ।

কহেন গোলক-স্বামী, বিস্মৃত হয়েছি আমি,
[১]জল গ্রহণ করুন কিছু হেথা[১] । ২৯৬
জলপাণি-দ্রব্য সব, আনয়ন করি কেশব,
দ্বিজেরে দিলেন গুণনিধি ।
বৃক্ষফল নানা রস, মধুর আম্র আনারস,
ফুলপুত কদলী কাঁটালাদি ॥ ২৯৭
কাঁকুড় তরমুজ শশা, নানা রস তিক্ত কষা,
বাতাবি দাড়িম্ব নারিকেল ।
মর্ত্তমান রম্ভা নাম, খর্জ্জুর গোলাপ-জাম,
বাদাম [২]বকুল কুল বেল[২] ॥ ২৯৮
[৩]দিলেন দ্বিজে বরবটি বুট, খাসা দালিমের ফুট[৩],
সকরকন্দ আলু আদা মূলো ।
দেশেতে সন্দেশ যত, সে নাম করিব কত,
যতনে দিলেন কত গুলো ॥ ২৯৯
পক্কার পানিতুয়া, মণ্ডা মতিচুর মেওয়া,
শর্করা সরবৎ সরভাজা ।
ওলা মিছরি কদমা পেঁড়া, বরফি ছাবা ছেনাবড়া,
ক্ষীরতক্তী ক্ষীরপুলি খাজা ॥ ৩০০
জিলেপি গোল্লা নবাৎ খাসা, কাটা-ফেনি ফুলবাতাসা,
নিখুতি এলাচ-দানা সাকোর-পোলা ।
দিয়া ছানা শর্করা, সখের সন্দেশ পাক করা,
দেখে দ্বিজ আহ্লাদে উতলা ॥ ৩০১
বলে হ'তেম তো অমনি বিদায়, ঘর পোড়ার[৪] কাঁসা আদায়,
ব'লে জিজ্ঞাসেন তন্নিকটে[৫] ।
দ্রব্যগুলি উৎকৃষ্ট, নিবেদিব কি হে কৃষ্ণ!
নিবেদিত কি অনিবেদিত বটে । ৩০২
কহেন শ্রীমধুসূদন, স্বচ্ছন্দে করুন নিবেদন,
এখনি কিনে আনালেম সম্মুখে ।
শুনিয়ে দ্বিজ দরিদ্র, নিবেদেন ধেনু-মন্ত্র,
শ্রীকৃষ্ণায় নমো বলে মুখে । ৩০৩

—

জয়জয়ন্তী—যৎ

গ্রহণং কৃষ্ণ হে গোবিন্দ ! সব নিবেদয়ামি ।
দৈন্য দ্বিজবরে কৃষ্ণ ধন্য হে ! গোলোকস্বামী ॥
ইন্দ্র-ভোজনীয় দ্রব্য প্রাপ্ত হয়েছি আমি ।
কোথা পাব, এ সব কেশব ! অন্নাভাবে ভ্রমি ॥ (ন)

—

দ্বিজ অতি শুদ্ধচিত্ত, সুব্রাহ্মণ সুপবিত্র,
মন্ত্রপূত করি কৃষ্ণে দিলে ।
সাঙ্গ হৈল নিবেদন, বসিয়া বংশীবদন,
বদনে আনন্দে দেন তুলে ॥ ৩০৪
না রাখিলেন অবশিষ্ট, দ্বিজ তাই করিয়া দৃষ্ট,
অদৃষ্টে হাত দিয়ে ভাবিতেছে ।
বলে, ছি ছি ! একি কাণ্ড, আরে মল কি পাষণ্ড !
এমন ব্রহ্মাণ্ডে কেবা আছে ॥ ৩০৫
ব্রাহ্মণে সামগ্রী দিয়ে, আপনি খেলে কি লাগিয়ে,
এ যে অধার্ম্মিক[৬] অজামিল অপেক্ষে ।
আমার ভিক্ষায় প্রয়োজন নাই, এক্ষণেতে রক্ষা পাই,
দস্যুর[৭] হাতে প্রাণটা পেলে ভিক্ষে । ৩০৬
করে আশাভঙ্গ দুরাশয়, পাতে দিয়ে কে'ড়ে লয়,
এমন অধম দয়া-শূন্য ।
পরে হবে কি পাপিষ্ঠ, যমের ভয় করে না কৃষ্ণ,
ব্রাহ্মণের করে মনঃক্ষুণ্ণ । ৩০৭
যাগ-যজ্ঞ সকলি মিছে, যে সব অর্থ দান দিতেছে,
ভেড়ে ক'রে কেড়ে আনবে শেষে ।
ল'য়ে দান সব হবে হত, টোপ্ দিয়ে মাছ ধরা-মত,
ব'লে বিপ্র চলিল স্বদেশে ॥ ৩০৮
হেথা দ্বিজ গেল কুরুক্ষেত্র, এই কথা শুনিবা মাত্র,
প্রতিবাসিনী যত গৃহস্থ-নারী ।
পাড়াশুদ্ধ সব আসিয়ে, ব্রাহ্মণীর কাছে গিয়ে,
চারি দিকে দাঁড়ায় সারি সারি ॥ ৩০৯

পাঠান্তর : ১-১ হেথা গ্রহণ করুন কিছু জল—ক, খ । ২-২ বকুল জাম কুল—৮ ক ; বকুল জাম বেল—খ । ৩-৩ দিলেন তাজা বরবটি বুট খাসা দাড়িম্ব ফুটি—ক, খ । ৪ পোড়াকে—খ । ৫ কৃষ্ণ-সন্নিকটে—ক, খ । ৬ ধার্ম্মিক—ক, খ । ৭ দুষ্টের—ক, খ ।

বলে, হোক্ হোক্ আহ্লাদের কথা, ঠাকুরটি গিয়েছেন তথা,
যজ্ঞের বড় জাঁক শুনলেম আমি।
নগদ জিনিসে সর্ব্ব-শুন্ধ, বড় কম নগদ হাজার মুদ্র,
শেষকালে খুব সুখ হলো মামি ॥ ৩১০
কয় হিতের কথা হীরামণি, সম্পর্কে নাতিনী তিনি,
ঠাকুরণদিদি! ঠাউরে কর্ম্ম ক'রো।
খেয়ে ক'র না ছাবথার, আখেরে হবে উপকার,
গড়িয়ে কিছু অলঙ্কার প'রো ॥ ৩১১
লাগিবে গহনায় যত টাকা, এখনি তার কর লেখা,
আসিবা মাত্র খুলে নিও তোড়া।
এখনকার যে সব কস্তা, শাড়ীগুলি ভারি সস্তা,
আসছে হাটে, কিনো এক যোড়া ॥ ৩১২
টোপতোলা বাই দখ্নে শাঁখা,
দাম কোথা তার আড়াই টাকা,
আগে লও হাত দুটা তো ঢেকে!
শেষে নিও কানবালা, হঠাৎ এক-গাছ জোনারে বালা,
আজি গড়ুক, সেকরাকে দাও ডেকে ॥ ৩১৩
এখনকার হয়েছে মত, বিবিয়ানা মুখভরা নথ,
গড়িয়ে একটা তাই প'রো স্বচ্ছন্দে।
বাটাপানা মুখে দিবে ঝলক, উঠেছে খাসা ঝুমকো নোলক,
তাতাতিব মাগ তাতে কিসে নিন্দে ॥ ৩১৪
এখন তোমার পড়িল পাশা, গড়ায়ে নিও ঝুমকো খাসা,
গেঁথে মুক্ত ফেরাও ক'রে তারে।
উপর কানে প'রো পিপুলপাতা, পায়ে প'রো পঞ্চমপাতা,
ঠাকুরণদিদি! যার থাকে সে পরে ॥ ৩১৫
গলে প'রো পাঁচনরী হার, হারে বড় দেয় বাহার,
চিকমালায় চিক্-চিক্ করিবে গলা।
নয় লম্বা নয় বেঁটে, নাকটি তোমার যুতের বটে,
ময়রে একখানি বেশর 'পরা সলা'[১] ॥ ৩১৬
দরিদ্র-দশায় উজ্জ্বল, বিধবা হলেই পরিচ্ছন্ন,
গায়ে ভ'রে উঠবে খেতে মাখতে।
গড়িয়ে নিও কোমরবেড়া, গোটা গোটা গোট্ একছড়া,
পুরস্ত পাছায় চুড়স্ত লাগবে দেখতে ॥ ৩১৭
বয়েস একটু হচ্ছে ভারি তাতেই হঠাৎ বলিতে নারি,
গোল-মল্টা প'রো কিছু দিন যদি!
কিছু পরিতে নাই বাধা, যদ্দিন আছেন ঠাকুরদাদা,
তদ্দিন তোমাকে সাজে ঠাকুরণদিদি ॥ ৩১৮
দশ আঙ্গুলে চুটকি প'রো, চুটকি চাটকী কিছু না ছাড়,
গায় দশ তোলা,—তাই থাকিবে তোলা।
দৈবের কর্ম্ম বিধবা হ'লে, কে করে তত্ত্ব ভাতার ম'লে,
যা সাইৎ কর এই বেলা এই বেলা ॥ ৩১৯
যা যখন পাও ঝাঁপিতে পূরো, মিন্‌সে দেখছ খেয়ে-ঝুরো,
পেয়ে ধন পস্তান না হয় দেখো।
ছুনোছুনি বান্ধা নিয়ে, আনা সুদে কর্জ্জ দিয়ে,
খাটিয়ে খুটিয়ে সঞ্চয় করে রেখো ॥ ৩২০
অমঙ্গলের কথাটা বলা, তোমার কাছে হয় না বলা,
ঠাকুরদাদা গা-তোলার মধ্যে।
হলো অনেকের সঙ্গে চেনাচিনি, করিতে হবে লুচি-চিনি,
চিড়ে দই সাজিবে না তাঁর শ্রাদ্ধে ॥ ৩২১
এই মতে হয় রসিকতা, বলিতে বলিতে কথা,
হেন কালে ব্রাহ্মণ আইল।
আস্তে ব্যস্তে দ্বিজনারী, পদ-প্রক্ষালন-বারি,
দিয়ে বলে,—এত যে গৌণ হলো? ৩২২
বদন কি জন্যে ভারি, কত দূরে আছে ভারী?
কি আন্দাজ নগদে জিনিসে।
দ্বিজ বলে, শুনে সে কথা, ঠাউরে বলি ঘুরিছে মাথা,
পেটরা খুলে থাক একটু বসে ॥ ৩২৩
ভাগ্য মোর ফিরেছে সতি! কোল দিয়েছেন যদুপতি,
ফলিবে যাত্রা, কুলায়ে দিয়াছেন কালী।
কত পুণ্য করেছিলে, পেয়েছ পতি আট-কপালে,
আমি পেয়েছি নারী পোড়াকপালী ॥ ৩২৪
যা হবার হয়েছে হদ্দ, এবারকার-মত হাট-হদ্দ,
বদ্ধ হয়ে গৃহে আর কি কার্য্যে।

পাঠান্তর: ১-১ চাই উজ্জ্বলা—ক, খ।

এতেক বলি ব্রাহ্মণ, তপস্যা-কারণ বন,
প্রবেশিল সঙ্গে লয়ে ভার্য্যে। ৩২৫

* * *

কুরুক্ষেত্রে শ্রীরাধিকার আগমন

হেথা কুরুক্ষেত্রে দান, করিছেন ভগবান
ব্রজবাসী সব এলো অগ্রেতে।
সঙ্গে কুলকামিনী, হ'য়ে গজেন্দ্র-গামিনী,
বৃকভানুনন্দিনী পশ্চাতে। ৩২৬
আগমন কুরুক্ষেত্রে, রাইকে নিরখিয়ে নেত্রে,
দ্বারকার রমণী মাত্রে বলে।
কি ভবানী সুরধুনী, কোন্ ধনীর ও ধনী লো ধনি!
ভুবন-মোহিনী মহীতলে। ৩২৭
কেউ বলে, ও নয় কামিনী, গগনের সৌদামিনী,
আসছে করি ভূতলে উদয় গো।
কেহ বলে, ও রূপসী, তারা ঘেরে আসিছে শশী,
কহেন রুক্মিণী সতী, তা নয় তা নয় গো। ৩২৮

খট্—যৎ

ও নয় গো গগনের চাঁদ, গোকুলচাঁদের শিরোমণি।
ব্রজের আদ্যাশক্তি রাধা মুক্তি-প্রদায়িনী।
দেখ পদদুখানি, প্রভাতেরো ভানু জিনি,
বৃকভানুসুতা ভানুজ-ভয়বারিণী।
চাঁদের কি এমনি বরণ, ঢেকেছে রবির কিরণ,
হ্যাঁ গো, চন্দ্রোদয়ে মলিন কি হয় দিনমণি। (প)

অষ্ট-সখী-মালা, মধ্যে রাজবালা,
উপনীত সেই খানে।
পড়িল দুর্য্যোগে, হরি দৈবযোগে,
চান চন্দ্রাবলী-পানে। ৩২৯
নয়নে নয়ন, কমল-নয়ন,
করেন গোপন ছলে।
আড়চক্ষে চাই, নিরখিয়ে রাই,
অভিমানে যান জ্ব'লে। ৩৩০
কিরূপেতে সই, দেখ্ রে বৃন্দে সই!
বিশ্বরূপের আচরণ।
পড়ে ছিলাম ধরা, ধরে এনে তোরা,
দুঃখ দিলি কি কারণ। ৩৩১
ও পীতবসন, মুখ দরশন,
জনমে নাহি করিব।
ও ছার বাসনা, কানকাটা সোনা,
আর ত নাহি পরিব। ৩৩২
যে ঘরেতে ফণী, প্রবেশিল ধনি!
কি সুখেতে বাস করি।
রাহুগ্রস্ত বিধু, বিষমাখা মধু,
আমার হইল হরি। ৩৩৩
যে দেহেতে রোগ, সদা করে ভোগ,
সে কায়ার মিছে মায়া।
অপ্রিয়বাদিনী, জায়া যার জানি,
যায় যাক সেই জায়া। ৩৩৪
ওগো সখীগণ! শোন্ কথা শোন্,
তোরা যদি মোর হবি।
ও পাপ-মাধবে, ব্রজে যেতে হবে,
এ অনুরোধ না করিবি। ৩৩৫
পতিতপাবন, গেলে বৃন্দাবন,
আমার কি লাভ হবে!
লইয়ে কেশবে, এ সব কে সবে,
বল্ তোরা সখী সবে। ৩৩৬
কৃষ্ণ-দরশন, কৃষ্ণ-আলাপন,
হবে না এ শরীরেতে।
প্রতিজ্ঞা আমার, করব না ব্যাভার,
কৃষ্ণের ক-অক্ষর যাতে। ৩৩৭
দেখব না কমল, কালিন্দীর জল,
কাজল আর পরিব না।
ত্যজিব কলসী, আর কোশাকুশী,
কুশাসনে বসিব না। ৩৩৮

কপট কঠিন, কর্ম্ম-ক্রিয়া-হীন,
কুজনে কথা কব না।
'পুষব না' কহিলে, কুচক্রী কুটিলে,
কুবদন দেখিব না॥ ৩৩৯
যদি কোকিলে কুহরে, এ কর্ণকুহরে
না শুনিব ধ্বনি আর।
পরিব না সখি! কদম্ব কেতকী,
করবী-কুসুম-হার॥ ৩৪০
পূজিব না কালীকে, কাত্যায়নী মাকে,
কারণবারি প্রদানে।
কাঞ্চন-আভরণ, করেতে কঙ্কণ,
কুণ্ডল না দিব কানে॥ ৩৪১
কদম্ব-নিকটে, কিম্বা কেশীঘাটে,
কংসারিকে নাই চাব।
কালো না হেরিব, কৃষ্ণ তেয়াগিব,
কালো কেশ ঘুচাইব॥ ৩৪২

খাম্বাজ—যৎ

আমি দেখিব না সই! বংশীবদনের বদন।
দেখিলাম চন্দ্রাবলীর 'সঙ্গে হরির নয়নে নয়ন'॥
যেমন কৃষ্ণ-ব্যাধিকে বলি, বেঁধেছে চন্দ্রাবলী গো,
দুঃখ কারে বলি, কে শুনে বাই দুঃখিনীর রোদন।
জন্মের মত এই যে আসা, ঘুচিল কৃষ্ণপ্রেমের আশা, সই!
আমার আজি অবধি হলো, কৃষ্ণের বিচ্ছেদ ভূষণ॥ (ক)

শ্রীকৃষ্ণকে বৃন্দার ভর্ৎসনা

করিয়ে অনেক নিন্দে, ছি ছি ব'লে শ্রীগোবিন্দে,
কহিছে চতুরা বৃন্দে, দেখেছি দৃষ্টি করা।
আছে সেই বুদ্ধি সেই ব্যাভার, কিসে চালালে রাজ্যভার,
ত্যজে কাঞ্চন কাচে সার, অত্যাপি তাই পরা॥ ৩৪৩

অট্টালিকা ক'রে বাদ, তাল-পত্র কুঁড়ে সাধ,
ঘৃতের না বুঝে স্বাদ, শাকে সুখ হে সখা!
শিয়রে সুরধুনী রেখে, করে তর্পণ কূপোদকে,
দর্পণ রাখিয়া ঢেকে, জলেতে মুখ দেখা॥ ৩৪৪

জানি ত আমরা সমুদায়, ঐ চন্দ্রাবলীর দায়,
প'ড়ে দায় ধরেছ পায়, গায় ভস্ম মেখে।
রাধা-চরণে প্রণিপাত, ওহে কৃষ্ণ! কি উৎপাত,
আড়নয়নে দৃষ্টিপাত, আবার তারে দেখে॥ ৩৪৫

কর কর্ম্ম জায়-বেজায়, বাঁচিনে আর লজ্জায়!
দিন কত কাল কুব্জায়, লয়ে হ'লে বিব্রত[৩]।
গেল কিছু কাল ঐ রঙ্গে, হাসাইয়ে বৈরঙ্গে,
সাঁতার দিয়ে সে তরঙ্গে, দ্বারকা গেলে নাথ॥ ৩৪৬

কত রঙ্গ সেখানে গিয়ে, হলো যে রুক্মিণী প্রিয়ে,
ষোল শত আট বিয়ে, কর্‌লে কি লাগিয়ে?
তুমি বড় হ'লে হে ভগবান! তবু হলে না জ্ঞানবান,
হানিব কত বাক্যবাণ, আমরা দাসী হ'য়ে॥ ৩৪৭

সেকালে যে রাখাল ছিলে, নিন্দে ছিল না নন্দের ছেলে,
যশোদার কাঁচা ছেলে, বলিত সবাই ব্রজে।
এখন তো আর বওনা বাধা, উতুরে গেছে বয়েস আধা,
হয়েছ নাতির ঠাকুরদাদা, আর কি কিছু সাজে॥ ৩৪৮

শোভা পেয়েছে বল কোথা, সাবালকের বালকতা,
দুষ্ট নজর দুঃশীলতা, উচিত এখন ক্ষান্ত।
দুদিন বৈ হে হৃষীকেশ! পড়িবে দন্ত পাকিবে কেশ,
রোগের কি হবে না শেষ, সে দিন পর্য্যন্ত?॥ ৩৪৯

আমরা মনে করিতাম সদা এমনি, গোবিন্দ হয়েছেন জ্ঞানী,
জ্ঞান না হ'লে রাজধানী, চালান কিরূপ বসি।
আছে বুদ্ধি-সাধ্যি সকলি তাই, কেবল নাই ধড়া ধবলি গাই,
বুড়ো বয়সে চূড়াটি নাই, বেশটি কেবল বেশী॥ ৩৫০

জ্বলে বিচ্ছেদাগুন শতবর্ষ, প্রেম-বারি যদি বর্ষ,
যদি জলধর! হর্ষ, কর শ্রীরাধায় হে।

পাঠান্তর: ১-১ কুন্তল—ক, খ, পুষ্প—গ। ২-২ নয়নে হরির নয়ন—ক, অঙ্গে হরির নয়ন—খ। ৩ বিবর্ত—খ।

যে জন-জন্মেতে জলি, সে জন দিয়ে জলাঞ্জলি,
পবন হয়ে চন্দ্রাবলী, জলধর উড়ায় হে ॥ ৩৫১

শ্রীকৃষ্ণ-রাধিকার মিলন

বৃন্দের শুনি বচন, করিতে বিচ্ছেদ-মোচন,
ধরিয়ে প্যারীর চরণ, সাধনের ধন সাধে।
করেছি দোষ পায় পায়, অনুপায় ধরেছি পায়,
আজি আমায় রক্ষ কৃপায়, অপরাধে রাধে ॥ ৩৫২
শুনে বাক্য সুমধুর, দুর্জ্জয় অভিমান দূর,
সুখে মগ্ন সুরাসুর, যুগল দর্শনে।
সাঙ্গ হৈল মহোৎসব, স্থানে স্থানে যান সব,
প্রণাম করি কেশব, যুগল-চরণে ॥ ৩৫৩
দরশন-অসি ধরি, বিচ্ছেদ ছেদন করি,
ব্রজগোপীকে করেন হরি, মুক্ত শোকানলে।
অংশ যায় দ্বারকায়, পূর্ণ-ব্রহ্ম শ্যামকায়,
বামে ল'য়ে রাধিকায়, বিরাজেন গোকুলে ॥ ৩৫৪

সুরট—ঝাঁপতাল

শক্তি রাধিকার সনে, শ্যাম শোভিত স্বর্ণাসনে,
সাদরে সাধক সব সাজিল সন্দর্শনে ॥
সব সখী-সদনে, সঘনে সজল সচন্দনে,
সাধে সনক-সনাতন-স্মরণীয় সনাতনে ॥
শ্যামসুন্দর-সহিত শত বৎসর, স্বতন্তর
সবে শব-শরীর, শরশয্যা করি শয়নে।
সুখ-সাগরে শুক শারী, '[1]কিশোরী-শ্যামের সহ স্বনে[1]'।
সাধন-সম্বল-স্মরণ-শূন্য দাশরথি ভণে ॥ (ব)

৩০। প্রহ্লাদ-চরিত্র

হিরণ্যকশিপুর কৃষ্ণ-দ্বেষ

শ্রবণে সুখ শুক-বাক্য, মহাবীর হিরণ্যাক্ষ,
হিরণ্যকশিপু নাম ধরে।
দিতি-গর্ভে দুই দৈত্য, দম্ভে[2] কম্পে স্বর্গ-মর্ত্ত্য,
সদা জয়ী সমরে—অমরে ॥ ১

দৈত্য-ভয়ে অপদস্থ, দেবগণ বিপদস্থ,
স্বপদ-রহিত সর্ব্বজনে।
দেখে ঘোর তেজস্কর, ভাস্কর মানে দুষ্কর,
শমন স্বমনে শঙ্কা গণে ॥ ২

বরাহ-রূপে দেব হরি, দেবারিগণের অরি,
পাতালে বধেন হিরণ্যাক্ষে।
ভ্রাতৃ-শোকে দহে বপু, রাজা হিরণ্যকশিপু,
সদা দ্বেষ করে কৃষ্ণপক্ষে ॥ ৩
যে বলে বদনে হরি, লয় তার প্রাণ হরি,
আগুনে পোড়ায় তার পুরী।
নারায়ণ-ভক্ত যারা, না রয় নিকটে তারা,
দ্বেষ দেখে হৈল দেশান্তরী ॥ ৪
দনুজের পঞ্চ কুমার, অনুজ প্রহ্লাদ তার,
কুলের তিলক কৃষ্ণ-ভক্ত।
বয়সে পঞ্চম বর্ষে, হরি-গুণে আছেন হর্ষে,
বিষয়ে বিরক্ত অনুরক্ত ॥ ৫

পাঠান্তর : ১-১ কিশোরী শ্যামের সনে—গ। ২ দম্ভে—গ।

ষণ্ডামর্কের পাঠশালে প্রহ্লাদের বিদ্যাভ্যাস

ষণ্ডামার্ক অধ্যাপক, বিদ্যায় অতি ব্যাপক,
ডাকিলেন দুজনে রাজন্।
অধ্যয়ন করিবারে, সঁপেন পঞ্চ কুমারে,
ল'য়ে শিশু চলিল দুই জন। ৬
শিশুগণে দণ্ডে দণ্ড, শিক্ষা দেন দ্বিজ ষণ্ড,
যত শিশু ষণ্ড-মতে পড়ে।
প্রহ্লাদের নাহি মন, বিনে সেই রাধারমণ,
অন্য পাঠ গণ্য নাহি করে। ৭
মুদিত করিয়া আঁখি, হৃৎকমলে কমলাঁখি,
চিন্তিয়া বিক্রীত পদদ্বন্দ্বে[1]।
আবার শঙ্কা করি পিতৃপক্ষে, দেখেন পুস্তক চর্ম্ম-চক্ষে,
জ্ঞান-চক্ষে দেখেন গোবিন্দে। ৮
কন, ভক্ত-শিরোমণি, কি হবে হে চিন্তামণি!
তোমারে কেন হারাই হৃদয়ে!
অদ্যাপি আমার মন, মধ্যে মধ্যে শ্রীচরণ,
বিস্মরণ হয় দৈত্য-ভয়ে। ৯
হর হে হরি! দাস-ত্রাস, মতির দুর্ম্মতি নাশ,
আর ক্লেশ দেহ কি কারণ।
বিরলে শিশু বসিয়ে, ভক্তি-ভাব প্রকাশিয়ে,
কৃষ্ণ ব'লে করেন রোদন। ১০

—

খাম্বাজ—কাওয়ালী

কর শ্রীনাথ! অনাথে করুণা।
মন ভ্রান্ত তন্নাম স্মরে না ;
শান্ত হ'লো না অবসান ত দিবে,
এ ভ্রান্তমতি মন নিতান্ত,
করে হরি! কৃতান্ত-বাসে যেতে বাসনা॥
দুঃখ হরিবার কারণ, হরি হে! তব চরণ,
স্মরণ সদা করিবার কারণ,
বিনয়ে বলি বার বার, দুরাচার এ মানসে,
না শুনে রিপু-বশে[2], মন তো ভুলালে যম-যন্ত্রণা।
জ্বলে, হরি! যন্ত্রণা ভেবে করি কি মন্ত্রণা॥ (ক)

—

প্রহ্লাদের ভাব দেখি কহিতেছে ষণ্ড।
কি কাল হইলি, ওরে অকালকুষ্মাণ্ড। ১১
জনকের সুখজনক সেই বিদ্যা পড়।
শুন বার্ত্তা ও দুরাত্মা! ও দুর্ব্বাক্য ছাড়। ১২
মজিলি কেন, হ'য়ে পুত্র, পিতার শত্রু-গুণে।
দোর্দ্দণ্ড প্রাণদণ্ড করিবে যদি শুনে। ১৩
প্রহ্লাদ কহেন গুরু! কৃষ্ণ শাস্ত্রে দৃষ্ট।
কে বধিবে জীবন, জীবন সেই কৃষ্ণ। ১৪
যে জন জীবন-কৃষ্ণ প্রতি করে দ্বেষ।
আপনার জীবন আপনি করে শেষ। ১৫
মুক্তি পাব আমি যাতে আছি তার বিহিতে।
তুমি কেন আমারে রহিত কর হিতে। ১৬
যে জন নিষেধে কৃষ্ণ-বচন কহিতে।
তার তুল্য শত্রু মম, কে আছে মহীতে। ১৭
কি দোষে আমারে গুরু! ফেলিবে অহিতে।
হিত ভিন্ন অহিত কি করে পুরোহিতে? ১৮
প্রাণকৃষ্ণ-নিন্দে প্রাণে পারি নে সহিতে।
আলাপ করি নে কৃষ্ণ-দ্বেষীর সহিতে। ১৯
কৃষ্ণ ভিন্ন অন্য কথায় না পারি রহিতে।
গুরু! "আমি অন্যভাব পারি নে সহিতে"[3] ॥২০
করি নে সংসার-বাঞ্ছা কি পুত্র দুহিতে।
কি ফল দুর্গমে প'ড়ে, অশেষ হ্রদেতে[4]। ২১
গুরু! সে ক'রো না আমার মতিকে মোহিতে।
ফেলো না পাপ-আগুনে, আমারে দহিতে। ২২
কৃষ্ণ-নাম-সুধা-পান করি আনন্দেতে।
সদানন্দে সদা কাল আছি তাতে মেতে। ২৩
শুনে বাক্য কোপাক্ষ করিয়া ষণ্ড বলে।
মজিলি মজালি ওরে কুলাঙ্গার ছেলে। ২৪

পাঠান্তর : ১ পদারবিন্দে—গ, ঘ। ২ রিপুরসে—ঘ। ৩-৩ অন্য ভাব পারিনে বহিতে—গ, ঘ। ৪ স্রোহিতে—গ, ঘ।

সর্ব্বদা সুশিক্ষা তোরে দিই শত শত।
যাতে মানা করি, হবি তাতে তুই রত। ২৫
যাতে তুষ্ট হবে পিতা, বদনে সেই ভাব ভাব।
করো শেষে, শিশু বয়সে, ও সব সন্ন্যাস-নাশ। ২৬
তাড়না করিয়া যণ্ড, যত নিজ বলে বলে।
তত শিশুর প্রেম-ধারা নয়ন-যুগলে গলে। ২৭
জপিছেন অবিশ্রাম শ্রীরাধারমণে মনে।
প্রহলাদের প্রমাদ নগরবাসিগণে গণে। ২৮

* * *

হিরণ্যকশিপুর নিকট প্রহলাদের বিদ্যাপরীক্ষা

গত হলো সংবৎসর, এক দিন দনুজেশ্বর,
পঞ্চ পুত্রে ডাকেন আহ্লাদে।
বিদ্যা হলো কি সঞ্চয়, প্রথমত পরিচয়,
জিজ্ঞাসেন কুমার প্রহলাদে। ২৯
ওরে প্রহলাদ প্রাণধন! কি বিদ্যা করলি সাধন,
বল দেখি শুনি রে সম্প্রতি।
তুই আমার প্রিয় সন্তান, এ সম্পৎ-সম্প্রদান,
সকলি হইবে তোর প্রতি। ৩০
জুড়াক রে মোর চক্ষু মন, অক্ষর দেখি কেমন,
অঙ্কের সঙ্কেত কি শিখেছ।
ব্যাকরণ অভিধান, হ'তেছে কেমন প্রণিধান,
এক্ষণেতে কোন্ পাঠে আছ। ৩১
প্রহলাদ কন, জনক! অন্তে যায় সুখজনক,
সেই বিদ্যাশিক্ষা উচিত বটে।
বসেছি ভবের হাটে, শ্রীনাথের নাম-পাঠে,
শ্রীপাট যাইব যেই পাঠে। ৩২
অঙ্ক বিদ্যা দেখ যত, অঙ্গে হরিনামাঙ্কিত,
বর্ণে শ্যামবর্ণ আছি ধ্যানে।
দুই অক্ষর নাম হরি, লিখি আমি কাল হরি,
অন্য নামের নামেতে থাকি নে। ৩৩

—

[১]খট ভৈরবী[১]—ঠেকা

হরিনাম লিখি, পরিণাম রাখি, হরিগুণ ধরি ধন্য।
হরি ব'লে ডাকি, হরিষে তেজি থাকি,
হেরিনে[২] কাল হরি ভিন্ন।
ফেলিতে বিপাকে, গুরু দেন আমাকে,
যে পুস্তকে হরিগুণ শূন্য।
মজিলে গুরুর পাঠে, গুরুদণ্ড ঘটে,
হেন গুরু মোর অগণ্য। (খ)

—

শুনিয়া প্রহলাদের উক্তি, ক্রোধে হৈল দৈত্যপতি,
কালান্তক শমন যেমন।
করে চক্ষু ঘূর্ণিত, বলে—হ্যাঁরে দুর্নীত!
এ শিক্ষার গুরু কোন্ জন। ৩৪
যার নামে জ্বলে আগুন, পুত্র হ'য়ে শত্রু-গুণ,
পুনঃ পুনঃ আমারে শুনালি।
কালে সুখ হবে জানি, দুগ্ধ দিয়া কালফণী,
পুষে শেষে আপনি বিষে জ্বলি। ৩৫
মন্ত্রি হে! বল বিধান, শিশু পেলে এ সন্ধান,
ইহার অন্তরীভূত কেটা।
এই দণ্ডে দিব দণ্ড, এ শিক্ষা দিয়েছে যণ্ড,
বীজ সেই বিনষ্ট বামুন বেটা। ৩৬
বুকে চাপাইয়া গিরি, ঘুচাব বেটার গুরুতগিরি,
অন্নদাস জন্ম মোর ঘরে।
ওরে বেটা খোলাকাটা! হ'য়ে বসেছ গলাকাটা!
গলাটা কাটিলে রাগ পড়ে। ৩৭
বেটাদের বিদ্যা যত, সকলি আমি জানি ত,
ঘটে শূন্য মোটে ভট্টাচার্য্য।
দেখেছি বেটারা বিয়ের কালে, বলি-দানের মন্ত্র বলে,
রাজপুরোহিত নাম ধরেন আচার্য্য[৩]। ৩৮
চাষার কাছে চটকে চলে, মানুষ দেখলেই মামসে বলে,
গণেশের ধ্যানে মনসা-পূজা করে।

পাঠান্তর: ১-১ ভৈরবী—খ, গ। ২ হরিনে—ক, গ। ৩ আর্য্য—গ, ঘ।

ধরে যদি কেউ শব্দ দুষ্ট, তবেই বলে শ্রীবিষ্ণু,
ভুলেছি ওটা ব'লে ভয়ে মরে। ৩৯
চুপ্‌ড়িতে সাজাতে ভোজ্য, ঐ বিদ্যায় বড় পূজ্য,
দক্ষিণার বিষয়ে খুব খর।
সভা দেখিলেই ছাড়েন হাসি, জেলে-খাদিতে আলো চালি,
বাঁধে বেটাদের ব্যুৎপত্তি বড়। ৪০
আজ্ঞা দেন কিঙ্করে, ধ'রে আন্ শীঘ্র ক'রে,
ষণ্ডামার্কে মোর সভামাঝ।
যে আজ্ঞা বলিয়া চর, উপনীত দ্বিজ-গোচর,
বলে আও রে বোলাইন মহারাজ। ৪১
ষণ্ড বুঝে কুতর্ক, বলে ও ভাই! অমার্ক,
তপনের তনয়ের তলপ রে!
বল দেখি, ভাই! কারে মজাবি, আমি যাই কি তুই যাবি?
দু'জন গেলে বাপের পিণ্ড লোপ রে। ৪২
অমার্ক কয় ষণ্ড দাদা! যদি শাস্ত্র মত কর সমাধা,
কৃষ্ণপ্রাপ্তি জ্যেষ্ঠের আগেই ভাল।
পঞ্চাশ ঊর্দ্ধ বয়ঃক্রম, উচিত তীর্থ-পর্য্যটন,
তীর্থ-মৃত্যু একটা হইলে হ'লো। ৪৩
দূত শুনে দুজনার বোল, বলে রে ক্যা লাগায়া গোল,
জানা কোন্ কোন্ নেহি মাগা[১]।
এয়ছা বাত মেরা সাত, লাগায়কে রক্ষি বান্‌কে হাত,
দোনোকো হুঁই হাজের করনে হোগা। ৪৪
চলে দুই দ্বিজবর, যথায় দনুজবর,
কলেবর থরথর কম্পে।
দূত সঙ্গে দ্বিজদ্বয়, সভায় দেখি উদয়,
দৈত্যরাজ কহেন অতি দম্ভে। ৪৫

———

দৈত্য-রাজসভায় ষণ্ডামর্কের কৈফিয়ৎ

মূলতান[২]—কাওয়ালী

কি পড়া পড়ালি বল্, ও পাষণ্ড ষণ্ড রে!
মম রিপু-গুণগান কেন করে,
এ কি পাপ আমার ঘরে!
এ আমার তনয়, ওরে! নয়, ত নয় নয়!
দিয়ে কালি ওর মুখে, কুলের কালি বালকে,
পুরোহিতে দূর ক'রে দে, দূর ক'রে দে, ও ভণ্ডরে। (গ)

———

দৈত্যরায়-দম্ভে কায় শঙ্কায় কাঁপিছে।
সভায় কাতর দ্বিজ অভয় মাগিছে। ৪৬
বলে অবধান, কৃপানিধান! আশ্রিত এ ষণ্ড।
নিজ কুমার-দোষে আমার, না হয় যেন দণ্ড। ৪৭
কর পরীক্ষে, চক্ষে নিরীক্ষে, যে উচিত কুরু।
যথার্থ কই, আমি নই, ও পাপশিক্ষার গুরু। ৪৮
"মোরে ধরে না, মতে পড়ে না"[*১], করি তাড়না মিছে।
ছেলে তোমার কুলাঙ্গার, গর্ভেতে ক্ষেপেছে। ৪৯
দণ্ডে দণ্ড, দিলে দণ্ড, দেয় না মন পাঠে।
থাকে বিভোলে, কৃষ্ণ ব'লে, সদাই কেঁদে উঠে। ৫০
যত নাম, লিখে দিলাম, সে নাম না লিখে।
ও পাপিষ্ঠ, হরে কৃষ্ণ, কোথা হৈতে শিখে। ৫১
কেলো ফকুরে, ছকো নকুড়ে, সাতক'ড়ে চুড়।
নাম লিখে, দিলাম ওকে, সে অভ্যাসে কুড়। ৫২
নয়না কেণা, গোবর্দ্ধনা, জঙ্গলে আর খুদে।
তাতো লিখে না, চক্ষে দেখে না, থাকে নয়ন মুদে। ৫৩
ওরে শিখাতে কড়া, হাতে কড়া, পড়েছে আমার ক্রমে!
লিখাতে ষট্‌কে, যায় সট্‌কে, আট্‌কে হরির প্রেমে। ৫৪
শিখাতে গণ্ডা, কত গণ্ডা, বাক্য ব্যয় করি।
ক'রে প্রাণপণ, শিখাই পণ, ওর পণ সেই হরি। ৫৫
আমার পণ, দেখে স্বপন, আলাপন করে না।
উহার কে আপন, কিসে পণ, নিরূপণ হ'লো না। ৫৬
সঙ্কেত বিদ্যে, শিখাতে সাধ্যে, ত্রুটি নাই ভূপতি!
উহার মন যে কসা, মণকসা, শিখান ভার অতি। ৫৭

পাঠান্তর: ১ যাগা—ক, গ। ২ মুলতান কানেড়া—ক। *১ মোর মনে ধরে না, মম মতে পড়ে না—ক, খ।

শিখাতে কালি, হয়েছি কালি, ভোগ্‌বো কত কালি।
কহে সে বাণী, কালী তো জানি, কৃষ্ণই আমার কালী ॥৫৮

টোরী—কাওয়ালী।

(মহারাজ!) আমি নিবারিতে নারি তব নন্দনে।
বার বার বারণ করি, ভূপতি!
আমি হে ভজিতে সে বারিদবরণে ॥
শুনে 'রাধিকার, সম অনিবার'[1], বারি বহে নয়নে।
যত শিখাই সুনীতি স্মৃতি কাব্য, শ্রবণ করিয়া, বলে, কি লভ্য,
ভাবিব অসার কথা কেনে ?
ত্রিভঙ্গ-হীন রস-ভঙ্গ,
এ পাঠ ব'লে বলে ভঙ্গ, দিলে কেন এ দীনে[2]।
গিয়ে বিরলে বিরসে ভাসে গোবিন্দ-গুণগানে ॥ (ঘ)

প্রহ্লাদ-বধের উদ্যোগ

মন্ত্রী বলে মহাশয়! এ যাত্রা এ বিষয়,
ক্ষান্ত দেওয়া উচিত ব্রাহ্মণে।
মন্ত্রিবাক্যে ষণ্ড-পক্ষে, দিলেন রাজদণ্ড[3] ভিক্ষে,
রাগ সম্বরণ করি মনে ॥ ৫৯
পড়াইতে পুনরায়, দিলেন দহুজরায়,
কুবাক্য-হীন করিয়া কুমারে।
অমনি আসিয়া আলয়ে, বিরলে শিশুরে ল'য়ে,
বুঝায় বিপ্র বিবিধ প্রকারে ॥ ৬০
থাক্‌তে যদি দিস্ দেশে, ফেলিস্ নে রাজার রেষে,
হিত উপদেশ বাছা! পড়।
তুই মজিলে কৃষ্ণ-পায়, দুটা বামুন কৃষ্ণ পায়,
দয়া ক'রে ঐ নামটি ছাড় ॥ ৬১
প্রহ্লাদ করিয়া হাস্য, হরি ব'লে উদাস্য,
না দেয় কর্ণে কৃষ্ণহীন কথা।
প্রহ্লাদের দেখে কাণ্ড, আঁধার দেখে ব্রহ্মাণ্ড,
ষণ্ড বলে, পলাইব কোথা ॥ ৬২
কিঞ্চিৎ দিবসান্তরে, রাজা অনুমতি করে,
প্রহ্লাদ আইল পুনর্ব্বার।
প্রহ্লাদে লইয়া, কোলে বসাইয়া,
জিজ্ঞাসেন সমাচার ॥ ৬৩
রাজা কন, কি করেছ, বাছা! এবার কি পড়েছ,
প্রহ্লাদ কহেন, শুন পিতে!
পথ-সম্বল করিলাম, হরিমন্ত্র পড়িলাম,
শুনি রাজা কোপান্বিত সুতে ॥ ৬৪
বলে বেটাকে ধর ধর, গর্জ্জে যেন জলধর,
জলদগ্নি-সম জলে কায়া।
ধরি খড়্গ খরশাণ, নাশিবারে যায় প্রাণ,
পাশরিয়া সন্তানের মায়া ॥ ৬৫
প্রহ্লাদ পাইয়া ভয়, করুণা করিয়া কয়,
কোথা হে করুণাময় হরি!
ব্যাকুল ভক্তের প্রাণ, ভক্তে রাখ্‌তে ভগবান,
কৃপাবান হন ত্বরা করি ॥ ৬৬
ক্রোধে গিয়া দিল দর্শন, বিষ্ণু-চক্র সুদর্শন,
অদর্শন অন্ধের নয়নে।
খড়্গ হৈল চূর্ণমান, ভক্তের হৈল পূর্ণ মান,
দৈত্য অপমান মনে গণে ॥ ৬৭
দৈত্য বলে কি কারখানা, খান খান হৈল খড়্গখানা,
ওহে মন্ত্রি! কি আশ্চর্য্য ঘটে।
শুনে কথা মন্ত্রী বলে, লৌহ-অস্ত্র পুরাতন হ'লে,
তার ধারে মক্ষিকা না কাটে ॥ ৬৮
হয়েছিল অতি জীর্ণ, বাতাসেতে ছিন্ন ভিন্ন,
হ'য়ে গেল তার চিন্তে কিসে।
দূরে যাবে বালক-দর্প, শীঘ্র আন কালসর্প!
বধ ওটাকে ভুজঙ্গের বিষে ॥ ৬৯
ক্রোধে কালস্বরূপ হ'য়ে, কালবিলম্ব না করিয়ে,
কালফণী আনিয়া সত্বরে।

পাঠান্তর: ১-১ অনিবার মম অনিবার—ক, অনিবার সম অনিবার—খ। ২ অধিনে—গ, ঘ। ৩ রাজা দণ্ড—গ।

তাহার মধ্যে রাজন্, করে পুত্র সমর্পণ,
প্রাণপণে প্রাণ বধিবার তরে। ৭০

চতুর্ভুজের কৃপায়, ভুজঙ্গ না দংশে গায়,
ভুজঙ্গ ভূষণ অঙ্গে হ'ল।
আকাশ গণিয়া দৈত্য, মন্ত্রীকে শুধান তথ্য,
ওহে মন্ত্রি! কি বিপদ বল। ৭১

মন্ত্রী বলে, মহাশয়! কি জন্ত গণ বিস্ময়,
সর্পে যদি না দংশে অঙ্গেতে।
রাজকর্ম্ম সকল ফেলে, মাবুতে একটা কাঁচা ছেলে,
কায কি, আর কাঁচা মন্ত্রণাতে। ৭২

খাইয়ে খানিক দাও বিষ, সাত সতের উনিশ বিষ,
মন্ত্রণা আর কায কি একথাই।
এখনি উহার হরি হরি, বলা ঘুচাবেন বিষহরি,
হরি ব'লে বাছার বাঁচন নাই। ৭৩

প্রহ্লাদে করিতে দণ্ড, হলাহল-বিষভাণ্ড,
দূতে আনি অমনি যোগায়।
সন্তানে বিষ-ভোজন, ক'রাতে দৈত্য-রাজন,
পুনর্ব্বার পড়িল মায়ায়। ৭৪

এ বিষ করিলে পান, কুপুত্র ত্যজিবে প্রাণ,
এ রাগ আমার চিরদিন না রবে।
পুত্র-শোক উথলিবে, যখন প্রাণ জলিবে,
চাহিলে সন্তান কেবা দিবে। ৭৫

অতএব একবার, শুধাই দেখি কি ব্যবহার,
করে পুত্র, বলে কিবা বাণী।
যদি মোর শত্রু-গুণ, বদনে না বলে পুন,
তবে কেন বধিব পরাণী। ৭৬

হেন মায়া নাহি কুত্র, আত্মা বৈ জায়তে পুত্র,
নরকে নিস্তার যাতে পাই।
বড় যেই প্রাণে জ্বলি, তেইত প্রাণে বধিতে বলি,
কিন্তু আমার প্রাণে প্রাণ নাই। ৭৭

প্রহ্লাদেরে পুনরায়, নিকটে আনি দৈত্যরায়,
যত্ন করি বসাইয়া পাশে।
মায়ায় মোহিত হ'য়ে, অঙ্গে হস্ত বুলাইয়ে,
কহেন যতনে প্রিয়ভাষে। ৭৮

আলিয়া—কাওয়ালী

প্রহ্লাদ! ভজ না ভজ না সে বিপক্ষে।
দিব রাজচ্ছত্র শিরে, কেন জীবন নাশি রে, বাছা!
তোরে ভালবাসি রে প্রাণাপেক্ষে।
পঞ্চম বৎসর বয়সে হাঁরে অবোধ! কি জান,
কত দুঃখ দিল সে অধম, শেল সম আছে মম বক্ষে,
সে যে কুলে বাদ দিলে, বাদ সাধিলে,
বধিলে মম প্রাণাধিক সহোদর হিরণ্যাক্ষে।
সন্তান-ধন তাতে অনন্ত গুণ, বাছা!
প্রাণান্ত সাধে কি তোর করি রে।
মজিয়ে কাল হরিতে পিতার বচন পরিহরি রে,
যে নাম সহে না সহে না মম শরীরে,
তুমি হরি হরি সাধ, শুনে হরিষে বিষাদ,
বাছা! হরি ত হয় অরি তোর পিতৃপক্ষে। (৬)

প্রহ্লাদ কহেন, পিতা! শুনি চমৎকার।
ত্রৈলোক্যের পতি কৃষ্ণ বিপক্ষ তোমার। ৭৯
শরীরেতে ছয় জন, শত্রু প্রাদুর্ভাব।
বন্ধু-সঙ্গে তাহারা ঘটায় শত্রুভাব। ৮০
অহঙ্কার বিপক্ষ, তোমার বলবান।
সেই কহে, বিপক্ষ তোমার ভগবান। ৮১
পিতা! ভব অপার জলধি যার নাই কূল।
যত কুলহীন পাতকি-কুল, তাই দেখে আকুল। ৮২
তাতে তরি নাই, কাণ্ডারী নাই, কূলে বসতি নাই।
সেথা শুধাইতে সম্বাদ, সঙ্কটে কারে পাই। ৮৩
বিতরি চরণতরী, কৃষ্ণ করেন পার।
হাঁগো পিতা! সেই কৃষ্ণ বিপক্ষ তোমার। ৮৪
তুমিত করিছো বিরাগ, ক'রে মহারাগ।
সে রাগিলে রয় কি? তোমার রাগের অনুরাগ। ৮৫

জলদবরণের গুণ যত শিশু বলে।
ক্রোধে রাজার অঙ্গ যেন জলদগ্নি জলে। ৮৬
মার্ মার্ কুমার রাখায় নাহি ফল।
এমন কুবংশ হৈতে নির্ব্বংশই ভাল। ৮৭
দ্রুত ল'য়ে যাও রে দূত! দুর্জ্জনে নির্জ্জনে।
বিষ দিয়ে বধ, এ পাপ-জীবনে জীবনে। ৮৮
ভয়ঙ্কর কিঙ্কর ধরিয়া করযুগে।
লয়ে যায় শিশুরে পেয়ে, ভূপতির আজ্ঞে। ৮৯
বিরলে গিয়ে বসাইয়া, করে বিষদান!
আতঙ্কে হইল শিশুর অঙ্গ অবসান। ৯০
ভয় পেয়ে ঘন ঘন ঘনবর্ণে ডেকে।
কোথা হে ভক্তের প্রাণ! প্রাণ যায় বিপাকে। ৯১
বিষে দৃষ্টি করিলেন, প্রভু জগদীশ।
ধরিল অমৃত-গুণ, ভুজঙ্গের বিষ। ৯২
বিষ-পানে প্রহ্লাদে বাঁচান বিশ্বময়।
শুনে শব্দ বিস্ময়, জন্মিল বিষময়। ৯৩
প্রাণ বধিতে দৈত্যরায়, পুনরায় দিলে।
ক্রোধে মত্ত হ'য়ে, মত্ত মাতঙ্গের তলে। ৯৪
ভক্তে না বধিল হস্তী, কৃষ্ণের কৃপায়।
নিজ শিশু জ্ঞানে, শুণ্ড বুলাইল গায়। ৯৫
অনুচরে অনুমতি দেয় দৈত্যরায়।
ফেলিতে পর্ব্বত হৈতে, ধরায় ত্বরায়। ৯৬
বন্ধন করিয়া রাজ-নন্দনের করে।
পর্ব্বত উপরে ল'য়ে, চলিল কিঙ্করে। ৯৭
শঙ্কায় কাঁপিছে কায়, সঙ্কট গণিয়ে।
শঙ্কর-আরাধ্য পদ, শরণ করিয়ে। ৯৮
কোথা রইলে ওহে বিস্ময়! দুঃসময়।
হরি হে! হরিল প্রাণ, এবার নিশ্চয়। ৯৯
যা কর হে জগবন্ধু! জানিনে ও পদ বই।
উপায় ও পদ বিনে, উপায় আর কই। ১০০

'খট ভৈরবী'[১]—একতালা

ওহে দয়াময়! কোথা এ সময়,
আসি হরি! হর অরিবন্ধ।
তুলে গিরির উপর, শত্রু হ'য়ে পিতা দৈত্যরায়,
ফেলিছে ধরায়,—দাসে ধর ধর, গিরিধর গোবিন্দ॥
কোথা কৃষ্ণ! নিরাপদের কারণ!
নিরাশ্রয়-গতি নীরদবরণ!
বিপদে লয়েছি শ্রীপদে শরণ,
নীলদেহ! দাসে দেহ আনন্দ।
এর পর পাছে জীবের জীবন! সঁপিবে হে জীবন,
জলধর-বরণ! কি হবে জীবন,
বুঝি হে! এ পাপ জীবনের করে জীবন সন্ধ। (চ[২])

ভক্ত-দুঃখ করি দৃষ্ট, ভক্তের জীবন কৃষ্ণ,
গিরি-নিকটে গেলেন সত্বরে।
বসেন করি আসন, পদ্মপলাশ-লোচন,
প্রহ্লাদে ধরিতে পদ্মকরে। ১০১
শিশুর শুনি রোদন, কহেন মধুসূদন,
প্রবেশিয়ে অন্তরে তখনি।
কি জন্য আর কাতর, এই আমি এসেছি তোর,
চিন্তানিবারণ চিন্তামণি। ১০২
গিরি হৈতে দৈত-দলে, প্রহ্লাদে ফেলে ভূতলে,
বংশীধর ধরেন ত্বরায়।
করেন ভক্ত-ভয় ভঙ্গ, হইল ভক্তের অঙ্গ,
তৃপ্ত যেন কুসুম-শয্যায়। ১০৩
অক্ষত দেখি দৈত্যকুল, অন্তরে গণে আকুল,
রাজারে জানায় শীঘ্রগতি।
তব সুত কি অবতার, প্রাণান্ত করিতে তার,
প্রাণান্ত হলো, হে দৈত্যপতি। ১০৪
গিরি হ'তে প'ড়ে ধরা, প্রাণী হ'য়ে প্রাণ ধরা,
ধরায় কে ধরে হেন সাধ্য।

পাঠান্তর: ১-১ ভৈরবী—গ। ২ তাহা—ক. খ।

মহারাজ! বধিতে তায়, উপায় সে অনুপায়,
আমাদের হয়েছে অসাধ্য ॥ ১০৫

চরে করে স্বগোচর, করিয়ে কর্ণগোচর,
রাজার বদনে বাণীহত।
মন্ত্রী মলিন লজ্জায়, পুনশ্চ কহে রাজায়,
বৃথা আর মন্ত্রণা শত শত ॥ ১০৬

ঘুচাও মন-আগুন, সজ্জা করিয়ে আগুন,
ফেলিলে সংহার শীঘ্র ঘটে।
এখনি মরিবে নিগুর্ণ, মণি মন্ত্র কোন গুণ,
গুণাগুণ আগুনে না খাটে ॥ ১০৭

দীপ্ত করি হুতাশন, তাহাতে করি আসন,
বিবসন করে হেন কালে।
ভ্রাতৃ-বধের লক্ষণ, তখন করি নিরীক্ষণ,
প্রহ্লাদের সহোদর সকলে ॥ ১০৮

কেঁদে পরস্পর কয়, প্রাণেতে কি সহ্য হয়,
প্রাণ-সহোদর প্রাণে মরে।
শোকে হয় ব্যাকুল আত্মা, সবে গিয়ে দেয় বার্ত্তা,
অন্তঃপুরে জননী গোচরে ॥ ১০৯

কহিছে হ'য়ে কাতর, জনমের মত তোর,
প্রাণপুত্র যায় গো জননি!
পুত্র মরে হুতাশনে, পুত্র-মুখে কথা শুনে,
কয় কয়াধু বক্ষে কর হানি ॥ ১১০

* * *

প্রহ্লাদ ও কয়াধু

আহা মরি হাঁরে হাঁরে! পিতা হ'য়ে কুমারে মারে,
এমন পাষাণ আছে কুত্র।
প্রহ্লাদে গোপনে আনি, করে ধরি কহিছে রাণী,
কি করিলি, ওরে প্রাণপুত্র ॥ ১১১

করিতে পরকাল-চিন্তে, কর চিন্তামণি-চিন্তে,
মরিবে সে চিন্তা কি নাই মনে?
ওরে আমার প্রাণধন! প্রাণেতে হবি নিধন,
কেন সাধ এমন সাধনে ॥ ১১২

প্রাণ ত্যজিলে প্রাণাধিক! ধিক্ আমার প্রাণে ধিক্!
এখনি বিষ খেয়ে মরিব আমি।
সাধিতে সেই কৃষ্ণ-পদ, ঘটে তোর মাতৃবধ,
এ পাপে কি পাবে কৃষ্ণ তুমি? ১১৩

বাছা! কে দিয়েছে এ বিধান, চুরি ক'রে করিলে দান,
হয় কি তাতে হরির কৃপাদান রে?
কাস নাশ করিবার তরে, কুষ্ঠরোগ যদি ধরে,
এমন ঔষধ কেন কর পান রে ॥ ১১৪

যায় যায় কর্ণ যায়, চক্ষু যাতে রক্ষা পায়,
বলবন্ত ধরা শাস্ত্রে আছে রে।
ত্যাজ্য ক'রে হরি-মন্ত্র, এখন তোর বলবন্ত,—
শোকে তোর জননীকে বাঁচা রে ॥ ১১৫

সুরট—একতালা

কর রাজা যা বলে তা শ্রবণ।
কৃষ্ণ ক'রে সার, কেমনে আপনার, জীবন হারাবি জীবন!
যদি সে শ্রীহীন-মতি[১] শ্রীকান্ত,—সাধনা তোর সাধ একান্ত,
শুন তোরে বলি,—অন্তরে কেন ভাব না পতিত-পাবন!
তোর ত চিন্তা নাই চিন্তামণি বৈ,
চিন্তামণি তোরে চিন্তা করে কৈ!
চিন্তিয়ে যে পদ, দেবত্ব সম্পদ, প্রবর্ত্ত ইন্দ্রত্ব-পায়।
তাইতে তোরে বলি শুন রে নন্দন!
দয়াময় তিনি দীন প্রতি মন[২],
তাঁরে সঁপে পরাণ, হারালি সন্তান!
হাসালি শত্রু-ভুবন ॥ (ছ)

পাঠান্তর: ১ মতি -গ, ঘ। ২ মন—খ, গ।

প্রহ্লাদ কহেন মাতা! বলি গো তোমায়।
কৃষ্ণ ভ'জে কোন্ কালে কালের হস্তে যায়? ১১৬

আমি কি মরিব ভ'জে গোলোকের পতি।
হইবে অমৃত-পানে ব্যাধির উৎপত্তি?
লক্ষ্মীর কি অকৃপা হয় থাকিলে আচারে?
তিক্ত রসে, পিত্ত নাশে, কভু নাহি বাড়ে॥
কে হয়েছে অধোগামী, ক'রে সাধু-সেবা?
পরশে গঙ্গার জল অপবিত্র কেবা॥
বিনয় থাকিলে কোথা, বন্ধুভাব চটে?
মাণিক থাকিলে ঘরে, দারিদ্র্য কি ঘটে?
নিষ্পাপী যে জন মাতা! সে কি পড়ে পাকে।
চিন্তামণি চিন্তা ক'র্‌লে চিন্তা কি কভু থাকে? (অ)

* * *

মরণ-হরণ-চরণ ধারণ, করেছি কি করে শমন,
ফিরে চান যদুনন্দন, যদি আমারে॥
গন্ধর্ব্বাদি সিদ্ধ চারণে, যে চরণ সাধে সাদরে।
নামগুণে সুরাসুর চরাচর নর কিন্নর নরক হরে।
ক'র্‌তে পারে আমার বিষে কি বিগুণ,
দিয়াছি আগুনের কপালে আগুন,
যে ভজিবে গুণসাগরের গুণ,
সাগর-জলে কি সে মরে?
নিবেদন করি, যে নাম আমি করি,
করী কি করিবে আমারে,—
"প্রাণ গিরিতে কি যায়"³, সে মোর সহায়,
বাম করে সে গিরি ধরে॥ (জ)

——

ভক্তবৎসল হরি ভক্তকে সর্ব্বদাই রক্ষা করেন।

সে কেমন?—"যেমন রমণী-রক্ষক পতি"—ইত্যাদি¹

মোর জন্ম জননি! ভেব না কোন অংশে।
সিংহের শরণ নিলে, শৃগালে কি দংশে? ১২২
আমি অঙ্গ সঁপিয়াছি, সেই শ্যামাঙ্গের পায়।
ভুজ সঁপিয়াছি, চতুর্ভুজের সেবায়॥ ১২৩
পদের গমন কৃষ্ণ-পদ দরশনে।
নয়ন সঁপেছি সেই পঙ্কজ-নয়নে॥ ১২৪
রসনা জপিছে রসময় কৃষ্ণবুলি।
কেশে মাখিয়াছি কেশবের পদ-ধূলি॥ ১২৫
ম'জেছে মোর মনোভৃঙ্গ মনের উল্লাসে।
মধুসূদন-চরণকমল-মধুরসে॥ ১২৬

——

ললিত-ভয়রোঁ²—একতালা

কিং ভয় তার মরণে!
অধরে শ্রীধরের গুণ যে ধরে, হৃদি-মাঝারে।

প্রজ্বলিত অগ্নিকুণ্ডে প্রহ্লাদ

জননীরে প্রবোধিয়ে প্রহ্লাদ বিদায়।
দূত অমনি জলদগ্নির কাছে ল'য়ে যায়॥ ১২৭
ধ'রে তুণ্ডে অগ্নিকুণ্ডে করে সমর্পণ।
সবে বলে, এইবার ত্যজিল জীবন॥ ১২৮
দুঃখে ভাসি নগরবাসী, হায় হায় বলে।
ক্রন্দন করিছে নৃপ-নন্দন সকলে॥ ১২৯
প্রহ্লাদ অতি চিন্তামতি, মুদিত করি আঁখি।
অগ্নি-মধ্যে, হৃদি-পদ্মে, দেখেন পদ্ম-আঁখি॥ ১৩০
কৃষ্ণ-ভক্তের প্রাণ রাখ্‌তে ব্রহ্মার আগমন।
করি কোলে, সেই অনলে, করিলেন আসন॥ ১৩১
কহেন বিধি, গুণনিধি, ভক্ত রাজপুত্র!
তোর অঙ্গে অঙ্গ দিয়ে, হইলাম পবিত্র॥ ১৩২
ক্ষণেক পরে, দেখে চরে, অগ্নি উল্‌টাইয়া!
আছেন বসি, ঘোর তপস্বী, নয়ন মুদিয়া॥ ১৩৩
আগুনে কৃষ্ণের গুণে প্রহ্লাদ না মরে।
দৈত্যপতি পুন কহে, বিস্ময়-অন্তরে॥ ১৩৪

পাঠান্তর: ১ "কৃষ্ণকালী" পালা দ্রষ্টব্য। ২ ভৈরবী—খ, গ। ৩-৩ পাষাণ গিরিতে কি যায়—গ।

হায় হায়! কি হইল মন্ত্রি হে! বল না।
ক্ষুদ্র এক শিশু হ'তে একি হে বেদনা॥ ১৩৫

*   *   *

ক্ষুদ্রের ফল

প্রহ্লাদ কহেন, পিতা! কহি তব নিকটে।
ক্ষুদ্র বেদনা মানিলে পরে, বেদনা তো ঘটে॥ ১৩৬
ক্ষুদ্র শিশু ব'লে মনে না হয় গণন।
পিতা! যে জন ভজে না কৃষ্ণ, ক্ষুদ্র সেই জন॥ ১৩৭
না হই আমি ক্ষুদ্র, কৃষ্ণ তো আমার ক্ষুদ্র নয়।
মহত-আশ্রয়ে পিতা! হয়েছি নির্ভয়॥ ১৩৮

ধন্য[1] হইয়াছি ম'জে কৃষ্ণপদ-পাশে।
কাষ্ঠ চন্দন হয় যেমন মলয় বাতাসে॥
পর্ব্বত উপরে পিতা! তৃণ যদি থাকে।
ছাগলের সাধ্য কি ভক্ষণ করে তাকে?
ক্ষুদ্র কীট থাকে যদি সমুদ্র-ভিতরে।
ভূপতির অসাধ্য তারে, বধিবার তরে॥
অহি[2] ক্ষুদ্র বলি কেউ ক্ষুদ্র করি গণে?
ঐরাবত মরে ক্ষুদ্র ফণীর দংশনে॥
ক্ষুদ্র-রসায়নে মহারোগ নষ্ট ঘটে।
ক্ষুদ্র কথার দোষে পিতা! মৈত্রভাব চটে॥
ক্ষুদ্র পাষাণ শালগ্রাম, দেন মোক্ষ ফল।
ঔষধের ক্ষুদ্র বড়ী, তিনি হলাহল॥
ক্ষুদ্র বৃক্ষ তুলসীর, তুল্য কোন্ তরু।
ক্ষুদ্র পাঠ মহামন্ত্র কর্ণে দেন গুরু॥
ক্ষুদ্র পক্ষী পড়াইলে বলে কৃষ্ণ-বাণী।
রাজহংস ময়ূরে না শুনে যে কাহিনী॥
ক্ষুদ্র জাতি, গুণ থাকে, তারে বলি ধন্য।
গুণ-হীন ভদ্র যিনি, ক্ষুদ্র-মাঝে গণ্য॥ (আ)

যদি বল গুণ কারে বলি?

যে জন আলাপে কৃষ্ণ গুণময় গুণ।
গুণযুক্ত সেই জন আর সব নির্গুণ॥ ১৪৮

*   *   *

সমুদ্রের জলে প্রহ্লাদ

শত্রু-পক্ষে শুনে ব্যাগো, রাজা ক্রোধে জ্বলে।
ফেলাইতে দেন আজ্ঞা সমুদ্রের জলে॥ ১৪৯
হ'য়ে পাষাণ, কন পাষাণ, বাঁধ রে গলদেশে।
হবে তোদের মৃত্যু, যদি পুন এসে দেশে॥ ১৫০
দৈত্যপতির অনুমতি, পেয়ে অনুচর।
ল'য়ে শিশু, চলে আশু, যথায় সাগর॥ ১৫১
ক'রে বন্ধন করে পদে, বাঁধে পাষাণ গলে।
প্রহ্লাদের রোদন দেখিয়া, পাষাণ গলে॥ ১৫২
শিশুর নয়ন-তরঙ্গ দেখে, সাগর-তরঙ্গ।
ভয় পেয়ে কাঁদে, হৃদে ভাবিয়ে ত্রিভঙ্গ॥ ১৫৩

সিন্ধুভৈরবী—যৎ

কোথা হে অনাথের জীবন!
আজি বুঝি মোর জীবন গেল।
ওহে জীবনের জীবন!
জীবন-মাঝে ভক্তের জীবন রাখতে হ'ল॥
শত্রু-সঙ্কটে উত্তরি, হরি! এ দাসে কৃপা বিতরি,
দেহ চরণতরি, তবে ত তরি এ সাগর-সলিল।
গুণসাগর! আজি আমারে ডুবাও যদি সাগরে,
তবে কলঙ্ক-সাগরে তোমার,
ভক্তের হরি! নাম ডুবিল॥ (ক)

পাঠান্তর: ১ ক্ষুদ্র—ক, খ। ২ আর—গ, ঘ।

বৈকুণ্ঠ পরিহরি, উৎকণ্ঠা হইয়ে হরি,
সাগর-সলিলে অধিষ্ঠান।
সাগরেতে পরিত্রাণ, করেন ভক্তের প্রাণ,
ভক্তে ভগবান কৃপাবান। ১৫৪
আনন্দিত যত চর, গিয়া জানায় নৃপ-গোচর,
বলে, প্রভু! অকণ্টক হ'ল।
যত দাসে প্রিয় ভাষে, সুখসাগরে রাজা ভাসে,
উল্লাসে শিরোপা সবে দিল। ১৫৫
হেথায় কৃষ্ণের করুণা-বলে, পাষাণ মুক্ত হ'য়ে গলে,
জলে হৈতে স্থলে শিশু উঠে।
বদনে বংশীবদন- গুণ গেয়ে করি রোদন,
উপনীত রাজার নিকটে। ১৫৬
হারাইয়ে বুদ্ধি-বলে, মন্ত্রী প্রতি রাজা বলে,
ওহে মন্ত্রি! বিপদ আমার।
হেন শক্তি কোথা পেলে, বধিতে পাপাঙ্গ ছেলে,
অপাঙ্গে যে দেখি অন্ধকার। ১৫৭

* * *

প্রহ্লাদের বধোপায়ের উর্দ্ধ সংখ্যা হইয়াছে,—
সে কেমন?

শ্রাদ্ধের উর্দ্ধসংখ্যা যেমন, বিলক্ষণ দান।
কফের চিকিৎসা-সংখ্যা, হলাহল পান।
প্রতিজ্ঞার উর্দ্ধসংখ্যা, প্রাণ দিতে উদ্যত।
পুরুষের ক্ষমতা-সংখ্যা, ত্রিশ হ'লে গত।
নারীর সন্তান-আশা-সংখ্যা, পঁচিশ বৎসর।
বরষার ভরসার সংখ্যা, ভাদ্র গেলে পর।
প্রায়শ্চিত্তের সংখ্যা যেমন, পোড়ে তুষানলে।
রাগের উর্দ্ধসংখ্যা, দড়ি দেয় নিজ গলে।
নেশার উর্দ্ধসংখ্যা যেমন, শুণ্ডিকার মদ।
পাপের উর্দ্ধসংখ্যা যেমন, করে ব্রহ্ম-বধ।
গালির উর্দ্ধসংখ্যা যেমন, মর বাক্য বলে।
ফলের সংখ্যা, জীবের যদি মোক্ষ-ফল ফলে।
দুঃখের সংখ্যা চিরদিন, মান-হীন পৃথিবীতে।
উপায়ের সংখ্যা মোর প্রহ্লাদ বধিতে। (ই)

* * *

নরসিংহমূর্ত্তির আবির্ভাব ও হিরণ্যকশিপু-বধ

প্রহ্লাদে ডাকিয়া দৈত্য, কহেন বাছা! কহ সত্য,
কে তোরে সঙ্কটে করে মুক্ত?
সে কোথায় আছে রে পুত্র! তাহার নিবাস কুত্র,
তুই কিরূপে হ'লি তার ভক্ত? ১৬৫

প্রহ্লাদ কন, জনক! এ বড় সুখজনক,
শুধাইলে সুধামাখা তত্ত্ব।
আছেন কৃষ্ণ সর্ব্বঘটে, সৃষ্টি-স্থিতি লয় ঘটে,
তাঁহার ইচ্ছায় জান সত্য। ১৬৬

কেহ নয় তাঁর দূরস্থ, ব্রহ্মাণ্ড তাঁর উদরস্থ,
অন্ত নাই অনন্ত তাঁর নাম।
তাঁর কৃত্য অপরূপ, জীবের জীবাত্মা-রূপ,
নিরাকার নির্গুণ গুণ-ধাম। ১৬৭

ব্যাপ্ত তিনি ত্রিভুবনে, নগর পর্ব্বত বনে,
অন্তরীক্ষে কিবা জলে স্থলে।
শ্রবণে কর শ্রবণ, নয়নে কর নিরীক্ষণ,
বদনে বাণী বল তাঁরি বলে। ১৬৮

শুনে রাজা রাগে মত্ত, প্রহ্লাদে শুধান তত্ত্ব,
হাতে খরশাণ খড়্গ ধরি।
দুরাত্মা! বল দেখি হারে! এই স্ফটিক-স্তম্ভ-মাঝারে,
আছেন কি না আছেন তোর হরি? ১৬৯

প্রহ্লাদ কন বচন, আমার পদ্মলোচন,
স্তম্ভেতে অবশ্য আছেন তিনি।
ব'লে বাক্য অসংলগ্ন[১], শিশুর সাহস ভগ্ন,
উদ্বিগ্ন হইল অমনি। ১৭০

পাঠান্তর: ১ অলগ্ন—গ, ঘ।

কাতরে প্রহ্লাদ কয়, কোথা হে করুণাময়!
করুণা নয়নে দাসে দেখ।
হ'লে সঙ্কট পদে পদে, স্থান দিয়াছ অভয় পদে,
এইবার বিপদে প্রাণ রাখ। ১৭১

খাম্বাজ[১]—কাওয়ালী

কোথা হে নবনীরদ-অঙ্গ!
একবার স্তম্ভে অবিলম্বে,
[২]দেখা দিয়ে দাসের ভয় ভাঙ্গ হে ত্রিভঙ্গ[২]!
বুঝি মরি একান্ত, ওহে কমলাকান্ত!
আজি পিতা সনে হইল প্রসঙ্গ।
যদ্যপি বচন খণ্ডে, তবে ত জীবন দণ্ডে,
হরি! হের করুণা-অপাঙ্গ।
আর না সহে, দুঃখ নাশ[৩] হে,
কোথা দনুজ-ভয়-নিবারি! দনুজবৈরঙ্গ!। (ঞ)

স্তম্ভেতে আছেন রিপু, শুনি হিরণ্যকশিপু,
খড়্গ দিয়ে ফেলেন ছেদিয়া।
হরি হরিতে ভূভার, শ্রীনৃসিংহ-অবতার,
বাহির হ'লেন স্তম্ভ দিয়া। ১৭২
নর-রূপ অর্দ্ধ শরীর, অর্দ্ধ দেহ কেশরীর,
ভয়ঙ্কর মূর্ত্তি ভগবান।
চরণ ধরণী-তলে, শির গগনমণ্ডলে,
ভয়েতে ভুবন কম্পবান। ১৭৩
দৈত্যপতির উপর, ব্রহ্মার আছিল বর,
মৃত্যু নাই রাত্রি-দিবা-ভাগে।
আকাশে না যাবে কায়, না হবে মৃত্যু মৃত্তিকায়,
না যাবে জীবন অস্ত্রযোগে। ১৭৪
রাখিতে ব্রহ্মার ধর্ম্ম, সায়ংকালে স্বয়ং ব্রহ্ম,
উরুদেশে রাখি দৈত্যেশ্বরে।
নখেতে করি বিদীর্ণ, করিলেন ছিন্ন ভিন্ন,
পুষ্পবৃষ্টি দেবগণ করে। ১৭৫
দনুজে করি সংহার, নাড়ী সব ল'য়ে তার,
প্রভু করিলেন হার গলে।
হরিয়ে হরির নৃত্য, না হয় নৃত্য নিবৃত্ত,
পদ-ভরে ধরাধর টলে। ১৭৬
[৪]সশঙ্কিত সুররমণী[৪], ঘন ঘন ভীষণ ধ্বনি,
ত্রাসে গর্ভবতী-গর্ভনাশে।
বুঝি হয় সৃষ্টি-হরণ, কে করে রূপ সম্বরণ!
সাধ্য কে যায় নৃসিংহের পাশে। ১৭৭
যুক্তি করি সুরজ্যেষ্ঠ, প্রহ্লাদে গণিয়া শ্রেষ্ঠ,
তাঁরে গিয়ে কহেন অতি দ্রুত।
এ রূপ সম্বরণ জন্য, তোমা ভিন্ন নাহি অন্য,
তুমি ধন্য পুণ্যবতী-সুত। ১৭৮
দেব-বাক্য-শ্রুতিমাত্র, শ্রীনাথের প্রিয়পাত্র,
রাজ-পুত্র ভক্ত-চূড়ামণি।
করিতে রূপ সম্বরণ, চরণে লইতে শরণ,
চলেন চিন্তিয়া চিন্তামণি। ১৭৯
বদনে অবিশ্রাম নাম, পদে পদে করি প্রণাম,
কহেন দন্তে তৃণ চক্ষে ধার।
ওহে করুণা-কল্পতরু! হে গোবিন্দ! কৃপাসুরু,
জন্ম-দোষী জনক আমার। ১৮০

খাম্বাজ—কাওয়ালী

চরণাম্বুজ বিতর দীনে, নাথ!
নাই গতি তোমা বিনে।
ওহে বিশ্বরূপ! সম্বর হে জীবাত্মা, হ'য়ে পিতার হিতার্থ,
ডাকি তোমায়, কৃতার্থ কর পদ-প্রদানে।
নর-করীন্দ্র-নাশক-রূপ-ধারি! নরকার্ণব-হারি!
সম্বর শরীর, সঘনে কাঁপে সুরাসুর,
শঙ্কিত সবে রূপ দরশনে। (ট)

পাঠান্তর: ১ সিন্ধু ভৈরবী—খ। ২-২ দেখা দিয়া কর দাসের ভয় ভঙ্গ হে ত্রিভঙ্গ—গ, ঘ। ৩ না সহে—ঘ। ৪-৪ সশঙ্কিতাসুররমণী—গ।

৩১। শ্রীশ্রীবামনদেবের ভিক্ষা (১)

বামনদেবের জন্ম ও যজ্ঞোপবীত-উপলক্ষে নারদের ত্রিভুবন নিমন্ত্রণ

অদিতির গর্ভে জন্ম, লয়ে অদ্বিতীয় ব্রহ্ম,
ভূমিষ্ঠ বামন-রূপ ধরি।
পুরন্দর-পুরবাসিনী, দেখিতে এলেন উল্লাসিনী,
দেব নারায়ণে দেবনারী॥ ১

কহিছে যত রমণী, একি গো নীলকান্তমণি,
কান্তসহ কি পুণ্য করেছ।
না জানি কি পুণ্যফলে, একি অপরূপ ছেলে,
চাঁদকে ফাঁদ পেতে ধরেছ॥ ২

দেবগণ আনন্দ মনে, একত্রে আসি গগনে,
সঘনে করেন জয়ধ্বনি।
কশ্যপে দিয়ে ধন্যবাদ, আসিয়ে করেন আশীর্ব্বাদ,
পরম যতনে পদ্মযোনি॥ ৩

ভাবিছেন[১] দিকপাল, আমাদের কি কপাল,
ধন্য করিলেন আজি ধাতা।
সকলের আনন্দ মন, কুবের শমন হুতাশন,
গমন বামনদেব যথা॥ ৪

জন্ম লোক-ব্যবহার, তালপত্র মস্তাধার,
কশ্যপ রাখিল সুতিকা-ঘরে।
যথায়[২] দেব নারায়ণ, বিধাতার আগমন,
"ষড় দিবসের"[৩] সন্ধ্যা পরে॥ ৫

বিধি অতি প্রেমামোদে, বিধির বিধির পদে,
বিধিমতে করিয়ে প্রণতি।
বিনয়ে কহেন বিধি, বল প্রভু কি করি বিধি,
বিধিকে বিধি দাও হে গোলোকপতি॥ ৬

আমারে করেছ ধাতা, পুরুরবা মান্ধাতা,
ভূপতি আদির কপালে লিখেছি।
আজি শক্ত দায় হে ভক্তসখা, গোপালের কপালে লেখা,
অদ্য লেখায় বিপদে পড়েছি॥ ৭

কিন্তু বিধিকে দিয়েছ অধিকার, করতে হবে অঙ্গীকার,
কর্ম্ম-ফলাফল লিখিতে পারি।
বাঁধিয়ে বলি ভক্তেরে, অর্দ্ধাংশ ভোগিবার তরে,
বলির দ্বারেতে হবে দ্বারী॥ ৮

আর একটি আশ্চর্য্য ভোগ তোমার আছে—

আলিয়া[৪]—একতালা

এই যাতনা আছে তোমার।
যারে ঘৃণা করে সবে, স্থানহীন ভবে
দিয়ে স্থান নিজ চরণপল্লবে, সেই নারকী জীবে
নরকার্ণবে করিতে হবে হে নিস্তার।
পেতে চরণতরি তেজিয়ে অলসে
ওহে দীননাথ রজনী দিবসে
পাতকীর বশে ভবের ঘাটে বসে
"থাকতে হবে অনিবার॥"[৫] (ক)

* * *

ষড়দর্শনে যার না হয় দরশন।
ষড়ানন-পিতা করেন যৎপদ স্মরণ॥ ৯
ষড়দিনে বিধি তারে দরশন করি।
শ্রীহরির আজ্ঞা লয়ে করেন শ্রীহরি॥ ১০
দেবগণে গণে দিন আনন্দহৃদয়।
যজ্ঞোপবীতের যোগ্য কালক্রমে হয়॥ ১১

পাঠান্তর: ১ কহিছেন—ক। ২ যথায়—খ। ৩-৩ ষড়দিবসের—খ, চ। ৪ খাম্বাজ—খ, চ। ৫-৫ থাকিতে হবে তোমার—খ, চ।

গোত্রহীন কশ্যপ অতি ভাবিতেছে চিতে।
যোগেযাগে যজ্ঞেশ্বরের যজ্ঞসূত্র দিতে॥ ১২
নারদে ডাকিয়ে কন অতি সন্নিধান[১]।
যেমত বিত্তবিধান, তেমতি বিধান॥ ১৩
সাধ আছে ভাই! সাধ্য নাই ধনহীন ভবে।
সকলে সংবাদ দেওয়া কিরূপে সম্ভবে? ১৪
কোনমতে পোড়াইয়ে যৎকিঞ্চিৎ ঘৃত।
বামনটীকে বামন করা বাঞ্ছা করেছে চিত॥ ১৫
অর্থ নাই ক্রিয়া করতে হবে চুপে চুপে।
ব্রাহ্মণ দ্বাদশজন, ঘটে কোনরূপে॥ ১৬
নারদ বলে বারজন যদি না পার সামলাতে।
তিনটি লোক ডেকে আনলেই ক্রিয়া হবে তাতে॥ ১৭
তুমি আমি অদিতি রয়েছি তিনজন।
নিমন্ত্রিতে অপরে নাহিক প্রয়োজন॥ ১৮
ছল করি কশ্যপের কাছে নারদ তপোধন।
হর হর শব্দে করেন হরপুরে গমন॥ ১৯

হরপার্ব্বতীর কোন্দল

মুনি পরম সন্তোষে, নিমন্ত্রিতে আশুতোষে,
আশু আসি কৈলাসে উদয়।
প্রণাম করি প্রমোদে, শম্ভুর পঙ্কজ-পদে,
পত্রসহ দেন পরিচয়॥ ২০
বামনের উপনয়ন, শ্রবণ করি ত্রিনয়ন,
নয়নে বহিছে প্রেমবারি।
চঞ্চল হইয়ে অতি, অচলনন্দিনীর প্রতি,
চল চল কহেন ত্রিপুরারি॥ ২১

গৌরী কহিছেন শুনে, আমি যাব না কোন খানে,
কশ্যপের পুরে যাও হে তুমি।
চিত্তে সুখ নাই চিরকালি, অন্নাভাবে আমার অঙ্গ কালি,
বিধবা হয়েছি থাকতে স্বামী॥ ২২
শঙ্কাতে আমি ডরাই, তোমার কিছু ক্ষতি নাই,
খেদ মিটায়ে খেতে পাব তো পেটে।
না যাও যদি এমন ক্রিয়ে, জগতের কর্ত্তা হয়ে,
ক্ষেপা নামটা জগতে কেন রটে॥ ২৩
শিব কন—ওহে শিবে! আর কেন শক্ত হাসিবে,
ক্ষান্ত হও পেয়েছি জ্ঞানোদয়।
আমি এখন সিদ্ধেশ্বরী! বৃদ্ধকালে বিনয় করি,
সেটা ত আমার সাধ্য নয়॥ ২৪
যে হয় তোমার মত, সেই মত মোর মনোমত,
প্রতি কর্ম্মে প্রতিজ্ঞা এখন।
এত বলি কালীকান্ত, গমনে হইলেন ক্ষান্ত,
অপর শুনহ বিবরণ॥ ২৫
শিরে আছেন সুরধুনী, তিনি করেন ঘোর ধ্বনি,
নীর-ভারে হইয়া কাতর।
বলিলে না মানেন মানা, শিরে আন্দোলিয়া মানা,
বিনয় করিয়া গঙ্গাধর॥ ২৬
বলেন মন্দাকিনি এ কি, তব মন্দরীতি দেখি,
কিছু তো পারিনে ভাব জানতে।
বাধাও এ কি ঘোর নেটা, হেন বুদ্ধি দিল কেটা,
জটা কটা ঘটা করে টানতে॥ ২৭
সুরেশ্বরী মৃদুস্বরে, কহিছেন প্রাণেশ্বরে,
মনোবাঞ্ছা বামন দরশনে।
শুনিয়া কহেন ভব, এ কোন ভব্যতা তব,
পতি যাবে না নারী যাবে কেমনে॥ ২৮
গঙ্গা কহিছেন কালে, তোমায় রেখে শরৎকালে,
গণেশের মা হিমালয়ে যান উনি।
কারে তুচ্ছ কারে আদর, এক বাজারে দুই দর,
ওটা তোমার কর্ম্ম আমি জানি॥ ২৯
শিব কন হে তরঙ্গিণি! কেন হয়ে এ রঙ্গিণী,
আমারে জ্বালাও তুমি মিছে।

পাঠান্তর: ১ সাবধান—ক।

বৎসরান্তে যান উমে, একাকিনী পিতৃভূমে,
যাইতে ব্যবস্থা নারীর আছে। ৩০
গঙ্গা কন স্মরি খেদ, তবে আর কেন নিষেধ,
আমিও যাব জনক-ভবনে।
গঙ্গার জনম যথা, কান্ত হে! কি সে কথা,
ভ্রান্ত হয়েছ তুমি মনে। ৩১

—

ললিত[1]—ঝাঁপতাল

ওহে হর! হর অনুতাপ, কর আমারে অনুমতি।
জান না পশুপতি! আমার বংশে উৎপত্তি॥
দেখ হে নাথ! মনে গ'ণে কেবল হরির চরণ-গুণে,
নতুবা শিরোধার্য্যা কেন, ভার্য্যা হবে ভাগীরথী॥
বড় সাধ করেছি একবার পিতৃপদ[2] দেখিবার,
যথায় জনম যার, সেই জনক-বসতি।
যাব হে শ্রীনিবাস-বাস, পূরাও অধিনীর অভিলাষ,
[3]কৃপা করি মোরে দেহ অনুমতি[3]॥ (খ)

* * *

কশ্যপ-ভবনে ত্রিভুবনবাসীর আগমন

তৎপরে নারদ মুনি, তৎপর হ'য়ে অমনি,
নিমন্ত্রণ দেন সুরপুরে।
সুগণ-আদি পৃথিবীতে, বামনের যজ্ঞোপবীতে,
যেতে বার্ত্তা দেন ঘরে ঘরে। ৩২
শুনি ত্রিলোকের লোক, অন্তরে অতি পুলক,
সহ যোগী উদ্‌যোগী গমনে।
সঙ্গেতে অনন্ত ফণী, অনন্ত চলেন অমনি,
অনন্ত-চরণ দরশনে। ৩৩
চলিলেন ধরাধর, সহ সূর্য্য শশধর,
সকলেতে হইয়ে মিলিত।
গন্ধর্ব্ব নর কিন্নর, কুবের আদি অপর,
কশ্যপ-আলয়ে উপনীত। ৩৪
দেখিয়ে কশ্যপ মুনি, মনে প্রমাদ গণি,
ভবনে দেখিয়ে ত্রিভুবন।
ভয়ে কাষ্ঠ মুনিবর, কম্পান্বিত-কলেবর,
ভৃগুরে ডাকিয়ে শীঘ্র কন। ৩৫

—

নারদ-কশ্যপের দ্বন্দ্ব

একি হে বিপদ পূর্ণ, হেঁদে নারদে জ্ঞান-শূন্য,
ভেড়ের দেখেছ সৌজন্য, নারদে কিসের জন্য,
ত্রিভুবন তন্ন তন্ন, ক'রে দিয়েছে নিমন্ত্রণ,
আমি তাহে হীনঅন্ন, কিসে হই উত্তীর্ণ,
তার কিছু না দেখি চিহ্ন, ভাবিয়ে হ'লাম জীর্ণ,
স্থান অতি সঙ্কীর্ণ, কিছুই নাই উৎপন্ন,
কিসে হয় সম্পূর্ণ, আমি দীনের অগ্রগণ্য,
ঘরে মোর নাহিক অন্ন, ত্রিভুবন হবে ক্ষুণ্ণ,
ছেলেটিকে করিবে মন্থ্য। ৩৬

হেন কালে নারদ ঋষি, হাসিতে হাসিতে আসি,
কশ্যপ-আলয়ে উপনীত।
কপালে তুলিয়ে চক্ষু, কন কশ্যপ, হাঁরে মুখ্যু,
ঘরে ঘরে এইটে কি উচিত? ৩৭
শুনিয়ে নারদ কন, আমি করেছি কর্ম্ম বিলক্ষণ,
আমি সকল জানি পরিচয়।
যখন তুমি হবে নিধন, সঙ্গেতে দিবে না ধন,
রক্ষে করিছ যক্ষের বিষয়। ৩৮
সর্ব্বদা মন সঁপে টাকায়, টাকায় বুঝি সকায়ায়,
স্বর্গে যাবে, তাই ভেবেছ মনে?
পণ্ডিত হ'য়ে এত ভ্রম, পড়াশুনা পণ্ডশ্রম,
স্পষ্ট প্রকাশ দেখেছি বেদ পুরাণে। ৩৯

পাঠান্তর: ১ শ্রীরাগ—খ, চ। ২ বামন চাদে—খ, চ। ৩-৩ অবিলম্বে আশুতোষ কর দাশরথির গতি—ক।

যা না দাও তাই নষ্ট, পরের জন্য পরম কষ্ট,
মিছে আর কেন কর তবে।
যখন, দেহ মিশাইবে পঞ্চভূতে, তখন, বিষয় খাবে বারো ভূতে,
ভূতের বেগার খেটে মরিছ তবে ॥ ৪০
সদা চিন্তা আদায় আদায়, জলপান তিন টুকরো আদায়,
মর্‌ছ পরের ভার ল'য়ে ভারতে।
একি কাঙ্গালির কাচ কাচা, পরণে তিন-পনের কাচা,
কোঁচা করতে কাছা হয় না তাতে ॥ ৪১
নিত্রা যাও ছেঁড়া চটে, তোমাকে দেখিলে তক্তি চটে,
ঘুরছ বিষয়-আঠাকাঠিতে প'ড়ে।
কি গুড় আছে বল নিগূঢ়, কপাট বিনে ঘর আগুড়,
আগোড় ঘুচিল না কভু ঘরে ॥ ৪২
কারে কিছু দিলে না বেঁটে, কাটালে কালটা নেটে কেটে,
মতি হ'লে [১]বিলাতে পার মতি[১]।
থাকতে বিষয় কি অধর্ম্ম, কেবল মোহের কর্ম্ম,
মোহের জ্ঞান এক পয়সার প্রতি ॥ ৪৩
কার জন্যে মিছে কাঁদ, যাবার জন্য খাবার বাঁধ,
পরে কিছু দিবে না বেঁধে পরে।
সঙ্গে দিয়ে ছেঁড়া চেটা, স্মরণ করা উচিত সেটা,
খুড়া জ্যেঠা বেটা তোমার কি করে ॥ ৪৪

বিশেষতঃ লুকায়ে কর্ম্ম-করা সে তো অতি মন্দ।
লুকিয়ে ক্ষীর খেয়ে বাঁধা পড়েন শ্রীগোবিন্দ ॥
রাবণের বংশনাশ লুকায়ে সীতা হ'রে।
নিকুম্ভিলে লুকায়ে থেকে, ইন্দ্রজিত মরে ॥
লুকায়ে রামকে হ'রে পাতালে মরে মহীরাবণ।
হ্রদের মধ্যে লুকিয়ে থেকে, মরে দুর্য্যোধন ॥
লুকিয়ে গুরুপত্নী হ'রে ইন্দ্রের গায়ে যোনি।
থাকতে বিষয় লুকিয়ে কর্ম্ম করো না হে মুনি ॥ (অ)

কশ্যপ বলে, ওরে পাগলের প্রধান।
পরের বিষয় পরে দেখে পর্ব্বত-প্রমাণ ॥ ৪৯
প্রমাদ গণিয়ে কশ্যপ উন্মাদ-লক্ষণ।
চক্ষে ধারা চারিদিক করে নিরীক্ষণ ॥ ৫০
হেনকালে কালের সহিত কালরাণী।
বৃষোপরে আসিছেন বিশ্বের জননী ॥ ৫১
প্রণাম করে কন মুনি অন্নপূর্ণা পায়।
ওমা! অন্নহীন দীনে, রাখ পূর্ণ দায় ॥ ৫২
সঙ্কটে শঙ্করি! তোমার চরণতরণী।
আর অন্য নাহি গতি হেরম্ব-জননি ॥ ৫৩

* * *

[২]কামদ—একতালা[২]

প্রাণ যায়, পূর্ণ দায়, অন্নুপায়, ধরি পায়
রাখ অন্নদে, বিপদে।
ত্রিভুবনে হয়ে স্বপ্ন-মন, আমায় মত্য[২] করি বধে।
আমি অন্নহীন অতি, নারদে পাষণ্ডমতি,
যে কাণ্ড করেছে গো সতি!
ভয়হারিণি! তারিণি! অভয়ে, এ ভয়ে
কেবল ভরসা অভয়-পদে ॥ (গ)

* * *

কশ্যপ-ভবনে অন্নপূর্ণার রন্ধন

অনন্তগুণ-ধারিণী, কৃতান্ত-ভয়-বারিণী
নিতান্ত কাতর দেখি দ্বিজে।
মুনির মনের কালি, নিবারণ করেন কালী,
রন্ধনশালাতে যান নিজে ॥ ৫৬
করেন দেবী আকর্ষণ, শীঘ্র আসি হুতাশন,
বিনা কাষ্ঠে জ্বালেন, আজ্ঞাকারী।
নানাবিধ দ্রব্য যত, আসি হয় উপস্থিত,
আপনি স্বহস্তে তাহা ধরি ॥ ৫৫
অন্নপূর্ণা করেন পাক, দূরে গেল সকল বিপাক,
সুখে করেন জগজ্জন ভোজন।

পাঠান্তর: ১-১ বিলায়ে পাবে মতি—খ। ২-২ ললিত—আড়া—খ, চ। ২ মধুর—খ, চ।

ত্রিলোকবাসী তস্য পরে, ধন্য দিয়ে কশ্যপেরে
করিলেন স্বস্থানে গমন ॥ ৫৬

বলির যজ্ঞে বামনের গমন

পেয়ে যজ্ঞেশ্বরের যজ্ঞসূত্র, বলির যজ্ঞে যেতে পুত্র,
তুলিছেন জননীর কাছে।
চিরকাল দরিদ্র পিতে, মা! তুমি তাতে তাপিতে,
সে তাপ ঘুচাতে বাঞ্ছা আছে ॥ ৫৭
নয় বৎসর বয়ঃক্রম, করিতে পারি পরিশ্রম,
এখন আর অশক্ত আমি ত নই।
জননি, যদি কর আজ্ঞে, যাই মা আমি বলির যজ্ঞে,
অবজ্ঞা করিলে দুঃখী হই ॥ ৫৮
পদ্মলোচনের বচন, শুনিয়ে ঝরে লোচন,
করে ধ'রে কহেন দেবমাতা।
কে দিলে এমন শিক্ষা, বাছা তোমায় করিতে ভিক্ষা,
মরণ অপেক্ষা মোর এ কথা ॥ ৫৯
তুই আমার ভিক্ষার ধন, তোরে ভিক্ষার কারণ,
পাঠাইতে না পারিব বামন।
যদি মাকে ভিক্ষা দাও, ভিক্ষা কথাটি ভিক্ষা দাও,
ধনে কার্য্য নাইরে প্রাণধন ॥ ৬০
বিশেষ বলির পুর, সে নয় সামান্য দূর,
অবোধ পুত্র, উত্তরকাল না বোঝ।
কোমল চরণ তোর, চলিতে হবি কাতর,
বামন, এমন বাঞ্ছা ত্যজ ॥ ৬১
এখন তোকে পাঠাতে দূরে পারিনেক প্রাণ ধ'রে,
বাসে যদি উপবাস করি।
যাবে কি বলির যাগে, প্রয়াগের প্রান্তভাগে,
প্রাণ তো ক্ষান্ত করিতে না পারি ॥ ৬২
শুনিয়ে[১] কন বামন, বল মা, করি গমন,
কি ভাবনা আমার অভাবে!
যখন করিবে মনে, মা, তুমি তব বামনে,
নয়ন মুদিলে দেখতে পাবে ॥ ৬৩
অদিতি কন মাধবে, দেখি রে বামন, তবে,
ব'লে নয়ন মুদিল অদিতি!
দেখেন কোলেতে আছে, মা বলে বামন নাচে,
পুলকে পূর্ণিত পুণ্যবতী ॥ ৬৪

* * *

সুরট-খাম্বাজ[২]—যৎ

কহিছে অদিতি ধনী, অসম্ভব এ কেমন!
চক্ষু মুদে দেখি হৃদে, পদ্মপলাশলোচন ॥
মরি কি রূপ-মাধুরী, পুলকে আঁখিতে বারি,
চক্ষু উন্মীলন করি, দেখি খেলিছে বামন ॥
একবার মনেতে ভাবে, তবে হেন কি সম্ভবে?
সহজে বুঝি না হবে, তবে বুঝি দেখি স্বপন ॥ (ঘ)

হৃদিমধ্যে প্রবেশিয়ে, বামন মায়ে তুষিয়ে,
অমনি দণ্ড করিয়ে গ্রহণ।
ধরি তাল-পত্র-ছত্র, চলিলেন বলি যত্র,
ত্রিপাদ-ভূমি লইতে নারায়ণ ॥ ৬৫
যত দরিদ্র ব্রাহ্মণে, পথ-মাঝে দেখে বামনে,
কহিতে লাগিল পরস্পরে।
কি হেরিলাম অপরূপ, আহা মরি কি রূপ,
দেখি নাই অবনী ভিতরে ॥ ৬৬
কোটি চন্দ্রের কিরণ, হেরিলাম দুটি চরণ,
অতি শিশু, ভিক্ষার কাল তো নয়।
দশা যেমন আমাদের, আহা মরি দরিদ্রের
ঘরে কি এমন ছেলে হয়? ৬৭

ভেকের মস্তকে যেমন জন্মে গজমতি।
কাকের বাসাতে যেমন কোকিলের উৎপত্তি ॥

পাঠান্তর: ১ কাতরে—খ, চ। ২ আলিয়া—ক।

অগ্রাহ্য কূপেতে যেমন শতদল ফুটে।
মৃগনাভি জন্মে যেমন শৃগালের পেটে॥
ব্যাধের ঘরেতে যেমন পরম ধার্ম্মিক।
ছুঁচোর মস্তকে যেমন জন্মিল মাণিক॥
তেমনি দরিদ্র ঘরে এ শিশুর উৎপত্তি।
এরূপ অগ্রে দেখে যদি বলি দৈত্যপতি॥ (আ)

সর্ব্বস্ব ইহারে দিবে, আর দিবে না কায়।
সকলকে করিবে খর্ব্ব, এই খর্ব্বকায়॥ ৭২
যুক্তি করি বামনে কহিছেন দ্বিজগণ।
কে হে তুমি খর্ব্বরূপ? কাহার নন্দন॥ ৭৩
তরুণ বয়স—দেখি ক্ষুদ্র দুটি পদ।
বলির ভবনে যাওয়া, তোমার বিপদ॥ ৭৪
বামন বলেন, না হয় আমি যাব এক বর্ষে।
ক্ষান্ত কি হব আমি, তোমাদের পরামর্শে॥ ৭৫
দ্বিজগণ পরামর্শ করিছে ত্বরিতে।
চল আমরা আগে উঠিব বলির বাটিতে॥ ৭৬
ও এখন যাবে, দিয়ে পা সকল মাটিতে।
ওর সাধ্য আমাদের সঙ্গে পারে কি হাঁটিতে॥ ৭৭
এত বলি দ্বিজগণ চলে দ্রুত পায়।
অগ্রে আবার খর্ব্বরূপ বামন দেখতে পায়॥ ৭৮
চমৎকার দেখে সবে শুধায় বামনে।
এ ত সামান্য রূপ জ্ঞান হয় না মনে॥ ৭৯
হেন কার্য্য কেবা পারে দেব-বল ভিন্ন।
বল হে! কি বল ধর? জলধর-বর্ণ॥ ৮০

খট্ ভৈরবী—একতালা

ছিলে হে তুমি পশ্চাদ্গামী,
আবার পশ্চাতে রাখিলে সর্ব্বে।
অসম্ভব ভাব তোমার বুঝিতে না পারি—
এ কেমন, বল হে বামন,
আছে কি গুণ তোমার ঐ চরণ খর্ব্বে।
হেনরূপ না হেরিলাম বিশ্বময়,
রূপ দেখে বিশ্বরূপ জ্ঞান হয়,
ধন্য ক'রে তুমি হয়েছ উদয়
ভবে কোন্ পুণ্যবতীর গর্ভে॥
মনে মনে আমরা করেছি বিধান,
আমরা মিছে যাব বলির সন্নিধান,
সে করিবে তোমায় সর্ব্বস্ব প্রদান,
যদি এরূপ দেখে নয়নে পূর্ব্বে॥ (ও)

* * *

বামনদেবের নদী-পার

পুনশ্চ ভুলে মায়ায়, দ্রুতগতি চ'লে যায়,
পতিতপাবনের কর্ত্তা পিছে।
সম্মুখে হেরিয়ে নদী, বলে অগ্রে যাবে যদি,
শীঘ্র এসো উপায় হয়েছে॥ ৮১
সকলেতে এক তরি, ওপারেতে ল'য়ে তরি,
ডুবাইয়ে যাব এই যুক্তি।
তরি বিনে অকূল-পারে, বামন কি তরিতে পারে?
কখনো হবে না ওর শক্তি॥ ৮২
এত বলি দ্বিজগণ, আহ্লাদে করে গমন,
অধরে ধরে না কারু হাসি।
সবে গিয়ে ত্বরান্বিতে, দেখে গিয়ে তরণীতে,
তরুণ বামন অগ্রে বসি॥ ৮৩
ব্যস্ত হ'য়ে পুনরায়, লম্ফ দিয়ে কিনারায়,
সকলে চলিল দৌড়াদৌড়ি।
বামনকে নেয়ে শুধায়, কে হে তুমি খর্ব্বকায়!
উঠে যাও পারের দিয়ে কড়ি॥ ৮৪
বামন কহিছেন রাগে, হেঁরে! বামুনের কি কড়ি লাগে?
নেয়ে বলে,—ল'য়ে থাকি আগে।
আর সে বামন! বামুন নাই, তোমাদের সে ঘাট নাই,
তুলি নে তোমায় ভুয়ো রাগে॥ ৮৫

ঘাট নাই বলি রাজার, ঘাট হয়েছে ইজারার,
অমায় বাড়া জমে[1] গিয়েছে সব।
জাতি-ব্যবসা যাবে কোথা, ছাড়িতে নারি এর মমতা,
হ'লো রাখা ভার বামুনের গৌরব। ৮৬
কি করে তোমাদের রাগে, পেট আগে, না ধর্ম্ম আগে,
সুখ থাকিলে সকলি শোভা পায়।
ছেড়ে দিয়ে লোক-লৌকতা, বল শীঘ্র ফলের কথা,
জোরের কথা বলো না—চড়ি নায়। ৮৭
এখন কেবল পাটুনি-(র), সার হয়েছে খাটুনি,
তারতো কেউ করে না বিবেচনা!
কথা কও পয়সা খুলে, নইলে ফিরে বসাব কূলে,
আকুল হলেও অনুকূল হব না। ৮৮
বামন কন,—কাণ্ডারী ভাই! কড়িতো আমাদের সঙ্গে নাই,
সুদরিদ্র দ্বিজের কুমার।
যদি পার কর অকূল-বারি, তবে, পদধূলা দিতে পারি,
যদি কর্ণে শুন কর্ণধার। ৮৯
নেয়েকে অতি সত্বরে, দক্ষিণা দিবার তরে,
দেখিয়ে কন দক্ষিণ চরণ।
কাল আমার হয়েছে চূড়া, এখন আমি ব্রাহ্মণের চূড়া,
বড় পূজ্য নূতন ব্রাহ্মণ। ৯০
তিন দিন লিখিল বেদ, শূদ্রের মুখ দেখা নিষেধ,
দরিদ্র-দায়—তাই হলো না থাকা।
বেরিয়েছি অহোরাত্র-পরে, এ মুখ আমার দেখিলে পরে,
দূরে যায় যমের মুখ দেখা। ৯১
শুনিয়ে প্রভুর উক্তি, জন্মিল কিঞ্চিৎ ভক্তি,
এক দৃষ্টে দেখি পদ-পানে।
নানা চিহ্ন দেখি পায়, ধীবর চৈতন্য পায়,
ধন্য করি আপনারে মানে। ৯২
লোচনে না বারি ধরে, মোচন করিয়া করে,
বলে বন্ধু, আহা মরি মরি।
চিন্তে পারি নাই ভাই, তবে কি তোমায় কড়ি চাই,
লইনে আমরা স্বজাতির কড়ি। ৯৩
ক্রোধে কন পীতাম্বর, আমি হচ্ছি দ্বিজবর,
ধীবর বেটা! তুই কিসে স্বজাতি।
বলি যদি বলি রাজায়, বেটার সর্ব্বস্ব যায়,
হীনজাতি হ'য়ে কি বজ্জাতি। ৯৪
দক্ষিণের কথা কবি, দুই এক আনা না হয় লবি,
শুনি নাবিক যোড় করি হাত।
মিলিলে স্বজাতি সহিত, আমরা উভয়েতে পার করি তো,
কপট উক্তি ত্যজ দীননাথ। ৯৫
দক্ষিণের কথা কবে, তোমার দুই এক আনা কেবা লবে,
আমাকে আনাটি রহিত করতে হবে হরি!
থাকিল আমার এই দক্ষিণে, তোমার কাছে দক্ষিণে,
এত বলি কহিছে পদ ধরি। ৯৬

ভৈরবী—একতালা

হরি! কি দিবে দক্ষিণে মোরে।
কি শক্তি আমার, তোমায় করি পার,
আমায় করো পার, ভব-সাগরে॥
এখন তুমি আমার, কি শুধিবে ধার,
করিতে উদ্ধার তুমি মূলাধার,
বেদে শুনি তুমি ভব-কর্ণধার,
সেধে লব ধার, ভবেরই ধারে॥
আমি দিলাম তোমায় সামান্য তরী,
তুমি দিও আমায় শ্রীপদ-তরী,
পদে ধরি যেন বিপদেতে তরি,
এই মিনতি হরি! করি তোমারে। (চ)

* * *

বলি রাজার ভবনে বামনদেব

তখন, ধীবরে দিয়ে ধন্য বর, চলিলেন পীতাম্বর,
দৈত্যবর বলি-যজ্ঞস্থলে।
প্রণাম করি দৈত্যরায়, পতিত হ'য়ে ধরায়,
পতিত-পাবন-পদতলে। ৯৭

পাঠান্তর: ১ অলে—ক।

বামন-রূপ-সাগরে, নয়ন উন্মীলন ক'রে,
কহিছেন সভাজনে রাজন্।
এর কাছে হে আর কত, মণিরূপ মরকত,
ঘুনাতে পারে না নবঘন। ৯৮

হেরে রূপ সব পাসরে, জিজ্ঞাসেন যজ্ঞেশ্বরে,
কে হে তুমি ? কাহার নন্দন ?
বামনদেব বেদস্বরে, কহিছেন দনুজেশ্বরে,
মধুস্বরে শ্রীমধুসূদন। ৯৯

আমি বিপ্র-কুলোদ্ভব, পিতা দুঃখী অসম্ভব,
ভিক্ষা করি উদর-নিমিত্ত।
আমার আছেন কয়েক সহোদর, তাদের এখন গেছে আদর,
শক্রতে লয়েছে কেড়ে বিত্ত। ১০০

নিজে হয়েছি নির্গুণ, কি করি জঠর-আগুন,
উপায় নাহিক নিবারণে।
দেখ আমার কর্ষসূত্র, কাল হয়েছে যজ্ঞসূত্র,
আজি এসেছি ভিক্ষার কারণে। ১০১

এসেছি অতি দীন কাতর, দীন হয়েছে অকাতর,
শত যজ্ঞ শুনে সমাপন।
শুনে কল্পতরু নাম, কল্প করিয়া এলাম,
যদি দুঃখ ঘুচাও রাজন্। ১০২

রাজা কন,— হে বামন! যে ধনে বাঞ্ছিত মন,
বঞ্চিত বামন! মোর নাই।
স্বর্ণ কি হীরক মণি, অবিলম্বে অমনি,
গুণমণি! যা চাও দিব তাই। ১০৩

শুনিয়ে রাজার বাক্য, কহিছেন কমলাক্ষ[১],
যদি ভিক্ষা দেহ কিছু ধন।
প্রতিজ্ঞা করিলে কই, অবজ্ঞা করিলে যাই,
ইথে যেবা ইচ্ছা হে রাজন্। ১০৪

রাজা কন,—রে খর্ব্বকায়! এ ভয় দেখাও কায় ?
রাজ্যেতে সাহায্য হয় তো করি।
ভুবন দিতে হয় না ভীতি, চাও ত জীবন প্রভৃতি,
তোমার চরণে দিতে পারি। ১০৫

* * *

বামনদেবের ত্রিপাদ-ভূমি প্রার্থনা

এত বলি বলি দৈত্য, তিন বার করিল সত্য,
ধর্ম্ম সাক্ষী করিয়ে বামন।
বলে, রাজা! মোরে তুমি, দেহ ত্রিপাদ-ভূমি,
অধিক নাহিক প্রয়োজন। ১০৬

শুনিয়ে কথা বদনে হাস্য, রাজা করেন ঔদাস্য,
যতনে কহেন পুনঃ পুনঃ।
শুন রে বামন! বলি কথা, কও শীঘ্র ভাল কথা,
এলো-কথা হবে না,— কথা শুন। ১০৭

হয় যদি বাসনা মত, সুমেরু গিরি পর্ব্বত,
সমস্ত তোমায় দিতে পারি।
এই বাঞ্ছা মনে করি, কোটি অশ্ব কোটি করী,
এ কোটী করিলে,— নাহি হারি। ১০৮

লও যদি মম প্রদত্ত, দিতে পারি ইন্দ্রত্ব,
যে দানে প্রবৃত্ত হও তুমি।
বালক! জান না বার্ত্তা, আমি যে ত্রিলোকের কর্ত্তা,
হ'য়ে দিব তোমায় ত্রিপাদ-ভূমি। ১০৯

বিশেষ তিন শক্র দান, না হয় বিধির বিধান,
এ দান প্রদান কে করিবে ?
লয়ে ত্রিপাদ-ভূমি পায়, হবে এবার কি উপায় ?
পায় পায় শক্রতে হাসিবে। ১১০

খাম্বাজ[২]—কাওয়ালী

ত্রিপাদ-ভূমিতে কি হবে বামন!
ওহে খর্ব্বরূপ ত অ খর্ব্ব বাসনা,
আজ সর্ব্বতোভাবে সাদরে
তোমার খর্ব্ব চরণে করি রে,
মম সর্ব্ব সম্পদ সমাদরে সমর্পণ।

পাঠান্তর: ১ পদ্মআঁখি—খ, চ। ২ সুরট খাম্বাজ—ক।

তোমার হেরি লাবণ্য, সব হলো অগণ্য,
যেন বিষম বিষ-বিষয়ে বিরত মন।
যে ধন রাজ্য, আমা হ'তে সাহায্য,
হয় লও যদি গ্রাম রাজ্য ধন জন,
রত্নাদি বাস, যা ভালবাস,
দিতে মোর বাসনা তোমারে ত্রিভুবন। (ছ)

——

রাজার শুনি বচন, কহেন পদ্মলোচন,
যে সত্য করিলে দেহ তাই।
বাহ্যজ্ঞান-হীন জন, তারাই লয় রাজ্যধন,
ত্যাজ্য ধনে কার্য্য মোর নাই।
সে ধনে মিছে উৎসব, অনিত্য সম্পদ সব,
কেশব কেবল সার ধন।
সেই ধনের অন্বেষণে, বসিবারে যোগাসনে,
ত্রিপাদ ভূমির প্রয়োজন। ১১২

——

শুক্রাচার্য্যের কুমন্ত্রণা

শুনি বাক্য চমৎকার, রাজা হইলেন স্বীকার,
বিকার ঘুচিল মনোমধ্যে।
শীঘ্র অতি দানকার্য্য, করিতে ডাকেন শুক্রাচার্য্য,
শুনি শুক্র আইলেন সান্নিধ্যে। ১১৩
মন্ত্র না পড়েন মুনি, মন্ত্রণার শিরোমণি,
কুমন্ত্রণা দেন শত শত।
রাজায় করি আরক্ত লোচন, শুক্র যত কন বচন,
বিরোচন-সুত তায় বিরত। ১১৪
চঞ্চল দেখে রাজায়, বলেন মুনি,—শিষ্য যায়,
হায় হায়! কি সঙ্কট-উদয়।
অন্তরে করি বিচার, অন্তঃপুরে সমাচার,
দিতে যাবেন—এমন সময়। ১১৫
নারদ কন,—ওহে শুক্র! তুমি কেন হও বক্র,
মনে মনে ভাব্‌ছি আমি তাই।
এক জন দেয় অন্নে বাজে, ধিক্ ধিক্ অখিল-মাঝে,
বখিলের মৃত্যু কেন নাই। ১১৬

হ'য়ে গুরু পুরোহিত, এই কি তুমি করিছ হিত?
পরকালে দিয়ে বসেছ তপ্তি।
পায় কিছু ব্রাহ্মণের ছেলে, সে কর্ম্মেতে ধর্ম্ম খেলে!
দয়ার কি দিয়েছ গয়ায় পিণ্ডি। ১১৭

যার বিষয়—যার বৃত্তি, তার হচ্ছে দিতে প্রবৃত্তি,
তুমি কেন নিবৃত্তি হ'তে কও?
কেন মর এ বিপত্তে, তুমিত এ আধিপত্যে,
কাহণের মধ্যে কড়ার ভাগীটাও নও। ১১৮

তোমার যেমন আজি তেম্‌নি কালি,
পার্ব্বণে পাঁচ পোয়া চালি,
ও সব বিষয় না থাকিলেও পাবে।
কেন হচ্ছ প্রতিবাদী, পিতৃশ্রাদ্ধে জেলে খাদি,
প্রতি সন তোমার প্রতি রবে। ১১৯

পাকা খাতায় আছে লেখা, দুর্গোৎসবে তিনটি টাকা,
তিন দিন কাল উপবাস ক'রে থাকি।
শ্যামা-পূজায় বস্ত্র আনা, তোমার হবে না মানা,
কার্ত্তিক পূজায় একটি সিকি। ১২০

যত শ্রাদ্ধ একোদ্দিষ্ট, ঘুচিবে না তোমার অদৃষ্ট,
আল চালি কলাতে দুই তিন আনা।
চিরকালকার পদ্ধতি, শ্রাদ্ধে গরদের ধুতি,
কোন কালেতে কপালে হবে না। ১২১

শুক্রাচার্য্য কন পরে, ও সব কথা শুন্‌লে পরে,
আমার চলে না ত হে ভাই!
ফেটে যাচ্ছে বক্ষঃস্থল, সকল ভরসার স্থল,
বিশ্বপূজ্য শিষ্যটা হারাই। ১২২

নানা শাস্ত্র কর পাঠ, অনিত্য ভবের হাট,
জানে সবাই—কে হয় সন্ন্যাসী?
কথাই বটে—কাজে নাই, গায়েতে মাখিয়ে ছাই,
কে কোথা হয়েছে বনবাসী। ১২৩

ঐহিকে যাতে রক্ষা পাই, ভক্ষণের আর চারা নাই,
এত বলি বিদায় তপোধন।
পুরমধ্যে প্রবেশিয়ে, নয়ন-জলে ভাসিয়ে,
বিন্ধ্যাবলীর প্রতি শুক্র কন। ১২৪

—

১সুরট-খাম্বাজ—কাওয়ালী১

কি কর মা! বলিরাজ-রমণি!
বলি ভ্রান্তে বলিছে বাণী,
বললে উমা করে, শিষ্য আমার সর্ব্বস্ব দান করে,
ঔদাস্য মোরে করে তোমারে কথে কাঙ্গালিনী।
যদি তোমার বচনে রাজা ক্ষান্ত পায়,
নতুবা মোর অনুপায়।
২শক্রে রাজ্য সঁপিবারে২ সক্রোধ অন্তরে
চক্র করে এসেছেন চক্রপাণি। (জ)

* * *

খর্ব্বদেহ চিন্তামণি, সভায় দেখে যত মুনি,
গৌতমে শুধান পরিচয়।
না যায় মনের ভ্রান্তি, এমন রূপ, এমন কান্তি
কি জন্যে হলেন দয়াময়। ১২৫
সহজ মূর্ত্তি ক'রে ধারণ, বলির বিত্ত হরণ,
করিলে তো হতো অনায়াসে।
কহেন গৌতম মুনি, আছে ইহার তথ্যবাণী,
বিবরণ শুনিবে বিশেষে। ১২৬

* * *

বিন্ধ্যাবলীর উক্তি

(হেথায়) প্রণাম করি শুক্রাচার্য্যে, বলিছেন বলির ভার্য্যে,
পোহালো কি সুখের শর্ব্বরী।
যিনি নিধন-কালের ধন, প্রাপ্ত হব সেই ধন,
এ সাধন আছে কি আমারি? ১২৭

যার জন্য যজ্ঞ বিধি, সেই যজ্ঞেশ্বর যদি,
যজ্ঞে দান এসেছেন লতে।
সম্পদ সামান্য গণি, প্রাণ যদি চান চিন্তামণি,
কি চিন্তা তাহারে প্রাণ দিতে। ১২৮
পদে যদি স্থান দেন অচ্যুত, না করেন যদি পদচ্যুত,
তবে ত বিপদ-মধ্যে তরি।
নিরীক্ষিতে নিরঞ্জনে, বলিতে বলি রাজনে,
সভামধ্যে চলেন সুন্দরী। ১২৯
বারিধর-বরণে হেরি, নয়নে বারি অনিবারি,
দৈত্যরাণী মত্ত প্রেমভরে।
যে পদে উদ্ভব বারি, ভব-দুর্গতি-নিবারী,
রাণী লয়ে সেই বারি সেই পদ প্রক্ষালন করে। ১৩০
বামপদ কেশ দিয়ে, যত্নে রাণী মুছাইয়ে,
নিরখিছেন পদ দুটি ধরি।
দেখেন চক্রপাণি-পায়, কোটি চন্দ্র শোভা পায়,
ধ্বজ-বজ্রাঙ্কুশ আদি করি। ১৩১
রাণী বলে ওহে রাজন্, হবে হে বিপদ ভঞ্জন,
জগমনোরঞ্জন, চিনে হে কোন্ জনে?
ত্রিকূল পবিত্র হবে, ভব ভয় দূরে যাবে,
এ কি চিহ্ন দেখি শ্রীচরণে? ১৩২

* * *

আলিয়া—একতালা

তুমি চেন নাই, ছি নাথ, ইনি যে শ্রীনাথ,
ভবের ধন ভবনে।
তুমি করেছ, ওহে মহারাজ, সামান্য জ্ঞান
এই বামনে বামুনে৩।
ত্রিলোক পবিত্রকারী, এই পদে হন সুরেশ্বরী,
এই পদে প্রদান কর
যে দান হবির হয় বাসনা মনে।

পাঠান্তর: ১-১। শ্রীরাগ—ঝাঁপতাল—খ, চ। ২-২ বলিরাজে ছলিবারে—চ। ৩ বা মনে—ক।

[১]নাথ! শীঘ্র ধর পদ, সঁপ হে সম্পদ,
পদে পদে ঘটে বিলম্ব বিপদ,
প্রাপ্ত ধন হারাবে মরি, কি জানি বিলম্ব হেরি
এ পদ হরি, যদি করেন হরি, তোমায় বঞ্চিত চরণে॥[১] (ঝ)

* * *

শুক্রাচার্য্যের লাঞ্ছনা

শুনিয়ে রাণীর বাণী বলি বলে তখন।
হইল চৈতন্ত মোর সন্দেহ-ভঞ্জন[২] ॥ ১৩৩
বিপদবারীকে শীঘ্র ত্রিপদ ভূমি দিতে।
পুনশ্চ ডাকেন শুক্রে মন্ত্র পড়াইতে ॥ ১৩৪
পণ শুনি গোপনে রহিলেন শুক্র মুনি।
কি চিন্তা বলিয়া রাজায় কন চিন্তামণি ॥ ১৩৫
আমি ত দ্বিজের পুত্র বটি সূত্রধারী।
ব্রাহ্মণের ধর্ম্ম-কর্ম্ম সব করিতে পারি ॥ ১৩৬
শীঘ্র ধর কুশাঙ্গুরী ঘটাই কুশল।
পড়াইব মন্ত্র লহ স্বহস্তেতে জল ॥ ১৩৭
ভৃঙ্গারে গঙ্গার জল ঢালিতে রাজন্।
ভৃঙ্গার ভিতরে যায় ভৃগুর নন্দন ॥ ১৩৮
চক্রিচূড়ামণি চিন্তে, কন রাজায় ডেকে।
শীঘ্র লহ—কুশাঘাত করি পাত্রমুখে ॥ ১৩৯
শুনি রাজা পাত্রমুখে কুশাঘাত হানে।
কানা হয়ে কন শুক্র সক্রোধ বচনে ॥ ১৪০
কার জন্য কি করিলাম, বুঝিবার ধন্দ।
ওরে বেটা মূর্খ তোর হ'ল রে গ্রহ মন্দ ॥ ১৪১
ছলে রাজ্য লৈতে তোর এসেছেন গোবিন্দ।
তাইতে, গাড়ুর ভিতরে ঢুকিলাম দেখে তোর মন্দ ॥ ১৪২
যার ভাল করিতে গেলাম, সেই করে রে মন্দ।
দিয়ে কাঁটা মূর্খ বেটা, চক্ষু করলি অন্ধ ॥ ১৪৩
রাজা কন, গুরু, মোর অপরাধ নাই।
অনন্ত গুণ তোমার, আমি অন্তর্য্যামী নই ॥ ১৪৪
কীট নয়, পতঙ্গ নয়, শরীর প্রকাণ্ড।
গাড়ুর ভিতরে ঢুকিলে, কি আশ্চর্য্য কাণ্ড ॥ ১৪৫
অপমান পেয়ে শুক্র যায় নিজ স্থানে।
নারদ গিয়ে কহিছেন শুক্র বিদ্যমানে ॥ ১৪৬
নারদ বলে শুক্রাচার্য্য রাজার নিমিত্তে।
মিছে দোষী হলে কেন বিষয় নিমিত্তে ॥ ১৪৭
ভগবান এসেছেন বলির নিকট ভিক্ষার্থে।
কোনমতে পারবে নাকো এবার তাল ধরতে ॥ ১৪৮
সেখানে কিছু করতে পারলে না
এলে রাণীকে বারণ করতে।
কোন রূপে হ'ল না রক্ষে
গেলে আবার গাড়ুর ভিতর মরতে ॥ ১৪৯

* * *

বলির বন্ধন

কোপান্বিত হ'য়ে শুক্র যান নিজস্থানে।
ভগবান দান-মন্ত্র পড়ান রাজনে ॥ ১৫০
রাজা জলধর-বরণে করেন জলার্পণ।
স্বস্তি বলি বিপরীত-মূর্ত্তি হন বামন ॥ ১৫১
পাতাল প্রভৃতি সব লন এক পায়।
স্বর্গাদি আকাশ দ্বিতীয় পায় সাঙ্গ পায় ॥ ১৫২
তৃতীয় পদের আর নাহি দেখি স্থান!
দেহ ভূমি রাজাকে বলেন ভগবান ॥ ১৫৩

পাঠান্তর : ১-১ নাথ শীঘ্র ধর পদে, সঁপ হে সম্পদ পদে পদে
বিঘ্ন বিপদ প্রাপ্ত ধন হারায়ে মরি
কি জানি বিঘ্ন হেরি এ প্রেম হরি
যদি করেন বঞ্চিত চরণে।—খ, চ।

২ সন্দেহ-মোচন—খ, চ।

দুর্ব্বল হইল বলি, বলিতে বচন।
গরুড়ে স্মরণ করে সরোজলোচন ॥ ১৫৪
আজ্ঞা দেন শীঘ্র ক'রে, বাঁধ হে রাজায়।
না মানে বিনয়, বাঁধে বিনতা-তনয় ॥ ১৫৫
পড়ে ঘোর বিবন্ধে, বন্ধন নাগপাশে।
কহেন মহেশে, চক্ষুজলে বক্ষ ভাসে ॥ ১৫৬
এ দাসে রাজত্বভোগ দিয়েছ দিগম্বর! বর।
দয়া ক'রে দিয়ে মান, আজি কেন হে হর! হর ॥ ১৫৭
ভুবনপতি! এ দুর্গতি মোরে অতিশয় সয়।
মন-আগুনে দগ্ধ দেহ, দেহ মৃত্যুঞ্জয়! জয় ॥ ১৫৮
বিপদে পড়িয়ে ভয়ে হইয়ে উদাস দাস।
ভাসিয়ে দিও না দাসে, আসিয়ে আশুতোষ! তোষ ॥ ১৫৯
কর হে শঙ্কর! যাতে কিঙ্কর উপায় পায়।
নতুবা আনন্দে দেশে হাসে শত্রু পায় পায় ॥ ১৬০

ভৈরো—কাওয়ালী

কি কর হে শঙ্কর! বামন বাঁধেন কর,
বিপদে কিঙ্কর কিং করে।
এ দুখ আজ দুখহর হর বিনে কেবা হরে!
শুন ওহে ত্রিপুরারি! ত্রিপাদ ছলনা করি
প্রবঞ্চনা করেন হরি,
নিলেন দ্বিপাদে সব অধিকার,
পাব কোথা অধিক আর!
কর পার, পড়েছি বিপদ-সাগরে ॥ (ঐ)

* * *

বিন্ধ্যাবলীর কাছে বলিরাজ

যখন করে বন্ধন, রাজা করেন ক্রন্দন,
'শুনি হর বিষাদ অন্তরে'।
অমনি আশুতোষ আসিয়ে, বলেন ভক্তে তুষিয়ে,
মহারাজ! যাও অন্তঃপুরে ॥ ১৬১

শ্রীপতিপদে প্রণতি করি বিদায় উমাপতি
অন্তঃপুরে করেন গমন।
হেনকালে সমুদয় নিকটে আসিয়ে উদয়
রাজার যতেক সেনাগণ ॥ ১৬২

কহিছে মনের রাগে, বহিছে ধারা আঁখি যুগে,
কহিছে করিয়ে রণ-সাজ।
তব অন্নে দেহ ধরি, অন্যায় সহিতে নারি,
ঘৃণায় যে মরি মহারাজ ॥ ১৬৩

ধরায় এত কে শক্তি ধরে? মহারাজ তব ডরে
শঙ্কা করে—বামনে চন্দ্র ধরে।
সব শাসিত হয়েছে তব, ভয়েতে ত্রাসিত ভব,
অমর নর তোমার গোচরে ॥ ১৬৪

কে আছে তোমার পর, তুমি সকলের ঈশ্বর,
গন্ধর্ব্ব কিন্নর নর সব শরণাগত।
রাজা কন, হে সৈন্যগণ! কার সনে করিবে রণ?
সর্ব্বস্ব সমর্পণ করেছি, হয়েছি বিক্রীত ॥ ১৬৫

শুনি যত সৈন্য সব জীয়ন্তে হইল শব
শ্রবণে শুনিয়ে রাজোত্তর।
নিরস্ত হইয়া চলে দুরন্ত সেনা সকলে
স্বহস্তে করিয়া ধনুঃশর ॥ ১৬৬

সমুদয় দিয়ে বিদায়, জানাইতে প্রমদায়,
যান রাজা মহেশের আদেশে।
কর বন্ধন নাগপাশে, উপনীত রাণীর পাশে,
চক্ষের জলেতে বক্ষ ভাসে ॥ ১৬৭

রাজার চক্ষে নিরখি নীর, রাণীর চক্ষেতে ধরে না নীর,
বিন্ধ্যাবলী অমনি উন্মাদিনী।
কান্তি মলিন কাঁদতে কাঁদতে, সুধামুখী কন কান্তে,
এ দশা কে করলে গুণমণি ॥ ১৬৮

চিরকাল ধর্ম্ম যাজন, ধর্ম্মে ধর্ম্ম রাখ রাজন্,
শেষে এই হ'ল কি আহা মরি মরি।

পাঠান্তর: ১৬১ দাসবাস আসিবার তরে—খ, চ।

জলে প্রাণ¹—কিসে জুড়াই, জলে যাই কি বিষ খাই!
এ ছার জীবন কিসে ধরি ॥ ১৬৯

---

²ললিত-ভৈঁরো—একতালা²

ওহে মহারাজ! সয় না যাতনা আর বক্ষে।
কেবা করে বন্ধন করে,—বারি ধরে না আর চক্ষে ॥
এ যন্ত্রণা দেয় যে জনা, আমার মরণ অপেক্ষে—
অভিশাপ দিব আমি, ওহে স্বামী সে বিপক্ষে ॥
কি দুঃখ ইহার পর, তুমি সকলের উপর
শুনি পরস্পর, পর হাসিবে পরোক্ষে,—
অকস্মাৎ ওহে নাথ, এ দায় কিসের উপলক্ষে,
এই যে দিতে গেলে তুমি বামনে ভূমি ভিক্ষে ॥ (ট)

* * *

পেয়ে রাণী পরিতাপ, অভিমানে অভিশাপ,
বক্ষস্থল ভাসে চক্ষুজলে।
সতীর অলঙ্ঘ্য বচন, ভয়ে কমললোচন,
কাঁপিছেন হৃদয়-কমলে ॥ ১৭০
রাজা কন—রাণীর প্রতি, সম্বর রাগ সম্প্রতি,
বিবরণ জান না সুন্দরি!
কারে দিবে অভিসম্পাত, আসিয়ে ত্রৈলোক্য-নাথ,
বন্ধন করলেন ছদ্মবেশ ধরি ॥ ১৭১
ক্ষুদ্র বামনের বেশ, হ'য়ে বিপ্র হন প্রবেশ,
ভাবিলাম—দীন বিপ্রসুত।
ত্রিপাদ ভূমি অভিলাষ, করিলেন আমার পাশ,
আমি উপহাস করিলাম কত ॥ ১৭২
ল'য়ে দ্বিপাদভূমি পায়, সে ভূমি ভূমিকায়!
না বুঝিলাম চরণের মর্ম।
সম্পদ গেছে সমস্ত, পদে হয়েছি অপদস্থ,
অধিকন্ত হারাই বুঝি ধর্ম ॥ ১৭২
শুনি কন পুণ্যবতী, পতি! তুমি ধন্য অতি,
তবে আর রোদন কিসের তরে!
দিয়েছেন পদাশ্রয়, নিরাশ্রয়ের আশ্রয়,
গুণাশ্রয় গোবিন্দ তোমারে ॥ ১৭৪
জানি আমি ভক্তাধীন, সে গোবিন্দ চিরদিন,
তাঁকে ভ'জে মান যাবে কেন?
তোমারে যে বামন বাম, আমি তাঁর জানি নাম,
পূর্ণব্রহ্ম নাম ধরেন বামন ॥ ১৭৫
তুমি যার বন্ধন-যুক্ত, আমি জানি হে বন্ধন-মুক্ত,
করেছেন তোমারে নারায়ণ।
কি ভয় আর কর কান্ত, হলো তোমার নরকান্ত,
ঘুচিল শমন দরশন ॥ ১৭৬
এক বন্ধন উপরে, দ্বিতীয় বন্ধন যদি পড়ে,
আত্মবন্ধন শৈথিল্য পড়ে।
করেছেন সেই বন্ধন, হরি অদিতি-নন্দন,
মহারাজ কি ভাব অন্তরে ॥ ১৭৭
যার জন্য কর রোদন, এতো সামান্য বন্ধন,
এতে আমি মুক্ত করতে পারি।
অসাধ্য বন্ধন তব, মুক্ত করেছেন মাধব,
মহারাজ তোমারে কৃপা করি ॥ ১৭৮

আলিয়া—একতালা

তব ক্রন্দনে কি আছে কাজ?
ছিল বিবন্ধ উপরে, যে বন্ধন তরে,
সে বন্ধন জগবন্ধু নিলেন হ'রে,
বন্ধনের উপর বন্ধন পড়ে—ভব-বন্ধন গেছে মহারাজ ॥
ধন্য পুণ্য তুমি করেছ সঙ্গতি,
তোমায় ধন্য করিবারে শ্রীপতি
বামনরূপে তাঁর ভূলোকেতে স্থিতি—
গোলোকে যাঁর বিরাজ ॥ (ঠ)

* * *

রাণী বলে ওহে রাজন্! তবে বিলম্বে কি প্রয়োজন,
চল চল যথায় বামন।

পাঠান্তর: ১ এ জ্বালা—ক। ২-২ খাম্বাজ—ঝাঁপতাল—ক, খ, চ।

কি ভয় আর কর তুমি, আমি দিব তার ভূমি,
তার লয়েছি কেন কর রোদন ॥ ১৭৯

মরি মরি এমন রূপ, ধরেছেন বিশ্বরূপ,
দেখে নয়ন করি গো সফল।
এত বলি শীঘ্র গিয়ে, পতিসহ পতিত হয়ে,
পতিত-পাবনে প্রণমিল ॥ ১৮০

করযোড়ে কয় বিন্ধ্যাবলী, হে গোবিন্দ! তোমায় বলি,
বলি তো নিতান্ত অনুগত।
দাসে এত প্রবঞ্চনা, না জানি কেমন করুণা,
কে জানে তোমার মায়া কত ॥ ১৮১

বিষয় বিভব রাজ্য ধন, সব করেছে অর্পণ,
অর্পণ করিতে কিবা বাকী।
যা থাকে তা দিব এখন, ওহে ত্রিলোকতারণ!
তৃতীয় চরণ কই দেখি। ১৮২

ভক্তি-জন্ম ভগবান, হইলেন কৃপাবান,
পূরাতে রাণীর অভিলাষ।
অমনি প্রসন্ন হন, নাভি হইতে নারায়ণ,
পাদপদ্ম করেন প্রকাশ ॥ ১৮৩

* * *

সে কেমন পদ?

নিতান্ত কৃতান্ত-মদ- অন্তক শ্রীকান্ত-পদ,
দেখে রাণীর চক্ষে প্রেমবারি।
বলে, কৃতার্থ কর দাসেরে, দেহ পদ রাজার শিরে,
আর অন্যস্থান কই হে হরি ॥ ১৮৪

রাণীর ভক্তির কারণ, বলির শিরে শ্রীচরণ,
অর্পণ করেন ভগবান!
হেনকালে নারদ আসিয়ে, বামন পদে প্রণমিয়ে,
বলে, বলি বড় ভাগ্যবান ॥ ১৮৫

আমি সদা ভাবিতাম হৃদিমধ্যে, বড় কে সংসার-মধ্যে,
একটা স্থির করেছিলাম ভাই।
পৃথিবীতে উৎপত্তি[১] হয়, পৃথ্বীতে সকলি লয়,
পৃথিবীর তুল্য বড় নাই। ১৮৬

আবার ভাবিলাম শেষে, পৃথিবী সাগরে ভাসে,
সাগর বড় ভাবিলাম মানসে।
আবার করি অনুমান, বড় পদ কিসে পান,
অগস্ত্য যায় পান করে গণ্ডুষে। ১৮৭

দেখিলাম মনে গণি, বড় তবে অগস্ত্য মুনি,
আবার ভাবিলাম তা নয় কখন।
কোন্ ক্ষুদ্র সে অগস্ত্য, পর্ব্বত আদি সমস্ত,
আকাশ-মধ্যেতে সবে রন ॥ ১৮৮

ভেবেছিলাম বড় আকাশ, আকাশের বিস্তা প্রকাশ,
হলো, আজি ভেবে দেখলাম চিতে।
স্থান একটু নাই গগনে, আকাশ আকাশ গণে,
বামনের চরণে স্থান দিতে ॥ ১৮৯

* * *

অতএব মহারাজ, তোমার তুল্য বড় আর নাই

'খাম্বাজ—কাওয়ালী'

তাইতে, তোমায় বড় ধরি হে রাজন্!
তুমি দেখিলে গোবিন্দের যে চরণ,
ধরায় ধরে না—না হয় আকাশেতে স্থান,
ত্রিজগৎ করেছে ধারণ, এমন বামন-চরণ
মস্তকে করলে ধারণ।
তোমায় সদয় বড় ভক্তাধীন, এতদিনে ছিলে স্বদীন,
রাজ্য, মন, ধন, জন—সব করেছ সমর্পণ,
পেয়ে শঙ্করের হৃদিপদ্মের ধ্যানের ধন ॥ (ভ

—

পাঠান্তর: ১ সকলি—ক। ২-২ সুরট—বৎ—খ, চ।

৩২। শ্রীশ্রীবামনদেবের ভিক্ষা (২)

অদিতির গর্ভে বামনদেবের জন্মগ্রহণ

আলিয়া—চৌতাল[১]

কি সুদৃশ্য সই দেখ অই অই, কশ্যপ-নন্দন—
অদিতির কোলে ঐ খেলে যেন অদ্বিতীয় নারায়ণ॥
এমন সুসভ্য[২] খর্ব্ব-তনু সর্ব্ব সুলক্ষণ
না দেখি কখন
বামন-রূপে কি গো অবতীর্ণ পূর্ণব্রহ্ম সনাতন॥ (ক)

কশ্যপের পুরবাসী, যতেক রমণী আসি,
বামনদেবের রূপ হেরি।
কেহ কয় দেখ সখি, নিরখি জুড়াল আঁখি,
রূপের বালাই লয়ে মরি॥ ১
বামন এমন শোভা, যেন কোটি চন্দ্র আভা,
বিধাতারে যাই বলিহারি।
হেরে ও বদন-চাঁদে, নয়ন পড়েছে ফাঁদে,
ফিরালে ফিরাতে নাহি পারি॥ ২
পুনঃ কন কোন সখী, ত্রিজগতে নাহি দেখি,
পুণ্যবতী অদিতি-সমান।
কন্যা পুত্র হইবার, বয়েস নাহিক আর,
ভাগ্যফলে পেয়েছে সন্তান॥ ৩
কেহ বলে শুন সই, বাঞ্ছা হয় কোলে লই,
চুম্বন করি গো চাঁদমুখে।
কেহ মনে মনে কয়, অমনি একটি আমার হয়,
লালন পালন করি সুখে॥ ৪
কোন বিনোদিনী বলে, অদিতির যত ছেলে,
সবগুলি সুন্দর সুঠাম।
কপাল যেমন যার, বিধাতা তেমনি তার
পূর্ণ করেন মনস্কাম॥ ৫
কিন্তু মনে আজি সখি, নিরখি হইলাম সুখী,
অদিতির পুত্রের বয়ান।
এই মত নারীগণে, আহ্লাদিত হয়ে মনে,
নিজস্থানে করিলা পয়ান॥ ৬
শুনিলেন সুরগণ, খর্ব্বরূপে নারায়ণ,
জন্মিলেন কশ্যপের ঘরে।
ডাকি সুরগণ প্রতি, কহিছেন সুরপতি,
আহ্লাদিত হইয়া অন্তরে॥ ৭

মল্লার—আড়াঠেকা

আর কি হে ভয়, এত দিনে পারাজয়,
হলো দৈত্য-নৃপমণি।
আনন্দে কর সকলে শ্রীগোবিন্দ-নাম-ধ্বনি।
বলির গর্ব্ব-খর্ব্ব-জন্য বৈকুণ্ঠ করিয়া শূন্য,
হ'লেন আসি অবতীর্ণ ব্রহ্মণ্যদেব আপনি॥ (খ)

বামনদেবের উপনয়নের আয়োজন

ক্রমে ছয় মাস পূর্ণ শুভ দিন দেখে॥
মুনিবর অন্ন দেন বামন-চাঁদের মুখে॥ ৮
স্নেহ-ভরে অদিতি করান স্তন পান।
ক্রমেতে গমন-ক্ষম হলেন ভগবান॥ ৯
পুরবাসী ঋষিদের বালকের সঙ্গে।
বাল্য-খেলা করেন শ্রীহরি অতি রঙ্গে॥ ১০
পঞ্চম বৎসরে চূড়া দিলা মুনিবর।
বয়ঃক্রম ক্রমে হইল অষ্টম বৎসর॥ ১১
অদিতিরে জিজ্ঞাসা করেন মহামুনি।
বামনের বয়ঃক্রম কত হইল শুনি॥ ১২

পাঠান্তর: ১ ধ্রুপদ—গ। ২ সুছবা—খ, ঙ।

আদিতি কহিছেন, প্রভু! হয়েছে বিস্মৃত।
ষেটের কোলে পা দিয়ে, এই অষ্টম হয় গত॥ ১৩
শুনিয়ে ভাবেন হৃদে, মুনি মহাশয়।
উপনয়নের কাল বহির্ভূত হয়॥ ১৪
কি করি—সঙ্গতি কিছু নাহি আপনার।
যোগেযাগে হ'তে দায়েতে উদ্ধার॥ ১৫
অন্ত-কারে কহিবারে নাহি প্রয়োজন।
আপনি আপন কর্ম করি সমাপন॥ ১৬
ইহা বলি মুনিবর দিন স্থির ক'রে।
বসিলেন পূর্ব্বদিন গোলা কাটিবারে॥ ১৭

* * *

নারদের আগমন

হেনকালে নারদ করিছে আগমন।
বীণাতে মিশায়ে তান শ্রীহরিকীর্ত্তন॥ ১৮

টৌরী[১]—একতালা

রসনা! অলস ত্যজ, ওরে ভজ হরির পদাম্বুজ।
যে পদপঙ্কজে, হৃদি-মাঝে, ভজে তমোরজ॥
নিজ গাত্র পত্র করি, যেবা তাহে লিখে হরি,
তার লজ্জা দেখে, লজ্জা পেয়ে পালায় সূর্য্যাদিজ॥ (গ)

——

নারদের বীণা শুনে, কশ্যপ ভাবেন মনে,
ঘটাইল বিধি এনে, যা ভেবেছি এখনি।
যদি এ সকল শ্রুত, হন মুনি ত্রিজগত
জানাজানি গত মাত্র, করিবেন তখনি॥ ১৯
পাইয়াছি পরিচয়, কথা নাহি পেটে রয়,
খুড়া মহাশয়কে হয়, ঠকের মধ্যে ধরিতে।
চড়িয়ে বেড়ান ঢেঁকি, লাগালাগি ঠগাঠগি,
ইহা ভিন্ন নাহি দেখি, অন্য কর্ম করিতে॥ ২০
উনি একটি মহাধন, ইহা বলি তপোধন,
রাখিছেন আয়োজন, বসনেতে ঢাকিয়ে।
হেনকালে দেবঋষি, তথা উপনীত আসি,
কি কর কশ্যপ বসি, জিজ্ঞাসেন ডাকিয়ে॥ ২১
কহেন অদিতিনাথ, এস এস খুল্লতাত!
ভাগ্যোদয়ে সাক্ষাৎ, আপনার সহিতে।
মহাশয়ের শ্রীচরণ, করি আজি সন্দর্শন,
যে তুষ্ট হইল মন, নাহি পারি কহিতে॥ ২২
এক্ষণে কোথায় যান, বীণাতে মিশায়ে তান,
করিয়া মধুর গান, সুমধুর স্বরেতে।
দেবঋষি জিজ্ঞাসিল, কশ্যপ তো আছ ভাল?
এবার সাক্ষাৎ হলো, বহুদিনের পরেতে॥ ২৩
বাপু একটা কথা বলি, উঠ দেখি দোঁহে মিলি,
একবার কোলাকুলি, তব সঙ্গে করিব।
শুনিয়া কশ্যপ বলে, দিলে বেটা পেঁচে ফেলে,
এখান হতে উঠে গেলে, অমনি ধরা পড়িব॥ ২৪
এমত অন্তরে ভেবে, মুনি কন বৈস এবে,
আপনকার সঙ্গে হবে, কোলাকুলি পরেতে।
ঋষি কন বিলক্ষণ, এসো করি আলিঙ্গন,
ইহা বলি তপোধন, কর ধরেন করেতে॥ ২৫
কশ্যপেরে উঠাইল, গোলা-কুশ পড়ে গেল,
হাসি ঋষি জিজ্ঞাসিল, ঢেকে কেন রেখেছ?
লজ্জা পেয়ে মুনি কয়, কি করিব মহাশয়,
দিতে হৈল পরিচয়, আপনি যদি দেখেছ॥ ২৬
সঙ্গতি নাহিক ঘরে, ছেলেগুলো দুঃখে মরে,
এ জন্যেতে অন্তকারে, না পারিলাম কহিতে।
কহিলাম আপনার আগে, আপনি কল্য যোগেযাগে,
সেরে দিব ঘর যোগে, বামনের পৈতে॥ ২৭
শুনিয়া নারদ বলে, আরে বাপু খেপা ছেলে,
গোলা-কুশ ঢেকেছিলে, এই কথার কারণে?
আমি ত তেমন নই, কার কথা কারে কই?
সকলের ভাল বই, মন্দ কিছু করি নে॥ ২৮

পাঠান্তর: ১ টৌরী বাহার—ঙ

বামনের পৈতে হবে, কেবা কারে কৈতে যাবে,
ইহা বলে মুনি তবে, মৃদু মৃদু হাসিয়ে।
করিলেন আগমন, যথায় চতুরানন,
উপনীত তপোধন, শীঘ্র তথা আসিয়ে ॥ ২৯

নারদের ত্রিভুবন-নিমন্ত্রণ

[১]ঝঙ্গলা—আড়াঠেকা[১]

সুর-জ্যেষ্ঠ সন্নিধানে, উপবিষ্ট হ'য়ে হৃষ্টমনে,
নারদ সংবাদ ক'ন।
নাশিবারে সুর-শত্রু, হ'য়ে কশ্যপের পুত্র,
যজ্ঞেশ্বর কাল যজ্ঞসূত্র, করিবেন ধারণ!
মুনির কহিতে চক্ষে, প্রেম-ধারা বহে বক্ষে,
ভিক্ষার ঝুলি করি কক্ষে, ত্রৈলোক্য-নাথ লবে ভিক্ষে,
দেখবে গিয়ে প্রত্যক্ষে হৃৎপদ্মের ধ্যানের ধন ॥ (ঘ)

বন্দিয়া চরণপদ্ম, পদ্মযোনির সান্নিধ্য,
হইতে নারদ কৈল যাত্রা।
মনে মনে ঐকান্তে, শ্রীকান্তে করিয়া চিন্তে,
চলেন পুরোহিতে দিতে বার্ত্তা ॥ ৩০

অলস নাহিক পথশ্রমে, মুনির আশ্রমে আসিয়া ক্রমে,
দাঁড়াইয়া বহির্দ্বার প্রান্তে।
ডাকে কোথা সুরাচার্য্য! সুধুই আচার্য্য-কার্য্য,
ক'রে মর—নাহি পার জান্‌তে ॥ ৩১

নারদের শুনি শব্দ, শব্দ না ক'রে হ'য়ে স্তব্ধ,
বৃহস্পতি ডাকি নিজ ভার্য্যে।
বলে, বেলা দেখ মধ্যাহ্ন, অন্ন খাইবার জন্য,
নারুদে এসেছে আবার আজ যে ॥ ৩২

অগ্রগামী হ'য়ে শীঘ্র, বলহ নারদের অগ্র,
তিনি আজি নিজ গৃহে নাস্তি।
ভ্রমণে হয়ে ক্ষুধার্ত্ত, আগমন করেছে মাত্র,
তেমনি তার মত হবে শাস্তি ॥ ৩৩

নিত্য একটা একি কাণ্ড, কর্ম্মকাণ্ড সকলি পণ্ড,
আপনি মরি আপনার দুঃখে।
বৃহস্পতির শুনি উত্তর, উত্তরি ঋষি-বরাবর,
ব্রাহ্মণী কয় ছল ছল চক্ষে ॥ ৩৪

আহা! মরি কি সৌভাগ্য! ভাগ্যোদয়ে তব যোগ্য,
মধ্যাহ্নে অতিথি হয় প্রাপ্ত।
গৃহে নাহি মম কান্ত, পান্তা খেয়ে আপনি শান্ত,
কি দিয়ে করিব তোমায় তৃপ্ত ॥ ৩৫

ঋষি ক'ন,—কি সৌজন্য, সে জন্য হইও না ক্ষুণ্ণ,
অন্ন খেতে আসি নাই অন্য।
কশ্যপ-উপরোধ-ক্রমে, আইলাম তবাশ্রমে,
জানাইতে মুনির সান্নিধ্য ॥ ৩৬

বামনটি হয়েছে যোগ্য, তার যজ্ঞসূত্র-যজ্ঞ,
করিতে হইবে গিয়ে কল্য।
আয়োজন করেছে দ্রব্য দিব্য দ্রব্য হবে লভ্য,
দেখে তখন হইবে প্রফুল্ল ॥ ৩৭

বামনের যজ্ঞসূত্র, এ সূত্র শুনিবা মাত্র,
বৃহস্পতি বাহির হ'লেন শীঘ্র।
মনে মনে মহাহৃষ্ট, হৃষ্ট হ'য়ে উপবিষ্ট,
হ'লেন আসি নারদের অগ্র ॥ ৩৮

বলে, আজি কিবা শুভক্ষণ, কতক্ষণ আগমন,
দেব-ঋষি! কহ কিবা জন্য।
আমি মিছে মনোভ্রমে, ভ্রমি কত আশ্রমে,
হ'য়ে এই এলাম মরণাপন্ন ॥ ৩৯

ঋষি কন, হও ক্ষান্ত, অত্যন্ত হয়েছ শ্রান্ত,
দৃষ্টিমাত্র পেরেছি তা জান্‌তে।
হেদে, সম্প্রতি এলাম কইতে, দিতে বামনের পৈতে,
যেও, আজিকার নিশি-অন্তে ॥ ৪০

পাঠান্তর: ১-১ বাহার-রূপক—ক।

বারোয়াঁ[1]—খং

বলে নারদের বীণে, ও শ্রীহরি-আরাধন বিনে,
দিন যায় বৃথে।
চিন্ত রে দুরন্ত! ভবের ভয়াস্ত হইবে যাতে।
স্থির করি নিজ চিত্ত, হরি-পদে রাখ নেত্র,
পবিত্র হবে তোর ক্ষেত্র, অত্র সন্দ নাস্তি ইথে। (ঙ)

— —

এই মত দেব-ঋষি পথে যেতে যেতে।
নিমন্ত্রণ করিছেন নানাবর্ণ জেতে। ৪১
অতি দূরে দৃষ্ট যারে, হয় দুই পাশে।
শীঘ্র উপনীত হ'য়ে, কন তার পাশে। ৪২
বামন-দেবের কল্য হবে যজ্ঞসূত্র।
যে যাবে সে পাবে কিছু হয়েছে তার সূত্র। ৪৩
মহা ঘোরতর ঘটা করেছেন মুনি।
দ্বিজেরে দিবেন দান, কত শত মণি। ৪৪
বান্ধবরে কন যেও, কশ্যপের বাস।
খাবে আর পাবে, কত যোড়া যোড়া বাস। ৪৫
এই মত ভূতলে করিয়া তন্ন তন্ন।
মুনিগণ-আদি, মুনি কৈল নিমন্ত্রণ। ৪৬
পরে গিয়া সুরপুরে, কন সব দেবে।
বামনের যজ্ঞসূত্র, কশ্যপ কল্য দিবে। ৪৭
স্ব স্ব বাহনেতে সবে, হবে অধিষ্ঠান।
বাকী নাই, সকলি হয়েছে অনুষ্ঠান। ৪৮
দেখিলাম যে দ্রব্য হয়েছে আয়োজন।
পরিতোষ হবে, তাতে ত্রিলোকের জন। ৪৯
অদ্যাবধি কতই আসিছে ভার ভার।
নিমন্ত্রণ করিতে আমারে হৈল ভার। ৫০
ইহা বলি মুনিবর, ভাবিয়ে শ্রীহরি।
তথা হৈতে শীঘ্রগতি করিলেন শ্রীহরি। ৫১
অলস নাহিক মাত্র, পথ অতিক্রমে।
বৈকুণ্ঠেতে উপনীত হইলেন ক্রমে। ৫২
নিবেদয় কমলার শ্রীচরণকমলে।
প্রভুর কল্য যজ্ঞসূত্র,—শুন গো কমলে। ৫৩
কশ্যপের পুরে যেতে হবে, মা! প্রভাতে।
সকল হইবে পূর্ণ তোমার প্রভাতে। ৫৪
আমি সব নিমন্ত্রণ করেছি ত্রিপুরে।
তব আগমন হ'লে, মম বাঞ্ছা পূরে। ৫৫
এই কথা লক্ষ্মীরে কহিয়ে উপদেশ।
পাতালে গেলেন যথা বাসুকীর দেশ। ৫৬
উপনীত হ'য়ে মুনি, ফণীর সভায়।
প্রত্যক্ষেতে নিমন্ত্রণ করিলেন সবায়। ৫৭
জাম্ববান আদি করি কহিলেন পরে।
পুনরপি দেব-ঋষি, উঠি পৃথ্বী পরে। ৫৮
ভয়ান্বিত হ'য়ে অতি ভাবিছেন মনে।
এ কর্ম্ম সম্পূর্ণ তবে করিব কেমন। ৫৯

— —

বাগেশ্বরী-কানেড়া—তিওট

মুনি চিন্তেন অন্তরে—
আমারে যেতে হলো কৈলাসে।
বিশ্বময়ী মাকে আন্‌তে হবে কশ্যপের বাসে।
ত্রিলোকেতে ভিন্ন ভিন্ন করিলাম সব নিমন্ত্রণ,
অন্নপূর্ণা ভিন্ন ইহা সম্পন্ন হইবে কিসে। (চ)

— —

কৈলাসে নারদ

মনে মনে মন্ত্রণা ক'রে, মহামুনি ধীরে ধীরে,
কৈলাস-শিখর পরে যাচ্ছেন।
বাজে বীণা সুমধুর, তাহে মিলাইয়া সুর,
শ্রীহরির গুণানুবাদ গাচ্ছেন। ৬০
পুলকিত অন্তরে, প্রবেশি কৈলাস-পুরে,
দেব-ঋষি চারিদিকে চাচ্ছেন।

পাঠান্তর: ১ পিলু বারোয়াঁ—ক।

দেখেন মুনি কোন স্থানে, ভূত প্রেত দানাগণে,
শিবনামে মগ্ন হয়ে নাচ্ছেন। ৬১

কোথায় যোগিনী সব, করিছে চীৎকার রব,
কেহ বা শ্রীদুর্গা বলি ডাকিছে।
কোথাও করেন দৃশ্য, কেহ আনি চিতাভস্ম,
আনন্দে আপন অঙ্গে মাখিছে। ৬২

কোথাও দিব্য সরোবর, তাহে কিবা মনোহর,
জলচর পক্ষী রব করিছে।
ফুটেছে কমল ফুল, তাহে কিবা অলিকুল,
মধু আশে উড়ে উড়ে পড়িছে। ৬৩

ময়ূর ময়ূরী কত, নৃত্য করে অবিরত,
মলয় মারুত মন্দ বহিছে।
ডালে বসি পিকবর, হানিছে পঞ্চম শর,
ফলে ফুলে বৃক্ষ-শোভা হয়েছে। ৬৪

* * *

সে কেমন শোভা ? —

যেমন, ব্রজের শোভা কৃষ্ণচন্দ্র, নদের শোভা গোরা।
নিশির শোভা শশী যেমন, শশীর শোভা তারা।
ঐরাবতের ইন্দ্র শোভা, যোগীর শোভা জটা।
ব্রাহ্মণের পৈতা শোভা, কপালের শোভা ফোঁটা।
মেঘের শোভা সৌদামিনী, জাতির শোভা কুল।
বনের শোভা বৃক্ষ যেমন, বৃক্ষের শোভা ফুল।
ময়দানের পাহাড় শোভা, চড়ার শোভা বালি।
সরোবরের পদ্ম শোভা, পদ্মের শোভা অলি।
উদাসীনের ভজন শোভা, গৃহীর শোভা ধনী।
ময়ূরের পাখা শোভা, ফণীর শোভা মণি।
নগরের শোভা যেমন, অট্টালিকা বাড়ী।
বৈষ্ণবের কণ্ঠী শোভা, মোল্লার শোভা দাড়ী।
দাঁতের শোভা মিসির রেখা, মাথার শোভা চুল।
হাটের শোভা কলরব, তাঁতির শোভা তূল।
যুবতীর পতি শোভা, দ্বারের শোভা দ্বারী।
পুরুষের বিদ্যা শোভা, ঘরের শোভা নারী।
অন্ধকারে আলো শোভা, দেউলের শোভা চুড়ো।
অধ্যাপকের টোল শোভা, টোলের শোভা প'ড়ো।
সমুদ্রের ঢেউ শোভা, ঢাকের শোভা টোয়ে।
তেমনি শোভা দেখেন মুনি, কৈলাসে আসিয়ে। (অ)

* * *

উপনীত হলেন মুনি শিব সন্নিধানে।
দৃষ্টি করেন মত্ত হর শ্রীরাম-কীর্ত্তনে। ৭৫

বাহার—তেলেনা।[১]

পঞ্চানন কিবে পঞ্চাননে গায় পঞ্চম স্বরে রামনাম।
গায়—সা সা নি নি ধা ধা পা পা মা পা গা রে সা,
গা মা পা, গা মা পা, পা পা ধা নি সা
তোম তানা সাত স্বরে উঠে সপ্ত গ্রাম।
বাজে পাখোয়াজে কিবে, তাকেটে ধাকেটে তাকধেলাং
ধোম কিটি তা ধা তাদেরে দানি, দেরে না দেরে না দানি,
না দেরে দেরে দেরে দেরে দেরে, ধেত্তে লেনা অতি অনুপম। ছ)

দৃষ্টি করি নারদেরে, গান ভঙ্গ করি পরে,
জিজ্ঞাসেন সমাদরে, দেবের দেবতা।
কহ মুনি বিবরণ, কি জন্যেতে আগমন,
শুনিয়ে নারদ কন, আদরে বারতা। ৭৬
শুন প্রভু ত্রিপুরারি! কশ্যপ ভবনে হরি,
হয়েছেন অবতরি, বামন রূপেতে।
আইলাম তথা হৈতে, নিমন্ত্রণ-বার্ত্তা কইতে,
প্রভুর কল্য হবে যেতে, রজনী প্রভাতে। ৭৭

পাঠান্তর: ১ কাওয়ালী—ক।

নিজগণ সঙ্গে লয়ে, অধিষ্ঠান হবে গিয়ে,
এই কথা হরে ক'য়ে, চলিলেন মুনি।
অন্নপূর্ণার সন্নিধানে, গিয়ে আনন্দিত মনে,
প্রণমিয়ে শ্রীচরণে, কহেন মিষ্ট বাণী। ৭৮
শুন শিবে শিবদারা, স্বং ত্রিপুরা পরাৎপরা,
তব শুভ দৃষ্টি তারা, মেলে প্রাপ্ত হয়।
তুমি সংসারের সার, দিলাম শ্রীপদে ভার,
আমায় মা কর এবার, সভয়ে' নির্ভয়। ৭৯
নারদের স্তুতিবাণী, শুনে কন দাক্ষায়ণী,
কি কহিবে কহ মুনি, নিজ প্রয়োজন।
বিনয় করিয়া অতি, ঋষি কন শুন সতি,
হয়েছেন কমলাপতি, অদিতিনন্দন। ৮০
তার যজ্ঞসূত্র হবে, এই কথা শুনি সবে,
ত্রিলোক-নিবাসী সবে, করিলাম নিমন্ত্রণ।
কশ্যপ অজ্ঞাতসারে, আপনি এ কর্ম ক'রে,
তাই ভাবি কি প্রকারে, হইবে সম্পন্ন ? ৮১
দয়াময়ি! দয়া করে, বারেক কশ্যপপুরে
যেতে হবে মা তোমারে, আজি নিশি অন্তে।
অন্নপূর্ণায় ইহা বলি, হ'য়ে মহা কুতূহলী
দেবঋষি যান চলি, ভাবিয়া শ্রীকান্তে। ৮২

কশ্যপভবনে ত্রিভুবনবাসীর আগমন

নিমন্ত্রণ সবে হইল, নারদ স্বস্থানে গেল,
ক্রমে নিশি পোহাইল, রবির উদয়।
স্নান করি শীঘ্রগতি, লয়ে ভবদেব পুঁথি,
চলিলেন বৃহস্পতি, কশ্যপ আলয়। ৮৩
হয়ে তথা উপনীত, কহেন মুনি মহাব্রত,
কোথা হে কশ্যপ কত, এ দিকের দেবী ?
কশ্যপ কহেন আন, কহ মুনি মতিমান,
এত প্রাতে কোথা যান, পুঁথি সঙ্গে করি। ৮৪
শুনি বৃহস্পতি কন, কোথা যান—সে কেমন ?
বামনের উপনয়ন, হইবেক অদ্য।
স্বর্গ মর্ত্ত্য আদি সব, ত্রিলোকে হয়েছে রব,
শুনিলাম অসম্ভব, করেছ বরাদ্দ। ৮৫
কশ্যপ এ কথা শুনি, মুখে নাহি সরে বাণী,
হেনকালে কতগুলি আইল ব্রাহ্মণ।
সুর সঙ্গে সুরপতি, অগ্রে আসি শীঘ্রগতি,
করিল আশ্চর্য অতি, সভার রচন। ৮৬
ক্রমেতে প্রতিবাসী, ক্ষত্রি বৈশ্য যোগী ঋষি,
সবে উপনীত আসি, কশ্যপের পুরে।
সুরগণ সভা ক'রে, ডাকি যত কিন্নরে,
দেবরাজ আজ্ঞা করে গান করিবারে। ৮৭

খাম্বাজ—একতালা

ত্রিম তানা না না দেরে না দেরে না—
গায় গুণিগণ মুনি-ভবনে আসি!
ও দানি ও দানি তোম্ দেরে দানি
সারি গামা স ম সা গরি গাগরি,
স্বরেতে মোহিত সুর-পুরবাসী।
ধেত্তেলাং ধুমকিটি কিটি ধা ধুমকিটি ধা—
ধিক্ ধিক্ ধিক্ ধিক্ ধিক্ ধিক বাজিছে তেলেনা,
ত্রেকেটে তোম্ তায়রে তায়রে তোম্ তায়রে দানি :
ঝর্ ঝর্ ঝর্ ঝর্ যেন ঝরে সুধারাশি। (জ)

* * *

নারদের প্রতি কশ্যপের তিরস্কারবাক্য

সুন্দর সভার ছটা, বসেছে দ্বিজের ঘটা,
কপালেতে উর্দ্ধ ফোঁটা, কারুর শিরে লম্বা জটা,
কশ্যপ বলেন লেটা, ঘটালে নারদে বেটা,
তখন বুঝেছি সেটা, সমূলেতে করলে খোটা,
ভাল কি করেছ এটা, নেহাৎ তার বুদ্ধি মোটা,
পরে মন্দ হবে যেটা, সেই কর্ম্মে বড় আটা,

পাঠান্তর : ১ অভয়ে—ক।

ঋষির মধ্যে বড় ঠেঁটা, কে কোথা দেখেছে ক'টা,
পোঁদে[১] লাউ উপরে সোঁটা, হাতে করে সদাই সেটা,
বেড়ায় যেন হাবা বেটা, চালচুলো নাই নির্লজ্জেটা,
কি সাউখুড়ি করেন একটা, মিথ্যে কথার ধুকড়ি ওটা,
সত্য কথা নয় একটি কোঁটা, গণ্ডগোলের একটি গোটা,
বিষম দেখি বুকের পাটা, মাগ ছেলে নাই ন্যাংটা ওটা,
কিছুতেই না যায় আঁটা, বেটা সব দুয়ারে ফেন-চাটা। ৮৯

'না'য়ের দোষ কি ?

নাস্থনা, নাকানাকি, নানা নেঠা, নাকাবা,
নাজেহাল, নাগানাগি, নাঠানাঠি, নরাধম,
নাড়া সাই, নাখখোয়ারে, নানাস্থানী, নাফডিগরে,
নাককাটা, নাশ করা, নাচার,
নায়ে কড়ি দিয়ে ডুবে পার। ৯০

'র'য়ের দোষ কি ?

রোদন, রণ, রোকারুকি রোগ, রক্তপাত, রগটানা,
রগড়া-রগড়ি, রসাভাস, রঙ্গ করা, রসপড়া। ৯১

'দ'য়ের দোষ কি ?

দলাদলি, দ্বন্দ্বজ, দৌরাত্ম্য, দরবার, দস্যুবৃত্তি, দয়াহীন,
দ্বন্দ্ব করা, দলবর্ত্তী, দরিদ্র, দম্ভ, দশাহীন, দরদ, দৈন্য,
দকে পড়া, দর্প করা, দৌড়াদৌড়ি, দর্পহারী। ৯২

* * *

কশ্যপের অন্নপূর্ণা-আরাধন

এইরূপে নারদেরে, কশ্যপ মুনি নিন্দা করে,
হেনকালে আইল পুরে, কতগুলি বাস্তকর।
নিজগণ সঙ্গে ক'রে, বাসুকি আইলেন পুরে,
বসাইলেন সমাদরে, দেব পুরন্দর। ৯৩
হংসপৃষ্ঠে আরোহণ, আইলেন চতুরানন,
পরে আসি ত্রিলোচন হইলেন উপনীত।
আপনি শ্রীহরি-প্রিয়ে, আসি কশ্যপ-আলয়ে,
বামনদেবে নিরখিয়ে, হইলেন আনন্দিত। ৯৪

যতেক ত্রিপুরবাসী সবে উপনীত আসি,
দেখিয়ে কশ্যপ ঋষি ভাবেন অন্তরে।
গৃহেতে সকলি শূন্য, ইথে বড় হলেন ক্ষুণ্ণ,
না পারিলাম দিতে অন্ন ক্ষুধিত জনেরে। ৯৫
কশ্যপ কাতর হ'য়ে, হৃদয়েতে ভয় পেয়ে,
যোড় হাতে উর্দ্ধে চেয়ে করয়ে মনন।
ডাকিছেন মহামুনি, কোথা বিশ্ববিলাসিনি!
এ বিপদ হররাণি! কর মা, ভঞ্জন। ৯৬

সারঙ্গ—একতালা

মা অভয়ে গো সভয়ে ডাকি, এ ভয়ে জননি
আমায় দেহি মা, অভয়।
যে কর্ম্ম করেছে নারদ, পাছে ব্রহ্মশাপ হয়।
নাহিক মম সম্পদ, তাহে দেখি যে বিপদ,
নিরাপদ হব কিসে বিনা তব পদদ্বয়। (ঝ)

* * *

এইমত কশ্যপ ঋষি ভয় পেয়ে হৃদে।
অন্নপূর্ণায় ডাকিছেন পড়িয়া প্রমাদে। ৯৭
হেনকালে বৃষ-পৃষ্ঠে করি আরোহণ।
ব্রহ্মময়ী আসিয়া দিলেন দরশন। ৯৮
দেখি আহ্লাদিত বড় হৈলেন কশ্যপ।
প্রণতি করিয়া পদে করিছেন স্তব। ৯৯
দূর হৈতে দেব-ঋষি করিলেন দৃষ্ট।
ব্রহ্মময়ী আসিয়া হয়েছেন উপবিষ্ট। ১০০
নির্ভয়ে যাইয়া ঋষি কশ্যপেরে কয়।
ওরে বাপু, চুপি চুপি কোন কর্ম্ম করা উচিত নয়। ১০১

* * *

দেখ চুপে চুপে রাবণ করলে রামের সীতাহরণ।
একেবারে হৈল তার সবংশে মরণ।

পাঠান্তর: ১ নীচে—ক।

চুপে চুপে ইন্দ্র গিয়া গৌতমের স্ত্রী হরে।
সহস্রলোচন হৈল কত দুঃখের পরে॥
চুপে চুপে চন্দ্র হতে বুধ-ঠাকুরের জন্ম।
দেশজুড়ে কলঙ্ক হৈল করিয়া কুকর্ম্ম॥
চুপে চুপে রামের ফল খেয়ে হনুমান।
গলায় আঁটি লেগে হৈল যায় যায় প্রাণ॥
চুপে চুপে অনিরুদ্ধ উষা হরণ ক'রে।
বন্ধন দশায় ছিলেন পড়ে বাণের কারাগারে॥
চুপে চুপে দ্রৌপদীর পঞ্চপুত্র কেটে।
অশ্বত্থামা অপমান হৈল অর্জ্জুন নিকটে॥
চুপে চুপে রঘুনাথ বালি রাজারে বধে।
নিজ বধের বর শেষে দিলেন অঙ্গদে॥
চুপে চুপে সূর্য্যদেবে দিয়া আলিঙ্গন।
কুন্তীদেবী দিয়াছেন পুত্র বিসর্জ্জন॥
চুপে চুপে রাবণের মূর্ত্তি লিখে ভূমে।
জানকী গেলেন বনে বঞ্চিত হয়ে রামে॥
চুপে চুপে কচ গেলেন বিদ্যা শিক্ষা করতে।
মেরে তার মাংস খেলে, মিলি সব দৈত্যে॥
চুপে চুপে কোম্পানীর জাল নোট ক'রে।
রাজকিশোর দত্ত জন্মাবধি গেলেন জিঞ্জিরে॥
চুপে চুপে প্রতাপচন্দ্র রাজ্য ছেড়ে গিয়ে।
শেষে আর দখল পান না, আছেন ভেকো হয়ে॥
অতএব বলি চুপে চুপে কর্ম্ম ভাল নয়।
এদিকের উদযোগ কর আর নাহি ভয়॥ (আ)

*　　*　　*

নারদের এই বাক্য কশ্যপ শুনিয়ে।
কহিছেন নারদ প্রতি আহ্লাদিত হয়ে॥ ১১৫

——

সুহিনী—মধ্যমান

ধন্য তুমি ত্রিলোকমান্য ওগো দেবঋষি।
তোমার প্রসাদে আমায় প্রসন্না প্রসন্না আসি॥
হৃদিপদ্মে যে পাদপদ্ম, অনাদ্য করেন আরাধ্য,
সেই মায়ের শ্রীপাদপদ্ম, হেরিলাম আজি গৃহে বসি॥ (ঞ)

*　　*　　*

বামনদেবের উপনয়ন

নারদে কশ্যপমুনি　　কহি নানা স্তুতিবাণী
আনন্দে বামনদেবে আনিলেন।
অগ্রে অধিবাস ক'রে　　বসুধারা দিয়া দ্বারে
বৃদ্ধিশ্রাদ্ধ তারপরে সারিলেন॥ ১১৬
অগ্নিরে স্থাপন ক'রে　　বৃহস্পতি মুনিরে
মস্তক মণ্ডন হেতু বলিলেন।
যদুনাথ মৃদু হাসি　　নাপিত নিকটে বসি
কর্ণবেধ কেশমুণ্ডন করিলেন॥ ১১৭
তৈল হরিদ্রা মাখি স্নান　　করিলেন ভগবান
ক্ষৌম কৌপীন বাস পরিলেন।
অতি আনন্দিত হ'য়ে　　মুঞ্জমেখলা দিয়ে
কৃষ্ণসারাজিন স্কন্ধে ধরিলেন॥ ১১৮
গায়ত্রী উপদেশ পেয়ে　　পরে অভিষেক হয়ে
শ্রীফলের দণ্ড করে লইলেন।
সে দণ্ড কৌপীন ছাড়ি　　হয়ে নবীন ব্রহ্মচারী
কক্ষে ঝুলি ভিক্ষা হরি চাহিলেন॥ ১১৯
পুরবাসী নারীগণে　　আহ্লাদিত হয়ে মনে
"আমি অগ্রে ভিক্ষা দিব"—বলি সবে ধাইলেন।
শর্ব্বাণী আপনি তবে,　　ভিক্ষা দিলেন বামনদেবে,
দেখি সবে মূর্চ্ছাপন্ন হইলেন॥ ১২০
যজ্ঞোপবীত সাঙ্গ করি　　গৃহে প্রবেশিলেন হরি
তিন দিবস সেই ঘরে রহিলেন।
পরেতে কশ্যপঋষি　　কৃতাঞ্জলিপুটে আসি
অন্নপূর্ণার সন্নিধানে কহিলেন॥ ১২১

সোহিনী—যৎ

শিবে আমি নিবেদি গো, মা তোমার ঐ রাঙ্গা পদে।
কুলাও কুলকুণ্ডলিনি অকূল আপদে॥

ত্রিপুর নিবাসিগণে এসেছে মম ভবনে,
আমি অতি দীনদৈন্ত, না পারিলাম দিতে অন্ন।
মাং[1] প্রতি হয়ে প্রসন্ন, অন্নদে মা অন্ন দে। (ট)

—

অন্নপূর্ণার পরিবেশন

এই বাণী ভবরাণী করিয়া শ্রবণ।
কন কিবে আছে এবে তব আয়োজন। ১২২
মুনি কহে মম গৃহে হয়েছে রন্ধন।
পাঁচ ছয় জনার হয় বিশিষ্ট ভোজন। ১২৩
হাস্ত করি শঙ্করী যে করেন উত্তর।
শীঘ্র গিয়া বসাইয়া দেহ মুনিবর। ১২৪
হৃষ্টমনে সভাক্রমে ঋষি গিয়া কয়।
সবে মিলি গা-তুলি আসিতে আজ্ঞা হয়। ১২৫
সুরাসুর আদি যত যোগিঋষিগণ।
ত্রিলোকবাসী বসেন আসি করিতে ভোজন। ১২৬
তদন্তরে সঙ্গে করে লয়ে কমলায়।
ঈশানী আপনি গেলেন রন্ধনশালায়। ১২৭
যৎসামান্ত ছিল অন্ন কশ্তপ আলয়।
কমলা বিমলা দৃষ্টে হইল অলয়। ১২৮
সেই অন্ন লইলেন স্বর্ণথালে পুরি।
পরিবেশন করেন তথা ত্রিপুর-সুন্দরী। ১২৯
নানা দ্রব্য, করে সর্ব্ব লোকেতে ভোজন।
হেউ ঢেউ, ক'রে কেউ কহিছে বচন। ১৩০
আমি ত ভাই, অনেক ঠাঁই খাইয়া বেড়াই।
এমন ধারা পেট ভরা কভু দেখি নাই। ১৩১
কেহ বলে, গলে গলে হয়েছে আমার।
ইচ্ছা করে থাকি পড়ে, উঠে যাওয়া ভার। ১৩২
কেহ কন, এ ভোজন হৈল গুরুতর।
অভিপ্রায়, বুঝি যায় ফাটিয়া উদর। ১৩৩
কেহ উঠে, পালায় ছুটে, দেখে অভয়ায়।
আবার মাগী, কিসের লাগি আসিছে হেথায়। ১৩৪
কেহ কয়, অতিশয় এ ঋষি স্বচ্ছল।
আমি ত দিন দুই তিন না খাইব জল। ১৩৫
এই মত, কহি কত, আচমন ক্রমে।
ইন্দ্র চন্দ্র শিব বিধির তুষ্টির নাহি সীমে। ১৩৬
কশ্তপের স্থানে বিদায় লইলেন ক্রমে।
স্ব স্ব বাহনেতে যান আপন আশ্রমে। ১৩৭

* * *

বলি রাজভবনে বামনদেব

হেথায় বামন-চাঁদ, বলিরে ছলিতে ফাঁদ
পাতিলেন যুক্তি করি মনে।
ঘর হইতে বাহির হ'লেন জনকেরে জিজ্ঞাসিলেন,
কি দিয়াছ গুরুর দক্ষিণে? ১৩৮
মুনি কহেন ভাবি তাই, কিছুই সঙ্গতি নাই,
কহ বাপু কোথায় কি পাব?
কশ্তপের কথা শুনি, কহিছেন যদুমণি,
আমি ইহার উপায় করিব। ১৩৯
শ্রুত আছি এই কথা, বলি রাজা বড় দাতা,
শত অশ্বমেধ করে পূর্ণ।
আমি গিয়া তথাকারে আনি দ্বিব ভিক্ষা করে
মহাশয় কেন হেন ক্ষুণ্ণ? ১৪০
শ্রীহরি এ কথা কয়ে মাতাপিতায় প্রণমিয়ে
চলিলেন বলির ভবন।
সুদৃশ্য সে খর্ব্ব তনু তেজঃপুঞ্জ যেন ভানু
পরিধানে গেরুয়া বসন। ১৪১
দণ্ডটি দক্ষিণ করে, ক্ষুদ্র একটি ছত্র শিরে,
ধীরে ধীরে চলেন ঠাকুর।
পথে যত দ্বিজ আইসে, জিজ্ঞাসেন মধুর ভাষে,
বলির ভবন কত দূর? ১৪২
শুনিয়া মধুর রব কহিছে ব্রাহ্মণ-সব,
আহা মরি কিবা রূপ।

পাঠান্তর: ১ মম—খ।

এই রূপ করিয়া দৃষ্ট আপনার সর্ব্বস্ব
বুঝি বা ইহারে দেন ভূপ। ১৪৩
চল ভাই শীঘ্র ভাল, গতিক নহে ত ভাল,
আগে গিয়া যা পাই তা লই।
ইহা বলি বেগে ধায়, পিছে পানে ফিরে চায়,
বামন আসিছে বুঝি ঐ। ১৪৪
ধীরে ধীরে ভগবান বলির ভবনে যান,
ক্রমে গিয়া হলেন উপনীত।
বামন দেখেন পুরে বলির সভায় ফিরে
হইতেছে নৃত্য বাদ্য গীত। ১৪৫

কানেড়া—আড়া

চতুরঙ্গে গায় গুণী নাদের দের দের দানি অহুর সুর সমাজে।
গের গের গিরগির আএ তান খরজুরি খর মধ্যম গান্ধারে।
রাগ দীপক কুমার বর সুন্দর কানেড়া শুনায়ে মহারাজে।
ধা-ধেয়া ধুমতারা কিটি তারা তেনাকিটি তাক ধেলাং
ধেলাং ধেলাং বাজে পাখোয়াজে।
ধা ধা কিটি ধা ধা কিটি ধাগুড় ধাগুড় ঘন
যেন গভীরে বিরাজে। (ঐ)

* * *

বলি-সমীপে ত্রিপাদ ভূমি প্রার্থনা

দেখিছেন বনমালী হ'য়ে মহাকুতুহলী,
বসিয়া আছেন বলি কল্পতরু-প্রায়।
হতেছে বিষম ধুম, যাগযজ্ঞ পূজা হোম,
ভৃত্যগণে করে ধুম, ফিরিছে সভায়। ১৪৬
দীনদুঃখী দ্বিজ কত, আসিতেছে শত শত,
ধনে হ'য়ে আকাঙ্ক্ষিত, কহিছে রাজায়।
কেহ বলে দৈত্যশূর, নিবাস অনেক দূর,
এসেছি তোমার পুর, প'ড়ে কন্যাদায়। ১৪৭
কেহ বলে নৃপমণি, কয়েছেন ব্রাহ্মণী,
কন্যাপেড়ে সাড়ী আনি পরাও আমায়।
তেজি হয়ে অতি ব্যগ্র, এসেছি তোমার অগ্র,
আপনি আমায় শীঘ্র, করহ বিদায়। ১৪৮
এইমত বিপ্রগণ অভিলাষী হয়ে কন,
দৈত্যপতি দেন ধন যে জন যা চায়।
হেনকালে দৃষ্ট করি বলি কহে আহা মরি!
কে ও নবীন ব্রহ্মচারী আসিছে হেথায়। ১৪৯
দেখিতে আকৃতি বামন, বামনের সুসভ্য[১] এমন
ভুলিল নয়ন মন, নিরখি উহায়।
যে ধন যাচ ঞা করে, তাই দিব বামনেরে,
এই কথা অন্তরে, ভাবেন দৈত্যরায়। ১৫০
এমন সময় হরি, আসি তবে ধীরি ধীরি,
ভূপে আশীর্ব্বাদ করি, দাঁড়ালেন তথায়।
আইস আইস মহাশয়, সমাদরে বলি কয়,
কি লাগিয়া যমালয়, কহ গো ত্বরায়। ১৫১
শুনিয়া শ্রীপতি কন, প্রতিশ্রুত যদি হন,
তবে নিজ প্রয়োজন, জানাই তোমায়।
রাজা কহে, যা চাহিবে, আপনি তাহাই পাবে,
ইথে না অন্যথা হবে, প্রাণ যদি যায়। ১৫২
কহিছেন ভগবান, দেহ বলি পুণ্যবান,
তিনটি পদ ভূমি দান, আমার এ পায়।
হাস্য করি বলি বলে, হেরে বাপু, খেপা ছেলে,
তিনটি পদ ভূমি নিলে, কি হইবে তায়! ১৫৩
কোটি স্বর্ণ মুদ্রা লহ, গ্রাম কিম্বা ভূমি চাহ
দিব, দিন নির্ব্বাহ, হইবে তাহায়।
যদি হও বিবাহে রত, তবে বল একশত,
বিভা দিব মনোগত, ব্রাহ্মণ বালায়। ১৫৪
পুনর্ব্বার কন হরি, শুন হে দৈত্যকেশরি,
আমি নিজে ব্রহ্মচারী, কি কাজ বিভায়?
ত্রিপাদ ভূমি দেহ যদি, তপ যজ্ঞ পূজা আদি
তাহাতে বসিয়া সাধি, রজনী দিবায়। ১৫৫
আবার বুঝান বলি, না মানেন বনমালী,
ভূপতি তখনি ভুলি, বলির মায়ায়।

পাঠান্তর: ১ সুছন্দ—খ

শুক্রাচার্য্যে ডাকি কয়, মন্ত্র বল মহাশয়,
যাহার যা ইচ্ছা হয়, তাই দিব তায়। ১৫৬
বামনদেবেরে হেরে, দৈত্যগুরু চিন্তা করে,
কে এসেছে ছলিবারে এমত বুঝায়।
ধ্যানস্থ হইয়া মুনি, সকল বারতা জানি,
হৃদয়ে প্রমাদ গণি, কহিছে রাজায়। ১৫৭

ভৈরবী—খং

কি দেখ দানব রায়, ঐ যে বামন-কায়,
সামান্য বামন নয়, ও আপনি শ্রীভগবান।
করো না এমন কার্য্য, ধৈর্য্য হও হে যাবে রাজ্য,
সুরের সাহায্য হেতু ত্রিপাদ ভূমি দান চান।
দান কৈলে ত্রিপাদ ভূমি সম্পদ হারাবে তুমি,
রাজ্য পদ যাবে, হবে পদে পদে অপমান।
ধরেছেন ঐ খর্ব্ব পদ, ঘটাতে তব বিপদ,
দ্বিপদে ব্রহ্মাণ্ডে লবেন, ত্রিপাদে না পাবে স্থান। (ড)

* * *

তিনের দোষ বর্ণন

শুক্রাচার্য্য বলে, বলি ত্রিপাদ ভূমি দিও না।
তিন কথা বড় মন্দ তিনের দিকে যেও না। ১৫৮

দেখ—
ত্রিবঙ্কেতে কৃষ্ণচন্দ্র, বাঁকা বই বলে না।
তিন কাণ হলে পরে, মন্ত্রৌষধি ফলে না।
তিন বামুনে একত্রেতে, যাত্রা ক'রে যায় না।
তিনচক্ষু মৎস্য হলে, মনুষ্যেতে খায় না।
তিন [illegible]ক দিলে লোক, শক্ত ব'লে লয় না।
তিন নকলে খাস্ত হয়, আসল ঠিক রয় না।
তেমাথা পথ ভিন্ন কভু, ঠিক করা যায় না।
তিনকড়ে নাম হৈলে, মরাকে বই কয় না।
তিন তিথিতে ত্র্যহস্পর্শ, শুভকর্ম্ম করে না।
ত্রিপাপের বৎসর হৈলে, যমের হাতে তরে না।
উত্তম মধ্যম অধম, এই তিনটে আছে ঘোষণা।
তার মধ্যে অধম বলে, ত্রিলোক করিলে গণনা।
ত্রিদোষের ক্ষেত্র হলে, যমের হাতে তরে না।
এক পুরুষের দুই স্ত্রী, তিন জনাতে বনে না।
ত্রিশঙ্কু রাজার দেখ, স্বর্গে যাওয়া হ'ল না।
তেজ্জি বলি, ওরে বলি, ত্রিপাদ ভূমি দিও না। (ই)

* * *

ত্রিপাদ ভূমি দানে শুক্রাচার্য্যের নিষেধ

শুক্রাচার্য্য এইমত, বলিরে বুঝান কত,
এমন কর্ম্ম করো না প্রাণান্তে।
বলিতে যদি নাহি পার, অন্যেরে ইঙ্গিত কর,
রাখিয়া আসুক গ্রামের প্রান্তে। ১৬৭
শুধু নন ব্রহ্মচারী, এসেছেন ছল করি,
হরণ করিতে তব রাজ্য।
লইয়া তোমার ঠাঞি, দেবেরে দেবেন তাই,
মনেতে করেছেন এই ধার্য্য। ১৬৮
কদাচ ত্রিপাদ ভূমি, প্রদান করো না তুমি,
হেলন করিয়া মম বাক্যে।
আমি তব পুরোহিত, সদা চিন্তা করি হিত,
শুনতে হয় মম নীতিশিক্ষে। ১৬৯

* * *

বলিকে শুক্রের অভিশাপ

শুনিয়ে শুক্রের বাণী, মৌন হয়ে নৃপমণি,
কিছুই উত্তর নাহি করে।
মুনিবর হেরি সেটা, বলে এই মলো বেটা,
যজমানটা গেল একবারে। ১৭০
পুনঃ কন ওরে বলি, বারেক নয়ন মেলি,
আমার বয়ান পানে চা।
দেখিতেছ শরীর খাট, হস্ত পদ ছোট ছোট,
খর্ব্ব নয় এ সর্ব্বনেশে পা। ১৭১
তবু দৈত্য নৃপমণি, না শুনে শুক্রের বাণী,
ক্রোধান্বিত হয়ে মুনি কয়।

রাজ্য ধন হবে নষ্ট, আজি হৈতে শ্রীভ্রষ্ট,
বলি, তুমি হইবে নিশ্চয়। ১৭২
শুক্রের হইল শাপ, রাজা পেয়ে মনস্তাপ,
শীঘ্র উঠি করিল পয়ান।
যথায় আছে বিন্ধ্যাবলী, তথাকারে গিয়া বলি,
ভার্য্যারে এ বারতা জানান। ১৭৩
কন বিন্ধ্যাবলী সতী, কি করিলে প্রাণপতি,
প্রতিশ্রুত হয়েছ আপনি।
চল শীঘ্র আমি যাই, দিতে হবে ত্রিপাদ ঠাঁই,
ইথে সংশয় কিছু নাহি নৃপমণি। ১৭৪
ইহা বলি দোঁহে মিলে, যাইয়া যজ্ঞের স্থলে,
বামনদেবে করি নিরীক্ষণ।
আহ্লাদিত হ'য়ে রাণী, স্বর্ণ-ভৃঙ্গারে জল আনি,
করেন শ্রীহরিপদ-প্রক্ষালন। ১৭৫
শুক্রাচার্য্য নিরখিয়ে, অতি ক্রোধান্বিত হ'য়ে,
পুনর্ব্বার করিছে বারণ।
শুনি তবে বিন্ধ্যাবলী, হ'য়ে তখন কৃতাঞ্জলি,
বিনয়েতে গুরু প্রতি কন। ১৭৬

মল্লার[১]—রূপক

ক'রো না এমন আজ্ঞা, গুরু গো! প্রতিজ্ঞা যাবে।
আশ্বাসিয়ে বাক্যে, নৈরাশিলে ভিক্ষে,
ত্রৈলোক্যে আমার অতি কুখ্যাতি রবে।
ছল-রূপে যদ্যপি হন, আপনি শ্রীনারায়ণ,
তবে মম যোগ্য, আছে কার ভাগ্য,
যজ্ঞেশ্বরের কৃপায় যজ্ঞ সফল হইবে। (চ)

* * *

শুক্রাচার্য্যের অপমান

দেব-অরি-রাণীর বাণী শুনিয়া সুস্পষ্ট।
ভাবে মুনি, ভূপতির ভেঙ্গেছে অদৃষ্ট। ১৭৭
ক্রোধে অন্তর্দ্ধান হন অসুরের ইষ্ট।
যোগ-বলে জল-পাত্রে হইলেন প্রবিষ্ট। ১৭৮
বলেন, বলিরে তখন বামন বিশিষ্ট।
দিন যায় দেহ দান, দনুজের শ্রেষ্ঠ। ১৭৯
রাজা বলে, দিব দান, দ্বিজবর তিষ্ঠ।
মন্ত্র কে বলাবেন, গুরু হয়েছেন অদৃষ্ট। ১৮০
আমি মন্ত্র বলাই বল, বলিছেন কৃষ্ণ।
শুনিয়া নৃপতি অতি হইলেন হৃষ্ট। ১৮১
শীঘ্র আসি দানাসনে হ'লেন উপবিষ্ট।
আচমন করিতে যান বলিয়া শ্রীবিষ্ণু। ১৮২
ঢালেন গাড়ুর জল ভূপতি বলিষ্ঠ।
রুদ্ধ করেছেন শুক্র, না হয় ভূমিষ্ঠ। ১৮৩
বুঝিয়া বামনদেব কন মিষ্ট মিষ্ট।
নলেতে কি লেগে আছে, বুঝা গেল স্পষ্ট। ১৮৪
কুশ ল'য়ে খোঁচা দাও, কেন পাও কষ্ট।
শুনিয়া দিলেন খোঁচা অসুর বলিষ্ঠ। ১৮৫
ছিদ্রপথে শুক্রাচার্য্য করেছিল দৃষ্ট।
চক্ষে খোঁচা লেগে, মুনির ক্রোধে কাঁপে ওষ্ঠ। ১৮৬
বাহির হইয়া বলে, মারিলি পাপিষ্ঠ!
বল বলি! আমি তোর কি করেছি অনিষ্ট। ১৮৭
বুঝা গেল বিলক্ষণ তুই যেমন বিশিষ্ট।
খোঁচা দিয়ে বোঁচা বেটা চক্ষু কর্‌লি নষ্ট। ১৮৮

বামনদেবকে বলির ত্রিপাদ ভূমি দান

শুক্রাচার্য্য মহাশয়, রাগোৎপন্ন অতিশয়,—
দেখিয়ে বিনয়ে কয়, দৈত্যের ঈশ্বর।
অপরাধ ক্ষম দাসে, জানিতে পারিব কিসে,
আপনি আছেন বসে, গাড়ুর ভিতর। ১৮৯
কীট নন, পতঙ্গ নন, মহামান্য তপোধন,
জলপাত্রের মধ্যে র'ন, অতি অসম্ভব।

পাঠান্তর: ১ সুরট মল্লার—ক

শুক্রাচার্য্য রাগোৎপন্ন, বলে, কেবল তোর জন্য,
দেখিলাম উচ্ছন্ন যায় এ সব ॥ ১০৯

ইহা বলি ক্রোধ-ভরে, মুনি গেলেন স্থানান্তরে,
বলিরাজা তৎপরে, কৈল আচমন।

মন্ত্র ক'ন ভগবান, তিন পদ-পরিমাণ,
করিলেন ভূমি দান, দনুজ-রাজন ॥ ১৯১

স্বস্তি বলি শ্রীপতি, আনন্দ হৃদয়ে অতি,
ত্যজিয়ে বামনাকৃতি, হ'য়ে বিরাট মূর্ত্তি।

এক পদ ঊর্দ্ধে করি, লইলেন শূন্যপুরী,
দ্বিতীয় চরণে হরি, ব্যাপিলেন পৃথ্বী ॥ ১৯২

তৃতীয় চরণ বাকী, নাহিক তায় স্থান দেখি,
শ্রীহরি বলিরে ডাকি, কহিছেন আজ্ঞা।

আর এক পদ ভূমি, শীঘ্র দেহ ভূমি-স্বামী!
নতুবা ছাড়হ তুমি আপন প্রতিজ্ঞা ॥ ১৯৩

* * *

বলির বন্ধন

ইহা শুনি বলি কয়, স্থান দিব মহাশয়!
প্রতিজ্ঞা কি ছাড়া হয়, থাকিতে জীবন।

হরি ক'ন বারে বারে, ভূপতি না দিতে পারে,
অতি ক্রোধান্বিত পরে, হ'য়ে নারায়ণ ॥ ১৯৪

ডাকিয়া গরুড় বীরে, আজ্ঞা দেন বাঁধিবারে,
নাগপাশে দৈত্যাসুরে, করিল বন্ধন।

বিস্তর প্রহারে গায়, সবে করে হায় হায়!
ক্রোধে দৈত্য-সেনা ধায়, করিবারে রণ ॥ ১৯৫

নিরখিয়া বলি ক'ন, যুদ্ধ-সজ্জা কি কারণ,
যে দিয়াছে রাজ্য-ধন, সেই যদি লয়।

তাহে হওয়া খেদান্বিত, নহে ত এমন নীত,
যুদ্ধ করা কদাচিত উচিত না হয় ॥ ১৯৬

ইহা বলি সবাকারে, শান্ত-বাক্যে ক্ষান্ত করে,
দূত গিয়ে প্রহ্লাদেরে, কহিল বারতা।

বলির বৃত্তান্ত শুনি, বৈষ্ণবের চূড়ামণি,
শীঘ্র আইল চক্রপাণি, বিরাজমান যথা ॥ ১৯৭

হেরিয়া বিরাটকায়, প্রণমি দণ্ডীর পায়,
দৃষ্ট করেন দুই পায়, লয়েছেন সব।

দাঁড়ায়ে প্রভুর পাশে, গললগ্নীকৃতবাসে,
অতি সুমধুর ভাষে, করিছেন স্তব ॥ ১৯৮

ছায়ানট—খং

নারায়ণ নাগর নরোত্তম! লক্ষ্মীকান্ত নরসিংহ নটবর!
দারুণ দুর্জ্জন-দর্পনিবারণ! অদিতি-নন্দন!
দয়াসিন্ধু! দামোদর ॥
হে হে বামন! বিপজ্জন-পালন বরাহমূর্ত্তিধর!
বসুধা-উদ্ধারণ, বাসুদেব! বনমালী বন্ধন!
বৈকুণ্ঠনাথ! হে বিরাট বিশ্বম্ভর ॥
হে পীতাম্বর! পৃথিবীর প্রতিপালক!
সংসার ত্বং পরমেশ্বর!
পদ্মপলাশলোচন! পুরুষোত্তম!
পাদপদ্মে রাখ মুক্তি অতি পামর ॥ (৭)

বলির বন্ধন দেখি, প্রহ্লাদ হইয়া দুখী,
শ্রীনাথে কহেন ডাকি, তব বিড়ম্বনা।

দেখ প্রভু! যেই জনে, বনপুষ্প জল এনে,
দিয়ে তব শ্রীচরণে, করে আরাধনা ॥ ১৯৯

তারে তুমি কৃপা করি, ত্রিলোকের অধিকারী,
কর দয়াময় হরি! এইমাত্র জানি।

বলি আজি অক্ষুণ্ণমনে, দান কৈল ত্রিভুবনে,
এ দুর্গতি তবে কেনে, কৈলে চক্রপাণি ॥ ২০০

ছলে রাজ্য ধন হ'রে, রেখেছ বন্ধন ক'রে,
দয়া কি হ'ল না হেরে, ভক্তের বদন!

প্রহ্লাদের বাক্য শুনি, কহিছেন যদুমণি,
শুন দৈত্য-চূড়ামণি! আমার বচন ॥ ২০১

আমি কি বাঁধিব উহায়, আজি হৈতে দানব-রায়,
জন্মের মতন আমায়, করিল বন্ধন।
শুক্রাচার্য্য শাপ দিল, খগপতি প্রহারিল,
তথাপি না তেয়াগিল, প্রতিজ্ঞা আপন॥

* * *

বামনদেবের নাভি হইতে তৃতীয় পদের উদ্ভব

উঠিয়া এমন সময়, বিন্ধ্যাবলী রাণী কয়,
আর কোথা দয়াময়! চরণ তোমার।
সবে দুই পদ ছিল, স্বর্গ আর মর্ত্ত্য গেল,
শ্রীহরি বলিলেন ভাল, কহিলে এবার॥ ২০৩
হাস্য করি নারায়ণ, দৈত্যরাজে দিতে চরণ,
নাভি হ'তে শ্রীচরণ, করিলেন বাহির।
দেখিয়া কহেন সতী, কি দেখ দানবপতি!
শীঘ্রগতি দেহ পাতি, আপনার শির॥ ২০৪
অমনি বলি সেই চরণ, মস্তকে করে ধারণ,
দেখি যত সুরগণ, করে সাধুবাদ।
সকলে বলির শিরে, পুষ্প বরিষণ করে,
বিন্ধ্যাবলীর অন্তরে, বাড়িল আহ্লাদ॥ ২০৫
কিবে রাজা পুণ্যবান, ত্রিপদেতে দিয়ে স্থান,
প্রতিজ্ঞা-সাগরে ত্রাণ, পাইল নৃপমণি।
বন্ধন হইতে মুক্ত, হইলেন বিষ্ণু-ভক্ত,
দেখিয়ে বলির বক্ত, কন পদ্মযোনি॥ ২০৬

বিভাস—তিওট

ধন্য বলি! আজি কি পুণ্য প্রকাশ্য!
দৃশ্য ক'রে হ'লো বিস্ময় অন্তরে।
বলির তারণ-কারণ,
শ্রীচরণ ঐ নাভিসরোজে
শৃজন,
করিলে মুরারে।
সুরাসুর আদি যক্ষ রক্ষ নর,
বলির যোগ্য ভাগ্যধর, কে আর!
সে চরণ নিরবধি আরাধি অনাদি পায়,
বলি সে পদ ধ'রেছে নিজ-শিরে॥ (ত)

এইমত সুরগণ ব্রহ্মা আদি সবে।
বলিয়ে প্রশংসা করে, মধুর সুস্বরে॥ ২০৭
দৈত্যরাজে কন তবে, জগত-ঈশ্বর।
তব তুল্য মম ভক্ত, নাহি নৃপবর॥ ২০৮
এক্ষণে শুনহ বলি! আমার বচন।
আত্মবন্ধু লয়ে কর, ভূ-তলে গমন॥ ২০৯
এই বর তোমারে দিলাম, বৎস! আমি।
সাবর্ণ মন্বন্তরে ইন্দ্র হইবে হে তুমি॥ ২১০
বলি বলে, ভূতলে সকলি জলময়।
তথাকারে কেমনে রহিব দয়াময়॥ ২১১
ভক্ষ্য ভোজ্য দ্রব্য কিছু নাহিক সেখানে।
ভূতলে গমন ক'রে, বাঁচিব কেমনে॥ ২১২
শুনিয়া বলির বাক্য কহেন শ্রীহরি।
বিশ্বকর্ম্মা নির্ম্মাণ করেছে তব পুরী॥ ২১৩
অশ্রদ্ধা করিয়া সেই জন যাহা দিবে।
সেই সব দ্রব্য গিয়া, তোমায় পৌছিবে॥ ২১৪
আর বলি, বলি! যদি স্বর্গে যাইতে চাহ।
এক শত মূর্খ তবে, সঙ্গে করি লহ॥ ২১৫
এ কথা শুনিয়া কন, দনুজ-রাজন্।
মূর্খের সঙ্গে স্বর্গেতে নাহিক প্রয়োজন॥ ২১৬
এক জন মূর্খের জ্বালাতে লোক মরে।
শুন প্রভো! মূর্খের দোষ কহিব তোমারে॥ ২১৭

* * *

মূর্খের দোষ

মূর্খের অশেষ দোষ, সর্ব্বদা করয়ে রোষ,
মূর্খের নাহিক কোন জ্ঞান।
আপন দেমাকে ফেরে, মূর্খ জনা মনে করে,
মম সম নাহি বুদ্ধিমান॥ ২১৮
মূর্খের সঙ্গে সখ্য-ভাব, তাহে কেবল দুঃখ-লাভ,
মূর্খের নাহি চক্ষের শীলতা।
যার খায় যার পরে, তারি মন্দ-চেষ্টা করে,
মূর্খ সঙ্গে না কর মিত্রতা॥ ২১৯

নাহি তার ধর্ম্ম-ভয়, বিষম গোঁয়ার হয়,
মূর্খের মরণ মাঠে ঘাটে।
কিঞ্চিৎ হইলে ক্রোধ, নাহি থাকে বোধাবোধ,
অনায়াসে বাপের মাথা কাটে ॥ ২২০

কিসে কার হবে মন্দ, কার সঙ্গে হবে দ্বন্দ্ব,
মূর্খের সর্ব্বদা এই চেষ্টা।
মূর্খে যেবা স্তব করে, উল্‌টে তারে চেপে ধরে,
মূর্খের জ্বালায় জ্বলে দেশটা ॥ ২২১

নাহিক দয়ার লেশ, সকলের করে দ্বেষ,
ইহার কথাটি কয় ওরে।
মূর্খে যদি বলে হিত, হিতে হয় বিপরীত,
হঠাৎ মানীর মান হরে ॥ ২২২

দেখিয়া পরের সুখ, মূর্খের বাড়য়ে দুখ,
মূর্খ অতি বিদূষক হয়।
মূর্খের সঙ্গে সংসর্গে, প্রয়োজন নাহি স্বর্গে,
এ আজ্ঞা ক'রো না দয়াময় ॥ ২২৩

* * *

বলি রাজার পাতালে গমন

ইহা বলি নৃপমণি, শুক্রাচার্য্যে ডাকি আনি,
যজ্ঞটা করিলেন সমাপন।
হরি-পদে প্রণমিয়ে নিজগণ সঙ্গে ল'য়ে,
ভূ-তলেতে করিল গমন ॥ ২২৪
ভক্তাধীন ভগবান, বাড়াতে ভক্তের মান,
দ্বারী হ'লেন বলির দুয়ারে।
বলির সৌভাগ্য দেখি, প্রহ্লাদ হইয়া সুখী,
কহিছেন আনন্দ অন্তরে ॥ ২২৫

রামকেলি—আড়া

প্রহ্লাদ আনন্দে বলে—
আজিরে কি শোভা হেরি।
অখিল ব্রহ্মাণ্ডেশ্বর হইলেন
ঐ আমার বলির দ্বারের দ্বারী ॥
চিরদিন যে চরণ হৃদয়ে করি স্মরণ,
মন, এখন সেই নিত্যধন, শ্রীমধুসূদন,
দেখরে নয়ন ভরি ॥ (খ)

শ্রীশ্রীরামচন্দ্রের বিবাহ

অযোধ্যায় রাজা দশরথের নিকট বিশ্বামিত্রের আগমন

শ্রবণে কলুষ সর্ব্ব খর্ব্ব, নিশাচর-গর্ব্ব খর্ব্ব
হেতু হরি গোলোক শূন্য ক'রে।
পুণ্য-ফল[১] সূর্য্যবংশে, অবনীতে চারি অংশে,
অবতীর্ণ দশরথের ঘরে ॥ ১

যোগে বসি তপোধন, দেখেন যোগারাধ্য ধন,
সুর-মুনির সঙ্কট নাশিতে।
দেখে মগ্ন আনন্দ-নীরে, ভাসে আঁখি প্রেমনীরে,
মন্ত্রণা করয়ে সব ঋষিতে ॥ ২

হ'ল এতদিনে পুণ্যযোগ, কর যজ্ঞের উদ্যোগ,
হয়েছে শুভযোগাযোগ, আর দুর্য্যোগ ভেবো না।
কে করে আর যজ্ঞ নষ্ট, করিব সকল ইষ্ট,
ভবের ইষ্ট আন্‌লে কি ভাবনা ॥ ৩

মুনি-বোলে সর্ব্ব জন, করেন যজ্ঞের আয়োজন,
বিজনেতে একত্রেতে বসি।
যান আনিতে ভবের মিত্র, রাম ঋষি বিশ্বামিত্র,
অযোধ্যায় গমন করেন ঋষি ॥ ৪

বলেন,—ওরে চল পদ! তুচ্ছ পদ ব্রহ্মপদ,
সে রামপদ হেরিলে জ্ঞান হয়।
কর রে! তুমি কি কর, তুলসী চয়ন কর,
চন্দনাক্ত ক'রে দিবে সে পায় ॥ ৫

কর্ণ রে! ও কথায় দিও কর্ণ, যিনি বধিবেন রাবণ-কুম্ভকর্ণ,
সে গুণ-বর্ণন ভিন্ন কর্ণ দিও না।
শুন রে অজ্ঞান নেত্র! জ্ঞান-নেত্রে দেখ পদ্মনেত্র,
ত্রিনেত্র ত্রিনেত্র মুদে, যে রূপ করেন ভাবনা ॥ ৬

রসনা! না বুঝে রস, মজোনা যাতে বিরস,
কর পান যে রস, পান করেন মুনিগণে।
শুন রে অধম ওষ্ঠ! সে নাম সুধা—হীন-উষ্ণ,
যাবে কষ্ট ডাকিলে সঘনে ॥ ৭

মন! তোর মন্ত্রণা কত,
সে দিনের আর বাকী কত
দিনমণি-সুত দিন গণে মনে মনে।
যখন বাঁধ্‌বে করে ধর্‌বে কেশে,
[২]তখন কে ডাক্‌বে হৃষীকেশে,
ভেবে মন! দেখ[২] মনে মনে ॥ ৮

—

মল্লার—কাওয়ালী

কি কর রে মন! অনিত্য ভাবনা।
শমন-সঙ্কটার্ণবে, অনায়াসে পার হয়ে যাবে,
যে নাম ভাবিলে জীবের যায়[৩] ভাবনা ॥

পাঠান্তর : ১ পুণ্যফলে—ক। ২-২ তখন ডাকিলে হৃষীকেশে, কি হবে শেষে ভেবে দেখ—খ। ৩ ভব—খ।

ওরে, কুমতে কুপথে সদা ক'র না ভ্রমণ,
চল রে চরণ! শ্রীরামের শ্রীচরণ,
দরশন করিলে ভবে, হবে সিদ্ধ কামনা।
ওর পদ! কর সে পদ সম্পদ, আপদের আপদ,
এ সম্পদ মিছে আর ভেবো না,
কর হৃদয়-পদ্মেতে সে পদ-স্থাপনা॥
অবশ্য কলুষ তবে হবে রে নিধন,
হরের হৃদয়ের ধন, করিলে আরাধন,
ঘুচাবেন দাশরথি দাসের জঠর-যন্ত্রণা॥ (ক)

—— —

ভাবি রাম-চিন্তামণি, যান বিশ্বামিত্র মুনি,
যথা দশরথ নৃপমণি, রত্নসিংহাসনে।
দেখে আসুন ব'লে আসন দিয়ে, যত্নে পদ বন্দিয়ে,
মিষ্টভাষে ভাষেণ মুনিগণে॥ ৯

কন প্রভু! কি প্রয়োজন, কিম্বা ভেবে প্রিয় জন,
এ দীন জনের সফল কায়া।
মুনি! তুমি দেব-দেহ, হলো তোমার দরশনে শুদ্ধ দেহ,
কেবল পদধূলী দেহ ক'রে দয়া॥ ১০

সন্তুষ্ট হইয়ে মুনি, বলেন,—ওহে নৃপমণি!
অস্তু পূর্ণ কর মনোরথ।
রাজা কন, কি অদেয় আছে, মুনি বলেন আমার কাছে,
সত্যে বন্দী হও দশরথ। ১১

শুনে কন নরবর, সত্য সত্য মুনিবর!
সত্য করিলাম তোমার কাছে।
মুনি কন,—করিলে দিব্য, চাহিলে যদি সেই দ্রব্য,
প্রবঞ্চনা কর আমার কাছে॥ ১২

দশরথের নিকট বিশ্বামিত্রের শ্রীরাম-লক্ষ্মণকে প্রার্থনা

শুনে রাজা কন—সে কি হয়, দাসে আজ্ঞা যাহা হয়,
তাই দিব সত্য করিলাম।
মুনি কন, করিলে স্বীকার, রক্ষা করে সাধ্য কার?
দেহ ভিক্ষা লক্ষ্মণ শ্রীরাম॥ ১৩

অব্যর্থ এ বাক্য রাজন্! করেছি যজ্ঞের আয়োজন,
তাই প্রয়োজন শ্রীরাম-লক্ষ্মণে।
পুরাবেন মনোভীষ্ট, নিশাচরে করিবেন নষ্ট,
যজ্ঞ পূর্ণ হবে রাম-গমনে॥ ১৪

শুনি দশরথ কন হাসি, অসম্ভব কথা ঋষি!
দুগ্ধপোষ্য রাম-লক্ষ্মণ শিশু।
নয় যজ্ঞের যুদ্ধের সম-যোগ্য,
আমি রক্ষা করিব যজ্ঞ,
মুনি কন, সে নয় বনপশু॥ ১৫

সে দুরন্ত তাড়কাসুত, যার ভয়ে ভীত রবিসুত,
হয় মৃতকায় দেখিলে তাড়কায়।
চল যদি হয় সাধ্য, রাজা কন অসাধ্য,
জেনে শুনে কে যমের মুখে যায়॥ ১৬

* * * *

আশ্চর্য্য এ কথা মুনি, ভেকে আন্‌বে ফণীর মণি,
শৃগালে কি সংহার করে করী।
পিপীলিকায় আনে শিখরে, শার্দ্দূলকে নকুল ভক্ষণ করে,
গরুড়কে ভক্ষণ ভুজঙ্গ করে ধরি॥

অসম্ভব শ্রবণে কে করে গ্রহণ, বেলা দুই প্রহরে চন্দ্রগ্রহণ,
নিশি অর্দ্ধে সূর্য্যের উদয়।
মিথ্যাবাদী কমল-যোনি, ব্যাধিগ্রস্ত[১] শূলপাণি,
অন্নপূর্ণার অন্নকষ্ট হয়॥

বরুণের জলকষ্ট, চণ্ডাল হ'ল দ্বিজের ইষ্ট,
বাক্‌বাদিনী হয়েছেন বোবা।
ধন নাই কুবেরের ঘরে, ভিক্ষা করে রত্নাকরে,
বাবলার বৃক্ষে ফুটলো জবা॥

পাঠান্তর: ১ ব্যাধগ্রস্ত—খ।

সরোজ হ'ল মধুশূন্য, শিমুলে মধু পরিপূর্ণ,
নরকস্থ হ'ল সাধুগণে।
হলেন হীনশক্তি আদ্যাশক্তি, বোবায় করে বেদ-উক্তি,
হলেও—উক্তি কে করে বদনে। (অ)

* * *

এই কথা ব'লে মুনিরে, ভাসে রাজা আঁখি-নীরে,
কেমনে রঘুমণিরে, মুনিরে দিব দান।
কহিলেন নর-কান্ত, শ্রীরামধনে একান্ত,
হলে প্রাণান্ত, করবো না প্রদান। ২১

———

পরজ যৎ

কব কায়, প্রাণ যায়, মুনির বচনে।
চাইলে পারি প্রাণকে দিতে, দেহে প্রাণ থাকিতে,—
প্রাণাপেক্ষা চক্ষে দেখি রামধনে।
রাম দুগ্ধপোষ্য-কায়, সে কি তাড়কায়,
নিধন করবে সে ধন গিয়ে বনে।
এই কথা কি লয় মনে, যায় শঙ্কা করে শমনে মনে,—
দিয়ে অকূলে হারাব অমূল্য রতনে। (খ)

———

দশরথের বাক্য শুনি, বলেন বিশ্বামিত্র মুনি,
তখনি ত নৃপমণি! বলেছিলাম আমি।
যদি বট সত্যবাদী, শুনলেই হবে প্রতিবাদী,
সত্বরে রাম দিবে না হে তুমি। ২২
হয়ে সত্যে বন্দী নরবর! না দিলে তার কলেবর,
যুগে যুগে নরকেতে থাকে।
যে বংশে তব উৎপত্তি, মান্ধাতা রঘু নরপতি,
তাদের পুণ্যে পুণিত বসুমতী,
বিখ্যাত তিন লোকে। ২৩
আর রাজা! শুন বলি, সত্যে বন্দী হয়ে বলি,
ত্রিলোক বামনে দিলেন দান।
হরিশ্চন্দ্র নৃপবর, সত্যে বন্দী দ্বিজবর,
নিকটে হয়ে সর্ব্বস্ব করেন প্রদান। ২৪
কর্ণ ছিল কেমন দাতা, কেটে দিল পুত্রের মাথা,
সত্যে বন্দী হয়ে দ্বিজের কাছে।
শুনে ভাবে দশরথ, রামের তুল্য রূপ ভরত,
শত্রুঘ্ন লক্ষ্মণে কি ভেদ আছে। ২৫

* * *

শ্রীরাম-লক্ষ্মণ বলিয়া ভরত-শত্রুঘ্নকে দান

ক'রে প্রবঞ্চনা নৃপমণি, বলেন, শান্ত হও হে মুনি!
সত্যে বন্দী হয়েছি যখন।
কিঞ্চিৎকাল কর বিশ্রাম, অন্তঃপুর হতে শ্রীরাম,
লক্ষ্মণকে ডেকে আনি এইক্ষণ। ২৬
গিয়ে অন্তঃপুরে সঘনে, ডাকেন ভরত-শত্রুঘ্নে,
শিখাইয়ে দেন যুগল পুত্রে।
ভরত! জিজ্ঞাসিলে তোমার নাম,
বলো আমার নাম শ্রীরাম,
শত্রুঘ্ন! লক্ষ্মণ নাম বলো বিশ্বামিত্রে। ২৭
রাজা সঙ্গে দুটী শিশু সভামধ্যে আসি আশু,
যুগল পুত্র দিয়ে ঋষিবরে।
বলে, লও মুনি! এই যুগল কুমার,
আমার নয় এখন তোমার,
কর আশীর্ব্বাদ, পদধূলী দেও শিরে। ২৮
পেয়ে ভরত-শত্রুঘ্ন, বলেন মুনি ঘন ঘন,
রাম-লক্ষণ-জ্ঞানে দশরথে।
করি আশীর্ব্বাদ রাজারে, গমন করেন বন-তপান্তরে,[১]
নিশাচরী তাড়কা যে পথে। ২৯
তখন মুনি কন, হে শ্রীরাম! এইস্থানে কর বিশ্রাম,
আমাদের দুঃখ-বিরাম, করিতে ভবে আগমন।
এই দুই গমনের পথ, কোন্ পথে যাওয়া মত,
এই পথেতে ছয় মাসেতে তপোবন গমন। ৩০

পাঠান্তর: ১ ত্রিপান্তরে—ক ; তপান্তরে—খ।

আর এই পথে নিকট বটে, কিন্তু গমন সঙ্কটে,
তাড়কা নামেতে নিশাচরী।
ভরত বলেন, মুনিবর! শুনে কাঁপে কলেবর,
তবে এ পথে কেমনে যেতে পারি॥ ৩১

* * *

বিশ্বামিত্রের ক্রোধপ্রকাশ

শুনি মুনি বিস্ময়, বলেন—এত নয় বিশ্বময়!
ধ্যানস্থ হয়ে দেখেন মুনি।
নন রাম—নন লক্ষ্মণ, দিয়েছে ভরত-শত্রুঘ্ন,
প্রবঞ্চনা ক'রে নৃপমণি॥ ৩২
হ'য়ে ক্রোধান্বিত কলেবর, যথা দশরথ নরবর,
মুনিবর আসিয়ে সভায়।
কোপদৃষ্টে বিশ্বামিত্র, বলেন, রে অজের পুত্র!
কোন্ পুত্র দিয়েছিস আমায়? ৩৩

———

[1]খাম্বাজ—ঠেকা[1]
রাজা প্রবঞ্চনা ক'র না মোরে।
গোলোক শূন্য করি হরি, অবতীর্ণ তোমার ঘরে॥
রামের পদ যোগীর পরমার্থ,[2] মহাযোগী যায় কৃতার্থ,
দেখলে তোমার পুত্র, ভয়ে রবির পুত্র যায় দূরে।
আমাদের পূর্ণযোগ-সাধন, পেয়েছ হে অতুল্য ধন,
রাক্ষসকুল করে নিধন, উদ্ধারিবেন সুর-নরে॥ (গ)

———

শুনে রাজা কন মহাশয়! ত্যাগ ক'রে প্রাণের আশয়,
বিদায় দিতে কি পারি রাম-লক্ষ্মণে?
সকলি জ্ঞাত আছেন মুনি, শাপ দিয়েছেন অন্ধমুনি,
পুত্রশোকে হারাব জীবনে॥ ৩৪
মুনি কন, তোমায় মুনি অন্ধ, দিয়াছেন শাপ ক'র না সন্ধ,
সে বিবন্ধ ঘটতে পারে পরে।
এখন হয়েছ যাতে সত্যে বন্দী,
কৈ দেখি,—রামের চরণ বন্দি,
রাখ বন্দী ক'রে ইহ-পরে॥ ৩৫

ক্রমে বিশ্বামিত্র ঋষি, দশরথে কন রোষি,
রাজা ভাবে পাছে ঋষি, ভস্মরাশি করে।
ভয়ে কাঁপে কলেবর, দশরথ নৃপবর,
দেখে বশিষ্ঠ মুনিবর বলেন, দাও এনে রঘুবরে॥ ৩৬

শুনে রাজা কন রোদন ক'রে, এখন আমার রামের করে,
ধনুর্ব্বাণ দিই নাই হে মুনি!
মুনি কন, ভাব সেই কারণ, অবশ্য ধনুর্ব্বাণ ধারণ,
করিয়াছেন রাম লক্ষ্মণ গুণমণি॥ ৩৭

রাজা কন, ধনুর্ব্বাণ ধারণ, আমার দূর্ব্বাদল-শ্যামবরণ
ক'রে থাকেন—দিব হে এক্ষণে।
কিন্তু আমারে মুনি! দোষী করলে, যদি না দেন কৌশল্যে,
তবে কেমনে দিব রাম লক্ষ্মণে॥ ৩৮

শুনে কন গাধিসুত, অবশ্য কৌশল্যা দিবে সুত,
আশু ত রবিসুত-দমন।
আর কি ফল আছে বিলম্বে, গিয়ে অন্তঃপুরে অবিলম্বে,
রামে ল'য়ে কর হে আগমন॥ ৩৯

পুনঃ মুনি কন সুমন্ত্রে, একটী কথা বলি শোন্ তোরে,
যে ভাবেতে আছেন রঘুমণি।
দরশন করিব তারে, বল সেই জগৎ-পিতারে,
এসেছেন দরশন করিবার তরে, বিশ্বামিত্র মুনি॥ ৪০

অমনি ঘন ঘন জল আঁখিতে, না পান পথ নিরখিতে,
দুঃখেতে বক্ষেতে হানে কর।
এইরূপ দশরথ যান অন্তঃপুরে, হেথায় শুন তৎপরে,
বিশ্বামিত্র কয় পরাৎপরে, স্তুতি ক'রে যোড়কর॥ ৪১

———

পাঠান্তর: ১-১ ঝিঁঝিট—মধ্যমান—ক। ২ পরমার্থ—খ

বিশ্বামিত্র কর্তৃক শ্রীরামের স্তব

পরজ—ঠেকা

ওহে দীননাথ! দেখিব এইবার হে—
ভক্তাধীন নাম কেমন বেদে বলে।
কৃপা কর কৃপাসিন্ধু! নিদান কালের বন্ধু,
তারো জীবে ভবসিন্ধু-জলে।
হরণ করিতে ভূভার, শ্রীচরণে ভার,
আছে ব'লে মধুকৈটভে বধিলে,
নৈলে বিপদবারী হরি কেন বলে,
বেদেতে, নরসিংহরূপে ভক্ত প্রহ্লাদে রাখিলে। (ঘ)

— —

শ্রীরাম-লক্ষ্মণের রণবেশ ধারণ

মুনি স্তুতি করেন কাতরে, অন্তর্য্যামী অন্তরে,
জানিয়ে বিশেষ বিবরণ।
তুষ্ট হ'য়ে বিশ্বামিত্রে, কৌশল্যা সুমিত্রে,
মায়ের কাছে উল্লাসেতে রন। ৪২
করিতে ভূভার হরণ, দূর্ব্বাদল-শ্যামবরণ,
ভগবৎ-মায়া কে বুঝিতে পারে।
অমনি কন শ্রীরাম-মাতা, শুন সুমিত্রে! বলি কথা,
এসো সাজাই শ্রীরাম-লক্ষ্মণেরে। ৪৩
সুমিত্রে কন, রাম-রতনে, সাজাব দিয়ে কি রতনে,
ও রতনে কি রতনে শোভা করে?
শুনি কৌশল্যা বলে— বেশ, না হয় যদি বনে প্রবেশ,
রণবেশ বেশ হ'তে ত পারে। ৪৪
শুনে হাসেন মনে মনে ভগবান, সুমিত্রে আনি ধনুর্ব্বাণ,
রাম-লক্ষ্মণের করে আনি দিল।
কিবা শোভা অপরূপ, রামের রূপ বল-রূপ,[১]
দেখে রূপ, কত রূপ বিরূপ হয়ে গেল। ৪৫
কেউ দেখিছে বিশ্বরূপ, কেউ দেখিছে কাল-স্বরূপ,
কেউ দেখিছে শান্তরূপ, শ্রীরাম।
কেউ দেখিছে বাল্যরূপ, কেউ দেখিছে ব্রহ্মরূপ,
কেউ দেখিছে অনন্তরূপ, অনন্ত গুণধাম। ৪৬
রাম ধারণ করেছেন রণবেশ, অন্তঃপুরে হয়ে প্রবেশ,
দশরথ হেরে সে বেশ, আবেশ হয়ে তনু।
গাত্র ভাসে নেত্রজলে, দেখে রণরূপ অন্তর জলে,
বলে আনি কে দিলে, রাম লক্ষ্মণের করে ধনু। ৪৭

—

বিভাস আলিয়া—একতালা

কে করলে সর্ব্বনাশ,—
আমারে বিনাশ করিতে এ মন্ত্রণা।
কে সাজালে কমল তনু, রাণি হে! কমল করে ধনু,
দেখে কাঁপে তনু, জীবনে যন্ত্রণা।
রামকে হৃদে রেখে দেখ্‌বো চিরকাল,
সে সাধে বিবাদ ঘটিল যে সে কাল,
ভয় হয় হে মনে, অন্ধ মুনির শাপ ফল্‌লো এত দিনে,—
হলাম, অযত্নে অমূল্য রতনে বঞ্চনা। (ঙ)

—

দশরথ করিছেন রোদন, রাণী হৃদে পেয়ে বেদন,
বলে রাজা! নিবেদন করি চরণে।
কেন নাথ! ভেবে অনাথ, কে আমাদের রঘুনাথ,
ক'রে অনাথ, লয়ে যাবে বনে। ৪৮
রাজা কন এ বিপত্ত, ঘটালে এসে বিশ্বামিত্র,
রাম-লক্ষ্মণ যুগল পুত্র, লয়ে যাবেন তিনি।
কারো কথা করেন না রক্ষে, শ্রীরাম-লক্ষ্মণ যজ্ঞ রক্ষে,
করবেন গিয়ে কহিছেন মুনি। ৪৯
তবু প্রবঞ্চনা ক'রেছিলাম, ভরত-শত্রুঘ্ন দিয়েছিলাম,
লুকায়ে রেখেছিলাম রাম-লক্ষ্মণে।
মুনি কন—এদের কর্ম্ম নয়, রাক্ষস-কুল করিতে লয়,
হয় কি এ সব লয়কর্ত্তা বিনে। ৫০

অংপাঠান্তর: ১ বালকরূপ—ক

আমি বলি আমার শ্রীরাম বালক,
মুনি কন—গোলোক-পালক,
তিনি বালক—ভাবেন ত্রিলোকের লোকে।
আর অজ্ঞানেতেও বালক ভাবে,
বালকেতেও বালক ভাবে,
তোমার গৃহে বালক-ভাবে বাস যাঁর গোলোকে॥ ৫১

আমি বলি ধনুর্দ্ধারণ, দূর্ব্বাদল-শ্যামবরণ,
করে না এখন—তারা শিশু।
মুনি কন নৃপবর! ধনু ধারণ রঘুবর,
করেছেন দেখ গিয়ে আশু॥ ৫২

সত্যে বন্দী হয়েছি রাণি! রাম-লক্ষ্মণ ধনুপাণি,
হয়েছেন দেখ্‌লেই দিব দান।
এসে তাই করিলাম দৃষ্ট, না দিলে কোপানলে ভস্ম,
করিবেন গাধির নন্দন॥ ৫৩

শুনে কন কৌশল্যা সুমিত্রে, শ্রীরাম-লক্ষ্মণ বিশ্বামিত্রে,
দিয়ে দান রাখ কুলের ধর্ম্ম।
গো-ব্রাহ্মণ করিতে পালন, ধরায় ক্ষত্রিয়-জন্ম লন,
অপালন ক'রো না—হবে অধর্ম্ম॥ ৫৪

রাণীরে সুমন্ত্রণা দেয়, রাজার হ'লো জ্ঞানোদয়,
তবু হৃদয় ভাসে নয়ন-জলে।
অধৈর্য্য হয়ে অন্তরে, রাজা কন সুমন্তরে,
জীবন-রাম-লক্ষ্মণকে কর কোলে॥ ৫৫

তখন জনক-জননীর চরণ, প্রণাম করেন ভবতারণ,
ভবতারিণী সুরধুনী যাঁর চরণে।
ঝোরে কৌশল্যার নয়নে বারি, অভিষেক হ'ল দান বারি,
মঙ্গলধ্বনি করেন রাণীগণে॥ ৫৬

শুনি সুমঙ্গল বচন, মনে হাসেন পদ্মলোচন,
রাক্ষস নাশে স্বস্তিবাচন, আজ অবধি হলো।
করেন যাত্রা হেরে সুলক্ষণ, সুমন্ত্র লয়ে শ্রীরাম-লক্ষ্মণ,
আনিয়ে সভায় উদয় হলো॥ ৫৭

তখন শ্রীরাম-লক্ষ্মণের রূপ, মুনি কন কি অপরূপ!
বিশ্বরূপ-রূপ হেরে মরি মরি!
অপরূপ করি দৃষ্ট, পুরাবেন রাম মনোভীষ্ট
হেরে আজ জনম সফল করি॥ ৫৮

——

বিশ্বামিত্রের শ্রীরামরূপ দর্শন

পরজ[১]—যৎ

দেখে রূপ কমল আঁখির, মুনির আঁখি ভাসে জলে।
ভবে দেখিলে এরূপ রূপ, মন-প্রাণ যায় যে ভুলে॥
ভব তাই ভাবেন এরূপ, সম্পদে ভেবে বিরূপ,
ত্রিনয়ন মুদে ওরূপ, বেঁধেছেন হৃদয়-কমলে।
বৈরী ভাবে কাল-রূপ, ভক্ত ভাবে বিশ্বরূপ,
দশরথ বাৎসল্য-রূপ, ভেবে রামকে করে কোলে॥
জন্মে ভাবিনে ও-রূপ, কর্ম্ম করেছি যেরূপ,
কেমনে দাশরথি হেরবে, ঐ রূপ অন্তকালে॥ (চ)

——

শ্রীরাম-লক্ষ্মণকে বিশ্বামিত্র মুনির হস্তে অর্পণ

তখন বিশ্বামিত্রের ভাসে আঁখি, নিরখিয়ে কমল-আঁখি,
বলেন পূর্ণ কর মনস্কাম।
কর্ম্ম নয় দশরথের, কর্ম্ম নয় ভরতের,
রাক্ষসকুল-লয়কর্ত্তা রাম॥ ৫৯
কত স্তব করেন মুনি, দশরথ নৃপমণি,
শ্রীরাম-লক্ষ্মণে তখনি, মুনিরে সঁপিল।
রাজার বক্ষ ভাসে চক্ষের জলে, রাম-শোকে হৃদয় জ্বলে,
মিনতি-ভাবে ভাবিতে লাগিল॥ ৬০
শান্ত ক'রে নৃপবরে, লক্ষ্মণ আর রঘুবরে,
মুনিবর লয়ে করেন গমন॥ ৬১
মুনি বলেন, হে শমন-দমন! কোন্ পথে করিবেন গমন,
শমন-সম এই পথে তাড়কা।

পাঠান্তর: ১ পরজ বাহার—ক

রাম কন—ভরাই কায়, এক বাণেতেই তাড়কায়,
বিনাশ করিব—পেলেই তার দেখা। ৬২

মুনি কন, হে ভবতারণ! নৈলে কেন শ্রীচরণ,
স্মরণ করেন সুর-মুনি।
তুমি ভিন্ন সাধ্য কার, বধ্য নয় অন্ত কার,
নির্বিকার তুমি চিন্তামণি। ৬৩

তাড়কার সহিত শ্রীরামচন্দ্রের সাক্ষাৎকার

শ্রীরাম-লক্ষ্মণের হয় নাই দীক্ষে, মুনি দিলেন বাণ শিক্ষে,
রাম কন—আর কত দূরে তাড়কা।
মুনি কন, হে জগৎজীবন! ঐ বন তাড়কা-বন,
প্রবেশ হইলেই পাবে তার দেখা। ৬৪

পুনঃ ঋষি কন,—নীলকায়! আমি দেখাতে তাড়কায়,
পার্‌বো না হে,—যাব না সে বন।
আমি থাকি এইখানে, লক্ষ্মণ আমার রক্ষণে,
থাকুন,—তুমি যাও ভবতারণ। ৬৫

শুনি ঈষৎ হাস্য করি মুখে, তাড়কার সম্মুখে,
যেন কালসম হয়ে কালবারী।
দূর্ব্বাদল-শ্যামকায়, দেখে মায়া হ'ল তাড়কায়,
বলে,—কিবা রূপ আহা মরি মরি। ৬৬

দাঁড়ায়ে আছেন রামচন্দ্র, দেখে তাড়কা বলে—সূর্য্য চন্দ্র,
আসে না পবন শমন ইন্দ্র, আমার ভয়ে এ বনে।
পশুপতি পদ্মযোনি, সৃষ্টিকর্ত্তা হন যিনি,
আর এসেন যিনি তিনি, করেন গমন শমন-ভবনে। ৬৭

রক্ষে নাই কোন পক্ষে, জীব জন্তু পশু পক্ষে,
যক্ষ রক্ষে বিনাশ করি, চক্ষেতে দেখিলে।
কিন্তু হেরে তোর আশ্চর্য্য রূপ, দাঁড়ায়ে আছিস্ যেরূপ,
আবার নয়ন মুদিলে ঐরূপ, হৃদয়-কমলে। ৬৮

শ্রীরামরূপ-দর্শনে তাড়কার মায়া

সিন্ধু-ভৈরবী—তেতালা

আহা মরি, কি অপরূপ তোয় হেরি নয়নে।
ধরাতে ধরে না যে রূপ,—
এ রূপ বিরূপ হয়ে, কে তোয় দিল কাননে।
এ লাবণ্য হেরে কে হলো কুপিতে,
যদি থাকে পিতে, সেও-তো তোর কু-পিতে,
প্রাণ থাকিতে, যদি হ'তো সে সু-পিতে,
তবে কি সঁপিতে, পারিত কি দিতে—আসিতে এ বনে।
দাশরথি খেদে বলে তাড়কায়,
তোমার মত পুণ্যবতী বলি কব কায়, আসিয়ে ধরায়,
ছিল পুঞ্জ পুঞ্জ ফল, যাতে চারি ফল,
পেয়েছ,—যেওনা বিফল-অন্বেষণে। (ছ)

তাড়কা-বধ

তখন খেদ ক'রে তাড়কা বলে, হারায়েছি বুদ্ধি-বলে,
নিরখিয়ে ও চাঁদ-বদন।
আর দেখ্‌ছি চমৎকার, দূর হ'লো মন-বিকার,
শুনে হেসে নির্ব্বিকার কন। ৬৯
আমার নাম শ্রীরাম, শুনে তাড়কা বলে—দুঃখ বিরাম,
ওরে রাম-নাম শুনে মোর হ'লো।
আর একটি শুধাই কথা, বুঝি তোর কেউ নাই কোথা,
রাম বলেন, সে কথা শুনে কি হবে বল। ৭০
এসেছি আমি যে কাজে, কাজ কি আমার অন্য কাজে,
কাজে-কাজে জান্‌বি পরিচয়।
তাড়কা কথা কয় উপযুক্ত, তুই কি যুদ্ধের উপযুক্ত,
তোর সঙ্গে যুক্তি যুদ্ধ নয়। ৭১
ওরে আমি যুদ্ধে বাগিলে, চক্ষের নিমেষে গিলে,
খেতে পারি,—মায়াতে পারিনে।
যদি ইচ্ছা করি আহারে, মায়ায় বলি আহা রে!
শুনে রাম কন আহারে,—ব্যাভারে জানি এক্ষণে। ৭২

ক'রে কমল-চক্ষু রক্তাকার, দেয় ধনুতে গুণ নির্ব্বিকার,
শুনি তাড়কার উড়িল পরাণ।
রাক্ষসী কয়—নাই নিস্তার, বদন করি বিস্তার,
দেখে বাণ যোড়েন ভগবান। ৭৩
দেখে নিশাচরী কয় তিষ্ঠ, রাখি ধরণীতে অধ-ওষ্ঠ
ঊর্দ্ধ-ওষ্ঠ ঠেকিল গগনে।
বলে মাগী জায়-বেজায়, রামকে গিলে খেতে যায়,
রামের বাণ বেগে যায়, পড়ে মুখে সঘনে। ৭৪
রক্ষে করে সাধ্য কার, তাড়কা করে চীৎকার,
বিকট আকার পড়িল ধরণী।
নিধন করি তাড়কায়, নীল-সরোজকায়,
যান ত্বরায় যথায় আছেন মুনি। ৭৫
ফিরে আসি চিন্তামণি, দেখেন অচৈতন্য মুনি,
লক্ষ্মণে কন রঘুমণি, একি সর্ব্বনাশ!
চৈতন্য-রূপ পরশমাত্র, ধরা হ'তে বিশ্বামিত্র,
উঠে কন হয়েছে ত বিনাশ। ৭৬
রাম বলেন সে কি কায! তাড়কা ব'ধে কালব্যাজ,
চল চল মুনিরাজ! যথা যজ্ঞস্থান।
শুনে চলেন বিশ্বামিত্র, সঙ্গে লয়ে ভবের মিত্র,
বিচিত্র রূপ দেখে দেখে যান। ৭৭
তখন মৃত্তিকায় তাড়কায়, দেখে মুনির শুকায় কায়,
বলেন, হে নীলকমল-কায়! এ কায়-বিনাশে।
হয়েছে কত পরিশ্রম, অগ্রে সব মুনির আশ্রম,
ঐ বনে শ্রম দূর কর হে ব'সে। ৭৮

——

ললিত-বিভাস—কাওয়ালী

তারকব্রহ্ম রাম নৈলে কে পারে হে, সুর-সঙ্কট নাশিতে।
দূর্ব্বাদল-শ্যামকায়! কব অন্য কায়,
আসিয়ে একায়, তাড়কায় বধিতে।
হরি! তুমি মৎস্য কূর্ম্ম বরাহ নৃসিংহ,
ছলিলে বলিরে বামন-রূপেতে।
ভৃগুরাম-রূপ ধ'রে, ভূ-ভার হরিলে নিঃক্ষত্রি ক'রে—
রাক্ষস-বংশ ধ্বংস কর, এই শ্রীরাম-রূপেতে। (জ)

——

শ্রীরামচন্দ্র কর্ত্তৃক যজ্ঞ-বিঘ্নকারী রাক্ষসগণের বিনাশ

শুনে তুষ্ট হয়ে রাম, কন - সব কষ্ট-বিরাম,
ঐ চরণ দরশন ক'রে হলো।
আমার কি কষ্ট তাড়কা-নাশ, এক বাণে করি বিনাশ,
সৃষ্টিনাশ এখনি করি বল। ৭৯
তখন এইরূপ কত কথায়, মুনিগণের আশ্রম যথায়,
লয়ে মুনি যান তথায়, হইল শুভযোগ।
রাম আনিলেন বিশ্বামিত্র, সকল মুনি যুটে একত্র,
করিলেন যজ্ঞের উদ্যোগ। ৮০
অমনি হোমাগ্নির ধূম উঠে গগনে, দুষ্ট করি নিশাচরগণে,
হাস্য করি সঘনে, ঘৃত ভোজনের আশে।
মারীচ সুবাহু প্রধান, সঙ্গে শত সহস্র ধান,[১]
যেমত আছে বিধান, গিয়ে দাঁড়ায় যজ্ঞের পাশে। ৮১
যজ্ঞ নাশিতে যায় রাক্ষস, ক'রে রাম চাক্ষষ,
নানা অস্ত্রে বরিষণ করেন হাসি।
ধরণী কাঁপে অনুক্ষণ, ছাড়েন বাণ লক্ষ্মণ,
দিক্ হয় না নিরীক্ষণ, দিনে হলো নিশি। ৮২
করেন সিংহনাদ মুহুর্ম্মুহু, নিশাচর-সহ সুবাহু,
পড়িল আর নাহি কেহ, মারীচ রহিল।
যুড়িয়ে পবন-বাণ, মারীচেরে ভগবান,
না ক'রে তারে নির্ব্বাণ, সাগর পারে ফেলিল। ৮৩
করলেন নিশাচর দমন, কালের কাল-দমন,
মুনিরে হ'য়ে সুস্থ মন, যজ্ঞ সমাপিল।
দক্ষিণান্ত করিয়ে সবে, অনন্ত আর কেশবে,
ভক্তিভাবে স্তুতি আরম্ভিল। ৮৪

* * *

পাঠান্তর: ১ খান—ক।

মুনিগণ-কর্তৃক শ্রীরামচন্দ্রের স্তব

তুমি বেদ, তুমি বিধি, তুমি মহেশ্বর।
তুমি যাগ, তুমি যজ্ঞ, তুমি যজ্ঞেশ্বর ॥ ৮৫
তুমি ধর্ম্ম, তুমি কর্ম্ম, তুমি হে অনন্ত।
গোলোকেতে বিষ্ণু তুমি, পাতালে অনন্ত ॥ ৮৬
তুমি ইন্দ্র, তুমি চন্দ্র তুমি দিবাকর।
তুমি পবন, তুমি শমন, তুমি রত্নাকর ॥ ৮৭
তুমি সর্প, তুমি র্প, তুমি দর্পহারী ॥
তুমি যক্ষ, তুমি রক্ষ, তুমি বনে হরি ॥ ৮৮
তুমি অরুণ তুমি বরুণ, তুমি খগপতি।
তুমি তীর্থ, তুমি নিত্য, তুমি বসুমতী ॥ ৮৯
তুমি জল, তুমি নির্ম্মল, তুমি হে পর্ব্বত।
তুমি বৃক্ষ, তুমি পক্ষ, তুমি ঐরাবত ॥ ৯০
তুমি আকাশ, তুমি পাতাল, তুমি দিক্‌পাল।
তুমি ঋষি, তুমি যোগী, তুমি মহীপাল ॥ ৯১
তখন, এই প্রকারে স্তব করে যত যোগী মুনি।
বলে, চিন্তার্ণবে পার কর চিন্তামণি ॥ ৯২

——

সোহিনী-বাহার—একতালা

কর হরি! কৃপাবলোকন।
সাধন-সঙ্গতি-হীনে দিয়ে শ্রীচরণ ॥
সুজন কুজন ত্যজে, যে জন বিজনে ভজে,
জোরে বাঁধে হৃৎসরোজে, পঙ্কজলোচন,—
হরি হে! হরিতে ভূ-ভার, অভয়-পদে আছে ভার,
দাশরথি দাসের ভার, আর কে করে গ্রহণ ॥ (ঝ)

——

গৌতম-আশ্রমে শ্রীরাম-লক্ষ্মণ

স্তবে তুষ্ট হয়ে রাম, কহিছেন অবিরাম,
হবে পূর্ণ মনস্কাম, কর কিছু অপেক্ষে
শুনে কহিছেন বিশ্বামিত্র, শুন হে নিদানের মিত্র!
তব অগোচর কুত্র, আছে হে ত্রৈলোক্যে ॥ ৯৩

পুনঃ কন রঘুমণি, যজ্ঞ পূর্ণ হলো ত মুনি!
আছি ত হে হ'য়ে আমি, তোমাদের চিরবাধ্য।
আর কি ফল আছে বিলম্বে, অযোধ্যায় অবিলম্বে,
গমন কর না কেন অদ্য ॥ ৯৪
মুনি কন—হে মধুসূদন! দাসের এক নিবেদন,
যেতে হবে আমার সদন, জনক-রাজার পুরে।
দিয়েছে নিমন্ত্রণ-পত্র, শুনে রাম কন—আমরা তত্র,
হইয়ে রাজার পুত্র, যাব কেমন ক'রে ॥ ৯৫
জনকঋষি রাজা হন, নাই সেখানে আবাহন,
ঋষি কন,—আবাহন আছে আমার তথা।
গুরুর আবাহন হলে পরে, শিষ্য সঙ্গে যেতে পারে,
আছে বিধি পূর্ব্বাপরে, ব্যাভার যথা-তথা ॥ ৯৬
শুনে সম্মত হন রঘুবর, লয়ে রাম-লক্ষ্মণে মুনিবর,
যাত্রা করেন শ্রীরাম-পদ ভাবি মনে।
নিজাশ্রম তেয়াগিয়ে, মুনি কিছু দূরে গিয়ে,
যুক্তি করিলেন মনে মনে ॥ ৯৭
না ব'লে রামে সবিশেষ, গৌতম-কাননে প্রবেশ,
হয়ে বলেন, বেশ বেশ এ অতি রম্যস্থান।
যেমন আছে ব্যবহার, উভয়ে কিছু কর আহার,
আমিও করিব আহার, ক'রে আসি স্নান ॥ ৯৮

——

আলিয়া—একতালা

মুনি দেখেন জীবনে।
অনন্ত-রূপ ধরি হরি অনন্তাসনে
হয়ে ভ্রান্ত উমাকান্ত সাধেন সেই চরণে।
হৃদয় প্রফুল্ল মুনির, নীর হ'তে তুলে শির,
নয়নে নীর—দেখে অগ্রজ,
সহ রঘুবীর দাঁড়ায়ে ধরাসনে ॥ (ঞ)

——

অহল্যা-উদ্ধার

তখন নীর হ'তে তীরে আসি, দুইটী আঁখি নীরে ভাসি,
হৃষীকেশে কন ঋষি, শুন দয়াল রাম!

দাঁড়ায়ে কেন ধরাসনে, দয়া ক'রে এই পাষাণে,
ব'সে একবার করহে বিশ্রাম ॥ ৯৯

শুনে কন নির্ব্বিকার, পাষাণ কেন এ প্রকার,
দেখ্‌ছি আকার—নর কি দেবতা।
আমি এতে কেমনে বসি, তুমি বসিতে বল ঋষি!
কোন দেবতা উঠ্‌বেন রুষি, এতো নয় ভাল কথা ॥ ১০০

মুনি কন হে ভবতারণ! দেও পাষাণে কমল-চরণ,
পাষাণে এ রূপ ধারণ, সে কারণ বল্‌ব পরে।
শুনে কন চিন্তামণি, সত্য কথা বল্‌বে মুনি!
বিশেষ কথা মুনি অমনি, বলেন পরাৎপরে ॥ ১০১

শুনিয়ে কন শ্রীরাম, একি হয় রাম-রাম!
ঋষি কন তারকব্রহ্ম রাম, তুমি পাতকী তারিতে।
কভু রও গোলোকে, কভু রও নাগ-লোকে,
কভু রও ভূলোকে, কভু কারণ-বারিতে ॥ ১০২

শুনি মুনির স্তুতি-বচন, স্বীকার করেন সরোজ-লোচন,
করিতে অহল্যার শাপ-মোচন, যান ত্বরা করি।
দেখে কন লক্ষ্মণ গুণনিধি, এ নয় মুনির উচিত বিধি,
তবে আর বেদ-বিধি, কে মান্‌বে হে হরি। ১০৩

তুমি তো ব্রাহ্মণের মান, বাড়ায়েছ ভগবান,
দিয়ে দান কৃপানিধান, হবে দস্তাপহারী।
পূজিলে ব্রাহ্মণের পদ, হয় তার মোক্ষ পদ,
কোন্ তুচ্ছ ব্রহ্মপদ, যাঁহে ভৃগুপদ হৃদে ধারি! ॥ ১০৪

ব্রাহ্মণ নন সামান্য, ব্রাহ্মণের কত মান্য,
ব্রাহ্মণে কর্‌লে অমান্য, শূন্য হয় বংশ।
ব্রহ্মণ্যদেব বলেছ তুমি, নরের মধ্যে ব্রাহ্মণ আমি,
ব্রাহ্মণ পেলেই পাই আমি, অন্যেতে নাই অংশ ॥ ১০৫

ব্রাহ্মণেরে ক'রে কোপ, সগরবংশ হলো লোপ,
জয় বিজয় বৈকুণ্ঠের দ্বারী ছিল।
করেছিল কটু ভাষা, মহামুনি দুর্ব্বাসা,
শাপ দিলেন—তাই অবনীতে এলো ॥ ১০৬

কেবল ব্রাহ্মণের কোপে রঘুবর! ভগীরথের হয় শাপে বর,
মাংসপিণ্ড অস্থি-নাস্তি ছিল।
হলো দেহ সুন্দর; ব্রহ্ম-শাপে ইন্দ্রের,
সহস্র চিহ্ন অঙ্গময় হলো ॥ ১০৭

আর শুন হে রাম-চিন্তামনি! ব্রাহ্মণের রমণী,
তিন বর্ণের জননী, ব্যক্ত যে বেদেতে।
আজ্ঞা করিছেন মুনি, মাতৃতুল্য ব্রাহ্মণী,
তাঁর অঙ্গে তব চরণ দিতে ॥ ১০৮

মুনি কশ্যপের তিন বনিতে তাঁর সন্তান অবনীতে,
পাতালেতে স্বর্গেতে, সুরাসুরকিন্নর।
পশুপতি দিক্‌পাল, মহীতে যত মহীপাল,
বরুণ প্রভৃতি বৈশ্বানর ॥ ১০৯

তাই বলি হে ত্রিলোকমান্য! ব্রাহ্মণী ব্রাহ্মণ সমান মান্য,
ব্রহ্মকুল ভাব্‌লে সামান্য, কুলক্ষয় হয়।
কে দিবে এমন বিধি, শুন ওহে বিধির বিধি!
এ কার্য্য অবিধি, করা উচিত নয় ॥ ১১০

——

অহংসিন্ধু[১]—কাওয়ালী

কে দেয় এ বিধি, হে বিধির বিধি!
দিতে পাষাণে কমল-চরণ।
রেখেছ হে তুমি ভগবান, দ্বিজের অতুল্য মান,
হরি! ভৃগুপদ করি হৃদয়ে ধারণ ॥
তুমি এখন ধরায় বড় নও কেশব!
তোমাপেক্ষা গণ্য মান্য দ্বিজ সব,
বিধিমত বেদে আছে যে সব,
পূজিতে হবে সব, দ্বিজের চরণ।
তুমি শ্রেষ্ঠ বট বেদেতে বিধিতে,
দিতে নারেন বিধি আসিয়ে বিধিতে,
পার পায় জীব ভব-জলধিতে,
ঐকান্তেতে দ্বিজ ক'রে আরাধন। (ট)

——

পাঠান্তর: ১ বিভাস—ক।

কলির ব্রাহ্মণের লোভ

পুনরায় লক্ষ্মণ কন, বাক্য অতি সুচিকণ,
কলি আগমন হবে যখন, দ্বিজ হারাবেন মান।
সইতে[1] নারিবে ভূ ভার,
দ্বিজের থাক্‌বে না দ্বিজের ব্যাভার,
সবার কাছে হবেন অপমান॥ ১১১

ত্যাগ করেন ত্রিসন্ধ্যে, কুকর্ম্মেতে ত্রিসন্ধ্যে,
যাগ যজ্ঞ সকলি হবে হত।
এখন দিলে রাজ্য—দ্বিজ কি একটী পাই?
কলিতে দান করিলে একটী পাই,
সেইখানেতে যাবেন শত শত॥ ১১২

আছে ব্রাহ্মণের যে আচার, কলিতে হবে অনাচার,
হবে অবিচার, যাবে জেতে বেজেতে।
লবে দান—হবে কুরীত, আহার দিলেই বড় পিরীত,
চণ্ডাল হলেও পারেন খেতে যেতে॥ ১১৩

পকান্ন যদি শুনেন, সেধে গিয়ে আপনি বলেন,
পিরীত-ভোজন সকল বাড়ীতেই আছে।
যখন কিনে বাজারের দ্রব্য খাওয়া যায়,
হাড়ি হলেও খাওয়া যায়,
প্রণয়েতে জাত কোথা গেছে?॥ ১১৪

আমরা যদিও যাই কে কি করে?
সেদিন শিরোমণি খুড়ো কেমন ক'রে,
ছেলেকে পাঠালেন জেলের বাড়ী।
ন্যায়বাগীশ সন্ধ্যাকালে, লয়ে গেছিলেন ভাইপোর ছেলে,
লুচি নিয়ে আসছেন তাড়াতাড়ি॥ ১১৫

আমাদের অত নাই, কি বল হে নাজ্জামাই!
মূর্খ বটে,—ধর্ম্মভয়টা আছে।
খেতে যাওয়া উচিত নয়, থাক না কেন প্রণয়,
বিদেশে কে তত্ত্ব লয়, যা কর্‌বে মনে আছে॥ ১১৬

কিন্তু আজ পাকা ফলারের শুন্‌লে কথা,
ব্রাহ্মণী খেয়ে বস্‌বেন মাথা,
গণ্ডা-দশেক ছেলে দেবেন ছেড়ে।
যদি বলি, যাব না—আছে দলাদলি, সে বলে, ভাব গলাগলি
দিবে মাগী গালাগালি,
তাড়কার মত খেতে আস্‌বে তেড়ে॥ ১১৭

আমি বলি সে হয় জেতে, তবু মাগী চাবে যেতে,
কর্ম্মকর্ত্তার তেজেতে-আমাতে গঙ্গাজল।
এবার গঙ্গাস্নানে গিয়েছিলাম, ধর্ম্ম-সুবাদ ক'রে এলাম,
আমি না হয় খেতে গেলাম, তোর্‌ তাতে কি বল্‌?॥ ১১৮

ছেলেগুলো মরে কেঁদে, খাবে দশখান আন্‌বে বেঁধে,
দিনরাত্রি মরি রেঁধে, এক দিন যায় সে ভাল।
আমরা বরং যেতে ভাবি, মাগীগুলো ভাই বড় লোভী,
ছেলের নামে পোয়াতি বর্ত্তায় চিরকাল॥ ১১৯

এইরূপ কলির আচার, এখন প্রভু! যে বিচার,
কর্‌তে উচিত যা হয় কর।
শুনে হেসে কন মুনি, শুন ওহে চিন্তামণি!
পাষাণ বেড়িয়ে ভ্রমণ কর॥ ১২০

না করেন কথা অবিজ্ঞে, শিরে ধরি মুনি-আজ্ঞে,
ভ্রমণ করেন পাষাণ বেড়ে।
অমনি পবন সাহায্য করে, মন্দ মন্দ বায়ু-ভরে,
রামের পদধূলী উড়ে, পাষাণে গিয়ে পড়ে॥ ১২১

পেয়ে পদধূলী পাষাণ-কায়, অহল্যা পায় মানবী-কায়,
পতিত হ'য়ে মৃত্তিকায়, শ্রীরামে প্রণাম করি।
বলে হে নীলকমল-কায়! এত দয়া আছে কায়,
যদি কৃপা করি পাষাণ-কায়, মুক্ত করলে আজি হরি!॥ ১২২

অহল্যা কর্ত্তৃক শ্রীরামচন্দ্রের স্তব

বাগেশ্রী[2]—যৎ

রক্ষাং কুরু দাশরথি! দাসীরে পদ-বিতরণে।
ভব-তিমির-নাশন জীবের ভূভার-হরণে॥

পাঠান্তর: ১ সইতে—খ। ২ কানেড়া বাগেশ্রী—ক।

কুমতি-কুলপাতকী যদিও ভজন-বিহীনে,
তার তার হে তারকব্রহ্ম! তার তার নিজগুণে।
বেদে বিদিত আছে হে নাথ! থাক বারি,—কারণে,
ভক্তগণ-মুক্তি-হেতু এলে ভব-নিস্তারণে। (১)

——

ব'লে অহল্যা করি স্তুতিবাণী, কি জানি রাম! স্তুতি-বাণী,
আপনি বাণী ভার্য্যা তোমার ঘরে।
কব কি ত্রিলোকের ভর্ত্তা! কোপ ক'রে অভাগীর ভর্ত্তা,
দিয়েছিলেন পাষাণ-কায় ক'রে। ১২৩

ভাগ্যে পাষাণী হয়েছিলাম, তাইতে পদ দেখ্‌তে পেলাম,
জনম সফল ক'রে নিলাম, আমি আজ ভারতে।
যে পদ পায় না কমলযোনি, সৃষ্টিকর্ত্তা হন যিনি,
আমি কিন্তু সকলে জিনি, চলিলাম গৃহেতে। ১২৪

কিন্তু নিবেদন আছে রাম! পতি-পদে অবিরাম,
দুখী হ'য়ে থাকে সব নারীতে।
ঠেকে দায়ে শিখিলাম, ও-পদ-রজের গুণ দেখিলাম,
আর তো পাষাণ পার্‌বে না করিতে। ১২৫

তাই বলি হে কৃপানিধান! পদধূলি কিছু কর দান,
যতনে অমূল্য ধন যাই হে লইয়ে।
আবার যদি পাষাণ-কায়, তা হ'লে নীল-নীরজকায়!
লেপন করি সর্ব্বকায়, রব না পাষাণ হয়ে। ১২৬

* * *

পায়ে-মানুষ-করা ছেলে দেখিয়া
কাঠুরিয়াগণের বিস্ময়

এখন শ্রবণ কর তদন্তরে, না চিনিয়ে পরাৎপরে,
ছিল যত অন্ত পরে, কাঠুরিয়াগণ।
স্বচক্ষে তারা দেখিল, পদ-পরশে পাষাণ মানবী হ'লো,
বলে ভাই রে! একি হলো, আশ্চর্য্য দরশন!॥১২৭

দেহ কাঁপিছে থর থর, কত কালের পুরাতন পাথর,
পড়েছিল এ বনে।
মুনি বেটা কোথায় পেলে, পায়ে-মানুষ-করা ছেলে
বাপের কালে এমন তো দেখিনে। ১২৮

ওরে ভাইরে! কি উৎপাত, ও ছেলের পায়ে প্রণিপাত,
দেখে শু'নে পাত হ'লো পরাণী।
এই ব'লে সব ধায় বেগে, দেখে নগরের প্রান্তভাগে,
পলায়ে পলায়ে কথা শুনি। ১২৯

জিজ্ঞাসা করিছে তারা, কোথা হ'তে ভাই! এলি তোরা,
কার ভয়ে এত কাতরা, হয়ে আছ মনে।
শুনে বলে, ভাই! কাঁপে চিত্ত, বুড়ো বেটা বিশ্বামিত্র,
পায়ে-মানুষ-করা কার পুত্র-দুটো ধরেছেন বনে। ১৩০

গৌতম মুনির কাননে গিয়ে কাষ্ঠ-অন্বেষণে,
দাঁড়াইয়ে দেখিলাম দূর হ'তে।
একটী কাঁচা সোণার বরণ, একটী দূর্ব্বাদল-শ্যাম-বরণ,
রূপ তাদের ভাই! জাগিছে হৃদয়েতে। ১৩১

বিশ্বামিত্র আছে ব'সে, গৌরবরণ দাঁড়ায়ে পাশে,
মানুষ হচ্ছে নীলবরণের পায়ে।
বনে ছিল যত বৃক্ষ-পাষাণ, যাতে করে পদ প্রদান,
মানুষ হয়ে গেল সব চলিয়ে। ১৩২

দেখে পলায়ে আসি ভাই! পাহাড় পর্ব্বত কিছুই নাই,
লতা বৃক্ষ সমুদাই, পায়ে মানুষ করলে।
করিতাম কাষ্ঠ বেচে দিনপাত, কোথা হ'তে এ উৎপাত,
গরীব দুঃখীর পক্ষপাত, মুনি বেটা আজ কর্‌লে।১৩৩

দেখ্‌লাম চমৎকার নয়নে, ঘাস একগাছি নাইকো বনে,
তৃণ-আদি সব মানুষ হ'লো।
এই দিকে ভাই আস্‌ছে তারা, দেখবি যদি দাঁড়া তোরা,
ভুল্‌বে তোদের নয়ন-তারা, রূপে ধরা আলো। ১৩৪

হেথা রাষ্ট্র হ'লো দেশ-বিদেশে, পায়ে-মানুষ-করা দেশে,
এসেছে—এনেছে বিশ্বামিত্র।
এক গুণ যদি ঘটে, কোটী গুণ ধরাতে রটে,
অঘটন কত ঘটে, পেলে একটী সূত্র। ১৩৫

* * *

কাষ্ঠতরীর স্বর্ণত্ব

হেথা অহল্যারে সন্তোষিয়ে, শ্রীরাম লক্ষ্মণ মুনি আসিয়ে,
ভাগীরথীর কূলেতে উপনীত।
পায়ে-মানুষ-করা শুনেছে তারা তারানাথের নয়ন-তারা,
দেখে তারা ফিরায় না নয়ন-তারা, হইল মোহিত। ১৩৬
হয় রূপ দেখে মন মোহিতে, বলে ভাইরে! মহীতে,
দেখেছ কে, কহিতে পার তোমরা সকলে।
একি রূপ চমৎকার! হরিল মনের অন্ধকার,
বর্ণিবারে সাধ্য কার[১], আছে হে ভূতলে। ১৩৭
তখন কহিছেন ভব-নাবিক, ত্বরায় তরী আন নাবিক!
তরী আন শুনে নাবিক, তরণী লয়ে বেগে চলে।
নাবিক বলে—সে সব কথা, শুনেছি, পার হবে কোথা,
আমার বুঝি খাবে মাথা, হেঁ রে সর্বনেশে ছেলে। ১৩৮
তোমার দেখ্‌তে পেয়েছি পায়ের শোভা,
ত্রিলোকের মনোলোভা,
কিন্তু বাবা! পরিবারের পক্ষে নয় ভাল।
তোমার ঐ সর্বনেশে পায়ের গুণ,
শুনিয়া বাছা! হয়েছি খুন,
তুমি দিবে আমার কপালে আগুন,
তরীখানা মানুষ ক'রে বল। ১৩৯
কেন ঘুচাও ভাত-ভিক্ষে, সংসার এই উপলক্ষে,
চালাই বাছা! কর রক্ষে দীনে।
মুনি কন—ত্রিলোকের ইষ্ট! দেখ কেমন পারের কষ্ট,
মনোভীষ্ট পূর্ণ ক'র সে দিনে। ১৪০

——

পরজ[২]—একতালা

পারের দুঃখ দেখ আজ মহীমণ্ডলে।
হতে পার্, যে ব্যাপার্,—
এম্‌নি কাতরে, তরিবার তরে,
দাঁড়িয়ে জীব ভবকূলে।
হরি কাণ্ডারী বিনে কে করে পার হে—
তাতে না পেলে চরণ-তরী, কেমনেতে তরি,
তরী বিনে আমরা রহিলাম পড়িয়ে ভবকূলে। (ভ)

* * *

শুনে হেসে কন দীননাথ, মুনি! তুমি ভেবে অনাথ[৩],
হও কেন পারের তরে।
এক্ষণেতে যে ব্যাপার, বল কিসে হবে পার,
তোমায় পার করিব মাথায় ক'রে। ১৪১
পুন কন ভব-তরী, নাবিক! একবার আন তরী,
তব কৃপায় আমরা তরি, যাব আজ পারে।
তুই যদি আজ করিস্ পার, স্বীকার হ'লাম—তোকেও পার,
কর্‌বো ব্যাপার লব না সেই পারে। ১৪২
নাবিক বলে, ও কথাই নয়, তুমি দেখ্‌ছি রাজ-তনয়,
যা বল তা হ'বার নয়, আমি নয় কাঁচা ছেলে।
এ কথা কি গ্রাহ্য হয়, তোমার দ্বারে বাঁধা হস্তী হয়,
তোমার কি এ কাজ শোভা হয়, তরী চালাবে জলে। ১৪৩
রাম বলেন—তোর এ ব্যাপারে, রাখ্‌ব না—পাঠাব পারে,
পারের কার্য্য কর্‌তে হবেনা ফিরে।
নাবিক বলে—তোমার মানস, বুঝেছি আমার নৌকা মানুষ,
ক'রে দিবে, পার করিব কেমন ক'রে। ১৪৪
হেসে রাম বলেন—ভূলোকে, রাখ্‌ব না—পাঠাব গোলোকে,
নাবিক বলে, কাযে কাযেই হবে।
দিবে নৌকাখানির দফা সেরে, খেতে না পেয়ে সংসারে,
যাব চলে—যেখানে দুই চক্ষু যাবে। ১৪৫
ছেলেপিলে পাবে কষ্ট, কেমনে চক্ষে কর্‌বো দৃষ্ট,
রাম কন,—সব কষ্ট যাবে তোর দূরে।
নাবিক বলে, তা হতে পারে, না খেলে ক'দিন বাঁচ্‌তে পারে,
অনাহারে সকলে যাবে ম'রে। ১৪৬
রাম কন - তোদের পাঠাব স্বর্গে, নাবিক বলে - যাব না স্বর্গে,
যে উপসর্গে পড়েছি—বাঁচে না প্রাণ।

পাঠান্তর: ১ সবাকার—খ। ২ পরজ বাহার—ক। ৩ নাথ—খ।

আমি স্বর্গে যেতে পার্‌বো নাই, পার করিতে পারিব নাই,
চরণে তোমার ভিক্ষা চাই, নৌকাখানি কর দান ॥ ১৪৭

শুনে কন—নীলাম্বুজ, সকলে[১] হবি চতুর্ভুজ,
নাবিক বলে—তোমার কথায় সব[২]।
তোমার বাপ মা তো আছে ঘরে,
গিয়ে স্বর্গে পাঠাও তা'দিগেরে,
চার হাত কেন পাঁচ হাত করে, দাও না তাদের সব ॥ ১৪৮

তখন নাবিকের কথা শুনি রোষি, বলেন বিশ্বামিত্র ঋষি,
এখনি করিব ভস্মরাশি, নৈলে পার কর্।
তোর্ ভাগ্যে কি এ সব হয়, ভিখারীর হয় কি হস্তী হয়,
সুধা-ভাণ্ড ত্যজে বেটা! ধরিবি বিষধর ॥ ১৪৯

দেখে কোপ বিশ্বামিত্রের, নাবিকের যুগল নেত্রের,
বারি দেখে সরোজনেত্রের, দয়া হয় অন্তরে।
ভবে যাঁর পদ তরণী, বলেন আন তরণী,
ভয়ে নাবিক আনি তরণী, কহিছে কাতরে ॥ ১৫০

মুনি! কর তরীতে আরোহণ, সঙ্গে লয়ে গৌরবরণ,
উনি কিন্তু ঐখানে র'ন্, শুনি ঋষি কন,—ধীবর!
এঁর চরণের দোষ কিছুই নয়, ধূলাতেই মানবী হয়,
বসায়ে তরীতে জগন্ময়, চরণ ধৌত কর ॥ ১৫১

ছিল নাবিকের পুণ্যসূত্র, বিশ্বামিত্র হ'লেন মিত্র,
সদা সাধেন যাঁয় ত্রিনেত্র, তাঁয় নাবিক বসায় তরীতে।
রাখে বাম হস্তে যুগল-পদ, বিধি আদি ভাবেন যে পদ,
নাবিক সেই মোক্ষ-পদ, অনাসে করে করেতে। ১৫২

মরি মরি কিবা পুণ্য, করেছিল নাবিক ধন্য,
ধন্য ধরায় ধীবরে পুণ্যফল!
হেরে কন বিশ্বামিত্র মুনি,
নাবিক! করে পেলি অতুল্য মণি,
যাতে আছে চতুর্বর্গ ফল ॥ ১৫৩

——

সুরট্—একতালা

ধন্য ধন্য নাবিক হে! তুমি আজ ভূতলে।
পুঞ্জ পুঞ্জ পুণ্য করেছিলে ॥
পেয়েছ ছেড় না পদ রে, বাঁধো জোরে হৃদ্‌কমলে।
রামকে পার ক'রে দে,
অনায়াসে পার হবি ভব-সিন্ধুজলে ॥
ফণীন্দ্র মুনীন্দ্র ইন্দ্র, আশ্রিত যে পদকমলে,
যে পদ যোগে মহাকাল, জপেন চিরকাল,
তুই পেলি সে পদ অবহেলে ॥ (৮)

——

নাবিক, পরশ মাত্র পদকমল, মন হ'লো নির্মল,
বলে ওহে নীলকমল! কি পদ আমি ধরি।
যে পদ দিলে মোর করে, এ পদ বিধি ব্যাখ্যা করে,
শঙ্কর সেবা করে, যে পদ পান না হরি ॥ ১৫৪
ধরিয়ে তোমার পদ, তুচ্ছ হ'লো ব্রহ্ম-পদ,
বিপদের বিপদ, তোমার এই পদ দুখানি।
যদি কৃপা করি দিলে পদ, দিওনা যেন সম্পদ,
বাঞ্ছা নাই মোর অন্য পদ, ওহে চিন্তামণি ॥ ১৫৫
আমার মন বেড়ায় কু-রীতে, হবে পার করিতে,
তবে পার করিতে পারি আজ তোমারে।
শুনে কন ভবের স্বামী, স্বীকার করিলাম আমি,
অনায়াসে পার হবে তুমি, এ ভব-সংসারে ॥ ১৫৬
শুনে নাবিক রাম-লক্ষ্মণে তরীতে, ল'য়ে যান ত্বরিতে,
পার হব ব'লে ত্বরিতে, দিলে তুলে পারে।
রাম নাবিকে হয়ে সুপ্রসন্ন, কাষ্ঠতরী করি স্বর্ণ,
উঠিলেন নীরজবর্ণ, ভাগীরথী-তীরে ॥ ১৫৭
তরী কাষ্ঠ ছিল হয়ে স্বর্ণ, জলমধ্যে হ'লো মগ্ন,
নাবিক বলে একি বিঘ্ন, ওহে বিঘ্নহারি!
শুনে রাম বলেন তোর যা বাসনা, কাষ্ঠ ঘুচে হৈল সোণা,
কষ্ট জন্য উপাসনা, করতে হবে না কা'রি ॥ ১৫৮

পাঠান্তর: ১ সকলে—খ। ২ হব—ক।

শুনে নাবিক ঘোর বিপদ, আমি চাইনে সম্পদ,
করে পেয়েছি যে সম্পদ, ও সম্পদ বিফল।
ভুগিতে হবে পদে পদে, কায নাই আমার সম্পদে,
পাছে বঞ্চিত হই পদে, যে পদে চারি ফল॥ ১৫৯

* * *

মিথিলার জনক-রাজসভায় বিশ্বামিত্র, শ্রীরামচন্দ্র ও লক্ষ্মণ

দিয়ে তুষ্ট হ'য়ে নাবিকে বর, সুমিত্রে-সুত রঘুবর,
বিশ্বামিত্র মুনিবর, উত্তরিলা মিথিলায়।
উপনীত রামচন্দ্র, রূপ জিনি কোটী চন্দ্র,
সভামধ্যে রামচন্দ্র, শোভা—তারা-মধ্যে যেন চন্দ্রোদয়॥
চন্দ্র হেরে লজ্জা পায়, চন্দ্র,—রামচন্দ্র-পায়,
আছে প'ড়ে নখরে শত শত। ১৬১

হ'লো রূপ হেরে সব মোহিতে, করি দৃষ্টি মহীতে,
পরস্পর কহিতে, লাগিলেন সভায়।
জনক করেন সম্ভাষণ, পাদ্য-অর্ঘ্য দিয়ে আসন,
লয়ে রাম-লক্ষ্মণে উপবেশন, করেন ঋষি তথায়॥ ১৬২

হইল আশ্চর্য্য শোভা, রাজসূয়-তুল্য সভা,
দেখে রামের রূপের আভা, শঙ্কা অনেকের।
কেহ বলে ভাই! মিথ্যা আসা, ত্যাগ কর মনের আশা,
ওদের হলো সিদ্ধ আসা, যে আশা জনকের॥১৬৩

হবে না আর ধনু ভাঙ্গা, আমাদের ভাই! কপাল ভাঙ্গা,
ভাঙ্গা কপাল ভাঙ্গিলে আজ দুই জনে।
তদন্তর কন গৌতম-সুত, এসেছেন যত রাজসুত,
ধনু লয়ে আসুক আশু ত মল্লগণে॥ ১৬৪

অনুমতি পেয়ে রাজার, গিয়ে মল্ল দশ হাজার,
ধনু আনি সকল রাজার, সম্মুখে রাখিল।
দেখে কোদণ্ড রাজা সকল, মনোমধ্যে হ'য়ে বিকল,
বলে বিবাহ না দিবার কল, রাজা করেছেন ভাল॥ ১৬৫

এমন পণ কেউ দেখেছ মজার,
যেটা[১] আন্‌লে মল্ল দশ হাজার,
ভাঙ্গে সাধ্য কোন্ রাজার, শক্তি আছে ভারতে?
ভাঙ্গার কথা থাকুক দূরে, করে ক'রে কেউ তুলিতে পারে,
এমন বিয়ে পূর্ব্বাপরে, কে পারে করিতে?॥ ১৬৭

তখন পরস্পর কাণে কাণে, কহিছে কথা—শুনে কাণে,
শতানন্দ থাকি সেইখানে, বসিয়ে সভাতে।
বলে, ধনু দেখে তনু লুকিয়ে, ব'সে আছে বদন বেঁকিয়ে,
এসেছ বর সেজে ঘর ত্যজে, এ পণ শুনিয়ে কাণেতে॥ ১৬৭

— —

খাম্বাজ—একতালা

কে আছ হে ধনুর্দ্ধর।
ধরায় যত দণ্ডধর, কে এমন বল ধর,
আসি ত্বরায় ধনু ধর ধর।
দিগম্বর তায় দিয়েছেন বর,
যে ভাঙ্গিবে ধনু সেই হবে বর,
সুসজ্জা ক'রে কলেবর,
এলে বর সেজে সব নরবর!
কে আছে বীর এই ভূতলে,
আজ হরের ধনু করে তুলে,—
ভঞ্জন ক'রে অবহেলে,
সীতার পাণি গ্রহণ কর।

——

বিরাট হরধনু দেখিয়া সমাগত নরপতিগণের দুর্ভাবনা

আবার হেসে কন শতানন্দ, এসেছ লয়ে ভারি আনন্দ,
ধনু দেখে নিরানন্দ, একবারে সকলে।
শুন হে সব ধনুর্দ্ধারি! এই ধনু বামহস্তে ধরি,
তুলিয়ে সীতাসুন্দরী, রাখিতেন বাল্যকালে॥ ১৬৮
শুনে হেসে কন সব নরবর, এ অসম্ভব মুনিবর!
দেখে আমাদের কলেবর, শুকায়ে গিয়েছে!

পাঠান্তর: ১ যেটা—ক, খ

যারে আনে মল্ল দশহাজার, এমন সাধ্য কোন্ রাজার,
অসাধ্য সাধ্য হবে যার, যাবে ধনুকের কাছে। ১৬৯
যারে রাবণ দে'খে বিমুখে, পলায়ে গেল অধোমুখে,
আমরা আজ গিয়ে মুখে, মাখিব চূণকালি।
যে চৌদ্দভুবন করে জয়, এমন রাবণ দিগ্বিজয়,
তিনি মেনেছেন পরাজয়, যার প্রহরী জয়কালী। ১৭০
এ বিবাহ নয়,—ভাগাবার কথা, এমন পণ কে করে কোথা,
দেখি নাই শুনি এ অসাধ্য।
শতানন্দ কন ভূতলে, স্থানভ্রষ্ট ক'রে তুলে,
রাখিলেও হয় পণ সিদ্ধ। ১৭১
আর যদি থাক কেহ রাজার ছেলে,
না পার ভাঙ্গিতে—তুলে ছিলে,
দিলেও, তাকে দিলেও দেওয়া যায় সীতে।
শুনে হেসে বলে সব রাজপুত্র, এইবারে গৌতমপুত্র,
বল্‌বেন মাত্র অগ্রে ধনু যে পার ধরিতে। ১৭২
কিন্তু আছে এইরূপ কালে কালে, সিংহ হ'তে চায় শৃগালে,
চাঁদকে বামন ইচ্ছা করে ধরে।
গাধা ডাকিবেন কোকিলের রবে,
বানরের ইচ্ছা দেবরাজ হবে,
ময়ূরের নৃত্য দেখে নাচে ছাতারে। ১৭৩
ভেকের ইচ্ছা ধরে আনি, ভুজঙ্গের মাথার মণি,
চড়ুইয়ের মন হয় হব খগপতি।
দরিদ্র যেমন মনে করে, অমূল্য রত্ন পাব করে,
জোনাক যায় চন্দ্রের ঢাকিতে জ্যোতিঃ। ১৭৪
এই প্রকার সব রাজশিশু, বুদ্ধি যেন বনপশু,
পশ্চাৎ হ'তে যায় আশু, ধনুর নিকটে।
পরস্পর হুড়াহুড়ি, সভায় করে জড়াজড়ি,
শতানন্দ ক্রোধ করি, গে ধনুকে উঠে। ১৭৫
দেখিলাম শত শত রাজসুত, যার যেমন বীরত্ব,
নির্বীর উর্ব্বীর তলে।
উঠে ক্রোধে লক্ষ্মণ কন কথা, ব'লো না মুনি! এমন কথা,
বীর-শূন্য আছে কোথা, থাক্‌তে রঘুবীর মহীতলে। ১৭৬
শুনে হেসে সভাশুদ্ধ বলে, থাম্ রে থাম্ জেঠা ছেলে,
তোমরা দিবে ধনুকে ছিলে, শুনি মরি লজ্জায়।
ব'সেছিলি থাক্‌গে ব'সে, দেখে শুনে গিয়েছি ব'সে,
কাজ নাই আর এত রসে, যায় রাবণ পরাজয়। ১৭৭
শুনে লক্ষ্মণ ক্রোধে বলে, বল আছে যার সেইত বলে,
অমন রাজার মাকে ভান বলে, ঘরে ব'সে অনেকে।
এলি ক'রে বেঁড়ে জাঁক, ধনুক দেখে সকলে ফাঁক,
কুঁদের মুখে থাকে না বাঁক, দেখ্‌বে সকল লোকে। ১৭৮
থাক্‌লে বিদ্যা বুদ্ধি সূক্ষ্ম, দূর্ বেটারা গণ্ডমূর্খ,
কথাগুলি শুনিতে রূক্ষ, যেন সব রজকের বিশ্বকর্ম্মা।
পরিচয় দিস্ রাজার বংশ, বেটাদের ক-অক্ষর যেন গোমাংস,
বিদ্যার মধ্যে অন্ন ধ্বংস, সকলে অকর্ম্মা। ১৭৯
আবার হাসি দেখ সব পোড়ার মুখে, ফিরে যাবি কোন্ মুখে,
কালিচূণ তোদের দিয়ে মুখে, ধনু ভাঙ্গিবেন রাম!
এখন শুনে কথা হয় না লাজ,
তোদের নাড়ী কাটিতে কেটেছেন ল্যাজ,
কোন্ মুখে এলি রাজ-সমাজ, রাম রাম রাম। ১৮০
শ্রবণ করহ পরে, সীতা অট্টালিকা-পরে,
সখী-সঙ্গে আছেন কৌশলে!
সভামধ্যে দাঁড়িয়ে লক্ষ্মণ, সখীরে ক'রে নিরীক্ষণ,
আনন্দে সব জানকীরে বলে। ১৮১
যেমন তোমার সোণার বরণ, তেমনি পেলে গৌর-বরণ,
যেন চন্দ্র উদয় হয়েছে সভাতে!
শুনি সীতা কন, বলো না সখি!
ঐ গৌর-বরণকে আমি দেখি,
সন্তানতুল্য জন্মেছে গর্ভেতে। ১৮২

আলিয়া-বিভাস—একতালা

সখি! ও নয় আমার পতি, গর্ভেতে উৎপত্তি,
হেরি ওরে যেন, হেন জ্ঞান হয়।
সেই হরের মন হরে, সখি রে! দেখ্‌লে মন হরে,
অপরূপ-রূপ রূপ বিস্ময়।
দিবাপতি সুরপতি নিশাপতি,—
পশুপতির পতি সেই সীতাপতি, নাই আর অন্য মতি,—

বিনা সে চরণ, সব অকারণ,
কৃপা করি গোলক-পতি দিবেন পদাশ্রয়। (ত)

শ্রীরামচন্দ্র-কর্ত্তৃক হরধনুর্ভঙ্গ

হেথা সীতারে কাতর দেখে একান্ত, অনন্ত ভুবনের কান্ত,
অন্তর্যামী জানিয়ে বিবরণ।
ভঞ্জনার্থে হর-ধনু, উঠিয়ে নীল-কমল-তনু,
বামহস্তে করিলেন ধারণ॥ ১৮৩
শিশু যেন তৃণ তুলে, তেমনি রাম ধনু তুলে,
অবহেলে সকলেতে দেখি।
বলে সব কিমাশ্চর্য্য, ধন্য ধন্য ধন্য বীর্য্য,
এমন আর না শুনি না দেখি॥ ১৮৪

চমৎকার মনে গণে, হেথা তেত্রিশকোটী দেবগণে,
সবাহনে আসি গগনে, থাকেন অন্তরীক্ষে।
হেথা শুন জানকীর, দেখে রূপ কমলাখি'র,
করে ধ'রে সব সখীর দেখান পদ্মচক্ষে॥ ১৮৫
হেথায় ভুবন-জন-জনক, শুক-আদির সুখজনক,
ধনুধারণ করেছেন জনক, দেখিয়ে আনন্দ!
লক্ষ্মণে কন নীলবরণ, কর ভাই! ধরা ধারণ,
জানত বিশেষ বিবরণ, ঘটে পাছে বিবন্ধ॥ ১৮৬
অমনি পেয়ে শ্রীপতির অনুমতি, লক্ষ্মণ ধরেন বসুমতী,
হেরে রাম সুস্থমতি, ধনুতে দেন গুণ।
হেরে সীতার মনে সুখ অনন্ত, হেথা পাতালে কাঁপে অনন্ত,
ভাঙ্গেন ধনু যার অনন্ত গুণ॥ ১৮৭
ধনু ভাঙ্গতে করে মিড় মিড়, রাখ হে রাখ হে মৃড়!
পরিত্রাহি শুনে মৃড়, নাড়িছেন মাথা।
দেখে হেসে কন পার্ব্বতী, অকস্মাৎ পশুপতি,
ব'সে ব'সে নাড়িছ কেন মাথা॥ ১৮৮
শিবা কন করি যোড়পাণি, কিছু নয় কন শূলপাণি,
সিদ্ধির ঝোঁকে মাথা ন'ড়ে উঠিছে।
কাতর দেখে সর্ব্বমঙ্গলায়, শিব কন মিথিলায়,
ছিল ধনুক জনকালয়, সেই আমায় ডাকিছে॥ ১৮৯

গুরু আমার ভাঙ্গ্‌ছেন ধনু, ধনু ডাকে তাই পুন পুন,
মাথা নেড়ে তাই বলিলাম, ধনু! আমার কর্ম্ম নয়।
হয়েছেন রাম অবতার, নাহি তোর নিস্তার,
স্বয়ং লক্ষ্মী সীতার, বিবাহ আজ হয়॥ ১৯০
হেথা ধনু ভাঙ্গেন ত্রিলোকের সার, স্তব্ধ হয় ত্রিসংসার,
রাজগণ আপনাকে অসার, ভাবে মনে মনে।
দেখে স্তব্ধ যত মহীপাল, কাঁপিতেছে দিক্‌পাল,
ভাঙ্গিয়া ধনু ফেলেন, ধরাসনে॥ ১৯১
দেখি সীতে উল্লসিতে, আনন্দিত যত ঋষিতে,
দেবগণ হরষিতে, জয়ধ্বনি করে।
আনন্দ-মন অনেকের, কি আনন্দ জনকের,
ত্রিভুবন-জনকের, ধন্যবাদ করে॥ ১৯২
উঠি জনক ভূপতি, কোলে লয়ে রঘুপতি,
বলে আমার সীতাপতি, তুমি হ'লে অদ্য।
ভেবেছিলাম হবে বিফল, ছিল কিঞ্চিৎ পুণ্যফল,
করলে রাম জনম সফল, আমার পণ হ'লো সিদ্ধ॥ ১৯৩
কর বাছা! সীতা-বিবাহ, রাম কন—অদ্য বিবাহ,
নির্ব্বাহ হয় বল কেমনে।
বিবাহ করা কেমন কথা, পিতা মাতা রইল কোথা,
লোকে যেমন বলে কথা, বিয়ে হোগ্‌লা-বনে॥ ১৯৪
শুনে হেসে কন জনক, এ বড় সুখজনক,
আছে ভবে তোমার জনক, বিশ্বাস নয় এ কথা।
যদি আছেন তাঁরা কোন দেশে, দূত গিয়ে দেশ-বিদেশে,
কত জন আছেন কোন্ দেশে, বল কোথা কোথা॥ ১৯৫
হেসে কন নিরঞ্জন, আমাদের পিতা এক জন,
আপনার পিতা ছিলেন ক'জন, এখন ক'জন আছে।
আপনার পিতার করিতে ঠিক, চিত্রগুপ্ত হয় বেঠিক,
বলুন দেখি ক'রে ঠিক, সভাজনের কাছে॥ ১৯৬
এ প্রকার শু[illegible] হেস্য, সভাশুদ্ধ করে হাস্য,
কেও রাম-রূপ করি দৃশ্য, করে সফল নয়নে।
ত্রিভুবনে উৎসব, শত্রুপক্ষ যেন শব,
ধন্যবাদ দে জনকে সব, কহিলেন মুনিগণে॥ ১৯৭

ঝিঁঝিট— একতালা

কিবা পুণ্যধর হে তুমি, ধন্য এ মহীমণ্ডলে।
গোলক শূন্য ক'রে আছেন,
ত্রিলোক-মাঝে কন্যে ছলে॥
জামাতা পেলে হে, যাঁরে যোগী করে আরাধন—
মহাযোগী জ্ঞান-নেত্র মুদে হৃদে দেখেন যে ধন,
পদ্মযোনি বাধ্য আছেন যে পদ-কমলে॥ (থ)

——

দশরথের নিকট জনকের দূত-প্রেরণ

মুনি-বাণী শুনি জনক, হয়ে অতি সুখজনক,
কন রাম যে আমার জগৎজনক, সেটা জানি ভাল।
পরমব্রহ্ম নির্ব্বিকার, ভিন্ন ধনু সাধ্য কার,
ভঙ্গ করিতে অন্য কার, সাধ্য হয় বল॥ ১৯৮

দশরথ ধন্য ধন্য, ধরায় প্রকাশ কত পুণ্য,
বৈকুণ্ঠ করি শূন্য অবতীর্ণ তার ঘরে।
তখন ক'রে শুভলগ্নপত্র, পাঠান দূত লিখে পত্র,
সমিভ্যারে দুই পুত্র, লইয়ে সত্বরে॥ ১৯৯

আসি আমার মনোরথ, পূর্ণ করুন দশরথ,
শ্রীরাম লক্ষ্মণ ভরত, আর শত্রুঘনে।
দিয়ে কন্যে হব পার, দুই ভেয়ে রবেনা অপার,
ভবে ব্যাপার করিব দুইজনে॥ ২০০

অমনি লয়ে পত্র দূত ধায়, সত্বরেতে অযোধ্যায়,
হেথা বিরহে অযোধ্যায়, ক্ষুণ্ণমনে সকলে।
গেল দূত পত্র লয়ে করে, দিল দশরথের করে,
সকলে জিজ্ঞাসা করে, কোথা হ'তে এলে? ২০১

শুনি করি ধন্যবাদ, শ্রীরামের সুসংবাদ,
শুনি রাজা আশীর্ব্বাদ দূতেরে করিল।
শুনে শুভ লগ্নপত্র, আনন্দে খুলিয়ে পত্র,
বশিষ্ঠের করে পত্র, দশরথ দিল॥ ২০২

——

দশরথ প্রভৃতির মিথিলায় আগমন

জগতে যাঁর গুণ বিশিষ্ট, পত্র পড়েন সেই বশিষ্ট,
বিবরণ শুনে হৃষ্ট,—চিত্ত হয়ে অমনি।
বলেন কর উদ্যোগ মুনিবর, হয়ে প্রফুল্ল-কলেবর,
চলিলেন নৃপবর, যথা সকল রাণী॥ ২০৩

শুনি শুভ সমাচার, যেমন যেমন কুলাচার,
করে সব মঙ্গলাচার, যা আছে পূর্ব্বাপরে।
তখন শত্রুঘ্ন ভরত, সঙ্গে লয়ে দশরথ,
আরোহণ করে রথ, হরিষ অন্তরে॥ ২০৪

উঠেন রথে বশিষ্ঠ, আর অনেক বিশিষ্ট,
মনের পূরাতে ইষ্ট, লয়ে সমিভ্যারে।
যথায় শ্রীরাম জনক, উপনীত যথা জনক,
হয়ে অতি সুখজনক, সভার ভিতরে॥ ২০৫

করেন পরস্পর সম্ভাষণ, নানা বাক্যে পরিতোষণ,
পাদ্য অর্ঘ্য দিয়ে আসন, সকলকে জনক রাজা।
যিনি যেমন উপযুক্ত, তেমনি তাঁরে উপযুক্ত,
বাসা দেন করিয়ে যুক্ত, এসেছেন যত রাজা॥ ২০৬

ক'রে সিধে সামগ্রী আয়োজন, দেন পাঠায়ে বহুজন,
যে দ্রব্য যার প্রয়োজন, সকলের বাসায়।
দেখে সক্রোধে বশিষ্ঠ বলে, এ সিধে দিয়েছে কি ব'লে,
ভয়ে কেঁপে দূত বলে, কেন মহাশয়! ২০৭

বশিষ্ঠ বলে, নে-যা বেটা! কি হবে আর চাল ক'টা,
খেঁশারীর দাল গোটা গোটা, মাল্‌সাটাও যে ফুটো।
দাঁড়া বেটা! জনককে চিনি, কণামাত্র দিয়েছেন চিনি,
কোন্ বেটা সিধে বাচ্‌নি, করে দিয়েছে উঠো॥ ২০৮

কেবল ধনুক-ভাঙ্গা করেছেন পণ,
যার জেতের হয় না নিরূপণ,
হয়েছে বেটার স্বপন, লক্ষ টাকা দেখে।
রাগে কাঁপে কলেবর, সত্বরেতে মুনিবর,
যথা দশরথ নৃপবর, কহিছেন কোপে ডেকে॥ ২০৯

——

'সুরট—ঝাঁপতাল'

দিয়ে আজ রামের বিয়ে, রাজা রাখ্‌বে কলঙ্ক কুলে।
নাইকো দোষ সূর্য্যবংশে, ছিদ্রাংশে কোন কালে।
জানকীর জন্মের কথা, শুনে ধরেছে মাথা,
দেখেছ বল কোথা,
কার কন্যা উঠে লাঙ্গলের ফালে। (দ)

——

হেথা সিধে লয়ে ফিরে যায়, সংবাদ দেয় জনক রাজায়,
মহারাজ! মরি লজ্জায়, মুনির কথা শুনে।
বল্লেন কত জায় বেজায়, বিবাহ নিষেধ দশরথ রাজায়,
করিলেন সেখানে। ২১০
বলে, তোমার কুল অকলঙ্ক, চন্দ্রকুলে আছে কলঙ্ক,
তুমি আজ সে কলঙ্ক, প'রে যাবে তুলে।
শুনি রাজা নিরানন্দ, বলেন মুনি! কেন বিবন্ধ,
ঘটনা শুনে শতানন্দ, ক্রোধভরে বলে। ২১১
চন্দ্রবংশে কলঙ্ক খোঁটা, দিয়েছেন বুড়ো মুনি বেটা,
সূর্য্যবংশ আঁটাসাঁটা, কুল্ ত কেমন আছে।
শুনে আমাদের মাথা হেঁট, সূর্য্যবংশে পুরুষের পেট,
আবার ভগীরথের জন্মের কথা, কব কার কাছে। ২১২
জানি সব সবিশেষ, কেন মরে হাসায়ে দেশ,
রাষ্ট্র আছে দেশ-বিদেশ, শুনে রাজা কন সে উদ্দেশ,
কাজ কি আমার শুনি।
কি হবে ক'য়ে নানা কথা, এখন উত্থাপন যে কথা,
মুনি কন সে কথা ঘুচিবে এখনি। ২১৩
এখনকার যজমেনে বামুনের রীত, পেলে থুলেই বড় প্রীত,
হয়ে বসেন এমন সুহৃদ, এক-মরণে মরেছে।
বলে, এ আমার বড় যজমান, এ হ'তে কি পান জজ মান,
সুপ্রিমকোর্টের জজ মান, পান্ না এর কাছে। ২১৪
শুনেন যদি দুর্গোৎসব, মনে হয় ভারি উৎসব,
ভার ভার আনেন সব, সামগ্রী বাঁধিয়ে।
জ্ঞান নাই শুচি অশুচি, ধন্য ধন্য ধন্য রুচি,
দৈ-মাখন পাতের লুচি, নিয়ে দেন ব্রাহ্মণীকে গিয়ে। ২১৫
ঘৃণা হয় না একটুক,
ওদের বাড়ীর মাগীগুলো ভাই! এমন পেটুক,
তাদের ইচ্ছা যুটুক্ পটুক, পাকা কলার।
মাগীদের ছেলে থাকে সম্মুখে,
পাছু ফিরে লুচি তুলে মুখে,
আড়ে গেলে পোড়ার মুখে, শব্দ হয় না গলার। ২১৬
যদি ছেলেটা দেখ্‌তে পেলে, লুকিয়ে রাখে পাতের তলে,
বলে, দূর হ পোড়াকপালে! ছেলে একা ফেলে গেল মা।
বলে, তোর বাপ এনেছে লুচি আছে তোলা,
খাইও এখন সন্ধ্যাবেলা,
নাওগে একটা পাকা কলা, আছে মজা মজা। ২১৭
এই কথা ব'লে জনক রাজায়, শতানন্দ ভাণ্ডারে যায়,
মনে ইচ্ছা যা যায়, উত্তম সামগ্রী।
খাদ্য দ্রব্য ভার ভার, ঘুচাতে মুনির মনোভার,
করিবারে ব্যবহার, পট্টবস্ত্র অলঙ্কার,
দিয়ে পাঠনে শীঘ্রী। ২১৮
সে দূত কন,—মহাশয়! যেমন যোগ্য,
এ নয় আপনার সমযোগ্য,
জনক মহারাজ যোগ্য, হয় কি তোমার।
শুন্‌লেম কথাটা অমঙ্গল, বিবাহের ক'রেছেন গোল,
বশিষ্ঠ কন কোন্ বেটা গোল, করে সাধ্য কার। ২১৯
মুনি সিধে পেয়ে হয়ে সুস্থির, ক'রে দিলেন লগ্ন স্থির,
এ কর্ম্মে হলে অস্থির, কেমন ক'রে হবে।
হ'তে পারে কি এই দণ্ডে, লগ্ন রাত্রি চারি দণ্ডে,
তবে বিবাহ-নির্ব্বাহ হবে। ২২০

* * *

বিবাহ-সভায় শ্রীরামচন্দ্রের অপরূপ শোভা

মুনি কন রাজাকে হ'লো শুভযোগ, কর বিবাহের উদ্যোগ,
আর কি হয় ভঙ্গ যোগ, সিধেতে সিধে হলো।

পাঠান্তর: ১-১ খাবার—পোড়া—ক।

অমনি দিবসান্তে হৈল নিশি, সকলে সভায় আসি,
রাজগণ মুনি ঋষি, সভা হয়েছে আলো ॥ ২২১
তখন পুরাতে জনক-মনোরথ সভায় আনিলেন দশরথ,
শ্রীরাম লক্ষ্মণ শত্রুঘ্ন ভরত, বসায়ে রত্নাসনে।
হলো কি আশ্চর্য্য শোভা, তুচ্ছ সুর-পুরের সভা,
হয় সকলের মনোলোভা, রামের হেরে নয়নে ॥ ২২২

—

পরজ—একতালা

সভার শোভা হেরে সবার মন হরে।
দেবরাজ লাজে যায় দূরে ॥
বর্ণনে না যায় বর্ণ, জনকের পুরে।
বেষ্টিত সব নৃপমণি, যোগী ঋষি যত মুনি,
ভাসিছেন আনন্দ-সাগরে। (ধ)

—

হেথা শুন সমাচার, দেন রাণী নগরে সমাচার,
করিতে হবে কুলাচার যে সব আচার আছে।
আছে যেমন স্ত্রী-আচার শ্রীআচার মনোমধ্যে করি বিচার,
পাঠান সকলের কাছে। ২২৩
বাটী হ'তে গিয়ে দাসী, যেখানে যত প্রতিবেশী,
দাসী অমনি সকলে তুষি, বলে—সীতার বিয়ে।
তোমরা চল শীঘ্র সকলেতে, হবে বিয়ে সন্ধ্যে-রেতে,
বর আছে ব'সে সভাতে, দেখ্‌বে চল গিয়ে ॥ ২২৪
শুনে পরস্পর করে ডাকাডাকি,
কোথা গেলি আয় লো থাকি,
আমি কি এক্ষণে থাকি,
আমাদের ডাকি ছুঁড়ি গেল কোথা ?
শামী রামী বিমলী ভগী! তিল্‌কী গুল্‌কী জয়া যোগী!
নবি ভবি শিবি সবি! আয় লো তোরা হেথা ॥ ২২৫
পাঁচী পক্ষী পদী পরাণী! হৈমী হর হীরে হারাণী!
মুংলি মান্‌কী মুঞ্জরী মল্লিকে! আয়।
দিগ্মিদের দই দিনী! গণ্‌শী সই গৌরমণি!
বক্সী বস্ত্রী ধুনী বদনী! পুটী বেগ্‌নী কোথায় ॥ ২২৬

আয় লো কোথা গঙ্গাজল! কামিনী কোথা বল্ বল্,
যামিনী কোথা, যামিনী যে হ'লো।
আয় লো গোলাপ! আয় লো আতর!
এখনো মাখন! হয় না তোর?
এখনো সজ্জা হয় না তোর? ও পাড়ার সব গেল ॥ ২২৭
তখন সাজে যত কুলাঙ্গনা, যার যত আছে গহনা,
পতিরে ক'রে প্রবঞ্চনা, যান বিবাহের বাড়ী।
কেউ পরে শান্তিপুরে ধুতি, শিমূলের কোন যুবতী,
কেউ পরেছেন বারাণসী সাড়ী। ২২৮
কেউ পরেছেন জামদানী, কেউ কাল ধুতিখানি,
কালার পাড় মিহিতে খাপ ভাল।
কেউ পরেছে পটাপটী, কেউ জন্ম-এয়স্ত্রী-শাটী,
কোন সুন্দরী নীলাম্বরী, প'রে করেছেন আলো। ২২৯
কেউ পরেছেন বুটদারি, কেরেপ পরেছেন যারআদর ভারি,
কেউ সুইসের ডালিম ফুলের রং।
প'রেছেন কোন কোন নারী, লালবাগানে লালকিনারী,
যান জনক-রাজার বাড়ী, চলেছেন এক ঢং ॥ ২৩০
কেউ প'রে রঙ্গিণ মলমল, চরণে আটগাছা মল,
রূপে করে ঝলমল মৃদুমন্দ হাসে।
যান সব কুলকামিনী, গমন জিনি গজগামিনী,
যে বাসে রাজকামিনী, দাঁড়ালেন সব এসে ॥ ২৩১
হেথায় সভায় সকলে ব'সে, শুভলগ্ন উদয় এসে,
গললগ্নীকৃতবাসে, জনক সকলে কয়।
করুন আমায় অনুমতি, সকলেতে শুদ্ধমতি,
কন্যা দান করি সম্প্রতি, যেমন আজ্ঞা হয় ॥ ২৩২
দেন সকলে অনুমতি-দান, কর মহারাজ! কন্যা দান,
শুনে দান দেন রাজা দানবারি-বরে।
যার বেদে হয় না সন্ধান, যে প্রকার আছে বিধান,
ক'রে সম্প্রদান জনম সফল করে। ২৩৩
যে প্রকার আছে আচার, শ্রী-আচার স্ত্রী-আচার,
করে অন্তঃপুরে।
তখন ভরত শত্রুঘ্ন লক্ষ্মণে, ভ্রমণ করে কন্যেগণে,
জানকীর কর রামের করে দিয়ে স্তব করে। ২৩৪

—

আলিয়া—ঠেকা

হে কৃপানিধান! গ্রহণ কর দান,
যেমন বিধান আছে এ সংসারে।
ধরায় পুণ্যধর, হ'লাম হে শ্রীধর!
ধর নাথ! আজ ধর হে,—
তোমার কমলার শ্রীকরে, কমলকরে॥
এমন কি ধন আছে তোমায় দান করি,
হরি দিলেন কুবেরের ভাণ্ডার দান ত্রিপুরারি
লক্ষ্মী যার জায়া সদা আজ্ঞাকারী,
কিঙ্কর হ'য়ে পদে আছে রত্নাকরে॥ (ন)

বাসর ঘরে শ্রীরামচন্দ্র

নানামতে শ্রীরামে স্তব করেন জনক।
স্তবে তুষ্ট মহাবিষ্ণু জগৎ-জনক॥ ২৩৫
শুভক্ষণে শুভলগ্নে শ্রীরামের বিবাহ।
কুশণ্ডিকা কার্য্য সকল হইল নির্ব্বাহ॥ ২৩৬
জয় জয় শব্দ হয় ত্রিলোকেতে ধ্বনি।
রমণী সব করে উৎসব, করে শঙ্খধ্বনি॥ ২৩৭
ভূলোকে ত্রিলোকের আছে যেমন ধারা।
যায় বাসর ঘরে লয়ে বরে, দিয়ে জলধারা॥ ২৩৮
যত কুল-কন্যে বর কন্যে লয়ে সমাদরে।
রাখে পৃথক্ ক'রে পৃথক্ ঘরে চারি সহোদরে॥ ২৩৯
বাসর-সজ্জা দেখে লজ্জার লজ্জা যায় দূরে।
কি কব তাহার, যেরূপ ব্যবহার ক'রেছে জনক-পুরে॥ ২৪০
ইন্দ্রালয় মনে কি লয় কি ছার রাবণ-বাসর।
তুল্য গোলক করেছে ভূলোক, শ্রীরামের বাসর॥ ২৪১

সব চতুরা রমণী, গিয়ে অমনি,
চিন্তামণি-পাশে।
বল ওহে রঘুবর! হয়ে ব'স বর,
জানকী ক'রে পাশে॥ ২৪২
ওহে জানকী-রমণ! যেমন যেমন,
আছে পূর্ব্বাপরে।
কর নাই দৃষ্টি, রয়েছে ষষ্টি,
তায় প্রণাম কর পদোপরে॥ ২৪৩
শুনে কন কমল-আঁখি, বটে বটে সখি!
না দেখি উহারে।
উঠে ভব-ইষ্টি, কৃত্রিম ষষ্ঠী,
চরণে ঠেলে দেন দূরে॥ ২৪৪
হেসে নারী সব, জানকী-কেশব,
দেখে যেন যুগল শশী।
বসিল তারা, যেমন তারা,
বেষ্টিত মধ্যে শশী॥ ২৪৫
রামে ঠকাব ব'লে, সকলে বলে,
যত কুলকন্যে।
শুনি বিবরণ, বলে নীল-বরণ!
বিবাহ করলে কার কন্যে?॥ ২৪৬
শুনি স্বামী গোলকের, বলেন জনকের,
কন্যে বিবাহ করি।
সবে নারী বলে রাম! রাম্ রাম্ রাম্,
শুনে যে লাজে মরি॥ ২৪৭
এমন কথা, শুনিনে কোথা,
ভগিনী বিবাহ করে।
বেশ তোমার দেশ, নাই যেষাদ্বেষ,
সহোদরী-সহোদরে॥ ২৪৮
আমাদের দেশে, অন্য দেশে,
হ'তে আনি পরে।
আমাদের কপালে অগ্নি, পরকে ভগ্নী,
দিয়ে, দেয় পর ক'রে॥ ২৪৯
শুনে লাজে অধো-মুখ, করি কমলমুখ,
বলেন কমল-আঁখি।
শুন নাই গোল অনেকের, তোমাদের জনকের,
কন্যে বলেছি সখি॥ ২৫০
শুনে সব যুবতী বলে, এখনি ব'লে,
গোল ব'লে দোষ সারবে।

ব'লে ও কথা, গোল ব'লে কোথা,
শাক দিয়ে মাছ ঢাক্‌বে। ২৫১
দে'খে আমরা কোথা আছি সব, আপনি কেশব,
ঠক্‌লেন বাসর-ঘরে!
আমাদের সরে না বাণী, যাঁর ভার্য্যা বাণী,
তিনি বাণী হারান একেবারে। ২৫২
ঠাকরুণদের গুণের বাণী আপনি বাণী,
পারেন না বর্ণিতে।
নারী পাঁচ জনাতে, একত্রেতে,
যদি পান বসিতে। ২৫৩
তখন এই প্রকার, নির্ব্বিকার,
সঙ্গে সব রমণী।
রসাভাসে, রামকে ভাষে,
যত কুল-কামিনী। ২৫৪
তোমার সঙ্গে, রস-রঙ্গে,
রজনী হ'লো শেষ।
ল'য়ে বামে জানকী, বস কমল-আঁখি!
কেমন দেখি হয় বেশ। ২৫৫
ব'লে কুলবনিতা, জনকদুহিতা,
রামের বামে বসায়ে।
বলে দেখ অপরূপ, মরি কিবা রূপ,
সেজেছে উভয়ে। ২৫৬

আলিয়া—যৎ

আহা মরি! কি রূপ হেরি, শ্রীরামের কমলাঙ্গ।
এরূপ হে'রে, যায় যে দূরে, অঙ্গ লুকায়ে অনঙ্গ।
সব সতী, হয় বিস্মৃতি, ভুলে পতির প্রসঙ্গ।
বলে, কুল ত্যজিলাম, আজি বিকালাম,
আমরা দিলাম রূপের সঙ্গ। (প)

বলে, নিশি হইওনা বিগত, হবে আমাদের জীবন গত,
দিনমণি হ'লে আগত, হারাব রাম-সীতে।
কৃপা করি কিঞ্চিৎ কাল, পোহাইওনা হয়ে কাল,
হ'লে প্রত্যূষ-কাল, ভানু উদয় হবে অবনীতে। ২৫৭
যদি বল আমার হয়েছে সময়, হ'ল প্রভাত নাই অসময়,
কিন্তু আমাদের রাম রসময়, যাবেন তোরে দেখে।
একবার হ'য়ে গৃহে প্রবেশ, শ্রীরাম সীতার যুগল বেশ,
দেখে রাখ্‌তে যাবি সুখে। ২৫৮
এখন আমাদের শুন নাই বারণ,
যদি একবার নীলকমল-চরণ,
দেখ নয়নে স্মরণ লয়ে থাকিবি।
আমরা তখন বলিব যেতে, দেখ্‌ব কেমন পার যেতে,
যেতে তুই! কখন নাহি পারবি। ২৫৯
আবার কোন যুবতী যুগকরে, স্তুতি করে দিবাকরে,
বলে দিননাথ! দয়া ক'রে উদয় হইও না।
সে স্বল্পকাল কর বিশ্রাম, আমরা জন্মের মত জানকী-রাম,
ল'য়ে করি দুঃখ-বিরাম,
তুমি যদি প্রকাশ কর করুণা। ২৬০
তখন এইরূপে সব কয় কাতরে,
যামিনী প্রভাত হয় সত্বরে,
হেথা দশরথ সাদরে, জনকে কহিছে।
হইল উদয় দিননাথ, সত্বরেতে নরনাথ,
কর বিদায় যেমন বিধান আছে। ২৬১
শুনি জনক সজল আঁখি, বলে বিদায় দিব বল্‌লে সে কি,
প্রাণ থাক্‌তে কমল-আঁখি, বিদায় করি কেমনে।
দশরথ কন বটে এ কথা, কিন্তু এ ঘর সে ঘর সমান কথা,
ঘর ছেড়ে ঘরে যাবার কথা, দুঃখ ভাব কেন মনে। ২৬২
তখন এইরূপ মিষ্টভাষে, উভয়ে উভয়কে তাষে,
জনকের বক্ষ ভাসে, নয়ন-সলিলে।
গিয়ে প্রবেশ হ'য়ে অন্তঃপুরে, শত্রুঘ্ন ভরতেরে,
রাম-ব্রহ্ম পরাৎপরে, কন্যাগণ সকলে। ২৬৩
বাহিরে আনিয়ে রাজা, যথা দশরথ মহারাজা,
বিবাহের সামগ্রী যা যা, দিলেন একেবারে।
আনন্দে বিলান ধন, তখন আসি তপোধন,
বলেন সকল সাধন, পূর্ণ আমাদের হ'লো। ২৬৪

আশীর্ব্বাদ উভয়কে ক'রে, রামাদি চারি সহোদরে,
সম্ভাষিয়ে সমাদরে, ঋষিগণ চলিল ॥ ২৬৫
হেথা পুত্রবধূসহ চারি পুত্র, লইয়ে অজের পুত্র,
বশিষ্ঠাদি হয়ে একত্র, অযোধ্যায় গমন।
দশরথপুত্র শ্রীরাম, ধনু ভেঙ্গেছেন অবিরাম,
লোক-মুখে শুনি ভৃগুরাম, সক্রোধে আগমন ॥ ২৬৬

—

পরশুরামের দর্পচূর্ণ

ভৈরবী—একতালা

এই কথা শ্রবণে ক্রোধিত-অন্তরে
চলেন ভৃগুরাম, রাম ধরিবারে,—
কম্পিতা হ'লো ধরণী চরণভরে।
না মানে বারণ, যেন মত্তবারণ, শমনসম কোদণ্ড করে।
বলেন নিঃক্ষত্রি করেছি কত শতবার, বার বার এইবার,
দেখি কত বল ধরে, হরধনু ভঙ্গ করে,
আজ নিতান্ত কৃতান্ত-পুরে পাঠাব তারে। (ক)

—

তখন ক্রোধ-ভরে পরশুরাম, আসিছেন অবিরাম,
যথা শ্রীরাম দশরথ-পুত্র।
কোপে বলেন তিষ্ঠ তিষ্ঠ, পূরণ করি মনোভীষ্ট,
জান না আমায় পাপিষ্ঠ! গমন করিছ কুত্র। ২৬৭
বিবাহ ক'রে সমাদরে, চ'লেছ চারি সহোদরে,
এখনি শমন-ঘরে, পাঠাব নিশ্চয়।
কোথা লুকাল দশরথ, বেটা বেটায় লয়ে চড়ে রথ,
এস পুরাই মনোরথ, হয় না প্রাণে ভয়!॥ ২৬৮
বেটার এখন কি সে কথা মনে পড়ে,
আমার ধনু লয়ে মাথায় টাক পড়ে,
মরতো ভৃত্য হয়ে ফিরত সঙ্গে সঙ্গে!

মনে নাই বুঝি সে সব দিন,
বেটা পেয়ে বেটা! পেয়েছিস্ দিন,
বাঁচিস্ যদি আজিকার দিন, গৃহে যাস্ রঙ্গে। ২৬৯
বেটার কিছু শঙ্কা নাই গায়ে, কত বুদ্ধি কব অজের পুয়ে,
ডে'কেছে আজ রবির পুত্রে, যা পুত্রগণ সহিতে।
যেদিন তোর বেটা হরের ধনু ভাঙ্গে,
সেদিন গেছে তোর কপাল ভেঙ্গে,
ক'রে বিবাহ জনক-দুহিতে। ২৭০
আমি আছি ভারত-মধ্যে রাম,
বেটার নাম রেখেছিস্ শ্রীরাম,
এখনি যাত্রা শমনধাম আজ এই রামের করে।
শুনে দশরথের নয়ন ভাসে, ভাষে কত মিনতি ভাষে,
সম্ভাষে ভৃগুরামে যুগ্মকরে। ২৭১
তখন না শুনে স্তব দশরথের, কোপে গিয়ে রামের রথের,
সম্মুখে দাঁড়ায়ে পরশুরাম।
না জানে রাম দর্পহারী, গিয়ে আপনি দর্পহারী,
হইতে বলেন শোন রাম। ২৭২

দেখি কত ধরিস্ বল, বল্ রে রাম! বল্ বল্,
ধনু ভেঙ্গেছ হ'য়ে প্রবল, জনকের ভবনে।
শুনে কন চিন্তামণি, ধনুর্ব্বাণের কি জান তুমি,
তপস্যা কর সঙ্গে ঋষি মুনি, ব'সে তপোবনে। ২৭৩
শুনে কোপ বাড়িল দ্বিগুণ, জামদগ্ন্য[১] সম-আগুন,
হ'য়ে কন—আমার ধনুতে গুণ দে রে পাপিষ্ঠ!
যদি পারিস্ দিতে গুণ, তবেই ধরায় ধরিস্ গুণ
তবে জানিলাম নামের গুণ, নৈলে এখনি করিব নষ্ট।
ব'লে রাম দেন ধনু রামের করে, লন শ্রীরাম বামকরে,
ধনু সহিতে রাম করে, রামের বল হরণ।
যাঁর ত্রিলোক-বিখ্যাত গুণ, চরণেতে তিন গুণ,
অবহেলে ধনুতে গুণ, দেন নীলবরণ। ২৭৫
কবি হাস্য আস্যে গোলোকেশ্বর, যোজনা করিলেন শর,
নৈলে কি বিশ্বেশ্বর, গুরু ব'লে মানে।

পাঠান্তর: ১ জলদগ্নি—খ।

ভৃগুরাম অসম্ভব দৃষ্টে হে'রে, দৃষ্টমুদে দেখে অন্তরে,
গোলোকপুরী শূন্য ক'রে বসিয়ে বিমানে ॥ ২৭৬

ভৃগুরামের রামস্তুতি

জয়জয়ন্তী—ঝাঁপতাল

একি ভবে অসম্ভব, হে ভবধব! হেরিলাম রথাসনে।
হরি! আমি জ্ঞান-শূন্য, করি গোলোক শূন্য,
আসি অবতীর্ণ, হলে ধরাসনে॥
আমি মূঢ়মতি, নাই সাধন-সঙ্গতি,
কর যদি গতি অগতির গতি!
কে হরে দুর্গতি, ও চরণে মতি, মনের নাই হে,—
তায়ো দিয়ে ভক্তি-গতি ভব-বন্ধনে॥ (ব)

পরে স্তুতি করেন ভৃগুরাম, তুমি পূর্ণব্রহ্ম রাম,
আমি রাম অবিরাম, আশ্রিত শ্রীপদে।
ব্যক্ত গুণ পরম্পর, চরাচর তোমার চর,
হ'য়ে অগোচর, দূষি পদে পদে॥ ২৭৭
যদি রাখ রাম! কৃপা করি, মম মন-মত্তকরী,
রাখ রাখ স্নেহে বন্ধন করি, নিজ গুণে গুণে।
শুন হে ভব-সম্ভব! নাই মোর ভবসম্ভব,
পাব কি পদ অসম্ভব, মরি সে দিন গুণে গুণে॥ ২৭৮
করি ভ্রমণ লয়ে কুজনে, না ভজিলাম পদ বিজনে,
সদা ছয় দুর্জ্জনে, না ভাবিয়া পর পরকাল।
মিছে এলাম মিছে গেলাম, কমল-চরণ না ভজিলাম,
সঙ্গ-দোষেতে মজিলাম, জড়ায়ে জঞ্জাল-জাল॥ ২৭৯
তুমি সৃজন-পালন-লয়কারী, বিধি আদি আজ্ঞাকারী,
ত্রিলোকের সাহায্যকারী, এলে গোলোকপুরী পরিহরি,
হরিতে ভূভার-ভার।
যার ভবে জ্ঞান হবে অনন্ত, সে তোমার পাবে অন্ত,
তুমি কর একান্ত, কৃতান্ত-ভয়-নিস্তার তার॥ ২৮০

যে জন ও রস ত্যজে, কু-রসে সদা রয় মজে,
আপনা আপনি মজে, জ্ঞান নাই তাঁহারে যার।
ভবে যারা মূঢ় ব্যক্তি, না করে ও গুণ-উক্তি,
কেমনে সে পাবে মুক্তি, যাবে ভব-পারাবার॥ ২৮১
শুন হে দীনবান্ধব! ধৈর্য্য হও ত্রিভুবনধব,[১]
হে মাধব! দাসে কৃপা করি।
শুনিয়ে কহেন রাম, তুমি আমি সম রাম,
অবিচ্ছেদ অবিরাম, সদাকাল[২] হরি বিহরি॥ ২৮২
পুনঃ কন ভগবান, এখন যোজনা করেছি বাণ,
অব্যর্থ আমার বাণ, না ফিরিবে তূণে।
শুনে কন ভৃগুরাম, কর যা হয় তারকব্রহ্ম রাম!
আমি পদে শরণ নিলাম, যে বিধান হয় মনে॥ ২৮৩
কহিছেন শমন-দমন, তোমার স্বর্গের পথ-গমন,
নিবারণ করলেম শর-জালে।
কত মতে সান্ত্বনা ভৃগুরামে, দশরথ ল'য়ে শ্রীরামে,
অবিশ্রাম অযোধ্যায় রথ চলে॥ ২৮৪
দেখে রামাদি দশরথ রাজায়, দুন্দুভি সবে বাজায়,
বাজায় বাজায় কাণে লাগে তালি।
দে'খে পুরবাসীর মনাবেশ[৩], রাম-সীতা গৃহে প্রবেশ,
দে'খে যুগলরূপ বেশ, আনন্দ-মন সকলি॥ ২৮৫

ললিত—একতালা

রাম-সীতা-যুগলেতে কি শোভা হ'ল উজ্জ্বল।
নীল-গিরিবরে যেন কনকলতা জড়িল॥
আসি সব প্রতিবাসী, হেরে ঐরূপ মন উদাসী,
হ'য়ে উদয় যুগল-শশী, অযোধ্যা করেছেন আলো।
দাশরথি খেদে কয়, মিছে আশা দুরাশয়,
রেখেছে বেঁধে ঐ পদদ্বয়,
বক্ষে করি চিরকাল কাল॥ (ভ)

পাঠান্তর: ১ ত্রিভুবনধর—খ। ২ সদা কন—খ। ৩ সদাবেশ—ক।

রামায়ণ
অর্থাৎ শ্রীরামচন্দ্রের বন-গমন ও সীতা-হরণ

শ্রীরামচন্দ্র রাজা হইবেন শুনিয়া সকলের আনন্দ

ত্রিভুবনে আনন্দ অপার সবাকার।
দশরথ রামচন্দ্রে দিবে রাজ্যভার॥ ১
অভিষেক আয়োজন হয় পূর্ব্বদিনে।
ত্রিভুবন-আগমন অযোধ্যাভবনে॥২
পূর্ণঘট স্থাপন হইল সারি সারি।
দূতগণে যত্নে আনে, নানা তীর্থবারি॥ ৩
ভাসিল অযোধ্যাবাসী আনন্দ-সাগরে
জয় জয় শব্দ করি কয় পরস্পরে॥৪
চিন্তা নাই কালি, ভাই! রাম রাজা হবে।
রবে না অকাল-মৃত্যু সব দুঃখ যাবে॥ ৫
নগর-নাগরী যত যায় সরোবরে।
কামিনীর চরণ না চলে প্রেম-ভরে॥ ৬
বলে, সখি! আনন্দ ধরে না মোর মনে[১]।
বসিবেন রামরত্ন রত্নসিংহাসনে॥ ৭
কালি সবে রামরূপ দেখিব নিরালা।
এইরূপে আনন্দ-মগনা কুলবালা॥ ৮
স্বর্গবাসী পাতালবাসী দিল দরশন।
অরণ্যবাসী যোগী তপস্বী আইল অগণন॥ ৯
কুবের আসি, রাশি রাশি, রত্ন প্রদান করে।
দিবানিশি প্রেম-উল্লাসী, হইল ত্রিপুরে॥ ১০
শ্রীরামশশী, নিশি পোহালে, হইবেন রাজন।
'ভালবাসি ভালবাসি' শব্দ ত্রিভুবন॥ ১১
দেবঋষিবর্গ আসি আশীর্ব্বাদ করে।
সুজন, দোষী, সবে প্রত্যাশী রামরাজা-তরে॥১২
বশিষ্ঠ ঋষি, সভায় বসি, করেন জয়ধ্বনি।
কুজী দাসী সভায় আসি, দেখে সব তখনি॥ ১৩
অমনি দাসী সর্ব্বনাশীর মন উদাসী হয়!
ত্বরায় আসি রাজ মহিষী কেকৈ প্রতি কয়॥ ১৪

* * *

কুজীদাসীর কেকয়ীকে কুমন্ত্রণা দান

বলে, শুন গো কেকৈ, মা! তোরে কৈ,
তোর থাকে কৈ মান।
রাজা দশরথ বল্লে যেমত ;
—তোর ভরত অজান॥ ১৫

রামের মার অহঙ্কার,
পারবি না আর সইতে।
কথার জোরে, আর কি তোরে,
দেবে সে ঘরে রইতে॥১৬

মা! তুমি যে মানী, অভিমানী
ফুলের ঘাটি সয় না।
এখন, হবে যে অন্যায়, মনের ঘৃণায়,
ঘরকন্না হয়[২] না॥ ১৭

তোমার ঘুচাল সে রাগ, যত অনুরাগ,
বিধি তো বিরাগ কর্লে।
তুই তো "রতি বিনে,"[৩] প্রাণে সবিনে,
সতীনে কথা বল্লে॥ ১৮

ঝিঁঝিট—খং

আমি দেখে এলাম, রাণী গো! কি হয় কপালে।
হবে রাম রাজা, কালি নিশি পোহালে॥
ওমা! লুকাইবে তব নাম, সপত্নী-সন্তান রাম,
সম্পদ্ পেলে তোর তো কিছু মান রবে না,—
অনুগত কেউ হবে না, মৃত্তিকাতে পা দেবে না,
রাণী কৌশল্যে॥ (ক)

পাঠান্তর: ১ নয়নে—ক। ২ রয়—খ। ৩-৩ গতি বিনে—ক ; রবি নে—খ।

রাম রাজা হইবেন সংবাদে কেকয়ীর আনন্দ

শুনে কন ভরতের মাতা, ও দাসি ! তুই কহিস্ কি কথা,
কি আমায় সব বলিস্ বৃথা, কেমন কথা হ্যালো !
রাম যে পাবে রাজ্যভার, তাতে কি মোর মনোভার,
তোর্ আবার এ কোন্ ব্যাভার, তাই বুঝা ভার হ'লো[১] ॥১৯
যেমন কুমন আপনি কুব্জী, তাই আমায় বুঝেছিস্ বুঝি,
বল্লি কথা চক্ষু বুজি, সুখ কি এর পর ?
আজি কি আমার শুভাদৃষ্ট, পূর্ণ হ'লো মনোভীষ্ট,
জ্যেষ্ঠপুত্র কুলশ্রেষ্ঠ[২] রাম সে আমার হবে রাজ্যেশ্বর ॥ ২০
ও দাসি ! তুই মর্ মর্, আমার ভরত আপন, রাম কি পর ?
তোর কথায় কি ভাঙ্গব ঘর, যা হয় নাই বংশে ।
সতীনে সতীনে হবে দ্বন্দ্ব, কখন ভাল কখন মন্দ,
তা ব'লে কি রামচন্দ্র, বাছারে করিব হিংসে ? ॥ ২১
আমার ভরত হৈতে অধিক, রাম ত আমার প্রাণাধিক,
ধিক্ আমায় ধিক্ ধিক্, ভিন্ন ভাবি যদি ।
রাম যে আমার প্রধান অপত্য, যত ধন সম্পত্ত,
অধিকার তার আধিপত্য, তায় কে[৩] হয় বিবাদী ॥ ২২
দশরথের পত্নী হই, প্রধান রাণী কেকৈ,
আমি কি রামের মা নই ? কে করে অমান্য ।
অন্যেতে মান রাখে না রাখে, রাম যদি মা ব'লে ডাকে,
রাম আমারে সদয় থাকে, তবেই যে আমি ধন্য ॥ ২৩
আগে শুনালি কথা মধুর, শুনে দুঃখ হ'লো দূর,
আরে মলো দূর দূর ! 'আর কথা কেহ বলে !'[৪]
রাম রাজা হবে আমার, ব'লে,—'সুখের নাই পারাবার,'[৫]
কণ্ঠে ছিল রত্নহার দিল দাসীর গলে ॥ ২৪

* * *

দেবতাগণের মন্ত্রণা

তখন স্বর্গবাসী দেবগণে, সকলে প্রমাদ গণে
একত্রে আসি গগনে, করিছেন যুক্তি ।
কেকৈ কর্‌লে বিড়ম্বন, শ্রীরামে না দিল বন,
ম'লো না দুষ্ট-রাবণ, আমাদের নাই মুক্তি ॥ ২৫
যার জন্যে অবতার, হরি কি করেন তার,
কবে পাইব নিস্তার, রাবণ-জ্বালাতে ।
ইন্দ্র বলে এ কি জ্বালা, কত তার যোগাব মালা,
বিধি দুঃখ দিলি ভালা, রাবণের হাতে ॥ ২৬
খেদ ক'রে বলে পবন, ঘুচালে বেটা রাবণ,
মুক্ত করি তার ভবন, ভারি কর্মভোগে ।
মনের দুঃখে বলে অগ্নি, আমার কপালে অগ্নি !
ভেবে ভেবে মোর মন্দাগ্নি, রন্ধনকালে যোগাই অগ্নি
না যোগালে রে'গে অগ্নি, দে'খে শঙ্কা লাগে ॥ ২৭
খেদ ক'রে যম বলে শেষে, দুঃখে চক্ষের জলে ভে'সে,
আমাকে রেখেছেন ঘোড়ার ঘাসে, ভয়ে হয়েছি বদ্ধ ।
শনি বলে, ভাই ছিছি ছি, মনের ঘৃণায় ম'রে আছি,
আমি ব্যাটার কাপড় কাচি, অপমানের হদ্দ ॥ ২৮

দেবতাগণের শ্রীরামস্তব

খেদ ক'রে কয় পরস্পরে, এত দুঃখ দেবের উপরে,
যাহো'ক দেখ অতঃপরে, কিবা আছে ভাগ্যে ।
যতেক অমর পরে, স্তব করে শূন্যপরে,
শ্রীরাম ব্রহ্ম-পরাৎপরে, করি করযোগে ॥ ২৯

ললিত-ঝিঁঝিট—ঝাঁপতাল

ভ্রান্ত হ'য়ে কি লাগিয়ে আছ হে চিন্তামণি !
ভূভার হরণে হ'লে রঘুকুল-শিরোমণি ।
দশ-জন্মার্জ্জিত দশবিধ পাপ-নিবারণে,
দশ অবতার মধ্যে দশানন-উদ্ধারণে,
দশরথসুত রূপ ধ'রেছো আপনি ।
ওহে দিনমণি-কুলোদ্ভব ! তব পদে ভাবে ভব,
লঙ্ঘিবারে ভবতরঙ্গ অঙ্ঘ্রি তরণী ।

পাঠান্তর : ১ লো—ক । ২ পুরুষশ্রেষ্ঠ—খ । ৩ কেবা—খ । ৪-৪ আরে একথা কহ কি বলে—খ । ৫-৫ সুখে নাই পারাপার—ক, গ ।

হরিল দেবের মান দশানন দুরাচারী,
হ'তে হরি দেবের দুঃখ-হারী,
তব অবতার, ত্যজিয়ে বৈকুণ্ঠপুরী,
এলে হে ধরণী ॥ (খ)

কেকয়ীর স্কন্ধে দুষ্টা সরস্বতীর আবির্ভাব ও কুমন্ত্রণা দান

দেবগণে চৈতন্য দিলেন গোলোকপতি।
স্মরণ করিলা সবে দুষ্টা স্বরস্বতী ॥ ৩০

বলে বিনয়বাণী, বীণাপাণি!
তোমা বিনা ত্রাণ কৈ!
কর শীঘ্র যাতে, রঘুনাথে,
বনে দেয় কেকৈ ॥ ৩১

গিয়ে ত্বরায় আনি, কেকৈ রাণীর
স্কন্ধে কর ভর।
যেন ঘটায় বিবাদ, শত্রুতা-বাদ,
সাধে রামের উপর ॥ ৩২

শু'নে দেবতার বাণী, দুষ্টা বাণী,
বসেন রাণীর স্কন্ধে।
অমনি রাণীর, উড়িল প্রাণী,
পড়িল বিষম ধন্ধে ॥ ৩৩

বলে যাইস্‌নে দাসী, ফিরে বল আসি,
কি শুনালি সমাচার।
আমি দেখে কি স্বপন, তোরে সমর্পণ,
করেছি গলার হার? ॥ ৩৪

হবে রাম রাজা, তারি কি রাজা, কর্‌তেছে প্রসঙ্গ?
তবেই হ'লো, বল ফুরালো, আমার দফা সাঙ্গ ॥ ৩৫
তবে কৌশল্যে, প্রমাদ কর্‌লে, এই ছিল ললাটে।
হ'লো ঘোর-সোহাগী, শেষে মাগী, গরবে মরিবে ফেটে ॥ ৩৬

মনের গরবে একে, দেখে না চক্ষে, কক্ষে ধ'রে রামচন্দ্র।
আমার[১] এ কি দশা, একে মনসা, তাতে ধুনার গন্ধ ॥ ৩৭

একে সতিনী, আবার তিনি, হবেন রাজ-জননী।
যেমন কুষ্ঠের উপর বিষফোড়া, তেম্‌নি পোড়া জানি ॥ ৩৮

বৈশাখী রৌদ্রে, বালির শয়ন, সহ্য হইতে পারে।
জলন্ত আগুনে যদি, অর্দ্ধেক অঙ্গ পোড়ে॥
মাঘের শীতে সহ্য হয়, জলমধ্যে বাস।
সপ্তাহ কাল সওয়া যায় নিরম্বু উপবাস॥
সহস্র বৃশ্চিকে যদি, দংশে কলেবরে।
এক দিনে যদি কারুর শত পুত্র মরে॥
সর্ব্বস্ব লইলে চোরে, সহ্য বরং হয়।
রোগে হয় জীর্ণকায়া, তাহাও প্রাণে সয়॥
সওয়া যাব তপ্ত তৈল, অঙ্গে কেউ ঢালে।
কারাগারে ফে'লে যদি বুকে চাপায় শিলে॥
সওয়া যায়,— বুকে যদি দংশে কালসর্প।
তথাচ না সওয়া যায়, সতীনের দর্প॥ (অ)

* * *

কেকয়ীর অভিমান

অকস্মাৎ রাণীর অম্‌নি প'ড়ে গেল মনে।
রাজা মৃগয়া কর্‌তে, দুই সত্যে, বন্দী আমার সনে ॥ ৪৫
ঘুচাব বালাই, চে'য়ে লব তাই, দিবেন আমায় ভূপ।
হবে রজনী-প্রভাত, দেখি রঘুনাথ, রাজা হয় কিরূপ ॥ ৪৬

ক'রে কপট ছলা, হইয়া উতলা, কেকৈ রাজ-নারী।
করে ভূতলে শয়ন উথলে নয়ন, দাসী তোলে ধরাধরি ॥ ৪৭

এলাইয়া কেশ, এলোথেলো বেশ, ক্ষণে ক্ষণে মূর্চ্ছাগত।
না সম্বরে বাস, ঘন ঘন শ্বাস, মণিহারা ফণীর মত ॥ ৪৮

গিয়া জানায় দাসী, শুনে উদাসী, রাজা হয়ে অন্তরে।
আস্তেব্যস্তে, অতিত্রস্তে,[২] এলেন অন্তঃপুরে ॥ ৪৯

পাঠান্তর: ১ আবার—খ। ২ অন্তরীক্ষে—গ।

রাজা দশরথ কর্ত্তৃক কেকয়ীর মানভঞ্জন

ধ'রে যুগল হস্তে, রাজা ব্যস্ত,[১]
দে'খে রাণীর কান্না[২]।
হে হে! কও কি লাগি, এত বিরাগী,[৩]
"তোমারি ঘরকন্না" ॥ ৫০

কও মনের কথা, কি মনের ব্যথা,
কে দিলে,—কি হ'লো মনে।
প'ড়ে ধরা-শয়নে, ধারা নয়নে,
সয় না দে'খে প্রাণে ॥ ৫১

বুঝি হারালে কি ধন, তাই কি রোদন,
বল হে বদন তুলে।
দিব চাও হে রতন, দেহটা পতন,
কর কার শোকানলে ॥ ৫২

হ'লে রজনী-প্রভাত, প্রাণের রঘুনাথ,
হবে আমার রাজ্যেশ্বর।
দিয়ে রামকে রাজ্যধন, করিব সাধন,
আমি হয়ে অবসর ॥ ৫৩

ছি ছি! হ'লে কি পাগল, এ কি অমঙ্গল,
কি বলিবে লোকে শুনে।
কর সুখের আলাপ, দুঃখের বিলাপ,
কেন কর শুভদিনে ॥ ৫৪

* * *

দশরথের নিকট কেকয়ীর দুই বর গ্রহণ

শুনে রাজার বাণী, কেকৈ রাণী,
কহিছে ভূপের স্থানে।
যদি রাখ মুখ, যায় হে মনোদুঃখ,
নতুবা 'প্রাণে বাঁচিনে' ॥ ৫৫

মনে নাই হে নৃপবর! দিবে তুমি দুই বর,
সত্য ক'রেছিলে বনে।
আজি তাই দেহ, তবে রাখি দেহ,
শুনিতে[৫] বাসনা মনে ॥ ৫৬

দিয়ে ভরতে রাজ্য, কর হে ধার্য্য,
আমারে কর হর্ষ।
দেহ কালি বিহানে, রামকে বনে,
চতুর্দ্দশ বর্ষ ॥ ৫৭

শুনে বাক্য দশরথ, বাতাসে কদলীবৎ,
থর থর কম্পে কলেবরে।
ঝর ঝর চক্ষে ধারা, যেন উন্মাদের ধারা,
'ফাটে বুক' বাক্য নাহি সরে ॥ ৫৮

* * *

দশরথের বিলাপ

হ'য়ে মায়া-রিপু বলবন্ত, জ্ঞানের করিল অন্ত,
দন্তেতে লাগিল দন্ত, ভ্রান্ত হয়ে রয়।
চৈতন্য পাইয়া শেষে, চক্ষু-নীরে বক্ষ ভাসে,
দুঃখে পড়ি রুক্ষ ভাষে, রাণী প্রতি কয় ॥ ৫৯

এত মনে ছিল সাধ, সাধিলে একি বিসম্বাদ,
পুত্র-সঙ্গে শত্রুবাদ, এমনি পাষাণ হলি।
যায় প্রাণ, কি বল্‌লি বাণী,[৮] তোর তুণ্ডে কি কাল্‌বাণী,
দণ্ডিতে পতির প্রাণী, মুণ্ডে বাজ দিলি ॥ ৬০

বন্দী হ'য়ে তোর সত্যে, সকলি মোর হ'লো মিথ্যে,
ঘোর পাতকী তোর চিত্তে, এত বাদ কে জানে।
ক'রেছিলাম মন্দ কার, হলো জগৎ অন্ধকার,
অন্ধমুনির শাপ আমার, ফল্‌লো যে এত দিনে ॥ ৬১

আমি প্রাণপণে তোর যোগাই মন, করি বিশেষ আলাপন,
সব করেছি সমর্পণ, তার ধার খুব শুধ্‌লি।

পাঠান্তর: ১ শশব্যস্ত—খ। ২ ধন্না—খ। ৩ বিবাগী—গ, ঘ। ৪-৪ তোমার কেন কান্না—খ। ৫-৫ মরিব প্রাণে—খ। ৬ শুন কি—খ। ৭-৭ স্বরে মুখে—খ। ৮ রাণী—গ।

আমার রাম হবে রাজন, প্রেমে মত্ত জগজ্জন,
কিবা শত্রু প্রিয় জন, সকলের ইথে প্রয়োজন,
সকলে ক'রেছে আয়োজন, ক'রে কুবুদ্ধি সৃজন[১],
তুই দিয়া সব বিসর্জ্জন, আমায় কেন বধিলি ॥ ৬২

খাম্বাজ—যৎ

কি কথা শুনালি, রাণি! শুনে প্রাণে বাঁচিনে।
কালি হবে রাম রাজা আমার,
আজি দিলি তারে বনে।
বধিতে পতির প্রাণী, শুনালি কি কালবাণী,
হ'য়ে কাল-ভুজঙ্গিনী, দংশিলি এবে প্রাণে।
জীবনের জীবন হরি,—সেই হইলে বনচারী,
জীবনে ত্যজিব জীবন, কাজ কি এ পাপজীবনে ॥ (গ)

রামচন্দ্র বনগমন-সংবাদে কৌশল্যার বিলাপ

রাণী-বাক্যে দশরথ পড়িয়া বিপাকে।
জীবন সঙ্কল্প করি রামচন্দ্রে ডাকে ॥ ৬৩
না সরে বদনে বাণী নয়নের জলে।
রাণীর নির্ঘাত বাণী রঘুনাথে বলে ॥ ৬৪
শু'নে রাম তখনি করিলা অঙ্গীকার।
অযোধ্যানগর মধ্যে হইল হাহাকার ॥ ৬৫
কোথা রাম রাজা হবে, কোথা যায় বন।
হরিষ-বিষাদে মগ্ন হৈল ত্রিভুবন ॥ ৬৬
অন্তঃপুরে কৌশল্যা শুনিয়া এই ধ্বনি।
মহাবেগে আইল যেন মণিহারা ফণী ॥ ৬৭

সন্তানের তুল্য স্নেহ নাই,—যেমন—

পরমাণু-তুল্য সূক্ষ্ম, হিংস্রক-তুল্য মূর্খ, ভিক্ষা-তুল্য দুঃখ ॥
সাধন-তুল্য কর্ম্ম, দয়া তুল্য ধর্ম্ম, মানব-তুল্য জন্ম ॥
মাহেন্দ্র-তুল্য যোগ, স্বর্গ-তুল্য ভোগ, কুষ্ঠ-তুল্য রোগ ॥
পূর্ণিমা তুল্য রাতি, ব্রাহ্মণ-তুল্য জাতি,
গোলোক-তুল্য ধাম, রাম-তুল্য নাম ॥
বট-তুল্য ছায়া, কার্ত্তিক-তুল্য কায়া,
সন্তান-তুল্য মায়া ॥ (আ)

* * *

বিশেষ বৈকুণ্ঠপতি-পুত্র হ'য়ে হারা।
কাঁদে রাণী, দুই চক্ষে বহে শতধারা ॥ ৬৯
কে মোর মস্তকে আজি হানে বজ্রাঘাত।
কে মোর পাঠাবে বনে পুত্র রঘুনাথ ॥ ৭০

তোর রাজ্য-ধনে, কার্য্য কি রাম!
আয়রে ত্যজ্য করি।
তোরে লয়ে কক্ষে, করিব রে ভিক্ষে,
হয়ে দেশান্তরী ॥ ৭১

হ্যাঁ রে! কৈ সে রাজন, এত আয়োজন,
করলে তবে কেনে।
সে কি ধরবে হিয়ে, বিদায় দিয়ে,
আমার রামকে বনে ॥ ৭২

বাছা! কৈ সে ভূষণ, কৈ সে বসন,
সে বেশ কোথা লুকালি?
বাজে রুনুঝুনু স্বর, চরণে নূপুর,
[২]সে নূপুর কারে[২] দিলি ॥ ৭৩

ছিল শোভিত সুন্দর, বাহু-মূলে তোর,
বহু মূল্যের আভরণ।
ছিল মাণিক-অঙ্গুরী, অঙ্গুলে তোর, হরি!
হরি নিল কোন্ জন? ॥ ৭৪

কেন, স্বর্ণহার, ত্যজিয়ে শূন্য,
ক'রেছ গলদেশ।
কিসের জন্য, ছিন্নভিন্ন,
দেখি এ চাঁচর কেশ ॥ ৭৫

পাঠান্তর: ১ সর্জ্জন—গ। ২-২ কারে তাহা—গ।

কেন বাকল গাত্রে, সজল নেত্রে,
হেরি সজল-জলদরূপ !
ক'রে এত অযতন, ও নীলরতন !
কে তোরে হয়েছে বিরূপ ? ॥ ৭৬

চন্দনের অর্দ্ধচন্দ্র, কেন দেখিনে ললাটে।
কেন মলিন বদন, মরি রামধন ! মুখ দেখে বুক ফাটে ॥ ৭৭

ফিরে পর রে সে বেশ, নতুবা প্রবেশ,
করিব সরয়ূ-নীরে।
হ্যাঁরে ! সন্তানের, এমন বেশ,
কি মায় দেখিতে পারে ? ॥ ৭৮

সিন্ধু—খং

হ্যা রে ! কে তোরে সাজালে আহা মরি।
মরি রে গুমরি ! এ নবীন বয়সে,
রাম ! তোরে কর্‌লে জটাধারী রে ॥
সে আভরণ কৈ রে সকল, কক্ষে কেন বৃক্ষের বাকল,
চক্ষে হে'রে, মা হইয়ে কি প্রাণে সৈতে পারি রে। (ঘ)

কৌশল্যার নিকট শ্রীরামচন্দ্রের বিদায়-প্রার্থনা

রাম-শোকে কাঁদে রাণী দশরথ-জায়া।
মায়া বাক্যে[১] বিষ্ণুর জন্মিল বিষ্ণুমায়া ॥ ৭৯
কহেন করুণাময়, 'কেঁদো না মা' ! ব'লে।
কমল-নয়ন ভাসে নয়নের জলে ॥ ৮০

মা ! তোমার চরণ, করি গো ধারণ,
ক'রো না বারণ তুমি।
দেহ মা ! বিদায়, —পিতৃসত্য-দায়,
বনচারী হব আমি ॥ ৮১

যদি কর যাত্রা-বাদ, বড় অপরাধ,
অপবাদ বংশে রবে।
ভাল হবে না উত্র,[২] হাসিবে শত্রু,
কুপুত্র নাম রটিবে ॥ ৮২

যাতে থাকে মোর নাম, রাখ পতির মান,
করি মা ! প্রণাম তোরে।
আমায় কর মা ! আশীষ, বল 'রাম রে ! আসিস্‌,
শত্রুজয়ী হ'য়ে ঘরে ॥ ৮৩

পিতা ধর্ম্ম, পিতা স্বর্গ, সর্ব্বশাস্ত্রে শুনি।
অতএব পিতৃসত্য পালিব জননি ॥ ৮৪

* * *

যে বিদ্যায় ফল নাই, মিথ্যা বিদ্যা জানি।
যে ব্যবসায় লভ্য নাই, তাকে নাহি মানি।
যে পুষ্পে নাই দেবের অধিকার, মিথ্যা তাকে ধরা
যে ভূষণে শোভা নাই, মিথ্যা তাকে পরা ॥
যে কার্য্যে যশ নাই, মিথ্যা সেই কার্য্য।
যে রাজ্যে বিচার নাই, মিথ্যা সেই রাজ্য ॥
যে গৃহে অতিথি নাই, মিথ্যা সেই গৃহ।
যে দেহেতে ধর্ম্ম নাই, মিথ্যা সেই দেহ ॥
যে দ্রব্যে রস নাই, মিথ্যা—তাহার কি মান।
যে গীতে নাই হরির নাম, মিথ্যা সেই গান ॥
দৈবকার্য্যে লাগে না যে ধন সেই মিথ্যা মাত্র।
পিতৃকার্য্যে লাগে না যে জন, মিথ্যা সেই পুত্র। (ই)

* * *

শ্রীরামচন্দ্রের বনযাত্রার কথা শুনিয়া সীতার বিলাপ

রঘুনাথের বন-যাত্রা-বার্ত্তা পেয়ে সীতে।
বরষার বৃক্ষ যেন শুকায় অতি শীতে ॥ ৯১
ঘন ঘন কম্পে তনু, তাপেতে ত্রাসিতে।
জীবনে উদ্যত সরি[৩] জীবন নাশিতে। ৯২

পাঠান্তর : ১ মাতৃবাক্যে—খ। ২ অত্র—খ। ৩ সরি—গ, হন—খ।

শতবার পড়েন ভূমে আসিতে আসিতে।
না পান পথ, নয়নজলে, ভাসিতে ভাসিতে॥ ৯৩
বলে অকস্মাৎ কি বিষাদ, ঘটিল হরষিতে।
এখনই রাম রাজা হবে বল্‌লে গো দাসীতে॥ ৯৪
প্রেমে গদগদ চিত্ত হ'লো গত নিশিতে।
কে মোর সুখের তরু কাটিল রে অসিতে॥ ৯৫
চরণে ধরি, কহেন সতী, হ'য়ে মৃদু-ভাষিতে।
ও রামচন্দ্র! আমায় তুমি ভাল ভালবাসিতে॥ ৯৬
ভালবাসি ব'লে, কেবল বাক্যেতে তুষিতে।
[1]এখনি দাসীরে ফেলে বনে প্রবেশিতে[1] ॥ ৯৭
কেকৈ রাণীর প্রতি সতী রাগে হ'য়ে গরগর।
নিরখি রামরূপ, অনুতাপে তনু জরজর॥ ৯৮
বলিতে বলিতে সতী, কাঁপে অঙ্গ থরথর।
যোগীর বেশ দে'খে রামকে, ঝুরে আঁখি ঝরঝর॥৯৯

সোণার ভ্রমরী, বলে—মরি হে রাম! মরি মরি!
হরি! সে ভূষণ তোমার কে নিলে হে হরি! হরি॥ ১০০
তুমি পর্‌লে বৃক্ষ-বাকল, আমিও বাকল পরি, হরি[2]।
দে'খ রঘুনাথ, ক'রে অনাথ, আমায় যেয়ো না পরিহরি॥
তোমার সঙ্গী হ'তে, আমায় মানা করছে, জনে জনে।
ফিরিব না হে! কারু কথায়, ফিরিব তোমার সনে সনে॥
ও হে বাঞ্ছাকল্পতরু! বাঞ্ছা দাসীর মনে মনে।
হৃদয়ে ল'য়ে রাঙ্গাচরণ, সেবা করিব বনে বনে॥ ১০৩

ওহে রামচন্দ্র! তোমার চন্দ্রবদন দেখে দেখে।
মনের আগুন গুমরে গুমরে উঠিছে থেকে থেকে॥ ১০৪
চক্ষে দেখে চক্ষের জল, রাখব কত চক্ষে চক্ষে।
আমার প্রাণ ভোলে না, তোমার মায়া
প্রাণের মধ্যে রেখে রেখে॥ ১০৫

ছিলাম এদ্দিন, জনকের ঘরে, দুঃখে বদন ঢেকে ঢেকে।
কত দুঃখে তোমায় পেলাম, অন্তরেতে ডেকে ডেকে॥
আমার প্রতি, বিধির মন কি, সদাই উঠ্‌ছে রেখে রেখে।
বুঝিলাম, দুঃখিনী সীতের জন্ম যাবে দুঃখে দুঃখে॥ ১০৭

আমায় সঙ্গী ক'রে, চল রঘুনাথ!
লয়ে চরণের প্রান্তভাগে ভাগে।
যদি ত্যজ দাসীরে, রাজীবলোচন!
ত্যজিব জীবন তোমারি আগে আগে॥ ১০৮

সিন্ধু—খং

যেন ত্যজ না দাসীরে গুণমণি! প্রাণের রঘুমণি!
আমি সঙ্গে যাব তোমার, হইয়ে যোগিনী॥
(হে) চৌদ্দবৎসর অদর্শন, হব হে রাম নবঘন!
বল দেখি ততদিন, কি বাঁচে চাতকিনী॥ (৬)

* * *

লক্ষ্মণের বিলাপ

উন্মাদ-লক্ষণ হ'য়ে, লক্ষ্মণ সভায় আসিয়ে,
যোগি-বেশ দেখে প্রাণ হারায়।
ধূলাতে অঙ্গ আছাড়ে, আতঙ্কে নিঃশ্বাস ছাড়ে,
অপাঙ্গে তরঙ্গ ব'য়ে যায়॥ ১০৯
কাঁদে লক্ষ্মণ ধরাতলে, প'ড়ে রামের পদতলে,
করে বিনয় করুণা-বচনে।
থাকিতে তব নিজ-দাস, কি জন্য হৈয়ে উদাস,
ত্যজে বাস করিবে বাস বনে॥ ১১০
করি মিনতি, করুণানিধি! এ দাসে দেও প্রতিনিধি,
পিতৃসত্য আমা হতেই হবে।
তুমি যদি যাও হে বন, ভুবনে হইবে বন,
ত্রিভুবন দুঃখেতে মগ্ন হবে॥ ১১১
ভাইকে ভালবাসি ভাল, আমিকে নয়—কথায় বল,
কেমন কপট তব হিয়ে!
কর হে! কথায় মনোযোগ, অনুজ হয়ে করি অনুযোগ,
অনুতাপ অন্তরেতে পেয়ে॥ ১১২
নিতান্ত ঐ পদ-প্রান্তে অনুগত আমি।
তোমার অন্তরের অন্ত কিছু পাইনে অন্তর্যামী॥ ১১৩

পাঠান্তর: ১-১ ভালবাসিলে দাসীরে ফেলে বনে না প্রবেশিতে—খ। ২ পরি—খ।

ভালোবাসা কি প্রকার ?—

আশার অধিক দেয় যদি, তাকেই বলি দান।
পণ্ডিতে যারে মান্য করে, তাকেই বলি মান ॥
দরিদ্র দুর্ব্বলে দয়া, তাকেই বলি পুণ্য।
স্বনামে বিক্রীত হয়, তাকেই বলি ধন্য ॥
দেবতায় করে বশীভূত, তাকেই বলি সাধ্য।
ভোজনে অমৃত-গুণ, তাকেই বলি খাদ্য ॥
ব্যাধির রাখে না শেষ, তাকেই বলি ঔষধি।
সর্ব্বত্র সম্মত হয়, তাকেই বলি বিধি ॥
ঋণ-প্রবাস-রোগ-বর্জ্জিত, তাকেই বলি সুখী।
নিত্য-ভিক্ষে, প্রাণ-রক্ষে, তাকেই বলি দুঃখী ॥
বাহুবলে করে যুদ্ধ, তাকেই বলি বীর।
আখের ভেবে কর্ম্ম করে, তাকেই বলি ধীর ॥
ইসারায় করে কার্য্য, তাকেই বলি বশ।
মফস্বলে ব্যাখ্যা করে, তাকেই বলি যশ ॥
দশের কাছে দূষ্য হয় না, তাকেই বলি ভাষা।
অন্তরেতে ভালবাসে, সেই তো ভালবাসা ॥ (ঈ)

*   *   *

অহং-সিন্ধু—যৎ

সঙ্গী কর, রঘুবর! ত্যজ না,—রাম! নিজ দাসে।
এই যে বল ভালবাসি, একাকী যাও বনবাসে ॥
পীতবসন পরিহরি, বাকল পরিলে হরি!
মরি মরি! কাজ কি আমার,
এ ছার অভরণ-বাসে।
রবির কিরণে মুখ, ঘামিলে পাইবে দুঃখ,
ছত্রধারী হবে কে এসে,
ক্ষুধাতে হ'লে আকুল, কে যোগাবে ফলমূল
এ দাসে হও অনুকূল, রবে হে হরি! হরিষে ॥ (চ)

*   *   *

জানকী ও লক্ষ্মণের সহিত শ্রীরামচন্দ্রের বনগমন

প্রবোধিয়া মায়, পিতৃসত্য-দায়,
বিদায় ল'য়ে ভবনে।
দ্রুত যান বন, জানকী-জীবন,
জানকী লক্ষ্মণ সনে ॥ ১২২

ত্যজে মায়ের কোল, ত্যজিয়ে সকল,
বৃক্ষের বাকল বাস।
রাজ্য তেয়াগিয়ে প্রথমতঃ গিয়ে,
বাল্মীকি-আলয়ে বাস ॥ ১২৩

অহোরাত্রি হরি, তথায় বিহরি
শ্রীহরি করেন প্রাতে।
অযোধ্যানিবাসী, হইয়ে উদাসী,
সবে যায় সাথে সাথে ॥ ১২৪

——

গুহকচণ্ডালের সহিত শ্রীরামচন্দ্রের মিতালি

পরে যান গুণধাম গুহকচণ্ডাল-ধাম,
সহিত লক্ষ্মণ সীতে।
ধরি তার হাত, বৈকুণ্ঠের নাথ,
কহিছেন,—তুমি মিতে ॥ ১২৫
ধন্য রে চণ্ডাল! মরি কি কপাল,
মহাকাল যাঁয় ভজে।
সদয় তার পক্ষে, ওরে হ্যারে বাক্যে,
ত্রৈলোক্যের নাথ মজে ॥ ১২৬
কহিছে ত্রিলোক, ধন্য রে গুহক!
পেলি অভয়-পদচ্ছায়া।
কহিতেছে অন্য, গুহক নহে ধন্য,—
ধন্য শ্রীরামের দয়া ॥ ১২৭

শ্রীরামের দয়াকে ধন্য বলি—

বাসুকির ধৈর্য্যকে ধন্য, ধরে পৃথিবী মাথায়।
ধন্বন্তরির চিকিৎসাকে ধন্য, ম'রে জীবন পায়।

অগ্নির তেজকে ধন্য, পাষাণ ভস্মরাশি।
মদনের বাণকে ধন্য, শিব যাতে উদাসী॥
কর্ণের দানকে ধন্য, পুত্রের মাথা চেরে।
পরশুরামের প্রতিজ্ঞা ধন্য, ক্ষত্রি-বিনাশ করে!
ব্রাহ্মণের বাক্য ধন্য, ভগীরথের হয় অস্থি।
'ইন্দ্রায় স্বাহা' বল্‌লে, ইন্দ্রের দফা নাস্তি॥
ভগীরথের তপস্যা ধন্য, আন্‌লে ভাগীরথী।
ভৃগুমুনির সাহসকে ধন্য, বিষ্ণুকে মারে লাথি॥
ইন্দ্রদ্যুম্নের কীর্ত্তিকে ধন্য, জগন্নাথ দিয়ে।
ছত্রিশ বর্ণ খায় অন্ন, একত্রে বসিয়ে॥
সাবিত্রীর ব্রতকে ধন্য, বাঁচে মৃতপতি যাতে।
রঘুনাথের দয়া ধন্য, চণ্ডালকে বলে মিতে॥ (উ)

* * *

কেহ বলে রঘুনাথের দয়া ধন্য নয়।
স্বকর্ম্মেতে ফল প্রাপ্ত, সর্ব্বশাস্ত্রে কয়॥ ১৩৫
কোটি কোটি জন্মার্জ্জিত পুঞ্জ পুঞ্জ পুণ্য।
ছিল গুহকের, তাইতে রাম করিলেন ধন্য॥ ১৩৬
কেহ বলে, এত অপরিমাণ যদি ধর্ম।
আপনি গিয়ে দেখা যারে দেন পূর্ণব্রহ্ম।
তার কেন হয় তবে, চণ্ডাল-কুলে জন্ম॥ ১৩৭
অতএব অপর ধন্য, বলা কেবল বৃথা।
রঘুনাথের মায়াকে[১] ধন্য, মান্য এই কথা॥ ১৩৮
গুহক-চণ্ডালধাম এক রজনী বিশ্রাম,
পূর্ণ করি মনস্কাম, পূর্ণব্রহ্ম উঠিয়া বিহানে।
বলেন মিতা! শুন ভাই, বিলম্বে আর কার্য্য নাই,
পিতৃপণে বনে যাই, ফিরে দেখা করিব তোমার সনে॥ ১৩৯
গুহক বলে হাঁ৷ রে মিতে!
তোর কি দয়া নাই রে চিতে?
কালি এসে চাইস্ আজি রে যেতে,
পিরীতের এমন রীত নয় রে ভাই!
তোর পে'য়েছি দেখা অসম্ভব,
আর কি তোর দেখা পাব,
জন্মের মত খেদ মিটাব,
উড়ে যায় প্রাণ,
তোর শু'নে যাই-যাই॥ ১৪০
অমন কথা মুখে করিস্‌নে,
এখন মাসেক ছমাস যেতে পাবিনে,
আমার ঘরে কি খেতে পাবিনে,
হাঁ৷ রে মিতে! তাই ভেবেছিস্ মনে।
নিত্য বনে মৃগ বধিব, প্রাণপণে তোর সেবা করিব,
গেলে কিন্তু প্রাণে মরিব,
তোর সনে দেখা হ'লো কি ক্ষণে॥ ১৪১
দয়া ক'রে কন রঘুবর, কর কি মিতে! সমাদর,
এতো মিতে! আমার ঘর,
আসিব যাব কতবার ভবনে[২]।
মিষ্টবাক্য দানে হরি, গুহকেরে তুষ্ট করি,
সেই স্থান পরিহরি, প্রস্থান করেন অন্য স্থানে[৩]॥ ১৪২
গুহক বলে হায় হায়, মিতে আমার যায় রে যায়,
একদৃষ্টে অমনি চায়, কমল-চরণ-পানে।
রঘুনাথের কৃপায়, রঘুনাথের বাঞ্ছা পায়,
গুহক দেখিতে পায়, নানা চিহ্ন আছে নানা স্থানে॥ ১৪৩
ভেবে যোগিগণ জীর্ণ, চারি ফল যাতে উত্তীর্ণ,
ধ্বজবজ্রাঙ্কুশ চিহ্ন, গোষ্পদত্রিকোণে[৪] আছে পাশে।
চাঁপা চক্র মৎস্যপুচ্ছ, যে পদ ভেবে পদ উচ্চ,
ব্রহ্মপদ হয় তুচ্ছ, গুহক দেখিল অনায়াসে॥ ১৪৪
গুহক বলে, হে রে ভাই! যে চরণ তোর দেখিতে পাই,
মনে মনে ভাব ছি তাই, কেমনে ভ্রমণ করিবি বনে।
কাঁদিবি রে ভাই! ঘোর বিপদে,
কুশাঙ্কুর ফুটিলে পদে, পাবি দুঃখ পদে পদে,
কি হবে ভাই! সয় না আমার প্রাণে॥ ১৪৫
দুগ্ধফেন-শয্যামাঝে, কিংবা রাখি হৃৎসরোজে,
তথাপি তোর পদে বাজে,

পাঠান্তর: ১ দয়াকে—খ ২ দেখা হবে—খ। ৩ স্থানে তবে—খ। ৪ ত্রিপদ—খ।

কমল-পদ এম্‌নি তোর রে মিতে!
এ চরণ দে'খে নয়নে, দয়া কি হ'লো না মনে,
কোন্ প্রাণে পাঠালে বনে,
কেমন পাষাণ তোর পিতে। ১৬৬

খাম্বাজ—খং

ভাই! যাস্‌নে রে রামা মিতে! তুই ভ্রমিতে কাননে!
বড় হবি কাতর,—বাজিবে রে তোর রাঙ্গা চরণে।
আমার যে চণ্ডাল-কায়া, জগতে নাই কারু মায়া!
তোরে দেখে কি হ'লো আমার,
প্রাণ কাঁদে কেনে। (ছ)

*　*　*

ত্যজিয়া গুহক-পুরী, প্রভু ভগবান।
ভরদ্বাজ মুনির আশ্রমে পরে যান। ১৪৭
ভরদ্বাজ করিলেক বিধিমতে স্তুতি।
এক রাত্রি করিলেন, তথায় বসতি। ১৪৮
যান মধ্যে সীতা, দুই পাশে শ্রীরাম লক্ষ্মণ।
গায়ত্রীর আদ্য—অন্তে প্রণব যেমন। ১৪৯
এই মতে ত্যজিলেন নানা মুনির স্থান।
চিত্রকূট পর্ব্বতে রহিলা ভগবান। ১৫০

*　*　*

অযোধ্যায় ভরতের আগমন ও রাম-অন্বেষণে বনগমন

হেথায় বিপত্তি ঘোর অযোধ্যানগরে।
রাম-শোকানলে রাজা দশরথ মরে। ১৫১
ভরত ছিলেন নিজ মাতুল-ভবনে।
দূতে গিয়া সংবাদ জানায় ততক্ষণে। ১৫২
দূতমুখে ভরত শুনিয়া সমাচার।
অযোধ্যানগর আইল, করি হাহাকার। ১৫৩
কোথা রাম বলিয়া, ভাসিল চক্ষুনীরে।
বজ্রাঘাত হইল যেন ভরতের শিরে। ১৫৪
জননীরে অনেক করিল অনুযোগ।
আমারে বিদায় দিয়ে কর রাজ্যভোগ। ১৫৫
অশেষ ভৎর্সনা করি, জননীর প্রতি।
কৌশল্যারাণীর কাছে করে নানা স্তুতি। ১৫৬
শুন গো জননি! পাছে কর অভিরোষ।
কোন অংশে, মা! আমার নাহি কোন দোষ। ১৫৭
পাপিনী জননী মোর, ক'রে কুমন্ত্রণা।
পিতারে করিলে নষ্ট, তোমারে যন্ত্রণা। ১৫৮
ভয়েতে ভরত নানামত দিব্য করে।
রব না জননি! আমি এ পাপ-নগরে। ১৫৯
ভরত বিদায় ল'য়ে, কৌশল্যার স্থানে।
পুরোহিত বশিষ্ঠে ডাকিয়ে বিদ্যমানে। ১৬০
পিতৃস্বর্গে দানাদি করিল সেই দিনে।
পিণ্ডদান অপেক্ষা থাকিল রাম বিনে। ১৬১
সৈন্যসহ ভরত উন্মাদপ্রায় মন।
রাম-অন্বেষণে দ্রুত কাননে গমন। ১৬২
নন্দীগ্রাম রহিল না, গেল নিজধাম।
হেথায় চিত্রকূট পর্ব্বতে, ভাবেন প্রভু রাম। ১৬৩
আইসে যায় সর্ব্বদা অযোধ্যাবাসিগণে।
যথারণ্য তথা গৃহ জ্ঞান হয় মনে। ১৬৪

*　*　*

পঞ্চবটীর বনে শ্রীরামচন্দ্র

তিন জন সঙ্গোপনে প্রত্যুষেতে উঠি।
চিত্রকূট ত্যজিয়া গেলেন পঞ্চবটী। ১৬৫
দৈবে তথা রাবণের ভগ্নী শূর্পণখা।
শ্রীরাম সঙ্গেতে পঞ্চবটী-মধ্যে দেখা। ১৬৬
নবদূর্ব্বাদলশ্যাম রামরূপ দেখি।
মনোহর রূপেতে মন হরে শূর্পণখী। ১৬৭
মন বুঝে বৈকুণ্ঠপতি কহিলেন তায়।
'ভজ গে' ব'লে, লক্ষ্মণে দেখান ইসারায়। ১৬৮
শুনে নয়ন ঠেরে, ঘোমটা ক'রে,
প্রেমটা করিবার তরে।

যায় হেলিয়ে দুলিয়ে, গলিয়ে অঙ্গ,
সোহাগের ধনী পরে। ১৬৯
আদরে মরেন, ইন্দ্রকে দেখে, ঠমকে কথা কন না।
রাবণ দাদার, গরবে সদা, চক্ষে দেখ্‌তে পান না। ১৭০
উচ্চ পয়োধর, হাস্য-অধর, প্রেম-ভরে তনু টলে।
মনোমোহিনী, গজগামিনী, গজমতি-হার গলে। ১৭১
ঠাট-ঠমকে, মন্ চমকে, করিবে নব প্রণয়।
ঘুনিয়ে এসে, রসাভাবে, শুনিয়ে কথা কয়। ১৭২
বিলম্ব সয় না, বিলাতে রতি, অতিশয় জ্বালা মনে।
বলে, বাঁচা রে বাঁচা, ত্যজ না বাছা!
এসেচি যাচা কন্যে। ১৭৩

খাম্বাজ—আড়খেম্‌টা

কে বনে গৌরবরণ! নিলাম শরণ হও হে স্বামী!
কামিনীর মনোচোরা ধন,
এখন যোগীর যোগ্য নও হে তুমি।
মনের মতন, পেলাম রতন, ত্রিভুবন ভ্রমি,—
হও আমার প্রেমের গুরু কল্পতরু,
তোমায় দিব হে যৌবন প্রণামী।
সামান্য রমণী নই হে, হও প্রেমের প্রেমী,—
শুনেছ শমন-দমন, সেই রাবণ, রাজার ভগ্নী আমি। (ঙ)

রস-ভাবে রাক্ষসী. লক্ষ্মণ কহেন রুষি.
কালামুখি! তুই কার রূপসী, এমনি কি অসতী।
ত্যজ্য করে ঘরকন্না, কার কাছে তুই দিলি ধন্না,
কাঁদতে এলি প্রেমের কান্না, কে হবে তোর পতি। ১৭৪
চাই নে নারীর বদন-পানে, দৃষ্টি রামের চরণ-পানে,
রাম-নামামৃত-পানে, হরণ করি কাল।
ফের্ হবে তোর ভাগ্যে জানি, ফের যদি কহ ওসব বাণী
এক বাণে বধিব প্রাণী, করিস্ নে জঞ্জাল। ১৭৫

কথা শুনে শূর্পণখী, রাগে ছলছল আঁখি,
বলে, মরি ছি ছি হলো কি! আই আই আই!
ছাই দিলে মোর মানের আদরে,
ডুবাবে ছোঁড়া ভরা ভাদরে;
লজ্জায় মরি মাটী বিদরে, তাহাতে মিশাই। ১৭৬

* * *

মূর্খের সহিত শাস্ত্র-আলাপ, দুঃখের প্রধান গণি।
দুঃখীর সঙ্গে আমোদ করা, তার বাড়া দুঃখ জানি।
তার বাড়া দুঃখ, কানার সঙ্গে চলা।
তার অধিক দুঃখ, রাগী লোক সঙ্গে খেলা।
তার বাড়া দুঃখ, অবুঝের সঙ্গে কথা বলা।
তাহার অধিক দুঃখ, কালার সঙ্গে সলা।
তার বাড়া দুঃখ, না-বুঝ[১] সঙ্গে ব্যবসা যদি ঘটে।
তার বাড়া দুঃখ, ফ'তো বাবুর সঙ্গে এয়ারকী বটে।
তার বাড়া দুঃখ, বালকের সঙ্গে কাজিয়ে।
তার বাড়া দুঃখ, তাল-কাণার সঙ্গে বাজিয়ে।
দুঃখ আছে নানামত, কিন্তু নহে দুঃখ এত।
অরসিকের সঙ্গে প্রেম-আলাপে দুঃখ যত। (উ)

* * *

শূর্পণখা রাগে বলে, বরমালা তোর দিব যে গলে,
পোড়াকপা'লে! তোর কপালে, হবে কেন তা বল্ রে।
তুই যে হবি আমার পতি, হবি রাবণের ভগ্নীপতি,
মানবে তোরে সুরপতি, অনেক তপস্যার ফল রে। ১৮৩
দিবানিশি রঙ্গে রবি, আতর গোলাপ অঙ্গে দিবি,
সোণার পালঙ্কে শুবি, তাতে কি তোর ফল রে!
ফলবে কেন সুখের ফল, বিধি দিয়েছেন প্রতিফল,
বনে তুলে খাবি ফল, কর্ম্ম-ফলাফল রে। ১৮৪
কথায় কি এত অপ্রতুল, কি কথায় তুই কর্‌লি ভুল,
মর ছোঁড়া! শিমূলের ফুল, যাবি রসাতল রে।

পাঠান্তর: ১ অবুঝ—খ।

জন্মেছিস্ কার কুবংশ, পেটে নাই তোর বিদ্যার অংশ,
ক-অক্ষর গো-মাংস, ঠিক মাখালের ফল রে। ১৮৫

নহিস শতাংশের মোর এক অংশ,
তোর কাছে মোর মানের ধ্বংস,
দশার বাপ নির্ব্বংশ! কি পোড়া কপাল রে!
নিতান্ত কি তোর কপাল ফাটা,
তোমকে শুলে বাজ্‌বে কাঁটা,
মজুরের কপাল খেজুরের চাটা, শয়ন চিরকাল রে। ১৮৬

পরনেতে বাকল আঁটা, তৈল বিহনে মাথায় জটা,
তার যে এত গরবের ঘটা, এ ত মজা ভাল রে।
গায়ে যদি তেল মাখ্‌তো, পরনে যদি বস্ত্র থাক্‌তো,
তবে কি দেশের লোক রাখ্‌তো, ঘটাতো জঞ্জাল রে। ১৮৭

যদি গিয়ে দাদাকে বলি, চণ্ডীতলায় দেবে বলি,
জন্মের মতন তবে গেলি, সে বড় বিশাল রে।
শুনিস্ নাই মোর দাদার বল, ইন্দ্র চন্দ্র হুকুম-তল,
বরুণ গিয়ে যোগায় জল, ঘাস কাটে তার যম রে। ১৮৮

শুনি লক্ষ্মণ ক্রোধে বলে, প্রলাপ দেখিছিস্ মরণকালে,
কাল-ঘরে যাবি সকালে, কাল-বিলম্ব হবে না।
আমি ব্রহ্মাকে নাহি ডরাই, আমার কাছে দর্প নাই,
আমি দর্পহারীর ভাই, কর্‌লে দর্প রবে না। ১৮৯

স্বর্গে যম পুরন্দরে, তোর দাদার দাসত্ব করে,
শুনেছি ব্রহ্মার বরে, দিগ্বিজয়ী হ'লো রণে।
হ'লো এক ব্রহ্মায় এত মানী, আশ্রিত 'সদা ত' জানি,
কোটি ব্রহ্মা শূলপাণি, আমার দাদার চরণে। ১৯০

বলিয়ে এতেক ভাষা, খড়্গ দিয়ে কাটেন নাসা,
জন্মের মত প্রেমের আশা, শূর্পণখার উঠিলো।
কেঁদে বলে শূর্পণখা, কি কর্‌লি শুরে লখা!
এত কি কপালের লেখা, হায় বিধি কি ঘটিলো। ১৯১

অন্নে যদি কাণ কাটতো, তবু বিধাতা মান রাখ্‌তো,
কেবা দেখ্‌তো চুলে ঢাকিতো, কাটিলি কেন নাক রে।
মুখে রক্ত মাখিয়ে চলে লক্ষ্মণকে শাসিয়ে,
'দেখ্, কি করি তোর কপালে,'
পোড়াকপালে! থাক্ রে। ১৯২

* * *

খর-দূষণ ও রাবণের নিকট শূর্পণখার পঞ্চবটীর বৃত্তান্ত-কথন

মরমে তনু জরজর, নয়নে বারি ঝরঝর,
রাগেতে হয়ে খরতর, কহে গে খর-দূষণে!
তদন্ত জানাবার তরে, কহিতে গেল তদন্তরে,
রাবণ-অগ্রে রোদন ক'রে, বদন ঢেকে বসনে। ১৯৩
শুন গো দাদা দশানন! আমার দুঃখ-বিবরণ,
ভ্রমণ করিতে বন, পঞ্চবটী-মাঝে।
রাম নামেতে জটাধারী, তার যে সুন্দরী নারী,
দাসী নয় তার মন্দোদরী, তোমায় বড় সাজে। ১৯৪
মনে করিলাম তারে, হ'রে লইয়ে আসিবারে,
বিপত্তি বন-মাঝারে, ঘটিল আমার তায়।
অভিমানে অঙ্গ জলে, মান যে গেল রসাতলে,
ঝাঁপ দিব সাগরের জলে, মনের ঘৃণায়। ১৯৫

* * *

এত দিনে, দাদা! তোমার সর্ব্বনাশ কর্‌লে!
ভেকেতে ধরিল সর্প, ইন্দুরে বিড়াল ধর্‌লে॥
ঐরাবত পদ্ম-কাননেতে বন্দী হ'লো।
হস্তের বাতাসে মহাবৃক্ষ উপাড়িল।
চড়াইয়ের ভরেতে ভাঙ্গিল বৃক্ষডাল।
সিংহের বনেতে রাজা হইল শৃগাল।
পর্ব্বতটা নিয়া যায়, পিপীলিকার পালে।
কুম্ভীর পড়িল ক্ষুদ্র-মৎস্যধরা জালে। (খ)

* * *

পাঠান্তর: ১-১ সদত—ক, খ

বাহার—আড়খেমটা

পঞ্চবটী এসে, দাদা গো!
আমার নাক কাটে এক সর্ব্বনেশে।
বরং স্বচক্ষে এই দেখ, দাদা! রুধিরে যায় অঙ্গ ভেসে।
এত দিনে নাম ঘুচালে তুচ্ছ মানুষে,—
তুমি সিংহ হ'য়ে শৃগাল হ'লে,
এই ছিল কি ভাগ্যে শেষে। (ঝ)

পঞ্চবটী বনে মারীচের স্বর্ণমৃগী-রূপ ধারণ

ভগ্নী-বাক্যে রাবণ জলদগ্নি সম জলে।
রাগে হস্ত কামড়ায়, হায় হায় বলে। ২০০
বিহিত করিব কিসে, করে বিবেচনা।
রাগিয়ে জাগিয়ে করে যামিনী যাপনা। ২০১
চলিল রাবণ পরে, প্রত্যুষেতে উঠে।
সমুদ্র-দক্ষিণকূলে মারীচ-নিকটে। ২০২
মারীচ তপস্যা করে, করি যোগাসন।
সবিশেষ তাহারে জানায় দশানন। ২০৩
কহিছে রাবণ,—সঙ্গে আইস ত্বরিতে।
আনিব লঙ্কায় ভণ্ড-তপস্বীর সীতে। ২০৪
মারীচ কহিছে,—অবধান লঙ্কেশ্বর!
সে রাম মনুষ্য[1] নয়, ব্রহ্ম পরাৎপর। ২০৫
মুনি-যজ্ঞ-নষ্টে গিয়াছিলাম বাল্যকালে।
এক বাণে তার পড়েছিলাম সমুদ্রের জলে। ২০৬
সেই হ'তে জেনেছি তারে, তারকব্রহ্ম রাম।
অদ্যাপি জাগয়ে মনে দূর্ব্বাদলশ্যাম। ২০৭
না চিনে সেই চিন্তামণি, বিনাশ-কারণে।
আতঙ্কে পতঙ্গ পড়ে, জলন্ত আগুনে। ২০৮
শুনিয়া কুপিয়া উঠে রাবণ দোর্দ্দণ্ড।
ভণ্ড রাম ব্রহ্ম তোর, হ'লো রে পাষণ্ড। ২০৯
খড়্গ ল'য়ে যায় প্রাণ দণ্ডিতে রাবণ।
ত্রাসিত তাড়না দেখে তাড়কা-নন্দন। ২১০
উভয়-সঙ্কটে মারীচ হৈল উচাটন।
গেলে রামচন্দ্র বধে, না গেলে রাবণ। ২১১
অতএব মরি কেন রাবণ-নিকটে।
যা করেন জগবন্ধু যাওয়া যুক্তি বটে। ২১২
হরিতে জানকী, মারীচ হইল উদযোগী।
যুক্তি ক'রে অরণ্যে হইল স্বর্ণমৃগী। ২১৩
যথায় লক্ষ্মণ লক্ষ্মী রাম জটাধারী।
আইল মারীচ স্বর্ণমৃগী-রূপ ধরি। ২১৪
মায়াতে ভুলিলা সীতা, মৃগী দেখে চক্ষে।
করিলেন রঘুনাথে স্বর্ণমৃগী ভিক্ষে। ২১৫
শু'নে ভগবান, বাণ ধনুকে যুড়িলে।
মায়াবী মারীচ রঙ্গে ভঙ্গে বনে চলে। ২১৬
পিছে পিছে ধাইলেন কমললোচন।
গিয়ে বনান্তরে করেন বাণ বরিষণ। ২১৭
মারীচ সঙ্কট গণে, দেখে প্রাণে মরি।
যা হ'ক্ রাবণের কার্য্য মৃত্যুকালে করি। ২১৮
লক্ষ্মণেরে ডাকি, ল'য়ে শ্রীরামের স্বর।
আসিবে লক্ষ্মণ—শূন্য হবে তবে ঘর। ২১৯
শ্রীরামের বাণেতে বিন্ধিল কলেবর।
মায়া করি কাঁদিছে মারীচ নিশাচর। ২২০
কোথা রে গুণের ভাই! লক্ষ্মণ ধানুকি!
মৃত্যুকালে দেখা দাও, হে প্রিয়ে জানকি! ২২১

—

জয়জয়ন্তী—খং

আয় রে লক্ষ্মণ! যায় রে জীবন, বনে অন্য সখা নাই।
বধ করে নিশাচরে, প্রাণ বাঁচারে প্রাণের ভাই!
যদি আমায় রক্ষা কর, ত্বরায় নে আয় ধনুঃশর (রে),
আমি সকাতরে ডাকি তোরে, তুই এলে নিস্তার পাই।
সাপক্ষ কেউ নাই রে সাথে, পড়েছি বিপক্ষ-হাতে,
বিপাকে আজি বুঝি লক্ষ্মণ! জীবন হারাই।

[1] পাঠান্তর: ১ সামান্য—খ।

আমি যদি মরি প্রাণে,—
তায় ভাবি নে ভাবি নে, (রে),
ম'লে জন্মদুঃখিনী সীতার,
কি হবে ভাই ! ভাবি তাই ॥ (ঞ)

মারীচের রোদন, বনে শ্রবণে শুনে সীতে ।
কাঁপে গাত্র, যুগল নেত্র, লাগিল ভাসিতে ॥ ২২২
মনে মনে প্রমাদ গণি, চন্দ্রাননী মণিহারা ফণী ।
হন জ্ঞানশূন্যা, অচৈতন্যা চৈতন্যরূপিণী ॥ ২২৩

শিরে করি করাঘাত বলেন রঘুনাথ !
বুঝি হে ভাঙ্গে কপাল ।
ঘটালে কুদিন, সোণার হরিণ,
হ'লো বুঝি মোর কাল ॥ ২২৪
বিধি কি কুবুদ্ধি আমার হৃদি-মাঝে দিলে ।
আমি সাধ ক'রে, মোর সাধের নিধি,
সাগরে দিলাম ফেলে ॥ ২২৫
আমি চাই সুখ, বিধি যে বৈমুখ !
সুখোদয় হবে কেনে ।
নৈলে রাজার নন্দিনী, হব রাজরাণী
কোথা রাণী দিলে বনে ॥ ২২৬

সতী[১] হয়ে অধীরা, নাহি ধৈর্য্য ধরে মন ।
উন্মাদ-লক্ষণে, লক্ষ্মী লক্ষ্মণেরে কন ॥ ২২৭

বলে কি কর, দেবর ! কাঁদে রঘুবর—কাননে ।
শুন না কাণে, লয়ে তব নাম, ডাকিছেন রাম,
সঙ্কট ঘটেছে বনে ॥ ২২৮

অহং-সিন্ধু[২]—যৎ

লক্ষ্মণ ! যাও রে বিপদে পড়েছেন—
আমার গুণনিধি রাম ।
কর আর বিলম্ব কেন, ধর ধর ধনুর্ব্বাণ, (রে)
গিয়ে রাখ রে রঘুনাথের জীবন,
রাখ রে সীতার মান ।
ঐ যে তোরে ঘন ঘন,
ডাকিছে রাম নবঘন,
আজি আমায় হয়েছে বিধি বাম রে,—
ভাঙ্গিল কপাল এ অভাগী,
কেন চাইলাম স্বর্ণমৃগী, (রে,),
ওরে বিপাকে আজি বুঝি লক্ষ্মণ !
রামকে হারালাম ॥ (ট)

জানকীর বাক্যে লক্ষ্মণের রাম-অন্বেষণে গমন

লক্ষ্মণ কহেন কথা, রক্ষ মা জনকসুতা !
কি নিমিত্ত চিন্তা গো অনিত্য ।
(তোমার) রাম জগতের মূলাধার, বিপত্তির কর্ণধার,
কর্ণেতে না শুনি তার বিপত্ত ॥ ২২৯
কাঁদ কেন কি লাগিয়ে, কাঞ্চন-হরিণী লয়ে,
রাম তব আসিবেন তিলার্দ্ধে ।
আমায় আজ্ঞা দিলেন হরি, থাকিতে তব প্রহরী,
কিরূপে যাইব বনমধ্যে ॥ ২৩০
কে কাঁদিতে কি শুনিলে, বুঝিতে না পারি লীলে,
ক্ষম কেন ঘটাও বিবন্ধ ।
যদি তব বাক্য শুনি, তোমায় রেখে একাকিনী,
গেলে বিপদ হইবে[৩] নিঃসন্ধ ॥ ২৩১
শুনে সতী উন্মামতি কহেন লক্ষ্মণ-প্রতি
কার্য্যকালে বুঝা যায় মন ।
অন্তরে এত খলতা, মুখে তোর অতি শীলতা,
অতিভক্তি চোরের লক্ষণ ॥ ২৩২
দুঃখিনীর কপাল মন্দ, হারাই বুঝি রামচন্দ্র,
কে যাবে[৪] !—প্রাণ যায় রে বিদরিয়ে ।
পতিত রাম শত্রু-সনে শত্রুতা করিয়া মনে,
তত্ত্ব না করিলি ভাই হয়ে ॥ ২৩৩

পাঠান্তর : ১ সীতা—ক, অতি—খ । ২ বিভাস—ক । ৩ ঘটিবে—খ । ৪ কি হবে—খ ।

বুঝিলাম পেয়ে শক্র,[১] জ্ঞাতি যে পরম শক্র,
মায়া-বাক্যে পূর্ব্বে কত বল্‌লি !
এত বাদ ছিল মনে, সঙ্গে সঙ্গে এসে বনে,
সঙ্গোপনে সর্ব্বনাশ কর্‌লি ॥ ২৩৪

শ্রীরামে ক'রে নিধন, ল'য়ে[২] তার রাজ্যধন,
হবে রাজা, ওরে পাপগ্রস্ত !
কন জানকী এইমত, অকথ্য বচন কত,
শুনে লক্ষ্মণ কর্ণে দেন হস্ত ॥ ২৩৫

দুই চক্ষে বহে ধারা, অনুতাপে অঙ্গ জরা,
বাক্য নাহি সরে বাক্য-শরে।
কন লক্ষ্মণ হয়ে দুঃখী, সন্তানে কি বল, লক্ষ্মী !
বলিয়ে কাঁদেন উচ্চৈঃস্বরে ॥ ২৩৬

যা করেন ভগবান, ব'লে লয় ধনুর্ব্বাণ,
যাত্রা করিছেন বনে দ্রুত।
ধনুকের রেখা দিয়ে, সীতারে কন নিষেধিয়ে,
হবে না এই রেখা-বহির্ভূত ॥ ২৩৭

এইরূপে লক্ষ্মণ যান, যথা বনে ভগবান,
হেথায় শুনহ বিবরণ।
লক্ষ্মণে পাঠায়ে বনে, একাকিনী সঙ্গোপনে,
বিলাপয়ে জানকী রোদন ॥ ২৩৮

এমন কপাল কার, জনক জনক যার,
শ্বশুর অসুর-সুরমান্য।
পতি যার ত্রৈলোক্য-পতি, অযোধ্যায় নরপতি,
তার পত্নীর বসতি অরণ্য ॥ ২৩৯

এই রূপে রামপ্রিয়ে, রামপদে মন সমর্পিয়ে
বিলাপিয়ে করেন রোদন।
কাঁদেন রাম-নাম স্মরি, বনমধ্যে একেশ্বরী,
রাবণ পাইল শুভক্ষণ ॥ ২৪০

* * *

যোগিবেশে রাবণের পঞ্চবটী বনে আগমন ও সীতাহরণ

হরণে হ'য়ে উদ্‌যোগী, হইল কপট যোগী,
ব্যাঘ্রচর্ম্ম-পরিধান কায়।
রুদ্রাক্ষের মালা গলে, ভস্ম-ত্রিপুণ্ড্র কপালে,
ভস্মাভরণ সর্ব্বগায় ॥ ২৪১

যোগিবেশে লঙ্কাপতি, বোম্ বোম্ বাক্যেতে গতি,
কক্ষে ঝুলী—ভিক্ষা উপলক্ষি।
উপনীত হইল যথা, জনক-নন্দিনী সীতা,
কনক-বরণী স্বয়ং লক্ষ্মী ॥ ২৪২

ভৈরবী[৩] – যৎ

ভিক্ষে দে কে গো বনে, বনবাসিনি নারি !
অহং তীর্থবাসী যোগী বিরাগী জটাধারী ॥
"ভক্তি-মুক্তি-কারণ", ভজ রে মন ! জয় নারায়ণ,
জয় শিব রাম বোম্, ভোলা ত্রিপুরারি।
প্রচণ্ড উদিত ভানু, ত্রাসেতে ত্রাসিত তনু,
দুঃখিপানে চাও, লক্ষ্মী ! বিলম্ব আর সৈতে নারি ॥ (ঠ)

রেখার বাহিরে রহি, ভবতি ! ভিক্ষাং দেহি,
পুনঃ পুনঃ বলে দশানন।
নহে রাবণের শক্তি, লইতে রামের শক্তি,
রেখামধ্যে করিয়া গমন ॥ ২৪৩

দ্বারে যোগী করে দৃষ্টি, লইতে তণ্ডুল-মুষ্টি,
কন লক্ষ্মী,—লহ ভিক্ষা আসি।
নিকটে গিয়া না লয় ভিক্ষে, নিরখিয়া আড়চক্ষে,
বদন ফিরায় ভণ্ড ঋষি ॥ ২৪৪

পাঠান্তর : ১ শুত্র—ক, খ। ২ হয়ে—ক। ৩ খাম্বাজ—ক। ৪-৪ মুক্তিবাণী মুক্তিকারণ—খ।

দেবর-লক্ষ্মণ-বাণী, ভুলিয়ে রাঘব-রাণী,
দেখা দেন রেথার বাহিরে।
ভিক্ষা দেন দশমুণ্ডে, দশানন সেই দণ্ডে,
রথে তুলে লয় জানকীরে॥ ২৪৫

বিপদে পড়িয়া সতী, উর্দ্ধকরে করেন স্তুতি,
উদ্ধার, হে রঘুপতি! মোরে।
দেখেন, দশদিক্ শূন্যাকার, শূন্যপরে হাহাকার,
মৃত্যুর আকার রথোপরে॥ ২৪৬

মৃগী-বধে গেল হরি, মৃগী নয়—জীবনের অরি,
মরি হে! গুমরি প্রাণ গেলো।
দুষ্ট যদি কু-বাক্য বলে, এখনি ঝাঁপ দিব জলে,
জন্মের শোধ বুঝি দেখা হ'লো॥ ২৪৭

কাঁদিয়া কহেন সতী, ওহে আত্মবিস্মৃতি!
বিস্মৃতি আমারে কি কারণ।
জীবন হারায় দাসী, অন্তরে বারেক আসি,
অন্তকালে দাও হে দরশন॥ ২৪৮

ললিত-ঝিঁঝিট[১]—ঝাঁপতাল

ভ্রান্ত রাম! কান্ত! কোথা রহিলে রঘুমণি!
বিপদে রাম! রক্ষ হে বিপক্ষ-করে যায় প্রাণী॥
আসিয়া কানন-মধ্যে কপট যোগি-রূপ ধরি,
এ কোন্ পাষণ্ড দশমুণ্ড লয় হরি,
অকূলে কূল দেও হে রঘুকুল-শিরোমণি!
হরি! কোথা আছ পরিহরি, সীতে লয়ে যায় হরি,—
কি ক্ষণে চাহিলাম আমি হরি! হে হরিণী,—
আমারে মজালে দুষ্ট হয়ে কপট-সন্ন্যাসী!
তার হে তারকব্রহ্ম! বারেক দেখা দাও আসি,
বিপাকে মরে হে সীতে জনম-দুঃখিনী॥ (ড)

* * *

হেথা রাম ক্রোধ-মনে, মারীচে মারিছেন বনে,
হেন কালে লক্ষ্মণ আইল।
ধনুহস্তে ধরা-নেত্র, অনুজে দেখিয়া মাত্র,
তনু যে রামের উড়ে গেল॥ ২৪৯
লক্ষ্মণ কি জন্যে এল! লক্ষণে[২] বুঝিনে ভাল,
ঘ'টেছে জানকীর অমঙ্গল।
হবে কি! হবে কি শুনে, প্রাণ জানকী-বিহনে,
না জানি,—কি মোর আছে কর্মফল॥ ২৫০
দুই চক্ষে শতধার, ভবনদীর কর্ণধার,
শুধান কি হ'লো রে বিবন্ধ!
বল রে লক্ষ্মণ! বল, দুঃখেতে অতি দুর্ব্বল,
দুর্ব্বলের বল রামচন্দ্র॥ ২৫১

অহং-সিন্ধু[৩]—যৎ

ভাই! কেন লক্ষ্মণ! এলি একা রাখি, বনে চন্দ্রমুখীরে।
আজি বুঝি মারীচের মায়ায় হারালাম জানকীরে।
ডেকেছে কাল-নিশাচরে,
ভাই! আমি ডাকি নাই তোরে,
[৪]বিধাতা মোরে বৈমুখ, আজি দেখি রে[৪]॥ (ঢ)

পাঠান্তর: ১ বিভাস—ক। ২ এ লক্ষণ—খ। ৩ অহং—খ। ৪-৪ এই চরণ ক-গ্রন্থে নাই।

সীতা-অন্বেষণ

রামচন্দ্রের সীতা-অন্বেষণ ও জটায়ুর মৃত্যু

সীতা-হারা হয়ে রাম, নয়নে বারি অবিরাম,
বিরাম নাহিক অর্দ্ধ দণ্ড।
জিজ্ঞাসেন পশু পক্ষে, করাঘাত করেন বক্ষে,
জীবন নাশিতে প্রায় উদ্দণ্ড॥ ১

ভ্রমণ করেন বনে বনে, জিজ্ঞাসেন বৃক্ষগণে,
মুখে শব্দ, 'হা সীতে! হা সীতে!'
বলেন উপায় করি কিরে, চলেন অতি ধীরে ধীরে,
দুঃখনীরে ভাসিতে ভাসিতে॥ ২

প্রথমে দেখেন হরি, ভূমে যায় গড়াগড়ি,
পাখা নাই প'ড়ে একটা পাখী।
জিজ্ঞাসা করেন রাম, কিবা নাম কোথা ধাম,
তুই বেটা মোর সীতা খেয়েছিস্ নাকি॥ ৩

পক্ষী বলে শুন রাম! জটায়ু আমার নাম,
তোমার পিতার হই সখা।
রাবণ হরিল সীতে, গেলাম তারে বিনাশিতে,
সেই ত কাটিল মোর পাখা॥ ৪

ব'লে পক্ষী ত্যজিল জীবন, লক্ষ্মণে কন মধুসূদন,
পিতার সখা পিতারি সমান।
শুনরে লক্ষ্মণ! বলি, কাষ্ঠ আনি অগ্নি জ্বালি,
অগ্নিকার্য্য কর সমাধান॥ ৫

* * *

সুগ্রীবের সহিত শ্রীরাম-লক্ষ্মণের সখ্যবন্ধন

দুই ভাই তদন্তরে, দেখেন পর্ব্বতোপরে,
কপিসঙ্গে সুগ্রীব রাজন।
কহিছেন বিস্ময়, কে তোমরা দেও পরিচয়,
কি-হেতু এখানে আগমন॥ ৬

সুগ্রীব রাজন কয়, শুন মম পরিচয়,
শ্রীপাদপদ্মে করি নিবেদন।
কিষ্কিন্ধ্যানগরে ধাম, সুগ্রীব আমার নাম,
বালী কেড়ে নিল রাজ্যধন॥ ৭

আপনি কে, কি জন্য বনে, বিস্ময় জন্মিল মনে,
লক্ষণে সব দেবের লক্ষণ।
কিবা রূপ আহা মরি! জ্ঞান হয় গোলোকের হরি,
আপনি আসি কৃপা করি, দিলেন দরশন॥ ৮

শুনি কন গুণধাম, দশরথ-পুত্র রাম,
পিতৃসত্য পালিতে আসি বন।
এই দেখ বিদ্যমান, জটা বাকল পরিধান,
সঙ্গে ভাই অনুজ লক্ষ্মণ॥ ৯

আর সঙ্গে ছিলেন জানকী, তার তত্ত্ব জান কি?
কোথা গেল, কে করিল হরণ।
তোমরা তার অন্বেষণে লাগি, যদি হও উদ্যোগী,
তবে আমি পাই হারাধন॥ ১০

এখন তুমি যদি সাপক্ষ হ'য়ে, বানর-কটক লয়ে,
কর যদি সীতার উদ্ধার।
তোমা ভিন্ন কেবা পারে, অলঙ্ঘ্য-সাগর-পারে,
পারে যেতে এত শক্তি কার॥ ১১

অতএব তোমারে বলি, বলে তুমি মহাবলী,
কর যদি উপকার কার্য্য।
আমি তব সাপক্ষ হ'য়ে, কিষ্কিন্ধ্যানগরে গিয়ে,
বালি ব'ধে তোমায় দিব রাজ্য॥ ১২

শুনিয়ে সুগ্রীব বলে, স্বর্গ-মর্ত্ত্য রসাতলে,
সর্ব্বত্রেতে খুঁজিয়ে দেখিব।
করিলাম অঙ্গীকার, বার বার তিন বার,
তব সীতা উদ্ধার করিব॥ ১৩

আর এক কথা নিবেদন, করি, হরি! কর শ্রবণ,
ঐ দুটি অভয় চরণ, দেও হে আমাকে।
ঐ পদ, রাম! ভালবাসি, শিব হয়েছেন শ্মশানবাসী,
ব্রহ্মা সদা ভাবেন ব্রহ্মলোকে। ১৪

শুন হে গোলোকের পতি! আমি ক্ষুদ্র পশু-জাতি,
পশুপতি-আরাধ্য-ধন তুমি।
কি জানি হে তব তত্ত্ব, কি জানি তব মাহাত্ম্য,
কি স্তব করিতে জানি আমি। ১৫

সুগ্রীবের ভক্তি দেখি, কমলাকান্ত কমল-আঁখি,
কমলহস্তে হস্ত ধরি তার।
সুধামাখা কন বাক্য, প্রাণ-তুল্য তুমি সখ্য,
অদ্যাবধি হইলে আমার। ১৬

সুগ্রীব বলে মাধব! দাসের যোগ্য হব না তব,
মৈত্র-যোগ্য বল কিসে হরি!
ওহে ভব কর্ণধার! মৈত্র হ'য়ে ক'রো পার,
চরমকালে দিয়ে চরণতরি। ১৭

খাম্বাজ—একতালা

দেখো, ভুলো না তখন।
চরমকালে দিও হে চরণ॥
আমি পশুজাতি, কি জানি ভকতি,
তুমি অগতির গতি, পতিতপাবন॥
কর্ম্মভূমে আসি না হইল কর্ম্ম,
বিষয়ার্ণবে ডুবাইলাম ধর্ম্ম,
জন্মাবধি আমার বৃথা গেল জন্ম,
কালবশে কাল হ'লো হে হরণ॥
অসার সংসারে তুমি সারাৎসার,
ভব-ভয়হারী ভব-কর্ণধার।
ভজন-বিহীন আমি দুরাচার,
শরণাগতেরে রেখো হে স্মরণ॥ (ক)

সীতা-অন্বেষণে বানরগণের উদ্যোগ ও যাত্রা

ভূলোকে গোলোকেশ্বর, সুগ্রীবকে দণ্ডধর,
করিলেন বালীকে বধিয়ে।
পেয়ে রাজসিংহাসন, করিতে সীতার অন্বেষণ,
চলিল বানর-সৈন্য লয়ে। ১৮

নীল শ্বেত পীতবর্ণ, বানর কে করে গণ্য,
ভল্লুক আইল দেশ যুড়ি।
কেউ লম্ফ দিয়ে উঠে গাছে, নেচে বেড়ায় গাছে গাছে
কেউ বা করে দন্ত-কিড়িমিড়ি। ১৯

বেড়ায় লোকের চালে চালে, যা খায় তাই রাখে গালে,
সভায় এসে বসেছে দেখ্‌তে পাই।
ও মানুষের কথা বুঝিতে পারে, বল্‌লে পোড়ার মুখটা নাড়ে,
কথায় বলে,— মাথায় চড়ে, বানরকে দিলে নাই। ২০

কোন বানরের লম্বা দাড়ি, আপনার গালে চড়াচড়ি,
দাঁত দেখায়ে লোককে দেখায় ভয়।
কেউ বা পড়ে আটচালায়, নোলাটা বাড়িয়ে কলাটা খায়,
সাক্ষাতে তা বলাটা উচিত নয়। ২১

সুগ্রীব রাজার আদেশে, জানকীর উদ্দেশে,
দেশে দেশে যায় কপিগণ।
কোন কোন বীর যায় পূর্ব্বে, অন্য দিক্ যাবার পূর্ব্বে,
সঙ্গে সৈন্য লয় অগণন। ২২

বলে, কাকে পাঠাই পশ্চিমে, কে জানে পশ্চিমের সীমে,
যে জানে সে যাও শীঘ্র চলি।
কে যাবি রে উত্তর, প্রদান কর উত্তর,
সৈন্য লয়ে যাও হে শতবলী! ২৩

শুন ওরে হনুমন্ত, তুমি বড় বুদ্ধিমন্ত,
লও রে প্রধান কপিগণে।
যাও রে তুমি দক্ষিণেতে, মৃগ দ্বিজ দক্ষিণেতে,
দৃষ্টি করি যাত্রা শুভক্ষণে। ২৪

হও রে অতি তৎপর, মিতাকে না ভেবো পর,
যার-পর বন্ধু নাই রে আর।

তাঁর কার্য্যে ক'রো না হেলা, ডুবাইও-না যে ভবে ভেলা,
ভবার্ণবে উনি কর্ণধার। ২৫
মুনি ঋষি যাঁরে ভাবে, এমন সুদিন আর কি পাবে,
দেখা দিলেন আপ্‌নি কৃপা করি।
সুর নর যাঁরে চিন্তে, তাঁরে কেবা পারে চিন্‌তে,
চিন্তিলে যায় ভবের চিন্তে, চিন্তামণি হরি। ২৬
দুর্ল্লভ দুরারাধ্য ধন, পূর্ণব্রহ্ম সনাতন,
বেদ পুরাণেতে যাঁরে কয়।
একবার মুখে বল্‌লে রাম, ধর্ম্ম অর্থ মোক্ষ কাম,
চতুর্ব্বর্গ ফল লভ্য হয়। ২৭
সদা ভাবেন কৃত্তিবাস, ত্যজে বাস গৃহবাস,
শ্মশানে গিয়ে করেন বাস, বাসনা ত্যজিয়ে।
ব্রহ্মা ইন্দ্র শমন পবন, পদ পেয়েছেন আপন আপন,
ঐ রামের চরণ পূজিয়ে। ২৮
কর ভক্তি রাম-পদে, অশ্বমেধ পদে পদে,
হবে লভ্য দিব্য পদ পাবে।
এ দেহ পঞ্চত্বকালে, অধিকার না করবে কালে,
অনায়াসে যম-যন্ত্রণা এড়াইবে। ২৯

আলিয়া—একতালা

ওরে, রামকে চিন্‌তে পারা ভার।
ভজে ইন্দ্র চন্দ্র, ঐ পদারবিন্দ,
মহাযোগীর আরাধ্যধন,—
সে সব ধন, কি পায় রে অন্তে,
এত পুণ্য আছে কার।
যাঁর পদোপরে ধ্বজবজ্রাঙ্কুশচিহ্ন,
গোষ্পদাদি স্বর্ণরেখা ভিন্ন ভিন্ন,
অবনীতে আসি হলেন অবতীর্ণ,
করিতে জীব-উদ্ধার।
পদ্মযোনির হৃদিপদ্মের যে ধন,
অন্বেষণে যাঁর না হয় অন্বেষণ,
অনশনে ব'সে ভাবে ঋষিগণ,
অভয় চরণ তাঁর। (খ)

সুগ্রীবের বাক্য-শেষ, হ'লে কন হৃষীকেশ,
শুন ওরে পবন-কুমার!
হয়ে বাছা! মনোযোগী, আমারে ঘুচাও যোগী,
কর বাপু! সীতার উদ্ধার। ৩০
হ'য়ে আমি সীতাহারা, দিবসে দেখি রে তারা,
দিগ্‌দিক্‌ সব শূন্যাকার।
এ বিপদে কিসে তরি, তুমি যদি দিয়ে তরী,
বিপদ-সাগরে কর পার। ৩১
আর তত্ত্ব-কথা কারে কই, সীতার তত্ত্ব তোমা বই,
কে করিবে পবন-নন্দন!
হারা হয়ে চন্দ্রমুখী, নয়নে না চন্দ্র দেখি,
লাগে না ভাল চন্দ্রের কিরণ। ৩২
প্রাণপ্রিয়ে অদর্শনে, প্রাণ কি আমার ধৈর্য্য মানে,
সহ হয় না সীতার বিচ্ছেদ।
যেমন শারী অদর্শনে শুক, তিলেক নাহিক সুখ,
অসুখ সর্ব্বদা মনে খেদ। ৩৩
জীবন ত্যজিয়ে মীন, হব রে জীবন-হীন,
দিনমণি বিনে যেন দিন।
না দেখিয়ে নবঘন, চাতকের যেমন মন,
চন্দ্র বিনে চকোর মলিন। ৩৪
চক্ষু হারাইয়া অন্ধ, সদা থাকে নিরানন্দ,
করে তার ব্যাকুল পরাণী।
হারায়ে মণি, ফণী যেমন, সেইরূপ আমার মন,
বিনে সেই জনকনন্দিনী। ৩৫
জাগিছে আমার অন্তরে, মানে না প্রাণ— প্রাণান্তরে,
দেহান্তরে ভুলিব না রে সীতে।
মানে না প্রবোধ-জল, দারুণ বিচ্ছেদানল,
তুমি যদি পার বিনাশিতে। ৩৬

* * *

হনুমান কর্ত্তৃক শ্রীরামের স্তব

হনুমান বলে হরি! চরণে নিবেদন করি,
শুনেছি তুমি ভবের বৈভব।

তুমি জগতের চিন্তা হর, চিন্তামণি নাম ধর,
তব চিন্তা একি অসম্ভব। ৩৭
শুন হে রাম গুণমণি! সুরমণির শিরোমণি,
ঋষি মুনি ভাবিয়ে না পায়।
অনীল নীলকান্তমণি, হৃদয়ে কৌস্তভ মণি,
তোমায় ডাক্‌লে চিন্তামণি, দিনমণিসুত দূরে যায়। ৩৮
ওহে রাম দয়াময়! তোমার অভয় পদদ্বয়,
ঐ শ্রীপদে জন্মিল জাহ্নবী।
বেদ-পুরাণে আছে শোনা, কাষ্ঠতরী হ'লো সোণা,
ঐ চরণে পাষাণ মানবী। ৩৯
বৈকুণ্ঠ পরিহরি, ভূভার হরিতে হরি,
অবনীতে হলে অবতীর্ণ।
তুমি[1] হে পুরুষোত্তম, কে আছে তোমার সম,
পরম পুরুষ তোমা ভিন্ন। ৪০

অহং[2]—একতালা

কি দিব তুলনা, জগতে মেলে না,
তোমারি তুলনা, তুমি হে হরি!
আছেন নাভিপদ্মে বিধি, তোমার গুণনিধি,
তুমি বিধির বিধি, সর্ব্বোপরি।
ভ'জে তোমার পদদ্বয়, মৃত্যুকে কল্লেন জয়,
মৃত্যুঞ্জয় নাম ত্রিপুরারি।
চরণে জাহ্নবী, পাষাণ মানবী,
স্বর্ণময় হ'লো কাষ্ঠতরী।
ওহে তোমার অভয় পায়, জীবে মুক্তি পায়,
ভবের উপায়,—পারের তরী।
বলির বাড়ালে সম্পদ, দিয়ে মাথে পদ,
দিলে ইন্দ্রপদ, স্বর্গোপরি।
দীনের দীনবন্ধু, করুণার সিন্ধু,
ত্রাণ কর ভবসিন্ধুবারি।
হলে পূর্ণ অবতার, হরিতে ভূভার,
রাবণ বধিতে রামরূপ ধরি। (গ)

হনুমানকে শ্রীরামের অভিজ্ঞান প্রদান

রাম অগ্রে যোড়-করে, হনু নিবেদন করে,
কিছু নাই চরাচরে তব অগোচর।
আমি যে তব অনুচর, মা যদি হন মোর গোচর,
কর্‌বে না তো সুগোচর, ব'লে বনচর। ৪১
আমি যে তোমার দাস, কিসে হবে তাঁর বিশ্বাস,
হ'লে পরে বিশ্বাস, বিশ্বাস হবে না।
মিথ্যা হবে যাওয়া আসা, পূর্ণ না হইবে আশা,
দেখিয়ে আমার দশা, কথাটি কবেন্ না। ৪২
আমি কিসে চিনিব তাঁরে, উপায় বল আমারে,
অন্য কিছু করিনে আর চিন্তে।
দাও কিছু চিহ্নিত মোরে, চিহ্নিত বল্‌লে আমারে,
মা জানকী যদি পারেন চিন্তে। ৪৩
মারুতির শুনিয়ে বাণী, বাণীপতি কন বাণী,
সীতার লক্ষণ ভাল জানি।
রূপে হরে অন্ধকার, সৌদামিনী কোন্ ছার,
নখরেতে চন্দ্র তাঁর, গজেন্দ্রগামিনী। ৪৪
আর, তোমাকে সীতা চিনিবেন যায়,
আয় রে আমার নিকটে আয়,
প্রত্যয় জন্মিবে যায়, জনক-ঝিয়ারি।
হবে না রে অচিনিত, মম নামে নামাঙ্কিত,
লও রে আমার হস্তের অঙ্গুরী। ৪৫
সঙ্গে লও রে সৈন্যগণে, দেখিবে সকল স্থানে,
সাবধানে পবন-কুমার!
মনে বড় হয় শঙ্কা, কেমনে লঙ্ঘিবে লঙ্কা,
শত যোজন সাগর-পাথার। ৪৬

পাঠান্তর: ১ পরম—ক। ২ বিভাস—ক।

হনূ বলে হে গুণধাম! পারের কর্ত্তা তুমি রাম,
তুমি প্রভু! কৃপা কর যারে।
এ সমুদ্র কোন্ ছার, গোষ্পদ-তুল্য জ্ঞান তার,
ভব-সমুদ্রের যেতে পারে পারে॥ ৪৭
কর হে লজ্জা নিবারণ, বিপদে রেখো মধুসূদন!
চরণে এই নিবেদন করি।
এত বলি ভূমিতে পড়ি, প্রণমিয়ে শ্রীহরি,
বদনে বলি শ্রীহরি, করিল শ্রীহরি॥ ৪৮

সীতা-অন্বেষণে হনুমানের যাত্রা

সঙ্গে লয়ে অম্বুবল, অঙ্গদাদি নীল নল,
ভল্লুক-প্রধান জাম্ববানে।
রামজয় শব্দ করে, পাতালে বাসুকি নড়ে,
শমনের শঙ্কা হয় প্রাণে॥ ৪৯
পর্ব্বত-শিখর বারি, খুঁজে সবে বাড়ী বাড়ী,
হনুমানের চক্ষে বারি, দুঃখ আর সয় না।
বলে, একবার যদি দাও মা! দেখা,
বিধির বাক্য বেদে লেখা,
শমনের সঙ্গে দেখা, জনমে আর হয় না॥ ৫০
শ্রীরাম কাঁদেন রাত্রি-দিন, ঘুচাও গো মা! এ দুর্দ্দিন,
আমাদিগে দেখে দীন, কর মা কৃপাদৃষ্ট।
যে জন্ম এ ভবে আসা, ক'রো না নৈরাশা আশা,
পূরাও গো মা! সকলের ইষ্ট॥ ৫১

খট্—একতালা

আমি জানিনে গো আর, মা! তোমার,
কেবল অভয় পদ ভিন্ন।
হ'য়ে সীতে, ভার নাশিতে, অবনীতে অবতীর্ণ।
হই বঞ্চিত,[১] নাই সঞ্চিত, জন্মার্জ্জিতকৃত পুণ্য।
হের দীনে এ দুর্দ্দিনে, তোমা বিনে, নাই আর অন্য।
করিতে মা! তব তত্ত্ব না জেনে এসেছি তত্ত্ব,
পরম পদার্থ পদ দিয়ে কর ধন্য।
মা! তোমারে নিরাহারে পূজে পদ পাবার জন্য,
দাশরথি-প্রিয়া সতি! দাশরথির জ্ঞানশূন্য॥ (ঘ)

সীতা-অন্বেষণ-রত বানরগণের পরস্পর কথাবার্ত্তা

করিছে বানরগণ, জানকীর অন্বেষণ,
দেখে বন উপবন, পর্ব্বত-শিখর।
দুর্ব্বল বানর যারা, তারাসুতের ভয়ে তারা,
তাড়া পেয়ে সভয়-অন্তর॥ ৫২
ঝকড়া করে পরস্পর, কতকগুলো নীচ বানর,
সদাই করে কিচিমিচি রব।
তার মধ্যে কতক ভদ্র, যেমন ভূতের ভদ্র বীরভদ্র,
বানরের দলে তেমন ভদ্র সব॥ ৫৩
হ'লো কতকগুলো সঙ্গ হারা, হ'য়ে হ'লো সঙ্গ ছাড়া,
বলে পারিনে এমন ধারা, ওদের সঙ্গে যেতে।
কেউ বলে পাছু চল রে চল! আমরা হ'লাম আর একদল,
সীতা খোঁজা কেবল ছল,
ফলটী মূলটী খাব খুঁজে পেতে॥ ৫৪
কোথা খুঁজে পাব জানকী, জানকী কেমন তা জান কি?
কেউ কখন দেখেছ কি? কেমন মূর্ত্তি সীতে।
মন ছিল ভাই কার আসিতে, ঘোর অরণ্য প্রবেশিতে,
কোথা যাব প্রাণ নাশিতে, সীতা অন্বেষিতে॥ ৫৫
রাবণ তো ক'রেছে ভাল, নিবান আগুন কেন জ্বাল,
অন্বেষণে ফল কি বল, পরের ধন ল'য়ে গিয়েছে পরে।
নইলে ভূগিতে হ'তো কত ভোগ, হয়েছে ভাল শুভযোগ,
সাধে সাধে ডে'কে রোগ, এনো না আর ঘরে॥ ৫৬
সীতে সীতে করিছ এখন, মানিবে কথা জানিবে তখন,
সময় পে'য়ে ধরিবে যখন, কাঁপিবে তখন শীতে।
সুগ্রীব তো বুড়া হয়েছে! বুদ্ধিশুদ্ধি সকল গেছে,
সেই তো গ্রহ ঘটিয়েছে, রামের সঙ্গে পাতিয়েছে মিতে॥

পাঠান্তর: ১ বাঞ্ছিত—খ, চ।

অঙ্গদটা রাজার বেটা, সেটার বড় বুদ্ধি মোটা,
দেখ্‌তে কেবল মোটা সোটা, মোনাকাটা জন্ম।
মন্ত্রী ওদের জাম্ববান, ওদের কাছেই মান্যমান,
কে বলে তারে বুদ্ধিমান, বিদ্যমান দেখ না তার কর্ম্ম। ৫৮

হনুমান তো মস্ত ষণ্ডা, শ্রীরামচন্দ্রের প্রধান পাণ্ডা,
মনটা তার নয়কো ঠাণ্ডা, খাণ্ডা ধরিই আছে।
সবারি সঙ্গে করে বাদ, বল্‌লে পরে ঘটে প্রমাদ,
কার আছে ম'র্‌তে সাধ, কে যাবে তার কাছে। ৫৯

এইরূপে হয় বলাবলি, কেউ বলে, কালি যাব চলি,
কেউ বা দেয় গালাগালি, সুগ্রীব রাজারে।
সবাই মোড়ল জনে জনে, লাফালাফি করে বনে,
কেবা আর কথা শুনে, বানরের বাজারে। ৬০

—

সুরট — কওয়ালী

দেখ দেখ বানরেরি রঙ্গ।
দন্ত দে'খায়ে লেজটা ঝুলায়ে,
করে লাফালাফি, ঝাঁপাঝাঁপি, ডাল পালা ভঙ্গ।
মরকোট বানর যারা, সঙ্কট ভাবিয়ে তারা,
তারা-সুতে সদা করে ব্যঙ্গ,
দিলে কলাটী, বাড়িয়ে গলাটী,
মারে উকি-ঝুঁকি, দিয়ে ফাঁকি,
ছাড়ে তাদের সঙ্গ। (৬)

—

অঙ্গদ-সম্পাতি-সংবাদ

এইরূপে দক্ষিণেতে যায় কপিগণে।
রাক্ষস-পিশাচ-জন্তু মনে নাহি গণে। ৬১

হনুমান জাম্ববান ভাবিয়ে আকুল।
বলে, অকুল-মাঝারে কেবা কুলাইবে কূল। ৬২

যদ্যপি না পাই, ভাই! সীতার উদ্দেশ।
সুগ্রীব হইবে ক্রুদ্ধ, কেমনে যাব দেশ। ৬৩

এইরূপেতে সকলেতে বলাবলি করে।
অঙ্গদ নিকটে দাঁড়াইল যোড়করে। ৬৪

কহিল অঙ্গদ বীর হাসিতে হাসিতে।
কিসের ভয়? হবে জয়, উদ্ধারিব সীতে। ৬৫

এত ব'লে সিন্ধুকূলে কুশাসন পাতি।
বসিল বানর সব, দেখিল সম্পাতি। ৬৬

বলে, আহা কি আশ্চর্য্য বিধির ঘটন।
বহু কাল পরে আজ মিলিল ভক্ষণ। ৬৭

শুনিয়া অঙ্গদ বলে, ম'লো বেটা পাখী।
আমাদের সঙ্গে একটা করিবে পাকাপাকি। ৬৮

পাখা নাই পাখী! তোর পাকাম কেন এত।
যত ক'র্‌তে পারিস্ কর, ক্ষমতা আছে যত। ৬৯

আমাদিগে ভেবেছ সামান্য বনচর।
যমালয় পাঠাইব মেরে এক চড়। ৭০

কোন্ বিপক্ষ পক্ষ রে তোর পাখা দিল পুড়িয়ে।
এখন মুণ্ডমালার দাঁতখামুটি ব'সেছ ডানা গুড়িয়ে। ৭১

কি আছে বাকী হাঁরে পাখি! হয়েছে তোর হদ্দ।
সব গেছে ফুরিয়ে তবু খুঁড়িয়ে মস্ত মোটা মর্দ্দ। ৭২

এখন প'ড়ে প'ড়ে মুণ্ডু নেড়ে ফড়িং ধরে খাও।
থাক চুপ্‌টী ক'রে মুখটী বুজে, বাঁচতে যদি চাও। ৭৩

শুনিয়ে হাসিয়ে পক্ষী, বলে বেটাদের ছেড়েছে লক্ষ্মী,
বান্দুরে ভাব দেখে আমি কি ভুলিব।
বেড়াচ্ছ বড় তাল ঠুকে, পড়েছ আমার সম্মুখে,
একবারে সব ভরিব মুখে, উবু-উবু গিলিব। ৭৪

যত বানর আছে পালে, অপমৃত্যু আছে কপালে,
কর্ম্মফল আপনি ফলে, ফলাতে আর হয় না।
কিজন্য এত চড়া, বলিস্ কথা কড়া কড়া,
বোঝাই কর্‌লে পাপের ভরা, কখন তর সয় না। ৭৫

শুনি হনুমান্ করে উষ্ম, বলে, বলিস্‌নে কথা দুষ্ট,
চেপে ধর্‌লে বেরিয়ে যাবে নাড়ী।

তোকে কি আমরা করি ভয়, করিতে পারি সৃষ্টি লয়,
জান না বুঝি[1] পরিচয়, যমকে যমালয় পাঠাতে পারি ॥ ৭৬
সহায় আছেন শ্রীরামচন্দ্র, মানি কি আমরা ইন্দ্র চন্দ্র,
ভালবেসে হনুমানচন্দ্র, নাম রেখেছেন হরি।
হ'তে পারি পার ভবসিন্ধু, হাত বাড়ায়ে ধরি ইন্দু,
অকূল পাথার জলসিন্ধু, বিন্দু জ্ঞান করি ॥ ৭৭

* * *

রামনামের গুণে সম্পাতির দেহে পক্ষ-সঞ্চার

রামনাম শুনিয়ে পাখী, জলে ভাসে যুগল আঁখি,
কমলাকান্ত কমল-আঁখি, বদনে পাখী বলে।
কৃপা করি দাও হে দেখা, দীনবন্ধু দীনের সখা।
বলিতে বলিতে উঠিল পাখা, রাম-নামের ফলে ॥ ৭৮
পক্ষীর পাখা উঠিল সব, ভয়ে বানর জীয়ন্তে শব,
ভাবে একি অসম্ভব, দেখিলাম আজি চক্ষে।
সম্পাতি কয় হনুমানে, বল মম বিদ্যমানে,
তোমরা যাবে কোন্ স্থানে, কোন্ উপলক্ষে ॥ ৭৯
শুনিয়ে কহে মারুতি, সম্পাতি! শুন ভারতী,
সীতা হারিয়ে সীতাপতি, পাঠান সীতার অন্বেষণে।
পক্ষী বলে, জানি জানি, শুনেছি ক্রন্দনের ধ্বনি,
রাবণের রথে এক রমণী, দেখেছি নয়নে ॥ ৮০

সুরট—পোস্তা

শুনেছি ক্রন্দনের ধ্বনি,—সে ধনী কে তা কে জানে!
জানকী জানিলে তখন, রাবণ কি আর বাঁচিত প্রাণে?
আমার থাকিলে পক্ষ, হতেম যে তার প্রতিপক্ষ,
সে আমার হ'তো ভক্ষ্য, কর্‌তাম লক্ষ্য তারি পানে ॥
দেখেছি রাবণের রথে হ'রে লয়ে যায় যে পথে,
পড়িলে আমার হাতে,
তার মোড়া দিয়ে ধর্‌তাম কাণে ॥ (চ)

সাগর-পারের মন্ত্রণা

এত বলি সম্পাতি, স্বস্থানে সম্প্রতি,
শ্রীরাম বলি গমন করিল।
তদন্তে বানর সৈন্য, দশ দিক দেখে শূন্য,
কোথা যাব ভাবিতে লাগিল ॥
অঙ্গদ কয় জাম্ববানে, তুমি মন্ত্রী ভাল সকলে জানে,
কর দেখি মন্ত্রণা ইহার।
শুনি কহে জাম্ববান, পক্ষী দিল যে সন্ধান,
পারে যাওয়া এই যুক্তি সার ॥ ৮২
অঙ্গদ কয় বারে বারে, যেতে হবে সিন্ধু-পারে,
সম্বোধন বাক্যে সবে ডাকে।
শুনি সিন্ধু-পারের কথা, পেট পানে হেঁট করে মাথা,
কেউ আর কয় না কথা, চুপ্‌টি ক'রে থাকে ॥ ৮৩
কিঞ্চিৎ বিলম্ব পরে, উত্তর প্রদান করে,
যোড়করে মনে পেয়ে ত্রাস।
গয় গবাক্ষ মহোদর, শতবলী সহোদর,
বলে লাফাতে পারি সাগর, যোজন পঞ্চাশ ॥ ৮৪
যারা বৃদ্ধ কপি বুদ্ধিমান, অঙ্গদের বিদ্যমান,
পরাক্রম কহিতেছে আসি।
হয়েছে এখন অঙ্গ ভার, লাফাতে অধিক পারিনে আর,
হদ্দ যেতে পারি যোজন আশী। ৮৫
হাসি জাম্ববান্ বলে, কি করিব আর বৃদ্ধকালে,
যুবাকালের কথা বলি শুন।
যখন বলিরে ছলনা করি, বিরাট মূর্ত্তি হ'য়ে হরি,
পদে আচ্ছাদেন ত্রিভুবন ॥ ৮৬
বলিব কি সে চমৎকার, সেই মূর্ত্তি তিন বার,
একদিনে করি প্রদক্ষিণ।
আর কি আছে সে সব কাল,
এখন লাউতে চাপড় হারিয়ে তাল,
নিকট হ'লো কালাকাল, চক্ষে দৃষ্টি হীন ॥ ৮৭
এখনও কি করি শঙ্কা, লাফিয়ে যেতে পারি লঙ্কা,
কিন্তু গিয়ে ফিরে আসতে নারি।

পাঠান্তর: ১ বুদ্ধি—ক, গ।

অঙ্গদ বলে কোন্ ছার, শত যোজন শত বার,
যাতায়াত করিতে আমি পারি ॥ ৮৮

* * *

সাগর-পারে যাইতে হনুমানের সম্মতি

শুনি জাম্ববান্ কয়, তোমার যাওয়া উচিত নয়,
তুমি হে রাজপুত্র মহারাজ।
বানরের মধ্যে আছে বীর, অতি যোদ্ধা অতি সুধীর,
সে গেলে পর, সিদ্ধ হবে কায ॥ ৮৯
ঐ দেখ বিদ্যমান, বসে আছে হনুমান্,
সামান্য জ্ঞান ক'রো না উহারে।
ঐ যে বীর হনুমন্ত, বুদ্ধিমন্ত[১] বলবন্ত,
লক্ষ যোজন উপরান্ত, যেতে আস্‌তে পারে ॥ ৯০
ওর পরাক্রম যত, সে সব কথা বলিব কত,
যে দিনেতে ভূমিষ্ঠ হইল।
দেখেছিল শূন্যোপরে, রাঙ্গা ফলটি মনে ক'রে
লাফিয়ে গিয়ে সূর্য্য ধরেছিল ॥ ৯১
ও ব'সে আছে কোন্ ভাবে, কি অভাবে মৌনভাবে,
ডাকো তারে নিকটে তোমার।
অঙ্গদ শুনিয়ে বাণী, বলে কত মিষ্ট বাণী,
এসো এসো পবন-কুমার ॥ ৯২
পার হয়ে সিন্ধু-নীরে, দেখে এসো জানকীরে,
তুমি ভিন্ন সাধ্য আছে কার।
ত্রিজগতে যিনি পূজ্য, কর রে তাঁহার কার্য্য,
মুখ উজ্জ্বল কর রে আমার ॥ ৯৩
হনু বলে হে মহারাজ! সাধিব রামের কায,
তব আজ্ঞা পালন করিব।
করিলাম অঙ্গীকার, হরি যদি করেন পার,
তবেই ত সঙ্কটে পার পাব ॥ ৯৪

মহারাজ! হরিই কেবল পারের কর্ত্তা

খট-ভৈরবী—একতালা

যদি করেন পার, ভব-কর্ণধার,
তবে কে করে পারের চিন্তে।
সেই অচিন্ত্য অব্যয় জগতের মূলাধার,
নিত্য নির্ব্বিকার,—
তিনি সাকার কি নিরাকার, কে পারে জান্‌তে ॥
সগুণ নির্গুণ ব্রহ্ম সনাতন।
পরম পদার্থ পরম কারণ,
পরমাত্মা রূপে জীবে অধিষ্ঠান,
পুরুষ কি নারী, নারি রে চিন্‌তে।
দয়াময় নাম শুনি চিরদিন,
দে'খে দীন হীন, দেন যদি দিন,
আমি দুরাচার ভজন-বিহীন,
স্থান কি পাব না সে পদ-প্রান্তে ॥ (ছ)

* * *

অঙ্গদের শুনি বাণী, কহে যুগ্ম করি পাণি,
বিনয় করিয়া হনুমান।
তব আজ্ঞা না লঙ্ঘিব, এখনি সিন্ধু লঙ্ঘিব,
রাখিব হে তোমার সম্মান ॥ ৯৫
ব'সে কর আশীর্ব্বাদ, ঘটে না যেন কোন প্রমাদ,
পারি যে যাইতেআসিতে।
ক'রো না সন্দেহ—শঙ্কা, এই আমি চল্‌লেম লঙ্কা,
প্রভু রামের অন্বেষিতে সীতে ॥ ৯৬

* * *

হনুমানের শ্রীরামপদ-চিন্তা

এত বলি হনুমান রাম-পদ করে ধ্যান,
বাহ্যজ্ঞান-বর্জ্জিত সাধনে।

[১] পাঠান্তর : ১ ও বড়—৮।

দেখিতেছে জ্ঞানচক্ষে, কমলার ধন কমলাক্ষে,
হৃদিপদ্মে পদ্মপলাশলোচনে॥ ৯৭
দেখি বিভু বিশ্বময়, হ'লো জ্ঞান-চন্দ্রোদয়,
অজ্ঞান-তিমির দূরে যায়।
বলে,—হে নীরদকায়! রেখো দুটি রাঙ্গা পায়,
অনুপায়ে তুমি হে উপায়॥ ৯৮
তুমি সূক্ষ্ম, তুমি স্থূল, তুমি সকলের মূল,
তুমি রাম গোলোকবিহারী।
তুমি নিত্য তুমি আদিত্য, তুমি পরম পদার্থ,
তব তত্ত্ব কিছু বুঝিতে নারি॥ ৯৯
কখন সৃষ্টি কর পালন, কখন কর বিনাশন,
নানা মূর্ত্তি কর হে ধারণ।
কখন হে মধুসূদন, বটপত্রে কর শয়ন,
কখন বা বিরাট বামন॥ ১০০
কখন সাকার নিরাকার, কত মূর্ত্তি কতবার,
অনন্ত না পান অন্ত তব।
আমি কি মাহাত্ম্য জানি, বলিতে নারেন বীণাপাণি,
তোমার মহিমা হে মাধব॥ ১০১
যে রূপ দেখিলাম প্রভু! এমন আর দেখি নাই কভু,
তুমি বিশ্বরূপ বিশ্বম্ভর!
ইন্দ্র চন্দ্র হুতাশন, পায় না তব দরশন,
অন্বেষণ করি নিরন্তর॥ ১০২
অন্যে কি পায় অন্বেষণ, মূলাধার যাঁর মূলাসন,
পীতবসন আসন তোমার।
আছ তুমি সর্ব্ব ঘটে, জেনে শুনে কি লভ্য ঘটে,
পড়িয়ে ঘোর সঙ্কটে, দেখি অন্ধকার॥ ১০৩

* * *

অহং[১]—একতালা

তোমার, কে বুঝিবে ভাব, ভব পরাভব,
মুকুন্দ-মাধব! শ্রীমধুসূদন।
হরি! কে পায় তব অন্ত, অনন্ত যায় ক্লান্ত,
তুমি হে নিতান্ত, কৃতান্ত-দলন॥
করলে ক্ষীরোদ উদ্ধার, তুমি গদাধর!
সৃজিয়ে সংসার, কর হে পালন।
তোমার ব্রহ্মা আজ্ঞাকারী, গোলকবিহারী,
হ'লে বনচারী কমললোচন!
কিবা বরণ উজ্জ্বল, জিনি নীলোৎপল,
অনীল নীলকণ্ঠ-ভূষণ,—
অসার সংসারে, আসা বারে বারে,
ঘুচাও একেবারে বারিদবরণ,—
আমার পঞ্চত্ব-সময়, দীন-দয়াময়!
দিও হে অভয়! অভয় চরণ॥ (ক)

* * *

হনূমানের লঙ্কায় গমন

স্তব করি হনূমান, সীতার উদ্দেশে যান,
এক লাফে উঠিল আকাশে।
দেখি মূর্ত্তি ভয়ঙ্কর, ভাস্কর মানি দুষ্কর,
রথ লয়ে পলাইল ত্রাসে॥ ১০৪
'যায় বীর অতি বেগে, সুরসা সাপিনী আগে,
পথ-মধ্যে আগুলিল আসি।
তারে করি পরাজয়, মুখে বলি রাম জয়,
বিনাশিল সিংহিকা রাক্ষসী॥ ১০৫
উত্তরিল গিয়ে পরে, লঙ্কার উত্তর ধারে,
লঙ্কাখানা করে টলমল।
রাবণ বলে দেখি দেখি, ভূমিকম্প হলো নাকি,
উথলে কেন সাগরের জল॥ ১০৬
ভাব্‌টা কিছু বুঝিতে নারি, অমঙ্গলটা বাড়াবাড়ি,
এক্ষণে সব হ'চ্ছে দেখ্‌তে পাই।
হেথায় হনূ করে বিবেচনা, আর কত করিব আনা গোনা,
মাথায় ক'রে লঙ্কাখানা, রামের কাছে যাই॥ ১০৭

* * *

পাঠান্তর : ১ বিভাস—ক।

লঙ্কার পথে উগ্রচণ্ডার সহিত হনূমানের সাক্ষাৎ

আবার ভাবে উচিত নয়, রাগে সকল নষ্ট হয়,
কার্য্যসিদ্ধি হয় না কোন মতে।
এত ভাবি চুপে চুপে, রুদ্র যান ক্ষুদ্র রূপে,
উগ্রচণ্ডার সঙ্গে দেখা পথে ॥ ১০৮
বাম হস্তে ধরি অসি, বলেন কে রে! ছদ্মবেশী!
কোথা যাবি বল কোন্ কার্য্যে।
হনূ বলে, হই রামের চর, পরম ব্রহ্ম পরাৎপর,
রাবণ হ'রে আনে তাঁর ভার্য্যে ॥ ১০৯
রাম-প্রিয়া জগতে মান্যে, এসেছি মা তাঁরি জন্যে,
কনকপুরে জনক-কন্যে, করতে অন্বেষণ।
তাঁর মহিমা কে বুঝিতে পারে,
অপার ভেবে এসেছি পারে,
দাসে যদি কৃপা ক'রে দেন দরশন ॥ ১১০
আপনি কে কার দারা, অসিতা-রূপা অসি-ধরা,
শুনি হাসি কহেন তারিণী।
কৈলাসে আমার বাস, শুন ওরে রামদাস!
নাম আমার ভব-নিস্তারিণী ॥ ১১১

হনূমানের উগ্রচণ্ডা-স্তব

হনূ বলে, মা! দণ্ডবত, পূর্ণ কর মনোরথ,
তুমি গো মা! পতিতপাবনী।
যোগমায়া যোগাঙ্গা আদ্যা, কালিকা সিদ্ধবিদ্যা,
মহাবিদ্যা হরের ঘরণী ॥ ১১২
ত্রিপুরে ত্রিপুরেশ্বরী, দিগ্বসনা দিগম্বরী,
ত্রিলোচনা ত্রিগুণধারিণী।
তুমি মা সকল গতি, নির্গুণা সগুণা সতী,
সৃষ্টি-স্থিতি-প্রলয়কারিণী। ১১৩
তুমি গো মা সর্ব্বোপরি, ব্রহ্মাণ্ড—ভাণ্ডোদরী,
অম্বিকে! অভয়া স্বাহা স্বধা।
শরণ্যে শর্ব্বাণী, ঈশ্বরী ঈশানী,
শারদা বরদা বরপ্রদা ॥ ১১৪

*   *   *

অহং[১]—একতালা

এ মা জগৎ-জননি!
ওগো মা নগেন্দ্র-নন্দিনি! তারিণি! সর্ব্বাণি!
ভবরাণি! বাণি! নারায়ণি!
এ মা কমলে! কামিনি! মাতঙ্গিনি! রঙ্গিনি! ॥
করাল-বদনি! মহাকাল-রাণি!
কাল-বারিণি! শিবানি! ভবানি!
তারা নীরদবরণি! নবীনে রমণি!
ত্রিনয়নি! এ মা! খট্টাঙ্গধারিণি!
নিশুম্ভদলনি! মায়া-প্রবর্দ্ধিনি!
কোটি-চন্দ্র-ভাতি, জিনি নিভাননি[২]!
দিগ্বাসিনি! রাতুল-চরণি!
দাশরথি চাহে চরণ দুখানি ॥ (ঐ)

*   *   *

স্তবে তুষ্টা ভগবতী, স্বস্থানে করেন গতি,
হনূমানে দিয়ে স্বর্ণলঙ্কা।
মনে মনে হনূমান, করিতেছে অনুমান,
তবে আর কারে করি শঙ্কা ॥ ১১৫

*   *   *

লঙ্কার সৌন্দর্য্য এবং ঐশ্বর্য্য-দর্শনে হনূমানের বিস্ময়

প্রবেশি লঙ্কার দ্বারে, দেখিতেছে চারি ধারে,
ফল-ফুলে শোভিত কানন।
বৃক্ষোপরে পক্ষী সব, করিতেছে কলরব,
কুহু কুহু ডাকে পিকগণ ॥ ১১৬

পাঠান্তর : ১ বিভাস—ক। ২ দিগ্বাসিনী—খ।

স্থানে স্থানে সরোবর, অতি রম্য মনোহর,
তাহে শোভে প্রফুল্ল কমল।
মন্দ মন্দ সমীরণ, বহিতেছে সর্ব্বক্ষণ,
গুঞ্জরিছে ভ্রমর সকল ॥ ১১৭
বিশ্বকর্ম্মার নির্ম্মিত, সৌন্দর্য্য যথোচিত,
দেখে সব স্বর্ণময় পুরী।
হনু বলে ইন্দ্রালয়, এর কাছে কি তুল্য হয়,
কিবা শোভা আহা মরি মরি ॥ ১১৮
বরুণ পবন দিবাকর, সকলেতে দেন কর,
শমনের সদা ভয় অন্তরে।
হার গেঁথে দেন ইন্দ্র, প্রত্যহ পূর্ণিমার চন্দ্র,
চন্দ্রদেব আসি উদয় করে ॥ ১১৯
গ্রহদের সব গ্রহ বিগুণ, তাঁদের খাটিতে হয় দ্বিগুণ,
শনির তো রন্ধ্রগত শনি।
মানে কেবল সদানন্দে, সদা আছে সানন্দে,
নিরানন্দের নিরানন্দ ধ্বনি ॥ ১২০
রাবণের দেখি ঐশ্বর্য্য, হনু বলে কি আশ্চর্য্য,
এমন তো দেখি নাই ত্রিভুবনে।
কি সাধনা সেধেছিল, কত পুণ্য করেছিল,
সেই পুণ্যে পরিপূর্ণ ধনে ॥ ১২১
ধনে পুত্রে লক্ষ্মীবন্ত, লক্ষ্মীর কৃপা নিতান্ত,
আপ্‌নি লক্ষ্মী এসেছেন কৃপা করি।
ব্রহ্মা ধ্যানে পান না যাঁরে, দশানন কি আন্‌তে পারে,
ভূলোকেতে গোলোকের ঈশ্বরী ॥ ১২২
কি দোষেতে লক্ষ্মীকান্ত, রাবণের প্রাণান্ত,
করিতে চান বুঝিতে কিছু নারি !
বলিকে যেমন ক'রে ছল, দিলেন তারে রসাতল,
আবার তার দ্বারে হলেন দ্বারী ॥ ১২৩
ভক্তির লক্ষণ নানা, আমার তো নাই সে সব জানা,
কোন্ সাধনা সাধিল রাবণ।
লক্ষ্মী এলেন অগ্রসার, এত পুণ্য হবে কার,
পশ্চাতে আসিবেন নারায়ণ ॥ ১২৪

আবার ভাবে হনুমান, ক'রেছে রামের অপমান,
ও বেটা তো পুণ্যবান নয়।
গুরুভক্তি থাকিলে পরে, তবে কি গুরু-পত্নী হরে ?
দুষ্টবুদ্ধি অতি দুরাশয় ॥ ১২৫
সকলি বেটার কুলক্ষণ, মদ্য মাংস ভক্ষণ,
কোন্ পুণ্যে হ'য়েছে লঙ্কাপতি !
কিন্তু শুনেছি পুরাণে কয়, পাপেতে পাপীর বৃদ্ধি হয়,
পশ্চাতে সব হয় বিনস্তি ॥ ১২৬
বিধির বুদ্ধি থাক্‌লে ঘটে, এ দুর্ঘট তবে কি ঘটে ?
বর দিয়ে তো মজাইল সৃষ্টি।
আ ম'রে যাই চতুর্ম্মুখ, দেখ্‌তে নাই তাঁর মুখ,
আটটা চক্ষে হলো না তাঁর দৃষ্টি ॥ ১২৭
বিধির যদি থাক্‌ত চক্ষু, ধার্ম্মিকের কি হ'তো দুঃখ,
অবশ্য তার হ'তো বিবেচনা।
ইক্ষু-গাছে ফলের সৃষ্টি, হ'লে যে হ'তো কত মিষ্টি,
তা হ'লে তাঁর বাড়িত গুণপনা ॥ ১২৮
আসল কর্ম্মে সকলি ভুল, চন্দন গাছে নাই ক ফুল,
যোগীর বাস বদরিকা-মূল, অধার্ম্মিকের কোটা।
শ্রীরামচন্দ্র বনচারী, ধরা-কন্যা ধরায় পড়ি,
ছি ছি ছি গলায় দড়ি,
বিধি রে ! তোর বুদ্ধি বড় মোটা ॥ ১২৯

* * *

সুরট—পোস্তা

বিধির নাই বিবেচনা, থাক্‌লে আর এমন হ'তো না।
স্বর্ণভূমি ফেলে রেখে, বেনাবনে মুক্ত বোনা ॥
ধার্ম্মিকের খাদ্-কাচা, অধার্ম্মিকের উড়ে কোচা,
সতীদের অন্ন যোড়ে না, বেশ্যাদের জড়োয়া গহনা ॥
রাবণের স্বর্ণ-পুরী, শ্রীরামচন্দ্র বনচারী,
পদ্মফুল ত্যাজ্য করি, যত্ন করে বুনো-পানা ॥
সৃষ্টি সব সৃষ্টিছাড়া, বাজিয়ে পায় শালের যোড়া,
পণ্ডিতে চণ্ডী প'ড়ে, দক্ষিণা পান চারিটি আনা ॥ (ঞ)

* * *

পূর্ণ হ'লো পাপের ভরা, অপেক্ষা আর নাইকো বাড়া,
হাতে হাতে কর্ম্মফল দেখাব।
কত আসিব বারে বারে, একবারে সপরিবারে,
সঞ্জীবনীপুরেতে পাঠাব॥ ১৩০
এত বলি হনুমান, দেখে বেড়ায় নানা স্থান,
কোন খানে সন্ধান করিতে পারে না।
দেখিতেছে অনিবারি, সকলের বাড়ী বাড়ী,
দুঃখে দুটি চক্ষে বারি, ধরে না॥ ১৩১

*　　*　　*

রাবণের অন্তঃপুরে হনুমানের
মন্দোদরী ও বৈষ্ণব দর্শন

গিয়ে রাবণের অন্তঃপুরে, দেখিতেছে ঘুরে ঘুরে
কোন্ ঘরে আছেন জানকী।
গিয়ে রাবণের ঘরে, বসিয়ে গবাক্ষ-দ্বারে,
হনুমান মারে, উঁকি ঝুঁকি॥ ১৩২
মন্দোদরীকে দেখে কয়, এ মেয়েটি মন্দ নয়,
রূপেতে ঘর করিয়াছে আলো।
সকলি সুলক্ষণ বটে, ভাব দেখে যে ভাবনা ঘটে,
ব্যাভারেতে লাগ্‌ল না তো ভাল॥ ১৩৩
যা হো'ক আমায় হবে দেখ্‌তে,
ফিরে যাব না প্রাণ থাক্‌তে,
পুনর্ব্বার খুঁজে সব দেখিব।
যদি না পাই মায়ের দরশন, লঙ্কাখানা বিনাশন,
প্রভাত কালে আমি তো কালি করিব॥ ১৩৪
মনে মনে আবার কয়, সাধিলে কর্ম্ম সিদ্ধ হয়,
মিথ্যা নয়, বেদের লিখন।
এত ভাবি চলে শেষ, দেখিল বৈষ্ণব-বেশ,
করিতেছে শ্রীরাম-কীর্ত্তন॥ ১৩৫
হরি নামাঙ্কিত গাত্রে, প্রেমধারা বহে নেত্রে,
করমালা করেতে করিছে।
প্রশংসিয়া হনু বলে, ধন্য রে রাক্ষসকুলে,
ক্ষীরের গাছে হীরের ফল ধরেছে॥ ১৩৬
কি আশ্চর্য্য মরি মরি! রাক্ষসেতে বলে হরি,
একি প্রভুর লীলা চমৎকার!
শুনেছি কথা পুরাণে বলে, প্রহ্লাদ জন্মে দৈত্যকুলে,
দৈত্যকুল করিল উদ্ধার॥ ১৩৭
হরি-কথাতে মতি যার, পুনর্জন্ম হয় না তার,
বাস তার গোলোক-উপরি।
জানে না কো জীব সকল, যে নামেতে শিব পাগল,
হরি-নামের যে কত ফল, বলিতে নারেন হরি॥ ১৩৮
হরি হরি যেবা বলে, মুক্তি তার করতলে,'
শিব ইহা[১] লিখেছেন তন্ত্রে।
কাটে মায়া-কর্ম্ম-পাশ, সর্ব্ব পাপ হয় বিনাশ,
তারকব্রহ্ম রাম-নাম-মন্ত্রে॥ ১৩৯
যেখানে আছেন হরিদাস, সেই খানে হরির বাস,
ভক্ত ছাড়া রন্-না অর্দ্ধদণ্ড।
ভক্তের মানে তাঁর মান, ভক্তে দিলে তিনি পান,
ভক্ত-দণ্ডে হয় তাঁর দণ্ড॥ ১৪০
যে সকল লোক হরি-ভক্ত, তারা সকলে জীবন্মুক্ত,
কেহ নহে তাঁদের সমান।
ত্রিজগতের চিন্তামণি, ভক্তের অধীন তিনি,
ভক্ত হয় তাঁহার পরাণ॥ ১৪১

*　　*　　*

ললিত—একতালা

শুধুই হরি হরি কর্‌লে হরি পাওয়া ভার।
নামের ফল, হয় কেবল,
অজ্ঞান-তিমিরাচ্ছন্ন, দেহে আছে পরিপূর্ণ,
সাধু ভিন্ন কেবা নাশে অন্ধকার॥
সাধু-দরশনে পাপ থাকে না,
অনম সফল তার সিদ্ধ হয় কামনা,
একবারে যায় সব যন্ত্রণা,—

পাঠান্তর : ১ সব—৮।

গণ্য নয় আর অন্য মতে, সার্থক সাধুর পথে,
পথের পথী হ'লে, হরি মেলে তার ॥ (ট)

* * *

অশোক বনে সীতার সহিত হনুমানের সাক্ষাৎকার

না থাকিলে সাধুর বল, হ'তো এত দিন রসাতল,
এই ব্যক্তির পুণ্যে কেবল, আছে লঙ্কাখান।
আর দেখিলাম যত ঘরে-ঘরে, পাপ কর্ম্ম সকলে করে,
কিছু মাত্র নাই ধর্ম্মজ্ঞান ॥ ১৪২
ধন্য বলি বিভীষণে, যায় জানকী-অন্বেষণে,
অন্য স্থানে রম্য স্থান যথা।
সর্ব্বদা অসুখ মন, সম্মুখে অশোক-বন,
দেখি হনূ উপনীত তথা ॥ ১৪৩
বৃক্ষমূলে হয়ে দুঃখী, ব'সে আছেন পূর্ণলক্ষ্মী,
রূপে আলো করেছে কানন।
চিত্রপুত্তলিকা-প্রায়, স্থিরচিত্তে হনূ চায়,
বলে বুঝি দেখিলাম স্বপন ॥ ১৪৪
আবার ভাবে তাতো নয়, ভূতলে কি চন্দ্রোদয়!
আবার ভাবে হবে সৌদামিনী।
কিঞ্চিৎ বিলম্ব পরে, আবার বিবেচনা করে,
ইনিই হবেন জনক-নন্দিনী ॥ ১৪৫
দেখিলাম একি চমৎকার, তুলনা কি দিব আর,
মা নইলে এত রূপ আর কার।
যা ব'লেছেন প্রভু রাম, স্বচক্ষে তা দেখিলাম,
দূরে গেল মনের আঁধার ॥ ১৪৬
প্রফুল্লিত হৃদ্পদ্ম, উদয় হ'লো জ্ঞানপদ্ম,
দেখি মায়ের পাদপদ্ম দুখানি।
দুটি চক্ষে বহে ধারা, বলে পরিচয় করি কেমন ধারা,
পশুজাতি,—কথার বা কি জানি ॥ ১৪৭
বিশেষ ক'রে বলিব কত, দ্বিতীয় প্রহর রাত্রি গত,
রাবণ আইল হেন কালে।
হনূ বলে দেখি রঙ্গ, কি কথার হয় প্রসঙ্গ,
ক্ষুদ্ররূপে লুকায় বৃক্ষডালে ॥ ১৪৮

* * *

সীতা ও রাবণ-সংবাদ

নারীগণ সব সঙ্গে ল'য়ে, গলায় বসন দিয়ে,
দাঁড়াইল সীতার সম্মুখে।
রাবণকে দেখে জানকী, জানুতে দুটি স্তন ঢাকি,
রামকে ডাকি বসিলেন অধোমুখে ॥ ১৪৯
রাবণ বলে,—ও সুন্দরি! এই দেখ মন্দোদরী,
ইনি তোমার হবেন আজ্ঞাকারী।
আমি তোমার হব দাস, থাকিব তোমার পাশ,
তুমি আমার হবে পাটেশ্বরী ॥ ১৫০
রামকে মিছে ডাকাডাকি, মিছে কেন মুখ-ঢাকাঢাকি
আমার সঙ্গে প্রীতি কর সম্প্রতি।
কেন মিছে ভাব দুঃখ, স্বর্গের অধিক পাবে সুখ,
আমার মন থাকিলে তোমা প্রতি ॥ ১৫১
রাম-নিন্দে করে রাবণ, দুটি করে দুটি শ্রবণ,
ঢাকিয়ে কন জনক-নন্দিনী।
তুই রামনিন্দে করিস্ পাষণ্ড, লোমকূপে যাঁর ব্রহ্মাণ্ড,
যে রামচন্দ্র জগৎ-চিন্তামণি ॥ ১৫২
তাঁরে জিন্‌তে ঠুক্‌ছিস্ তাল,
আয়ু নাই তোর অধিক কাল,
হয়ে এসেছে তোমার কাল পূর্ণ।
করিস্ নে আর বাড়াবাড়ি,
আমার কাছে বেঁড়ে জারী,—
করিবেন সেই দর্পহারী তোর দর্পচূর্ণ ॥ ১৫৩
শ্রীরাম-দর্পহারীর দাপে, রাখিবে তোর কোন্ বাপে?
পাপাত্মা! তোর পাপের লঙ্কা হবে ধ্বংস।
তুই যজ্ঞেশ্বরের কি যোগ্য হবি,
কুক্কুরে পায় কি যজ্ঞের হবি,
বিলম্ব নাই শীঘ্র হবি, সবংশে নির্ব্বংশ ॥ ১৫৪

সীতার কটূত্তর শুনে, বিষদৃষ্টে বিষনয়নে,
রাগে যেন গর্জ্জে বিষধরে।
সীতার করিতে দণ্ড, অমনি হ'লো উদ্দণ্ড,
অ-স্বীয়ভাবে অসি লয়ে করে॥ ১৫৫
দেখে সীতার জন্মে ভয়,
বলেন,—কোথা হে রাম দয়াময়!
বিপদে রাখ বিরূপাক্ষ-সখা।
ডাক্‌ছি তোমায় অবিরাম, নিদয় হইও না রাম!
সদয় হ'য়ে দেও হে একবার দেখা॥ ১৫৬

* * *

খট্‌ভৈরবী—একতালা

আর নাই উপায়, অন্ত প্রাণ যায়,
সহায় কেহ নাই আমার পক্ষে।
এমন সঙ্কটে, কোথা আছ রাম! নবঘনশ্যাম!
আসি রাক্ষসের করে কর হে রক্ষে॥
জন্মাবধি আমায় বাদী চতুর্ম্মুখ,
সুখের সাগরে উপজিল দুখ,
ধিক্ ধিক্ ধিক্, এমন দুখিনী—
না দেখি ত্রৈলোক্যে।
কি দোষে দাসীরে হইলে হে বাম।
শ্রীচরণ ভিন্ন জানিনে হে রাম!
অনন্ত ভূধর অন্তর্য্যামী নাম,
দেখা দিয়ে রাখ রাম নামের ব্যাখ্যে॥ (ঠ)

* * *

নিকটে ছিল মন্দোদরী, ব্যস্ত হয়ে হস্ত ধরি,
লঙ্কানাথে বুঝায় লঙ্কেশ্বী।
গো স্ত্রী বালক বৃদ্ধ, ব্রাহ্মণ বৈষ্ণব সিদ্ধ,
এরা কখন নয় বধ্য, ব্রহ্মচারী দণ্ড্যাদি সন্ন্যাসী॥ ১৫৭
মন্দোদরীর শুনি বচন, করিয়ে রাগ-সম্বরণ,
নিকটে ডাকিয়ে চেড়ীগণ।
বলে, বুঝায়ে বলিস্ ভালমতে,
আমা প্রতি প্রীতি জন্মে যাতে,
এত বলি করিল গমন॥ ১৫৮

শুনিয়ে আইল চেড়ী, শূর্পণখা-আদি করি,
সীতাকে সকলে ঘেরি, হানে বাক্যবাণ।
কহে নানা কটু ভাষা, তোর লাগি কর্ণ নাসা,
গিয়েছে আমার, হয়েছে হত মান॥ ১৫৯

* * *

সীতার বিলাপ

মারে ধরে করে তাড়ন, সীতা বলে হে ভবতারণ,
কোথা আছ তারো এ সঙ্কটে।
যাতনা আর কত সব, আমার ক্ষতি নাই মাধব,
নিষ্কলঙ্ক নাম তব, কলঙ্ক পাছে ঘটে॥ ১৬০
তুমি হে রাম অন্তর্য্যামী! অনন্ত ব্রহ্মাণ্ড-স্বামী,
আছ হে রাম! সবারি অন্তরে।
কি দোষ দাসীর দেখিয়ে, অন্তরের অন্তর হ'য়ে,
রেখেছ নাথ! আমারে অন্তরে॥ ১৬১
আমি আর কিছু জানিনে রাম! নবদুর্ব্বাদলশ্যাম,
ভিন্ন অন্য দেখিনে নয়নে।
তব পদ ভালবাসি, দিয়ে চন্দন তুলসী,
পূজি হে রাম! দিবানিশি শয়নে স্বপনে॥ ১৬২
কিসে বিড়ম্বিল বিধি, পেয়ে হারালেম গুণনিধি,
পশুপতির আরাধ্য-ধন ধনে।
আমার কপাল গুণে, পিতৃসত্য-সাধনে,
দ্বাদশ বৎসর এলে বনে॥ ১৬৩
সাধ ছিল অযোধ্যা-ধামে, রাজা হবেন রাম বসিব বামে,
সে আশা আর পূর্ণ হ'লো কই।
কোথা হবে অভিষেক, পেলাম অধিক শোক,
বন পাঠায়ে দিলেন কৈকেয়ী॥ ১৬৪
অদৃষ্টের লিপি কেবা খণ্ডে, যিনি কর্ত্তা এ ব্রহ্মাণ্ডে,
তাঁর ভার্য্যা হ'য়ে এত যন্ত্রণা।
কালেতে সকলি করে, সিংহের ধন শৃগালে হরে,
সেটা কেবল বিধির বিড়ম্বনা॥ ১৬৫

শুনিয়া সীতার দুখ, বিদরিয়া যায় বুক,
হনূ বলে আর তো সৈতে নারি।
হয় হবে নারী-হত্যে, আসি নাই আমি তীর্থ করতে,
নারী বেটীদের বারি করিব নাড়ী। ১৬৬
আবার বিবেচনা করে, যা হয় তাই করিব পরে,
আর কি করে তাও দেখা চাই।
থাকি এখন গুপ্ত হ'য়ে, শেষে যাব শাস্তি দিয়ে,
প্রকাশ হ'য়ে এখন কার্য্য নাই। ১৬৭
এত ভাবি বীর বসিল ডালে, ত্রিজটা কয় হেন কালে,
স্বপ্ন দেখে কেঁপে উঠিল প্রাণ।
প্রাতে একটা হবে দ্বন্দ্ব, ফলিবে স্বপ্ন নিঃসন্দ,
সীতাকে কেউ ব'লো না মন্দ, চাও যদি কল্যাণ। ১৬৮

* * *

হনূমান্ কর্ত্তৃক শ্রীরামচন্দ্রের আখ্যান-বর্ণন

স্বপ্ন শুনি চেড়ীগণ, ত্যজিল অশোক-বন,
অন্য স্থানে করে পলায়ন।
সীতা রহিলেন একাকিনী, ত্রৈলোক্যের মাতা যিনি,
বৃক্ষমূলে করিয়া শয়ন। ১৬৯
তখন মনে মনে হনূ বলে, হঠাৎ নিকটে গেলে,
বিশ্বাস তো করিবেন না তিনি।
শ্রীরাম ব'লে ডাকি দেখি, চান যদি চন্দ্রমুখী,
রাম নামে হ'য়ে আহ্লাদিনী। ১৭০
বসিয়া বৃক্ষের ডালে, জয় সীতারাম বদনে বলে,
অশ্রুজলে ভাসে দু-নয়ন।
সময় পেয়ে হনূমান্, আপন মনে করে গান,
মধুর স্বরে শ্রীরাম-কীর্ত্তন। ১৭১

* * *

বিভাস—ঝাঁপতাল

ত্যজ রে বিষয়-বাসনা, ভজ রে রামচরণ।
ভবের বৈভব রাম,—ভব-ভয়-তারণ॥
দশরথের নন্দন, জগত-মনোরঞ্জন,—
দিয়ে তুলসী চন্দন, লহ রে তাঁর শরণ॥
দেখ রে মন! হইও না ভ্রান্ত,
রামনাম দ্বি-অক্ষর-মন্ত্র, জপ রে সেই মহামন্ত্র,
দেখে ক্ষান্ত হবে শমন।
গুণাতীত[১] সে রঘুপতি, আরাধিয়ে পশুপতি,
পতিত-জনার গতি, হরি পতিত-পাবন॥ (ভ)

* * *

সীতা ও হনূমান্ সংবাদ

শুনিয়ে রাম নামের ধ্বনি, চক্ষু মেলি চান অমনি,
মৃগনয়নী শাখামৃগ-পানে।
দেখেন একটী ক্ষুদ্রকায়, নয়ন-জলে ভেসে যায়,
মত্ত চিত্ত রাম-গুণ-গানে। ১৭২
সীতাদেবী ভাবেন চিত্তে, এসেছে আমায় ভুলাইতে,
কপিরূপে রাবণের চর।
নইলে কে আসিবে লঙ্কা, নাশিতে অভাগিনীর শঙ্কা,
পার হ'য়ে অলঙ্ঘ্য সাগর। ১৭৩
মায়াধারী কে হবে বানর, ভাবি সীতা অতঃপর,
বিশ্বাস না হয় কদাচিত।
চিন্তাযুক্ত হনূমান্, মা কিসে প্রত্যয় যান,
আরো কিছু করি গান, রামনামামৃত। ১৭৪
অযোধ্যানগরে ধাম, দশরথ-পুত্র রাম,
পঞ্চবর্ষে তাড়কা বধিলা।
তদন্তে হরের ধনু, ভাঙ্গিল নীলাব্জ-তনু,
সীতা-সতী বিবাহ করিলা। ১৭৫
কিবা গুণ আহা মরি, স্বর্ণ হলো কাষ্ঠতরী,
পাষাণ মানবী পদ-স্পর্শে।
দরশন করিলে রামে, মুক্ত জীব পরিণামে,
সুধামাখা রামনামে, বলিতে সুধা বর্ষে। ১৭৬
জিনিয়া পরশুরামে, গেলেন অযোধ্যাধামে,
রাম-সীতা-শোভা চমৎকার।

পাঠান্তর: ১ গতিনাথ—গ।

দেখি সবার যুড়াল আঁখি, রাজা হবেন কমল-আঁখি,
শুনিয়া আনন্দ সবাকার। ১৭৭
কৈকেয়ী যে হ'লো বাম, বনে দিল সীতা রাম,
শোকে দশরথ ছাড়ে কায়।
সঙ্গে যান লক্ষ্মণ, ভ্রমণ করেন বন,
শূর্পণখা আইল তথায়। ১৭৮
রামকে ভজিতে চায়, সীতাকে খাইতে যায়,
লক্ষ্মণ কাটেন নাক কান।
শূর্পণখা রাবণে কয়, রাবণ হয়ে বিস্ময়,
রাগেতে হইল কম্পবান। ১৭৯
সঙ্গে লয়ে মায়ামৃগী, হইয়ে পরম যোগী,
লুকাইয়া থাকে বৃক্ষ-আড়ে।
মৃগী দেখি মৃগনয়নী, রামকে কহেন অমনি,
স্বর্ণমৃগী ধরে দেহ আমারে। ১৮০
শুনিয়া সীতার বাক্য, ধরিতে মৃগী কমলাক্ষ,
ধনু লয়ে যান শ্রীরাম ধানুকী।
শুনি সীতার কটু কথা, লক্ষ্মণ গেলেন তথা,
দশানন হরিল জানকী। ১৮১
মৃগী বধি আসি তথা, কুটীরে না দেখি সীতা,
কেঁদে বেড়ান হইয়া অধৈর্য্য।
সুগ্রীবের পেয়ে দেখা, তাহাকে বলিয়া সখা,
বালি ব'ধে দেন তারে রাজ্য। ১৮২
সুগ্রীব সহায় হ'য়ে, বানর কটক ল'য়ে,
দেশে দেশে করেন ভ্রমণ।
সেই আজ্ঞা অনুসারে, আসিয়াছি সিন্ধু-পারে,
করিতে জানকী-অন্বেষণ। ১৮৩

* * *

হনূমানের অমরত্ব বর লাভ

শুনিয়া বিশেষ কথা, বিশ্বাস করেন মাতা,
মৃদুস্বরে কন হনূমানে।
হও যদি রামের চর, আমার বরে হও অমর,
বাড়ুক বল, থাক বাছা! কল্যাণে। ১৮৪

যুড়াল কর্ণ যুড়াল প্রাণ, রাম-নামে রে হনূমান্!
তাপিত অঙ্গ শীতল হইল।
হয়ে ছিলাম রে জীবন্মৃত, শুনিয়ে রাম-নামামৃত,
দেহে আমার জীবন সঞ্চারিল। ১৮৫

* * *

খাম্বাজ—একতালা

মরি, কি শুনালি রে সুকল রাম-নাম সুধা-মাখা।
কবে সে দিন হবে, দেখিব রাঘবে,
সেই আশ্বাসে কেবল জীবন রাখা।
সর্ব্বদা অসুখ অশোক বন-মাঝে,
যে করে পরাণী বলিব কার কাছে,
অবশেষে আমার আরো বা কি আছে,
কর্ম্ম-ফলাফল কপালে লেখা। (ঢ)

* * *

সীতাকে হনূমানের শ্রীরামচন্দ্র-দত্ত অঙ্গুরী প্রদান

হনূ বলে মা! তোমায় কই, জানি নে অভয় চরণ বই,
আসিবার কালে ব'লে দিয়েছেন হরি।
মা তোমার বিশ্বাসের জন্য, হীরাতে জড়িত স্বর্ণ,
দিয়েছেন তাঁর হস্তের অঙ্গুরী। ১৮৬
শুনিয়ে অঙ্গুরীর কথা, দাও বলি বিশ্বমাতা,
পদ্মহস্ত পাতিলেন অমনি।
আস্তে ব্যস্তে হনূমান, অঙ্গুরীটি করে প্রদান,
দেখিয়া কহেন চন্দ্রাননী। ১৮৭
হ'লো আমার বিশ্বাস-জনক, রামকে যৌতুক দিয়েছেন জনক,
এ অঙ্গুরী বিবাহের কালে।
সে সকল সুখ হ'লো বঞ্চিত, রাক্ষসেতে করে লাঞ্ছিত,
আর কত আছে রে কপালে। ১৮৮
যা হয় হ'ক ভাগ্যে আমার, বল রে কুশল সমাচার,
কেমন আছেন লক্ষ্মণ শ্রীরাম।
হনূ বলে মা! সুমঙ্গল, ভাল আছেন নীলকমল,
কমল-আঁখির আঁখির জল, নাই মা! বিরাম। ১৮৯

তোমার জন্যে দুটি ভাই, অসুখ মনে সর্ব্বদাই,
বনে বনে করেন ভ্রমণ।
আহার-নিদ্রা কিছু নাই, বলেন বৈদেহীকে কোথা পাই,
এই বাক্য সদা সর্ব্বক্ষণ ॥ ১৯০

হনুর শুনিয়ে বাণী, কাঁদি কন রাম-রাণী,
তা হ'তে দুঃখ বেশী রে আমার।
দেখ রে বাছা বর্ত্তমান, দেহে মাত্র আছে প্রাণ,
তাও বুঝি থাকে না রে আর ॥ ১৯১

দুঃখের কথা বলি কায়, শয়ন আমার মৃত্তিকায়,
মৃত্যুপ্রায়' হ'য়ে আমি আছি।
গিয়েছে রে সুখ—দুঃখে প্রবর্ত্ত, সময় পে'য়ে বলবন্ত,
পঞ্চত্ব হ'লে এখন বাঁচি ॥ ১৯২

ত্রিভুবনে ছিলাম ধন্যা, জনক-রাজার কন্যা,
হ'য়ে এত হ'লো রে দুর্গতি।
জনক-কন্যা নইরে শুধু, দশরথ-পুত্রবধূ,
জগৎপতি রঘুপতি পতি ॥ ১৯৩

তথাপি রাক্ষসে দণ্ডে, দিবা নিশি দণ্ডে দণ্ডে,
দণ্ড যমদণ্ডকে জিনিয়ে।
শুন বাছা মারুতি! রামকে আমার ভারতী,
জানাইবে বিশেষ করিয়ে ॥ ১৯৪

ভাল ক'রে বুঝায়ে কবে, বল রে আসিবি কবে,
বিলম্ব হ'লে না রবে জীবন আমার।
লক্ষ্মণে আর সুগ্রীবেরে, সকল দুঃখ জানাবে রে,
মারুতি রে! তোরে দিলাম ভার ॥ ১৯৫

* * *

সুরট—কাওয়ালী

ব'লো ব'লো হনুমান্!
যত দুঃখ রে, সব দেখ রে—
আর সহে না সহে না হৃদে রাক্ষসের অপমান ॥
ছি ছি রাজার নন্দিনী হ'য়ে, চিরকাল দুঃখ স'য়ে,
দুঃখের সাগরে আমি ভাসিলাম,
সুখের কি সুখ তা না জানিলাম।
এ জীবনে ধিক্, কি বলিব অধিক,
দেহ ফেটে যেতো, যদি হ'তো রে পাষাণ ॥ (৭)

* * *

হনুমানের আম্র-ফল ভোজন

হনু বলে, মা নিবেদন করি গো তোমারে।
আপনি যে করিলেন আজ্ঞা, বলিব সবাকারে ॥ ১৯৬
আর চিন্তা ক'রো না মা চিন্তামণি-প্রিয়ে!
তোমায় উদ্ধারিবেন রাম, রাবণে বধিয়ে ॥ ১৯৭
অচিরে তোমার দুঃখ হইবে মোচন।
রামকে কি দিবে দাও, তব নিদর্শন ॥ ১৯৮
শুনিয়ে সম্মত হন জগত-জননী।
হনুমানের হস্তে দেন মস্তকের মণি ॥ ১৯৯
আর পাঁচটি আম্র-ফল দিয়ে কন তাহারে।
শ্রীরাম লক্ষ্মণ আর সুগ্রীব বানরে ॥ ২০০
তিন জনে দিবে তিনটী, আপনি একটী লবে।
আর একটী ফল বাঁটি, সব বানরে দিবে ॥ ২০১
যে আজ্ঞা বলিয়ে হনু করিল গমন।
সমুদ্রের ধারে গিয়ে ভাবে মনে মন ॥ ২০২
লুকিয়ে এলাম, লুকিয়ে যাব, ভাল হয় না কর্ম্ম।
চেড়ী বেটীদের মারিব আজি হয় হবে অধর্ম্ম ॥ ২০৩
করিব একটা হানাহানি কীর্ত্তি যাব রেখে।
সকলেতে হাসে যেন লঙ্কাখানা দেখে ॥ ২০৪
এতেক চিন্তিয়া হনু বসিল তখন।
আপনার ফলটী অগ্রে করিল ভক্ষণ ॥ ২০৫
খাইয়া অমৃত ফল পেয়ে আস্বাদন।
বলে, বহু সৈন্য এক ফল হবে না বণ্টন ॥ ২০৬
এতেক চিন্তিয়া বীর সে আম্রটী খায়।
সুগ্রীবের ফলটী পানে, বারে বারে চায় ॥ ২০৭

বলে, সুগ্রীব আমাদের রাজা, তার ফলের অভাব নাই।
যা হয় তাই হবে ভাগ্যে, এ ফলটী খাই ॥ ২০৮
একে একে হনূমান্ খায় তিন ফল।
লক্ষ্মণের ফলটী দে'খে জিহ্বায় সরে জল ॥ ২০৯
খাব কি না খাব ব'লে, অনেক ভাবিল।
লক্ষ্মণে প্রণাম করি, সে আম্রটী খাইল ॥ ২১০
শ্রীরামের ফলটী ল'য়ে নাড়াচাড়া করে।
একবার বলে খাই, একবার বলে খাব না ভয়ে ॥ ২১১
এইরূপে হনূমান্ অনেক চিন্তিল।
যা কর, হে রাম ! ব'লে বদনে ফেলে দিল ॥ ২১২
চর্ব্বণ করিল ফল গিলিবারে চায়।
আটাকাটী দিয়ে আঁটি লাগিল গলায় ॥ ২১৩
ত্রাহি ত্রাহি করে হনূ বলে প্রাণ যায়।
কোথা আছ রামচন্দ্র ! রাখ এই দায় ॥ ২১৪
তোমায় ভ'জে পায় লোকে চতুর্ব্বর্গ ফল।
সামান্য ফলের জন্য এতো দিলে প্রতিফল ॥ ২১৫
পশুকুলে জন্ম আমার জনম বিফল।
জানি নে হে রামচন্দ্র ! ধর্ম্মাধর্ম্ম-ফল ॥ ২১৬
কর্ম্ম-ফলে বনে বনে খেয়ে বেড়াই ফল।
ভবে এসে কোন কর্ম্ম হ'লো না সফল ॥ ২১৭

* * *

খাম্বাজ—একতালা

গেল দিন ভবের হাটে।
ও কি হবে ! রবি বসিল পাটে ॥
আসা-যাওয়া সার, হ'লো বারে বার,
কিসে হবে পার, ভবের ঘাটে ॥
না ফলিলো আমার আশা-বৃক্ষের ফল,
কর্ম্ম-ফলে বনে খে'য়ে বেড়াই ফল,
নাইকো পুণ্যফল, কর্ম্মসূত্র-ফল কি ফলে কাটে।
গুরুদত্ত তত্ত্ব মনে করি যদি,
ভুলাইয়া রাখে ছ'জন প্রতিবাদী,
তাই ভাবি নিরবধি, স্বীয় গুণে রাখ সঙ্কটে ॥ (ত)

* * *

হনূ বলে রাম রাম, নামিল ফল হ'লো আরাম,
বিরাম করিল চারি দণ্ড।
বলে, আঁটিটী গলায় লেগে এঁটে, মরেছিলাম দম ফেটে,
জ্ঞান ছিল না হয়েছিল প্রাণদণ্ড ॥ ২১৮
লোকে বলে রাম দয়াময়, তার তো পেলাম পরিচয়,
বলিতে হ'লে অপরাধ হয় পাছে।
ভক্তাধীন শুন্‌তে পাই, তার তো লক্ষণ কিছু নাই,
কেবল নামের গুণ আর চরণের গুণ আছে ॥ ২১৯
সে সব কথায় কাজ কি আর, লঙ্কা গিয়ে পুনর্ব্বার,
ফলের শেষ ক'রে তবে ছাড়িব।
আম্র কাঁঠাল আনারস, নানা ফলের নানা রস,
পক্ব ফল বেছে বেছে পাড়িব ॥ ২২০
আর যে কার্য্যেতে এসেছিলাম, তাতে কৃতকার্য্য হ'লাম,
আসিবার সময় লুকিয়ে এলাম,
যাবার বেলায় লুকিয়ে যাওয়া, ভাল হয় না কর্ম্ম !
চুরি ক'রে করলে কাজ, পরে পেতে হয় লাজ,
অপযশ ঘোষে লোকে জন্ম ॥ ২২১
লুকিয়ে কর্ম্ম যে যা করে, প্রকাশ হ'তে থাকে না পরে,
লুকিয়ে গেলে পরে লজ্জা পাব।
ঘটে ঘটিবে ব্যতিক্রম, জানাব কিছু পরাক্রম,
লঙ্কাখানা সমভূম ক'রে তবে যাব ॥ ২২২
এত বলি পুনরায়, অশোকবনে হনূ যায়,
সীতা দেখি বলেন তায়, বাছা ! এলে কি কারণ।
হনূ বলে, মা যজ্ঞেশ্বরি ! ফল খেয়ে লোভ হয়েছে ভারি,
আর কিছু ফল করিব ভক্ষণ ॥ ২২৩

* * *

হনূমান্ কর্ত্তৃক রাবণের অশোক-বন-ভঙ্গ

শুনি কন বিশ্বমাতা, সে ফল আর পাব কোথা,
হনূ বলে, তার বৃক্ষ দাও মা ! দেখিয়ে।
সীতা বলে ঐ দেখা যায়, রক্ষক সব আছে তথায়,
খাবা-মাত্র তখনি দেবে বল দেখিয়ে ॥ ২২৪

হনূ বলে সে পরের কথা, পরে জান্‌তে পারিবে মাতা!
সে সব কথায় এখন কার্য্য নাই।
রক্ষকে কি করিবে বল, আমাকে যদি করে বল,
তার প্রতিফল পাবে আমার ঠাঁই॥ ২২৫

শুনি জানকীর জন্মে ভয়, বলেন হনূটা বড় মন্দ নয়,
সন্ধ করে না, দ্বন্দ্ব কর্‌তে চায়।
মানে না কথা নিষেধ কর্‌লে, রামের চর জান্‌তে পার্‌লে,
হবে হনূর প্রাণ বাঁচান দায়। ২২৬

যা হ'ক্ এখন কোন রূপে, কেউ না জানে চুপে চুপে,
দেশে যেতে পার্‌লে ভাল হয়।
সে কথা না শুনে হনূ, রুদ্র করে ক্ষুদ্র তনূ,
বৃক্ষে উঠে হইয়ে নির্ভয়॥ ২২৭

কাননে যত ছিল ফল, মানসে রামকে দিল সকল,
বলে, প্রভু ফলে কর দৃষ্ট।
আর যেন লাগে না গলায়, একবার খেয়ে ভুগেছি জ্বালায়,
পেয়েছিলাম অতি বড় কষ্ট। ২২৮

এত বলি বসিল আহারে, দেখে বলে সবে, আহা রে!
কোথা হতে এ বাহারের, বানর একটী এলো।
কাছে গেলে দেখায় ভাব্‌কি,[১]
বল দেখি ভাই! এর ভাব কি?
ক্ষুদ্র ছিল এখনি বড় হ'ল॥ ২২৯

এতো হল বিষম জালা, ভাঙ্গিল সকল গাছপালা,
আমাদিগে ভাই করে বড় ত্যক্ত।
যোগে যাগে ভাই ধর বানরে, শুধু হবে না জাল আন রে,
নৈলে ওরে ধরা বড় শক্ত। ২৩০

এত বলি রক্ষকেরা, হনূমানকে দিল তাড়া,
হনূ বলে ধরেছে মতিচ্ছন্ন।
তাদের প্রতি হয়ে রুক্ষ, শত শত উপাড়ি বৃক্ষ,
বৃক্ষাঘাতে করে সব চূর্ণ। ২৩১

অবশিষ্ট দুই এক জন দৈবে তারা পায় জীবন,
রাবণকে সব জানায় সমাচার।
গেল গেল গেল বাগান, রাখ রাখ হে রাখ পরাণ,
ম'লো ম'লো সব রক্ষক তোমার॥ ২৩২

* * *

সুরট—একতালা

সব গেল গেল হ'লো প্রাণদণ্ড।
একটা বানরে বধে রাক্ষসেরে,
তার ভয়ে কাঁপে চরাচর বিপরীত কাণ্ড।
রাক্ষস সৈন্য সমস্ত সমরে হ'লো পরাস্ত,
শমনসমান সে প্রচণ্ড।
অনাসে বৃক্ষ উপাড়ে, কারে বা ধ'রে আছাড়ে,
সবাকারে করে লণ্ডভণ্ড।
বলিতে অসম্ভব, হলাম পরাভব,
পারে একেশ্বরে নাশিবারে জগত ব্রহ্মাণ্ড॥ (খ)

* * *

ইন্দ্রজিতের সঙ্গে যুদ্ধে হনুমানের বন্ধন

শুনে ক্রোধে লঙ্কেশ্বর, বলে ধ'রে আন বানর,
যাও পুত্র অক্ষয় কুমার।
যাবা মাত্র রণস্থল হনূ দেখায় যমস্থল,
দূত গিয়ে দিল সমাচার॥ ২৩৩

শুনিয়ে ধূলায় পড়ি শোকে যায় গড়াগড়ি,
জুড়ি চক্ষে শতধারা পড়ে।
পুত্রশোকে করি বিষাদ বলে কোথা রে মেঘনাদ
শীঘ্র ধ'রে আন রে বানরে। ২৩৪

পিতৃ-আজ্ঞায় ইন্দ্রজিত, যজ্ঞের যে রীতিনীত,
অস্ত্র অস্ত্র সৈন্য সঙ্গে নিল।
যাবা মাত্র বাধিল যুদ্ধ, হনূমান্ হ'য়ে ক্রুদ্ধ,
সৈন্যগণ সকলি নাশিল। ২৩৫

ইন্দ্রজিত তদন্তরে, অনেক সমর করে,
কোন রূপে নাহি পারে জিনতে।

পাঠান্তর: ১ ভেলকি—খ।

মনেতে পাইয়ে ত্রাস, ব্রহ্মঅস্ত্র নাগপাশ,
এড়িল অনেক ভেবে চিন্তে। ২৩৬
পাশে বন্দী হনুমান্ হ'য়ে করে অনুমান
ব্রহ্মঅস্ত্র অপমান করা উচিত হয় না।
এত ভাবি চুপটি ক'রে, মরার মতন থাকিলো পড়ে,
বলে বেটা মাথায় ক'রে লয়ে কেন যায় না। ২৩৭
ইন্দ্রজিত কয় সৈন্যগণে লয়ে চল রে হনুমানে
রাজার সদনে শীঘ্র করি।
ইন্দ্রজিতের আজ্ঞা পায়, অনেক রাক্ষস ধায়,
ল'য়ে যায় ক'রে ধরাধরি। ২৩৮

* * *

রাবণ ও হনুমান্ সংবাদ

ফেলে গিয়ে রাজসভাতে, ভয়ে সকলে যায় তফাতে,
নিকটস্থ হ'তে কেউ চায় না।
রাবণ বলে রে দেখিস্ দেখিস্, ভাল করে ফিরিয়ে রাখিস্,
লেজটা যেন আমার দিকে রয় না। ২৩৯
সাবধানেতে ধর সবাই, লেজকে ওদের বিশ্বাস নাই,
লেজের জ্বালায় অদ্যাবধি জ্বলছি।
লেজটা ওদের বড় দূষী, যমদণ্ড হতেও বেশী,
সাবধানেতে থেকো আমি বলছি। ২৪০
লেজকে নিন্দি লঙ্কেশ্বর, বলে ওরে বনচর!
হয়ে এলি কার চর, হাঁরে বেটা শাখামৃগ জঙ্গলি।
কেন এলি বল কিসের কারণ, কেন বধিলি সৈন্যগণ,
সখের বাগান কেন ভাঙ্গলি। ২৪১
কি নাম তোর বাড়ী কোথা, এত বড় কি যোগ্যতা,
হানা দিলি আমার লঙ্কায়।
সুরাসুর কিন্নর নর আদি সকলে করে ডর,
সদা কাঁপে শমন শঙ্কায়। ২৪২
তুই কোন্ সাহসে এলি বল্, কার বলে তোর এত বল,
পশু হয়ে পশুপতি মান না।
সমুচিত তার পাবি দণ্ড, কেটে করিব খণ্ডখণ্ড,
দোর্দ্দণ্ড আমি তা জান না। ২৪৩

হনু বলে তোর সকলি জানি, ভুলে গিয়েছিস বুঝি ইদানী,
উচিত কথায় করিস্ করবি রাগ।
তোর বীরত্ব প্রকাশ আছে, গিয়েছিলি বালির কাছে,
এখন তার চিহ্ন আছে গলায় আছে দাগ। ২৪৪
বলি রাজার কথাটা বলি, চেড়ীদের উচ্ছিষ্ট খেলি,
অশ্বশালে বাঁধা ছিলি, তবু হ'লো না লাজ।
এখন সে সব পড়ে না মনে, মত্ত আছ রাজ্যধনে,
বসেছ রাজসিংহাসনে, হ'য়ে মহারাজ। ২৪৫
নির্লজ্জ তোর নাইক মরণ, ভাইপো-বধূ করিলি হরণ,
মনের মধ্যে হ'লো না কোন সন্ধ।
খুঁজে বেড়াস্ লোকের ছিদ্র, মর বেটা অভদ্র,
ব্যাভারে তুই পশু হতে মন্দ। ২৪৬
চাইলি আমার পরিচয়, ব্যাভার আছে দিতে হয়,
শোন্ তবে বলি রে তদন্ত।
বাস আমার বীরনগর, সুগ্রীব রাজার চর,
নাম রামদাস হনুমন্ত। ২৪৭
মা জানকীর অন্বেষণে এসেছি লঙ্কাভবনে,
চৌদ্দ ভুবন তোরে দেখাইব।
রামনামে বাজিয়ে ডঙ্কা, সিন্ধুনীরে ডুবায়ে লঙ্কা,
লেজে বেঁধে তোরে লয়ে যাব। ২৪৮

* * *

খাম্বাজ—পোস্তা

বানরের অধিপতি করেছেন অনুমতি
যাও মারুতি লঙ্কাপুরে।
বেন্ধে করে করে লঙ্কেশ্বরে লয়ে এস মোর গোচরে।
রাজ্যে তার দিবি হানা মানিবিনে কারু মানা
উপাড়ি লঙ্কাখানা ডুবাইবি সিন্ধুনীরে।
বলেছেন আর এক কথা, যদি না আন হেথা,
রাবণের দশটা মাথা, ছিঁড়ে ফেলিবি এক চাপড়ে। (দ)

* * *

হনুর কথা শুনে রাবণ রাগেতে প্রচণ্ড।
বানরে বেটা লঙ্কাখানা কল্লে লণ্ডভণ্ড। ২৪৯

আজি বেটাকে কাটিয়ে করিব খণ্ডখণ্ড।
করে করি লয়ে দণ্ড দণ্ডিতে উদ্দণ্ড॥ ২৫০
নিষেধিল বিভীষণ করোনা হেন কর্ম্ম।
দূতেরে মারিলে বড় হইবে অধর্ম্ম॥ ২৫১
বিচারিয়া দেখ দূতের প্রাণদণ্ড নাস্তি।
বড় দুষী হয় যদি দিতে পারে শাস্তি॥ ২৫২
অতএব শত্রুদূতে করিবে তাড়ন।
নানাবিধ অপমান মস্তক মুণ্ডন॥ ২৫৩
বেদ পুরাণ আদি বিধি সব তুমি জান।
জেনে শুনে দূতেরে দণ্ডিতে চাও কেন॥ ২৫৪
গো-স্ত্রী-বালক-বৃদ্ধ ব্রাহ্মণ ব্রহ্মচারী।
যোগী-ঋষি বৈষ্ণব সন্ন্যাসী দণ্ডধারী॥ ২৫৫
কোন সূত্রে এরা যদি অপরাধী হয়।
ধর্ম্মশাস্ত্রমতে তারা বধযোগ্য নয়॥ ২৫৬
পূর্ব্বাপর আছে এই নীতি ব্যবহার।
দূতের দ্বারায় জ্ঞাত হবে সমাচার॥ ২৫৭
আত্মকথা পরকথা দূতমুখে শুনি।
কাটিবারে চাহ রাজা অনুচিত বাণী॥ ২৫৮
রাবণ বলে বিভীষণ বল্লে শাস্ত্রমত।
হ'তে হয় সম্মত কিন্তু হ'লো না মনোমত॥ ২৫৯
কি লভ্য হইবে হনুর মুড়ন মাথা মুড়িয়ে।
লেজে আগুন দিয়ে বেটার লেজটা দাও পুড়িয়ে॥ ২৬০
ঘৃতে ডুবাইয়া বস্ত্র লেজেতে দাও জড়িয়ে।
পাবক দিয়ে পাতকী বেটাকে এখনি দাও তাড়িয়ে॥ ২৬১
সব লেজটা পোড়ে যেন থাকে না এক বিন্দু।
বেঁড়ে দেখে হাস্য যেন করে জ্ঞাতিবন্ধু॥ ২৬২

হনুমানের লঙ্কাদাহন

কুপিত হইল শুনে পবনকুমার।
যত বস্ত্র দেয় তত লেজ বাড়ে তার॥ ২৬৩
লেজে বস্ত্র যোগ করিতে যোগাতে নারে আর।
তৈল ঘৃত হল হত রাবণভাণ্ডার॥ ২৬৪
লজ্জা পেয়ে আগুন দিয়ে হনুকে দিল ছেড়ে।
সে সবাকারে পুড়ি মারে লাঙ্গুল নেড়ে নেড়ে॥ ২৬৫
লম্ফ দিয়ে উঠিল গিয়ে বড় ঘরের চালে।
এ চাল ও চাল করছে তখন সকল ঘর জ্বলে॥ ২৬৬
পর্ব্বত প্রকার অগ্নি দেখিয়ে রাবণ।
মেঘগণে ডেকে বলে করহ বর্ষণ॥ ২৬৭
আজ্ঞামাত্র জলধর ভাসাইল জলে।
জল পেয়ে আগুন দ্বিগুণ হয়ে জ্বলে॥ ২৬৮
রত্নময় ঘর সব হল ছারখার।
গেল গেল শব্দ মুখে করে হাহাকার॥ ২৬৯
উলঙ্গ উন্মত্ত হয়ে পালিয়ে যায় ডরে।
পবনপুত্র জ্বলন-সূত্র অমনি তাদের ধরে॥ ২৭০
পুড়িল সকল লঙ্কা হ'ল ভস্মরাশি।
দাঁড়াইবার স্থান নাই কাঁদে লঙ্কাবাসী॥ ২৭১
কেবল রহিল বিভীষণের মহল।
হরিভক্ত জানি অগ্নি না করিল বল॥ ২৭২
বৃক্ষাদি পুড়িয়ে সব হ'ল ছিন্নভিন্ন।
কার কোথা ঘর দ্বার চিনিবার নাই চিহ্ন॥ ২৭৩
শঙ্কাতে রাক্ষসগণ লঙ্কাতে না রয়।
নাহি ত্রাণ গেল প্রাণ পরস্পর কয়॥ ২৭৪

* * *

খট ভৈরবী—একতালা

এই পাবকে নিস্তার পাব কে,
বল যাব কে কোথায়, কে করে রক্ষে॥
এখন আছে এক উপায়,—বলি শোন, শ্রীমধুসূদন
তিনি বিপত্তভঞ্জন, এ ত্রৈলোক্যে॥
ভজ শ্রীরামচন্দ্রের দুটি পাদপদ্মে,
দ্বিদল পদ্ম মুদে দেখ হৃদি-পদ্মে,
পদ্মযোনি যাঁর জন্মে নাভিপদ্মে,
নীলপদ্ম যিনি রূপের ব্যাখ্যে॥
লঙ্কাতে থাকিয়ে, শঙ্কাতে প্রাণ গেল,
অভয় পদ-প্রান্তে শরণ লই গে চল,
দুঃখের সময় মুখে হরি হরি বল,
বল না করিবে যম বিপক্ষে॥ (ধ)

* * *

লেজের আগুনে হনূমানের মুখ দগ্ধ

লঙ্কা পোড়াইয়া হনূ, পুলকে পূর্ণিত তনু,
প্রণমিল জানকীর পায়।
জিজ্ঞাসে যোড়করে, মা তোমার এ কিঙ্করে,
লেজের আগুন কিসে যায়। ২৭৫
শুনিয়ে কহেন সীতে, মুখামৃত লেজে দিতে,
হনূ বলে সে সব কেমন ধারা।
বানরে বুদ্ধি বুঝিতে নারে, লেজ্‌টা লয়ে মুখে ভরে,
মুখটা পুড়ে নাম হলো মুখপোড়া। ২৭৬
আপনি দেখে আপনার মুখ, লজ্জায় হনূ অধোমুখ,
বলে কি কপালের দুঃখ মুখ পুড়িয়ে চল্‌লাম।
কর্‌লেম কি হ'লো কি রঙ্গ, দেশে গেলে সব করিবে ব্যঙ্গ,
নাক কেটে যাত্রাভঙ্গ
কথায় বলে, কাজে আমি কর্‌লাম। ২৭৭
যেমন গুটিপোকায় গুটি করে, আপনার বুদ্ধে আপনি মরে,
মাকড়সা যেমন বন্দী আপন জালে।
প্রকারে আমার ঘটেছে তাই, করি কি উপায়, কোথা যাই,
এত ভোগ ছিল কি কপালে। ২৭৮
বুদ্ধি না থাকিলে ঘটে, দুর্ঘট তার অনাসে ঘটে,
সত্য বটে শাস্ত্র মিথ্যা নয়।
আনন্দ কি নিরানন্দ, বিধাতার সব নির্ব্বন্ধ,
কর্‌তে গেলে পরের মন্দ আপনার মন্দ হয়। ২৭৯
কিন্তু ক'রেছি আমি যে সব কর্ম্ম, বিচার কর্‌লে নাই অধর্ম্ম,
দৈবকর্ম্মে এ দায় কেন ঘটিল।
ধর্ম্মশাস্ত্র-অনুসারে, পাষণ্ডে দণ্ডিতে পারে,
আমার তবে কোন্‌ বিচারে ঘরপোড়া নাম রটিল। ২৮০
কেন্দে বলে হনূমান্‌, কি কর্‌লে হে ভগবান্‌,
ঘুচালে মান, প্রাণ কেন রাখিলে।
শুনেছিলাম ভবতারণ! হয় বিপদ-ভঞ্জন,
শ্রীমধুসূদন ব'লে ডাকিলে। ২৮১
আমার বিপদ কাটেন কই, জানি নে অভয় চরণ বই,
তবে কেন কর্‌লেন চরণ ছাড়া।
না জানি কি অপরাধে, আমাকে ঠেলেছেন পদে,
এ বিপদ্‌ হইতে কি বিপদ্‌ আছে বাড়া। ২৮২
আবার ভাবে হনূমান, বড় নিদয় ভগবান্‌,
মা জানকী নিদয় তো নন।
দয়াময়ীর বড় দয়া, সন্তানে সদা সদয়া,
যোগে ব'সে যোগমায়ার ভজি শ্রীচরণ। ২৮৩

* * *

ঝিঁঝিট—ঝাঁপতাল

বসিলেন যোগে, যোগ-সাধনে।
যোগেন্দ্র মুনীন্দ্র ইন্দ্র না পায় যাঁরে ধ্যানে।
বেদে নাই যার অন্বেষণ, দর্শনে নাই নিদর্শন,
কে করে তার নিরূপণ, ব্রহ্মা ভাবেন ব্রহ্মজ্ঞানে।
বর্ণময়ীর কিবা বর্ণ, লাজেতে বিবর্ণ স্বর্ণ,
বর্ণিতে পঞ্চাশ বর্ণ,—বর্ণে পরাভব মানে।
অসাধ্য সাধন অতি, গুণ গান গণপতি,
পতিত জনার গতি, দাশরথি কিবা জানে। (ন)

* * *

সীতার কথায় সকল বানরেরই মুখ পুড়িল

এই রূপে করে যোগ, করি মনঃসংযোগ,
দৈবযোগে শুভ যোগ হ'লো।
যোগ-আরাধ্যা যোগমাতা, যোগীর অগম্য তথা,
হনূর অন্তরের কথা, অন্তরে জানিল। ২৮৪
দেখেন ভক্তিযুক্ত মারুতি, মায়া জন্মে মার অতি,
বলেন বাপু! ভাবনা কি সম্ভবে।
দেশে যাও রে ত্যজ দুঃখ, তোমার মতন অমনি মুখ,
তোমার যত জ্ঞাতিদের সব হবে। ২৮৫
মায়ের কথা করি শ্রবণ, গেলো রোদন, হাস্য-বদন,
বন্দিয়ে যুগল চরণ, লইল বিদায়।
রাম ব'লে মারে লম্ফ, তরণীর ন্যায় ধরণী কম্প,
শব্দ শুনে, ত্রিলোক মূর্চ্ছা যায়। ২৮৬

* * *

শ্রীরামচন্দ্রের নিকট হনূমানের প্রত্যাবর্ত্তন

হইল সমুদ্র-পার, মহারুদ্র অবতার,
অবহেলে চক্ষুর নিমিষে।
অঙ্গদাদি নীল নল, ধন্য বলে সকল,
হনূমানে দেয় কোল, মনের হরিষে। ২৮৭

কৃতকার্য্য হ'য়ে সব, রামজয় করিয়ে রব,
চলেন উত্তর মুখে সুখে।
সকলেরি তুষ্ট মন, রুষ্ট নহে কোন জন,
মধুবন দেখিল সম্মুখে। ২৮৮

অঙ্গদের আজ্ঞা পায় মধুবনে মধু খায়,
পরে যায় সুগ্রীব-নিকটে।
ব'সে আছেন সভাতে সবে, বেষ্টন করি রাঘবে,
হনূ দাঁড়াইল করপুটে। ২৮৯

শুধান সুগ্রীব ভূপ, কি রূপে গেলে বল স্বরূপ,
কিরূপ সীতার রূপ বল।
হনূ বলে, মহারাজ! সৌদামিনী পায় লাজ,
না দেখি ভুবন-মাঝ, উপমার স্থল। ২৯০

গেলাম তব কৃপাবলে, সিন্ধুপারে অবহেলে,
রাবণে না করিলাম শঙ্কা।
দিলাম তারে গালাগালি, গালে দিয়ে চূণ কালি,
কালি পুড়িয়ে এসেছি তার লঙ্কা। ২৯১

যুদ্ধ বিক্রম করলেন যথা, থাকুক এখন সে সব কথা,
মা জানকীর কষ্ট তথা, দেখে এলাম বড়।
বিলম্ব না কর আর, নিবেদন এই আমার,
মা জানকীর উদ্ধার, শীঘ্র গিয়ে কর। ২৯২

যতেক দুঃখের কথা, বলিতে যা, বলেছেন মাতা,
সংক্ষেপেতে সকলি কহিল।
প্রণমিয়া চিন্তামণি, সীতার মাথার মণি,
রাম-গুণমণি-হস্তে দিল। ২৯৩

* * *

ঝিঁঝিট—ঝাঁপতাল

লও হে মণি চিন্তামণি হে! দিলাম চিহ্নিত আমি,
জানকীর মস্তকের মণি।
দিয়ে কত মরকত, হেম হীরাতে জড়িত,
ফণীমণিতে রচিত, দেখ হে নীলকান্তমণি!
জ্ঞান হয় তড়িৎশ্রেণী, কিম্বা উদয় দিনমণি,
লজ্জা পেয়ে দ্বিজমণি, ঘনেতে লুকায় অমনি। (প)

পাঠান্তর[১]

এ তো হলো বিষম জ্বালা, সুস্থ প্রাণে দিলে জ্বালা,
এর তো আর না দেখি উপায়।
আর জন কয় শুনরে ভাই! দূর করি সকল বালাই,
এ সংবাদ জানায় রাজায়। ২৩০
এই যুক্তি স্থির করি, দুজনে করি গোহারী,
জানাইল রাবণ রাজারে।
শ্রবণেতে দশস্কন্ধ, মনেতে জানিয়ে সন্ধ,
ভয় মানি আপন অন্তরে। ২৩১

* * *

রাবণ-পুত্র অক্ষের সহিত হনূমানের যুদ্ধ

নিজ-পুত্র-অক্ষ প্রতি, করিলেন এ আরতি,
শুন পুত্র! অক্ষয়-কুমার!
অশোকের কাননেতে, আসি একটা বানরেতে,
স্বর্ণ বন করিল ছারখার। ২৩২
আন তারে বন্দী করি, স্বহস্তেতে সংহারি,
ঘুচাই এ যত দুঃখ-ভার।
পুত্র শুনি পিতৃ-বাণী, কোপেতে হ'য়ে আগুনী,
সঙ্গে সেনা লইয়া অপার। ২৩৩

১ বর্ত্তমান সংস্করণের ২৩০ হইতে ২৩১ শ্লোক চিহ্নিত অংশের স্থলে ক ও খ গ্রন্থে প্রাপ্ত পাঠ।

উত্তরি অশোক-বনে, দৃষ্ট করি হনুমানে,
হানিলেক বাণ খরশান।
রাম-ভক্ত হনুমান্, ক্রোধে হয়ে কম্পবান্,
সজোরেতে লম্ফ করি দান। ২৩৪
অক্ষয়ে ধরিয়া করে, আছাড়িয়া ভূমি-পরে,
সংহারিল সে অক্ষের প্রাণ।
অক্ষের হরিল প্রাণ, হেরি যত সৈন্যগণ,
সবে ভয়ে করিয়া প্রস্থান। ২৩৫
আসি রাবণ-গোচর, ব্যক্ত করি সমাচার,
বিদিত করিল একে একে।
শুনি তাহা লঙ্কেশ্বর, দুঃখেতে দহি অন্তর,
চক্ষু মেলে কিছু নাহি দেখে। ২৩৬
তদন্তে মুছি লোচন, ক্রোধে হয়ে হুতাশন,
ইন্দ্রজিতে করিল শরণ।
ইন্দ্রজিত আজ্ঞা পেয়ে, অমনি আসিয়া ধেয়ে,
নমস্কারি বন্দিল চরণ। ২৩৭
বলে পিতা! কহ কহ, কেন দুঃখ দুঃসহ,
নেত্র-জল কর বিসর্জ্জন।
কার হেন যোগ্যতা, আসি করে অনিষ্টতা,
এবে তার বধিব জীবন। ২৩৮
রাবণ বলে শুন পুত্র! এমন না হৈল কুত্র,
কপি একটা আসি অশোক-বনে।
যে ঘটালে দুর্ঘট, বলিতে সে সঙ্কট,
মনে হৈলে ব্যথা পাই মনে। ২৩৯
সে-ই সেই স্বর্ণ বন, সমূলে করি নিধন,
মনঃ সুখে করয়ে বিহার।
তাহার সংহার-আশে, অক্ষয় পুত্র ছিল পাশে,
পাঠাইনু কি বলিব আর। ২৪০
দুষ্ট কপি বল করি, অক্ষয়-কুমারে ধরি,
একেবারে করেছে সংহার।
শোকে অঙ্গ জর জর, অস্থির সদা অন্তর,
তার লাগি করি হাহাকার। ২৪১
কি আর কহিব কথা, অন্তরেতে পাই ব্যথা,
তুমি পুত্র বীরের প্রধান।
শীঘ্র করি তথা গতি, বাঁধিয়া সে দুষ্টমতি,
আনি কর মম সুস্থ প্রাণ। ২৪২

* * *

ইন্দ্রজিতের সহিত যুদ্ধে হনুমানের বন্ধন

শুনিয়ে পিতার বাণী, ইন্দ্রজিত ধনু আনি,
নমস্কারি পিতার চরণে।
আসিয়া অশোক-বনে, দৃষ্ট করি হনুমানে,
বাণ হানে পরম যতনে। ২৪৩
হনুমান্ মহাবল, সমরে সদা অটল,
বাণ-গুলা লুফি ফেলি দূরে।
উপাড়িয়া বৃক্ষবর, মারে সৈন্যের উপর,
সৈন্য সব যায় ছারেখারে। ২৪৪
বিষম ব্যাপার হেরি, ইন্দ্রজিত ইন্দ্র-অরি,
আর কোপ সম্বরিতে নারি।
হাতে নাগ-পাশ বাণ, সৃজিয়া সর্প মহান্,
হনুরে ফেলিল বন্দী করি। ২৪৫
বন্দী হইল বীর হনু, হর্ষিত রাবণ-তনু,
বলে আর যাবি রে কোথায়!
এখনি লইয়া পুরে, দিব তোরে যমপুরে,
সাবধান হও আপনায়। ২৪৬
হনু বলে থাক থাক! সকলি কর্ম্ম-বিপাক।
এ বন্ধনে হনু কি ডরায়।
এখনি পারি ছিঁড়িতে, প্রাণি-বিনাশ ভাবি চিতে,
তাই সহি আছি আপনায়। ২৪৭
এত বলি হনুমান্, রহিলেন বিদ্যমান,
ইন্দ্রজিত সে কালে কহিল।
শুন যত রক্ষঃ-সেনা! আছ তোমরা অগণনা,
এই হনু, বন ধ্বংস কৈল। ২৪৮
ইহারে লইয়া সবে, অতি মনের উৎসবে,
ভেট দেহ পিতৃ-বিদ্যমান।
শুনি ইন্দ্রজিত-বাণী, সেনা সবে ভয় মানি,
হনু কাছে হ'য়ে অধিষ্ঠান। ২৪৯

কেহ ধরে হাতে পায়ে, কেহ তার ধরি পায়ে,
শূন্যে ল'য়ে যায় কিছু দূর!
হনু তায় রঙ্গ করি, আপনার অঙ্গোপরি,
কিছু ভার বাড়ায় প্রচুর ॥ ২৫০
সে ভার সহিতে নারি, ডাক ছাড়ি মরি মরি,
পথিমধ্যে ফেলিয়া তাহারে।
বলে এটা কিবা ভারি, আর না বহিতে পারি,
কেমনেতে ল'য়ে যাব দ্বারে ॥ ২৫১
পথিমধ্যে এ প্রকারে, আনি তারে যত্ন ক'রে,
দ্বারদেশে কৈল উপস্থিত।
হনুর প্রকাণ্ড কায়, দ্বারেতে নাহি সাম্ভায়,
সকলেতে হইল চিন্তান্বিত ॥ ২৫২

* * *

হনুমান্‌কে রাবণের ভর্ৎসনা

রাবণ এ বার্ত্তা শুনি, তথায় আসি আপনি,
হনুমানে করিয়া দর্শন।
বলে, এ সামান্য নয়, লেজ দেখি লাগে ভয়,
এরে পুরে না লব কখন ॥ ২৫৩
এত চিন্তি দশানন, হনুমান্ প্রতি কন,
শুন দুষ্ট বানর রে পশু!
নাহি তোর প্রাণে ভয়, আমি রাবণ দুর্জ্জয়,
কেন আইলি লঙ্কাপুরে আশু ॥ ২৫৪
সুন্দর অশোক-বন, তারে কৈলি ঘোর বন,
আর তোর নাহিক নিস্তার।
এখনি করি বিচার, পাবি শাস্তি রে অপার,
কেবা তোরে রাখে এই বার ॥ ২৫৫
বল্ তুই সত্য ক'রে, কেন আইলি মম পুরে,
কে পাঠালে তোরে এই ঠাঁই।
হ'য়ে তুই কার দূত, ঘটালি এ অদ্ভুত,
আমি তাই শুনিবারে চাই ॥ ২৫৬

* * *

বাহার—আড়খেমটা

ওরে হনুমান্! বল রে বল ইহার শুনি সুসন্ধান।
কে তোরে পাঠায়ে দিলে, হারাইতে নিজ প্রাণ।
জান না আমি রাবণ, মোরে ডরে ত্রিভুবন,
এখনি দেখ্‌বি কেমন,—
আর কি তোর আছে ত্রাণ॥ (খ)

* * *

রাবণের ভর্ৎসনা-বাক্যে হনুমানের উত্তর

হনু বলে, রাবণ হে! সকল আমি জানি।
আমায় পাঠালে লঙ্কা রাম গুণমণি ॥ ২৫৭
সীতা উদ্ধারিতে তিনি করিল আদেশ।
তাঁহার লাগিয়া যত হয় দ্বেষাদ্বেষ ॥ ২৫৮
মম বাক্য অবধান কর লঙ্কাপতি!
যদি রাখিবারে চাও লঙ্কার বসতি ॥ ২৫৯
স্কন্ধে করি সীতা ল'য়ে রামের গোচর।
প্রদান করিয়া হও, নির্ভয়ে অন্তর ॥ ২৬০
পূর্ণব্রহ্ম রামচন্দ্র নরের আকার।
কেন তার করে, হবে সবংশে সংহার ॥ ২৬১
রাম-আজ্ঞা শিরে ধরি আইনু হেথায়।
ভাঙ্গিনু অশোক-বন আপন ইচ্ছায়। ২৬২
কি করিবি কর, তোরে আমি না ডরাই।
শ্রীরাম-প্রসাদে আমি জয়ী সর্ব্ব ঠাঁই ॥ ২৬৩

* * *

হনুমানের লেজে অগ্নি প্রদান ও লঙ্কা-দাহ

এত যদি হনুমান্, কহিল রাবণ-স্থান,
শুনে রাবণ হ'য়ে ক্রোধ-মতি।
বলে আর কিবা কর, শীঘ্র এরে সংহার,
অসিঘাত দেখাইয়ে সম্প্রতি ॥ ২৬৪
তথা ছিল বিভীষণ, তিনি কহিল তখন,
কর রায়! ক্রোধ সম্বরণ।

আমার বচন শুন, যেমন ও দুষ্ট জন,
ভঙ্গ কৈল অশোকের বন। ২৬৫
লেজে জড়ায়ে বসন, তৈলেতে করি ভূষণ,
কর তাতে আগুন প্রদান।
আগুনে পুড়িবে লেজ, জ্বালায় না সবে ব্যাজ,
এখনি ও হারা হবে প্রাণ। ২৬৬
গলেতে বাঁধিয়ে দড়ি, ফেরাবে সকল বাড়ী,
হেরি যত লঙ্কাবাসিগণ।
ধন্য ধন্য সবে কবে, কিছু ভয় নাহি রবে,
এই যুক্তি স্থির সর্ব্বক্ষণ॥ ২৬৭
শুনি বিভীষণ-বাণী, রাবণ আনন্দ মানি,
তাহাতেই পূরিলেক সায়।
বিবিধ আনি বসন, তৈলে করি স্থবড়ন,
হনূমান্-লেজেতে জড়ায়। ২৬৮
কামরূপী হনূমান্, ক্রমে হয় বুদ্ধিমান্,
লেজে বসন নাহিক কুলায়।
হেরে রাবণ ক্রোধে কয়, শুন মম দূতচয়,
আন বসন করিয়া ত্বরায়। ২৬৯
সীতা যে বসন পরি, আন তাহা পরিহরি,
তাহাতে পূরিবে মনোরথ।
হনূ এ বচন শুনি, মনে মহা-ভয় মানি,
চিন্তিতে লাগিল নিজ পথ। ২৭০
সে কালে হেরিল সবে, পূর্ণ বসন লেজে শোভে,
আর নাহি বসনের কাজ।
রাবণ হেরিয়া কয়, আর দেরি করা নয়,
শীঘ্র কর আগুনের সাজ। ২৭১
রাবণের শুনি বাক্য, সকলে করিয়া ঐক্য,
হনূ-লেজে অগ্নি জ্বালি দিল।
জ্বলিল আগুন ঘোর, উঠে শব্দ মহা জোর,
হেরি হনূ আহ্লাদে গলিল। ২৭২
আর না বিলম্ব করি, রাম জয় শব্দ করি,
উঠে বসে চালের উপরে।
বিষম লেজের অগ্নি, যেমন খরে অশনি,
ঘর সব পুড়ি পুড়ি পড়ে। ২৭৩

হেন কায যদি কৈল লঙ্কার ভিতর।
হেরিয়ে রাবণ হৈল ভাবিত-অন্তর। ২৭৪
জলধরে ডাকি বলে করহ বর্ষণ।
জল বরষিয়া কর নির্ব্বাণ আগুন॥ ২৭৫

তরণীসেন-বধ

মকরাক্ষের মৃত্যুতে রাবণের বিলাপ

রণে পতন মকরাক্ষ, শ্রবণে বিংশতি-অক্ষ,
ত্রৈলোক্য অন্ধকার হেরি।
ছিল বসি সিংহাসনে, পতিত হ'য়ে ধরাসনে,
লাগিল খিল দশনে, লঙ্কার অধিকারী। ১
দশ মুণ্ড লোটায় ধরা, বিশ নয়নে বহে ধারা,
শ্রাবণের যেমন ধারা, পড়ে ধরাতলে।
ছিল সভাসদগণে, দেখিয়ে প্রমাদ গণে,
গিয়ে সকলে দ্রুতগমনে, রাবণে ধ'রে তোলে। ২
সরে না বাণী কার মুখে, জল এনে দেয় মুখে,
দশাননের সম্মুখে, শুক সারণ বসিয়ে।
বুঝায় বিংশতিলোচনে, কত শত প্রবোধ-বচনে,
শত-ধারা বহে লোচনে, রাবণ কয় কাঁদিয়ে। ৩
মন্ত্রি! কি দুঃখ কব অধিক আর, যায় মম অধিকার,
বীর শূন্য লঙ্কার, হইল ক্রমে ক্রমে।
এ যাতনা কারে জানাই, কনকলঙ্কায় বীর নাই,
বেঁধে আনিতে দুই ভাই, লক্ষ্মণ-শ্রীরামে। ৪

নাই ত্রিলোকে সম মোর সমরে, আমি পরাজিত সমরে,
যারে পাঠাই সমরে, মরে নরের করে।
মজিলাম মজালাম লঙ্কা, দেখে রামকে হয় শঙ্কা,
ছিল বুঝি আয়ুর সন্ধ্যা, এই অবধি ক'রে ॥ ৫

* * *

খাম্বাজ—একতালা

দুঃখ কি কব তোমারে, ভুবন শূন্যময় দেখি।
নই ত্রাসিত কোন কালে, বেঁধেছিলাম কালে,
কিন্তু কাল-সম রামকে রণে নিরখি।
হ'লাম একা রণে আমি জয়ী ত্রিভুবন,
হুতাশন কুবের বরুণ পবন, করে মার্জ্জিত ভবন,
ভয়ে ভীত সূর্য্য চন্দ্র, ফণীন্দ্র মুনীন্দ্র,
আজ্ঞাকারী ত্রাসে সহস্র-আঁখি ॥
দাশরথি বলে, শুন দশানন!
ওরূপ হৃদয়ে ভাবেন পঞ্চানন।
শ্রীরাম মানব নন,—
তোয় পাঠাতে ভব-পারে, রাম এসেছেন পারে,
হ'লে তোরে কৃপা রে[১], পারে যাই সঙ্গে থাকি ॥ (ক)

* * *

তরণীসেনের যুদ্ধ-যাত্রার উদ্যোগ

পুন রাজা কন নয়নে বারি, মন্ত্রি হে! বিপদ-বারি-
মধ্যে পার কে করে আমারে।
এলো রিপু সিন্ধুপারে, সংগ্রামে কেহ না পারে,
এমন বীর কে আছে পুরে, মারিবে রামেরে ॥ ৬
শুনি মন্ত্রী কয়, হে ত্রিলোক-মান্য!
নর-বানর গণি সামান্য,
কেমনে কন বীর-শূন্য, হয়েছে লঙ্কায়।
যার ভয়ে কাঁপে ধরণী, আছে বীর তরণী,
দেব-দানব পলায় শঙ্কায় ॥ ৭

সে গিয়ে করিলে রণ, সাধ্য কার রণে রন,
শিব আইলে তার মরণ, তরণীর করে।
আজ সমরে আইলে কাল, তাঁর দরশন মৃত্যুকাল,
ব্রহ্মা পলান ব্রহ্মত্ব ত্যাগ ক'রে ॥ ৮
আইলে রণে হুতাশন, তিনি করিবেন যম দরশন,
ছাড়িলে পরে শরাসন বিভীষণ-পুত্র।
রণে সুরগণ তেত্রিশ কোটী, এসেন যদি বাঁধিয়ে কটি,
পলাবেন রবে না একটী, ত্যজিয়ে সমরক্ষেত্র ॥ ৯
তরণীর গুণ অবিরাম, শুনে মন্ত্রি-মুখে দুঃখ-বিরাম,
হ'লো রাবণ, বলে—রাম জিনিবে তরণী।
কহিতেছে দশ মুখে, দূতে দেখি সম্মুখে,
তরণীরে ডেকে আন এখনি ॥ ১০
রাবণ-আজ্ঞায় দূত আসিয়ে, তরণী যথা আছে বসিয়ে,
রাবণ-বাক্য প্রকাশিয়ে, সমস্ত কহিল।
শুনে তরণী বলে শুভদিন, দীননাথ দিলেন দিন,
ভাবি যাঁরে নিশি দিন, বুঝি কুদিন ফুরাল ॥ ১১
শুনি দ্রুত যান তরণী, পদভরে কাঁপে ধরণী,
ভবপারের তরণী—শ্রীরাম-চরণ স্মরি।
মুখে রামনাম উচ্চারণ, বলে শীঘ্র চল চরণ!
যদি দেখ্‌বি রামের চরণ, কর গমন ত্বরা করি ॥ ১২

* * *

বিভাস—ঠেকা

আজ দ্রুতগমনে চল চরণ! শ্রীরামচরণ-দরশনে।
চরমে রবে না দুঃখ সুখ সে পদ-শরণে ॥
জনমিয়ে পাতকি-কুলে, আছি বিহ্বল স্থূলে ভুলে,
রাম যদি কূল দেন অকূলে,—ভবকূলে তবে ডুবিনে।
ওরে কর! তুমি কি কর, আশু তুলসী চয়ন কর,
রামকে যদি প্রদান কর, কর চন্দনাক্ত যতনে।
বদন রে বলি শুন তোরে, ডাক সদা সীতাকান্তরে,
তবে কি ভয় কৃতান্তেরে অন্তরে আর ভাবিনে ॥ (খ)

* * *

পাঠান্তর: ১ কৃপা করে—খ।

ভাবি রামের পদ্মতরণী, দ্রুতগমনে গিয়ে তরণী,
ধরণী লুটায়ে প্রণাম করি।
দাঁড়ায়ে আছেন সম্মুখে, দিয়ে আলিঙ্গন দশ মুখে,
তরণীর গুণের ব্যাখ্যা করে সুর-অরি। ১৩
বলে শুন বাছা তরণী! শোকসিন্ধুর তরণী,
হ'য়ে তুমি ধরণী-মধ্যে আমায় রাখ।
বীর নাই আর লঙ্কায়, নর-বানরের শঙ্কায়,
সদা সশঙ্কিত-কায়, কব কায় এ দুঃখ। ১৪
তোমার পিতা এর মূল সূত্র, সহোদর হ'য়ে হ'ল শত্রু,
শত্রুপক্ষে সে আছে নিয়ত।
সেইত রিপু হয়েছে প্রধান, লঙ্কার সব অনুসন্ধান,
রামকে ব'লে সকলি করলে হত। ১৫

ছিল এমনি আমার প্রভুত্ব, তেত্রিশ কোটি দেবতা ভৃত্য,
রসাতল স্বর্গ মর্ত্ত্য দেখে কম্পিত হ'ত মোরে।

ছি ছি কি লজ্জার কথা, ভেকে কাটে ভুজঙ্গের মাথা,
শৃগালে শুনেছ কোথা, হরির আসন হরে।
শুনিনে কথা কোন কালে, ব্যাঘ্রের মাথা গিলে নকুলে,
গরুড়কে ভক্ষিল আসি নাগে।
গিরি লয়ে যায় পিপীলিকায়, বিড়ালকে মুষিকে খায়,
দিবাকর হয়েছে উদয়, গিয়ে পশ্চিম দিকে।
হ'লেন বাক্যহীন বাগাদিনী,
পেঁচার মুখে কোকিলের ধ্বনি,
অপবিত্র সুরধুনী, স্পর্শ করে না তাঁরে।
মিথ্যাবাদী হলেন ব্রহ্মা, বিকৃত্যাগী নারদ শর্ম্মা,
বিশ্বকর্ম্মা হ'লেন অকর্ম্মা, হেরে সূত্রধরে।
কুঞ্জরে করিয়া জয়, আসি একটী ক্ষুদ্র অজায়,
তেমনি মোরে করে জয়, নর আর বানরে। (অ)

শুনে তরণী বলে মহারাজ! সিংহাসনে কর বিরাজ,
ক'রবো না আর কালব্যাজ, আমি গিয়ে সমরে। ১৯
কর আশীর্ব্বাদ অনুক্ষণ, আশু যেন রাম লক্ষ্মণ,
গিয়ে যেন দেখিতে পাই রণে।

রণস্থল করিব জয়, ঘোষণা রবে হব বিজয়,
মৃত্যুঞ্জয় রাখিতে নারিবেন রণে। ২০
শুনে রাবণ দেহে প্রাণ পান, তরণী-করে গুয়া পান,—
দিয়ে অমনি শির ঘ্রাণ, মুখচুম্বন করি।
হ'য়ে বিদায় পূরাতে মনোরথ, সারথিরে কয় সাজাও রথ,
ঘোষণা রাখিতে ভারত, কয় তরণী ত্বরা করি। ২১

* * *

আলিয়া—ঝাঁপতাল

ত্বরায় সাজা রথ, মনোরথ পূরাব রণে।
কর যোজনা অশ্ব, করি দৃশ্য, গিয়ে নীলবরণে।
দিলেন অনুমতি লঙ্কার প্রধান, মনেতে ক'রেছি বিধান,
লব শরণ ভবের প্রধান-চরণে,—
রাখ আমার এই ভারতী, আশু রথ ল'য়ে সারথি!
চল, দাশরথি বিরাজ করেন যেখানে।
তা হ'লে কারে ভয়, রাম যদি দেন অভয়,
শমন দূরে যাবে পেয়ে ভয়, পাব ভবভয়-ভঞ্জনে। (গ)

* * *

তরণীর মাতৃচরণ-বন্দনা

স্মরণ করি দাশরথি, তরণী কন রথ আন সারথি!
রথ লয়ে যোগায় সারথি, দেখে আনন্দিত তরণী রথী,
হইয়া অন্তরে।
স্মরণ হ'লো এমন সময়, প্রণাম না করিয়ে মায়,
গেলে চরণ দিবেন না আমায়, রাম রঘুবরে। ২২
রথে না হ'য়ে আরোহণ, অন্তঃপুরে প্রবেশন,
দণ্ডাকার হয়ে হন, প্রণাম জননীরে।
দেখে তরণীর রণসজ্জা, সরমা বলেন কেন রণসজ্জা,
এ বজ্রাঘাত কে দিলে মোর শিরে। ২৩
বাছা! তোর যাওয়া হবে না সমরে,
কে আছে রামের সম রে,
যারে পাঠায় সমরে মরে রামের করে।
রণে রাঘব অক্ষয়, রাক্ষসকুল করিতে ক্ষয়,
গোলোকের ধন ভূলোকে উদয়, হ'য়েছেন কৃপা ক'রে। ২৪

সুর-অরি বিনাশিতে,   এলেন লঙ্কায় রাম-সীতে,
শাসিতে নাশিতে দশাননে।
রামের রণে মৃত্যুঞ্জয়,   এলে হয় পরাজয়,
ঐ চরণে সর্ব্বজয়, হয় ত্রিভুবনে। ২৫
শরণ নিলে সকল জয়,   হয় না আর তার ভবে জন্ম,
জন্ম-মৃত্যু-হরণ-কারণ রাম।
শ্রীরামের চরণ-পূজায়,   শমন-শঙ্কা দূরে যায়,
ভব-পারে অনায়াসে যায়, গোলোকে বিশ্রাম। ২৬
তাই বাছা! করি বারণ,   তাঁর সঙ্গে করিবা রণ,
এ কর্ম্ম নয় সাধারণ, যেতে দিব না রণে।
বলে কোলে করি তরণীরে,   ভাসিয়ে নয়ন-নীরে,
অভাগিনী জননীরে যাবি বিনাশি পরাণে। ২৭

* * *

সুরট-মল্লার—একতালা

বাপ তরণী! নাই ধরণী-মাঝে, মা ব'লে ডাকে আমারে।
হ'লো শিরে সর্পাঘাত, হৃদে বজ্রাঘাত,
এমন নির্ঘাত বাণী, কে বলে তোরে।
ওরে সে রাম মানব নন, বিধি পঞ্চানন,
সহস্রানন সাধেন যায় সাদরে,—
রাঘব ত্রিলোক-বিজয়, কে তাঁরে করে জয়,
দ্বারী যাঁর জয়-বিজয়, চতুর্দ্দশ ভুবন
পরাজয়, যাঁর সমরে। (ঘ)

* * *

শুনি বাক্য জননীর,   হৃদে আনন্দ তরণীর,
শ্রীরামের গুণের ধ্বনির, বর্ণন শুনিয়ে।
বলে, অনুমতি কর মোরে, যাই রাঘব-সমরে,
যদি কৃপা করেন পামরে, দয়া প্রকাশিয়ে। ২৮
অপরাধ কর ক্ষমা, আশীর্ব্বাদ করগো মা!
শুনি কাঁদিয়ে সরমা, বলে রে তরণী!
তুই যাবি করিতে রণ, পিতা তোর লয়েছে শরণ,
জেনে কারণ ভবতারণ-চরণ-তরণী। ২৯
দেখ বাছা! এই ত্রিলোকে, আমায় মা বলে আর বল কে,
তোমায় ল'য়ে ভূলোকে, আছি মাত্র আমি।
হ'য়ে পাষাণ অন্তরে, কেমনে পাঠাই সমরে,
অগ্রে বিনাশ ক'রে মোরে, যাও রে বাছা! তুমি। ৩০
লঙ্কায় দুঃখাগ্নির বাড়াতে তাত, সুত্রে[১] তোমার জ্যেঠতাত,
রাম যে ত্রিজগতের তাত, তা তো জান মনে।
রাক্ষস-কুল বিনাশিতে, চুরি ক'রে এনেছেন সীতে,
নয়ন-জলে ভাসিছেন সীতে, প'ড়ে অশোক-বনে। ৩১
শুনেছ কখন এমন কথা, বনের বানর কয় কথা,
জলে শিলে ভাসে কোথা, কে দেখেছে কোন কালে!
দিতে সুমন্ত্রণা যদি কেহ যায়, বুঝাইয়ে কয় রাজায়,
রাখে না তার মান বজায়, নাশিয়ে সকলে। ৩২
দেখ এমন বীর ইন্দ্রজিতে, একা এসে ইন্দ্রে জিতে,
যমাদি সূর্য্য চন্দ্র জিতে, এলো যে রাবণ!
তেমনি ঘ'টে উঠেছে বিলক্ষণ, নয় লঙ্কার সুলক্ষণ,
কাল-রূপেতে রাম-লক্ষ্মণ, দিয়েছেন দরশন। ৩৩
শুনে তরণী কয়, মা! হবে অধর্ম্ম, যুদ্ধে যাওয়া যোদ্ধার ধর্ম্ম,
না গেলে হবে অধর্ম্ম, প্রতিজ্ঞা করেছি।
গিয়ে যদি রামের রণে হারি, চিরদাস হব তাঁহারি,
সকলে জিনিলাম তবে কি হারি, সার মনে ভেবেছি। ৩৪

* * *

মল্লার—তেতালা

যদি কৃপা করেন রণে রাম।
মিছে সংসার-আশ্রমে, ভ্রমণ করি ভ্রমে,
সে চরণ শরণ হয় না কোন ক্রমে,—
কিছু পরিশ্রমে, পাই যদি চরমে,
তবে পূর্ণ হবে মনস্কাম।
যদি এ পাপদেহ পতন হয় রামের শরে,
দেখ্‌ব সর্ব্বেশ্বরে, ডাকব উচ্চৈঃস্বরে,

পাঠান্তর: ১ এ—ক।

শমন হ'য়ে দমন অমনি যাবে স'রে,—
কর্‌বো গোলোকধামে বিশ্রাম। (ঙ)

*   *   *

শুনি বাক্য তরণীর, তরণীর জননীর,
নয়নেতে বহে নীর, শ্রাবণের ধারা।
বক্ষে করে করাঘাত, ভালে করে আঘাত,
মুণ্ডে হ'লে বজ্রাঘাত, পড়ে যেন ধারা[১]। ৩৫
হ'লো বাক্যরোধ সরমার, মৃত্যুতুল্য দেখে মার,
বলে কি হৈল আমার কুমার তরণী।
কর্ণমূলে অবিরাম, করে শব্দ রাম রাম,
সরমা ক'রে রাম রাম, উঠে বসে অমনি। ৩৬
তরণীর নয়নজলে বসন গলে, বলে নিবেদিয়া পদযুগলে,
শ্রীরামের পদযুগলে, স্থান পাব না আর।
অনুমতি পেলে তোমার, হয় সাধ পূর্ণ আমার,
কদাচারী এ কুমার, যদি হয় উদ্ধার। ৩৭
শুনেছি শাস্ত্রের কথা, মহাগুরু পিতামাতা,
হেলন কর্‌লে মায়ের কথা, নরকেতে বাস।
মাকে অমান্য কর্‌লে পরে, দুঃখ পায় ইহ পরে,
মাতা তুষ্ট থাকিলে পরে, হয় গোলোক-নিবাসে বাস। ৩৮

*   *   *

কলিকালের মাতৃ-ভক্তি

মায়ের তুল্য করিতে স্নেহ, ভারতে দেখিনে কেহ,
অমন স্নেহ কে করে ভুবনে।
কিন্তু এখনকার কলিযুগের অনেক ব্যক্তি,
তাঁদের দেখি মাতৃভক্তি, উড়ে যায় হরিভক্তি,
উক্তি করিতে যুক্তি হয় না মনে। ৩৯
কিন্তু না ব'লেও থাকা যায় না, করেন মাগ্‌কে নিয়ে ঘরকন্না,
মা ডাকিলে কথা কন্ না সন্ না মাগী বলে।
একে মর্‌ছি আপনার জ্বালায়, বুড় মাগী আবার কেন জ্বালায়,
আমার জ্বলায় মজুর ব'সে আছে সকলে। ৪০
খেতে খামারে হয়নি ধান, তুই মাগী বজ্জাতের প্রধান,
সংসারের অনুসন্ধান, নাইত কিছু তোর।
কেবল ব'সে ব'সে নিচ্চ আহার, এখন গোটাকত হয় প্রহার,
তবে মনের দুঃখ ঘুচে মোর। ৪১
একলা খেটে মরে ছুঁড়ী, চক্ষের মাথা খেয়েছিস্ বুড়ি!
গুঁড়িয়ে মুড়ি খাচ্চ কাটা কাটা।
পরের মেয়ে সইবে কত, অন্যের মতন যদি ও হ'তো,
হাত ধরে বার ক'রে দিত, মেরে সাত ঝাঁটা। ৪২
তুই মাগি! থাক্‌তে কাছে, ও ছেলের 'ন্যাকড়া কাচে'[২],
বেড়াস্ কেবল কাছে কাছে, কত কথা ক'য়ে।
আমার সংসারটা কর্‌লি শূন্য, মাগি! কবে যাবি উচ্ছন্ন,
আপদ্ শূন্য হয় ফেলে দিয়ে। ৪৩
এম্‌নি মায়ের সঙ্গে শীলতার কথা,
আহারের আবার শুন কথা,
উত্তম ব্যঞ্জন কাঁঠাল আর ক্ষীরে।
আপনারা খান সমুদয়, বৃদ্ধ মাকে নিত্য দেয়,
পুঁয়ের ডাঁটা অলবণ তাতে, ভাঙ্গা পাথরে বেড়ে। ৪৪

*   *   *

বিভাস—ঠেকা

এদের দেখে মাতৃভক্তি, হরিভক্তি উড়ে যায়।
মরি হায় হায়! দুঃখ কব কায়,
স্বর্গে গমন হয় স-কায়,
কর্‌লে ভক্তিতে জননী-চরণ পূজায়।
এরা এখন মাকে দেয় সাতগাঁটী বাস পরিবারে,
ঢাকাই মলমল শান্তিপুরে, পরায় পরিবারে,
পান না কাচা দীক্ষাগুরু, যা করিবেন শয্যাগুরু,
মরণ বাঁচন তার কথায়।
আপনারা শোন দোতালায়,
মাকে ফেলে গাছতলায়। (চ)

*   *   *

পাঠান্তর: ১ ধরা—ক। ২-২ ন্যাকড়া আপনি কাচে—খ।

কলিকালের পিতৃভক্তি

হ'লো কি আশ্চর্য্য কলির সৃষ্টি, সৃষ্টিছাড়া এদের সৃষ্টি,
সৃষ্টিকর্ত্তা অবাক্ হয়েছেন দেখে।
তাঁর আর সরে না বাণী, বাণীহারা হয়েছেন বাণী,
জ্ঞানশূন্য ভবানী, বাণী নাই তাঁর মুখে ॥ ৪৫

এদের দেখে 'শুনে হয় অভক্তি,'[1] শুনলে যেমন মাতৃভক্তি,
পিতৃভক্তি ততোধিক আবার।
বাপ থাকে বাহিরে দরজার উপর, তৃণকাষ্ঠ-হীন ছাপ্পর,
তালপত্র ঘেরা ছুই ধার ॥ ৪৬

আপনাদের শয়ন পালংখাটে, বাপের শয়ন ছেঁড়া চটে,
কপ্নি এতটুকু কটিতটে, ঘটে না সব দিন।
আপনারা খান খাসা মোণ্ডা ক্ষীর দুধ,
বাপকে খাওয়ান আঁকা[2] খুদ,
দিবসান্তর ডাল[3] ব্যঞ্জন-হীন ॥ ৪৭

যদি দিবানিশি মিন্সে চেঁচায়, ফিরে কেহ নাহি চায়,
বলে কেবল বেটা খেতে চায়, ভীমরতি হয়েছে।
বলে, তোর দেখে শুনে মেনেছি হার,
যোগাই কোথা হ'তে এত আহার,
এত রাত্রে কে যাবে তোর কাছে ॥ ৪৮

যে দেখি তোর বাড়াবাড়ি, ফেলে রে'খে ঘর বাড়ী,
কারো বাড়ী শুইগে না হয় গিয়ে।
এমন কলেরিয়াতে এত লোক মলো,
আরে মলো!—বুড় না মলো,
চিত্রগুপ্ত ভুলে গেল, খাতা না দেখিয়ে ॥ ৪৯

যাদের পিতাকে ভক্তি এইরূপ, বুঝি বানরের স্বরূপ,
পিতা যে বস্তু কিরূপ, জানে না সকলে।
অত মান্য নন দীক্ষে গুরু, পিতা মাতা মহা-গুরু,
শিববাক্য লেখা আছে মূলে ॥ ৫০

* * *

রামকেলি—পোস্তা

হন পরমগুরু পিতে।
গুরু পিতার তুল্য নাই জগতে,
মায়ের মাথা কাটেন পরশুরাম,
শুনিলাম পিতার আজ্ঞা পালন করিতে।
গোলোকপুরী করি শূন্য, হরি অযোধ্যাতে অবতীর্ণ,
চতুর্দ্দশ বর্ষ জন্য, বনে রাম এলেন পিতার কথাতে।
পিতার আজ্ঞা ক'রে হেলন, যদি কেউ করে সব তীর্থ ভ্রমণ,
করতে হয় নরকে গমন,
কিছু ফল ফলে না বিফল তাতে। (ছ)

* * *

তখন এই কথা ব'লে তরণীর দুটী চক্ষে বহে নীর,
জননীর চরণ ধরিয়ে।
বলে অনুমতি কর মা! মোরে, কেন দুঃখ দাও পামরে,
সত্বরে গে[4] সমরে, রামেরে দেখি গিয়ে ॥ ৫১
অপরাধ ক্ষম মা! আমার, অভাজন এ কুমার,
চরণ-সেবন করতে তোমার, পারিনে একদিন।
আমায় পালন ক'রেছ সাদরে, দিয়েছিলে স্থান উদরে,
কত কষ্ট পে'য়েছ দেহ-পরে, দশ-মাস দশ-দিন ॥ ৫২
মনে রইল সে সব আশা, বৃথা হ'লো যাওয়া-আসা,
ভবে আসা বিফল হ'লো আমার।
হ'লাম দগ্ধ কলুষাগ্নির তাতে, না দেখিলাম জননী-তাতে,
ভবে পার কেমনে তাতে, হবে তোমার কুমার ॥ ৫৩
যার নাই জননী-পদে মনের গতি, ঘটে তার সেই দুর্গতি,
ভবের পতি গতি করেন না তার।
কর এই আশীর্ব্বাদ, যেন হয় না কোন বিসম্বাদ,
রাম আমার ল'য়ে সংবাদ, যেন করেন আজ নিস্তার ॥ ৫৪
ব'লে, মায়ের চরণে করে প্রণাম, বদনে করে রাম-নাম,
পূর্ণ-হেতু মনস্কাম, গিয়ে অরায় উঠে।
আনন্দিত তরণী রথী, বেগে রথ চালায় সারথি,
পথের মধ্যে মারুতি ঘটায় দুর্ঘটে ॥ ৫৫

পাঠান্তর: ১-১ শুনে অভক্তি—ক। ২ আঁকাড়া—ক। ৩ ডাল—খ। ৪ গো—ক।

দেখে,যোড়করে বিভীষণ-সুত, বলে, পথ ছাড়রে পবন-সুত!
রবিসুত-দমনে গিয়ে দেখি।
আমি নই রে বিপক্ষ, কেন হও মোর বিপক্ষ,
আজ হ'য়ে আমায় সাপক্ষ, দেখাও কমল-আঁখি। ৫৬

*　　*　　*

১আলিয়া—যৎ১

হয় দুঃখ বিরাম, যদি দেখাও রাম,
একবার নিরখি এ পাপচক্ষে।
আজ তুমি হও মোর তরী, তবেই ত্বরায় তরি,
রাখ মান, বাছা হনুমান্!
তোমার চরণ-যুগলে মাগি এই ভিক্ষে॥
আমি জানি তুমি রামের প্রধান ভক্ত,
তোমার প্রসাদে ভবে পাই মুক্ত,
হেরব চরণ তাঁর, মনে এই যুক্ত, সাধেন পঞ্চবক্ত্র,
রাখি তার বক্ষে।
ও পদ দাশরথি! কেন কর চিন্তে,
পান না শুক নারদ সদা করে চিন্তে,
বিধি আদি না পান ভাবিয়ে নিশ্চিন্তে,
পারে না যায় চিন্তে সহস্র-চক্ষে॥ (জ)

তরণীকে হনুমানের ভৎসনা

শুনি হনুমান্ কন হাসি, দূর বেটা বিড়াল-তপস্বি!
মায়া কর এখানে আসি, রাম দেখিব ব'লে।
দেখ্‌বি যদি ভগবান, করে কেন ধনুর্ব্বাণ,
হবি যদি নির্ব্বাণ, ধনুখান দে ফেলে। ৫৭
রাক্ষসকুলের জানি ধর্ম্ম, জ্ঞান নাই তোদের ধর্ম্মাধর্ম্ম,
অধর্ম্মেতে পরিপূর্ণ দেহ।
দেখেছি বেটা তোদের রীত, হৃদয়ে বিষ মুখে পিরীত,
এসেন যখন এমন সুহৃদ, জানিয়ে কত স্নেহ। ৫৮
বেটা তোর পিসী শূর্পণখা, কত গুণ তার যায় না লেখা,
পঞ্চবটীর বনে দেখা, করে রামের সঙ্গে।
বলে, তুমি আমার হও হে পতি, মিলিয়ে দিলেন প্রজাপতি,
জানায় কত সম্প্রীতি, মাতিয়ে অনঙ্গে। ৫৯
তোরে সে কথা বলা বৃথা, সে যেন কত পতিব্রতা,
অন্তর্যামী তার অন্তরের কথা, বুঝিয়ে ততক্ষণে।
রাম বলেন ও সব নারি, সঙ্গে আমার আছে নারী,
যাও ঐখানে সুন্দরি! দেন দেখায়ে লক্ষ্মণে। ৬০
জানে না লক্ষ্মণ ঘোর তপস্বী, রূপ দেখে মোহ রূপসী,
তোর পিসি সেই শূর্পণখা রাঁড়ি।
বলে করেছিলাম শিবের সাধন, হ'লো পূর্ণ যোগসাধন,
মিলিয়ে দিলেন পতি-ধন, আহা মরি মরি। ৬১
যত কথা কয় ঘুরে ফিরে, লক্ষ্মণ না দেখেন ফিরে,
শূর্পণখা ফেরেফারে, বলে রসের কথা।
দেখায় কত রসের দোকান, তোর পিসীর নাক কাণ,
কেটে লক্ষ্মণ খেয়ে দিলেন তার মাথা। ৬২

*　　*　　*

তরণীর সহিত হনুমানের যুদ্ধ

কয় কটুবাক্য হনুমান্-শুনি তরণী অনুমান,
ক'রে বলে হনুমান,—সঙ্গে বিবাদ মিছে।
যত তরণী বলে মিষ্ট কথা, পবনপুত্র কয় যাবি কোথা,
এক চড়ে ভাঙ্গিব মাথা, পাঠাব যমের কাছে। ৬৩
শাল বৃক্ষ ছিল করে, তরণীকে প্রহার করে,
বাণেতে তরণী করে, কাটিয়ে খান খান। ৬৪
বলে বেটা বনপশু! পথ ছেড়ে দিবে না আশু,
পশুপতি-আরাধ্য ধন দেখিতে।
বলে, যা কর হে ভগবান্! ছাড়ে কোটি কোটি বাণ,
সহিতে না পারে বাণ, ভঙ্গ দেয় রণেতে। ৬৫
বানরে করিয়ে জয়, মুখে শব্দ রাম-জয়,
শমনে করিতে জয়, যায় অবহেলে।
দেখে কটক-মধ্যে আছেন রাম, নবদূর্ব্বাদল-শ্যাম,
স্তব করিয়ে অবিরাম, কেঁদে তরণী বলে। ৬৬

*　　*　　*

পাঠান্তর: ১-১ খটভৈরবী—একতালা—ক।

মল্লার—একতালা

কৃপাং কুরু কমলাক্ষ! রক্ষ এ দীন পামরে।
গতি-বিহীন, ভেবে হীন, বঞ্চনা করো না মোরে।
ছ'জন কুজন ত্যজে, বিজন হয়ে তোমারে,
ভজন ক'রেছে যে জন, সে জন অনাসে তরে,—
ক'রে তার দুঃখ-ভঞ্জন, পাঠাও ভবপারে। (কৃ)

* * *

তরণীর শ্রীরাম-বন্দনা

তরণী কয় হে দয়াল রাম! এ দাসের দুঃখ-বিরাম,
কর রাম! নিদয় হইও না।
নাই মোর সাধন-শক্তি, নিজগুণে কর মুক্তি,
মুক্তিদাতা! বঞ্চনা করো না। ৬৭
আমি পাতকিকুলে উদ্ভব, মম ভাগ্যে অসম্ভব,
দয়া হবার সম্ভব, নাই বটে মোরে।
তা বল্‌লে শুন্‌ব না রাম! চণ্ডালের দুঃখ-বিরাম,
ক'রেছ দূর্ব্বাদলশ্যাম! মিতা ব'লে তারে। ৬৮
তোমার দেহে নাই বিকার, নাম যে ধর নির্ব্বিকার,
দেখে আমার পাপাকার, ঘৃণা করো না তুমি।
শুন হে ভবকর্ণধার! অজামিলকে উদ্ধার,
ক'রেছ ভবের মূলাধার, শুনেছি ত আমি। ৬৯
এসে সুরশঙ্কা নিবারিতে, রাক্ষসকুল উদ্ধারিতে,
তা শুনেও ভরসা করিতে, পারি নাই রাম!
তখন স্তব শুনি তরণীর, কমলনেত্রে বহে নীর,
কেন বাছা! নয়নে নীর, কহিছেন রাম। ৭০

* * *

স্তবে তুষ্ট রামচন্দ্রের করুণা

আমি জানিতাম নাই ভক্ত, লঙ্কায় সব অভক্ত,
ভক্ত মাত্র মিতা বিভীষণ।
আমায় ভক্তাধীন বলে সকলে, এস বাছা! করি কোলে,
তবে কেন বা যুদ্ধস্থলে, ল'য়ে শরাসন। ৭১
শুধান দশরথ-পুত্র, মিতে হে, এ কা'র পুত্র!
বিভীষণ কন ভ্রাতুষ্পুত্র, দশাননের ইনি।
ভক্ত তোমার লঙ্কায়, এই তরণী আর অতিকায়,
শুনি তরণীর শুকায় কায়, মনে ভাবে অমনি। ৭২

* * *

শ্রীরামচন্দ্রের প্রতি তরণীর কটুবাক্য-প্রয়োগ

স্তুতিপাঠ করিলে রাম, করিবেন না সংগ্রাম,
তবে আমার মনস্কাম, পূর্ণ তো হ'ল না।
হৃদয়ে রাখিয়ে ভক্তি, মুখে করে কটু উক্তি,
প্রাণ বাঁচায়ে কর যুক্তি, তাই দুই জনা। ৭৩
মনে ক'রেছ করব না রণ, এখনি তোদের ঘটাব মরণ,
পিতামাতায় কর স্মরণ, ও ভণ্ড তপস্বী!
কাণ্ডজ্ঞান নাস্তি তোর, ভক্ত কে তোর লঙ্কার ভিতর,
ভক্তবিটল দেখে পায় হাসি। ৭৪
শুনি হাসি কন লক্ষ্মণ, ভক্ত পাও ঠাকুর! বিলক্ষণ,
কোন্ দিন কি অলক্ষণ, ঘটান সত্বরে।
ব'লে লক্ষ্মণ যান যুঝিবারে, তরণী রামকে বারে বারে,
গালি দিয়ে বলে সারথিরে, শর ধনু দাও মোরে। ৭৫

* * *

ঝিঁঝিট—ঠেকা[১]

কোদণ্ড দে মোরে সারথি রে।
আর বিলম্বে ফল কি বল রে,
এই দণ্ডে করিব দণ্ড, ভণ্ড রাম তপস্বীরে।
ওরে নিতান্ত ডেকেছে কৃতান্ত, এসে সমরে,
মোর সমরে, ত্রাসিত সুরকান্ত,
নর-বানরের রুধিরে সাগর,
আজি করিব সাগরতীরে। (এ)

* * *

পাঠান্তর: ১ ত্রিতালীর মধ্যমান—ক।

শ্রীরামের বাণে তরণীর শিরশ্ছেদ

তখন আরক্ত লোচন করি, ধনুখান করে করি,
সিংহনাদ করি, তরণী ধায়।
ধরণী হয় কম্পমান, বেগে যায় তরণীর বাণ,
দেখিছেন ভগবান্, পড়ে বিভীষণের পায়॥ ৭৬

লক্ষ্মণ যান যুঝিবারে, বিভীষণ বারে বারে,
নিষেধ করি যুঝিবারে, শ্রীরামেরে কয়।
শ্রবণ কর রঘুবীর! তোমার বধ্য তরণী বীর,
অন্যের সাধ্য নয়॥ ৭৭

শুনি দাঁড়ান রাম মহাবলী, তরণী বলে রাম! শুন বলি,—
যদিও তুমি বড় বলী, কিন্তু বলির কাছে রও বাঁধা।
কি করছ বলাবলি, যা মনের কথা, নাও বলি,
আর করতে পাবে না বলাবলি, তাতে পড়িল বাধা॥ ৭৮
শুনে ক্রোধে ভগবান্, তরণীরে মারেন বাণ,
ত্রিভুবন কম্পমান, বাণের গর্জ্জনে।
অগ্নিসম পড়ে বাণ, বাণে তরণী কাটে বাণ,
বলে হরি নির্ব্বাণ, করিবেন কতক্ষণে॥ ৭৯

এইরূপ শরাসন, উভয়ে করেন বরিষণ,
রামে কন বিভীষণ, বৈষ্ণব বাণ ছাড়।
শুন ওহে রঘুবর! ব্রহ্মা ওরে দিয়েছেন বর,
বৈষ্ণব বাণে সত্বর, কেটে মুণ্ড পাড়॥ ৮০

শুনি মহানন্দে ভগবান, বাহির ক'রে বৈষ্ণব বাণ,
যুড়িলেন ধনুকে বাণ, নির্ব্বাণের কর্ত্তা।
ক'রে মন্ত্রপূত ছাড়েন বাণ, ধরণী হয় কম্পমান,
দ্রুতগমনে গিয়ে বাণ, কাটে তরণীর মাথা॥ ৮১
তখন কাটা মুণ্ড বলে রাম, ক্ষণমাত্র নাই বিরাম,
গোলোকে যে গিয়ে বিশ্রাম, করেন তরণী।
অমনি হাহাকার শব্দ করি, তরণীর মুণ্ড কোলে করি,
বিভীষণ রোদন করি, পড়িল ধরণী॥ ৮২

* * *

বিভীষণের বিলাপ

[১]পরজ—কাওয়ালী[১]

ও তরণী ধরণীতলে নাই তোমা ভিন্ন।
গেলে আমার জীবন-কুমার,
ক'রে পিতার হৃদয় শূন্য॥
নাই মোর মায়া, পাষাণ কায়া,
মম সম কে আর অন্য।
ধিক্ জীবনে, ত্রিভুবনে, আজ হইলাম অগণ্য[২]।
ওরে ধিক্, আমার প্রাণাধিক! হারাইয়ে প্রাণাধিক,
কেন সাধ হইল অধিক, জীবন-ধারণ-জন্য।
তোয় খোয়ালেম, কেন নিলাম, শ্রীরাম চরণে শরণ্য,—
একবার চা রে, প্রাণ বাঁচা রে!
শোকে হৃদয় হয় বিদীর্ণ॥ (ট)

* * *

ল'য়ে পুত্রমুণ্ড বিভীষণ, বক্ষে করি ধরাসন,
মধ্যে লুটায় উন্মাদের প্রায়।
বলে, গেলি পুত্র! ত্যজিয়ে আমায়, কি কব গিয়ে সরমায়,
শুধাইয়ে দেরে আমায়, ব'লে তার উপায়॥ ৮৩
বলিবে, তুমি এলে, তরণী কই, তখন তারে কি কই,
কেমনে তাহারে কই, এমন নির্ঘাত বাণী।
এমন ধন আর কোথা পাই, কোলে দিয়ে তারে বুঝাই,
কোথা যাব বল রে তরণী॥ ৮৪
ডাকবে শোকে হ'য়ে কাতর, আর কি দেখা পাব তোর,
লঙ্কার ভিতর তোর সম পাব না।
আর দেখিতে পাব না চক্ষে, তোমা ধনে ত্রৈলোক্যে,
ছিলাম তোমার উপলক্ষে, আর গৃহে যাব না॥ ৮৫

* * *

শ্রীরাম কর্ত্তৃক সান্ত্বনা

কাঁদে এইরূপ বিভীষণ, করিয়ে রাম দরশন,
পরশন তায় করিয়ে সুদর্শনধারী॥ ৮৬

পাঠান্তর: ১-১ ভৈঁরো রামকেলি—একতালা—ক। ২ গণ্য—ক।

এখন শোক কেন মিতা! শুধাইলাম তখন তুমি তা
কারমার পুত্র বল্‌লে না হে আমায়।
তুমি সিদ্ধেশ্বর প্রধান, বল্‌লে সব অনুসন্ধান,
আমিও সন্ধান পুরিলাম তায়। ৮৭
আর কেন কর শোক, শোকটা কেবল ক্রিয়া-নাশক,
ধর্ম কর্ম করলি করে হত।
করে শোকেতে আত্মা যায়, যায় না দুঃখ চক্ষু যায়,
ইহ পর থাকে না বজায়, যদি শোক থাকে নিয়ত। ৮৮
এইরূপ কহিছেন বিপদবারী, শুনি বিভীষণ নয়নের বারি,
নয়নে নিবারি অমনি বলে।
নিবেদন শ্রীপদে জানাই, সে শোক আমি করি নাই,
শোককে স্থান দেই নাই, ভুলেও দেহ-স্থলে। ৮৯
তবে এ দুঃখ করিতেছিলাম, ভবে আমি রহিলাম,
অগ্রে তারে বিদায় দিলাম, যেতে গোলোকেতে।
সে ধন্য ধরায় পুণ্যবান্, দিলে পদ নির্ব্বাণ,
আমায় পাতকী জ্ঞানে ভগবান্, রাখিলেন ভূলোকেতে। ৯০

* * *

[১]বিভাস—তেতালা[১]

সে শোক করি নাই, শ্রীচরণে জানাই,
কি হবে মোর নাই সঙ্গতি।
যদি তার নিজগুণে, এ অধম নির্গুণে,
তবে রয়, হয় গুণের সুখ্যাতি।
সদা মনেতে সন্দেহ, কলুষপূর্ণ দেহ,
স্থান দেহ কি না দেহ, ঐ পদে শ্রীপতি।
ভয় হয় শমনে,
যখন শমন বাঁধিবে তায় তরি কেমনে,
শমনদমনকারি! যদি কর দীনের গতি।
মিছে দারা পুত্র সব, তারা সব কে সব!
আমি তারা মুদে শব হয়ে, শয়ন করলে ক্ষিতি!
তত্ত্ব লবে না ভুলে,
পেয়ে অনিত্য ধন গৃহে রবে ভুলে,
ফুলে ভুলে ভবের কূলে, কাঁদে দাশরথি। (ঠ)

মায়াসীতা-বধ

বীরবাহুর মৃত্যুতে রাবণের খেদ

শ্রীরামের শরাসনে, বীরবাহু সমরাসনে
শয়ন করিয়ে দেখে রামে।
পাইল নির্ব্বাণ-পথ, আরোহণ পুষ্পক-রথ,
হ'য়ে বীর যায় গোলোক-ধামে। ১
তখন ভগ্নদূত বিঘ্ন দেখি করি ছল ছল আঁখি,
বিংশতিআঁখিরে যোড়করে।
বলে কি কর হে লঙ্কার স্বামী! কহিতে কম্পিত আমি,
বীরবাহু পতিত সমরে। ২
এই কথা করিয়ে শ্রবণ, অন্ধকার দেখি ভুবন,
জীবন-সংশয় মনে গণে।
ছিল সিংহাসনোপরে, জ্ঞানশূন্য ধরাপরে,
পড়ে রাজা ধারা বয় নয়নে। ৩
অমনি উঠিয়া লঙ্কার নাথ, বলে গেলি পুত্র! ক'রে অনাথ,
পাষাণ-সম হইলাম রে আমি।
ভেবে শীর্ণ হ'লো বপু, এ কেমন হ'লো রিপু,
ফেরে না কেহ, যে যায় সমর-ভূমি। ৪
আমি নিজ-বংশ বিনাশিতে, চুরি করলাম রামের সীতে,
প্রকাশিতে পারিনে দুঃখের কথা।
পারে না কেহ তাহারে, যে যায় সমরে হারে,
এমন শত্রু ছিল আমার কোথা। ৫
বাঁধিলাম যম পুরন্দরে, হ'লাম প্রবেশ তাদের অন্দরে,
ছিল লঙ্কাপুরে আনন্দ রে! কি আমার তখন।
দেহে মাত্র ছিল না শোক, শোক যে এমন প্রাণনাশক,
জন্মাবধি জানিনে কখন। ৬

* * *

পাঠান্তর: ১-১ অহং—একতালা—ক।

খাম্বাজ—কাওয়ালী

শোকানলে হ'লো দগ্ধ কায়।
আমি এ দুঃখ কব কায়, কে আছে লঙ্কায়,
সশঙ্কিত সদা রিপুর শঙ্কায়,
প্রাণ-সম হারাইয়ে অতিকায়,
আর কত সব শব-প্রায়॥
পুত্রশোকে হয় হৃদয় বিদীর্ণ,
কোথা গেল প্রাণাধিক কুম্ভকর্ণ!
কেঁদে নয়ন অন্ধ, বধির হ'লো কর্ণ,
কি ফল আর স্বর্ণলঙ্কায়। (ক)

* * *

তখন পুত্রশোকে কাঁদে রাবণ, শূন্যময় দেখে ভুবন,
জীবনে ধিক্ দেয় শত শত।
আমায় ত্রিভুবন মানে হারি রে, আমি সমরে হারি রে!
ধন্য বল তাহারি রে, সকলি কল্লে হত। ৭
দেখিয়ে আমার বীর্য্য, ভয়ে অস্থির চন্দ্র সূর্য্য,
আর হয় কি সহ্য, মোর পরাণে এত।
হেরে মানুষের রণে হেঁট মাথা, দৃষ্টে যার উড়ে মাথা,
সেই শনি মোর কাপড় কাচে নিয়ত। ৮
অন্য নন যিনি শমন, বেটাকে কল্লেম এমন দমন,
বারমাস ঘোড়ার ঘাস কাটে!
বরুণ আসি যোগায় জল, ইন্দ্র আছে হুকুম-তল,
মালাকার হ'য়ে আছে নিকটে। ৯
আর কথা কবার নাই যুক্ত, পবন করে ভবন মুক্ত,
দ্বারে মোর জয়কালী প্রহরী।
ব্রহ্মা বিষ্ণু শঙ্কা করে, কিঙ্কর হ'য়ে রত্নাকরে,
যুগ্মকরে আছে আট প্রহর-ই। ১০
যত হার মেনেছে দেবতারা এখন দেখে হাসে তারা,
আমার নয়নতারা দিবানিশি ভাসে।
নর বানর আহারের যোগ্য, তাদের রণে হ'লাম অযোগ্য,
সমযোগ্য হ'ল বেটারা এসে। ১১
বানরে করে লঙ্কা দগ্ধ, ভেবে হ'লো দেহ দগ্ধ,
প্রাণ দগ্ধ হ'লো মনাগুনে।
জানিনে হবে এ অবস্থা, পশুর [illegible] অবস্থা
আর কত সব বল পরাণে। ১২
গুরুর মান্য করিত দেবে, এখন সম্মুখে দাঁড়ায়ে গালি দেবে,
দেবে কত দেবে ধিৎকার।
ছিলাম সকলের অগ্রগণ্য, মানুষে [illegible] হ'লাম অগণ্য,
হলো জঘন্য লঙ্কার অধিকারী। ১৩

* * *

খাম্বাজ—কাওয়ালী[১]

আর বিফল জনম-ধারণ।
সকলি হ'লো অকারণ।
শূন্য হ'লো স্বর্ণ লঙ্কাধাম,—কি করিলাম,
মানুষ-রামের সীতা ক'রে, হরণ।
কে ছিল মম সম রে! ধরায় শর ধরে মম সমরে,
বাঁধিলাম পুরন্দর যমেরে,
হৃদয় বিদীর্ণ হয় হ'লে স্মরণ। (খ)

* * *

মায়াসীতা-নির্ম্মাণে রাবণ-মন্ত্রী শুকসারণের মন্ত্রণা

কেঁদে রাবণ বলে কি করি মন্ত্রী! শুনিয়ে কহিছেন মন্ত্রী,
ধৈর্য্য হও, কি হবে কান্দিলে।
ক'রো না মনে উদ্বিগ্ন, ঘটে তাতে বহু বিঘ্ন,
বিঘ্নহারীর পিতা লিখেছেন মূলে। ১৪
উদ্বিগ্ন থাকিলে পরে, পায় না ত্রাণ ইহ পরে,
দেহ পরে ব্যাধি জন্মায় যত।
যে রাজার উদ্বিগ্ন চিত্ত, থাকে না তার রাজত্ব,
উদ্বেগে সকলি হয় হত। ১৫
সকলে কর স্থির যুক্ত, যেটা হবে উপযুক্ত,
কি প্রযুক্ত এত উচাটন।

পাঠান্তর: ১-১ ইমন-কল্যাণ—বং—খ।

সর্ব্বকাল ধাতার লিখন, সময় হবে যার যখন,
কার সাধ্য রাখে তখন, পারেন না পঞ্চানন ॥ ১৬
তার আর মিছে অনুশোচন, শুন হে বিংশতিলোচন!
আমার বচন ধর এইবার।
যেতে হবে না সমরে, যে কোন হেতুতে রিপু মরে,
যুক্তি স্থির করুন দেখি তার ॥ ১৭
শুনে রাবণ বলে না করলে রণ, কেমনে হবে রামের মরণ,
হেসে বলে শুক-সারণ, কি তব অসাধ্য।
কোন্ তুচ্ছ শত্রু রাম, হাসি পায় রাম রাম,
ত্রিসংসার সকলি যার বাধ্য ॥ ১৮
শুন হে লঙ্কার রায়! বিশ্বকর্ম্মা ডাক ত্বরায়,
সীতার মূর্তি ক'রে দিক নির্ম্মাণ।
শুনে হবে মনঃপূত, করিয়ে তার মন্ত্রপূত,
অবশ্য পাইবে জীবন-দান ॥ ১৯
দেয় রামের পরিচয় শিখাইয়ে, ইন্দ্রজিৎ যান ল'য়ে,
রামের সম্মুখে গিয়ে, কাটিবেন সীতার মাথা।
হবে মহারাজ! দুঃখ-বিরাম, সীতা-শোকে মরিবে লক্ষ্মণ-রাম,
বানরগণ পলাবে যথা তথা ॥ ২০

* * *

মূলতান—কাওয়ালী[1]

আর কি ভয় করিতে রিপু-জয়।
ব'সে ব'সে লাভ কর বিজয়,
হয় ফণীন্দ্র-মুনীন্দ্র ইন্দ্র রণে পরাজয়,—
কি করিবে ভণ্ড, রণে শাসিব ব্রহ্মাণ্ড,
যদি সাধ পূরণ করেন আজ মৃত্যুঞ্জয়।
পার রণে প্রবেশিতে, ল'য়ে মায়াসীতে,
তায় পার নাশিতে অসিতে,
সমরে পড়িলে সীতে,
রণে যারে জীবন নাশিতে,
অবশ্য ত্রাসেতে সীতে লইবে আশ্রয়॥ (গ)

* * *

মায়াসীতা নির্ম্মাণ করিতে বিশ্বকর্ম্মাকে আদেশ

শুনে রাবণ বলে শুক সারণ! এ যুক্তি নয় সাধারণ,
এইবার রামের মরণ, হইবে নিশ্চয়।
মনে হয় পুলকিতে, বিশ্বকর্ম্মায় ডাকিতে,
লঙ্কাপতি দূত প্রতি কয় ॥ ২১
দূত গিয়ে বিশ্বকর্ম্মায়, বলে লঙ্কেশ্বর তোমায়,
ডাকিতে পাঠালেন আমায়, চল সত্বরেতে।
তখন শুনি বিশ্বকর্ম্মা চলে, যুগ্মকরে বসন গলে,
উপনীত রাবণ অগ্রেতে ॥ ২২
ভয়ে শুকায়েছে কায়, কয় না কথা শঙ্কায়,
মৃত্যুকায় অপেক্ষায় বেশী।
মনে ভাবে কত কি, কি জানি এখন বলে কি,
কাল-স্বরূপ আছে বেটা বসি ॥ ২৩
অম্‌নি বেটা করেছে রব, কার মুখে নাহিক রব,
"কি গৌরব রব, ক'রে দিয়েছেন বিধি"[2]।
ত্রিলোক ক'রেছে শূন্য, কবে যাবে উচ্ছন্ন,
সত্বরেতে লঙ্কা শূন্য, রাম করেন যদি ॥ ২৪
এইরূপ ভাবে বিশ্বকর্ম্মা, দেখে মন্ত্রী বলে, বিশ্বকর্ম্মা,
এসেছে মহারাজ! আজ্ঞা যা হয় কর।
শুনে রাবণ বলে বিশ্বকর্ম্মায়, যে জন্যে ডেকেছি তোমায়,
হও তৎপর বিলম্ব না কর ॥ ২৫
যেরূপ আকার রামের সীতে, সেই রূপ নির্ম্মাণ সীতে,
মূর্তি প্রকাশিতে হবে[3] তোমারে।
শুনে বিশ্বকর্ম্মা কয় লঙ্কাপতি, যা করিবেন অনুমতি,
অবিলম্বে দিব তাই ক'রে ॥ ২৬
কি ফল আছে মায়াসীতে, বিরাজমান ত আছেন সীতে,
কি দিবা-নিশিতে, অশোকের কাননে।
কি হেতু হে মহারাজ! থাকতে আসল, নকলে কি কাজ,
ভাব কিছু বুঝিতে নারি মনে ॥ ২৭
শুনে রাবণ বলে মায়াসীতে, সমরে হবে বিনাশিতে,
অসিতে হবে তারে কাটিতে।

পাঠান্তর: ১ একতালা—খ। ২-২ কি গৌরব করে দিয়েছেন বিধি—খ। ৩ দিবে—ক।

ঐ সীতায় মোর জন্মেছে মায়া, তাইতে প্রকাশ করিব মায়া,
কেমনে পারি ও সীতে নাশিতে ॥ ২৮
এখন বল্‌লে আমার প্রিয়জন, নাই সমরে প্রয়োজন,
রামলক্ষ্মণ ভণ্ড দুজন, আশু ম'রে যায়।
সমরে ডাক্‌বে রামকে মায়াসীতে, রামের সম্মুখে অসিতে,
নাশিতে হইবে গিয়ে তায় ॥ ২৯
মর্‌বে বেটা তত্তক্ষণ, রামের শোকে লক্ষ্মণ,
ত্যজিবে জীবন কপিগণে।
পলাবে সাগর-পারে, তারা কি করিতে পারে,
সিংহাসন উপরে, বসিব সীতার সনে ॥ ৩০
হবে মনের দুঃখ দূরীকরণ, লঙ্কা শূন্য যে কারণ,
হয় যদি প্রতিজ্ঞা পূরণ, শোক কিছু করিলে।
দেখ্‌ছি শুন্‌ছি সর্ব্বকাল, থাকে না হ'লে পূর্ণকাল,
কালাকাল মানে না ত কালে ॥ ৩১

* * *

[১]পরজ—একতালা[১]

কাল পূর্ণ হ'লে পরে,
নিয়ম আছে পূর্ব্বাপরে।
ভারতে প্রকাশ ভারতে,—শুনি সকল শাস্ত্রেতে,
কিছু নাই কালাকাল অগ্র পরে।
যত পাতকীরে এই মহীতে,
মায়ায় কেবল হয় মোহিতে,—
অজ্ঞান চিত্ত রয় ভ্রমেতে,
দুঃখ পায় সে ইহ পরে। (ঘ)

* * *

রাবণের আত্মতত্ত্ব-চিন্তা,—জন্ম হইলেই মৃত্যু হইবে

পুনরায় বিশ্বকর্ম্মায় রাবণ কহিছে।
কারো মৃত্যু হ'লে পরে, তাঁর উপর শোক করা মিছে ॥ ৩২
পিতা সত্ত্বে পুত্র মরে, বলে অকাল মরণ।
কালপূর্ণ হ'লে ধরায় কেহ নাহি রন্ ॥ ৩৩
যার যেটা নিয়মকাল, সে পর্য্যন্ত রয়।
অকালে শুনেছ কোথা কালপ্রাপ্ত হয় ॥ ৩৪
জন্মিলে মরণ হয়, আছে সর্ব্বকাল।
কালের কাল হয় তার, হ'লে পূর্ণ কাল ॥ ৩৫
যক্ষ রক্ষ নাগ অসুর জন্ম লয়েছে যারা।
স্থাবর জঙ্গম পশু পক্ষী রবে না কেউ তারা ॥ ৩৬
গন্ধর্ব্ব কিন্নর নর রত্নাকর প্রভৃতি।
ভূচর খেচর চরাচর আদি রবে না বসুমতী ॥ ৩৭
যাদের অমর বলে সকলে, কিন্তু তারাও অমর নয়।
সৃষ্টিকর্ত্তা রবেন কোথা, হলে তাঁর সময় ॥ ৩৮
পঞ্চম পাতকী যারা তারাই শোক করে।
শোক প্রবেশ করিতে নারে কখন পুণ্যবান্-শরীরে ॥ ৩৯
শোকার্ণবে মগ্ন হয়ে কি নরকে মজিব।
চিত্ত প্রফুল্লিতে রব যত দিন রব ॥ ৪০
কেহ সার ভাবে সংসার, কিন্তু সকলি অসার।
দারা পুত্র পৌত্র-আদি কেহ নয় কার ॥ ৪১
বাজিকরের ভেল্কি যেমন দেখ হে সকলে।
কোথা থাকেন ভাই বন্ধু দুনয়ন মুদিলে ॥ ৪২
আমার গৃহ, আমার ধন, সকলি আমার কয়।
কিন্তু আমার কে, আমি কার,[২] করে না নির্ণয় ॥ ৪৩
কেবল ভ্রমেতে ভ্রমণ করে, আসি সংসারক্ষেত্রে।
অসার বস্তু সার ভাবে, সারকে দেখে না নেত্রে ॥ ৪৪
সংসারে আসা, সকলের আশা, ধন জন পরিবার।
যায় না ভ্রম, মিছে পরিশ্রম, করিছে বার বার ॥ ৪৫
মায়ার ফাঁদে, পড়িয়ে কাঁদে, জ্ঞানশূন্য হ'য়ে।
কিন্তু অনিত্য দেহ, দেখে না কেহ, তিলার্দ্ধ ভাবিয়ে। ৪৬
কিসের রোদন, কিসের বেদন, কি জন্যে লোক ভাবে।
কেমন অভাব কেমন ভাব, ঠিক হয় না ভেবে ॥ ৪৭
জন্মিলেই মৃত্যু হয়, শুনেছি বেদ পুরাণে।
যাতে জন্ম নিতে না হয়, জীব তার চিন্তে করে না কেনে॥

* * *

পাঠান্তর: ১-১ আলিয়া—ঠেকা—খ। ২ আর—ক।

সুরট জয়জয়ন্তী—কাওয়ালী

যাতে জন্ম নিতে না হয় আর জন্মভূমে।
হ'য়ে ধৈর্য্য, কর সৎকার্য্য, ত্যজ অসার সংসার আশা,
ভুল না আর মায়ার ভ্রমে॥
কেহ ভাবে না ক এক দিন, দিন গেল, ফুরাল দিন,
সে দিন ত রবে না কোন ক্রমে,—
জঠর কঠোর দায়, সে যন্ত্রণা যাতে যায়,
আসিতে না হয় ফিরে আশ্রমে,—
যা হ'লো এবার, না হয় পুনর্ব্বার,
আসা যাওয়া বার বার, গেল অমূলক পরিশ্রমে॥ (ও)

* * *

রাবণের পূর্ব্বজন্ম-বিবরণ-স্মরণে ভক্তিভাব

আবার রাবণ বলে হে বিশ্বকর্ম্মা! তুমিত বট বিশ্বকর্ম্মা,
দেবের মধ্যে গণ্য এক জন।
সকলি ত জান তুমি, স্বর্গ মর্ত্ত্য পাতাল-ভূমি,
আছে চতুর্দ্দশ ভুবনে যত জন॥ ৪৯
আমি কি বুঝিনে সূক্ষ্ম, যত মূর্খ বেটারা আমায় মূর্খ,
জ্ঞান করে একি দুঃখ, হাসি পায় শুনে।
করি দেব-পক্ষে সদা দ্বেষ না জেনে মম উদ্দেশ,
বুঝায় কত উপদেশ বচনে॥ ৫০
সৌজন্য শিখাতে মোরে, এসে যত পামরে,
অমরে দুঃখ দিই ব'লে।
আমার যেটা মনের ভাব, কে করিবে অনুভাব,
এ ভাব বুঝিতে পারে কি সকলে॥ ৫১

হেসে অবাক্ তাদের শুনে বাণী,
যেমন বাণীকে এসে শিখাইতে বাণী,
পতিভক্তি ভবানীকে শিখাতে যেমন যায়।
এসে যত বেটা মূর্খের হাট,
দিতে বৃহস্পতিকে ব্যাকরণের পাঠ,
ধৈর্য্য ধরা শিখায় ধরায়॥
নারদকে দেয় হরিভক্তির দীক্ষে,
মহাযোগীকে যোগ-শিক্ষে,
উর্ব্বশী মেনকাকে নৃত্য শিখাতে চায়।
দেখে শুনে মরি দুঃখে,
ধন্বন্তরিকে নাড়ী পরীক্ষে,
কর্ণকে দেয় দানের দীক্ষে, শুনে হাসি পায়॥ (অ)

এসে ধর্ম্মাচার প্রকাশিতে, দিতে বলে রামকে সীতে,
কেবা রাম কেবা সীতে, আমি যেন জানিনে।
ছিলাম আমরা বৈকুণ্ঠের দ্বারে, জয় বিজয় দুই সহোদরে,
বলিতে হৃদয় বিদরে, ধরায় যে কারণে॥ ৫৪
দেখিবারে চিন্তামণি, দৈবযোগে দুর্ব্বাসা মুনি,
উপনীত হন অমনি, বৈকুণ্ঠের দ্বারে।
দোষ কি দিব বিধাতায়, আমরা দ্বার ছেড়ে দিলাম না তায়,
মুনি মোদের অভিশাপ করে॥ ৫৫
তোদের বৈকুণ্ঠে থাকা নয় যুক্ত, ধরায় করা বাস উপযুক্ত,
আসা অবনীতে সেই প্রযুক্ত, তুচ্ছ অপরাধে।
হ'লো পাপে পূর্ণ কলেবর, তাই ব্রহ্মার কাছে মাগি বর,
ঐ ব্রহ্ম পীতাম্বর, দেখ তো আমাদের সেধে॥ ৫৬
অন্য কি ছার শূলপাণি, দরশনার্থে চক্রপাণি,
যুগ্মপাণি করতেন আমাদের কাছে।
আমরা কি দেবতায় মানি, ছিলাম কত হ'য়ে মানী,
তাইতে হ'য়ে অপমানী, ভূতলে থাকা মিছে॥ ৫৭
তাই দাসের ঘুচাতে দুর্গতি, রাম-রূপে অগতির গতি,
করেছেন লঙ্কায় গতি, পশুপতি-আরাধ্য।
যারে পায় না যুগে যুগে আরাধিয়ে,
রেখেছি সেই লক্ষ্মী বাঁধিয়ে,
দেখেন ভক্তিভাব যার হৃদয়ে, হরি হন তার বাধ্য॥ ৫৮

* * *

ভৈরবী—যৎ১

নিলে তারকব্রহ্ম রামের নাম।
যায় ভবভয় দূরে, শমন পলায় ডরে,

১ একতালা—ক।

জঠর-যন্ত্রণা হয় না বারে বারে,
গোষ্পদ জ্ঞান হয় জলধিরে,
অন্তে পায় মোক্ষধাম ॥
মম তুল্য কে ধরায় ভাগ্যবন্ত,
অশোক-বনে লক্ষ্মী আর লক্ষ্মীকান্ত,
হ'য়ে ভ্রান্ত যার পদ ভাবেন উমাকান্ত,
শ্মশানবাসে অবিশ্রাম ॥ (চ)

* * *

রাবণ কর্ত্তৃক শ্রীরামচন্দ্রের স্তব

আমার ভাগ্যফলে এসেছেন রাম, কি কব দুঃখ রাম রাম,
ভ্রান্তগণে বলে আমাকে ভ্রান্ত।
মম তুল্য কে আছে ভক্ত, ধরাতলে রামের ভক্ত,
ভক্তবিটল্‌রা বুঝে না ত অন্ত ॥ ৫৯
ওঁর নাই ভক্তের কাছে আসিতে বাধা,
ভক্তের কাছে চিরকাল বাঁধা,
তার সাক্ষী দেখ না বাঁধা, বলির কাছে পাতালে।
দেখ ভক্ত প্রহ্লাদে করে রক্ষে, জলে স্থলে অন্তরীক্ষে,
তাই ভক্তাধীন নাম ব্যাখ্যে, আছে ধরাতলে ॥ ৬০
দেখ অস্পর্শীয় কদাচারী, হিংস্রক পাপী মাংসাহারী,
মিতা ব'লে তাহারি গৃহে যান ভক্ত ভেবে।
দেখ হিংস্রক কত বনপশু, সেই বনে পঞ্চবর্ষীয় শিশু,
তারে রক্ষে করেন অমূল্যবস্তু, ভক্ত ভেবে ধ্রুবে ॥ ৬১

অতুলনীয় রাম

অতএব দেখ রামের গুণের তুল্য গুণ জগতে
কার আছে—

যেমন কমল-তুল্য ফুল নাই, পূর্ণিমা-তুল্য নিশি।
শিবের তুল্য দেবতা নাই, দেবর্ষি-তুল্য ঋষি ॥
ভীষ্ম-তুল্য যোদ্ধা নাই, কৌরব-তুল্য মানী।
সূর্য্য-তুল্য বীর্য্য নাই, বলির তুল্য দানী।
প্রহ্লাদ-তুল্য বৈষ্ণব নাই, শুকের তুল্য মুনি।
গরুড়-তুল্য পক্ষী নাই, অনন্ত-তুল্য ফণী।
গঙ্গার তুল্য জল নাই, অঙ্গার-তুল্য মসী।
ব্রাহ্মণ-তুল্য জাতি নাই, বাসের তুল্য কাশী।
তুলসী-তুল্য বৃক্ষ নাই, কোকিল-তুল্য রব।
সতী-তুল্য সতী নাই, ভব-তুল্য ধব ॥
বটের তুল্য ছায়া নাই, শঠের তুল্য কুজন।
কার্ত্তিক-তুল্য কায়া নাই, মনের তুল্য গমন ॥
চক্ষুর তুল্য বস্তু নাই, ভিক্ষের তুল্য দুঃখ।
অপহরণ-তুল্য পাপ নাই, ধর্ম্ম-তুল্য সুখ ॥
আশ্বিনের তুল্য পূজা নাই, ধ্রুব-তুল্য শিশু।
ভগীরথ-তুল্য পুত্র নাই, সিংহ-তুল্য পশু ॥
স্বর্ণ-তুল্য ধাতু নাই, কর্ণ-তুল্য দাতা।
তেমনি রামের তুল্য গুণ কার, জগতে আছে কোথা ॥ [আ]

* * *

রাবণের মোহ

বলিতে বলিতে রাবণ অম্‌নি যায় ভুলে।
যেমন মাদক দ্রব্য পান করিলে, কত কয় বিহ্বলে ॥ ৭১
বলে, কি কর হে বিশ্বকর্ম্মা! তোমায় কি কহিলাম আমি।
অবিলম্বে মায়াসীতে নির্ম্মাণ কর তুমি ॥ ৭২
এবার দেখি কোন্ বেটা রাখে জটাধারী রামে।
কেটে মায়াসীতে, লয়ে সীতে বসাইব বামে ॥ ৭৩
ভণ্ড বেটার কাণ্ড দেখে ব্রহ্মাণ্ড যায় জ্বলে।
আর কেন করে সীতার মায়া, যাক্ না দেশে চলে ॥ ৭৪
মানুষ বেটার মানস আবার উদ্ধারিবেন সীতে।
এসে বনের কটা বানর ল'য়ে, লঙ্কা প্রবেশিতে ॥ ৭৫
বিরক্ত হইয়ে রাবণ আরক্ত-লোচনে।
বিশ্বকর্ম্মায় বলে, শীঘ্র যা অশোক-কাননে ॥ ৭৬
ওরে বেটা বিশ্বকর্ম্মা! তোরে কে বলে বিশ্বকর্ম্মা।
কাজের ব্যবহারে জান্‌লাম তুই রজকের বিশ্বকর্ম্মা ॥ ৭৭
শুনে ভয়ে বিশ্বকর্ম্মা, চলে দূত সঙ্গে ল'য়ে।
সীতার গুণ বর্ণন করে আনন্দ-হৃদয়ে ॥ ৭৮

* * *

ঝিঁঝিট[1]—ঝাঁপতাল[2]

কমল-চরণ দেহি কমলা! বাঞ্ছা আছে দরশনে।
কৃপণতা ক'রো না মা! এ অকৃতি-সন্তানে॥
ঐ পদাশ্রিত দাস তোমারি,
শুন গো মা ধরা-কুমারি!
পদে পদে দোষ আমারি, তোর যদি মা নিজ গুণে॥
এ মা! সুরশঙ্কা বিনাশিতে, রাবণ-কুল নাশিতে,
ভূ-সুতা হইয়ে সীতে, এলে লঙ্কাভুবনে।—
কভু সীতে কভু অসিতে, কভু অন্নদা কাশীতে,
এবে হবে মহিমা প্রকাশিতে,
যদি তার দাশরথি দীনে॥ (ছ)

* * *

বিশ্বকর্ম্মার মায়া-সীতা নির্ম্মাণ

তখন বলে ওরে শুন শুন! ত্বরায় কর গমন,
বৃথা ভ্রমণ ক'রো না মিছে কাযে।
সফল হবে জীবন, দেখি গিয়ে ভুবন-জীবন-
কান্তা আছেন অশোক-বন-মাঝে॥ ৭৯
নৈলে ভবে কিসে তরি, বিনা মা জানকীর চরণ-তরী,
আসি অবতরি হয়েছেন লঙ্কায়।
তাঁর পদে উত্তীর্ণ চারি ফল, হেরে জনম করি সফল,
ত্যজ অন্বেষণ বিফল, এমন ফল পাবে কোথায়॥ ৮০
গিয়ে দেখে ত্রিজগতের মাঝে,
পতিত অশোক-বনের মাঝে,
হৃদয়মাঝে হইল বেদন।
বলে কবে হবে দুঃখ-নিবারণ, রাবণ বেটার দেখিব মরণ,
মায়ের দুঃখ দূরীকরণ, করবেন নীলবরণ॥ ৮১
ব'লে, প্রণাম করি জগৎ-মাতায়,
যায় দরশন করিয়ে সীতায়,
যথায় সিংহাসনে বসে রাবণ।
অমনি দেখে দশানন [3]বিশ্বকর্ম্মায়
বলে, যে কার্য্যবশতঃ তোমায়[3],
পাঠালাম তার বিলম্ব কি কারণ॥ ৮২

পেয়ে রাবণের অনুমতি, নির্ম্মাণ করি সীতা-মূর্ত্তি,
বিশ্বকর্ম্মা লঙ্কাপতিকে দেয়।
দৃষ্ট করি মায়াসীতে, হ'য়ে রাবণ হরষিতে,
বলে হয়েছে অভেদ সীতে,
সেই সীতা আর এই সীতায়॥ ৮৩
দেখে হ'লো রাবণের মনঃপূত, করে অমনি মন্ত্রপূত,
মায়াসীতা জীবন প্রাপ্ত হ'লো।
শ্রীরামের সব পরিচয়, মায়াসীতাকে সমুদয়,
হেসে হেসে রাবণ শিখায়ে দিল॥ ৮৪

* * *

মায়াসীতাকে কাটিবার উদ্যোগ

তখন ডেকে বলে ইন্দ্রজিতে, এসেছিলে ইন্দ্রে জিতে,
আজ এস গে রামকে জিতে, মায়াসীতে কেটে।
শুনি পিতার চরণে প্রণাম করি, শিবের চরণ স্মরণ করি,
লয়ে মায়াসীতে ত্বরা করি, ইন্দ্রজিৎ রথে উঠে॥ ৮৫
অতিশয় আনন্দ হৃদয়, বলে, আজ বিধি হলেন সদয়,
আর নিদয় রবেন কতকাল।
দূর হবে লঙ্কার পাপ, ঘুচিবে পিতার মনস্তাপ,
এখন সুখে সীতায় ল'য়ে কাটান কাল॥ ৮৬
এইরূপ মনে হ'য়ে উল্লসিতে,
রণে প্রবেশ হয় ল'য়ে মায়াসীতে,
উচ্চৈঃস্বরে কাঁদিছে সীতে, 'কোথা রাম!' ব'লে।
অমনি দূরে ছিল হনূমান্, সীতায় দেখে অনুমান,
[4]না করে[4] ইন্দ্রজিৎ-বিদ্যমান, বলে ভাসি নয়ন-জলে॥ ৮৭
তুই কেন রণে এনেছিস্ সীতে,
ইন্দ্রজিৎ বলে,—হবে নাশিতে,
এই সীতের জন্যে লঙ্কা যায়।
করলে সর্ব্বনাশী সর্ব্বনাশ, রাক্ষস-কুল সব হ'লো নাশ,
এর জীবন করলে নাশ, রামকে করি জয়॥ ৮৮
শুনি হনূর নয়ন-যুগলে, অবিশ্রাম বারি গলে,
কর-যুগলে কয় রামেরে গিয়ে।
দেখে রাবণপুত্র মেঘনাদ, করে বীর বীর-নাদ,

১ বিভাস—ক। ২ একতালা—খ। ৩-৩ উগ্র করি দশানন—ক। ৪-৪ কারে—ক।

রণমধ্যে রাম যথা বসিয়ে ॥ ৮৯
ইন্দ্রজিৎ ভাবিয়ে আশু যান,
আশু যাতে রাম দেখ্‌তে পান,
দক্ষিণ করে ক'রে কৃপাণ, ধরে বাম করে সীতার কেশ।
কত দুর্ব্বাক্য কহিয়ে সীতে, কাটিতে যায় মায়াসীতে,
ত্রাসিতে হ'য়ে সীতে, বলে, রাখ হে হৃষীকেশ ॥ ৯০

* * *

মায়াসীতার কাতরতা

সিন্ধু[১]—একতালা

প্রাণ যায় রঘুনাথ! অনাথের নাথ রাখ নাথ!
এ পাপ-নিশাচরের করে।
দাসীর কেহ নাই ত্রৈলোক্যে, হের পদ্মচক্ষে
এ জন্মের মতন চক্ষে নিরীক্ষণ ক'রে॥
মধুসূদন! নির্ব্বেদন কর্‌লে কই,
কে আছে সুহৃদ, কারে দুঃখ কই!
বাদ সাধিলেন কেবল বিমাতা কৈকই,
কৈ কথা কই হে!
একবার দরশন দেও হৃৎপদ্মোপরে॥ (জ)

* * *

আবার কেঁদে বলে মায়াসীতে,
হ'য়ে রাম তোমার সীতে,
অসিতে নাশিতে চায় রাক্ষসে!
রাখ আমায় রঘুবর! কোথা প্রাণের লক্ষ্মণ দেবর!
জীবন রক্ষে কর আমার এসে॥ ৯১
আমি জানিনে রাম! তোমা ভিন্ন, নিজ দাসীরে বিভিন্ন,
কেন ভাব ভিন্ন ভিন্ন দেখি।
শুন হে ভুবনজন-জনক! কোথা রইলেন পিতা জনক,
এ বড় দুঃখজনক, হ'লো হে কমলআঁখি ॥ ৯২
কত মোরে করেন মমতা, সুমিত্রে কৌশল্যা মাতা!
রৈলে কোথা ভরত শত্রুঘ্ন।
প্রজ্বলিত হয় মনের অগ্নি, কোথা উর্ম্মিলা নাম ভগ্নী,
সেই দেখা হয়েছে ভগ্নি! এ জন্মের মতন॥ ৯৩

মায়াসীতা-বধ

কত এইরূপ কাঁদে মায়াসীতে, ইন্দ্রজিৎ অসিতে,
কাটিতে সীতের পড়ে মাথা!
মায়াসীতার কাটা মুণ্ড বলে রাম,
কোথা রাম! রাখ রাম!
একবার দেখা দেও হে রাম! রৈলে এখন কোথা॥ ৯৪
অম্‌নি দে'খে, রাম চিন্তামণি, ধরায় পতিত হন অমনি,
লক্ষ্মণ গুণমণি হলেন অচেতন।
কাঁদিছে যত কপিগণে, শব্দ উঠিল গগনে,
দেখে প্রমাদ গণে,বিভীষণ তখন॥ ৯৫

* * *

বিভীষণের সান্ত্বনা-দান

বলে,—একি হরি! হলে হে ভ্রান্ত,
ভ্রান্তিমোচন! কেন হে ভ্রান্ত,
হও হে ক্ষান্ত, লক্ষ্মীকান্ত! তুমি।
রাক্ষসের মায়ায় ভুলে, গেলে রাম মূলে ভুলে,
তোমার মায়ায় জগৎ ভুলে, আছে হে ভবস্বামী॥ ৯৬
ব্রহ্মা মোহ তোমার মায়ায়, তুমি নিশাচরের মায়ায়,
ভুলে রাম! পড়িলে ধরাতলে।
কার সাধ্য বিনাশিতে, পারে জনকসুতা সীতে,
অশোক-বনে আছেন সীতে,
চল দেখে আসি সকলে ॥৯৭
বহে নয়নে বারি অবিরাম, কাঁদিয়ে কহেন রাম,—
বন্ধু! আমার দুঃখ-বিরাম, করিবার জন্যে।
আর কি আমি পাব সীতে, চক্ষে দেখিলাম অসিতে,
নাশিতে পড়িল জনক-কন্যে॥ ৯৮

* * *

১ বিভাস—ক।

হনুমানের অশোক-বন হইতে সীতার সংবাদ আনয়ন

শুনে বিভীষণ বলে হনুমান্! 		যাহকু কর অনুমান,
বর্ত্তমান দেখ গিয়ে সীতে।

আছেন অশোকের বনে, 	সংবাদ ল'য়ে ভুবন-জীবনে,
দিয়ে আশু রাখ উল্লাসেতে ॥ ৯৯

অম্‌নি প্রণাম করি রামের পায়,
উপায়ের উপায়ের উপায়,
করিতে গমন করে বীর।

গিয়ে রুদ্র ক্ষুদ্র-বেশে, 		দেখে ধরাসুতা ধরায় ব'সে,
সত্বরে উত্তরে এসে, বলে—শুন রঘুবীর ॥ ১০০

*		*		*

১ললিত—ঝাঁপতাল ১

কেন ভ্রান্ত হে কমলাকান্ত! অন্ত না বুঝে অন্তরে।
শান্ত হও কৃতান্ত-অরি! দেখে এলাম তব কান্তারে॥

হ'লে রাক্ষসের মায়ায় ত্রাসিতে,
এলে জগতে লীলা প্রকাশিতে,
কে পারে সীতে নাশিতে, রাবণান্তকারিণীরে।

পড়ি চেড়ী-বেষ্টিত ক্ষিতিতে, ধারা যুগল আঁখিতে,
মায়ের দুঃখ দেখি আঁখিতে,
দুঃখ পেলাম হে অন্তরে॥

কেঁদে দাশরথি কয়—দাশরথি!
এ তব কোন্ ভার অতি, কত সবে ভূভার অতি,
আশু রাবণে পাঠাও কৃতান্তপুরে॥ (ঝ)

লক্ষ্মণের শক্তিশেল

ইন্দ্রজিতের পতনে দেবগণের আনন্দ

লক্ষ্মণের সমরে, 		ইন্দ্রজিৎ প্রাণে মরে,
সুখে পূর্ণিত অমরে, দেখিয়ে বিমানে।

করে জয়ধ্বনি সুরপুরে, 		লক্ষ্মণের শিরোপরে,
পুষ্পবৃষ্টি করেন সুরগণে ॥১

বলেন, সাধু সাধু হে লক্ষ্মণ! 		এত দিনে সুলক্ষণ,
দেবের হইল জ্ঞান হয়।

দেখিলাম পৃথিবীর, 		মধ্যে তব তুল্য বীর,
আর নাই, কহিলাম নিশ্চয় ॥ ২

তোমরা সূর্য্যবংশ-তিলক, 		রক্ষা কর ত্রিলোক,
গোলোকের ধন ভূলোকে অবতীর্ণ।

সামান্য নন তব জ্যেষ্ঠ, 		পূজেন সদা সুরজ্যেষ্ঠ,
দেব-শ্রেষ্ঠ স্বয়ং ব্রহ্ম পূর্ণ ॥ ৩

কে বুঝে তোমার অন্ত, 		তুমি সাক্ষাৎ অনন্ত,
স্বয়ং লক্ষ্মী জগৎ-মাতা সীতা।

রাবণ তাঁর গণ্য নয়, 		কর্‌তে পারেন সৃষ্টি লয়,
তিনি কভু সীতা কখন অসিতা ॥ ৪

আর, স্বয়ং রুদ্র অবতার, 		ভৃত্য রাম জগৎপিতার,
পলকে ত্রিলোক নাশিতে পারে।

এখন এই ভিক্ষা মাগে দেবে, 	দেবের ধন দেবে দেবে,
কবে ব'ধে দুষ্ট নিশাচরে ॥ ৫

শুনি ঈষৎ হাসি লক্ষ্মণ, 		সঙ্গে মিতা বিভীষণ,
আর পরম ভক্ত বীর মারুতি।

জয়ী হ'য়ে সমরে, 		ভেটিবারে শ্রীরামেরে,
চলেন আনন্দভরে অতি ॥ ৬

হেথা কটক-মধ্যে নবঘন, 	থাকি দেখিছেন ঘন ঘন,
হেন কালে লক্ষ্মণেরে হেরি।

১-১ বিভাস—একতালা—খ।

ঘন ঘন জল আঁখিতে, লক্ষ্মণেরে কোলে নিতে,
যান রাম দু বাহু পসারি ॥ ৭

ক'রে লক্ষ্মণে কোলে জগৎপিতে, জয়ধ্বনি করে কপিতে
হেথায় রণবার্ত্তা দিতে, ভগ্নদূত চলে।
প্রবেশিয়ে লঙ্কায়, গিয়ে অতি শঙ্কায়,
রাবণ-অগ্রে রোদন করি বলে ॥ ৮

রাবণের শোক

শুন মহারাজ! নিবেদন, কহিতে হয় হৃদে বেদন,
ইন্দ্রজিৎ পড়িল সমরে।
এই কথা শুনিবামাত্র, বারিপূর্ণ কুড়ি নেত্র,
বক্ষে কুড়ি করাঘাত করে ॥ ৯

ছিল রাবণ সিংহাসনে, দশ শির ধরাসনে,
লোটায় মূর্চ্ছিত দশানন।
চেতন পাইয়ে পরে, কাঁদে রাবণ উচ্চৈঃস্বরে,
কোথা আয় রে প্রাণের মেঘনাদ!
তোর হেরি চন্দ্রানন ॥ ১০

* * *

আলিয়া—একতালা

কোথায় গেলি রে ইন্দ্রজিতে!
আমার এ সকল ঐশ্বর্য্য, হল রে অসহ্য,
না হেরিয়ে তোমার সে রূপ-মাধুর্য্য,
তব বীর্য্য-ভয়ে, কাঁপে চন্দ্র সূর্য্য,
ইন্দ্রে বেঁধেছিলি ইন্দ্র জিতে॥
তোমার বাহুবলে নাশিলাম সব,
শাসিলাম রিপু যত, কত কব,
এ সব বৈভব, তোমা হ'তে সব,
আজ মরে প্রাণে তোর পিতে॥
গেলি পুত্র! এখন শোকে আমি মরি,
শূন্য হ'লো আমার স্বর্ণ-লঙ্কাপুরী,
বনচারী জটাধারি-নারী,
চুরি ক'রে এনে কাল-সীতে॥ (ক)

——

শুক-সারণের মন্ত্রণা ও রাবণের সমরসজ্জা

কুড়ি নেত্র ভাসে জলে, পুত্রশোকে হৃদয় জলে,
হ'লো রাবণ উন্মাদের প্রায়।
করিতে শোক-সম্বরণ, পাত্র মিত্র শুক সারণ,
মন্ত্রী তখন রাবণে বুঝায় ॥ ১১

বলে ক্ষান্ত হও লঙ্কাপতি! তোমাতে সকল উৎপত্তি,
চিন্তা কিসের আপনি বর্ত্তমানে।
ভণ্ড লক্ষ্মণ রামেরে, এখনি সমরে মেরে,
রণজয় করিবেন চল রণে ॥ ১২

সারথি সাজাক রথ, হবে পূর্ণ মনোরথ,
দশরথ-পুত্র দুটা ব'ধে।
কোন কর্ম্ম হবে না আটক, পালিয়ে যাবে বানর-কটক,
কিন্তু ঘরপোড়াকে আন্‌তে হবে বেঁধে ॥ ১৩

সেই বানরটাই কু-এর মূল, সমূলে কর্‌লে নির্ম্মূল,
সকল কর্ম্মে আগিয়ে বেটা জুটে।
বেটার কি ভাই লেজ লম্বা, চেহারাটাও আখাম্বা,
কিন্তু গুণের মধ্যে দেখালে রম্ভা, অমনি সঙ্গে ছোটে ॥১৪
বেটার দয়া-মায়া নাই শরীরে, গাছ-পাথর নে যুদ্ধ করে,
ঐ বেটাই সকল কর্‌লে শূন্য।
তখন মন্ত্রি-বাক্যে শোক পাসরি, শঙ্কর-চরণ স্মরি,
বলে রাবণ সাজ সাজ সৈন্য ॥ ১৫

প্রাণের ইন্দ্রজিৎ মরে, স্বয়ং যাব সমরে,
শুনে শব্দ স্তব্ধ অমরে, কাঁপে বসুন্ধরা।
পুরাতে রাজার মনোরথ, মাণিক-জড়িত রথ,
সারথি সাজায়ে যোগায় ত্বরা ॥ ১৬

বলে, মারিব লক্ষ্মণ করিলাম কোটি,
যারে ডরায় তেত্রিশ কোটি,
চলে সেনা বিরাশী কোটি, শব্দ ভয়ঙ্কর।
বলে বধিব নর-বানরের জীবন, নৈলে ধিক্, রাবণ-জীবন,
মিথ্যা নাম শঙ্কর-কিঙ্কর ॥ ১৭

আমি রাবণ ত্রিভুবন বধি, এসে লঙ্কায় সেই অবধি,
বেঁচে রয়েছি অদ্যাবধি, এ বড় আশ্চর্য্য !
করলে বংশ ধ্বংস লণ্ডভণ্ড, বলে[১] পরমহংস রামা ভণ্ড,
আজি নাশিব ব্রহ্মাণ্ড, [২]আমি হয়েছি অধৈর্য্য[২] ॥ ১৮

* * *

রাবণের রণযাত্রায় মন্দোদরীর নিষেধ

হেথা অন্তঃপুরে মন্দোদরী, রাজার প্রধানা সুন্দরী,
পুত্রশোকে ছিলেন অচৈতন্ত।
সৈন্তরব বাদ্যধ্বনি, করি শ্রবণে শ্রবণ ধনী,
ধায় আঁখিতে বারি পরিপূর্ণ ॥ ১৯
দেখে রণসাজে দশানন, সেনা সাজে অগণন,
শুকায়েছে চন্দ্রানন, বলে ছি ছি কি কর।
ওহে নাথ ! করি বারণ, কার সনে করিবে রণ,
ক্ষান্ত হও লঙ্কার ঈশ্বর ॥ ২০

* * *

বিভাস—একতালা

তাই করি হে বারণ করোনা আর রণ,
লও শরণ, নীলবরণ-চরণপল্লবে।
আর কেন রণসাজে, আর কি রণ সাজে,
কে জিনে ভুবন-মাঝে, সে লক্ষ্মীবল্লভে ॥
জাহ্নবীর জল চন্দন-তুলসীতে,
সে চরণ পূজেন হর হরষিতে,
তাঁর হরণ ক'রে সীতে, স্ববংশ নাশিতে আনিলে হে !
এখন, ফিরে দেও সীতে, সেই রাঘবে ॥
মানব-জ্ঞানে অশোক-বনে রাখ্‌লে সীতে,
পারেন পলকে সীতে ব্রহ্মাণ্ড নাশিতে,
তুমি যাও সীতে, অসিতে নাশিতে, জ্ঞান নাই হে !
ঐ সীতে কি অসিতে যে যা ভাবে ভবে ॥ (খ)

* * *

মন্দোদরীর প্রতি রাবণ

শুনে রাবণ বলে মন্দোদরি ! (তুই) দিতে এলি শিক্ষে।
তুই জানিস্ জানকীকান্তে আমার অপিক্ষে ॥ ২১
বিধির উপর দিস্ বিধি, মরি ঐ দুঃখে।
শিবকে চাস্ যোগের বিষয় দিতে যোগশিক্ষে ॥ ২২
নারদকে দেয় দেখ কৃষ্ণ-ভক্তির দীক্ষে।
বৃহস্পতির বানান কলার নিতে চাস্ পরীক্ষে ॥ ২৩
জয় বিজয় দুই ভাই ঠাকুরের দ্বার করিতাম রক্ষে।
গোলোক ত্যজে এসেছি মুনির শাপ-উপলক্ষে ॥ ২৪
শত্রুভাবে তিন জন্মে পাব কমলাক্ষে।
সাত জন্মে পাব চরণ ভজিলে পরে সখ্যে ॥ ২৫
আমাকে বুঝাতে কেবল এসে যত মূর্খে।
সহে না সহে না আমার এত দিন অপিক্ষে ॥ ২৬
বলিতে বলিতে রাবণ ক্রোধে হুতাশন।
রথে আরোহণ হন যথায় আসন ॥ ২৭
উন্মায় করিছে শব্দ দশনে দশন।
বলে, দিয়ে দণ্ড ভণ্ডরে আজ করিব শাসন ॥ ২৮
করে নর-বানরে লণ্ডভণ্ড মম ভদ্রাসন।
দেবের নিকটে হৈল এ বড় ভৎর্সন ॥ ২৯
পেলে যারে পেতে পারি সে হয় দুরশন[৩]।
[৪]নখে খণ্ড খণ্ড করি পেলে তার দর্শন[৪] ॥ ৩০
শৃগাল হয়ে বাঞ্ছা করে সিংহের আসন।
সে চায় বিভীষণে দিতে মম সিংহাসন ॥ ৩১

* * *

রাবণ ও হনুমান্

তখন সসৈন্তে যায় রাবণ সিংহনাদ ক'রে।
সারথি চালায় রথ পশ্চিম দুয়ারে ॥ ৩২
সম্মুখে দেখিতে পেয়ে পবননন্দনে।
বলে, কোথা লুকায়ে [৫]রেখেছিস্ ভণ্ড[৫] রামলক্ষ্মণে ॥ ৩৩
আজ বিভীষণের সহিত পাঠাব যমালয়।
আজিকার রণে সৃষ্টিস্থিতি করিব প্রলয় ॥ ৩৪
শুনি হাসি হাসি অমনি কহিছে হনুমান।
যাবি ইন্দ্রজিতের কাছে বেটা আজ করছি অনুমান ॥ ৩৫

১ সেই—ক। ২-২ হয়ে ছিলাম ধৈর্য্য—ট। ৩ দুঃশাসন—প, ট। ৪-৪ নখ খণ্ডে খণ্ডে করি পাইলে সুদর্শন—খ, ট।
৫-৫ রেখেছিস বেটা সেই ভণ্ড—ক।

বেটা! নির্ব্বংশ হলি, তবু শ্রীরামে না চিন্‌লি।
সুধার সাগর 'ত্যজে বেটা' হলাহল গিল্‌লি॥ ৩৬

* * *

সুরট-মল্লার—একতালা[২]

ওরে পাষণ্ড! ভণ্ড বলিস্‌ শ্রীরামধনে।
[৩]অনন্ত ব্রহ্মাণ্ড জানি, মার্কণ্ডেয় আদি মুনি,
আছেন হরের রমণী, চিন্তামণির পদ-ধ্যানে।
ওরে রাম যে অখিলের পতি, যারে ভজে প্রজাপতি,
সুরধুনী উৎপত্তি ঐ চরণে,
ভবে তরিবার তরণী, জীবের নাই ঐ পদ বিনে॥
পাষাণ মানব, পদ-পরশে, নামে জলে শিলা ভাসে,
কাষ্ঠতরী স্বর্ণ চরণের গুণে,
'ভাবিস্‌ ওরে সামান্য মূঢ়জ্ঞান'!
ভেবে তাঁরে দৃঢ় জ্ঞান,
ভব, গুণ গান শ্মশান-ভবনে।
'তাঁরে না ভজিয়ে' দাশরথি রহিল ভব-বন্ধনে॥ (গ)

* * *

বানরগণের পরিচয়

তখন সসৈন্যে ত্বরান্বিত উপনীত রাবণ।
যেখানে কটক-মধ্যে ভুবন-জীবন॥ ৩৭
চতুর্দ্দিকে বেষ্টিত আছে বানর অগণন।
দেখে হেসে হেসে কহিছে সব নিশাচরগণ॥ ৩৮
ঐ রামের সম্মুখে ব'সে,দাঁত খিঁচাচ্ছে ঐ বেটার নাম নল।
সমরেতে ফেরে বেটা, যেন দীপ্তানল॥ ৩৯
ঐ মোটা-পেট, ক'রে মাথা হেঁট,
কেবল লম্বা ল্যাজ উহার!
বিপ্তার মধ্যে করেন পৃথিবীর, কলাবাগান সংহার॥৪০
ঐ উত্তর ধারে, মাথা ধ'রে, গা চুলকায় ব'সে।
বানর একটা হ'তো গোটা, যদি আহার পেত ক'সে॥৪১

ঐ ভোজনে দড়, সুগ্রীব বুড়,[৬] ব'সে পশ্চিম পাশে।
ওর বলবুদ্ধি পাশের আঙ্গুল, কেবল মাথা নাড়িছে ব'সে॥
ঐ ঘরপোড়াটা বিষম ঠাঁটা, বেটার কি ভাই বল।
ঐ বানর বেটাদের মধ্যে, কেবল ঐ বেটাই প্রবল॥ ৪৩
ওর ল্যাজের সাটে, ভুবন ফাটে,
যখন খিঁচিয়ে উঠে দাঁত।
আমরা আতঙ্কেতে গড়িয়ে প'ড়ে, অম্‌নি কুপোকাত॥ ৪৪
ঐ দক্ষিণ ধারে লেজটা নাড়ে, বসে বালির বেটা।
রাবণের ঘাড়ে চ'ড়ে, মুকুট কেড়ে, এনেছিল ঐ বেটা॥ ৪৫
অঙ্গদ বীর মন্দ নয় সংগ্রামেতে কিন্তু[৭] রোক্‌খা।
ঐ লেজটী বেঁড়ে, ঐ ভেড়ের ভেড়ে,
বানরের মধ্যে বোকা॥ ৪৬
ঐ নীল বানরটা, কোণে ব'সে, মিটীর মিটীর চায়।
চাপা চাপি, দেখ্‌লে বেটা পিছিয়ে দাঁত খিচায়॥ ৪৭
কেউ বলে ভাই! ভাগ্যে যা থাক্‌ দেখ্‌তে বড় ভাল।
লেজটি আছে, গাটি সাদা, মুখটী কেমন কাল॥ ৪৮
আজ সমরে, যদি রামেরে, জিনি বানরগণে।
এদের একটাকে ধ'রে, পিঞ্জরে পুরে,
নিয়ে রাখ্‌ব গে বাগানে॥ ৪৯
বানরপালে যে জন পালে, খরচ নাইত দড়।
কলা, কুমড়া, শসা,[৮] দিলেই বাধ্য হয় বড়॥ ৫০
খাদ্যের ওদের বিচার নাই, তাতে ওরা ভাল।
পাতা লতা, ফল কি ফুল, যাহ'ক্‌ পেলেই হ'ল॥ ৫১
নাই গুণের কম, দেখ না রকম, প্রভুভক্ত বটে।
ঐ দেখ, পোষ মানালে, পশু জেতে প্রাণপণেতে খাটে॥৫২
আর একটী আছে কল, ওদের গলায় শিকল দিয়ে,
রাখ্‌তে হয় আট্‌কে।
পারি পাঁচ দিনে'ত পোষ মানাতে
যদি না যায় ছট্‌কে[৯]॥ ৫৩

১-১ ত্যাগ করিয়া—খ, ট। ২ কাওয়ালী—ক। ৩ 'আমি' অতিরিক্ত পদ—খ, ট।
৪-৪ ভাবিস সামান্য মূঢ় অজ্ঞান—খ, ট; ভাবিস ওরে মূঢ়জ্ঞান—ক। ৫-৫ না ভাবিয়ে—খ, ট। ৬ বড়—ক।
৭ কিছু—ক; খ, ট গ্রন্থে কোন শব্দ নাই। ৮ 'মুলা' অতিরিক্ত শব্দ—ক। ৯ কটকে—খ, ট।

যদি রম্ভাতরু গোটাকত, রাখি বাগানের পাশে।
কলার কাঁদি দেখে বসে বসে,
যাবে বেটাদের মন ব'সে॥ ৫৪

যুদ্ধক্ষেত্রে রাবণ

যখন এইরূপ নিশাচরগণ কহে পরস্পরে।
গাছ-পাথর ল'য়ে বানর প্রবেশে সমরে॥ ৫৫
রাবণ কহিছে রোষে, নিজ সারথিরে।
চালা রথ, মারি শীঘ্র ভণ্ড তপস্বীরে॥ ৫৬

* * *

মূলতান—কাওয়ালী

দেরে দেরে শরাসন সারথি রে!
চালা রথ, মনোরথ পুরাই, ব'ধে
আজি দশরথ-সুত দাশরথিরে॥
তায়[1] সসৈন্যে দিব উচিত দণ্ড,
দেখিব কি করে যোগী ভণ্ড,
কে রাখে ব্রহ্মাণ্ডে,
নর-বানরের রুধিরে সাগর করিব সাগর-তীরে॥
আমি কোদণ্ড ধরিলে রে নিতান্ত,
এই অনন্ত ব্রহ্মাণ্ড, মম অখণ্ড,
দাপে কাঁপে রবিসুত, রসাতল পাঠাই বসুমতীরে॥ (ঘ)

* * *

দশাননের মস্তকে নীলবানরের প্রস্রাব-ত্যাগ

অগ্রে সেনা পাছে রাবণ, আতঙ্কে কাঁপে ত্রিভুবন,
উভয় দলে হইল মহামার।
ক্রমে নিশাচর-চরে, মারে বাণ গাছ-পাথরে,
সৈন্য সব হইল সংহার॥ ৫৭
মারে বানর গাছ-পাথর, কাঁপে রাবণ থর থর,
কখন বানর-কটক জয়ী, কভু দশানন।
কীল লাথি চড় মারে, বলে রাক্ষস, বাপরে মারে,
না পারে পবন-কুমারে বিংশতিলোচন॥ ৫৮

ক্রোধভরে লঙ্কেশ্বর, বেছে বেছে তীক্ষ্ণ শর,
হানে রাম-কিঙ্কর-উপরে।
বিন্ধিছে বানর-অঙ্গ, দিল বানর রণে ভঙ্গ,
(তখন) নীল বানর করিতে রঙ্গ, উঠে দশমুণ্ডোপরে॥ ৫৯
হ'লো বিব্রত পৌলস্ত্য-নাতি,
মারে রাবণের মাথায় লাথি,
মারে চড় দশাননের গালে।
একটা মাথা হ'লে পরে, তাহলেও বা ধর্ত্তে পারে,
দশমুণ্ডের উপরে আনন্দে নীল খেলে॥ ৬০
(তখন) হাসে নীল খিল খিল, মারে কীল ঘাড়ে।
ধড়াধড় মারে চড়, টেনে চুল উপাড়ে॥ ৬১
রাবণ বলে[2] কি হ'ল দায়, নীল বানর কোথায়।
ক'রে দাপ্ করে প্রস্রাব রাবণের মাথায়॥ ৬২
মুখ বুক দিয়ে প্রস্রাব, গড়িয়ে পড়ে যত।
দুর্গন্ধে দশস্কন্ধের প্রাণ ওষ্ঠাগত॥ ৬৩
একে ত দুর্গন্ধ, তাতে বানরের প্রস্রাব।
দশানন বলে, প্রাণ গেল বাপ্ বাপ্॥ ৬৪
বলে, ওরে বেটা দুরাচার! কি করলি মাথায় ব'সে।
নীল বলে, কিছু মনে ক'রো না মুতেছি তরাসে॥ ৬৫
ক'রে প্রস্রাব, দিয়ে লাফ, পলায় নীল বীর।
তখন সমরে প্রবর্ত্ত হন লক্ষ্মণ সুধীর॥ ৬৬
ডেকে বলেন, লক্ষ্মণ, ওরে ভ্রান্ত রাবণ!
কথা শোন্ যদি তুই রাখিবি জীবন॥ ৬৭

* * *

সুরট মল্লার—কাওয়ালী

যদি রাখিতে জীবন, রাবণ! করিস্ বাসনা মনে।
একান্ত দুশান্ত কৃতান্ত-ভয়ান্ত হবে নিতান্ত,
নিলে শরণ শ্রীকান্ত-চরণে॥
শুক নারদের যার পরমার্থ, মহাযোগী যায় কৃতার্থ,
বিধি ব্যাস আদি না পায় সাধনে,
জ্ঞান পরিহরি সেই হরির শক্তি হরিলি কেমনে।

পাঠান্তর: ১ যার—খ। ২ ভাবে—খ, ট।

তুই অতি মূঢ়মতি, সম্প্রতি রেখে সম্প্রীতি,
সঁপিতিস্ মতি দৃঢ়-জ্ঞানে,
তুই করিস্ তার উপরে দর্প, যে হরে ত্রিভুবনের[১] দর্প,
এ যে সর্পদর্প নাশিতে ভেকের মনে,
যে ধন নয়ন মুদে, সদা সাধেন ত্রিনয়নে ॥ (ঙ)

* * *

লক্ষ্মণের শক্তিশেলে পতন

আছে হেঁট-মাথায় লজ্জিত রাবণ, বানরের প্রপ্রাবে।
সক্রোধে লক্ষ্মণ বীর কহেন বীরদাপে ॥ ৬৮
আজ মলি বেটা দশানন! তোর পূর্ণ হ'লো পাপে।
তোয় মারিব নিশ্চয়,
দেখি রাখে তোর কোন্ বাপে ॥ ৬৯
আর নাই রক্ষে, তোর পক্ষে,
পড়েছিস রামের কোপে।
ক'রে হেঁট মাথা ভাব্‌লে মাথা,
থাকে না কোন রূপে ॥৭০
তোর পারেন না ভার, ভুভার আর,
সহিতে কোন রূপে।
থাক্‌বি কত কাল, নিকট হ'লো কাল,
রাম তোর এসেছেন কালরূপে ॥৭১
শুনে উম্মায়, করিয়ে সায়, রাবণ উঠে কোপে।
বেটা! সাধ ক'রে এসেছিস ধরিতে কালসাপে ॥৭২
বেটার গলা টিপলে বেরয় দুধ পৌদে[২] গেছিস্ বুড়িয়ে।
জ্ঞান নাস্তি, পাবি শাস্তি, মত্ত হচ্ছিস্ খুঁড়িয়ে ॥ ৭৩
ঐ বিদ্যায়, অযোধ্যা হ'তে দিয়েছে তাড়িয়ে।
ঢেলে ঘোল বাজিয়ে ঢোল,
মাথা দিয়েছিল মুড়িয়ে ॥ ৭৪
রাজার ছেলে হ'লে কি হয়, বুদ্ধি গিয়েছে কুড়িয়ে।
বানরের মতন হয়েছে বুদ্ধি, বানরের সঙ্গে বেড়িয়ে ॥ ৭৫
জ্যেঠা বেটার কথা শুনে গাটা উঠ্‌লো জ্বুড়িয়ে।
পাকাম ক'রে লঙ্কেশ্বরে, কেন মারিস পুড়িয়ে ॥ ৭৬
লঙ্কায় এসেছিস বেটা! মধায় পা বাড়িয়ে।
এখনি সময়ে তোর মাথা যাবে গড়িয়ে ॥ ৭৭
অম্‌নি বলিতে বলিতে রাবণ ক্রোধে হুতাশন।
অবিরত নানা অস্ত্র করে বরিষণ ॥ ৭৮
নিঃশ্বাস বহিছে যেন প্রলয়ের ঝড়।
ঘন ঘন সিংহনাদ দন্ত কড়মড় ॥ ৭৯
বিংশতি করেতে রাবণ ছাড়িতেছে বাণ।
অমনি, বাণে বাণে লক্ষ্মণ করেন নির্ব্বাণ ॥ ৮০
ডেকে কন লঙ্কাপতি, শুন রে লক্ষ্মণ!
তোরে মারিব পশ্চাতে, অগ্রে মারি বিভীষণ ॥ ৮১
সক্রোধেতে শেলপাট দশানন ছাড়ে।
চক্ষুর নিমিষে লক্ষ্মণ শেল কাটি পাড়ে ॥ ৮২
ব্যর্থ হৈল শেলপাট, ক্রোধিত রাবণ।
শক্তিশেল ধনুকে জুড়িল ততক্ষণ ॥ ৮৩
ডাক দিয়ে লক্ষ্মণেরে কহিছে রাবণ।
রক্ষা কর্ দেখি, বেটা! আপনার জীবন ॥ ৮৪
ছাড়ে রাবণ, শক্তিশেল মন্ত্রপূত ক'রে।
শক্তিশেলের গর্জ্জনেতে কাঁপে চরাচরে ॥ ৮৫
দুরন্ত শেলের মুখে অগ্নি জ্বলে ধক্ ধক্।
অস্ত্র কি ছার, দেখে ভাবিত "ত্র্যম্বক পাবক"[৩] ॥ ৮৬
বায়ুবেগে পড়ে শেল, লক্ষ্মণের বুকে।
হাহাকার শব্দ অমনি হইল ত্রিলোকে ॥ ৮৭
রণজয় ক'রে লঙ্কায় চলিল রাবণ।
চেতন হারায়ে লক্ষ্মণ ভূতলে শয়ন ॥ ৮৮
ঘন ঘন ঘনবরণ বলেন,—গা-তোল লক্ষ্মণ!
বিপদে পড়িয়ে কাঁদেন বিপদভঞ্জন ॥ ৮৯

* * *

লক্ষ্মণের শোকে শ্রীরামচন্দ্রের বিলাপ

ঝিঁঝিট—একতালা

কেঁদে আকুল নারায়ণ, বলেন গা তোল রে লক্ষ্মণ!
আর ধরায় কতক্ষণ রবি,—হেরি কুলক্ষণ,
মলিন চন্দ্রানন।

পাঠান্তর: ১ ভুবনের—ক। ২ অকালে—ক। ৩-৩ পাবক ত্র্যম্বক—খ, ট।

কি বিষাদে খেদে মুদিলি নয়নতারা,
বল রে প্রাণাধিক ! তুই রে নয়নতারা,
কি করিলি ! যেমন অন্ধের নয়নতারা,
ভাইরে ! হারায়ে কাতরা,
মন্দ ছিল চন্দ্র[1] তারা আসি যখন বন ॥
ও তোর দুগ্ধপোষ্য তনু কোমল অতিশয়,
এ বক্ষে কি দারুণ শক্তিশেল সয়, এত কি প্রাণে সয়,
ছিল মনে যে আশয়, ভাই রে ! হ'লো নিরাশয়,
এখন গিয়ে নীরালয় ত্যজি পাপ-জীবন ॥ (চ)

* * *

তখন বারিপূর্ণ সু-লোচন, উচ্চৈঃস্বরে পদ্মলোচন,
কাঁদিছেন লক্ষ্মণে করি কোলে।
প'ড়ে অকূল কাণ্ডারী অকূলে, বক্ষ ভাসে চক্ষের জলে,
কোমলাঙ্গ লুটায় ভূমিতলে ॥ ৯০
বলেন, বিধি আমায় কুপিতে,
বনে এলেম হারালেম পিতে,
তাইতে তাপিত হয়ে থাকি।
ধিক্ ধিক্ আমার জীবনে, এসে পঞ্চবটীর বনে,
রাবণ হরিল জানকী ॥ ৯১
দেখে তোর চাঁদবদন, সে বেদন হ'লো নির্বেদন,
এখন এ বেদন, কিসে বল নিবারি।
এ জ্বালা কিসে নিভাই, হারায়ে প্রাণের ভাই,
বল ভাই ! কি উপায় করি ॥ ৯২
হাঁরে আমায় কে আর এনে দিবে ফল,
সকলি হ'লো বিফল,
আমার প্রতি প্রতিফল, এই কি বিধির বিধি !
আমার জন্যে বনে বনে, কষ্ট পেয়েছ জীবনে,
তাই ভেবে তোর এই কি হ'লো বিধি ॥ ৯৩
একবার কথা ক'য়ে রাখ রে জীবন,
তুই আমার জীবনের জীবন,
ত্রিভুবন শূন্যময় দেখি।
ধিক্ আমায় ধিক্ ধিক্, প্রাণ-তুল্য প্রাণাধিক,
হারা হ'লেম কাজ কি আর জানকী ॥ ৯৪
থাকুক সীতে অশোকবনে, সাগরের জীবনে,
জীবন এখনি সমর্পিব।
কি ব'লে যাব অযোধ্যায়, যাওয়া উচিত অরণ্যায়,
থাকতে প্রাণ কি লক্ষ্মণে ত্যজিব ॥ ৯৫
আমার বক্ষে সদা রবে লক্ষ্মণ, ভ্রমণ করিব অনুক্ষণ,
শিরে সতী লয়ে যেমন, ভ্রমেছিলেন ভব।
বলিতে কথা প্রাণ বিদরে, হারা হ'য়ে সহোদরে,
দেহে জীবন রাখা কি সম্ভব ॥ ৯৬

* * *

জঙ্গলা[2]—একতালা

ওরে ভাই লক্ষ্মণ ! একি হেরি কুলক্ষণ,
কি দুঃখে, ভাই ! মুদিলি নয়ন।
একবার ডাক রে দাদা বলে, লক্ষ্মণ রে ! ও বদনকমলে
দুঃখের কালে আমার যুড়াক রে জীবন ॥
কাজ কি আমার রাজ্যে, কাজ কি আমার ভার্য্যে,
যদি তুমি কর্‌লে সমর-শয্যায় শয়ন।
দুঃখ আর সইতে নারি, তোর শোকে ভাই ! মরি মরি,
দারুণ শক্তিশেলে কত পেলি রে বেদন ॥
ভাই ! হারায়ে তোমারে, ধিক্ ধিক্ আমারে,
এখনও পাপদেহে রয়েছে জীবন—
একবার কও রে কথা, দূরে যাক মনের ব্যথা,
হারাই অকূল সাগরে অমূল্য রতন ॥ (ছ)

* * *

হয় না শোক-সম্বরণ, দূর্ব্বাদল শ্যামবরণ;
কেঁদে কন লক্ষ্মণেরে ডাকি।
শুন ওরে প্রাণের ভাই ! এ জ্বালা কিসে নিভাই,
জীবন ল'য়ে কি সুখে আর থাকি ॥ ৯৭
কেঁদে কন দামোদর, ছাড়া হ'য়ে সহোদর,
সংসারেতে কি সুখে লোক থাকে।

পাঠান্তর : ১ খ, ট গ্রন্থে 'চন্দ্র' পদ নাই।

২ অহং সিন্ধু—ক।

ভার্য্যা গেলে ভার্য্যা হয়, গেলে রাজ্য রাজ্য হয়,
সহোদর মেলে না এ তিন লোকে ॥ ৯৮

শুন রে দারুণ বিধি ! আমার প্রতি কি এই তোর বিধি,
হৃদির নিধি লক্ষ্মণে হরিলি।
অযোধ্যায় হব রাজা, সিংহ হ'য়ে হ'লাম অজা,
সকল সাধে বিবাদ করিলি ॥ ৯৯

তাতেও আমার ক্ষতি নাই,
আবার হরণ কর্‌লি প্রাণের ভাই,
এ জ্বালা কি সহ্য হয় বুকে।
ত্যজ্য করে সিংহাসন, শয়নাসন কুশাসন,
তাতেও সুখী লক্ষ্মণের মুখ দেখে ॥ ১০০

কি যাতনা কারে কই, বাদ সাধিলেন মাতা কৈকৈ,
সহিতে নারি কহিব দুঃখ কারে।
অযোধ্যায় আর যাব না ফিরে,কি কব কৌশল্যা মারে,
কি ধন দিয়ে তুষিব সেই সুমিত্রা-মাতারে ॥ ১০১

মা যখন শুধাবে কথা, রাম এলি আমার লক্ষ্মণ কোথা,
কি কথা কহিব মায়ের কাছে।
ধিক্ ধিক্ আমার জীবনে, উচিত জীবন জীবনে
সঁপিয়ে যাই সহোদরের কাছে ॥ ১০২

সহোদরের শোক যে পেয়েছে,
তার দেহে প্রাণ কেমনে আছে,
পক্ষিহীন থাকে যেমন খাঁচা।
বারিশূন্য সরোবর, রাজ্যশূন্য নরবর
সহোদর-শূন্য তেমনি বাঁচা ॥ ১০৩

ভার্য্যা-রাজ্যে কার্য্য নাই, কোথা লক্ষ্মণ ! প্রাণের ভাই,
অন্ধকার হেরি রে জগৎ-ময় !
একবার ডাক তেম্‌নি ক'রে দাদা ব'লে,
আয় আয় ভাই ! করি কোলে,
দুখের সময় জুড়াক রে হৃদয় ॥ ১০৪

*   *   *

ঝিঁঝিঁট—মধ্যমান

কি হ'ল হায় ! কি নিশি পোহায় !
আজ রে, কেন ভাই ! নীরব, রব কি হারায়ে
তোমায় ॥
রাখিয়ে তোরে অন্তরে পাই রে বেদন,
ও চাঁদবদন, হেরি অন্তরে, কি লয়ে অযোধ্যা
যাব, কি কব সুমিত্রা মাতায় ॥
কেন ভাই ! হ'লে বিবর্ণ, সুবর্ণ জিনি তোমার
ছিল সুবর্ণ,
শশিবদন মসী হ'ল, সে বর্ণ লুকাল কোথায় ॥ (ঝ)

*   *   *

শ্রীরামের আদেশে হনুমানের গন্ধমাদনে যাত্রা

শোকেতে ব্যাকুল রাম, কান্দিছেন অবিরাম,
অবিশ্রাম কমল আঁখিতে বারি।
ভবের বিপদহারী যিনি, বিপদে প'ড়েছেন তিনি,
বুঝায় রামে উন্মাদের প্রায় হেরি ॥ ১০৫

কহে মন্ত্রী জাম্ববান্, ভয় নাই ভগবান্,
কার সাধ্য মারিতে লক্ষ্মণে।
ঔষধার্থে মধুসূদন ! পাঠাও পর্ব্বত গন্ধমাদন,
আনিবারে পবননন্দনে ॥ ১০৬

শুন রাম রঘুমণি ! উদয় হ'লে দিনমণি,
বাঁচাতে নারিব কোন মতে।
গন্ধমাদন আর লঙ্কায়, ছয় মাসের পথ গণনায়,
কার সাধ্য যাইতে সে পথে ॥ ১০৭

শুনে কন বিপদভঞ্জন, ওরে আমার বিপদভঞ্জন !
তোমা বিনে কেহ নাই সংসারে।
তুমি গিয়ে গন্ধমাদন, ঔষধ আনি লক্ষ্মণের জীবন,
দান দাও বাছা ! শীঘ্র ক'রে ॥ ১০৮

শুনে কন হনুমান্, এই জন্যে ভগবান্ !
এত চিন্তা চিন্তামণি ! তোমার।

আজ্ঞা পেলে কৃপাসিন্ধু! গোপদ-জ্ঞানে পার হই সিন্ধু,
অসাধ্য কাজ, জগবন্ধু! কি আছে আমার ॥ ১০৯
দিলেন রাম অনুমতি, প্রণমি পদে মারুতি,
রামের আরতি শিরে ধরি।
করেন নিজ কীর্ত্তি প্রকাশ, মস্তক ঠেকিল আকাশ,
উঠে আকাশ রাম জয় জয় করি। ১১০
হেথা লঙ্কায় থাকি রাবণ, জেনে বিশেষ বিবরণ,
মনে মনে ভাবিছে[১] উপায়।
ঐ বেটা আপদের গোড়া, হ'ল ঘোর পোড়া ঘরপোড়া,
ঐ বেটা বুঝি গন্ধমাদন যায় ॥ ১১১

* * *

কালনেমির গন্ধমাদনে গমন

বলে যা কর শঙ্করি শ্যামা! কোথা গো কালনিমে মামা!
তোমা বিনে কে আছে হিতকারী।
করি মামা! নিবেদন, কর আমায় নির্ব্বেদন,
গিয়ে পর্ব্বত গন্ধমাদন গিরি ॥ ১১২
মারিলে পবনকুমারে, লঙ্কার অর্দ্ধেক তোমারে,
দিব ভাগ অর্দ্ধেক রমণী।
এইরূপ রাবণ ভাষে, শুনে কালনেমি আনন্দে ভাসে,
মুচ্‌কে হেসে কহিছে অমনি ॥ ১১৩
যাই তাতে ক্ষতি নাই, বাছা! তোমাকে বিশ্বাস নাই,
ফাঁকি দিয়ে বা'র কর ছাগল-ছা।
তার যাবামাত্রেই সারব দফা, যা হ'ক্ এখন একটা রফা,
আগিয়ে কেন ভাগ চুকাও না বাছা ॥ ১১৪
বরং থাকুক স্থাবর অস্থাবর বিষয়,
কাজ নাই এখন সে সব আশয়,
নারীর ভাগটা চুকিয়ে ফেল আগে।
কাজ নাই রেখে সে সব গোল, তোমার সঙ্গে গণ্ডগোল,
করা ভাল নয়, যা থাক এখন ভাগ্যে ॥ ১১৫
মনোমধ্যে করো না রাগ, ক'রে নিব দুটি ভাগ,
ঐটি বাপু! হয় ভাগের রীত।
চক্ষুলজ্জা করলে পরে, ঠক্‌তে হয় জানি পরে,
ভবিষ্যৎ ভেবে করা উচিত ॥ ১১৬
করে কালনেমি এইরূপ রস, রাবণ হ'য়ে মনে বিরস,
বলে পৌরুষ কর কেবল ঘরে।
জানি বিদ্যা বুদ্ধি যত গুণ, আহারের বিষয় শতগুণ,
এই বারে মামা! দেখিব তোমারে ॥ ১১৭

গন্ধমাদনে হনুমান্

হেথায় চলেন পবন-অঙ্গজ, বলে কোটি মত্তগজ,
শব্দে স্তব্ধ হৈল ত্রিভুবন।
শ্রীরাম পদে সঁপে মন, ঔষধ আন্‌তে করে গমন,
ক'রে রামগুণানুকীর্ত্তন ॥ ১১৮

* * *

জয়জয়ন্তী মল্লার—ঝাঁপতাল

মজ না মজ না মন! জানকী-বল্লভ-পদে।
ত্যজ না ত্যজ না সদা, ভজ না হৃদে নয়ন মুদে ॥
জেনো অনিত্য সংসার, ভুলো না যেন সারাৎসার,
ত্রিসংসার সকলি অসার, ম'জ না সংসার-মদে।
যাতে জনম জন্মহারা, জাহ্নবী শঙ্করদারা,
সদানন্দে সদানন্দ ধারণ করেন যে পদ হৃদে।
না ভ'জে ঐ দাশরথি, কুমতি পাতকী দাশরথি!
না ক'রে সঙ্গতি ও ধন, দুঃখ পায় সে পদে পদে ॥ (ঝ)

গন্ধকালীর শাপমোচন ও কালনেমির নির্যাতন

মুখে শব্দ জয় শ্রীরাম, করিতেছে অবিরাম,
নাই বিশ্রাম হনুর বদনে।
কি ছার পবন-গতি, যায় যেন শীঘ্রগতি,
সঁপে মতি শ্রীরাম-চরণে ॥ ১১৯
গন্ধমাদন লঙ্কায়, ছয়মাসের পথ গণনায়,
ক্ষণমধ্যে যাইয়ে বীর তথায়।

পাঠান্তর: ১ করিছে—খ, ট।

বিবরণ শুন পরে, উত্তরি পর্ব্বতোপরে,
খুঁজিয়ে ঔষধ নাহি পায় ॥ ১২০
কত কব সে বিস্তার, ক্রমে রুদ্র অবতার,
নানা বিঘ্ন করি নিবারণ।
দেখে কুঠরি-মধ্যে একটা বসি,
হনুমান্ তার নিকটে আসি,
প্রণমিল তপস্বি-চরণ ॥ ১২১
আছে কালনেমি মায়া ক'রে, জিজ্ঞাসে রাম-কিঙ্করে,
বলে আসুন আসুন আসুন মহাশয় !
হনুমানের যে কাজে আসা, কহিল সকল আশা,
পশ্চাতেতে আসা যে আশয় ॥ ১২২
মুনি কন রাম-কিঙ্করে, অনেক দিন অবধি ক'রে,
অতিথির পাইনে দরশন।
এলে কৃপা করি আমার স্থান, কর আহারাদি স্নান,
আছি চৌদ্দ বৎসর অনশন ॥ ১২৩
পুরাও আমার আশা, তোমার যে কাজে আসা,
সব আশা পূর্ণ হবে পরে।
দেখিছেন হনুমান্, কাঁদি কাঁদি মর্ত্তমান,
নানা ফল বর্ত্তমান, জিহ্বায় জল সরে ॥ ১২৪
ঔষধ ল'য়ে যাব পরে, আহারটা করি উদর পূরে,
গায়ে বল না হ'লে পরে, কেমন করেই বা যাই ?
কাচা কাপড় যাচা মেয়ে, উপস্থিতটে ত্যাগ করিয়ে,
গেলে, সে দিন আহার জুটে নাই ॥ ১২৫
কলার কাঁদি দেখে বসে বসে,
তখনি গিয়াছে মনটা ব'সে
ইচ্ছা হয় যায় বসে, দেখে মুনি বলে কি কর।
আসিতে অনেক কষ্ট হৈল,
স্নান ক'রে এস মেখে তৈল,
ঐ যে দেখা যায় হে সরোবর ॥ ১২৬
তৈল মেখে হনুমান্, দেখে সরোবর বিগুমান,
স্নান করিতে জলে নামে বীর।
অবগাহন করিবামাত্র, নখ দিয়ে হনুর [১]গাত্র,
ধরিলেক দুরন্ত[১] কুম্ভীর ॥ ১২৭
অমনি কুম্ভীর ধরি বীর সাপুটে, লম্ফ দিয়ে উঠে তটে,
কুম্ভীরের নাশিল পরাণী।
হ'ল গন্ধকালীর শাপ-মোচন, পেয়ে উপদেশ-বচন,
যায় হনুমান্ যথা মায়ামুনি ॥ ১২৮
বলে বেটা দুরাচার, ঐ বেটা রাবণের চর,
আমার মনের অগোচর নাই।
যাঁরে ভজে চরাচর, আমি সেই রামের চর,
শমন-পুরে এ বেটারে সত্বর পাঠাই ॥ ১২৯
বেটা আমার কাছে করিস্ মায়া,
জানিস্ ত আমার যত মায়া,
মহামায়া এলে ফেরেন নাই।
অমনি বাড়ায়ে ল্যাজ জড়ায়ে ধরে,
কালনেমি ডাকে গঙ্গাধরে,
রক্ষা কর হনুমানের করে, প্রাণ পেয়ে পলাই ॥ ১৩০
আবার কখন প্রাণের ভয়ে,
ডাকে কোথা রাখ অভয়ে !
সভয়ে কর মা ! পরিত্রাণ।
কখন বলে কোথা হরি ! হনুমান্ লয় জীবন হরি,
তুমি নাকি ভয়হারী ভক্তের ভগবান্ ॥ ১৩১

* * *

খাম্বাজ—পোস্তা

কোথা শঙ্কর ! আসি এ কিঙ্করে রক্ষা কর।
এ দাসের বিনা দোষে, জীবন নাশে রামকিঙ্কর ॥
ধনের লোভে এলেম গন্ধমাদন,[২] কাজ নাই ধন,
থাকিলে জীবন, দেশান্তরে ক'রে গমন,
খাব ভিক্ষে মাগি ওহে হর !—
কোথা গো মা জগদম্বা ! ওমা ! এ যন্ত্রণা হর,—
কোথা হে মধুসূদন, বিপদ-তারণ বিপদ হর ॥ (ধ্রু)

* * *

পাঠান্তর : ১-১ ধরিল গাত্র জলমধ্যে দুরন্ত—খ, ট।

২ 'শিখর' অতিরিক্ত পদ—খ, ট।

হনুমান্ যত লেজ টানে, কালনেমি 'বলে, লেজটা নে[১]',
হেঁচ্ কা টানে, লেজ মচ্ কাতে না পারে।
হইয়ে ক্ষুদ্র-আকৃতি, যা'য় হ'য়ে হয় নিজাকৃতি,
মারে কিল পবন-কুমারে ॥ ১৩২
উঠে শব্দ হম হাম, মারে লাথি গুম গাম,
ধুম ধাম হইল সমর।
কভু জয়ী নিশাচর, কভু জয়ী রামের চর,
কাঁপিতেছে চরাচর, বিমানে অমর ॥ ১৩৩
রুষিয়ে পবন-অঙ্গজ, বলে কোটি মত্তগজ,
কালনেমিকে জড়ায়ে লাঙ্গুলে।
আতঙ্কে কালনেমি বলে,
ভাই! কি হবে মেরে[২] দুর্ব্বলে,
পলাই এখন প্রাণটা রক্ষে পেলে ॥ ১৩৪
শুন রে হনু! কথা শুন, যেমন তোদের বিভীষণ,
নিয়েছে শরণ, আমিও তাই চরণে।
শুনে কন[৩] পবন-সুত, ডেকেছে তোরে রবিসুত,
যা আশু ত সাক্ষাৎ-কারণে ॥ ১৩৫

এখন মিতালির কর্ম্ম নয়,
তোর রাবণ-বাবা কোথা এ সময়,
ধ'রেছে তোর পবন বাবার ছেলে।
এক আছাড়ে ফেল্‌ব পিষে,
এখন বাঁচাক এসে তোর মেসো পিসে,
এই বেলাটা পালা দেখি পিছ্ লে ॥ ১৩৬

না হয় ডাক তোর কোথা খুড়া জ্যেঠা,
আছে যে যেখানে যেটা,
লেজটা টেনে বাহির কর্‌তে তোকে।
এসে রাখ্ তে পারে না তোর ভগ্নীপতি,
জানিস্ তো রাম গোলোকপতি,
যখন তাঁর কিঙ্কর ধরেচে তোকে ॥ ১৩৭

হয়ে হনুমান্ ক্রোধান্বিত, শ্রীরাম স্মরি ত্বরান্বিত,
নিশাচরে পর্ব্বতে আছাড়ে।
সাপুটে বীর লেজের সাটে, টেনে ফেলে রাবণ-নিকটে,
যেন বায়ুভরে গিরি উপাড়ে পড়ে ॥ ১৩৮
দেখিয়ে[৪] বিস্ময় রাবণ, গেল কনকলঙ্কাভুবন,
জীবন-সংশয় আর রক্ষে নাই।
মন্ত্রি![৫] আছে আর কি বিধান, না পাই ক'রে সন্ধান,
নাহি ফিরে যাহারে পাঠাই ॥ ১৩৯

* * *

সুরটমল্লার—একতালা

মন্ত্রি! বল কি করি এক্ষণে।
আর যাতনা সয় না প্রাণে ॥
মজ্‌লো কনক লঙ্কাপুরী,
বনচারী জটাধারী রামের রণে ॥
কোথা গেল আমার যত[৬] সৈন্য,
দশদিক্ আমি সদা হেরি শূন্য,
হয় হৃদয় বিদীর্ণ, হারাইয়ে প্রাণাধিক কুম্ভকর্ণে ॥
পুত্রশোকে আমার[৭] সদা দগ্ধ কায়,
কোথা গেল ইন্দ্রজিৎ অতিকায়,
এ দুঃখ কব কায়, কে আছে লঙ্কায়,
ঐ বড় খেদ মনে ॥
যাদের বাহুবলে শাসিলাম সব,
বধিলাম কত বাঁধিলাম বাসব,
এখন শব-প্রায় হ'য়ে কত সব, বিপক্ষভবনে। (ট)

* * *

রাবণ বলে কি হ'ল দায়, কি করি মন্ত্রি! এ বিধায়,
নর-বানরে লঙ্কা মজাইল।
পাঠাই যারে সমরে, নর-বানরের হাতে মরে,
[৮]একজন ত[৮] কেহ নাহি ফিরিল ॥১৪০
বলে লঙ্কার অধিকারী, সুমন্ত্রণা এর কি করি,
এই যুক্তি শুন হে সকলে।
পাঠাও এখন ভাস্করে, উদয় হ'তে শীঘ্র ক'রে,
রথ লয়ে গগন-মণ্ডলে ॥ ১৪১

* * *

পাঠান্তর: ১-১ তত লেজ টানে—খ, ট। ২ মেরে—খ, ট। ৩ ক্রোধে বলে—খ, ট।
৪ 'ভাবিয়ে'—অতিরিক্ত পদ খ, ট। ৫ এই পঙ্‌ক্তি খ, ট গ্রন্থে নাই। ৬ এত—খ, ট।
৭ একে—খ, ট। ৮-৮ পুনরায়—খ, ট।

সূর্য্য ও হনুমান্-সংবাদ

হ'লে উদয় দিনমণি, লক্ষ্মণ মরবে অমনি,
রাম মরিবে অনুজ-শোকেতে।
ডেকে কয় ভাস্করে, যাও তুমি ত্বরা ক'রে,
উদয় হ'তে উদয়গিরি পর্ব্বতে ॥ ১৪২
বিলম্ব ক'রো না সূর্য্য ! শীঘ্র প্রকাশ কর বীর্য্য,
সহ্য আর হয় না কোন মতে।
শুনে কন দিবাপতি, কেমনে লঙ্কার পতি !
উদয় হব নিশাপতি থাকিতে ॥ ১৪৩
হয়েছে হদ্দ অর্দ্ধ নিশি, দীপ্তিমান্ রয়েছে শশী,
শুনে রাবণ হয় কোপান্বিত।
দেখে রাবণের রাগ ভুক্কর, ভয়ে চলেন ভাস্কর,
হইতে উদয় গিরি ত্বরান্বিত ॥ ১৪৪
হেথায় কালনেমিরে করি দমন, ঔষধার্থে করে ভ্রমণ,
না পারে বীর করিতে নির্ণয়।
বলে যা কর রাম চিন্তামণি ! করে পর্ব্বত অমনি,
উপাড়িয়া মাথায় তুলে লয় ॥ ১৪৫
করি শব্দ ভয়ঙ্কর, করি রাম-কার্য্য রাম-কিঙ্কর,
পবনপুত্র চলে পবন-বেগে।
ক'রে শব্দ জয় শ্রীরাম, ডাকিতেছে অবিরাম,
হেন কালে দেখে পূর্ব্বদিকে ॥ ১৪৬
উদয় হয় ভাস্কর, মনে গণি ভুক্কর,
দিবাকর নিকটে গিয়া কয়।
একি অসম্ভব হেরি, থাকিতে অর্দ্ধ-শর্ব্বরী,
কেন উদয় হও মহাশয় ॥ ১৪৭
তব বংশে উৎপত্তি, রামরূপে ত্রৈলোক্যপতি,
গুণমণি লক্ষ্মণ অনন্ত।
রাবণেরই পূরাবে ইষ্ট, লক্ষ্মণের করবে প্রাণ নষ্ট,
চরণে ধরি কৃপা করি, হও ক্ষান্ত ॥ ১৪৮
দয়া কর হও হে ধৈর্য্য, কর কিছু রাম-সাহায্য,
এসো দু'জনায় করি হে মিতালি।
তুমি ভানু আমি হনু, উভয় অঙ্গ এক-তনু,
এস দু'জনে করি কোলাকুলি ॥ ১৪৯
তখন হনুমান্ মহাবলী, বলে, কাছে এসো বলি বলি,
গলাগলি করি জড়িয়ে ধ'রে।
মুখে বলে জয় বগলে ! দিবাকরে করে বগলে,
ভয়ে সূর্য্যের নয়ন গলে, আর ডাকে শ্রীরামেরে ॥ ১৫০

* * *

খাম্বাজ—কাওয়ালী

কৃপা কর, এ কিঙ্করে কৃপাময় !
তব কিঙ্করে করে জীবনসংশয়,
অশেষ যন্ত্রণা প্রাণে আর নাহি সয়।
বিনা অপরাধে বধে, শরণাগত ও পদে,
প'ড়ে বিপদে ডাকি তোমায় ॥
তুমি ভক্ত-ভয়হারী হরি ! ত্রৈলোক্যে,
ভূলোকে সেই উপলক্ষে, যদি ভক্তে করে রক্ষে ;
হের আসি পদ্ম-চক্ষে, রেখেছে পবনসুত,
কক্ষেতে আমায় ॥ (ঠ)

* * *

ডাকে সূর্য্য ঘন ঘন, দেখা দাও নবঘন-
বরণ রাম রঘুমণি !
পবনপুত্র হনুমান্, হরিল আমার মান,
ভয়ে মরি কাঁপিছে পরাণী ॥ ১৫১
আবার মনে মনে ভাবে সূর্য্য, প্রকাশ করি নিজ বীর্য্য,
পোড়াইতে পারি হনুমানে।
থাকিতে হ'ল ক'রে সহ্য, করি কিঞ্চিৎ রাম-সাহায্য,
কি হবে বিবাদ ক'রে বানরের সনে ॥ ১৫২
এখন এই যুক্তি মনে লয়, রাবণ বেটা যমালয়,
গেলে হয় দেবের নিস্তার।
মান গেল সব রসাতলে, থাটি বেটার হুকুম-তলে,
আজ্ঞানুবর্ত্তী হ'য়ে তার ॥ ১৫৩

এত কি প্রাণে সহ্য হয়, গন্ধ হ'য়ে বেটার রাখে হয়,
রজক হ'য়ে শনি কাপড় কাচে।
ছত্রধর নিশাকর, ইন্দ্র হয়েছেন মালাকার,
রত্নাকর কিঙ্কর এ অপমানে কি প্রাণ বাঁচে ॥ ১৫৪
ত্রিলোকমাতা কালী যিনি, প্রহরী হ'য়ে আছেন তিনি,
লঙ্কার দ্বারে থাকেন আদ্যাশক্তি।
এমনি বেটা দুর্জ্জয়, সকলে মানে পরাজয়,
মৃত্যুঞ্জয় প্রজাপতি প্রভৃতি ॥ ১৫৫
এইরূপ দুঃখে ভানু ভাবে, শুনে হনুমান্ মুচ্‌কে' হাসে,
থাক তোমাকে ছেড়ে দিব না আর।
বুঝি নানান কথায় মন ভুলিয়ে, উদয় হবে গগনে গিয়ে,
রাবণ-কার্য্য করিবে উদ্ধার ॥ ১৫৬

* * *

নন্দীগ্রামে হনুমান্

তখন মাথায় পর্ব্বত বগলে ভানু, বায়ুবেগে চলেন হনু,
বাড়ায়ে তনু শত যোজন প্রায়।
ছাড়াইল নানা গ্রাম, সম্মুখেতে নন্দীগ্রাম,
শ্রীরামকিঙ্কর দেখিতে পায় ॥ ১৫৭
শুনেছি প্রভুর নিকটে, সেইত এই গ্রাম বটে,
যাই না সংবাদ নিয়ে দিয়ে।
যায় ঘোর শব্দ ক'রে, ভরত বলেন কে রে কে রে,
যায় রামের পাদুকা লঙ্ঘিয়ে ॥ ১৫৮
হ'য়ে ভরত কোপাংশ, রামানুজ রামাংশ,
ধ্বংস অস্ত্র বাঁটুল মারেন হৃদে।
বজ্রসম বাঁটুল প্রহারে, 'রাম রাম' শব্দ ক'রে,
বলে হনুমান, রাখ রাম! বিপদে ॥ ১৫৯

* * *

খাম্বাজ—মধ্যমান-ঠেকা

কোথা হে অনাথ-বন্ধু হরি! মরি মরি।
দারুণ বাঁটুল প্রহারি, দাসের জীবন লয় হে হরি ॥
ধ্যান ক'রে ঐ কমল পদ, জ্ঞান করি সিন্ধু গোষ্পদ,
যে করে ও পদ সম্পদ, তার থাকে কি বিপদ,
ভব-নদীর তরী ঐ পদ, জীবে দেও হে মোক্ষপদ।
আমার বাঞ্ছা নাই আর অন্য পদ,
ওহে ভক্ত বিপদহারি ॥ (ভ)

* * *

পড়ি বীর ধরণীপরে, ডাকে ব্রহ্ম পরাৎপরে,
যাতনা পায় বক্ষোপরে পবননন্দন।
ছিল যত হৃদয়ে বেদন, রাম নামে হয় নির্ব্বেদন,
নৈলে নাম বিপত্তে মধুসূদন কেন ॥ ১৬০
ভরত রাম-নাম করি শ্রবণ, যেন মৃতদেহে পায় জীবন,
ভবন হ'তে বাহির হইয়ে অমনি।
যেখানে পবনসুত, আসি দশরথ-সুত,
বলেন বল বল বল আশু ত কোথা চিন্তামণি ॥ ১৬১
পশুজাতি বনে থাকা, পেলি রামনাম সুধামাখা,
যে নামের গুণের লেখা-জোখা নাই।
তুমি কে কাহার পুত্র, তোমার সঙ্গে দেখা কুত্র,
কি সূত্রে তাঁর তত্ত্ব পেলে ভাই ॥ ১৬২
শুনে কন মারুতি তখন, আমি সেই পবননন্দন,
রবিনন্দন-দমনের দাস।
প্রভু ছিলেন পঞ্চবটীর বনে, সীতা মায়ে হরে রাবণে,
ক'রেছেন তার সবংশে বিনাশ ॥ ১৬৩
লঙ্কায় হয়েছে বীর শূন্য, রাগে হ'য়ে পরিপূর্ণ,
পাপিষ্ঠ আসিয়ে পুত্রশোকে।
শুন তার বিবরণ, রাবণ করিয়া রণ,
মেরেছে শেল লক্ষ্মণের বুকে ॥ ১৬৪
হ'লেন লক্ষ্মণ সমরে পতন, দেখে ধরায় হারায়ে চেতন,
পড়ে আছেন রাম রঘুমণি।
ঔষধ জন্যে যাইলাম, খুঁজে ঔষধ না পেলাম,
পর্ব্বত তুলিলাম অমনি ॥ ১৬৫

পাঠান্তর: ১ এই পদটি খ, ট গ্রন্থে নাই।

এই কথা শুনিবামাত্র, ভরতের ঝরে নেত্র,
কহিছেন পবন-নন্দনে।
বিনয়ে বলি তোমারে, চল রে বাছা! লয়ে আমারে,
রাঙ্গাচরণ দেখি গে নয়নে॥ ১৬৬
হ'য়ে আছি অতি দীন, কোমলাঙ্গ অনেক দিন,
না দেখিয়ে জীবন মৃতপ্রায়।
আর রাম কি দয়া প্রকাশিবে,
আর কি অযোধ্যায় আসিবে,
স্থান কি আমায় দিবেন রাঙ্গা পায়॥ ১৬৭

* * *

ঝিঁঝিট—মধ্যমান

ওরে, দীননাথ কি দীনে দিবেন দিন।
ভবের নিধি আসিবেন ঘরে[১], কবে হবে এমন সুদিন॥
জন্ম ল'য়ে পাপোদরে,[২] না ভজিলাম দামোদরে,
বলিতে হৃদি বিদরে, বল আর কাঁদ্‌ব কত দিন।
কুরঙ্গে কুসঙ্গে গতি, ক্রিয়াহীন কুমতি অতি,
দেন যদি দিন দাশরথি, দাশরথির আগত দিন॥ (চ)

* * *

তখন ভরত ক'রে রোদন, বলে কোথা, হে মধুসূদন!
হৃদের বেদন আশু হর।
ভেবে পাপিনী-কুমার, অপরাধ গ্রহণ আমার,
ক'রো না আর ভবভয়হর[৩]॥ ১৬৮
কোথা গো মা সীতা সতি! সন্তানে হ'য়ে বিস্মৃতি,
আছ লক্ষ্মী! রাবণের ভবনে।
কুপুত্র যদ্যপি হয়, কুমাতা কখনো নয়,
শাস্ত্রে কয় শুনেছি শ্রবণে॥ ১৬৯
দুঃখের কথা কারে কই, পাপিনী মাতা কৈকৈ,
এ যাতনা দিবার মূল তিনি।
শুনে শেল বাজে বুকে, শক্তিশেল লক্ষ্মণের বুকে,
তার মস্তক কাটা উচিত এখনি॥ ১৭০
পাপিনীর পাষাণ-কায়া, বনে নব নীরদ-কায়া,
দিয়ে লজ্জা হয় না দেখাতে মুখ।
পিতার করিল নাশ, সর্ব্বনাশী সর্ব্বনাশ,
করলে আমার কইতে ফাটে বুক॥ ১৭১
হেথা কৌশল্যা রাণী সুমিত্রা, শ্রীরামের শুনিয়ে বার্ত্তা,
আসিছেন কাঁদিয়ে কাঁদিয়ে।
ডাকিছেন অবিরাম, কোথা রাম! কোথা রাম!
ব'লে পড়েন[৪] চেতন হারাইয়ে॥ ১৭২
জ্ঞান-শূন্য ধরাতলে, ভরত করে ধ'রে তুলে,
নয়ন-জলে ভাসিতে ভাসিতে।
সান্ত্বনা করিছে ভরত, মা! পূর্ণ হবে মনোরথ,
ত্বরায় আসিবেন রাম-সীতে॥ ১৭৩
তখন রাবণ-সঙ্গে বিসংবাদ, হনুমান্ বলে সংবাদ,
শক্তিশেলে প'ড়েছেন লক্ষ্মণ।
লয়ে যাই ঔষধি, সুমিত্রা কন মহৌষধি,
আছে তো সেথা শ্রীরামের চরণ॥ ১৭৪
সেই কমল-আঁখির চরণ লয়ে,
দিবে লক্ষ্মণের বুকে বুলাইয়ে,
তার কাছে আর কি ঔষধ আছে।
তোরে ধিক্ তোদের মন্ত্রণায় ধিক্,
মরে শক্তিশেলে প্রাণাধিক,
ঔষধ খুঁজ, মহৌষধি থাক্‌তে কাছে॥ ১৭৫

* * *

ললিত ভৈঁরো[৫]—একতালা

ওরে হনুমান্! নারিলি রামকে চিন্তে চর্ম্মচক্ষে।
সৃষ্টি স্থিতি, লয় উৎপত্তি, হয় যে রামের কটাক্ষে॥
ভাবিলে সে পদ, রয় কি বিপদ,
বিপদ্‌হারী যার পক্ষে।
শিবের সম্পদ, সে কমলপদ, সদা সাধেন সুরযক্ষে॥
দিও না[৬] আর অন্য ঔষধি, থাক্‌তে কাছে মহৌষধি,
অপার জলধি,—পারে এলি মরি দুঃখে।

১—এই পদটি খ, ট গ্রন্থে নাই। ২ পাপিনী উদরে—খ, ট। ৩ ভবভয়হারি—খ, ট। ৪ কাঁদেন—ক। ৫ ললিত—খ, ট।
৬ করো না—খ, ট।

প্রাণ কাতরা, যা বাপ! ত্বরা, ত্বরায় বল্‌গে পদ্মচক্ষে,
ও নীলবরণ! যুগল চরণ, দেও রাম লক্ষ্মণের বক্ষে॥ (ণ)

* * *

গন্ধমাদন লইয়া হনুমানের আগমন ও লক্ষ্মণের চৈতন্য লাভ

শুনে হনুমান্ কয় নাই বিস্মৃতি,
রাম যে তোমার আত্মবিস্মৃতি,
হ'য়ে আছেন রাবণের শঙ্কায়।
লোমকূপে যাঁর চৌদ্দভুবন, শত সহস্র কোটি রাবণ,
কটাক্ষে যার ভস্ম হ'য়ে যায়॥ ১৭৬
জনকনন্দিনী সীতে, পলকে সৃষ্টি নাশিতে,
পারেন তিনি রাবণের ভয়ে ভীত।
গুণের যাঁর নাই অন্ত, লক্ষ্মণ সাক্ষাৎ অনন্ত,
রাক্ষসের মায়ায় তাঁর জ্ঞান হত॥ ১৭৭
এইরূপে হনুমান্ ভাবে, শুনে কৌশল্যার নয়ন ভাসে,
বক্ষ ভাসে ভরতের নয়ন-জলে।
তখন পবনপুত্র মহাবল, জানিতে ভরতের বল,
কাতর হ'য়ে ভরতেরে বলে॥ ১৭৮
হ'লাম তব প্রহারে মৃতবৎ, তুলিতে নারি পর্ব্বত,
কৃপা করি খুড়া মহাশয়!
আমায় হও কৃপাবান্, শুনি ভরত ছাড়িল বাণ,
গিরি সহ হনুমান্, শূন্যমার্গে যায়॥ ১৭৯

ভরত বাণে দেন হনুমানে তুলে,
রাম জয় রাম জয় শব্দ তুলে,
ক্ষণমধ্যে সাগর-পারে বীর।
গিয়ে বলে, হে মধুসূদন, এনেছি গিরি গন্ধমাদন,
আর চিন্তা কেন রঘুবীর॥ ১৮০
তখন সুষেণ ঔষধ ল'য়ে, বিধিমতে বাটিয়ে,
দেয় ঔষধ লক্ষ্মণের বুকে।
উঠিলেন গৌরবরণ, দূর্ব্বাদলশ্যাম-বরণ,
চুম্ব দেন লক্ষ্মণের মুখে॥ ১৮১
যথা ছিল গন্ধমাদন, রেখে এলেন বায়ুনন্দন,
কক্ষ হ'তে ছেড়ে দেন ভাস্করে।
বামে লক্ষ্মণ দক্ষিণে রাম, হেরি বানরে জয় জয় রাম,
আনন্দেতে অবিরাম করে॥ ১৮২

* * *

ঝিঁঝিট—মধ্যমান ঠেকা

কি অপরূপ শোভা উজ্জ্বল।
হায়, রঘুকুল-তিলক-রূপে ত্রিলোক ক'রেছে আলো॥
দেখ রে ক'রে নিরীক্ষণ, মরি মরি হেমগিরি,
বামেতে লক্ষ্মণ, ত্রিপুরারি অনুক্ষণ,
যাঁর পূজেন চরণ-কমল॥
কিবা পদতলারুণ, নখরে নিশাকরের কিরণ,
মুনিগণের মন-হরণ, হেরে হয় পদ-যুগল॥ (ত)

মহীরাবণ-বধ

রাবণ ও মহীরাবণের কথাবার্ত্তা

রাবণের করে অস্ত্র, লক্ষ পুত্র লক্ষ্মীকান্ত,
উপলক্ষ নাই কিছুমাত্র।
মহীতে নাই একজন, পাতালে মহীরাবণ,
ভাবে রাবণ আছে এক পুত্র॥ ১

কোথা রে প্রাণপুত্র মহী! আগমন কর মহী,
মহিষমর্দ্দিনী-পরায়ণ!
তত্ত্ব নাই চিরকাল, তোর পিতার সঙ্কটকাল,
আসি দুঃখ কর নিবারণ॥ ২
ছিল বীর রসাতলে, অকস্মাৎ আসন টলে,
ভাবে একি ঘটিল আজি ঘটে।

জনকের জানি স্মরণ, ত্বরায় আসি লইল শরণ,
রাজা দশাননের নিকটে ॥ ৩
প্রণমে হ'য়ে ভূমিষ্ঠ, রাবণ বলে বাক্য মিষ্ট,
ইষ্ট সিদ্ধ হউক পুত্র! তোর।
শুন রে মহী! বলি শুন, কি জন্যে তোমার আকর্ষণ,
সে গুমর নাই রে পুত্র মোর ॥ ৪
সবে জেনেছে সবিশেষ, দশাননের দশা শেষ,
জীবন-মৃত্যু হ'য়ে সবে আছি।
রামনামে এক যোগী ভণ্ড, লঙ্কা কৈল লণ্ডভণ্ড,
শঙ্কা প্রাণে বাঁচি কি না বাঁচি ॥ ৫
সেই ভণ্ড রামের সীতে, বলিলাম তারে বামে বসিতে,
রূপসী দেখি প্রেয়সী-বাঞ্ছা ছিল।
অশোক-বনে কাঁদিছে ধনী, করিয়া রাম-রাম ধ্বনি,
অতুল ঐশ্বর্য্যে না ভুলিল ॥ ৬
কিমাশ্চর্য্য বলিব তোরে, সাগর বাঁন্ধিল গাছ-পাথরে,
নর-বানরে ভাঙ্গিল লঙ্কাপুরী।
এক বানর নাম ঘরপোড়া, বল্‌ব কি সে ঘোর পোড়া,
তার পোড়াতে ইচ্ছা হয় হই দেশান্তরী ॥ ৭
এক বানর নাম ধরে নল, বল্‌ব কিরে দুঃখানল,
সে এসে প্রস্রাব করে স্কন্ধে।
সহোদরের গুণ শুন, ঘরের শত্রু বিভীষণ,
শরণ লয়েছে রামচন্দ্রে ॥ ৮
বড় রাগে মেরেছি লাথি, তারি দোষে মোর পুত্র নাতি,
সবংশে হইল সব নষ্ট।
অভিমানে বুক চড় চড়, বানরে এসে মারে চড়,
এর বাড়া কি আছে আর কষ্ট ॥ ৯
এর বাড়া কি হত মান, হরে মান হনুমান্‌,
করিতে কিছু নারি।
বুড়ো ভল্লুক জাম্ববান্‌, সে বেটার কি বাক্যবাণ,
ভগবান্ দুঃখ দিলেন ভারি ॥ ১০
মহী কয় তোমার কই, পিতা! তোমার জ্ঞান কই?
কার সঙ্গে ক'রেছ তুমি দ্বন্দ্ব।
সে রাম ব্রহ্মাণ্ডপতি, ব্রহ্মাণ্ড যাতে উৎপত্তি,
তুমি বল ভণ্ড রামচন্দ্র ॥ ১১
তুমি আমার কু-পিতা, জগন্মাতা কোপিতা,
ক'রে রেখেছ অশোক-অরণ্যে।
তোমায় বলিতাম সু-পিতে, যদি রাম-পদে মন সঁপিতে,
সম্পদে মজেছ কিসের জন্যে ॥ ১২
সার ক'রেছ চণ্ডীকে, রাম বা কে চণ্ডী বা কে,
দণ্ডকে না চিনে দণ্ড পেলে।
এক ভিন্ন নাস্তি আর, রাম ভিন্ন কি অভয়ার,
মূর্ত্তি ভেদে কীর্ত্তি নানা ছলে ॥ ১৩

* * *

সিন্ধুভৈরবী[১]—যৎ

শুনেছি সেই তারকব্রহ্ম মানুষ নয়, রাম জটাধারী।
পিতে! কি নাশিতে বংশ, সীতে তাঁর ক'রেছ চুরি ॥
যে পদ ভাবে সুর-জ্যেষ্ঠ, বাল্মীকি-আদি বশিষ্ঠ,
যে নাম জপি পূরান্ ইষ্ট, তব ইষ্ট ত্রিপুরারি ॥
কত গুণ রাম প্রকাশিলে, গুণে সলিলে ভাসিল শিলে,
হ'লো বনপশু বন্দী গুণে, কত গুণ তাঁর মরি[২] ॥
এখনো তাঁর পার চিন্তে, তথাচ না থাকে চিন্তে,
চল লক্ষ্মী দিয়ে লক্ষ্মীকান্তে,
শরণ লও তাঁর চরণ ধরি ॥ (ক)

* * *

রাবণ বলে, তুই কি আমায় দিতে এলি সুশিক্ষা।
আমি ভ্রান্ত,—জ্ঞানবন্ত তুমি আমার অপেক্ষা ॥ ১৪
রাম যে পরম বস্তু, তুই আমায় দিলি দীক্ষা।
দরিদ্র যেমন দেন কমলাকে ভিক্ষা ॥ ১৫
আমি জানি মূল, নানা শাস্ত্রে করে ব্যাখ্যে।
রাম যে ব্রহ্ম পরাৎপর দেখ্‌ছি দিব্য চক্ষে ॥ ১৬
জয় বিজয় দুই ভাই করিতাম প্রভুর দ্বার রক্ষে।
ঘটিল পাপ অভিশাপ দু'জনার পক্ষে ॥ ১৭

পাঠান্তর: ১ সাহানা বাহার—ক।
২ 'মরি' অধিক পদ—ক।

হরি কন তোমরা দু'জন দোষী হয়েছ মুখ্যে।
লঙ্কাতে পাঠান প্রভু সেই উপলক্ষে ॥ ১৮
সদ্‌ভাবে হয় সপ্ত জন্ম তায় কিছু অপেক্ষে।
তিন জন্মে শত্রুভাবে দিবেন মুক্তি ভিক্ষে ॥ ১৯
মম সম কে আছে জগতে ভাগ্যবন্ত।
দারা সহ দ্বারস্থ যাহার লক্ষ্মীকান্ত ॥ ২০
বলিতে বলিতে রাবণ অমনি হয় ভ্রান্ত।
পুত্র প্রতি ক্রোধমতি কহিছে দুরন্ত ॥ ২১
ক্ষুদ্র সঙ্গে যুদ্ধ বেটা! হ'তে বলিস্ ক্ষান্ত।
মানুষে মিশাব গিয়ে, শুনে তোর বৃত্তান্ত ॥ ২২
ভণ্ড যোগী, কাণ্ড মিছে, নাম জানকীকান্ত।
বেটা বস্তহীন! পরম বস্তু তারে করিস্ একান্ত ॥ ২৩
তুই ভেবেছিস্ তারই কোপে মম সর্ব্বস্বান্ত।
জন্মিলে জীবের মৃত্যু কালে হয় অন্ত ॥ ২৪
বেটা রসহীন! রসাতলে গিয়াছিস্ নিতান্ত।
রামকে বলিস্ সীতে দিতে, এ যে মরণান্ত। ২৫
শুনিলে এ কথা এখনি হাসিবে সুরকান্ত।
দূর হ রে দুর্ব্বল বেটা! বুঝেছি তোর অন্ত ॥ ২৬
পিতৃবাক্যে ঐ রঘুনাথ বনচারী হন ত।
পরশুরাম ক'রেছিল মাতৃ-জীবনান্ত ॥ ২৭
তুই, বেটা হয়ে পিতাকে দিতে এলি গুরুমন্ত্র।
লাথি খেয়েছে বিভীষণ তুলে ঐ তন্ত্র ॥ ২৮
মোর বংশে পুত্র কেবল ছিল ইন্দ্রজিৎ।
পিতার বাক্যেতে মহী হইল লজ্জিত ॥ ২৯
ত্যজ উমা, পিতা! আর বল শিব শিব।
আজি আমি তোমার শত্রু শীঘ্র বিনাশিব ॥ ৩০

* * *

মহীরাবণের মায়া

যাত্রা করে পিতৃপদ ধরিয়া মস্তকে।
মনে বলে রাখ লজ্জা হে ছিন্নমস্তকে ॥ ৩১
ভেবেছি সামান্য পুরুষ তাতো নয় তাঁরা।
মায়া ক'রে দেখিব এক বার যা কর মা তারা ॥ ৩২
লাঙ্গুড়ের গড় করি পবন-অঙ্গজ।
তন্মধ্যে রাম রাখি বীর যেন মত্তগজ ॥ ৩৩
গড়ের রক্ষক বিভীষণ ধর্ম্মময়।
মায়া করে মহীরাবণ রজনী সময় ॥ ৩৪
সূর্য্যকুল-পূজ্য কভু হন বশিষ্ঠ মুনি।
মুখে বলে জয় জয় জগৎ-চিন্তামণি ॥ ৩৫
বিভীষণ সন্ধান জানায় হনুমানে।
যে রূপে যাউক মায়া-রূপ আর কি হনু মানে ॥ ৩৬
জানকীর জনক হ'য়ে একবার যায়।
প্রকাশ হইল কর্ম্ম হ'ল না বজায় ॥ ৩৭
পুত্র-শোকে দুটি আঁখি হইয়া মুদিতে।
রামের মা হইয়া যায় কাঁদিতে কাঁদিতে ॥ ৩৮

* * *

অহংসিন্ধু[১]—খং

জীবন রাম রে! একবার, মা ব'লে আয় কোলে,
মায়ের জুড়াক তাপিত প্রাণ।
তোর পিতার কি পুণ্য ছিল,
তোর শোকে প্রাণ ত্যজিল,
রাম ওরে অভাগী ম'লো না রাম!
তোর মা বড় পাষাণ ॥
চেয়ে দেখ রে নয়নতারা, নয়নে সদাই নয়নতারা,
কেঁদে অন্ধ দু'নয়ন রে!
সেই যে রাম! তুই গেলি বনে,
সেই প'ড়েছি ধরাসনে,
রাম! মায়ের উঠিবার শকতি,
নাই রে অঙ্গ অবসান ॥ (খ)

* * *

বিভীষণ বার্ত্তা দিয়ে যায় অকুশল।
কৌশল্যা-রূপ ধরি রক্ষা হ'ল না কৌশল ॥ ৩৯

পাঠান্তর: ১ বিভাস—ক।

অন্তরে থাকিয়া বীর ভাবিছে অন্তরে।
খুড়া বিভীষণের মূর্ত্তি ধরে তদন্তরে ॥ ৪০
খুড়া বেটা ঘরের ভেদী মন্ত্রণায় চুড়।
দেখি দেখি কপালে কি করেন চন্দ্রচুড় ॥ ৪১
গড়ের নিকটে গিয়া মায়া করি কয়।
ছাড় দ্বার বারেক রে পবন-তনয় ॥ ৪২
দুরন্ত রাবণ-পুত্র ফিরে মায়াছলে।
কোন্ ছিদ্রে কি জানি ফেলিবে কোন ছলে ॥ ৪৩
সহোদর সহ আছেন কিরূপে শ্রীরাম।
বারেক নয়নে হেরি দুর্ব্বাদল-শ্যাম ॥ ৪৪
চিন্তাযুক্ত চিন্তামণি আছেন হেন বাসি।
কি ভয় বলি, উভয় ভাইকে অভয় দিয়ে আসি ॥৪৫
বিভীষণ-জ্ঞানে জ্ঞান-হত পবনপুত্র।
ছাড়ি দিল দ্বার, চিন্তা না করিয়া উত্র ॥ ৪৬

* * *

রাম-লক্ষ্মণ-হরণ ও বিভীষণের লাঞ্ছনা

হরিতে হরিরে মহী ব্যস্ত অতিশয়।
যুগল হস্ত ধরি ত্রস্ত পাতালস্থ হয় ॥ ৪৭
হেথায় আইসে যায় বার্ত্তা লয়ে বারে বারে।
বিভীষণ দরশন দিলেন গড়ের দ্বারে ॥ ৪৮
দিতেছে উম্মায় সায় পবনকুমার।
পাঁচবার চোরের,—সাধুর একবার ॥ ৪৯
এখনি গড়ের মধ্যে গেলি বিভীষণ !
মায়া করি এলি বেটা রাবণ-নন্দন ॥ ৫০
মহীরাবণের কথা গণিয়ে মানসে।
বামহস্তে ধরি অমনি বিভীষণের কেশে ॥ ৫১
কড়মড় করে দন্ত ঘন মারে চড়।
রক্তারক্তি করে দিয়া নখের আঁচড় ॥ ৫২
ঘন ঘন বলে ঘনশ্যাম রামকে হর।
দয়া মায়া ঘুচায়ে বেটা ! মায়া শিখেছ বড় ॥ ৫৩
ঘন ঘন মারিছে ঘুসা, ঘুরায়ে দুটি আঁখি।
হেসে বলে বেটার আজি ফাঁক হয়েছে ফাঁকি ॥ ৫৪
পারিস্ যদি যুদ্ধে জিনতে অযোধ্যার ঈশ্বরে।
বাপের বেটা হ'য়ে কেটা লুকিয়ে চুরি করে ॥ ৫৫
ধর্ম্ম খেয়ে কর্ম্ম বেটা ! খুড়ার মূর্ত্তি ধর।
সরমের মাথা খেয়ে সরমার ঘরে ঢুকিতে পার ॥ ৫৬
ধরাতলে বিভীষণ ওষ্ঠাগতপ্রাণ।
ত্রাহি ত্রাহি বলে রক্ষা কর ভগবান্ ॥ ৫৭
এসো ভগবান্ দেখাই ব'লে হনুমান্ রোকে।
বজ্রসম তিন কিল পুনঃ মারে বুকে ॥ ৫৮
বেটা ! রোগের শেষ,—তোকেই শেষ করিলে গেল লেটা।
রাবণ বেটার বেটা মারিতে, হাতে পড়িল ঘাটা ॥৫৯
রসাতলে থেকে বেটার হয়েছে রসপিত্ত।
রাম-লক্ষ্মণ হরিবে বেটা ক'রে চৌর্য্যবৃত্ত ॥ ৬০
ভদ্রকালীর পূজা ক'রে মন্দ হয়েছে ভারি।
ভদ্রাভদ্র না গ'ণে যাও ভদ্রলোকের বাড়ী ॥ ৬১
এখন কোলে রাখিলে ভদ্রকালী তোর ভদ্র নাই।
তোর যখন হয়েছেন শত্রু, শত্রুঘ্নের ভাই ॥ ৬২
তখন গালি খেয়ে দাখিল খুন বলে বিভীষণ।
বলে, আমারে নষ্ট করো না পবন-নন্দন ॥ ৬৩
কপট রাবণপুত্র ধ'রে মোর মূর্ত্তি।
রাম লক্ষ্মণ লইল বুঝি ক'রে চৌর্য্যবৃত্তি ॥ ৬৪
যাউক প্রাণ, যাউক মান, ছিল কর্ম্মসূত্র।
রাজীবলোচন রামকে একবার দেখ রে পবনপুত্র ॥ ৬৫
অস্ত্র বুকে হনুমান্ গড় পানে চায়।
না দেখে নয়নে নবদুর্ব্বাদল-কায় ॥ ৬৬
আকাশ ভাঙ্গিয়া অঙ্গ আছাড়িল ধরা।
উন্মাদের প্রায় চক্ষে বহে শতধারা ॥ ৬৭

—

শোকার্ত্ত হনূমান্

হনূমানের অবস্থা কি প্রকার—

ধনহারা গৃহী যেমন, জ্ঞান-হারা মুনি।
মনেতে ব্যাকুল যেমন, মান হারায়ে মানী॥
বাণহারা বিবন্ধে যেমন যোদ্ধাপতি থাকে।
বৎসহারা গাভী যেমন উর্দ্ধমুখে ডাকে॥
গো-হারা হইয়া যেমন গো-রক্ষকের জ্বালা।
মন্ত্রহারা গুণী যেমন অন্তর উতলা॥
মণিহারা ফণী করে মণি অন্বেষণ।
তেমনি চিন্তামণি-হারা হ'য়ে পবননন্দন॥ (অ)

* * *

ভৈরবী—যৎ

মরি রে! জীবন-রামকে হারালাম।
রেখেছিলাম হৃৎকমলে, নীলকমল জটাধারী রাম॥
দীনের কর্ত্তা দিনকর! কোন্ পথে গেল আমার, হে!
ও হে তব কুলোদ্ভব আমার নবদূর্ব্বাদলশ্যাম॥
মায়াবী রাক্ষস-চোরে,
ঘরে আনিলাম ডেকে যতন ক'রে, রে!
কেবল অযতন-সাগরে আমার নীলরতন ডুবালাম॥(গ)

* * *

মহীরাবণের পুরে হনূমানের গমন

যাঁরে ধ্যানে চিন্তে মুনি, হরিয়ে রাম-চিন্তামণি,
মহী ছাড়ি মহীরাবণ, প্রকাশে নিজ বিশ্বে।
স্মরণ করি মহামায়া, সৃজন করিল মায়া,
স্থানে স্থানে রাখে পথ রুদ্ধে॥ ৭২
কোন স্থানে অগ্নি জ্বলে, কোন স্থানে পূরিত জলে,
কল কল ধ্বনি তায় তরঙ্গ।
ভয় পাইয়া ভগবান্, থর থর কম্পমান,
দেখি মহীরাবণের রঙ্গ॥ ৭৩
যুগল ভাইয়ের যুগল করে, নিগড়-বন্ধন করে,
ভব-বন্ধন মুক্ত যাঁর নামে।
রঙ্গ-মনে সঙ্গোপনে, ভদ্রকালী ভদ্রাসনে,
রাখে বীর বৈকুণ্ঠপতি রামে॥ ৭৪
বাঁধি লক্ষ্মণ রঘুবরে, পুরোহিত দ্বিজবরে,
আনন্দে কহিছে রাবণ-পুত্র।
পূজিব নরকধিরে, নরকান্তকারিণীরে,
এনেছি পিতার দুটা শত্রু॥ ৭৫
হেথা বীর হনূমান্, ত্যজি শোকে বাহ্যজ্ঞান,
পাতাল সুড়ঙ্গপথে চলে।
শ্মরণ করি কৃপাসিন্ধু, মায়া-অগ্নি মায়াসিন্ধু,
উদ্ধার হইল অবহেলে॥ ৭৬
বলে যাব কার সন্নিধান, কে দিবে মোরে সন্ধান,
না পান সন্ধান যাঁর যোগী।
গিয়া বীর পাতালপুরে, বলে দুর্গে হে ত্রিপুরে!
যোগিপ্রিয়ে মা! হও উদ্‌যোগী॥ ৭৭

* * *

রমণীগণের নিকট রাম-লক্ষ্মণের সংবাদ প্রাপ্তি

বৃক্ষতলে বসি বীর, মন্ত্রণা করিছে স্থির,
সব সন্ধান রমণী-নিকটে।
নারী ছিদ্র পেলে পরে, গুপ্ত কথা ব্যক্ত করে,
সব জানিব সরোবরের ঘাটে॥ ৭৮
পুরোহিত দ্বিজ আসি, নিজ স্ত্রীকে ভালবাসি,
বলে, তোমায় বলি,—কারে বলো না।
ব্রাহ্মণী কয় কৃষ্ণ গোপাল! এমন বলার পোড়াকপাল!
কারে বলিব, তুমি করিলে মানা॥ ৭৯
তখন, প্রবেশ হ'য়ে কথার ছিদ্রে,
রাত্রে ধনীর না হয় নিদ্রে,
বলে, বলিলে পতির নিন্দা হয়।

যা থাকে তাই হবে কপালে,
এ কথা তো রাত্রি পোহালে,
ছোট দিদিকে না বলিলে নয় ॥ ৮০
রাত্রে না পেয়ে ফাঁক, পেট ফুলে হইল ঢাক,
গুমরে গুমরে বলে, ওমা মলাম।
একি পোড়া ছি ম'লো ম'লো,
আজি কি রাত্রি ছুটো হ'ল,
কখন পোহাবে পেট ফেটে যে গেলাম ॥ ৮১
যোগে-যোগে পোহায় নিশি, প্রভাতে কক্ষে কলসী,
ব্রাহ্মী রামমণিকে জানাচ্ছে[১]।
রাজবাড়ীর এই গুপ্ত বাণী,
কালি বলিলেন আমাদের তিনি,
দেখো দিদি! ব'ল না কার কাছে ॥ ৮২
রামমণি কয়, হরি হরি, ধিক্ ধিক্ মোর গলায় দড়ি,
বলিলে কথা তোর হবে সঙ্কট লো।
ভালবাসিস্ বল্লি আমাকে,
এই কথা বারি করিব মুখে,
আগুন দিয়া পোড়াই এমন ঠোঁট লো ॥ ৮৩
তোর সঙ্গে কি সম্বন্ধ, তোর ভাতারের ভাল মন্দ,
হবে দায়, তাই আমি করিব? মর লো।
তুই খেলে ভাতারের মাথা,
মোর তাতে কি থাকে মাথা,
তোর ভাতার আর মোর ভাতার কি পর লো ॥ ৮৪
কথা শুনি রামমণির পেটে, উদরীর সমান ফুলে উঠে,
জলের ঘাটে জানায় গিয়ে ত্বরা।
গাঁয়ে কি দৈব করেছেন বিধি,
শুনেছিস্ লো নাগরি দিদি!
কালিকের কথা শুনেছিস্, লো তোরা ॥ ৮৫
দেখি নাই, আমি শুনিলাম বাছা!
কোন্ দুঃখিনীর দুটী বাছা,
বয়স কাঁচা তারা দুটী ভাই লো।
পূজা ক'রে ভদ্রকালী, রাজা নাকি মাকে দিবে বলি,
শুনিবা অবধি দিদি! আমি নাই লো ॥ ৮৬
পুরুতঠাকুরাণী করিলেন মানা,
বলিলেন কথা কারে ব'লো না,
অতএব আমার প্রকাশ করা হয় না।
কেবল বল্‌ছি কথা লুকায়ে ঘাটে,
তোরা পাছে বলিস্ হাটে,
তোদের পেটে কথা জীর্ণ পায় না ॥ ৮৭
আমাদের মত নহিস্ যে পেটে,
বারো শ জন্মের কথা পেটে,
জীর্ণ ক'রে গিন্নী হয়েছি বাছা!
তোদের কাঁচা বয়স তের চৌদ্দ, সদাই চেষ্টা রস-গন্ধ,
বিবেচনা নাই আগা-পাছা ॥ ৮৮
নারীর মুখে পেয়ে অন্ত, হরষিত হনূমন্ত,
যায় ভদ্রকালীর নিবাসে।
দুই চক্ষু ভাসে নীরে, ভক্তিভাবে ভবানীরে,
কহে গললগ্নীকৃতবাসে ॥ ৮৯

* * *

হনূমানের ভদ্রকালী-স্তব

কঙ্কাল কালবারিণি! কালান্ত-কালকারিণি!
কৃশকরা কটাক্ষে কৃতান্ত।
খরশান খড়্গধরা, খলে খণ্ড খণ্ডকরা,
ক্ষেমকরি! ক্ষীণে হও মা! ক্ষান্ত ॥ ৯০
গৌরি! গজাননমাতা! গতিদা গায়ত্রী গীতা,
গঙ্গাধর জ্ঞানে গুণে গান্ ত।
ঘণ্টানাদ-বিলাসিনি! ঘটনায় ঘটরূপিণি!
ঘনরূপিণি! কুরু মা! ঘোরান্ত ॥ ৯১
উমে! ত্বং উমেশ-রাণী, উৎকট পাপ উদ্ধারিণী,
উদ্দেশে আছেন উমাকান্ত।
চিদানন্দ-স্বরূপিণি! চিত-চৈতন্যরূপিণি!
চণ্ডি! চরাচর-জন্তু চিন্ত ॥ ৯২

পাঠান্তর: ১ জানাচ্ছে—ক।

ছলরূপে! ত্যজি ছলে, পদছায়া দেও ছাওয়ালে,
ছাড় দ্বন্দ ঘুচাও ও মা! ভ্রান্ত।
তুমি করিবে জননি! জয়া, জয়ন্তী যোগেশ-জায়া,
জানকী-জীবনের জীবনান্ত। ৯৩

* * * *

ঝিঁঝিট—খং

তুমি কি বধিবে রঘুনাথের প্রাণ!
ও মা! তব পতি পশুপতি, রঘুপতির গুণ গান॥
কর দুর্গে! দুঃখের অন্ত, ত্রাসিত জানকীকান্ত,
লাগি রামের জীবনান্ত,—ভয়ে কুরু অভয়দান॥ (ঘ)

* * *

লক্ষ্মণের বিলাপ

না হইয়া মুর্ত্তিমান্, গুপ্তভাবে হনূমান্,
পাতাল-মধ্যেতে কাল কাটে।
রাজা আজ্ঞা দিল চরে, নিকটেতে কে আছে রে!
যাহ শীঘ্র সরোবরের ঘাটে। ৯৪
হৌক পূজার সংকল্প, শক্র রাখা গৌণকল্প,
করা নয়, করায়ে আন স্নান।
শুনি দূত যায় ত্রস্ত, যথায় বন্ধন-গ্রস্ত,
ভবের আরাধ্য ভগবান্॥ ৯৫
রাজা দশরথ-পুত্রে, চারি হস্ত এক সূত্রে,
বন্দী করি যায় সরোবরে।
প্রাণ-সংহার-লক্ষণ, মনেতে ভাবি লক্ষ্মণ,
কাঁদিয়া কহেন রঘুবরে॥ ৯৬
ও হে ব্রহ্ম-সনাতন! অন্ত জন্মেরি মতন,
গেল প্রাণ ভাঙ্গিল আশার বাসা।
দুরন্ত রাজকিঙ্কর, ভয়ঙ্কর বাঁধে কর,
ভগবান্! কি কর হে ভরসা। ৯৭
প্রাণ-ভয়ের উৎকণ্ঠে, মহাপ্রাণী এলো কণ্ঠে,
বলির আরাধ্য! তোমায় বলি।
বাজিছে দুন্দুভি মন্দিরে, ভদ্রকালীর মন্দিরে,
বলিছে অদ্য দিবে নরবলি॥ ৯৮

হ'লো না মা সীতার উদ্ধার, ওহে ভবকর্ণধার!
সারোদ্ধার অন্ত নাই উপায় হে।
কি কাল রজনী-অন্ত, প্রভু হে! জান না অন্ত,
মধুসূদন! বিপত্তে প্রাণ যায় হে॥ ৯৯
স্নান করাইয়া পরে, ত্রিপুরেশ্বরীর পুরে,
অস্ত্রাঘাতে করিবে প্রাণঘাত।
তরঙ্গ-মাঝারে তরী, অনাসে আইল তরি,
ঘাটে ডুবাইলাম রঘুনাথ॥ ১০০

* * *

সিন্ধু ভৈরব—খং

হরি হে! আজ বুঝি প্রাণ হারালাম।
আগে নাগপাশ-বন্ধনে, দারুণ শক্তিশেলে তরিলাম॥
পূজা ক'রে ভদ্রকালী, বলিতেছে দিবে বলি,
রাম! কেবল প্রাণ লয়ে ভরসা ছিল,—
সে আশা আজি ঘুচাইলাম॥
দুটি ভাইকে বনে দিয়ে, ঘরে মা রয়েছেন পথ চেয়ে!
রাম! আমরা দুজনে জননীর গর্ভে
বৃথা জন্মেছিলাম॥ (ঙ)

* * *

পুর-নারীগণের রাম-লক্ষ্মণের রূপ দর্শন

বেঁধে দুটী ভায়ের কর, রাজার কিঙ্কর,
ল'য়ে যায় রাজ-আজ্ঞামতে।
যত রমণীমণ্ডল, শ্রীমুখমণ্ডল,
শ্রীরামের দেখে পথে॥ ১০১
কিবা তরুণ-অরুণ- কিরণ চরণ,
বিধুগর্ব্ব নখে নাশে।
শিবের সম্পদ, পদেতে ষট্পদ,
সরোজ জ্ঞানে বিলাসে॥ ১০২
যৎপদে উৎপত্তি, জহ্নুসুতা সতী,
শিবশির-নিবাসিনী।
কালীয় ফণী স্তূয়, ধ্বজ-বজ্রাঙ্কুশ
চিহ্নিত পদ দুখানি। ১০৩

কিবা কান্তি সুকোমল, নিন্দি নীলোৎপল,
অঞ্জনে করে গঞ্জনা।
যতেক দুর্ব্বলে, দূর্ব্বাদল বলে,
রামরূপে কি তুলনা॥ ১০৪
ভুজ কি শোভিত, আজানুলম্বিত,
সব্য করে শোভে ধনু।
চিকুর চাঁচর, মগ্ন চরাচর,
নিরখি শ্রীরাম-তনু॥ ১০৫
শোভা-পরিপাটী, অঙ্গে রাঙ্গা মাটি,
কটি আঁটা তরুছালে।
ভালে দীর্ঘ ফোঁটা, কি শোভার ঘটা,
গলে বনফুল-মালে॥ ১০৬
হেরি অপরূপ, বিশ্বরূপ-রূপ,
বিস্ময় যত রমণী।
বলে দেন যদি তারা, নয়নের তারা
মাঝে রাখি রূপখানি॥ ১০৭
হেঁগো এর কাছে কি গণি, সর্প-শিরোমণি,
এ যে মুনি-মন হরে।
ইচ্ছা, পদমূলে, বিকাই বিনি মূলে,
যাই নে অসার ঘরে॥ ১০৮
মন যে উদাসী, ও চরণে দাসী,
হ'তে পেলে ধন্যা আমি।
তুচ্ছ করি হরে, ব্রহ্মা পুরন্দরে,
কোন্ তুচ্ছ ঘরে স্বামী॥ ১০৯
তখন অনেক নাগরী, জানায় ত্বরা করি,
যারা ছিল গৃহ-কাজে।
বলে আয় লো সখি তোরা, মুনির মন-চোরা,
রূপ দেখ্ সে পথমাঝে॥ ১১০
রাজা করি চৌর্য্য, এনেছেন আশ্চর্য্য,
দুটী যেন কোটি শশী।
হেরে সে মাধুর্য্য, মন হ'ল অধৈর্য্য,
তোদিগে জানাতে আসি॥ ১১১
কালো জলধরে, কার মন ধরে,
সে কালোবরণ-কাছে।
একটি কাঁচা স্বর্ণ, স্বর্ণ যে বিবর্ণ,
দেখে[১] মোহিত হয়েছে॥ ১১২

* * *

শ্রীরামরূপ-লাবণ্য দেখিয়া রমণীগণ কেমন আনন্দিত

যেমন নব জলধর হেরে চাতকীর আনন্দ।
পূর্ণ সুখ চকোরের, হেরে পূর্ণচন্দ্র॥
বসন্তে স্বদেশে কান্ত এলে কামিনীর মন।
প্রেমীর মন সুখী হ'লে বিচ্ছেদে মিলন॥
হারা সন্তান পেলে যেমন জননীর আনন্দ।
হঠাৎ চক্ষু পেলে যেমন হরষিত অন্ধ॥
সাধুর আনন্দ যেমন গুরুকে দান করি।
চোরের আনন্দ যেমন অন্ধকার হেরি॥
পশুর আনন্দ যেমন আহারে উদর পুষ্ট।
শিশুর আনন্দ যেমন হাতে পেলে মিষ্ট॥
ক্ষত্রিয় আনন্দ যেমন যুদ্ধে জিনে বৈরী।
মেনকার আনন্দ পেয়ে তিন দিন গৌরী॥
বন্ধ্যার আনন্দ যেমন সন্তান পেয়ে জানি।
ততোধিক আনন্দে হেরে রামরূপ রমণী॥ (আ)

* * *

ঝিঁঝিট—খং

আয় তোরা কেউ দেখ্ বি,—রামরূপ দেখ্ সে আয়।
যেমন শরৎশশী, পড়্ ল খসি, নবঘন-মিশেছে তায়॥
একটীর অঙ্গ মেঘের বরণ, একটী যেন চাঁদের কিরণ,
সই গো! তাতে চাঁদ ব'লে ধায় চকোরিণী,—
মেঘ ব'লে চাতকী ধায়॥ (চ)

* * *

পাঠান্তর: ১ দেখে মন—খ।

ভীত ভগবান্

মহীরাবণের ভয়ে শ্রীরামচন্দ্রের চিন্তা একান্ত অসম্ভব। সে কেমন?

যেমন ক্রোড়পতির অন্নবস্ত্রজন্ত চিন্তা করা।
ধন্বন্তরির চিন্তা যেমন, দেখে মাথাধরা॥
ঐরাবতের চিন্তা যেমন, দেখে পিপীলিকা ক্ষুদ্র।
অগ্নি-ভয়ে চিন্তা করেন অগাধ সমুদ্র॥
কল্পতরুর চিন্তা যেমন, একজন অতিথি রাখিতে।
বৃহস্পতির চিন্তা যেমন, আঙ্ক ফলা লিখিতে॥
কুবেরের চিন্তা যেমন, ষোল কড়ার দায়ে।
চিন্তামণির তেম্‌নি চিন্তা মহীরাবণের ভয়ে॥ (ই)

* * *

শ্রীকালীর নিকট বলিদানের উদ্যোগ

কেঁদে কহেন জানকীকান্ত, গেল রে গেল একান্ত,
প্রাণের লক্ষ্মণ! প্রাণ আমাদের ভাই রে।
বাঁচন অতি সুদুর্ল্লভ, সঙ্কটে কার শরণ লব,
বন্ধু-বান্ধব এখানে কেউ নাই রে॥ ১২৪
কে আমাদের হবে মিত্র, রাজার যত পাত্রমিত্র,
এই কর্ম্মে কে করিবে রক্ষে।
এ কি নির্দ্দয়িক রাজা, কেহ না করে সাহায্য,
দুটি ভাই অনাথের পক্ষে॥ ১২৫
এখন মহীরাবণ করে রক্ষা, ভাই! তোমারে পাই ভিক্ষা,
আমায় ব'ধে ভদ্রকালী-কাছে।
মরি,—তা শঙ্কা করি নে, সুমিত্রা মায়ের ঋণে,
মুক্ত পেলে পরকাল বাঁচে॥ ১২৬
কোথা মিত্র বিভীষণ! এ বিপদে অদর্শন,
কোথা হে সুগ্রীব প্রাণসখা!
কোথা রে পবন-পুত্র! প্রাণাধিক প্রিয় পাত্র,
প্রাণান্ত-কালেতে দে রে দেখা॥ ১২৭
জনমের মত আসি, বারেক দেখা দেহ আসি,
আশীর্ব্বাদ করি অন্ত-কালে।
দুঃখের করেছ শেষ, রক্ষা না হইল শেষ,
আজি মৃত্যু লিখন কপালে॥ ১২৮
হরি কাঁদে উৎকটে, ছিলা বীর সন্নিকটে,
অসিত-মক্ষিকা-রূপ ধরি।
প্রভু! শান্ত হও বলিয়ে, কহিছে প্রবোধ দিয়ে,
ভব-কর্ণধার-কর্ণমূলে॥ ১২৯
হরি হে! ত্যজ ঔদাস, এই আইল তোমার দাস,
তব নাম-গুণে সন্নিকটে।
কি চিন্তা হে চিন্তামণি! সুরমণির শিরোমণি!
ব্রহ্মবস্তুর পতন কি ঘটে॥ ১৩০
কর কটাক্ষে সৃজন-অন্ত, আমি কি কহিব অন্ত,
অন্তরে অনন্ত চিন্তে যায় হে।
কি ভয়ে কম্পিত অঙ্গ, ও হে নীলপঙ্কজাঙ্গ!
মাতঙ্গের আতঙ্ক যেন পতঙ্গের দায় হে॥ ১৩১
জলে স্নান করাইয়া, জলদবরণে লইয়া,
দূতগণে দিল কালী-ধামে।
প্রাণ-শঙ্কায় নরহরি, কাঁপিছেন থরথরি,
প্রাণের লক্ষ্মণে ল'য়ে বামে॥ ১৩২

শ্রীরামের ভদ্রকালীস্তব

সম্মুখে হেরি শঙ্করী, সবর্ণ বর্ণন করি,
স্তব করেন রঘুবংশপতি।
শিবানি! শিবে! সর্ব্বাণি! সর্ব্বাপদ-সংহারিণি!
সন্তানে সঙ্কটে রক্ষ সতি॥ ১৩৩
সারদা শুভদা, সর্ব্ব-সম্পদ-সম্প্রদা,
সুবেশি! ষোড়শি! সুরারাধ্যে॥
শুম্ভপ্রাণ-বিনাশিনি! শম্ভু-হৃদি বিলাসিনি!
শক্তি! শক্তিধরা শিব-সাধ্যে॥ ১৩৪
শিশু-শশধরভালিনি! শশি-শেখর-সীমন্তিনি!
সুরেন্দ্র-সাধিকে! সুরেশ্বরি!
শঙ্কাশরীর নাশিবে, শরণাগতোঽহং শিবে!
সঙ্কটে রক্ষ মে শুভঙ্করি॥ ১৩৫

* * *

সিন্ধুভৈরবী[১]—খং

ও মা কালি! মনের কালি ঘুচাও গো মা কালদারা।
এ দাসের হয় অকাল মৃত্যু, বাঁচাও গো মা মৃত্যুহরা॥
মহীরাবণ করি মায়া, প্রাণ বধিবে মহামায়া!
যেন মা হয়ে সন্তানের মায়া, ভুলনা গো ত্রিপুরা!
যাত্রাকালে ওমা তারা! মন্দ ছিল চন্দ্র-তারা,
এখন ভরসা কেবল, তারা!
তোমার করুণা-নয়নের তারা (ছ)

• • •

হনূমানের ভদ্রকালী পূজার নৈবেদ্যাদি ভোজন

দেখি দেবীর নিকটে হনূমান্‌, নৈবেদ্য বিদ্যমান,
রেখেছে পূজক দ্বিজবরে।
মিষ্টান্ন নানা রস, মধুর আম্র আনারস,
লোভে ব্যস্ত জিহ্বায় জল সরে॥ ১৩৬
ইদমর্ঘ্যং এতৎ পাদ্যং, সোপকরণ নৈবেদ্যং,
রামচন্দ্রায় নমঃ বলি মুখে।
আড় চক্ষে চান দেবী-পানে, ব'সে গেলেন জলপানে,
দুই হাতে তুলিয়ে দিচ্ছে মুখে॥ ১৩৭
খেয়ে হনূমান্‌ নানা মিষ্ট, বলে করো না মা! কোপদৃষ্ট,
পাকে পড়িব পাক হবে না তবে।
দেব-দ্রব্য ভাবিতে হ'লে, আত্মাপুরুষ যায় মা! জ্বলে,
প্রাণান্তে পাতক নাস্তি, শিবে॥ ১৩৮
আমায় আদর ক'রে কে খেতে বলে,
খাই গো মা হাতের বলে,
তোমার অগোচর সে ত নয় মা!
যেখানে খেতে যাই তারা! সেই আমাকে দেয় তাড়া,
ধর্ম্ম ভাবিলে প্রাণ ত আর রয় না॥ ১৩৯
কুপুত্র অনেক হয়, কুমাতা কখন নয়,
অগ্রভাগ খেয়েছি খেয়ে ধর্ম্ম।
খেয়েছি তা তোর ক্ষতি কি মা!
তোমার খাবার অভাব কি মা!
জন্ম-সুখী রাজার ঘরে জন্ম॥ ১৪০
বিশেষ একটু মনে বুঝ, জগত জুড়ে করে পুজো,
নানা দ্রব্য দিয়ে করি ঘটা।
খেতে কি বাকি আছে হেঁটে, ব্রহ্মাণ্ড ভরেছ পেটে,
খাবে কি আর আলোচালী ক'টা॥ ১৪১
তখন ঠেলে ফেলি মণ্ডা ছাবা, আলোচালী খাবা খাবা,
তাড়াতাড়ি পুরিছে দুটো গালে।
বুট ভিজে আর মুগ ভিজে, তাতেই গেল মন ভিজে,
চিনির পানার মালসা ভূমে ঢালে॥ ১৪২
খোসা সহ খায় শশা, মণ্ডার খলায় খোসা,
বীজ খাইবে, বিবেচনা করি।
আনন্দে পবন-সুত, দেখে কলা কুলপুত,
তাতেই কিছু মনঃপূত ভারি॥ ১৪৩
যত পরিচারক দ্বিজবর্গ, বলে এটা কি উপসর্গ,
ও রে ভাই রে! দেখে মরি ভরিয়ে।
কোথা থেকে এ আপদ্‌ এলো, সকল করিল এলোমেলো,
কিছু রাখে নাই, সব খেয়েছে জড়িয়ে॥ ১৪৪
কি হ'লো মা জগদম্বা! ঘটের খেয়েছে রম্ভা,
ভূমিতলে ঘট ফেলেছে গড়িয়ে।
নিকটে যেতে লাগে ডর, দন্ত করে কড়মড়,
শঙ্কা বেটা পাছে মারে চড়িয়ে॥ ১৪৫
কোথা গেলে ভট্টাচার্য্য, কি সঙ্কট কিমাশ্চর্য্য!
আমি ত ভাই! বাঁচিনে মনস্তাপে।
তিনটে হাঁড়ি গোল্লা ভাই! দিব্য করিতে একটা নাই,
যেরিল আসি কোথাকার পাপে॥ ১৪৬
আলোচালী কলা ছোলা, খেতো যদি এসব গুলা,
ক্ষতি ছিল না,—ও সব মাল কাঁচি।
পদ্ম পুষ্প-বর্ণ চিনি, খেয়েছে বাটি কত্তা চিনি,
আমি কি ভাই, এ দুঃখেতে বাঁচি॥ ১৪৭

পাঠান্তর: ১ সিন্ধুখাম্বাজ—ক

ছিল হাঁড়ি আষ্টেক শিকায় তোলা,
তাও রাখে নাই এক তোলা,
তোলে খেয়েছে দেড় শো মোন গুরো।
সাজিয়েছিলাম একটা চুর, প্রচুর করি মতিচুর,
বেটা তাহার রাখে নাই একটু গুঁড়ো। ১৪৮
ছিল মধু কলসী উনিশ কি কুড়ি, খেয়েছে দিয়ে চুমকুড়ি,
মাছি বসে তায় একটু নাই তাই রে!
সম্বৎসর যার আশা, একখানি যে ফুলবাতাসা,
ছেলের হাতে দিব এমন নাই রে। ১৪৯
তাড়াতে কে পারে বল, বেটার কি ভাই বিষম বল,
নিঃসম্বল করিল অনায়াসে।
তিন শ গদা পড়িলে ঘাঁড়ে, তবু বেটা ঘাড় কি নাড়ে?
লাঙ্গুল নাড়ে আর মুচ্‌কি মুচ্‌কি হাসে। ১৫০
তখন মহীরাবণ শুনিতে পায়, রাগে জলদগ্নি-প্রায়,
সঙ্গে সৈন্য শীঘ্র সাজাইয়া।
তারা ছুটে যেন যায়, তারা-গুণ বদনে গায়,
যতনে জকার বর্ণাইয়া। ১৫১

* * *

টোরী—কাওয়ালী

জয়দে! মাতা জগদম্বে! জননি!
যোগেশ্বরমণি! জয়া জগদান্দকারি[১]।
জগন্মোহিনি! জগজ্জন-প্রসবিনি! মা!
মমবাতনাবারিণি! যোগমায়া জগদীশ্বরি!
মা যশোদা-নন্দিনি! যশঃপ্রদা যোগেন্দ্রাণি!
জীবের জীবাত্মা-রূপা যজ্ঞেশ্বরি।
জগতব্যাপিনি! জলদরূপিনি!
জাহ্নবি! জীবের জনমবারিণি!
জগততারিণি জহ্নুকুমারি। (জ)

* * *

সপুত্র মহীরাবণের নিধন—রাম-লক্ষ্মণের মুক্তি

রামকে মনে করি ধ্যান, হনুমান অন্তর্ধান,
রাজা গিয়ে দেখিতে না পায়।
পুনঃ করি আয়োজন, দেবীর করে পূজন,
জবাঞ্জলি দিয়ে রাঙ্গা পায়। ১৫২
রাম-লক্ষ্মণে সাজাইতে, বলি-বাদ্য বাজাইতে,
রাজা আজ্ঞা করে বাদ্যকরে।
দেখিয়া রাজার নীত, ত্রিভুবন কম্পান্বিত,
ত্রিভুবন-নয়ন দুখে ঝোরে। ১৫৩
রামের দেখি দুর্গতি, হনুমান্ শীঘ্রগতি,
মূর্ত্তিমান্ হয়ে বিদ্যমানে।
ভদ্রকালী প্রতি বলে, পেয়েছ কোন্ দুর্ব্বলে,
বধিতে সাধ কর ভগবানে। ১৫৪
অসুরক্ত পানে রক্ত, মান না কো ব্রহ্মরক্ত,
বিরক্ত তোর দায়ে জগজ্জনা।
পা দিয়ে শিবের বুকে, বুক বেড়েছে ঐ বুকে,
সে বুক তোর আজি বুঝি থাকে না। ১৫৫
করিস্‌নে লোক হাসা-হাসি, এলো-মেলো রাখ এলোকেশি!
আপনার মান থাকে আপনার হাতে।
চণ্ডমুণ্ডের মুণ্ড কেটে, অহঙ্কারে মরেছ ফেটে,
হাতে রেখেছ লোকে ভয় দেখাতে। ১৫৬
কাণে পরেছিস্ দু'টো শব, শব নিয়ে তোর রঙ্গ সব,
শবোপরে শব্দ হুহুঙ্কার।
অধর ব'য়ে রক্ত গলে, কাটা-মুণ্ড-মালা গলে,
হাস্য মুখ তারি অহঙ্কার। ১৫৭
আমারে প্রভু যদি দেন আজ্ঞে, যা ঘটাই আজ তোর ভাগ্যে,
এখনি দেখ্‌তে পাবে সকল লোকে।
আমি জানি সব তোমার তদন্ত, ভাবকি দেখান বিকট দন্ত,
ডরাই নে তোর করাল বদন দেখে। ১৫৮
শিব তোকে নাহি ডরায়, সাধ ক'রে পড়েছে পায়,
খেপার মন যখন যাতে রাজী।
ও রে যেমন মেরেছ লাথি, আমাকে কর উহার সাথী,
শক্তি! তবে তোর শক্তি বুঝি। ১৫৯
আমি তোকে ভয় কি করি, ভব-ভয়-ভঞ্জন হরি,
ভক্তি যদি প্রভুর পায় থাকে।

পাঠান্তর: ১ জগদানন্দকারিণি—ক

দেখ্‌ছি আমি মনে গ'ণে, শুন ত্রিগুণে! এখনি গুণে,
বন্দী ক'রে রাখ্‌তে পারি তোকে। ১৬০
মুখে রাগ হৃদে ভক্তি, বুঝিলেন শিবশক্তি,
অভয় দিলেন হনুমানে।
অভয় পেয়ে অভয়ার, কহে বীর পুনর্ব্বার,
সুমন্ত্রণা রামচন্দ্রের কানে। ১৬১
মহীরাবণ কহিল রাম! কালীরে কর প্রণাম,
শুনে কহিছেন জটাধারী।
রাজপুত্র দুটী ভাই, প্রণাম করা জানিনে ভাই!
দেখাও তুমি তবে করিতে পারি। ১৬২
শুনে মহী পড়ে ধরা, দেখায় প্রণাম করা,
হনুমান্ ল'য়ে দেবীর খড়্গ।
মুখে বলে জয় জগন্মাতা, কাটে মহীরাবণের মাথা,
পুষ্পবৃষ্টি করে দেব স্বর্গে। ১৬৩
পতির শোক সহিতে নারি, এলো মহীরাবণের নারী,
দশমাস গর্ভবতী ধনী।
মরি মরি বাপরে মারে! কে আমার পতিরে মারে,
ধায় করি মার্ মার্ ধ্বনি। ১৬৪
হনুমান্ কন হেসে কথা, এসো এসো পতিব্রতা!
সঙ্গে মরিবার সতীর লক্ষণ বটে।
একবার ভাবে নারী-হত্যে, আবার ভাবে শত্রু মারতে,
কি দোষ বলি, এক্ লাথি মারে পেটে। ১৬৫
বাহির হ'য়ে তার দুটা শিশু, বলে রে মুখপোড়া পশু!
কি বলিব আমরা ছিলাম গর্ভে।
বলি গদা ল'য়ে হাতে, আঘাত করিতে হনু-মাথে,
ব্যস্ত হ'য়ে যায় অতি গর্ব্বে। ১৬৬
হাসি কয় পবনপুত্র, আরে ম'লো পুনকে শত্রু!
ছুস্‌নে বেটারা! কি করিস্! করিস্।
এখনো তোদের কাটে নাই নাড়ী, ঘৃণা হয় কেমনে নাড়ি,
নেয়ে আয়গে তবে আমারে মারিস্। ১৬৭
হাসি হনুমান্ কয় হে'লে হে'লে, আহা মরি দিব্য ছেলে,
কাল কাল চুলগুলি মাথায়।
এখনি হলি আগুন কইরে, আঁতুড়ে গিয়ে সেক নে পড়ে,
জল বাতাসে মরিতে এলি কোথায়। ১৬৮
খোড়াল খোড়াল গড়ন দেখি, নাকটি যেন টিয়ে পাখী,
বাপের মতন সব কি হয়েছে ছেলে!
নাড়ী কাটায়ে খালে নাওগে, পোয়াতির কোলে মাই খাওগে,
বাহিরে এসো পাঁচুটের দিন গেলে। ১৬৯
তখন তর্জ্জন গর্জ্জন ক'রে, হনুমানের উপরে,
গদাঘাত করিতে ছু'টো যায়।
হনুমান্ পাক্তিয়ে হেঁটো, তিন আঙ্গুলে ধরে দুটো,
আসমানে হাঁসিয়ে পাক লাগায়। ১৭০
করি মহীরাবণকে নির্ব্বংশ, বাড়িল সুখের অংশ,
প্রণমিয়ে কালীর চরণে।
সঙ্গে লক্ষ্মণ ভগবান্, স্বর্ণ-লঙ্কায় পুন যান,
নাশিতে দুরন্ত দশাননে। ১৭১
সুগ্রীব আদি বিভীষণ, রামকে করি দরশন,
বিচ্ছেদ-হুতাশন গেল মনে।
রাম জয় রাম জয় ধ্বনি, স্বর্গে সুখী সুরমণি,
শ্রীরামের লঙ্কায় আগমনে। ১৭২

* * *

'সুরট—খৎ'

ভানুজ-ভয়হারী রাম অনুজ সহ কি বিহরে।
সজল জলধরে যেন শশধর উদয় করে॥
শরণার্থে শরদিন্দু পড়ি পদনখরে
হেরি চিন্তামণি কান্ত মুনীন্দ্র-মন হরে॥[২] (খ)

পাঠান্তর: ১-১ মল্লার—ধামার—ক। ২ ক-গ্রন্থে অতিরিক্ত অংশ:—সবে ধন্য ধন্য হনুমানে অনুমানে
দেখে সুখ শ্রীরাম লক্ষ্মণ বিত্তমানে।
বিভীষণে কহে আয় প্রাণ মারুতিরে!
তুমি পঞ্চপ্রদীপে করি তোরে আরতি রে,
প্রেমানন্দে রাম জয় রাম জয় নাদ করি।

রাবণবধ

রাবণের রণ-যাত্রার উদ্যোগ—মন্দোদরীর নিষেধ

মহীরাবণ পাতালে মরে, 	সুখে মোহিত যত অমরে,
শোকে মহীতে পড়ে দশানন।
দংশে যেন বিষধর, 	কপালে হানে বিশ কর,
বিশ নয়নে ধারা বরিষণ। ১

শুধায়ে যুক্তি শুক সারণে, 	স্বয়ং সাজিতে রণে,
সৈন্যগণে কন লঙ্কাস্বামী।
সহে না শোক অবিরাম, 	আজি রণে সে [১]ভণ্ড রাম,
দণ্ডীর[১] দণ্ডিব প্রাণ আমি। ২

হুহুঙ্কার ঘন ঘন, 	যেন প্রলয়ের ঘন,
প্রলয়কর্ত্তা আদি প্রলয় গণে।
টলমল করে ক্ষিতি, 	অনন্ত প্রভৃতি ভীতি,
প্রাণান্ত মানিছে ত্রিভুবনে। ৩

বহির্দ্বার-বহির্ভূত, 	হ'য়ে রণে সজ্জীভূত,
গর্জ্জিয়ে চলেন মহাবীর্য্য।
রাবণের প্রধানা সুন্দরী, 	জেনে মন্দ মন্দোদরী,
অন্তঃপুরে অন্তরে অধৈর্য্য। ৪

হ'য়ে বিগলিতকেশী, 	দ্রুত আসি লঙ্কেশী,
ভাসি চক্ষুজলে রাণী বলে।
চিন্‌লে না রাম চিন্তামণি, 	অন্ধে যেমন চিন্‌তে মণি,
পারে না পাইয়ে করতলে। ৫

জ্ঞান-শক্তি হারাইলে, 	হরির শক্তি হরিলে,
শক্তি-কোপে সকল শক্তি লয়।
রেখে শক্তি অশোক বনে, 	পেলে কত শোক অশোক মনে,
তবু নাই জ্ঞান হৃদয়ে উদয়।

জনক যার জনক, 	পতি যার জগজ্জনক,
গজমুখ-জনক যারে ভজে।
কোন্ বস্তু জানকী, 	তুমি তার গুণ জান কি ?
জান্‌লে কি সোনার লঙ্কা মজে। ৭

আবার তারকব্রহ্ম তার কান্ত, 	যে রাম করে তাড়কান্ত,
নরকান্ত করেন যে গুণমণি।
তুমি, তার সনে কি করিবা রণ, 	ওহে মহারাজ! করি বারণ,
ক'রো না নাথ! আমায় অনাথিনী। ৮

* * *

আলিয়া—একতালা

নাথ! রাম কি বস্তু সাধারণ।
ভূভার হরিতে, অবনীতে, অবতীর্ণ সে ভবতারণ।
তাঁর সনে কি তোমার রণ সাজে!
ছি ছি রণসাজ কি কারণ।

যে রামপদ পূজেন ব্রহ্মা তুলসীতে,
আন্‌লে তাঁর সীতে, বংশ বিনাশিতে,
কাটিলে সুখের তরু স্বীয় কর্ষাসিতে,
না শুনে কার বারণ।

একবার নয়ন মু'দে দেখ্‌লে না হে চিতে,
তোমারে কুপিতে শ্রীরাম জগৎ-পিতে,
জগন্মাতা সীতে কোপিতে,
তাই করে কপিতে মানহরণ। (ক)

* * *

পাঠান্তর: ১-১ ভণ্ডরামদণ্ডীর—ক

রাবণের উত্তর

রাবণ বলে সুন্দরি! বুঝালে আমাকে সুন্দর-ই,
আর ব'লো না মন্দোদরি! সৈতে নারি চিতে।
তুমি চিনেছ নীলবরণ, জেনেছ আমার বুদ্ধি সাধারণ,
বৃহস্পতিকে ব্যাকরণ, এসেছো পড়াইতে। ৯
এলে, ধরাকে শিখাতে ধৈর্য্য ধরা, বৈদ্যনাথকে নাড়ীধরা,
উর্ব্বশীকে নৃত্য করা, শিক্ষা দিতে এলে।
শিবকে এলে শিখাতে যোগ, ধন্বন্তরিকে মুষ্টিযোগ,
নারদকে দিতে ভক্তিযোগ, ভাল জ্ঞানযোগ পে'লে। ১০
শিখাতে এলে আমাকে সৌজন্য, সব যায় সীতার জন্য,
সীতে দিয়ে রামের রাগশূন্য, ক'রে বল পায় ধর্‌তে।
আমার প্রতি হয়েছে রাগ-নাশ, ছিল কিঞ্চিৎ রাগ-প্রকাশ,
সেই রাগে দেন শ্রীনিবাস, লঙ্কায় বাস কর্‌তে। ১১
আমার লঙ্কায় যে এত বিভোগ, কেবল অপরাধের ভোগ,
ছিল অটল সুখভোগ, বৈকুণ্ঠপুরী।
প্রভুর দ্বারী জয় বিজয়, দু'ভাই মোরা দিগ্বিজয়,
মোদিগে সেধে মৃত্যুঞ্জয়, দেখ্‌তে পেতেন হরি। ১২
বরং লঙ্কায় এসে ক্ষুদ্র হই, ব্রহ্মার কাছে বর লই,
দুঃখের কথা কারে কই! ম'রে আছি ভূতলে।
ব্রহ্মাকে কি মনে ধর্‌তাম, ব্রহ্মপদ তুচ্ছ কর্‌তাম,
ব্রহ্মাকে বর দিতে পার্‌তাম, ব্রহ্মবস্তুর বলে। ১৩

* * *

রাম-রাবণের যুদ্ধ

বিচিত্র শুনে লজ্জায়, অবাক্ হ'য়ে বাণী যায়,
রাবণ রণ-সজ্জায়, যায় যথা শ্রীপতি।
দাঁড়ালেন ভগবান্, ধনুর্গুণে যুড়ি বাণ,
যার গুণেতে নির্ব্বাণ, গীর্ব্বাণ প্রভৃতি। ১৪
রাবণ বলে রাম! কথা শোন, আমার হচ্ছে রথাসন,
তোর হচ্ছে পথাসন, কত হীন তোয় বলি।
তাতে পরনে বাকল, নাই বসন, বনের ফলমূলাশন,
জঠরের হুতাশন, জন্য জীর্ণ হ'লি। ১৫
মুকুট নাই তোর জটা ভূষণ, ক্ষুদ্র কর্ম্ম তোর শাসন,
ইচ্ছা হয় না বিনাশন, করি হেন দুর্ব্বলে।
তোর শমন-ভবন-দরশন, কাজ নাই রে পীতবসন!
প্রাণ বাঁচাবার অন্বেষণ, দিলাম তোয় ব'লে। ১৬
তখন রাক্ষস-কর্কশ-বাক্য, ক্রোধে হ'য়ে লোহিতাক্ষ,
বিবিধ শর সরোজাক্ষ, ছাড়েন লঙ্কেশ্বরে।
হেতু শত্রু-প্রাণ-হরণ, যত হানেন নীলবরণ,
বাণেতে বাণ নিবারণ, দশানন করে। ১৭
অতি ক্রোধে অর্দ্ধচন্দ্র, ছাড়িলেন রামচন্দ্র,
জ্যোতি যেন সূর্য্যচন্দ্র, গগনে বাণ চলে।
অনিবার্য্য অতি প্রচণ্ড, কাটিল রাবণ-তুণ্ড,
বিচ্ছেদ হয়ে এক খণ্ড, পড়িল ভূতলে। ১৮
আবার উঠে তুণ্ডে লাগিল শির, বলে কান্ত ষোড়শীর,
ক্রোধে গোলোকনিবাসীর, সেই বাণ ধায় পুন।
কেটে মুণ্ড ফেলে ধরায়, ধরায় প'ড়ে ত্বরায়,
উঠে মুণ্ড পুনরায়, কি বলে তা শুন। ১৯

* * *

সুরট[১]—ঝাঁপতাল

বঞ্চিত ক'রো না, কুরু কিঞ্চিৎ করুণা শিব!
ভব! তব করুণা বিনে, ভবে আর কত আসিব।

বিনা করুণা উদ্ভব, কত দিন বল হে ভব!
কূলবিহীন হ'য়ে ভব-জলধি জলে ভাসিব।
ওহে সঙ্কটবিনাশি! কবে বিলাবে করুণারাশি,
যারা বাদী ভজনে আসি, ছ'জনে কবে নাশিব।

দাশরথির বাসনা, যোগি! যবে হব জীবন-ত্যাগী,
হ'য়ে মোক্ষফলভোগী, ভাগীরথীতে ভাসিব। (খ)

* * *

পাঠান্তর: ১ সুরট-মল্লার—ক

রাবণের মৃত্যু-শরের রহস্য

ভেবে আকুল চিন্তামণি, বিভীষণ কহেন অমনি,
গুণমণি! চিন্তা কিসের তরে।
অস্ত্র শুন ভগবান্ রাবণ-অন্তক বাণ,
আছে রাবণের অন্তঃপুরে। ২০
কহেন ভুবনেশ্বর, রাবণের ভবনে শর,
কার শক্তি আনে কোন্ জনে।
প্রণাম হ'য়ে হনুমান্, দাঁড়িয়ে কয় বিদ্যমান,
আমি আনিব ঐ চরণের গুণে। ২১

* * *

হনূমানের শ্রীরাম-স্তব

কিসের জন্ম চিন্তা তুমি কর হে অনাথনাথ!
যোগীন্দ্রজয়ী তোমায়, জানি হে জগত্তাত! তাত। ২২
আজ্ঞা দিলে ধ'রে আনি কেবা গঙ্গাধরে ধরে।
গগনে উঠিয়া আনি, [1]সুধাকরে করে। ২৩
বল যদি বল ক'রে আনি দেবতাগণে।
শমন-দমন! তোমার বলে, মানিনে শমনে মনে। ২৪
আজ্ঞা দাও তো এখনি আমি ব্রহ্মার মান হরি, হরি!
যমের জননীকে এ'নে তব পায় কিঙ্করী করি। ২৫
কটাক্ষে নির্ব্বংশ করি সুরাসুর-কিন্নরে নরে।
গণ্ডুষে পান করি হরি! ধরি রত্নাকরে করে। ২৬
তুমি আজ্ঞা দিলে রাম! আমি কি ব্রহ্মাণী মানি।
কৈলাস ভাঙ্গিয়া আনি শুনি না ভবানী-বাণী। ২৭
বরুণকে ডুবাই জলে, বেঁধে রাখি পবনে বনে।
জয় জয় রাম বোলে আমি সদা জয়ী মরণে রণে। ২৮

* * *

রাবণের মৃত্যু-শর আনিতে হনূমানের লঙ্কায় গমন

এইরূপ ভক্তি-ভারতী, বলিয়ে চলে মারুতি,
রামের আরতি শিরে ধরি।
গিয়া কিঞ্চিৎ অন্তরে, ভাবিছে বীর অন্তরে,
এরূপে কি রূপে প্রবেশ করি। ২৯
বৃদ্ধ এক দ্বিজবর, জীর্ণতম কলেবর,
মূর্ত্তি হইলেন বায়ুপুত্র।
মুখে বাণী সর্ব্বমঙ্গলে! কুশাসনখানি বগলে,
নয়ন জলে গলে যজ্ঞসূত্র। ৩০
হ'য়ে শঠের প্রধান, রাণী-সন্নিধান ধান,
দূর্ব্বা ধান করমধ্যে ধরি।
গিয়া অন্তঃপুর-দ্বারে, ডাকেন রাবণ-প্রমদারে,
কোথা গো মা রাণি মন্দোদরি। ৩১

* * *

রাবণের অন্তঃপুরে বৃদ্ধ-ব্রাহ্মণ-বেশী হনূমান্

দ্বারে দ্বিজ দেখতে পায়, রাণী গিয়ে প্রণাম করে পায়,
মানসে আশীষ ক'রে কন অমনি।
শীঘ্র স্বামীর মাথা খাও, দীর্ঘ কালটা দুঃখ দাও,
সেটা আর কর্ত্তব্য নয় লো ধনি। ৩২
তোর পতির এক গুপ্ত কথা, ব'লে আমারে পাঠায় হেথা,
অন্ত রণে দেখে অপার সিন্ধু।
বড় বিশ্বাস তাই এলাম, রামদাস-শর্ম্মা নাম,
আমি, তোর পতির পরমবন্ধু। ৩৩
আমার নাম জানে বিশ্ব, শ্রীরাম শিরোমণির শিষ্য,
লক্ষ্মীকান্ত ন্যায়ভূষণের ছাত্র।
লবণ-সমুদ্র-পারে ভবন, বীর-নগরের মধ্যে পবন
বিদ্যাধরের হই আমি পুত্র। ৩৪
আমরা পুরুষাণুক্রমে, বদ্ধ রাবণের প্রেমে,
বিপদকালে স্বস্ত্যয়নে হই ব্রতী।
নাই অন্ন ব্যবহার, ফল মূল করি আহার,
তাতেই ভক্তি করে তোর পতি। ৩৫
নাপিত ছুঁইনে, তৈল মাখিনে, চারি চাল বেঁধেও থাকি নে,
জেনে ধার্ম্মিক মোরে বড় বিশ্বাস।

পাঠান্তর: ১ 'রাখিবে' পদ অতিরিক্ত—ক

কানে কানে নিকষাকুমার, বল্যে মৃত্যুশরটী আমার,
অন্তঃপুরে পূজে এসো রামদাস। ৩৬
কোথা আছে দাও দেখিয়ে শর, শর-মধ্যে মহেশ্বর,
পূজা করিব বিলম্ব না সহে।
নহে বিশ্বাস রাণীর তায়, বলে জানিনে বাণ কোথায়,
শুনে দ্বিজ উষ্মা করি কহে। ৩৭

* * *

[1]সুরট—একতালা[1]

বাঁচাবো তোর প্রাণেশ্বরে,
আজ বাসরে, পূজিয়ে তার মৃত্যুশরে।
সরল হ'য়ে বল্ শর কোথায়,
নৈলে হও বিধবা রামের শরে।
সাধন ক'র্‌লে নিধন-শরে, যদ্যপি কুবুদ্ধি সরে,
তোর পতি সেই কনকপুরেশ্বর!
যদি রাম প্রতি রাগ পাসরে।
লঙ্কাতে তার নাই দোসর,
লক্ষহত প্রাণের সোদর,
না ল'য়ে শরণ রামশরে,
হারায় সব জীবন এই বৎসরে। (গ)

* * *

হনূমান্ কর্ত্তৃক শরগ্রহণ

দিলে তব পতির হানি, না দিলে পতির পরাণী,
যায় বা রাণী ভাবিয়ে অন্তরে।
যা করেন ভগবান্, স্তম্ভ-মধ্যে আছে বাণ,
সন্ধান দিলেন দ্বিজবরে। ৩৮
নিরখি স্ফটিক স্তম্ভ, অমনি করি অবিলম্ব,
পদাঘাতে ভাঙ্গেন হনূমান্।
বাণটী করি বগলে মুখে বলে, জয় বগলে!
ক'র্‌লে মাগো কল্যাণি! কল্যাণ। ৩৯
হাসি কি ধরে অধরে, অমনি নিজমূর্ত্তি ধরে,
প্রাচীরে বৈসেন মহাবীর।
হইলেন হনূমান্ দশ যোজন আড়ে পরিমাণ,
দীর্ঘে শত যোজন শরীর। ৪০
ভেদ করিল ব্রহ্ম-কটা, লোমগুলো অঙ্গের কটা,
লোম-পরিমাণ হস্ত এক শত।
দশ যোজন লেঙ্গুড়ের ঘটা, তারি উপযুক্ত মোটা,
লেঙ্গুড়ে গরুড় পান নাই পথ। ৪১
কালান্তক যমাকৃতি, নাকটী কিছু খর্ব্বাকৃতি,
তবু হবে যোজন দেড়েক প্রায়।
মাথায় ছত্র দিয়া আছে পথ, পতাকা শুদ্ধ যায় রথ,
মহাবৃক্ষ নিঃশ্বাসে উড়ায়। ৪২
দুই হাত যোজন সাত, তার এক চড় চারি বজ্রাঘাত,
চড়ের শব্দে কাঁপেন চরাচর।
অন্য কি ছার যার চাপড়ে, শমন-দমন রাবণ পড়ে,
ম'লাম ব'লে ভূতলে ধড়ফড়। ৪৩
সেই মহাবল হনুমন্ত, প্রাচীরে বোসে দেখায় দন্ত,
অন্তঃপুরে রাবণের স্ত্রীগণে।
দেখে রাবণের ভার্য্যা সব, সবে যেন জীয়ন্তে শব,
হাহাকার হইল ভবনে। ৪৪
বিগলিত কুন্তলে, কেউ পড়েছে ধরাতলে,
ধরাধর সমান ধারা চক্ষে।
দশ সহস্র সুন্দরী, প্রিয়া, যথা মন্দোদরী,
কত মন্দ কহিছে মনোদুঃখে। ৪৫
এক নারী কন্যা শনির, নয়ন দুটী সনীর,
মণির বিচ্ছেদে যেমন ফণী।
দুঃখের কথা আর এক জায়, দ্রুতগতি বল্‌তে যায়,
বিধি বাম গো দিদি চন্দ্রাননি। ৪৬

* * *

খাম্বাজ[2]—কাওয়ালী

ওগো দিদি! বিধি বুঝি, বিধবা ঘটায়।
প্রাণকান্তের প্রাণ ত বাঁচানো দায়।

পাঠান্তর: ১—১ কালাংড়া—পরজ—ক। ২ মির্'৮মল্লার—ক।

ভুলায়ে রমণী মুনিবরের সজ্জায়,
ঘরে গিয়া ছলে, একি ঘরপোড়া ঘটালে,
ঐ যে ঘরপোড়া বাণ লয়ে যায়॥
আছে অতুল সম্পদ্ ভবে কার এমন,
অশ্বপাল যার শমন,
আজ্ঞাধর শশধর, গাঁথে হার পুরন্দর,
সে আদর আজ আমাদের সব ফুরায়॥
এখন কুল-ভয় ছাড় যদি কুল পাবে,
কুলরমণী সবে
অনুকূল হ'য়ে হরি, অকূলে বিলাবেন তরি,
ধরি গে সেই অকূলকাণ্ডারীর পায়। (ঘ)

* * *

হনূমান্‌কে নানা প্রলোভন প্রদর্শন

নিরখি রামকিঙ্কর, সবে হানে কপালে কর,
এক ধনী কয়, যুক্তি মোর শোন।
জিনে যদি কিন্নর নর, তবু ওটা জাতি বানর,
কাতি ক'রে শর ল'তে কতক্ষণ। ৪৭

কর লোভ দেখিয়ে বুদ্ধি হত, টোপ দিয়ে মাছ ধরার মত,
কতকগুলো ফল আন লো দিদি!
সৃষ্টি জগদম্বার, ও বড় ভক্ত রম্ভার,
তাই এক ভার শীঘ্র আনা বিধি। ৪৮

দেখাই বরং বর্ত্তমান, গোটা দশ বারো মর্ত্তমান,
রম্ভা এনে তামাসা দেখ ব'সে।
তত্ত্ব-কথা যাবে ভুলে, খাবে মত্ত হ'য়ে বগল তুলে,
মর্ত্ত্যে বাণ অমনি পড়বে খসে। ৪৯

ও পাগল কলার লাগি, কলার জন্ম গৃহ-ত্যাগী,
কদলী-কাননে বাস করে।
কলা পেলে আর কিছু না চায়, কাঁচকলা গুলো কাঁচা খায়,
মোক্ষ ফল ফেলে মোচা ফল ধরে। ৫০

শুনে বলে আর এক নারী, কিসে প্রীতি ওর বুঝিতে নারি,
কলা কিম্বা আম্র ভালবাসে।
এসে এই লঙ্কা-ভুবন, আগে ভেঙ্গেছে মধুবন,
কদলীবন ছিল তো তার পাশে। ৫১

শুন উহার প্রতিফল, সীতে ওরে পাঁচটী আম্রফল,
দিয়েছিলেন পাঁচ জনার তরে।
ও পথে গিয়ে তার চারিটী খায়,
শেষে রামের ফলটী পানে চায়,
পুনঃ পুনঃ জিহ্বায় জল সরে। ৫২

হ'ল না লোভ সম্বরণ, খেয়ে শেষে হয় মরণ,
গলায় লেগে তলায় না ফল পেটে।
যেমন কর্ম্ম তেমনি দণ্ড, বিধি করেন নাই প্রাণদণ্ড,
চারি দণ্ড ম'রে ছিলো দম ফেটে। ৫৩

তাইতে জানি আম্রে ওর, লোভের নাহিক ওর,
কিন্তু আশ্বিন মাসে আম্র কি না আছে।
এক ধনী কহিছে পরে, গৌড়ে-আম্র আমার ঘরে,
দৌড়ে আনে হনূমানের কাছে। ৫৪

জেনে অনর্থের মূল, নানা জাতি ফল মূল,
আনে রমণী তত্ত্ব করি পাড়া।
কেউ বকুল কেউ বা কুল, বলে যদি দেয় কুল,
অনুকূল হ'য়ে ঘরপোড়া। ৫৫

ইন্দ্রজিতের মাতৃস্বসা, এনে দিল ছুটা শশা,
ঘোর তামাসা দেখে হনূমান্।
শূর্পণখা সর্ব্বনাশী, ছুটা দাড়িম্ব দেখায় আসি,
যার দোষে যায় সোণার লঙ্কাখান। ৫৬

কুম্ভনসী ক'রে রস, দেখায় একটা আনারস,
নানা রস কথায় আবার করে।
অতি ত্বরায় অতিকায় বুন, দেখায় এনে দুটো বেগুন,
বলে যদি বেগুণে গুণ ধরে। ৫৭

কেউ দেখায় দুই বাঁধা-কপি, বলে যদি ভোলে কপি,
কোন রূপে রূপী ভুললেই হ'লো।
কেউ দেখাচ্ছে কয় পাতি, ক্ষুদ্র লেবু কাগজি পাতি,
জামির হাজির কেউ করিলো। ৫৮

কেউ কমলা এনে দেখায় করে, কমলাকান্তের চরে,
হেসে হনূমান্ নারীগণকে কয়।
মিথ্যে ফলের আয়োজন, ও ফল কেবা করে ভোজন,
ফলে তোদের ফল ভাল নয়। ৫৯

যে দেয় চতুর্ব্বর্গ-ফল, তার সঙ্গে অকৌশল,
যেমন কর্ম্ম তেম্‌নি ফল ফলাবো।
রামের জয়পতাকা উড়িয়ে, সে দিন গেলাম ঘর পুড়িয়ে,
আজ তোমাদের কপাল পোড়াবো। ৬০

* * *

খাম্বাজ—একতালা

আমার কি ফলের অভাব,
তোরা এলি বিফল ফল যে ল'য়ে।
পেয়েছি যে ফল, জনম সফল,
মোক্ষফলের বৃক্ষ রাম হৃদয়ে।
শ্রীরামচরণ-কল্পতরু-মূলে রই,
যে ফল বাঞ্ছা করি সেই ফল প্রাপ্ত হই,
ফলের কথা কই, ও ফল গ্রাহক নই,
যাবো তোদের প্রতিফল বিলায়ে। (৬)

* * *

মৃত্যুশর-সহ হনুমানের প্রত্যাগমন

যথায় প্রভু ভগবান্, হনুমান্ গিয়ে দিল বাণ,
আনন্দিত কৌশল্যা-সুত।
বাণ পেয়ে নির্ব্বাণকর্ত্তা, রাবণকে কহেন বার্ত্তা,
কর যাত্রা,—এই এলো যমদূত। ৬১
রাবণ-সংহার-কারণ, করেন মৃত্যুশর ধারণ,
এলেন সার্দ্ধত্রিকোটি দেবগণ।
বাণেতে হ'য়ে প্রবিষ্ট, সেই স্থানে উপবিষ্ট,
ইন্দ্র চন্দ্র পবন শমন। ৬২

* * *

হর-পার্ব্বতী-সংবাদ

হেথা কৈলাসে কহেন হর, আয় রে পুত্র বিঘ্নহর!
চল ত্বরা রাম-হিত করা কর্ত্তব্য।
ব্যস্ত দেখি ত্রিলোচনে, ত্রিলোচনী কোপ-লোচনে,
কহেন, তোমার ভাল ভব্য। ৬৩

ওহে ভ্রান্ত দিগম্বর! তুমি তারে দিয়েছ বর,
প্রাণাধিক বরপুত্র রাবণ।
যে করেছে ক'রে সাধন, ভক্তিডোরে বন্ধন,
কর্‌বে আবার সে ধন নিধন। ৬৪

তোমায় আমি বলিব ছাই! খাও ধুতুরা মাখ ছাই,
কপালে আগুন আমারো কপাল মন্দ।
ছিলাম মায়ের সাধের ঈশানী, বিধি করেছে সন্ন্যাসিনী,
সদা পোড়া হয়েছো সদানন্দ। ৬৫

রাবণকে বধিবে ভব, সেটা কি তোমার অসম্ভব,
নিজেরি অপমৃত্যু জ্ঞান নাই।
বিষ ল'য়ে কর আহার, বিষধর গলার হার,
তোমার জ্বালায় ইচ্ছা হয় বিষ খাই। ৬৬

শিব কন শুন শঙ্করি! অপমৃত্যুর ভয় না করি,
যে হ'তে এনেছি তোমায় ঘরে।
সদাই কর বিষ বিষ, সাধে কি আমি খাই বিষ,
বিশ যুগ পড়েছি বিষ-নজরে। ৬৭

তুমি খরতর বিষহরি, বিষে জর জর করি,
ভয়ঙ্করি! রেখেছো আমাকে।
শুভ দিন ক্ষণ না দেখিয়ে, কাল করেছেন কাল-বিয়ে,
দাঁড়িয়ে কালটা কাটালে কালের বুকে। ৬৮

নারদে পাগল হ'লো ঘটক, আমারে পাগুলে ঠোক,
রাশি গণ না দেখি মিলন করে।
তোমার রাক্ষসগণ, আমার হচ্ছে নরগণ,
চিরকালটা খেয়ে ফেল্‌লে মোরে। ৬৯

আমি দয়াহীন গঙ্গাধর, তুমি শরীরে দয়া ধর,
যত তা তো আমি সকলি জানি।
আমি বিষ খাই তাই দিচ্ছ ধিক্, তোমার গুণ যে ততোধিক,
প্রাণের মায়া তোমার আছে কি ঈশানি। ৭০

* * *

বাগেশ্রী-বাহার[১]—একতালা

জানি জানি হে পাষাণের সুতা!
তোমার দয়া মায়ার কথা।
ছিন্নমস্তা হ'য়ে অভয়ে!
তুমি আপনি কাট আপনার মাথা।
তোমার পিতা সে তো শিলে,
তার ঔরসে প্রকাশিলে, বড় সুশীলে,—
লোকে জানে হে তোমার শীলতা। (চ)

* * *

শ্রীরামের ধনুকে রাবণের মৃত্যু-শর সংযোজন

পুন শিব কন, ও শঙ্করি! বাধা দিও না যাত্রা করি,
না গেলে অধর্ম্ম আমার আছে।
শুনে ক্রোধে কন কালকামিনী, আমিও পশ্চাদ্‌গামিনী,
হ'য়ে যেতেছি বাছা রাবণের কাছে। ৭১
হেন বলবান্ পুত্র, বধে আমার বরপুত্র,
গণেশ অপেক্ষা স্নেহ মোর তারে।
কার শরীরে এত বিকার, ভয় করে না অম্বিকার,
অহঙ্কার করে এত সংসারে। ৭২
তুমি কিম্বা হউন রাঘব, ব্রহ্মার হবে লাঘব,
যে হবে মোর বরপুত্র-বাদী।
সদা করে যাগ যজ্ঞ ব্রত, অনুগত মোর অনুব্রত
রাবণ আমার কিসের অপরাধী। ৭৩
যাও যাও হে রণভূমি, জয়কেতে যোগীন্দ্র তুমি,
লওগে শরণ হও গো রামের পক্ষে।
কোটি দেবতা গিয়ে তত্র, কোট ক'রে হৈও একত্র,
দেখি আমার বরপুত্র হয় কি না হয় রক্ষে। ৭৪
তখন না শুনে কথা দেবীর, যথা প্রভু রঘুবীর,
আশুতোষ আনন্দে আশু যান।
রামকে জয়ী করতে রণে, প্রণাম হ'য়ে রাম-চরণে,
শরমধ্যে হর নিলেন স্থান। ৭৫
তখন হরি করেন হুহুঙ্কার, হরিতে রিপু-অহঙ্কার,
দিয়ে টঙ্কার ধরেন ধনু খান।
জয়ধ্বনি দেবে করে, দশানন রামের করে,
দেখিছে আপন মৃত্যু-বাণ। ৭৬

রাবণের অম্বিকাস্তব

দাঁড়িয়েছিল পর্ব্বত, অমনি জীবন্মৃতাবৎ,
কম্পমান দেখিয়ে হৃদয়।
চক্ষে ধারা তারাকারা, বলে মা কোথা রৈলি তারা!
আজি সমরে মরে তোর তনয়। ৭৭
তুমি বল তুমি সম্বল, শমন প্রভৃতি করি যে বল,
সে বল কেবল ঐ চরণ।
হে মা দুর্গে দক্ষসুতে! তুমি যদি মা! রক্ষ সুতে,
আজি আমার বিপক্ষ ত্রিভুবন। ৭৮

* * *

খট্ ভৈরবী—একতালা

মা! আর নাই মোচন, পিতে ত্রিলোচন,
বসিলেন শরমধ্যে জীবন বধ্‌তে।
এমন বিপদ-সময় আমার,
কোথা রৈলে গো মা ঈশানি! বিপদনাশিনি!
যদি মা! রাখ সন্তানে শ্রীপাদপদ্মে।
আজি আমার শঙ্করি! পিতে শঙ্কর বিরূপ,
তাই হয়েছে চিরকাল কালস্বরূপ,
বিনা চরণতরি, তরি গো কিরূপ,
ব্রহ্মময়ি! বিপদসাগর-মধ্যে।
যে ভাই ছিল আমার প্রাণের অনুগত,
ছিল নিদ্রাগত, সে ভাই সে দিন গত,
হ'ল কাল আগত, না ক'রে কাল গত,
ভেঙ্গেছিলাম মা তার অকাল নিদ্রে। (ছ)

* * *

পাঠান্তর: ১ কানাড়া বাহার—ক।

রণস্থলে পার্ব্বতীর রাবণকে অভয়দান

বিপদে ডাকে রাবণ, ভবানী ভব-ভবন,
তাজে যান কনক লঙ্কাপুরী।
এত ভাগ্য কার ভারতে, ভুবনের জননী রথে,
বসিলেন রাবণে কোলে করি। ৭৯
দিয়ে কত প্রিয় বচন, অঞ্চল দিয়া লোচন,
মুছায়ে কন ত্রিলোচন-মোহিনী।
বাছা! কেন বারি নয়নে তোর, কার ভয়েতে এত কাতর,
আমি তোর ভবভয়হারিণী। ৮০
বিরিঞ্চি আদি কেশব, কারণ-জলে হই প্রসব,
ব্রহ্মাণ্ডেশ্বরী আমি আছে।
রামের অতি অবিজ্ঞতা, এত কি আছে যোগ্যতা,
বরদার বরপুত্র ব'ধ্‌তে। ৮১

* * *

শ্রীরামচন্দ্রের অকালে দুর্গোৎসব ও দুর্গাস্তব

হেথায় রথে দেখি শিব-শক্তি, অমনি হারা হ'য়ে শক্তি,
যুগল নয়নে শতধার।
ধনুর্ব্বাণ ফেলে ভূমিতে, কেঁদে বলেন রাম, ওহে মিতে!
দুঃখিনী সীতার হ'লো না উদ্ধার। ৮২
হ'য়ে শত্রু-বশীভূতা, বসিলেন বিশ্বমাতা,
ঐ দেখ রাবণে করি কোলে।
আর মিথ্যে আয়োজন, সকল হ'লো দুর্জ্জন,
প্রাণ বিসর্জ্জন দিই গিয়ে জলে। ৮৩
বিপদ জানিয়া বিধি, শ্রীরামে কহেন বিধি,
করতে হ'লো শক্তি-আরাধন।
ভক্তি-পথে ভর দিয়া, কর পূজা শারদীয়া,
শুনিয়া কহেন নারায়ণ। ৮৪
দেবী নিদ্রাগতা রন, শরতে নিলে শরণ,
অকালে তার না হয় যদি দয়া।
বিধি কন হবে সাধন, ষষ্ঠীতে করি বোধন,
পূজিলে অভয় দিবেন অভয়া। ৮৫
নির্ম্মাইয়া দশভুজা, নির্ম্মল মানসে পূজা,
করেন দেবীরে নারায়ণ।
নহে বাল্মীকির উক্তি, রঘুনাথ পূজে শক্তি,
মতান্তরে আছে রামায়ণ। ৮৬
পূজে দেবতা শত শত, নীলকমল অষ্টোত্তর শত,
দুর্গাপদে করিয়া প্রদান।
নবমী-পূজান্তে হরি, যুগল কর যুগ্ম করি,
কেঁদে কন জননী-বিদ্যমান। ৮৭
করালি! কালবারিণি! কালে কৃতার্থ-কারিণী!
কৃশকরা কটাক্ষে কৃতান্ত।
খরশান খড়্গধরা! খলে খণ্ড খণ্ড করা,
ক্ষেমঙ্করি! ক্ষীণে হও মা ক্ষান্ত। ৮৮
গৌরি! গজানন-মাতা! গতিদা! গায়ত্রি! গীতা!
গঙ্গাধর জ্ঞানে গুণ গান্ত!
ঘণ্টানাদ-বিলাসিনি! ঘটনায় ঘটরূপিণি!
ঘনরূপিণি! কুরু মা ঘোরান্ত। ৮৯
উমে! ত্বং উমেশ-রাণি! উৎকট পাপ-উদ্ধারিণি!
উদ্দেশে আছেন উমাকান্ত।
চিদানন্দ-স্বরূপিণি! চিত্ত-চৈতন্য-কারিণি!
চণ্ডি! চরাচর জন্ত চিন্ত। ৯০
ছলরূপ ছাড়ি ছলে, পদ-ছায়া দাও ছাওয়ালে,
ছন্দরূপিণি! ঘুচাও মা! ছন্দ।
আমার করিবে কি জননি! জয়া! জয়ন্তি! যোগেশ-জায়া,
জানকী-বিচ্ছেদে জীবনান্ত। ৯০

* * *

ললিত ভৈরো—একতালা

এ যাতনা আর সহেনা, জননি! জগদম্বে!
দিয়ে চরণ, দুঃখ হরণ, যদি করো অবিলম্বে।
হের শ্যামা! হর-রমা! হের উমা! হের অম্বে!
হের করুণা নয়নে, যেমন হের মা! হেরম্বে।
বিশ্ব-বিপদ-বারিণী,—সুর-সঙ্কট-হারিণী,—

হ'য়েছ তারিণি! নাশ করিয়ে নিশুম্ভে;—
এ সংসার নাশ করো, যেমন নাশো জল-বিম্বে।
দাশরথির দুঃখ নাশিবে, শিবে! আর কত বিলম্বে! (জ)

* * *

শ্রীরামের শরে পার্ব্বতীর আবির্ভাব

শ্রীরামের স্তবে অপর্ণা উভয় সঙ্কটাপন্না,
ব'সে আছেন রাবণের রথে।
একবার একবার অদর্শনা, হ'য়ে অমনি শবাসনা,
রামকে অভয় দিচ্ছেন গিয়া পথে। ৯২
রাবণ বলে বুঝেছি মা, বিপদ-নাশিনি! শ্যামা!
বিপদে পড়েছো আজি তুমি।
মন হ'য়েছে চঞ্চলা, মোর কাছেতে মনছলা,
মনে মনে মন বুঝেছি আমি। ৯৩
অনেক দিন তোর এ তনয়, জেনেছে দিন ভালো নয়,
শুভদা! শুভ দিন হ'য়েছ মোর।
যে দিন তোমার সুতের, বন ভেঙ্গেছে বনপশুতে,
তার আগে মা! মন ভেঙ্গেছে তোর। ৯৪
অশ্বশালে যম নিযুক্ত, পবন করে ভবন মুক্ত,
ইন্দ্র যার হার গাঁথে জননি!
ভাঙ্গে তার ঘর পশুপালে, এত কি ছিল কপালে,
কপালমালিনি! কপালিনি। ৯৫
করবে এখনি তো প্রাণদণ্ড, বন্ধ হইয়ে অৰ্দ্ধদণ্ড,
মা! তোমার কি থাকায় প্রয়োজন।
লজ্জায় অধোবদনা, দিয়ে বেদনা পেয়ে বেদনা,
রামের শরে শক্তির গমন। ৯৬
হ'লো বাণ শক্তিবান্, প্রেমানন্দে ভগবান্,
করেন বাণ পিনাকে সংযোগ।
লাগিলে অঙ্গে যেই শর, মূর্চ্ছিত হন মহেশ্বর,
শমনের সত্বরে প্রাণ বিয়োগ। ৯৭
শরের বীর্য্য শত-সূর্য্য, পূজেন শর হর-পূজ্য,
চন্দনাক্ত মালতী-মালায়।
জ্বলিতেছে ধক্ ধক্, বাণের মুখে পাবক,
ত্র্যম্বক ভাবক আছেন তায়। ৯৮
পুলকে গোলোকেশ্বর, নিক্ষেপ করেন শর,
লঙ্কেশ্বরের দেখে প্রাণ যায়।
বসন গলে নয়ন গলে, পতিত হইয়ে বলে,
পতিতপাবন রামের পায়। ৯৯

রাবণের শ্রীরামস্তব

ওহে বিরিঞ্চিবাঞ্ছিত ধন! করি নাই ও পদ-সাধন,
জ্ঞানধন মোর ল'য়েছিলে হরি।
তোমাকে ভেবে বৈরঙ্গ, হ'লো দুঃখের তরঙ্গ,
আজি নিদ্রাভঙ্গ হ'লো হরি। ১০০

* * *

ভৈঁরো—একতালা

দীনের দিন গত!
কিন্তু নহে রাম! তব চরণে এ দীন গত।
আমার গত অপরাধ কত, প্রাণ নির্গত সময়ে,
দেও হে চরণ হ'লাম চরণে শরণাগত।
সৎসঙ্গে হ'য়ে স্বতন্তর, করি অসৎ ক্রিয়া সতত,
তোমায় শত শত মন্দ, ব'ল্লাম হে রামচন্দ্র!
না ভাবিয়ে ভবিষ্যত।
ওহে গুণধাম! স্বগুণ প্রকাশ,
গুণহীন জ্ঞানহীন—দোষ নাশ,
সগুণে তারিলে কি পৌরুষ,
সে তো স্বগুণে পাবে সুপথ।
জননী-জঠরে কঠোর যন্ত্রণা আর দিবে হে রাম! কত,
ওহে দশরথাত্মজ! দাশরথি!
ঘুচাও দাশরথির গতায়াত। (ক্ষ)

* * *

রাবণ বলে, হে দয়াল রাম! কি দোষ আমি করিলাম,
প্রাণদণ্ড কর কি অপরাধে।
কি দোষে বান্ধিলে সাগর, পশু দিয়ে পোড়ালে নগর,
বংশটা নাশ করলে সাধে সাধে। ১০১

না জানিয়া সংবাদ, সাধুকে চোর অপবাদ,
দিয়া বাদ সাধো কেন হে হরি।
যদি বল সীতে চোর, তাইতে এত দণ্ড তোর,
দিয়ে বানর হনুমান চোর করি॥ ১০২
যগুপি চোর আমি হই, দণ্ড-যোগ্য চোর নই,
বেদ পুরাণে আছে এমন যুক্তি।
আমি শুনেছি ব্রহ্মার ঠাঁই, চুরি করতে দোষ নাই,
যে বস্তুতে জীবে পায় মুক্তি॥ ১০৩
তুলসী পুষ্প শালগ্রাম, মুক্তির ধন এ সব রাম!
মুক্তিদাত্রী তোমার সুন্দরী।
কোটি জন্মের পাপ নাশিতে, চুরি ক'রে আনিয়ে সীতে
পবিত্র করেছি লঙ্কাপুরী॥ ১০৪
সেই পুণ্যে তুমি সদয়, দেখ আমার পুণ্যোদয়,
পূর্ণ সুখী হয়েছি ভগবান্!
যে রত্ন নাই রত্নাকরে, ঘরে ব'সে পেয়েছি করে,
পদ্মযোনির হৃৎপদ্মের ধন॥ ১০৫
চুরি ক'রে আমি যদি না আনিতাম সীতে।
ওহে রাম! অধমের লঙ্কায় তুমি কি আসিতে? ১০৬
সীতে নৈলে আসিতে[১] কিসে ভালবাসিতে।
তুমি কি দেখা দিয়া আমার কালভয় নাশিতে? ১০৭
সাগর বাঁধা কি দে'খতে পেতো ত্রিলোকবাসীতে।
জগতে কে দে'খতে পেতো জলে শিলে ভাসিতে? ১০৮
যে চরণ পুজেন ব্রহ্মা গন্ধ ও তুলসীতে।
যে চরণ চিন্তেন হর কৈলাস আর কাশীতে॥ ১০৯
যে চরণ ভাবেন ইন্দ্র দিবস নিশিতে।
যে চরণ ভাবেন সদা সনকাদি ঋষিতে॥ ১১০
পাষাণ মানবী হ'লো যে চরণ পরশিতে।
সীতে নৈলে সে চরণ কি এখানে প্রকাশিতে॥ ১১২
শত জন্ম শতদলে পুজেছিলাম অসিতে।
তুমি কেটে দিলে মোর দুঃখের তরু করুণা-অসিতে॥ ১১২
যদি বল সীতে মোর অশোকবনে ত্রাসিতে।
হরের আরাধ্যে আছেন সদা মা হরষিতে॥ ১১৩
সীতে চোর ব'লে বাণ এসেছো বধিতে।
বেদ প্রমাণে পারিবে না রাম! কোন দোষ দর্শিতে॥ ১১৪
না ব'লে মোরে কীর্তিমান্, বাঞ্ছা যদি ভগবান্!
চোর কথাটাই করতে বলবান্।
এ চোরের এক দণ্ড বিধি, আছে হে বিধির বিধি!
প্রাণ-দণ্ড করা নয় বিধান॥ ১১৫

* * *

ললিত[২]—খং

ধর চোরকে ধরো দণ্ড কর হে রাম রাখ চোরে।
এ জনমের মত বন্দী কর চরণ-কারাগারে॥
ওহে যদি বাঞ্ছা হয় অন্তরে, রাখ্‌তে চোরকে দ্বীপান্তরে
সেই তো পার করবে তবে, পাঠাও ভবসিন্ধু-পারে।
ক'রে কত কুমন্ত্রণা, মাকে দিয়েছি যন্ত্রণা,
স্থান দিতে রাম ক'রো মানা, আমায় জননী-জঠরে॥ (ধ্রু)

* * *

শ্রীরামের কৃপা ও হনুমান্-রাবণের বাগ্‌যুদ্ধ

শুনে রাবণের স্তুতিবাক্য, কৃপাসিন্ধু কমলাক্ষ,
হাতের বাণ অমনি রৈল হাতে।
ক'রে বিপদ্ অনুমান, রণ-মধ্যে হনুমান্,
গর্জিয়া কহিছে লঙ্কানাথে॥ ১১৬
ক্রমে ক্রমে গেল শক্তি, মরণ-কালে কপট ভক্তি,
বাক্যগুলি যেন মধু মধু।
জেতের বাহির যৌবনে যে ধনী, বৃদ্ধকালে তপস্বিনী,
অশক্ত তস্কর যেমন সাধু॥ ১১৭
এখনি বল্‌লি ভণ্ড যোগী, আবার এখনি ভজন-উদ্‌যোগী,
হ'য়ে বল্‌ছিস তুমি হে তারকব্রহ্ম!
তোর ভক্তি আলাপ বুঝ্‌বো কিসে,
একবার মামা একবার পিসে,
বেটা! ওটা তোর প্রলাপের ধর্ম॥১১৮

পাঠান্তর: ১ অসিতে—ক। ২ মিশ্ররামকেলী—ক।

জীবনে ধিক্ বেটা! এম্‌নি 	গণ্ডমূর্খের শিরোমণি,
ইন্দ্র-তুল্য লক্ষ পুত্র মরে।
তাতে তিল মাত্র নাই বিষাদ, 	বাঁচিতে বেটার কত সাধ,
দিনে দিনে আটুনি বাড়িছে ঘরে। ১১৯
কার জন্যে এত ভোগ, 	কে করিবে বিভোগ ভোগ,
বাড়ীশুদ্ধ গিয়েছে যমের বাড়ী।
গেল ঠাকুরের ধন কুকুরে ব'র্ত্তে, রাজার বিষয় ভোগ করতে,
আছেন কেবল হাজার কতক রাঁড়ী। ১২০
ছি ছি এমন পাপ কি জগতে আছে, এত পুত্র-শোকে বাঁচে,
এ অধমের আশ্চর্য্য মত।
একটি পুত্র বনে দিয়ে, 	সেই শোকে আঁখি মুদিয়ে,
প্রাণ ত্যজেছেন রাজা দশরথ। ১২১
পুত্র জন্যেই ভগজন, 	করে ধন উপার্জ্জন,
পুত্র জন্যেই ভার্য্যে প্রয়োজন।
দেখ্‌লে পুত্র নরক যায়, 	পিণ্ড দিলে মুক্তি পায়,
ওরে বেটা! পুত্র এমনি ধন। ১২২
শুনে রাবণ উঠলো কুপি, 	বলে বেটা! থাক রে কপি!
লেজুড়ধারী! জটাধারীর দূত।
পাষাণ ভাসিলো জলে, 	বানরেতে কথা বলে,
রামের গুণে দেখলাম অদ্ভুত। ১২৩
আমাকে জ্ঞান শিক্ষে দিস্, 	ওরে বাটা ন্যায়বাগীশ!
কিষ্কিন্ধ্যায় ক'খানা টোল আছে।
বড় যদি গুণমন্ত, 	তবু তুই হনুমন্ত,
মাণিক দিলে কেউ বসিতে দেয় না কাছে। ১২৪
যদি প'ড়ে থাকো ষড়্ দরশন, 	দিতে পারো বেদ-সাধন,
যদি বিদ্যা থাকে তন্ত্রসারে।
তবু তোমার বুদ্ধি খাটো, 	মতির মালা দাঁতে কাটো,
জেতের বিদ্যে যেতে কখন পারে। ১২৫
রমণী যদি সতী হয়, 	তবু গুপ্ত কথা পেটে না রয়,
জেতের ধর্ম্ম বিধাতার সৃষ্টি।
অঙ্গার ধুলে শত বার, 	যেমন মূর্ত্তি তেম্‌নি তার,
মাকালে চিনি মাখালে হয় না মিষ্টি। ১২৬
বল্‌লি রামকে দিয়ে বন, 	আন্ধার দেখে ভুবন,
রাজা দশরথ ত্যাগ করেছে তনু।
দশরথের পুত্র সনে, 	দশাননের পুত্রগণে,
তুলনা কর্‌লি হাঁ রে হনু। ১২৭

* * *

আলিয়া—একতালা

রামের তুল্য পুত্র কেবা পায়।
এ সব অনিত্য কুপুত্র অন্তে কে হয় মিত্র,
বিচিত্র দশরথের পুত্র মাত্র,
যার গুণ শ্রবণমাত্র, ত্রিনেত্র পবিত্র, রবিপুত্র দূরে যায়।
ধন্য দশরথ শ্রীরামধনের ধনী,
রত্নগর্ভা রাণী, সে কৌশল্যা ধনী,
হেন পুত্র গর্ভে ধরেন ধনী,
জন্মেন সুরধুনী যাঁর পায়। (ট)

* * *

পুন হনুমান্ কচ্ছেন রব, 	রাবণ হৈয়ে নীরব,
মন্ত্রণা করিল মনে মনে।
কাছে থাক্‌তে কালবারণ, 	মিছে কেন কাল হরণ,
বাদানুবাদ করি বানরের সনে। ১২৮
পুন রাজা কন নয়নে বারি, 	ও হে রাম বিপদ-বারি!
যদি বল তোয় কিসে করিব দয়া।
দুষ্ট জাতি দুরাচার, 	হিংসাপাপী মাংসাহার,
চণ্ডাল সমান তোর কায়া। ১২৯
গিয়া চণ্ডাল ভূমিতে, 	চণ্ডালে বলেছো মিতে,
যদি বল তোয় পশুমধ্যে গণি।
ব্যক্ত আছে সুরাসুরে, 	যত দয়া বন-পশুরে,
এত দয়া আর কারে চিন্তামণি। ১৩০
যদি বল তোয় হব না রত, 	নীরস-কাষ্ঠের মত,
রাবণ রে! তোর রসহীন শরীর।
কাষ্ঠ-তরি ক'রে সোনা, 	নাবিকের পুরাও বাসনা,
যে দিন পারে গেলে ভাগীরথীর। ১৩১
যদি বল দয়া করি নে, 	দয়া নাই রে দয়াহীনে,
তুই পাষাণ দয়াহীন তোর তনু।

তুমি পাষাণের দোষ কৈ ধ'র্লে, পাষাণ মানবী ক'র্লে,
দিয়ে হে রাম! ঐ চরণের রেণু ॥ ১৩২
যদি পতিত ব'লে দয়া না কর, পতিতপাবন নাম যে ধর,
পদে জন্মেন পতিত-পাবনী।
রাবণের স্তবেতে হরি, ত্যজে ধনু রোদন করি,
কোলে আয় রে! কহেন চিন্তামণি। ১৩৩

* * *

ললিত-ভৈরবী[1]—একতালা

ত্বরায় ভগবান্, ধরায় ফেলে বাণ,
হ'লেন কৃপাবান্, রাবণোপরে।
কয়েন মুখে উক্ত, ওরে দশবক্ত্র!
তুই রে প্রাণের ভক্ত, কে বধে তোরে ॥
মিতে বললে রাবণ তোমার ভক্ত নয়,
হ'লো রে মিতের কথা মিথ্যাময়,
মিতেয় কার্য্য নাই, সীতেয় কার্য্য নাই,
চ'ল্, যাই রে বাছা! তোরে ল'য়ে আজি অযোধ্যাপুরে॥ (ঠ)

* * *

রাবণের স্কন্ধে দুষ্টা সরস্বতীর আবির্ভাব
শ্রীরামকে রাবণের তিরস্কার

যুক্তি করেন যত অমর, রাবণের স্কন্ধে ভর,
করেন গিয়া দুষ্টা সরস্বতী।
অমনি ভুলে গেল ভক্তি, কত শত কটু উক্তি,
শ্রীপতিরে করে লঙ্কাপতি। ১৩৪
বলে শোন রে কপট সন্ন্যাসী! আজি দিব তোর প্রাণ নাশি,
দিয়ে অসি প্রেয়সী কাটাবো তোর।
ওরে ভণ্ড জটাধারী! জটাধারী কি রাখে নারী,
কপট লম্পট জুয়াচোর ॥ ১৩৫
কপট ভকতি ক'রে, কালি তুই কালের ডরে,
কালীর পায়ে দিয়েছিস্ কমলফুল!
তাতে ত পাবে না সীতে, শরতে বাঁচ তো মরিবে শীতে,
আমার হাতে ম'রবে নাই তার ভুল ॥ ১৩৬
ব'ধে একটা বানর বালী, বালির বাঁধ ভেঙ্গেছো বলি,
পাষাণের বাঁধ ভাঙ্গিতে অভিলাষী।
বিন্ধে সাতটা তালের গাছে, তাল ঠুকচিস্ আমার কাছে,
ওরে রাঘব! তালকানা সন্ন্যাসী। ১৩৭
উনি আবার ব্রহ্মচারী, বাস করেন গে চাঁড়াল বাড়ী,
কুহক দিয়ে গুহক জাত্ মেরেছে।
সুলোকের কথা শোনে না, ভালুকের শুনে মন্ত্রণা,
মুলুকের হনু ডেকে এনেছে ॥ ১৩৮
ভুলে রাবণ সত্ত্বগুণ, মত্ত হ'য়ে ধনুর্গুণ,
তত্ত্ব করিছেন দশানন।
ডেকে বল্‌ছেন সারথিরে, শর ধনু দাও সারথি রে!
রামকে করাই যমালয় দরশন ॥ ১৩৯

* * *

সুরট[2]—কাওয়ালী

দেরে দেরে মোরে কোদণ্ড।
রাখ ভারতী ওরে সারথি!
করি ভণ্ড যোগীরে এই দণ্ডে দণ্ড।
আমি করি বিশিষ্ট গুণে পালন শিষ্টগণে,
সদা করি দলন পাষণ্ড।
ভুবন-পূজ্য ভয়েতে সূর্য্য,
কাঁপে দেখে মম প্রতাপ অখণ্ড।
জিনিতে মোরে, এসে সমরে,
করে জারি বনচারী জটাধারী বেটা ভণ্ড। (ড)

* * *

শ্রীরামের শর-নিক্ষেপ ও দেবগণের জল্পনা

তখন শক্তি বাণযুক্ত হরি, আরক্ত লোচন করি,
বিরক্ত হইয়া ধরেন বাণ।

পাঠান্তর: ১ বিভাস—ক। ২ বাহার—ক।

রাবণের প্রাণান্ত পণ, ক'রে করেন নিক্ষেপণ,
যায় বাণ ভুবন কম্পবান ॥ ১৪০

বক্ষেতে বিদ্ধি শর, রথ হৈতে লঙ্কেশ্বর,
হারিয়ে চেতন পতন ভূতলে।

স্থির হন্ ধরা ধনী, রামজয় রামজয় ধ্বনি,
সঘনে হয় গগনমণ্ডলে ॥ ১৪১

ইন্দ্র বলেন ও ভাই ইন্দু! আজি বড় সুখের সিন্ধু,
এক বিন্দু সুখ ছিল না মনে।

ইন্দ্র হ'য়ে এত প্রহার, রাবন বেটার গাঁথি হার,
হাড় জলে গিয়াছে মনাগুনে ॥ ১৪২

পবন বলেন ও ভাই শমন! ভালো শত্রু হ'লো দমন,
শমন বলে অমন কথা রাখ।

ও বেটা ভারি অসৎ, ভাবিতে হয় ভবিষ্যৎ,
ম'ল না ম'ল কিছু কাল দেখ ॥ ১৪৩

যদি নাসায় থাকে নিঃশ্বাস, তবে নাই বিশ্বাস,
বি-শ্বাস হইলে বিশ্বাস ঘটে।

ওর মরা কথাটা মিথ্যা বলা, দশবার রাম কাটেন গলা,
তখনি তুণ্ডেতে মুণ্ড ওঠে ॥ ১৪৪

তখন শনি গিয়ে দেখিছে কাছে, এখন গায়ে শোণিত আছে,
দৌড়ে গিয়ে শমনে শনি কয়।

ও চিতে জলে হ'লে ছাই, তবু বিশ্বাস হয় না ভাই!
বেটাকে আমার ভারি ভয় হয় ॥ ১৪৫

শমন বলে ম'লো না ম'লো, শ্রাদ্ধ গেলে তবে ব'লো,
শনি বলে তাতেও করি মানা।

গেলে ওর সপিণ্ডীকরণ, তার পর রটাবো মরণ,
সংবৎসর কোন কথা বল্‌বো না ॥ ১৪৬

রাবণের রাজনীতিকথন ও মৃত্যু

তখন লক্ষ্মণকে বলেন রাম, দশাননের শুনিলাম,
আছে কিঞ্চিৎ মরণ অপিক্ষে।

এই ভার তোমার প্রতি, শীঘ্র কিছু রাজনীতি,
তার কাছেতে ক'রে এসো শিক্ষে ॥ ১৪৭

বহু দিন ক'রে রাজত্ব, বহু জানে সে রাজতত্ত্ব,
তারে শিক্ষা দিয়েছেন শূলপাণি।

শুনে লক্ষ্মণ শীঘ্র ধান, সুধামাখা রবে শুধান,
রাবণের রাজনীতি-বাণী ॥ ১৪৮

লক্ষ্মণের জিজ্ঞাসায়, দশানন দেন সায়,
অতিশয় কাতরে মৃদুস্বরে।

থাকে যদি প্রয়োজন, যাও হে দুঃখভঞ্জন!
রামকে পাঠাও আমার গোচরে ॥ ১৪৯

বুঝিয়া রাজার ইষ্ট, ত্বরায় যান রাম-কনিষ্ঠ,
ঘনিষ্ঠ হইয়ে রামকে কন।

বুঝে রাজার মনস্কাম, দয়ার জলধি রাম,
দয়া করি দিলেন দরশন ॥ ১৫০

ছিল রাজা ধরা-শয়নে, রামকে দেখি ধারানয়নে,
অতিশয় কাতরে মনোদুঃখে।

হে অনন্ত গুণধারী! মেঘের বরণ জটাধারী!
একবার আমার দাঁড়াও হে সম্মুখে ॥ ১৫১

যদি মৃত্যুর বিলম্ব থাকে, রাজনীতি কিছু তোমাকে,
পশ্চাৎ বলিব ভবস্বামী!

শরণ লয়েছি পরে, অগ্রে আমার উপরে,
করহে করুণা, করুণাসিন্ধু! তুমি ॥ ১৫২

* * *

আলিয়া[১]—একতালা

প্রাণ ত অন্ত হ'লো আজি আমার কমল-আঁখি!
একবার হৃদয়কমলে দাঁড়াও দেখি ॥
ইন্দ্র বেটা হার যোগাত অশ্বপালে কালকে রাখি।
এই কাল পেয়ে কাল পাছে ধরে,
ঐ ভয়ে রাম! তোমায় ডাকি।
ঐহিকের ঐশ্বর্য্য করা আর,
কিছু মোর নাই হে বাকী।

পাঠান্তর: ১ ঝিঁঝিট রামপ্রসাদী—ক।

একবার বন্ধু হ'লে পরকালে,
কাল বেটাকে দেখাই ফাঁকি। (চ)

*   *   *

রাবণ বলে হ'য়ে ভীতি, দাসের কাছে রাজনীতি,
শুনবে কি? আশ্চর্য্য শুনিলাম।
ব্যক্ত আছে চরাচর, ব্রহ্মাণ্ডে কি অগোচর,
তুমি হে ব্রহ্মাণ্ডপতি রাম। ১৫৩
তব তত্ত্ব চমৎকার, নিরাকার নির্ব্বিকার,
অম্বিকার পতি পান না তত্ত্ব।
তুমি ব্রহ্ম আদিশূন্য, অহমাদিত জ্ঞানশূন্য,
কীটাদির সম ধরি সামর্থ্য। ১৫৪
কি জানি আমি অকৃতী, যা জেনেছি রাজনীতি,
আজ্ঞা-অল্প বলি তব নিকটে।
সম্বেতে এক বলি ধর্ম্ম, শীঘ্র ক'রো শুভ কর্ম্ম,
বিলম্ব হইলে বিঘ্ন ঘটে। ১৫৫
অশুভতে কাল হরণ, ক'রো ওহে কালবরণ!
অশুভ কাজ শীঘ্র করা মন্দ।
শূর্পণখার কথা ধ'রে, অশুভ কাজ শীঘ্র ক'রে,
সবংশে মরি হে রামচন্দ্র। ১৫৬
কাটিয়া সুমেরু গিরি, স্বর্গের করিতাম সিঁড়ি,
আর এক শুভ কর্ম্ম ছিল চিতে।
লবণ-সমুদ্র-জল, এ জল ক'রে বদল,
দুগ্ধসিন্ধু পূরিব ইহাতে। ১৫৭
ওহে গুণসিন্ধু রাম! এ সব শুভ মনস্কাম,
হ'লো না করিয়া কাল হরণ।
এই বলিয়া মুখে, রাম-রূপ হেরি সম্মুখে,
শ্রীরাম বলি ত্যজিল জীবন। ১৫৮
রাবণ বধিয়ে রাম, করেন গিয়া বিশ্রাম,
বন্ধুগণ সহ সিন্ধুতটে।
হেথা যাতনা পেয়ে দুঃসহ, দশহাজার পত্নী সহ,
মন্দোদরী আইল নিকটে। ১৫৯

ধূসরাঙ্গ ধরাতলে, কেবা কারে ধ'রে তোলে
হ'য়ে অধরা পড়িয়া ধরায়।
ধরে না ধৈর্য্য পরাণী, 'হা নাথ!' বলিয়া রাণী,
কেঁদে কয় নাথের ধরি পায়। ১৬০

*   *   *

অহংসিন্ধু[১]—একতালা

কি করলে হে কান্ত! অবলার প্রাণ ক্ষান্ত,
হয় না কান্ত! এ প্রাণ-অন্ত বিনে।
যে নাথ কর্ত্তা কনকরাজ্যে, আজ যে সে লয় ধরাশয্যে,
তোমার ভার্য্যা ধৈর্য্য হয় কেমনে।
যম করে হে দাসত্ব, এমন আধিপত্য,
স্বর্গ মর্ত্ত্য মাঝে কারো দেখি নে।
ইন্দ্র আদির ঠাকুরাণী, হ'য়ে তোমার রাণী,
আজ যে কাঙ্গালিনী হই ভুবনে।
সেই যে নবীন জটাধারী, বিপিন-বিহারী,
সব হারালে তায় মনুষ্য-জ্ঞানে।
যার পদ অভিলাষী, ঈশান শ্মশানবাসী,
ব্রহ্মা অভিলাষী যেই রতনে।
কিছুই মান্‌লে না হে নাথ! শুনেছিলে তাতো,
পাষাণ মানবী সেই রাম-চরণে। (ণ)

*   *   *

মন্দোদরীকে শ্রীরামচন্দ্রের বরদান

তখন, কেঁদে গিয়া মন্দোদরী রামকে প্রণমিলো।
রাম বলেন হও জন্মাওতি, দয়া জনমিলো। ১৬১
শুনে ব'লে রাণী, চিন্তামণি! দিলে সধবা-বর।
ব্রহ্ম-বাক্য অন্যথা হবে না, রঘুবর। ১৬২
শুনে কন সনাতন হইয়া লজ্জিত।
বৈধব্য-যাতনা তোমার করিব বর্জ্জিত। ১৬৩
ওহে সতি! গুণবতি! না চিন্তিও চিতে।
চির দিন জলিবে তোমার পতির চিতে। ১৬৪

পাঠান্তর: ১ বিভাস—ক।

সীতার প্রতি মন্দোদরীর অভিশাপ

বিভীষণে রাজাসনে রাম দেন বসিতে।
অনুমতি দেন শ্রীপতি উদ্ধারিতে সীতে ॥ ১৬৫
শ্র'বে শ্রবণ, অশোক বন, গেল বিভীষণ।
পরায় সীতাকে দিব্য বসন ভূষণ ॥ ১৬৬
জানকীর রূপে তাপে সুবর্ণ বিবর্ণ।
বর্ণের বর্ণনা করতে না পারেন বর্ণ ॥ ১৬৭
চন্দ্রমুখ দেখে চন্দ্র নখাশ্রিত তিনি।
জগতের প্রধানা রামা রাম-সীমন্তিনী ॥ ১৬৮
দেখ্‌তে পতি, ভুবনপতি, ভুবন-মোহন।
চরণ তুলে, চতুর্দ্দোলে, হ'লেন আরোহণ ॥ ১৬৯
হৃষ্টমন, দেবগণ, দেখিছে গগনে।
ধেয়ে যায় দেখিতে লঙ্কার কুলকামিনীগণে ॥ ১৭০
বন-বহিষ্কৃতা হন রামের সুন্দরী।
পথে গিয়ে প্রণমিয়ে দেখে মন্দোদরী ॥ ১৭১
হাসিতে হাসিতে সীতে ভূষিতে ভূষণে।
যানে চ'ড়ে যান রাম-রামা রাম-দরশনে ॥ ১৭২
মন্দোদরী, মলো গুমরি, মনে পেয়ে তাপ।
কেঁদে বলে, তুমি ঘুচালে, আমার প্রতাপ ॥ ১৭৩
কাল হ'য়ে অশোক-বনে তুমি প্রবেশিয়ে।
চল্‌লে আমায় অকূলসিন্ধু-সলিলে ভাসায়ে ॥ ১৭৪
মরি পরাণে, অভিমানে, করি অভিসম্পাত।
রামচন্দ্র তোমার আনন্দ করিবেন নিপাত ॥ ১৭৫

* * *

পরজ[১]—একতালা

ভূষণে হ'য়ে ভূষিতে, ভূষতে! যাও রাম তুষিতে।
দেখো, দুঃখে মর্‌বে, রামের বিষনয়নে পড়্‌বে সীতে!
চল্‌লে ব'লে আমার পতি, মোর কোপে তোমারে সতি!
দিবে না বৈকুণ্ঠপতি, বাম হ'য়ে বামে বসিতে।
শুন গো সীতে রূপসি! সুখে যাও কি চতুর্দ্দোলে বসি,
বিমুখ হবেন গোলোকশশী, কলঙ্ক দিয়ে শশীতে। (ত)

* * *

সীতার উপর শ্রীরামচন্দ্রের বিরূপতা

চলেন সীতা সুর-মাঝে, দয়াকল্পে দয়াধরে,
গুণবতী অনন্ত গুণধরা।
দর্শনে যার না হয় তত্ত্ব, সেই চরণ দরশনার্থ,
প্রেমে চক্ষে তারাকারা ধারা ॥ ১৭৬

যথায় ল'য়ে লক্ষ্মণ, আসাপথ নিরীক্ষণ,
সীতার করেন সীতাপতি।
নিকটে হয়ে উপনীতা, ধরায় পড়ি ত্বরান্বিতা,
প্রণাম করেন সীতা সতী ॥ ১৭৭

সভূষণ সীতা-রূপ, দেখে অমনি বিশ্বরূপ,
হ'ন বিরূপ ভেবে অপরূপ।
শুনেছিলাম জীর্ণতমা, মম শোকে মৃত্যু-সমা,
তবে কেন দেখি এমন রূপ ॥ ১৭৮

চৌদ্দ বৎসর অনাহার, চেড়ীতে কর্‌তো প্রহার,
ব্যবহার এম্‌নি যদি ছিল।
তবে কেন শরীর পুষ্ট, কিসে হই সন্তুষ্ট,
দেহমধ্যে সন্দেহ জন্মিল ॥ ১৭৯

এ যে মন্দ বিবরণ, কিছু হয় নাই বি-বরণ,
দিব্য আভরণযুক্ত দেহ।
ছিল বনে একাকিনী, হয়েছে কুলকলঙ্কিনী,
তাতে আর কিছু নাই সন্দেহ ॥ ১৮০

জানের মত জানিলাম, মনে কথা মানিলাম,
আমার নাম ডুবিয়েছে জানকী।
দেখিব না জানকী-মুখ, বসিলেন হ'য়ে বিমুখ,
কমলার কান্ত কমল-আঁখি ॥ ১৮১

পাঠান্তর : ১ কালাংড়া পরজ—ক।

সীতার খেদ

দেখিয়া আসিতে সীতে, বরষার বৃক্ষ শীতে,
শুকায় যেমন, শুকালেন তেমনি।
কেঁদে কন, কেন দাসীরে, বধ বজ্র দিয়ে শিরে,
কি অপরাধ বল চিন্তামণি ॥ ১৮২

* * *

আলিয়া—কাওয়ালী

ও নীল-বরণ! জানিনে বিনে তব শ্রীচরণ।
কি দোষে দ্বেষ এখন।
আদেশ ক'রে আসিতে, জনম-দুঃখিনী সীতে,
বদন দেখে যে ফিরালে বদন॥
ওহে তুমিতো অন্তরের অন্ত জানো রাম!
অনন্ত দুখে, নাথ! রাম ব'লে কাল হরিলাম,
আশা ছিল আজি বিপদে তরিলাম,
শিবের সম্পদ্ পদ হেরিলাম
না দিয়ে আশ্রয় পদে, আবার কেন পদে পদে,
বিপদ কর হে বিপদ-ভঞ্জন!
আমি তোমার চাতকিনী জানকী,
সজল জলদকায়! তুমি হে কমল-আঁখি!
সয় এ যাতনা আর প্রাণে কি,
ঘন বৈ চাতকী আর জানে কি!
বাঁচাতে চাতকী-প্রাণ, না দিয়া তায় বারি-দান,
বজ্র দিয়ে করিলে প্রাণ হরণ। (খ)

* * *

সীতার অগ্নি-পরীক্ষা

কেঁদে ব্যাকুলা রামজায়া, হয় না রামের দয়া মায়া,
কহেন রাম, কেন মায়া-রোদন।
লজ্জা পেলাম তোর দ্বারা, লব না এমন দারা,
পণ করেছি জনমের মতন ॥ ১৮৩

যাও যেখানে প্রয়োজন, যাও যেখানে প্রিয় জন
আয়োজন কর গিয়া তার।
আর যাব না অন্বেষণে, ছি ছি! যদি অন্যে শুনে,
তবে আমার মুখ দেখান ভার ॥ ১৮৪

তখন মনের অগ্নিতে সীতে, চাহেন অগ্নি প্রবেশিতে,
শ্রীরাম কহেন উচিত এক্ষণে।
সীতার জীবন হরিবারে, অগ্নিকুণ্ড করিবারে,
অনুমতি করেন লক্ষ্মণে ॥ ১৮৫

তখন, রামের কাছে কেউ এসে না, কেঁদে কয় রামের সেনা,
হরিভক্তি আমাদের হরিলো।
শোকযুক্ত সুর-নর, ব্যাকুল যত বানর,
শোকানলে নল ভূমে পড়িল ॥ ১৮৬

রামের লক্ষণ দেখি, লক্ষ্মীর পদ নিরখি,
লক্ষ্মণের শোক লক্ষ গুণ।
ঘন ঘন ধারা চক্ষে, ঘনবরণের বাক্যে,
জ্বালায় প'ড়ে জ্বালান আগুন ॥ ১৮৭

জানকীর অপমান, কিছু জানে না হনুমান্,
এল বীর নীলপদ্ম করি করে।
দীর্ঘশ্বাস ঘন ছাড়ে, ধরায় অঙ্গ আছাড়ে,
রোদন করি কহে রঘুবরে ॥ ১৮৮

কর হে! কি রঙ্গ হরি! তরঙ্গে আনিয়ে তরী,
কিনারায় ডুবালে কি কারণ।
ওহে রাম নিরদয়! ওহে পাষাণ-হৃদয়!
এই জন্যে জলধি বন্ধন ॥ ১৮৯

পুড়েছে মা মোর মনাগুনে, আর কেন পোড়াও আগুনে,
যা হউক তোমার প্রেমে হ'লাম ক্ষান্ত।
মানবো না কাহার মানা, থাকিতে মা বর্ত্তমানা,
আমি প্রাণ ত্যজি গিয়ে শ্রীকান্ত ॥ ১৯০

* * *

ললিত-ঝিঁঝিট[১]—একতালা

চল্‌লাম গুণধাম! জন্মের মত রাম! প্রণাম হই চরণে।
আমি দিব হে জানকী-জীবন! জীবন জীবনে।

পাঠান্তর: ১ বিভাস—ক

রাম দয়াময় নাম শুনিলাম, আশায় চরণ সার করিলাম,
কিন্তু দাসের আশাবাদা হে রাম!
আজ ভাঙ্গিলো এত দিনে।
গুহে! মা যদি মোর হন অনলে দাহন,
আমার ভুবন আঁধার, ভুবনমোহন!
অজ্ঞাত নও ভুবনস্বামী! অজ্ঞান বালক মায়ের আমি,
শেষে বুঝিতে[1] পারিবে না তুমি, মাতৃহীন সন্তানে॥ (দ)

* * *

রত্নসিংহাসনে রাম-সীতার উপবেশন

হেথা তাপে জানকীর তনু ক্ষীণ, করেন কুণ্ড প্রদক্ষিণ,
প্রজ্জ্বলিত হইল আগুন।
রাম-শোকে রাম-বনিতে, পড়েন গিয়া বহ্নিতে,
বর্ণিতে বর্ণিতে রামের গুণ॥ ১৯১
তখন শীতল প্রকৃতি করি, সীতাকে শীতল করি,
রাখেন অগ্নি করিয়া আদর।
কিঞ্চিৎ কালের পর, পরম দুঃখী পরাৎপর,
যত রাগ অগ্নির উপর॥ ১৯২
হাতে করি ধনুর্ব্বাণ, দাঁড়াইলেন ভগবান্,
করিবারে অগ্নির সংহার।
অগ্নি বলে করি স্তুতি, কি দোষে অগ্নির প্রতি,
প্রভু! তুমি অগ্নি-অবতার॥ ১৯৩
তখন রামকে দিয়ে রামের শক্তি, খেদে অগ্নি করে উক্তি,
প্রণাম করি জানকীবল্লভে।
দেখিলাম এই তো কার্য্য, যে দিন হবে রাম-রাজ্য,
দীনের প্রতি তো এমনি বিচার হবে॥ ১৯৪
তখন সীতে পেয়ে শীতলাম্বর, শীতে সূর্য্য উঠিলে পর,
তৃপ্ত যেমন জগতের প্রাণী।
দুঃখিনী জানিয়ে সীতে, করেন সীতা সম্ভোষিতে,
মধুর বচনে চিন্তামণি॥ ১৯৫
প্রেমানন্দে বিভীষণ, আনি রত্নসিংহাসন,
মনের মানস পুরাইতে।
জটা বাকল খসাইয়া, রত্নাসনে বসাইয়া,
রাজভূষণে সাজান রাম-সীতে॥ ১৯৬
ত্রিভুবন সুখে মগন, নৃত্য করেন দেবগণ,
রামানন্দে সানন্দ হইয়ে।
জগতের যাতনা হরি, রাজবেশে বসিলেন হরি,
স্ববামে জনক-সুতা ল'য়ে॥ ১৯৭

* * *

ললিত[2]—একতালা

কি শোভা রে! রামরূপ, রূপসাগর-তরঙ্গ।
রত্নাসনে সীতা-সনে রাজভূষণে ভূষিতাঙ্গ।
চন্দ্রমুখীর মুখ নিরখি, চন্দ্র দুখী পায় আতঙ্ক
মরি, হরির অঙ্গ হেরি অঙ্গ হারায় রে অনঙ্গ।
রামরূপ হেরে ত্রিনয়নের, প্রেমতরঙ্গ ত্রিনয়নে.
সদা কন নয়নে, ছেড় না রামরূপ-সঙ্গ!
চিন্তামণির গুণের বাণী বলতে বাণীর বাণী সাঙ্গ।
সীতানাথের তুল্য কে আর আছে অনাথের অন্তরঙ্গ॥ (ধ

পাঠান্তর: ১ বুঝাতে—খ, বুঝিতে—ক ২ ললিত ভঁয়রো—ক

রামচন্দ্রের দেশাগমন

শ্রীরামচন্দ্রের ভরদ্বাজ মুনির আশ্রমে আগমন

উদ্ধার করিয়া সীতে, ভরতের দুঃখ নাশিতে,
দেশে আসিতে শ্রীরাম উচাটন।
সবান্ধবে জগবন্ধু, পার হন জলসিন্ধু,
মুক্ত করি জলধিবন্ধন ॥ ১
পশুপতির গতি হরি, পশুগণ সঙ্গে করি,
তথা হৈতে গিয়ে কিঞ্চিত[১] পথে।
বলেন, ওরে হনুমান্! বেলা অধিক অনুমান,
হবে একটু নিকটে তিষ্ঠিতে ॥ ২

আমার যতেক হনু, অপেক্ষা করে না তনু
পূর্ব্বে না উঠিতে পূর্ব্বে খায়।
জানি রে[২] আমার দল, সইতে নারে ক্ষুধানল,
যায় প্রাণ কহে না লজ্জায় ॥ ৩

অঙ্গদের অঙ্গ শীর্ণ, নীলের মুখ নীলবর্ণ,
ঐ দেখ হয়েছে ক্ষুধানলে।
নিকটে আছেন মুনিরাজ, বড় ভক্ত ভরদ্বাজ,
(চল যাই) সেই খানে আজি থাকিব সকলে ॥৪

শ্রদ্ধা অতি শুদ্ধাচার, অগ্রে গিয়ে সমাচার,
জানাও তুমি মুনির নিকটে।
শুনি মুনি বিদ্যমান, এক লম্ফে হনু যান,
ধনু হইতে যেন বাণ ছোটে ॥ ৫

জানায়ে আপন নাম, মুনিরে করি প্রণাম,
কহে রাম-আগমন-তত্ত্ব।
আসিতেছেন পীতাম্বর, শুনি সানন্দ মুনিবর,
কহিছেন প্রেমে হ'য়ে মত্ত ॥ ৬

মরি মরি রে প্রাণধন! তোরে বিলাব কি ধন,
নাইরে ধন আমি রে তপোধন।
যদি বাঞ্ছা হয় মনে, প্রাণ ত্যজে আজি যোগাসনে,
তোরে জীবন করিয়ে বিতরণ ॥ ৭

* * *

সুরট[৩]—একতালা[৪]

শ্মশান-ভবনে ভব যায় ভাবে।
পাব ভবের ধন সে যাবে,
হবে এমন দিন,
দীননাথের দয়া দীনে, এমন দিন কি হবে ॥
আমি দীন হীন অতি নিরাশ্রয়,
করিবেন আমার আশ্রমে আশ্রয়,
দিবেন পদাশ্রয়, সেই গুণাশ্রয়, শ্রীচরণ-পল্লবে।
ওহে বন-যাত্রাকালে, একদিন মম ধাম,
এসেছিলেন অশেষ গুণের গুণধাম,
আবার দয়া ক'রে আসিবেন কি রাম,
এত দয়া কি সম্ভবে।
তবে যদি হেতু নির্গুণে নিস্তার,
স্বগুণে গুণসিন্ধু-অবতার,
দাস বিনে দাশরথির ভার,
গ্রহণ করে কে ভবে ॥ (ক)

* * *

বিশ্বকর্ম্মার গৃহ-নির্ম্মাণ

তখন, স্বগণ সঙ্গেতে করি, সঘনে আনন্দে হরি,
উপনীত ভরদ্বাজ-ধামে।

পাঠান্তর: ১ কিছু—খ, ঘ। ২ জানিবে—খ, ঘ। ৩ সুরট মল্লার—ক। ৪ ধামাল—খ, ঘ।

আনন্দ অতি ঋষির, ধরায় সঁপিয়ে শির,
স্বরায় প্রণাম করিল গিয়ে রামে। ৮

মুনির মন ছলিবারে, কহেন রাম বারে বারে,
দেখা হ'লো এক্ষণে বিদায়।

বাড়ী ছাড়া অনেক দিন, কেঁদে মরিছে অনেক দীন,
আমার লাগিয়ে অযোধ্যায়। ৯

অন্য না হয় থাকিতাম, তোমার মান রাখিতাম,
উভয়ের আছে ভালবাসা।

শুধু নই আমরা কটি, বানর বাযট্টিকোটি,
কোথা তুমি দিতে পাবে বাসা। ১০

শুনিয়ে কহেন মুনি, চিন্তা কি হে চিন্তামণি!
কিনিতে হেথা সকলি পাওয়া যায়।

যদি থাকে ভালবাসা, দিতে পারি ভাল বাসা,
কোটি কোটি লোক এলে এ বাসায়। ১১

তথন মুনি যোগাসনে, করিলেন আকর্ষণে,
বিশ্বকর্ম্মা আসিয়া সত্বর।

মুনি-বাণী শুনি শ্রবণে, গঠিলেন তপোবনে,
কটাক্ষেতে কোটি কোটি ঘর। ১২

প্রতিঘরে স্বর্ণথাট, স্বর্ণকোশা স্বর্ণ টাট,
স্বর্ণহাট হ'লো মুনির পুরী।

প্রতিঘরে গড়ে বসি, দীর্ঘকেশী সুরূপসী,
খাটে বসি মায়া বিদ্যাধরী। ১৩

* * *

ভরদ্বাজ-আশ্রমে অন্নপূর্ণার রন্ধন

পুনঃ যোগে করি মন, অন্নপূর্ণা আগমন,
প্রণাম করি কহেন বিশেষ।

মা! কর গো রন্ধন, অতিথি রঘুনন্দন,
দশাননে ব'ধে যা'চ্ছেন দেশ। ১৪

ঘুচায়ে দীনের পাক, অন্ন ব্যঞ্জন আদি শাক,
অন্নদা রান্ধেন নিজ করে।

ভোজন কর্‌লে সুর নরে, ফুরায় না শত বৎসরে,
ধরে না অন্ন দামোদর উদরে। ১৫

মুনি বড় আনন্দ মনে, কহিতেছেন বানরগণে,
খেউরি হয়ে স্নান ক'রে সবে এস।

ব'লে যান মুনি ঠাকুর, নাপিত লইয়ে ক্ষুর,
বলে কে কামাবে এসো বস। ১৬

* * *

বানরগণের খেউরি ও নাপিতের লাঞ্ছনা

ক্ষুর দেখে নাপিতের হাতে, ভয়ে বানর যায় তফাতে,
এক বানর উঠিল বৃক্ষ-ডালে।

ক'রে দন্ত কড়মড়, এক বানর মারে চড়,
নাপিত করে ধড়ফড়, পড়িয়া ভূতলে। ১৭

মুনি বলে কেন মেলে, কি দোষী নাপিতের ছেলে,
বানর বলে মেরেছি বটে মুনি!

ও বেটা কি জন্য আনে, শাণিয়ে অস্ত্র গলা পানে,
অপমৃত্যু ঘটেছিল এখনি। ১৮

একটা অস্ত্র পাথরে ঘ'যে, পায়ের অঙ্গুলি কাটিতে আসে,
দাড়ি ভিজায়ে দিল কিসের তরে।

জানে না যে রামের ভক্ত, বেটার এত ঘাড়ে রক্ত,
আমাদের ঘাড় নুয়ায়ে ধরে। ১৯

মুনি কন যা হবার হউক, আজকের মতন কামান রহুক,
অন্ন প্রস্তুত ভোজনে বস সবাই।

শুনি এক বানর কয়, ভোজন কথাটা ভাল নয়,
বেটা বুঝি দুখ দিলে হে ভাই। ২০

* * *

রন্ধনশালার দ্বারদেশে অন্নপূর্ণা-দর্শন

মনের দুঃখে ভাসিয়ে, সবে দেখে পুরে প্রবেশিয়ে,
স্বর্ণথালে অন্ন সারি সারি।

অতসীকুসুমবর্ণা, দাঁড়িয়ে আছেন অন্নপূর্ণা,
রন্ধনঘরের দ্বার ধরি। ২১

বানর বলে ওহে মুনি! দাঁড়িয়ে উনি কে রমণী,
ইন্দ্রাণী কি ব্রহ্মাণী অভয়া।

মুনি বলেন শোন্ রে বানর! দীনতারিণী নামটি ওঁর,
দীন দেখে আমারে বড় দয়া। ২২

উহার পরিবার শুদ্ধ বাস, বারাণসীতে বারো মাস,
এমন মেয়েটী দেখি নাই[১] কোন রাজ্যে।
উনি গণেশ-ঠাকুরের মাতা, গিরিবর-ঠাকুরের সুতা,
গঙ্গা-ঠাকুরাণীর সতীন, গঙ্গাধরের ভার্য্যে। ২৩
অসময়ে এসেছেন হরি, কিরূপে নির্ব্বাহ করি,
দেখিলাম তখন অন্ধকার।
বড় দায়ে ঠেকেছিলাম, বরদাকে ডেকেছিলাম,
সেই কল্পে বিপদে উদ্ধার। ২৪

* * *

ঝিঁঝিট—ঠেকা[২]

দীননাথ হয়েছেন অতিথি।
না এলে দীনতারিণী, কি হ'ত দীনের গতি।
মন-পত্র ভক্তি-ডাকে লিখিয়ে এনেছি মাকে,
"সেইতো এ মান রাখে", হলেন অন্নদা রন্ধনে ব্রতী।
ভবের উক্তি বটেন উনি, ভুবনের গতিদায়িনী,
কিন্তু মায়ের চিরদিনই, বড় দয়া দীনের প্রতি। (খ)

* * *

হেসে বানরগণে বলে, ভাল বুঝালে বানর ব'লে,
অন্নপূর্ণা দিলেন পাক করি।
তাঁর কপালে এত পাক, তোমার ঘরে করেন পাক,
এসে সেই ব্রহ্মাণ্ডেশ্বরী। ২৫
ছাড় ব্যঙ্গ ছাড় ছলনা, ভেঙ্গে বল না কার ললনা,
মুনি বলেন ঐ হরের মনোরমা।
শুন ওরে রামের চর! কাজ কি রেখে অগোচর,
উনি কেউ নন উনি আমার মা। ২৬
বানর বলে ওহে মুনি! ছিলে বুদ্ধের শিরোমণি,
বসেছ এখন বুদ্ধির মাথা খেয়ে।
তোমার অন্ত নাই দন্ত নাই, বয়সের অন্ত নাই,
তোমার মা কি ঐ ষোড়শী মেয়ে। ২৭

আজি কালি কি ছয় মাস বাঁচ, যাত্রা ক'রে বসে আছ,
উরু ভেঙ্গেছে ভুরু পেকে গেল।
মা গঙ্গা দিলে ঠাঁই, মঙ্গল বই ক্ষতি নাই,
ছেলে পিলে সব বেঁচে, থাকিলেই ভাল। ২৮
তোমার হাঁড়িতে বসেছে কথা, বাহির হয়েছে যমের খাতা,
পাকা ফল আর কদিন রয় গাছে।
তুমি যদি হও উঁহার কুমার, উনি যদি হন মা তোমার,
তবে ওঁর কপালে পুত্রশোক আছে। ২৯

* * *

বানরগণের ভোজন

মুনি বলে হে বানর ভাই! ভোজনে এসে বস সবাই,
ভোজনান্তর ইহার উত্তর হবে।
শুনি বানর মহা মহোৎসবে, ভোজনে বসিল সবে,
রামের চর সব রাম জয় রবে। ৩০
খাইয়ে মোচার ঝাল, ঝাল লেগে বানরপাল,
আপনার গাল আপনি চড়াচড়ি।
মুনি কন শঙ্কা কিবে, লঙ্কা কিছু অধিক ক'রে,
বেঁটে বুঝি দিয়েছেন কাশীশ্বরী। ৩১
তখন নল বলে রে নীল ভাই! লঙ্কা আমাদের ছাড়ে নাই,
মনে করেছ জিনেছি লঙ্কারে।
কই লঙ্কাজয়ী হ'লো, লঙ্কা যদি ফিরে এলো,
নাগাদ লঙ্কা রাবণ আসিতেও পারে। ৩২
মুনি কন শুনিয়ে গোল, সে লঙ্কা নয় ওরে পাগল!
গুড় অম্বল খাওরে ঝাল যাবে।
তখন, শুনিয়ে মুনির বোল, করিয়ে খাবল খাবল,
গুড় অম্বল খায় বানর সবে। ৩৩
ভোজন সাঙ্গ হ'লে পর, কহিতেছেন মুনিবর,
আচমনের ব্যবস্থা হবু তবে।
বানর বলে মুনি গোঁসাই! আচমনে আর কাজ নাই,
রেখে দাও গে রাত্রে খেতে হবে। ৩৪

পাঠান্তর: ১ নাই কো—খ, ঘ। ২ মধ্যমান—ক। ৩-৪ তাইতে এ মান থাকে—ক।

গলায় গলায় হয়েছে সবে, দিলে পাতে পাতে প'ড়ে রবে,
আচমন তো আর পেটে ধরে না।
শুনি মুনির আনন্দ বড়, বলেন ধর রে তাম্বুল ধর,
মুখশুদ্ধি কর সর্ব্বজনা। ৩৫

পান খাইয়া বানরগণের ত্রাস

এক বানর কয় নোয়াইয়ে মাথা, অনেক রকম খেয়েছি পাতা,
ও আমাদের নিত্য-ভোজন বনে।
মুনি কন খাও রে পান, এর সম সুধাপান,
শীঘ্র অন্ন জীর্ণ পায়[১] পানে। ৩৬
তখন শুনি কথা সকলে মেলি, চিবায় পানের খিলি,
খদির চুণে ওষ্ঠ হ'লো লাল।
এ চায় উহার পানে, বলে বিপদ ঘটিল পানে,
হাহাকার করে বানরের পাল। ৩৭
বলে, এইবার বিপদ্ শক্ত, মুখে কেন, ভাই উঠে রক্ত,
এত বাদ কি মুনি বেটার মনে।
ব্যঞ্জনে দেয় লঙ্কা পুরে, এমন বিপদ্ লঙ্কাপুরে,
হয় নাই ত রাবণের ভবনে। ৩৮
কাঁপে অঙ্গ থরহরি, বলে ভাই! মরি মরি,
বিপদকালে একবার সবে, হরি ব'লে ডাক।
ডাকে করি উর্দ্ধহাত, বলে, উদ্ধারো জানকীনাথ!
বিপদ-সাগরে প্রাণ রাখ। ৩৯

* * *

খাম্বাজ—একতালা

হরি! বিপদে রাখ,
ওহে অনাথের নাথ চিন্তামণি!
কর দৃষ্টিপাত, ওষ্ঠে রক্তপাত,
কি দিয়ে বধিল এ বেটা মুনি।
ভাল ভাল ব'লে এলে মুনির বাসে,
মুনি বেটা তোমায় ভাল ভালবাসে,
খেতে দিয়ে নাশে, তব নিজ দাসে,
এমন বেটার বাসে এলেন আপনি।
এ বেটার কপটে অপমৃত্যু ঘটে,
বিপদ্ শক্ত বটে, মুখে রক্ত উঠে,
কাল এল নিকটে, এমন সঙ্কটে,
কোথা রইলে মা জনক-নন্দিনি!। (গ)

* * *

বানরগণ ও মায়ারমণী

মুনি কন দিয়ে অভয়, ওরে বাছা কিসের ভয়,
হও রে ধীর এ নয় রুধির।
মুনি দিলেন শঙ্কা নাশি, যেমন কান্না তেম্নি হাসি,
কোপ-লোপ হইল কপির। ৪০
এমনি আছে পূর্ব্বাপর, ভোজনের পূর্ব্ব পর,
যেমন যেমন ব্যবহার চলে।
বলেন, যাও রে শয়ন-ঘরে, স্বর্ণখাট শয্যোপরে,
অলস ত্যাগ কর গে সকলে। ৪১
বানর বলে তা হবে না, ও কথাটী আর রবে না,
ঘরে আমাদের যেতে বল মিছে।
পাছে[২] রামের কোপে পড়িব, অলস কেন ত্যাগ করিব,
অলস আমাদের কি দোষ করেছে। ৪২
শুনি হাসি কন মুনিবর, অলস বুঝ না বর্ব্বর!
চক্ষু মুদে পা মেল গে খাটে।
অনেক ইসারার পর, চলিল যত বানর,
শয়ন-ঘরের দ্বারের নিকটে। ৪৩
পুরে প্রবেশিতে দেখে অমনি, খাটে বসে মায়া-রমণী,
মৃগনয়নী উচ্চ কুচদ্বয়।
বানরকে দেখে বলে নারী, একাকী আমি রইতে নারি,
এস হে! খাটে বস হে রসময়। ৪৪
বানর দেখে চেয়ে চেয়ে, বলে এ নয় সামান্য মেয়ে,
কোন দেবী বসেছেন এসে ছলে।

পাঠান্তর: ১ পান—ক। ২ আমরা মিছে—ক।

বানর অতি মৃদুভাষে, গললগ্নীকৃতবাসে,
চরণ-পাশেতে গিয়ে বলে। ৪৫
যদি হও কমলা সতী, কিম্বা হও সরস্বতী,
কিম্বা হও হরমনোরমা।
রামের কিঙ্কর হই, দয়া কর দয়াময়ি!
আমি তোমায় প্রণাম করি গো মা। ৪৬
মায়ানারী কয় উমা ক'রে, ধর্‌লি পায়ে বল্‌লি ফিরে,
কর্‌লি প্রণাম, হয়ে কেন রে স্বামী।
বানর বলে দোষত নাই, রাগিলে কেন মা গোসাঞি!
অজ্ঞান বালকের উপর তুমি। ৪৭

* * *

রামচন্দ্রের ভরদ্বাজ-আশ্রম ত্যাগ

এইরূপে আমোদ কত, মুনির মনের মত,
কি আনন্দ সে দিবা-রজনী।
অস্তাচলে যান চন্দ্র, প্রভাত কালে রামচন্দ্র,
বলেন আমি বিদায় হই হে মুনি। ৪৮
মুনি কন রোদন ক'রে দৈবে মাণিক পেলে পরে,
দরিদ্র কি দিতে পারে অন্যে।
কহিতেছেন পরাৎপর, তুমি আমার নও পর,
এত বলি বিদায় সসৈন্যে। ৪৯

* * *

গুহক চণ্ডালের ভবনে শ্রীরামচন্দ্রের আগমন

(হেথা) গুহকের শুভগ্রহ, হ'লো রামের অনুগ্রহ,
যেতে গুহকের গৃহ দিয়ে।
গুহক রামের লাগি, গৃহ-মধ্যে গৃহত্যাগী,
ব'সে আছেন আশা-পথ চেয়ে। ৫০
কাঁদিছে ব'সে গণিছে পথ, হেন কালে দশরথ-
পুত্র রাম দিলেন দরশন।
রামকে দেখিতে পায়, গুহক পড়িল পায়,
এলি বলে করিছে রোদন। ৫১

যে দিন মিতে! গেলি বনে, বনে আছি কি আছি ভবনে,
আর কি আমার জীবনে জীবন ছিল।
দিন গুণ্‌ছি দিন দিন, চৌদ্দ বৎসর তিন দিন,
আজিকার দিন ল'য়ে ভাই! হ'লো। ৫২
গণ্য না করিয়ে মোরে, অন্য পথ দিয়ে গেছ রে,
ভেবেছিলাম তোর দিন বিলম্ব দেখে।
আসিব ব'লে গেলি যেদিন, সেই একদিন আর এই একদিন,
এত দিন কি দীনকে মনে থাকে। ৫৩

* * *

ললিত-ঝিঁঝিট[১]—ঝাঁপতাল

বলে গেলিনে ব'লে রে ভাই! ভেবেছিলাম আমি চিতে।
দীনকে বুঝি ভুলে গেছ দিন পেয়ে রে রামা মিতে।
গণ্য না করিয়ে মোরে অন্য পথে গেলে পরে,
ত্যজিতাম রে! প্রাণ, বাণ দান ক'রে হৃদয় পরে,
নতুবা জীবনে যেতাম জীবন সঁপিতে।
আশা দিয়ে গেলি যে কালে, আসিব বলে আসা-কালে,
সেই আসার আশাতে আছি তব আশা-পথে;
সতত[২] নবঘন-রূপ জাগিছে মম অন্তরে,
গগনে দেখি নবঘন ঘন ঘন নয়ন ঝরে,
ভালবাসি রে মিতে! তোরে জীবন-সহিতে। (ঘ)

* * *

গুহকের দুঃখ নিবারি, স্বহস্তে নয়নবারি,
মুছায়ে কন দুঃখবারী।
রহিলাম গিয়ে দূরে, প্রাণ ছিলো তোমার উপরে,
আমি কি তোমারে ভুলিতে পারি। ৫৪
ঘরে থাকি বা থাকি বনে, আছে দেখা মনের সনে,
নয়নের দেখাটাই কি দেখা।
দেহ-মধ্যে আছে প্রাণ, প্রাণকে কেবা দেখতে পান,
প্রাণের তুল্য কেবা আছে সখা। ৫৫

পাঠান্তর: ১ বিভাস—ক। ২ সদা ত—খ, গ।

গুহক বলে, ও রে হাঁ রে! শক্তিশেল যেন প্রহারে,
সেই বাক্য লক্ষ্মণের বুকে।
সহ্য না হইল প্রাণে, সুগ্রীবের কানে কানে,
কহেন লক্ষ্মণ মনোদুঃখে। ৫৬
চরণে যার সুরধুনী, শরণাগত সুর-মুনি,
গুণধাম দেন মোক্ষধাম।
কটাক্ষে ধ্বংস[১] উৎপত্তি, গুণ গান গণপতি,
অখিল ব্রহ্মাণ্ডপতি রাম। ৫৭
সাধেন সনক সনাতন, যিনি ব্রহ্ম সনাতন,
চিন্তামণি মুনির মনোহারী।
ব্রহ্মা ধ্যানে নাহি পায়, আমার দাদার পায়,
সদানন্দ সদা আজ্ঞাকারী। ৫৮
হেদে গুহ ও রে হাঁ রে, কি সাহসে বলে উঁহারে,
এমন ব্যবহারে করেন দয়া!
পদে পদে সকলি নিন্দে, কি গুণ আছে পদারবিন্দে,
জানেন তবু দেন পদছায়া। ৫৯
এসে চণ্ডালের বাড়ী, একি পিরীত বাড়াবাড়ি,
এ স্থানে কি এসে ভদ্রলোকে।
প্রভুর কিছু বিচার নাই, ছোট লোককে দিলে নাই,
মানীর কোথায় মান থাকে। ৬০
এ যে দয়া অবিধান, এলেন হারাতে মান,
দয়াহীনের ঘরে দয়াময়।
অন্ধে যেমন দর্পণ, করলে পরে অর্পণ,
দর্পণের দর্পচূর্ণ হয়। ৬১
এ কথা কি মান্য করি, চণ্ডালে বলিবে হরি,
চণ্ডালের পাখী হরি বলে না।
রাগ করুন ভগবান্, আমি কিন্তু দিয়ে বাণ,
বধিব ওরে নতুবা সহে না। ৬২
রাগে চক্ষু রক্তাকার, অঙ্গ-জ্বালা অঙ্গীকার,
না করিয়ে ধরেন অমনি ধনু।
তূণের বাণ গুণে সঁপিয়ে, অগ্রজের অগ্রে গিয়ে,
বধিতে যান গুহকের তনু। ৬৩

জানি বিশেষ বিবরণ, করে ধরি নীলবরণ,
নিবারণ করেন ত্বরিতে।
ক্ষান্ত হও রে ভ্রান্ত ভ্রাতা! অন্তরের অন্ত-কথা,
তুমি মিতার পার নাই বুঝিতে।

* * *

ললিত-ঝিঁঝিট[২]—একতাল

কার প্রাণ নাশন, করবি রে ভাই! শুন,
মিতার আমার কোন অপরাধ নাই।
প্রেমে ও রে হাঁ রে ও বলে আমারে,
আমি ওরে বড় ভালবাসি তাই।
ও রে হাঁ রে বলে জাতীয় স্বভাব,
অন্তরে উঁহার বড় ভক্তিভাব,
নইলে[৩] আমি ধন, সাধু জনার মন, জুড়াই রে;
আমি ভাবগ্রাহী কেবল ভাবেতে জুড়াই।
ভক্তিশূন্য আমি ব্রাহ্মণের নই,
ভক্তিতে আমি চণ্ডালের হই,
ভক্তিশূন্য নর, সুধা দিলে পর, শুধাই না রে,
"আমায়, ভক্তি ক'রে ভজে" বিষ দিলে খাই। (৪)

* * *

গুহক অতি সুপবিত্র, রামের অতি সুমিত্র,
সুমিত্রানন্দন ক্ষান্ত শুনে।
আনন্দসাগরে রাম, এক রজনী বিশ্রাম,
করিলেন গুহকের ভবনে। ৬৫
উদয় হ'লেন দিনমণি, কহিতেছেন গুণমণি,
আসিব আবার আমি, অন্ত আসি।
শুনি উন্মাদের প্রায়, পথ না দেখিতে পায়,
গুহক অমনি নয়ন-জলে ভাসি। ৬৬
কেঁদে বলে রে দুঃখবারী! আমি কি থাকতে বলিতে পারি,
আমি কি তোরে পারি রে বিদায় করতে।

পাঠান্তর: ১ ধ্বংস—খ, ব। ২ বিভাস—ক। ৩ নইলে—ক। ৪-৪—ভক্তজনে এনে—খ, ব।

আবার আসবি—ও যে আশা, আমি যে তোর করি আশা,
এ কেবল বামনের আশা, আকাশে চাঁদ ধরতে ॥ ৬৭
বিরিঞ্চি তোয় বাঞ্ছা রাখে, সদানন্দ সদা ডাকে,
সঁপে মন পায় নাকো তোর দেখা।
আবার আসিবি এত প্রণয়, ও কথাতো কথাই নয়,
তুই রে হরি! চণ্ডালের সখা ॥ ৬৮

* * *

নন্দীগ্রামে শ্রীরামচন্দ্র

গুহকের শুনি বচন, তোষেন মধুসূদন,
মধুনিন্দি মধুর বচনে।
রথে চড়ি ত্বরান্বিত, নন্দীগ্রামে উপনীত,
প্রাণ-তুল্য ভরত যেখানে। ৬৯
[১]চলে এক বানরচর, ভরতে করিতে গোচর,
সমাচার দিতে নন্দিগ্রামে।
আসছেন রাম কমললোচন এইরূপ বলিতে বচন,
চর যায় প্রণাম করি রামে ॥ ৭০
রামের পাদুকা রাখি বোদকা পরে ছত্র ধরে।
রাম-বিচ্ছেদ বাণ কেমনে হানে ভরতের ধরে ॥ ৭১
ভরত শুনলেন রাম আসিছেন আর লক্ষ্মণ-সীতে।
হর্ষে বর্ষে অশ্রুধারা ভরতের চিতে ॥ ৭২
বলেন কে শুনালি আমায় রাম-আগমন-কথা?
কি দিব রে পুরস্কার এমন ধন কোথা? ৭৩

* * *

খাম্বাজ—একতালা

আমায়, কি শুনালি রে,
এমন সময় শ্রীরামনামের ধ্বনি।
হয়েছিল চিত, মরণে নিশ্চিত,
সুধাতে সিঞ্চিত হ'লো অমনি ॥
এমন দিন কি হবে, হয় না অনুভবে,
বিধি বাদী আমায় রামনিধি মিলাবে।
এ পুরে শ্রীরামচন্দ্রের উদয় হবে,
পোহাবে আমার দুঃখরজনী ॥
দুঃখ-হরণ রাম যদি এলেন ঘরে,
তবে কেন দুঃখ আর রাখিব অন্তরে।
এ দুঃখ দূর করে পাঠাইব দূরে,
ওরে, কতদূরে বল সে চিন্তামণি ॥[১] (চ)

* * *

এত বলি ঝরে নয়ন, হেনকালে নারায়ণ,
ভরত নিকটে আগমন।
প্রণমিতে পদতলে, ভরতের নয়ন-জলে,
হ'লো রামের চরণ-সিঞ্চন ॥ ৭৪
চক্ষু-জল চরণে দিয়ে, অপরাধ হ'লো বলিয়ে,
যুগল পদ কেশ দিয়ে মুছায়।
ভরতকে করিয়া কোলে, দুঃখানলে শোকানলে,
জল দিলেন জলধর-কায় ॥ ৭৫
ভরতের গুণ তখন, সুগ্রীবে ডাকিয়ে কন,
ভবে ভক্ত আছে বহু জন।
ভরতের তুল্য ভাই, ভারতের মধ্যে নাই,
শরতের শশী তুল্য মন ॥ ৭৬

* * *

অযোধ্যায় শ্রীরামচন্দ্রের প্রত্যাবর্ত্তন

সব সঙ্গী ল'য়ে সঙ্গে, শ্রীরামচন্দ্র নানা রঙ্গে,
নিজ পুরের প্রান্তে উদয় গিয়ে।
সব শবাকার ছিল নীরব, রাম এলো এই শুনিয়ে রব,
করে রব গৌরব করিয়ে ॥ ৭৭
রাম-গত রাজ্যেতে যত, রাম-শোকেতে অবিরত,
কাঁদিতেছিল নয়ন-জলে ভাসি।
কি শুনিলাম বল বল, রাম রাম! রাম কি এলো?
ধ'রে তোল দেখে একবার আসি ॥ ৭৮

পাঠান্তর: ১-১ ৭০-৭৩ শ্লোক ও চ-সংখ্যক গানটি ক-গ্রন্থে আছে, খ ও গ গ্রন্থে নাই।

বালক যুবক জরা, অমনি চলিল ত্বরা,
তারা-হীন তারা যায় ত্বরায়।
গুণনিধি এলো ব'লে দুগ্ধের বালক ফেলে,
রামাগণ সব রাম দেখ্‌তে যায়। ৭৯
ভরত বলে শুন ভাই! পুরবাসী এলেন সবাই,
কৈকেয়ী মা এসে যদি আর বার।
হারায়ে হরি আবার সবে, হরিষে বিষাদ হবে,
পুনঃ ভবন হবে অন্ধকার। ৮০

* * *

খাম্বাজ—কাওয়ালী

একবার অবিলম্বে ওরে শত্রুঘ্ন!
কর ভাই রে! অন্তঃপুরে গমন।
রাখ্‌রে পাপিনী মাকে করিয়ে বন্ধন,
শঙ্কা বড় আছে, পাছে আবার এসে রামের কাছে,
বলে রাম! তুই যারে বন।
সে তো মা নয়, পাপিনী সাপিনীর আকার,
দয়া নাই, মায়া নাই মার আমার,
সেই তো মনে দিয়ে কালি, বনে দিল বনমালী,
সেই অবধি হয়েছে আন্ধার অযোধ্যা-ভুবন। (ছ)

* * *

কৈকেয়ীর বন্ধন-কথা, নগরের নাগরী যথা,
শুনি সব আনন্দ অন্তরে।
কহিছে নারী পরস্পরে, পরের মন্দ কর্‌লে পরে,
আপনার মন্দ হয় পরে। ৮১
কৈকেয়ী মাগীর ছিল মন, চৌদ্দ বৎসর বন-ভ্রমণ,
এত কষ্টে রাম কি বেঁচে রবে!
পশুতে প্রাণ নাশিবে, ফিরে ঘরে না আসিবে,
আমার ভরতের রাজা হবে। ৮২
লজ্জা কি ইহার পর, আপন ছেলে হ'লো পর,
ভরত বলে, দেখ্‌ব না আর মুখ।
সেই ত রাম! এলো ঘরে, লাভে হতে স্বামীটে মরে,
পরের মন্দ ক'রে এইতো সুখ। ৮৩

রাম বিনে অযোধ্যার কি দশা

দিদি! আমরা বেঁচেছি লো! রামধন বিনে আঁধার ছিল,
রজনী আন্ধার বিনা যেমন শশী।
যেমন জল বিনে মীনের দশা, ঘন বিনে ঘন পিপাসা,
চাতকের যাতনা দিবা-নিশি।
পতি বিনে যেমন নারী, নারী বিনে সংসারী,
সারী বিনে শুকের কি সুখ আছে।
চক্ষু বিনে যেমন অঙ্গ, ভক্তি বিনে সাধু-সঙ্গ,
অন্তরঙ্গ বিনে বসতি মিছে।
দেহ যেমন প্রাণ-বিহনে, চিন্তামণির চিন্তা বিনে,
প্রাণের প্রশংসা কিছু নাই।
সুত বিনে প্রাণ মিথ্যা ধরি, কর্ণধার বিনা তরি,
রাম বিনে অযোধ্যাপুরী তাই। (জ)

* * *

শ্রীরামচন্দ্রের কৈকেয়ী-সম্ভাষণ

হেথায় রাম গুণধাম পুরে প্রবেশিতে।
চিন্তামণি পরে অম্‌নি চিন্তিলেন চিত্তে। ৮৭
কৈকেয়ী মাতা মনে ব্যথা পেয়েছেন অতিরিক্ত।
উচিত অগ্রে মাকে শীঘ্র দুঃখে করা মুক্ত। ৮৮
দিবা নিশি ব'লে দোষী গঞ্জনা দেয় জনে জনে।
কারে বলি মনের বেদন আছে রাণীর মনে মনে। ৮৯
রাম গেল বন, নাই অন্বেষণ, চৌদ্দ বৎসর যায়-যায়।
ভরত শত্রুঘ্ন রামের চরণ লোটায় প'ড়ে পায় পায়। ৯০
হেন কালে শুনি অম্‌নি রাম এলো এই ধ্বনি ধনী।
ধরিয়ে ধরা উঠিয়ে ত্বরা পাইল পরাণী রাণী। ৯১

* * *

আলিয়া—একতালা

তুই কি ঘরে এলি রে রামধন!
আমার অন্তরের যে ব্যথা তুই বই কে জানে তা,
আমি যে তোর কৈকেয়ী অভাগিনী মাতা,
কই কই দুঃখের কথা, কই কই রাম! তুই কোথা!
আয় দেখি রে দেখি চাঁদবদন।

ভুবন-জীবন! তোমায় বনে দেই নাই আমি,
অন্তরেরি কথা জান অন্তর্যামী!
রাবণে বধিতে বনে গেলে তুমি,
আমায় ক'রে বিড়ম্বন।
বিধির চক্রে, বাছা! বনে গমন তোমার,
বনপশু আমার দুঃখে কাঁদে কুমার।
পাপিনী মা ব'লে মুখ দেখে না আমার,
পুত্র ভরত শত্রুঘ্ন। (ঙ)

* * *

শ্রীরামচন্দ্রের কৌশল্যা-সম্ভাষণ ও রাজ্যাভিষেক

বিমাতারে সন্তোষিয়ে, স্বমাতার কাছে গিয়ে,
বসিয়ে ভাসিল আঁখির জলে।
পরশে যার পদরেণু, পাষাণ মানবী তনু,
সেই রাম পতিত পদতলে। ৯২
রাণীর অন্ধ ছিল যুগল আঁখি, আঁখির তারা কমলআঁখি,
দেখে রাণীর মনের আঁধার যায়।
যেমন গুরু-বাক্যে জগজ্জন, প্রাপ্ত হয় জ্ঞানাঞ্জন,
চক্ষে মোক্ষধাম দেখ্‌তে পায়। ৯৩
যে চন্দ্রমুখ দরশনে, দেখা নাই শমনের সনে,
পুন জন্ম না হয় মহীতলে।
উথলে রাণীর সুখসিন্ধু, জগবন্ধুর বদন-ইন্দু,
নিরখিয়ে নীর নয়ন-যুগলে। ৯৪

* * *

রামচন্দ্রের রাজ্যাভিষেক-আয়োজন

এইরূপেতে দুঃখনাশন, করেন সকলের দুঃখ নাশন,
নগরে করেন সম্ভাষণ, সকলের কাছে আসি।
বেদে নাই যার অন্বেষণ, সৃষ্টি-স্থিতি-বিনাশন,
কর্তা যে পীতবসন, কমলা যার দাসী। ৯৫
তন্ত্র মাঝে অদর্শন, দর্শনে নাই নিদর্শন,
ধরেন চক্র সুদর্শন, কখন ধনুক বাঁশী।
যাঁর নাভিকমলে কমলাসন, ভজে ইন্দ্র হুতাশন,
তুলসী দিয়ে অর্চন, করেন যাঁরে ঋষি। ৯৬
সেই রামেরে বিভীষণ, আনি রত্ন-সিংহাসন,
বলেন রাজ্য শাসন, কর হে গোলোকবাসী!
যে যে দ্রব্য প্রয়োজন, ল'য়ে পাত্র প্রিয়জন,
অভিষেক-আয়োজন, অমনি হয় বসি। ৯৭
ভবে আনন্দ সবারি, আনিবারে তীর্থবারি,
অমনি ভার ল'য়ে ভারী, যাচ্ছে অবিরত।
সকলেতে মনে সুখী, রাম রাজা হবে আজি কি?
পাতাল হ'তে বাসুকি-আদি আসিছে কত। ৯৮

* * *

দ্বিজগণের রামের আশ্রয়-গ্রহণ

কতকগুলি দ্বিজ দীন, ভিক্ষাজীবী দুঃখী ক্ষীণ,
বৃক্ষমূলে হ'য়ে মলিন, বসেছে সেই পথে।
জিজ্ঞাসিছে ভারিগণে, ভার লয়ে যাও কার ভবনে?
এত ভার লয় কোন্ জনে, এমন ভাই কে আছে ভারতে। ৯৯
ভারী কহে দ্বিজবর, রাজা হবেন রঘুবর,
দধি-দুগ্ধ-ক্ষীরসাগর, করিবেন রাঘব।
আজ্ঞা দিয়েছেন একেবারে, যত ভার যে দিতে পারে,
বঞ্চিত করিব না কারে, সবারি ভার লব। ১০০
এই কথা যেই ভারী বলে, শুনি দ্বিজ কয় নিজদলে,
রামের যদি আজি ভূতলে, এত ভারগ্রহণ।
এমন দিন পাব না আর, দীনবন্ধু রাম-রাজার,
কাছে গিয়ে দীনের ভার করিগে সমর্পণ। ১০১

* * *

খাম্বাজ—পোস্তা

চল ভাই! ভার লয়ে যাই, অযোধ্যায় রাম রাজা হবে।
দিব তাঁর চরণে ভার, রাম বিনে ভার আর কে লবে।
'দিব ভার লব শরণ', বলিব তাঁর ধ'রে চরণ,
এবার ভার বইলাম যেমন,
হরি! এ ভার আর দিও না ভবে।

পাঠান্তর: ১-১ দিয়ে ভার লয়ে স্মরণ—খ, ক।

পাপে হয়েছি ভারী, আর তো ভার সইতে নারি!
মা ভ'জে ভূভারহারী,
ভার হ'লো ভার বইতে ভবে। (ঝ)

*　　*　　*

মেঘনাদ-বধে লক্ষ্মণের সংযমশীলতা

রাজা হইবেন রাম, জগতে জয় জয় রাম,
অবিরাম সর্ব্বত্র জয়ধ্বনি।
আনন্দিত হ'য়ে অন্তরে, ত্রিপুরারি-পূজিত পুরে,
আগমন সুরে নরে যক্ষ রক্ষ ফণী। ১০২
রত্নাসনে চিন্তামণি, প্রধান অগস্ত্য মুনি,
মনে বড় আশ্চর্য্য হে হরি!
ওহে ইন্দ্রাদি-পূজিত! কে বধিল ইন্দ্রজিত,
আমি তারে আশীর্ব্বাদ করি। ১০৩
হইয়ে অরণ্যবাসী, চৌদ্দ বৎসর উপবাসী,
নারীর বদনদৃষ্টি-নিদ্রাশূন্য।
সেই বধিবে মেঘনাদ, পুরাণে শুনি সংবাদ,
বধিতে নারিবে তারে অন্য। ১০৪
কহেন মধুসূদন, লক্ষ্মণ তার নিধন,
করেছেন, জানেন সবাই।
কিন্তু চৌদ্দ বৎসর সন্দেহ, আহার-নিদ্রা-শূন্য-দেহ,
এ লক্ষণ লক্ষ্মণের তো নাই। ১০৫
বেদ-বাক্য হবে বিফল, আমি তারে দিয়েছি ফল,
প্রতিদিন ভোজন-কারণে।
সঙ্গে ছিলেন সীতে নারী, এ কথা কহিতে নারি,
নারীর বদন দেখেন নাই নয়নে। ১০৬
চৌদ্দ বৎসর জাগরণ, আহার বিনে প্রাণ ধারণ!
কভু নয় প্রত্যয় অন্তরে।
জানিতে বিশেষ বিবরণ, ভাতৃজ-ভয়-নিবারণ,
অনুজে ডাকিয়ে কন সত্বরে। ১০৭
কি কথা শুনিলাম হাঁরে, চৌদ্দ বৎসর অনাহারে,
তুমি নাকি ছিলে রে লক্ষ্মণ!
জাগরণে অনশনে, এত দিন আমার সনে,
প্রাণাধিক! কিসে প্রাণ ধারণ। ১০৮
দৃষ্টি নাই নারীর মুখে, জানকীর সম্মুখে,
মধ্যে মধ্যে দাঁড়াইতে ভাই!
ব'লেছিল কটু ভাষা, শূর্পণখার কাটলে নাসা,
নারীর বদন কেমনে দেখ নাই। ১০৯
লক্ষ্মণ কহেন হরি! ঐ স্বপেতে কাল হরি,
মুনিবর কহিলেন যে ভাষা।
দেখি নাই নারীর মুখ, বন-মধ্যে হ'য়ে বিমুখ,
কেটেছি শূর্পণখার নাসা। ১১০
নিশিযোগে হ'য়ে প্রহরী, তুমি নিদ্রা যেতে হরি,
বনে সব বিপক্ষ-ভবনে।
অনাহারের কথা, শ্রীপতি! শ্রীমুখের অনুমতি
বিনা ভোজন করিব কেমনে। ১১১

*　　*　　*

'ঝিঁঝিট—আড়া'

দিয়েছ ফল ধর ব'লে!
এ ফল খেলে কি ফল ফলে,
ক্ষুধার বেলায় সুধা পেতাম হে,
কেবল রাম! তোমার রাম-নামের ফলে।
চৌদ্দ বৎসর নারীর বদন,
আমি দেখি নাই হে মধুসূদন!
বাঁধা ছিল যুগল নয়ন,
মা জানকীর চরণকমলে। (ঞ)

*　　*　　*

শুনিয়ে কহেন রাম, নিত্য নিত্য ফল দিতাম,
সে ফল রেখেছ তবে কোথা?
লক্ষ্মণ কন সকল, যতন করিয়ে ফল,
রেখেছি হে মোক্ষফলদাতা। ১১২

পাঠান্তর: ১০১ কালাংড়া—একতালা—ক

তৃণে হ'তে বারি ক'রে, শুষ্ক ফল যুগ্মকরে,
লেখা ক'রে দেখান ত্বরিতে।
চৌদ্দ বৎসর গণনাতে, তিনটি ফল নাইকো তাতে,
লক্ষ্মণ কন যে দিন হারাই সীতে॥ ১১৩
বনে বনে কাঁদি দুই জন, কেবা করে ফল অন্বেষণ,
নাগপাশে বন্ধনে যায় এক দিন।
শক্তিশেলে এক দিবে, তুমি ফল কারে দিবে,
সে দিন উভয়ে জ্ঞানহীন॥ ১১৪
লক্ষ্মণের এই বাক্য, শুনি অম্নি ভাসে বক্ষ,
কমলআঁখির কমল আঁখির নীরে।
বলেন, এ ছার প্রাণে ধিক, চৌদ্দবৎসর প্রাণাধিক,
বিষ ভোজন আমি করেছি রে॥ ১১৫
তখন ভব দুঃখ-নিবারণ, মন-দুঃখ-নিবারণ-
কারণ সীতাকে ডাকি কন।
যত দিন অরণ্যবাসী, প্রাণের লক্ষ্মণ উপবাসী,
শুনি ধৈর্য্য[১] নহে হে জীবন॥ ১১৬

* * *

লক্ষ্মণ-ভোজন

রত্ন-ভাই অনশন, আমি রত্নসিংহাসন
মধ্যে থাকি কিছু খেতে বাসি।
অবিলম্বে সমাদরে, অন্ন দেহ সহোদরে,
অন্য কার্য্য রাখ হে প্রেয়সি॥ ১১৮
জানকী রন্ধন করে, সঁপে অন্ন রঘুবরে,
দেবরে অন্ন আনন্দে দেন সীতে।
গুণময়ী লক্ষ্মীর করে, লক্ষ্মণ ভোজন করে,
সুখে যান সুরগণে দেখিতে॥ ১১৮
দেবর লক্ষ্মণ প্রতি, জিজ্ঞাসেন গুণবতী,
রন্ধনের গুণ কিছু বল্লে না।
লক্ষ্মণ কহেন শুনে, চরণের গুণ আমি জানিনে,
রন্ধনের গুণ করিব কি বর্ণনা॥ ১১৯
ত্রিভুবনের শিরোমণি, এই রন্ধন, রঘুমণি,
গ্রহণ করেছেন অগ্রভাগ।
ভববন্ধনহারিণী, রন্ধন করেছেন তিনি,
আমি কি করিব অনুরাগ বিরাগ॥ ১২০

সুরট—ঝাঁপতাল

কার সাধ্য ওমা সীতে! তব রন্ধন দুষিতে,
তুমি সীতে তুমি অসিতে, তুমি অন্নদা কাশীতে।
অসিতে-রূপে অসিধরা, দনুজ-কুল-নাশকরা,
সীতা রূপে এসেছ ধরা, রাবণ-কুল নাশিতে॥
দেহি অন্ন দাসে দেহি, বিশ্বমাতা! বৈদেহি!
ভব-ক্ষুধা নিবৃত্ত কর, আর দিও না আসিতে॥
যদি কৃপা না হয় দীনে, অন্নাদি বসন দানে,
দাশরথিরে হবে নিদানে, ঐ চরণ দানে তুষিতে॥ (ট)

* * *

হনুমানের অভিমান, ক্রোধ ও দর্পনাশ

তখন, হনুমানের ছিল সাধ, লক্ষ্মণের পরে প্রসাদ,
আমি খাব আর সকলের অগ্র।
সে সাধ করি বিষাদ, জানকী সাধিলেন বাদ,
সাদরে সুগ্রীবেরে ডাকেন শীঘ্র। ১২১
তার পর আমোদ-ছলে, ডেকে অন্ন দেন নলে,
নীলে ডাকি দেন তার পরে।
মনে মনে হনুমান, করিতেছেন অভিমান,
অপমানটা করিলেন আমারে॥ ১২২
অপরে দেন আগে অন্ন, আমার বেলাতেই অপরাহ্ণ,
তাতে, ক্ষুধা পারিনে সহিতে।
মায়ের এমন কর্ম্ম নয়, তাতে আমি জ্যেষ্ঠ তনয়,
উচিত কি আমারে কষ্ট দিতে॥ ১২৩
আমি মরি ক্ষুধানলে, আগে অন্ন দিলেন নলে,
হায় বিধি এ বড় কৌতুক।

পাঠান্তর: ১ আস্থা—ক।

এই লেগে প্রেম বাড়াইতে, লঙ্কাখানা পোড়াইতে,
পোড়াইলাম আপনার মুখ ॥ ১২৪

সদা আজ্ঞা শুনিতাম, শিরে পর্ব্বত আনিতাম,
ঘরপোড়া নাম কিনিলাম দেশে।

বাঁচি যদি হয় মৃত্যু, এমন নির্দ্দয় ভৃত্য,
হ'য়ে থাকা আর নাই মানসে ॥ ১২৫

হনুমান্ করিয়ে রাগ, কহিতেছে করি বিরাগ,
সংবাদ শুনিয়ে গুণবতী।

নিকটে আসিয়া বলেন হাঁরে, তুমি নাকি আমার উপরে,
রাগ করেছ কুমার মারুতি ॥ ১২৬

তুমি আমার ঘরের ছেলে, আগে খেলে পশ্চাতে খেলে,
তাতে কি বাছা! হয় রে অপমান[১]।

মায়ের সোহাগে ভুলে, চরণ-কল্পতরুমূলে,
প্রণাম করিল হনুমান ॥ ১২৭

সব রাগ হ'লো নিপাত, পাতিয়ে কদলী পাত,
বলে অন্ন আন গো জননি!

স্বর্ণথালে অন্ন আনি, দিতেছেন রামরাণী,
এক গ্রাসেতেই ভক্ষণ অমনি ॥ ১২৮

যতবার দেন অন্ন, দিবা মাত্র পাত শূন্য,
হেসে হনুমান লাগিল কহিতে।

আমি পেলাম মনে ব্যথা, তুমি পেলে চরণে ব্যথা,
গতিদায়িনি! গতায়াত করিতে। ১২৯

আর আমায় দিও না অন্ন, হয়েছে আমার সম্পূর্ণ,
আর খেয়ে কি হব দোষী।

আরও আছে দাস দাসী, তারা থাকিবে উপবাসী,
আমি যদি নাশি অন্নরাশি ॥ ১৩০

হ'তে পারে অনটন, অন্য সব আয়োজন,
চৌদ্দ বৎসর প্রভু ছিলেন না ঘরে।

হরির অনেক পরিবার, এক পুরুষে সকল তার,
শুনি জানকী হাসিলেন অন্তরে ॥ ১৩১

বলেন হেসে[২] হনুমান! অন্ন আছে মেরু-প্রমাণ,
তুমি খেয়েছ খায় যেমন একটা পিপীলিকে।

তখন, অন্নদা-রূপিণী হ'য়ে, ঢেলে অন্ন দেন গিয়ে,
গায়ে পায়ে আর হনুর মস্তকে ॥ ১৩২

সাম্‌লাতে পারে না হনু, অন্নেতে ডুবিল তনু,
উঃ মরি উঃ মরি প্রাণ করে।

দাঁতে কল করি দৈন্য, খাও বাছা! কাঙ্গালের অন্ন,
গোটা কত হাতে বল ক'রে। ১৩৩

হনুমান কয় ওগো মাতা! খেয়েছিলাম জ্ঞানের মাথা,
তোমার সঙ্গে রসিকতা[৩] করি।

শিশুর উপর সাধিলে বাদ, তোমারি হবে অপবাদ,
অপরাধ ক্ষম গো ক্ষেমঙ্করি ॥ ১৩৪

* * *

[৪]আলিয়া—একতালা[৪]

কৃপা কর মা! কর মা কি!
অতি অগণ্য জঘন্য দাসের দর্প চূর্ণ,
কর মা! ইথে বাড়িবে কি মান্য, হও মা! ক্ষমাপন্ন,
আর দিও না অন্ন স্বর্ণময়ী জানকি ॥
আমি পশুজাতি অতি অপবিত্র,
[৫]জেনে শুনে বনচরেরি চরিত্র,
রেখেছ মা! আমায় ক'রে চরিতার্থ,
চরণে চন্দ্রমুখি![৫]
[৬]গুণময়ী হ'য়ে নিগুণে দূষিছ,
দিয়ে দর্প তুমি আপনি নাশিছ,
মা হ'য়ে হাসিছ, আনন্দে ভাসিছ,
সন্তানের দুঃখ দেখি ॥[৬] (ঠ)

* * *

পাঠান্তর: ১ হতমান—খ, ঘ। ২ ওরে—খ, ঘ। ৩ ব্যাপকতা—ক। ৪-৪ ভৈরবী—মধ্যমান—খ, ঘ।
৫-৫ জেনে শুনে বাগো চরেরি চরিত্র
করেছ মা আমায় চরিতার্থ
নিজ গুণে চন্দ্রমুখী।—খ, ঘ।
৬-৬ এই স্তবকটি খ, ঘ গ্রন্থে নাই।

কেঁদে বলে হনুমান, হয়েছি মা মৃতসমান,
ভোজন-কালে এ দীন দাসেরে।
ব'ল্লে মা! কিসের জন্ত, গোটাকত কাঙ্গালের অন্ন,
খাও বাছা! হাতে বল ক'রে। ১৩৫
তোমার, কাঙ্গালের ঘরকন্না, এ কথাতো হয় কন্ না,
ব্রহ্মাণ্ডের পতি রঘুপতি।
রত্নাকর সুধাকর, শঙ্কর আদি কিঙ্কর,
স্বয়ং লক্ষ্মী ঘরণী মা তুমি সীতা সতী। ১৩৬
তোমার অভাব কিসের আছে, তুমি অভাব সবারি কাছে,
মা! তোমার ঐ চরণ-অভাবে শিব শ্মশানে ফিরে।
ল'য়ে শতদল পদ্ম, মা! তোমার ঐ চরণপদ্ম,
পদ্মযোনি নিত্য পূজা করে। ১৩৭
'কি বল মা'[1]! কাঙ্গালের কাছে, থাক মা! কাঙ্গালের কাছে,
সে কাঙ্গালের কপালে করে জানি।
কৃপণ গোলোকের স্বামী, মা! বড় কৃপণা তুমি,
হও অতুল ধনের ঠাকুরাণী। ১৩৮
দয়াময়ী ধর নাম, নামের তুল্য মনস্কাম,
পূরাও কই ঘুরাও কেবল দুঃখে।
মা ব'লে যে মায়ায় ডাকে, তোমার মায়া আছে মা! কা'কে,
'[2]মহীজা! সন্তানে ক'রো রক্ষে।'[2] ১৩৯
আমি দিই নাই মা! ঐহিকের ভার, হউক যাতনা যা হবার,
বল কাঙ্গাল ক্ষতি নাই মা! তায়!
পাছে জীবনান্ত-কালে মাতা! করিবে এমনি দৈন্যতা,
যখন সুত পড়িবে রবিসুত-দায়। ১৪০

* * *

বানরগণের ভোজন

তখন দয়া জন্মে মার অতি, পরম ভক্ত মারুতি,
পরম যতনে যত কয়।
মধুর বচন দ্বারা, মধুসূদনের দারা,
দয়া ক'রে দিলেন অভয়। ১৪১
সতী মনের উৎসবে, অপর বানর সবে,
ডেকে কন সকলে ভোজন কর।
নীল বলে, গো দাদা নল! নাই আমাদের ক্ষুধানল,
দুখানল জ্বলে উঠেছে বড়। ১৪২
জননীর বিদ্যমান, হনু দাদার হতমান,
দেখে অবাক হয়েছি সর্ব্বজনা।
এত রাগ কিসের জন্ত, মাতা হয়ে মাথায় অন্ন,
দিয়ে করেন এত বিড়ম্বনা। ১৪৩
নিশ্বেসটা করেন রোধ, মানেন না কারু অনুরোধ,
দয়াময়ী নাম শুনেছি জন্ম।
তপ্ত অন্ন গাত্রে ঢেলে, নিধন করেন নিজ ছেলে,
মায়া নাই মায়ের কি এই ধর্ম্ম[3]। ১৪৪
দেহে নাই কিছু মমতা, বিমাতা হ'তে কুমাতা,
সুমাতা ইহাকে বলিতে নারি।
এমন কু-মায়ের কাছে, কুমার কেমনে বাঁচে,
আমার হয়েছে ভয় তারি। ১৪৫
রুদ্র দাদার এই গতি, আমরা তো সব ক্ষুদ্র অতি,
আর আমাদের ভোজনে কার্য্য নাই।
ত্যজ মায়ের পাদপদ্ম, এস্থান হইতে অগু
প্রস্থান করিব চল যাই। ১৪৬
নল বলে রে নীল ভাই! মায়ের নিন্দা কর্‌তে নাই,
মায়ের তুল্য গুণ কে ধরায় ধরে।
মায়ের অনেক সম্বরণ, তাইতে সন্তান বেঁচে রন,
নানাবিধ অপরাধ ক'রে। ১৪৭
জগৎ-মাতা আদ্যাশক্তি, তাঁর কাছেতে ভোজন-শক্তি,
জানান গিয়ে অবোধ হনুমান।
এত কোপে কি প্রাণ বাঁচে, মায়ের প্রাণ তেঁই প্রাণ রয়েছে,
দয়া ক'রে মা রেখেছেন পরাণ। ১৪৮
দর্পহারীর ঘরণী, জানকী দর্পহারিণী,
দর্পহারীর দুঃখ হরিতে পারেন আশু।
যিনি বিধি-গর্ব্ব-খর্ব্বকরা, তাঁর গর্ভে থেকে গর্ব্ব করা,
করে একটি ক্ষুদ্র[4] বনের পশু। ১৪৯

পাঠান্তর: ১-১ কি বলে তুমি—খ, ঘ। ২-২ মহী যে সন্তানে করে রক্ষে—খ, ঘ। ৩ কর্ম্ম—খ, ঘ। ৪ খর্ব্ব—ক।

এ কথাতে সর্ব্বজন, অমনি গিয়ে করে ভোজন,
মায়ের কাছে পেয়ে অভয় দান।
তদন্তে নিশি-প্রভাতে, সিংহাসনে রঘুনাথে,
বসিতে কন বশিষ্ঠ ধীমান্‌। ১৫০

রত্নসিংহাসনে রাম-সীতা

চিন্তামণি মুনি-আদেশে, জানকী-সহ যুগল বেশে,
বসিলেন রত্নসিংহাসনে।
জয়ধ্বনি পৃথিবীতে, স্বর্গে ধ্বনি দুন্দুভিতে,
আনন্দে করেন দেবগণে। ১৫১

* * *

'ললিত ভৈরোঁ—একতালা'

কি শোভা রে, রামরূপ রূপ-সাগর-তরঙ্গ।
রত্নাসনে সীতাসনে রাজভূষণে ভূষিতাঙ্গ।
চন্দ্রমুখীর মুখ নিরখি, চন্দ্র দুখী পায় আতঙ্ক।
মরি, হরির হেরি, অঙ্গ হারায় রে অনঙ্গ।
রাম-রূপ হেরে ত্রিনয়নে, প্রেমতরঙ্গ ত্রিনয়নে,
সদা ক'ন নয়নে, ছেড়ো না রামরূপের সঙ্গ।
চিন্তামণির রূপের বাণী বল্‌তে বাণীর বাণী সাঙ্গ।
দীননাথের তুল্য কে আর আছে অনাথ অন্তরঙ্গ। (ড)

—

লবকুশের যুদ্ধ

সীতা-বর্জ্জনের হেতু ও মন্ত্রণা

শ্রবণে পবিত্র চিত, বাল্মীকের সুরচিত,
রামতত্ত্ব সুধার সোসর।
রাবণে করি নিপাত, রাজ্য করেন রঘুনাথ,
ক্রমে সপ্তহাজার বৎসর। ১
পঞ্চমাস গর্ভবতী, আছেন সীতা গুণবতী,
আনন্দ অন্তরে অন্তঃপুরে।
ভরত-শত্রুঘ্ন-ভার্য্যা, আছেন তারা পরিচর্য্যা,
জানকীর বেশ বিন্যাস করে। ২
একাসনে জায় জায়, কত বাক্য ক'য়ে যায়,
কহিছেন লক্ষ্মণ-বনিতা।
পুরাই সাধ গো, জানকি দিদি! তুমি অঙ্ক রাখ যদি,
দয়া করি দাসীর একটী কথা। ৩
লঙ্কাপুরে যে রাবণ, তোমায় করে বিড়ম্বন,
সে পাপাত্মার কেমন গঠন।
দেখাও ভূমে অঙ্ক পাতি, মুণ্ডে তার মারি লাথি,
খণ্ডে তবে মনের বেদন। ৪
জানকী বলেন ভগ্নি! আর কেন নির্ব্বাণ অগ্নি,
জ্বালিয়ে জ্বালা দেহ মোর মনে।
সে পাষণ্ড রাক্ষস প্রতি মোর চাক্ষস,
ছিল না অশোক-বৃক্ষ-বনে। ৫
দুষ্ট যখন নিজালয়, রথে ক'রে মোরে লয়,
জলে মাত্র ছায়া দেখি তার।
ছি ছি! সে বড় কলঙ্ক, এত বলি ভূমে অঙ্ক,
লিখি দেখান রাবণ-আকার। ৬
না করি অঙ্ক-মোচন, দশমুখ কুড়ি লোচন,
লেখা অমনি থাকিল ভূমেতে।
দৈবে নিদ্রা-আকর্ষণ, ধরায় পেতে বসন,
নিদ্রা যান জনক-দুহিতে। ৭
কিঞ্চিত কালের পরে, জানকীর অন্তঃপুরে,
শান্তমূর্ত্তি যান রঘুপতি।
দেখেন জলদকায়, সীতার পাশে মৃত্তিকায়,
লেখা আছে রাবণ-আকৃতি। ৮

পাঠান্তর: ১-১ ললিত—আড়া,—খ, ব।

হয় না রাগ সম্বরণ, নবঘন-শ্যাম-বরণ,
ঘন ঘন বহিছে নিশ্বাস।
সীতা সতী পতিব্রতা, সে কথা ভাবেন বৃথা,
যায় জানকী জায়ার অভিলাষ। ৯

একি কলঙ্ক ললাটে, এখনি সরোবর-ঘাটে,
শুনে এলেম রজক-বদনে।
কার সনে করি বিবাদ, পরিবাদ[1] করি বাদ,
পুনরায় জানকী দিয়ে বনে। ১০

নহে সহ্য তৎক্ষণাৎ, ডাকিয়ে ত্রিলোকনাথ,
লক্ষ্মণে নির্জ্জনে ল'য়ে কন।
সূর্য্যবংশে যে পুরুষ, কার নাই অপৌরুষ,
মোর ভাগ্য ভেঙ্গেছে লক্ষ্মণ। ১১

* * *

কেঁদে লক্ষ্মণ যোড়করে, বার বার বারণ করে,
সে বারণে রঘুবীর বিরত।
ক্ষান্ত হন না কোন রূপ, উন্মাযুক্ত বিশ্বরূপ,
অনুজে করেন অনুযোগ কত। ১৩

* * *

রামের সীতাদ্বেষ

সীতার প্রতি রঘুনাথের দ্বেষ
কি প্রকার?—

যেমন দেবতার দ্বেষ অসুরগণে।
যবনের দ্বেষ হিন্দু পানে॥
রাবণের দ্বেষ হনুমানে।
বৈরাগীর দ্বেষ বলিদানে॥
কুপুত্রের দ্বেষ বাপ-খুড়াকে।
বন্ধ্যার দ্বেষ আঁটকুড়াকে॥
হিংস্রকের দ্বেষ পরশ্রীতে।
ত্রিপুরাসুন্দরীর দ্বেষ তুলসীতে॥
পাগলের দ্বেষ বারিতে।
শুক মুনির দ্বেষ নারীতে॥
দক্ষের দ্বেষ সদানন্দে।
মনসার দ্বেষ ধূনার গন্ধে॥
গৌড়ার দ্বেষ ভগবতীকে।
শিবের দ্বেষ রতিপতিকে॥
ভীমের দ্বেষ কুরুকুলে।
সাপের দ্বেষ ইষের মূলে॥
চোরের দ্বেষ হিতবাক্যে।
তেমনি রামের দ্বেষ জানকীর পক্ষে॥ [অ]

সুরট—কাওয়ালী

ওরে ভাই! জানকীরে দিয়ে এস বন।
যে লক্ষণ করি নিরীক্ষণ, রে লক্ষ্মণ!
বিপদ ঘটিল, বিলক্ষণ॥
অতি অগণ্য কাযে, ছিছি জঘন্য সাজে,
ঘোর অরণ্য মাঝে কেন কাঁদিলাম,
অপার জলধি কেন বাঁধিলাম,
ছিছি ধিক্ ধিক্ ধিক্, কার লাগি রে প্রাণাধিক!
শক্তিশেল হৃদে ক'রেছ ধারণ॥ (ক)

* * *

বজ্র-সম রাম-বাক্য, শুনে লক্ষ্মণ সজলাক্ষ,
ধরিয়ে চরণে কন ধীরে।
করেছ হে ভগবান! পরিবাদে পরিত্রাণ,
পরীক্ষা করিয়ে জানকীরে। ১২

কহেন, হাঁরে লক্ষ্মণ! এ কেমন তব লক্ষণ,
আর কি উপেক্ষা[2] মোর করা।
রাখিব না সীতা ভবনে, বাল্মীকির তপোবনে,
রাখ রে! জানকী ল'য়ে ত্বরা। ২৩

পাঠান্তর: ১ পরিবার—খ। ২ অপেক্ষা—ক।

তত্ত্ব যেন না পায় অন্যে, কৌশলে দিবে অরণ্যে,
রথে তুলি করি গৌরব অতি।
মোর সুমন্ত্রণা রাখ, সুমন্ত্রেরে শীঘ্র ডাক,
তুমি রথী,—সে হবে সারথি॥ ২৪

আছে বাক্য মোর সনে, মুনিপত্নী-দরশনে,
জানকীর জানি অভিলাষ!
অনুমতি দিলাম তায়, শীতল করি সীতায়,
ছলক্রমে দেহ বনবাস॥ ২৫

দূর্ব্বাদলশ্যাম-বাক্যে, দুর্ব্বল হইয়া দুঃখে,
চক্ষুর জলেতে বক্ষ ভাসে।
করিতে আজ্ঞা পালন, ছল ছল দুনয়ন,
চলে যান জানকীর বাসে॥ ২৬

* * *

অন্তঃপুরে সীতা ও লক্ষ্মণ

অন্ত না জানেন সীতে, লক্ষ্মণে পুরে আসিতে,
দেখে কন হাসিতে হাসিতে।
এসো এসো ওহে দেবর! দেখা যে অনেক দিনের পর,
সে ভাব ভুলেছ নাকি চিতে॥ ২৭

দুঃখের দিনে এক যোগ, বনে বনে কর্ম্মভোগ,
করিলে হ'য়ে রামসনে সন্ন্যাসী।
পরের দায়ে বাকল পর, বন্ধু কে তোমার পর,
তাইতে প্রাণাপেক্ষা ভালবাসি॥ ২৮

ইদানী ডুমুরের ফুল, হয়েছ,—তাতে প্রতিকূল,
তোমার প্রতি আমি হ'তে নারি।
হয়েছে আসা-আসি বাদ, তবু তোমায় আশীর্ব্বাদ
বিনে কি আমি জল খাইতে পারি? ২৯

তোমার রাম নাম সর্ব্বদা মুখে, তাতে কি আমি ছিলাম সুখে,
ভাল ভাল বৈরাগ্য সে সব গেছে।
ঘরকন্নায় হয়েছে মতি, ভগ্নীটী মোর ভাগ্যবতী,
এর বাড়া কি শ্লাঘ্য আমার আছে॥ ৩০

শত্রু হউক অধোমুখ, বাড়ুক তোমার সুখ,
সেই সুখ শুনিলে হই সুখী।
তবে কিঞ্চিৎ খেদ মাত্র, কমল-আঁখির প্রিয়পাত্র,
মধ্যে মধ্যে দেখ্‌লে জুড়ায় আঁখি॥ ৩১

ওহে দেবর! সম্বৎসর, না হয় যদি অবসর,
এক দিন্‌তো দেখা পাব তোমাকে।
বিজয়াতে নমস্কার, করিতে আস্‌বে সাধ্য কার,
সে দিন তোমাকে বাধ্য ক'রে রাখে॥ ৩২

শুনিয়ে লক্ষ্মণ কন, বাক্য অতি সুচিক্কণ,
শুন লক্ষ্মী! দাসের নিবেদন।
চরণে শরণ ল'য়ে তোমার, সুসার নাহিক আর,
অসার আশ্রয় প্রয়োজন॥ ৩৩

তোমার হয়েছে রাজ্য-সম্পদ, পড়ে না এখন মাটিতে পদ,
চরণে তোমার ধূলা-বিন্দু নাই।
কি আশাতে আমি আসি, পদধূলির অভিলাষী,
সে আশায় পড়েছে আমার ছাই॥ ৩৪

বলে, এই কথা সতীর পাশে, নেত্রজলে গাত্র ভাসে,
সকাতরে কহেন লক্ষ্মণ।
কথা আছে কি রঘুনাথ-সনে, মুনিপত্নী-দরশনে,
যেতে বাল্মীকির তপোবন॥ ৩৫

রথে হও উপবিষ্ট, পুরাতে তোমার অভীষ্ট,
অনুমতি হয়েছে দাদার।
এই কথা শুনিয়ে সীতে, হয়ে সীতে উল্লাসিতে,
পরেন বিবিধ অলঙ্কার॥ ৩৬

বাল্মীকির বনে সীতা বিসর্জন

ভূষণে হয়ে ভূষিতে, রথে উঠিলেন সীতে,
সন্ধান না পান কোন অংশে।
কাঁদে লক্ষ্মণ উচ্চরবে, শক্তি ভাবেন ভক্তিভাবে,
কাঁদে লক্ষ্মণ, সাধু সূর্য্যবংশে॥ ৩৭

গিয়া যমুনার পারে, ধৈর্য্য কি ধরিতে পারে?
পড়ে লক্ষ্মণ শোকে ধরাতলে।
তপোবনে প্রকাশিতে, প্রকাশ পাইয়ে সীতে,
ভাসিতে লাগিল আঁখিজলে॥ ৩৮

কন হে জীবনকান্ত! রাখিব না এই জীবন্ ত,
জীবো দিয়ে জীবমে জীবন।
একি বজ্রাঘাত শিরে, দোষ বিনে এ দাসীরে,
কেন হে রাম! এত বিড়ম্বন॥ ৩৯

* * *

আলিয়া—কাওয়ালী

ও রাম! না জানি চরণ-ধ্যান ভিন্নে।
হ'লো কি মনে উদয়, ওহে নিদয়-হৃদয়!
নাথ! দাসীরে দিলে আবার আজি অরণ্যে॥
রাখিতে দাসী রে হে নাথ!
তোমার শিরের সম্পদ, পদে বঞ্চিত ক'রে,
ঘরে বঞ্চিতে দিলে না কি জন্যে।
দুঃখ দিলে হে বিষম, সীতে জনক-নন্দিনী সম,
জনম-দুঃখিনী আর নাই, রাম! অন্যে॥
দাসীরে বিনাতে কৃপা কৃপণ,—
হ'য়েছো,—তোমার কি পণ,
জানিনে তাতো স্বপনে—
উদ্ধারিয়ে বনে দিবে এ বাদ যদি সাধিবে,
তবে কেন এ দুঃখিনীর কারণে,
দুঃখসাগরে ভাসিলে তোমরা দুজনে।
বনে বনেতে রোদন, বন-পশুর সাধন,
বৃথা জলধি-বন্ধন রাম! কি জন্যে॥ (খ)

* * *

দিয়ে কাননে বিদায় রাম-প্রমদায়,
লক্ষ্মণ বিদায় কেঁদে।
গিয়া অযোধ্যায়, হ'লেন উদয়,
হৃদয়ে পাষাণ বেঁধে॥ ৪০

অনুজেরে হেরি, দনুজ-নিবারী,
অনিবার চক্ষে জল।
বলেন, ওরে ভাই। কি দিয়ে নিবাই,
জানকী-বিরহানল॥ ৪১

কি করিলাম হায়! কি নিশি পোহায়!
না হেরিয়া সীতা-রূপ।
নাই সংসার স্বীকার, বিশ্ব অন্ধকার,
দেখিছেন বিশ্বরূপ॥ ৪২

শোক সম্বরিতে, স্বর্ণময়ী সীতে,
নির্ম্মাণ করিয়া ঘরে।
তারে করি দৃষ্ট, নাহি জন্মে তুষ্ট,
রঘুবর-কলেবরে॥ ৪৩

হেথায় পড়িয়া ধরণী, রামের ঘরণী,
বাল্মীকি-বাস নিকটে।
তখন তপোধন, করেন তর্পণ,
যমুনা নদীর তটে॥ ৪৪

কিঞ্চিৎ কালান্তরে, হইল অন্তরে,
রামপ্রিয়ে যমালয়ে।
আনন্দিত মন, করেন গমন,
শিষ্যগণ সঙ্গে ল'য়ে॥ ৪৫

আসিয়া ত্বরায়, দেখেন ধরায়,
পড়িয়া জনক-ঝি।
মুনি কন বাণী, চিন্তামণি-রাণি!
ছি ছি মা! করেছ কি॥ ৪৬

গা তোল জননি! জনক-নন্দিনি!
জগত-জনক প্রিয়ে।
কিসের রোদন, কিসের বেদন,
আপনারে না চিনিয়ে॥ ৪৭

ষাটি হাজার বর্ষ হয়ে আছি হর্ষ,
রামের রমণী তুমি।
আসিবে এ বনে, ও পদ-সেবনে,
পবিত্র হবে এ ভূমি॥ ৪৮

* * *

ঝিঁঝিট[1]—ঝাঁপতাল

ওগো এসো মা রামপ্রিয়ে! ভেস না নয়ননীরে।
থাকতে হবে কিছু দিন, অতি দীন মুনিমন্দিরে॥
ভবভাব্য-ভাবিনি! সীতে! তুমি ভাব কি অন্তরে,
সহজে কি এসেছ আমার সাধ পূরাতে সাধ ক'রে,
বেন্ধে এনেছি ও পদ, নিজ সাধনের ডোরে।
তোমায় বনে দেন পীতাম্বর, সে সব দুঃখ সম্বর,
সম্প্রতি কৃপা বিতর ধন্য কর মুনিবরে।
রাজভূষণ রাজ-বাস ভালবাস গো রাজরাণি!
আমি কোথা পাব দিতে কেবল দিব,
গো জগদ্বন্দিনি! চন্দন তুলসী চরণাম্বুজোপরে॥ (গ)

* * *

বাল্মীকির আশ্রমে সীতার গমন ও লব-কুশের জন্ম

করি দুঃখ সম্বরণ করীন্দ্রগমনে।
চিন্তামণি-রাণী যান অমনি মুনির ভবনে॥ ৪৯
মুনি করে যত্ন যেন মণির অধিক।
মুনির রমণী যত্ন করেন ততোধিক॥ ৫০
দেন গ্রীষ্মে শীতল ভোগ যাতে সীতার মানস।
শীতে অগ্নি জেলে করেন সীতারে সন্তোষ॥ ৫১
দশ মাস গর্ভ যে দিনেতে পূর্ণ হয়।
প্রসব হন পুত্র এক পূর্ণ চন্দ্রোদয়॥ ৫২
পূর্ণব্রহ্ম রামের সম্পূর্ণ অবয়ব।
মনের সুখে মুনি নাম রাখিলেন লব॥ ৫৩
ক্রমেতে বয়স পূর্ণ পঞ্চম বৎসর।
বনে করেন রণশিক্ষা লইয়া ধনুঃশর॥ ৫৪
এক দিন লবেরে রাখি মুনিসন্নিকটে।
জনকনন্দিনী যান যমুনার ঘাটে॥ ৫৫
মুনি আছেন অন্যমনে হেন কালে লব।
মায়ের পশ্চাৎ ধায় করি মহারব॥ ৫৬
হেথায় কুটীরে মুনি না হেরিয়ে লবে।
লবের জন্যেতে পড়েন সঙ্কটার্ণবে॥ ৫৭
তপোবনে না পেয়ে শিশুর অন্বেষণ।
লবাভাবে ভাবিয়ে বিকল তপোধন॥ ৫৮
মোর স্থানে শিশু রাখি গেলেন জানকী।
হারাইলাম তাঁর সবে ধন হায় হায় হবে কি॥ ৫৯
লব নাই কুটীরে সীতা করিলে শ্রবণ।
জীবন হইতে আসি ত্যজিবে জীবন॥ ৬০
কে দিবে রে সন্ধান বিধান কিবা করি।
কি জানি করিল ধ্বংস ধরি করী-অরি॥ ৬১
করিল বা সাধের শিশু শার্দ্দূলে ভক্ষণ।
কোথা লব গেলি বোলে উন্মাদলক্ষণ॥ ৬২

* * *

সুরট—একতালা

ওরে লব! কোথায় লুকালি।
জানকী-কুমার! জীবন আমার,
জীবন পাছে হারালি॥
তোরে এসে নয়নে না হেরিলে সীতে,
নয়নের জলে ভাসিতে ভাসিতে,
জলে প্রবেশিতে জীবন নাশিতে,
যাবে মনোদুঃখে জলি॥
একে হয় না সীতার শোক-সম্বরণ,
নিরপরাধে সে নীরদ-বরণ,
পঞ্চমাস গর্ভে দিয়েছেন বন,
শোকে সোনার অঙ্গ কালি।
দৃষ্টিহীন জনের যষ্টি যে যেমন,
তেমনি রে তুই জানকীর সবে ধন,
আর আছে কি ধন, কিসে সম্বোধন,
করিব বল কি বলি।
দুগ্ধপোষ্য তনু কোমল অতিশয়,
তপনের তাপ তোকে নাহি সয়,
তপোধন[2] ত্যজে কোন্ বনমাঝে,
কি খেলা খেলিতে গেলি।

পাঠান্তর: ১ বিভাস—ক। ২ 'তপোবন' পাঠ হইলে ভাল হয়।—সঃ

বনে বনে তোর না পেয়ে সন্ধান,
হ'লো রে আমার হত ধ্যান জ্ঞান, মরি রে,
আবার হরিসুত আমার হরিসাধন ভুলালি। (ধ)

* * *

সঙ্কট গণিয়া মুনি করেন বিধান।
লবাকৃতি করেন এক কুশেতে নির্ম্মাণ। ৬৩
মন্ত্রপূত করি তার দিলেন জীবন।
কে পারে চিনিতে নহে জানকীনন্দন। ৬৪
হেথায় এসেন সীতা করিয়ে উৎসব।
বামকক্ষে কলসী, দক্ষিণ কক্ষে লব। ৬৫
দেখেন সীতা লবাকৃতি দ্বিতীয় নন্দন।
বিস্ময় হইল বিশ্ববন্দিনীর মন। ৬৬
তপোধন কন সব বিস্তারিয়া বাণী।
বিস্তর আনন্দ সীতা নিস্তারকারিণী। ৬৭
কুশায় নির্ম্মিত জন্য নাম রাখেন কুশি।
এরূপে কাননে আছেন জানকী রূপসী। ৬৮

* * *

শ্রীরামচন্দ্রের অশ্বমেধ যজ্ঞের আয়োজন

হেথায় অযোধ্যাপুরে রাজ্য করেন রাম।
অন্তরে অনন্ত শোক নাহিক বিশ্রাম। ৬৯
ব্রহ্মকুলোদ্ভব ছিল লঙ্কার রাবণ।
ভাবেন অন্তরে তাই ব্রহ্ম-সনাতন। ৭০
মহাপাপ জন্য তাপ পাইয়া নিরবধি।
সভা-শুদ্ধ ল'য়ে অশ্বমেধ যজ্ঞবিধি। ৭১
ত্রিভুবনে দিতে পত্র ত্রিভুবনের পতি।
নারদের প্রতি করিলেন অনুমতি। ৭২
যজ্ঞেশ্বরের যজ্ঞ শুনি ভাগ্য মানি মনে।
ভবাদি চলেন ভব-বন্দিত ভবনে। ৭৩

* * *

রামচন্দ্রের পাপ শ্রবণে হনূমানের বিস্ময়

হেথায় হনুমান্ কদলীবনে, শ্রবণ করি শ্রবণে,
শ্রীনাথ রামের যজ্ঞ-বার্ত্তা।
সব দুঃখ-বিস্মরণ, বিশ্বরূপ করি স্মরণ,
শরণ লইতে করেন যাত্রা। ৭৪
চলেন রাঘবক্ষেত্র, ছুটে যেন নক্ষত্র,
আশু আসি পবননন্দন।
শুনিলেন রাবণ-বংশ, ধ্বংস জন্য পাপ ধ্বংস
জন্য যজ্ঞ করেন নারায়ণ। ৭৫
উপহাস করি মনে, গঞ্জনা সভাস্থগণে,
দিয়া কন অঞ্জনাকুমার।
বিধির বিধাতা যেই, তার প্রতি বিধি এই,
করেন বিধিমতে নিন্দা সবাকার। ৭৬
হাঁ হে! তোমরা যত মুনি, চিন্তা করি চিন্তামণি,
চিন্‌তে পেরেছ ভাল তাঁরে।
কই তোমাদের শাস্ত্র দৃষ্ট, বশিষ্ঠ শুনি বিশিষ্ট
অপকৃষ্ট দেখি ক্রিয়াধারে। ৭৭
শুক! তুমি বুঝনা সূক্ষ্ম, মরীচি ধরেছি মূর্খ,
দেবল কেবল নাম-ঋষি।
মহামুনি দুর্ব্বাসায়, কহেন হনুমান্ দুর্ভাষায়,
শুনিলাম তুমি বড়ই তপস্বী। ৭৮
বধেছেন রাম দশাননে, দশে তোমরা দোষ গ'ণে,
দর্শাইবে ব্রহ্মবধ-ভয়।
যাঁর সৃষ্টি তাঁর লয়, যাঁর জীবন সেই লয়,
সে রামের দোষ লয়, কোন্ রাজ্যে তাহার আলয়। ৭৯
অন্তে শমনের ভয়ে, পাপের প্রায়শ্চিত্ত করে,
জগতে যতেক জীবগণ।
হরি করিলেন দোষাচার, কে করে দোষ বিচার,
রাম যে আমার শমনের শমন। ৮০

পাপের ভয় রঘুনাথের অসম্ভব,
সে অসম্ভব কেমন? যেমন—
অশ্বত্থ গাছে আম্র, স্বর্ণদরে বিকায় তাম্র,
বামন ধরে গগন-চাঁদে, মূষিকের ভয়ে বিড়াল কাঁদে,
গণেশের গৌরব নষ্ট, বরুণের জলকষ্ট,
চন্দ্রের কিরণ উষ্ণ, চণ্ডাল দ্বিজের ইষ্ট,

শিমুলে জন্মিল মধু, নরকস্থ হ'লো সাধু,
মহাদেবে জন্মিল ব্যাধি, ব্রহ্মা হ'লেন মিথ্যাবাদী,
বোবায় পড়িছে বেদ, কমলার ঐশ্বর্য্য খেদ,
নিম্বপত্র হ'লো মিষ্ট, সাপের চরণ দৃষ্ট,
গরুড়কে দংশিল নাগে, চন্দ্রগ্রহণ দিবা-ভাগে,
মধুসূদন বিপদ্‌গ্রস্ত, পূর্ব্বদিকে সূর্য্য অস্ত,
শীতের ভয়ে অগ্নি ব্যস্ত, সীতাপতি পাপগ্রস্ত
তেমনি জানিবেন। [আ]

* * *

তোমরা যত সভাজন, দেখ্‌ছি অতি অভাজন,
এত বলি ভেটিতে শ্রীরাম।
আশা করি মোক্ষপদে, আশুতোষ-আরাধ্য পদে,
আশু আসি করেন প্রণাম। ৮২
প্রেমে পুলকিত বক্ষ, ঘন ঘন সজলাক্ষ,
সজল জলদ রূপ হেরি।
কৃতাঞ্জলি বিদ্যমান, কহিছেন হনূমান্,
ভগবান্! নিবেদন করি। ৮৩
এ কোন্ তোমার যোগ্য, কি মানসে কর যজ্ঞ,
তুমি যজ্ঞেশ্বর সুরজ্যেষ্ঠ।
অযোগ্য মন্ত্রণা ল'য়ে, কোন্ যজ্ঞে ব্রতী হ'য়ে,
যজ্ঞবেদী পরে উপবিষ্ট। ৮৪
ক'রে তব প্রীতে শত যজ্ঞ, নর হয় ইন্দ্র-যোগ্য,
যদি করে অযোগ্য বধ কারে।
তোমার কর্ম্ম যজ্ঞফল দিতে, যোগ্যতা কার জগতে,
যুগ্মকরে ব্রহ্মা যাঁর দ্বারে। ৮৫

* * *

ঝিঁঝিট[1]—আড়া

তোমার কি ভয় ব্রহ্মবধ,
তব পদ ভাবিলে পায় ব্রহ্মপদ,
ওহে ব্রহ্ম সনাতন!
ব্রহ্মাণ্ডের পতি তুমি ব্রহ্মার হৃৎপদ্মের ধন।
ব্রহ্মার বেদের বাণী, ব্রহ্মলোক-নিবাসিনী,
ব্রহ্মকমণ্ডলে যিনি, ঐ পদে উদ্ভব হন।
কি শুনি রাম! অসম্ভব, ঐ চরণ ভাবেন ভব,
তুমি ভবে বৈভব, শুনেছি ভবের বচন। (ঙ)

* * *

ক্রুদ্ধ রাঘব-ব্রাহ্মণের সহিত হনূমানের বিতণ্ডা

শুনে যজ্ঞের আয়োজন, রাঘব ব্রাহ্মণ এক জন,
আছে কিঞ্চিৎ লোভে দাঁড়ায়ে একটী পাশে।
হনূমানের কথা শুনে, অনুমান করিছে মনে,
বেটা বুঝি ছাই দিলে আশাসে। ৮৬
কোথা হ'তে এলো এটা, ঘরপোড়া মুখপোড়া বেটা,
বুঝি পাকিয়ে কথা পাক পেড়ে দেয় কাযে।
কারু হবে না কার্য্যসিদ্ধি, কি জানি বানরে বুদ্ধি,
গ্রাহ্য যদি হয় রঘুরাজে। ৮৭
দ্বিজ হ'য়ে রাগে ভোর, ডেকে বলে ওরে বানর!
হাঁ রে বেটা! তুই ছিলি কোন্ বনে।
দান করিবেন শ্রীরাম দাতা, তোর কেন তায় মাথা-ব্যথা,
লোকের মাথা খেতে তুই এলি কেনে। ৮৮
রঘুনাথ করিলে যজ্ঞ, কাঙ্গালের ফিরিত ভাগ্য,
কত সামগ্রী খেত, যেতো না বলা।
সুমন্ত্রণা যদি দিতিস্, আপনিও ত খেতে পেতিস্,
দুটা একটা কুমড়া শসা কলা। ৮৯
যেখানে বশিষ্ঠ আদি অগস্ত্য, সেখানে আবার মধ্যস্থ,
হনু হয়েছে, তনু জ্বলে যায় রাগে!
লাফ দিয়া পার হ'য়ে সাগর, হ'য়েছ বুঝি বুদ্ধির সাগর,
এসেছ বুদ্ধি দিতে রামের আগে। ৯০
তোর শুনেছি যত বিদ্যা-সাধন, লাঙ্গুলে আগুন লাগায়ে বদন,
পুড়িয়ে বেড়াস্ তোর উপর বৃথা রাগা।

পাঠান্তর: ১ লুম ঝিঁঝিট—ক।

তোর থাক্‌তো যদি বুদ্ধিবল, সীতা দিয়েছেন রামকে ফল,
সেই ফল কেউ কি খায় রে হতভাগা। ৯১
শুনে রাঘব বামনের কথা রুক্ষ, হনুমান্ কন্ থাক্ রে মূর্খ!
পথ্যা বেটাদের সংখ্যা পাইনে কত।
বেটা বড় মান্তমান, তুই আমার রাখ্‌লি না মান,
তবেই হনুমানের মান হত। ৯২
বেটার ক-অক্ষর গোমাংস, বিদ্যার মধ্যে অন্ন-ধ্বংস,
বর্ণ-বিচার-শূন্য আবার তাতে।
বানর বানর কর্‌ছ বড়, কথার বানর ইহাকে ধর,
কর্ম্ম-বানর তুই বেটা ভারতে। ৯৩
ভিন্ন মধ্যে থাকিস্ নে গাছে, ল্যাজ নাই আর সকলি আছে,
তন্থর ভিতর হনুর কীর্ত্তি সব।
পশুর সঙ্গে সম্ভাষণ, পশুর মত পেট-পোষণ,
কভু ভাব না পশুপতি মাধব। ৯৪
আমি ত হয়েছি সাগর পার, তোর বেটার পার হওয়া ভার
লাফ দিবি তার বল ঘুচায়ে চল্‌লি।
আমাকে বলিস্ মুখপোড়া, তো বেটার কি কপাল-পোড়া,
জেলে মনের আগুন সকলি পোড়া কর্‌লি। ৯৫
আমি ত বাস করি বনে, সদাই ফলের অন্বেষণে,
তো বেটার যে বিফল অন্বেষণ।
নইলে সামান্য ধন-অভিলাষে, আসিলি আমার রামের পাশে,
চিন্‌তে পারিস্ নে রামধন কি ধন। ৯৬
পেয়ে পরমার্থ বিদ্যমান, দু-সের চেলের অভিমান,
এমন বাসনায় দিয়ে আগুন।
অতি অধম ধনের কার্য্যে আশা, কল্পতরু-মূলে আসা,
হাঁ রে অল্পবুদ্ধি! অল্পেয়ে বামুন। ৯৭

* * *

খাম্বাজ[১]—যৎ

ওরে দুরাচার! চাইলে পাদ্ রামের কাছে মোক্ষধন।
কি ছার উদর-পরিতোষের জন্য,
হারায়েছো রে জ্ঞানরতন।
এসেছ কি ধনের লোভে,
দু-সের তণ্ডুলে কি দুসার হবে,
দশার ফেরে কু-পসার ক'রে,
অসার বস্তুর আয়োজন। (চ)

* * *

অশ্বমেধ যজ্ঞে ত্রিভুবনের নিমন্ত্রণ

ব্রাহ্মণ হইল নীরব, যজ্ঞের কারণ সব,
শ্রীরাম বুঝান হনুমানে।
এলেম নরযোনিতে ধরণীতে, না চলিলে নর-রীতে,
ধর্ম্মপথ নরে নাহি মানে। ৯৮
হয় যদি যায় বেজায়, সেই পথে প্রজায় যায়,
রাজার বজায় রাখা সেই ধর্ম্ম।
প্রমাণ পাইয়া মনে, জ্ঞানোদয় হনুমানে,
প্রণাম করেন পূর্ণব্রহ্ম। ৯৯
যোগিগণ যাঁরে ধ্যায়, সেই রামের অযোধ্যায়,
ত্রিলোক ধায়[২] পেয়ে নিমন্ত্রণ।
এলেন পুর ত্যজি পুরন্দর, শশধর বিষধর
শ্রীধর রামের যজ্ঞ জন্য। ১০০
শুভ দিন মনে গণি চলিলেন দিনমণি,
শিবা সঙ্গে শিবের আগমন।
যান শক্র আদি শুক্র শনি, যথা দেব চক্রপাণি,
কেবল বক্র হয়ে এলেন না শমন। ১০১
সভায় না হেরে শমনে, মুনিগণ সব মনে গণে,
চিন্তামণির প্রতি অতি রাগ।
হবে কি উহার যজ্ঞ পূর্ণ পাগলের অগ্রগণ্য,
নারদের বাড়ান অনুরাগ। ১০২

মুনিগণের নারদনিন্দা

কি দেখে সদ্ব্যবহার, সব কর্ম্ম তাঁরই ভার,
সম্প্রতি যজ্ঞে করিল হানি।

পাঠান্তর: ১ সিন্ধুভৈরবী—ক। ২ যায়—ক।

পথে বুদ্ধি পেয়ে বিবাদ, যমকে দিতে সংবাদ,
যায় নাই নারদে আমরা জানি ॥ ১০৩
জগদীশ দিলে অভয়, নাই যেন যমের ভয়,
তা বো'লে তার মান খর্ব্ব কেনে।
যাতে গিয়াছে ঐ পাগল, ঘ'টে রয়েছে অমঙ্গল,
গোল বই মঙ্গল কই দেখিনে ॥ ১০৪
গোর লেটা ব্রহ্মার বেটা, ব্রহ্মার কুপুত্র ওটা,
ওটা একটা উৎপাত-উৎপত্তি।
সাজায়ে কথাটি পরিপাটী, কাজিয়ে বাধায় বাজিয়ে কাঠি,
লাঠালাঠি দেখ্‌তে বড় আর্ত্তি ॥ ১০৫
হ'য়ে কপট যোগীর বেশ অন্তঃপুরে হয় প্রবেশ,
অন্ত না জানিয়ে লোকে মানে।
হ'লে কাজিয়ে বগল বাজিয়ে নাচে,
রাজার কথা কয় রাণীর কাছে,
রাণীর কথা গিয়ে বলে রাজার কানে ॥ ১০৬
যাদের বাসনা হরি, সর্ব্বসুখ পরিহরি,
হরীতকী ভক্ষিয়া হরি সাধে।
ও কোন্‌ কালেতে হরিতে রত, চঞ্চল হরিণের মত,
হরে কাল কেবল বিবাদে ॥ ১০৭
ওরে করুণা কোরেছেন হরি, কি গুণেতে হরি হরি,
হরি পেলে কি কেবল ছাই মেখে।
হরিও উহার অনুরক্ত, লোকে বলে হরিভক্ত,
হরিভক্তি উড়ে যায় ওরে দেখে ॥ ১০৮
ও কি সাধনায় হ'লো মুনি, কুমন্ত্রণার শিরোমণি,
ঘর ভাঙ্গাবার পণ্ডিত ভারতে।
লোকের হয়েছে ভারি মরণ, বিবাহ আদি করণ কারণ,
বারণ হয়েছে নারদের জ্বালাতে ॥ ১০৯
কারু শুনে যদি বিয়ের সম্বন্ধ, ক'রে বসেছে অম্‌নি মন্দ,
কন্যাকর্ত্তার বাড়ী গিয়া বলে।
কি শুনিলাম ওরে ভাই! মেয়েটাকে জলসাই,
করবে নাকি বেঁধে হাতে গলে ॥ ১১০
কে দেখে এসেছে বর, সেটা অতি বর্ব্বর,
পাত্র কোথা পত্র করিলে কিসে।
এক কড়া নাই তার যোত্র, বয়েস সেটার সত্তর,
লভ্য করবে কি সোনা দিয়ে সীসে ॥ ১১১
এই কথা তাহারে ক'য়ে বর-কর্ত্তার বাড়ী গিয়ে,
বলে, ভাই! কি করেছ কারখানা।
বাহ্যজ্ঞান নাই করেছ ক্রিয়ে, সাধের ছেলের দিচ্ছ বিয়ে,
গেয়ে চক্ষু দেখে এসেছ, মেয়েটা যে কাণা ॥১১২
পুত্র লয়ে উত্তর কাল, বাধবে একটা গোলমাল,
বিবেচনা করিতে হয় বিহিত।
বলিলাম কথাটা রয় না রয়, জানিলে কথা কইতে হয়,
ভদ্রলোকের কাছে এম্‌নি রীত ॥ ১১৩
এইরূপ নারদের কর্ম্ম, কিছু বুঝে না ধর্ম্মাধর্ম্ম,
মিথ্যা কথার বিদ্যা-অধ্যয়ন।
কিছু বুঝে না মন্ত্র তন্ত্র, তারে আবার প্রধানত্ব,
প্রদান করেন নারায়ণ ॥ ১১৪

* * *

শ্রীরামচন্দ্রের নিকট নারদের আগমন

নারদে করিয়া তুচ্ছ, মুনিগণ করেন কুচ্ছ,
হেথায় নারদ তপোধন।
প্রেমে ভাসিছে নয়ন জলে, হাসিছেন হৃৎকমলে,
আসিছেন রামের ভবন ॥ ১১৫
বাসনাকে করিয়া ছাই, অঙ্গেতে মেখেছেন ছাই,
সেই ছেয়ে মানের বৃদ্ধি অতি।
নয় স্বর্ণ কি রূপার ভক্ত, কিনে রেখেছেন মুক্ত,
ভক্তির হাটেতে বেচে মতি ॥ ১১৬
হরি হয়েছেন পরিবার, হরিকে সুখী করিবার,
জন্য ব্যস্ত সর্ব্বদা অন্তরে।
যে রূপ বাহ্য আচরণ, ত্যাজ্যগণের গ্রাহ্য নন,
পূজ্যগণের শিরোধার্য্য করে ॥ ১১৭
নাই অন্ত ধনের অভিমান, সেটা ক'রেছেন অবিধান,
অবিরত শ্রীকান্তে মন আছে।
রামের করুণা-ধন, প্রাপ্তি হেতু তপোধন,
বীণাকে বিনয় করি যাচে ॥ ১১৮

* * *

মূলতান—কাওয়ালী

ও বীণে! লবি নে
জানকী-প্রাণকান্তের নাম বিনে!
ভরসা করেছি ভবে তোয় রে, বীণে!
দেখো রে যেন ভুলিনে ॥
ভাবিলে দুঃখহারী শ্রীকান্ত, দুঃখান্ত একান্ত,
জ্ঞানপথে চল চল!
যে পথে আছে কাল রবিসুত রে,—
সে পথে যেন রবিনে।
ওরে হর-আরাধ্য,—হরি চরণ-পদ্ম.
মনে ভাবিলে রে ভাবনা ভাবিনে,
ম'জ না রে কুরস-প্রসঙ্গে কুরঙ্গে কুসঙ্গে,
রাখ দাশরথির শেষ,
মিছে রস-আশে আর কেন রে,
যা হ'লো হ'লো নবীনে ॥ (ছ)

* * *

হেথা যজ্ঞস্থলে ঋষি যত, অবজ্ঞা করিয়া কত,
নারদ প্রতি কহেন বচন ॥
শুনিয়া কর্ণকুহরে, দূরে হৈতে হরে হরে,
করি নিজ মনকে মুনি কন ॥ ১১৯

শুন রে মন! জ্ঞান-চক্ষে, ধন নাস্তি জ্ঞানাপেক্ষে,
কিবা বন্ধু বিপক্ষে, হিতকর উভয় পক্ষে,
সদানন্দ মন রেখে, হবে পরকাল রক্ষে,
কখন থেকো না দুঃখে, দুঃখে থাকা দোষ মূর্খে.[১]
যদি গায় ধূলা দেয় কোন মূর্খে,
রাগ ক'রো না তার পক্ষে,
বৈরাগ্যটা বড় ব্যাখ্যে, হরিনাম উপলক্ষে,
হর কাল করি ভিক্ষে, জলে স্থলে অন্তরীক্ষে,
হরিময় জল নিরীক্ষে, যে অগোচর চর্মচক্ষে,
যে করে প্রদান[২] মোক্ষে, যে দেয় পার্থে যোগ-শিক্ষে,
যে যাচে বলিরে ভিক্ষে, যে বধিল হিরণ্যাক্ষে,
যে করে প্রহ্লাদে রক্ষে, অসংখ্য যাহার আখ্যে,
সৃষ্টি লয় যার কটাক্ষে, যারে ভজে ইন্দ্র যক্ষে,
শ্রীদাম যারে ভজে সখ্যে, পীতাম্বর যার কক্ষে,
ভৃগুপদ যার বক্ষে, সর্ব্বদা সেই পদ্মচক্ষে,
দেখ রে মন জ্ঞানচক্ষে ॥ [ই]

মুনি এইরূপ ধ্যানে, শ্রীরামের সন্নিধানে,
আনন্দ-বিধানে আশু আসি।
দেখেন কাল দণ্ডধারী, দশমুণ্ড-অন্তকারী,
মুনিমণ্ডলের মাঝে বসি ॥ ১২১
পতিত হ'য়ে ধরায়, পতিতপাবন-পায়,
প্রণাম করিয়া মুনি বলে।
ওহে জানকী-জীবন, তব আজ্ঞায় ত্রিভুবন,
নিমন্ত্রণ করিলাম সকলে ॥ ১২২
দিয়াছি বার্ত্তা হিমালয়, যমালয় সোমালয়,
রামালয় আসিতে হবে বলি।
নাই অনর্থে মন অনিবারি, জান হে কৃতান্ত-অরি!
যথার্থ কর্ম্মে কভু কি আমি ভুলি ॥ ১২৩
আমি যে দাস তব পায়, কেহ না সন্মান পায়,
পায় পায় কি পায় শত্রুগণ।
কি করি যত ক্ষেপায়, ক্ষেপা বলিয়ে ক্ষেপায়,
উপায় কর হে নারায়ণ ॥ ১২৪
বশিষ্ঠ আমাকে পাগল ধরে, ভৃগু বড় ভ্রুকুটি করে,
কত কথায় ক'রে যাচ্ছে উক্তি।
যদি ভোজনে দ্রব্য ভাল পান, ভজনের তত্ত্ব ভুলে যান
ক'জন উহারা ঐ গতিকে ব্যক্তি ॥ ১২৫
শুধু তপস্যাতে রন না, আছে উহাদের ঘরকন্না,
যোগে মন কখন যোগে-যাগে।
শুন ওহে রাবণারি! সঙ্গে না থাকিলে নারী,
বনে উহাদের ভয় লাগে[৩] ॥ ১২৬

পাঠান্তর: ১ মুখো—ক। ২ প্রসাদ—খ ৩ লাগে—খ।

যায় যজ্ঞ করতে যার ঘরে হোমের ঘৃত চুরি করে,
যমের ভয় লোভেতে মনে হয় না।
গলিয়ে ঘৃত চুবে চুবে, শনিকে দেয় কুশি পূরে,
সোমকে উহারা সম ভাগ দেয় না॥ ১২৭
যম এসে নাই তব যজ্ঞে, দরশন নাই তার ভাগ্যে,
উহাদের কেন আমার সঙ্গে আড়ি।
ওদের বল হে ভুবনের ভর্ত্তা!
দিলাম কি না দিলাম বার্ত্তা,
সুধাতে তত্ত্ব যাউক না যমের বাড়ী॥ ১২৮
আমি পরোক্ষে শুনিলাম কথা, যমের সঙ্গে বিপক্ষতা,
তোমার কিছু আছয়ে ভগবান্!
যেখানে যে পায় মান, যায় তারি বিস্তমান,
যাবে কেন যেখানে হতমান॥ ১২৯

* * *

যেখানে যেমন সেখানে তেমন

যেখানে আবাদ সেইখানে উৎপত্তি।
যেখানে পিরীত, সেইখানে প্রবৃত্তি॥
যেখানে কৃপণ সেইখানে সম্পত্তি।
যেখানে আপত্তি সেইখানে বিপত্তি॥
যেখানে অধম সেখানে অপকীর্ত্তি।
যেখানে বিরোধ সেইখানে মধ্যবর্ত্তী॥
যেখানে কুভোজন সেই খানে বায়ু-পিত্তি।
যেখানে কুরাজন, সেই খানে দস্যুবৃত্তি॥
যেখানে শ্রীমন্ত সেইখানে নানা-বিধি।
যেখানে জ্ঞানবন্ত সেইখানে বেদবিধি॥
যেখানে মহাপাপ সেইখানে মহাব্যাধি।
যেখানে জ্ঞানী বৈদ্য, সেখানে মহৌষধি॥
যেখানে সুজন[1] সেইখানে প্রিয়বাদী।
যেখানে দুর্জ্জন[2], সেইখানে প্রতিবাদী॥
যেখানে অসৎ, সেইখানে প্রতিনিধি।
যেখানে সমাদর, সেইখানে গতিবিধি॥ [ঈ]

* * *

আলিয়া—একতালা

সে[3] আসিবে কেন তব ধাম।
তব নাম শুনে, ওহে কমল-আঁখি!
কেন হ'লো না সে শমন মনে সুখী,
শুনিলাম কথা সে কি,
হাঁ হে! তুমি নাকি শমন-দমন রাম।
পরম পাপী যারে বলে হে পণ্ডিতে,
যম যায় তার জীবন দণ্ডিতে।
তুমি যাবে তার বিপদ খণ্ডিতে,
একবার বল্‌লে রাম নাম।
শমনের মন অনুমানে বুঝি,
নিকটে আসিতে অভিমান ত্যজি,
দূরে থেকে বুঝি, অভিমানে মজি,
ক'রেছে পদে প্রণাম॥ (ঙ)

* * *

লবকুশের যুদ্ধে শত্রুঘ্ন, ভরত ও লক্ষ্মণের পতন

নারদেরে যথাযোগ্য ক'রে সম্ভাষণ।
যজ্ঞেশ্বর করেন পরে যজ্ঞ প্রতি মন॥ ১৩৮
সর্ব্ব সুলক্ষণযুক্ত আনি এক অশ্ব।
মুনি মন্ত্রে অভিষেক করিলেন তস্য॥ ১৩৯
জয়-পতাকা লিখে দেন ঘোড়ার কপালে।
জয়ী হৈতে জগতে যতেক মহীপালে॥ ১৪০
সজ্জা ক'রে অশ্ব ছেড়ে দেন নারায়ণ।
শত্রু-নিবারণে সঙ্গে যান শত্রুঘন্॥ ১৪১
ভুবনে বেড়ায় ঘোড়া পবনের বেগে।
কোন দেশে করি যেগ ধরে যদি রাগে॥ ১৪২
ঘোটক আটক রাখা কারু সাধ্য নয়।
ক্রমে হন শত্রুঘ্ন ভুবন-বিজয়॥ ১৪৩
অঙ্গ বঙ্গ কলিঙ্গাদি ভ্রমিয়া ভুবনে।
দৈবে ঘোড়া গেল বাল্মীকির তপোবনে॥ ১৪৪

পাঠান্তর: ১ দুর্জ্জন—ক। ২ সুজন—ক। ৩ শমন—ক।

হেথায় লব-কুশে করি বন-রক্ষা-ভারার্পণ।
চিত্রকূট পর্ব্বতে গেছেন তপোধন ॥ ১৪৫
করে করি ধনুঃশর দুই শিশু খেলে।
দেখিছে বিচিত্র ঘোড়া তরুবর-তলে ॥ ১৪৬
হাস্য ক'রে অশ্ব ধ'রে বান্ধে বনমাঝে।
শুনে শত্রুঘ্ন, বনে আইল রণসাজে ॥ ১৪৭
তরুণ বালক দুটী তরুতলে দেখি।
ঘন ঘন শত্রুঘ্ন বলে, হাঁ রে একি ॥ ১৪৮
অবোধ বালক কোথা, ঘোড়া দে রে এনে।
লব বলে, নবা বালক কি লাগল না তোর মনে ॥ ১৪৯
ক্ষুদ্র দেখে যুদ্ধ-ইচ্ছা, হয় না বেটা বুড়া।
এক বাণেতে ক'রব তোর রথ-শুদ্ধ গুঁড়া ॥ ১৫০
মহাপাশ বাণ এড়ে, জানকী-নন্দন।
চেতন হারায়ে বীর ভূতলে পতন ॥ ১৫১
সারথি সংবাদ দিল ল'য়ে শূন্য রথ।
শুনি ক্রোধে ধাইলেন লক্ষ্মণ ভরত ॥ ১৫২
শুধান সীতার সুতে হাসিতে হাসিতে।
কে তোরা, বালক বাছা! জীবন হারাতে ॥ ১৫৩
হাসি হাসি লব কুশ দেন পরিচয়।
দুটী ভাই যমের দূত আর কেহ নয় ॥ ১৫৪
এনেছি তলব-চিঠি তোমাদের নামে।
সসৈন্যে যাইতে হবে শমনের ধামে ॥ ১৫৫
তবে যদি কর যুদ্ধ না বুঝিয়ে মর্ম্ম।
সেটা কেবল মৃত্যুকালে প্রলাপের ধর্ম্ম ॥ ১৫৬
কাঁচা কাঁচা কথা কস্ নে, ভেবে কাঁচা ছেলে।
ঘোড়া দে না বল্‌লে যেন ঘোড়ায় চড়ে এলে ॥ ১৫৭
এক বেটা পুনকে শত্রু নাম শত্রুঘন।
সে বেটার চটক অমনি ঘোটকের কারণ ॥ ১৫৮
মহাপাপটা চালিয়ে দিলাম দিয়ে মহাপাশ।
তোমাদের পুরাই অবিলম্বে অভিলাষ ॥ ১৫৯
এই রূপ দর্প করি কন লব-কুশি।
ভরত কহেন, নাহি ধরে অধরেতে হাসি ॥ ১৬০
ভাল মন্দ যা বলুক, শুনে হ'লেম তুষ্ট।
বালকের বচন শুনিতে বড় মিষ্ট ॥ ১৬১

লব বলে, মিষ্ট নয় সংহারিব সৃষ্টি।
এত বলি, ভরতের উপরে বাণবৃষ্টি ॥ ১৬২
ক্রোধভরে ভরত ধনুকে যুড়ি বাণ।
জানকী-সন্তান প্রতি করিল সন্ধান ॥ ১৬৩
উভয়ে নির্ভয়-যুদ্ধ অতি ঘোরতর।
উভয়ের কাটা যায় শরে শরে শর ॥ ১৬৪
কার শক্তি জিনে সীতা-শক্তির সন্তান।
ঐষিক বাণেতে যায় ভরতের প্রাণ ॥ ১৬৫
লক্ষ্মণ পতিত হন পাশুপত বাণে।
ভগ্নদূত গিয়া বার্ত্তা দেন ভগবানে ॥ ১৬৬
বজ্রাঘাত-সম বাক্য করিয়া শ্রবণ।
পতিত ধরণী-পৃষ্ঠে পতিত-পাবন ॥ ১৬৭
থরহরি কাঁপেন হরি, হরিল চেতন।
কোথা রে ভরত! কোথা ভাই শত্রুঘন্ ॥ ১৬৮
হায়! কোথা গেলি রে লক্ষ্মণ সহোদর!
প্রাণের সোসর আমার দুঃখের দোসর ॥ ১৬৯

* * *

সুরট—তেওট

'কোথা রে লক্ষ্মণ!' বলি, রামের ধ্বনি অধরে।
নয়ন-যুগলে জলধরের কি জল ঝরে ॥
একে শক্তি নাই দেহে, সীতা-শক্তি-বিরহে,
কেবল তোর মায়ায় আছি সংসারে।
তুমি যে শক্তিশেলে, লঙ্কায় প্রাণ হারাইলে,
সেই শক্তিশেল, লক্ষ্মণ!
আজি আমার বক্ষোপরে। (ঝ)

* * *

সীতা ও লবকুশ

হেথা জানকী-নন্দন যান, জননীর বিদ্যমান,
ব'ধে রামের সৈন্য কোটি কোটি।
জননী জানিবে ব'লে, মুক্ত করে গিয়া জলে,
রক্তমাখা কলেবর দুটী ॥ ১৭০

ধুয়ে অঙ্গের শোণিত, অঙ্গনেতে উপনীত,
শুধান সুধাংশুমুখী সীতে।
বিলম্বের হেতু কিবা, অবসান দেখি দিবা,
অবশাঙ্গ ভেবে মরি চিতে। ১৭১
ছলক্রমে লব-কুশি প্রিয়বাক্যে মাকে তুষি,
দুজনে ভোজনদ্রব্য চান।
লক্ষ্মী দেন দুই পুত্রে, শাক-অন্ন শালপত্রে,
দোঁহে খান সুধার সমান। ১৭২
হ'লো নিদ্রা-আকর্ষণ, কুশাসন করে আসন,
মাতৃকোলে পোহান রজনী।
দেখে শশধর গগনে অস্ত, দুই ভাই শশব্যস্ত,
রাম এসেছেন রণস্থলে শুনি। ১৭৩
মাকে কন করপুটে, মুনি গিয়াছেন চিত্রকূটে,
বন-রক্ষণ ভার আমাদের দিয়ে।
বিদায় দে মা! বন রাখি, যে স্থানেতে নিত্য থাকি,
করিব খেলা সেই স্থানে গিয়ে। ১৭৪
জানকী বলেন হাঁ রে লব! ভয়ে মরি কি অসম্ভব,
পরস্পর করতেছে ঘোষণা।
ক'রে কার ঘোড়া বন্ধ, বনের মাঝে কর দ্বন্দ্ব,
কপাল মন্দ,—ও সব ক'রো না। ১০৫
কহেন শক্তি-তনয়, যা জেনেছ মা! তা নয়,
হ'লই যদি,—তাতেই বা ক্ষতি কি।
ধরি কায় ধরামণ্ডলে, খণ্ড করি আখণ্ডলে,
তব চরণবলে মা জানকি। ১৭৬
মনে হয়ে সন্তোষিতে, সন্তানে সাজান সীতে,
কটিতে আঁটিয়া দেন ধটি।
শিরেতে বন্ধন ঝুঁটি, যেন কোটিচন্দ্র ছুটি,
অঙ্গে আভরণ রাঙ্গামাটি। ১৭৭
দিয়ে শিরে হস্ত বার বার, বলে,—দুঃখিনীর কুমার!
সর্ব্বত্র জয়ী হও দুই জনে।
ছুটি নন্দনের কেশে, রক্ষা-বন্ধন করি শেষে,
সঁপিছেন শঙ্করী-চরণে। ১৭৮

* * *

শ্রীরাগ—কাওয়ালী

বিপদভঞ্জিনি! শিবে!
মাগো! দেখো দুঃখিনী-তনয়ে লয়ে রেখো পদপল্লবে।
আমার অবোধ বালক, মনে প্রবোধ,
মানে না ওগো তারিণি!
ভয়ে কাঁপে মোর থর থর পরাণী!
রঙ্গ করে ধরে, তুরঙ্গ এনে ঘরে,—
বিপদে পড়িলে, কৃপা অপাঙ্গে প্রকাশিবে। (ঐ)

* * *

শ্রীরামের সহিত লব-কুশের যুদ্ধ

ভক্তি ভাবে দুই জন, মন দিয়া সীতার চরণ,
বন্দিয়া যান করিতে সংগ্রাম।
হেথা ভ্রাতৃশোক নিবারিতে, যজ্ঞ-অশ্ব উদ্ধারিতে,
যুদ্ধবেশে এসেছেন রাম। ১৭৯
যেন বনে উদয় তিন রাম, নবদূর্ব্বাদলশ্যাম,
সুধামাখা বাক্যেতে শুধান।
আপন সন্তান জ্ঞানে, কুশ আর লব পানে,
ঘন ঘন ঘনশ্যাম চান। ১৮০
কন রাম ক্ষিতিপালক, হাঁ রে অবোধ বালক,
অশ্ব তোরা বেঁধেছিস্ দু'জনে।
তোরা কার সন্তান বল, ভুবনে কার এত বল,
বিবাদবাসনা মোর সনে। ১৮১
ব্যঙ্গচ্ছলে লব কয়, বাণে বাণে পরিচয়,
পাবে তখনি যে হয় বাপ জ্যেঠা।
দেখে নব্য বালক ছুটি, প্রথমে এসে দাঁত-খামুটি
অমনি ধারা করেছিল তিন বেটা। ১৮২
ক'রে, ক্ষুদ্র শিশু অনুমান, তিনটী জনার তত্ত্ব যান,
তারা যত বাণ মেরেছে হৃদে।
আমাদের অঙ্গে একটী ঠাঁই, আঁচড় একটা লাগে নাই,
দেখ হে! জননীর আশীর্ব্বাদে। ১৮৩

তুমি এলে কার পুত্র, তোমার নিবাস কুত্র,
বল না আগে,—বল জানাও যে বড় ।
শুনিয়া কহেন রাম, শ্রীরাম আমার নাম,
আর নাম রাঘব রঘুবর ॥ ১৮৪
অযোধ্যায় অজ ভূপ, ভূতলে ইন্দ্র-স্বরূপ,
তাঁর পুত্র দশরথ নাম ধরে ।
তাঁর পুত্র আমি রাম, বিজয়ী ত্রিলোকধাম,
ব্রহ্মা মোরে ব্রহ্ম জ্ঞান করে ॥ ১৮৫
রাবণ জগতের জ্বালা, ইন্দ্র যার গাঁথে মালা,
সবংশে সংহার ক'রেছি তাকে ।
দুগ্ধপোষ্য বালক তোরা, বন্ধন ক'রেছিস্ ঘোড়া,
বা'র ক'রে দে মারব না তোদিগে ॥ ১৮৬
আমি সাজিব সমরে, কে আছে মোর সম রে,
শুনে দর্প লব হেসে কন ।
অন্ত তোমার যোগ্য নাই কিন্তু আমরা দুই ভাই,
আছি তোমার সংহার-কারণ ॥ ১৮৭
কেহ নাই[১] আমাদের কুত্র, আমরাই প্রধান মাত্র,
সতীপুত্র লব কুশ নাম ।
তোমারে পারিব না জিন্‌তে, এই কথাটাই হ'লো শুন্‌তে,
ওহে রাম ! রাম রাম রাম ॥ ১৮৮
হাঁ হে ! এখনি কি শুনিলাম, রাঘব তোমার নাম,
তবে যে হইল সব বৃথা ।
শুনি ভিক্ষা করে রাঘবেতে, রাঘবের সঙ্গে যুদ্ধ দিতে,
সেটা বড় লাঘবের কথা ॥ ১৮৯
শুনে শুনে পরিচয়, মনে যে অশ্রদ্ধা হয়,
হয় ল'তে এসেছ ক'রে জারি ।
অযোধ্যানাথ ! একি কহ, অজ তোমার পিতামহ,
এটা যে অযশের কথা ভারি ॥ ১৯০

* * *

খাম্বাজ—কাওয়ালী[২] ।

কি করিবে রঘুপতি ! ভূপতি !
রণে জিন্‌তে তব কি শকতি !
সিংহ সঙ্গে সাধ সংগ্রামে, হে অযোধ্যাপুরস্বামি !
কি যুদ্ধে এলে তুমি অজের হয়ে নাতি ॥
কোন্ সামান্ত মানব তুমি হে রাম !
তব অশ্ব বান্ধিলাম, কি ভয় সংগ্রাম ।
গিয়ে বান্ধি ব্রহ্মার করে,
যদি মা আমায় করে হে অনুমতি ॥ (ট)

* * *

রাম কন ওরে অবোধ ! বালকের প্রতি করলে ক্রোধ,
অপযশ আমারি ঘোষণা ।
তুই শিশু হ'য়ে শুধালি মোরে, পরিচয় দিলাম তোরে,
তুই কেন করিস প্রবঞ্চনা ॥ ১৯১
মনেতে সামান্ত গ'ণে লব কহেন নবঘনে,
বার বার কি শুধাও বারতা ।
তুমি ভয়ে দিয়াছ পরিচয়, আমার কিসের ভয়,
তোমারে জানাব তত্ত্ব-কথা ॥ ১৯২
কেবল, বাঞ্ছা করেছি তোমার মরণ,
তোমার সঙ্গে করণ-কারণ,
কুটুম্বিতে প্রার্থনা রাখিনে ।
কর্‌তে হবে কাটাকাটি, মধ্যে আবার চটাচটি,[৩]
এ কথাটা সে কথাটা কেনে ॥ ১৯৩
রাম বলিছেন ওরে লব ! আমার অঙ্গের অবয়ব,
সকলি তোদের দেখ্‌তে পাই ।
কথার একটা সূত্র পেলে, কোলে করি পুত্র ব'লে,
দুঃখের বেলা জীবন জুড়াই ॥ ১৯৪
জনকনন্দিনী সতী, পঞ্চমাস গর্ভবতী,
তৎকালে দিয়াছি তারে বন ।
অনুমান করি সর্ব্বে, বুঝি জানকীর গর্ভে,
জন্মিয়াছ তোমরা দুই জন ॥ ১৯৫
যদি হই তোমাদের বাপ, শেষে পাব মনস্তাপ,
বধ করি সন্তান-রতনে ।

পাঠান্তর : ১ এখন—খ । ২ একতালা—ক । ৩ চটাচটি—ক ।

ভ্রান্তি ঘুচা, কে তোদের পিতা, অন্তরেতে অন্তকথা,
শুন্‌তে পেলে ক্ষান্ত হই রণে ॥ ১৯৬
লব বলে ওহে রাম! বল বুদ্ধি বুঝিলাম,
ছেড়েছো তরঙ্গ দেগে হালি।
যার কাছে যার প্রাণের ভয়, বাবা ব'লে ডাকৃতে হয়,
হেঁ রে! বেটা বেটা ব'লে দিস্ গালি ॥ ১৯৭
প্রাণের বিষয় সন্ধ, পাতিয়ে বস্‌লে সম্বন্ধ,
তুষ্ট কর মিষ্ট আলাপনে।
কাল পূর্ণ হ'লে পরে, ঔষধে কে রক্ষা করে,
বাঁচাবাঁচি হবে না বচনে ॥ ১৯৮
কহেন রাঘব রথী, ওহে সুমন্ত্র সারথি!
সুমন্ত্রণা করা উচিত হয়।
দু'টো ছোঁড়া বিষম পোড়া, সহজেতে দেয় না ঘোড়া,
যে হউক পাঠাই যমালয় ॥ ১৯৯
ত্যাজ্য করি ধরাসন, করে করি শরাসন,
উঠেন দশরথ-পুত্র রথে।
পিতা-পুত্রে ঘোর রণ, ঘন ঘন ঘনবরণ,
নিক্ষেপ করেন বাণ স্বতে ॥ ২০০
লব ছাড়ে বিবিধ শর, বিশ্বের ঈশ্বরোপর,
বিস্ময় জন্মিল বিশ্বরূপে।
ভাবিলেন দর্পহারী, এদের দর্পে বুঝি হারি,
পরিত্রাণ পাইনে কোনরূপে ॥ ২০১
লব প্রতি যত বাণ, হানিছেন ভগবান্,
সে বাণ বাণেতে কাটে লব।
অস্থির আছেন প্রাণে, দুরন্ত লবের বাণে,
ভবের কাণ্ডারী পরাভব ॥ ২০২
ত্যক্ত হন শিশু সঙ্গে, ভকতবৎসলের অঙ্গে,
শক্তি বাজে রক্ত ব'য়ে যায়।
কিরূপে হইব মুক্ত, চিন্তামণি চিন্তাযুক্ত,
উপযুক্ত ভাবেন উপায় ॥ ২০৩

* * *

সুরট—কাওয়ালী

ভীত[১] ভগবান্ রণে।
হ'লেন জানকীসুত লব বাণে বাণে ॥
শরে শরে সরোজ-শরীর সব জর জর,
সঘনে শঙ্কাযুক্ত ভুবনেশ্বর।
না পান হস্তে শর, লব-শরে অবসর,
জীবন-জন্য ভয় মনে মনে ॥ (ঠ)

* * *

লবকুশের সহিত যুদ্ধে শ্রীরামের পরাজয়

রামের বিষম দায়, সৈন্যগণ সমুদায়,
শিশুতে কেলিল সব নাশি।
আছেন জগদীশ্বর, রথোপরে একেশ্বর,
দুই দিকে হানে শর, লব আর কুশি ॥ ২০৪
পুনশ্চ লব হানে বাণ, সেই বাণে ভগবান্,
মূর্চ্ছিত হইয়া পড়েন রথে।
নহে বাল্মীকি-কথন, রঘুনাথ রণে পতন,
এ বচন জৈমিনির মতে ॥ ২০৫
পরস্পর পরাভব, কুশলযুক্ত কুশি-লব,
নিরখিছেন রণস্থলোপর।
দেখেন চিন্তামণির গলে, নীলকান্তমণি জলে,
হীরা-মুক্তা শিরেতে টোপর ॥ ২০৬
হরির অঙ্গের আভরণ, হরিষে করি হরণ,
দুই জন যান হেন কালে।
দেখেন বৃহৎগাত্র, কিঞ্চিৎ চেতন-মাত্র,
তিন বীর পড়িয়া ভূতলে ॥ ২০৭

* * *

বন্দী হনূমান্‌কে লইয়া লবকুশের গমন

ক'রে আছেন ধরাশয়ন, জাম্ববান্ বিভীষণ,
আর বায়ুপুত্র হনূমান্।
ধনুর্গুণে বন্দী ক'রে, তিন বীরে স্কন্ধে ক'রে,
আনন্দে জানকী-পুত্র যান ॥ ২০৮

পাঠান্তর: ১ ভয়ে ভীত—ক।

চেয়ে হনুমানে হাসি, লব বলিছে, ও ভাই কুশি !
এমন পশু দেখি নে এ সব বনে।
রাম রাজার এ ভারি যশ, বনের বানর এমন বশ,
মানুষের সঙ্গে এসে রণে। ২০৯

করেছিলাম এইটে মন, বুঝি শয়েক দেড়শ মণ,—
ওজনে হবে, দুজনে তোলা ভার।
শঙ্কা ছিল চাগিয়ে তোলা, কিছু নাই ভার[১] যেন সোলা,
এইটে দেখি ভারি চমৎকার। ২১০

বল বুদ্ধি কিছুই নাই, হনুটোর কেবল তম্বটো ভাই !
যে কেতে থোও, সেই কেতেই যে পড়ে।
প্রাণের ভয়ে করে উপ, চুপ বল্লেই অম্‌নি চুপ,
কুড়িয়ে লেঙ্গুড় জড় সড়ো করে। ২১১

গাটী সাদা মুখটা কালো, এ একতর দেখ্‌তে ভালো,
তামাসা গিয়ে দেখাব তপোধনে।[২]
মানস করেছি মনে মনে, এটা যদি ভাই পোষ মানে,
শিকলি দিয়ে রাখ্‌ব তপোবনে। ২১২

দুই ভাই হইয়ে মত্ত, করেন কত পুরুষত্ব,
শুনিয়া কহেন হনুমান্।
কে আছেন স্বন্ধোপরে, প্রকাশ পাইবে পরে,
এখন তো সামান্ত অনুমান। ২১৩

বলেছেন জ্ঞানিবর্গ, হেথাই নরক স্বর্গ,
সাধুর কথা সত্য বটে সব।
সম্প্রতি ভাই ! আপনা দিয়ে, বারেক আঁখি মুদিয়ে,
বিবেচনা ক'রে দেখ্‌ রে লব। ২১৪

যে বিরিঞ্চি-বাঞ্ছিত ধন, শঙ্কর করে সাধন,
সংসারের কর্ত্তা তোর পিতে।
সেই হরিপ্রিয়ে হরিণাক্ষী, গোলোক-বাসিনী লক্ষ্মী,
জননী তোর জনক-দুহিতে। ২১৫

আমি তোদের স্কন্ধে করেছি ভর, বুঝ না রে বর্ব্বর !
স্বর্গ কি ইহার পর আছে।
বিবেচনা কর সমস্ত, তোদের মত নরকস্থ,
নরলোকে কে কোথা হ'য়েছে। ২১৬

যাদের জন্ম অতি বিফল, বনের পশু খায় বন-ফল,
ধর্ম্মাধর্ম্ম নাই রে জ্ঞানোদয়।
গাছে গাছে করে ভ্রমণ, জানে না শৌচ আচমন,
ছুঁলে যাদের স্নান করতে হয়। ২১৭

তোরা স্কন্ধে ক'রে নিলি তাহারে,
এর বাড়া কি নরক, হাঁ রে !
কে হারে, কে জিনে,— দেখ না মনে।
বড় আয়াসে যাচ্ছ ব'লে, ভর দেই নাই বালক ব'লে,
বাঞ্ছা করেছি মাকে দরশনে। ২১৮

বেঁধেছ বৃহৎ অঙ্গ, ঐ রসে করিছ রঙ্গ,
হেতু বিনে কি ইনি হন বাধ্য।
মিছে তোদের আস্ফালন, ইনি আপনি বন্ধন লন,
নৈলে কি বাঁধিতে তোর সাধ্য। ২১৯

* * *

খট্টভৈরবী—একতালা

ওরে কুশি লব ! করিস্‌ কি গৌরব,
বাঁধা না দিলে পারিতে না বাঁধতে।
ভব-বন্ধন-বারণ-কারণ, শুন রে জ্ঞানহীন[৩] !
আমি অনেক দিন,
বাঁধা আছি মা জানকীর চরণপ্রান্তে।
ভব-চিন্তাহারী প্রতি আমি রত,
প্রাণ দিয়াছি পদপ্রান্তে অবিরত,
আমি চিন্তামণির প্রিয়সুত,
ওরে চিন্তামণি-সুত ! পার না চিন্‌তে। (ভ)

* * *

পাঠান্তর: ১ তার—খ। ২ তপোবনে—ক। ৩ শুন বিবরণ—ক।

শ্রীরামচন্দ্রের পরাজয় ও পতন-সংবাদে সীতার বিলাপ

লব বলেন, কুশ ভাই ! কি অপরূপ শুনতে পাই,
পশুর মুখে পশু-ভাবের বাণী।
বানরটাকে যে যত্নে করা, সত্য এটা পাপের ভরা,
অনুযোগ করিবে রে জননী। ২২০

কাঁধে কত যাতনা স'য়ে, কত দূরে এনেছি ব'য়ে,
এখানেতে ফেলে যাওয়া ভার।
হয় হবে উপহাস, তবু জননীর পাশ,
দেখাব কপির রূপটী চমৎকার। ২২১

ক'রে হনুমান্‌কে সমাদর, চলেন দুই সহোদর,
গিয়া কুটীরের প্রান্তভাগে।
তিন বীরে তথা রাখিয়া, রণবার্ত্তা দেন গিয়া,
ব্যস্ত হ'য়ে জননীর আগে।

অযোধ্যার রাজা রাম, অশ্ব তার বেঁধেছিলাম,
উদ্ধার ক'রে এসেছিলেন তিনি।
তাদের সৈন্যসহ চারি জনে, সংহার করেছি রণে,
শুভ সংবাদ শুন গো জননি। ২২৩

বেটা রণেতে নয় পরিপক, ভয়ে পাতায় সম্পর্ক,
বার বার ধরিয়ে মোর হাতে।
আমি বলি তোর কেউ নই, বেটা বলে তোর বাবা হই,
প'ড়েছিলাম বিষম উৎপাতে। ২২৪

সমুচিত দিয়াছি শাস্তি, রণে একটী প্রাণী নাস্তি,
নাস্তি একটী হস্তী ঘোড়া উট।
এই দেখ মা ! রাম রাজার, মণিময় কণ্ঠের হার,
হীরা-যুক্ত শিরের মুকুট। ২২৫

বজ্রাঘাত-সম বাক্যে, আঘাত করিয়া বক্ষে,
বলে, বিধি ! এত ছিল মনে কি।
রামের ভূষণ করি দরশন, অমনি ধরি ধরাসন,
উচ্চৈঃস্বরে কান্দেন জানকী। ২২৬

* * *

আলিয়া—কাওয়ালী

কি শুনিলাম মরি রে নিতান্ত।
ডুবাইলি দুঃখ-নীরে, দুঃখিনীরে,
তোরা কিরে ক'রে এলি, আমার জীবনের জীবনান্ত।
ওরে লব কুশ কুসন্তান ! যদি তোদের সন্ধানে,
রণে শ্রান্ত হ'লো রে নরকান্তকারী সে প্রাণকান্ত,
সকাতর দেখে রণে, আমার জলদবরণে,
বাছা ! তোরা কেন হলি নে রণে ক্ষান্ত।
সীতার শিরোমণি, সে নীলকান্তমণি,
পতিত ধরণীতে, সাধের শ্রীকান্ত,
মরি মরি এই লাগিয়ে, যতনে দুগ্ধ দিয়ে,
পুষেছিলাম আমি কালফণীরে,
বধিবারে সে রতন চিন্তামণিরে,
সে জীবন-ধন বিনে, আর বিফল জীবনে,
আমি জীবনে ত্যজিব আজি পাপ জীবন ত। (ঢ)

* * *

রণস্থলে সীতা, লবকুশ ও বাল্মীকি

ধরণী লোটায় সীতা কেশ করি মুক্ত।
নয়নের ধারায় ধরণী অভিষিক্ত। ২২৭
পতিতপাবন পতি পতিত যথায়।
চঞ্চল চরণে যান চঞ্চলার প্রায়। ২২৮
মৃতকল্প হেরে রঘুনন্দন-বদন।
ক্রন্দন করিয়া নিজ নন্দনেরে কন। ২২৯
রামশোক পাসরিতে নারি রে পাষণ্ড।
ঘুচাই মনের অগ্নি জ্বাল অগ্নিকুণ্ড। ২৩০
লব বলে, পুত্র হ'য়ে বধিলাম জনক।
এ কলঙ্ক ল'য়ে বাঁচা কি সুখ-জনক। ২৩১
জনকনন্দিনী মা যাবেন যেই পথে।
আমাদের গমন উচিত, সেই মতে। ২৩২
তিন অগ্নিকুণ্ড লব সেই দণ্ডে জ্বালে।
উঠিল অনলশিখা গগনমণ্ডলে। ২৩৩

ঢাকিল অগ্নির ধূমে সূর্য্যের প্রকাশ।
আকাশ গণিছে লোক দেখিয়া আকাশ ॥ ২৩৪
চিত্রকূট গিরিগর্ত্তে আছেন তপোধন।
প্রাতঃসন্ধ্যা শিবপূজা করি সমাপন ॥ ২৩৫
অর্পণ করিয়া মন, রাম-পদতলে।
তর্পণ করেন মুনি যমুনার জলে ॥ ২৩৬
অকস্মাৎ জল দেখিছেন রক্তময়।
ধ্যান করি অন্তরে সকল ব্যক্ত হয় ॥ ২৩৭
রাম-সহ কটক বেধেছে কুশি লব।
সেই রক্তে যমুনার জল রক্ত সব ॥ ২৩৮
অমনি চিত্রকূটে হয় চিত্ত উচাটন।
চলিলেন অচল ত্যজিয়ে তপোধন ॥ ২৩৯
তাপিত হইয়া তপোধন পথে ধান।
পথমধ্যে জ্ঞানপথ মনেরে দেখান ॥ ২৪০
কি কর পামর মন! পথ দেখে চল না।
যাইতে যাইতে যেন, সে পথ ভুল না ॥ ২৪১
সেই পথ চিন্তিয়া, মন! পথ কর আপনি।
যে পথে উৎপত্তি হন, ত্রিপথগামিনী ॥ ২৪২
সাথে সাথে সদা রেখো পরমার্থ ধন।
কি জানি পরাণ যদি পথে হয় পতন ॥ ২৫৩
যদি বল, পথে লইতে করি দস্যু-ভয়।
সাধু বিনে সে ধন, অন্যেতে নাহি লয় ॥ ২৪৪
যে পথে যখন যাবে, রেখে মোর বোল।
ছেড় না শ্রীরাম নাম পথের সম্বল ॥ ২৪৫

* * *

সুরট[১]—কাওয়ালী।

ওরে মন[২] রাম-চরণে মজ না রে।
ভ্রান্ত মন! নিকটে চরম দিন আমার,
পরম বিপদে পার-
কারণ চরণ যাঁর ব্রহ্মা সাধে সাদরে ॥
যাঁর পদ হয় সম্পদ, পরশে পরম-পদ,
পাষাণ মানবী রূপ ধরে।
কি চরণ মরি মরি!
ধীবরের কাষ্ঠতরী, রঘুবর-পদে হেম করে,
যাতে জন্মহরা, সুরধুনী শিবদারা,
নরকবারিণী নরাদি কিন্নরে ॥ (৭)

* * *

মুনি কন রসনা! তুমি সদা বল রাম রাম।
চরণ! চল রে যথা রাম গুণধাম ধাম ॥ ২৪৬
জপ রে যতন করি জানকীরমণ, মন!
লোভ! তুমি সঞ্চয় কর, শ্রীরামসাধন-ধন ॥ ২৪৭
শ্রীরাম নামের মালা ধারণ রে কর! কর।
করে পাবে মোক্ষ-ধন, দিবেন রঘুবর বর ॥ ২৪৮
তত্ত্বজ্ঞানী মহামুনি তুল্য অপমান মান।
তত্ত্ব-কথা জিজ্ঞাসিতে সীতে সন্নিধান ধান ॥ ২৪৯
ধূলায় পড়ে দেখেন, চিন্তামণি-রমণী-মণি।
করিছেন অবিশ্রাম রাম রাম ধ্বনি ধনী ॥ ২৫০
বলেন, রামের শোক জগতে আর সবে সবে।
মোর সবে না, এ জানকী কিসের গৌরবে রবে ॥ ২৫১
ছিল জানকীর বর্ণ স্বর্ণপঙ্কজিনী জিনি।
শোকে কেমন হয়েছেন রাম-সীমন্তিনী তিনি ॥ ২৫২
রাহুতে যেমন গিয়া পূর্ণ শশধরে ধরে।
সীতার দুঃখেতে দুঃখী অমর কিন্নরে নরে ॥ ২৫৩
ধরায় পড়েছে যেন শারদ শশী খসি।
দুই পাশে রোদন করিছে লব কুশি বসি ॥ ২৫৪
বিগলিত কেশ অশ্রুধারা বক্ষঃস্থলে চলে।
কাজল হয়েছে জল নয়নের জলে জলে ॥ ২৫৫
মুনি বলে, গা তোল মা! কি যাতনা কহ কহ।
ধূলায় ধূসর ক'রে কেন সোণার দেহ দহ ॥ ২৫৬

* * *

পাঠান্তর: ১ ভৈরো রামকেলি—ক। ২ ওরে মন—ক গ্রন্থে নাই।

জয়জয়ন্তী—ঝাঁপতাল

বল জানকি! ও মা এ কি! ধরাতনয়া! প'ড়ে ধরা।
সঙ্কট কি হ'লো কেন পঙ্কজনয়নে ধারা॥
কোন বিধি হইল বাম, ভাঙ্গিল তব সুখধাম,
বদনে ধ্বনি অবিরাম, 'রাম রাম' গো রামদারা!
ওমা বল ব্রহ্ম-স্বরূপিণি! কি ধন হারা আপনি,
সাপিনী যেন তাপিনী,
গো মা! শিরোমণি হয়ে হারা।
নিরখিয়ে মা! তব মুখ বিদরিছে আমার বুক,
ভানু-তাপে ঘেমেছে মুখ, অনুতাপে তনু জরা॥ (ত)

* * *

বৈকুণ্ঠ-ধামে রাম-সীতা

রোদন করিয়ে রামকান্তা কন বাণী।
শান্ত হও, মা! বলিয়া সান্ত্বনা করেন মুনি॥ ২৫৭

ধ্যানে বসি মহাঋষি দেখেন সকল।
তপোবনে কুণ্ড আছে মৃত্যুজীব-জল॥ ২৫৮

জানকীর নয়নবারি অমনি নিবারি।
শীঘ্রতর মুনি গিয়া আনেন সেই বারি॥ ২৫৯

বিপদ-নিবারি অঙ্গে সে বারি বর্ষণ।
বারি স্পর্শে উঠিলেন বারিদ-বরণ॥ ২৬০

সে বারি সবারি অঙ্গে সিঞ্চিলেন মুনি।
বারিতে বারিল মৃত্যু সবে পায় প্রাণী॥ ২৬১

শব ছিল সবে হ'লো সজীব অন্তরে।
মিলন হইল মুনিবর-রঘুবরে॥ ২৬২

না হয় মিলন তথা লব কুশ সনে।
চিন্তামণি ভুলিলেন মুনির প্রস্তাবনে॥ ২৬৩

অশ্ব ল'য়ে চারি ভাই অযোধ্যাতে যান।
দিতেছেন দীননাথ দীন-দৈন্যে দান॥ ২৬৪

আসিয়ে কুটীরে পরে বাল্মীকি মহাঋষি।
শ্রীরামের যজ্ঞে যান ল'য়ে লব-কুশি॥ ২৬৫

লব-কুশির মুখে রাম শুনেন রামায়ণ।
নন্দন করিয়া কোলে করেন ক্রন্দন॥ ২৬৬

সীতা আনাইয়া চান পুনরায় পরীক্ষে।
কাঁদিয়া জানকী কন রামের সমক্ষে॥ ২৬৭

এখনো বাদ সাধ, আজো সাধ পূর্ণ নয়।
নিদয় হৃদয়, দয়া উদয় না হয়॥ ২৬৮

ভালে ভালো যা ছিল জাল হে অনল।
চরণ স্মরণ করি মরণ মঙ্গল॥ ২৬৯

সীতার রোদনে দুঃখে ধরা ত্বরা ফাটে।
মূর্তিমতী বসুমতী রথ ল'য়ে উঠে॥ ২৭০

ধরিয়া ধরণী রাম-ঘরণীর করে।
বলে, মা! কেঁদ না এসো পাতাল নগরে॥ ২৭১

জন্ম-জ্বালা দিলে ছি ছি! এমন জামাই।
মাটি হ'য়ে আছি মা! আমাতে আমি নাই॥ ২৭২

মায়ে ঝিয়ে চল গিয়া কিছু দিন থাকি।
সুখে থাকুন রামচন্দ্র, এসো চন্দ্রমুখি!॥ ২৭৩

চিরকাল পোড়ালে তোমারে পোড়া পতি।
এখন পোড়াতে চায় ভাবিয়ে অসতী॥ ২৭৪

মেদিনী বিদায় হয়ে সীতারে ল'য়ে যান।
পৃথিবীর প্রতি উষ্মা করেন ভগবান্॥ ২৭৫

আমায় এত বিড়ম্বনা ক'রে গেল বুড়ী।
মানিব না করিব নষ্ট কিসের শাশুড়ী॥ ২৭৬

নারদ কহেন শুন রামদয়াময়!
জামাই হ'য়ে শাশুড়ীকে নষ্ট করা নয়॥ ২৭৭

একে তো প্রাচীনা মাগী হয়ে গেছে জরা।
তোমার উচিত নহে, ধরাকে এখন ধরা॥ ২৭৮

পৃথিবী সংহার জন্য রামের মানস।
ব্রহ্মা গিয়ে তত্ত্ব ক'য়ে ঘুচান অভিরোষ॥ ২৭৯

পাতাল হইতে সীতে বৈকুণ্ঠেতে যান।
কালপুরুষ আসি কহে রাম বিদ্যমান॥ ২৮০

লব কুশে দেন রাজ্য বুঝে মৃত্যু-লগ্ন।
চারি ভাই হইলেন সরযূতে মগ্ন ॥ ২৮১
চতুর্ভুজ-রূপ ধরি চলিলেন সত্বর।
চারি অংশে ছিল অঙ্গ হ'লো একত্তর ॥ ২৮২
উৎকণ্ঠা-বিহীন সব বৈকুণ্ঠের মাঝে।
বিচ্ছেদের বিচ্ছেদ হয়, বামে লক্ষ্মী সাজে ॥ ২৮৩

* * *

বেহাগ—তিওট

হরি রত্নসিংহাসনে, বঙ্কেন কমলাসনে।
বাঞ্ছেন রূপ দেখিতে পঞ্চানন।
অযোধ্যা পরিহরি, বৈকুণ্ঠে এলেন হরি,
হরিষে সুরপুরগণ।
যান ইন্দ্র ফণীন্দ্র, রবি চন্দ্র যোগীন্দ্র,
পদারবিন্দ হেতু দরশন ॥ (খ)

দক্ষ-যজ্ঞ

চন্দ্র-মহিষীগণের সহিত সতীর সাক্ষাৎ

বাহার—পঞ্চম-সওয়ারী

নারদ সংবাদ কহে বিনয় বাক্যে,[১]
শুন গো মা দাক্ষায়ণি!
দক্ষরাজার যজ্ঞ-বাণী ॥
যে প্রকাণ্ড কাণ্ড, মা গো!
অশ্রুত অদ্ভুত গণি।
তব পিতার যজ্ঞে যোগ্যাযোগ্য,
কভু নাহি দেখি শুনি ॥
সকল হ'লো সম্পূর্ণ, কিন্তু বড় আছি ক্ষুণ্ণ,
ত্রিলোকে হয়েছে নিমন্ত্রণ,
ভিন্ন কেবল ত্রিশূলপাণি ॥ (ক)

* * *

নারদের মুখে সতী শুনিয়া সংবাদ।
হৈমবতী হইলেন হরিষে বিষাদ ॥ ১
মণিময় মন্দির ত্যজিয়া মৌন হ'য়ে।
কৈলাসের প্রান্তভাগে রহিলেন দাঁড়াইয়ে ॥ ২
হেন কালে দেখ তথা দৈবের ঘটন।
শশীর সাতাইশ ভার্য্যা করিছে গমন ॥ ৩
জনকের যজ্ঞে যাত্রা জানিয়া সকলে।
চতুর্দ্দোলে চড়িয়া চন্দ্রের জায়া চলে ॥ ৪
বাহকগণেরে সব বারতা শুধান।
বল দেখি, বাপ! এই বটে কোন স্থান ॥ ৫
বিনয়ে বাহকগণ বলিতেছে বাণী।
শিবের কৈলাস এই শুন গো ঠাকুরাণি! ॥ ৬
শুনে কন দক্ষসুতা, সন্তোষ হইয়া।
চল যাই সতীর সঙ্গে সাক্ষাৎ করিয়া ॥ ৭
এই কথা বলি সবে করিল গমন।
দাক্ষায়ণীর সঙ্গে পথে হৈল দরশন ॥ ৮
উভয়ে জিজ্ঞাসা করে কুশল-সংবাদ।
শুনি পরস্পর হৈলা পরম আহ্লাদ ॥ ৯
অশ্বিনী কহিছে সতি! কহ লো বচন।
পিতার যজ্ঞেতে কবে করিবে গমন ॥ ১০
শুনিয়া তারার তারায় বহিতেছে ধারা।
অভিমানে কাঁদিয়া কহিছেন ভবদারা ॥ ১১

* * *

পাঠান্তর: ১ প্রণয় বাখানি—ক।

টৌরী—আড়া।

অশ্বিনি দিদি! আমারে দুঃখিনী দেখিয়া পিতে।
অবজ্ঞা করিয়ে যজ্ঞে, আজ্ঞা না করিলেন যেতে॥
কহিছ গমন জন্য, শুনে হৃদে হই ক্ষুণ্ণ,
আমা ভিন্ন নিমন্ত্রণ, করেছেন এই ত্রিজগতে॥ (খ)

*　*　*

তখন শঙ্করীর শুনি বাক্য, অশ্বিনীর দুই চক্ষু,
[১]করিতে লাগিল[১] ছল ছল।
স্নেহেতে আবৃত হ'য়ে অঞ্চলবসন দিয়ে,
মোছান সতীর নেত্র-জল॥ ১২
সান্ত্বনা করিয়ে শেষে, কহিছেন মিষ্ট ভাষে,
শুন শিবে! কহি গো তোমারে।
আপনার পিতৃ-ভবন, করিতে তথায় গমন
নিমন্ত্রণ অপেক্ষা কে করে॥ ১৩
যেও তুমি হরজায়া! জনকের হবে দয়া,
দেখিয়া তোমার চন্দ্রানন।
নতুবা আমার সঙ্গে, চলহ পরম রঙ্গে,
সবে মিলি করিব গমন॥ ১৪
তখন অশ্বিনী ভরণী দোঁহে, খেদান্বিত হ'য়ে কহে,
আমাদের নিদারুণ পিতা।
সবার কনিষ্ঠা সতী, তাহাতে দুঃখিনী অতি,
কিছু মাত্র না করে মমতা॥ ১৫
মম বাক্য শুন শিবে! তোমার জন্মেতে সবে,
আনিয়াছি বস্ত্র অলঙ্কার।
পরিধান কর অঙ্গে, চল আমাদের সঙ্গে,
মনোদুঃখ না করিহ আর॥ ১৬
তখন শুনি মঘা চন্দ্রমুখী, কৃত্তিকায় বিরলে ডাকি,
কহিছেন শুন বলি তবে।
বস্ত্র অলঙ্কার আদি, এখানেতে দেও যদি,
আমাদের নাম নাহি হবে॥ ১৭

মায়ের সম্মুখে গিয়া, অলঙ্কার আদি দিয়া,
শিবারে সাজাব কুতূহলে।
জননী হবেন সুখী, পুরবাসিগণ দেখি,
ধন্য ধন্য করিবে সকলে॥ ১৮

তখন শুনিয়া মঘার বাক্য, সকলে হইল ঐক্য,
মায়ের সম্মুখে গিয়া দিব।
পুষ্যা হেসে কহে বাণী, কহ দেখি দাক্ষায়ণি!
কেমন আছেন তব ভব॥ ১৯

বাঞ্ছা বড় আছে মনে, দেখিবারে পঞ্চাননে,
পূর্ণ কর মম অভিলাষ।
এই বাক্য শুনি শিবে, বলে এক বার তিষ্ঠ সবে,
দেখে আসি কোথা কৃত্তিবাস॥ ২০

তখন শঙ্করে কহিতে বার্ত্তা, শঙ্করী করিলেন যাত্রা,
উপনীত শিবসন্নিধানে।
দেখে দিগম্বর হ'য়ে, সনকাদি ঋষি ল'য়ে,
আছেন শিব যোগ আলাপনে॥ ২১

তখন শঙ্করীকে দৃষ্টি করি, কহিছেন ত্রিপুরারি,
দাক্ষায়ণি! কহ কি কারণ।
শুনি কহেন সতী, গঙ্গাধরে, আজি তোমায় দেখিবারে,
আসিয়াছেন মম ভগ্নীগণ॥ ২২

তব দিগম্বর সজ্জা, দেখিলে পাইবে লজ্জা,
বস্ত্রাদি করহ পরিধান।
শুনি তখন পঞ্চানন, নন্দীরে ডাকিয়া কন,
শীঘ্র বড় ব্যাঘ্রচর্ম্ম আন॥ ২৩

আনিলে পোষাকী ছাল, পরিলেন মহাকাল,
দেখি সতী করিলেন পয়ান।
গিয়া কহেন সব ভগ্নীগণে, চল শিবদরশনে,
শুনে সবে মহানন্দে যান॥ ২৪

*　*　*

পাঠান্তর: ১-১ লজ্জাহীন করিছে—ক।

চন্দ্রমহিষীগণের শিব-দরশন

ললিত—ঝাঁপতাল

কিবে চন্দ্রমহিষীগণে যোগেন্দ্র-দরশনে,
গজেন্দ্র-গমনে চলে রে !
অতুল রূপের প্রভা, চরণে সরোজ-শোভা,
অলি তাহে মধু-লোভা, ধায় কুতূহলে রে ॥
কিবা হৃদিপুলকিত তারা, নিশানাথের মনোহরা,
তার মাঝে ভবদারা, শোভে তারা পরাৎপরা,
চাঁদেতে যেমন তারা, বেড়া ধরাতলে রে ॥ (গ)

* * *

এই মতে শীঘ্রগতি, উপনীত হৈল তথি,
যে স্থানেতে পশুপতি, বৃক্ষমূলে বসি ।
দেখে সবে মহেশ্বর, হয়েছেন দিগম্বর,
কটি হৈতে বাঘাম্বর, পড়িয়াছে খসি ॥ ২৫
শঙ্করের সজ্জা দেখি, লজ্জায় বদন ঢাকি,
সবে মেলি অধোমুখী মৃদু মৃদু হাসে ।
দৃষ্টি করি গঙ্গাধর, অগ্রে পসারিয়া কর,
'এস' ব'লে সমাদর, করেন মিষ্ট ভাষে ॥ ২৬
দাক্ষায়ণীর ভগ্নী হও, আমার তো ভিন্ন নও,
কেন অধোমুখে রও, দাঁড়ায়ে এক পাশে ।
ডাকিলেন মহাকাল, মনে করে কি জঞ্জাল,
দেখিতে এসেছি ভাল, ক্ষেপা কৃত্তিবাসে ॥ ২৭
আই মা লাজে মরে যাই ! আলাপের কার্য্য নাই,
চক্ষে দেখতে নাহি পাই, পলাবার দিশে ।
সর্পগণে দর্প ক'রে, সর্ব্বদা অঙ্গেতে ফেরে,
বাঁচে বুড়া কেমন ক'রে, ভুজঙ্গের বিষে ॥ ২৮
একে পাগল আবার তায়, দিবা-রাত্রি সিদ্ধি খায়,
বুঝা গেল অভিপ্রায়, বুদ্ধি গেছে ভেসে ।
ভস্মমাখা কলেবর, হাড়মালা দিগম্বর,
কিবে মূর্ত্তি মনোহর, দেখিলাম এসে ॥ ২৯
অশ্বিনী সবারে কন, হৈল হর-দরশন,
আর নাহি প্রয়োজন, থাকিয়া কৈলাসে ।
সতী প্রতি কহেন তবে, আপনি বুঝায়ে ভবে,
অবশ্য যেও গো শিবে ! পিতার নিবাসে ॥ ৩০

* * *

শিবের নিকট সতীর দক্ষযজ্ঞে যাত্রার অনুমতি প্রার্থনা

আমরা গমন করি, বলিয়া চন্দ্রের নারী,
চতুর্দ্দোলে সবে চড়ি, চলিলেন হরিষে ।
হেথায় শঙ্করী ধেয়ে, করপুটে দাঁড়াইয়ে,
চরণে প্রণতি হোয়ে, কহিছেন গিরিশে ॥ ৩১
আর কিবে নিবেদিব, আজ্ঞা কর ওহে ভব,
যজ্ঞ দেখিবারে যাব, জনকের বাসে ।
ভবানীর শুনি বাণী, হৃদয়ে প্রমাদ গণি,
কহিছেন শূলপাণি, মৃদু মৃদু ভাষে ॥ ৩২
শিব বলেন সতি ! তুমি যেতে চাচ্ছ বটে ।
পাঠাইতে না হয় ইচ্ছা দক্ষের নিকটে ॥ ৩৩
তাহার সঙ্গেতে আমার প্রণয় যেমন ।
কল্পান্তরের কথা কিছু শুন দিয়া মন ॥ ৩৪

* * *

দক্ষ ও শিবের সম্পর্ক

কেমন ভাব ?

আমাদের ভাব কেমন জামাই শ্বশুরে ।
যেমন দেবতা আর অসুরে ॥
যেমন রাবণ আর রামে ।
যেমন কংস আর শ্যামে ॥
যেমন স্রোতে আর বাঁধে ।
যেমন রাহু আর চাঁদে ॥
যেমন যুধিষ্ঠির আর দুর্য্যোধনে ।
যেমন গিরগিটী আর মুসলমানে ॥
যেমন জল আর আগুনে ।
যেমন তৈল আর বেগুনে ॥
যেমন পক্ষী আর দাতনলা ।
যেমন আদা আর কাঁচকলা ॥

যেমন ঋষি আর জপে।
যেমন নেউল আর সাপে॥
যেমন ব্যাঘ্র আর নরে।
যেমন গৃহস্থ আর চোরে॥
যেমন কাক আর পেচকে।
যেমন ভীম আর কীচকে॥
যেমন শরীর আর রোগে।
যেমন দিন কতক হয়েছিল ইংরাজে মগে॥ (অ)

এই মত অসদ্ভাব দক্ষে আমায়।
শুন প্রিয়া আর কিছু কহিব তোমায়॥ ৪৫

* * *

কানেড়া বসন্ত—তেওট [১]

ক্ষমা কর ক্ষেমঙ্করি! যেওনা দক্ষরাজার ভবনে।
যে যজ্ঞে অযোগ্য আমি, সে যজ্ঞে যাবে কেমনে॥
শুনিয়া তোমার বাক্য নৃত্য করে বাম-অঙ্গ, হে!
পাঠাইতে বিপক্ষ মাঝে হে, ঐক্য নাহি হয় মনে॥ (ঘ)

* * *

কহিলেন বিরূপাক্ষ, অমান্য[২] করিয়া দক্ষ,
বারণ করেছে নিমন্ত্রণ[৩]।
যাইতে এমন যজ্ঞে, কেমনে করিব আজ্ঞে,
প্রিয়া! তুমি হও ক্ষমাপন্ন॥ ৪৬
না পাইয়া তাহার বার্ত্তা, আপনা হইতে যাত্রা,
করিলে হইবে মানে খর্ব্ব।
প্রজাপতি করি দৃষ্ট, বিধিমতে উপহাস্য,
করিয়া করিবে মহাগর্ব্ব॥ ৪৭
শুনি এই বাক্য আদ্যে, শঙ্করের সান্নিধ্যে,
কহিছেন শুন সদানন্দ।
ভৃত্য গুরু শ্বশ্র পিতা, নিকটেতে অনাহূতা,
গমনে নাহিক প্রতিবন্ধ॥ ৪৮

পুন কন উমাকান্ত, যাইতে তুমি হও ক্ষান্ত,
তথাচ শিবের বাক্য খণ্ডি।
ক্রোধ করি হৃদিমধ্যে, পশুপতি পাদপদ্মে,
প্রণমিয়া বিদায় হৈল চণ্ডী॥ ৪৯
শঙ্করীকে ক্রোধযুক্ত, দৃষ্টি করি পঞ্চবক্ত্র,
নন্দীরে কহেন ভ্রূভঙ্গে।
হইয়া অবিলম্বিত, বৃষ করি সুসজ্জিত,
ল'য়ে তুমি যাও সতীর সঙ্গে॥ ৫০

* * *

সতীর দক্ষালয়ে যাত্রার উদ্যোগ

শিব আজ্ঞা হইয়া শ্রুত, বাহন লইয়া দ্রুত,
উপনীত যথা দক্ষপুত্রী।
করপুটে কহে নন্দী, পদদ্বয় শিরে বন্দি,
বৃষে চড়ি চল জগদ্ধাত্রি॥ ৫১
শুনে হৃদে মহাতুষ্ট, বৃষে হ'য়ে উপবিষ্ট
নন্দীরে লইয়া যান সঙ্গে।
কহেন দুর্গা মধুর ভাষে, চল রে কুবেরের বাসে,
অলঙ্কার প'রে যাই অঙ্গে॥ ৫২

কুবের-গৃহে ভবানী

শুনে আনন্দিত অতি, চলিলেন শীঘ্রগতি,
যথায় বসতি করে যক্ষ।
উপনীত পুরীমধ্যে, হেরিয়া শিবের সাধ্যে,
ধনেশ প্রণমে লক্ষ লক্ষ॥ ৫৩
অদ্য কিবা মম ভাগ্য, বলি দিল পাদ্য অর্ঘ্য,
বসিবারে রত্নসিংহাসন।
পুলকিত হ'য়ে চিত্তে, বারি বহে দুই নেত্রে,
বিনয়েতে নন্দী প্রতি কন॥ ৫৪

* * *

পাঠান্তর: ১ তেওট বিলম্বিত—ক। ২ অন্যায়—ক। ৩ নিমন্ত্রণ—খ।

[১]বাহার—একতালা[১]

আজ কি আনন্দ নন্দি হে !
আমার গৃহে শঙ্কর-গৃহিণী ।
হেরি ও পদ-কমল অন্ত যে সকল প্রাণী ॥
আজি মম শুভাদৃষ্ট, মায়ের হৈল শুভ দৃষ্ট,
সুর-জ্যেষ্ঠ[২] আমি শ্রেষ্ঠ আপনারে গণি ॥ (৬)

*　　　*　　　*

গললগ্নীকৃতবাসে, দাঁড়াইয়া সতী-পাশে,
জিজ্ঞাসেন মিষ্টভাষে, কুবের তখন ।
কহ, গো মা দাক্ষায়ণি ! নিজ প্রয়োজন বাণী,
শ্রীমুখের আজ্ঞা শুনি, জুড়াক জীবন ॥ ৫৫
এই বাক্য শুনি শিবে, কুবেরে কহেন তবে,
পিতৃগৃহে যেতে হবে, যজ্ঞ দেখিবারে ।
অতএব শুন সমাচার, দিলাম তোমারে ভার,
দিয়ে যত্ন অলঙ্কার, দেহ সজ্জা ক'রে ॥ ৫৬

*　　　*　　　*

সেকালের গহনা

শুনে হৃদে হৃষ্টমতি, হইলা কুবের অতি,
আভরণ শীঘ্রগতি, আনিলা আপনি ।
প্রথমতঃ পাদদ্বয়ে, রতন নূপুর দিয়ে,
দিল যক্ষ সাজাইয়ে, কটিতে কিঙ্কিণী ॥ ৫৭
ভুজেতে বলয়া তাড়, কঙ্কণ দিলেন আর,
গলে গজমতি হার, কর্ণেতে কুণ্ডল ।
ভালে শোভা ভাল হইল, চন্দ্রকান্তমণি দিল,
শশী যেন ত্যজি এলো, গগনমণ্ডল ॥ ৫৮
নাসায় বেশর শোভা, মস্তকে মুকুট-আভা,
চমকে তাহার প্রভা, যেন সৌদামিনী ।
এই মত সুসজ্জিত, করিয়া কুবের কত,
হৃদে হ'য়ে পুলকিত, কহে স্তুতি-বাণী ॥ ৫৯

(কিন্তু) যদি এক্ষণে ভাই ! দক্ষ-যজ্ঞ হৈত ।
নূতন নূতন গহনা কুবের মাকে কত দিত ॥ ৬০
না ছিল তখন এই গহনা বই ।
এখনকার গহনার কথা শুন কিছু কই ॥ ৬১

*　　　*　　　*

একালের গহনা

ছাবা চুট্‌কী পাঁয়জোর, গুজরি ঘুঙ্গুর বোর,
গোল মল হীরাকাটা যায় ।
হাতমাদুলি চন্দ্রহার, চৌ-নরগোট চমৎকার,
চাবি-শিকলি চাবি গাঁথা তায় ॥ ৬২
গোখরি বালা পরিপাটী, হাত-মাদুলি পলাকাটি,
তিলে-লোহা হীরের অঙ্গুরী ।
তিন থাক মর্দ্দানা, কাটা পৈঁছে রোসনা,
স্বর্ণতাড় দমদম ফুলঝুরি ॥ ৬৩
মহিষে শিঙ্গের শাখা, দুই দিকে তায় রেখা রেখা,
মধ্যখানে সুবর্ণের মোড়া ।
বাউটির কোলে কত বন্ধ, বাহুমূলে বাজুবন্ধ,
তাড় আর তাবিজ এক কৌড়া[১] ॥ ৬৪
গলে দোলে সাত থাকি, প্রতি থাকে ধুক্‌ধুকী,
সর্ব্বদা করয়ে ঝিকমিক ।
পদক মোহন-মালা, উজ্জল করয়ে গলা,
তদুপরে শোভা করে চিক ॥ ৬৫
চাঁপাকলি মটরমালা, কর্ণে শোভে কাণবালা,
ঢেঁড়ি ঝুমকা পিপুলপাতা আর ।
বিবিয়ানা কর্ণফুল, আড়ানি মীনের দুল,
ঝুমকাতে খুটির বাহার ॥ ৬৬
নাকে নত হিন্দুস্থানী, তাহে শোভে মতি চুণি,
নাকচোনা ঝুমকা নলক ।
দক্ষিণ নাসায় কিবে, ময়ূরে বেশর শোভে,
জ্ঞান হয় দামিনী-ঝলক ॥ ৬৭

পাঠান্তর : ১-১ সিন্ধু—যৎ—ক। ২ রাক্ষস নিকৃষ্ট—ক। ১ একজোড়া—খ।

মস্তকে জড়োয়া সিঁতি, তার মাঝে গাঁথা মতি,
কত শোভা ধন্ন পয়দাকে।
এ সব গহনা পেলে, যক্ষরাজ কুতূহলে,
বিধিমতে সাজাইত মাকে। ৬৮

* * *

সতীর দক্ষালয়ে প্রবেশ, প্রসূতির আনন্দ

তথাপি সে চমৎকার, দিয়া রত্ন অলঙ্কার,
শঙ্করীকে সাজাইয়া দিল।
নন্দীকে ডাকিয়া কন, কর দেখি নিরীক্ষণ,
মা আমার কেমন সাজিল। ৬৯
হেরি তখন নন্দী কয়, হৈল বড় মন্দ নয়,
মনে যক্ষ হইল কুপিত।
বুঝি নন্দী শীঘ্র চলে, জবা দূর্ব্বা বিবদলে,
চন্দনাক্ত করিল ত্বরিত। ৭০
হরষিত অন্তরে, মায়ের চরণোপরে,
অর্ঘ্য আনি করিল প্রদান।
সেই ক্ষণে নন্দী কন, কর দেখি নিরীক্ষণ,
নিরখিয়া জুড়াল নয়ন। ৭১
ধনেশ করিয়া দৃষ্ট, হইলেন মহাতুষ্ট,
শিবভক্তে সাধুবাদ করে।
এমন সুসাজ করি, বৃষ-পৃষ্ঠে ত্বরা করি,
শঙ্করী চলেন দক্ষ-পুরে। ৭২
হেথায় প্রসূতি রাণী, নাহি হেরি দাক্ষায়ণী,
কাঁদি কহে কাতর অন্তরে।
বুঝি বা আমার সতী, অভিমানী হ'য়ে অতি,
না আইলা যজ্ঞ দেখিবারে। ৭৩
এমন সময়ে তবে, দ্বারে উপনীতা শিবে,
দেখিয়া এক বৃদ্ধ ব্রাহ্মণ।
পুরীমধ্যে ধেয়ে চলে, দক্ষ-মহিষীরে বলে,
আসি মা গো! কর নিরীক্ষণ। ৭৪

* * *

ঝিঁঝিট—ৎ

ওমা প্রজাপতি-মহিষি! প্রসূতি!
হের, তোমার যজ্ঞেশ্বরী সতী এলো ঐ।
যে দুঃখে দুঃখিত ছিলে,
আজি আসি কর কোলে, সেই ব্রহ্মময়ী।
সামান্য নয় তব কন্যা, ত্রিলোচনী ত্রিলোক-মান্যা,
এ যজ্ঞ কি পূর্ণ হয় অন্নপূর্ণা বৈ। (চ)

* * *

এই বাণী শুনে রাণী উন্মাদিনী প্রায়।
'কৈ সতী' বলিয়া অতি বেগে তথা যায়। ৭৫
অম্বিকারে দৃষ্টি ক'রে বাহিরেতে এসে।
একবার 'আয় মা' বোলে, লইয়া কোলে,
নয়ন-জলে ভাসে। ৭৬
সতী যথা, যান তথা, দক্ষসুতাগণ।
বলে ভব-গৃহিণীরে দিব, দিব্য আভরণ। ৭৭
তথাকারে গমন ক'রে অভয়ারে হেরে।
হেরি তারা, তাদের তারা, আর নাহি ফিরে। ৭৮
মৃগশিরা-আদি করি পরস্পর কয়।
পশুপতির প্রিয়া সতীর, দুঃখ অতিশয়। ৭৯
কোথায় এমন, সুশোভন, আভরণ পেলে।
আমরা অনুমানি, শূলপাণি, চাহি আনি দিলে। ৮০
বড় ঘটা, জানি সেটা, বড় জটাধারী।
পাবে লজ্জা, তাতে ভার্য্যা, দিল সজ্জা করি। ৮১
কেহ কয়, মৃত্যুঞ্জয়, সুধু নয় সে ক্ষেপা।
আমরা জানি চন্দ্রচূড় মিনুশে বড় চাপা। ৮২
তারি ছিল, বুঝা গেল, প্রকাশ হ'লো এবে।
দেখ যত, নহে তত, অমনি-মত হবে। ৮৩
সতী যথা, যান তথা, দক্ষসুতা সবে।
হেন কালে রাণী, কোলে নিতে ভবানী,
যায় পরম উৎসবে। ৮৪
মিষ্টান্ন পরিপূর্ণ করি স্বর্ণথালে।
তাহে হৃষ্টমতি, হ'য়ে অতি, আয় মা সতি! বলে। ৮৫

তখন প্রস্তুতির স্তুতি-বাণী, শুনি তবে দাক্ষায়ণী,
শীঘ্র গতি উঠিয়া আপনি।
ভগ্নীগণে সম্ভাষিয়ে, মায়ের আশ্রিত হ'য়ে,
কহিলেন ত্রিলোক-জননী। ৮৬

* * *

সতীর যজ্ঞস্থলে গমন

যজ্ঞস্থানে আগে গিয়া, আসি সব নিরক্ষিয়া
পশ্চাতে মা! করিব ভোজন।
এই কথা বলি শিবে, হৃদয়ে ভাবিয়া শিবে,
যজ্ঞস্থানে করিলেন গমন। ৮৭
উপনীত হ'য়ে তথা, দেখিল জগত-মাতা,
ইন্দ্র চন্দ্র আদি দেবগণ।
ত্রিলোক-নিবাসী যত, সবে হ'য়ে উপস্থিত,
বসেছেন দক্ষের ভবন। ৮৮
স্থানে স্থানে কত জন, অধ্যাপক ব্রাহ্মণ,
করিতেছে শাস্ত্র আলাপন।
কেবল ঈশান ভিন্ন, ঈশান রয়েছে শূন্য,
দেখি তাঁর দুঃখী হৈল মন। ৮৯
রত্নবেদী কত শত, নির্ম্মাণ করেছে কত,
ঘৃতের কলস সারি সারি।
দধি দুগ্ধ ঘৃত চিনি, রাখিয়াছে নৃপমণি,
হ্রদে হ্রদে পরিপূর্ণ করি। ৯০
আর কত আছে দ্রব্য, কহিবারে অসম্ভাব্য,
সুশ্রাব্য করেছে যজ্ঞকুণ্ড।
কত কুস্তিগিরি মাল, বাহুতে ধরয়ে তাল,
পাথরে আছাড়ে নিজ মুণ্ড। ৯১
সম্মুখেতে রত্ন-শোভা, তাহাতে সুন্দর আভা,
প্রকাশ করেন দক্ষ নৃপমণি।
আপনি আছয়ে বসি, চতুর্দ্দিকে শত ঋষি,
সকলে করয়ে বেদধ্বনি। ৯২
চোপদার জমাদার, হাতে লেঙ্গা তলোয়ার,
সম্মুখে সর্ব্বদা আছে খাড়া।
নৃত্য গীত বাদ্য কত, হইতেছে অবিরত,
দেখিয়া বিস্ময়াপন্না তারা। ৯৩

* * *

বসন্ত-বাহার[১]—কাওয়ালী

কিন্নর করিছে গান, তাল মান,
তাহে মিশাইয়া রাগ বাহার।
ধির্ কুট্ কুট্ তানা নানা তাদিম তাঁ তা দিয়ানা,
ঝেন্না ঝেন্না কত বাজায়ে সেতার।
গায় শুনি নাদেরে দানি নাদের দানি,
ওদের তানা দেরতানা, তাদিম তায়রে তায়রে দানি,
দে তারে তারে দানি ধেতেলে,
তেলেনা বাজে সভায় বাজার। (ছ)

* * *

দক্ষের শিবনিন্দা

এই মত সভা দৃষ্টি করিছেন সতী।
মঞ্চে বসি দেখিলেক দক্ষ প্রজাপতি। ৯৪
শঙ্করীকে দৃষ্টি করি ক্রোধান্বিত মনে।
কহিতে লাগিল রাজা সভা বিদ্যমানে। ৯৫
শিব সম লজ্জাহীন নাহি সুরলোকে।
এ জন্যেতে নিমন্ত্রণ না করিলাম তাকে। ৯৬
তথাচ আপনি দেখ নাহিক আসিয়া।
আপন ভার্য্যা, করি সজ্জা, দিল পাঠাইয়া। ৯৭
অভক্ষণ সিদ্ধিগুলা করয়ে ভক্ষণ।
আমি ত না দেখি তারে শিবের লক্ষণ। ৯৮
ছাই ভস্ম মেখে বলে অপূর্ব্ব ভূষণ।
ভিক্ষা করি নিত্য করে উদর পোষণ। ৯৯
বস্ত্র বিনা ব্যাঘ্রচর্ম্ম করে পরিধান।
দেবের মধ্যে দুঃখী নাহি শিবের সমান। ১০০

পাঠান্তর: ১ লুম ঝিঁঝিট—ক।

ভৃত্য[১] সঙ্গে শ্মশানে সর্ব্বদা করে বাস।
মাথার খুলি বাবাজীর জলখাবার গেলাস ॥ ১০১
কেবল এ গ্রহ আনি, নারদে ঘটালে।
কনিষ্ঠা কন্যাটা আমি দিলাম জলে ফেলে ॥ ১০২

*　　*　　*

সতীর দেহত্যাগ

ক্রোধে রাজা সভামধ্যে শিব-নিন্দা করে।
শুনিয়া কহেন সতী ক্রোধিত-অন্তরে ॥ ১০৩
শুন পিতা! তুমি কৈলে শিবেরে ইতর।
না রাখিব তোমার উৎপত্তি কলেবর ॥ ১০৪
প্রতিজ্ঞা করিয়া সতী বসি যোগাসনে।
ত্যজিলেন তনু শিব-পদ ভাবি মনে ॥ ১০৫
ধরাতলে পড়িলেন ত্রিলোকজননী।
দেখিয়া করেন নন্দী হাহাকার ধ্বনি ॥ ১০৬

*　　*　　*

আলিয়া—আড়া

কাঁদি কহে নন্দী, কি বিপদ্ ঘটিল!
স্বর্ণময়ী মা আমার কেন রে বিবর্ণ হ'লো।
লজ্ঘি আসি শিব-আজ্ঞে, আসিয়া অশিব-যজ্ঞে,
অকস্মাৎ কিমাশ্চর্য্য! হেরি প্রাণ না হয় ধৈর্য্য,
হর-হৃদি করি ত্যাজ্য, শয্যা মায়ের ধরাতল ॥ (জ)

*　　*　　*

দক্ষসেনাগণের সহিত নন্দীর যুদ্ধ

সতী-অঙ্গ ত্যাজ্য দেখি, নন্দী হৈল মহাদুঃখী,
আরক্ত যুগল আঁখি, ঘুরিছে তখন।
ছাড়িয়া দীর্ঘ-নিঃশ্বাস, ক্রোধে দক্ষযজ্ঞ-নাশ,
করিবারে শিবদাস, করিলা গমন ॥ ১০৭
নন্দী ক্রোধান্বিত অতি, দেখি তবে প্রজাপতি,
কহিলেন দূত প্রতি, যুদ্ধ করিবারে।
রাজাজ্ঞা করিয়া মান্য, যতেক দক্ষের সৈন্য,
চলে সবে যুদ্ধ জন্য, কুপিত অন্তরে ॥ ১০৮
আসিয়া নন্দীর সঙ্গে, রণ করে মহা-রঙ্গে,
হরভক্ত ভ্রূভঙ্গে পরাস্ত করিল।
দেখি দক্ষ ক্রোধে জ্বলে, ব্রহ্মতেজ যোগবলে,
বহু সৈন্য রণস্থলে, তখনি সৃজিল ॥ ১০৯
আসি সব সেনাগণে, হুহুঙ্কার ছাড়ে রণে,
যজ্ঞরক্ষার কারণে, নন্দী সনে করে মহারণ।
রণেতে পরাস্ত হ'য়ে, নন্দী নিজ প্রাণ-ভয়ে,
চলিলেন প্রাণ ল'য়ে, শিবের সদন ॥ ১১০

*　　*　　*

ক্রুদ্ধ মহাদেবের জটা হইতে বীরভদ্রের উৎপত্তি

হেথায় নারদ মুনি, দেখিলেন দাক্ষায়ণী
শঙ্করের নিন্দা শুনি, ত্যজিলেন অঙ্গ।
সভা হৈতে শীঘ্র উঠি, বাজাইয়া দুই কাটি,
কৈলাসে চলেন হাঁটি, বাধাইতে রঙ্গ ॥ ১১১
বায়ুর সমান গতি, উপনীত হৈল তথি,
কৈলাসেতে পশুপতি, আছেন যেখানে।
নারদে দেখিয়া হর, করিলেন সমাদর,
বসিলেন মুনিবর, শিব সন্নিধানে ॥ ১১২
জিজ্ঞাসেন পঞ্চানন, কহ যজ্ঞ-বিবরণ
শুনিয়া নারদ কন, মৌন হ'য়ে মনে।
বলে শুন বিরূপাক্ষ! তোমাকে কুৎসিত বাক্য,
অনেক কহিল দক্ষ, সতী-বিদ্যমানে ॥ ১১৩
তব নিন্দা শ্রুতি মূলে, শুনে সতী ক্রোধানলে,
দেখিলাম যজ্ঞস্থলে, ত্যজিলা জীবন।
শুনিয়া উন্মত্ত হর, ক্রোধে কাঁপে কলেবর,
জটা ছিঁড়ি গঙ্গাধর, ফেলিলা তখন ॥ ১১৪
জন্মিলা বীরভদ্র তাতে, কহে আসি বিশ্বনাথে,
কহ প্রভু! কি জন্যেতে, করিলে সৃজন।

পাঠান্তর: ১ 'ভূত'!—সম্পাদক

পৃথিবী-মণ্ডল তুলে, দিব কি সাগরে ফেলে,
কিম্বা আজি সিন্ধুজলে, করিব শোষণ ॥ ১১৫
তখন কহিছেন কৃত্তিবাস, যাও রে দক্ষের পাশ,
সযজ্ঞ[1] সহিত নাশ, করগে সকলে।
শুনি বীরভদ্র চলে, মার মার মার বোলে,
ভূতগণে কুতূহলে, সমরেতে চলে ॥ ১১৬

* * *

আলিয়া—কাওয়ালী[2]

চলে রে বীরভদ্র রঙ্গে।
রুদ্র পিশাচ সঙ্গে ॥
মহাকাল কোপে, প্রতি লোমকূপে,
অনল মিশ্রিত যেন অঙ্গে ॥
লম্ফে কম্পে ধরণীতল, দন্ত করিয়া শিবের দল,
যায় রণস্থল, বলে মহাবল,
নাশিল সকলে ভ্রূভঙ্গে ॥ (ঝ)

* * *

শিব-সৈন্যগণের দক্ষভবনে গমন ও দক্ষযজ্ঞ নাশ

দক্ষের বিনাশ জন্য, দিবাকর আচ্ছন্ন,
করিয়া শিবের সৈন্য, মহানন্দে যায় রে।
পদভরে কম্পে পৃথ্বী, হইল নিকটবর্ত্তী,
মহারাজ চক্রবর্ত্তী, দক্ষের আলয়ে রে ॥ ১১৭
দিনে যেন সূর্য্য রাহুগ্রস্ত, দেখিয়া যত সভাস্থ,
সবে হয় শশব্যস্ত, চারিদিকে চায় রে।
কহে সব ঋষিবর্গে, না জানি কি আছে ভাগ্যে,
আসিয়া দক্ষের যজ্ঞে, বুঝি প্রাণ যায় রে ॥ ১১৮
সকলে করয়ে তর্ক, হও সবে সতর্ক,
নন্দী অমঙ্গল তর্ক, বুঝি বা ঘটায় রে।
ভৃগু কয়, ভট্টাচার্য্য! থাকুক সকল কার্য্য,
বুঝিলাম নির্দ্ধার্য্য, পড়িলাম লেঠায় রে ॥ ১১৯

ভয়েতে ব্যাকুলচিত্ত, কলা মূলা ঘৃতপাত্র,
বন্ধন করিতে গাত্র-মার্জ্জনী বিছায় রে।
শীঘ্র পলাবার চিন্তে, তাড়াতাড়ি করি বাঁধ্‌তে,
এক টেনে আর আন্‌তে, আর দিকে এড়ায় রে ॥ ১২০

পুন শুন বৃত্তান্ত, যত শিব-সামন্ত,
দক্ষ-যজ্ঞ করে অন্ত, আসিয়া ত্বরায় রে।
শব্দ শুনি হুম্‌হাম্‌, করে মহা-ধূমধাম,
মারে কীল গুম্‌গাম্‌, সবার মাথায় রে ॥ ১২১

সবে করে যজ্ঞ দৃষ্ট, কেবা করে যজ্ঞ নষ্ট,
কেহ কারে সুস্পষ্ট দেখিতে না পায় রে।
বাড়িল বিষম দ্বন্দ্ব, দেখিয়া গতিক মন্দ,
ভয় পেয়ে ইন্দ্র চন্দ্র সকলে পলায় রে ॥ ১২২

দ্বিজ ক্ষত্রি শূদ্র বৈশ্য, পলাইছে করি দৃশ্য,
ভূতগণ মহাদস্যু, তেড়ে ধরে তা'য় রে।
ভৃগুর উপাড়ে চক্ষু, মুনি বলে একি দুঃখ,
ছাড়্‌ বেটা গণ্ডমূর্খ! প্রাণ বাহিরায় রে ॥ ১২৩

বীরভদ্র বলবন্ত, অনেকেরে কৈল অন্ত,
ভৃগুর ভাঙ্গিয়া দন্ত, ভূমিতে ফেলায় রে।
কাহার ভাঙ্গিল তুণ্ড, কার হস্ত কার মুণ্ড,
অবশেষে যজ্ঞকুণ্ড মূতিয়ে ভাসায় রে ॥ ১২৪

কেহ বলে বীরভদ্র! আপনি বট হে ভদ্র,
মোরা হই দ্বিজ-ছদ্ম, মেরো না আমায় রে।
দক্ষ কন একি কাণ্ড, বেটারা কি লোন্দণ্ড,
যজ্ঞটা করিল ভণ্ড, হায় হায় হায় রে ॥ ১২৫

অষ্ট দিক্ অধঃ উর্দ্ধ, সকলি করিল রুদ্ধ,
বীরভদ্র করে যুদ্ধ, কোথা কে এড়ায় রে।
পাইয়া শিবের আজ্ঞে নাশিতে দক্ষের যজ্ঞে,
মহানন্দে ভূতবর্গে, নাচিয়ে বেড়ায় রে ॥ ১২৬

* * *

১ দক্ষযজ্ঞ—ক। ২ একতালা—ক।

বাহার[১]—কাওয়ালী

চতুরঙ্গে নাচে কিবে চন্দ্রচূড়-সেনা।
যজ্ঞ পাইয়া দানা, আনন্দে মগনা॥
বিরূপাক্ষ-বিপক্ষ-সাপক্ষ জনারে করে প্রাণে তাড়না,
বাজিছে মাদল কিবে ধাগুড় ধাগুড় ধাধা কেনা,
ধেঞা তে-থাইয়া তাক্ ধেলাং,
তাকিটি তাক্ তেরেকিটি তাক্ ধেলাং,
তাকিটি তাক্ তেরেকিটি তাক্ ধেলাং,
ত্রিকুট-ধেন্না নাদের দানি দেয়না॥ (ঐ) ১

*   *   *

ভৃগুমুনির নির্য্যাতন

বীরভদ্র বলে ধর, রাগে করে গরগর,
ভৃগুর ধরিয়া কর, দাড়ি ছেঁড়ে পড়পড়
বহিয়া তার কলেবর, রক্ত পড়ে ঝর ঝর,
মুখে নাহি সরে স্বর, গলা করে ঘড় ঘড়,
ভূমে পড়ি মুনিবর, করিতেছে ধড়ফড়,
অন্য যত শিবচর, দন্ত করি কড়মড়,
আঁচড় কামড় চড়, মারিতেছে ধড়াধড়,
ভয়ে মুনির অন্তর, কাঁপিতেছে থর থর,
পিঙ্গল বসনোপর, মূতে ফেলে ছরছর,
বলে বাপু! রক্ষা কর, তনু হৈল জর জর,
পলাই রে আপন ঘর, তবে তোরা সর সর,
দক্ষেরে যাইয়া ধর, সেই বেটা তো বর্ব্বর,
তোমাদের যজ্ঞেশ্বর, নিন্দা করে নিরন্তর,
কিছু মাত্র নাহি ডর মনে।
এই মত মহাবীরে, ভৃগুমুনি ধীরে ধীরে,
বিধিমতে স্তব করে, বলে আমায় বধিও না জীবনে॥ [আ]

ভৃগুর পলায়ন ও দক্ষ-রাজার শিরশ্ছেদ

দয়া করি বীরভদ্র, করি দিল অচ্ছিদ্র,
পলা বেটা দরিদ্র! আপনার ভবনে।
মুনিবর শীঘ্র উঠে, তথা হৈতে যায় ছুটে,
আবার পাছে ধরে জটে, ভয় আছে পরাণে॥ ১২৮
পলায় আর করে মনে, অনেক পেলেম দক্ষিণে,
এমন হইবে কেনে, কপালটা যে বাধানে।
হেথায় শিবের দল, করে মহা কোলাহল,
উপনীত মহাবল, দক্ষ রাজার সদনে॥ ১২৯
ধরিয়া রাজার চুলে, বীরভদ্র ভূমে ফেলে,
ক্রোধান্বিত হ'য়ে বলে, নিন্দা কর ঈশানে।
ভয়ে রাজার অন্তর, কাঁপিতেছে থরথর,
বলে আমায় রক্ষা কর, কে আছ রে এখানে॥ ১৩০
মহাবীর হাস্য ক'রে, মস্তক ফেলিল ছিঁড়ে,
অমনি রাজা পৃথ্বীপরে, রহিলা যে শয়নে।
শিবের দলস্থ যত, সবে হ'য়ে আনন্দিত,
হুহুঙ্কার কত শত ছাড়িতেছে সঘনে॥ ১৩১

*   *   *

অন্দর মহলে ভূত ভোজন

অন্দরে প্রবেশে গিয়া, নারীগণ নিরখিয়া,
ভয়েতে কম্পিত হৈয়া, কহে, মিষ্ট মিষ্ট বচনে।
শুন শুন ভূত বাবা! মেয়ে মানুষ হাবা-গোবা,
মেরো না রে থাবা থোবা, ধরি তোদের চরণে॥ ১৩২
আমরা তো ভিন্ন নই, তোমাদের মাসী হই,
কাতর হইয়া কই, রক্ষা কর পরাণে।
ভূতগণ কহে হাসি, শীঘ্রগতি চল মাসি!
তোমাদের রেখে আসি, মা আছেন যেখানে॥ ১৩৩
একেলা আছেন মাতা, এ বড় দুঃখের কথা,
বিরাজ করগে তথা, একত্রেতে সেখানে।
বিস্তর অপেক্ষা নয়, ছুটা কীল খেলেই হয়,
কেন মাসি! কর ভয়, যমালয়-গমনে॥ ১৩৪
শুনি দক্ষ-সুতাগণ, কাতর হইয়া কন,
তাহে নাহি প্রয়োজন, বৈস বাপু! ভোজনে।

পাঠান্তর: ১ ইমনকল্যাণ—ক।

নানা দ্রব্য মিষ্টান্ন, পিঠা আদি পরমান্ন,
আছে সব পরিপূর্ণ তোমাদেরি কারণে। ১৩৫
শুনিয়ে শিবের দল, সবে বলে খাই চল,
কিছুমাত্র নাহি ফল, মাগীদিগে মারিলে জীবনে।
গৃহেতে প্রবেশ করি, অনেক সামগ্রী হেরি,
দু হাতে অঞ্জলি পূরি, তুলে দেয় বদনে। ১৩৬
কাহার গুহেতে মুখ, ব'সে খেতে বড় সুখ,
কেহ বলে একি দুখ, না ভরে পেট পরিতোষণে।
মা যাহা দিতেন খেতে, পেট ভরিত খেতে খেতে,
এ খাওয়াতে দুঃখ হ'চ্ছে মনে। ১৩৭
শেষে উদর পূরিয়া খাইল, দক্ষের বিনাশ হৈল,
সকলে গমন কৈল, আপনার স্বস্থানে।
হেথায় বলিতে বিবরণ, নারদ করিছে গমন,
অর্পণ করিয়ে মন, হরিগুণ-কীর্ত্তনে। ১৩৮

*   *   *

ভৈরবী[১]—একতালা

একান্ত চিত্তে চিন্ত, মন! শ্রীকান্ত-চরণদ্বয়।
নিতান্ত কাটিবে ইথে, দুরন্ত কৃতান্ত-ভয়।
যোগীন্দ্র মুনীন্দ্র ইন্দ্র চন্দ্র যে চরণ ধ্যায়,
সে চরণ-স্মরণ নিলে মরণে মঙ্গল হয়। (ট)

*   *   *

দেবগণের কৈলাসে মহাদেবের নিকট যাত্রা

এই মতে হরিগুণ গাইতে গাইতে।
উপনীত মহামুনি ব্রহ্মলোকে ত্বরান্বিতে। ১৩৯
ব্রহ্মারে কহেন দক্ষ-যজ্ঞ বিবরণ।
শুনি রজোগুণ হৈল অতি উচাটন। ১৪০
প্রজাপতি দক্ষ যদি হৈল বিনাশ।
কেমনে হইবে তবে সৃষ্টির প্রকাশ। ১৪১
শীঘ্রগতি হংস-পৃষ্ঠে করি আরোহণ।
বিষ্ণুর নিকটে আসি দিল দরশন। ১৪২
দক্ষের বিনাশ-বার্ত্তা কহেন শ্রীকান্তে।
নারদে পাঠান সবে দেবগণে আন্‌তে। ১৪৩
ব্রহ্মা-বিষ্ণু-আদি করি যত দেবগণ।
একত্র হইয়া করে কৈলাসে গমন। ১৪৪
এই মতে দেবগণ শিবের নিকটে।
শঙ্করে করেন স্তব সবে করপুটে। ১৪৫

*   *   *

আলিয়া—একতালা[২]

শিখরনাথ! হে শিখরনাথ! শঙ্কর!
অপার-পার-মহিমে!
আন্ত বন্ধু হে! অনান্ত! পাদপদ্ম দেহি মে।
-লট্ট-পট্ট জটাজূট শূলহস্ত-ধারিণে!
দেব-উক্ত পঞ্চবক্ত্র ভক্তমুক্তকারিণে।
ভালে ভাল শোভা সিন্ধুসুত-ইন্দু-কিরণে।
দেবাদিদেব! সর্ব্ব-গর্ব্ব-খর্ব্ব-কারিণে[৩]।
বিশ্বনাথ! শ্রীঅঙ্গ-ভূষণ ভস্মভূষণে।
সর্ব্বত্রাতা মোক্ষদাতা কর্ত্তা তো ত্রিভুবনে।
রঙ্গে ভঙ্গে ভূত-সঙ্গে, যজ্ঞভঙ্গ-মানিনে[৪]।
ব্যোমকেশ ভীম ঈশ পতিত-প্রদায়িনে।
প্রসীদ প্রসীদ প্রভু পতিত-পাবনে।
দুঃখে রক্ষ বিরূপাক্ষ ত্রৈলোক্য-পোষিণে। (ঠ)

*   *   *

দক্ষের ছাগমুণ্ড

এই মত দেবগণে, স্তব করে পঞ্চাননে,
সদানন্দ স্তব শুনে সন্তোষ হইল।
কহিলেন বিরূপাক্ষ, কেমনে বাঁচিবে দক্ষ,
সকলে করিয়া ঐক্য, উপায় কি বল। ১৪৬
তবে শুনিয়া শিবের বাণী, কহিলেন চক্রপাণি,
গমন কর আপনি, যথা দক্ষ আছে।

পাঠান্তর: ১ খট্টভৈরবী—ক। ২ তেওড়া বা রূপক—ক। ৩ সর্ব্ব-গর্ব্ব-কারিণে—খ। ৪ কারিণে—খ

দেবগণ-কথা শুনি, চলিলেন শূলপাণি,
প্রজাপতি নৃপমণি, যজ্ঞকুণ্ড কাছে ॥ ১৪৭
হেরি দেব-পশুপতি, করিয়া অতি মিনতি,
প্রসূতি করয়ে স্তুতি, দুঃখিনীর মত।
কহিছে দক্ষের জায়া, মম কন্যা মহামায়া,
ছিলেন তোমার প্রিয়া, মোর দুঃখ এত ॥ ১৪৮
বিধিমত প্রসূতি করিল বহু স্তব।
দক্ষে প্রাণ দিতে যুক্তি ভাবিছেন ভব ॥ ১৪৯
যে মুখে করিল শিব-নিন্দা প্রজাপতি।
সে মুখ হইবে অজ, শাপ দিল সতী ॥ ১৫০
এ কারণে শিব কন নন্দীকে ডাকিয়া।
দেহ দক্ষ-স্কন্ধে অজমুখ বসাইয়া ॥ ১৫১
অজমুখ আনে নন্দী দক্ষের কারণ।
প্রজাপতি-স্কন্ধে মুণ্ড করিল যোজন ॥ ১৫২
শিব-বাক্যে দক্ষরাজ সজীব হইল।
সতী-দেহ ল'য়ে, শিব নাচিতে লাগিল ॥ ১৫৩
ত্রিশূলেতে সতী-দেহ ধারণ করিয়া।
কৈলাস ত্যজিয়া ভব বেড়ান ভ্রমিয়া ॥ ১৫৪
শ্রীকান্ত উন্মত্তপ্রায়, দেখি ত্রিলোচনে।
চক্রে কাটি সতী-দেহ ফেলে স্থানে স্থানে ॥ ১৫৫
পড়ে যথা সতী অঙ্গ পীঠ সেই স্থান।
সেই স্থানে ভব গিয়া করে অধিষ্ঠান ॥ ১৫৬
এই মতে বায়ান্ন অঙ্গ বায়ান্ন পীঠ হৈল।
ত্রিশূলেতে সতী নাই, মহেশ দেখিল ॥ ১৫৭
হা সতি! বলিয়া ভব বসি যোগাসনে।
তপস্যা করেন নিত্য, সতীর কারণে ॥ ১৫৮
হেথা হেমগিরি-ঘরে জন্ম নিলা সতী!
শিব-ধ্যান ভঙ্গ করি দিলা রতিপতি ॥ ১৫৯
নারদ দিলেন, শববিভা সতী-সঙ্গে।
সতী লয়ে কৈলাসে গেলেন ভব রঙ্গে ॥ ১৬০

* * *

গৌরী—আড়া

হের আসি হর-ভক্তি আজি কিবা শোভা হ'লো।
সদানন্দের শ্রীঅঙ্গে আনন্দময়ী মিশাইল ॥
দেখ রে নয়ন ভরি, এই স্বর্ণময় পুরী,
স্বর্ণ-মা বিনে সব শূন্যময় হ'য়ে ছিল ॥ (হ)

ভগবতী এবং গঙ্গার কোন্দল

[প্রথম]

জগদম্বার যুদ্ধে শুম্ভের সৈন্য সংহার

শুম্ভ-নিশুম্ভের যুদ্ধে কালীরূপ ধরি।
দৈত্যবংশ-প্রাণ ধ্বংস করিতে শঙ্করী ॥ ১
ক্রোধ করি ভয়ঙ্করী স্বয়ং ধরি অসি।
দৈত্যমুণ্ড খণ্ড খণ্ড করে মুক্তকেশী ॥ ২
রণমধ্যে মহাবিদ্যা লইয়া সঙ্গিনী।
পদ্মবন ভাঙ্গে যেন মত্তা মাতঙ্গিনী ॥ ৩
দেখি রূপ অপরূপ সমর-মাঝারে।
সৈন্য সব অনুভব করে পরস্পরে ॥ ৪
বলে ভাই! দেখি নাই হেন রূপ চক্ষে।
কে রমণী ত্রিনয়নী ত্রিনয়ন-বক্ষে ॥ ৫

* * *

শেরা বস্তু

যেমন বৃত্তির শেরা ব্রহ্মোত্তর, মূর্ত্তির শেরা শশী।
কীর্ত্তির শেরা নিত্য দান, তীর্থের শেরা কাশী ॥

জাতির শেরা ব্রহ্মকুল, ধাতুর শেরা স্বর্ণ।
বুদ্ধির শেরা বৃহস্পতি, যুদ্ধের শেরা কর্ণ॥
পক্ষীর শেরা খঞ্জন, চক্ষের কত ব্যাখ্যা।
বৃক্ষের শেরা অশ্বথ, দুঃখের শেরা ভিক্ষা॥
ধান্যধন ধনের শেরা মান্য ভূমণ্ডলে।
পদ্মফুল ফুলের শেরা, কুলের শেরা ফুলে।
তেমনি রূপের শেরা কালো রূপ, ঐ দানবের কুলে॥ [অ]

* * *

খাম্বাজ—যৎ

কে সমরে শবোপরে নবঘনবরণী।
রূপ নিরখি নিন্দিত যেন নীল-নলিনী॥
প্রভাতের ভানুপ্রভা, চরণ-কিরণ-শোভা,
রণশোভা করেছে ঐ রণরঙ্গিণী।
দ্বিজ দাশরথি কয়, সামান্যা প্রকৃতি নয়,
করে ধরে নরশির হর-ঘরণী॥ (ক)

* * *

তখন প্রাণভয়ে ভঙ্গ দিয়ে শুম্ভসেনা যায়।
ব্যাঘ্র-ভয়ে ব্যস্ত হ'য়ে মৃগ যেন ধায়॥ ১০
সিংহ-ভয়ে প্রাণ ল'য়ে, যেমন মাতঙ্গ।
ব্যাধ-ভয়ে বনে যেন, পলায় বিহঙ্গ॥ ১১
অতি দ্রুত ভগ্নদূত, শুম্ভ রাজায় বলে।
মহারাজ, কালব্যাজ নাহি কালাকালে॥ ১২
তব সৈন্য, সব শূন্য, আজি যুদ্ধে হ'লো।
ল'য়ে প্রাণী, এলাম আমি, বুঝি পিতৃ-পুণ্য ছিলো॥ ১৩
গেলো দাপ, মহাপাপ, রাজ্যে হ'লো কিসে।
রাজ্যভ্রষ্ট, প্রাণ নষ্ট, নহে অল্প দোষে॥ ১৪
রণভূমি, গিয়া তুমি, দেখ রাজা!—ত্বরা।
এলোকেশে, এলো কে সে রমণী প্রখরা॥ ১৫

* * *

সিন্ধু—কাওয়ালী

রঙ্গে করিছে রণ, কে রমণী, হে রাজন্!
তোমারে নিদয়া বামা কি জন্যে।
এলোকেশী করে অসি যোড়শী কুল-কন্যে॥
বিবাদ ঘটিল কেনে, কি বাদ বামার সনে,
করেছ, রাজন্! তাতো জানি নে।
তুমি দ্রুত গিয়ে দেখ ধেয়ে, এমন নিদয়া মেয়ে,
সাধিলে না করে দয়া, বধিলে প্রাণে॥
চল হে রাজন্! চল, প্রাণভয়ে প্রাণাকুল,
অকূল-সাগরে কূল আর দেখি নে।
করি চরণে ধরি মিনতি, যদি হে দানবপতি!
দাশরথি গতি পায়, অতি যতনে॥ (খ)

* * *

শুম্ভের সমর-যাত্রা

তখন দূত-মুখে পেয়ে বার্ত্তা, করে শুম্ভ রণযাত্রা,
রথগামী যোদ্ধাপতি সঙ্গে।
দ্রুত আসি রণস্থলে, দেখিল দানব দলে,
শ্যামা মত্তা সমর-তরঙ্গে॥ ১৬
সঙ্গে ভৈরবী ভৈরব, মা ভৈ মা ভৈ রব!
শ্যামা বই এ নয় সামান্যে।
পদে প'ড়ে মৃত্যুঞ্জয়, রঙ্গে করে রণজয়,
পরাজয় হইল সসৈন্যে॥ ১৭
শুম্ভ বলে, এ রমণী, ত্রিভুবন-শিরোমণি,
সুরমণির পূরাতে বাসনা।
করে অসি করে রণ, কার সাধ্য নিবারণ,
ওহে সৈন্য, সমর করো না॥ ১৮
এ বটে সুরপালিনী, এলো কালী কপালিনী,
না জানি আজি কি আছে কপালে।
আমি যদি করি যুদ্ধ, পাছে স্বর্গপথ হবে রুদ্ধ,
বিরূপাক্ষ বিরূপ হইলে॥ ১৯

পুনরায় মনে ভাবে, কবি যুদ্ধ শক্রভাবে,
শীঘ্র যদি পাই পরিত্রাণ।
তন্ত্র-শঙ্কা না করিয়া, ধনুকে টঙ্কার দিয়া,
নির্ব্বাণদাত্রীরে হানে বাণ ॥ ২০
ডেকে বলে দৈত্যপতি, শুন ওহে যোদ্ধাপতি!
যুদ্ধ কর আমার বচনে।
শ্যামা-সঙ্গে কর রণ, হবে শীঘ্র বিমোচন,
ভঙ্গ দিয়ে যেও না কেহ রণে ॥ ২১

* * *

জয়জয়ন্তী[১]—যৎ

ওরে শুম্ভ-সেনাপতি, রণে ভঙ্গ দিও না।
বধো যদি ব্রহ্মময়ী, ভবে জন্ম আর হবে না ॥
অন্ত কি শত বৎসরে, যাবে এ প্রাণ রবে না রে!
প্রাণভয়ে হাতে পেয়ে, পরমার্থ হারাও না ॥ (গ)

* * *

নারদ ও জগদম্বার সংবাদ

তখন বরদার দেখিতে রণ, নারদের আগমন,
দেবীরে নিন্দিয়া কন ঋষি।
লেঙটা বেশ রণঘটা, এ কি কর্ম্ম ভক্তি-চটা,
সর্ব্বনাশ! একি সর্ব্বনাশি ॥ ২২
মা! তোর কর্ম্ম যে প্রকার, সাধ্য আছে হেন কার,
করিলে কি গো মেনকার বেটি!
সতী নাম শুনি জন্ম, এই কি তোমার সতীর ধর্ম্ম,
পতি-বক্ষে দিয়া পদ-দুটী ॥ ২৩
তোর পাষাণ-কুলেতে জন্ম, তোর কি আছে দয়াধর্ম্ম,
জানি মা! তোর জানি বিবেচনা।
নৈলে কেন কৈলাসেতে, ঘরে তারা মা থাকিতে,
আমি করি হরি-আরাধনা ॥ ২৪
নির্দ্দয়া তোয় দেখে আমি, মা না বলি, বলি মামী,
কেন কালি! কুলে দিয়ে কালি।
দিয়া পতির বুকে পা-টা, মেয়ের এ'ত বুকের পাটা,
ধর্ম্মপথে কেন কাঁটা দিলি ॥ ২৫

* * *

"খাম্বাজ—খেম্‌টা"[২]

কেন শ্যামা গো! তোর পদতলে স্বামী।
তুই সতী হইয়ে পতি-পরে, করিলি কি বদনামী ॥
কার সনে মা ঝগড়া করো, আপনার ছেলে আপনি মারো,
বুঝি ঝগড়া নইলে রইতে নারো, নারদ-মুনির মামী।
মান অপমান নাই ভবানি! মাতুল বেটা বাতুল জানি,
আমি কখন জানি নে আছে—তোর এতো ক্ষেপামি ॥ (ঘ)

* * *

অর্পণ করিয়া পদ পতি-হৃৎপদ্মে।
ভগবতী লজ্জাবতী দেবাদির মধ্যে ॥ ২৬
করি রণ সম্বরণ রক্ষা করি ধরা।
অধোমুখী কৌশিকী কৈলাসে গেলো ত্বরা ॥ ২৭

* * *

ভগবতীকে গঙ্গার তিরস্কার ও ভগবতীর উত্তর

কৈলাসে বসিয়া গঙ্গা পতিতপাবনী।
অপবাদ-সংবাদ শুনিয়া সুরধুনী ॥ ২৮
কুপিলেন জাহ্নবী দেবী সপত্নী উপরে।
বলে, এমন কুকর্ম্ম নাকি কামিনীতে করে ॥ ২৯
যে কর্ম্ম করেছো, দুর্গা! ধিক্ তব চিত।
পুনরায় কৈলাসে আসিতে অনুচিত ॥ ৩০
দেবাদিদেব মহাদেব, তাঁর হৃৎপদ্মে।
"পদ দিয়া পুনরায় আইলে কৈলাসপুরী মধ্যে"[৩] ॥ ৩১
তখন গঙ্গার শুনিয়া বাণী ভবানী রুষিলা।
বলে, কেন লো দুঃশীলা গঙ্গা! আমারে দূষিলা ॥ ৩২

পাঠান্তর: ১ সিন্ধু—ক। ২-২ ভৈরবী—আড়খেমটা—গ, ক।
৩-৩ ক গ্রন্থে এই অংশ নাই। খ গ্রন্থে—'পদার্পণ করিলে, তুমি কোন মুখে কৈলাসে মুখ দেখাও?'—এই গদ্যাংশ আছে।

পতিবক্ষে দিয়া পদ আমি আছি পদে।
পদার্থ নাহিক তোর দেখি পদে পদে ॥ ৩৩
ত্রিলোক-আরাধ্য পতি, দেব ত্রিলোচন।
তাঁরে ছেড়ে লয়েছিলি শান্তনু শরণ ॥ ৩৪
এক পথে কখন থাক না তুমি জানি।
সহজে তোমার নাম ত্রিপথগামিনী ॥ ৩৫
গঙ্গা বলেন, পতিতা হইলে সুরধুনী।
তবে কে বলিত গঙ্গা পতিতপাবনী ॥ ৩৬
আর পতিত হইয়া কেবা, পতিতে উদ্ধারে।
অন্ধ কি অন্ধেরে পথ দেখাইতে পারে ॥ ৩৭
আমা হইতে কি গুণ ত্রিগুণা[1] ধর তুমি।
নরকান্তকারিণী জাহ্নবী গঙ্গা আমি ॥ ৩৮
দীন দৈন্য জ্ঞানশূন্য পতিত পামর।
পশু পক্ষ যক্ষ রক্ষ নরাদি কিন্নর ॥ ৩৯
জগন্ময় যত রয় শ্রীমন্ত শ্রীহীন।
পঞ্চম পাতকী[2] অতি জরা গতি-হীন ॥ ৪০
ছোট বড় সকলে সমান মোর কৃপা।
পাতকী চাতকী, আমি নবঘন স্বরূপা ॥ ৪১
আর ধন ধান্য প্রচুর অদৈন্য যেই নরে।
স্থিরস্বরূপা কমলা অচলা যার ঘরে ॥ ৪২
ধনীরে সদয়া, দুর্গা! তুমি চিরদিন।
ভালো, কোন্ কালে দেহ তুমি দীনের প্রতি দিন ॥ ৪৩

* * *

খট্-ভৈরবী—একতালা[3]

তুমি কি গুণ ধর ভবানি!
দেখি ভাগ্যবান্, তোমার অধিষ্ঠান,
আমি যত দীন-হীন-জননী।
জীবন্মুক্ত জীব শিবতুল্য হয়,
জীবনান্তে মম জীবনে[4] যে রয়,
যমভয় নয় কৈবল্য-আলয়,
সে লয়,—প্রলয়কারীর বাণী।
আমি ভয়হরা এ ভব-সাগরে,
ত্রাণকর্ত্রী কৃত-পাতকী নরে,
আমি না তারিলে দাশরথিরে,
তারো দেখি তবে মহিমা জানি। (ঙ)

* * *

মহাদেবের নিকট গঙ্গার দুঃখ-বর্ণন

তখন গঙ্গার শুনিয়া বাণী ভগবতী কন।
পতিতোদ্ধারিণী নাম শিবের লিখন ॥ ৪৪
ও নাম এক্ষণে আমি দিতে পারি খণ্ডি।
নতুবা বৃথা নাম ধরি আমি চণ্ডী ॥ ৪৫
কিন্তু খণ্ডিলে খণ্ডিয়া যায় পশুপতির বাণী।
এই জন্যে হয়ে মান্যে রইলি সুরধুনী ॥ ৪৬
(কিন্তু) অহং-মান্যা ব'লে কি করিস্ অহঙ্কার।
স্বামি-সোহাগিনি! সুখ হবে না তোমার ॥ ৪৭
আমি সুশীলা দুঃশীলা হই তবু পুত্রবতী।
[5]বশীভূত সতত আমার[5] পশুপতি ॥ ৪৮
তুমি গর্ব্ব করো, গর্ভেতে সন্তান আগে ধর।
এখন, বন্ধ্যা-নারী হয়ে কেন বন্ধ্যা কোন্দল কর ॥ ৪৯
তখন, দুর্গার শুনিয়ে বাণী, অভিমানে গঙ্গা গিয়ে ত্বরা।
শিবের নিকটে কন হয়ে সকাতরা ॥ ৫০
ভগবতী ভাগ্যবতী পুত্রবতী দেখি।
ভগবতীর ভোগমাত্র তব ঘরে থাকি ॥ ৫১
গৌরী সঙ্গে বৈরিভাব আমার নিয়ত।
তুমি তারি অনুগত থাক অনুব্রত[6] ॥ ৫২
সুখের সাগরে ভাসে গণেশজননী।
দুঃখের তরঙ্গে পড়ি ভাসে তরঙ্গিণী ॥ ৫৩
তব ঘরে যে সুখ, সংসারের লোক জানে।
দুঃখে সুখ ছিল মাত্র পতির সম্মানে ॥ ৫৪
তুমি সে সুখে এক্ষণে যদি করিলে বঞ্চিত।
এ স্থান হইতে মম প্রস্থান উচিত ॥ ৫৫

* * *

পাঠান্তর: ১ ত্রিগুণা—ক, গ। ২ পঞ্চপাতকী—গ। ৩ ঝং—গ, জ। ৪জলে—খ, জ। ৫-৫ মমপ্রতি সদয় সর্ব্বদা—খ। ৬ অনুগত—খ, চ।

ললিত[1]—ঝাঁপতাল

রবো না তব ভবনে, শুন হে শিব, শ্রবণে।
শৈলজার কথা আর, সইলো না সইলো না প্রাণে॥
যে নারী করে নাথ, হৃদিপদ্মে পদাঘাত,
তুমি তারি বশীভূত, আমি তা সবো কেমনে॥
পতিরে পদ হানি, ও হইলা না কলঙ্কিনী,
মন্দ হলো মন্দাকিনী, দ্বিজ দাশরথি ভণে॥ (চ)

*   *   *

গঙ্গার শিবশিরে অবস্থান

তখন মনোদুঃখে ম্রিয়মাণ, ক্রোধ করি গঙ্গা যান,
সঙ্কট ভাবেন শূলপাণি।
করে ধরি আশুতোষ, করিছেন পরিতোষ,
নানামত দিয়া প্রিয়বাণী॥ ৫৬
যাহে মান থাকে তব, হে গঙ্গে! আমি রাখিব,
গঙ্গা কন, ওহে গঙ্গাধর!
যদি মান রাখ কান্ত! গৌরী হ'তে অধিকান্ত,
গৌরব যত্তপি আমার কর॥ ৫৭
যদি সপত্নীর হর মান, আমার বাড়াও মান,
তবে তব অনুরোধ রাখি।
ও যেমন মন-সুখে, চড়িল তোমার বুকে,
মস্তকে চড়িয়া আমি থাকি॥ ৫৮
কহিছেন শূলপাণি, স্বীকার করিলাম বাণী,
জটা মধ্যে থাকহ গোপনে।
সে কথা স্বীকার করি, শিরে চড়েন সুরেশ্বরী,
কিন্তু কি করি ভাবেন গঙ্গা মনে॥ ৫৯
আমি শিব-শিরোপরে, গণেশজননী মোরে
না দেখিলে মিছে মোর মান।
এত ভাবি সুরধুনী, জটায় করেন ধ্বনি,
শুনে দুর্গা শিব পানে চান॥ ৬০
কহেন গণেশ-মাতা, বল হে! যথার্থ কথা,
বিশ্বময় বিস্ময় জন্মিল।
বুঝিতে না পারি চিতে, তুমি বিঘ্নহরের পিতে,
শিরে তব কি বিঘ্ন হইল॥ ৬১

*   *   *

[2]খাম্বাজ—একতালা[2]

হে কি শুনি ত্রিশূলপাণি!
নাহি পাই কূল, ভেবে প্রাণাকুল,
শিরে কুল-কুল কিসের ধ্বনি॥
সে ভূষণ কোথা লুকাইল সব,
করিত অঙ্গেতে ভুজঙ্গেতে রব,
কল-কল রব শুনি কলরব,
ভয়েতে নীরব সে সব ফণী।
কর দিয়ে শিরে বলো হে কারণ,
কারে শিরে তুমি করেছো ধারণ,
দাশরথি বলে শুন মা! কারণ,
কারণবারি ও পাপবারিণী॥ (ছ)

*   *   *

মহাদেব ও ভগবতী-সংবাদ

তখন ছল করি, ত্রিপুরারি, কন ধীরে ধীরে।
দুর্গা! অকস্মাৎ, কি উৎপাত, হইল শিরঃপীড়ে॥ ৬২
শুনে ভাব, উপহাস[3] করি কন শিবে।
মৃত্যুঞ্জয়! লাগে ভয়, না জানি কি হবে॥ ৬৩
তোমার জরজ্বালা,[4] কোন জ্বালা, জন্মে শুনি নাই।
আজি শুনে শিরঃপীড়া, বড় মনঃপীড়া পাই॥ ৬৪
বহু কালে পীড়া হ'লে হয় বড় ভাবনা।
ঐ ভয়, পাছে হয়, বৈধব্য-যন্ত্রণা॥ ৬৫
তোমার ভাঙ্গ খেয়ে, ভেঙ্গেছে কপাল,
ভাঙ্গিলো ভুয়ো-জারি।
খেয়ে সিদ্ধি, রোগ বৃদ্ধি, করিলে ত্রিপুরারি॥ ৬৫
যত খেয়েছো ধুতুরার ফল, ফলিল তারি ফল।
বসেছে জঠর, হ'য়ে মস্তকেতে জল॥ ৬৭

পাঠান্তর: ১ টোরী—খ, গ, জ। ২-২ খট্‌ভৈরবী—যৎ—খ, গ, জ। ৩ পরিহাস—খ, জ ৪ জ্বালা—খ, জ।

হ'লো দুঃখ, যত রুক্ষ, ভোজন আজন্ম।
ঊর্দ্ধগত জল ওটা, ঊর্দ্ধকের ধর্ম্ম ॥ ৬৮
তখন মর্ম্ম জানি, হররাণী, হরষিত মনে।
নন্দীরে ডাকিয়ে কন কপট বচনে ॥ ৬৯

* * *

'বেহাগ—যৎ'

বিধি করলে কি রে!
আজি মনে ভাবি তাই।
নন্দি রে! মন্দিরে সুখ নাই।
বৈদ্যনাথের শিরঃপীড়ে,
বৈদ্য কোথা পাই ॥ (জ)

* * *

একি অপরূপ কথা, শিব-শিরোব্যথা,
বিধিরে বিধি বাম হ'লো।
শুনে মরি আতঙ্কে, গরুড়ের অঙ্গে,
ভুজঙ্গ আসি দংশিলো ॥ ৭০
হ'লো প্রজাপতি ভগ্ন, বিবাহ-লগ্ন,
একি অপরূপ রঙ্গ।
আমি গণেশের জননী, কখন নাহি শুনি,
গণেশের যাত্রাভঙ্গ ॥ ৭১
ওরে অপরূপ কথা শুন, শীতে ভীত হুতাশন,
বরুণের বড়ই পিপাসা।
কভু শুনি নাই কর্ণে, কৃপণতা কর্ণে
কমলার দৈন্যদশা ॥ ৭২
তখন গৌরী কন,—শূলপাণি! আমি কি প্রবোধ মানি,
ছল করি বল যত বাণী।
তব পীড়া হ'লো ভব! শুনি মাত্র অসম্ভব,
মনে ভাবো ভুলেছে ভবানী ॥ ৭৩
তুমি নাম ধর মৃত্যুঞ্জয়, ত্রিজগতে তব জয়,
প্রলয়-কারণ ত্রিপুরারি।
যে তোমায় সাধে শঙ্কর! সঙ্কটে উদ্ধার কর,
বিশ্বনাথ! বিপদসংহারী ॥ ৭৪
পীড়াগ্রস্ত হ'লে জীব, আরাধনা করে শিব,
আশুতোষ! আশু দুঃখ হর।
তুমি অসাধ্য সুসাধ্য হও, কৃপায় কৃপণ নও,
কৃতপাপী জনে মুক্ত কর ॥ ৭৫
আরাধিয়ে তব পায়, গতিহীনে গতি পায়,
গলিত শরীর আদি যার।
তব অনুগ্রহ গুণে, বিমুক্ত গ্রহবিগুণে,
পাপার্ণবে তুমি কর্ণধার ॥ ৭৬
আদ্যাশক্তি পত্নী আমি, বিধির বিধাতা তুমি,
নামে হরে বিবিধ যন্ত্রণা।
তব পীড়া বিস্ময়! শুনিয়া লাগে বিস্ময়,
নাহি সয় মিথ্যা প্রবঞ্চনা ॥ ৭৭

* * *

হরগৌরীর দ্বন্দ্ব

তখন কৌতুকে কন কৌষিকী,
তোমার শিরে কর দিয়ে দেখি,
শিরোরোগ তোমার কেমন।
ছলে কন গঙ্গাধর, পতির শিরে দিতে কর,
শাস্ত্রমত বিরুদ্ধ লিখন ॥ ৭৮
কহেন গণেশ-মাতা, মাথা আর দেখিব মাথা,
ঘুচাইলে কৈলাসের বাস।
আমারে ভাসায়ে নীরে, শিরে রেখে সপত্নীরে,
কি কীর্ত্তি করেছো কৃত্তিবাস ॥ ৭৯
পুত্রহেতু করে ভার্য্যে, এই মত সর্ব্ব রাজ্যে,
সর্ব্ব লোকে সর্ব্ব শাস্ত্রে বলে।
আমি পুত্রবতী নারী, কি জন্যে হে ত্রিপুরারি!
অসম্মান আমার করিলে[২] ॥ ৮০
আমি যে দুঃখে হে দিগ্বাস! তব ঘরে করি বাস,
উপবাস বার মাস করি।

পাঠান্তর: ১-১ পরজ—আড়া—খ, জ। ২ কপালে—খ, জ।

যে দুঃখেতে করি সেবা, হেন শক্তি ধরে কেবা,
স্বয়ং শক্তি—সেই শক্তি ধরি ॥ ৮১
অন্নচিন্তা বার মাস, অন্য সুখের অভিলাষ,
কোন কালে নাহিক আমার!
জানি হে জানি শঙ্কর! শঙ্খ দিতে শঙ্কা কর,
দূরে থাকুক অন্য অলঙ্কার ॥ ৮২
রাজকন্যা আমি স্বর্গে, প'ড়ে তব কুসংসর্গে,
বন্ধুবর্গ না দেখি নিকটে।
আমি সিদ্ধেশ্বরী নাম ধরি, লোকের বাঞ্ছা সিদ্ধি করি,
তোমার ঘরে মরি সিদ্ধি বেঁটে ॥ ৮৩
আপনি মাথহ ছাই, আমারে বলহ তাই,
চিরস্থায়ী এক দশা জানি।
কে আছে হেন অপ্তালি, অন্নাভাবে অঙ্গ কালি,
বস্ত্রাভাবে হৈলাম উলঙ্গিনী ॥ ৮৪
দেখিয়া দরিদ্র ঘর, ঘুচাইলাম দশ কর,
চারি হস্ত এক্ষণেতে ধরি।
হ'য়ে কুলের কুলবালা, ঘুচাতে জঠর-জ্বালা,
দৈত্য কেটে রক্ত পান করি ॥ ৮৫
আমি দুঃখেতে ভাবিনে দুঃখ, বলি, পতিসুখ অতি সুখ,
সপত্নীর ছিল না সম্মান।
তুমি সে সুখে নৈরাশ কর, এক্ষণে থাকা দুষ্কর,
প্রাণের অধিক জানি মান ॥ ৮৬

* * *

খাম্বাজ—খং

ও হে মহাদেব! এ পাপ সংসারে আর রবে কে।
তুমি বন্ধ্যা নারীর বন্দী হ'য়ে, রাখিলে মস্তকে ॥
পূর্ব্বেতে আমার লাগি, হয়েছিলে সর্ব্বত্যাগী,
এখন করিলে সুখভাগী, ভাগীরথীকে ॥ (ঝ)

* * *

নারদ ও শিব-সংবাদ

তখন করি যোড়পাণি, সাধেন শূলপাণি,
গৌরী না শুনেন কথা।
হরগৌরী-দ্বন্দ্ব, দেখিতে আনন্দ,
নারদ এলেন তথা ॥ ৮৭
কহেন মাতুল! কেন কর ভুল,
কিসের অপ্রতুল শুনি।
কি জন্যে কলহ, আমারে বলহ,
কোথা যান মাতুলানী ॥ ৮৮
কন দিগম্বর, ওহে মুনিবর!
কি কব তব নিকটে।
গৃহেতে রহিলে, দরিদ্র হইলে,
সর্ব্বদা কলহ ঘটে ॥ ৮৯
আমি তো ভিখারি, রাখি দুই নারী,
নাহি কিছু সম্ভাবনা।
আমি শূলপাণি, ত্রিভুবনে মানি,
আমারে কেহ মানে না ॥ ৯০
দুঃখে দহে হিয়ে, অক্ষম দেখিয়ে,
ক্ষেমঙ্করী তুচ্ছ করে।
দুটি কথা হ'লে, ল'য়ে দুটি ছেলে,
সদা যান পিতৃঘরে ॥ ৯১
বিনে উপার্জ্জন, ল'য়ে পরিজন,
কোন্ জন আছে সুখী।
নহে কারু পূজ্য, জগতের ত্যাজ্য,
নির্ধন পুরুষ দেখি ॥ ৯২
বলে ত্রি-জগতে, হরের বনিতে,
সতী[১] সাধ্বী দুই জনা।
দুজনার গুণে, জ্বলি মনাগুনে,
যতনে সহি যাতনা ॥ ৯৩
গণেশ-জননী, হ'য়ে উলঙ্গিনী,
হৃদে পদ দেন তিনি।

পাঠান্তর: ১ অতি—ক।

তাতে করি কোপ, করি ধর্ম্ম লোপ,
শিরে রন সুরধুনী ॥ ৯৪

কহেন নারদ, যে জন্যে বিরোধ,
সবিশেষ আমি জানি।

দক্ষের ভবন, যেতে প্রতারণ,
করিছেন দাক্ষায়ণী ॥ ৯৫

যজ্ঞ করে দক্ষ, দেখিলাম প্রত্যক্ষ,
এলো যক্ষ রক্ষ আদি।

দেব পুরন্দর, সূর্য্য শশধর,
আগমন বিষ্ণু বিধি ॥ ৯৬

তোমার উন্মাদ, দিয়ে অপবাদ,
নিমন্ত্রণ বাদ করে।

কপটে অভয়া, ছেড়ে তব মায়া,
যেতে চান তারি ঘরে ॥ ৯৭

* * *

শিব ও সতী-সংবাদ

শুনিয়া বচন, লোহিত-লোচন,
দুঃখে ত্রিলোচন বলে।

নারদের বাণী, শুন হে ভবানি!
আমারে ছ'লো না ছলে ॥ ৯৮

তুমি নাম ধর সতী, হ'য়ে কি বিস্মৃতি,
পতির মান ঘুচাবে।

কি ভাবিয়া চিতে, হ'য়ে আমারে কুপিতে
কু-পিতের যজ্ঞে যাবে ॥ ৯৯

থাকে যদি দোষ, ক্ষমা করে রোষ,
পৌরুষ রাখ ভবানি!

তুমি এ সময়, গেলে দক্ষালয়,
আমি হই হতমানী ॥ ১০০

* * *

সুরট—যৎ।

ওহে আমারে করি অভিমানী (হে)!
তুমি দক্ষধাম যেও না দুর্গে! মোক্ষধাম-দায়িনি!
তোমায় দেবাদিদেব বাখানে, দেবাদির বিদ্যমান,
দানবে মানবে মানে, তব মানে মানী।
তুমি না মানিলে তারা! সে মান হইবে হারা,
তুমি শক্তি, মম শক্তি হে শক্তিরূপিণি!
ওহে, বিধি আদি যজ্ঞেশ্বর, যজ্ঞে আগমন তার,
মোরে নিমন্ত্রণ দক্ষ দিলে না ভবানি!
যাইতে সে পাপ-যজ্ঞে, তব যোগ্য নয় হে দুর্গে!
অযোগ্য করেছে তোমায় জনক জননী ॥ (এ)

* * *

গৌরীর দশ মহাবিদ্যারূপ ধারণ

তখন, শঙ্করী কহেন ছলে, না গেলে কি মোর চলে
চঞ্চলা হইল মোর প্রাণী।

দক্ষ হরে তব মান, মনে করি অনুমান,
এ সন্ধান জানে না জননী ॥ ১০১

আমার মা রয়েছে পথ চেয়ে, এখন এলো না মেয়ে,
বলি মার জীবন্মৃত্যু কায়া।

তুমি জান না হে পশুপতি! সংসারে সন্তান প্রতি,
গর্ভধারিণীর কত মায়া ॥ ১০২

এত বলি মহামায়া, কহিয়ে মায়ের মায়া,
ছলে আঁখি ছল ছল করে।

দ্রুত যান এত বলি, যেও না যেও না বলি,
গঙ্গাধর ধ'রে স্তুতি করে ॥ ১০৩

তথাচ চঞ্চলমতি, কিন্তু বিনা পতির অনুমতি,
শক্তির গমন-শক্তি নয়।

অনুমতি লইতে শিবে, আতঙ্ক দেখান শিবে,
দশমহাবিদ্যা রূপোদয় ॥ ১০৪

প্রথমে হন কৌষিকী, কালিকে করালমুখী,
শবাসনা বিবসনা অঙ্গ।

ক্রোধ করি হরোপরে, বিহরে হর-উপরে
হররাণী করে নানা রঙ্গ ॥ ১০৫

নীলাম্বুজ-নিন্দিত প্রভা, এলোকেশী লোল-জিহ্বা,
মহীর বিপদ্ পদভরে।
অসিতাঙ্গী ভালে শশী, অসিতে অসিতে অসুর নাশি,
অট্টহাসি ধরে না অধরে ॥ ১০৬
ভয়ঙ্করী-রূপ-ধরা, হুহুঙ্কারে কাঁপে ধরা,
দৈত্য-অহঙ্কার-হরা কালী।
কঙ্কালীর কত খেলা, গলে নরশির-মালা,
নরকর-বেষ্টিত কঙ্কালী ॥ ১০৭
দেখে ভয়ে পঞ্চমুখ, আতঙ্কে ফিরান মুখ,
সম্মুখ হইল দৈত্যনাশা।
মুখে দিয়া বাঘাম্বর, যে দিকে যান দিগম্বর,
সেই দিকে যান দিগ্‌বাসা ॥ ১০৮
পূর্ব্বে গেলে পূর্ব্বে যান, দক্ষিণে করিলে প্রয়াণ,
দক্ষিণে দক্ষিণে-কালী যান।
তারার দেখিয়া ধারা, মুদিয়া নয়ন-তারা,
ত্রিনয়ন তারার গুণ গান ॥ ১০৯

* * *

ললিত বিভাস[১]—ঝাঁপতাল।

মহিমা কি আমি জানি, মোহিনীরূপা ভবানি!
মহীভার-নিবারিণি! মহিষাসুর-নাশিনি!
মোহিত রূপে ভব, ভবানি! ভব-মোহিনি!
ময়ি দীনে কুরু দয়া, দীনময়ি! ত্রিনয়নি!
তারারূপ সম্বরো, ভয়ে ভীত দিগম্বর, হের[২] মে!
দাশরথির কর্ম্মজ-দুঃখবারিণি ॥ (ট)

* * *

দিগম্বরী সম্বরি দক্ষিণে-কালীরূপ।
তৎপরে হইলা তারারূপ অপরূপ ॥ ১১০
ষোড়শী ভুবনেশ্বরী পরে হইল সতী।
ছিন্নমস্তা বিদ্যাদি বগলা ধূমাবতী ॥ ১১১
তদন্তে ভৈরবীরূপ ধরেন ভবানী।
পরে মাতঙ্গিনী যেন মত্তা মাতঙ্গিনী ॥ ১১২
মৃত্যুঞ্জয় পেয়ে ভয়, পড়িয়ে হুঙ্কারে।
অভয়ারে অভয় যাচেন যোড়-করে ॥ ১১৩

* * *

শিবের মিনতি

বলেন, পিতৃভূমি, তারা! তুমি যাও অতি ত্বরা।
মোরে তুমি দুঃখ আর দিও না দুখহরা ॥ ১১৪
থাকে দয়া হে নিদয়া! এসো পুনরায়।
মোর শক্তি নাই, শক্তি! রাখিতে তোমায় ॥ ১১৫
কোন্দল করিলে মাত্র বাড়িবে অযশ।
ভিক্ষাজীবী জনের রমণী কোথা বশ ॥ ১১৬
বিশেষ, তোমার কাছে আমি নই গণ্য।
রাজকন্যা, তুমি মান্যা, আমি দীনদৈন্য ॥ ১১৭
দুটী কর আমার, তোমার দশ কর।
আমি বৃষোপর, তুমি সিংহের উপর ॥ ১১৮
তুমি হেমবর্ণা, আমি রজত-বরণ।
রজত কাঞ্চনে তুল্য নহে কদাচন ॥ ১১৯
তবে, কি গুণে, ত্রি-গুণে! তুমি হবে বশীভূত।
জীবনে কি ফল মোর আছে, জীবন্মৃত ॥ ১২০
জ্বালার উপর জ্বালা, আবার দেখাও নানা ভয়।
এড়াই তোমার জ্বালা মৃত্যু যদি হয় ॥ ১২১

* * *

সিন্ধু-ভৈরবী—কাওয়ালী[৩]

কি করি শবাসনা! তুমিতো স্ববশে রবে না।
সতত করিবে যাতে, নিজ বাসনা।
তব জ্বালাতে শঙ্করি! মৃত্যু বাঞ্ছা মনে করি,
মৃত্যুঞ্জয় নাম ধরি, তাতো হ'লো না ॥
শুন হে সর্ব্বমঙ্গলে! মরণ মঙ্গল ব'লে,
ফণিহার করিলাম গলে, তারা দংশে না।

পাঠান্তর: ১ টোরি—খ, গ, জ। ২ হের মা—ক, খ; হে রমে—গ। ৩ যৎ—ক; আড়া—খ, গ, জ

বিশ্বম্ভর নাম ধরি, বিষ খেয়ে জীর্ণ করি,
বিষে প্রাণ যায় না, কি বিষম যাতনা ॥
পশুপতি নাম শুনে, শঙ্কা করে পশুগণে
ব্যাঘ্র সিংহ তারা আসি, প্রাণে বধে না।
জীবনে কি গুণ ব'লে, দিলাম আগুন কপালে,
কপাল-বিগুণে সে আগুনে দহে না ॥ (ঠ)

* * *

সতীর দক্ষালয়ে গমন

পতির অভিমান-বাক্যে, বাজিল সতীর বক্ষে,
সজলনয়নে কন তারা।
দক্ষ হরে তব মান, ইথে কি মোর আছে মান!
অপমান করিবো গে তায় ত্বরা ॥ ১২২
দিব সমুচিত ফল, করিবো যজ্ঞ বিফল,
ফলাফল হবে কর্ম্মদোষে।
এত বলি ক্রোধমতি, নন্দী সঙ্গে ল'য়ে সতী,
ধেয়ে যান দক্ষরাজবাসে। ১২৩
অপমানী হইয়ে শিবে, সুবর্ণবরণী শিবে,
বিবর্ণা হইল দুখে কায়া।
দৈন্য-দুঃখিনীর প্রায়, মায়া করি গিয়া মায়,
দরশন দেন মহামায়া ॥ ১২৪

* * *

সতী ও প্রসূতি

কন্যার বিবর্ণ কায়া, চক্ষে হেরি দক্ষজায়া,
চক্ষে বারি,—বক্ষে কর হানি।
বলে, সতি! সত্য বলো, তবে পাই অঙ্গে বল,
কালো কেন কাঞ্চনবরণি ॥ ১২৫

* * *

সিন্ধুভৈরবী—খৎ[১]

মা! কিরূপ দেখালি, কেন তোর সোনার অঙ্গ কালি
সুবর্ণবরণি! কেন বিবর্ণা হ'লি ॥
সবে ধন তুমি মেয়ে, শ্মশানবাসীরে দিয়ে,
কখন গেল না,আমার মনের কালি।
হর কি, অন্নদা! তোরে, রাখে এত অনাদরে,
দুখের তরঙ্গে, তারা! ডুবে কি ছিলি ॥ (ড)

* * *

কোথা মা! আমার দিবে জল মনের আগুনে।
তা না হ'য়ে, দ্বিগুণ আগুন তোর গুণে ॥ ১২৬

তোমারে দেখিতে সতি! নক্ষত্র সপ্তবিংশতি,
ভগ্নী তব এলো যজ্ঞস্থলে।
এরূপ দেখিলে তারা! মরমে মরিবে তারা,
ভাসিবে নয়ন-তারা জলে ॥ ১২৭

কত দুঃখ কব কায়, নারদের মন্ত্রণায়,
সারদে! তোমার এ দুর্গতি।
আমি না দেখিলাম ঘর বর, উদাসীন দিগম্বর,
সেই হ'লো রাজকন্যার পতি ॥ ১২৮

আমায়, সে কালে সকলে বলে, রাণী তোর পুণ্যফলে,
জামাই হইল ত্রিপুরারি।
আমায় সবাই কহিলো শিবে! মেয়ে মোর সুখে ভাসিবে
সে শিবের কুবের ভাণ্ডারী ॥ ১২৯

তখন কেহ না কহিল আসি, শঙ্কর শ্মশানবাসী,
তবে কি সঙ্কট হয় মোরে।
কপালের লিখন, চণ্ডি! কারো সাধ্য নহে খণ্ডি,
পতি দণ্ডী ঘটিবে তোমারে ॥ ১৩০

কপালে যা ছিল হইল, কেঁদে আর কি করি বলো,
গতকর্ম্মে বৃথা চিন্তা করি।
যদি রক্ষা করো মোরে, অক্ষম শিবের ঘরে,
এক্ষণে আর যেওনা শঙ্করি ॥ ১৩১

* * *

পাঠান্তর: ১ আড়া—খ, গ, জ।

বেহাগ—যৎ

তুমি আর যেও না মা! শিবের শিবিরে।
দক্ষ-ধামে থাক দাক্ষায়ণি!
কত পুণ্য ক'রে তোরে ধরেছি উদরে।
যেও না গো তারা! নয়ন-তারার অগোচরে॥
পরাণ বিদরে, (তোরে) রেখে অতি দূরে,
এবার পরাণে রাখিব, আমার দুঃখ যাক্ মা দূরে।
শরীরে না সহে, বেশ না হেরি শরীরে,
হেমাঙ্গ সাজাব তোমার হেম-অলঙ্কারে॥
যতনে রাখিব তোমায় রতন-মন্দিরে।
যেন বৈমুখ হৈও না তারা! দীন দাশরথিরে॥ (চ)

* * *

পতিনিন্দা-শ্রবণে সতীর দেহত্যাগ

জগৎ-জননী কন, শুন গো জননি!
মৃত্যু-হেতু আজি আমার প্রভাত যামিনী॥ ১৩২
পতি মোর পশুপতি, সংসারের পতি।
তারে করে অনাদর দক্ষ প্রজাপতি॥ ১৩৩
অঙ্গ কালি হৈল মোর, সেই দুঃখে দুঃখী।
নতুবা সংসারে কেবা, মোর তুল্য সুখী॥ ১৩৪
আমার দুর্গতি তোরে, কে বলে জননি!
আমি জানি, আমি তো মা দুর্গতিনাশিনী॥ ১৩৫
কাশীকান্ত মোর কান্ত, আমি কাশীশ্বরী।
অন্নপূর্ণারূপে লোকে অন্ন দান করি॥ ১৩৬
শুনি রাণী, দক্ষরাণী, মোক্ষদারে বলে।
মা! তোমার অপমান শুনি, মোর প্রাণ জ্বলে॥ ১৩৭
কুলের মধ্যে থাকি আমি, কুলের কামিনী।
কুকর্ম্ম করেছে দক্ষ, স্বপনে না জানি॥ ১৩৮
অশেষ দেবতা আছে, এই ত্রিভুবনে।
বিশেষ সম্পর্ক মোর, শঙ্করের সনে॥ ১৩৯
এত বলি ভাবে রাণী, নয়নের জলে।
সঙ্গে করি শঙ্করীরে, যান যজ্ঞস্থলে॥ ১৪০
[1]মহারাজে বলে যত বুদ্ধিমন্ত তুমি।[1]
কন্যার দেখিয়া মূর্তি, বুঝিলাম আমি॥ ১৪১
হাটু ধরি গঙ্গাধরে, দিলে কন্যাদান।
শিরোধার্য্য হরের কি জন্য হর মান॥ ১৪২
নিতান্ত তোমার বুদ্ধে ঘটেছে যন্ত্রণা।
কুমন্ত্রী নারদ বুঝি দিলে কুমন্ত্রণা॥ ১৪৩
রাজা বলে, নীতি-শিক্ষা শুনিব কি তোর।
সাধে কি বিবাদ ঘটে, হেন সাধ কি মোর॥ ১৪৪
তারে যত্ন করি, রত্নপুরে চেয়েছিলাম রাখিতে।
কপালে সুখ নাইকো তার, পারিবে কেন থাকিতে॥ ১৪৫
পাগলে সম্ভাষা করা, কোন্ প্রয়োজন।
সাগরে ফেলেছি কন্যা, ব'লে বুঝাই মন॥ ১৪৬
হ'লো না জামাতা, মোর মনের মতন॥
তুমি কি জান না রাণী জামাতার মন[2]॥ ১৪৭
যায় বলদে ব'সে, গলদেশে মালাগুলো সব অস্থি।
সিদ্ধি ঘোঁটার সদাই ঘটা, বুদ্ধি সেটার নাস্তি॥ ১৪৮
অদ্ভুত, অঙ্গেতে ভূত, শ্মশানে ভ্রমিছে।
সেটা, পূর্ণ ক্ষেপা, তারে কৃপা করা মোর মিছে॥ ১৪৯
তার কথা বলিব কি আর, মাথা মুণ্ড ছাই।
তৈল বিনে সর্ব্বদা সে, গায়ে মাখে ছাই॥ ১৫০
সেটা মহাপাপ, ধরি সাপ, গলায় পরেছে পৈতে।
তারে আনিলে ডেকে, হাসিবে লোকে
তাই হবে কি সৈতে॥ ১৫১
পতিনিন্দা শুনি সতী জীবনে নৈরাশ।
ঘন ঘন চক্ষে ধারা, সঘনে নিঃশ্বাস॥ ১৫২
অহং শক্তি—ঘুচাইলাম তোমার অহঙ্কার।
ছাগমুণ্ড হবে তুণ্ড, ঘুচায় শক্তি কার॥ ১৫৩
পিতারে কুপিতা হইয়া অঙ্গ অবসান।
ধরাশয্যা করি তারা, ত্যজিলেন প্রাণ॥ ১৫৪
কান্দিছে সভাতে[3] রাণী, শোকেতে অধরা।
দেখি কন্যা, অচৈতন্যা হইয়া পড়ে ধরা॥ ১৫৫

* * *

পাঠান্তর: ১-১ মহারাজ বুদ্ধিবলে যত মূর্তিমন্ত তুমি।—ক গ। ২ গুণ—খ, জ। ৩ প্রভাতে—ক, গ।

মহামায়ার মৃতকায়া দরশন করিয়া
নন্দী গিয়া কি বলিতেছে—

'সুরট—কাওয়ালী'

তোমার নন্দী এলো, মা হরঘরণি।
ফিরে চাও মা! বাঁচাও পরাণী।
ধূলাতে পতিত কেন, পতিতপাবনী॥ (৭)

*   *   *

ওমা ঈশানের ঈশানি! ত্রিতাপনাশিনি!
কি তাপ পেয়েছ মনে।
দুটী নয়নতারা, মুদিয়া তারা!
অধরা কেন ধরাসনে॥ ১৫৬
ওমা! নিন্দিতচপলা, চারু চাঁদমালা,
বিজয়ী রূপে ত্রৈলোক্য।
ক'রে শিব অপমান, রাহুর সম্মান,
সে রূপ গ্রাসিল দক্ষ। ১৫৭
ওগো জগৎ-জননি! জনমে না শুনি,
জননীর হেন যাতনা।
থাকি জননীর গুণে, জয়ী ত্রিভুবনে,
যতন করে জগৎজনা॥ ১৫৮
যদি ত্যজিলে পরাণী হরের ঘরণি!
হর-অপমান-শোকে।
তবে চরণের সঙ্গী, করো মাতঙ্গি!
মাতৃহীন বালকে। ১৫৯

*   *   *

দক্ষযজ্ঞ নাশ, সতীর জন্মগ্রহণ, ও
কৈলাসে যুগল-মিলন

নন্দী গিয়ে সমাচার জানায় কৈলাসে।
ক্রোধে জন্মে জ্বরাসুর, হরের নিঃশ্বাসে॥ ১৬০
জটায় বীরভদ্র জন্মিলেন মহাবীর।
যাহার দন্তেতে কম্প হয় পৃথিবীর॥ ১৬১
সৈন্যসহ গঙ্গাধর হইয়া কোপাংশ।
সতীশোকে দক্ষযজ্ঞ করেন গিয়া ধ্বংস। ১৬২
ছাগমুণ্ড কাটি দেন দক্ষ রাজার স্কন্ধে।
সতীদেহ মস্তকে করিয়া নিরানন্দে॥ ১৬৩
মনোদুঃখে বনে বনে করেন রোদন।
সতী-অঙ্গ কাটেন হরি দিয়া সুদর্শন॥ ১৬৪
হিমালয়ে তপস্যা করেন গিরিরাণী।
মেনকার গর্ভে পুনঃ জন্মিলেন ভবানী॥ ১৬৫
নারদ উদযোগী হইয়া পুনঃ দেন বিভা।
কৈলাসে হইল হরপার্ব্বতীর শোভা॥ ১৬৬

*   *   *

বেহাগ—যৎ

রূপ কি বিহরে রে, কৈলাস-শিখরে।
হরবামে হরমনোমোহিনী
বিচ্ছেদের বিচ্ছেদ হলো উভয় শরীরে।
হর-সোহাগিনী অতি হরিষ অন্তরে,
হেরি হৈমবতী-মুখ, হরদুঃখ হরে,
সুখে সদানন্দ ভাসে প্রেম-সুধা-সিন্ধু-নীরে। (৩)

পাঠান্তর: ১-১ পয়ার—আড়া—খ, গ, জ।

ভগবতী ও গঙ্গার কোন্দল

[দ্বিতীয়]

দুর্গা ও ইন্দ্রদূত-সংবাদ

কৈলাসশিখরে শিবদুর্গা একাসীন।
ইন্দ্রদূত আসি প্রণমিল এক দিন ॥ ১
করযোড়ে কহে দূত কোথায় কুমার।
ইন্দ্রপুরে দৈত্য সবে করে মার মার ॥ ২
সেনাপতি কার্ত্তিক বিহনে সব শূন্য।
কুমারে পাঠায়ে দিন প্রয়োজন তূর্ণ ॥ ৩
এত শুনি ভগবতী কুপিত অন্তরে।
কহেন ইন্দ্রত্ব যাবে হবে তো অন্ত রে ॥ ৪
দেবরাজ বলে তার বড় অহঙ্কার।
মহাদেব গেলে নাহি করে নমস্কার ॥ ৫
কেন বা আমার কুমার যাবে তথা ?
সেনাপতি ব'লে তার এতই কি কথা ? ৬
এখন যাবে না বাছা দুই চারি মাস।
বল গে বাসবে তার নাহিক তরাস ॥ ৭
এত শুনি মহাদেব বলে, ভগবতি !
আমার কুমার দেবগণ-সেনাপতি ॥ ৮
অমর সমরে যদি না যায় কুমার।
দেবতামণ্ডলে কথা কহিবে আমার ॥ ৯
দুর্গা বলিলেন, দেব বলো না বলো না।
ও কালসমরে আমি যাইতে দেব না ॥ ১০
পারিজাত-যুদ্ধ করি আসিল ভবনে।
কি দশা হয়েছে তাই দেখেছ নয়নে ॥ ১১
শিখীটি বাছার দেখ হইয়াছে শীর্ণ।
তেমন কুমার আমার হয়েছে বিবর্ণ ॥ ১২
পণ করিয়াছি আর দেব না সমরে।
অসন্তুষ্ট হয় হবে যতেক অমরে ॥ ১৩

* * *

দুর্গার প্রতি গঙ্গার কটূক্তি

জটামধ্যে জাহ্নবী এই সব শুনি।
ক্রোধে হিংসাভরে কহিতেছেন অমনি ॥ ১৪
আজ বুঝি এত কালে, মনে হ'লো ছেলে বলে,
দেবের সমরে যেতে দেবে না।
ওলো দুর্গা, তোর মন বোঝা যায় না কেমন,
দিনে পাটা রেতে পরোয়ানা ॥ ১৫
ছেলের প্রতি মমতা কার না হয় তা,
তাই বলে কেহ কি কার্য্য নষ্ট করে ?
ওলো দুর্গা তোর মতন, কে করে ছেলের যতন ?
দেখে আমার গা গস্‌গস্ করে ॥ ১৬
তোর সব বাড়াবাড়ি, দানব সঙ্গে আড়াআড়ি,
তোর জন্য ত্রিপুরারি, শ্মশানবাসী হলো।
তোর কি আছে ভদ্রতা জানে বীরভদ্র তা,
তোর জন্যে তোর বাপের ছাগমুণ্ড হয়েছিল ॥ ১৭
কার্ত্তিক করছেন মানা সুরের সমরে যেও না,
সেনাপতি হয়েছিল কেন তবে ?
তোর ব্যাভারে লোকনিন্দে, হচ্চে হবে দণ্ডে দণ্ডে,
মুখ দেখানো ভার হবে ভবে ॥ ১৮
দুই সতীনে করি ঘর, দ্বেষ নাই পরস্পর,
কিন্তু দ্বেষ হতে আর থাকে না।
তোর ব্যাভারে সব নষ্ট, সোনার সংসারে কষ্ট
হতে আরম্ভ হলো, আর সয় না ॥ ১৯

* * *

গঙ্গার প্রতি দুর্গার আক্রোশ

ভগবতী বলে আ মর, মাথায় থেকে এত গোমর,
ও মোর ছাড়া এত আক্রোশ তোর।

কার্ত্তিক আমার সোনার ছেলে, যুদ্ধে যেতে দেব না বলে
সাধ করেছি, তোর কেন তায় জোর ? ২০
তোর গায়ে বাজে এত লো, এই সোনার সংসার নষ্ট হলো,
জটার ভিতর বসে কর না রঙ্গে !
তুই ওঁর সঙ্গে থাকিস, যা করেন তা সবই দেখিস
বাড়ী বাড়ী করেন যখন ভিক্ষে ॥ ২১
তুই তো খলের গুরু-গোঁসাই, তোর কোন ক্ষমতা নাই,
বসে বসে কেবল বচন ঝাড়া।
ভাল চাস তো করি বারণ, এমনি করে অকারণ
সইতে নারি তোর মুখ নাড়া ॥ ২২
তোর সঙ্গে যে সম্পর্ক সেটা ভারি পরিপক,
তা নইলে কি তোর কথা সই !
তুই বসে বসে নিচ্ছিস ভোগ, আমার হ'চ্ছে কপালের ভোগ,
মর মর তুই সতীন সই ॥ ২৩

* * *

লুম—খং

ওলো গঙ্গে, তোর সঙ্গে আমার ভাগাভাগি স্বামী।
ওলো সেই জন্যে জগৎ মাঝে আসিয়ে বদনামী ॥
একলা ঘরের গিন্নী ছিলাম,
তোর সঙ্গে এজমালী হলাম।
তোর যেমন কেলেঙ্কার, ভদ্র ঘরে এমন কার ?
শান্তনু রাজা তোর প্রথম পক্ষের স্বামী।
ওলো তুই কি আমা হতে হবি নারীর মাঝে দামী ? (ক)

* * *

দুর্গার প্রতি গঙ্গার প্রত্যুত্তর

দুর্গার কথা শুনি গঙ্গা ক্রোধ করি কয়।
ভাগের স্বামী হলো তাতে কিবা আসে যায় ॥ ২৪
ভিক্ষে করে বেড়ান উনি আমি সঙ্গে থাকি।
উনি ভিক্ষে করে ভিক্ষে দেন স্বচক্ষেতে দেখি ॥ ২৫
যা কিছু ঘরে আসে তোর গণার ইন্দুরে খায়।
বাহিরে রাখলে কেতোর ময়ূর ঠুকরে ছড়িয়ে দেয় ॥ ২৬
তোর পরিবার জন্যে এই সংসার হ'লো অচল।
মাথায় বসে থাকি আমি কি ক্ষতি তায় বল ॥ ২৭
লক্ষ্মী সরস্বতী তোর কাত্তিক আর গণা।
খাবার জন্যে সদাই সব করে আনাগোনা ॥ ২৮
সেনাপতি তোর ছেলেটি তার বালাই যাই।
তার ছটা মুখের জন্যে ছয় জোয়ানের খাবার খাই ॥ ২৯
গণপতি বাছা তোর পেটটি তো সাঁকালি।
চার হাতে খায়, শুঁড়ে জড়ায় তবু তার পেট খালি ॥ ৩০
তোর সিঙ্গীটার ভঙ্গী দেখে ভৃঙ্গী জলে যায়।
কৈলাসে নিপশু কৈলে, তবু ক্ষুধা জায় বেজায় ॥ ৩১
এত পরিবার তোর লো সব খেয়ে করলে মাটি।
এক দিন ভিক্ষে বন্ধ হলে সবার দাঁতকপাটি ॥ ৩২
তোর কেতোর স্বভাব দেখে সবার জলে গা।
স্বভাব-গুণে আজও তার বিয়ে হ'ল না ॥ ৩৩
তোর বাতাস লেগেছে যাকে সে তো ভাল নয়।
তুই যে পাহাড়ে মেয়ে ব্যক্ত জগৎময় ॥ ৩৪
মেয়ে হয়ে যুদ্ধ করিস এমনি বুকের পাটা।
অসুর মারতে কসুর নাই কাঁধে দিয়ে পা-টা ॥ ৩৫
আ মর লো বেদের বেটি জড়িয়ে ধরিস সাপ।
এমন মেয়ে ঔরসে যার আ মরুক তার বাপ ॥ ৩৬
ছাগল ভেড়া মহিষ নইলে তোর পেট ভরে না।
সেইজন্য তোর পূজা অনেকেই করে না ॥ ৩৭
সুরথ রাজা লক্ষ বলি দিয়ে তোর করে পূজা।
বলিব কি ঐ বলির জন্যে কেমন তার সাজা ॥ ৩৮
আমার পূজা কে না করে বিখ্যাত ধরণী।
সবাই আমার নাম রেখেছে পতিতপাবনী ॥ ৩৯
শান্তনুর ঘরে ছিলাম তার মর্ম কি জানবি ?
জানলে পরে ধন্য ধন্য করে আমায় মানবি ॥ ৪০
ভীষ্ম নামে পুত্র মোর তার তুল্য কেহ নয়।
পুত্র যদি জন্মে যেন এমনি পুত্র হয় ॥ ৪১
দুর্গা লো তোর সঙ্গে আমার যে সুবাদ আছে।
অপমান হয় প্রকাশ করতে লোকের কাছে ॥ ৪২
তোর মতন ছারকপালী মেয়ের মাঝে কে ?
তোর নামে কত কথা প্রকাশ হয়েছে ॥ ৪৩

* * *

ভৈরবী—পোস্তা

ওলো তুই কত কাচের মেয়ে।
দাঁড়িয়ে থাকতে পারে যে স্বামীর বুকে পদ দিয়ে।
আর একটি তোর নাম কালী
তুই ঐ নামে বড়ই বিকালি
সিংহ অসুর পরে দাঁড়ায়ে কাঁকালি বাঁকালি
পেটটি তোর যেন সাঁকালি, তার রূপ ধরিয়ে॥
তোর কথা বলব কত, দেখে শুনে বুদ্ধি হত
উনি করে থতোমতো তোর কথা নিয়ে।
ওলো তুই এমনি নারী তোর কথায় গ্রন্থ চার ঝুড়ি,
এ বদনাম হলে আমার গলায় দি ছুরি,
তুই ছুঁড়ী না বুড়ী, কেহ না পায় ভাবিয়ে॥ (খ)

* * *

শিবের আক্ষেপ

দুই সতীনে এই সব কথা শুনে পান মনে ব্যথা
পশুপতি গঙ্গেশ দুর্গেশ।
বলেন আমার কপালপোড়া, অগ্নিবিষে জীর্ণ জরা,
তার উপর এ আবার কি ক্লেশ॥ ৪৪
এ দুজনে কোন্দল খালি, আমার সংসারটা করলে খালি,
অলক্ষণে এমনি হলে কি চলে।
আমি আর করিব কি উভয়ের মান রেখেছি,
কাউকে মাথায় কাউকে বক্ষস্থলে॥ ৪৫
বুকে রেখে পাইনা যাকে কি করে আর পাবে তাকে
মাথায় থেকে ওরও বড় জারি।
ঘর ছেড়েছি, ছেড়েছি বাড়ী, তবু ও সব বাড়াবাড়ি,
কথায় কথায় ঘটায় দুই নারী॥ ৪৬
আ মলো কি দেকদারী দুই দারার হয়েছি দ্বারী
লক্ষ দ্বারী হব মোক্ষদার কথা সব না।
সুখদা মোক্ষদা বটে, কিন্তু দুঃখ দিতে মুখ্য বটে,
সখ্যভাবে লক্ষ্য কই দেখি না॥ ৪৭

দুর্গতিহরা বলে, দুর্গানাম সকলে বলে,
গতিদায়িনী আমারে গতি দেন না।
বরং যাতে হবে দুর্গতি সেই দিকেই উহার মতিগতি,
দুর্মতি বই সুমতিতে রন না॥ ৪৮
একটা কথা বলে রাখি, যদি কিছুদিন বেঁচে থাকি,
ভিক্ষে করে দেশে দেশে ফিরিব।
মাথা হতে নামাব ওঁকে, এক জায়গায় দুইজনাকে
রেখে গিয়ে দূরে হতে হেরিব॥ ৪৯
দুই সতীনের হয়ে স্বামী ছি ছি ছি কি বদনামী
প্রণামী দিয়ে খালাস পেলে বাঁচি।
সংসারে যার দুটো পত্নী, নারীদেহে যেন গেছো পেত্নী
দিন রাত্রি যেন করে কিচির মিচি॥ ৫০
যদি পদসেবার হয় প্রয়োজন, দুটো পা ধরে দুইজন
আমার পা-টা ব'লে সেবা করে।
অর্দ্ধ অঙ্গ জাহ্নবীর, অর্দ্ধটা তার সপত্নীর,
যার যখন ইচ্ছা অর্দ্ধাঙ্গ ধরে॥ ৫১
বণ্টন ক'রে করে হদ্দ, দুইয়ের সীমানা সরহদ্দ
বরাদ্দ হলে বিরোধ আর হবে না।
আমার স্বভাব ভস্মমাখা, দুঃখ আর যায় না রাখা,
একদিন একদিন অর্দ্ধাঙ্গে বই ভস্ম ঘটে না॥ ৫২
একদিন দুর্গা আধখানা গায় ভস্ম মাখাতে চলে যায়
গঙ্গা অমনি নেমে এসে বলে।
ওদিকে কেন ও মাথায়, এত ভাত দুধ দিয়ে খায়
আমার অঙ্গেতে হাত দিলে॥ ৫৩
আমি বললেম, হে গঙ্গে! মাখিয়েছে সে তো অর্দ্ধ অঙ্গে
তোমার সঙ্গে অর্দ্ধেক রকম হিস্তে।
তুমি বাকী অর্দ্ধ গায়ে দিব্যি করে ছাই মাখায়ে
চলে যাও মধুর হাস্য-আস্যে॥ ৫৪
এ কথায় সুরধুনী গর্জ্জিয়ে করিল ধ্বনি,
ধনীর ধ্বনি উঠিল চৌদিকে।
বলেন, তোমার এটা টানের কথা, গৌরী বড় পতিব্রতা,
হরগৌরী হও যে থেকে থেকে॥ ৫৫
হরগৌরী কেন হই সে কথা আর কার কাছে কই,
ব'লে হেঁট-মুখ পঞ্চমুখ।

ধারা একাদশ নেত্রে, রোমাঞ্চ হয় সর্ব্ব গাত্রে,
কহিছেন প্রকাশিয়ে দুঃখ। ৫৬

* * *

ঝিঁঝিট—একতালা

আমি হর-গৌরী হই
সবাই দেখে নয়নে।
কি তত্বনীরে ভাসি আমি,
আমার সে কথা তো সকলে না জানে।
এ বিশ্ব-প্রলয়-পয়োধির জলে
বক্ষে রেখে সবারে মগ্ন হ'লে
লিঙ্গরূপে রই (আমি লিঙ্গরূপে রই)
... ... । (গ)

* * *

ভব কন, জহ্নুসুতে! আমাকে আর খেতে শুতে
গঞ্জনা দিও না এত ক'রে।
সমুদ্রমন্থন হ'লে বিষ খেয়ে মরি জ্বলে,
জ্বালা যায় ওর স্তন পান করে। ৫৭
গঙ্গা বলেন, ও মা ছিছি হে শিব! করেছ কি?
পত্নীর স্তন পান করেছ তাই আবার বলছ!
শুনে লোকে কলঙ্ক দিবে, কেলেঙ্কার করবে নিশি দিবে,
তাই গৌরীর পায়ে ধ'রে চলছ। ৫৮
আর রব না তোমার ঘরে, রাখতে হবে না মাথায় ধ'রে,
এখনি যাব যথায় মন যায়।
ছিছি ছিছি পিনাকি! মাথা কুটে মরব নাকি?
আমি মলে সকল জ্বালা যায়। ৫৯
শিব বলেন, আমি তাই যাচি, তোমরা দুটা মলেই বাঁচি,
দেকদারী দুই পত্নী লয়ে।
সংসারে যার দুই নারী পদে পদে তার ছাড়ে নাড়ী,
এ ঝকমারি কত থাকব সয়ে। ৬০

* * *

ঝকমারি অসহ্য

ঝকমারি কাকে বলে?
যেমন, ঘরের সোণা রূপা নিয়ে দেয় সেকরা বাড়ী।
সেটা গহনা গড়ানো বটে কিন্তু বড়ই ঝকমারি।
যেমন খিড়কির ঘাটের উপর বৈঠকখানা বাড়ী।
সেও জানবে বাড়ী নয় কেবল ঝকমারি।
যেমন দুই দিকে অসমান ভার লয়ে যায় ভারী।
তার হয় সে ভার বওয়া, ভারি ঝকমারি।
যেমন ক্ষুধার টানে খেতে যায় ক'রে তাড়াতাড়ি।
বারে বারে বুকে লাগে সেটাও ঝকমারি।
যেমন শালী ঠাকুরঝি না থাকিলে ফাঁকা শ্বশুরবাড়ী।
ব'কে ব'কে মাথা ধরা সেও ঝকমারি।
এসব ঝকমারি বরং সহ্য করতে পারি।
দুই সতীনে ঝগড়ার ঝকমারি সইতে নারি। (অ)

* * *

খাম্বাজ—পোস্তা

আর সয়না রে
দুই সতীনে করে যে কেলেঙ্কারি।
ওরে দিবানিশি বিষ-বিঘূর্ণি
ঝাড়ে বিষের পিচকারী।
কেবা ভাল কেবা মন্দ বললে পরে বাড়ে দ্বন্দ্ব,
সদাই করে সকল পণ্ড দণ্ডে দণ্ডে দেকদারি।
সংসার পেয়ে সংসার না হয় যদি প্রশংসার
এমন সংসারেরে মুখে ছাই দিয়ে প্রস্থান করি। (ঘ)

* * *

গঙ্গা ও দুর্গার কলহ

তখন গণেশের মা এ সব শুনি নিকটে আসিল।
দশটা হাত নেড়ে তখন বলিতে লাগিল। ৬৮
ওহে ভব, একি ভাব হ'ল তোমার মনে।
সংসার ছাড়িয়ে নাথ তুমি যাবে কেনে। ৬৯

উড়ে এসে তোমার মাথায় জুড়ে বসল মাগী।
কুট কুট করে কুট বোল বলে সাধে কি আমি রাগি। ৭০
গৃহস্থালীর কিছুতে নাই কথাগুলো বিষের কথা।
নির্বিষ সাপের যেন কুলোপানা ফণা। ৭১
গঙ্গা বলে আমার গুণের মহিমা তুই কি জানবি বল ?
তোর তো কেবল গুণের মধ্যে পুরুষের মত বল। ৭২
মহাপাপে পতিত জীব আমার কাছে এলে।
পাপ তাপ দূরে যায়, তরে শীতল সলিলে। ৭৩
আমার বুক দিয়ে কত তরি বেয়ে যায়।
এ দেশের দ্রব্য সব ও দেশেতে পায়। ৭৪
প্রসন্ন সলিলা আর পতিত-পাবনী।
এ সব আমার নাম কথা পুরাতনী। ৭৫
কোন স্থান যদি অপবিত্র হ'য়ে যায়।
বিন্দুমাত্র মোর জলে সুপবিত্র হয়। ৭৬
আমার তীরেতে অন্ন পাক করে নরে।
সে অন্ন কুকুরে যদি উচ্ছিষ্ট করে। ৭৭
তথাপি সে অন্ন নাহি অপবিত্র হয়।
চণ্ডালে রাঁধিলে অন্ন ব্রাহ্মণে খায়। ৭৮
আমার সাদা দেহ সাদা মন সাদাসিদা সব।
তুই যেমন তেমনি ছেলে করেছিস প্রসব। ৭৯
আমার ছেলেটি রত্ন—নামটি যেমন ভীষ্ম।
কীর্ত্তিমান্ রূপবান্ যশে ভরা বিশ্ব। ৮০
কথার উপরে ভগবতী কথা বলেন চোটে।
বাণে বাণ কাটতে বাণ ধনু হাতে ছোটে। ৮১
ছেলের কথা বলিস নালো গাটা জলে যায়।
ভীষ্মটা তোর ফকিরী নিয়ে সংসার ছেড়ে যায়। ৮২
আর এক পুত্র তোর সেই তো লো সরেস।
গঙ্গাপুত্র এই পরিচয় নাম মুদ্দফরেস। ৮৩

* * *

শিবের মধ্যস্থতা

মনে মনে ভবেশ ভাবাবেশ করি মনে।
বলেন, মিছে কোন্দল কচকচি এত কেনে। ৮৪
তোমাদের মধ্যে কে ভাল কে মন্দ।
এখনি দেখিয়ে দিলে যাবে সব দ্বন্দ্ব। ৮৫
আমি আজ দুই মূর্ত্তি করিব ধারণ।
হরগঙ্গা হরগৌরী যুগল মিলন। ৮৬
আমার বাম অঙ্গ সঙ্গে যে জন মিশিবে।
মিশিয়া যে প্রকাশিবে, সেই হবে শিবে। ৮৭
গৌরী তো মধ্যে মধ্যে মেশেন মোর সঙ্গে।
মেশ দেখি গঙ্গে, তুমি মোর বাম অঙ্গে। ৮৮

* * *

গঙ্গার পরাজয়

আনন্দিতা গঙ্গা অতি নামেন শির হ'তে।
অনঙ্গ-অঙ্গ-হর হর-বামেতে মিশিতে। ৮৯
রজত ভূধরে যেন তুষার লাগিল।
কে রজত কে তুষার বোঝা নাহি গেল। ৯০
জলেতে মিশিল জল নাহি কোন ভাব।
প্রকৃতি-পুরুষে কিছু হলো না প্রভাব। ৯১
নন্দী ভৃঙ্গী ভূতগণ দেখিয়া কহিল।
বাবার মাথায় যে মা ছিল কোথায় লুকাল। ৯২
হরগঙ্গা রূপ নাহি হইল প্রকাশ।
পঞ্চানন পঞ্চমুখে করেন প্রকাশ। ৯৩
সুরধুনি, তুমি যাও তোমার স্থানেতে।
গিরিসুতা বসুন আসি আমার বামেতে। ৯৪
অভিমানে গঙ্গা যান গঙ্গাধর শিরে।
দুর্গা আসি বসিল বামের বামে ধীরে। ৯৫
দুর্গা শিব এক অঙ্গ হল একাসনে।
অশ্রুধারা ত্যজে গঙ্গা যুগল নয়নে। ৯৬
গঙ্গার নয়নে পূত বারিধারা ঝরে।
বহিয়া পড়িছে হরগৌরীর শরীরে। ৯৭
তাল বেতাল নাচে এই ভাব দেখে।
দেব গন্ধর্ব্বে গায় অন্তরীক্ষ থেকে। ৯৮

* * *

কনেড়া বাহার—একতালা

হের হরগৌরী এক অঙ্গ,
দুর্গা গঙ্গার যেন সাঙ্গ।
শূন্য হতে দেব পুরন্দর,
সব অমর, পুষ্প বরিষণ করে শিব-প্রসঙ্গ।
অর্দ্ধাঙ্গ ধবলগিরি, অর্দ্ধ গিরিসুতা গৌরী
রজতে কাঞ্চন হেরি, শিহরে অনঙ্গের অঙ্গ। (৬)

শিববিবাহ

সতী-শোকে মহাদেবের হিমালয়ে যোগ-আরম্ভ

শিব গিয়া দক্ষ-দ্বারে, দক্ষসুতা মোক্ষদারে,
মৃতাঙ্গী করিয়া দরশন।
ক্রোধে যজ্ঞ করি ভঙ্গ, শিরে ল'য়ে সতী-অঙ্গ,
শক্তি-শোকে শিবের ভ্রমণ। ১
সুদর্শনে অনুমতি, করেন কমলাপতি,
মৃতাঙ্গ ছেদন করিবারে।
কাটে অঙ্গ সুদর্শন, শিরে সতী অদর্শন,
হেরিয়া হরের প্রাণ হরে। ২
শিবের শিরে ঐশ্বর্য্য, সে বিচ্ছেদ নহে সহ্য,
শোকে ধৈর্য্য-বিহীন ধূর্জ্জটি।
নিরস্ত নহে অন্তর, নীরযুক্ত নিরন্তর,
তারার বিহনে তারা দুটী। ৩
হারায়ে হেমবর্ণ সতী, ন ভূত ন ভবিষ্যতি,
কি বিচ্ছেদ ভূতপতির উৎপত্তি।
ত্যজিয়ে বৃষবাহন, ধরায় পতিত হন,
পতিতপাবন পশুপতি। ৪
ফণি সব নীরব গলে, কোথা সর্ব্বমঙ্গলে!
ব'লে ধারা আঁখিযুগলে গলে।
সঙ্গে কান্দে ভূতঘটা, এলোথেলো শিরে জটা,
শম্ভুর ডম্বুর ভূমিতলে। ৫
কপালে শশী মলিন, শশধর শোভাহীন,
শিবের শোভন সেই শিবে।
চক্ষু না থাকিলে পরে, কি শোভা তার কলেবরে,
সরোবর বারি বিনে কি শোভে। ৬

না থাকিলে সৌরভ, পুষ্পের কি গৌরব,
মেঘ বিনে কি সৌদামিনী প্রভা।
কভু হয় না শোভাকর, পক্ষী বিনে পিঞ্জর,
লক্ষ্মী বিনে কেশবের কি শোভা। ৭

পুত্র না থাকিলে বংশে, শোভা নাই কোন অংশে,
পণ্ডিত বিনে সভার শোভা নাই।
নিশির নাশে অহঙ্কার, চন্দ্র বিনে অন্ধকার,
চন্দ্রচূড় চণ্ডী বিনে তাই। ৮

থাক্‌তে গৃহ সন্ন্যাস, তার উপরে সর্ব্বনাশ,
সর্ব্বেশ্বরী সঙ্গে নাই সতী।
সহজে পাগল-ভাব, তাহে ভবানী-অভাব,
সে ভাবের প্রাদুর্ভাব অতি। ৯

তাহা কি প্রকার?

একে দরিদ্র সহজে দুঃখ, তাহে দেশে দুর্ভিক্ষ,
একে মূর্খ তার উপরে ব্যঙ্গ।
একে শয়ন মৃত্তিকায়, দংশে আবার পিপীলিকায়,
একে সাগর, তায় আবার তরঙ্গ।

একে অন্ধ নাই দৃষ্টি, তাহে হারালে হাতের যষ্টি,
একে দগ্ধা তাতে আবার উগ্র।
একে শনি তায় গত রন্ধ্র, মনসা তাতে ধুনার গন্ধ,
সদানন্দ শত গুণে উদাস্ত। (অ)

নন্দীরে কন কি করি, মদন মদনান্তকারী,
বদন ভাসে নয়নের জলে।
এ দেহে আর মিছে যত্ন, হারালেম দুর্লভ রত্ন,
দুর্গতিহারিণি! [১]কোথা গেলে[১]। ১২

সর্ব্ব ধর্ম্ম বিনশ্যতি, ঘুচালে বসতি, সতি!
প্রসূতিনন্দিনি! এ কৈলাসে।
কাঁদে প্রাণ দিবা-শর্ব্বরী, সর্ব্ব সুখ শূন্য করি,
সর্ব্বেশ্বরি! সঁপিলে সন্ন্যাসে। ১৩

উচাটন কৃত্তিবাস, শবাসনা বিনে বাস,
বাসেতে বাসনা নাহি হয়।
করি অতি অবিলম্ব, যোগপতির যোগারম্ভ-
কারণ গমন হিমালয়। ১৪

যোগেতে চৈতন্য-হারা, চৈতন্যরূপিণী তারা,
রূপ-চিন্তা হৃদয়-কমলে।
মানসে ডাকেন কাল, [২]কাল-হরা হ'লো কাল,
কত কালে করুণা হবে কালে। ১৫

* * *

সুরট—ঝাঁপতাল[৩]

ভব-তিমির-নাশা! শিবের আশা-পথে কবে আসিবে।
কবে দুঃখ নাশিবে, শিবে! শিবে করুণা প্রকাশিবে।
অসিতরূপা অসিধারিণি! অসাধারণ-গুণধারিণি!
আশু দুখনাশিনি[৪]! আসি আশুতোষে কবে তুষিবে।
নীলবরণি! নিস্তারো, নীলকণ্ঠে কত আরো,
নিরন্তর নিরানন্দ-নীরে ভাসাইবে।

হর দুঃখ হর-কারণে, আপদ হর পদপ্রদানে,
কবে দুর্গে! দাশরথির ভব-ভাবনা বিনাশিবে। (ক)

* * *

মেনকার গর্ভে পার্ব্বতীর জন্মগ্রহণ

গিরি-ভার্য্যা মেনকার, শূন্য হ'লো অন্ধকার,
পুণ্যের হইল পূর্ণোদয়[৫]।
রাণী হৈল গর্ভবতী, ভবকর্ত্রী ভগবতী,
পুণ্যবতীর উদরে উদয়। ১৬

শুনিয়া পর্ব্বতপতি, অন্তরে আনন্দ অতি,
আনন্দে পূরিল পুরখানি।
প্রতিবাসী নারী সব, শুনিয়া করি উৎসব,
অন্তঃপুরে যায় যথা রাণী। ১৭

বলে, আহা ভালবাসি, প্রেমবিলাসী পৌর্ণমাসী,
আসিয়া আশীষ করি বলে।
হউক মা! কোলে হউক তোর, মৈনাকের শোক পাসর,
হ'লো সূত্র, পাবে পুত্র কোলে। ১৮

ক্রমে দশ মাস গত, প্রসবের কালাগত,
রাণী বসি সূতিকা-মন্দিরে।
কালপ্রাপ্ত কালে তারা, জন্মিলেন জন্মহরা,
জয়ধ্বনি দেবগণ করে। ১৯

* * *

মেনকার বিলাপ

ভূমিষ্ঠা হন জগদ্ধাত্রী, চরণ ধরিয়া ধাত্রী,
বলে মা গো! কন্যা হ'লেন ইনি।
কর্ণে শুনি কন্যারব, ঘুচিল যত গৌরব,
নীরব হইল গিরি-রাণী। ২০

মৃতকল্পা মনোদুঃখে, বিমুখী হইয়া থাকে,
শ্রীমুখ না দেখে নন্দিনীর।

পাঠান্তর: ১-১ হরি গলে—গ। ২ কালী কালহরা—গ। ৩ ষৎ—খ, গ, ঘ। ৪ দুঃখহারিণী—খ, গ। ৫ পুণ্যোদয়—গ।

মনেতে করে মন্ত্রণা, ভুগিলাম মিছে যন্ত্রণা,
শোকে চক্ষু রাণীর সনীর ॥ ২১

ছি ছি কি কপালপোড়া, মিথ্যা খেলেম ভাজা-পোড়া!
হইল সকলি মোর মাথা[১]।

মিথ্যা লোকে দিলে সাধ, হরিষে হ'লো বিষাদ,
সাধে বাদ সাধিলি রে বিধাতা ॥ ২২

একি মোর হ'লো শাল! নাপিত পাইত শাল,
তাপিত হইল কথা শুনে।

স্বর্ণ-ঘড়ায় তৈল পূরে, বিলাইতাম গিরিপুরে,
পেতো মুদ্রা ক্ষুদ্র কত জনে ॥ ২৩

সুসন্তান শুনে গিরি, করত কত বাবুগিরি,
কিছু সাধ ঘট্‌লো না রে ঘটে।

সকল আশায় দিয়ে কালি, কোথাকার এ পোড়াকপালি!
মরতে এসেছিস মোর পেটে ॥ ২৪

* * *

মেনকার প্রতি নারীগণের ভৎর্সনা

না করে[২] কোলে অম্বিকায়, পড়ে রন মা মৃত্তিকায়,
নারীগণ শুনিল পরস্পরে।

সকলে হৈয়ে একযোগ, গিয়ে করছে অনুযোগ,
মন্দিরের দ্বারের বাহিরে ॥ ২৫

মেয়ে ব'লে কি অনাদরে, ফেলেছি ধ'রে উদরে,
তুইত মায়ের মেয়ে বটিস কি না।

চ'মকে মরি চমৎকার, মর! মাগীর কি অহঙ্কার,
দেখি নাইতো করে এত কারখানা ॥ ২৬

পুত্র কিম্বা কন্যা ঘটে, বেদনা তো সমান বটে,
তাতে অন্ত নাই, মা বলে ডাকে।

মেয়ে হ'লে কি হ'লো না ছেলে?
পেটের ফল কি হাটে মিলে?
গাছে ফলে[৩] না পথে প'ড়ে থাকে? ২৭

ধুলায় ফেলেছে করি ধাঁচা, বাটি বাটি! ষেটের বাছা!
এমন পোড়া পোয়াতির মুখে ছাই!

কহিছে রমণী সর্ব্বে, কেমন মেয়ে হ'লো গর্ভে,
দেখি একবার দেখা দেখিলো দাই ॥ ২৮

দ্বার মুক্ত করে ধাত্রী, কালিকা বালিকামূর্ত্তি,
নয়নে নির'খে নারীগণ।

দেখে তরুণী হেম-বরণী, তরুণ অরুণ জিনি,
চরণ দুখানি সুশোভন ॥ ২৯

চক্ষে হেরি[৪] তারাকারা, তারায় মিশিল তারা,
ফিরাতে না পারে তারা, ত্বরায় তারা তারার মাকে বলে।

পেতেছো কি পুণ্য-ফাঁদ, পুণ্য-ফলে পূর্ণচাঁদ,
ধরা তো পড়েছে ধরাতলে ॥ ৩০

* * *

খট্‌-ভৈরবী—একতালা

এ নয় নন্দিনী, জগতবন্দিনী,
রাণি! কন্তে-গুণে হলে ধন্তে।
তব পতি ধরাধর,
ধরাতে কি ভাগ্যধর গো, রাণী! ধর গো,
শশধরমুখী গর্ভে ধর কি পুণ্যে ॥
নয়নে হের গো নগেন্দ্রমহিষি!
চরণাম্বুজ-নখরেতে শশী,
ত্রিলোচনী ত্রিলোকেশী,
ইনি ত্রিলোচনের মহিষী,
ত্রিলোক-মান্তে।
ধন্য জনম তোমার গো রাণি!
জঠরে জনম জনমহারিণী,
জগতজননী কহিবে জননী,
হেন পুণ্যবতী ভবে কে অন্তে ॥ (খ)

* * *

মেনকার কন্যাদর্শন

শুনে রমণী-বচন, অমনি লোচন
ফিরাইল গিরিজায়।

পাঠান্তর: ১ মুখা—ক। ২ লয়—গ। ৩ গাছতলে—ক, খ। ৪ ধারা—গ।

হেরি তনয়া-বদন, করেন রোদন,
প্রেমে পুলকিত কায়া ॥ ৩১
ভূধর-ঘরণী,[১] অধরের ধ্বনি,
কি কপাল মন্দ বলে!
ক'রে কোলে ঈশানী, ভাসে পাষাণী
সুখ-জলধি-জলে ॥ ৩২
যত দেবগণ, সুখেতে মগন,
নিরখিতে জননীরে।
সবে স্ববাহন, করি আরোহণ,
চলিলেন গিরিপুরে ॥ ৩৩
ত্যজিয়া ভবন, ইন্দ্র পবন,
যায় করি জয়ধ্বনি।
সূর্য্য শশধর, যথায় ভূধর-
ঘরেতে হরঘরণী ॥ ৩৪
চলিল কুবের, হেরিতে শিবের
শিরোমণি ভবানীরে।
গোলোক-প্রধান, করুণানিধান,
হরি যায় হেরিবারে ॥ ৩৫
অজায় আসন, করি হুতাশন,
অচল-আলয়ে চলে।
চলিল শমন, শমন-দমন-
কারিণী তারিণী ব'লে ॥ ৩৬
ঋষিগণ সব, করিয়া উৎসব,
চলিলেন দরশনে।
সনকাদি ধায়, দেখতে সুখদায়,
শুক আদি সুখ-মনে ॥ ৩৭
চলেন নারদ, নারায়ণ-পদ
ভাবি ভবানী নিকটে।
হরষিত মন, মহা-তপোধন,
চলে হিমালয়-বাটে ॥ ৩৮
ঢেঁকীতে বাহন, অবগাহন
করি মন্দাকিনী-জলে।
করে করমাল, অঙ্গেতে গোপাল
নামাঙ্কিত স্থলে স্থলে ॥ ৩৯
যোগেতে পাগল, সদাই মঙ্গল,
শিরে পিঙ্গল জটা।
যান মজিয়ে গানে, বাজিয়ে বীণে,
সাজিয়ে পদের ছটা ॥ ৪০
বলে, তার গো তোমার, তাপিত কুমার
প্রতি নিদয়া হ'য়ে থেকো না।
হের কুমারে, যমাধিকারে,
মায়াধিকারে[২] রেখ না ॥ ৪১
শ্যামা গো মা মোর! যম কি পামর,
সম্ভবে এই ভবে।
হে ভবদারা! মা! তব দ্বারা,
পতিত কি পার পাবে ॥ ৪২
পাতকীর কুল, হইলে আকুল,
কূল দেওয়া রীতি জানি।
ছেড়ে প্রতিকূল, মোর প্রতি কূল,
দেহ গো কূলদায়িনি ॥ ৪৩
ডাকি প্রতি দিন, মোর প্রতি দিন
দিতে মা! কেন কাতরতা।
ওমা অভয়ে! রাখ অভয়ে,
ভয়ে মরি ভয়হরা ॥ ৪৪
সঁপিলে রূপায়, সুত পার পায়,
অনুপায়-পথে আমি।
দোষ পায় পায়, তব রাঙ্গা পায়,
উমা গো! উপায় তুমি ॥ ৪৫
জননী-জঠর, যাতায়াত ঘোর,
যাতনা দিও না শিবে!
যত করি মানা, যতনে যাতনা,
ভকতি আমারে দিবে ॥ ৪৬
ওমা! অসিতে! ভবে আসিতে,
দিও না এ দীন জনে।

পাঠান্তর: ১ ভূধর রাণী—গ। ২ সীমাধিকারে—ক ; যমাধিকারে—খ।

সন্তানের পাক, হয় পরিপাক,

হেরিলে কৃপা-নয়নে ॥ ৪৭

* * *

টৌরী—কাওয়ালী

কৃপা, কাতরে বিতর হরবন্দিনি!
তারা গো মা! বিন্ধ্যাচল-বিহারিণি!
হে বিমলা! মা! বিবিধ-বিবন্ধ-বারিণি!
দেহি নন্দনে আনন্দ গো নন্দ নন্দিনি ॥
[১]ধন্য ধন্য চরণ-সরোজ[১] তোমার,
ত্যজে অন্য অগণ্য ধন অন্বেষণ করি মা! দিবস-রজনী।
দাশরথি-মতি পাপপঙ্কে পতিত,
পদপঙ্কজ প্রদ গো জননি! হর সঙ্কট,
শঙ্কর-হৃদিপুরবাসিনি ॥ (গ)

* * *

দেবীর বাল্যলীলা

হেথায় নগেন্দ্র-পুরে যোগেন্দ্রমোহিনী।
দিনে দিনে বৃদ্ধি হন দীনের জননী ॥ ৪৮
গিরীন্দ্রগৃহিণী সঙ্গে গৃহেতে থাকিয়ে।
বাহির হন পঞ্চ দিনে পঞ্চানন-প্রিয়ে ॥ ৪৯
দ্বিজগণ আসি করে আশীষ প্রদান।
কল্যাণীর কল্যাণে করেন গিরি দান ॥ ৫০
নৃত্যগীত সুখে বাদ্য করে বাদ্যকরে।
'গিরি ধন্য' ভিন্ন অন্য শব্দ নাই পুরে ॥ ৫১
স্নান করি সূর্য্যপক জাহ্নবীর জলে।
জননী বসিয়া আছেন জননীর কোলে ॥ ৫২
মায়া করি মায়ের কোলেতে মহামায়া।
মায়ার মায়াতে বদ্ধ হন গিরিজায়া ॥ ৫৩
পূর্ণরূপা পেয়ে পূর্ণ জন্মিল পুলক।
পাষাণ-প্রেয়সী পাসরিল পুত্রশোক ॥ ৫৪
লক্ষ-সুত লাভ হেন রাণীর অন্তরে।
স্তন দেন রাখি বক্ষোপরে মোক্ষদারে ॥ ৫৫
গিরি-রাণী[২] হরিদ্রা লইয়া হস্তে ক'রে।
হরিষে মাখান হরিভক্তিদায়িনীরে ॥ ৫৬
তারার তারায় দিল কজ্জল-ভূষণ।
তারা প্রতি করে দৃষ্টি-তারা সমর্পণ ॥ ৫৭
ফিরাইতে নারে আঁখি, অনিমিষে রহে
নিরখি নিরখি নীর নিরবধি বহে ॥ ৫৮

* * *

গিরিপুরে নারদের আগমন

গিরিপুরে হয়েন কাল হরের রমণী।
আগমন করেন নারদ মহামুনি ॥ ৫৯
পরম বৈষ্ণবীর তুষ্টি জনম কারণে।
বাঁধিলেন বীণা যন্ত্র বিষ্ণুগুণ গানে ॥
হ'য়ে মত্ত, পরমার্থ-তত্ত্ব, শিক্ষা দেন মানসে।
মন ভ্রান্ত! দিন ত অন্ত, ক্ষান্ত হও না রে কলুসে ॥ ৬১
বলবন্ত, সে কৃতান্ত, করিব শান্ত কিরূপে আমি!
রাধাকান্ত, চরণপ্রান্ত, ধরিয়া ধ্যান ত, কর না তুমি ॥ ৬২
তোর ধ্যান তো, দেখে একান্ত,
কাঁপিছে প্রাণ ত, শমন-ভয়ে।
জ্ঞানবন্ত, বলে যে মন্ত্র, শুন না অন্তরে মন দিয়ে ॥ ৬৩
ভাব চিত্তে, কেন কুবৃত্তে, এ দেহ মিথ্যার কুপাত্র।
হবে জীর্ণ, ছিন্ন ভিন্ন, চিহ্ন রবে না মাত্র ॥ ৬৪
কর ব্যর্থ, অর্থতত্ত্ব, নিত্য মত্ত শক্রমতে।
গুরুদত্ত, যে পদার্থ, না কর তত্ত্ব মত্ততাতে ॥ ৬৫
কে করে রক্ষে, যম বিপক্ষে,
বসিয়ে বক্ষে, ধরিবে কেশে।
সে কমলাক্ষ, সহিত সখ্য,
থাকিলে মোক্ষ, পাইবে শেষে ॥ ৬৬
পাপ পূর্ণ, হইবে চূর্ণ, ভাবিলে পূর্ণরূপ মাধবে।
জ্ঞানশূন্য, সে পদ ভিন্ন, গতি কি অন্য আছয়ে ভবে ॥ ৬৭

পাঠান্তর: ১-১ ধন চরণ সরোজ ধন্য—গ। ২ হেমরাণী—গ।

ভবে পুণ্য ধন্য ধন্য, সে ধনে দৈন্য, হলি আসিয়ে।
গুরু মান্য, অন্য ক্ষুণ্ণ, গণ্য হলি নে তন্নাসিয়ে ॥ ৬৮
এই রূপে বদনে উক্তি বীণায় কৃষ্ণ-ধ্বনি।
প্রকাশিয়ে ভক্তি যান[১] ভক্ত-শিরোমণি ॥ ৬৯
আশ্রয় করিয়া হরি-গুণাশ্রয় গীত।
নিরাশ্রয়-জননী নিকটে উপনীত ॥ ৭০
প্রণমেন পরম ঋষি পড়ি ধরাতলে।
পর্ব্বত-নন্দিনী-পদপঙ্কজ-যুগলে ॥ ৭১
মানসে কহেন ঋষি ভবানীর প্রতি।
শিবে! কি [২]স্মর না মনে[২] শিবের দুর্গতি ॥ ৭২
ভব-ক্লেশ সহ্য নহে, ওগো ভবরাণি!
ভবেরে প্রসন্না হও, ভব-নিস্তারিণি ॥ ৭৩
ওমা! গিরিবরনন্দিনি! গিরিশ তোমা ভিন্ন।
শোকেতে কৈলাস গিরি করেছেন শূন্য ॥ ৭৪
দীনময়ি! দিবে দিন কত দিনে দীনে।
যুড়াইব যুগল আঁখি যুগল-দরশনে ॥ ৭৫

* * *

পরজ[৩]—একতালা

ভবানি মা! কবে মজ্‌বে ভবের ভাবে।
বল গো শিবানি! শিবে!
কবে গো ভবানি মা! মোর ভবের ভাবনা যাবে ॥
শুন গো মা দীন-তারা! শিবের দর্শন বিনে তারা!
তারা ব'য়ে তারা-ধারা, শবের সারা দিবে।
চল মা! শিবের ধামে, দুঃখ কত আর দিবে উমে!
না বসিয়ে শিবের বামে, শিবে বাম হ'য়ে রবে ॥ (ঘ)

* * *

গিরিরাজের দানোৎসব

গত হ'লো পঞ্চ দিবা, পঞ্চত্বহারিণী শিবা,
বসেন পর্ব্বত-পত্নী কোলে।
বিরিঞ্চি আদি কেশব, ক্রমে আগমন সব,
হরিষে চলেন হিমাচলে ॥ ৭৬
জ্ঞানাত্মা গৌতম গর্গ, আসিছেন ঋষিবর্গ,
গিরি-পুরে যথায় গিরিজা।
যথাযোগ্য সম্ভাষণ, আসুন ব'লে আসন
প্রদান করেন গিরি-রাজা ॥ ৭৭
হ'য়ে কল্পতরুবর, দান করিছেন গিরিবর,
কিবা শূদ্র বৈশ্য দ্বিজবরে।
দিচ্ছেন যার বাঞ্ছা যা'য়, তুষ্ট হ'য়ে সবে যায়,
আশীর্ব্বাদ করি গিরিবরে ॥ ৭৮

* * *

এক দরিদ্র ব্রাহ্মণের কাহিনী

এক দরিদ্র ব্রাহ্মণ, করিলেন আগমন,
আশীর্ব্বাদ করেন তুলে হাত।
যাত্রা ছিল কি কুক্ষণে, দশের মত দক্ষিণে,
তার পক্ষে হ'লো না দৈবাৎ ॥ ৭৯
অসন্তুষ্ট হ'য়ে মন, ব্রাহ্মণ করেন গমন,
আর এক বিপ্রসহ দেখা পথে।
দানের দুঃখের কথা, মানের অতি খর্ব্বতা,
তার কাছে কহে খেদমতে ॥ ৮০
বলিব কি হে ভট্টাচার্য্য! দেশের বিচার কিমাশ্চর্য্য!
ভার্য্যার কথায় রাজ্য এলেম হেঁটে।
পরিশ্রম হ'লো পণ্ড, পাষাণ বেটা কি পাষণ্ড!
দুঃখে মোর বক্ষ যায় ফেটে ॥ ৮১
ঠুঁটোর মতন মুঠো ক'রে দুটী মুদ্রা দিলেন মোরে,
ভাবলাম, দুটো কথা বলে যাই।
ছিল দুই দুরন্ত দ্বারী দ্বারে, দুটো স্কন্ধে হাত দে ধ'রে,
দুটো দুয়ারের বার করেছে ভাই ॥ ৮২
ধিক্ ধিক্ মোর ধনের পিছে,
ওর কাছে আর কাঁদিব মিছে,
দয়া কোথা হে পাষাণ-কলেবরে!

পাঠান্তর: ১ অভিমান—ক; ভক্তিবান্—খ। ২-২ শরণী মাগে—গ। ৩ পরজ বাহার—ক।

ডুবালে সমুদ্র-জলে, পাষাণ কি কখন গলে,
চক্ষের জলে আমি কি ভিজাব তারে ॥ ৮৩
দান করেছে দুই এক দিন, দস্যুর দয়া দৈবাধীন,
দৈবে যেমন শুভ হয় শনি।
হেমন্ত শ্রীমন্ত বটে, দান-শক্তি ওর কি ঘটে!
পাষাণ কঠিন-শিরোমণি ॥ ৮৪

* * *

কৃপণবর্ণনা

বুঝিতে না পারি মর্ম্মে, কৃপণদিগে কি কর্ম্মে,
সৃষ্টি করেন কৃষ্ণ মহীতলে।
কোটি মুদ্রা পূরে ঘরে, কি জন্যে বা কোট করে,
এক পয়সা দিবার কথা হ'লে ॥ ৮৫
যত কাল[1] কাটিয়ে বসে, ভাটিয়ে বয়েস আঁটিয়ে এসে,
তত কি আঁটি বাড়ে টাকা টাকা।
খরচের জেলায় শূন্য দিয়ে, জমার দিকে আঁক জমায় গিয়ে,
এ দিকে যে জমায় শূন্য, তার করে না লেখা ॥ ৮৬
যদি তহবিলে না মিলে এক ক্রান্তি, পহেলা মাগাদ সংক্রান্তি,
ঠাহরে ঠিক দিয়া ঠিক করে।
নিজ পরিবারের পক্ষে, খরচ কেবল পিত্তরক্ষে,
কেবল প্রবৃত্তি উঞ্ছবৃত্তির তরে ॥ ৮৭
খরচ না হইলেই হাসেন মুচ্‌কি, ভালবাসেন নিম্‌-ছেঁচকী,
পৌষ মাসে নিমের করেন সীমে।
মুগ রেঁধেছে শুনলে ঘরে, মাগীদিগে মুগুর মারে,
লাগে যুদ্ধ যেন কীচক-ভীমে ॥ ৮৮
অতিথি-পুরুত এলে, কুটুম্ব সকলের কপালে,
অম্বু বিনে আশা নাই এক বটে।
এসেন যদি সম্বন্ধী, বড় পিরীতের দায়ে বন্দী,
এক আধ বেলা তাঁরি যদি ঘটে ॥ ৮৯
লোকাচার পিতৃশ্রাদ্ধ, তাহে হদ্দ বরাদ্দ,
চৌদ্দ পোয়া আউশের চিড়ে মোট[2]।

একটা কলা তিন খণ্ড, ছুটো ক'রে মুট্‌-খণ্ড,
ফুটো মালায় [3]দিয়ে বলে 'ওঠ'[3] ॥ ৯০
যে করেছিল নিমন্ত্রণ, তার উপরে বাপাপন্ন,
হৈয়ে বলে মা'কে! গেলি রে কোথা।
কিসের বা আমার প্রয়োজন, ছেলে ছোকরা বারো জন,
তোর সঙ্গে নিমন্ত্রণের কথা ॥ ৯১
এই গুলোকে ছেলে ধর, বাঁশ চেয়ে যে কঞ্চি দড়,
ক্ষুদ্র রাক্ষস হায় হায় হায় রে!
কোন্ কালে পেতেছে পাত, আরে ম'লো কি উৎপাত,
পরের পেলে কি এমনি করে খায় রে ॥ ৯২
নানা কথায় তুলে বিরাগ, দ্বিজ যায় করি রাগ,
অনুরাগ-নষ্ট গিরি শুনে।
আজ্ঞা দেন অনুচরে, দ্রুত যাও কে আছ রে!
ডেকে আন দুঃখিত ব্রাহ্মণে ॥ ৯৩
দরিদ্র ব্রাহ্মণ-গোচর, দ্রুতগতি গিয়া চর,
চঞ্চল হইয়া কথা বলে।
অচল ঘুচাবার তরে, অচল ডাকে তোমারে,
চল দ্বিজ! চল হে অচলে ॥ ৯৪
গিরিরাজার কিঙ্কর, মূর্ত্তি ঘোর ভয়ঙ্কর
দেখিয়া কম্পিত দ্বিজ বৃদ্ধ।
বলে, হায় হায় বৃদ্ধ বয়সে, মাগীর কথায় মাগিতে এসে,
অপমৃত্যু হৈল বুঝি অদ্য ॥ ৯৫
চরের ধরিয়া কর, বলে ভাই! রক্ষা কর,
ভিক্ষা দাও প্রাণটা আমার তুমি।
এই ভট্টাচার্য্য জানেন ভাই! আমি তাতো বলি নাই,
তামাসা নাকি তাঁকে বলিব আমি ॥ ৯৬
ছাড় ভাই! কেন বধ্যে, জলন্ত আগুন মধ্যে,
ফেলাও ধরিয়ে ক্ষুদ্র মাছি।
ব্রাহ্মণে প্রসন্ন হবে, দোহাই ব্রহ্মণ্যদেবে!
তাহাই করিবে যাতে বাঁচি ॥ ৯৭
তুমি হইও না প্রতিবাদী, দুটি টাকা আশীর্ব্বাদী,
দিলাম আমি,—এই লও বাবাজী।

পাঠান্তর: ১ তিনকাল—গ। ২ মোটা—গ। ৩-৩ থোল দিয়ে বলে ওঠা—গ।

বুঝি রেগেছে পর্ব্বত বুড়ো, চেপে পড়িলেই হব গুঁড়ো,
ব্রহ্মহত্যা করতে হৈও না রাজি ॥ ৯৮

তখন অভয় দিয়ে কিঙ্কর, দ্বিজের ধরিয়া কর,
শৈলরাজ-সভায় সঁপিল।
অভিমান করি দূর, আনিয়ে অর্থ প্রচুর,
গিরিবর দ্বিজবরে দিল ॥ ৯৯

অন্তঃপুর মধ্যে রাণী, কোলে ক'রে কালরাণী,
কাল হরিছেন কুতূহলে।
দেবীরে করি দরশন, নিজ নিজ নিকেতন,
দ্বিজগণ যাবেন হেনকালে ॥ ১০০

গিরি-রাণী তুলে গাত্র, করে করি স্বর্ণ-পাত্র,
কন্যার মঙ্গল অভিলাষে।
ভাবে গদগদ তনু, চাহেন চরণ-রেণু,
যতেক ব্রাহ্মণগণ পাশে ॥ ১০১

তোমরা ভূদেব দ্বিজবর! দাসীর বাঞ্ছা এই বর,
কন্যাটী কল্যাণে যেন রন।
ধূলাতে সবে দেহ পদ, না হয় যেন আপদ,
সাধনের ধনে তপোধন ॥ ১০২

নারদ কন হাস্যমুখে, মেনকা-রাণীর সম্মুখে,
তনয়া চেন না তুমি তবে।
তুমি কি পদধূলি মাগ, মাগিতে এসেছি মা গো!
তোর তনয়ার পদরেণু আমরা সবে ॥ ১০৩

* * *

আলিয়া- একতালা

রাণি গো! এই তব যে কন্যে।
দিবে পদরজ কোন্ সামান্যে।
গঙ্গাধর হৃদে ধরে পদ, তব তনয়ার পদরেণুর জন্যে।
তব কোলে হেমবরণী তরুণী, ওঁর পদ ভবজলধি-তরণী,
করেছেন হরঘরণী, ধরণী-জায়া গো তোমারে ধন্যে।
তমোগুণে হর পদরজে মজে, সত্ত্বগুণে হরি মত্ত পদাম্বুজে,
বাঞ্ছা করেন বিধি রজোগুণে রজে,
রজনী দিবস ধরি কি জন্যে। (ঙ)

* * *

উমার অন্নপ্রাশন

জননীর কোলে বাস ক্রমে প্রাপ্ত সপ্ত মাস,
শুভ দিন দেখিয়ে তখন।
পুলকে রাণী পরিপূর্ণা, করিছেন অন্নপূর্ণার,
অন্নপ্রাশনের আয়োজন ॥ ১০৪
গিরি করি অতি দৈন্য, জগত-আগমন জন্য,
যতনপূর্ব্বক পত্র দিল।
পেয়ে পত্র পত্রপাঠ, পর্ব্বতপতির পাট,
সর্ব্বত্র-নিবাসী সর্ব্বে এলো ॥ ১০৫
প্রচুর সামগ্রী পূরি, পূর্ণ করিলেন পুরী,
সুরাপ্রয় সুরস খাদ্য সর্ব্ব।
যার প্রতি যে দ্রব্যের ভার, বহিতেছে তারে তার,
না ধরে ভূধর-ঘরে দ্রব্য। ১০৬
পর্ব্বত-পুরবাসিনী, রমণী সঙ্গে পাষাণী,
রন্ধন করেন মন-সুখে।
গিরি হ'য়ে পবিত্র দেহ, লহ লহ দেহ দেহ,—
বাণী ভিন্ন অন্য নাই মুখে ॥ ১০৭
খাদ্য ল'য়ে যায় নিকেতনে, যত চায় দেয় যতনে,
সবে বলে, গিরি ধন্য ধন্য।
দধি দুগ্ধ ক্ষীর সর, যেন সাগর-সোদর,
বায়সে না খায় পায়সান্ন ॥ ১০৮

* * *

এক বিশ্ব-নিন্দুকের বিবরণ

বিশ্বনিন্দুক এক জন, গিরি-পুরে করি ভোজন,
বিয়াশি সিকার ওজন মতে।
এক মোট বস্ত্রে বাঁধিয়ে, ভৃত্যের মস্তকে দিয়ে,
ব্যস্ত হ'য়ে গমন হয় পথে। ১০৯

তারে দেখি যত্ন ক'রে, এক জন জিজ্ঞাসা করে,
ভোজনের কেমন পারিপাট্য।
শুন্‌লেম্, ভোজনের ভারি যশ, দ্রব্য নাকি নানা রস,
বস্ত্র নাকি দান কচ্ছেন পট্ট। ১১০
বিশ্বনিন্দুক হেসে কয়, তুমিও যেমন মহাশয়!
তারি ¹কর্ম্মে তারিপ—ও¹ মোর দশা!
সংসারটা ভারি আঁটা, মহাপ্রেত সে গিরি বেটা,
মিন্‌সে হতে মাগী দ্বিগুণ কসা। ১১১
করেছে একটা কর্ম্ম সাড়া, বামুনে দেন সোনার ঘড়া,
লাক দুই তিন সেই বা কটা টাকা।
আঠার পোয়া ক'রে ওজন গড়ে, তাতে ক সের বা জল ধরে!
স্বপ্‌ড়ো সোনা,—তাই বা কোন্ পাকা। ১২২
বাহিরে চটক খরচ হাব্বি, ভোজেও² বেটার ভোজের ভেব্বি,
যে খেয়েছে সেই পেয়েছে টের।
পাকী হন বড় মান্ত, পাক করেছেন পরমান্ন,
আধ পোয়া চাল দুগ্ধ ষোল সের। ১১৩
ফলার করেছেন পাকা, কলা গুলা তার আধ পাকা,
একটা নাই মর্ত্তমান, সবগুলো কুলবৃত।
তিন পোয়া বেড় করেছে লুচি, না করিলে ত্রিশ কুচি,
আহার করিতে নাই যুত। ১১৪
সন্দেশগুলো সব মিছরি-পাকে, তাতে কখন মিষ্টি থাকে,
দ'লো না দিলে, জলো হ'য়ে যায়।
চিনিগুলো সব ফুট্-সাদা, খড়ি মিশান বুঝি আধা,
এত ফর্‌সা চিনি কোথায় পায়। ১১৫
মোণ্ডাগুলো সব ফাটা ফাটা, ক্ষীরগুলো সব আটা আটা,
খিরকিচ বাধায় ক্ষীর খেতে।
সকল দ্রব্যই ফাঁকিতে কেনা, খেনো গরুর দুধের ছানা,
বড় দুঃখ পেয়েছি পাত পেতে। ১১৬
দেখিলাম বেটার সকলি ফক্কি, বামুন বড় খাটি লক্ষি,
ইহার বাড়া হয় যদি কান কাটি।
সকল বিষয়ে ন্যূনকল্প, কেবল পাহাড়ে গল্প,
মেটে ভাঁকে ফেটে যাচ্ছে মাটি। ১১৭
এই রূপ গিরি-রাজায়, নিন্দা করি দ্বিজ যায়,
গিরি ধন্য বলিছে অন্য লোকে।
দশে পৌরুষ করে যাকে, এক জন নিন্দিলে তাকে,
সে নিন্দে ঢাকের গোলে ঢাকে। ১১৮

* * *

নারদের ঘটকালী

শ্রবণ করহ শেষ, সপ্তবর্ষ বয়েস,
প্রাপ্ত যখন হ'লেন পার্ব্বতী।
ভাঙ্গিয়া শিবের যোগ, বিবাহের উদ্যোগ,
করিতে ভাবেন প্রজাপতি। ১১৯
যোগে আছেন যোগেশ্বর, হানে শর পঞ্চশর,
সচেতন করেন ত্র্যম্বকে।
চাহেন পঞ্চবদন, উমায় ভস্ম মদন,
রতি কত কাঁদে পতি-শোকে। ১২০
দেবগণ মহানন্দ, সম্বন্ধ করিতে বন্ধ
নারদে পাঠান গিরিস্থানে।
চলিল ব্রহ্মার পুত্র, করিবারে লগ্ন-পত্র,
মগ্ন হ'য়ে হরি-গুণগানে। ১২১

* * *

টৌরী—কাওয়ালী

দয়াময়! দীন-দুঃখ হর।
হে দীননাথ! দীনোঽহং
"³দুর্জ্জয় দুর্মদ³ দনুজদল-দমন,
দিনকর-সুত ⁴ভাগত," দয়া দীনে কর।
⁵দেব! দরশন দেহ, হ'লো মম জীর্ণ দেহ
নাহি মম ভক্তি-সমাদর।⁵

পাঠান্তর: ১-১ মর্ম্মে তারি পাও—গ। ২ ভক্ত—গ, ভটো—ঘ। ৩-৩ দুর্জ্জন দুর্মদ—গ। ৪ দুর্ভাগাত—গ।
৫-৫ দেব দরশন দেব প্রতিদিনে দান দেহ নাহি মম দ্বিজ সমাদর—গ

দ্বেষাদ্বেষ-দোষ আদি দ্রোহিকর্মে হয়েছি দৃঢ়,
সদা কুপথে ভ্রমি, করি দুষ্করণী
ভব-দুস্পার পার॥
মম দুষ্কর দায় জানি বড়,
দুঃখ-দাবানলে দহে দিবস রজনী,
দ্বিজ দাশরথির দুষ্টাদৃষ্ট নিবারি,
দাস-দুর্গতি কর দূর॥ (চ)

* * *

আগমন তপোধন, গিরি ক'রে সম্বোধন,
কহেন,—সাধন পূর্ণ অন্ত[১]।
পাষাণ অতি প্রেমানন্দে, প্রণাম করিয়া পদে,
আসনে বসান 'দিয়ে পাদ্য'॥ ১২২
করি ইষ্ট-আলাপন, বিবাহের উত্থাপন,
করেন মুনি ভূধরের কাছে।
বিবাহ দিতে তনয়ার, কাল-বিলম্ব কেন আর!
পবিত্র এক পাত্র স্থির আছে॥ ১২৩
সর্ব্বগুণে গুণধর, নামটী তাঁর গঙ্গাধর,
লম্বোদর সুন্দর শরীর।
সর্ব্বশাস্ত্রে মহাজ্ঞানী, বিদ্যার ভূষণ তিনি,
ভবিতব্য যা থাকে বিধির॥ ১২৪
আছে অতুল ঐশ্বর্য্য, অহং নাস্তি—অতি[৩] ধৈর্য্য,
বড়মানুষী কিছু মাত্র নাই।
তাঁর সঙ্গে ক'রে ভাব, কত জনার প্রাদুর্ভাব,
সংসারে হয়েছে দেখ্‌তে পাই॥ ১২৫
কোন অংশে নাহি দোষ, পুরুষ তো নন আশুতোষ,
অনায়াসে দেন আনুকূল্য।
মান্যমান বিদ্যমান, অপ্রমাণ আছে মান,
কিন্তু মান অপমান তুল্য॥ ১২৬
তব কন্যা যোগ্য তাঁর, তিনি যোগ্য জামাতার,
শুনিয়া কহেন হিমগিরি।
গোত্র-চিন্তা মোর ত নাই, পাত্র প্রিয় মাত্র চাই,
তবেই ক্ষণমাত্র পত্র করি॥ ১২৭
অর্থ আলয় ভূষণ, অন্য কি ফল অন্বেষণ,
কন্যা জন্মে দিতে ভয় মনে।
কে খাবে আমার অতুল ধন, সবে ধন উমাধন,
উত্তরাধিকারিণী এই ধনে॥ ১২৮
আমাদের কুল-ধর্ম্ম, কর্‌তে চাই কুল-কর্ম্ম,
দুষ্কুলে দুষ্কর্ম্ম না হয় মাত্র।
নারদ কন ভারতী তাতে তিনি মহারথী,
নবগুণধর গঙ্গাধর পাত্র॥ ১২৯

* * *

খাম্বাজ[৪]—যৎ

শঙ্কর কুলীনের পতি, এমনি কুলীন এ অখিলে।
হয় যে কুলবিহীন,—তার ভব কূল দেন ভবের কূলে॥
আছে শিবের[৫] কুলে কালী,
তিনি তাতেই মান্য চিরকালি,
কুলে না থাকিলে কালী, গৌরব নাই সে মহাকালে।
হারিয়ে সে কুলদায়িনী, কুল-ভ্রান্ত ছিলেন তিনি,
এখন তাঁরি কুলকুণ্ডলিনী,জন্ম নিলেন পাষাণ-কুলে॥ (ছ)

* * *

উমার সম্বন্ধ-রব, শুনিয়া রমণী সব,
অমনি মুনির কাছে এসে।
বলে, কে তুমি হে বড়-ঠাকুর! তুলিছ বিয়ের অঙ্কুর,
বরটী কেমন রূপে গুণে বয়সে॥ ১৩০
পায়ে পড়েছে পক্ক দাড়ি ঘটক! তোমার তো চটক ভারি,
আই মা! কি ঘোটক করেছ ঢেঁকি।
রাণী তো দিবে না বিয়ে, এই বেশে অন্দরে গিয়ে,
তুমি মেয়ের মাঝে মেয়ে দেখ্‌বে নাকি॥ ১৩১
নারদ বলে, এসো এসো, হাস্‌ছো ভাল হাসো হাসো!
হাস্‌তে হয় বয়স-দোষের হাসি!

পাঠান্তর: ১ অন্ত—গ। ২-২ করে মান্য—গ। ৩ ইতি—খ। ৪ সিন্ধুভৈরবী—খ, গ। ৫ তার—ক।

রাজার মত হয় রাণী বটে, ঘটে ভালই—যদি না ঘটে,
ঝকড়া ঘটে—তাইতো ভালবাসি। ১৩২
মাতুলের শুভ কর্ম্ম, গৌণ করা নহে ধর্ম্ম[১],
কৈলাসে যাইব আমি সত্ত্ব[২]।
কায কি এখন খুচরা গোল, তোমাদের সঙ্গে গণ্ডগোল,
অনেক আছে—বাকী থাকিল অন্ত। ১৩৩
অন্তঃপুরে গিরি যায়, কন্যারে আনি তথায়,
নারদেরে "করান দর্শন"।
দর্শনের অগোচরা, দর্শন করিয়া তারা,
প্রণমিয়া মুনির গমন। ১৩৪

* * *

কৈলাসে নারদ

উপনীত তপোধন, যথায় পঞ্চবদন,
মদন নিধন করি বসি।
দুর্গতি-দূরীকরণে, দুর্গাপতির শ্রীচরণে,
প্রণাম করেন দেবঋষি। ১৩৫
সঙ্কোচ হ'য়ে শঙ্করে, কহেন মুনি যুগ্মকরে,
কি কর, মাতুল! বসি কর্ম্ম।
তব ধন সে লয়কারিণী, যমালয়-গমনবারিণী,
হিমালয়ে লয়েছেন শুভজন্ম। ১৩৬
গিয়াছিলাম আমি তত্র, ক'রে এলেম লগ্নপত্র,
তুমি পত্র পাঠাও সর্ব্বত্রে।
যে যে দ্রব্য প্রয়োজন, শীঘ্র কর আয়োজন,
ডাক বন্ধু প্রিয়জন মাত্রে। ১৩৭
শুনিয়া মুনির অধরে, মহেশ না ধৈর্য্য ধরে,
আন্‌তে উমা অমনি উতলা।
ডাকেন নিজ সঙ্গীরে, কোথা গেলি ভৃঙ্গী রে!
অদ্ভুত আমার ভূতগুলা। ১৩৮
নারদে কন হ'য়ে ব্যগ্র, শুভ কর্ম্ম উচিত শীঘ্র,
আমিতো হ'লেম অগ্রগামী।
বিরিঞ্চি আদি কেশবে, পশ্চাৎ ল'য়ে সে সবে,
যান যাবেন, না যান যেও তুমি। ১৩৯

* * *

বিবাহার্থ বরবেশে মহাদেবের গিরি-পুরে যাত্রা

"সুরট—কাওয়ালী"[৪]

আয় রে বেতাল! সাজ তাল! হাড়-মাল, বাঘ-ছাল,
এনে দে রে উমাকান্তে।
আয় রে তোরা, যাব ত্বরা,
গিরিবর-বাসে,—বর-বেশে বরদারে আন্‌তে।
আর কাল-বিলম্ব কেন, কাল-ভুজঙ্গ আন,
শুভ কাল হ'লো রে কালান্তে।
যার জন্যে তনু জরা, জনম-যন্ত্রণাহরা,
নারদ-বদনে পেলেম শুন্‌তে।
বিনা তারিণি! তাপ-হারিণী,
'আছি যে দুঃখে দিবা রজনী,
পার নাকি জান্‌তে'[৫]। (জ)

* * *

ব্যস্ত হ'য়ে সাজি বর, চলিলেন দিগম্বর,
কহিছেন মুনিবর, এমনি ক'রে যেতেই কি হয়।
চাই লক্ষ কথা সমাপন, এই তো কথার উত্থাপন,
দিন ক্ষণ চাই নিরূপণ, ওঠ্ ছুঁড়ি তোর বিয়ে নয়। ১৪০
মিছে ব্যস্ত কি লাগিয়ে, ফাঁকি দিয়ে হবে না বিয়ে,
পাষাণের মেয়ের বিয়ে, তার মায়ের নাম মেনকা।
পরিধান ব্যাঘ্রকৃত্তি, প্রেত ল'য়ে প্রেতকীর্ত্তি,
ক্ষেপা ব'লে না দিবে পুত্রী, খেদায়ে দিবে খামকা। ১৪১
তাতে দ্বিতীয় পক্ষের বর, কাঁপিছে আমার কলেবর,
কি বলিবে গিরিবর, তার মেয়েটি বালিকা।
যাতে হয় সদ্ব্যবহার, সজ্জন সমভিব্যাহার,
সামগ্রী লও ভারে ভার, যেমন যেমন তালিকা। ১৪২

পাঠান্তর : ১ কর্ম্ম—গ। ২ অন্ত—খ। ৩-৩ দেখান রাজন—গ। ৪-৪ সুর ঝিঁঝিট—কাওয়ালী বা ঠুংরি—ক। ৫-৫ দুঃখহারিণী, পার নাহি জানতে—গ।

নৈলে সাধ্য হেন কার, মন মজাবে মেনকার,
মনের মতন অলঙ্কার, যা চাইবে—দিবে তাই।
কর্‌তে হবে বাদ্য-ভাণ্ড, নিমন্ত্রণ ব্রহ্মাণ্ড,
ভূত ল'য়ে হবে না কাণ্ড, ইথে ভদ্রলোক চাই॥ ১৪৩
আহ্বান করে হে কাল! তোমাকে লোক চিরকাল,
পরের খেয়ে খুব হয় কাল, নেবার[1] বেলায় কি মোহ!
তোমায় কর্‌তে উপুড় হাত, কভু দেখিনে ভূতনাথ!
তোমার বাড়ী কেউ পাতে না পাত, অখ্যাতিটে সমূহ॥১৪৪
কারু সঙ্গে নাই আলাপ, কখন নাই ক্রিয়া-কলাপ,
খরচের নামে দেখ প্রলাপ! এত কিছু ভাল নয়।
জগতের লোক নিরবধি, তোমার আদর করে যদি,
প্রণামী দিলে আশীর্ব্বাদী, কিছু কিছু দিতে হয়॥ ১৪৫
কুবেরের করে ধন, সব করেছ সমর্পণ,
থাক্‌তে বিষয় বিড়ম্বন, হ'য়ে বসেছ কতুরো।
যা ইচ্ছা হয় যখন, খেতে পারো ছানা মাখন,
একি কপালের লিখন, সার করেছ ধুতুরো॥ ১৪৬
সম্প্রতি এ বিবাহ, তোমার বিনে খরচ-নির্ব্বাহ,
হবে না তার কি কহ, কর্‌তে হবে কিছু জাঁক।
অনেক তোমার প্রতিবাদী, পাঠাও কন্যা-আশীর্ব্বাদী,
তবে আমি কোমর বাঁধি, নৈলে শুমর হবে ফাঁক॥ ১৪৭
সইতে হবে নানা গোল, চাও যদি সুমঙ্গল,
খাওয়াতে হবে দধি-মঙ্গল, মাগীদিগে নিশিতে।
বাহন কৈ হে মহাশয়! হয় বিয়ে, যদি হয় হয়,
বলদের কর্ম্ম নয়, তাতে পাবে না বসিতে॥ ১৪৮
সঙ্গে যাবে হস্তী বাজী, আর[2] যাবে হে বাদ্য-বাজী,
হবে তায় বারুদের বাজী, নইলে কথা কবে না।
বাড়ী গিয়ে সেই গিরি ব্যোম[3]! পোড়াইতে হবে বোম,
শুধু করে ব্যোম্ ব্যোম্, গেলে বিয়ে হবে না॥ ১৪৯
ভস্মে অঙ্গ সাজিয়ে, যাবে গাল বাজিয়ে,
তাতে বাধিবে কাজিয়ে, তুমি তখন সর্‌বে।
আমাকে নিয়ে ধরাধর, করিবে বেটা ধরাধর,
কি জানি ক্রোধে করি ভর, করে বন্ধন কর্‌বে॥ ১৫০

শিব কন, শুন নারদ! অন্যায় সব অনুরোধ,
কর তোমার নাই কি বোধ, যার যেমন সাধ্য।
আমি কি এখন হাসাব ধরা, বৃদ্ধ বয়সে অতি জরা,
লজ্জার কথা বিয়ে করা, তাতে আবার বাদ্য॥ ১৫১

তারা যদি বলে হয় নাই, তুমি বলিবে হয় নাই,
তাহে কোন দোষ নাই, ঘোষণাই রোশনাই,
দ্বিতীয় পক্ষে দোষ[4] নাই, তাহেই সৌষ্ঠব।
তবে মঙ্গল-আচরণ, কর্‌তে হয় আয়োজন,
খায় যদি দু' পাঁচ জন, ব্রাহ্মণ কি বৈষ্ণব॥ ১৫২

কাজ কি সঙ্গে একা যাই, আমি তো বলি কাজ নাই,
হরিকে কেবল সঙ্গে চাই, হবে না শুরু ভিন্ন।
বিধিকে হয় সঙ্গে নিতে, বিবাহ-কালে বিধি দিতে,
বিধি-মন্ত্র পড়াইতে, কাজ কি আর অন্য॥ ১৫৩

দিন-ক্ষণ যে কর্‌তে বলা, কালের কাছে কি কাল-বেলা,
তুমি কি জান না ভোলা, কাল গুণেতে দণ্ডে।
যার জন্যে দিন গণি, দীনের উপায় দীন-তারিণী,
আজি যদি দিন দেন তিনি, এ দিন কি খণ্ডে॥ ১৫৪

বিরুদ্ধ যদি থাকে তারা, কি বলিতে পারে তারা,
তারা তারার সহোদরা, দক্ষ রাজার কন্যে।
কুদিনে করিবে না ক্রিয়ে, সে সব কথা অন্য দিয়ে,
সংহার কর্ত্তার বিয়ে, ভুলেছ কি জন্যে॥ ১৫৫

এ সব কথার পর, হ'য়ে অতি তৎপর,
আসন করি বৃষোপর, সঘনে ডাকেন স্বগণে।
চলিলেন হর বরপাত্র, ভূতগণ বরযাত্র,
পুলকিত হ'য়ে গাত্র, চলে গিরি-ভবনে॥ ১৫৬
হর বাজাইছেন গাল, তালে তালে তায় দিতে তাল,
লাগিল বেতাল তালে দ্বন্দ্ব।
বেতালের পৃষ্ঠে মারে তাল, যেন ভাদ্র মাসের তাল,
লাগিল তালে তস্তাল, হাসেন সদানন্দ॥ ১৫৭
কেউ ব'লে যায় হর হর, কেউ করে দন্ত কড়মড়,
কেউ কারে মারিছে চড়, বদনে হাসি অট্ট।

পাঠান্তর: ১ নেবার—গ। ২ হর—গ। ৩ ভোম—খ, গ। ৪ ও সব—ক, খ।

কেউ বলে জয় বগলে ! ক'রে বাস্ত বগলে,
কেবা কারে আগলে, পাগলের হট্ট ॥ ১৫৮
নৃত্য করিছেন নন্দী, গোলেমালে ভূতানন্দী,
সবাই সমান, কারে নিন্দি, আলো ভাল বাসে না।
দিয়া থাবা থাবা ধূলা, নিভায় মশালগুলা,
বলে ব্যোম ব্যোম ভোলা ! পূর্ণ হলো বাসনা ॥ ১৫৯
মহাবীর বীরভদ্র, ভূতের মাঝে যিনি ভদ্র,
ক'রে দেন অছিদ্র, যত ভূতের বিরোধের।
ভূতে ভূতে ভারি দ্বন্দ্ব, আনন্দিত সদানন্দ,
সদানন্দের কি আনন্দ, যে আনন্দ নারদের ॥ ১৬০
বিধি বিষ্ণু দেখে সমস্ত, ভয়ে হন না নিকটস্থ,
হরের হাজার হস্ত, দূরে তাঁরা যান।
হয় বড় হর্ষ মনে, দুঃখ-হর হরের সনে,
হর্ষে যায় ভূতগণে, হর-গুণ করিয়া গান ॥ ১৬১

* * *

সিন্ধু[১]—ঝাঁপতাল

শিব-শঙ্কর ! শশধর ! হে গঙ্গাধর ! অশেষ গুণধর !
শেষ-বিষধর-ধারি ! গিরীশ ! গৌরীশ !
অশেষ-কলুষ, কৃশকর ! ত্রিপুরহর !
আশুতোষ ! এ শিশু-দোষ,
আশু বিনাশ করিয়ে তোষ,
হে মহেশ ! আশু দুঃখহারি !
কাল-ভয়ে শরণাগত, প্রণত কিঙ্কর ভীত,
রক্ষাং কুরু, ওহে কাল-কালবারি !
ও পদে মতিহীন মূঢ়মতি, গতি-বিহীন আমি অতি,
হে স্বগুণে গুণ-বিহীন দীন দাশরথিকে
তুমি ত্রাণ কর যদি ভব-ভয়বারি ॥ (ক)

* * *

গিরিপুরে কুল-কামিনীগণের সাজ-সজ্জা

হেথা মেনকা রাণী অতি যতনে, ডেকে আনে নিকেতনে,
গিরিবাসিনী কুলকামিনীগণ।
সজ্জা করি মনসাধে, যত রমণী কুল সাধে,
অঙ্গে দিয়ে বিবিধ ভূষণ ॥ ১৬২
কারু বা পোশাক কাটা, নাগরী ঘাঘরী আঁটা,
বুককাটা কারু রাঙ্গা চেলি।
পরেছেন কোন নারী, কুসুমী রঙ্গের শাড়ী,
গোটা-আঁটা তাহাতে সোনালী ॥ ১৬৩
পরেছেন কোন রসবতী, জামদানী-বুটি ধুতি,
কারু বা চিকণ মলমল।
পরণে বসন হুন্দ, চরণে চরণপদ্ম,
গোলবেঁকি গুজরি গোল মল ॥ ১৬৪
কোন কোন কামিনী ধান, মেঘ-ডুমুর পরিধান,
গৌরাঙ্গে নীলবস্ত্র ভাল লাগে।
তাতে দিয়াছেন চন্দ্রহার, মনের যত অন্ধকার,
দূরে গিয়াছে পতির সোহাগে ॥ ১৬৫
এক রমণীর ভারি আদর, স্বামী দিয়াছেন শালের চাদর,
গরবে পা তুলিয়ে যান তিনি।
করিয়া নানা উৎসব, রাজ-পথে রমণী সব,
চলে যেন গজরাজগামিনী ॥ ১৬৬
উজ্জ্বল করেছে বাট, ঠিক যেন চাঁদের হাট,
সুখের সাগরে সবে ভাসে।
এক যুবতীর বিড়ম্বন, নাই বস্ত্র আভরণ,
যান তিনি বিরসে এক পাশে ॥ ১৬৭
বলিছে ধনী খেদ ক'রে, পোড়া-কপালের হাতে প'ড়ে,
কোন সুখ হ'লো না ললাটে।
যে ভাতার দিয়াছেন বিধি, একাদশী ভালো লো দিদি !
গোল-হাত হ'লে গোল মেটে ॥ ১৬৮
নারীর ধর্ম্ম চমৎকার, বস্ত্র বিবিধ প্রকার,
গা ভ'রে পান অলঙ্কার, শিরে সিঁথি, পায় পঞ্চমপাতা।
তবেই পতিব্রতা হন, কর্ত্তা ব'লে কথা কন,
নৈলে পতির খেয়ে বসেন মাথা ॥ ১৬৯

* * *

পাঠান্তর : ১ সুরট মল্লার—ক।

জনৈকা রমণীর মুখে বর-বেশী শিবের ব্যাখ্যা

রঙ্গেতে রমণী চলে, গিরিপুরে হেন কালে,
'বর এলো—বর এলো' পড়ে গেল ধ্বনি।
সজ্জা করি সবারি আগে, নগরের প্রান্ত ভাগে,
ধেয়ে যায় অনেক রমণী। ১৭০
দেখিয়া বরের বেশ, ফিরে অম্‌নি করে পুরে প্রবেশ,
বলে ছিছি মরি লো! কি হবে!
কি বিপদ ঘটালে বিধি, জাতি যদি বাঁচাবি দিদি!
পালাবার পথ দেখ লো সবে। ১৭১
রূপে গুণে জানি একান্ত, মিলিবে উমার প্রাণকান্ত,
সকলের প্রাণ জুড়াবে যাতে।
কি কর্‌লে গিরিবর, এমন মেয়ের এমন বর!
বলদে বসি, আবার বুড়া তাতে। ১৭২
আশী কিম্বা নব্বই, দুই এক বৎসর বেশী বই,
কমিতো হবে না জানি মনে লো।
হউক বুড় কি হউক নব্য, এমন বুড়া কুসভ্য,
আমি তো দেখিনে ত্রিভুবনে লো। ১৭৩
তাম্রবর্ণ কাঁটা কাঁটা, শিরেতে পিঙ্গল জটা,
উদর মোটা ঠিক যেন উদরী লো!
বর নয় সে কি অদ্ভুত, সঙ্গে শতাধিক ভূত,
দেখিয়া আতঙ্কে দিদি! মরি লো। ১৭৪
ভাগ্যে ছিল প্রাণলাভ, এখনি উপরি-ভাব,
হইত, ছুঁইত যদি ভূতে লো।
যেমন অদ্ভুত পাত্র, তেমন যত বরযাত্র,
সজ্জা করি, এলো যূথে যূথে লো। ১৭৫
এক মিন্‌সে কেবল হাসে, চতুর্ম্মুখ চড়িয়া হাঁসে,
রক্তবর্ণ হাতে করি পুঁথি লো।
আর এক জন পক্ষোপরে, শঙ্খ চক্র করে ধ'রে,
নবঘন জিনিয়া তাঁর জ্যোতি লো। ১৭৬
পরণে আছে পীতাম্বর, আমি ভাবিলাম এইটী বর,
বুড়ার মাথায় মৌড় দেখিলাম শেষে লো।
অম্‌নি হ'লো চমৎকার, বড় সাধের বর বরদার,
দেখিয়ে বাঁচিনে আমি হেসে লো। ১৭৭
ভুজঙ্গের পৈতে গলে, ধুতুরা-ফুল শ্রুতি-যুগলে,
হেন পাগলে কন্যা কেউ সঁপে লো!
পাষাণ কি পাষাণ-বুকে, চাঁদকে দিবে রাহুর মুখে,
এ পতি পার্ব্বতী পায় কি পাপে লো। ১৭৮

* * *

¹কামদ—একতালা¹

মুনিবর আন্‌লেন বর, পরিধান বাঘাম্বর,
মাখা ভস্ম কলেবরে।
সাধের গিরিবর-নন্দিনী ছি মা! এই বরে কেউ বরে।
বর দেখে সই! ম'লাম হেসে, অস্থিমালা গলদেশে,
বর এসে কি বলদে বসে, দোষের সাগর রে।
বুড়ার কপালে আগুন, কেবল একটী গুণ,
মুখে রামগুণ গান করে। (ঐ)

* * *

গিরিপুরে বর-নিন্দায় নারদের উত্তর

গিরিশ অতি ত্বরান্বিত, গিরিপুরে উপনীত,
গতমাত্র সবে হতবুদ্ধি।
সজ্জা দেখে রাজা শৈল, অমনি অবাক্ হৈল,
ভূত দেখে উড়িল ভূতশুদ্ধি। ১৭৯
সকলে ছিল সদানন্দ, করিলেন সদানন্দ,
নিরানন্দ গিরির মন্দিরে।
দেখে পাত্র ঈশানীর, দুই চক্ষে ভাসে নীর,
পাষাণী পাষাণ ভাঙ্গে শিরে। ১৮০
নারদে বলে যত মেয়ে, ওরে বুড়া! অপ্নেয়ে,
এত বাদ ছিল কি তোর মনে।
বলদে বসে চন্দ্রচূড়, বুড় কি তোর বন্ধু বড়,
কি দুর্ঘট ঘটিল তোর ঘটনে। ১৮১

পাঠান্তর: ১-১ ঝিঁঝিট—খেমটা—খ, গ।

নারদ কন,—ও কি কথা ! মহেশের বয়স কোথা,
তোমাদের লেগেছে চক্ষে দিশে।
কেবল সন্নিপাতে ভেঙ্গেছে দাঁত, হাস্যবদন বিশ্বনাথ,
দৃষ্য কর, দৃশ্য মন্দ কিসে। ১৮২
আমি চেষ্টা ক'রে অনেক কালি, ঘটাইয়াছি এ ঘটকালী,
তোমরা কেন ঘটাও আপদ্ !
বুড়ো ব'লে কর ভয়, কন্যা যদি বিধবা হয়,
তখন আমাকে ধ'রে করো বধ। ১৮৩
মৃত্যুকে করেন জয়, মরিবার পাত্র নয়,
বিষ খেয়ে করিতে পারেন জীর্ণ।
হ'য়ে অতি বর্ব্বর, চিন্‌তে নারে গিরিবর,
কি বর মন্দিরে অবতীর্ণ। ১৮৪
নারীগণ ধরিয়া কায়, বুঝায় রাণী মেনকায়,
যা ছিল লিখন, তাই পেলে।
কেঁদে আর কি হবে লভ্য, প্রজাপতির ভবিতব্য,
ঐ সভ্য ভব্য দিব্য ছেলে। ১৮৫
হ'য়ে থাকুক অক্ষয়, হাতের লোহা হউক অক্ষয়,
তোমার সাধের তনয়ার।
মা বাপের কাছে অর্থ, চিরকাল হবে তথ্য,
পাত্র যোত্রহীন, কি ভয় তার। ১৮৬

• • •

শিব-গৌরী বিবাহ

হেথা বৃষ হইতে ব্যোমকেশ, ব্যোম্ ব্যোম্ করিয়া শেষ,
নামিলেন ধরায় ত্বরায়।
আসিয়া নরসুন্দর, কোলে করি হর-বর,
ছালনা-তলায় ল'য়ে যায়। ১৮৭
নারীগণ কয় ওমা ! এই বুড়াকে দিবে উমা !
গঙ্গাধর হাসেন মনে মনে।
ধুতুরার ঝোঁকে ঢুলে, আপন আসন ভুলে,
বসিলেন গিরির আসনে। ১৮৮
সভাশুদ্ধ করে হাস্য, তখন হ'লেন পূর্ব্বাস্য,
ইসারা করেন যখন হরি।
না করিলে কন্যাদান, ভূতের হাতে যায় প্রাণ,
ভয়েতে সম্বন্ধ করে গিরি। ১৮৯
জিজ্ঞাসেন দান-কালে, তিন পুরুষের নাম কালে,
নারদ কালের কুল জানে।
কথাটা আর কথায় ঢেকে, ঘটকালীর আওড়ান ডেকে,
গিরি ধন্য হ'লেন কন্যাদানে। ১৯০
আদি পুরুষ কৃত্তিবাস, কৈলাস-পর্ব্বতে বাস,
সংসারের মাঝে কুল-বেত্তা।
কামদেব পণ্ডিতকে করি জয়, তেজে তিনি দিগ্বিজয়,
বিষ্ণু ঠাকুরের অভেদাত্মা। ১৯১
কৃত্তিবাসের পুত্র জানি, শূলপাণি খড়্গপাণি,
শূলপাণির ছেলে গৌরীকান্ত।
মহেশ্বর কাশীশ্বর, বিশ্বেশ্বর বাণেশ্বর,
চারি পুত্র তাঁর গুণবন্ত। ১৯২
মহেশ-পুত্র তিন জন; ত্রিলোচন পঞ্চানন,
প্রধান সন্তান ত্রিপুরারি।
ভূতনাথ ভৈরবনাথ, ভোলানাথ শম্ভুনাথ,
ত্রিলোচনের এই পুত্র চারি। ১৯৩
শম্ভুসুত শূলধর, গঙ্গাধর শঙ্কর,
শঙ্করের পুত্র সদানন্দ।
সদানন্দের পুত্র হর, তোমার মেয়ের বর,
দেখে শুনে করেছি সম্বন্ধ। ১৯৪
সুসন্তান সুপবিত্র, উহাদের শিব গোত্র,
শুনে গিরি করেন কন্যা দান।
পরে শুন সমাচার, যে রূপ হয় স্ত্রী-আচার,
কুলাচার আছে যে বিধান। ১৯৫
কুলবতী সঙ্গে করি, মস্তকেতে কুলো ধরি,
বরকে বরণ করতে হয়।
মেনকা ডাকে নারীগণে, নারীগণে সঙ্কট গণে,
সবে পলাইছে নিজালয়। ১৯৬
এক রমণী কুলবতী, কুলমধ্যে বলবতী,
দ্রুতগতি গিয়ে নিজ পাড়া।

বলে, ওমা! করিছিলে মানা, সকলকে কর্ত্তেছি মানা,
ঘাস্‌নে লো কুলবতি[১]! তোরা ॥ ১৯৭

কোথা যাবি ওলো ক্ষমা! ও আহ্লাদি! দে লো ক্ষমা,
বামা লো! বাহিরে যাস্ নে রেতে।

কোথা যাবি শ্যামা লো! কুল শীল মান সামালো,
যেতে হ'লে হয় জেতে হ'তে যেতে ॥ ১৯৮

এমন নয় যে হবি মুক্ত, কেন যাবি ওলো মুক্ত!
কুলেতে কলঙ্ক-পাপ মাখ্‌তে।

যে পাপ এনেছে শৈল, সর্ব্বনাশ হবে সই লো!
যে যাবে তার পোড়া জামাই দেখ্‌তে ॥ ১৯৯

কিসের লজ্জা ওলো মতি! ও ত নয় তোর ভাল মতি!
বুড় মহেশ মূঢ়মতি অতি লো।

মানা করি ওলো খুদি! ক্ষিপ্ত হ'য়ে আপ্তখুদী,
গিয়ে ছি ছি! মজাবি কেন জাতি লো ॥ ২০০

মহেশ দেখ্‌তে করি মহাসাধ, যেও না হে মহাপ্রমাদ!
প্রমাদ ঘটিবে গেলে খালি।

কুলের গায়ে দিয়ে অল, যেওনা হে গঙ্গাজল!
উজ্জ্বল কুলেতে দিয়ে কালি ॥ ২০১

কি দেখতে হ'য়ে ব্যাকুল, কুল যাবে রে বকুল ফুল!
দেখ হে! যেও না দেখনহাসি!

প্রতি জনে নিষেধিয়ে, ত্বরায় কহে আসিয়ে,
পাড়ায় যতেক প্রতিবাসী ॥ ২০২

* * *

খাম্বাজ—পোস্তা[২]

তোরা কেউ ধর্‌তে কুলো, যাস্ নে কুলের কুলবালা!
মহেশের ভূতের হাটে, সে সব ঠাটে, সন্ধ্যাবেলা ॥
যে রূপ ধরিছিস্ তোরা, চিত্ত-উন্মত্ত-করা,
চাঁদ যেমন "তারায় ঘেরা", খোঁপায় ঘেরা বকুলমালা ॥(ট)

* * *

বরণ-কালে মহাদেব দিগম্বর

তা শুনে কহিছে নারী, আমরা ত রহিতে নারি,
গিরিনারী করিছে অভিমান।

লজ্জা করি কুলবালা, শিরেতে বরণডালা,
সবে যান বর-বিগ্নমান ॥ ২০৩

বরণ করতে যান ধনী, বেজায় দিয়ে উলুধ্বনি,
স্নাবদ আনিয়ে হেন কালে।

লাগাইতে রঙ্গ তুল, তুলিয়া ইশের মূল,
বরণডালায় দেন ফেলে ॥ ২০৪

ত্যাজ্য করি সদানন্দে, সাপ পলায় তার গন্ধে,
ব্যাঘ্রচর্ম্ম খসিল পরণে।

দাঁড়াইলেন নব্য বর, দিব্য-রূপ দিগম্বর,
সারি সারি নারীর মাঝখানে। ২০৫

মহেশের কাণ্ড দেখে, লজ্জায় বদন ঢেকে,
পলাতে পথ পায় না কুলবালা।

বলে, ওমা কোথা যাই! মাটি কাটে তাতে মিশাই,
জনমে জানিনে হেন জ্বালা ॥ ২০৬

এমন ক্ষেপায় দিতে, কে পারে স্বর্ণ-দুহিতে,
যে পারে সে পারে মেয়ে বধ্যে।

লজ্জায় যে গেলেম গো মা! বলে আর পালায় বামা,
পালা পালা শব্দ নারী-মধ্যে ॥ ২০৭

পদ রাখা প্রার্থনা যদি, দ্রুত পদে আয় লো পদ্মি!
পাছে থাক্‌লে পড়বে পেচাপেঁচি।

দিদি ক'রেছিল মানা, না মেনে দুর্গতি নানা,
মানে মানে মান থাক্‌লে বাঁচি ॥ ২০৮

কি আছে কপালে লেখা, এমন ছেয়ের জামাই দেখা,
একে দন্তহীন—তাতে কেশ পাকা।

এত মেয়ের মাঝে সখি! বুড় মিন্‌সে ক'রলে একি,
চূড়ার উপর ময়ূর-পাখা ॥ ২০৯

* * *

পাঠান্তর : ১ মজাস নে কুল—গ। ২ যৎ—খ, গ। ৩-৩ ধরায় ধরা—খ, গ।

ঝুঝট[১]—কাওয়ালী

আই আই পালাই! কি বালাই, কাজ নাই এ জামাই!
দেখ মিছে একি রঙ্গ।
যত মেয়ের হাট পেয়ে, অল্পেয়ে মাথা খেয়ে,
আবার হ'য়েছে উলঙ্গ।
চল গো সজনি চল, নালা কেটে যেন জল,
এন না বুড়াকে করি ব্যঙ্গ।
ক্ষেপা মহেশের যেও না পাশে, মরি ত্রাসে বুকে ব'সে
আবার খাবে লো ভুজঙ্গ।
এ বড় মর্ম্মের ব্যথা, এমন বরে স্বর্ণলতা,
দিবে গিরি, খেয়ে কি অপাঙ্গ।
মরি মরি ছি ছি মেনে, এ বাদ সাধিল কেনে,
বিরুধে নারদ বুড়া রঙ্গ।
সাধের উমার বর, ক্ষেপা দিগম্বর,
শিরে জটা, উদর মোটা,
কি ঘোর ঘটা ভূতের সঙ্গ। (ঠ)

* * *

নারীগণ যায় চলি, 'যেওনা যেওনা' বলি,
নারদ রমণীগণে ডাকে।
কেন কর গোলমাল, অমন ধারা অসামাল,
বস্ত্র অনেকেরি হ'য়ে থাকে। ২১০
মোটা উদরের দশা, না রয় বসন কসা,
খসা রীত আছে লো অবলা!
মিছে কেন বারে বারে, লজ্জা দেও বিয়ের বরে,
তোমরা মেয়ে বড় তো উতলা। ২১১
উনি কিছু চতুর নন, মামা আমার পঞ্চানন,
সেকেলে পুরুষ—সরল অতি।
অকৌশল হবার নয়, করো না ভবের ভয়,
আনন্দে রস কর রসবতি। ২১২

* * *

মেনকার খেদ ও উমার ক্রোধ

নারীগণ না শুনে বাণী, পালায় লইয়া প্রাণী,
গিরিরাণী ক্রোধে কয় নারদে।
ওরে বুড়া অল্পেয়ে! তুই তো আমার মাথা খেয়ে,
এত বাদ সাধিলি এত সাধে। ২১৩
মেয়ে দেয় হেন পাগলে, ক'রে বন্ধন হাতে গলে,
গিরি আমার উমারে ডুবায় রে।
কি কাল নিশি পোহায়, কাল এনেছি ঘরে হায়,
কালফণী বেড়া সর্ব্ব গায় রে। ২১৪
লোকে দেখতে আসে সাধের বরে, সাপ দেখে বাপ ব'লে সরে,
একি পাপ বাছার ঘটায় রে।
কে পরে বাঘের ছাল! কে পরে নাগের মাল!
কিছু ভালো লাগে না আমায় রে। ২১৫
গরল দিয়ে গজমতি, গজ-পৃষ্ঠে হবে গতি,
আলো হবে নন্দিনী শোভায় রে।
ওমা মরি মরি মা রে মা রে! বুঝি আমার প্রাণ-উমারে,
বুড়া মিন্সে বলদে বসায় রে। ২১৬
এমন কি কর্ম্ম-ফল, কে খায় ধুতুরা ফল!
ভস্ম মাথায় কেবা বল কায় রে।
আ মরি আমার অভয়ে, ভূপতির মেয়ে হ'য়ে,
রবে হেন কুপতি-সেবায় রে। ২১৭
কপালে দেখে আগুন, আগুন মোর দ্বিগুণ,
মনাগুন কে মোর নিভায় রে।
মোরে রেখে শূন্য-ঘরে, বুঝি সন্ন্যাসিনী ক'রে,
যাবে লয়ে শ্মশানে বাছায় রে। ২১৮
লজ্জা দেখি শঙ্করে, লজ্জা ত্যজি নিন্দা করে,
গিরিরাণী না রাখিয়ে মান।
অন্তর্যামিনী ত্রিপুরে, অন্ত জানি অন্তঃপুরে,
অন্তরে অনন্ত দুঃখ পান। ২১৯
ত্বরা যান ধরাবাহিনী, মদনান্তক-মোহিনী,
বদন নয়ন-জলে ভাসি।

পাঠান্তর: ১ ঝিঁঝিট—ক।

মন ধৈর্য্য নাহি মানে, কহেন মন-অভিমানে,
জননীর বিত্তমানে আসি। ২২০

*　*　*

খট্-ভৈরবী—একতালা

ওমা পাষাণি! আবার কি শুনি!
বল কুবচন সদানন্দে।
তা কি শুন নাই শ্রবণে, ত্যজেছিলাম জীবনে,
দক্ষ-ভবনে, ক'রে শ্রবণে, শ্রবণে ঐ শিবের নিন্দে।
কেন কর গো মা! বিপদ উৎপত্তি,
জান না মা! আমি পতিপ্রাণা সতী,
বিক্রীত করেছি মতি,
প্রাণ-পশুপতি পতির পদারবিন্দে। (ভ)

*　*　*

মহাদেবের মনোহর বেশ ধারণ

শঙ্করীর অভিমানে, সকলে সঙ্কট গণে,
বিধি করেন বিধি মনে মনে।
চিন্তিয়া অতি ত্বরায়, কহিছেন ইসারায়,
লোচনে লোচনে ত্রিলোচনে। ২২১
কি দেখ ত্রিপুরহর! ধর মূর্ত্তি মনোহর,
হর হে দুঃখ হরণ কর না।
ঈশান ইসারা জানি, ঈষৎ হাসি অমনি,
পুরান পুরবাসীর প্রার্থনা। ২২২
ধরিতে সুন্দর মূর্ত্তি, ব্যগ্র হ'য়ে ব্যাঘ্রকৃত্তি,
ত্যাজ্য করিলেন ত্রিপুরারি।
পঞ্চবক্ত্র ত্রিলোচন, ত্রিলোক-দুঃখ-মোচন,
যে রূপ মদন-মদহারী। ২২৩
রজতগিরির আভা, গিরিপুর করিল শোভা,
গিরিশের রূপ যে অতুল্য।
বিরূপ ছিল গিরি-নারী, বিরূপাক্ষ রূপ হেরি,
অমনি হয় পুলকে প্রফুল্ল। ২২৪
বিশ্বনাথ রূপ শৈল, হেরিয়ে বিস্ময় হৈল,
গিরিবাসিনী কুলকামিনী যত।
ত্বরায় আসিয়া তারা, তারাপতিকে দেখিয়ে তারা,
তারায় বহিছে ধারা কত। ২২৫
নারদ কন হেসে তখন, দেখ ধনীগণ! কেমন এখন,
দেখে ভস্মমাখা উম্ম ক'রে গেলে।
এখন সে উম্ম তো ভস্ম হলো, ভস্মে ঢাকা অগ্নি ছিল,
পাগল দেখে পাগলিনী হ'লে। ২২৬
না জেনে কি ভাল মন্দ, আমি ক'রেছি সম্বন্ধ,
এ কপালে যশ কভু না হ'লো।
মনে করি ভিখারী যোগী, স্বীকার করে না শিখরী মাগী,
এ ভাব কেন, সে ভাব কোথা গেল। ২২৭
দেখি তনয়ার ভর্ত্তা, শাশুড়ী কেন প্রেমে মত্তা,[1]
কি ভাবে নয়নে বহে বারি!
ক্ষেপা জামাই ব'লে খেদে, কোথা গেল সে বিচ্ছেদে,
একেবারে যে পিরীত বাড়াবাড়ি। ২২৮
রাণি! কন্যা দানে স্বীকৃত নও,
এখন আপনি যে বিক্রীত হও!
পাগলের যুগলচরণে।
ডেকে আন গিরিবরে, বরণ ক'রে সমাদরে,
বরের কাছে বর মাগ দুজনে। ২২৯
আমার সার্থক হইল শ্রম, দক্ষ-যজ্ঞের উপক্রম,
ঘটতে ঘটতে ঘটল না কি করি।
কপালে নাই মোর আনন্দ, ক্ষান্ত হ'লেন সদানন্দ,
মন ভুলালেন মনোহর রূপ ধরি। ২৩০
সেই তো শিবের নিন্দে হ'লো সেই ভূত সব সঙ্গে ছিল,
অনায়াসে দেব করিলেন ক্ষমা।
আমার যত মনোভীষ্ট, একেবারে ক'রেছেন নষ্ট,
দয়ার জলধি আমার আশুতোষ মামা। ২৩১

*　*　*

পাঠান্তর: ১ মত্তা—খ।

পঞ্চ-বদন শিবের গলে, দশভুজা-রূপে পার্ব্বতীর মাল্য প্রদান

নারদের শুনি রহস্য, ঈশানের ঈষৎ হাস্য,
পাষাণী পরমানন্দে পরে।
করে পান সুপারি করি, সহ নারী সজ্জা করি,
বরণ করেন দিগম্বরে। ২৩২
ধারণ করি কর-যুগলে, বরমাল্য বর-গলে,
বরদা যান দিতে শুভক্ষণে।
পঞ্চমুখ ত্রিপুরারি, দ্বিভুজা ত্রিপুরেশ্বরী,
মাল্য দিতে ভাবেন মনে মনে। ২৩৩
এই চিন্তা ষোড়শীর, নাথ আমার পঞ্চশির,
সব শির সম শোভা দেখি।
প্রত্যেক শির-উপরে, অর্দ্ধ-শশী শোভা করে,
প্রতি বক্ত্রে দেখি তিন আঁখি। ২৩৪
করিব কি ব্যবহার, অগ্রেতে সঁপিব হার,
কোন্ শিরে ভাবেন ভবকর্ত্রী।
এক-যোগে যোগেশ্বরে, মাল্য সঁপিবার তরে,
যুক্তি করিলেন মুক্তিদাত্রী। ২৩৫

* * *

ললিত ঝিঁঝিট—ঝাঁপতাল

পঞ্চবদনেতে একেবারে দিতে বরমালা।
গিরি-পুরে দশভুজা হন দুর্গে গিরিবালা॥
দাঁড়াইলেন উমেশ-সম্মুখে ঊর্দ্ধ কর করি,
রাকা-চন্দ্র-ঢাকা রূপ-ধারিণী হরসুন্দরী,
নিরখি রূপ গগনে চঞ্চলা চঞ্চলা॥
কিবা কাঙ্কন করবী আর, কমল-কুসুম-হার,
কমল করে করি বিম্বঃবদনী বিমলা।
দশ-কর-আভায় দশদিক্-অন্ধকার হরে,
কত শরদিন্দু করে শোভা করে,
নখর হেরি চকোর সুধা-মানসে উতলা। (চ)

* * *

হরগৌরীর বাসর

গিরি অতি উৎসাহ, শুভদার শুভ বিবাহ,
নির্ব্বিঘ্নে নির্ব্বাহ, কি আনন্দ নগরে।
হ'চ্ছে জয় জয়ধ্বনি, যুবতী যতেক ধনী,
দিয়ে তারা উলুধ্বনি, ভাসিল সুখসাগরে। ২৩৬
পবিত্র বিছায়ে বাস, বাসরে করিতে বাস,
চলিলেন কৃত্তিবাস, সঙ্গে কুলকামিনী।
ল'য়ে গৌরী-ত্রিপুরারি, চারি পাশেতে সারি সারি,
নগরের রসিকে নারী, সুখে বঞ্চে যামিনী। ২৩৭
নিন্দি শশী যত রূপসী, হাসিতে খসয়ে শশী,
শশিধর নিকটে বসি, রসাভাস ভাবিছে।
একেতো শিব সুখশালী, বাক্য কয়ে জুটে শালী,
বসিয়ে বাক্য রসালী, হিহি রবে হাসিছে। ২৩৮
সে নিশি সুখের শেষ, কি শাশুড়ী কি পিসেশ,
সম্বন্ধ নাই বিশেষ, একত্রে এক-গোত্র সমুদয়।
রমণীর শুনি বচন, হেসে হসে ত্রিলোচন,
সুখদা পানে চেয়ে কেন,
আজি আমার কি সুখ-উদয়। ২৩৯
বসনে হরিদ্রা মেখে, তাহে শীল নোড়া ঢেকে,
রমণীগণ কয় ডেকে, কি করিছ ওহে বর!
ষষ্ঠী নামে ঠাকুরাণী, বড় জাগ্রত দেবতা ইনি,
প্রণাম কর শূলপাণি! সন্তানের মাগ বর। ২৪০
শুনিয়া রমণী-বাক্য, শীল পানে করি কটাক্ষ,
হেসে কন বিরূপাক্ষ, এত বড় দুর্দ্দশা!
জান না রমণীগণ, আমার নাম পঞ্চানন,
আমার কাছে গণ্য নন, ষষ্ঠী আর মনসা। ২৪১
এ সব রঙ্গ কি তোলা, দেখায়ে রসের শীতলা,
আমায় করিবে উতলা, তাই ভেবেছ তরুণি!
আমার নাম শিব দণ্ডী, জগতের প্রাণ দণ্ডি,
কুলুই-চণ্ডী,[১] তিনি ঘরে ঘরণী। ২৪২

পাঠান্তর: ১ কুলুই মঙ্গলচণ্ডী—গ

ইন্দু দেখে মন ভীতু কি হয়, আমারে করিতে জয়,
ধর্ম্মরাজের কর্ম্ম নয়, ধরি নে মনে করি নে।
এই দেখ ওহে নাগরি! ষষ্ঠীকে প্রণাম করি,
ব'লে অমনি ত্রিপুরারি ঠেলে ফেলেন চরণে ॥ ২৪৩
অন্তরে অতি সন্তোষ পরিহাসে পরিতোষ,
রজনী-শেষে আশুতোষ ইচ্ছা করেন শয়নে।
এমন সুখের রেতে ঘুম, হবে না ব'লে করে ধুম,
নারীগণ করিয়া জুম, হাত দেয় গে নয়নে ॥ ২৪৪
বলিছে যত রসবতী, ব্যক্ত আছে বসুমতী,
তুমি নাকি হে পশুপতি! গান করতে জান ভাই!
শালা শালী শ্বশুরে, সব দুঃখ যাউক পাসরে,
গান কর ললিত সুরে, ঐ দেখ রজনী নাই ॥ ২৪৫
নারী-বাক্যে নীলকণ্ঠ, নিন্দিয়া কোকিলকণ্ঠ,
করিয়ে প্রভু উর্দ্ধকণ্ঠ, আলাপ করিয়ে তান।
অমনি মনের অনুরাগে, [১]ভৈরব ভৈরব রাগে,
যতেক রমণী আগে, রাম-গুণ সঙ্গীত গান[১] ॥ ২৪৬

* * *

ভৈঁরো[২]—একতালা

যায় দিন, জীব! ভজ না জানকী-জীবনাম্বুজ-চরণে।
স্মর না মনে, সে রঘুবংশ-তিলক,
ত্রিলোক-পালক, পুলক পাবে, যাবে শোক,
হবে সব পাপ-লাঘব, রাঘবের স্মরণে।
দিনমণি-কুলে উদ্ভব কাণ্ডারী ত্রাণ কারণে[৩]
ভব-জলধিজলে তরিবি ভাবো,
দয়ার জলধি, জলদবরণে।
যে চরণ-রাজীবে জনমে জাহ্নবী,
পরশে চরণে পাষাণ মানবী,
অহল্যাদি বিধি শশী রবি,
পদে অধীন[৪] ধন্য কারণে।
নক্তচরান্তক, ভক্তভয়ান্তক,
ব্যক্ত গুণ বেদাদি পুরাণে,
দাশরথি কৃপা-বিনে বিকল আছে,
দাশরথি দীন-দুঃখ-হরণে। (৭)

* * *

পার্ব্বতীসহ শিবের কৈলাস-যাত্রা

শুনে গীত হ'য়ে মোহিতে, রমণী পড়ে মহীতে,
শিবে ব্রহ্মজ্ঞান ক'রে নারী।
শশী গেল অস্তাচলে, প্রভাতে বসি অচলে,
আনন্দে ভাসেন ত্রিপুরারি ॥ ২৪৭
বরযাত্র দেবগণ, ক্রমে যান সর্ব্বজন,
গত হ'লো দিবস বিংশতি।
বিদায় করিতে হবে, পাষাণের প্রাণ হরে,
মমতা জামাতা প্রতি অতি ॥ ২৪৮
ইচ্ছা তনয়া জামাই, ঘরে রাখি চিরস্থায়ী,
গিরি ভক্তি প্রকাশেন বড়।
নন্দী হাসি নিন্দি কন, ওহে প্রভু ত্রিলোচন!
পশ্চাৎ ভাবিয়ে কর্ম্ম কর ॥ ২৪৯
শ্বশুর-বাড়ীতে গঙ্গাধর, তিন দিন থাকে আদর,
তার পরে আদরে পড়ে অম্বু।
অন্নদার পতি হ'য়ে, অন্নদার নাম ল'য়ে,
সম্মান ঘুচাও কেন শম্ভু ॥ ২৫০
বুঝে চলিলেই থাকে ভরম, না বুঝিলেই অসম্ভ্রম,
কি আদরে হ'য়েছ হরিষ।
অধিক দিন থাকিলে পরে, ধিক্ দিয়ে কয় পরস্পরে,
অমৃত ক্রমেতে হয় বিষ ॥ ২৫১
এখন ভোজন পরমায়, রবে না এমন পরে মান্য,
কাজ কি এমন মান-ঘুচান প্রেমে।
জলপানেতে নানা ফল, পানে লবঙ্গ জায়ফল,
এ ফল ফলিবে দেখো ক্রমে ॥ ২৫২
এখন বলিছে, গলার মালা, শেষে বলিবে পেট-টালা,
শ্বশুর শালা কেবল প্রলাপ।

পাঠান্তর : ১-১ যতেক রমণী আগে, রামগুণ নানা রাগে সুসঙ্গীত গান—ক, খ। ২ ভৈরবী—খ। ৩ দিনমণি সুত বারণে—ক। ৪ অবনা—গ।

নূতন নূতন ভাল লাগিবে, শেষ কালে সকলে রাগিবে,
বলিবে বেটা বড় গয়ার পাপ ॥ ২৫৩
কিন্তু তোমায় বৃথা কই, মান অপমান তোমার কই,
আপন ভাবে সদাই থাক ভুলে।
তোমার ঘৃণা কে না গায়, ছাই দিলে মাখিবে গায়,
ঘর না দিলে রবে বিল্বমূলে ॥ ২৫৪
ক্ষীরেতে কি প্রয়োজন, বিষ দিলে করিবে ভোজন,
বিড়ম্বন কিসে তোমার ঘটে।
শুনে শিব করেন উক্তি, যে জন বিলায় ভক্তি,
ছাই দিলে গ্রহণ তারি নিকটে ॥ ২৫৫
ভক্তির অসঙ্গতি যা'র, কে যায় তার পূজায়,
যদি শর্করা সাজায় ভার শত।
ক্ষীর দিলে শত কুম্ভ, কদাচ না খান শম্ভু,
ভক্তি পেলে বিষে হই রত ॥ ২৫৬
এত বলি কৃত্তিবাস, স্মরণ করি নিজ বাস,
কৈলাস-গমনে মন মত্ত।
গিরিশ-গমন-রব, শুনিয়া নীরব সব,
শবপ্রায় শৈলবাসীমাত্র ॥ ২৫৭

ব্যস্ত দেখে দিগম্বরে, গিরিরাজ শোক সম্বরে,
মণিরত্নে তোষেণ আশুতোষে।
বিদায় করেন কন্যা-পাত্র, উমা-সঙ্গে ক্ষণমাত্র,
উমাকান্ত উদয় কৈলাসে ॥ ২৫৮
পাইয়ে পার্ব্বতী-কান্তে, প্রণাম করি পদপ্রান্তে,
প্রেমে মত্ত কৈলাস-নিবাসী।
শিবের বামেতে শিবে, বসিলেন শোভা কিবে,
রজত-পর্ব্বতে পূর্ণ-শশী ॥ ২৫৯

* * *

বেহাগ—যৎ

কি রূপ বিহরে রে কৈলাস-শিখরে।
হর-বামে হর-মনোমোহিনী,
বিচ্ছেদের বিচ্ছেদ হ'লো উভয় শরীরে ॥
হর-সোহাগিনী অতি হরিষ অন্তরে,
হেরে হৈমবতী-মুখ হর-দুঃখ হরে,
সুখে সদানন্দ ভাসে প্রেম-সুধাসিন্ধু-নীরে ॥ (৭)

আগমনী

[প্রথম]

মেনকার স্বপ্ন

মানসেতে গৌরীরূপ ভাবিতে ভাবিতে।
গিরিরাণী নিদ্রাগত শেষ-যামিনীতে ॥ ১
স্বপ্নে আসি পূর্ণশশিমুখী হরপ্রিয়ে।
স্বীয় জননীর শিয়রেতে মা বসিয়ে ॥ ২
জগত-জননী অতি যত্নে জননীরে।
কৈলাস-কুশল-বার্ত্তা কন ধীরে ধীরে ॥ ৩
স্বপ্নে হেরি গিরিনারী দুঃখহরা মেয়ে।
চক্ষে ধারা তারাকারা তারা-পানে চেয়ে ॥ ৪
ত্রিনয়নের নয়ন-তারা তারা পেয়ে ঘরে।
যেমন অন্ধ পেয়ে নয়ন-তারা, অন্ধকার হরে ॥ ৫
তারায় ত্বরায় কোলে ল'য়ে শৈলরাণী।
এড়ায় বিচ্ছেদ-জ্বালা জুড়ায় পরাণী ॥ ৬

বলে, উমা! ১মা ব'লে কি ছিল মা তোর মনে১!
২ঘন ঘন ঘন-ধারা বহে২ দুনয়নে॥ ৭
ক্ষীর সর সুরস মিষ্টান্ন স্বর্ণ-থালে।
কোলে করি দেয় উমার শ্রীমুখ-মণ্ডলে॥ ৮
পরে স্বপ্ন-ভঙ্গ হয়,—অদর্শনে উমে।
আকাশ হইতে রাণী পড়িল অমনি ভুমে॥ ৯
এলোথেলো পাগলিনী প্রায় হ'য়ে শিখরী।
সকাতরা হ'য়ে স্বরা কন যথা৩ গিরি॥

*   *   *

হিমালয় ও মেনকা

খট্-ভৈরবী—একতালা

গিরি! গৌরী আমার এসেছিল।
স্বপ্নে দেখা দিয়ে, চৈতন্য করিয়ে,
চৈতন্যরূপিণী কোথা লুকালো॥
কহিছে শিখরী, কি করি অচল,
নাহি চলাচল, হ'লাম হে অচল,
চঞ্চলার মত জীবন চঞ্চল;
অঞ্চলের নিধি পেয়ে হারালো॥
দেখা দিয়ে কেন হেন মায়া তার!
মায়ের প্রতি মায়া নাই মহামায়ার,
আবার ভাবি, গিরি! কি দোষ অভয়ার,
পিতৃদোষে মেয়ে পাষাণী হ'লো॥ (ক)

*   *   *

তারা ব'লে পড়ে রাণী ধরার উপর।
ধরাধরি করিয়া তুলিছে ধরাধর॥ ১১
বাহ্যজ্ঞানশূন্য রাণী কন্যার মায়ায়।
'দেহ কন্যা' ব'লে রাণী ধরে গিরির পায়॥ ১২

*   *   *

আলিয়া—কাওয়ালী

গিরি হে! গিরিশপুরে দ্রুত যাও।
বড় ব্যাকুল পরাণী, উমা পরাণ নন্দিনী,
হর-ঘরণী ঘরেতে মিলাও॥
সম্বৎসর হ'লো গত, সময় হ'লো আগত,
ওষ্ঠাগত-প্রাণে বাঁচি নে—বাঁচাও!
শৈল! যাও হে শৈল! যাও,
মেয়ে এনে অঙ্গনে, দুঃখিনীর দুর্গতি ঘুচাও॥
বিনে জীবন-কুমারী, ভুবন তিমির হেরি,
ভবনে ভুবনেশ্বরীরে দেখাও।
ক'রে আরাধন, মহেশ-তারাধন,
এনে বাসে উভয়ের বাসনা পুরাও।
গৌরীর বিচ্ছেদাগুন, দহিছে জীবন মন৪,
জানি গুণ—যদি আগুন নিবাও॥ (খ)

*   *   *

গৌরী-আনয়নে গিরিরাজের কৈলাস-গমন

গিরি বলে, কিরূপে উমারে আন্‌তে যাই।
আমি ত অচল,—চলাচল শক্তি নাই॥ ১৩
জ্ঞানহারা হ'য়ে রাণী, সে কথা না মানে।
বলে, হে অলসে গিরি! বধিলে আমায় প্রাণে॥ ১৪
জানি হে পাষাণ! তোমায় জানি চিরদিন।
স্বভাব-গুণে তব কায়া দয়া মায়া-হীন॥ ১৫

*   *   *

স্বভাবগুণ

সে কেমন,—

খলের স্বভাব অন্তরে বিষ, মুখে বলে মিষ্টি।
লোভীর স্বভাব চিরকাল, পরদ্রব্যে দৃষ্টি॥

পাঠান্তর: ১-১ বলে কি মা ছিল না তোর মনে—খ; মা বলে মা ছিল মা তোর মনে—গ। ২-২ ঘন সম ঘন ঘন ধারা—গ। ৩ কথা—গ। ৪ জীবনধন—গ, জীবন—ক।

মানীর স্বভাব, নিজ-দুঃখের কথা পরে কন না।
অভিমানী লোকের স্বভাব, তুচ্ছ কথায় কান্না॥
নারীর স্বভাব, গুপ্ত কথা পেটে রাখা দায়।
ডাইনের স্বভাব, ছেলে দেখলে মন্দদৃষ্টে চায়॥
দাতার স্বভাব, 'নাই'[1] বাক্য নাহি মুখে।
হিংস্রকের[2] স্বভাব, পর-সুখে মরে মনোদুখে॥
কৃপণের স্বভাব, ক্ষুদ্র দৃষ্টি—খুদ্‌টি ধ'রে টানে।
বালকের স্বভাব, খাদ্য দ্রব্য দেবতারে না মানে॥
বাতুলের স্বভাব, মিছে কথায় চারি দণ্ড বকে।
বৈদ্যের স্বভাব, কিছু কিছু অহঙ্কার রাখে॥
জলের স্বভাব, নীচবিনে উর্দ্ধগামী হয় না।
পাষাণের স্বভাব, শরীরে কভু দয়া মায়া রয় না॥ [অ]

* * *

রাণীর বাণী, তুল্য জানি, পাষাণভেদী শর।
অমনি পাষাণ, হয় অবসান, দুঃখে জর-জর॥ ২৩
হ'য়ে কাতর, ভাবিছে পাথর, কন্যা শুভঙ্করী।
বলে ভবানি! শুনেছি বাণী, তুমি ত্রিলোকেশ্বরী॥ ২৪
বলিলে[3] পিতে, তবে কুপিতে, হলে কিসের জন্যে।
গমন-শক্তি, দিলে না শক্তি! তুমি হয়ে মোর কন্যে॥২৫
তুমি দুর্গে, দেহ দুর্গে, দুঃখী দীনে মুক্তি।
দয়াময়ি! দুর্গে ত্বয়ি! দেবদেব-উক্তি॥ ২৬
দুবারাধ্যা, দশ-বিদ্যা, দনুজদলনী।
দশকরা, দর্পহরা[4], দিগম্বর-রাণী॥ ২৭
যোড় করে, স্তব করে, চক্ষে বহে নীর।
পিতা-প্রতি জন্মে প্রীতি, দেবী পার্ব্বতীর॥ ২৮
মন-গতি, তুল্য গতি, সাধ্য গিরি পায়।
অমনি ধেয়ে, উমা মেয়ে, অন্বেষণে যায়॥ ২৯

* * *

নন্দী-ভৃঙ্গী-সংবাদ

ত্বরান্বিত, উপনীত, কৈলাস পর্ব্বতে।
দ্বারে নন্দী, করে বন্দী, না দেয় প্রবেশিতে॥ ৩০
বলে দুষ্ট! তিষ্ঠ তিষ্ঠ, একি দুষ্টগতি।
অন্তঃপুরে, যাও কি রে[5]! বিনা অনুমতি॥ ৩১
যথা গৌরী, ত্রিপুরারি, স্থান দেব-রম্য।
এ অন্দর, পুরন্দর, ব্রহ্মাদির অগম্য॥ ৩২
গিরি কয়, পরিচয়, বলি তোর নিকটে।
তোর মা ঈশানী, সে শিবানী, কন্যা আমার বটে॥ ৩৩
বৎসরান্তে, আসি আন্‌তে, কাশীকান্তের পাশে।
তিন রাত্রি, জগৎকর্ত্রী, যান মোর বাসে॥ ৩৪
ছাড় রে দ্বার, দেখি গে মার, চন্দ্রবদন খানি।
প্রাচীন পিতে, অন্দরে যেতে, মানা কভু নাহি জানি॥৩৫
নন্দী ভাষে, ঘন হাসে, বলে একি শুনি।
অসম্ভব, গিরি তব, কন্যা ভবরাণী॥ ৩৬
যোগমায়ার উদরেতে জন্মে জগজ্জনে।
জননীর যে জনক আছে, জন্মে তো জানি নে॥ ৩৭
সৃষ্টি-স্থিতি, লয়কর্ত্রী, শিবকর্ত্রী শিবে।
তার পিতা হই, আর ব'লো না, লোকেতে হাসিবে॥ ৩৮
নাস্তি অন্ত, পুরাণ তন্ত্র, বেদান্তে অগোচরা।
শুনেছি জগজ্জননী[6], আমার জন্ম-মৃত্যুহরা॥ ৩৯
উদরস্থ, যার সমস্ত, শাস্ত্রে কন ভব।
তুমি যে মাতার জন্মদাতা, জন্ম কোথা তব॥ ৪০
ইচ্ছাময়ীর পিতা হ'তে ইচ্ছা হয়েছে মনে।
নাস্তি প্রতুল, হয়েছ বাতুল, ভুল কর আর কেনে॥ ৪১
ভেবে মম কুমারী, মমতা করি, এসেছ হরের ঘরে।
সাধ্য কিবে, মমতা হবে, জামাতা বল্‌লে হরে॥ ৪২
শিবের শ্বশুর, নাই যে কসুর ভুলিয়ে শিশুর কাছে।
জগদম্বা মায়ের সৃষ্টি কত রকম আছে॥ ৪৩
আমার মাকে তুমি কন্যা কহ, গিরি! তোমাকে ধন্যি।
তুমি সাগরকে যদি বল, আমার স্বখাদ পুষ্করণী॥ ৪৪
ব্রহ্মাকে যদি বল, আমার বৈবাহিকের সুত।
সূর্য্যদেবকে বল যদি, আমার গমনাগমনের দূত॥ ৪৫
বিষ্ণুকে যদি বিবেচনাহীন বালক ব'লে চল।
মফঃস্বলের নায়েব যদি যম রাজাকে বল॥ ৪৬

পাঠান্তর: ১ হয়—ক, খ। ২ হিংসকের—গ। ৩ বলি হে—গ। ৪ বিপদহরা—ক। ৫ কিরূপে—গ। ৬ জন্ম জননী—গ।

নিজে পাষাণ, তেমনি বুদ্ধি দিয়াছেন মা ঘটে।
হবে জনম উমার, এটা তোমার, পাহাড়ে বুদ্ধি বটে॥ ৪৭
স্বপ্নেতে লোক দেবতা রাজা হয় ঘুমায়ে থেকে।
তুমি সর্ব্বাপেক্ষা বাড়াইলে, আজি জেগে স্বপ্ন দেখে॥ ৪৮
বড় সুখজনক, মায়ের জনক, দেখিলাম এত কালে।
বাঁচিতে হ'লে, আর কত দেখিব কালে কালে॥ ৪৯
ভৃঙ্গী বলে, নন্দী ভাই! ব্যঙ্গ কর বৃথা।
শুনেছি পূর্ব্বে, মেনকাগর্ভে, জন্মে জগন্মাতা॥ ৫০
পুণ্য-ফলে, ধন্য ক'রে, কন্যা হ'ন জননী।
তাইত মায়ের শৈল-সুতা রৈল নাম জানি॥ ৫১
নন্দী বলে, কিসের দ্বন্দ্ব, সম্বন্ধ পেয়ে।
কি ভাবনা ভাব্য, করেছ কাব্য, মায়ের বাপকে ল'য়ে॥৫২
কহ কহ, মাতামহ! কুশল-বিবরণ।
যাবেন অপর পক্ষ পরে মা, আজি কেন আগমন॥ ৫৩
তুমি পাষাণ বটে, তথাচ কিছু দয়া আছে যায় জানা।
আইবুড়ী[১] তো জামাই ল'য়ে যেতে সাধ কভু করে না॥৫৪
গিরি বলে, রহস্য হইবে ফিরে আসি।
আগে সাধ পূর্ণ করি, হেরি উমা পূর্ণশশী॥ ৫৫
তত্ত্ব হেতু এলাম নন্দী! নন্দিনী উমায়।
কন্যার নাকি দৈন্য দশা শুনি পরম্পরায়॥ ৫৬
তাইতে কিছু অর্থ-যোগে, করেছি আগমন।
সাধ আছে, শঙ্করের কাছে করিব সমর্পণ॥ ৫৭
নন্দী কয়, জ্ঞানোদয়, কিছু মাত্র নাই!
চেন না হে ভ্রান্ত গিরি! তনয়া জামাই॥ ৫৮
মহামায়া রেখেছেন, তোমায় মায়া-অন্ধকূপে।
জ্ঞান শূন্য না হইলে, দৃষ্টি হয় কি রূপে॥ ৫৯

* * *

আলিয়া[২]—খং

ওহে ভ্রান্ত গিরি! এত অর্থ আছে কি তোমার।
অর্থ "কি আঃস্ব", দিয়ে তত্ত্ব, করবে তত্ত্বময়ী তনয়ার!
ত্রিনয়নী চতুর্ব্বর্গ-প্রদায়িনী হে!
আছে জগজ্জীবের পরমার্থ, পদপ্রান্তোপরি যাঁর;
অর্থ দিয়ে করবে তত্ত্ব, তুমি কি জান তত্ত্ব তাঁর হে॥ (গ)

* * *

হর-পার্ব্বতীর কোন্দল

পিতার আগমন পুরে, অন্তরে জানি ত্রিপুরে,
জয়ারে কহেন ইসারায়।
জয়া জানায় সম্বাদ, না করি বাদ-অনুবাদ,
নন্দী দ্বার ছাড়িল ত্বরায়॥ ৬০
পুরে প্রবেশিয়া ত্বরা, দেখি গিরি কন্যা তারা,
নয়ন-তারা ভাসে নয়ন-জলে।
দৃষ্টি করি পিতৃপক্ষে, তারাকারা ধারা চক্ষে,
তারার বহিল সেই কালে॥ ৬১
সংসার যাহার মায়া, মোক্ষদাত্রী মহামায়া
মায়া জন্যে কাঁদেন সঘনে।
পিতা এসেছেন ল'তে, আসি ব'লে কাশীনাথে,
অনুমতি চান অন্য মনে॥ ৬২
যাইতে পিতার বাস, শঙ্করী পরেন রাস,
কৃত্তিবাস না দেন অনুমতি।
দেখিয়া গমনোদ্যোগী, মহাদুঃখে মহাযোগী,
অনুযোগ করেন গৌরী প্রতি॥ ৬৩
তুমি সদয়া অচলে, আমার কিরূপে চলে,
চলাচল-শক্তি নাই ঈশানি!
বয়স হয়েছে অশীতিপর, হ্রাস হ'চ্ছে পর পর,
এর পর কি হয় না জানি॥ ৬৪
নাম ধরিয়াছি কাল, দুঃখে গেল তিন কাল,
দিনে অন্ন পাইনে কোন কালে।
ভার্য্যা হৈলে গুণবতী, দুঃখে সুখ পায় পতি,
তা হ'লো না এ পোড়া-কপালে॥ ৬৫
মাসী পিসী ভগ্নী নাই, অচল-কালে কারে আনাই,
অচলনন্দিনী! তাতো জান।

পাঠান্তর: ১ আইবুড়ো তো—খ। ২ জয়জয়ন্তী মিশ্র—ক। ৬০ ক-গ্রন্থে নাই।

বলিছ যাব তিন দিবা, আমায় কেবল দুঃখ দিবা,
তিন দিবা তিন যুগ যেন[১] ॥ ৬৬
'কেমন গ্রহবিগুণ বিধি, দিলে না অন্ন গুণনিধি,'
ভিক্ষা ক'রে একাল কাটাই।
ঐ দুঃখে আমি দুঃখী, তুমি হলে না দুঃখের দুঃখী,
পতিভক্তি কিছু মাত্র নাই ॥ ৬৭
না ভেবে নিজ অদৃষ্ট, আমায় সদা কোপ দৃষ্ট,
মনের কথা ভাবে যায় জানা।
তুচ্ছ কথায় কর তুল, সর্ব্বদা বল বাতুল,
প্রতুল বিহনে এ যাতনা ॥ ৬৮
এসেছ যে বিয়ের বেলা, সেই হ'তে করেছ হেলা,
ঘরকন্না হ'য়েছে ভার বোঝা।
সর্ব্বদা উতলা রও, বাঁকা মুখে কথা কও,
কখন দেখি নে মুখ সোজা ॥ ৬৯
বিধি করেছেন দণ্ড, বাঁচিতে ইচ্ছা একদণ্ড,
হয় না আর[৩] এই দণ্ডে মরি।
মৃত্যু-জন্য বিষ খাই, কপালে সে মৃত্যু নাই,
দায়ে প'ড়ে ঘরকন্না করি ॥ ৭০
আমি প্রাণী একজন, কত করিব উপার্জ্জন,
ভোজন কালে মিলে পঞ্চজন।
উপযুক্ত ছেলে দুটি, আহারেতে নাই ত্রুটি,
বড়টি গজমুখ—ছোটটি ষড়ানন ॥ ৭১
জানিয়া দরিদ্র পতি, তুমিত তুচ্ছ কর অতি,
এটা তোমার তুচ্ছ বুদ্ধি বটে।
পূর্ব্বাপর আছে সূত্র, পুরুষের ভাগ্যে পুত্র,
রমণীর ভাগ্যে ধন ঘটে ॥ ৭২
মোর ভাগ্য মন্দ নয়, হ'লো যুগল তনয়,
সুসন্তান রূপে গুণে ধন্য।
দেখ দুর্গা! মনে গ'ণে, তোমার কপাল-গুণে,
বিষয় হইল সব শূন্য ॥ ৭৩

সুলক্ষণা হ'লে পরে, সুমঙ্গল হ'তো ঘরে,
কমলার হ'তো শুভ দৃষ্টি।
উচিত কথায় কর রাগ, ভয়ে করি অনুরাগ,
তিক্ত খাই তবু বলি মিষ্টি ॥ ৭৪
শুনে হর প্রতি অতি, ক্রোধে কন হৈমবতী,
আর না পোড়াও, ক্ষমা কর।
'যাহার ক্ষমতা রয়, দিয়ে নাহি কথা কয়,'
অক্ষমের বাক্য-জালা বড় ॥ ৭৫
বল, অলক্ষণা নারী, এ দুঃখ ত সৈতে নারি,
পূর্ব্বেতে ঐশ্বর্য্য ছিল বুঝি।
সেই শিঙ্গা বাঘছাল, ডম্বুর হাড়ের মাল,
সেই বুড়া বলদ আছে পুঁজি ॥ ৭৬
ভূতে করি বরযাত্র, গিয়াছিলা বুড়া পাত্র,
বিবাহ করিতে হিমালয়।
মোর জন্য কত ধন, করেছিলে বিতরণ,
বুঝে কথা কহিলে ভাল হয় ॥ ৭৭
বল্‌লে পতি-নিন্দা হয়, না বলিয়া কত সয়,
রাগে হয় ধর্ম্ম কর্ম্ম হত।
যে দুঃখে হে দিগম্বর! এ ঘরেতে করি ঘর,
অন্য হৈলে দেশান্তরী হ'ত ॥ ৭৮
পতি তুমি কৃত্তিবাস, ভূত সঙ্গে সহবাস,
এ বাসে কি সুখ আছে বল।
পরনে নাহিক বাস, ভোজনেতে উপবাস,
এ বাস হ'তে বনবাস ভাল ॥ ৭৯
যে দেখি পতির আকার, সকলি করি[৫] স্বীকার,
অন্তরে বিকার কিছু নয়।
কি জানি হে মহাকাল! দুঃখে গেল ইহ কাল,
পরকাল মন্দ পাছে হয় ॥ ৮০
শঙ্কর কহেন বাণী, জানি হে জানি ভবানি!
চিরকাল পরকাল ভেবেছ।

পাঠান্তর: ১ যেন—গ। ২-২। কেমন গ্রহবিগুণ বিধি দিলেন না অন্ন গুণ-নিধি—ক। কেমন গ্রহবিগুণ, বিধি দিলেন না অন্ন গুণ—খ।
৩ বল—গ। ৪-৪ যে জন ক্ষমতাপন্ন দিয়া করে বাক্যে দৈন্য—গ। ৫ করি—ক।

পতিব্রতা নাম-ল'য়ে, সমরে উলঙ্গী হ'য়ে,
পতিবক্ষে পদ দিয়া নেচেছ। ৮১
সিংহ-পৃষ্ঠে আরোহণ, গমন যথায় মন,
তব জালায় সদা অঙ্গ জ্বলে।
তোমার জন্তে মান হরে, দেবগণে ঘৃণা করে,
রমণীর লাথি-খেগো বলে। ৮২
তোমার ব্যাভারে, গৌরি! লোকালয় ত্যাজ্য করি,
লজ্জা পেয়ে শ্মশানে রয়েছি।
কারে জানাইব তথ্য, বুদ্ধি শুদ্ধি লোপাপত্ত,
ভেবে ভেবে পাগল হয়েছি। ৮৩
বিষ খেয়ে জীর্ণ করি, সৃষ্টি বিনাশিতে পারি,
তোমারে দেখিয়া শঙ্কা লাগে।
যথার্থ কহিলাম মর্ম্ম, তব দেহে নাহি ধর্ম্ম,
যা হয় না হয় কর রাগে। ৮৪
ক্রোধে কন ব্রহ্মময়ী, ধর্ম্মহীনা যদি হই,
তবে কেন ধর্ম্ম পানে চাই।
কে আর অনুমতি লবে, আপনার ইচ্ছায় তবে,
পিতা সঙ্গে হিমালয়ে যাই। ৮৫

* * *

পার্ব্বতীর হিমাচল-যাত্রার উদ্যোগ ও মহাদেবের কাতরতা

এত বলি মহামায়া, করিয়া কপট মায়া,
ডাকিছেন যুগল তনয়ে।
মহেশের মান খণ্ডি, চঞ্চল চরণে চণ্ডী,
অমনি চলেন হিমালয়ে। ৮৬
হইয়া বিপদগ্রস্ত, যোগপতি যোড় হস্ত,
অগ্রে ধেয়ে দুঃখে কন বাণী।
মৌখিকে কৌতুক কই, ধর্ম্ম মোর ব্রহ্মময়ি!
আত্মিকেতে ব্রহ্মতারা জানি।
ক্ষম দোষ ক্ষেমঙ্করি! আমি কিছু ভিক্ষা করি
ভিক্ষাজীবী জান ভব সদা।
যদি আমায় কর রক্ষা, দেহে প্রাণ দেহ ভিক্ষা,
অন্য ভিক্ষা[১] চাইনে অন্নদা। ৮৮

* * *

আলিয়া[২]—যৎ

এই ভিক্ষা করি, আমায় ত্যজি আজি গিরিপুরী,
যেও না হে রাজকন্যে অন্নপূর্ণেশ্বরি।
আমি তোমায় ভাবি ব্রহ্ম, তুমি কই রেখেছ ধর্ম্ম,
অন্ন কি কাঁদাবে দেখে জনম-ভিখারী।
দয়া কিঞ্চিৎ প্রকাশিবে, শরণাগতোঽহং শিবে!
বিচ্ছেদ-সাগরে শিবে, সঁপ না শঙ্করি। (ঘ)

* * *

উমা প্রতি করি স্তুতি, ঊর্দ্ধহাতে উমাপতি,
উচ্চৈঃস্বরে কাঁদিতে লাগিল।
উপায় না দেখি ক্রমে, উৎকট ভাবেন উমে,
উভয় সঙ্কট উপজিল। ৮৯
'যাব না – যাব না' বাণী ভবেরে ব'লে ভবানী,
নির্জ্জনে জনকে ল'য়ে যান।
জননী কহেন, পিতে! পতি-আজ্ঞা বিনা যেতে,
শক্তি নাই, কহিনু প্রমাণ। ৯০

* * *

হিমালয়ের শিবপূজা

শুন মোর উপদেশ, এখানে পূজ মহেশ,
কামনা করিয়ে মোর লাগি।
আশুতোষ দিগম্বর, এখনি দিবেন বর,
বাঞ্ছা-কল্পতরু শিব যোগী। ৯১
ব্রহ্মময়ীর ব্রহ্মবাক্য, মনেতে করিয়া ঐক্য,
গিরি অতি যত্নে সেই ক্ষণে।

পাঠান্তর: ১ কিছু—ক, খ। ২ জয়জয়ন্তী বা সাহানা—ক।

গঠিছে পার্থিব লিঙ্গ, নয়ন-জলে বহে তরঙ্গ,
ত্রিনয়ন ভাবনা মনে মনে। ৯২

লভিতে মানস-ফল, আনি ধুতুরাদি ফল,
'[1]গঙ্গাজল বিবদল ত্বরা[1]'।
সাধিবারে দৈব কাজ, সাজে গিরি শৈলরাজ,
বিভূতি প্রভৃতি বেশ করা। ৯৩

সাধে গিরি সেবারাধ্য, দিয়া আসনাদি পাদ্য,
যোগেতে অর্ঘ্য দান করে।
বিল্বপত্রাদি অম্বুজে পূজে শম্ভু-পদাম্বুজে,
ধূপ দীপ নৈবেদ্যাদি পরে। ৯৪

পূজা করি মহাকাল, নৃত্য করি দেয় তাল,
বাজে গাল ব্যোম্ ব্যোম্ ধ্বনি!
পূজা সমাপন পরে, যোড় হাতে স্তব করে,
বাঞ্ছা,—প্রাপ্ত তনয়া ঈশানী। ৯৫

* * *

আলিয়া—কাওয়ালী

শঙ্কর! কর মোরে করুণা!
গুণধর গঙ্গাধর! অধৈর্য্য ধরাধর, ধর মিনতি ধর না।
হর! হর বিবাদ, পূরাও হে মন-সাধ,
সাধ পূরাতে করি সাধনা।
হর ক্লেশ হে অশেষ গুণমণি!
শূলপাণি! পাষাণী প্রাণে বাঁচে না।
বিপদে তব দাস, রাখ হে দিগ্‌বাস,
আশায় নৈরাশ, যেন করো না।
নাম ধরেছ আশুতোষ, আমায় আশু তোষ,
তবে রয় যশ,—ঘোষণা।
দেহ তিন দিন জন্যে, পরাণ ঈশানী কন্যে,
তিন দিন বিনা শিবে রবে না। (৬)

* * *

হিমালয়-গমনে মহাদেবের অনুমতি

স্তব করে শৈল, হর-কৃপা হৈল,
শিব কন ভবানীরে।
গিরি ভক্ত অতি, দিলাম অনুমতি,
যাহ দুর্গা! গিরিপুরে। ৯৬
ধৈর্য্য হয় না চিত্ত, মোর কদাচিত,
যা উচিত কর ঈশানি!
কার্ত্তিক গণেশে, রাখি মোর পাশে,
যাও তুমি একাকিনী। ৯৭
শুনিয়া তারার, হইল স্বীকার,
যুগল শিশু রাখিয়ে।
সঙ্গে হিমালয়, যান হিমালয়,
চঞ্চলগামিনী হ'য়ে। ৯৮
জননী যখন, অদর্শন হন,
কৈলাস পর্ব্বত থেকে।
না দেখিয়া মায়, কাঁদে উভরায়,
কার্ত্তিক গণেশ দুখে। ৯৯
হইয়া কাতর, বলে মাগো! তোর,
জনক পাথর জানি!
পিতৃ-ধর্ম্মে কায়া, '[2]নাই দয়া মায়া,[2]'
সন্তানে বধ জননি। ১০০
এইরূপ তারা, মরি গো মা তারা!
বলে, নয়ন-তারা ভাসে।
ত্যজিয়া শঙ্করে, দোঁহে যাত্রা করে,
হিমালয়ে অনায়াসে। ১০১
উৎকণ্ঠিত মন, পবন-গমন,
শ্রবণে কথা না শুনে।
উচ্চৈঃস্বর করি, দাঁড়া গো শঙ্করি!
ব'লে কাঁদে দুই জনে। ১০২
উন্মাদ-লক্ষণ, পথ নিরীক্ষণ,
নহে[3] নয়নের জলে।

পাঠান্তর: ১-১ বিবদল আনিলেন ত্বরা—গ। ২-২ সাধারণ সাধা—খ, গ। ৩ না হয়—ক।

পথে দেখি পদ্মি, কাঁদে গণপতি,
ব্যাকুল হইয়া বলে ॥ ১০৩

* * *

জয়জয়ন্তী—কাওয়ালী[১]

তোমরা কেউ দেখেছ রে ভাই!
কেউ না কি জান তাঁরে।
এ পথে মোর জগদম্বা মা গেল কত দূরে ॥
চিহ্ন কই পদ দুখানি, তরুণ অরুণ জিনি রে!
দিলে বিধু খণ্ড ক'রে, বিধি চরণ-নখরে।
মা আমার কৈলাসকর্ত্রী, গতি-হীনের গতি-দাত্রী,
দণ্ডি-ঘরে অধিষ্ঠাত্রী, চণ্ডী নাম ধ'রে ॥
আমাদের সেই জননীকে,
মা ব'লে জগতে ডাকে রে!
তাঁরে না জানে, [২]কে জগৎছাড়া,
জগতে আছে রে ॥[২] (চ)

* * *

নন্দী ও মহাদেবের কথোপকথন

সন্তানে দেখে বিবেকী, শঙ্কর কহেন,—একি!
কার জন্যে ভোগী আমি তবে।
একি মোর কর্ম্মসূত্র, উপযুক্ত দুটো পুত্র,
চিরদিন বালক-ভাবে রবে।
নন্দী কয় হাসি হাসি, শুন হে শ্মশানবাসি!
বলি তোমায় লজ্জা তেয়াগিয়া।
সন্তানের গৃহ-ধর্ম্ম, কভু না বসিবে মর্ম্ম,
যে পর্য্যন্ত নাহি দেহ বিয়া ॥ ১০৫
বড় দাদার দিলে বিয়া, রম্ভাতরু আনাইয়া,
বিয়ের উচিত নয় বলা।
সেটা কিছু বিবাহ নয়, পুত্র প্রতি মৃত্যুঞ্জয়!
বিবাহ-বিষয়ে দেখাইলে কলা ॥ ১০৬

দুই হাতে এক হাত হ'লে পরে, বিধি বন্দী করে ঘরে,
মনের কথা সন্তানে কি কবে।
সংসার নাহিক যার, সংসারে কি সুখ তার,
যথারণ্য তথা গৃহ ভাবে ॥ ১০৭

* * *

কলিতে জগৎ স্ত্রীর বাধ্য

বিশেষ, কলিতে নাই তুল্য কভু, মাগ হয়েছেন মহাপ্রভু,
সম্বন্ধ, সম্বন্ধীর সনে।
সার কুটুম্ব যেখানে সাদী, সেই পক্ষেই সাধাসাধি,
জগৎ বাধ্য রমণীর চরণে ॥ ১০৮
কলিকালে এই ব্যাভার, রাজ্যে হয়েছে ভার্য্যে সার,
কোথাকার বা ইষ্ট, কোথাকার বা গুরু।
জ্যেঠা খুড়ার কে শুধায় নাম, বাপ হয়েছেন বাঞ্ছারাম,
মাগ হয়েছেন বাঞ্ছা-কল্পতরু ॥ ১০৯
কেহ হন না মাগের ওপর, মেজেয় ব'সে মাজিষ্টর,
হুকুম-বরদার ভাতার, যেন নাজির হয়েছেন তায়।
দেবর ভাশুর সে যে আর, কেউ আমীন কেউ পেশকার,
জামাই ভায়ে চিঠির-পেয়াদা প্রায় ॥ ১১০
জগৎ হয়েছে মেগের বশ, মেগের কাছে রাখতে যশ,
ঐ চেষ্টা দেখ্‌ছি জুড়ে রাজ্য।
স্মৃতির মত উল্টে ফেলে, মেগের মতেই জগৎ চলে,
মাগ হয়েছেন স্মার্ত্ত-ভট্টাচার্য্য ॥ ১১১
পিতা মাতা গুরু প্রতি, কপট ভক্তি কপট মতি,
ঐকান্তিক ভক্তি কেবল ঐ চরণে আছে।
বিয়ের বেলায় বাঁধেন হাত, কলি-যুগের জগন্নাথ,
ভর্ত্তা হয়েছেন ভৃত্য মেগের কাছে ॥ ১১২

* * *

দেবীর প্রত্যাবর্ত্তন ও পুত্রসহ গমন

স্ত্রী বাধ্যের পরিচয়, সদানন্দে নন্দী কয়,
হেথায় শুনহ বিবরণ।

পাঠান্তর: ১ বং—ক, গ। ২-২ এ জগতে জগৎ-ছাড়া বলি তারে—ক।

হইয়ে১ ব্যাকুল অতি, কাত্তিকেয় গণপতি,
না পেয়ে মায়ের দরশন ॥ ১১৩
সন্তান কাঁদিছে জানি, দুর্গা দুর্গতিহারিণী,
তারিণী ত্বরায় আসি পরে।
দুই কক্ষে দুই শিশু, ল'য়ে গমন করেন আশু,
আশুতোষ-রমণী গিরিপুরে ॥ ১১৪

* * *

গিরিপুরে স্বস্ত্যয়ন ও চণ্ডীপাঠ

মেনকার ঝুরিছে আঁখি, গিরির বিলম্ব দেখি,
অচল-মোহিনী যেন চঞ্চলা হরিণী।
পুরোহিত দ্বিজবরে, রাণী কয় বিনয় ক'রে,
ওহে দ্বিজ! উপায় বল শুনি ॥ ১১৫
দেখিতে দুঃখিনী মায়, এবার বুঝি উমায়,
বিদায় দিলেন না ত্রিলোচন।
ধৈর্য্য নাহি ধরে প্রাণ, গিরি বা ত্যজিল প্রাণ,
প্রাণ-উমার বিনা-আগমন ॥ ১১৬
ষষ্ঠ্যাদির কল্পারম্ভে, এসেন আমার জগদম্বে,
এবার বিলম্ব কিবা লাগি।
চক্ষে ধারা তারাকার, বলেন, তারা কৈ আমার!
সঙ্কট ঘটালে শিব যোগী ॥ ১১৭
করো না আর কাল-বিলম্ব, স্বস্ত্যয়ন কর আরম্ভ,
দৈব-কর্ম্মে দৈব হরে জানি।
মানসে মানস কর, যেন মানস পূর্ণ হয়,
দিয়া উমা পরাণ-নন্দিনী ॥ ১১৮
শুনি বাক্য দ্বিজরাজ, নাহি করে কাল ব্যাজ,
স্বস্ত্যয়ন সঙ্কল্প করে ত্বরা।
লক্ষ শিব আরাধন, জপিছে শ্রীমধুসূদন
নাম, আগমন-জন্য তারা ॥ ১১৯
দুর্গা নাম আদি ধ্যান, বিষ্ণুরে তুলসী দান,
শুদ্ধমতে চণ্ডী পাঠ করে।
স্বস্ত্যয়ন হৈল ইতি, দ্বিজ-মনে হয় ভীতি,
পার্ব্বতী এলেন না গিরিপুরে ॥ ১২০
ব্রাহ্মণের নিকটে ত্বরা, রাণী কয় হ'য়ে কাতরা,
ওহে দ্বিজ! উপায় বলো না।
আসিবার যে লগ্ন গেল, স্বস্ত্যয়নে কি বিঘ্ন হ'লো!
বিঘ্নহরের মা কেন এলো না ॥ ১২১
স্বস্ত্যয়ন দেখিয়া সাঙ্গ, হ'লো আমার অবশাঙ্গ,
প্রাণ-সাঙ্গ কর্‌লে বুঝি শিব।
দণ্ডেক দুদণ্ড পরে, গৌরী না আইলে ঘরে,
জীবন জীবনে তেয়াগিব ॥ ১২২
ফল্‌লো না স্বস্ত্যয়ন-ফল, অভাগীর কি ভাগ্য-ফল,
মোক্ষ-ফল ফলে যে সাধনে।
যত সাধ বিফল হ'লো, জগৎ অন্ধকার হ'লো,
জগদম্বা এলো না ভবনে ॥ ১২৩

* * *

আলিয়া—যৎ

হে দ্বিজ! তোমায় কই।
কৈ এলো মন্দিরে আমার ব্রহ্মময়ী।
তোমার চণ্ডী সাঙ্গ হ'লো, আমার চণ্ডী কৈ ॥
পূজা কর্‌লে লক্ষ শিবে, আর কবে আসিবে শিবে,
শিবের ঘর ত্যজিবে শিবে, আশায় রই ॥
সঙ্কল্প ত দুর্গানাম, জপিলে ক'দিন অবিশ্রাম,
দুর্গা আমার আসিবে ক'দিন বই।
তুলসীতে পূজিলে বিষ্ণু, কৈ সে বিষ্ণু আমায় তুষ্ট,
আমি যদি বিষ্ণু-মায়ায় প্রাণে দগ্ধ হই ॥ (ছ)

* * *

গিরিপুরে দশভুজা দুর্গারূপে গৌরীর আগমন

হেথা পথে আইসেন গৌরী, রূপ দনুজের বৈরী,
দশকরা মহিষমর্দ্দিনী।

পাঠান্তর: ১ হেথায়—গ।

বাম পদ মহিষাসুরে, অপর পদ সিংহোপরে,
পদ-ভরে কাঁপিছে ধরণী ॥ ১২৪
রূপে ভুবন আলো করে, বিবিধ আয়ুধ করে,
মণিময় আভরণ অঙ্গে।
চলিল সুরবন্দিনী, তপ্ত-সুবর্ণ-বরণী,
সুহাস্যবদনী রঙ্গে ভঙ্গে ॥ ১২৫
গিরিবাসিনী যত মেয়ে, গৃহকার্য্য তেয়াগিয়ে,
পথ চেয়ে আছে পথ-মাঝে।
মায়ের আগমন অমনি, হেরিল যত রমণী,
শঙ্কর-রমণী রণ-সাজে ॥ ১২৬
পুলকে প্রফুল্ল কায়, দ্রুত গিয়া মেনকায়,
অমনি রমণীগণ বলে।
ওগো! গা তোল রাজমহিষি! ঐ এলো তোর উমাশশী,
পেলি দুর্গা, দুর্গানাম-ফলে ॥ ১২৭

* * *

মূলতান—যৎ

ওমা শৈল-রাজমহিষি! কাঁদিস নে গো আর,
তোমার দুঃখহরা উমা এলেন ঐ।
সে নাই তোর মেয়ে তারা, সিংহ-পৃষ্ঠে দশকরা,
রূপে দশদিক্ আলো করিছেন ব্রহ্মময়ী ॥ (অ)

* * *

দশভুজা দর্শনে মেনকার বিস্ময়

গৌরী এলো এলো শুনি, এলোথেলো পাগলিনী,
এলোকেশী হ'য়ে রাণী, ধরা-শয়ন ত্যজি অমনি উঠিল।
কৈ কৈ কৈ গো মা! আমার সাধের উমা,
কন্যা হর-মনোরমা, আজি কি শিবের শুভদৃষ্টি ঘটিল ॥ ১২৮
নয়ন-জলে দৃষ্টিহারা, বলে—কোলে আয় মা তারা!
জুড়াই দুটি নয়ন-তারা, মুখ দেখিলে দুঃখ খণ্ডে।
বিলম্ব দেখে তোমার, বিলম্ব ছিল না আর,
জীবন যেতো উমা! দণ্ডেক দু'দণ্ডে ॥ ১২৯

প্রেম-ভরে রাণী বলে, আয় রে গণেশ! কোলে,
জননীর জননী ব'লে,
গেলে আর কি মনে তোদের হয় না।
কেমন আছেন বল্ ঈশানি! জামাই আমার শূলপাণি,
বিশেষ মঙ্গল বাণী, শুন্‌লে শিবের, দুঃখ আর রয় না ॥ ১৩০

রাণী বলে,—কন্যা-ভ্রমে, দেখিবারে পায় ক্রমে,
এত নয় আমার উমে, ওহে গিরিবর! তোমায় কই হে।
কি হেরিলাম চমৎকার, যেন প্রলয় আকার!
দশকরা কন্যা কার, [১]অবলা এমন কৈ হে[১] ॥ ১৩১

এ যে বামে বিরাজিত বাণী, [২]বিষ্ণুপ্রিয়া বীণাপাণি,
দক্ষিণে কেশব-রাণী[২] কমলা কমলদল মধ্যে।
ক্রোধে মহিষের প্রাণ হরে, চড়ি মৃগেন্দ্র উপরে,
নগেন্দ্র, আনিলে কারে, গৃহমধ্যে কার প্রাণ বধ্যে ॥ ১৩২

আনিবে জানি সঙ্গে করি, আমার মেয়ে শঙ্করী,
ভয়ে মরি ভয়ঙ্করী, কার কন্যে কার জন্যে আন্‌লে!
যাহার জন্য গমন, সে কোথায় হে—সে কেমন!
ধৈর্য্য হয় না—অধৈর্য্য মন, প্রাণ-উমার মঙ্গল না শুন্‌লে ॥ ১৩৩

* * *

এই বলিয়া রাণী তখন কি বলিতেছেন—

ললিত-ঝিঁঝিট—ঝাঁপতাল

কৈ হে গিরি! কৈ সে আমার প্রাণের উমা নন্দিনী।
সঙ্গে তব অঙ্গনে কে এলো রণরঙ্গিণী॥
দ্বিভুজা বালিকা আমার উমা ইন্দুবদনী,
কক্ষে ল'য়ে গজানন, গমন গজগামিনী,
মা ব'লে মা! ডাকে মুখে আধ আধ বাণী॥
এ যে করি-অরিতে করি ভর,
করে করিছে রিপু-সংহার,
পদভরে টলে মহী মহিষনাশিনী।

পাঠান্তর: ১-১ অবলা প্রবলা এমন কৈ হে—গ, অবলা এমন কে হে—ক। ২-২ দক্ষিণে বিষ্ণু-ঘরণী—ক, খ।

প্রবলা প্রখরা মেয়ে তন্থ কাঁপে দরশনে.
[১]করে শক্তি ধরে শক্তি ত্রিভুবন বিনাশনে[১]
জ্ঞান হয় ত্রিলোক-ধন্তা ত্রিলোক-জননী ॥ (ঝ)

* * *

গৌরী ও মেনকা

মায়ের প্রতি মহামায়া ত্যজিলেন মায়া।
ধরেন অপূর্ব্ব রূপ পূর্ব্বের তনয়া ॥ ১৩৪

দ্বিভুজা গিরিজা গৌরী গণেশ-জননী।
নগেন্দ্রনন্দিনী যেন গজেন্দ্রগামিনী। ১৩৫

দুই কক্ষে দুই শিশু, আশুতোষ-দারা।
উদয় হ'লেন চণ্ডী যেন চন্দ্রে ঘেরা। ১৩৬

উমাচন্দ্র কোটি চন্দ্র জিনি রূপ ধরে।
দশ চাঁদ পড়িয়া মায়ের চরণ-নখরে। ১৩৭

হেরিয়া গগন-চাঁদ মলিন লজ্জায়।
চাঁদে কি তুলনা তাঁর, চাঁদ প'ড়ে যার পায় ॥ ১৩৮

শরতে শারদ চাঁদের হাট, হৈল হিমালয়ে।
রাণী পাইল হাতে চাঁদ, উমাচাঁদকে পেয়ে। ১৩৯

[২]উমা-চাঁদের পরিবার[২] গগন-চাঁদকে ঢাকে।
চন্দ্রমুখী চাঁদ-মুখে জননী ব'লে ডাকে। ১৪০

রাণী বলে,—এলি আমার দুর্গা দুঃখহরা।
রোদনে রোদনে তারা! নাই মা! নয়ন-তারা। ১৪১

বিদায় দিয়া কি দায়, উমা! ঘটে গৃহবাসে।
আমার দেহ থাকে হিমালয়ে, প্রাণ থাকে কৈলাসে। ১৪২

অদর্শনে ধরাসনে মৃত্যুসমা রই।
আজি প্রাণ এনে দেহেতে দিলি, তেঁইতো কথা কই। ১৪৩

মা আছে, মা! ব'লে মনে হয় না কিসের লাগি।
তোর শোকে, মা! ম'লে হবি মাতৃবধের ভাগী। ১৪৪

আমি পুত্রহীনা, কন্যা বিনা, অন্য গতি কৈ।
তোর ভরসা, তোরি আশা, করি ব্রহ্মময়ি। ১৪৫

কোন্ দিনে, ত্যজিব প্রাণ, দিনে দিনে জরা।
অসমর্থ কালে তত্ত্ব, ক'রবি নে কি তারা। ১৪৬

তোর ভাব দেখে, ভবতারিণি! শঙ্কা মনে আছে।
হাঁ মা! অন্তকালে আন্‌তে গেলে,
আসবি না গো পাছে। ১৪৭

রাণী-বাক্যে, মনোদুঃখে, কন শিবরাণী।
তুমি গো! আমার তত্ত্ব কর কৈ জননি। ১৪৮

জনক যাহার রাজা, মা যার রাজমহিষী।
ভাগ্যগুণে পতি না হয়, হয়েছে সন্ন্যাসী। ১৪৯

নারীগণের গঞ্জনাতে, লজ্জায় মরে যাই।
বলে, রাজার মেয়ে—শুনতে পাই,
তোর কি গো মা নাই। ১৫০

জনক পাষাণ—তেম্‌নি মা! তুমিও পাষাণী।
আমি পাসরিতে নারি মায়া, তেঁই আসি আপনি। ১৫১

রাণী বলে, ঈশানি! পাষাণী বটি আমি।
পাষাণ হওয়া ভালো মাগো! যার কন্যা তুমি। ১৫২

* * *

মায়ের কি রূপ মঙ্গল

যেমন দরিদ্রের মন্দাগ্নি হইলে মন্দ নয়।
ভিক্ষুক ব্যক্তি নির্লজ্জ হইলে মঙ্গল হয়।
রাগীর[৩] দেহ দুর্ব্বল হইলে মঙ্গল বটে।
যোগী ব্যক্তির তেজ-হ্রাস হ'লে মঙ্গল ঘটে।
অক্ষমের মঙ্গল, না থাকে পরিবার।
সতী নারী কুরূপা হইলে মঙ্গল তার।
সন্নিপাতের রোগীর মঙ্গল, পান ক'রে গরল।
জন্ম-দুঃখী যে জন, তার মরণ মঙ্গল।
বোবার মঙ্গল, কর্ণে কথা শুন্‌তে না পায় তবে[৪]।
তোর জননী পাষাণী, তেমনি মঙ্গল জানিবে। (আ)

* * *

পাঠান্তর : ১-১ অসুরে নাশিতে তার বুকে বর্শা বরষণে—ক। ২-২ চন্দ্রের পরিবারে উমা—গ। ৩ নারীর—ক। ৪ শিবে—গ।

বারোঁয়া[১]—খং

বিধি ভাগ্যেতে করেছে আমায় পাষাণী।
তেঁইতো তোর শোকে, এ দুঃখে,
জীবন থাকে গো ঈশানি।
নৈলে কি ভেবেছ মনে, দেখা হ'তো মায়ের সনে,
উমা তোর অদর্শনে, বাঁচতো কি পরাণী। (ঞ)

* * *

এত বলি গিরিভার্য্যা ভাসে নয়ন-জলে।
করুণা করিয়া পুনঃ কন্যা প্রতি বলে। ১৫৮
অচল পতি হীনগতি, কি রূপে তত্ত্ব করি।
পুরাও গো সাধ, সে অপরাধ ক্ষম ক্ষেমঙ্করি। ১৫৯
কত লোকে, উমা! আমাকে, তোমায় দুঃখী বলে।
শুনে শুনে, মনাগুনে, সদা প্রাণ জ্বলে। ১৬০
বলে স্বর্ণলতা, বিবর্ণতা, রাণি! তোর কুমারী।
করি ভিক্ষা, প্রাণ-রক্ষা, করেন ত্রিপুরারি। ১৬১
সবে ধন উমাধন, আরাধনের ধন।
রাখিতে চাই, ঘর-জামাই, মানে না ত্রিলোচন। ১৬২
তখন মেনকারে, দর্প ক'রে, দুর্গা কন ছলে।
তোর জামাতার দুঃখের কথা, কেবা তোরে বলে। ১৬৩
মোর ভর্ত্তা, হর্ত্তা কর্ত্তা, ত্রিভুবন-স্বামী।
বরং মা! তুমি দরিদ্র-জায়া, রাজমহিষী আমি। ১৬৪
কান্ত আমার কাশীকান্ত, অন্ত কে তাঁর জানে।
জগতে ধনী, ওগো জননী! আমার পতির ধনে। ১৬৫
ভক্তি করি মোর পতিকে, যে জন করে ভিক্ষে।
মোক্ষ-ধন, ত্রিলোচন, তারে দেন কটাক্ষে। ১৬৬
নাই কিছুরি অভাব, দেখতে স্বভাব, দীন দুঃখীর প্রায়।
যে বুঝে ভাব, তার উঠে ভাব, ভবের ভাবনা যায়। ১৬৭
তোর ধনে কি, তোর জামাই-ঝি, সম্পত্তি পাবে।
ব্রহ্মাণ্ড-ভাণ্ডোদরী, এনে[২] তারে ধন দিবে। ১৬৮
তার কখন দৈন্ত থাকে, যার ঘরে তোর মেয়ে।
জগতে অন্ন যোগাই আমি, অন্নপূর্ণা হ'য়ে। ১৬৯
রত্নাকর কুবেরাদি শিবের ধন রাখে।
কত পুণ্যে, মা! তুই কন্যে, সঁপেছিলি তাঁকে। ১৭০
আমি ইন্দ্রাণী তোয় করতে পারি, এমন পতির জোর।
দশ পুত্র সম কন্যা, আমি কন্যা তোর। ১৭১
যত প্রতিবাসী হিংস্রক, সুখ তোরে বলে না।
দুঃখের কথা, ব'লে মাতা! দেয় তোরে বেদনা। ১৭২
রাণী বলে, মর্ম্মের কথা বল ব্রহ্মময়ি!
এত যে ঐশ্বর্য্য তোর, তার লক্ষণ কৈ। ১৭৩
সাজাইতে শঙ্করি! তোরে সাধ কি শিবের নাই।
রত্ন-আভরণ কেন দিলে না জামাই। ১৭৪
উমা-বিধুর অঙ্গ সুধুই, কি করে ছার ধনে।
এলে দৈন্য-সাজে, পদত্রজে, সন্দেহ হয় মনে। ১৭৫
মেনকারে হাস্যমুখে উমা কন রঙ্গে।
ওমা! আভরণ, ত্রিলোচন, দেখিতে নারে অঙ্গে। ১৭৬
বলেন, এ অঙ্গ সাজাইতে কি ভূষণ আছে ত্রিভুবন-মাঝে।
তারিণী আমার শিরোমণি, মণি কি তোমায় সাজে। ১৭৭
চাঁদে কি বাঁধিলে মণি, অধিক উজ্জ্বল করে।
আমার শুক্ল বেশে আশুতোষের সদা মন হরে। ১৭৮
পঞ্চাননের বাঞ্ছা মনে, যা হয়, তাই করি।
নৈলে অসংখ্য অমূল্য মণি যায় গড়াগড়ি। ১৭৯
রাণী বলে, কেন ভূষণ সাজিবে না মা! গায়।
হইলে হস্তিদন্ত স্বর্ণ-বাঁধা অধিক শোভা পায়। ১৮০
আমি প্রত্যক্ষে দেখিব আজি নানারত্ন আনি।
সাজে কি না সাজে অঙ্গ তোমার ঈশানি। ১৮১

* * *

কলির অলঙ্কার

এই কথা বলিয়া, মেনকা, গৌরীর অঙ্গে অঙ্গদ বালা তাড় প্রভৃতি পূর্ব্বকালীন অলঙ্কার সকল দিতেছেন।

পাঠান্তর: ১ পিলু বারোঁয়া—ক। ২ এনে—গ।

এক্ষণে কলিতে যে সকল নূতন নূতন অদ্ভুত অলঙ্কার হইতেছে, তখন এরূপ ছিল না।

এখনকার গহনা কিরূপ—

এখনকার যে অলঙ্কার, চরণে কত চমৎকার,
পাঁয়জোরেতে বাজনঘুন্টী বাজে।
মাঝখানেতে চরণপদ্ম, চরণ-শোভা করে হদ্দ,
বাজন নূপুরপাতা সাজে। ১৮২

অঙ্গুলী কিবা শোভিছে, দুই পাশেতে আটনরি বিছে,
মাঝের অঙ্গুলে চুটকি দেখি।
উপরে ঘুঙ্গুর ঘটা,[১] পঞ্চমেতে কলস-আঁটা
কলস না থাকিলে বলে বেঁকী। ১৮৩

বাঁক হয়েছে নানা রঙ্গী, হীরাকাটা জলতরঙ্গী,
কাটা মুখ রাণাঘেটে পুঁটে।
কোমরেতে চন্দ্রহার, "চন্দ্র দেখে মানে হার,"
কি শোভা চাবির শিকলি গোটে। ১৮৪

হাতে সাজে খাসা খাসা, কাটা পঁইছে রসুনকোসা,
কাকনি গজরা মর্দ্দানা-তেথরি।
থয়ে জনারে লোহাবালা, তার মধ্যে কাঁটি পলা,
দক্ষিণে বাই শঙ্খ বাউটী চুড়ি। ১৮৫

নূতন তাবিজ মুম্বরে কোঁড়া, নকাসি বাজু খোপনা যোড়া,
যোড়া ঝাঁপা আর বকুলে পুঁটে।
গলার সাজ কতগুলা, চাঁপাকলি থড়কিমালা,
চিকণ মালা তেনরি আটপিঠে। ১৮৬

হাঁসলিতে জিঞ্জির যোড়া, গলা বেড়া কবজ পোরা,
শোভাকরে স্বর্ণ মাদুলি।
কাণের সাজ কাণবালা, বীরবৌলী পুঁতিমালা,
গোখুরা-চাঁপা ক্রমে সব বলি। ১৮৭

ঢেঁড়িতে জড়াও ঝুমকা গাঁথা, খাসা পাশা পিপুলপাতা,
যোড়া যোড়া মুক্তা ঝুপি কোলে।
নাকের সাজটা সাজের মূল, ময়ূরে বেশর কর্ণফুল,
মুলুক যুড়ে নলক মাঝে দোলে। ১৮৮

নঙ্গ নলক দাড়িমথে, যোড়া মতি বিবিয়ানাতে,
নলকে ঝুরি তেথরি তার দানা।
শিরে সাজ স্বর্ণ সিঁতি, এত অলঙ্কার দিলে পতি,
মাগীদের তো মাটিতে পা পড়ে না। ১৮৯

* * *

গৌরীদেহে ভূষণ-সজ্জা বিফল

তখন প্রেমানন্দে গিরিরাণী, বস্ত্র-আভরণ আনি,
উমারত্নে যত্নে সাজাইল।
কদাচ না শোভা পায়, আভরণ উমার গায়,
চাঁদকে যেমন রাহুতে গ্রাসিল। ১৯০

খেদে রাণী ম্রিয়মাণা, দাসীগণে করে মানা,
বলে, আর এনোনা তুচ্ছ আভরণ।
যা দিয়া সাজালে দেহ, শীঘ্র মুক্তি করি দেহ,
মায়ের শুদ্ধ দেহ করি দরশন। ১৯১

* * *

আলিয়া—যৎ

সাজিল না শঙ্করি! মা তোয় আভরণে সাজিল না।
কোন বিধি গড়িল, মা! তোয় হর-অঙ্গনা।
কি রূপ ধরেছ তারা! শরৎ চন্দ্র-মুখী তারা,
মা! আমি চাঁদের নাম রেখেছি তারা,
নয়ন-তারা ছিল না।
রূপে হরের মন হরে, মনের অন্ধকার হরে,
মা! উমা! তাইতে বুঝি,
ত্রিনয়ন তোরে নয়ন ছাড়া করে না। (ট)

* * *

হিমালয়ের গৃহে দুর্গাপূজা

শুভ যাত্রায় শুভ ফল প্রাপ্ত হন গিরি।
শুভ দিন শুভক্ষণে এলেন শঙ্করী। ১৯২

পাঠান্তর : ১ গুঞ্জরী ঘটা—গ। ২-২ মাদরাজি শোভা কার—গ

ত্বরায় গিরি করে শুভ মঙ্গল আচরণ।
শুভ সপ্তমীতে শুভ পূজার আয়োজন ॥ ১৯৩
তন্ত্রধারক মন্ত্র পাঠ করেন পুস্তক ধরি।
ব্রহ্মজ্ঞানে ব্রহ্মময়ীর পূজা করেন গিরি ॥ ১৯৪
যত্ন করি আসনে বসিল মন-শুদ্ধে।
স্থানে স্থানে চণ্ডীপাঠ চণ্ডীর সান্নিধ্যে ॥ ১৯৫
তনয়া চণ্ডীর ধ্যান করি তদন্তরে।
শিরে পুষ্প দিয়া পূজেন মানসোপচারে ॥ ১৯৬
মানসে হেরিয়া গিরি, মানস চঞ্চল।
দেখেন অনন্ত ব্রহ্মাণ্ড আমার উমারি সকল ॥ ১৯৭
উদরস্থ সমস্ত, মেয়ে তো মেয়ে নয়।
তনয়া তনয়া তো নয়, ইনি জগন্ময় ॥ ১৯৮
কোটি ব্রহ্মা কোটি বিষ্ণু কোটি শূলপাণি।
চরণে আশ্রিত সর্ব্বেশ্বরী শিবরাণী ॥ ১৯৯
ধ্যান ত্যজে, গিরি কহে চক্ষে শতধার।
আমি কি দিয়া পূজিব, চণ্ডি! চরণ তোমার ॥ ২০০
আমি তো এ আধিপত্যের অধিপতি নই।
কার দ্রব্য কারে তবে, দিব ব্রহ্মময়ি ॥ ২০১
ভ্রান্ত হ'য়ে আমার আমার লোকে করে।
ভ্রান্ত না হইয়া কেবা গৃহাশ্রম করে ॥ ২০২
মহামায়া! কি মায়া দিয়াছ আমায় তুমি।
মম দ্রব্য গ্রহণ কর, তোমায় বল্‌ছি আমি ॥ ২০৩

*　*　*

বারোয়াঁ—যৎ

উমা! কি ধন আছে আমার দিতে পারি।
দেখিলাম, নয়ন মুদে ব্রহ্মাণ্ডময় সকলি তোমারি॥
কি দিব তোয় রত্নবাস, রত্নাকর তব দাস,
[১]স্বর্ণ কাশী[১] মাঝে বাস, অন্নপূর্ণেশ্বরি!
কুবের ভাণ্ডারী ঘরে, কে বলে ভিখারী হবে,
তোমার ত্রিলোচন ভিখারীর দ্বারে,
ত্রিজগৎ ভিখারী॥ (ঠ)

*　*　*

হিমালয়ের উদ্বেগ

প্রসন্না প্রসন্নময়ী কন পিতা প্রতি।
সঙ্কল্পিত পূজা-সাঙ্গ[২] করহ সম্প্রতি ॥ ২০৪
অনন্ত ব্রহ্মাণ্ড বটে সকলি আমার।
দিয়াছি তোমারে যে ধন, তব অধিকার ॥ ২০৫
চণ্ডীর কৃপায় চণ্ডী পায় পূজে গিরি।
সপ্তমীর দিবা সাঙ্গ, হইল শর্ব্বরী ॥ ২০৬
উমার আগমন-আশে জগৎ উল্লাসে।
তারা পানে চেয়ে গিরি, নয়নজলে ভাসে ॥ ২০৭
বিরস বদন জন্য, হ'য়ে মনোদুঃখী।
পিতার ভাব দেখে, শুধান শিবে শরদিন্দুমুখী ॥ ২০৮
তিন দিন কৈলাসে মহেশ হ'য়ে বাম।
আমি তো করেছি পূর্ণ তব মনস্কাম ॥ ২০৯
ত্রিভুবন মগ্ন হ'লো সুখের সাগরে।
তুমি কি দুঃখে ভাসিছ, পিতা! নিরানন্দ-নীরে ॥ ২১০
কুমারীর বাক্য শুনি, গিরিরাজ কহে।
ঘন সম ঘন ঘন চক্ষে ধারা বহে ॥ ২১১
করেছ আনন্দময়ি! জগতের আনন্দ।
আমায় করেছ, উমা! তুমি নিরানন্দ ॥ ২১২
তুমি এসেছ বসেছ ভাল, তায় সুখ হ'লো না।
যাবে যে মা জগদম্বা! তাই মনে জাপনা[৩] ॥ ২১৩
আসিবে আসিবে, শিবে! আশায় জীবন ছিল।
না আসিতে, ছিল আশা, সে আশা ফুরাল ॥ ২১৪
আসিবে কাল, হ'য়ে কাল, গলে কাল-ফণী।
নবমীতে হবে আমার কি কাল রজনী ॥ ২১৫
কিঞ্চিৎ করুণা যদি কর কৃপাময়ি!
তবেতো আনন্দে আমি কিছু দিন রই ॥ ২১৬

*　*　*

পাঠান্তর: ১-১ কাশী—ক। ২ সাজ—ক, খ। ৩ জল্পনা—ক; ভাবনা—খ।

ললিত-ঝিঁঝিট[1]—ঝাঁপতাল

বাঞ্ছা কিছু পূর্ণ তবে হয় হর-মহিষি।
রয় যদি মা! শত যুগ এ সুখ-সপ্তমী-নিশি॥
মনের মানসে তবে ওমা সর্ব্বমঙ্গলে!
পূজি পদ বিল্বদলে, জবা জাহ্নবীর জলে,
মরি শেষে মোক্ষপদ হ'য়ে অভিলাষী॥
এসো তিন দিনের কারণ, নহে খেদ-নিবারণ,
আশু ল'য়ে যায় গো মা! আশুতোষ আসি॥
তুমি তো আপন-বশ নও জানি মা অভয়ে!
হর-বাসে হর-বশে হর কাল হরপ্রিয়ে!
শ্মশানেতে ল'য়ে যাবে সে শ্মশান-নিবাসী॥ (ভ)

আগমনী

[দ্বিতীয়]

হিমালয়ে গৌরীর আগমন

সঙ্গে করি শঙ্করী, সব সাধ পূর্ণ করি,
গিরিপুরে উপনীত গিরি।
নগরে মহা-উৎসব, পথে গিয়ে নাগরী সব,
তাহাকে শুধায় ত্বরা করি॥ ১
কথা ছিল কা'ল আসিবে, ও শিবসুন্দরী শিবে!
কেন মা! তোর হ'লনা কা'ল আসা।
জলধর-আশায় আকুল, যেমন চাতকের কুল,
কা'ল অবধি আমাদের সেই দশা॥২
উমা কন জনক-ধাম, পরশ্ব আমি আসিতাম,
কি করিব, আমারে শূলপাণি।
করলেন সারাদিনটে দয়া, বললেন, ওহে দিনটে দগ্ধা,
আজি তুমি যেও না দীন-তারিণি॥ ৩
কালি বললেন, মঙ্গলে, ষষ্ঠী আর মঙ্গলে,
যোগ হয়েছে, পাপ-যোগে যেও না।
জ্যোতিষের পুঁথি খান, খুলে দেখেন দিনমান,
আমাকে পাঠাতে তাঁর, শুভ দিন মেলে না॥ ৪
নানা শাস্ত্র জানেন নাথ, তিনি আমার বৈদ্যনাথ,
নিদানেতে তাঁরি ভারি ক্ষমতা।
কেবা বোঝে কারে কই, শুনে বড় দুঃখিত হই,
মা বলেন মোর নির্গুণ জামাতা॥ ৫
নারীগণ কয় ভাল ভাল, শশিমুখি! তোর শশিভাল,
হউক ধনহীন, পণ্ডিত তো বটে।
আছে ধন নাই গুণ, সে ধনের মুখে আগুন,
পেটে খেতে পায় না তবু, বিদ্যা রউক পেটে॥ ৬
যা হউক এখন যাও ত্বরায়, তোর বিলম্ব দেখে ধরায়,
হারিয়ে জ্ঞান প'ড়ে আছে মেনকা।
বিলম্ব ক'রো না আর, চন্দ্রমুখি! অন্ধকার,
ঘুচাও তার, দিয়ে একবার দেখা॥ ৭
তোর মায়ের প্রতিবাসিনী, একবার একবার যেও ঈশানি!
আমাদের ঘরে ল'য়ে দুটী তনয়।
ইহা ব'লে যত কামিনী, অগ্রে হ'য়ে দ্রুতগামিনী,
উমার আগমন মেনকারে কয়॥ ৮

• • •

অহং সিন্ধু[2]—একতালা

গা তোল গা তোল, বাঁধ মা! কুন্তল,
ঐ এলো পাষাণী তোর ঈশানী।
ল'য়ে যুগল শিশু কোলে, মা কৈ মা কৈ ব'লে,
ডাক্‌ছে মা তোর শশধরবদনী।

পাঠান্তর: ১ বিভাস—ক। ২ অহং—খ, চ।

মা গো ত্রিভুবনে মাঝে[১], ত্রিভুবনে ধন্যে,
তোর 'মেয়ে সামান্যে নয়[২] গো রাণি।
আমরা ভাবতেম ভবের প্রিয়ে, আজি শুনি তোর মেয়ে,
তিনি নাকি ভবের ভয়হারিণী ॥
ধর্লি যে রত্ন উদরে, তোর মত সংসারে,
রত্নগর্ভা এমন নাই রমণী,
মা তোমার ঐ তারা, চন্দ্রচূড়দারা, চন্দ্র-দর্পহরা চন্দ্রাননী।
এমন রূপ দেখি নাই কার, মনের অন্ধকার,
হরে মা! তোর হর-মনোমোহিনী ॥ (ক)

*　*　*

পথে গৌরীর অদর্শন

ঘরে এলেন শঙ্করী, এই কথা শ্রবণ করি,
মৃত দেহে যেন শিখরী, পাইলেন জীবন।
এখানেতে মহামায়া, তেয়াগিয়া দয়া-মায়া,
মায়ের প্রতি করি মায়া, না দেন দরশন ॥ ৯
যারা বল্লে এলো তারা, অবাক্ হ'য়ে রৈল তারা,
নয়নেতে থাক্‌তে তারা, অন্ধ তাদের আঁখি।
পাষাণী কয় কেঁদে কথা, কই প্রাণের ঈশানী কোথা,
প্রাণ যায় আমার, ব্যাপকতা তোরা কর্‌লি নাকি ॥ ১০
নারীগণ কয় করি কিরে, ক'রে বিধিমতে সঙ্কট কিরে,
সঙ্গে নে তোর শশিমুখীরে, এনেছিলাম এখানে।
ভাল মন্দ জানিনে মা! আমাদিগে দে মা! ক্ষমা,
ওগো রাণি! তোর উমা, মেয়ে কি কুহক জানে ॥ ১১
আসিছে গিরিবর সনে, তাই শুনে যাই দরশনে,
নারীগণের এই কথা শুনে, উঠে গিরিমহিষী।
ঘরে ঘরে গিয়ে শুধায়, বারে বারে রাজপথে ধায়,
যেন পাগলিনী প্রায়, বিগলিতা-কেশী ॥ ১২
দেখেছ আমার পার্ব্বতীকে, রাণী শুধান যত পথিককে,
তা বই গিয়ে নিজ পতিকে, কেঁদে কন শিখরী।
তুমি সঙ্গে ক'রে আন্‌লে শৈল! শৈলজা মোর কোথা রৈল,
খাব বিষ, অনেক সৈল, আর সৈতে নারি ॥ ১৩

হ'লো আশা প্রাণ-উমার, সুবচন শুনে তোমার,
সুবচনীর দিব ধার, মানস করেছি।
যার জন্য স্বস্ত্যয়ন, তুলসীদলে নারায়ণ,
বিল্বদলে ত্রিলোচন, আরাধন করেছি ॥
কালি ঘুচাইবেন কালী, কোটি জবাতে আসি কালি,
পূজিয়ে দক্ষিণাকালী, দক্ষিণান্ত করি।
উমার ক'রে বাসনা, শ্যামার যে উপাসনা,
আমায় তাঁর করুণা, কৈ হ'লো হে গিরি ॥ ১৫

*　*　*

[৩]ঝিঁঝিট—একতালা[৩]

গিরি! যার তরে হে আমি পূজিলাম শ্যামা।
কৈ মোর শশিধর-প্রিয়ে উমা-শশী,
ষোড়শী অতসী-কুসুম-সমা।
তুমি তো সেই দুঃখ-ভঞ্জিনীর চাঁদমুখ,
নিরখিয়ে দুখ হ'য়েছে তব ভঞ্জন, হে রাজন্!
বল কি দোষ পেয়ে, আমার সে নিদয়া মেয়ে,
হয় তোমারে সদয়া আমারে বামা ॥
দাশরথি বলে দেখ্‌বি যদি মেয়ে, দুনয়ন মুদিয়ে,
হৃদি-পদ্মাসন কর অন্বেষণ,
তাঁরে অন্বেষণের তরে, কাজ কি অন্য ঘরে,
অন্তরে বিহরে সে হর-রমা ॥ (খ)

*　*　*

গিরি বলে সে কি রাণি! ভবনে আমি ভবানী,
সঙ্গে করে আনিলাম এখনি।
এই যে শুভ সপ্তমীতে, তৃপ্ত মন তাঁর এই ভূমিতে,
কোন খানে যাবে না ত্রিনয়নী ॥ ১৬
কেন কেন ধরাশয়ন, কর মেয়ের অন্বেষণ,
আছেন কোন প্রতিবাসিনীর বাসে।
তুমি কি জান না শিখরি! ক্ষণজন্মা ক্ষেমঙ্করী,
মেয়েকে আমার সবাই ভালবাসে ॥ ১৭

পাঠান্তর: ১ ধন্যে—খ, চ। ২-২ মেয়ের তুলনা নাই—খ, চ। ৩-৩ বাহার—তেতালা—খ, চ।

যখন আমি কৈলাসে যাই, রমণী এসে একজাই,
মেয়ের প্রশংসা সবাই করে।
বলে,—কি পুণ্য বলিতে নারি, রত্নগর্ভা তোমার নারী,
হেন রত্ন রাণী ধরেন উদরে। ১৮

মেয়ে যেন সাক্ষাৎ সতী, জগতে করে বসতি,
মেয়ে ত অনেক দেখ্‌তে পাই।
হেন মেয়ে জন্মান তার, তোমার জগদম্বার,
জগতে তুলনা দিতে নাই। ১৯

পতিকে ভক্তি পতিকে ভয়, হেন লক্ষ্মী মেয়ে কি হয়,
লক্ষ্মী যেমন নারায়ণের দাসী।
ঘরে সুখ নাই তায় কি ক্ষতি, শুনে মেয়ের সুখ্যাতি,
সুখের সাগরে আমি আসি। ২০

দেখ—সেই মেয়ে কি এসে ঘরে, তোমায় দুঃখ-সাগরে,
ভাসাতে পারে আশা ভঙ্গ ক'রে?
আমার উমা স্বর্ণলতা, পথে হ'য়ে প্রসন্নতা,
আদর পেয়ে গিয়েছেন কার ঘরে। ২১

অনাদরে দিলে ক্ষীর, উমা আমার দু-আঁখির,
কোণে তা দেখেন না আমি জানি!
আদরে তণ্ডুল-চূর্ণ, দিলে তাঁর বাসনা পূর্ণ,
করেন আমার দয়াময়ী ঈশানী। ২২

রাণি হে! আমার ত্রিনয়নী, সদা[১]-ধর্ম-পরায়ণী,
তন্ত্রকথা শুনায় মন, সোনা চান্ না কাণে।
বেদের উত্তম কথা উত্থাপন হয় যথা,
উত্তরেন গিয়ে সেই থানে। ২৩

উমার আমার আছে পণ, করেন মন সমর্পণ,
হর-কথা, কি হরি-কথা যথায়।
অথবা যথায় চণ্ডীপাঠ, থাকেন তাহারি পাট,
দেখ রাণি! তাই বুঝি কোথায়। ২৪

* * *

[২]আলিয়া—খং[২]

রাণি! কাঁদ কেনে,
দেখ চণ্ডীপাঠ হয় আজি কার ভবনে।
চণ্ডী শুনে তোমার চণ্ডী আছে সেই থানে।
অথবা দিই তত্ত্ব বলে, পাবে হে তত্ত্ব করিলে,
বিল্ববৃক্ষ-মূলে মূল্য-বিহীন ধনে। (গ)

* * *

এক দরিদ্র ব্রাহ্মণের ভবনে দুর্গার অধিষ্ঠান

গিরি দিল অভয়-জল, [৩]মনে কিছু[৩] মন্দানল,
হ'লো রাণীর শুনে পতির বাণী।
হেথায় শুন বিবরণ, দেখা দিতে কাল হরণ,
যে হেতু করেন কালরাণী। ২৫

দ্বিজ এক জন অতি দীন, শুভ সপ্তমীর দিন,
মায়ের পূজায় হ'য়ে অসমর্থ।
বলে, এমন শুভ দিনে, জগদম্বা-পূজা বিনে,
বৃথা জন্ম জীবন অনর্থ। ২৬

ধিক্ ধিক্ বলিয়ে প্রাণে, দ্বিজ মনের অভিমানে,
বনে গিয়ে করিছে রোদন।
গণেশেরে সঙ্গে করি, সেই বনেতে শঙ্করী,
মা গিয়ে দিলেন দরশন। ২৭

কিবা দয়া তারিণীর, তার দুটী চক্ষের নীর,
মুছান নিজ বসনের অঞ্চলে।
বলেন বাছা! বল আশু তো,
আজ, হারালে ধন কি হারালে সুত!
কি দুঃখে ভাসিছ নয়নজলে। ২৮

জগদম্বার আগমন, জগতের আনন্দ মন,
শোকসন্তাপ কেহ রাখে না চিতে।
পুত্রশোক-পাসরা দিন, চিত্ত-সুখে রাজা কি দীন,
পুত্র সঙ্গে নৃত্য করেন পিতে। ২৯

পাঠান্তর: ১ দয়া—ক। ২-২. বাগেশ্বরী—পোস্তা—খ, চ। ৩-৩ তবু রাণীর—ক।

এমন দিনে কাঁদলে পরে, মহামায়ার মহিমা হরে,
মহীতলে নাম তাঁর থাকে না।
আমার কথা শুনে শ্রবণে, আন পূজা আনন্দ-মনে,
যাও ভবনে বনে আর কেঁদ না। ৩০
দ্বিজ কন, কে তুমি গো মাতা,
তোমায় আর কি বলিব মাথা!
সাধে কি মা আমি রোদন করি।
ওগো মায়ের তো সন্তান সব, তিনি ত হন সব প্রসব,
ব্রহ্মময়ী ব্রহ্মাণ্ড-ভাণ্ডোদরী। ৩১
পুত্র কেন ন্যূনাধিক, কেউ হলো তাঁর প্রাণাধিক,
শত্রুবৎ কেউ ভবে হয়েছে।
আমার প্রতিবাসীরা প্রতি ঘরে, প্রতিমূর্ত্তি প্রতিমা ক'রে,
করিছে পূজা শুভদিন পেয়েছে। ৩২
যদি প্রতিমা আদি নাই ঘটে, শুনেছি পূজা হয় ঘটে,
কিন্তু মাগো! মায়ের একি ঘটনা।
একটী মৃত্তিকার ঘট, কিনিতে আমার দুর্ঘট,
নাই দরিদ্র আমার তুলনা। ৩৩
বৃথা মোর জনম যায়, জনম-যাতনা জায়-বেজায়,
কোন কর্ম হলো না এসে ভবে।
যদি দিতেন এমন অভয়, দীনের প্রতি শমন-ভয়,
না থাকত, ক্ষতি ছিল না তবে। ৩৪
করিবে শমন দোর্দ্দণ্ড, বারংবার আমারে দণ্ড,
এই ছিল জগদম্বার মনে।
কিসে পাব পরিত্রাণ, মায়ের উপর অভিমান,
ক'রে আমি সেই দুঃখে কাঁদছি বনে। ৩৫
মা কন, বাছা! পারবি জানতে,
আর তোকে হবে না কাঁদতে,
কেঁদে কেঁদে সাঙ্গ হলো কান্না।
মা পেলে মা ব'লে কাঁদে, সেই ছেলেতো মাকে বাঁধে,
লজ্জা পেয়ে মা তাকে কাঁদান না। ৩৬
মা চায় না যে সব ছেলে, আর আর সঙ্গী পেলে,
হেসে খেলে বেড়ায় মাকে ভুলে।
মাতা তার কাছে না যান, অনায়াসে অবকাশ পান,
কাঁদে যে ছেলে, তাকেই করেন কোলে। ৩৭

দীন আর দীন-তারাতে, দিন ব'য়ে যায় এই কথাতে,
হেথা রাণী কন্যা-অন্বেষণে।
যেখানে হয় চণ্ডীপাঠ, শুধান গিয়ে তারি পাট,
হেঁগো! আমার উমা আছে এখানে। ৩৮
তারা বলে, ওগো পাষাণি! এই খানেই ছিলেন ঈশানী,
দুর্গা ব'লে এখনি একজন।
নিকটে কে করলে ধ্বনি, উমা হ'য়ে উন্মাদিনী,
অমনি তথা করিলেন গমন। ৩৯
দুর্গা ত জগদীশ্বরী দুর্গাসুর বধ করি,
দুর্গা নাম তিনি পেয়েছেন ভবে।
তোমার মেয়ের ও নাম যে কয়, রাশি নাম যত্তপি হয়,
প্রকাশ করা ভাল নয়, মা! তবে। ৪০

* * *

ঝিঁঝিট—পোস্তা

মেয়ের ত তুমি গো মা! নামটী উমা রেখেছিলে।
কেন মা! তোর উমাকে ডাকে দুর্গা দুর্গা ব'লে।
শুন মা গিরিদারা! দীন-হীন ভবে যারা,
দীন-তারা তোর মেয়ের নাম, রেখেছে তারা সকলে।
কেও ডাকে ত্রিগুণধারিণী, কেও ডাকে ত্রিতাপহারিণী,
কেও ডাকে সর্ব্বাপদহারিণী সর্ব্বমঙ্গলে। (ঘ)

* * *

মেনকার গৌরী-অন্বেষণ

এই কথা শ্রবণে শুনে, পুনঃ মেয়ের অন্বেষণে,
নগরে অমনি ধাবমানা।
যান বৎসহারা গাভী প্রায়, মেয়ের যে কি অভিপ্রায়,
তাতো কিছু চিত্তে নাই জানা। ৪১
বেদে নাই যাঁর সন্ধান, রাণী করেন তাঁর সন্ধান,
নিগূঢ় কথার সন্ধান না পেয়ে।
ঝর-ঝর জল নয়ন-পথে, যাকে দেখেন শুধান পথে,
হেঁগো, তোমরা দেখেছ আমার মেয়ে। ৪২

বিদেশী পথিক যারা, রাণীকে কাতরা দেখে তারা,
শুধায় মা গো! মেয়েটি তোমার কেমন।
রাণী কন,—আমার উমার, যোগ্য নাইকো উপমার,
কি দিয়ে কই উমা যে আমার এমন॥ ৪৩
চাঁদতো নিশির আঁধার নাশে, আমার চাঁদের তুলনা সে,
হবে না রে, চাঁদ কি লাগে চিতে।
আমার চাঁদের চাঁদ সেই ঈশানী, মনের অন্ধকার-নাশিনী,
তাহার কাছে চাঁদের আলো মিথ্যে॥ ৪৪
পথিক বলে,—দেখেছি মা! মেয়ে একটি অনুপমা,
অনুমানে সেইটি তোমার হবে।
ছেলে একটি অগ্রে করি, ছেলেটির আবার মুখটি করী,
একি অসম্ভব ছেলে ভবে॥ ৪৫
গাটি যেন সিঁদুর-ঘোঁটা, চারিটি হাত পেট্‌টি মোটা,
একবার একবার উঠ্‌ছে মায়ের কোলে।
গজমুখকে ল'য়ে অমনি, চলেন যেন গজগামিনী,
দেখ্‌লে সে রূপ মুনির মন ভুলে॥ ৪৬
গাটি মানুষ মুখটি গজ, না জানি কার অঙ্গজ,
মেয়ের ত গর্ভের ছেলে নয়।
বুঝি পোষ্যপুত্র হবে সে সুত, কিন্তু ছেলের সোহাগ যত,
গর্ভের ছেলের এত কি সোহাগ হয়? ৪৭
আর একটি দেখিলাম পরে, পাছে যাচ্ছে পাখীর উপরে,
তার রূপ বর্ণন করিতে নারি!
বর্ণ বদন [১]কি বলব মা'র,[১] ছেলে যেন রাজকুমার,
মা যেমন রূপে রাজকুমারী॥ ৪৮

* * *

বিল্ববৃক্ষ-মূলে মেনকার গৌরী-দর্শন

মেয়েটির শোভা কেমন, গায়ত্রীর শোভা যেমন,
আদ্য অন্তে দুটি প্রণব ল'য়ে।
ঐ বিল্ববৃক্ষ দেখা যায়, তারা এই মাত্র ঐ পথে যায়,
দেখ গে মা! দ্রুতগামিনী হ'য়ে॥ ৪৯
শ্রুতমাত্র শ্রুতিমূলে, দ্রুত গিয়ে বিল্বমূলে,
অমূল্য ধন করি দরশন।
মুখপানে চেয়ে রাণী, মৃতদেহে পায় পরাণী,
মৃত্যুঞ্জয়-রাণীকে রাণী কন॥ ৫০

* * *

মল্লার[২]—একতালা

ওমা শঙ্করি! আমার স্বর্ণপুরী, ত্যেজে কেন বিল্বমূলে।
কত কেঁদে মলাম উমে! মায়ের কপাল-ক্রমে,
এমন অবোধ মেয়ে, তুমি জন্মেছ কুলে॥
আগে মা! বলে আসিবে, মায়ের দুখ নাশিবে,
মা বলিবে, তুষিবে, বসিবে কোলে।
দুখ পাসরি গো উমা! কোলে আয় মা! ত্যেজে বিল্বমূলে,
যেন কণ্টক বেঁধে না তোর চরণ-কমলে॥
শুন মায়ের কথা কানে, যেখানে সেখানে,
বসো না বসো না ওমা বিমলে!
শিবের বামে বসো মা!
বসো একবার মায়ের কোলে
আর তোর দাস—দাশরথি-হৃদয়-কমলে॥ (৬)[৩]

* * *

বিল্ববৃক্ষের গুণ

শুনি কন জননী, জননী-বিদ্যমানে।
সাধে কি বিল্বমূলে বসি, বশীভূত এখানে॥ ৫১
রত্ন-ঘরে ব'সে, অঙ্গ শীতল হয় না এমন।
বিল্বতল শীতল, ভূতল মধ্যে যেমন॥ ৫২
জগতে বলে—সুগন্ধি চম্পক শতদল।
আমি জানি সৌগন্ধ নাই তুল্য বিল্বদল॥ ৫৩
আমি আর আমার স্বামী, আর দুটি মোর সুত।
আমাদের দল মাত্র বিল্বদলে রত॥ ৫৪

পাঠান্তর: ১-১ কুমার—ক। ২ মল্লার বিভাস—ক। ৩ ক ও খ গ্রন্থে ভাষা ও বিন্যাসে পার্থক্য আছে। মূলতঃ চ গ্রন্থ অনুসরণ করা হইল।

খাস্ত-দ্রব্য বিল্বদল-যোগ[১] যেখানে পাই নে।
অমনি অরুচি হয়, ক্ষীর দিলে তা খাইনে ॥ ৫৫

আসন ক'রে বসেন পতি বিল্বপত্রোপরে।
মোক্ষফল দেন, বিল্বদল পেলে পরে ॥ ৫৬

শুনি উমাকে কহিছে এক গিরিবাসিনী নারী।
কথা সত্য—আমিও বিল্বের গুণ শুনেছি ভারি ॥ ৫৭

বিল্বছাল পাঁচনে লাগে কবিরাজে কয়।
কাঁচা বেল কেটে শুকালে, বেল-শুঁঠ হয় ॥ ৫৮

পুড়িয়ে খেলে কাঁচা বেল গ্রহিণী রোগ দূর।
পাকা বেলের অনন্ত গুণ মধু হ'তে মধুর ॥ ৫৯

রস বিনা কি বশ হয়েছে তব কৃত্তিবাস।
বিল্বপত্র জারক বড় বায়ু-পিত্তনাশ ॥ ৬০

ওগো উমা! মহৌষধি ঐ বেল যদি না রাখত।
তোমার স্বামীর এমন ধারা কান্তিপুষ্টি কি থাক্‌ত ॥ ৬১

ধুতুরা আদি বিষগুলা, সব খান যে অবহেলে।
শীর্ণ হয়ে যেতেন, কেবল জীর্ণ হয় বেলে ॥ ৬২

শুনি আর এক ধনী বলে, ভেবে মলাম আমি।
বিল্ব তুল্য বস্তু নাই, কন তোমার স্বামী ॥ ৬৩

পাক্‌লে বেল, ফলে কিছু ফলে বটে আনন্দ।
পাতাগুলা মাথায় কেন, করেন সদানন্দ ॥ ৬৪

জগতে কেহ পায় না বাছা! পাতায় আবার কি রস।
যাতে রস নাই, তোমার পতি সেই বস্তুর বশ ॥ ৬৫

তোমার পতির বশে যদি লোককে চলিতে হয়।
তবে হয় বড় সুখ, হয় ফেলে বলদ চড়্‌তে হয় ॥ ৬৬

ত্যজ্য করে, ভদ্রাসন ত্যজে ভদ্রগণে।
শ্মশানে গিয়ে বস্‌তে হয়, বীরভদ্রের সনে ॥ ৬৭

এইরূপেতে রসিকতা কথার আলাপন।
নারী পরে চল্‌লো ঘরে আপনা-আপন ॥ ৬৮

* * *

হিমালয়ের গৃহে গৌরী ও মেনকার সোহাগ

মেয়ে পেয়ে রাণীর তাপিত অঙ্গ জুড়াইল।
লয়ে হর-অঙ্গনাকে অঙ্গনে চলিল ॥ ৬৯

বাসে গিয়ে, বাসনা পূরান, বসাইয়ে কোলে।
ক্ষীর সর আনিয়া দেন, বদনকমলে ॥ ৭০

বয়ান পানে চান, আর দুটি নয়ন ভাসে।
মৃদুভাষে ত্রিনয়ন-রাণীকে রাণী ভাষে ॥ ৭১

নগরে আজি কি শুনিলাম, শুন মা শুন মা!
আমি সাধ ক'রে, সাধের নিধির নাম রেখেছি উমা ॥ ৭২

মা চেয়ে কে আদর জানে, একি অসম্ভব।
জগতে কে নানা রূপ নাম রেখেছে তব ॥ ৭৩

* * *

সুরট-মল্লার[২]—একতালা

কে নাম দিলে ত্রিগুণধারিণী।
কে নাম রেখেছে নিস্তারিণী,
বল, মা হ'তে প্রাণ-উমা!
কার কাছে এত মা! হয়েছ আদরিণী।
আমি সাধের উমা নাম রেখেছিলাম,
উমা-গো! আবার আজি শুনিলাম,
ভবের সবে নাকি রেখেছে তোর নাম,
ভবের ভয়-নাশিনী ॥
সুখের তরে তোরে হরে সঁপিছিলাম,
দুঃখে দুঃখে কাল হয় অবিরাম,[৩]
কে দিয়েছে মা! তোর দুঃখহরা নাম,
আমি ত জানি দুঃখিনী।
সদানন্দের ঘরে অন্ন-শূন্য সদা,
কে তোমার নামটি রেখেছে অন্নদা,
[৪]দাশরথি দ্বিজ কাঁপে ভয়ে[৪] সদা,
কে নাম দিল ভব-ভয়-হারিণী ॥ (চ)

* * *

পাঠান্তর: ১ জোগ—ক, খ। ২ ভৈরবী—খ, চ। ৩ অভিরাম—গ, চ। ৪-৪ শুনে দাশরথি ভয়ে কাঁপে—ক।

গণেশ কর্ত্তৃক মহামায়ার মাহাত্ম্য বর্ণন

গণেশ কন মাতামহী! আমার ত মাতা মহী,
স্বর্গ-পাতাল-কর্ত্রী, তা জান না।
তুমি গর্ভে প্রসবিলে, ভ্রমেতে মনে ভাবিলে,
মাতা পিতা তোমরা দুই জনা॥ ৭৪

যা ভেবেছ তাতো নয়, গিরি মায়ের তাত নয়,
মা! নও তুমি, শুধাইও নারদেরে।
যাঁর আদর ক'রে নাম উমা, রেখেছ, উনি জগতের মা,
[১]তোমাকে মা বলেন[১] মায়া ক'রে॥ ৭৫

যাঁর উদরে ব্রহ্মাণ্ড, ধরা প্রভৃতি সপ্তখণ্ড,
বহ্নি বায়ু আদি সমস্ত হয়!
যাঁর মায়ায় মুগ্ধ বিশ্ব, চর্ম্ম চক্ষের অদৃশ্য,
সেও কখন গর্ভে জন্ম লয়॥ ৭৬

মায়ের নাম যে ত্রিগুণধরা, তুমি জান্‌বে কি গুণ দ্বারা,
পিতা আমার নির্গুণ শূলপাণি।
হ'য়ে নয়ন মুদে শবরূপ, দেখেন মায়ের গুণরূপ,
আদর করে নানা রূপ, নাম রেখেছেন তিনি॥ ৭৭

আদরের ধন দেখিলে পরে, পরেও তাকে আদর করে,
জন্ম-অন্ধের কাছে কি গগন-চাঁদের ব্যাখ্যে?
যে কন্যে জন্মিল ভবে, যাঁকে তুমি সঁপেছ ভবে,
তাঁকে তুমি দেখেছ কবে চক্ষে॥ ৭৮

দেখ্‌তে পায় না চরাচরে, চর্ম্ম-চক্ষের অগোচরে,
সদা থাকেন সদানন্দ-রাণী।
শুনি পাষাণী হেসে কয়, উমা! তোমার জ্যেষ্ঠ তনয়,
অবোধ গণেশ কি বলে ঈশানি॥ ৭৯

উমা কন,—জ্যেষ্ঠ তনয়, মাগো! আমার অবোধ নয়,
গণেশ আমার বড় জ্ঞানবান্।
আমাকে আর গঙ্গাধরে, মানুষ ব'লে নাহি ধরে,
মাতা পিতায় তুল্য ব্রহ্মজ্ঞান॥ ৮০

উমার অভিমান

তদন্তরে কন ঈশানী, জানি মা! তোমার নাম পাষাণী,
কাজে পাষাণী আজ কেন মা! হ'লে।
এ যে মিছে আদর ওমা শিখরি!
আমাকে বসিলে কোলে করি,
আমার গণেশ দাঁড়িয়ে ধরাতলে॥ ৮১
ধন জন মা জন্ম কার? তোমার পুরী অন্ধকার,
বংশহীন হয়েছিল কুল।
কন্যা ত মা বংশ নয়, বিধি আমাকে দিল তনয়,
গণেশ তোমার কুল-রক্ষার মূল॥ ৮২
রাণী কন মা! বলা অধিক, প্রাণাধিকের প্রাণাধিক,
গণেশ আমার, তাত আমি জানি।
কি করিব মা! বুঝে না মন, গণেশে মন তোমার যেমন,
তেমনি আমার গণেশ-জননী॥ ৮৩
তুমি একবার শঙ্করি! তব গণেশকে কোলে করি,
বস মা! এই রত্ন-সিংহাসনে।
আনিগে গিরিকে ডেকে, সোনার গাছে হীরে দেখে,
জন্ম সফল করি দুই জনে॥ ৮৪

গৌরীর গণেশ-জননী-রূপ ধারণ

শুনি মায়ের উপাসনা, পূর্ণ করিতে বাসনা,
পূর্ণব্রহ্ম সনাতনী তখন।
কোলে করি করি-মুখে, স্তন দান করিছেন মুখে,
রাণী রূপ করিছেন দরশন॥ ৮৫

* * *

বিভাস—ঝাঁপতাল

বসিলেন মা হেমবরণী, হেরম্বে ল'য়ে কোলে।
হেরি গণেশ-জননী-রূপ, রাণী ভাসেন নয়ন-জলে।
ব্রহ্মাদি বালক যার, গিরি-বালিকা সেই তারা,

পাঠান্তর: ১-১ মহামায়া তোর মা বলেন—ক।

পদতলে বালক ভানু, বালক-চন্দ্রধরা,
বালক ভানু জিনি তনু, বালক কোলে দোলে ॥
রাণী মনে ভাবেন—উমারে দেখি,
কি উমার কুমারে দেখি,
কোন্ রূপে সঁপিয়ে রাখি নয়ন-যুগলে।
দাশরথি কহিছে রাণি! দুই তুল্য দরশন,
হের ব্রহ্মময়ী আর ঐ ব্রহ্ম-রূপ গজানন,
ব্রহ্ম-কোলে ব্রহ্ম-ছেলে, বসেছে মা ব'লে ॥ (ছ)

কাশীখণ্ড

গৌরীর গিরিপুর গমনে শিবের দুরবস্থা

উমা যান শরৎকালে, সপ্তমীর প্রত্যূষকালে,
হিমাচলে, মহাকালের লয়ে অনুমতি।
নাই জ্ঞান-বুদ্ধি সমুদায়, দিয়ে বিদায় মোক্ষদায়,
পড়েছেন মুখ্য দায়, কৈলাসের পতি ॥ ১
তিলার্দ্ধ নাই উৎসব, শক্তি বিনে যেমন শব,
ভুবন অন্ধকার সব, দেখিছেন শোকে।
কোথা শিঙ্গা ডম্বুর, মনে নাই শম্বর,
নয়নের অম্বুর, ধারা পড়িছে বুকে ॥ ২
গলে ছিল হার অস্থির, এমনি চিত্ত অস্থির,
কোথা গেছে নাহি স্থির, রয়েছেন পাসরি।
কোথা ঝুলি কোথা সিদ্ধি, ভুলে গিয়াছেন আত্ম-সিদ্ধি,
কোন কর্ম নাই সিদ্ধি, বিনে সিদ্ধেশ্বরী ॥ ৩
মনে নাই তত্ত্বসার, একবারেতে অতি-অসার,[1]
পড়েছেন দুর্দ্দশার সাগরে ত্রিনেত্র।
ঘরকন্না ঘোর আগুন, তাতে বিচ্ছেদের আগুন,
কপালে জ্বলিছে আগুন, তিন আগুন একত্র ॥ ৪
সুত যার বিঘ্নহর, আপনি বিপদ-হর,
গৌরী বিনে সেই হর, হয়েছেন এমনি।
যেমন প্রাণ বিনে কলেবর, জল বিনে সরোবর,
রাজ্য বিনে নরবর, নেয়ে বিনে তরণী ॥ ৫
ভক্তি বিনে আরাধন, পুত্র বিনে যেমন ধন,
লোকে করে বন্ধন, সে ধন ধরি নে।
বসন্ত মিথ্যা বিনে মিত্র, তারা বিনে যেমন নেত্র,
তেমনি ধারা ত্রিনেত্র, আছেন তারা বিনে ॥ ৬
যেতে গিরি-মন্দিরে, মনোদুঃখে নন্দীরে,
ডেকে কন ধীরে ধীরে, ধীর-শিরোমণি।
ওরে নন্দি! কর শ্রবণ, চল চল গিরি-ভবন,
আর ক্ষান্ত নহে জীবন, বিনা সে তারিণী ॥ ৭

* * *

ললিত[1]—কাওয়ালী

কিসে চলে বল, হিমাচলে চল।
অচল-নন্দিনী বিনে, মোর যে সদা অচল ॥

হারাইয়ে সেই শিবে, যে যাতনা এই শিবে,
এ যাতনা বিনাশিবে, বিনা শিবে কেবা বল।
জানে তা'ত জগজ্জন, ভবানী ভবের ধন,
সে বিনে ভবন বন, জীবন যেন বিফল ॥[2] (ক)

* * *

পাঠান্তর: ১ বিভাস—ক। ২ খ ও ঘ গ্রন্থে ৫ম ও ৬ষ্ঠ চরণ স্থানে ৩য় ও ৪র্থ চরণ এবং ৩য় ও ৪র্থ স্থানে ৫ম ও ৬ষ্ঠ চরণ বিন্যস্ত হইয়াছে।

মহাদেবের গিরিপুরে যাত্রা

নন্দী তবে[১] ত্রিলোচন, মুখে কাতর বচন,
শুনে হেসে কহিছে অমনি।
ইতিমধ্যে এত অচল, এই ত দুদিন অচল,
পুরে গেলেন অচল-নন্দিনী। ৮
উমা নন ত একাকিনী, আর এক মা মোর মন্দাকিনী,
জটার মাঝে করিছেন বিরাজ।
দেখে শুনে লাগে অবাক্, গৃহ-মার্জ্জন অন্ন-পাক,
বৃষকে তৃণ দেওয়া এইত কাজ। ৯
উনি রাখুন অন্ন-দায়, ছয় মাস এখন অন্নদায়,
না আনিলে কি হানি বল শুনি।
বল কৈ কি জন্য খেদ, তুমি ত' বল অভেদ,
গঙ্গা আর গণেশ-জননী। ১০
শিব কন্, তা বটে বটে, আছেন জাহ্নবী জটে,
ম'লে পর কাজ করেন শুনতে পাই।
ভবে[২] মৃত্যু হয় যার, উনি করেন তার উপকার,
পাতকী ব'লে ঘৃণা উঁহার নাই। ১১
যদি কখন মরণ হয়, সাধিব ওঁকে সেই সময়,
কাজ নাই কোন কথায়, মাথায় থাকুন উনি।
লয়ে গেল গিরি যারে, আনিতে সেই গিরিজারে,
চল রে বাছা! ব্যাকুল পরাণী। ১২
হরকে দেখে শোকে কৃশ, অমনি নন্দী আনে বৃষ,
ভস্মেতে ভূষিত করি অঙ্গ।
দিল ব্রহ্মবস্তর, কর্ণে ফুল ধুস্তুর,
হস্তে দেয় মহিষের শৃঙ্গ। ১৩
বৃষ আরোহণ করি, আনিবারে শুভঙ্করী,
ত্রিপুরারি ব্যস্ত হয়ে যান।
দিগ্‌ভ্রম লাগিল ভবে, উত্তরে যাইতে হবে,
চলিলেন ঈশানে ঈশানে। ১৪
নন্দী কয়—একি ভ্রান্ত, জান না হে উমাকান্ত,
কোন্ পথে যাও? এ পথ ত নয়!
কন ভব, ভবের স্বামী, তোরা হয়ে অগ্রগামী,
"বল পথ, কোন পথে হিমালয়"। ১৫

নন্দী কয়, কি শুনিলাম! পথের জন্য শরণ নিলাম,
তুমি পথ দেখাবার কর্ত্তা শুনে।
যে পথে শমন-দায়, যেন[৪] জীব কেহ না যায়,
সেই পথ না দেখাও নিজগুণে। ১৬

আমরা তোমাকে পথ দেখাব, পথের মাঝে আজ[৩] যে ভব,
ভৃত্যের[৬] যে মৃত্যু এ কথায়।
শিব কন, শুন শুন জানাই, তোদের পথে ভয় নাই,
আজি আমাকে পথ দেখিয়ে আয়। ১৭

তারা ঘরে এলে পরে, পথ দেখাবার পথ পাব রে,
ভবে তোরা ভাবিস্ নে বিরুদ্ধ।
তোরা পথ হারাবি নে, আজি কেবল সেই তারা বিনে,
পথ দেখিতে পাই নে, আমার সকল পথ রুদ্ধ। ১৮

* * *

ললিত[৭]—ঝাঁপতাল

নন্দি! গিরিনন্দিনী,—ত্রিনয়নের নয়ন-তারা।
তারা-হারা হ'য়ে আমি, হ'য়ে আছি রে তারা-হারা॥
যে দিন তিন দিন ব'লে, গেছে রে সেই দিন-তারা,
সেই দিনে তখনি আমি, দেখেছি রে দিনে তারা,
তারা-শোকে বহিছে তারায় তারাকারা ধারা॥
ব'সে যোগাসনে সেই তারারূপে,
যারা আছে রে তারা সঁপে,
ওরে নন্দি! তারা কি ধন জেনেছে রে তারা,
তোরা কি এত কাল মিথ্যা ঘরে কাল হরিলি,
জ্ঞান হয় রে জ্ঞান-চক্ষে, মোর তারা না হেরিলি,
জলাভাবে আকুল[৫], সিন্ধু-কূলে থেকে তোরা। (খ)

* * *

পাঠান্তর: ১ কয়—খ, ঙ। ২ তবে—ক। ৩-৩ আমাকে পথ দেখা অবেই হয়—ক। ৪ যেনে—ক। ৫ আকুল—খ, ঙ।
৬ মৃত্যুর—ক। ৭ বিভাস—ক।

নারদ ও মেনকা সংবাদ

ঈশান করি বৃষ-যান, ঈশান ত্যজিয়ে যান,
বৃষ যায় যে পথে হিমালয়।
নারদেরে আকর্ষণ, করিলেন দিগ্বসন,
নারদ আসি বন্দে পদদ্বয়।
হর করেন অনুরোধ, তুমি অগ্রে গিয়ে নারদ!
গিরিপুরে জানাও এই বার্ত্তা।
এই নিশিতে ভগবতী, হ'ন যেন সজ্জাবতী,
প্রত্যূষে করিতে হবে যাত্রা। ২০
প্রণমিয়ে কৃত্তিবাসে, ক্ষণমাত্রে গিরিবাসে,
উদয় হইলেন তপোধন।
আসুন ব'লে, আসন দিয়ে, যত্নে পদ বন্দিয়ে,
গিরি কত করেন সম্ভাষণ। ২১
মুনির আগমন শুনি শিখরী, গিয়ে অতি ত্বরা করি,
প্রণাম করিয়ে পদতলে।
রাণী করি অভিমান, বলেন মুনি-বিদ্যমান,
বয়ান ভাসে নয়নের জলে। ২২
যোগী তাহে দেব-দেহ, শঙ্কা, পাছে শাপ দেহ,
অবলার কথায় করো না হে ক্রোধ।
সোনার বাছা কমলিনী, বাছারে আমার কাঙ্গালিনী,
করিবার মূল তুমি ত নারদ। ২৩
তুমি ক'রে ঘটকালি, দিলে মোর অন্তরে কালি,
এ কালি আর ঘুচাতে নারেন কালী।
যে দুঃখ দিলে মেনকায়, দিও না যেন হেন কায়,
ধ'রে পায় বিনয় ক'রে বলি। ২৪
নারদ কন—এ কি ভুল, শিবের ঘরে অপ্রতুল,
কুবের ভাণ্ডারী আছে যথা!
ঈশান কাঙ্গাল, ওগো পাষাণি!
বলে যদি তোর মেয়ে ঈশানী,
তবে মানি,ঘর বুঝে কও কথা। ২৫
রাণী কয়—শুধাও বৃথা, মেয়েটি মোর পতিব্রতা,
সতী কখন পতির দোষ বলে না।
ও পোড়া-কপাল মেয়ে-গুলো, খায় স্বামীর পায়ের ধুলো,
স্বামীতে যদি দেয় নানা বেদনা। ২৬
মুনি কন—জান না মর্ম্ম, স্বামী কেবল পরম ব্রহ্ম,
খায় চরণ-ধূলা, সে অন্য নারীর পক্ষে।
তোমার মেয়ের নয় সে ধর্ম্ম,
বলেন, তুমিও ব্রহ্ম আমিও ব্রহ্ম,
কখন পতির চরণ-সেবা, কখন চড়েন বক্ষে। ২৭
যা হউক তোমার পঞ্চানন, জামাই দরিদ্র নন,
দরিদ্রের ধন, তিনি গো ধনি!
আছে অতুল ধন অপ্রকাশ, ব্যাঘ্রচর্ম্ম, ত্যজে বাস,
ল'য়েছেন হ'য়ে তত্ত্বজ্ঞানী। ২৮
পঙ্ক-চন্দনেতে তুল্য, মাটি সোনা এক-মূল্য,
পতঙ্গে মাতঙ্গে সম জ্ঞান।
সন্তোষ নাই, খেদ নাই, সুধা গরল ভেদ নাই,
মান অপমান তাঁর সমান। ২৯
ভেক আর সিংহের বল, সাগর গোষ্পদের জল,
উত্তাপ আর শীত[1] তুল্য তাঁর।
ভিক্ষা আর রাজ্য-পদ, তাঁর কাছে তুল্যপদ,
বিপদ্ সম্পদ্ একাকার। ৩০
দেখিয়া হরের দৈন্য, তুমি দুঃখী কি জন্য?
ঘটাতে তোমার চৈতন্য-লাভ।
বহু যতনে চরণে ধ'রে, তব জামাই গঙ্গাধরে,
এখানি আমি ছাড়ায়েছি সে ভাব। ৩১
আর নাই সে বসন, এখন ভূষিত রাজভূষণ,
করলে পরে দরশন, ইন্দ্র হন ক্ষুদ্র।
ক'রেছি তাঁকে ভাল শাসন, আর নাই সে বলদ বাহন,
এখন করলে সম্ভাষণ, জানিবে কেমন ভদ্র। ৩২
ওগো রাণি! শুন শুন, নাই সিদ্ধি-ঘর্ষণ,
আশ্চর্য্য-দরশন, হ'য়েছে হর-কান্তি।
তিনি এখন সুদর্শন[2]- ধারী অপেক্ষা সুদর্শন,
ছিল গুণ অদর্শন, তাইতে তোমার ভ্রান্তি। ৩৩

পাঠান্তর: ১ শীতল—খ, ঘ। ২ সুবসন—খ, ঘ। সুবসন কি?—সম্পাদক

ভালে জ্বলিত হুতাশন, এখন নাই আর কোন দূষণ,
এখন কন্যার অন্বেষণ, ক'রে হবে না কাঁদ্‌তে।
ভব পেয়েছেন সিংহাসন, তব দুঃখ-বিনাশন,
[১]নিত্য জামাই আন্‌তে[১] ॥ ৩৪

* * *

ঝিঁঝিট—ঠেকা[২]

জামাই আর নাই মা! তোর ভিখারী।
কাশীতে রাজ-রাজেশ্বর, তোর মেয়ে রাজরাজেশ্বরী ॥
অন্নশূন্য শুন্‌তে সদা,
কাশীধামে, তোর উমে, এখন অন্নদা,
[৩]অন্ন ভিক্ষা করেন আসি, ব্রহ্মা ইন্দ্র ত্রিপুরারি।[৩]
ইন্দ্র ব্রহ্মা এখন তোমার ব্রহ্মময়ীর আজ্ঞাকারী ॥
রত্নপুরী ক'রেছেন জামাই,
পথে পতন, সব রতন, রত্নে যত্ন নাই,
রত্নাকর হ'য়েছেন দাস, শিবের কুবের ভাণ্ডারী ॥ (গ)

* * *

রাণী করি অভিমান, বলেন মুনি-বিদ্যমান,
প্রত্যক্ষেতে অনুমান তো নাই।
মোরে কি দেহ অভয় আর, ছিল যে দশা অভয়ার,
এবারো তো দেখি সেই দশাই ॥ ৩৫
কাশীতে রাজা হ'লেন হর, আমার মেয়ের দুঃখহর,
তবে তিনি হন না কিসের জন্য।
ভবে যে জন অতি কৃপণ, নিজ স্ত্রীকে প্রাণপণ,
ক'রে করে প্রতিপালন,
নারীর কপালে ধন—নারী তো নয় অন্য ॥ ৩৬
রাজ্য যদি হ'লো তাঁহার, তার মত কই ব্যবহার!
স্বর্ণহার আদি পরিত মেয়ে।
জুড়াইত আমার মন, চতুর্দ্দোলে আরোহণ
ক'রে এবার আসিত হিমালয়ে ॥ ৩৭

অসম্ভব কথা এ যে, অতুল পদে পদব্রজে,
পেয়ে যাতনা—মেয়ে এল যে দেখি।
সোনার বাছা ষড়ানন, ঘোড়া পান না কি কারণ!
রাজার ছেলে শিখি-বাহনে, সে কি ॥ ৩৮
মূষিকে এল করি-বদন, লাজে অধো করি বদন,
থাকিতে ধন এই ধনের এই দশা।
শুনি কন তপোধন, কন্যা তোমার দৈন্য নন,
দৈন্য হ'য়ে শুন যে হেতু আসা ॥ ৩৯
এবার এখানে যাত্রাকালে, নন্দী ব'লেছিল কালে,
মাকে আমরা সাজাই ভূষণ আনি।
শিব কন সাজাবি কারে, ওরে সাজে কি অলঙ্কারে,
মোর কণ্ঠভূষণ ভবানী ॥ ৪০
আমি, পঞ্চ-ক্রোশী ক'রেছি কাশী দিয়ে প্রবাল স্বর্ণ-রাশি,
মণি দিয়ে মন্দির তাবৎ।
মন্দির-বাহিরে হীরে, চিরে দিয়েছি প্রাচীরে,
বেন্ধেছি প্রবাল দিয়ে পথ ॥ ৪১
তোরা কি সাজাবি শুনি, সোনা দিয়ে মোর সনাতনী!
শুনে বড় শোক হয় রে মনে।
একি ভ্রান্ত-মতি হা রে! ওরে সাজাবি মতিহারে,
মতিহারের জ্যোতিঃ হারে যে পদ-কিরণে ॥ ৪২
ভূষণ দিলে পদ্ম-করে, রাহু যেমন সুধাকরে,
তাই হবে, রূপ ঢাকিস্ রে কি জন্যে?
তোমার মেয়ের সুখে সুখী মহেশ, তুমি যে ইথে কর দ্বেষ,
রাণি! কি তুমি, চেননা নিজ ক'ন্যে ॥ ৪৩
উমা যে এলেন তব বাস, বেঁধে কেশ প'রে বাস,
এ না থাকিলেও নন হতমানিনী।
এলোকেশে ত্যজে বসন, করাল-বদন বিকট-দশন,
কখন কখন নৃত্য করেন উনি ॥ ৪৪
সে রূপ দেখে দেবদলে, পূজেন চরণ বিল্বদলে,
ভক্তের নয়ন গলে প্রেমে।
মহামায়া জগতের মা, মায়া ক'রে কন তোমারে মা,
তুমি দৈন্য ভাবো কন্যাভ্রমে ॥ ৪৫

পাঠান্তর: ১-১ এখনি পারবে জানতে—ক। ২ মধ্যমান—ক। ৩-৩। এই চরণটি খ ও ঘ গ্রন্থে নাই।

কাশীতে রাজত্ব পেয়ে, পদব্রজে এলেন মেয়ে,
সার তত্ত্ব শুন বলি তোমায়।
যাত্রাকালে তারা হন, চতুর্দোলে আরোহণ,
পথে এসে পড়েন ভক্তের দায়। ৪৬
ধরণী বলে কাঁদিয়ে, মোর অঙ্গে না চরণ দিয়ে,
তুচ্ছ করে উচ্চ পথে কোথা যাও তারিণি!
নানাবিধ পাতকী-ভার, গ্রহণ জন্য আমায় ভার,
দিয়েছ মা ভূভারহারিণি। ৪৭
আর তো সহিতে নারি ভার, বাঞ্ছা ছিল—চরণে তার
দিব একবার পেলে চরণ অঙ্গে!
দিলে না চরণ—ডুবিলাম, ভূভারহারিণী-নাম,
তোমার ডুবিল আমার সঙ্গে। ৪৮

* * *

সুরট[১]—একতালা[২]

আমারে চরণ, কেন বিতরণ,
কর্‌লি না মা! ব'লে কাঁদে ধরণী।
তাইতে অতুল পদ, থাকতে—ধরায় পদ,
দিয়ে এলেন মোক্ষপদ-দায়িনী।
ভবে এসে নানা যন্ত্রণা যে পায়,
অনুপায় ঘটে বিধির অকৃপায়,
তোর মেয়ের ঐ পায়, ধর্‌লে পায় উপায় পাষাণি গো!
ওতো পা নয়, পাতকী-পারের তরণী!
কল্পতরু-তুল্য চরণ-বিতরণ,
ত্রিভুবন প্রতি কৃপাবলোকন
কি জানি কেমন অদৃষ্টের লিখন,
দাশরথি তরে নয়নে দেখিলে তোয় ত্রিনয়নি। (ঘ)

* * *

গিরিপুরে মহাদেবের আগমন

গিরিরাজ-রমণীর, সঙ্গে নারদ-মুনির,
কোলাহল হয় রাণীর, এমন সময়।
বৃষোপরে শঙ্কর, সঙ্গে সব কিঙ্কর,
উপনীত গুণাকর, হ'লেন হিমালয়। ৪৯
কাশীধামে রাজা রব, গৌরীনাথের গৌরব,
অনন্ত সৌরভ, সুখী সকলে শুনে।
রমা রাই রতনমণি, গিরিপুরে যত রমণী,
হর দেখ্‌তে যায় অমনি, হরষিত মনে। ৫০
দেখিয়ে হরের বেশ, যে বেশে পুরে হয় প্রবেশ,
এক ধনী কয় ছিছি মহেশ, রাজা কে রটায় লো।
হতো যদি রাজটীকে, তবে মেনকার মেয়েটিকে,
এবং সোনার ছেলে দুটীকে, হাঁটিয়ে পাঠায় লো। ৫১
কিন্তু দেখিনে রাজার নিশান, কোথা জয়ঢাক ডঙ্কা নিশান,
বলদে চাপিয়ে ঈশান, সেই ভাব তাবৎ লো।
যেমন মূর্ত্তি অদ্ভুত, সঙ্গে সব সেই ভূত,
যেমন দেখিছ ভূত, তেম্‌নি ভবিষ্যৎ লো। ৫২
বিবাহ-কালে দেখেছ কাল, এখন কালের সেই কাল,
দর্প করে সেই কাল-সর্পগুলো গায় লো।
সেই ডম্বুরের ধ্বনি, দেখে এলাম গুলো ধনী!
সেইরূপ কুল কুলধ্বনি হরের জটায় লো। ৫৩
শুনিলাম রাজবেশে আসা, আছে আড়ানি-শোটা আশা,
গিয়েছিলাম বড় আশা, ক'রে দেখ্‌তে তায় লো।
সেই তাল সেই বেতাল, নাচ্ছে আর দিচ্ছে তাল,
এক দণ্ডে সাত তাল, বয়ে যাচ্ছে কত তাল লো। ৫৪
সেই বলদ আছে বাহন, সেই ব্যাঘ্রছাল বসন,
সেই কপালে হুতাশন, সেই ভস্ম গায় লো।
মত্ত সেই সিদ্ধি-পানে, সেই ধুস্তুরার ফুল কানে,
সেইরূপ রাগ তাল মানে,
সেই রামের গুণ সদাই গায় লো। ৫৫
এইরূপ রমণী ভাষে, নিরখিয়ে কৃত্তিবাসে,
হেন কালে হর গিরিবাসে, তারা ব'লে ডাকেন ত্বরান্বিত।
সঙ্গে ল'য়ে দুটি বালকে, ত্রিলোক-মাতা অতি পুলকে,
নিকটে গিয়া হন উপনীত। ৫৬

পাঠান্তর: ১ বিভাস—ক। ২ কাওয়ালী—গ, ঘ।

হর কন, কি চমৎকার, আমার ঘর অন্ধকার,
দেখি আমি অন্ধকার, তারিণি! তোমা বিনে।
আছি মাত্র শবাকার, বুদ্ধির হলো বিকার,
সাকার বস্তু নিরাকার, সদা দেখি নয়নে ॥ ৫৭

* * *

মেনকার নিকট গৌরীর বিদায়-প্রার্থনা

এইরূপে কন ত্রিলোচন, শুনি কাতর বচন,
তারার তাপে লোচন, লাগিল ভাসিতে।
তত্ত্বময়ী সত্বরে, বিদায় লইবার তরে,
মায়ের কাছে গিয়ে কাতরে, লাগিলেন কহিতে ॥ ৫৮
বাসনা ছিল এই বার, কিছু দিন থাকিবার,
সে প্রতিজ্ঞা রাখিবার, নাহিক শকতি।
দেখি নিশা-অবসান, ব্যস্ত হয়েছেন ঈশান,
সুখে রাখেন দুঃখে রাখেন, তিনিই আমার গতি ॥ ৫৯
মোরে আজ্ঞা দিবেন শিব, বৎসরান্তে আবার আসিব,
তিন দিন সুখে ভাসিব, এ যাত্রা আমায়।
বিদায় দে মা! শীঘ্র করি, এই কথা শুনে শিখরী,
দীর্ঘ নিশ্বাস ত্যাগ করি, রাণী পড়িলেন ধরায় ॥ ৬০

* * *

ঝিঁঝিট[১]—একতালা

প্রাণ-উমা!
মাকে কোন্ প্রাণে মা!
বল্লি আমায় বিদায় দে মা।
পারি প্রাণকে বিদায় দিতে, তোয় নারি পাঠাতে,
প্রাণ-উমার কাছে কি প্রাণের উপমা ॥
সে দিন করি কত রোদন, হরের ঘরের বেদন,
তুই যে আমায় কত জানালি মা!
তাকি নাই মা! মনে, হেরি নয়নে, তোমার ত্রিনয়নে,
সে ভাব ভুলেছ ভুলেছ হর-মনোরমা ॥ (ভ)

* * *

জগৎমাতা প্রবোধিয়ে যত মাতাকে কন।
হররাণীর বাক্যে রাণীর, তত ঝোরে নয়ন ॥ ৬১
কয় শিখরী, ও সুন্দরি! বালিকা ছিলে যখন।
মায়ের মায়া, মহামায়া! বুঝিতে না তখন ॥ ৬২
এখন সন্তানের মা, হয়েছ উমা! জানতে পারিছ তা তো।
সন্তানকে সদা না দেখে, সন্তাপ যে কত ॥ ৬৩
দুটি বালককে দুদিন রেখে, যাও মা হরকান্তে!
মায়ের মন, কাঁদে কেন[২], তবে পার[৩] মা জান্তে ॥ ৬৪

* * *

সন্তানের মায়া অতুলনীয়

সন্তানের তুলা মায়া নাই, সে কেমন—
শশীর তুল্য রূপ নাই, কাশীর তুল্য ধাম।
প্রেমের তুল্য সুখ নাই, রামের তুল্য নাম ॥
রোগের তুল্য শত্রু নাই, যোগের তুল্য বল।
ভক্তির তুল্য ধন নাই, মুক্তির তুল্য ফল ॥
ভজন তুল্য কর্ম্ম নাই, গঙ্গা তুল্য জল।
বিপ্র তুল্য জাতি নাই, সর্প তুল্য খল ॥
পবন তুল্য গমন নাই, রাবণ তুল্য দাপ।
মরণ তুল্য শঙ্কা নাই, হরণ তুল্য পাপ ॥
গরুড় তুল্য পক্ষী নাই, শুকের তুল্য মুনি।
বধির তুল্য অধম নাই, কোকিল তুল্য ধ্বনি ॥
স্বর্ণ তুল্য ধাতু নাই, কর্ণ তুল্য দাতা।
ইষ্ট তুল্য দেব নাই, কৃষ্ণ তুল্য কথা ॥
তরী তুল্য বাহন নাই, করী তুল্য দন্ত।
মানব তুল্য জনম নাই, প্রণব তুল্য মন্ত্র ॥
ভজন তুল্য কর্ম নাই, সুজন তুল্য জন।
দৈন্য তুল্য বিপদ্ নাই, পুণ্য তুল্য ধন ॥
পদ্ম তুল্য পুষ্প নাই, শঙ্খ তুল্য নাদ।
মরণ তুল্য গালি নাই, চোরের তুল্য বাদ ॥
শ্রবণ তুল্য অসুখ নাই, পীযূষ তুল্য রস।
মায়ের তুল্য আপন নাই, দাতার তুল্য যশ ॥

পাঠান্তর: ১ মঙ্গল বিভাস—ক। ২ কেমন—ক। ৩ পারবে—ক।

শঠ তুল্য কুজন নাই, বট তুল্য ছায়া।
সাত্বিক তুল্য কর্ম নাই, কাত্তিক তুল্য কায়া।
তেম্‌নি সন্তানের তুল্য মায়া নাই, মা মহামায়া।[অ]

* * *

যত যাতনা জানে মায়, সন্তানে কি জানে তায়,
আমায় ত্যজে তুমি যাবে তারা!
কহিছে তারায় বহিছে তারায়,
তারাকারা ধারা ॥ ৭৬
তখন ঈশান, হইয়ে পাষাণ, পাষাণ-পাষাণীরে।
গৌণ কেন. ঘন ঘন ডাকেন ঈশানীরে ॥ ৭৭
ভবের বাণী, শুনি ভবানী, অমনি ত্বরা করি।
আনেন ডেকে, দুটি বালকে, ত্রিলোকের ঈশ্বরী ॥ ৭৮

* * *

মেনকা ও হিমালয়

দেখে সঙ্কট, গিরির নিকট, রাণী যায় সত্বরে।
উপনীত আছেন নাথ, নিদ্রিত যে ঘরে ॥ ৭৯
রোদন-ধ্বনি, শুনি অমনি, গিরিবর জাগিল।
শিরে করাঘাত, রাণী বলে নাথ! সব সাধ ফুরাল ॥৮০
এলেন কাল, হ'য়ে কাল, আজি যে আমার বাসে।
ভুবন আঁধার, ক'রে আমার, উমা যায় কৈলাসে ॥ ৮১

* * *

বিভাস—ঝাঁপতাল

গিরি! যায় হে ল'য়ে হর, প্রাণ-কন্যা গিরিজায়।
পার তো রাখ প্রাণের ঈশানী,
বাঁচে পাষাণী, গিরি! যায়।
রবে কুমারী, হবে গিরি! আশু পূর্ণ মানস,
দিয়ে বিল্বদল যদি, আশুতোষে আশু তোষ,
হবে যাতনা দূর, দুঃখহর হর-কৃপায়।
নাথ! হর-চরণে যদি ধর, দোষ নাই হে ধরাধর!
চরণে ধ'রে তুমি হে নাথ! দিলে কন্যা যায়।
[১]ধরাতে ধরিলে পদ, হরেন অনেকের আপদ,
মোর বচন ধর হে নাথ! ধর গঙ্গাধর-পায়!
ধরাতে গুণ গরে যদি ঐ পদ ধরায় ॥[১]

নাথ! কিসে যাবে আর এ বেদন,
ভিন্ন হর-আরাধন, রাখিতে ঘরে তারাধন,
নাহি অন্য উপায়
ম'জে অসার সম্পদে, হর-পদে না সঁ'পে মতি,
কেন মুক্তি-কন্যা, তুমি হারা হও দাশরথি!
কি হবে! কা'ল এলো!
আজি কি কালনিশি পোহায়। (চ)

* * *

গিরি কয়, কি ক'র্‌ব রাণি! করিলে প্রকাশ, কাঁদে পরাণী।
বিদায় করিতে উমা-চাঁদে।
পুরুষের যেমন ধৈর্য্য মন, তোমাদের তা নয় তেমন,
অবলা বড় উতলা, তেঁই কাঁদে ॥ ৮২

হরের চরণ ধর্‌তে বল, ক্ষতি নাই ধরি গে চল,
কিন্তু রাণি! বাঞ্ছা যেই জন্য।
বরং মুক্তি দিবেন চরণ ধ'র্‌লে, উমা রেখে যাও ব'ল্‌লে,
ও কথাটি করিবে না হে মান্য ॥ ৮৩

তাঁর সনে বাদ-অনুবাদ, করায় কেবল অপবাদ,
[২]অপরাধী হলে পরে[২] অপার।
জামাই আমার ত্রিলোচন, করেন যদি কোপ-লোচন,
বিমোচন করা অতি ভার ॥ ৮৪

রাগিলে পরে ভূতনাথ, ভূতে করিবে সব নিপাত,
দক্ষের দশা শুন নাই কি রাণি!
মান বাড়ায়ে দিয়েছেন অতি, জামাই হ'য়ে পশুপতি,
পশুমুণ্ড শ্বশুরকে দেন উনি ॥ ৮৫

পাঠান্তর: ১-১ এই অংশ গ, ঘ গ্রন্থে নাই। ২-২ অপরাধ হয়ে বসে—ক।

উনি ভদ্রের উপর ভদ্র, যেখানে দেখেন অভদ্র,
সেই খানেই পাঠান বীরভদ্র।
উনি অভদ্র ঘটান যখন, ভদ্রকালী মাকে তখন,
ডাকিলে পরে, কিছুতেই নাই ভদ্র। ৮৬
মদনমোহনের ছেলে মদন, রঙ্গ ক'রে উঁহার সদন,
হান্‌তে গিয়ে বাণ, হারালেন প্রাণ।
কুলের যদি চাও কুশল, করো না কোন অকৌশল,
ও পাষাণি! সাবধান সাবধান। ৮৭
শুনে তত্ত্ব, হলো ভয়, সঙ্কট হলো উভয়,
রাণী কন নারীগণে ডাকিয়ে।
আছে যেমন পূর্ব্বাপর, রজনী প্রভাত হ'লে পর,
পাঠাব মেয়ে, বল্ না তোরা গিয়ে। ৮৮

* * *

শিব ও পুরনারীগণ

শুনি কথা রাণীর অধরে, অমনি গিয়ে গঙ্গাধরে,
ব্যঙ্গ ছলে বলে যত রমণী।
শ্বশুরবাড়ীতে দুদিন বাস, ভাল বাস না, কৃত্তিবাস!
তুমিতো ভাল রসিক-চূড়ামণি। ৮৯
জামাই আদরের ধন, জগতে করে আরাধন,
কন্যা দিয়ে পুত্র লাভ হয়।
জামাই ঘরে এলে যেমন, উল্লাস শাশুড়ীর মন,
গুরু এলে তার শতাংশ ত নয়। ৯০
রাণী দিবে যৌতুক, আমরা দুটা কৌতুক
করিব, মনে আশা ক'রে থাকি।
তোমাকে ষষ্ঠীর কালে, জ্যৈষ্ঠ মাসে আন্‌তে গেলে,
যষ্টি ল'য়ে মার্‌তে এসো নাকি। ৯১
অধিক বলিতে শঙ্কা করি, রাণীর মেয়ে শঙ্করী,
ভগ্নী আমাদের, বলি সেই সাহসে।
এসেছ, ল'য়ে যাবে ত তারা, বর্ষে বর্ষে যেমন ধারা,
তেম্‌নি ধারা যাবেন তোমার বাসে। ৯২

নিশি ত রয়েছে শশিধর! ঐ দেখ হে শশধর
গগনে আছে, হয় নাই তো অস্ত।
অস্তাচলে চন্দ্র বসুক, উদয়-গিরিতে রবি আসুক,
থাক্‌তে নিশি, এত কেন হে ব্যস্ত। ৯৩
হর কন দিয়ে প্রবোধ, আমি নই হে এত অবোধ,
তবে, যাব না রেতে, প্রভাতেই যাব।
থাকিতে নিশি ব্যস্ত হর, তা'তেই দেখ দুই প্রহর
বেলা হ'লে কালি উমাকে পাব। ৯৪

কাঁদিতে কাঁদিতে বাঁধিতে কেশ, খাওয়াইতে ক্ষীর সন্দেশ
নিকটে শেষ করে দিবেন শিখরী।
দরিদ্র জামাই সেই ত সাজে, গৌণ করে রন্ধন কাজে,
সন্ধ্যাকালে আমি যে ভোজন করি। ৯৫

এইরূপে কন ত্রিলোচন, রাণী শুনতে পান বচন,
থাকিতে নিশি যাবেন না হর তবে।
ভাসিছে নয়ন নীরে, রাণী বলিছে রজনীরে,
রজনি! আজি মোরে রাখ্‌তে হবে। ৯৬

আমারে নিদয়া হইও না, দোহাই শিবের, পোহাইও না,
রজনি রে! বলি যে পায়ে ধরি।
আজ তুমি পোহালে নিশি! হবে আমার দিনে নিশি,
প্রাণ-কুমারী বিনে প্রাণে মরি। ৯৭

* * *

ললিত-ভৈঁরো[1]—একতালা

ওরে রজনি! আজি তুই পোহালে এ প্রাণান্ত।
ব'ধে আমায়, প্রাণের উমায়, ল'য়ে যাবেন উমাকান্ত।
রবির উদয়, হ'লে নিদয়, হর করেন সর্ব্বস্বান্ত।
মোরে নিদয়া, মহামায়া, মায়ের মায়ায় হবেন ক্ষান্ত।
দেখে কান্ত ত্রিলোচনে, ধারা উমার ত্রিলোচনে,
ত্রিলোচনী আমার ত্রিলোচনের নিতান্ত।

পাঠান্তর: ১ রামকেলি—খ, ঘ।

উমা আমার, আমি উমার, সেত আমার মনোভ্রান্ত।
কিন্তু মনে যদি মানে বে, না মানে ত্র্যনয়ন ত। (ছ)

* * *

মহাদেবের কৈলাস-যাত্রার আয়োজন

রাণী করিছে পোহাতে বারণ, কাল কহিছে, কাল হরণ
করো না, নিশি! পোহাও শীঘ্রতর।
অচল-রাণীর কথা কি চলে, শিবের বচনে ভুবন চলে,
উদয়াচলে উদয় দিনকর। ৯৮
শিবের কাছে যত যুবতী,[১] গিয়েছিলে [২]সব রসবতী,[২]—
ফিরে গিয়ে গিরিরাণীকে কয়।
যেতে সেই শিব-নিকট, ভেবেছিলাম যে সঙ্কট,
ওগো রাণি! কিছুই তাতো নয়।৯৯
তখন বুঝি তাঁর বয়েস নব্য, এখন দেখিলাম ভাল ভব্য,
তাঁরে কাব্য-ছলে আমরা কত।
বলেছি কথা শক্ত শক্ত, হতেন যদি রাগাসক্ত,
তা হ'লে ত শক্ত দায় হতো। ১০০
এখন আমরা করি অনুমান, তুমি তাঁর বাড়িয়ে মান,
থাকৃতে বললে এইখানেতেই থাকেন!
খান বুষে, খান বিষ, দেখে কর বিষ-বিষ,
তিনিও তাতেই বিষ-নয়নে দেখেন। ১০১
রাণী কন আমার পুরে, বাস করা থাকুক দূরে,
হাড়মালা আর ব্যাঘ্রচর্ম্ম ফেলে।
এই পট্টবস্ত্র রত্নহার, করেন তিনি ব্যবহার,
তোরা যদি পারিস্ লো সকলে। ১০২
রমণী অহঙ্কার করি, বলে, হার আন শিখরি!
বাস দাও—পরাব কৃত্তিবাসে।
রাণী দিল বসন মালা, গিরিবাসিনী কুলবালা,
গিরিবালার পতির কাছে এসে। ১০৩
বলে—বস্ত্র পর হে হর! এই যে মুনির মনোহর,
মণিহার পর হে ফণিহারী!

শিব কন—এম্‌নি হার, আমার কোন পুরুষে নাই ব্যাভার,
ত্যজ্য ক'রে কুলাচার, অত্যাচার কর্‌তে আমি নারি। ১০৪
মুড়িয়ে জটা কেশ রাখা, ছাই ফেলে চন্দন মাখা,
হাড়-মালা ফেলে মণিহার!
ডেকে তোমরা আন উমারে, তিনি যদি কন আমারে,
তবে কর্‌তে পারি ব্যবহার। ১০৫
হেসে বলে যত যুবতী, আজ্ঞা করেন পার্ব্বতী,
তবে হার পরিবে গুণমণি।
হবে ব্রহ্মজ্ঞান তাঁর কথা, তোমার গণেশের মাতা,
মন্ত্রদাতা গুরু নাকি তিনি। ১০৬
শিব কন—শুনলে মিষ্ট, বটেন গুরু, বটেন ইষ্ট,
ভবে কেবল ভবের ঐ ভবানী।
আর কে আছে কর্ণধার, উদ্ধারিতে মূলাধার
মধ্যে উনি কুলকুণ্ডলিনী। ১০৭
তাঁহাকে যে ভাবে নারী, তাকে আমি দেখ্‌তে নারি,
যা হউক তার ভগ্নী তোমরা যদি হবে।
তবে কেন অমান্য ক'রে, সামান্য হার এনে মোরে,
ধনি! তোমরা সাজাতে এলে সবে। ১০৮
যে রত্নহার অভিলাষী, হ'য়ে আমি এখানে আসি,
আমারে যদি সাজাবে কুলবালা।
শীঘ্র এনে দাও হে ধনি! সেই সোনার বরণ সনাতনী,
নীলকণ্ঠের সেই কণ্ঠমালা। ১০৯
উমা বিনে উমাকান্ত, কাতর জেনে একান্ত,
গিরিরাণীকে বলে যত নারী।
যাত্রা কর্‌তে তনয়ার, বিলম্ব করো না আর,
ভবের দুঃখ আর সহিতে নারি। ১১০
যেমন পাতকী প'ড়ে ভবসাগরে,ভবানী ব'লে ডাকে কাতরে,
সেইরূপ হয়েছেন ভব ভব-কর্ণধার।
কেঁদে বলেন বারে বারে, পাঠাতে জগদম্বারে,
ধনি! যেন বিলম্ব হয় না আর। ১১১
নারীর কথায় গিরি-নারী, চক্ষে রেখে চক্ষের বারি,
বলে, মা! তবে সাজা গো উমাচাঁদে।

পাঠান্তর: ১ রমণী—ম, ক। ২-২ তারা অমনি—খ, গ।

অনুমতি পেয়ে রাণীর, এক ধনী তারিণীর,
কেশরজ্জু দিয়ে কেশ বাঁধে ॥ ১১২
রাণীর মনোরঞ্জনে, সাজাইতে নির্জ্জনে,
এক ধনী অঞ্জন লয়ে যায় ।
ব'লে হর-সুন্দরী, গেল নরসুন্দরী,
অলক্ত পরাতে দুটি পায় । ১১৩
চরণ দেখে তারিণীর, নাপিতের ঘরণীর,
ধরে না নীর নয়ন-যুগলে ।
কেঁদে[1] বলে মেনকায়, মাগো! মেয়ে বল কায়,
মহামায়া তোরে মায়া ক'রে মা বলে ॥ ১১৪

* * *

ঝিঁঝিট[২]—ঠেকা[৩]

কারে মেয়ে বল পাষাণি !
আমার মা, এ জগতের মা,
তোর মা, মা ! এই তোর ঈশানী ॥
একবার এসে দেখ মা ! পদ,
এ সম্পদ, হবে জ্ঞান যেন বিপদ,
হের্‌লে মেয়ের পদ, ব্রহ্মপদ তুচ্ছ হবে রাণি ॥
পদ ব্রহ্মারও দুর্লভ, দাশরথি সাধ করে ঐ পদ লব,
বামন সাধ করে, সুধাকরে করে ধ'রে আনি ॥ (জ)

* * *

কহিছে নরসুন্দরী, মেয়ে তোমার বিশ্বোদরী,
হাস্য কবি তারে শিখরি ! করিলে অমান্যে ।
মহামায়ায় পাসরিয়ে, সার বস্তু না ধরিয়ে,
অসার জ্ঞানেতে দেখে কন্যে ॥ ১১৫
হরি যেমন গোপকুলে, জন্ম ল'য়ে সেই গোকুলে,
ব্রহ্মাণ্ড বদনে দেখান যাকে ।
চিনেছিল চিন্তামণি, তিল মধ্যে ভুলে[৪] অমনি,
নবনীচোর ব'লে যশোদা ডাকে ॥ ১১৬

যখন চেতন তখনি পতন, শশী পূর্ণ[৫] চেতন রতন
মায়া-রাহুতে ধ'রে আঁধার[৬] করে ।
কর্‌তে এই মায়া জয়, মৃত্যুঞ্জয়ী মৃত্যুঞ্জয়,
পরাজয় মেনেছেন অন্তরে ॥ ১১৭

* * *

উমা ও মেনকা

তখন গণেশেরে কোলে করি, কেঁদে কেঁদে কয় শিখরী,
বাঁচা রে বাছার বাছা ! মোরে ।
কাঁদিয়ে চল্‌লো মহেশ্বরী, তোকে পেলেও শোক পাসরি,
তুমি এবার থাক আমার ঘরে ॥ ১১৮
কোলের ছেলে ষড়ানন, মা ছেড়ে থাকিবার নন,
তুমি এখন থাকিলে থাকিতে পার ।
মরি মরি রে, করিমুখ ! হর মম মনোদুখ,
এই কথাটি অঙ্গীকার কর ॥ ১১৯
গণেশ বলেন আয়ি ! মায়ের পদ সদা ধ্যায়ি,
মাতৃ-আজ্ঞা বিনে কেমনে থাকি ।
গণেশের এই বাণী, শুনিয়ে তখনি রাণী,
কাতরেতে উমাকে কন ডাকি ॥ ১২০
দুগ্ধ দিয়ে প্রতিপালন, করেছি তার প্রতিপালন,
তুমি কিছু কর মা শঙ্করি !
যদি শোকে না মজাও, গণেশেরে রেখে যাও,
এবার এখানে দয়া করি ॥ ১২১
বিশ্বমাতা কন, মাতা ! গণেশ হতেই বাঁচে মাথা,
আমার ঘরে কি আছে না আছে ।
এ কথাত হর কন্ না, এখন আমার ঘর-কন্না,
সকল ভার গণেশ লয়েছে ॥ ১২২
জামাই তোমার খান সিদ্ধি, ইদানী হয়েছে বুদ্ধি,
সিদ্ধি সিদ্ধি বই নাই বদনে ।
সিদ্ধি কে যোগাবে মাতা ! এই ছেলেটা সিদ্ধিদাতা,
এরে আমি রেখে যাই কেমনে ॥ ১২৩

পাঠান্তর : ১ ডেকে—খ, ঘ। ২ ললিত—খ, ঘ। ৩ মধ্যমান—ক। ৪ ভুলে—খ, ঘ। ৫ পূজ্য—খ, ঘ। ৬ গ্রাস—ক।

গণেশের কোন দোষ নাই, রোষ নাই—দ্বেষ নাই,
বেশ নাই—সবাই বলে বেশ।
তোর ছোট নাতি হাতী চায়, গণেশ আমার মুষিকে যায়,
মান অপমান সমান, আমার গুণের গণেশ ॥ ১২৪
পুত্র-যশ বড় রস, ভুবন হয়েছে বশ,
আমার গণেশের অনুরাগে।
যাগ যজ্ঞ জগজ্জন, করে যখন আয়োজন,
আমার গণেশকে দেয় আগে ॥ ১২৫
ধন্য ধন্য হয়েছে ক্ষিতি, ছেলের এম্‌নি সুখ্যাতি,
নাম ক'রে কেউ পথে যদি চলে।
আমার বাছার নামের ফলে, যা-বাসনা তাই ফলে,
এমন ছেলে মোর রেখে গেলে কি চলে ॥ ১২৬
শুনি রাণী যাতনা পায়, বলে বুঝি অনুপায়,
তারা! মোর হৈল অন্তকালে।
ওমা প্রাণের উমা! শুন, ও চাঁদবদন দরশন,
আর বুঝি মোর না ঘটে কপালে ॥ ১২৭
শোকে শোকে তনু ক্ষীণ, অনুমান অল্প দিন,
বেঁচে আছি বৎসর না যায়।
সম্বৎসর পরে শিবে, মা দেখ্‌তে তুমি আসিবে,
আর তো আশা পূরে না সে আসায়[1] ॥ ১২৮
ছিল এক পুত্র সেও নিধন, দেখে কেবল তোর চাঁদবদন,
সংসারে রয়েছি এই মাত্র।
যদি বৎসরের মধ্যে মরি, তুমি কি এসে শঙ্করি!
অন্তকালে করিবে আমার তত্ত্ব ॥ ১২৯
কণ্ঠাগত হবে জীবন, কে এনে জাহ্নবী-জীবন,
জীবন-উমা! কে দিবে বদনে।
তরিবার কই তরণী, কে করিবে বৈতরণী,
তোমা বই তো দেখিনে নয়নে ॥ ১৩০
বল মা! তখন আছে মা কে, নিস্তারিতে তোর মাকে,
কানে দেয় তুলসীপত্র তুলে।
কিসে থাকিবে পরিণাম, তখন এসে হরিনাম,
কে মোর শুনাবে কর্ণমূলে ॥ ১৩১
রবিপুত্র দরশন, দিয়ে কেশ আকর্ষণ,
ওগো তারা! করিবে যখন মোর।
কারে ডাকি, কে আছে কুত্র, আর নাই কন্যা পুত্র,
ভরসা তারিণি! মাত্র তোর ॥ ১৩২

* * *

ললিত[2]—একতালা

আর সুতা নন্দন, নাই মা! সবে ধন,
ভবের মাঝে কেবল তুই ভবদারা!
আর, মা হও নিদয়া, দান ক'রে এ দয়া,
নিদান-কালে তত্ত্ব ক'রো মা তারা ॥
সে কালেতে যদি সে কাল তোমায়,
সাধেন বাদ যদি না দেন বিদায়, তবে তাঁর পায়,
ধ'রে তার উপায়, ক'রো গো মা!
যেন তারা দেখে মুদি নয়নের তারা ॥ (ক)

* * *

গিরিপুরে একাসনে হরগৌরী

এই রূপে কাঁদিছে রাণী, অভয়া অভয়বাণী,
দিয়ে দুঃখ করেন ভঞ্জন।
ক্ষীর সর ল'য়ে ত্বরায়, রাণী গিয়ে দেন তারায়,
তারা কন মা! এ আদর কেমন ॥ ১৩৩
আগে গণেশে তুষিবে, তবে দিবে মোর শিবে,
তোর শিবে গ্রহণ করিবে তবে।
রাণী কন,—খেতে সর, ডাকিলে কি আসিবেন হর,
ভবানি! বড় ভয় হয় মা ভবে ॥ ১৩৪
[3]নারীগণ রাণীকে[3] বলে, হারা হয়েছ[4] বুদ্ধি বলে,
তুমি শাশুড়ী সবার চেয়ে মান।
তুমি একবার ডাকিলে তাঁকে,
নেচে আসিবেন তোমার ডাকে,
মহাপাতকী ডাকিলে তিনি যান ॥ ১৩৫

পাঠান্তর: ১ আশায়—খ, গ। ২ বিভাস—ক। ৩-৩ সকল রমণী—ক। ৪ হয়েছে—ক।

রাণী ডাকেন মহেশ্বর! এস বাছা! ক্ষীর সর,
কর ভোজন, শুনি রব শ্রবণে।
মহা-তুষ্ট মহাকাল, দুখের কাল সুখের কাল,
রাণীর অমনি হইল ভবনে। ১৩৬
পুন কয় রমণী সব, আহা মরি কি উৎসব!
রাণি! আজি মনের দুঃখ হর।
বড় বাসনা হয়েছে মনে, হর-গৌরী একাসনে,
বসায়ে বরণ তুমি কর। ১৩৭
শুনি রাণী আনন্দ-ভরে, কন্যা আর চন্দ্রধরে,
বসান রত্ন-সিংহাসনোপরি।
গিরিপুরে কি আনন্দ, বসিলেন সদানন্দ,
আনন্দময়ীরে বামে করি। ১৩৮

* * *

[১]ঝিঁঝিট—একতালা[১]

গিরি-ধামে গুণধাম-বামে ত্রিগুণধারিণী।
বসিলেন হর, ভুবন-মনোহর,
যেন হিরণ্য-জড়িত হীরক-মণি॥
কহিছেন শিখরী, হরকে করি বিনয়,
এমনি রূপ দেখাতে আবার যেন দয়া হয়, দয়াময়!
রাণী কয় আর নয়ন ভাসে, মরি রে!
আবার এমনি এসে, যুগল বেশে, ব'স হরঘরণি॥
বলতে গৌরীরূপ আর হর-রূপের বাণী,
বাণীর হরে বাণী, হলো পঞ্চাশ বর্ণ বিবর্ণ,
অতি বর্ণ জ্ঞান-হীন, দাশরথি কেন,
ও রূপ বর্ণনে হয় অভিমানী॥ (ঞ)

মার্কণ্ডেয় পুরাণান্তর্গত চণ্ডী

মহিষাসুরের যুদ্ধ

জম্ভাসুরের তপস্যা ও বরলাভ

শ্রবণে জীব করে মুক্ত, মার্কণ্ড মুনির উক্ত
চণ্ডী পুরাণ মাহাত্ম্য, লিখিলেন পুরাণে!
মহিষাসুর নামে দৈত্য, শিববরে স্বর্গমর্ত্ত্য,
অধিকার করিল যে কারণে। ১
কিবা সৃষ্টি বিধাতার, জম্ভাসুর পিতা তার,
গুরু যার দেব পঞ্চানন।
হন তিনি আশু সন্তোষ, তাই তাঁর নাম আশুতোষ,
কেউ অসন্তোষ হয় না ক'রে সাধন। ২
মানস পূর্ণ হবে বলিয়ে, চতুষ্পার্শ্বে পাবক জ্বালিয়ে,
তার মধ্যে বসিয়ে করে শিব আরাধন।
কেহ নিকটে আসে না যায়, কিছু দিন এইরূপে যায়,
তুষ্ট হয়ে মৃত্যুঞ্জয় দিলেন দরশন। ৩

অসুর মনের এমন সংযোগ করিয়ে করেছে যোগ
যোগেশ্বর সম্মুখে দাঁড়ায়ে।
শুষ্ক হয়েছে কলেবর, দেখে কহিছে দিগম্বর,
চাহ বাছা চাহ বর, দেখ রে চাহিয়ে। ৪

জম্ভাসুর হৃদয়ে রেখেছে ধরে, দেখিতেছে তথা গঙ্গাধরে,
গঙ্গাধরে বুঝিয়ে অন্তরে।
হলেন হৃদয় হ'তে অন্তর্দ্ধান, অসুরের ভাঙ্গিল ধ্যান,
করিতে শিবের অনুসন্ধান আঁখি উন্মীলন করে। ৫

পাঠান্তর: ১-১ ললিত—ঠেকা—খ, ঘ।

দেখে দৈত্য নয়নে সম্মুখেতে ত্রিনয়নে,
বহে ধারা যুগল নয়নে, পড়িয়ে ধরাপানে।
ব্যোম ব্যোম শব্দ মুখে স্তব করিছে পঞ্চমুখে
জম্ভাসুর যথাসাধ্য জ্ঞানে। ৬

* * *

মূলতান—একতালা

কৃপাং কুরু কৈলাসপতি, কুমতি[১] পতিত দীনে।
আমি পাতকীকুল-উদ্ভব ভব, কিসে তরি তব করুণা বিনে।
কভু করি নাই ভজন পূজন, ভুলায় ছজন কুজন,
যদি তুষ্ট কর ভজন, পেয়েছি দেখা বিজনে।
ওহে মর্ম্ম মন মত্ত করী, বল তার উপায় কি করি,
দয়া করি বন্ধন করি রাখ যদি দীনে নিজগুণে॥
ত্রিগুণযুক্ত, ভক্ত অনুরক্ত ব্যক্ত জগজ্জনে;
তবে কেন দাশরথিরে রাখ ভব ভব-বন্ধনে। (ক)

* * *

করি জম্ভাসুর যোড় কর, বলে হে শিব শঙ্কর!
এ কিঙ্করে হইও না বিরূপ।
জীবের রক্ষা কর পরকাল, শ্মশানেতে হর কাল
মহাকাল তুমি কালরূপ। ৭

তোমার অন্ত নাহি বিধি পান, হলাহল করিলে পান,
সুরগণে করালে পান সুধা রাশি রাশি।
নামটি তাই আশুতোষ, যে ভজে তারে আশু তোষ,
গিয়ে তার হর মনের মসী। ৮

শুন ওহে মৃত্যুঞ্জয়, তোমার কৃপা হলে সে করে জয়,
পরাজয় হয়ে যায় শমন।
তুমি জন্ম-মৃত্যু হর, দরিদ্রের দুঃখ হর,
সুখ হর, 'যার কপট মন'[২]। ৯

তোমার স্তব করেন যত দেব, তুমি হে দেবাদিদেব,
মহাদেব, দেব-হিতকারী।
দয়া ব্যক্ত চরাচর ভূচর খেচর নিশাচর
সব অনুচর তোমার আজ্ঞাকারী। ১০

রক্ষিলে হে সব সুরে বিনাশ করি ত্রিপুরাসুরে,
সুরে নাম রাখিল ত্রিপুরারি।
বিশিষ্টের কর পরিতোষণ, পাষণ্ডের প্রাণনাশন,
দক্ষযজ্ঞ বিনাশনকারী। ১১

জগতে গুণ আছে প্রকাশি ভক্তে চাইলে স্বর্ণকাশী,
দিয়ে হে কাশীবাসি, শ্মশানবাসী হয়ে থাক।
শুন হে পার্ব্বতীভূষণ, নামটি তাই দিগ্‌ বসন,
চাইলে দাও বসন ভূষণ অঙ্গে ছাই মাখ। ১২

তাতেই তোমার নামটি ভোলা, ভক্তের ভাবে সদাই ভোলা,
আমার ভাগ্যে যেন ভোলা, হইও না ভোলানাথ।
ঐ সদা মনে হয়, যদি না দাও অভয়
ভয়হারি দেখিয়ে অনাথ। ১৩

কন তুষ্ট হয়ে মহাকাল, তুমি ত জয় করি কাল,
চিরকাল রবে হে কৈলাসে।
আর কি ফল বিলম্বে, যাই কৈলাস অবিলম্বে
"লহ বর" মনের উল্লাসে। ১৪

শুনে অসুর কয় যুগ্ম করে, বর যদি দাও কৃপা ক'রে,
অমর কর, আমার করে, হবে সব অমর পরাস্ত।
শুনে কন ত্রিনেত্র, অমর হবে তোমার পুত্র,
জয়ী হবে সর্ব্বত্র, এই ত্রিলোক সমস্ত। ১৫

ব'লে চলিলেন দিগম্বর, জম্ভাসুরে দিয়ে বর
আশুতোষ আশু কৈলাস যান।
হেথা, অসুরের বরপ্রাপ্তি শুনে নারদ, ত্বরায় ঘটাতে বিরোধ
কার রাখে না অনুরোধ, পদ্মযোনি-সন্তান। ১৬

করে করি যন্ত্র বীণে, মুখে নাই কৃষ্ণ নাম বিনে,
বলেন, দেখিস বীণে, যেন ডুবাস নে আমারে।

পাঠান্তর: ১ কুমতি—খ। ২-২ রাখ কার মন—খ। ৩-৩ কহ কহ—খ।

সদা বল কৃষ্ণ কৃষ্ণ, হবে না কোন কষ্ট
ইষ্টদেব তুষ্ট থাকিলে পরে। ১৭

* * *

ইমন—একতালা

ও বীণে তুই কার হবি নে হরিবিনে।
যদি হয় দুঃখ বলিলে হরি, তবু পরিহরিবি নে॥
বীণে রে নাহিক গতি, সেই বীণাধরা-পতি[1]
তার প্রেমে ডুবিলে মতি, তবে ত ডুবি নে বীণে।
কর হরি হরি রব, যে রবে রবে গৌরব
রবিসুত-দণ্ডে রব, সে রবে যেন রবি নে॥ (খ)

* * *

ইন্দ্রালয়ে নারদের গমন ও মন্ত্রণা

তখন হরি-মন্ত্র মুখে করি বীণে যন্ত্র করে করি,
ত্বরা করি যান ইন্দ্রালয়।
বসে আছেন সভাস্থ সব, তন্ময়েতে বাসব,
করেন উৎসব এমন সময়। ১৮
উপনীত দেবঋষি, ইন্দ্রকে কহে ঋষি,
হাসি-খুসি করে নাও এই বেলা।
আছ সকলে বড় সদানন্দ, সদানন্দ[2] সদানন্দ,
ঘুচিয়েছেন, সে কথা যায় না বলা। ১৯
তুমি সুখে করিবে রাজত্ব, কোথা কি রাখ না তত্ত্ব,
সদা মত্ত নৃত্যকী[3] লইয়ে।
শুনিলে এখন সেই কথা, এত আমোদ রবে কোথা,
যেন, আমি পড়েছি মাথাব্যথা দায়ে। ২০
জম্ভাসুরকে দিয়েছেন বর, ক্ষেপা খুড়া দিগম্বর,
সে বর শুনে কলেবর কাঁপে।
তার ঔরসে জন্মিবে পুত্র, ত্রিলোক হয়ে একত্র,
যুঝিতে নারিবে কোন রূপে। ২১
সবে হবে পরাজয়, জম্ভাসুর দিগ্বিজয়,
হবে, মৃত্যুঞ্জয়-বাক্য অলীক নয়।

শুনে ইন্দ্র কন, এ যন্ত্রণা, যায় কিসে তার মন্ত্রণা
কর সবে যাহা উচিত হয়। ২২
শুনে ঋষি কন, এর মন্ত্রণা বা কি, সে দিনের অনেক বাকি,
ভাল, সবার বা কি মন্ত্রণা হয় শুনি।
শুনে কন সহস্রলোচন, শিরোধার্য্য তব বচন,
যা কহিবে করিব হে মুনি। ২৩
কত স্তব করেন বজ্রপাণি, শুনে নারদ কন হে বজ্রপাণি,
বজ্রপাণি হও ত্বরা করে।
যদিও বর দেছেন দিগ্‌বাস, এখনো বেটা যায় নাই বাস,
পথ রুদ্ধ কর গে সবে সত্বরে। ২৪
দৈত্য আজি গিয়ে বাস, করিবে নারী সহবাস,
তবে তার পুত্র জনমিবে।
আর কি ফল বিলম্বে, যাত্রা কর অবিলম্বে,
হেরম্বে স্মরণ করে সবে। ২৫
অমনি আরোহণ করি করী, সিদ্ধিদাতা স্মরণ করি,
মার মার শব্দ করি যান সহস্র-আঁখি।
হেথা আনন্দে অসুর করিছে গমন, দেবসহ ইন্দ্র আগমন,
রণসাজে জম্ভাসুর দেখি। ২৬
বাসব সঙ্গে সব সুর, ত্রাসিত হইয়া অসুর,
বলে, বিধি বুঝি সাধিলেন বাদ।
যদি দিলেন বর দিগম্বর, বুঝি শুনি এসেছে সুরবর,
কি জানি কি ঘটায় বা প্রমাদ। ২৭
ইন্দ্র সঙ্গে ক'রে রণ, আজি যদি মোর হয় মরণ,
মনোবাঞ্ছা কেমনে পূরণ, করিবেন ভব।
এসেছেন আজি সকল দেব, যখন বর দিয়াছেন মহাদেব,
মরি যদি এ ত অসম্ভব। ২৮
সৃষ্টি যদি হয় লয়, শিববাক্য মিথ্যা নয়,
যমকে পাঠাব যমালয়, আজি এলে সমরে।
তখন ডেকে কন সহস্র-আঁখি, কোথা যাইস বেটা দাঁড়া দেখি,
সুখী হয়ে যাও দিগম্বরের বরে। ২৯

* * *

পাঠান্তর: ১ বীণা, ধরাপতি—খ। ২ সানন্দে—ক। ৩ নর্ত্তকী—ক।

'কানাড়া বাহার—ধামার'[1]

প্রফুল্ল হয়ে কোথায় যাও হে দিগম্বরের বরে।
ফুরাল সে সব আশা, গিয়ে কর বাসা শমনপুরে।
ত্যাগ কর মনের যে সাধ, বিধি ঘুচালেন সে সাধ
কি হয় আর শুনে বিষাদ যাও যমসাধ[2] পূর্ণ করে। (গ)

* * *

জম্ভাসুরের সহিত দেবগণের যুদ্ধ

শুনে, জম্ভাসুর বলে ইন্দ্র, আমায় বর দিয়াছেন যোগেন্দ্র,
তোমার মত শত ইন্দ্র, এলে আজ পতন।
মনে করেছ পেয়েছি ভয়, শিব করেছেন অভয়,
কারে ভয়, পেয়েছি শিবের অভয় চরণ। ৩০

কিন্তু একটি কথা বলি হে ইন্দ্র, আছে অবশ আমার দশ ইন্দ্র,
অনাহারে আছি বহুকাল।
শুনে, ইন্দ্র কন, তোমারে ভোজন করাইতে সব আয়োজন
যতন করে করে দেছেন কাল। ৩১

শুনে, জম্ভাসুর কয়, হে বাসব, সঙ্গে তোমার দেবতা সব,
মনের মধ্যে বড় উৎসব করে।
বল হেসে একজাই[3], এখন তুমি যাও কি আমি যাই,
ভোজন করিতে শমনের ঘরে। ৩২

বুদ্ধি নাই বিধাতার এমন নিষ্ঠুরকে দেবতার
রাজ্যাভিষিক্ত করেন তিনি।
ওর দেহে নাই ধর্ম কর্ম, অপহরণ অপকর্ম
করে জানি দিবস-রজনী। ৩৩

আমি উপবাসী শক্তিহীন, এমনি ইন্দ্র দয়াবিহীন,
এখন এসেছে সমরসজ্জায়।
এরা আবার অমর, দূর বেটারা মর মর,
করিতে সমর এলি কোন্ লজ্জায়। ৩৪

বল বেটারা যত বল, জানি বিদ্যা বুদ্ধি বল,
জানবি এখন যত বল, সমরে সাজিলে[4]।
লাগবে এক বাণে তোর দন্তে খিল, স্বর্গে গিয়ে হবি দাখিল,
ইন্দ্রালয়ে দিবি খিল, নৈলে পলাবি শচী ফেলে। ৩৫

শুনে জম্ভাসুরের কটুবাক্য, ক্রোধিত হন সহস্রাক্ষ
রক্তাক্ষ করি সুরগণে।
দেখিতেছে জম্ভাসুর শর বরিষণ সব সুর
করিতে লাগিল ঘনে ঘনে। ৩৬

হানেন সুরবর্গ যত বাণ জম্ভাসুর বাণে বাণ
নির্ব্বাণ করিছে পলকমধ্যে।
ধন্য বীর জম্ভাসুর একা রণে যত সুর
কিছু শঙ্কা নাই মনোমধ্যে। ৩৭

দেবতারা ছাড়ে বাণ ধরণী হয় কম্পবান্,
বাণে বাণে দশ দিক্ মসি।
দেখে দৈত্য পেয়ে ভয় বলে হে ভব কর অভয়,
হৃদয়মধ্যে দেখা দাও আসি। ৩৮

* * *

ভৈরবী—ঝাঁপতাল

একবার হের আসি ত্রিনয়নে।
অগতির গতি বিহীনে,
হর, হর হে দুর্গতি! যদি কর গতি
দুর্গতি-নাশিনী-পতি এ দীনে।
দয়া করি দিগম্বর দিলে বর,
অনশনে আমার শুষ্ক কলেবর,
সুর সঙ্গে করি আসি সুরবর বিনাশে পরাণে।
মরি তাহে কিছু ক্ষতি নাই ভব,
তব বাক্য মিথ্যা হয় অসম্ভব,
প্রার্থনার ধন প্রাণ কি সম্ভব হয় আর দাসের মনে।
দাশরথি বলে নিকট অন্তকাল,
বিফল পরিশ্রমে হরণ করলেম কাল,
এসে যেন কেশে ধরে না হে কাল,
রাখ মহাকাল শ্রীচরণে। (ঘ)

* * *

পাঠান্তর: ১-১ আলিয়া—কাওয়ালি—খ। ২ যম সাধ—খ। ৩ একলাই—খ। ৪ মজিলে—ক।

মহিষাসুরের জন্ম

তখন উচ্চৈঃস্বরে অধরে ডাকে দৈত্য গঙ্গাধরে
হাস্তাধরে শচীপতি বলে।
কাল পূর্ণ হয়েছে তোর এখন কোথায় গেল সব জোর,
এখন গঙ্গাধর এসে তোর রক্ষা করুক কালে ॥ ৩৯
শুনে দৈত্য সজলাক্ষ বলে ওহে সহস্রাক্ষ,
মম বাক্য রাখ দয়া করে।
বড় ক্লান্ত হয়েছে কলেবর, কিছু অপেক্ষা কর সুরবর
সরোবরে যাইয়ে সত্বরে। ৪০
জলপান করে আসি, শুনে ইন্দ্র কন পাপীয়সী
যা তবে আয় ত্বরা করে।
অসুর ব্যথিত হয়ে পিপাসায় যায় যথা জলাশয়
স্নান তর্পণ সমাপন করে। ৪১
ছিল পিপাসায় দগ্ধ প্রাণ, ক'রে নীর জলপান
কিছু সুস্থ হ'ল তার দেহ।
দেখে সরোবর-চরে প্রকাণ্ড মহিষী চরে
ভাবে মনে দেখে পাছে কেহ ॥ ৪২
শিববাক্য অলঙ্ঘন দিয়ে মহিষীরে আলিঙ্গন
যায় দৈত্য সংগ্রাম ভিতরে।
গিয়ে আরম্ভিল রণ, অস্তাসুরকে নিধন কারণ
বজ্রপাণি বজ্র নিয়ে করে ॥ ৪৩
নিক্ষেপ করেন অসুরের বুকে ঝলকে ঝলকে মুখে
রুধির উঠে পড়ে ধরাতলে।
অসুর প্রাপ্ত হ'লো শিবলোকে, সুরগণ সুরলোকে
করে সুস্থ মনে গমন সকলে ॥ ৪৪
পরে শুন আশ্চর্য্য বাণী ভবানীপতির বাণী
মিথ্যা কি কখন হ'তে পারে ?
সুরগণ বেড়ায় গর্ব্বে হেথা দৈত্য ঔরসে মহিষী গর্ভে
মহিষাসুর জন্ম গ্রহণ করে ॥ ৪৫
উদয় প্রলয়কালে আসি প্রসব হ'ল মহিষী
কালান্ত কাল সম এক পুত্র।
বৃদ্ধি হয় দিন দিন, গত হইল বহুদিন,
ধ্যানেতে জানিয়া ব্রহ্মাপুত্র ॥ ৪৬
তিনি ভালবাসেন কাজিয়ে, কেবল বেড়ান ঢু'কাঠি বাজিয়ে
ঢেঁকি বাহন সাজিয়ে চলিলেন মুনি।
মুখে জপ হরিমন্ত্র, করে করি বীণাযন্ত্র,
বলেন, হরিনাম বিনা যন্ত্র বলো না অন্য বাণী ॥ ৪৭

* * *

খাম্বাজ—একতালা

আমার অন্য নাম আর গণ্য নয় বীণে।
ডাক রে সদা হরি বলে দেখ রে যেন ডুবি নে ॥
বীণেরে বলি শোন তোরে,
বিফলে গেল দিন ত রে,
না ভজিলি রাধাকান্ত রে,
ভবে তবে পার পাবি নে ॥
সদা ভাব জলধরবর্ণ,
সঁপ হরিনামে কর্ণ,
কাল পরাজয় কিসে হবে
কর্ণ-নাশক-সখা[1] বিনে ॥ (ঙ)

* * *

নারদ ও মহিষাসুর

পুনঃ নারদ কন রে বীণে, শ্রীহরির নাম বিনে
পার পাবি নে[2] ভবজলধিতে।
ভাব সদা সেই পায়, তবে হবে উপায়,
নিরুপায়ের উপায় তিনি ত্রিজগতে ॥ ৪৮
বীণের বুঝায় মুনি, আরোহণ হয়ে অমনি
যান ঢেঁকি যান করি।
আছে মহিষাসুর যথা বসি উপনীত হন আসি
দাঁড়াইলেন দেবঋষি, আশীর্ব্বাদ করি ॥ ৪৯
দেখি প্রণাম করি ঋষিবরে পাদ্য অর্ঘ্য ঋষিবরে,
দিল দৈত্য আসন যথাযোগ্য।

পাঠান্তর: ১ কর্ণনাশক সখা—খ। ২ হবি নে—ক।

মহিষাসুর কয় বিনয় করি, তব চরণ দৃষ্ট করি
সফল হইল আমার ভাগ্য। ৫০
ভক্তিহীন ভক্ত আমি, দেবতুল্য ঋষি তুমি
কি মানসে দাসের নিকটে।
শুনি মুনি কন হে মহিষাসুর, তোমার পিতার বৈরী যত সুর,
কহিতে সব হৃদয় যায় ফেটে। ৫১
তপস্যা করে বহু কাল, কৃপা করিলেন মহাকাল,
তুষ্ট হয়ে তোমার পিতারে।
তারে না করে অমর, বল্লেন তোমার পুত্র হবে সে অমর,
দিগম্বর বর দিয়েছিলেন তারে। ৫২
বরপ্রাপ্ত হলো অসুর শুনিয়ে যতেক সুর
সুসজ্জিত হ'য়ে পথমধ্যে।
আসিয়া সব অমর, অন্যায় করিয়া সমর
তোমার পিতাকে তারা বধে। ৫৩
মহিষাসুরের জন্ম বিবরণ, জম্ভাসুরের যেরূপ মরণ
বিশেষ করিয়া মুনি কন।
শুনে কম্পান্বিত কলেবর বলে কর আশীর্কাদ মুনিবর
ঘুচে যেন মনের বেদন। ৫৪
উপদেশ দিয়ে অসুরে সুরপুরে কহিতে সুরে
ব্যস্ত হয়ে ইন্দ্রের ভবনে।
দেখেন বেষ্টিত অমর সব সিংহাসনে আছেন বাসব
মহিষাসুর বৃত্তান্ত সব বলেন সুরগণে। ৫৫
না ক'রে তথায় অবস্থান, সত্বরেতে প্রস্থান,
করিয়ে গেলেন নারদ মুনি।
হেথা শুন বিবরণ, অমর সঙ্গে করতে রণ,
মহিষাসুর প্রস্তুত অমনি। ৫৬

* * *

মহিষাসুরের যুদ্ধে দেবগণের পরাজয়

নাশিবারে পিতৃশত্রু, ক্রোধিত জম্ভাসুরের পুত্র,
শিব শিব শব্দ মুখে ধ্বনি।
বলে, কোথা হে ভৈরবনাথ! আমি পিতৃহীন দেখে অনাথ,
যদি দয়া কর শূলপাণি। ৫৭

* * *

ঝিঁঝিট—মধ্যমান

কৃপা কর এ দীনে।
নির্গুণে ত্রিগুণা-পতি নিজগুণে।
সঙ্গতিহীন মনে গতি নাই ও চরণে।
আমি হে অতি দুর্ব্বল, নাই কিছু মম সম্বল,
কেবল ঐ পদ বল, ভরসা মনে। (চ)

* * *

বলে, বাঞ্ছা পুরাও হে দুর্গাপতি! দুর্গে পার কর সম্প্রতি,
ভোলানাথ! ভুল না ভুল না।
হর! মোর মনের বেদন, যদি কর নির্ব্বেদন,
এই মোর নিবেদন চরণে ঠেল না। ৫৮
সাধন করি মৃত্যুঞ্জয়, ত্রিলোক করিল জয়,
দিগ্বিজয় হলো মহিষাসুর।
দিয়েছেন বর মহাদেব, কষ্ট পান সকল দেব,
ভ্রমণ করেন ত্যজে অমরপুর। ৫৯
হলো মহিষাসুর ত্রিলোক-পতি, সুর-সঙ্গে সুর-পতি,
প্রজাপতি গোলোকপতি, বিদ্যমানে গিয়ে।
বলে হে সুর-দুষ্ট হরি! দেবাধিকার নিল হরি,
দুঃখ হরি লও হে হরি! দানবে বধিয়ে। ৬০
সৃষ্টিনাশ কর্‌লে অসুর, নরের প্রায় হলো সুর,
স্থানভ্রষ্ট করিল দানবে।
তব চরণে ভার কেশব, জীবন থাক্‌তে যেন শব,
শবপ্রায় কত সব[১] সবে। ৬১
শুনি হাস্য করি চক্রপাণি, বলেন ওহে বজ্রপাণি,
শূলপাণি বিদ্যমান চল।

পাঠান্তর: ১ বল—ক।

কি বলেন পশুপতি, তাঁতেই উৎপত্তি,
তিনি করিবেন নিবৃত্তি, কেন হও চঞ্চল। ৬২

* * *

শিবসকাশে দেবগণ

শুনে সবে বলে মনে লয়, লয়কর্ত্তার আলয়,
কৈলাসপর্ব্বতে সর্ব্বজন।
গিয়ে বলেন সুরেশ্বর, রক্ষা কর যোগেশ্বর!
সৃষ্টিনাশ কেন অকারণ। ৬৩
তুমি ত হে দিগম্বর! দিয়েছ অসুরে বর,
কলেবর দগ্ধ সকল দেবের।
করলে দুষ্ট মহিষাসুর, অধিকার-হীন সব সুর,
কি উপায় আছে এখন এদের। ৬৪
কি অপরাধ হলো সুরের, মানবৃদ্ধি অসুরের
করলে হর! দুঃখ হর সম্প্রতি।
হবে কি দুর্গতি অধিক আর, দেবের গেল অধিকার,
অসুরে করে অধিকার, হলো ত্রিলোকপতি। ৬৫
কালের লয়েছে কালদণ্ড, কালের করে প্রাণদণ্ড,
কত দণ্ড করে দণ্ডে দণ্ডে।
আর কি সয় এ যন্ত্রণা, যন্ত্রণাহারি! যন্ত্রণা,
ঘুচাও যদি নাশি দোর্দ্দণ্ডে। ৬৬

* * *

সুরট—একতালা

হর! হর! দুঃখ হর, সুরে সঙ্কটে উদ্ধার।
দিলাম শ্রীচরণে ভার, ধর ধর হে গঙ্গাধর।
সদা অসুর-ভয়ে কম্পিত ধরা শুন হে লয়কারি!
রাখ ত্রিপুরে ত্রিপুরাপতি! ওহে ত্রিপুরারি!
স্বপদ দেবে দেবে, কবে চন্দ্রশেখর। (ছ)

* * *

মহাশক্তির আবির্ভাব

শুনে কহিছেন যোগেন্দ্র, এত শুব কেন ইন্দ্র!
মহিষাসুর মম বধ্য নয়।
কর্ম্ম নয় কেশবের, বধ্য নয় কোন দেবের,
কর সবে যুক্তি যাহা হয়। ৬৭

তখন উপায় ভাবেন সকল দেব, বিরিঞ্চি কেশব দেবাদিদেব,
মহাদেব একত্রে বসিয়ে।
ছাড়েন সবে হুহুঙ্কার, যেন জলন্ত অনলাকার,
পর্ব্বতাকার ঠেকে গগনে গিয়ে। ৬৮

শ্রবণে বড় আশ্চর্য্য, সকল দেবের বীর্য্য,
যেন কোটি সূর্য্য উদয় হইল।
সে বর্ণ চমৎকার, দেখিতে দেখিতে আকার,
তেজোময়ীর ক্রমেতে হইল। ৬৯

পদ স্থিত ধরাতলে, মস্তক গগনমণ্ডলে,
সহস্রভুজে দিক্‌সকলে, ঘেরিলেন অমনি।
হেমগিরি জিনিয়ে বরণ, লোমকূপে সূর্য্যের কিরণ,
ভয়ঙ্কর-মূর্ত্তি ত্রিনয়নী। ৭০

ছাড়েন হাস্যাননে হুহুঙ্কার, ত্রিভুবন চমৎকার
লাগে কম্পিত পদভারে মেদিনী।
কাঁপে দশ দিক্‌পালে, অনন্ত কাঁপে পাতালে,
আনন্দিত সকলে, হয়েছেন অমনি। ৭১

আর করি কারে ভয়, দূরীকরণ দৈত্যভয়,
নির্ভয় করিবেন তেজোময়ী।
দেখি কেমন দুষ্টাসুরে, কষ্ট দেয় সব সুরে,
কষ্ট-নিবারিণী দাঁড়ায়ে ঐ। ৭২

কত ভক্তিভাবে অমর-দলে, শত শত শতদলে,
পূজে সব দুর্গা-পদাম্বুজে।
কত শত স্তব করে, বসন গলে যুগ্মকরে,
অস্ত্র প্রদান করে সহস্র ভুজে। ৭৩

হলো অস্ত্রেতে ভূষিত-কর, মূর্ত্তি ঘোর ভয়ঙ্কর,
শঙ্করাদি যত দেবগণে।
সে বর্ণনের হয় না বর্ণন, সাকারময়ীর আকার বর্ণন,
করিয়ে স্তব করেন সুরগণে। ৭৪

* * *

দেবগণের দুর্গাস্তব

তুমি সত্যা নিত্যা পরাৎপরা, অসুর-ভয়ে সুরে কাতরা,
তারা তারো ত্রিতাপহারিণি !
ব্রহ্মময়ি ! আগ্যাশক্তি ! অগতির গতি-শক্তি !
মুক্তি কর গো মুক্তিদায়িনি ॥ ৭৫
উমা ধূমা কাত্যায়নি, উমা শ্যামা নারায়ণী,
ব্রহ্মাণ্ড-প্রসবিনী সুরেশ্বরি !
তব কীর্ত্তি অত্যদ্ভুতা, সর্ব্ব ঘটে আবির্ভূতা,
ভূভারহারিণি ! বিশ্বেশ্বরি ॥ ৭৬
বিশ্বোদরি ! বিশ্বপালিনি ! সৃষ্টি-স্থিতি-লয়কারিণি !
যমালয়-গমনবারিণী তারা ।
অনাদি-অনন্তরূপা ! কালরাণী কালস্বরূপা !
ভবানী ভৈরবী সারাৎসারা ॥ ৭৭
এই ভিক্ষে মাগে দেবে, দেবেরে রাজত্ব দেবে,
কবে শিবে ! করুণা প্রকাশিবে ।
কি কব দুঃখ অধিক আর, গেল স্বর্গের অধিকার,
কতদিনে নিস্তার করিবে ॥ ৭৮

* * *

পরজ—ঠেকা[১]

দুঃখ হর হর জগদম্বে !
কি কর উমা হের অম্বে !
অসুর সঙ্কটার্ণবেতে তারো তারো অবিলম্বে ॥
এ মা দুর্গতিনাশিনি ! দুর্গে ! যদি পার কর দুর্গে,
সুরবর্গে আছে ও পদ-অবলম্বে ॥
কবে করুণা প্রকাশিবে, দুষ্টাসুর নাশিবে শিবে,
সুরে হের, যেমন হের মা হেরম্বে ॥
ত্রাণ কর মা হর-মনোরমা,
দাশরথি দাসে নিস্তারিবে আর কত বিলম্বে ॥ (জ)

* * *

দেবীর অভয়দান ও যুদ্ধযাত্রা

এইরূপ স্তব করেন যত দেবতায়, তুষ্টা হ'য়ে দেবী তায়,
দেবতায় শুধান বিবরণ ।
তোমরা কি জন্য করিছ ভজন, কি জন্যে করিছ পুজন,
স্মরণ করিলে কি কারণ ॥ ৭৯
কহিছেন ত্রিলোকতারা, শুনে কন দেবতারা,
দুস্তারে তার মা তারা, নিস্তারকারিণি !
হ'লাম শবপ্রায় সব সুর, নিল সুরাধিকার মহিষাসুর,
শরণাগত সকল সুর ও চরণে তারিণি ॥ ৮০
শুনি দেবী কন, দিলাম অভয়, সকলে হও অভয়,
দৈত্য বধি নির্ভয়, করিব সত্বরে ।
তখন করি-অরি আরোহণ করি, সহস্রভুজা শঙ্করী,
দেবগণে নির্ভয় করিবারে ॥ ৮১
করেন, মাভৈ রব ঘন ঘন, যেন প্রলয়কালে ঘন ঘন
ডাকে ঘন সঘনে গগনে ॥
আনন্দিত সব সুর, শুনে শব্দ শুষ্ক সব অসুর,
মহিষাসুর মনে প্রমাদ গণে ॥ ৮২
বলে জিনিলাম চরাচরে, বীর নাই মম অগোচরে,
চরে ডাকি কহিতেছে দৈত্য ।
যাও, জেনে এস বিবরণ, কে এলো করিতে রণ,
মরণাশয়ে কে হলো উন্মত্ত ॥ ৮৩
শুনে দূত গিয়ে তথায়, দেখে সিংহপৃষ্ঠে তারায়,
দানব রায় নিকটে আসি বলে ।
মহারাজ ! কি আশ্চর্য্য হেরিলাম, বর্ণিতে রূপ হারিলাম,
করি বর্ণন সহস্র মুখ হ'লে ॥ ৮৪
শুন শুন দৈত্যেশ্বর ! কহিতে মনে হয় ডর,
কালরূপা আরোহণ সিংহ-পৃষ্ঠে ।
কারণ বুঝিতে নারি রণবেশা কার নারী,
কহিতে নারি এমন নারী কভু না হেরি দৃষ্টে ॥ ৮৫
হাস্যাননে সেই ধনী, করে ঘন ঘন ভীষণ ধ্বনি,
কোন্ ধনীরে ক'রে এলো নির্দ্ধনী ।

পাঠান্তর : ১ মধ্যমান—ক ।

সদা হাস্য বদনাম্বুজে, অস্ত্র শোভে সহস্র ভুজে,
দেখিলাম যাঁর পদাম্বুজে, পূজে অম্বুজে অম্বুজযোনি ॥ ৮৬
ইন্দ্র আদি দেবতারা, কত স্তব করে তারা,
কেবল তারা তারা শব্দ তারা, করিছে সঘনে।
এলো রণবেশে নারী কার, দেখিলাম বড় চমৎকার,
মহারাজ হে! সাধ্য কার, আছে সে রূপ বর্ণনে ॥ ৮৭

* * *

খাম্বাজ—ঠেকা[১]

আমি কি হেরিলাম হে নয়নে।
মম সাধ্য নয় সে রূপ-বর্ণনে ॥
আসন করি-অরি-পৃষ্ঠে, নিরখিলাম দৃষ্টে,
হেমবরণী[২] হাস্যাননে।
কিবা শোভা করে, ভালে আধ-সুধাকরে,
অসিপাশাদি সহস্র করে করে,
কম্পিত ধরণী চরণের ভরে,
করে মাভৈ রব সঘনে ॥
ত্রিনয়নী এলোকেশী জ্ঞান হয়,
পলকে করিতে পারে সৃষ্টি লয়,
হেন মনে লয়, সবে হবে লয়,
সে প্রলয়কারিণীর রণে।
নৈলে কেন তাঁর পদাম্বুজদলে,
চন্দনাক্ত বিল্বদলে শতদলে, পূজে অমরদলে,
শুনে দাশরথি বলে, কি ভয় তার রণে মরণে ॥ (ঋ)

* * *

দুর্গার সহিত অসুর সৈন্যগণের যুদ্ধ

শুনে মহিষাসুর কয় দূর মূর্খ! কি এলি তুই বুঝে সুখ,
একি দুঃখ! নারীর সঙ্গে রণ।
আমি যাইলে সমরে, নারী কি মম সম রে,
ডরায় মোরে অমরে, তাঁরা বন ত্যজে রণ ॥ ৮৮

মুনীন্দ্র ফণীন্দ্র ইন্দ্র, নগেন্দ্রাদি নরেন্দ্র
যোগেন্দ্রবরে জয়ী আমি।
সবে মেনেছে পরাজয়, আমি মহিষাসুর দিগ্বিজয়,
করতে পারব না নারীকে জয়, কেমনে বল্‌লে তুমি ॥ ৮৯
তোমার কথা শুনে খেদ হয়, গাধা কখন হয় কি হয়?
শৃগাল কভু রাজা হয় সিংহ বিনাশ করে।
চন্দ্রের জ্যোতি লুপ্ত হলো, হলো জগৎব্যাপ্ত জোনাকের আলো,
গরুড়কে ভক্ষণ করিল ভুজঙ্গেতে ধরে ॥ ৯০
করীকে গ্রাসিল ক্ষুদ্র কীটে, কুম্ভীরকে নাশে গিরগিটে,
ভেকে ভুজঙ্গের মাথা কাটে, শুনি নে শ্রবণে।
নারীতে সমর করিবে জয়, আমি হব পরাজয়,
অমন ধারা জায় বেজায়, মুখে আর আনিস নে ॥ ৯১
কি দুর্ব্বল দেখ্‌লি মোরে, ক্রোধভরে চামরে,
চিকুরে ডাকিয়ে দৈত্যপতি।
কিছু কারণ বুঝিতে নারি, আমার সঙ্গে যুঝিতে নারী,
কে একটা এসেছে সম্প্রতি ॥ ৯২
সবে ত্বরায় আমি অঙ্গনে, সাজ সাজাও সৈন্যগণে,
প্রাঙ্গণে কি, যে যেখানে আছে।
তখন পেয়ে দৈত্যের অনুমতি অসংখ্য পদাতি রথী,
সুসজ্জা ক'রে সারথি রথ দেয় রথীর কাছে ॥ ৯৩
ক'রে সিংহনাদ সেনা সাজে রণ-বাদ্য কত বাজে,
বাজে লোক নাই তাতে একজন।
কেহ নাচে দুই হাত তুলে, অস্ত্র লয় সব তুলে তুলে,
বাতুলের প্রায় হলো কত জন ॥ ৯৪
এইরূপে সাজিয়ে রঙ্গে, যায় মহিষাসুর চতুরঙ্গে,
যথায় রঙ্গে, সিংহবাহিনী দুর্গে।
সহস্রভুজা শঙ্করী, মার মার শব্দ করি,
কত আস্ফালন করি, যায় অসুরবর্গে ॥ ৯৫
অগ্রে সৈন্য সেনাপতি, পশ্চাতে আছে দৈত্যপতি,
সৈন্যসহ সেনাপতি, করে গিয়ে রণ।
ক্রোধভরে জগৎ-মারে, বেছে বেছে অস্ত্র মারে,
সাকারময়ী অস্ত্রে অস্ত্র করি নিবারণ ॥ ৯৬

পাঠান্তর: ১ একতালা—ক। ২ ক-গ্রন্থে নাই।

হুহুঙ্কার শব্দ করি, নাশেন সব সৈন্য করী,
পদাতিক রথী পলক মধ্যে।
ছিল রণে অগণ্য সৈন্য, কেহ নাহি সকলি শূন্য,
চামর চিকুর ভাবে মনোমধ্যে। ৯৭
পলক-মধ্যে সকলি শূন্য, কবিল ধনী, ধন্য ধন্য,
একা নারী চিনিতে নারি, এ বা কার নারী।
এমন দেখি নে বামা, নিরুপমা কালসমা,
বুঝি জয় করে সকলে নারী। ৯৮

* * *

ললিত—একতালা

নারি চিনিতে এ নারী, নয় সামান্যে।
কালরূপিণী এলো কার কন্যে,
ধনীর ধ্বনিতে কাঁপে ধরণী, ধরণীতে ধন্যে।
একি অসম্ভব হেরি, নারীর বাহন হরি,
নিমিষে নাশিল সব সৈন্যে।
সদা অভয় দেয় অমরে, সঘনে ভ্রমে সমরে,
ওর সম যে সমরে কে আছে অন্যে।
ওর সঙ্গে রণ, করিলে মরণ,
দাশরথি কয় পাবি চরণ, ভাবনা কি জন্যে। (ঐ)

* * *

তখন চিকুর চামরে কথা কয় পরস্পরে।
পাই ত্রাণ, বাঁচে প্রাণ, পলাইলে পরে। ৯৯
ঘটাবে অমঙ্গ দৈত্য রণে ভঙ্গ দিলে।
এখন যা করুন সিংহবাহিনী, চল যুদ্ধস্থলে। ১০০
ধায়, মার মার শব্দ করি, অসিচর্ম্ম-করে।
দেবী-সঙ্গে প্রাণপণে নানা যুদ্ধ করে। ১০১
সমরে চামরে দুর্গা করিলেন নিহত।
দেখিয়ে চিকুর বীর রণে গিয়ে রত। ১০২
শরাসন বরিষণ করে ঘন ঘন।
গভীর গর্জ্জন করে, যেন প্রলয়ের ঘন। ১০৩
দেখে হাস্য করি, শঙ্করী হুহুঙ্কার করি।
কাটেন চিকুরের মুণ্ড খণ্ড খণ্ড করি। ১০৪

দেবীর সহিত মহিষাসুরের যুদ্ধ

সমর-তরঙ্গে দেবী হয়েছে উন্মত্ত।
পশ্চাতে থাকিয়ে সব দেখিতেছে দৈত্য। ১০৫
কেহ নাই মম সৈন্য, শূন্য সমুদয়।
এতদিনে বুঝি দীনে, শিব হ'লেন নিদয়। ১০৬
গিয়ে ক্রোধভরে দুর্গা-সহ আরম্ভিল রণ।
যার রণে অমরগণ দূরে গিয়ে রন। ১০৭
মহিষাসুর মহিষাকার অম্বিকার সঙ্গে।
শৃঙ্গেতে পর্ব্বত উপাড়ি মারে দেবী-অঙ্গে। ১০৮
ভয় নাই, ভয়ঙ্কর দুরন্ত অসুর।
যারে হেরে কাঁপেন সদা ইন্দ্র আদি সুর। ১০৯
নানা মায়া জানে অসুর কভু হয় করী।
হাস্য করি সিংহে আজ্ঞা দিলেন শঙ্করী। ১১০
সিংহের সহিত যুদ্ধ করিল বিস্তর।
শুণ্ডাঘাত করে সিংহের মস্তক উপর। ১১১
শুণ্ডের আঘাতে কৃশ হইল মৃগেন্দ্র।
দেখিতে দেখিতে অসুর হইল মৃগেন্দ্র। ১১২
মৃগেন্দ্র দুর্ব্বল দেখি যোগেন্দ্র-মহিষী।
অসুরে বধিতে যান হাসি এলোকেশী। ১১৩
নখাঘাত দন্তাঘাত করে ঈশানী-অঙ্গে।
পদ-ভরে ত্রিভুবন কাঁপিছে আতঙ্কে। ১১৪
করি-অরি ছিল আবার, হইল দৈত্য করী।
জলধির জল দেবী-অঙ্গে দেয় শুণ্ডে করি। ১১৫

মহিষাসুরমর্দ্দিনী

দেখি বিরক্ত হইয়ে তারা, আরক্ত লোচন করি।
করীরে করিতে বিনাশ আইসেন শুভঙ্করী। ১১৬
অমনি মহিষাকার হয়, অসুর নাই আর করী।
ধরা খণ্ড খণ্ড করে, শৃঙ্গে করি করি। ১১৭
গিরি-বৃক্ষ উপাড়িয়ে পার্ব্বতীরে মারে।
জলধর শৃঙ্গে করি খণ্ড খণ্ড করে। ১১৮
ক্রোধে দেবী কন, আমার অস্ত্র যায় সব বৃথা।
মহেশ-মহিষী অসিতে কাটেন মহিষের মাথা। ১১৯

আশ্চর্য্য শুনহ সবে, কি সৃষ্টি বিধির।
মহিষের স্কন্ধ হ'তে হইল বাহির ॥ ১২০
অর্দ্ধাঙ্গ মহিষাকার, অর্দ্ধ-অঙ্গ দৈত্য।
দেবীরে প্রহার করে, হইয়ে উন্মত্ত ॥ ১২১
প্রচণ্ড-শরীর অসুর শঙ্করের বরে।
শঙ্কা নাই, শঙ্করীর সঙ্গে সংগ্রাম করে ॥ ১২২
ক্রোধে অসুর-বক্ষে হানেন শূল শূলপাণি-দারা।
ক'রে হাস্য-আস্য অসুরের কেশে ধরেন তারা ॥ ১২৩
নাগপাশে বন্ধন করিলেন মহিষাসুরে।
তাতেই মহিষমর্দ্দিনী নাম থুইল যত সুরে ॥ ১২৪
চিরজীবী মহিষাসুর শম্ভুর কৃপায়।
অম্বুপায়ের উপায় যে পায়, সে পায় অম্বুর পায় ॥ ১২৫
কে আছে মহিষাসুরের তুল্য ভাগ্যবন্ত।
যার স্কন্ধে পদ রেখেছেন দুর্গা একাল পর্য্যন্ত ॥ ১২৬
হ'লো শক্রদমন, অমরগণ সমরেতে আসি।
করেন স্তব সুরবর্গে, দুর্গে কন হাসি ॥ ১২৭
সঙ্কট হইলে, স্মরণ করিলে আমারে।
রিপু সংহার করি, স্বপদ দিব সব অমরে ॥ ১২৮
শুনি বাক্য, বিধি বিষ্ণু শঙ্কর প্রভৃতি।
তারারে করেন স্তব হ'য়ে সুস্থমতি ॥ ১২৯

* * *

সুরট—কাওয়ালী

ত্রিগুণে! গুণময়ি! তোমার গুণের হয় না অন্ত।
কৃপা করি, ক্ষেমঙ্করি! করিলে গো ভয়াস্ত ॥
সুরবর্গে রেখো দুর্গে, দুর্গে! হইও না আর ভ্রান্ত।
দয়াময়ি! তোমা বই, সুরে কে করিবে শান্ত ॥
তুমি সৃষ্টি-স্থিতি-লয়কারিণী, শুভঙ্করী ভয়হারিণী,
ত্রাণকারিণী তারা ত্রিতাপ-হরা তন্ত্র-মন্ত্র।
জগদ্ধাত্রি! হর্ত্রী কর্ত্রী! কর্‌লে কালার কালান্ত।
দাশরথির নিদানকালে কালি! ভুল না নিতান্ত ॥ (ট)

শুম্ভ নিশুম্ভ বধ

দেবগণের মন্ত্রণা

মহামুনি মার্কণ্ড, দেবীর মাহাত্ম্য-কাণ্ড,
সুধাখণ্ড লিখিলেন পুরাণে।
শুম্ভ আর নিশুম্ভ দৈত্য, বাহু বলে স্বর্গমর্ত্ত্য,
শাসিল দুর্জ্জন দুইজনে ॥ ১
প্রবল প্রতাপযুক্ত, আজ্ঞাতে সদানিযুক্ত,
অমর কিন্নর নর যত।
কি আশ্চর্য্য কত তার, অদ্বিতীয় অবতার,
দম্ভে[১] ধরা কম্পে অবিরত ॥ ২
দেবগণ পায় তাপ, অনলের হীনোত্তাপ,
প্রতাপে রবির তাপ খণ্ডে।
অতি ভণ্ড দোর্দ্দণ্ড, হস্তেতে কঠোর দণ্ড,
দেবগণে দণ্ডে দণ্ডে দণ্ডে ॥ ৩
কেড়ে লয় যমদণ্ড, যমে বধিতে উদ্দণ্ড,
প্রচণ্ড কোদণ্ড করে ধরি।
দেখে দণ্ড করা[২] মত, জগতে করি দণ্ডবৎ,
ভয়ে কত হইল দণ্ডধারী ॥ ৪
ব্রহ্মার না রাখে মান, নিজে মান্য অপ্রমাণ,
তৃণতুল্য ত্রিলোক ধরিল।
কর দিয়ে সব করযুগ্ম, যোগ্যতা কে হবে যোগ্য?
যজ্ঞ-ভাগ গ্রহণ করিল ॥ ৫

পাঠান্তর: ১ দম্ভে—ক, গ। ২ দণ্ডাকার—খ, জ।

কি ভাস্কর সুধাকর, রত্নাকর দেন কর,
কিঙ্কর সংসারে সর্ব্বজনা।
শুম্ভ ত্রৈলোক্যের পতি, রাজ্যভ্রষ্ট সুরপতি,
সুরসঙ্গে করেন মন্ত্রণা। ৬

বল হে অমরবর্গ! মন তো না মানে বর্গ,
অবিরত কাঁদি অভিমানে।
গেল স্বর্গের অধিকার, দুর্গা বিনে দুর্গে পার,
কে আর করিবে ত্রিভুবনে। ৭

সদাশিব-সীমন্তিনী, তরঙ্গে তরণী তিনি,
মুক্তি মূলাধারা মুক্তকেশী।
পূর্ণ হইবে বাসনা, করি শক্তির উপাসনা,
সর্ব্বজনে নির্জ্জনেতে বসি। ৮

সবে বলে,—মনে লয়, যুক্তি করি হিমালয়,
পর্ব্বতে গেলেন সর্ব্বজনে।
হ'য়ে শুদ্ধ কলেবর, যাচেন অভয় বর,
দুর্গাপদাম্বুজে দেবগণে। ৯

[১]হের মাগো[১]! বিশ্বরূপে, বিদ্যারূপে বুদ্ধিরূপে,
নিদ্রাদিরূপেতে অবস্থিতি।
সর্ব্বভূতে আবির্ভূতা, তব কীর্ত্তি অদ্ভুতা,
ভূতনাথ-ভার্য্যা ভগবতী। ১০

যত্ন করি যুগ্মকরে, জননীরে স্তব করে,
যতেক অমর হ'য়ে ঐক্য।
অসুরের হয় অধিকার, কি দুর্গতি অধিক আর!
প্রপন্নপালিনি! মান রক্ষ। ১১

* * *

সুরট—ঝাঁপতাল[২]

সুরগণ শরণাপন্ন শুন গো মা শম্ভুদারা!
শুম্ভ-ভয়ে বাঁধ সুরে, অম্বুজনয়নি! তারা!
[৩]অসুরের ভয়ে ভারতি[৩], শিবসুন্দরি বসুন্ধরা।
হরিলে অসুরে ইন্দ্রপদ, চন্দ্রশেখরা।
ওমা বিষম বীর বিরোধে বিস্ময়, বিশ্ববন্দিনি!
বিপদে বিমুক্ত কর, বিষয়-বাঞ্ছাহরা!
দেবের দেবত্ব দেবে, দেহি মা দিগম্বরা!
স্থান দেহি মা! দাশরথিরে চরণাম্বুজে ত্বরা। (ক)

* * *

হিমালয়ে জয়দুর্গার আবির্ভাব

স্তবে তুষ্টা ভগবতী, গুণাতীতা গুণবতী,
একাকিনী গঙ্গাস্নান-ছলে।
দেবগণে দিতে গতি, অগতির চরণ[৪]-গতি,
চঞ্চলেতে চলে হিমাচলে। ১২

উপনীতা একেশ্বরী, সুরমধ্যে সুরেশ্বরী,
জিজ্ঞাসা করেন দেবগণে।
বাসনা করি কি ধন, কারে কর আরাধন,
বিধিমত বিনয়-বচনে। ১৩

বলিতে বলিতে কথা, শক্তির অঙ্গে নির্গতা,
তখনি হইল এক শক্তি।
কিবা রূপ অনুপম, কৌশিকী তাঁহার নাম,
শক্তি নিকটে করেন উক্তি। ১৪

জান না তুমি অভয়ে! স্তব করে দৈত্যভয়ে,
আমারে[৫] অমর সর্ব্বজন।
এ কথা করিয়া উক্তি, পুনরায় কৌশিকী শক্তি,
শক্তির অঙ্গেতে লিপ্ত হন। ১৫

পরে শুন বিবরণ, ত্যজি সুবর্ণ বরণ,
কৃষ্ণাঙ্গী হইয়া হিমাচলে।
রহিলেন জগন্মাতা, জয়স্তী জগৎপূজিতা,
জগতে জয়দুর্গা যাঁকে বলে। ১৬

রূপে দশদিক্ দীপ্ত, চন্দ্রের কিরণ লুপ্ত,
ব্রহ্মরূপিণীর রূপে করে।
শুম্ভ-নিশুম্ভের ভৃত্য, চণ্ডমুণ্ড নামে দৈত্য,
দৈবে যায় সেই স্থানে পরে। ১৭

পাঠান্তর: ১-১ হে বিমলে—ক গ। ২ বং—গ, ঙ। ৩-৩ অসুর ভয়ে ভার-অতি—ক। ৪ চরম—ক। ৫ তোমারে—গ, ঙ।

একদৃষ্টে কতক্ষণ, করি কান্তি নিরীক্ষণ,
বলে কি রূপিণী ধন্যা ধন্যা!
হেথা ভ্রমে[1] কার নারী, কারণ বুঝিতে নারি,
ত্রিলোকমোহিনী কার কন্যা ॥ ১৮

গিয়া শুম্ভ-সন্নিধানে, বাখানি বিধি-বিধানে,
চঞ্চল হইয়ে কহে চণ্ড।
অবধান মহারাজ! হিমালয়-মাঝে বিরাজ,
আহা মরি কি আশ্চর্য্য কাণ্ড ॥ ১৯

জিনিয়াছ সুরপতি, তুমি ত ত্রৈলোক্যপতি,
পুরে পূর্ণ [2]ঐশ্বর্য্য প্রকাশে[2]।
গজমুক্তা আদি কত, চন্দ্রকান্ত মরকত,
পদ্মিনীনিন্দিত কত ভাষে[3] ॥ ২০

জিনিয়াছ রত্নাকরে, রত্ন কে বা সংখ্যা করে,
রত্নের অযত্ন তব জানি।
বহু রত্ন দেখিতে পাই, স্ত্রীরত্ন তেমত নাই,
রত্নাধিক রত্ন সে রমণী ॥ ২১

শতমুখ যদি হই, রূপের শতাংশ কই,
এক মুখে কহিতে না পারি।
অবিলম্বে নৃপমণি! গ্রহণ কর রমণী,
রমণীর শিরোমণি নারী ॥ ২২

* * *

খট্‌-ভৈরবী—একতালা

শুন হে রাজন্! করি নিবেদন,
নিরখিয়ে এলাম এক কন্যা।
রূপে জগৎ উজ্জ্বল, সজল জলদবরণী,
কার ঘরণী, তাহে তরুণী,—সে ধনী ধরণী-ধন্যা ॥
তরুণীর হেরি চরণ-কিরণ, অরুণ-কিরণ দূরে গিয়া রন,
নখরেতে সুধাকরের কিরণ, হরণ করিছে ভুবন-মান্যা।
বলে ত্রিভুবন ক'রেছে নির্দ্ধনী,
জয় জয় ধ্বনি, তুমি ধনে ধনী,
লও গে সেই ধনী, তবেই ধরিব ধনী,
তোমা বিনে ধনী, সাজে না অন্যে ॥ (খ)

* * *

জয়দুর্গার নিকট শুম্ভের দূত-প্রেরণ

বিনয়পূর্ব্বকে করে অপূর্ব্ব বর্ণন।
চণ্ডমুখে শুনে চিত্ত-চঞ্চল রাজন্ ॥ ২৩
সুগ্রীব নামেতে দূত, দ্রুত ডাকি তায়।
হইয়ে উন্মত্ত-চিত্ত কহে দৈত্যরায় ॥ ২৪
শুন হে সুগ্রীব! সুবুদ্ধির শিরোমণি।
তুমি নাকি আনিতে পার পুরে সে রমণী ॥ ২৫
মোর যত আধিপত্য, তারে তথ্য কবে।
অবশ্য আসিবে জানি ঐশ্বর্য্যের লোভে ॥ ২৬
শুনি বার্ত্তা, শুভ যাত্রা, সুগ্রীব করিল।
চঞ্চলচরণে হিমাচলে উত্তরিল ॥ ২৭
সুগ্রীব সুমন্ত্রী সুমধুর বাক্যচ্ছলে।
নিরুদ্বেগে নীরদবরণী প্রতি বলে ॥ ২৮
শুন হে সুন্দরি! শুভ সংবাদ সম্প্রতি।
দৈত্যকুলে উদ্ভব, শুম্ভ ত্রৈলোক্যের পতি ॥ ২৯
জগতের যাগযজ্ঞ-ভাগ তাঁহার অগ্রেতে।
রাজত্ব প্রভুত্ব এখন প্রবর্ত্ত সব তাঁতে ॥ ৩০
আমি অনুগত অনুচর তাঁর হই।
যা কহিতে কহিলেন, শুন ধনি! কই ॥ ৩১
পাইবে পরম সুখ, তুমি গেলে তত্র।
গ্রহণ কর ভর্ত্তা তাঁরে, বার্ত্তা এই মাত্র ॥ ৩২
অনুজ নিশুম্ভ, সেই দনুজপতির।
গচ্ছ গচ্ছ যারে ইচ্ছ, তুল্য দুই বীর ॥ ৩৩
দুর্গা ভগবতী ভদ্রা শুনে এই বাণী।
ত্রিলোক-জননী যিনি জগদুদ্ধারিণী ॥ ৩৪
অন্তরে ঈষৎ হাস্য করি কন দূতে।
যে কহিলে সত্য সত্য বুঝিলাম চিতে ॥ ৩৫

পাঠান্তর: ১ কার লাগি—ক। ২-২ প্রচুর ঐশ্বর্য্য—ক। ৩ ভার্য্যে—ক, খ।

পূর্ব্বে এক প্রতিজ্ঞা করেছি নারীবুদ্ধে।
যে জন জগতে মোরে জিনিবেক যুদ্ধে ॥ ৩৬
বলক্ষয় পরাজয় পাব যার কাছে।
সেই ভর্ত্তা ভবিষ্যতি, এই পণ আছে ॥ ৩৭
দূত কহে, ভালো না হইল তব পক্ষে।
তুচ্ছ করি দিলি কথা অহঙ্কার-বাক্যে ॥ ৩৮
ভাগ্য মানি শীঘ্র যাও, রাজার গোচরে।
দেখো যেন শেষে কেশে না ধরে কিঙ্করে ॥ ৩৯
সাধ্বী কন, সাধ্য কি হে! প্রতিজ্ঞা ক'রেছি।
কহ তব রাজারে, যাহাতে তার রুচি ॥ ৪০

*　*　*

ধূম্রলোচনের যুদ্ধ-যাত্রা

সক্রোধে সুগ্রীব গিয়া জানায় সত্বরে।
শুনে শুম্ভ ধুম ক'রে কয় ধূম্রলোচনেরে ॥ ৪১
ধেয়ে যাও ধিক্ ধিক্! তারে আনিবে ধরিয়ে।
গর্ব্বিণী ধনীর কেশাকর্ষণ করিয়ে ॥ ৪২
যদি পেয়ে থাকে ধনী কোন ধনীর আশ্রয়।
যক্ষ রক্ষ রক্ষক যদ্যপি কেহ হয় ॥ ৪৩
যে হৌক, বধিয়ে অস্ত্রে দিবে প্রতিফল।
সৈন্য লয়ে যাও, অন্য কথায় কি ফল ॥ ৪৪
ধুম্‌কিটি-কিটি ধাঁ ধাঁ বাদ্য বাজিতে লাগিল।
ধূম করি ধাইয়ে ধূম্রলোচন চলিল ॥ ৪৫
উত্তরিল ত্রিলোকোদ্ধারিণী দুর্গা যথা।
তুচ্ছ করি উচ্চ-স্বরে ডাকি কয় কথা ॥ ৪৬
শুম্ভ-পাশে যা রে কন্যা! করিস্ নে অবজ্ঞা।
নহিলে চিকুরে ধরিব, আছে ঠাকুরের আজ্ঞা ॥ ৪৭

*　*　*

ধূম্রলোচন বধ

শুনি বাক্য লোহিতাক্ষ কমলনয়নী।
একটা হুঙ্কার-ধ্বনি করেন শঙ্করমোহিনী ॥ ৪৮
ধূম্রলোচনেরে দেবী দেন ভস্ম করি।
থাকিল যতেক সৈন্য আর অশ্ব করী ॥ ৪৯
সংহারিতে যত সৈন্য করি সিংহ-ধ্বনি।
সিংহেরে দিলেন আজ্ঞা সংহার-কারিণী ॥ ৫০
গর্জ্জ করি যায় সিংহ, পার্ব্বতীবাহন।
চর্ব্বণ করিয়া খায়, সর্ব্ব সেনাগণ ॥ ৫১
লম্ফ দিয়ে, নখ দিয়ে, ধরিয়ে ধরিয়ে।
আদরে খাইছে রক্ত, উদর চিরিয়ে ॥ ৫২
দেবগণ যত ধূম্রলোচনের বধে।
হর্ষেতে বর্ষেন পুষ্প পার্ব্বতীর পদে ॥ ৫৩
ভগ্নদূত বিঘ্ন দেখি তীক্ষ্ণবেগে ধায়।
বিপত্তি-সকল দৈত্যপতিরে জানায় ॥ ৫৪
কেহ নাই তব সৈন্য, শূন্য সমুদয়।
মহারাজ! সঙ্কট বড়, সে তো মেয়ে নয় ॥ ৫৫
রুধিরে বহিছে নদী, কর গিয়া দৃষ্ট।
আমারে রেখেছে মাত্র পাত্র অবশিষ্ট ॥ ৫৬

*　*　*

আলিয়া—একতালা

ধরাতে তায় ধরি হে ধন্যে!
হে রাজন্! সে কি মেয়ে সামান্যে!
অহঙ্কার করি, হুহুঙ্কারে প্রাণ,
বধিল জলদবরণ কন্যে॥
সিংহ প্রতি বলে, বধ রে বধ রে!
আদরেতে হাসি অধরে না ধরে,
মৃগেন্দ্র উদরে যে ধরে বিদরে,
এসেছি শরীরে, আমি কি পুণ্যে॥
কি করিবে তব সেনা অশ্ব করী,
করে ধড়ুংশর করিয়া কি করি!
নারীর বাহন আসি করি-অরি,
নখে করি করি, নাশিল সৈন্যে॥ (গ)

*　*　*

দৈত্যরাজের উষ্মা

দূত-মুখে শুনি তথ্য দৈত্যের ঈশ্বর।
ক্রোধভরে অধর কাঁপিছে থর থর ॥ ৫৭

কি রকম উমা ?

কপিলের উমা যেমন সগর-নন্দনে।
উভয়ত উমা যেমন, ভীম দুর্য্যোধনে॥
মহাদেবের উমা যেমন, মদনের প্রতি।
দক্ষের উপরে যেমন, উমা করেন সতী॥
মহাজনের উমা যেমন, নাতোয়ান খাতকে।
যমের উমা হয় যেমন, পঞ্চমপাতকে। [অ]

* * *

চণ্ডমুণ্ডের যুদ্ধ-যাত্রা

ততোধিক ঘোর উমায়, দন্তে কর কামড়ায়,
ডেকে বলে দৈত্যরায়, মরি রে দম ফেটে।
কোথায় গেলি রে চণ্ড! কোথায় গেলি রে মুণ্ড!
এখনি নারীর মুণ্ড এনে দে রে কেটে॥ ৬১
শুনিয়া সাজিল চণ্ড, প্রতাপ অতি প্রচণ্ড,
এখনি দিব দণ্ড, বলি দণ্ডবৎ ক'রে।
আস্ফালন ঘোর তরঙ্গ, মাতঙ্গ রথ তুরঙ্গ,
সঙ্গে সেনা চতুরঙ্গ, চলে রঙ্গভরে॥ ৬২
আছেন সিংহ আরোহণ করি, চতুর্ভুজা শুভঙ্করী,
মার মার শব্দ করি, দুশো দৈত্য গেলো।
ঈষৎ হাসি অন্তরে, ত্রিলোক-তারা তদন্তরে,
দৈত্য প্রতি কোপান্তরে, কালীবদন[১] হলো॥ ৬৩

* * *

চামুণ্ডার উৎপত্তি

কপাল হৈতে কপালিনী, নির্গতা করেন অমনি,
প্রচণ্ড চণ্ডদমনী, চামুণ্ডা-রূপিণী।
মূর্ত্তি ঘোর ভয়ঙ্করা, খট্বাঙ্গ-অসি-করা,
করালবদনী, পরা দ্বীপিচর্ম্মখানি॥ ৬৪
রক্তাক্ষী লোলরসনা, মুণ্ডমালা-বিভূষণা,
অতি বিকট-দশনা, শুষ্ক-কলেবর।
অসিকরে অসুরে বধ্যে, ভয়ঙ্করী ক্ষণমধ্যে,
পড়েন গিয়া রণ-মধ্যে সিংহে করি ভর॥ ৬৫

* * *

চামুণ্ডার ভয়ঙ্কর যুদ্ধ

নাহি যুদ্ধ ব্যবস্থার,[২] দানবের নাহি নিস্তার,
বদন করি বিস্তার, ধ'রে লাগিলেন খেতে।
খান রক্ত করি ঘটা, রক্ত লেগে দন্ত ক'টা,
শোভে যেন সূর্য্যের ছটা, মেঘের কোলেতে॥ ৬৬
নাই যুদ্ধের অঙ্গ শুদ্ধ, 'খাব' এই বাক্য প্রসিদ্ধ,
রথ গেলেন রথী শুদ্ধ, ঘোড়া হাতী যা ঘটে।
কি করিলেন ভগবান্! দৈত্য যত হানে বাণ,
হাঁ করি হাসিয়ে খান, পাক পায় বাণ পেটে॥ ৬৭
পড়িয়া ঘোর ফাঁফরে, কহে দৈত্য পরস্পরে,
বাঁচে প্রাণ, পলা'লে পরে নৈলে সব সারে রে!
কোথাকার এ গিলে-খাগী, খেলে রে হাঁ-করা মাগী!
ব্যাঘ্রের মুখেতে ছাগী, কি করিতে পারি রে॥ ৬৮

* * *

সুরট—কাওয়ালী

সমরে মগনা কালী চামুণ্ডে।
সুর-পালিনী শির-মালিনী,
দেবী ত্বরিত-দনুজদল-দলনে দণ্ডে।
কিবে আসন করি করি-অরি-পৃষ্ঠে,
রূপ দৃষ্টে চমক লাগে চণ্ডে॥
সঘনে নাশ করে, বদনে গ্রাস করে,
গলিত রুধির-ধারা গণ্ডে।
হর-বনিতের, ঘোর ধ্বনিতে,
কাঁপে থর থর কলেবর জীব-ব্রহ্মাণ্ডে॥ (ঘ)

* * *

পাঠান্তর: ১ কালীবরণ—ক। ২ ব্যবহার—গ, ঙ।

চামুণ্ডা কর্ত্তৃক চণ্ডমুণ্ড নিধন

আইল চণ্ড দোর্দ্দণ্ড, খড়্গ দিয়া তদ্দণ্ড,
তাহার জীবন দণ্ড, করেন শঙ্করী।
আইল মুণ্ড নেড়ে মুণ্ড, খড়্গ দিয়া কাটেন তুণ্ড,
রণভূমে পড়ি মুণ্ড, মুণ্ড গড়াগড়ি। ৬৯
হৈল চণ্ডমুণ্ড-বিনাশন, দেবীর পরিতোষণ,
অজস্র পুষ্প বরিষণ, করেন দেবগণে।
কহেন মুনি মার্কণ্ডে, চণ্ড-মুণ্ডের দুই মুণ্ডে,
ল'য়ে যান চামুণ্ডে, চণ্ডী বিদ্যমানে। ৭০
কহেন, দেবীর আজ্ঞা করিলাম পালন।
এখন তুমি নিশুম্ভ শুম্ভে করহ দলন। ৭১
চণ্ডীর জন্মিল প্রীতি, চণ্ডমুণ্ড-নাশে।
চামুণ্ডে নাম দিয়ে, রাখিলেন নিজ পাশে। ৭২

* * *

শুম্ভের বিস্ময় ও রাণীর নিবেদন

হেথা রণ সংবাদ পাইয়া শুম্ভ দৈত্য।
বলে রে, নিশুম্ভ! একি যাতনা অকথ্য। ৭৩
এ সব সম্পদ্ আমার হইল কি অনিত্য!
সর্পের বাসাতে আসি, ভেকে করে নৃত্য। ৭৪
নারীর হাতে অপমান, জ্বলে যায় চিত্ত!
শীঘ্রগতি কর, ভাই! পাপের প্রায়শ্চিত্ত। ৭৫
এত বলি, দুই ভাই রাগেতে উন্মত্ত।
শ্যামারে করিতে জয় সমরে প্রবর্ত্ত। ৭৬
অন্তঃপুরে রাজরাণী শুনে এই তত্ত্ব।
রাজারে ডাকিয়ে কয়, কাঁদিয়া অনর্থ। ৭৭
কাল-ভার্য্যা কালীরে দেখেছি কালি ঘুমে।
যেন আশুতোষ-আসনে আসিয়া রণভূমে। ৭৮
করে অসি মুক্তকেশী, হাসিতে হাসিতে।
ফেরেন দনুজকুল নাশিতে নাশিতে। ৭৯
চলিল রক্তের নদী, ভাসিতে ভাসিতে।
শবোপরে বায়স যায়, বসিতে বসিতে। ৮০
দেখিয়া হইলাম বড়, ত্রাসিতে নিশিতে।
তোমারে বধেন প্রাণে, অসিতে অসিতে। ৮১
যেও না, হে নাথ! চতুর্ভুজার সমরে।
সাধ ক'রে দিও না ভুজ ভুজঙ্গ-গহ্বরে। ৮২

* * *

ভৈরবী—আড়া

করো না করো না ওহে নাথ! আমায় অনাথিনী।
নাথোপরে নাথ! সে যে, অনাথনাথ-রমণী।
যা হতে ধ্বংস-উৎপত্তি, সেই এলো হে রণে সম্প্রতি,
যার পতিত-পাবন পতি, পতিত পদে আপনি। (ঙ)

* * *

শুম্ভের সমর-যাত্রা

রমণীর কথা শুম্ভ করিয়া অগণ্য।
বাজাইয়া বাদ্য যান সাজাইয়া সৈন্য। ৮৩
ঘণ্টা-নাদ সিংহ-নাদ করেন শঙ্করী।
ঘেরিল অসুরগণ মার মার করি। ৮৪
অগ্রে সেনা, পাছে শুম্ভ, মার মার মুখে।
কালীর ভৈরব এক দাঁড়ায় সম্মুখে। ৮৫
শুম্ভ-সেনা বলে, বেটা হেদে রে ভৈরব!
তুই বেটা! ¹রণমধ্যে করিস কি¹ গৌরব। ৮৬
তুই বেটা! অদ্ভুত ভূত, তোরে কি কথা কই।
অসিধরা দিগম্বরা কালী তোদের কই। ৮৭
ভৈরব বলে, তোরে বধিতে আসিবেন মা কালী!
তবে তাঁর চরণের দাস, আমি মিথ্যা চিরকালি। ৮৮
আমা হ'তে হবে না, বেটা! এমনি কথায় দাঁড়া।
কুমড়ার জালি কাটিতে মহিষ-কাটা খাঁড়া। ৮৯
আমা হ'তে হইবে, বেটা! গয়া-গঙ্গা হরি।
দশমূলেতে যাবে রোগ, কাজ কি বিষ-বড়ি। ৯০

* * *

পাঠান্তর: ১-১ করিস রব, কিসের—ক, খ।

পরজ—একতালা

সামাল দেখি তুই আমারে।
শ্যামা মা মোর আসিবে পরে।
মা করিবে রণ, কিসের কারণ,
যদি নিবারণ হয় নকরে।
মা মোর কালী কাল-রাত্রি,
কাল-ভার্য্যা কাল-রাজ্য-কর্ত্রী,
আসিবে কি সেই মোক্ষদাত্রী,
মক্ষিকা বধিবার তরে। (চ)

* * *

রক্তবীজ-বিনাশ

উভয় দলে একত্তর, লাগিল যুদ্ধ ঘোরতর,
প্রথমত '[1]রক্তবীজ সনে[1]'।
রক্ত পড়ে মৃত্তিকায়, অসংখ্য জন্মায় কায়,
ভাবেন ভবানী তার রণে। ২১
কহিছেন ব্রহ্মময়ী, চামুণ্ডা! তোমারে কই,
রণস্থলে থাকো হাঁ করিয়া!
বেটা কি করিল বিরক্ত, তুমি পান কর রক্ত,
আমি সব কাটি খড়্গ দিয়া। ২২
এমনি করিবা পান, মৃত্তিকা নাহিক পান,
এক ফোঁটা, তবে না মরিবে।
সংহারিণী রূপ ধরি, সিংহ-পৃষ্ঠে অসি ধরি,
খণ্ড খণ্ড করিলেন শিবে। ২৩

* * *

বেহাগ—কাওয়ালী

অসিতবরণী মনের উল্লাসে,
অসি-পাশে অসুর-কুল নাশে।
কাতরে ভাষে, অসুরসেনা,
মা! মেরো না, ঘনবরণা!
নিদ্করুণা[2] ঘন হাসে।
মৃগেন্দ্রোপরে জগৎ-বন্দিনী,
পলাব[3] বাসনা, সেনা সঙ্কট গণি,
তা না পায়, অনুপায়, বলে হায়! একি দায়!
গেল নিতান্ত প্রাণ, পর-দায় অনাসে।
অভয় যাচিছে ভয়ে[4] সৈন্যগণ,
লয়েছি শরণ, শ্যামা! '[5]সঙ্কট-বারণ[5]'
সাধিছে সমরে, মা! তোরে[6]
বধ না দুর্গা! দাশরথিরে কি দোষে। (ছ)

* * *

রণে রক্তবীজ মরে, আনন্দ যত[7] অমরে,
শুম্ভ অতি দুঃখিত-অন্তর।
সেনাপতি মরণে, নিশুম্ভ সাজিল রণে,
করেতে করিয়া ধনুঃশর। ২৪

* * *

শুম্ভ-নিশুম্ভের যুদ্ধ ও মৃত্যু

প্রথমে যত সেনাশুদ্ধ, মাতৃগণ-সহ যুদ্ধ,
তদন্তে কালীর সঙ্গে রণ।
নিশুম্ভের প্রাণ দণ্ডি, খড়্গেতে দিলেন চণ্ডী,
দেবে করে পুষ্প বরিষণ। ২৫
সহ সৈন্য অশ্ব করী, মার মার শব্দ করি,
শুম্ভ যায় সহোদর-শোকে।
দেখে নানা দেবের শক্তি, শুম্ভ গিয়া করেন উক্তি,
ধিক্ ধিক্ সিংহবাহিনি! তোকে। ২৬
আমি জানি এই কারণ, একাকিনী করে রণ,
রণে কেন ইন্দ্রাণী ব্রহ্মাণী।
একি তোমার অসি-করা! পরের বলে যুদ্ধ করা,
দেব-শক্তি যতেক সঙ্গিনী। ২৭

পাঠান্তর: ১-১ রক্ত পড়ে ভূমে—খ, জ। ২ নিকরুণা—গ, জ। ৩ পলাবে—ক, পলাতে—খ। ৪ তবে—ক। ৫-৫ সমর মারণ—ক, গ। ৬ তোরে কাতরে—ক, গ। ৭ সব—খ, জ।

যেমন ভগিনী-পতি ভাগ্যবান্, সেই বলেতে বলবান্,
সম্বন্ধীর লম্বা কোঁচাখানি।
মহিষের ঘোড়া চড়া, ধোপার যেমন পোষাক পরা,
তাতে কি প্রশংসা হলো ধনি ॥ ৯৮
ছেড়ে দিয়ে পরের বল, একা সাজিতে পারিস বল,
তবে জানি সক্ষমা শ্যামা তুমি!
কহিছেন ব্রহ্মময়ী, কই! আমার সঙ্গিনী কই!
এইতো রণে একাকিনী আমি ॥ ৯৯
তখন একাকিনী বিরহিণী, দাঁড়ান সিংহবাহিনী,
করে করি খরশাণ খড়্গ।
নিকট হ'য়ে শ্যামার, শুম্ভ বলে—মার মার,
সঙ্গেতে লইয়া সেনাবর্গ ॥ ১০০
উন্মত্ত অসি-ধরা, চরণে টলমল ধরা,
খণ্ড খণ্ড করিছেন সেনা।
দেখি প্রলয়-আকার, করে সৈন্য হাহাকার,
পলাইতে সবারি মন্ত্রণা ॥ ১০১
পলাইছে এক জনা, আর জন বলে,—বুঝ না,
হাঁ রে ভাই! কোথা পলাইবে।
এ যে ত্রিপুর-সুন্দরী, বিশ্ব-মাতা বিশ্বোদরী,
শ্যামার উদরস্থ জগজ্জীবে ॥ ১০২

* * *

শ্যামা করে সব সৈন্য সংহার সেদিন।
একাকী রহিল শুম্ভ, অস্ত্র-আদি হীন ॥ ১০৩
মৃত্যুকালে অধিক রাগেতে গর গর।
দেবী প্রতি ধাইল বীর, ধরিয়া মুদ্গর ॥ ১০৪
খড়্গে না কাটেন দেবী, দেখে দৈত্য জলে।
এক কীল মারে মোক্ষদার বক্ষঃস্থলে ॥ ১০৫
পুন এক বজ্রসম দেবীর চাপড়ে।
মূর্চ্ছাগত হ'য়ে বীর, ভূমিতলে পড়ে ॥ ১০৬
পুনশ্চ ধরিয়া কীল, ধাইল অসুর।
বলে, এইবার কামিনী! তোর করি দর্প চূর ॥ ১০৭
শূল হস্তে করিলেন শূলপাণি-দারা।
বক্ষ ভেদ অসুরের করেন শূল দ্বারা ॥ ১০৮
কম্পিত হইয়ে পড়ে, সুস্থিরা মেদিনী!
দেবগণ করিছেন জয় জয় ধ্বনি ॥ ১০৯
বহিছে পুণ্য-বাতাস, আকাশ নির্ম্মল।
সৎপথগামিনী নদী হইল সকল ॥ ১১০
অপ্সরা করিছে নৃত্য, দেবের আলয়ে।
কিন্নর করিছে গান, গৌরী-গুণ গেয়ে ॥ ১১১

* * *

পরজ—একতালা

বল কোথা লুকাইবে! গগনে গেলে কি জীবে!
জীবনে মগন হ'লে, জীবন নাশিবে শিবে।
যদি রে শ্যামা মা বধে, স্থান পাবি নে বিমানে হ্রদে,[১]
চল রে! বিপদে শ্যামাপদে, স্থান লইগে সবে ॥ (জ)

* * *

খাম্বাজ—খং

দনুজদল-দলনি! সুরপালিনী শিবে!
আমার দেহাসুরের পাপাসুরে কবে নাশিবে।
কামাদি সেই দৈত্য-সেনা, তায় ব'ধে, লোলরসনা!
মা! তোমার করুণা ইন্দ্রত্ব পদ, কবে বিলাবে।
[২]শমনের শমন হলে, পড়ে থাকিব বিহ্বলে।
তখন যেন তোর ঐ চরণে শরণ দাশরথি লভে ॥[২] (ঝ)

পাঠান্তর: ১ হ্রদে—খ, জ। ২-২ এই অংশটি কেবল ক-গ্রন্থে আছে।

ভগীরথ কর্ত্তৃক গঙ্গা আনয়ন

গঙ্গা-আনয়নে দিলীপের গমনোদ্যোগ

শ্রবণেতে সুবিখ্যাত, সূর্য্যবংশে ভগীরথ,
ভাগীরথী আনিলা যেমতে।
সগর-রাজার বংশ, ব্রহ্মশাপে হৈল ধ্বংস,
কপিল মুনির কোপাগ্নিতে ॥ ১
সগর রাজার সুত, অসমঞ্জ গুণযুত,
গৃহ ত্যজিলেন কুব্যাভারে।
তাঁহার তনয় হয়, অংশুমান্ মহাশয়,
নাতি দেখি হরিষ অন্তরে ॥ ২
পৌত্রে দিয়া রাজ্য-ভার, বনে কৈল আগুসার,
গঙ্গার উদ্দেশে তপ করে।
না পাইয়া ভাগীরথী, দেহ ত্যজে নরপতি ;
সংবাদ কহিল আসি চরে ॥ ৩
শোকে অংশুমান্ রায়, দিলীপেরে রাজ্য দেয়,
তপস্যাতে করিল গমন।
না পাইয়া গঙ্গারে, ত্যজে নৃপ কলেবরে ;
দূতে আসি কহে বিবরণ ॥ ৪
পরেতে দিলীপ রায়, দুই রাণীর প্রতি কয়,
রাজ্য পালন করো দুই জনে।
যাব আমি তপস্যাতে, গঙ্গা আনি পৃথিবীতে,
তবে পুন আসিব এখানে ॥ ৫

* * *

দিলীপের রাণীদ্বয়ের কাতরতা

করযোড়ে দোঁহে কয়, তুমি যাবে মহাশয়!
গঙ্গার তপস্যা করিবারে।
মোরা দোঁহে অবলা জাতি, কেমনেতে নরপতি!
রাজ্যপালন পারি করিবারে ॥ ৬

* * *

বেহাগ—ঝাঁপতাল

কেমনেতে রাজ্য পালন করি বলো, মোরা অবলা।
তোমার বিরহে দোঁহে সদা রব সচঞ্চলা ॥
সুরধুনী-তপস্যাতে, তুমি যাবে কাননেতে,
প্রাপ্ত না হবে সুরধুনী, মোরা কেঁদে হব আকুলা।
শুন শুন হে রাজন্! অধিনীর রাখ মান,
শূন্য ভবনেতে দোঁহে, কেমনেতে রব কুলবালা ॥ (ক)

* * *

রাজাহীন প্রজার অবস্থা

তোমা বিহনে প্রজাগণের অবস্থা কিরূপ হইবে, তাহা শুন—

যেমন বারি ছাড়া মৎস্য, দেখ নাহি বাঁচে প্রাণে।
প্রসূতি ছাড়া শিশু যেমন, মরে সেইক্ষণে ॥
গাভী ছাড়া বৎস যেমন, হাম্বারবে ডাকে।
পুষ্প হইলে মধুহীন, ভৃঙ্গ নাহি থাকে ॥
পুষ্প সব শুষ্ক হয়, বৃক্ষহীন হৈলে।
ছত্রের আশ্রয় লয় দেখ, বারি বরষিলে ॥
বিপদে পড়িলে আশ্রয়, লয় দেবতার।
দুর্ভিক্ষ হইলে প্রজা লয় আশ্রয় রাজার ॥ (খ)

* * *

অতএব তুমি যাবে তপস্যাতে শুন হে রাজন্!
তোমা বিনে হবে হেথা, বড় কুলক্ষণ ॥ ১১

সে কেমন, তাহা শুন

যেমন, রাজা বিহনে রাজ্য নষ্ট।
গৃহিণী বিহনে গৃহকষ্ট।
পিণ্ড-লোপ পুত্র-হীনে।
দিক্ শূন্য বন্ধু বিনে।

পুরুষ হীনে পুরী শূন্য কহে সর্ব্বজনে।
বৃন্দাবন শূন্য দেখ, হয় কৃষ্ণ বিনে॥
যেমন বারি-হীনে পুষ্করণী শূন্য, মৎস্য-হীনে বারি।
তেম্‌নি হবে মহারাজা! প্রজারা তোমারি॥ (আ)

তুমি যাবে তপস্যাতে, বল মোরা কিরূপেতে,
রাজ্য-পালন করিব দোঁহায়।
ঋতুরাজ পাইয়া ছল, আসিয়া করিবে বল,
তখন বল কি হবে উপায়॥ ১৬
কোকিল হানিবে স্বর, তনু হবে জর জর,
ক্ষমা কর, যেও না তপেতে।
বলি অতি বিনয় ক'রে, সাধি চরণেতে ধ'রে,
ক্ষান্ত হও রমণী-বাক্যেতে॥ ১৭
বিনয় করি রমণীরে, কহে রাজা ধীরে ধীরে,
রাজ্য-পালন কর দুই জন।
পিতৃ-আজ্ঞা খণ্ডাইতে, না পারিব কোন মতে,
ত্বরায় করিব আগমন॥ ১৮
এত বলি নৃপবর গেল তপস্যাতে।
দুই রাণী রহে কেবল গৃহের মধ্যেতে॥ ১৯

* * *

তপস্যায় দিলীপের দেহ-ত্যাগ

হেথায় দিলীপ নৃপমণি, অরণ্যে গিয়া আপনি,
গঙ্গার উদ্দেশে তপ করে।
গঙ্গার চরণ-প্রান্তে, সদা তপ অবিশ্রান্তে,
গত হইল হাজার বৎসরে॥ ২০
গঙ্গার না দর্শন পায়, ভাবিত হইয়া রায়,
শোকে তনু করিল পাতন।
দেখি যত দেবগণ, খেদান্বিত সর্ব্বজন,
কিরূপে জন্মিবে নারায়ণ॥ ২১
ইন্দ্র কহে দেবগণে, কহ দেখি সর্ব্বজনে,
কিরূপেতে সূর্য্যবংশ রবে।
রাম যদি না জন্মান, নাহি তবে আমাদের ত্রাণ,
রাবণের হাতে প্রাণ যাবে॥ ২২

দেবগণের ব্রহ্মলোকে গমন

ব্রহ্মধামে চল যাই, ব্রহ্মারে গিয়া শুধাই,
শুনে ব্রহ্মা কি কহেন বাণী।
এত বলি সুরগণ, উপনীত সর্ব্বজন,
যথায় আছেন পদ্মযোনি॥ ২৩

* * *

বসন্ত—তিওট[১]

কহ কহ, দেবগণ! কি নিমিত্তে আইলে?
বিরস বদন কেন, দেখি আজ সকলে॥
আমি সৃষ্টি-অধিকারী, মনোবাঞ্ছা পূর্ণ করি,
কহ কহ সত্য করি, পূর্ণ হবে কহিলে।
কেবা কৈল রাজ্যচ্যুত, কেন এত বিষাদিত,
দুঃখ দিয়াছে বুঝি অসুর সুরদলে॥ (খ)

* * *

ব্রহ্মা-সহ দেবগণের কৈলাসে গমন

আইস আইস দেবগণ! এত বলি পদ্মাসন,
অভ্যর্থনা করিল সভায়।
কুশাসন বসিবারে, আনি দিল সবাকারে,
বৈসে ইন্দ্র আদি দেবরায়॥ ২৪
বিধি কহে, কহ দেখি, কি কারণে সবে দুখী,
কহ কহ করিব শ্রবণ।
সূর্য্যবংশ-আদি-অন্ত, কহে বিধিরে তদন্ত,
শু'নে ব্রহ্মা কহেন তখন॥ ২৫
যাই চল কৈলাসেতে, কহি শঙ্কর-সাক্ষাতে,
শুনিব শঙ্কর কিবা কন।
এত বলি বিধি আদি সুরগণ সংহতি,
উপনীত কৈলাস-ভবন॥ ২৭

পাঠান্তর: ১ তিওট বা রূপক—ক।

দাঁড়াইয়া সুরগণ, স্তব করে সর্ব্বজন,
বদনেতে ব্যোম্ ব্যোম্ ধ্বনি।
হর হর কাশীপতি! তুমি অখিলের গতি,
অচিন্তনীয়াব্যক্ত শূলপাণি। ২৯
ত্বং নমামি দিগম্বর! নাশহ ত্রিপুরাসুর!
ওহে শিব! বৃষোপরি[1] আরোহণ।
কে জানে তোমার তত্ত্ব, তুমি রজ তুমি সত্ত্ব,
প্রলয়-রূপে সৃষ্টি কর সংহরণ। ২৮

* * *

ললিত[2]—খয়রা

হর হর দিগম্বর! তুমি হে কৈলাস-ঈশ্বর।
কে জানে তোমার তত্ত্ব, তুমি রজ তুমি সত্ত্ব,
মৃত্যুকে করিয়া জয়, মৃত্যুঞ্জয় নাম ধর।
পাইয়া বড় শঙ্কা মনে, এলেম তোমার সদনে,
এ বিপদ্ হ'তে প্রভু আমাদের কর নিস্তার। (গ)

* * *

এই রূপে স্তব যদি করে দেবগণ
সদয় হইয়া তবে কহে ত্রিলোচন। ২৯
প্রাণ যদি চাহ আমার, তাহা দিতে পারি।
কি নিমিত্তে আইসে, কহ ধাতা অসুরারি। ৩০
ব্রহ্মা কহে শুন প্রভু! করি নিবেদন।
শঙ্কা পাইয়া আইলাম তোমার সদন। ৩১
তোমার আশ্রিত হ'য়ে, আইলাম হেথায়।
ইহার বিহিত যদি কর দয়াময়। ৩২

* * *

শিবাশ্রিত দেবগণ

আমরা তোমার আশ্রিত, সে কেমন,—
যেমন সিংহের আশ্রিত পশু।
মায়ের আশ্রিত শিশু।
বৃক্ষের আশ্রিত ফল।
শরীরের আশ্রিত বল।
যেমন বারি-আশ্রিত মীন।
দাতা-আশ্রিত দীনহীন।
রাজা-আশ্রিত প্রজাগণ।
তেমনি তোমার আশ্রিত দেবগণ। (ই)

* * *

দিলীপের দুই রাণীর পুত্র-বর লাভ

তখন শিবের নিকটে কহে যত দেবগণ
যে নিমিত্তে আইলাম শুন বিবরণ। ৩৭
সূর্য্য-বংশ-অন্ত-কথা কহে ত্রিলোচনে।
শিব শুনি কহিলেন, শুন সর্ব্ব জনে। ৩৮
যাহ সবে দেবগণ! আপন আলয়।
ইহার বিহিত আজি করিব নিশ্চয়। ৩৯
এত বলি দেবগণে বিদায় করিয়া।
স্বপ্ন দিলা মহেশ্বর রজনীতে গিয়া। ৪০
মম বরে তোমার জন্মিবে কুমার।
ইহার উপায় বলি, শুন সারোদ্ধার। ৪১
এক শয্যায় শয়ন করহ দুই রাণী।
এক জনার গর্ভ হবে, বর দিলাম আমি। ৪২
হইবে উত্তম পুত্র খ্যাত সূর্য্য-কুলে।
একচ্ছত্র রাজা হবে ধরণী-মণ্ডলে। ৪৩
পিতৃ-পুরুষ উদ্ধার করিবে গঙ্গা আনি।
এত বলি অন্তর্দ্ধান হইল শূলপাণি। ৪৪
প্রভাতে উঠিয়া তবে রাণী দুই জন।
দোঁহে মেলি স্বপ্ন-কথা কহে বিবরণ। ৪৫
হেন কালে উপনীত অষ্টাবক্র ঋষি।
শীঘ্রগতি প্রণাম করিল দোঁহে আসি। ৪৬
পুত্রবতী হও বলি, কহিল রাণীরে।
করযোড় করি দোঁহে কহে ধীরে ধীরে। ৪৭

পাঠান্তর: ১ বৃষ—ক। ২ ললিত ভঁয়রো—ক।

কিবা বর প্রদান করিলে মহামুনি !
সন্তান জন্মিবে বল কি হেতু আপনি ॥ ৪৮
আমরা বিধবা হই, এই সূর্য্য-কুলে।
কি হেতু সন্তান বল, জন্মিবে এ কুলে ॥ ৪৯

* * *

ললিত—খয়রা

ভেব না মনেতে রাণি ! দিলাম পুত্রবর-দান।
বিধবা হ'লেও, পুত্র হবে তোমার বলবান্ ॥
ত্রিভুবনে যশ প্রকাশিবে, দোঁহারে সতী বলিবে,
যত কাল চন্দ্রসূর্য্য রবে, সূর্য্যবংশে রবে মান।
যদি হই মহামুনি, হৃদয়ে থাকেন চিন্তামণি,
[১]অন্যথা না হবে রাণি ! আমার বচন[১] ॥ (ঘ)

* * *

ভগীরথের জন্ম-গ্রহণ

মুনি তবে কন, আমার বচন,
না হবে খণ্ডন, শুন ওগো রাণি !
দুই জনা মেলি, কর হর্ষকেলি,
পুত্র মহাবলী, জন্মিবে আপনি ॥ ৫০
নাহি কর ভয়, দিলাম অভয়,
থাকহ নির্ভয়, সতী বলবে পৃথিবীতে।
ঘুচিবে কুযশ, ভাবিহ নির্যাস,
হইবে সুযশ, তব সেই পুত্র হ'তে ॥ ৫১

মুনি এত বলি গেলা গৃহে চলি,
বর দিয়া দুই জনে।
রাণী দুইজনা, কর‍য়ে ভাবনা,
আপনার মনে মনে ॥ ৫২
রাণী সত্যবতী সুমতির প্রতি,
কহিছেন ধীরে ধীরে।

কি করি বল না, উপায় কহ না,
বর দিল মুনিবরে ॥ ৫৩
না হবে খণ্ডন তাঁহার বচন,
পুত্র হবে গর্ভে মোর।
তাহার উপায়, কর গো ত্বরায়,
বিলম্ব সহে না আর ॥ ৫৪
সুমতি রাণী কয়, ইহার উপায়,
করিব ত্বরায় আমি লো।
রজনী যোগেতে, দেখিনু স্বপ্নেতে,
আসি শিওরেতে কে যেন কহিল ৫৫
পরা বাঘছাল, গলে হাড়মাল,
শিঙ্গা করতলে ধরি লো।
মুনির বচন, তাহার কথন,
না হবে খণ্ডন, আর লো ॥ ৫৬
এরূপ বচন, কহে দুই জন,
দিবা অবসান হইল।
রজনীযোগেতে, পালঙ্কোপরেতে,
দোঁহেতে শয়ন করিল ॥ ৫৭
সত্যবতী পরে সুমতি রাণীরে
পতি মনে জ্ঞান করিল।
দৈবের ঘটনে, একত্র শয়নে,
জ্যেষ্ঠা গর্ভবতী হইল ॥ ৫৮
ক্রমে ক্রমে মাস, গত হৈল দশ,
আনন্দ-উল্লাস বাড়িল।
মাংসপিণ্ড প্রায়, পড়িল ধরায়,
দেখিতে সবাই আইল ॥ ৫৯
গর্ভপাত হৈল, কেহ বা কহিল,
কেহ কয়, তাহা নয় লো।
এরূপ রমণীগণে, কহে কথা সর্ব্বজনে,
আজ্ঞা দিল ততক্ষণে, দুই রাণী পরে লো ॥৬০

* * *

পাঠান্তর : ১-১ আমার বচন রাণী হইবে না আন।—ক।

ভগীরথ ও অষ্টাবক্র সংবাদ

দাসী আনি কুমারেরে, শোয়াইল পথ-ধারে,
দৈবের নির্ব্বন্ধ পরে, অষ্টাবক্র আইল।
প্রভাতে করিতে স্নান, সরোবরে মুনি যান,
দৈবের ঘটনা দেখ, থণ্ডে কোন জনা লো। ৬১
বক্র মুনির অষ্ট ঠাঁই, শিশু সেই মত করে তাই,
অষ্টাবক্র ক্রোধ-মনে কহিতে লাগিল।
ব্যঙ্গ কর মোর প্রতি শুন ওরে শিশুমতি!
এত বলি ক্রোধমতি, মুনিবর কহিল। ৬২
যদি আপন স্বভাব-ক্রমে, কর তুমি এরূপ ক্রমে,
আমার বরেতে তবে উঠ তুমি গা তোল।
মহামুনির বচন, খণ্ডে বল কোন্ জন,
রাজার নন্দন তখন দাঁড়াইয়া উঠিল। ৬৩

* * *

ভৈরবী—আড় খেমটা

নমো নমো দ্বিজ! নম, তুমি হে পূর্ণব্রহ্ম!
তোমার মর্ম্ম বলিতে কে পারে।
কৃষ্ণ যিনি পরম ব্রহ্ম, জানিয়া দ্বিজের মর্ম্ম,
বক্ষে ভৃগুপদ-চিহ্ন ধরে॥
আমি গো শিশুমতি, না জানি ভকতি স্তুতি,
আশীর্ব্বাদ মোর প্রতি, যাহ ক'রে!
পাণ্ডুবংশজাত, পরীক্ষিত নর-নাথ,
দ্বিজের শাপে সেই জন মরে। (ঙ)

* * *

প্রণমিয়া করযোড়ে মুনিরে তখন।
গদগদ স্বরে কহে বিনয় বচন। ৬৪
ভাগ্যে মুনি বাঁচাইলা করুণা করিয়া।
তব প্রসাদেতে আমি উঠিনু বাঁচিয়া। ৬৫
যত কাল বাঁচিব আমি, ভারত-সংসারে।
গুরুর সমান করি, মানিব তোমারে। ৬৬
অষ্টাবক্র কহে বাছা! রাজার কুমার!
একচ্ছত্র রাজা হবে ধরণী-উপর। ৬৭
পিতৃগণে মুক্ত কর, গঙ্গা-তপস্যাতে।
উদ্ধার হইবে তারা গঙ্গা-পরশেতে। ৬৮
যেমন, দৈত্যকুলে দৈত্যপতি বলি মহাশয়।
বামনেরে দান দিয়া, পাতালেতে রয়। ৬৯
অদ্যাবধি কীর্ত্তি দেখ, ধরণীতে ঘোষে।
অদ্যাপি দ্বারকানাথ, আছেন দ্বারদেশে। ৭০
শুন, সূর্য্য-বংশেতে সগর মহাবল।
অশ্বমেধ-যজ্ঞ-কীর্ত্তি রাখে ধরাতল। ৭১
তুমি গঙ্গা আনি কীর্ত্তি রাখ ধরাতলে।
তব নাম থাকে যেন পৃথিবী-মণ্ডলে। ৭২
এত বলি ভগীরথে নিয়া তপোধন।
সত্যবতী রাণীর কাছে, কৈল সমর্পণ। ৭৩
সত্যবতী কহে, শিশু কাহার তনয়।
বিশেষিয়া, মহামুনি! কহগো আমায়। ৭৪
শুনে মুনি আদি-অন্ত রাণীরে কহিল।
ততঃপর হর্ষমনে বিদায় লইল। ৭৫
আনন্দের সীমা নাই রাণী দুই জনা।
নগর-মধ্যেতে সবে করিল ঘোষণা। ৭৬

* * *

নগরে নানারূপ রটনা

সুরট—আড়া

সই! শুনেছ কি রাজার বাটীর কথা।
আই কি বালাই! তপে গেল নরনাথ,
সত্যবতীর হ'ল সুত,
কে করে প্রকাশ, বল! কার দুটা মাথা॥
কোন ধনী কয়, ওলো সজনি!
কি কহিলি বল ফিরে শুনি,
আমাদের ঘরে যদি হতো, লোকে যে কি করিত,
কলঙ্ক রটায়ে দিত করিত অবস্থা। (চ)

* * *

নগর-নাগরীগণ, বারি আন্‌তে করি গমন,
এক জনায় অন্য জন, তখন কহিছে গো।

শুনেছ কি এক আশ্চর্য্য, দেশের ব্যবহার কিমাশ্চর্য্য !
আমাদের নৃপতির ভাগ্যার, সন্তান হয়েছে গো ॥ ৭৭
রাজা তপ করিতে গেল, সেথা কৃষ্ণ প্রাপ্ত হলো,
দূতে সংবাদ দিয়ে গেল, তাই আমরা শুনিলাম গো।
বিধবা যুগল রাণী, ঘরে তারা প্রেমাধীনী,
কিসে হেন নাহি জানি, শরমে মলাম গো ॥ ৭৮
এক জনা কহে পরে, বড় কথা বড় ঘরে,
বলিব না গো—কেমন করে, পরাণ যে কাঁপে গো।
ছোট রাণী সত্যবতী, তার চাওনি খারাপ অতি,
পুরুষ দেখলে তার মতি, কেমন যেন হয় গো ॥ ৭৯
উঠিয়া ইষ্টকোপরে, দশ দিক্ দৃষ্টি করে,
পুরুষ দেখিলে ঠারে ঠোরে, কটাক্ষেতে চায় গো।
বড় যে সুমতি রাণী, তাহার কেবল বাহার খানি,
বস্ত্র অলঙ্কার আনি, কত ঢঙে পরে গো ॥ ৮০
ওমা ওমা মরি মরি, সূর্য্যবংশে কলঙ্ক ভারি,
এমন নাহিক হেরি, কেবা হেন করে গো।
এমন ঝি বউ যদি আমাদের হতো,
ঝাঁটা খেয়ে প্রাণটা যেতো,
যা হবার তাই হতো, কে করে নিয়া ঘর গো ॥ ৮১
আর এক রসবতী বলে, কাজ কি মোদের ও সকলে,
যদি শক্র দেয় ব'লে, যাবে ধ'রে নিয়া গো।
ভাত খাই কাঁশী বাজাই, ঝগড়ের কিছু জানি নাই,
আদার ব্যাপারী হ'য়ে, জাহাজে কি কাজ গো ॥ ৮২
এই মত জনে জনে, নিন্দা করে সর্ব্বজনে,
হেন কালে সেই খানে, এক বৃদ্ধা আইল গো।
কুম্ভ নিয়া কক্ষে করি, সরোবরে আনতে বারি,
আইল বৃদ্ধা ধীরি ধীরি, তথায় তখন গো ॥ ৮৩
সূর্য্যবংশের নিন্দা শুনি, ক্রোধে বুড়ী কহে বাণী,
জানি জানি তোদের জানি, তোরা যেমন সতী গো।
সত্যবতী আর সুমতি, তাদের বাড়া কেবা সতী,
আছে আর এই ক্ষিতি-মধ্যে গো ॥ ৮৪
যদি বল বিধবা হ'য়ে, পুত্র হলো কি লাগিয়ে,
তার কথা বিবরিয়ে, বলি আমি তোরে গো।
অষ্টাবক্র বর দিল, সত্যবতীর পুত্র হ'ল,
খণ্ডে কার সাধ্য বল, সেই মুনির বাক্য গো ॥ ৮৫
আবার আছে মুনির বাণী, যে নিন্দা করিবে রাণী,
জেতে বার হবেন তিনি, মুনি শাপ দিলে গো!
তাই তোদের করি বারণ, নিন্দায় কি প্রয়োজন,
মুনির শাপ হবে না লঙ্ঘন, অবশ্য ফলিবে গো ॥ ৮৬
দূর দূর সব অল্পেয়ে! বারি আনতে বারি ছলা পেয়ে,
পরের যত কুচ্ছ গেয়ে, বেড়াস পথে পথে গো।
যাই তোদের শাশুড়ীর কাছে, যা করিব তা মনে আছে,
একবারেই মান খুইয়ে দেবে, সবার গো ॥ ৮৭
এত বলি তাড়াতাড়ি, বারি নিয়া যায় বুড়ী,
দেখিয়া যতেক নারী, নিজ গৃহে শীঘ্র করি, গেল গো ॥৮৮

* * *

বেহাগ-জংলাট—আড় খেমটা

ঘরে যা যা তোরা সকলে।
নৈলে তোদের শাশুড়ী ননদীকে দিব বলে।
আমি ভাল জানি মনে, সতী তারা দুই সতীনে,
অকলঙ্ক কুলে কেনে, মিছে কালি দিস তুলে।
যদি বল পুত্র হলো, মুনি-বরদান ছিল,
যা হবার তা হ'য়ে গেল, কি হবে দ্বেষ করিলে ॥(ছ)

* * *

গুরুর ভৎর্সনা ও ভগীরথের ক্রোধ

হেথায় সত্যবতী রাণী, ভগীরথে লইয়া আপনি,
হরষিতে কাটাইছে কাল।
সপ্তম বৎসর জানি, গুরু মহাশয়ে আনি,
লিখিবারে দিল পাঠশাল ॥ ৮৯
নানা মতে শিক্ষা দেয়, আসি গুরু মহাশয়,
ভগীরথ নাহি কহে বাণী।
শেষে গুরু ক্রোধে জ্বলে, নানামত কটু বলে,
জারজ ব'লে গালি দিল মুনি ॥ ৯০
শুন রে নির্ব্বংশের বেটা! পিতা তোর বল কেটা,
পিতার কি নাম কহ রে দেখি।

শুনি ভগীরথ কয়, দুই চক্ষে বারি বয়,
অন্তরেতে হলো মহা-দুঃখী। ৯১
গুরু কহে,—মর রে ছোঁড়া! যে গে যা রে কচুপোড়া,
তোর পেটে বিদ্যে-সাধ্যে হবে না।
কেন আছিস এখানেতে, দূর দূর হাভাতে!
তোর মা শেষে দিবে গঞ্জনা। ৯২
তোর মা যে সত্যবতী, কেবল তিনি সত্যবতী!
সত্য কথা বৈ তিনি কন না।
ফেরেন পরের ঘরে ঘরে, সকলের দ্বারে দ্বারে,
উঁচু বই নীচু দিকে চান না। ৯৩
গুরু কহে এইরূপ, ক্রোধে ভগীরথ ভূপ,
নিজ গৃহে আসিয়া তখন।
কারে কিছু না কহিয়া, শিশু ক্রোধাগারে গিয়া,
থাকে প'ড়ে করিয়া শয়ন। ৯৪
বেলা দুই প্রহর প্রায়, গগনোপরেতে হয়,
রাণী ভাবে পুত্রের কারণ।
কেন না এখনো এলো, ভগীরথ কোথা গেল!
তত্ত্ব রাণী করয়ে তখন। ৯৫
পাঠশালে গিয়া পরে, সত্যবতী তত্ত্ব করে,
না পাইয়া ঘরে আইল ফিরে।
সত্যবতী আর সুমতি, দোঁহেতে ব্যাকুল অতি,
নানামতে আক্ষেপ সে করে। ৯৬
কোথা গেলে বাছাধন! না দেখে বিধুবদন,
রৈতে নারি গৃহের ভিতর।
প্রাণ উড়ু-উড়ু করে, তোর মনে কি এই ছিল রে!
মা বলিয়া কে ডাকিবে আর। ৯৭
এই মত দুই রাণী, রোদন করে অমনি,
হেন কালে শুন বিবরণ।
দাসী কোন কার্য্যান্তরে, গিয়া দেখে ক্রোধাগারে,
ভগীরথ করিয়া শয়ন। ৯৮
দাসী গিয়া শীঘ্রতর, কহে দোঁহার গোচর,
ভগীরথ আছয়ে শয়নে।
শুনি রাণী ধেয়ে যায়, কুমারে দেখিতে পায়,
কহে তবে আনন্দিত মনে। ৯৯
কেন রে ক'রে শয়ন, ক্রোধাগারে কি কারণ?
হইয়াছে কিবা অভিমান?
উঠ উঠ যাদুমণি! তোমার নিমিত্তে আমি,
হইয়াছি পাগল-সমান। ১০০

* * *

বেহাগ-খংলাট—খেমটা

সত্য করি কহ মোরে, কে মম পিতে গো জননি!
মিথ্যা কহ যদি মোরে, আমি নাহি রব ঘরে,
ব্রহ্মচারী-বেশ ধ'রে, যাব আপনি দেশ দেশান্তরে,
এ মুখ না দেখাইব, তপস্যাতে প্রাণ ত্যজিব,
হব স্বর্গ-গামিনী[১]। (অ)

* * *

বশিষ্ঠের মুখে ভগীরথের পিতামহ ও পিতার বিবরণ শ্রবণ

ভগীরথ কহে মা গো! করি নিবেদন।
এক কথা বলি যদি কর অবধান। ১০১
রাণী কহে, কি কথা কহ রে বাছাধন!
কহিলাম সত্য সত্য কহিব বচন। ১০২
ভগীরথ কহে, মা গো! নিবেদন করি।
কোথায় মম পিতা, কহ সত্য করি। ১০৩
শুনি রাণী কহে, বড় ঠেকিলাম দায়।
সত্য কথা কৈলে, পুত্র যদি ছেড়ে যায়। ১০৪
মিথ্যা কহিলে, ধর্ম্মেতে পতিত হব আমি।
কেমন ক'রে মুখেতে তবে এই কথা আনি। ১০৫
কপটেতে রাণী কহে, শুন বাছাধন!
যখন রাজা হইয়া বসিবে তুমি রত্ন-সিংহাসন। ১০৬
তখন কহিব তব পিতার কাহিনী।
এইরূপ বারে বারে কহে দুই রাণী। ১০৭

পাঠান্তর: ১ স্বর্গগামী—ক।

না শুনে চতুর শিশু মায়ের বচন।
অগ্রেতে কহ গো পিতার কুশল কথন ॥ ১০৮
রাণী কহে অগ্রে বাছা! স্নান ভোজন কর।
পরেতে শ্রবণ কর বশিষ্ঠ-গোচর ॥ ১০৯
শুনি ভগীরথ স্নান ভোজন করিয়া।
বশিষ্ঠ নিকটে কহে প্রণাম করিয়া ॥ ১১০
কোথায় আছেন পিতা, কহ দয়াময়!
কিবা নাম হয় তাঁর, কহিবে আমায় ॥ ১১১
শুনিয়া বশিষ্ঠ কহে রাজার কুমারে।
অগ্রে বাছা! বড় হও—কহিব এর পরে ॥ ১১২
এক্ষণে কহিলে পরে না রবে গৃহেতে।
ভগীরথ কহে মোরে, হইবে বলিতে ॥ ১১৩
মুনি কহে, তব পিতা দিলীপ আছিল।
তপস্যাতে গিয়া সেই পরাণ ত্যজিল ॥ ১১৪
ভগীরথ কহে, মুনি! করি নিবেদন।
কি কারণে তপস্যাতে করিল গমন ॥ ১১৫

* * *

বসন্ত—তিওট

কহ গো মহামুনি! তোমার মুখেতে শুনি,
অপূর্ব্ব পিতামহ-বিবরণ।
কি হেতু যজ্ঞ করে, যজ্ঞে কে বিঘ্ন করে,
বিশেষিয়া মোরে কহ সে বচন ॥
কিসেতে হবে মুক্তি, দেহ সে মোরে যুক্তি,
শক্তি বিনা নাহি মুক্তি কদাচন। (ঝ)

* * *

মুনিবর কন, রাজার নন্দন!
শুন বিবরণ বলি।
সূর্য্যবংশে ছিল, সগর ভূপাল,
বড়ই বিশাল, বলে মহাবলী ॥ ১১৬
একচ্ছত্রাধিপ, ছিল সেই নৃপ,
বড়ই প্রতাপান্বিত।
দুষ্টের দমন শিষ্টের পালন
সংগ্রামে মহা পণ্ডিত ॥ ১১৭
মুনি-বরে তার, শতেক কুমার,
একেবারে সবে হৈল।
বলে বলবান্, সকলে সমান,
ব্রহ্মশাপেতে মরিল ॥ ১১৮
তাদের উদ্ধারে, গঙ্গা আনিবারে
তপ করিবার তরে।
কি কব সে কথা, গিয়া তব পিতা,
গঙ্গা না পাইয়া মরে ॥ ১১৯
করযোড় করি, মুনি-বরাবরি,
কহে ধীরি ধীরি, রাজার নন্দন।
তপস্যা করিব, গঙ্গারে আনিব,
উদ্ধারিব মম পিতৃগণ ॥ ১২০
শুন মুনিবরে! মন্ত্র দেহ মোরে,
না রব গৃহেতে আমি।
মুনিবর কয়, রাজার তনয়!
এক্ষণে না হও অরণ্যগামী ॥ ১২১
হইয়া রাজন, প্রজার পালন,
অগ্রে কর বাছাধন!
পরেতে যাইয়া, তপস্যা করিয়া,
গঙ্গারে আনিয়া, উদ্ধারহ পিতৃগণ ॥ ১২২
হেনকালে রাণী, আসিয়া আপনি,
কহে কথা মুনিবরে।
কিসের কথন, কহ দুইজন,
বিশেষিয়া কহ মোরে ॥ ১২৩
বশিষ্ঠ ঋষি কন, তোমার নন্দন,
তপস্যাতে যাব বলে।
গঙ্গারে আনিব, পিতৃকুল উদ্ধারিব,
নিজ বাহুবলে ॥ ১২৪
দীক্ষা হইবারে, আমার গোচরে,
তোমার কুমার চায়।
ওগো সত্যবতি! কহি তব প্রতি,
কি কহিব ইহার উপায় ॥ ১২৫

ভগীরথ নিকটেতে সত্যবতী কয়।
না যাইও তপস্যাতে,—সময় এ নয়॥ ১২৬
তুমি গৃহ হইতে গেলে শূন্যময় হবে।
এ ছার গৃহেতে তবে কোন্ জন রবে॥ ১২৭
সরযুতে গিয়া আমি, ত্যজিব জীবন।
মাতৃবধের ভাগী তোরে হইবে অংশন॥ ১২৮
তপস্যাতে যাহ যদি শুন বাছা! ধীর।
শূন্যময় হবে তবে এ গৃহ-মন্দির॥ ১২৯

* * *

রাজাহীন গৃহ শূন্য

সে কেমন—

যেমন শিব বিহনে কাশী শূন্য, কহে মুনিগণ।
সর্ব্ব শূন্য দেখে, দরিদ্র যে জন॥
দিক্ শূন্য হয় যেমন বন্ধুর কারণে।
অমরাপুরী শূন্য যেমন, ইন্দ্রের বিহনে॥
যেমন শ্রীকৃষ্ণ বিহনে শূন্য বৈকুণ্ঠ নগরী।
তুমি তপস্যাতে গেলে তেমনি হবে পুরী॥ (ঐ)

* * *

বশিষ্ঠের নিকট ভগীরথের দীক্ষা-গ্রহণ ও তপস্যায় গমন

এইমত নিবারণ করে যত রাণী।
ভগীরথ কহে তবে, যোড় করি পাণি॥ ১৩৩
কেন মোরে বারে বারে, বারণ কর তুমি।
তপস্যা করিতে মা গো! যাইব যে আমি॥ ১৩৪
পিতৃগণ উদ্ধারিব তোমার আশীষে।
না হবে প্রমাদ, আশীর্ব্বাদ কর ব'সে॥ ১৩৫
এই রূপে নানা ছলে মায়ে ভুলাইয়া।
মন্ত্র-দীক্ষা লইলেন বশিষ্ঠের কাছে গিয়া॥ ১৩৬
মহামন্ত্র কর্ণে যদি, মুনিবর দিল।
অষ্টাঙ্গেতে প্রণিপাত হইয়া পড়িল॥ ১৩৭
মায়ের নিকটে গিয়া কহে মৃদুবাণী।
আশীর্ব্বাদ কর মোরে, চলিলাম জননি॥ ১৩৮
এত বলি ভগীরথ প্রণমিলা মায়।
ব্যাকুল হইয়া রাণী, পুত্র প্রতি কয়॥ ১৩৯

* * *

বসন্ত—চৌতাল

বাছা যাও রে ভগীরথ! করিবারে তপ,
পূর্ণ হবে মনোরথ যাইলে।
আমার এই আশীর্ব্বাদ, পূরিবে মনোসাধ,
না হবে প্রমাদ, আসিবে কুশলে।
যগুপি পাও ভয়, মায়েরে ডেকো তথায়,
অবশ্য রাখিবেন কুশলে॥ (ঐ)

* * *

সজল জলদ ভাবে, কহে রাণী প্রিয় ভাবে,
তপস্যাতে করিবে গমন।
দেখ বাছা! সাবধানে, যাও মায়ের আরাধনে,
রক্ষা যেন করেন দেবগণ॥ ১৪০
মস্তক রক্ষা করিবে তোর আপনি কৈলাস-ঈশ্বর,
হস্ত রক্ষা করিবেন পদ্মাসন।
ভগীরথ-মস্তকোপরে, রক্ষা বাঁধি দিয়া পরে,
বিদায় রাণী করে ততক্ষণ॥ ১৪১

* * *

বিজন বনে ভগীরথের তপস্যা

চলে রায় ত্বরা করি, মাকে মনে মনে করি,
উত্তরিল আসি এক বনে।
একে অরণ্য বিজন বন, ডাকে গণ্ডার ব্যাঘ্রগণ,
আতঙ্কে কম্পিত শিশু শুনে॥ ১৪২
নয়ন মুদিয়ে ডাকে, হিংস্রপশু-আতঙ্কে,
কোথা গো মা সুরশৈবলিনি!
দেখা দেহ আসি মোরে, ডাকি গো মা! বারে বারে,
ওমা কালি! কৈবল্যদায়িনি॥ ১৪৩
এই রূপ বারে বারে, ডাকে রাজকুমারে,
অন্তরেতে জানিলা পার্ব্বতী।

আজ্ঞা দিল কেশরীরে, যাহ বাছা! ত্বরা ক'রে,
রক্ষা কর সূর্য্যবংশ-পতি। ১৪৪
আজ্ঞা পাইয়া করি-অরি, চলিলেন ত্বরা করি,
যথা বনে রাজার নন্দন।
আশ্বাস করিয়া তায়, কহে সিংহ পশুরায়,
ভয় নাই,—শুনহ বচন। ১৪৫
বসি কর আরাধন, শুন ওরে বাছাধন!
হৃদে ভয় নাহি কর আর।
এত বলি পশুপতি, অন্তর্দ্ধান শীঘ্রগতি,
উপনীত কৈলাস-শিখর। ১৪৬
হেথা পশুগণ যত, যুক্তি করে নানা মত,
একত্র হইয়া বসি সবে।
এ শিশুরে যদি খাই, তবে যে নিস্তার নাই,
রাজার নিকটে যাই সবে। ১৪৭
শার্দ্দূল হাসিয়া কয়, ছোঁড়া বড় চতুর হয়,
খাব বলি আমরা সবাই।
তাই গিয়ে রাজার কাছে, বুঝি শরণ নিয়েছে,
কি বল ওহে গণ্ডার ভাই। ১৪৮
গণ্ডার কহে, তাহা নয়, এই অনুমান হয়,
শিশু করিয়াছে চতুরালি।
বধিবে বুঝি মোদের প্রাণ, তাই ব'সে করে ধ্যান,
চল যাই পালাই সকলি। ১৪৯
জম্বুক কহিছে বাণী, শুন সবে কহি আমি,
লইয়াছে মাতার শরণ।
যদি এই কথা শুনে, তবে রাজা বধিবে প্রাণে,
নিতান্ত মরিব সর্ব্বজন। ১৫০

* * *

ভগীরথকে ব্রহ্মার বর-দান

ব্রহ্মার তপস্যা করে, শতেক বৎসর পরে,
দেখা আসি দিল প্রজাপতি।
বর লহ গুণাকর! যেবা বর বাঞ্ছা কর,
সেই বর দিব শীঘ্রগতি। ১৫১
শিশু কহে যোড়করে, গঙ্গা আনি দেহ মোরে,
এই বর মাগি প্রভু, দান।
শুনি ব্রহ্মা আশ্বাসিয়া, চলে ত্বরান্বিত হৈয়া,
উপনীত গঙ্গা বিদ্যমান। ১৫২
প্রজাপতি কহে বাণী, শুন গো মা সুরধুনি!
ভগীরথ রাজার নন্দন।
করিয়া কঠিন সাধন, করে তব আরাধন,
কর গো মা! তথায় গমন। ১৫৩
বিবিধমতে পদ্মযোনি, বুঝাইতে সুরধুনী,
শেষে গঙ্গা করিল স্বীকার।
চলে ভগীরথ কাছে, যথা বনে রাজা আছে,
তারিণী করেন আগুসার। ১৫৪
চক্ষু মুদি ভগীরথ, যথায় করেন তপ,
সুরধুনী তথায় আইল।
কি কর রে বাছাধন! চক্ষু কর উন্মীলন,
শুনি রাজার ধ্যানভঙ্গ হৈল। ১৫৫
দেখি গঙ্গা সুরধুনী, স্তব করে নৃপমণি,
গঙ্গা-বেগ কে করে ধারণ?
পশুপতি বিনা আর, ধরে হেন সাধ্য কার,
কর বাছা! তাহার সাধন। ১৫৬
শুনি যায় দ্রুতগতি, যথা আছেন পশুপতি,
ভগীরথ কহে সমাচার।
শুনিয়ে শিশুর বাণী, নৃত্য করেন শূলপাণি,
ধন্য সূর্য্যবংশে বংশধর। ১৫৭
গঙ্গারে শিরে ধরিব, গঙ্গাধর নাম পাইব,
ইহা হৈতে ভাগ্য মোর নাই।
ধন্য ধন্য আমি ধন্য, কত করিয়াছি পুণ্য,
চল বাছা! চল তবে যাই। ১৫৮
সদানন্দ শীঘ্র আসি, আনন্দ-সাগরে ভাসি,
বসিলেন মেরু-শৃঙ্গ-তটে।
হিমালয়-শিখর হইতে, পড়ে শিবের মস্তকেতে,
পর্ব্বত পাহাড় যায় ফেটে। ১৫৯
অমনি জটায় পূরি, রাগে গঙ্গা ত্রিপুরারি,
বেড়ান দেবী পথ নাহি পান।

যেন দিক্ হৈল হারা, বেড়ান ভ্রমি ভবদারা,
হেথায় ভগীরথ ফিরে চান ॥ ১৬০
কোথায় সে তরঙ্গ, দেখে ভগীরথের আতঙ্ক,
শূন্যময় হেরে ত্রিভুবন।
মাথে হাত মারি রায়, কেঁদে গড়াগড়ি যায়,
নয়নেতে ধারার শ্রাবণ ॥ ১৬১

* * *

ভগীরথের শোক

গঙ্গা হারাইয়া ভগীরথ শোকযুক্ত, সে শোক কেমন,
তাহা শ্রবণ কর,
যেমন মণি-হীন ফণী। স্বামী-হীন রমণী ॥
শুক-হীন সারী। কুঞ্জর-হীন কুঞ্জরী ॥
রাবণ-হীন মন্দোদরী। ইন্দ্র-হীন অমরাপুরী ॥
কৃষ্ণহীন গোপিনী যত।
গঙ্গাহীনে ভগীরথ হয় সেই মত। (উ)

* * *

ভৈরবী—যৎ

মা গো! কোথা গেলে সুরধুনি!
অকৃতী সন্তান ব'লে ত্যজিলে কেন জননি।
যদি কুসন্তান হই, তবু তোমার পুত্র বই,
আর কেহ নই, শুন গো জগৎ-তারিণি!
বড় আমি দুরাশয়, হারাইলাম গো তোমায়,
কি করিব হায় হায়! ভেবে মরি দিবা রজনী। (ট)

* * *

কেঁদে গড়াগড়ি যায়, ভগীরথ নৃপ রায়,
আছাড়িয়া আপনার কায়।
কে করিল বজ্রাঘাত, কেন হেন অকস্মাৎ,
কেবা গঙ্গা চুরি কৈল গিয়া ॥ ১৬৬
দেখিয়া শিশুর রোদন, জটা চিরি ততক্ষণ,
বাহির করিয়ে সুরধুনী।
হিমালয় শিখরেতে, সেই ধারা আচম্বিতে,
পড়ে, ঘুরে বেড়ান তারিণী ॥ ১৬৭
ভগীরথে দেবী কয়, পথ নাহি পাওয়া যায়,
শুন বাছা! বলি আমি তোরে।
ইন্দ্রের আছে ঐরাবত, আন তারে ত্বরান্বিত,
সেই আসি দিবে পথ ক'রে ॥ ১৬৮
শিশু আসি তপ করে, দ্বাদশ বৎসর পরে,
সদয় হইল শচীপতি।
কিবা বর মনোমত, চাহ বাছা ভগীরথ!
সেই বর দিব শীঘ্রগতি ॥ ১৬৯
এই বর সুরেশ্বর! আমি তোমার গোচর,
ঐরাবত হাতী মাগি দান।
হিমালয় ভিতরেতে, বদ্ধ দেবী যেতে পথে,
মুক্ত করি দিবে সেই স্থান ॥ ১৭০
ভগীরথ-মুখে শুনি, ঐরাবত কহে বাণী,
কহ,—গঙ্গা কেমন গঠন।
যদি গঙ্গা ভজে মোরে, দিতে পারি পথ ক'রে,
যাহ তারে কহ বিবরণ ॥ ১৭১
কর্ণে শিশু দিয়ে হাত, কহে দেবীর সাক্ষাৎ,
অন্তরেতে জানিল তারিণী।
হাসি ভগীরথে কয়, যাহ বাছা পুনরায়,
কহ গিয়া তাহারে কাহিনী ॥ ১৭২
আড়াই ঢেউ যদি মোর, সৈতে পারে করিবর,
তবে তারে আপনি ভজিব।
দেখ বাছা ভগীরথ! হবে তার সেই মত,
নিশুম্ভের প্রায় সংহারিব ॥ ১৭৩
শুনি শিশু ত্বরা করি, দ্রুত কহে যথা করী,
শু'নে হৃষ্ট হরষিত-মন।
আহ্লাদ-সাগরে ভাসি, মুখে নাহি ধরে হাসি,
ঘন ঘন বাড়ায় চরণ ॥ ১৭৪

ঐরাবতের দর্পচূর্ণ

ইন্দ্রের ঐরাবত চলে, গভীর ঘোর নাদে।
শতহস্ত মাটি উঠে, করিবর-পদে ॥ ১৭৫

দীর্ঘেতে দ্বাদশ-যোজন, চারি যোজন আড়ে।
নিঃশ্বাসেতে কত শত, গিরি উড়ে পড়ে ॥ ১৭৬
মদে মত্ত মাতঙ্গ চায়, ঘূর্ণিত-লোচন।
অনুমান হয় যেন, সাক্ষাৎ শমন ॥ ১৭৭
যথায় আছয়ে গিরি, সুমেরু-শিখর।
দন্ত বসাইল করী, শৃঙ্গের উপর ॥ ১৭৮
কুল কুল রবে, গঙ্গা বাহির হইলা।
কোপ করি ঐরাবত ভাসাইয়া দিলা ॥ ১৭৯
হাবুডুবু খায় হস্তী, গঙ্গার হিল্লোলে।
জল খেয়ে করিবর, মরে পেট ফুলে ॥ ১৮০
দেবী কহে, আর ঢেউ বাকি আছে মোর।
আমারে ভজিতে চাহ আরে রে পামর ॥ ১৮১
ভজি তোরে ভাল ক'রে, বলিয়া তারিণী।
তলাইয়া দিল নিজ তরঙ্গে আপনি ॥ ১৮২
ত্রাহি ত্রাহি মহামায়া! কে জানে তোমায়।
চিনিতে না পারি আমি, পশু দুরাশয় ॥ ১৮৩
নগেন্দ্র-নন্দিনী তুমি ত্রিলোক-তারিণী।
শিবের দোহাই, যদি না ছাড় জননি ॥ ১৮৪
শু'নে সুরধুনী তায় ছাড়াইয়া দিল।
অবিলম্বে করিবর পলাইয়া গেল ॥ ১৮৫

জহ্নু মুনি-প্রসঙ্গ

কল কল রবে জল, চলিল গঙ্গার।
নানা দেশ দিয়া দেবী করেন আগুসার ॥ ১৮৬
অঙ্গ বঙ্গ কলিঙ্গ দিয়া গঙ্গার গমন।
জহ্নু মুনির আশ্রমে করে আগমন ॥ ১৮৭
এক মনে মহামুনি জপ করে ব'সে।
বারির তরঙ্গে কোশাকুশি যায় ভেসে ॥ ১৮৮
ধ্যান-ভঙ্গে মহামুনি, কটমট চায়।
ক্রোধেতে কুপিয়ে, তাই গঙ্গা প্রতি কয় ॥ ১৮৯
কেমন স্বভাব তব, না দেখি না শুনি।
কোশাকুশি ভেসে যায়, কি করিব আমি ॥ ১৯০
এত বলি ক্রোধান্বিত জহ্নু মহামুনি।
পান কৈল গণ্ডুষেতে গঙ্গায় আপনি ॥ ১৯১

দেখি ভগীরথ করে মুনিরে স্তবন।
কাঁদিয়া ধরিল গিয়া, যুগল চরণ ॥ ১৯২
কতক্ষণ পরে মুনির, ধ্যান-ভঙ্গ হৈল।
আদ্যন্ত কথা ভগীরথে জিজ্ঞাসিল ॥ ১৯৩
তার পর মুনিবর, দেখে ধ্যান করি।
গঙ্গা বাহির কৈল মুনি, দক্ষিণ জানু চিরি ॥ ১৯৪
সেই খানে হৈল জাহ্নবী ব'লে নাম।
পরে দেবী উপনীত হৈল কাশীধাম ॥ ১৯৫
ভগীরথে মহামায়া জিজ্ঞাসে আপনি।
ভগীরথ কহে মাগো! আমি নাহি জানি ॥ ১৯৬
শুনেছিলাম মাতৃ-মুখে কপিল-শাপেতে।
ভস্ম হইয়াছে সব পাতাল-পুরেতে ॥ ১৯৭

* * *

গঙ্গাজল-স্পর্শে সগর-সন্তানগণের উদ্ধার

শুনি শতমুখী গঙ্গা হইলা সেখানে।
পূর্ব্বপুরুষ ভস্ম হইয়া আছয়ে যেখানে ॥ ১৯৮
এক বিন্দু বারি যেমন পরশ হইল।
ষাট হাজার রথ আসি উপনীত হৈল ॥ ১৯৯
দুই হস্ত তুলি সবে ভগীরথে কয়।
তোমা সম ভাগ্যবান্ না দেখি ধরায় ॥ ২০০
তুমি বাছা পুণ্যবান্, আমাদের করিলে ত্রাণ,
এ যশ ঘুষিবে ত্রিসংসারে।
রাজ-রাজ্যেশ্বর হবে, চিরকাল সুখে রবে,
এত বলি আশীর্ব্বাদ করে ॥ ২০১
পরে যায় স্বর্গপুরে, আরোহিয়া রথোপরে,
ভগীরথ প্রণাম করিল।
আনন্দে দুবাহু তুলে, নাচে গঙ্গা গঙ্গা ব'লে,
প্রেমবারি নয়নে বহিল ॥ ২০২
গঙ্গা কন ভগীরথে, শুন বাছাধন! একচিত্তে,
মোর পূজা কর বাছাধন!
একচ্ছত্র রাজা হবে, সুখে কাল কাটাইবে,
অন্তিমেতে দিব দরশন ॥ ২০৩

এত বলি সুরধুনী, চলিলেন তরঙ্গিণী,
সমুদ্র সহিত ভেটিবারে।
হেথা ভগীরথ রায় চলিলেন নিজালয়
হরষিত হইয়া অন্তরে ॥ ২০৪
পুত্র হেরি সত্যবতী, আনন্দিত হইয়া অতি,
আসি শিরে করিল চুম্বন।
সুমতি সহিত গিয়া, আইওগণে সঙ্গে নিয়া,
সুবচনীর করিল পূজন ॥ ২০৫
সিরণী আনিয়া পরে, সত্যপীরে পূজা করে,
পরে দিল দাঁড়া গুয়াপান।
বিভা দিয়া ভগীরথে, আনন্দ হইয়া চিতে,
পুত্রে রাজ্যভার দিল দান ॥ ২০৬
ভগীরথ রাজা হ'য়ে, পাত্র মিত্র সঙ্গে ল'য়ে,
রত্নসিংহাসনে আরোহণ ॥ ২০৭
গঙ্গার প্রতিমা পরে, স্বর্ণেতে নির্ম্মিত ক'রে,
নিত্য নিত্য করয়ে পূজন।
গঙ্গা-পদ কহে রায়, যেই শুনে যেই গায়,
তার জন্ম নাহি কদাচন ॥ ২০৮

* * *

খাম্বাজ—আড় খেম্‌টা

জয় জয় ধ্বনি মঙ্গলাচরণ।
করে পুলকেতে অযোধ্যাবাসিগণ।
কেহ গায় কেহ হাসে, পুলকেতে সবে ভাসে,
আনন্দে বেড়ায় উল্লাসে, যত পুর-জন।
রাহুতেতে ঠোকে তাল, মাহুত বলে সামাল সামাল,
রায়-বাঁশে ধরি বাঁশ, লোকে ঘনে ঘন ॥ (ঠ)

কমলে কামিনী

পিতার উদ্দেশ্যে শ্রীমন্তের সিংহল-যাত্রা

সুজনগণের শ্রাব্য, শ্রীকবিকঙ্কণ কাব্য,
কমলে কামিনী দেখে জলে।
গিয়া সিংহল নগর, ধনপতি সদাগর,
বন্দী শালবন-বন্দিশালে ॥ ১
শ্রীমন্ত তার পুত্র দেশে, নিজ জননীর আদেশে,
পাঠশালে লিখনে নিযুক্ত।
দৈবে এক দিন বাক্যধারে, শিক্ষাগুরু দেন তারে,
গুরুদণ্ড হ'য়ে রাগযুক্ত ॥ ২
থাকিস কিসের পৌরুষে, জন্মিলি কার ঔরসে,
তোর পিতা বিদেশে আছে বন্ধ।
যা রে যা রে জার-জাতক! তোর জননী ঘোর পাতক,
ঘটিয়েছিল ঘোর বনে নিঃসন্ধ ॥ ৩
কেউ নহে ত অজানিত, অজা ল'য়ে বনে যেত,
অযশ ক'রেছে অজ রেখে।
কি জন্যে হবে না গোল, ছাগল করে আগল,
একাকিনী রমণী বনে থাকে ॥ ৪
আমরা সব শুনেছি রে! ওরে ছি রে ছি রে ছি রে
তোর বাপের তরী পাপের ভরায় ডুবে।
কথা শুনি গুরু-মুখে, শ্রীমন্ত শ্রীহীন দুখে,
ধিক্ দিয়ে অন্তরে শিশু ভাবে ॥ ৫
এ কথা পাছে অন্যে শুনে, ব'লে পিতার অন্বেষণে,
যাইতে উদ্যত হইল শিশু।
মৃতকল্প অভিমানে, জননীর বিদ্যমানে,
বিদায় হইতে গেল আশু ॥ ৬
যাব গো মা! সিংহলে উভয়ের মঙ্গলে,
অভয়ে যদ্যপি দেন দিন।
জনম আমার তবে, এ বাসে বাস হবে,
নতুবা হয়েছি উদাসীন ॥ ৭

নন্দনের বাক্যে ধনী, অমনি ক্রন্দনের ধ্বনি,
না পারে নয়নবারি নিবারিতে।
কি শুনালি শ্রীমন্ত রে! বলিয়ে অমনি পড়ে,
ধরাতলে বণিক্-বনিতে ॥ ৮

* * *

অহং[১]—একতালা

বাছা! হও রে ক্ষান্ত।
মারে বধিলে, কে বাদ সাধিলে,
তোরে কে দিলে, এ মন্ত্র রে শ্রীমন্ত!
কে তোরে কি বাছা! বলে দ্বেষ করি,
দেশে দ্বেষ করি হবি দেশান্তরী,
ওরে আমার অশান্ত!
তোরে প্রাঙ্গণের প্রান্তভাগে রেখে,
আমি নিবারিতে নারি প্রাণ ত।
ওরে সিংহলে যে যায়, সিংহ ব্যাঘ্র প্রায়,
পথে ঘটায় প্রাণান্ত।
সাধ্য হবে না সে সাধুর অন্বেষণ,
সাধের সুত! কেবল হবি রে নিধন,
সাধে সাধে একান্ত।
[২]তোর কি সাধ আছে,[২] আমার সতিনীরও,
সাধ পুরাবি রে নিতান্ত। (ক)

* * *

শ্রীমন্ত কন জননি! জ্ঞানবন্ত-মুখে শুনি
পুত্র প্রতি আছে দৈববাণী।
পিতা ধর্ম্ম পিতা স্বর্গ, পিতৃ-তুপ্তে দেববর্গ,
সবে তুপ্ত হন গো জননি ॥ ৯
করিবারে ধর্ম্ম রক্ষে, বাকল পরিয়া কক্ষে,
পিতৃ-বাক্যে রাম বনচারী।
হরি গিয়া বৃন্দাবন, নন্দন হইয়ে রন,
নন্দ-গোপের বাধা মাথায় করি ॥ ১০

পিতৃকুল-উদ্ধার লাগি ভগীরথ গৃহত্যাগী,
পঞ্চম বৎসরে যায় বনে।
বন্দিশালে পিতা আমার, সন্তান হইয়ে তাঁর,
সন্ধান লব না, ধিক্ জীবনে ॥ ১১
খুল্লনা কয় ওরে অশান্ত! করো না মোর সর্ব্বস্বান্ত,
সে কথায় শ্রীমন্ত ক্ষান্ত নহে।
বিরসে বদন ভারি, নাহি খায় অন্নবারি,
চক্ষে অনিবারি বারি বহে ॥ ১২
পুত্র দেখি অনিবার্য্য, আচার্য্য আনিয়ে ধার্য্য,
শুভদিন করিয়া সুন্দরী।
সাধুর প্রত্যয়ের তরে, দিলেন পুত্রের করে,
জাতপত্র সোনার অঙ্গুরী ॥ ১৩
পড়িয়া বিষম অকুলে, সাধুভার্য্যা শোকানলে,
নদী-কূলে পূজিয়া চণ্ডীকে।
বিপত্তে করতে উপায়, সন্তানে শঙ্করীর পায়,
সঁপিলেন স-বর্ণেতে ডেকে ॥ ১৪

* * *

সবর্ণে স্তব

ওমা সুরমুনি সঙ্কটে তব সরোজপদ স্মরে।
সুরে দিলে শরণ, শুম্ভ সংহারি সমরে ॥ ১৫
হ'য়ে শ্যামা, শবাসনা, সুখে সুধাপান-শালিনী।
শোণিত-সাগরে মগ্না, সঙ্গেতে সঙ্গিনী ॥ ১৬
ল'য়ে সীতে-ভক্ত, সিন্ধুকূলে, সঙ্কটে শরণ।
শরতে সরোজপদ সাধেন সনাতন ॥ ১৭
সেথা, সিংহোপরে ষোড়শী, শোভা স্বর্ণসরোজিনী।
শূল-শক্তি-শরাসন-সর্পাদি-ধারিণী ॥ ১৮
শ্বেতবর্ণ সরস্বতী সঙ্গে শোভা করে।
ষড়ানন সন্তান স্ববামে শিখিপরে ॥ ১৯
সুরেন্দ্র-সেবিত শিশু স্বদক্ষিণে রন।
তদূর্দ্ধে সাগরসুতা, করি সরোজাসন ॥ ২০

পাঠান্তর: ১ বিভাস—ক। ২-২ এই অংশ ক গ্রন্থে নাই।

তুমি শরণাগত-স্বজন-শঙ্কা-সংহারিণী।
শমন-সদন[1]-সন্দর্শন-নিবারিণী[2] ॥ ২১
দেখ স্বল্পবুদ্ধি শিশুর আমার সিংহলে সাজন।
সঙ্কটে শঙ্করি! তোমার লয়েছি শরণ ॥ ২২
যেন না হাসে সতিনী শত্রু, সদা শিয়রেতে।
হে শিবে! সঙ্কটে রেখো দুঃখিনীর সুতে। ২৩

* * *

সুরট—কাওয়ালী

সঁপিলাম তনয়, পেয়ে ভয়, ভবাভয়
পদদ্বয়তলে ও মা কালকান্তে!
রণে বনে কি জীবনে, শত্রু সনে হুতাশনে,
আমার রেখ মা! শ্রীমন্তে ॥
আমার বালক অবাধ্য এ যে, সাজে অসাধ্য কাজে,
করে না, মা! জীবনের চিন্তে।
দাসীতে আকাশ গণে, করুণা-প্রকাশ বিনে,
বিপদ্ ঘটিবে, পারি জান্‌তে ॥
কে রাখিবে আর, শ্রীমন্তে আমার,
যদি না রাখ, গো তারিণি! বিপদে পদপ্রান্তে ॥
আমার কি হবে ভাগ্যে, দুঃখহারিণি দুর্গে!
ভেবে মৃতসমা হয়েছি জীয়ন্তে।
হে হেমবর্ণা! মোরে, ভব প্রসন্না ঘোরে,
ভয়ে পদ ধ'রেছি একান্তে।
দেহ পদ যায়, তার বিপদ্ যায়,
ঘটে আপদের আপদ্, বেদ পুরাণে পাই শুন্‌তে ॥ (খ)

* * *

ত্বরায় তরণীমধ্যে করি আরোহণ।
সাধু অন্বেষণে যায় সাধুর নন্দন ॥ ২৪
বাহিয়া কাণ্ডারীগণ, তরী ল'য়ে যায়।
সারি সারি বসিয়ে, সুখেতে সারি গায় ॥ ২৫

সরস্বতী যমুনা কাবেরী গোদাবরী।
ক্রমেতে বাহিয়া যায় বহু নদীবারি ॥ ২৬
নানা তীর্থ দেখিলেন সাধুর তনয়।
ক্রমে তরী উদয় হইল কালীদয় ॥ ২৭

* * *

কালীদহে শ্রীমন্তের কমলে কামিনী দর্শন

দৈবের নির্ব্বন্ধে সাধু গিয়া সেই স্থলে।
অপরূপ রমণী দেখিল সেই জলে ॥ ২৮
কমল-কানন মধ্যে কোটি চন্দ্রাননী ॥
করে করি কুঞ্জর, গিলিছে সেই ধনী ॥ ২৯
উগারিয়া পুন গিলে, মত্ত করিবরে।
সাধ্য কি পলাবে করী, বদ্ধ বামকরে ॥ ৩০
হস্তে করি হস্তী গিলে, একি চমৎকার।
শ্রীমন্ত কহেন, শুহে হের কর্ণধার ॥ ৩১

* * *

সুরট—কাওয়ালী

কে রে কার রমণী শতদলে।
কর্ণধার! করি কি অপরূপ দরশন,
করীন্দ্র করে ধরি উগারে করে ভোজন,
ধন্যা ধনী ভূতলে ॥
তরুণার্ক-বিনিন্দিত চরণ-যুগ্মতলে,
উজ্জ্বল জল মাঝে জ্বলে।
কামিনী-বর্ণ হেরি তাপিত স্বর্ণ-গিরি,
চঞ্চলা তাপে ঘনে চলে ॥
হেরে বদনচন্দ্র, অধোবদন চন্দ্র,
তাপে মলিন হয়েছে গগনমণ্ডলে ॥ (গ)

* * *

শালিবাহন রাজার সভায় শ্রীমন্ত

অপরূপ দেখি রূপ, সাধু যত কয়।
অন্য যত সঙ্গী সব, দেখে শূন্যময় ॥ ৩২

পাঠান্তর: ১ রমন—খ। ২ বারিণী—গ।

সাধুর উদয়ানন্দ কত হৃৎ-কমলে।
জানাইতে রাজায় যায়, অতি কুতূহলে। ৩৩
ত্বরা করি, যত তরী বান্ধি করি ঘাটে।
তরণী হইতে শীঘ্র ধরণীতে উঠে। ৩৪
রাজার নিকটে গিয়া কহে সমাচার।
আশু ধেয়ে আসুন, দেখিতে চমৎকার। ৩৫
কালীদহে কমলে কামিনী উপবিষ্ট।
উপমা নাই, কোন রূপে, রূপের গরিষ্ঠ। ৩৬
অনঙ্গ হইতে অঙ্গ কোটিগুণ শ্রেষ্ঠ।
কটি দেখে কেশরী, গলায় পেয়ে কষ্ট। ৩৭
বিম্বফল বিফল মানিল হেরে ওষ্ঠ।
নয়নে ক'রেছে ধনী মৃগমদ নষ্ট। ৩৮
কাল ফণী হ'তে বেণী গৌরববিশিষ্ট।
বদন-চাঁদের কাছে চাঁদ অপকৃষ্ট। ৩৯
করে ধরি করিবরে গ্রাসে হ'য়ে হৃষ্ট।
এ কি অপরূপ রূপ স্বপনের অদৃষ্ট। ৪০
করিবর-ধারিণীকে করিবারে দৃষ্ট।
চল মহাশয়! আর কেন কর্ম্মে তিষ্ঠ। ৪১
অবিলম্বে বচন মানিয়া মোর মিষ্ট।
পূর্ণচন্দ্রমুখী হেরি, পূর্ণ কর ইষ্ট। ৪২

* * *

নয়নের সার্থকতা

কি প্রকার?

ভজনের সার্থক যার, থাকে ভক্তিচিহ্ন।
ভোজনের সার্থক, যদ্যপি হয় জীর্ণ।
গৃহধর্ম্ম সার্থক, না থাকে যার দৈন্য।
জীবনের সার্থক, যাহার রটে ধন্য।
শরীরের সার্থক, যে থাকে ব্যাধিশূন্য।
জনমের সার্থক, যাহার দেহে পুণ্য।
ব্যবসার সার্থক হয়, উত্তম উৎপন্ন।
বিদ্যার সার্থক, প্রীত সবার প্রতিপন্ন।
ধনের সার্থক, করে দীনেরে অদৈন্য।
জ্ঞানীর সার্থক, ধরে আপনারে অগণ্য। (অ)

মহারাজ! তব নয়নের সার্থক জন্য।
হইল সে কামিনী কমলে অবতীর্ণ। ৪৮

* * * *

খাম্বাজ—একতালা

কে রমণী শতদলে!
দেখে এলেম অপরূপ, রাজন্!
[1]আহা কি রূপসী বয়সে ষোড়শী
সরসী-জলে উজলে।[1]
পদনখ হেরি চাঁদ জ্ঞান করি,
চরণে ধাইছে চকোর-চকোরী,
জ্ঞান করি, ওহে মহারাজ! বামা লক্ষ্মী কি শঙ্করী,
করে করি করী গিলে। (ঘ)

* * *

কমলে-কামিনীর কথায় রাজার অবিশ্বাস

শুনে অপরূপ, কহিতেছে ভূপ,
চেয়ে সভাজন-পানে।
শুনে হে! কেমনে, নাহি লয় মনে,
সাধু-সুত যা বাখানে। ৪৯

* * *

অসম্ভব কথা

ব'সে জলজে, গজ গিলে যে,
রমণী এমনি কোথা।
কথা শুনে শ্রবণে, জ্ঞানী কি মানে,
মানুষের দুটো মাথা।
কথা শুনিতে কি আছে, [2]মালতীর গাছে,
ধরেছে ধুতুরা ফুল[2]।

পাঠান্তর: ১-১ এই অংশটুকু ক-গ্রন্থে অধিক; অন্যত্র নাই। ২-২ মালতী ধরেছে ধুতুরা ফুল—গ।

শুনেছ কোথায়, কভু শোভা পায়,
জিহ্বায় উঠেছে চুল।
শুনিতে দুস্থ, পাষাণে শস্য,
নিশিতে কমল ফুটে।
নাহি যথা বারি, বাহিতেছে তরী,
মাটিতে ফেলিয়ে বোটে।
কথা শুনে অযোগ্য, মানে কি বিজ্ঞ,
ছাগলের পেটে ঘোড়া।
পায় ভেকেতে নাগে, কথা কি লাগে ?
ছাগে দেয় বাঘে তাড়া॥
কথা কি মান্য, রোপিয়ে ধান্য,
জনময়ে আলুফল।
হয় সম্ভব কিরূপ, তৈলের স্বরূপ,
আগুনেতে জলে জল॥
নারিকেল গাছে, মহিষ উঠেছে,
গোপাল গগনোপরি।
তেমনি অসম্ভব, করি অনুভব,
কামিনী গিলিছে করী॥ (আ)

সাধুর তনয়, করিয়ে বিনয়,
কহিতেছে বার বার।
কেন হে বিস্ময়, ভাব মহাশয়!
হাতে পাঁজি কুজবার॥ ৫৬

* * *

রাজার কালীদহে কমলে-কামিনীদর্শনে যাত্রা

শুনিয়া রাজন্, করিয়া সাজন,
ল'য়ে সভাজন চলে।
গিয়া কালীদয়, হ'লেন উদয়,
হেরিতে নারী-কমলে॥ ৫৭
না হেরে সে রূপ, কোপানলে ভূপ,
দহের নিকটে দহে।
বলে দুর্জ্জন, ক'রে গর্জ্জন,
শ্রীমন্তের প্রতি কহে॥ ৫৮

শ্রীমন্তের প্রতি প্রাণদণ্ডাদেশ

নদীকূলে শ্রীমন্ত-বদনে বাণী হত।
ভূস্বর দেখিয়া ভাবে তস্করের মত॥ ৫৯
রাগেতে কপালে চক্ষু, ভূপালের উঠে।
শীঘ্র করি কোটালে, ডাকিল সন্নিকটে॥ ৬০
কহিছেন এই মিথ্যাবাদী দুরাচার।
বন্দী রাখা নহে, ইহার কর প্রতিকার॥ ৬১
এক্ষণে লইয়া যাহ দক্ষিণ-মশানে।
এ পাষণ্ডে এই দণ্ডে দণ্ড কর প্রাণে॥ ৬২
আজ্ঞা পেয়ে কোটাল কুপিয়ে বাঁধে করে।
দক্ষিণ-মশানে ল'য়ে, সত্বরে-উত্তরে॥ ৬৩
প্রাণদণ্ড করিতে উদ্যত কোটালিয়া।
ক্ষণেক করেন ক্ষান্ত কিছু অর্থ দিয়া॥ ৬৪
করিয়া কালীর স্তব ককারে বর্ণন।
সাধপূর্ণ হেতু ডাকে সাধুর নন্দন॥ ৬৫

* * *

শ্রীমন্তের কালী স্তব

তুমি, কালবারিণী, কাল হর মা কালপরে।
কুলকুণ্ডলিনী-রূপে, কমলে বাস কলেবরে॥ ৬৬
তুমি, কালাকালে কলুষ-কায় কর মুক্ত কাল-করে।
কৃতার্থ কারণে, কালি! কাল তৎকামনা করে॥ ৬৭
তুমি কৌমারী, কামারি-কামিনী কামাদিপ্রদায়িনী নরে।
কৈবল্যকর্ত্রী! কুলদাত্রি! মা! কাশীশ্বরে॥ ৬৮
দেখি কি ক্ষণে কালি! কালীদহে, কামিনী গিলে করিবরে।
কাল হ'য়ে কুপিয়ে, ভূপতি করে বন্ধন করে করে॥ ৬৯
কি করি! কুজন কপটে কষ্টে মা! কুমার মরে।
কাতরোহং কালকান্তে! কুরু করুণা কিঙ্করে॥ ৭০
করিতে করুণা, কর ক্রন্দন করিয়া কারে।
কালী বৈ ঘুচাতে কালি, কারে ডাকি মা! কারাগারে॥ ৭১

* * *

আলিয়া—কাওয়ালী

কোথা গো জননি! জগদম্বে!
ত্রাণ কর মা! কি কর, শালবানের কিঙ্কর,
কর বেঁধেছে, বধিবে প্রাণ অবিলম্বে॥
দেখ মা! দোষ বিনে নাশে, আমি পিতার উদ্দেশে,
দেশত্যাগী হ'য়ে এসে, রাজ-দ্বেষে মরি বিদেশে বিড়ম্বে।
নিজদাস ত্রাস নাশ, একবার আশু যদি এস,
ও মা আশুতোষ-রমণী! এ আড়ম্বে॥
কে রক্ষা করে, ঘোর বিপক্ষপুরে,
ও মা! সাপক্ষহীন হেথায় সমুদায়।
সঙ্গে এসেছিল যারা, তারা দেশে গেল তারা!
একাকী পড়েছি বন্ধনদশায়॥
আমি নৈরাশ হয়েছি জীবন-আশায়;
এখন কে তারে মা! মোরে, প'ড়ে বিপদ-সাগরে,
আছি তারা! তোমার শ্রীচরণ-অবলম্বে॥ (৬)

* * *

শ্রীমন্তের রক্ষার্থ ভগবতীর সিংহল-যাত্রা

কাঁদে বলি তারা তারা, তারা ব'য়ে পড়ে ধারা,
কৈলাসে আছেন তারা, আসন টলিল।
পদ্মারে ডাকি শঙ্করী, শুধাইছেন শীঘ্র করি,
বিপদে কোন্ ভক্ত পড়ি, আজি আমায় ডাকিল॥ ৭২
শুনে পদ্মা কন বাণী, নিবেদন শুন, ভবানি!
হ'য়ে ভবের ভাবিনী, ভ্রান্তা কেন চিতে।
বিদেশে পড়ে বিপাকে, মা বলিয়ে মা! তোমাকে,
শ্রীমন্ত মশানে ডাকে, হেমন্ত-দুহিতে॥ ৭৩
ভক্তেরে শুনিয়ে দুঃখী, রাগে হয়ে রক্ত-আঁখি,
সাজিলেন বিশালাক্ষী, সমর-সজ্জায়।
ঘন সিংহনাদ করি, আরোহণ সিংহোপরি,
চলেন সিংহল-পুরী, শ্রীমন্ত যথায়॥ ৭৪

* * *

পথে নারদের সহিত ভগবতীর সাক্ষাৎকার

মহাক্রোধে মহাবিঘ্নে, যান দেবী পথমধ্যে,
শ্রবণ কর ইতিমধ্যে, নারদের বার্ত্তা।
স্বর্গে মন্দাকিনী-জলে, স্নান করি কুতূহলে,
আনন্দে গোবিন্দ ব'লে, করিছেন যাত্রা॥ ৭৫
বিষয়-প্রতি অপ্রীতি, জন্মাইতে মনপ্রীতি,
প্রতিক্ষণ করি স্তুতি, বুঝান তপোধন।
হয়েছে কাল কলি ঘোর, জীব সব কলুষে ভোর,
তরিতে ভব-সাগর, কারু নাই সাধন। ৭৬
ত্যাজ্য ক'রে সুধাখণ্ড, কিনে আনিছে বিষভাণ্ড,
পুণ্যহীন ব্রহ্মাণ্ড, নাস্তি উপাসনা।
থাকতে স্বর্ণ-আভরণ, পিতল-প'রে শীতল মন,
শমন করিবে দমন, সে মন রাখে না॥ ৭৭
হীরে পানে চান না ফিরে, যতন ক'রে বাঁধে জীরে,
থাকি সুরধুনী-তীরে, স্নান করেন কূপে।
জনকে বধিতে যুক্তি, জননীরে কটু উক্তি,
শালী আর শালাকে[১] ভক্তি, সম্পূর্ণরূপে॥ ৭৮
জীবের মতি ঘটায় বিঘ্ন, সাধুবাক্য না হয় লগ্ন,
সরোজে পিরীত ভগ্ন, মুগ্ধ হয় শিমুলে।
ওরে আমার মন মত্ত! জীবের যেমন নীতিবর্ত্ম,
তুমি পাছে তাহাতেই বর্ত্ত, তত্ত্ব কথা ভুলে॥ ৭৯

* * *

টোরী—কাওয়ালী

হরিপদ-পঙ্কজে মজ।
মন-ভৃঙ্গ রে! বিষয়-কিংশুকে, বিহর কি সুখে,
সুখ-সরোবরে সাজ॥
বিষয়-বিষ ত্যজি বিশাল কাল সামাল,
কি কর কাল-মতে কাল গেল গেল,
নিকট চরম কাল, আর কেন কর কালব্যাজ॥

পাঠান্তর: ১ শালাজকে—খ।

ওরে মূঢ়মতি! ত্যজ যত অসার পসার,
যদি সুসার বাসনা কর, কর সারাৎসার,
সেই ব্রজরাজে জন্মাবধি কর, মম ধন মম গৃহ,
জনমে নীলদেহ-চরণে না মন দেহ,
ধিক্ দাশরথি! দেহ ধরিয়ে কি করিলে কাজ॥ (চ)

* * *

চলেন নারদ মুনি, মুনি-মধ্যে শিরোমণি,
চিন্তা করি চিন্তামণি, হৃদয়-সরোজে।
দেখিছেন বিদ্যমান, ক্রোধ করি অপ্রমাণ,
অমর-নন্দিনী যান, সমরের সাজে॥ ৮০
পেয়ে পরমার্থ পথমাঝে, আপনারে ধন্য বুঝে,
পার্ব্বতীর পদাম্বুজে, করিয়ে প্রণতি।
বললেন মুনি হাস্য করি, এ কি গো মা বিম্বোদরি!
কার উপরে উমা করি এরূপ সম্প্রতি॥ ৮১
একি যুক্তি অপ্রমাণ, বল মা কে বলবান্,
কার পরে হানিবে বাণ, নির্ব্বাণ-দায়িনি!
করিয়াছ শঙ্কা কারে, বধিবারে মক্ষিকারে,
ব্রহ্ম-অস্ত্র কেন করে, ব্রহ্ম-সনাতনি॥ ৮২
বিরিঞ্চি আদি কেশব, প্রসব ক'রেছ সব,
শঙ্কর হইয়ে পদে, পড়েছেন জানি।
যিনি জয়ী কন্দর্প, তিনি তব কন দর্প,
অমরের অপ্রাপ্য ধন, তুমি তারিণি॥ ৮৩
কার সঙ্গে রণ দিবে, উন্মাদিনী হ'য়ে কিবে,
কি স্বপন দেখিয়া শিবে! এ পণ কর মা।
বট মা! পাগলের ভার্য্যে, নৈলে কেন হেন কার্য্যে,
সাজিয়ে হাসাবে রাজ্যে, শিব-রমণী শ্যামা॥ ৮৪

* * *

সুরট—কাওয়ালী

তারিণি! করি-অরি করি আরোহণ,
মা! কোথায় করিছ গমন।
করি রণ কার প্রাণ, করিবে হরণ॥
ভবে, প্রাধান্য আর আছে আর অন্য কার,
ওগো হিরণ্যবরণি! হররমা!
সমরে সাজিবে কার সনে মা,
কেন পতঙ্গ-পতন-হেতু রণ-বেশ ধরেছ মা!
বিবিধ আয়ুধ করে করেছ ধারণ।
শুন মা শক্তিধরা! জীবের শক্তিহরা!
যুঝিবে শক্তিরূপিণী তব সনে,
কে শক্তি ধরে এ তিন ভুবনে,
সৃষ্টি লয় হয় তব কটাক্ষেতে, গো বিশ্বময়ি!
হয়েছ কি নিজগুণ আপনি বিস্মরণ॥ (ছ)

* * *

যত্নে কন তপোধন, জননী সাক্ষাতে।
লজ্জিতা অপরাজিতা মুনির বাক্যেতে॥ ৮৫
অমনি সে রূপ পরিহরি নাহি ধরি অস্ত্র।
হন পরাৎপরা অশীতিপরা পরা জীর্ণ বস্ত্র॥ ৮৬
মহাবিদ্যা অতি বৃদ্ধা, ব্রাহ্মণীরূপিণী।
দিনে দিনে মলিনে ক্ষীণে, দীনের জননী॥ ৮৭
শুভ্রকেশা দীর্ঘনাসা, গায়ে গলিত মাংস।
নাই দশনেতে দন্ত, বয়সে অন্ত, অন্তরে ক্রোধাংশ॥ ৮৮
সর্ব্বনাশা শর্ব্বাণী নয়নে খর্ব্ব দৃষ্টি।
বামকক্ষে চুপড়ি, দক্ষিণ করে যষ্টি॥ ৮৯
শ্রীমন্তেরে করিবারে, কল্যাণী কল্যাণ।
যত্নে জগদম্বা, দূর্ব্বা ধান্য ল'য়ে যান॥ ৯০

* * *

ভগবতীর সিংহলের দক্ষিণ মশানে গমন

সিংহলেতে উত্তরেন শঙ্করী সত্বরে।
শ্মশানবাসিনী যান মশান ভিতরে॥ ৯১
নয়নে হেরিয়া, সাধুনন্দনে বন্ধন।
ক্রন্দন করিয়া দেবী, কোটালেরে ক'ন॥ ৯২

শুন রে কোটাল বাছা! করি রে কল্যাণ।
দুর্ভাগিনী দ্বিজের রমণীর রাখ মান ॥ ৯৩
শুন যদি আমার দুঃখের পরিচয়।
হবে দয়া পাষাণ-হৃদয় যদি হয় ॥ ৯৪
বিধিমতে বিড়ম্বনা করিয়াছে বিধি।
পিতা মোর অচল-দেহ, নাস্তি গতিবিধি ॥ ৯৫
শিশুকালে সমুদ্রে ডুবিয়া ম'লো ভাই।
দুঃখের সমুদ্রে সদা ভাসিয়া বেড়াই ॥ ৯৬
কোথা রই, মাতৃ-কুলে নাহিক মাতুল।
সবেমাত্র স্বামী একটা, সে হইল বাতুল ॥ ৯৭
মানের অভিমান রাখে না, প্রাণের ভয় নাই।
বিষ খায়, শ্মশানে বসে, গায়ে মাখে ছাই ॥ ৯৮
দূরে থাকুক অন্য সাধ, অন্নাভাবে মরি।
কখন বা বস্ত্রাভাবে হই দিগম্বরী ॥ ৯৯
সামান্য ধন শঙ্খ একটা, না পরিলাম হাতে।
স্বামীর এই ত দশা, আবার সতীন তাতে ॥ ১০০
সে পাগল দেখিয়া, পতির শিরে গিয়া চড়ে।
তরঙ্গ দেখিয়া তার, রৈতে নারি ঘরে ॥ ১০১
উদরান্ন জন্য গিয়ে, পরাশ্রিত হই।
জগতে কেউ স্থান দেয় না, তিন দিন বই ॥ ১০২
পতির কপালে আগুন কি সুখ ভারতে।
সবে একটা সন্তান, শনির দৃষ্টি তাতে। ১০৩
ক'রো না রে কোটাল! আমার শ্রীমন্তেরে দণ্ড।
আছে রে ব্রহ্মাণ্ডে আমার ঐ ভিক্ষের ভাণ্ড ॥ ১০৪

* * *

ভৈরবী—আড়া

বধো না বধো না, ওরে কোটাল! দুঃখিনী-নন্দনে।
আমি এসেছি রে! আমার প্রাণের ছিরের বিপদ শুনে।
কি হবে দুঃখিনীর গতি, আর আমার নাহি সন্ততি,
সবে ধন শ্রীমন্ত নাতি, ঐ আমার আছে ভুবনে। (অ)

* * *

দেবী কর্ত্তৃক কোটাল ও সৈন্য নিধন

এইরূপ কহেন শক্তি, কোটাল করে কটু উক্তি,
চণ্ডীরে দণ্ডিতে যায় ক্রোধে।
হাঁারে বেটী হতভাগি! তুই হেথা কিসের লাগি,
অপমৃত্যু কেন সাধে-সাধে ॥ ১০৫

শুনিয়ে ক্রোধে বগলে, ধরি কোটালের গলে,
করে মুণ্ড করিছেন খণ্ড।
সঘনে কম্পে অধর, নখেতে চিরি উদর,
কারু বা করেন প্রাণদণ্ড ॥ ১০৬

কারো ফেলেন কর কাটি, কারু ভাঙ্গেন দন্ত দু-পাটি,
কারু দেন চক্ষু উপাড়িয়া।
কুপিত কোটাল-সৈন্য, এক পড়ে ধায় অন্য,
দেবী-পৃষ্ঠে আঘাত করে গিয়া ॥ ১০৭

করিল বেটী খুন দাখিল, ব'লে পৃষ্ঠে মারে কীল,
পর্ব্বতে বরিষে যেন তৃণ।
আপনারি ভাঙ্গে মুষ্টি, কোটাল করিছে দৃষ্টি,
ত্রাহি ত্রাহি বলে ঘন ঘন। ১০৮

কেঁদে বলে পরস্পর, সঙ্কট কি এর পর?
এত বল প্রাচীনা বয়েসে।
কি ক'রলে রে বুড়ো মাগী! এর কাছে প্রাণ-ভিক্ষা মাগি,
নতুবা বধিবে অনায়াসে। ১০৯

সকলকে ক'রলে বি-রক্ত, বেটীর এমন হাড় শক্ত,
হায় হায় এ কি সর্ব্বনাশ!
এ বেটী সামান্য নয়, মারতে গেলে ম'রতে হয়,
দায়ে যেমন কুমড়ার বিনাশ। ১১০

কি বিদ্যা জানে রে মাগী, এ মাগীর অঙ্গে লাগি,
লোহার গদা চূর্ণ হ'য়ে পড়ে।
হদ্দ ক'রলে একা বুড়ী, ইন্দ্র চন্দ্র চৌদ্দ বুড়ি,
বুঝি ইহার কটাক্ষেতে মরে ॥ ১১১

নাই নয়নে দৃষ্টি, হাতে নড়ি, শুকায়ে গায়ের চর্ম্ম দড়ি,
এলো, আর ক'রলে এলোমেলো।
স্থির ক'রতে নারি যুক্তি, এই বয়সে এই শক্তি,
এ বুড়ী, ভাই! যৌবনে কিবা ছিলো॥ ১১২

বুড়ীকে করিয়া শান্তা, দেখ পলাবার পন্থা,
ভেকের কি সাধ্য ধরে ফণী?
হবে না জীবন-রক্ষে, নিতান্ত শালবান-পক্ষে,
শাল হবে, এ বিশালনয়নী॥ ১১৩

*   *   *

সুরট—কাওয়ালি

মরি মরি হ'ল যে কি কাণ্ড!
সামান্ত জেনে, আগে না চিনে,
এখন বাঁচিনে, প্রাচীনে মাগী করে প্রাণদণ্ড।
আগে ধ'রে সামান্তে, এরে ক'রে অমান্তে,
প্রাণে মরি মরি, পরিশ্রম পণ্ড।
না ধরে অস্ত্র, অপরূপ সমস্ত,
(ধনী) কেশে ধরি করে খণ্ড।
হ'য়ে রণজয়, আবার কেঁদে কয়,
আমার প্রাণাধিক শ্রীমন্তে রে, ব'ধ না পাষণ্ড॥ (সু)

শ্রীমন্ত ও ধনপতি সদাগরের দেশাগমন

শ্রীমন্তের বিবাহ প্রস্তাব

শ্রীমন্ত হইল রক্ষে, শালবান দেখিলেন চক্ষে,
মশানে রক্ষাকালীর আগমন।
রাজা মহাভাগ্য মানি, মশান ভূমে যান আপনি,
করিলেন সেই বৃদ্ধা দরশন॥ ১

শ্রীমন্তকে কোলে ক'রি বসিয়া আছেন বুড়ী
বুড়ি বুড়ি প্রাণী হত্যা করি।
বৃদ্ধা বটে আকৃতি যেন সাক্ষাৎ ধূমাবতী
ধূমাকৃতি কত ধূম হেরি॥ ২

দেখেন শালবান রাজন বৃদ্ধা নন সামান্ত জন
পূজনের আয়োজন করিল।
বলে, মা এই দাসের প্রতি, হয় না যেন অপ্রীতি
সম্প্রতি মায়ের শ্রীচরণে ধরিল॥ ৩

তখন বলেন ভগবতী, অভিলাষ তোর যদি অতি
এ বুড়ীকে সন্তুষ্ট করিতে।
তোর কন্যা সুশীলাতে, আমার শ্রীমন্ত সাথে
বিবাহ দাও অদ্য শর্ব্বরীতে॥ ৪

রাজা বলে যা কর মা তুমি তো হর-মনোরমা
কর গো মা যা তোমার ইষ্ট।
ইচ্ছাময়ি, তোমার ছেলে শ্রীমন্ত আমার জামাই হ'লে
তা হতে কি পূর্ণ মনোভীষ্ট॥ ৫

তখন শ্রীমন্ত বলেন আমার যে কার্যে আসা।
পিতার উদ্ধার কিসে হবে তার দাও আশা॥ ৬
পিতার নাম শুনেছি মাত্র নয়নে না দেখেছি।
পিতার কারা মোচন করতে সিংহল এসেছি॥ ৭
মানব-জনম ধারণ করে দেখি নাই পিতা।
পিতা স্বর্গ পিতা ধর্ম্ম পিতাই দেবতা॥ ৮
হেন পিতা কারাগারে আছেন এখানে।
দেখাইয়া দাও আমি যাইব সেখানে॥ ৯
শালবান রাজা বলেন, কি নাম তাহার?
বল রে শ্রীমন্ত গুণবন্ত পুত্র তার॥ ১০
শ্রীমন্ত বলেন ধনপতি সদাগর।
বৈশ্যজাতি কর্ম্মকাণ্ড-ধর্ম্মেতে তৎপর॥ ১১

কি দোষে তাহারে রাজা দিলা কারাগারে।
পিতৃপদ না দেখিলে রব না সংসারে ॥ ১২

এত শুনি শালবান, হন বড় দয়াবান্
বুঝিলেন সকল ব্যাপার।
কারাগার মধ্যে গিয়ে ধনপতিরে খুঁজিয়ে
আনিলেন করি সমিভ্যার ॥ ১৩

জীর্ণশীর্ণ কলেবর ধনপতি সদাগর
লম্বিত শ্মশ্রু কোটরগত আঁখি।
শ্রীমন্ত দেখিয়ে তারে কত আন্দোলন করে
মা বলেছেন পিতার গাত্রে চিহ্ন দেখি ॥ ১৪

মা বলে দিয়েছেন মোরে, সোনার রং তাঁর শরীরে
আঁচিল আছে বাম নাসার উপর।
সাতটি তিল হৃদয়ে দেখা কম্বুকণ্ঠে তিনটি রেখা
সেই তোর পিতা নহে তো অপর ॥ ১৫

ধন্য রে শ্রীমন্ত শিশু, কি আর বলিব আশু,
তোর গুণে পবিত্র এ রাজ্য।
কোন্ বস্তু হন পিতা, সব পুত্র জানে কি তা!
ইহারে রাজকন্যা দেওয়া ধার্য্য ॥ ১৬

* * *

আলিয়া—একতালা

ওরে ধন্য ধন্য শ্রীমন্ত!
আহা, এমন পুত্র যে পায়, ধন্য বলি তায়
ধন্য ধনপতি তার বনিতায়।
উদ্ধারিতে পিতায়, এসেছেন হেথায়, পুত্র গুণবন্ত ॥
একথা বিদিত আছে ভূমণ্ডলে
স্নেহ হয় না কভু দরশন না হলে,
অদর্শন পিতায় দর্শন পাব ব'লে
সিংহলে এলে ব্যাকুল প্রাণে তো ॥ (ক)

* * *

শ্রীমন্তের বিবাহ ও স্বদেশ-যাত্রা

এইরূপে শালিবাহন, ভক্তিস্নেহযুক্ত হন,
শ্রীমন্তেরে করিলেন কোলে।
বৃদ্ধাবেশ চণ্ডীর কাছে কত ভক্তি মুক্তি যাচে
ভয়বিহ্বল হ'য়ে কত বলে ॥ ১৭

এখন, ধনপতি পুত্র পায়, পুত্র পড়ে পিতার পায়,
ভকতি-বাৎসল্যে মাখামাখি।
এ দৃশ্য দেখে বা কে? এ ভাব যার আছে বুকে
অশ্রুনীরে ভাসে তার আঁখি ॥ ১৮

ছদ্মবেশী চণ্ডী বলে, ধনপতি তোমার ছেলে,
শ্রীমন্ত আমার প্রাণাধিক।
রাজকন্যার সঙ্গে বিবাহ দিয়ে, পুত্র পুত্রবধূ লয়ে
দেশে যাও, কি বলব অধিক ॥ ১৯

তখন রাজা শালবান হইলেন যত্নবান্
শ্রীমন্তে সুশীলা কন্যাদানে।
শুভদিনে শুভক্ষণে শ্রীমান্ শ্রীমন্ত সনে,
বিবাহ দিলেন সুবিধানে ॥ ২০

সুশীলা কন্যা সঁপিয়ে অর্দ্ধেক রাজত্ব দিয়ে
সাত ডিঙ্গা ধনে পূর্ণ করি।
বিদায় হন ধনপতি সঙ্গে ধন জন পদাতি
বিদায় লন চণ্ডীর পদ স্মরি ॥ ২১

রাজা কহে যোড়করে ধনপতি সদাগরে,
কত দুঃখ দিয়েছি তোমায়।
বেহাই হইবে তুমি পূর্ব্বে তা কি জানি আমি
বহু দোষ, ক্ষম হে আমায় ॥ ২২

শ্রীমন্ত সুশীলা যায়, রাজা রাণী কান্দে তায়
মমতায় হইয়ে ব্যাকুল।
সকলে তাকিয়া থাকে, দেখে সবে সুশীলাকে
ডিঙ্গা ছাড়ে যথা নদীকূল ॥ ২৩

রত্নমালা নামে ডিঙ্গা চলে নেচে নেচে।
ক্রমে উপনীত হল কালীদহের কাছে ॥ ২৪
পিতাপুত্রে কত কথা কহে এই স্থানে।
কমলে কামিনী দেখেছেন হয় মনে ॥ ২৫
দাঁড়ী মাঝি বলে চল ছাড়িয়া এ স্থান।
এখানে বিপদ্ ঘটে, করহ প্রস্থান ॥ ২৬

কেহ বলে—
ভাগ্যে ঘটেছিল ছিরে তোর সে বিপদ্।
বিপদে ঘটায়ে দিল অতুল সম্পদ্॥ ২৭
শ্রীমন্ত বলেন, মাগো কমলে কামিনী।
পিতা-পুত্রে দেখা দাও তব স্নেহ মানি॥ ২৮

মঙ্গল বিভাস—একতালা

মা দুর্গে, আমার ভাগ্যে
পরে কি ঘটাবি জানিনে।
ওগো দেখে কালীদয়, দুঃখে দয় হৃদয়,
আবার কি ঘটিবে বুঝিতে পারিনে।
একবার পিতায় দেখা দিলি, কারাবাস ঘটালি,
ঝটালি মিথ্যা যে দর্শনে,
আবার আমায় দেখা দিয়ে, (মাগো) দিলি মা পাঠায়ে
সিংহল পাটনের দক্ষিণ মশানে॥
মা, তোর কত মায়া, তাই নাম মহামায়া
সবাই বলে এই ত্রিভুবনে।
কত বিপদে ফেলিলি (মাগো) আবার উদ্ধারিলি
আরও মায়া কি আছে তোর মনে॥ (খ)

* * *

শ্রীমন্ত আর ধনপতি পাইল পরম প্রীতি
কালীদয় শঙ্খ লইল বাছিয়া!
ডিঙ্গা বেয়ে যায় সব, মনে পরম উৎসব,
নিজ দেশে উপস্থিত গিয়া॥ ২৯
রাষ্ট্র হলো শ্রীমন্ত এলো খুল্লনা প্রফুল্ল হ'লো
পতিপুত্র দরশন ক'রে।
শ্রীমন্তের বিপদের কথা, বলে শ্রীমন্ত যথাতথা,
চণ্ডীর কৃপায় উদ্ধার পায় প্রকাশ করে॥ ৩০

* * *

শ্রীমন্তের প্রতি রাজা বিক্রমকেশরীর ক্রোধ

দেশের রাজা বিক্রমকেশরী, যেন পশুর মধ্যে কেশরী,
জনশ্রুতি-মূলে শোনেন সব।
বলেন, কি কথা আশ্চর্য্য, শ্রীমন্তের কি মাৎসর্য্য,
চণ্ডী কৃপা করেছেন এইটে করে স্তব॥ ৩১
ধরে আনে ধনপতিরে তৎসহ শ্রীমন্তেরে
অসম্ভব কথা বলে মোর রাজ্যে।
মুনি ঋষি যাঁরে না পান ধ্যানে, সেই দুর্গা যাবেন দক্ষিণ মশানে
শ্রীমন্তের রক্ষণাবেক্ষণ কার্য্যে॥ ৩২
মর মর বেটার কি ভাগ্য একি কথা বিশ্বাসযোগ্য?
মিথ্যা হলে দেব উচিত সাজা।
বাণিজ্যে পেয়ে রত্নরাজি এমনি পাজি বেটা হয়েছে রাজি
নিজ গৌরব করতে লাগিয়ে মজা॥ ৩৩
শিলা যদি ভাসে জলে, বানরে সঙ্গীত বলে
দেখলে পরেও বলতে সন্দ হয়।
বেটাচ্ছেলের এমনি সাহস, কাত্তিক চান হয়ে বায়স,
ডাক তারে শাস্তি না দিলেই নয়॥ ৩৪
হুকুম মাত্র দূত চলে, শ্রীমন্তে ধরে লয়ে চলে,
শ্রীমন্ত গিয়ে বলিল বৃত্তান্ত।
রাজা বলে দেখাতে পার, নৈলে তোর বিপদ্ বড়,
শ্রীমন্ত তোর নিকটে কৃতান্ত॥ ৩৫
শ্রীমন্ত বিনয়ে কয়, দেখিয়াছি মহাশয়
কালীদহে কমলে-কামিনী।
দক্ষিণ-মশানে গিয়ে আমার বিপদ্ উদ্ধারিয়ে
কোলে করে বসেছেন ভবানী॥ ৩৬
মা যদি মা হন সত্য, করবেন না কিছু আপত্ত,
অকূলে কূল দেবেন কূলদা।
হলে সমূহ বিপদ্ উদয় মা অমনি হবেন উদয়
বিপদ্-কালে মা হন তিনি সদা॥ ৩৭

* * *

শ্রীমন্তের চণ্ডীস্তব

কোথা গো মা শর্ব্বাণি, নির্ব্বাণি, গীর্ব্বাণি!
শিবানি, শিবের রাণী শিবে।
বিপদুদ্ধারিণি, বিরুদ্ধ-বিরোধিনি,
বিপদে তুমি কিনা আসিবে॥ ৩৮

কালী কঙ্কালিনি কঙ্কালমালিনি
শঙ্কা-সঙ্কাশ সমরে।
সিংহল মশানে খড়্গো খরশানে
রক্ষা করেছ মা আমারে ॥ ৩৯
কেশরিস্কন্ধবাসিনী দৈত্য-বিনাশিনী
বিক্রমকেশরীর দায় রাখ।
পড়েছি অনেক দায়, সে সকল মুখ্যদায়,
রক্ষা করেছ ভেবে দেখ ॥ ৪০

* * *

সুরট—একতালা

মা, ভুলেছ কি এ সন্তানে।
মা, বট কি না বট, হও মা প্রকট
এই বিকট রাজার স্থানে।
মা, তোর কৃপার কথা বলেছি এসে দেশে,
এই দোষে পড়েছি রাজার বিষম দ্বেষে,
তোর দেখা যদি না পাই শেষে
তবে বধিবে আমায় প্রাণে ॥ (গ)

* * *

জয়াবতীর সহিত শ্রীমন্তের বিবাহ

শ্রীমন্তের কাতর বাক্য অভয়ার কর্ণে ঐক্য
হলো গিয়ে কৈলাস-শিখরে।
অমনি আকাশ-বিমানে আসি উজানী ধামে
চণ্ডী প্রকাশ প্রত্যক্ষ-গোচরে ॥ ৪১
মায়াতে হইল সৃষ্ট কালীদহ কমলবিশিষ্ট,
মা হলেন কমলে কামিনী।
প্রত্যক্ষ হইল সবার অপ্রত্যক্ষ নাই এবার
উগরে গজ বসি গজগামিনী ॥ ৪২

দেখি বিক্রমকেশরীর কণ্টকিত হ'ল শরীর
বাক্ নিষ্পত্তি নাই, চক্ষে নীর।
কোলে করি শ্রীমন্তেরে বলেন আমার মন তোরে,
তোর সঙ্গে বিবাহ জয়াবতীর ॥ ৪৩
সবাই ধন্য ধন্য করে, ধনপতি গিয়া পরে
পড়ে চণ্ডীর যুগল-চরণে।
মা, পদ্ম হস্ত দেন গায়, ধনপতি সুদেহ পায়,
কদাকার ঘুচিল তৎক্ষণে ॥ ৪৪
রাজা দিলেন বিবাহ কন্যা জয়াবতীসহ
শ্রীমন্তেরে করিয়া জামাতা।
খুল্লনা পায় নিজপতি, সুশীলা আর জয়াবতী,
দুই পত্নী শ্রীমন্তের তথা ॥ ৪৫
আনন্দের নাই সীমা, সবাই বলে জয় মা জয় মা,
শ্রীমন্তের যশে ভুবন ভরিল।
পুত্র পুত্রবধূদ্বয় লয়ে ধনপতির হৃদয়
অপার আনন্দ ভোগ করিল ॥ ৪৬

* * *

বসন্ত বাহার—ঝাঁপতাল

ধন্য রে শ্রীমন্ত তোর সার্থক জীবন।
তোর জননী জগদম্বা, মা তোর জগতের জীবন।
পূর্ব্ব জন্মে তোর জননী অপ্সরা ছিলেন শুনি,
দুর্গার অভিশাপে এসে মর্ত্ত্যে করিছে বিচরণ।
ধন্য পুত্র তুমি রে তার, উদ্ধার করিলে পিতার,
ভূভারহারিণী ভবরাণীর প্রিয়দর্শন;
কি বলিব শ্রীমন্ত রে ভোলে না যেন মন তোরে
মন্বন্তরে মন্বন্তরে (তোরে) দাশরথি করে স্মরণ। (ঘ)

শাক্ত ও বৈষ্ণবের দ্বন্দ্ব

একে পঞ্চ, পঞ্চে এক

আপন আপন ইষ্ট শ্রেষ্ঠ করি কয়।
এক শাক্ত-বৈষ্ণব-দ্বন্দ্ব, পথমধ্যে হয়॥ ১
ভ্রান্ত জীব অন্ত না বুঝিয়ে করে দ্বন্দ্ব।
কেহ বলে মোর কালী ব্রহ্ম, কেহ বলে গোবিন্দ॥ ২
নিরাকার নিরঞ্জন যিনি ব্রহ্মময়।
পঞ্চ উপাসকে তাঁরে অন্তে প্রাপ্ত হয়॥ ৩
ভ্রান্ত বিকার দেয় যত জীবে কুমন্ত্রণা।
যেমন, পঙ্গুতে পঙ্গুতে যুদ্ধ উভয়ে যন্ত্রণা॥ ৪
কেহ ভাবে কৃষ্ণকে পর, কারো পর তারা।
যেমন আপন আপন দল বেঁধে কুটুম্বিতে করা॥ ৫
বেদ-উক্তি, ভেদজ্ঞানীর মুক্তি কভু নাস্তি।
ভেদজ্ঞানে ব্যাসদেবের কাশীতে হয় শাস্তি॥ ৬
শক্তি-উপাসক হয়ে কৃষ্ণে ভাবে অন্য।
শক্তির কি আছে শক্তি তার মুক্তির জন্য॥ ৭
কৃষ্ণপদ ভাবিয়ে দুর্গাকে ভাবে ভিন।
তাহারে নিদয় কৃষ্ণ হন চিরদিন॥ ৮
(তাই) গোঁড়ায় খুটি নাস্তি করে ভিন্ন কালী কালা।
গোঁড়াদের সব গোড়া কাটি আগায় জল ঢালা॥ ৯
তুলসী তুলিতে ভক্তি, বিল্বপত্র বিষ।
রুষ্ট বই, তুষ্ট তায় হন না জগদীশ॥ ১০
ত্রৈলোক্য-তারিণী যার কন্যা ঘরে সতী।
যে দক্ষের যজ্ঞে এলেন ব্রহ্মা আর শ্রীপতি॥ ১১
ভাবি শিবকে পর সেই দক্ষের ছাগমুণ্ড তুণ্ডে।
ভূতে আসি প্রস্রাব করিল যজ্ঞকুণ্ডে॥ ১২
রুদ্র-কোপে ক্ষুদ্র হয় দক্ষ প্রজাপতি।
যত ক্ষুদ্র জীব গোঁড়া, এদের কি হবে গতি॥ ১৩
উভয়ের মন! তোরে মন্ত্রণা আমি বলি।
অভেদ শিব-রামায়, যা রাধা সা কালী॥ ১৪
শুনি বাক্য গুরু-বাক্য করয়ে প্রামাণ্য।
একে পঞ্চ, পঞ্চে এক, না ভাবিও ভিন্ন॥ ১৫

* * *

সুরট—যৎ[১]

মন! ভাব রে গণপতি, ঐক্য কর দিবাপতি,
পশুপতি কমলাপতি পতিতপাবনী তারা।
একে পঞ্চ, পঞ্চে এক, ভ্রান্ত ভেবে হয় সারা॥
গোবিন্দ শিব শক্তি, অভেদ ভাবেতে ভক্তি,
করে যারা ভব-উক্তি, ভবে মুক্তি পায় তারা॥
ওরে ভ্রান্ত মন! শুন তো বলি, বৃন্দাবনে বনমালী,
কৈলাসে মহেশ-রূপ, রণে কালী ভয়ঙ্করা।
এক ব্রহ্ম নহে ভিন্ন, রাম-রূপে রাবণে ধন্য,
ত্রিলোক নিস্তার জন্য, গঙ্গা রূপে ত্রিধারা॥ (ক)

* * *

বাগ্‌বাজারে এক বৈরাগীর বৃত্তান্ত

এক বৈরাগীর বৃত্তান্ত বলি, ছিল বাগ্‌বাজারে।
সেখানেতে মদনমোহন, গোকুল মিত্রের ঘরে॥ ১৬
নাম তার নিমাই দাস গৌর-পরায়ণ।
মদনমোহনের বাটীতে করে হরিসঙ্কীর্ত্তন॥ ১৭
এক দিন বৈকালে, বেশ করে বেশ, বেশুরা তার বলি।
নাসায় পরে রমণীর কুলনাশা বসকলি॥ ১৮

পাঠান্তর: ১ ঝাঁপতাল—ক।

রঙ্গে পরে অঙ্গেতে ত্রিভঙ্গ-নামাবলী।
মুখে বলে, মন-মহুয়া বল রে গৌর বুলি॥ ১৯
ললাটেতে হরিমন্দিরে শোভে তিলক মাটি।
করে করে কর-মালা, কপ্নি-আঁটা কটি॥ ২০
সর্ব্বাঙ্গে নামের ছাবা, গলায় তুলসী।
এক দৃষ্টে দেখে রূপ, প্রেমমণি সেবাদাসী॥ ২১
বলে, প্রভু! কিবা রূপ তুমি প্রেম-দাতা।
কৃপা কর রমণীরে, চরণে দেই মাথা॥ ২২
তুমি শ্রীরূপ সনাতন, তুমি মোর নিমাই[১]।
তুমি মোর অদ্বৈত প্রভু, চৈতন্য গোসাঞি॥ ২৩
তখন সেবাদাসীকে কৃপা করি, গাঁজায় দিয়ে টান।
বাহিরে গিয়ে বাবাজী করে গৌর-গুণ গান॥ ২৪

* * *

খাম্বাজ—খেমটা

যদি ভজবি সোনার বরণ গৌরাঙ্গ।
ছাড় রঙ্গ, পর কৌপীন কর কি মন! করে কর করঙ্গ॥
মন! তোরে পন্থা বলি, কর সার কন্থা-ঝুলি,
'কর হালকে বেহাল ছাড়া হালি'[২],
দেখে দুঃখের তরঙ্গ॥ (খ)

* * *

এক শাক্তের কালীঘাট-যাত্রা

সেই পথে এক শাক্ত যান, কালী-নামে তুলি তান,
কালীঘাট-গমনে করি ঘটা।
রক্তবস্ত্র পরনে শোভা, দুই কানে দুই রক্তজবা,
রক্তচন্দনের করে[৩] ফোঁটা॥ ২৫
রক্তচক্ষু প্রেমে উতলা, গলায় রক্তজবার মালা,
গমন হতেছে অবিলম্বে।
মুখে ঘন ঘন বাণী, জয় কালী কাল-বারিণী,
তুমি গো মা জয় জগদম্বে॥ ২৬

বৈরাগী করে গৌর-গান, শাক্তের তাতে গেল কান,
হাস্যমুখে কয় করি ঘটা।
ত্যজে শঙ্করী কালীকে, গান গাও নাই আর মুলুকে,
হতভাগা নির্ব্বংশের বেটা॥ ২৭
জ্ঞান নাই তোর পূর্ব্বোত্তর সংসার মায়ের পুত্র,
ভণ্ড নেড়া! পণ্ডশ্রম রাখ রে।
মা বিনে সন্তানে স্নেহ, অন্তেতে জানে না কেহ,
জয় নিবি তো জয়কালীকে ডাক রে॥ ২৮
কালী-ধ্যান কর চিত্তে, চল কালীঘাট তীর্থে,
কালের অধিকার নাই কালবারিণীর রাজ্যে।
হইবে কপাল জোর, কপাল ফিরাবে তোর,
কপালমালিকা কালভার্য্যে॥ ২৯
মরণ হবে আজি কালি, বল ভাই কালী, কালী,
'কালী চিন্ত'[৪], মনের কালি যায় রে।
জন্ম বিফল যায় কেনে? দেহকে দেহ দক্ষিণে,
দক্ষিণে কালিকা মায়ের পায় রে॥ ৩০
ভজ শক্তি, হবে মুক্তি, শক্তি মূল, শিবের উক্তি,
দেহ আদ্যাশক্তির দোহাই রে।
শিবের সর্ব্বস্ব ধন, তারা-ধন-আরাধন,
মুক্তকেশী বিনা মুক্তি নাই রে॥ ৩১
ভদ্রলোকের কথা শুন, কর ভদ্র আচরণ,
ভদ্রতা হইবে তব কর্ণে।
জন্ম সার্থক করেন তারা, জন্মমৃত্যুহরা তারা,
চরণে যাদের ভক্তি জন্মে॥ ৩২

* * *

ভৈরবী—আড়খেমটা

কেন ভাবলি নে ভাই! শ্যামা মায়ের চরণ দুটী।
ভাল ব্যাপার, করলি এবার, ভবের হাটে উঠি॥

পাঠান্তর: ১ নিতাই কি!—সম্পাদক। ২-২ কর হালীকে বেহাল, ছাড় হালি—ক; কর হালিকে বেহাল ছাড়াহালি—খ।
৩ পরে—ক। ৪-৪ কালী-চিন্তে—ক।

ভবে জন্ম আর কি হতো? জলে জল মিশায়ে যেতো,
মনে ভাবলে তারাজগত, তারা মা দিত তোয়[১] ছুটী।
মায়ের চরণ ভাবলে পরে, ঘরের ছেলে যেতিস ঘরে,
তুই ঘর না বুঝে বলতে পেরে,
কাঁচালি পাকা ঘুঁটি। (গ)

* * *

শাক্ত ও বৈরাগীর উত্তর-প্রত্যুত্তর

বৈরাগী কহিছে রাগি তুই ত নহিস গণ্য।
করেছেন চৈতন্য প্রভু তোরে অচৈতন্য। ৩৩
শ্রীগৌরাঙ্গ, তাঁরে ব্যঙ্গ, হাঁরে জ্ঞানশূন্য!
বেদ-বিধির অগোচর নদীয়ায় অবতীর্ণ। ৩৪
অবতার অসংখ্যেয় সর্ব্বশাস্ত্রে ধরি।
কলিযুগে চৈতন্য রূপে জন্মেন শ্রীহরি। ৩৫
যত ভণ্ডজ্ঞানী গণ্ডমূর্খ কাণ্ডজ্ঞানহীন।
শচীর নন্দনে ভাবে ব্রহ্মভাবে ভিন। ৩৬
বিষ্ণুর অনন্ত মায়া কে বুঝিবে মর্ম্ম।
সিদ্ধিরস্তু পড়ি কোথা, সিদ্ধি হয় কর্ম্ম। ৩৭
শাক্ত বলে, থাক ত' আর ত্যক্ত করিস কেনে।
তোদের 'ভক্ত গৌর'[২] আছে উক্ত বেদ-পুরাণে। ৩৮
মায়ের পুত্র ভগবান্ আগমের উক্ত।
চৈতন্য তোদের সেই ভগবানের ভক্ত। ৩৯
তাতে গৌর ত মায়ের পৌত্র হন, কে করে তাঁর খোঁজ।
আমার শ্যামা মায়ের কাছে আগে
তোদের কৃষ্ণকে লয়ে বোঝ। ৪০
বৈরাগী কয়, বেদের উক্তি শুন রে মূঢ় ব্যক্তি!
বিষ্ণুর অঙ্গ হ'তে সৃষ্টি-জন্য হন শক্তি। ৪১
সর্ব্ব দেবের প্রধান গোলোকে ভগবান্।
সমান সম্মান কোথা বিষ্ণু-বিদ্যমান। ৪২
বিষ্ণুকে ভাবিয়া পর ভাবিস তারা তারা!
শ্রীকৃষ্ণ গোকুলের চাঁদ, চাঁদের কাছে কি তারা। ৪৩
তুই ভাবিস,[৩]
শক্তি ভিন্ন মুক্তি দেওয়া নয় অন্যের কর্ম্ম।
মুক্তির কারণ অন্তে নাম নারায়ণ ব্রহ্ম। ৪৪
শাক্ত বলে, ব্যক্ত করি, বলি তোরে শোন।
যে নিমিত্তে ডাকে লোকে অন্তে নারায়ণ। ৪৫
মা আমার ব্রহ্মাণ্ড-কর্ত্রী, গিরি-রাজার মেয়ে।
নারায়ণকে রেখেছেন তিনি ভব-সমুদ্রের নেয়ে। ৪৬
বুঝতে নারিস, রাজা কখন ঘাটে বসি থাকে।
ভবের ঘাটে গিয়ে জীব, কাণ্ডারীকে ডাকে। ৪৭
নারায়ণ কাণ্ডারী দ্বারা জীবে পার পায়।
পার হ'য়ে সব মায়ের ছেলে, মায়ের কাছে যায়। ৪৮
উচিত বললাম, ইথে কৃষ্ণ হন হবেন বাম।
আমি সাঁতারে যাব, ভব-সমুদ্র বলি দুর্গানাম। ৪৯
বৈষ্ণব কহিছে, শুন রে মূর্খ! বামাচারী।
তোদের শ্যামা রাজা,
শ্যাম কি আমার সামান্য কাণ্ডারী। ৫০
ভবের ঘাটে কৃষ্ণকে যদি, তোর ভবানী রাখিত।
তবে কৃষ্ণ থাকিতেন ধরি হালি, কাষ্ঠতরি থাকিত। ৫১
নায়ে, থাকিত হালি, থাকিত পালি, থাকিত দুজন দাঁড়ী।
কখন খেয়া বন্ধ হৈত, হ'লে তুফান ঝড়ি। ৫২
যদি দুর্গার আজ্ঞায় কৃষ্ণ ভবের কাণ্ডারী।
তবে তাঁর চরণ আশ্রিত কেন ব্রহ্মা ত্রিপুরারি। ৫৩

* * *

খট ভৈরবী—পোস্তা

হরি কাণ্ডারী যেমন আর কে আছে এমন নেয়ে।
ভবে পার করেন হরি রাঙ্গা চরণতরী দিয়ে।
তরণীর এমনি গুণ, নাস্তি পাল নাস্তি গুণ,
পার করেন নিজ গুণে, নির্গুণেরে সদয় হ'য়ে। (ঘ)

* * *

পাঠান্তর: ১ তার—খ, জ। ২-২ গৌর ভক্ত—ক, খ। ৩ বলিস—জ।

পুনর্ব্বার বৈষ্ণব কহিছে শাক্তের আগে।
তুই কূল পাবি নে, অকূল ভবে গোকুলচন্দ্রের রাগে। ৫৪
বললি সাঁতারে যাব ভব-সমুদ্র, কিনারা কোথা পাবি ?
অকূল তরঙ্গে প'ড়ে খাবি কেবল খাবি। ৫৫
শাক্ত বলে, ভক্তি যদি থাকে আমার শক্তি-পদোপান্তে।
কার শক্তি ডুবায়, হেলায় মুক্তি পাব অন্তে। ৫৬
কৃষ্ণ যদি কৃপা করি, না রাখেন সঙ্কটে।
তারিণীর পদতরণী আমার আছে ভবের ঘাটে। ৫৭
ভবপারের ভাবনা কি যে ভবরাণীকে ভজে।
সুপ্রিমকোর্টে ডিক্রী হ'লে কি করিবে জেলার জজে। ৫৮
মা সদয় থাকিলে, আমি লজ্যো ভব তরিব।
না হয় মাকে বলি, ভবসমুদ্রের পুলবন্ধি করিব। ৫৯
বৈষ্ণব করিছে উক্তি, প্রাধান্য তুই বললি শক্তি,
কৃষ্ণ-ভক্তিহীন[১] হতভাগ্য !
বিষ্ণুর আগমন ভিন্ন, কোন্ কর্ম হয় সম্পন্ন,
দুর্গাপূজা আদি যাগযজ্ঞ। ৬০
বিষ্ণুরে করি স্মরণ, অগ্রে করে আচমন,
সাঙ্গ ক্রিয়া কৃষ্ণে সমাপন।
স্নান দান ধ্যান পুণ্য, শ্রীকৃষ্ণের প্রীতি জন্য,
সঙ্কল্প করয়ে জগজ্জন। ৬১

* * *

বিষ্ণুর প্রাধান্য

বিষ্ণু সর্ব্ব-দেবের প্রধান, কেমন ?—যেমন,
নরের প্রধান যে জন ধনী,
বাদ্যের প্রধান শঙ্খের ধ্বনি,
নদীর প্রধান সুরধুনী,
স্বরের প্রধান কোকিলের ধ্বনি,
মুনির প্রধান নারদ মুনি,
গ্রহের প্রধান দিনমণি,
খলের প্রধান রাহু শনি,
যোগের প্রধান মণিকাঞ্চনী,
কামিনীর প্রধান পদ্মিনী,
জ্ঞানীর প্রধান তত্ত্বজ্ঞানী,
দেবতার প্রধান চক্রপাণি[২]। [অ]

বিষ্ণু সর্ব্ব-দেবময়, সর্ব্ব দেবের পূজা হয়,
জল দিলে বিষ্ণুর মস্তকে।
যেমন ব্রাহ্মণবাটী দিলে সিধা, কোন জাতির হয় না দ্বিধা,
ছত্রিশ বর্ণ খায় অন্ন সুখে। ৬৩
জাতি-মধ্যে ব্রাহ্মণ শ্রেষ্ঠ, দেবের মধ্যে তেমনি কৃষ্ণ,
সর্ব্ব শাস্ত্রে "যেমন বেদধ্বনি"।
যতন করিয়া তায়, যোগেন্দ্র না ধ্যানে পায়,
তুই কি চিনিবি কি ধন চিন্তামণি। ৬৪

* * *

খাম্বাজ—যৎ

নন্দের নন্দন, চিন্তামণি কি ধন, চিনতে পারলি নে।
যাঁরে চিন্তিলে যায় ভব-চিন্তা, তাঁরে চিন্তা করলি নে।
ভবে জন্ম তোর অনিত্য, ওরে তুলে তুই তুলসীপত্র,
জন্মে শ্রীগোবিন্দ-শ্রীচরণারবিন্দে দিলি নে।
কি কুদিনে ভবে এলি, কুসঙ্গে দিন হারালি,
দীনবন্ধু নামটী একবার দিনান্তরে বললি নে। (৬)

* * *

শ্রীহরি ডাকমুন্সী আর শ্যামা মা ব্রহ্মাণ্ডের রাজা

শাক্ত বলে জানি মূল, বিষ্ণুর মাথায় দিলে ফুল,
সকলে হ'য়ে অনুকূল করেন গ্রহণ।
যেমন ডাকমুন্সী পেলে চিঠী, পৌঁছে দেয় বাটী বাটী,
দেবের মধ্যে সেই কাজটী, করেন নারায়ণ। ৬৫
চণ্ডী আর গজানন, প্রজাপতি পঞ্চানন,
সরস্বতী কি তপন, ষষ্ঠী কি মনসা।
বিষ্ণু এদের যন্ত্র হ'য়ে, নিজ শিরে পুষ্প ল'য়ে,
স্থানে স্থানে দেন ব'য়ে এই ত হরির দশা। ৬৬

পাঠান্তর: ১ ভক্তিহীন—ক, খ। ২ শূলপাণি—ঘ। ৩-৩ ধনী—ঘ।

যদি নিজে শিরে পুষ্প ধরি, অন্য দেবকে দেন হরি,
তবে তারে কেমনে ধরি, বলি প্রধান প্রভু।
মা আমার ব্রহ্মাণ্ডের রাজা, ব্রহ্মা আদি মায়ের প্রজা,
সে কি বয় অন্যের বোঝা, মাথায় করি কভু। ৬৭
তিনি জগন্মাতা জগদ্ধাত্রী, ত্রিভুবন-জন-কর্ত্রী
সংসার আজ্ঞানুবর্ত্তী, জানবি কি বৈরাগ্য!
নামটী তাঁর ভবতারা, ভবজননী ভবদারা,
পায় পুষ্প তাঁর দ্বারা, হেন কার ভাগ্য। ৬৮

* * *

দুর্লভ ভাগ্য

আছে কার এমন সামগ্রী, দিয়ে ক্ষান্ত করে আশা।
সপ্ত সাগর করে পান, কার এত পিপাসা?
সুমেরুকে ক্ষুদ্র ধরে[১], কার বা এমন বুদ্ধি।
ব্রহ্ম-নিরূপণ করে, কার বা এমন শুদ্ধি?
কাণ কাটিলে করে না রাগ, কার এমন বৈরাগ্য।
দুর্গা নামে যায় না দুঃখ কার এমন দুর্ভাগ্য?
গর্ভের কথা পড়ে মনে কার বা এমন মন।
কার বা হেন শক্তি, খণ্ডে কপালের লিখন?
কার এমন সামগ্রী আছে, দামোদরের ক্ষুধা হরে।
কার এমন ঔষধি ব্রহ্মশাপে মুক্ত করে?
শ্যামের বাঁশী নিন্দা করে, কার এমন সুরব।
দেহ ধারণে হয় না দুঃখ, কার এত গৌরব?
হেন ভাগ্য কে ধরে, ভাই! এ তিন ভুবনে,
আমার শ্যামা মা পুষ্প ল'য়ে, দিবে অন্য জনে। [আ]

* * *

জয়জয়ন্তী[২]—যৎ

হেন ভাগ্য কে ধরে রে সে ফুল কি অন্যে পায়।
যে পুষ্প পড়েছে আমার শ্যামামায়ের রাঙ্গা পায়।
দিয়ে জবা শতদল, আশ্রিত সব দেবদল,
ব্রহ্মা দিয়ে বিল্বদল, ব্রহ্মময়ী-পদে বিকায়। (চ)

* * *

রামনামের মত কোমল নাম আর নাই

পুনর্ব্বার বৈষ্ণব কহিছে শাক্তের কাছে।
তোদের শক্তিতন্ত্রে আদ্যাশক্তির বহু নাম ত আছে। ৭৬
কালী দুর্গা কৌমারী কল্যাণী কাত্যায়নী।
ভয়ঙ্করী ভদ্রকালী ভৈরবী ভবানী। ৭৭
মনে বুঝ রে মনের কথা, বলি তোর নিকটে।
আমাদের রাম নামটী কেমন কোমল নাম বটে। ৭৮
অতুল্য তুলনা রাম-নামে, দেখি নে তার তুল্য।
শুনিলে রামের কোমল নাম, হৃদয়কমল প্রফুল্ল। ৭৯
কোন বিপদ্‌গ্রস্ত ভয়যুক্ত হয় যদি কেহ।
মুখেতে বলিলে রাম, আরাম হয় দেহ। ৮০
সকল নাম অপেক্ষা রাম নাম অগ্রগণ্য।
রাম রাম[৩] বলিয়ে, বাল্মীকি যাতে ধন্য। ৮১
রাম নামামৃত পান, যে করে রসনায়।
সে কি আর খাদ্য ব'লে, শুধায় সুধায়। ৮২
শঙ্কর জপেন রাম নামটী অবিশ্রাম।
অতএব নাই রে! আমার রাম তুল্য নাম। ৮৩
রাম নাম দুই অক্ষরে কত গুণ ধরে।
বর্ণিতে না পারে গুণ, ব্রহ্মা আর শঙ্করে। ৮৪
আমি নির্গুণ হইয়ে গুণ বলি কিছু শুন।
কাষ্ঠবিড়ালীর যেমন সাগর বন্ধন। ৮৫

'রা'এর গুণ কি?

রাগ যায়, বিরাগ যায়, অনুরাগ বাড়ে।
রাম নামে রাগ তুলিলে, রাশি রাশি পাপ ছাড়ে। ৮৬
রাগ করি রাহু পলায়, রহে না দেহেতে।
রাখাল হ'য়ে, যম রাস্তা করেন মুক্তিপথে। ৮৭
যায় রাজ-ভয় রাক্ষস-ভয়, রাজী তায় দেবগণে।
রাম তারে রাখেন সদা রাতুল চরণে। ৮৮

পাঠান্তর: ১ করে—ক, খ। ২ জয়জয়ন্তী পীলু মিশ্র—ক। ৩ নাম—ক, রাম নাম—খ।

ম'এর গুণ কি ?
মজিয়ে মধু-সাগরে মহানন্দ মনে।
মন্দের সম্বন্ধ নাই মঙ্গল মরণে। ৮৯
মনে করিলেই, মণিমন্দিরে মোক্ষপদ লভে।
মক্ষিকার মত, মত্ত মাতঙ্গেরে ভাবে। ৯০
মহেশের মস্তক হৈতে এসেন মরণ-কালে।
মুক্তি দেন মন্দাকিনী মম পুত্র ব'লে। ৯১

* * *

রামনামের গুণ

অতএব রামের তুল্য আর নাম নাই,—কেমন ?

পরমাণু-তুল্য সূক্ষ্ম,
হিংস্রক তুল্য মূর্খ,
ভিক্ষা তুল্য দুঃখ।
সাধন তুল্য কর্ম্ম,
দয়া তুল্য ধর্ম্ম,
মানব তুল্য জন্ম।
মাহেন্দ্র তুল্য যোগ,
স্বর্গ তুল্য ভোগ,
কুষ্ঠতুল্য রোগ।
পূর্ণিমা তুল্য রাতি,
ব্রাহ্মণ তুল্য জাতি।
মৃদঙ্গ তুল্য বাদ্য,
ঘৃত তুল্য খাদ্য।
বাসুকি তুল্য ফণী,
কোকিল তুল্য ধ্বনি।
দৈব তুল্য বল,
আম্র তুল্য ফল,
গঙ্গা তুল্য জল।
দূর্ব্বা তুল্য ঘাস,
অগ্রহায়ণ তুল্য মাস।
সর্ব্বস্ব তুল্য পণ,
বিদ্যা তুল্য ধন।
দাতা তুল্য যশ,
গান তুল্য রস।
উদ্ধার তুল্য জয়,
মরণ তুল্য ভয়।
বট তুল্য ছায়া,
সন্তান তুল্য মায়া,
কার্ত্তিক তুল্য কায়া।
গোলোক তুল্য ধাম,
রামের তুল্য নাম। [ই]

* * *

ঝিঁঝিট[১]—খং

মরি রে, রাম কোমল নামটী যে জন লয়।
রাম তারক ব্রহ্ম, নামের ধর্ম্ম, ভবে জন্ম তার কি হয়।
চরণের গুণ তুল না, পাষাণ মানব কাষ্ঠ সোনা, হয় রে!
ভাসে নামের গুণে জলে শিলে, বন-পশু বন্দী রয়। (ছ)

* * *

দুর্গানামের অনন্ত গুণ

শুনি রাম-নামের ব্যাখ্যা, শাক্ত হেসে কয়।
দূর হ রে দুর্ভাগা দুষ্টবুদ্ধি দুরাশয়। ১০৫
তুই রাম-নাম দুই অক্ষরের গুণে বর্ত্তে দিলি।
আমি দু অক্ষরের গুণ বলতে পারি নে,খংকিঞ্চিৎ বলি।১০৬
যে জন যতনে দুর্গা[২] নাম স্মরণ[২] করে।
দুর্গতি দুর্ম্মতি দুরদৃষ্ট যায় দূরে। ১০৭
দুর্গতি পাইলে হয় দুর্গতি দূরস্থ।
দুই ভুজ মনিবের বাড়ে দুই হস্ত। ১০৮
দূরে পালায়, দুরন্ত কৃতান্ত-দূতগণে।
দুর্গতিদলনী দুর্গার দু অক্ষরের গুণে। ১০৯

পাঠান্তর: ১ ঝিঁঝিট-খাম্বাজ—ক। ২ দুঃস্মরণ—খ, জ। 'দুর্গার 'দু'-স্মরণ'—কি ? সম্পাদক।

তুই ত রাম-নাম, কোমল নাম, বললি মনের সুখে।
কোমল নাম হৈলে কেন, বেরয় না শিশুর মুখে ॥ ১১০
পঞ্চ বৎসর পর্য্যন্ত করে আম আম।
কোমল কিসে, রাম তুল্য নাই রে কঠিন নাম ॥১ ১১
কেহ চিরকাল পর্য্যন্ত, আম আম করে দেখতে পাই।
বল নাইক রাম নামে, খুব যশ আছে রে ভাই ॥ ১১২
বিবেচনা করিলে ত্রিজগতে তুল্য নাই।
আমার যেমন শ্যামা মায়ের কোমল নামটি ভাই ॥ ১১৩

* * *

খাম্বাজ—খং

শ্যামা মার কি নামটী কোমল বলি ডাকে রে।
অতি দুগ্ধপোষ্য বালক, আগে মা বলিয়ে ডাকে রে ॥
কমলে কি তার উপমা, নীলকমল-বরণী শ্যামা,
শঙ্কর যার চরণকমল, হৃৎকমলে রাখে রে।
বসতি কমলাসনে, কালীদহে কমল-বনে,
কমলে কামিনী মাকে, শ্রীমন্ত যায় দেখে রে ॥ (জ)

* * *

যে শ্যামা সেই শ্যাম

উভয়েতে দ্বন্দ্ব করি উভয়ে পরাভব।
উভয় পক্ষে উমা হলো উভয়ে নীরব ॥ ১১৪
দুঃখে দোঁহার চক্ষে ধারা, মন-অভিমানে।
উভয়ে চলিল উভয় ইষ্ট-বিদ্যমানে ॥ ১১৫
উভয়ে চৈতন্য দেন উভয়ের ইষ্ট।
কৃষ্ণ হয়েছেন কালীরূপ, কালী হয়েছেন কৃষ্ণ ॥ ১১৬
কালী কালী বলি শাক্ত, কালীঘাটেতে আসি।
দেখেন শ্যাম-রূপ হয়েছেন শ্যামা শঙ্কর-মহিষী ॥ ১১৭
অর্দ্ধশশী ছিল ভালে, সে শশী পড়েছে খসি।
চরণের বিল্বদল হয়েছে তুলসী ॥ ১১৮
[১]ত্যজে শবাসন শ্যামা[১] পঙ্কজনিবাসী।
মুণ্ডমালা বনমালা, অসি হয়েছে বাঁশী ॥ ১১৯
ভাবে গদগদ শাক্ত নিকটেতে আসি[২]।
জিজ্ঞাসেন যুগ্মকরে চক্ষু-জলে ভাসি ॥ ১২০

* * *

ঝিঁঝিট—খং

মা! তোর এ কি ভাব গো ভবদারা!
ছিল যে রূপ অপরূপ দিগম্বরী,
কি ভাবে আজ পীত বসন কেন পরি,
হ'লে বংশীধারী, ব্রজনারীর মনচোরা ॥
কোথা লুকাইলে বল গো মা!
সে রূপ তোর গো শঙ্কররাণী শ্যামা!
অসিতবরণী মুক্তকেশী অসিধরা ॥ (ঞ)

* * *

যেই শ্যাম সেই শ্যামা

বৈষ্ণব আসিয়ে বিষ্ণু-মন্দিরের মাঝে।
দেখে, শ্যামা-রূপে শবোপরে কেশব বিরাজে ॥ ১২১
তুলসী হয়েছে বিল্বদল পদাম্বুজে।
বাঁশী ত্যজি অসি মুণ্ড ধরেছেন ভুজে ॥ ১২২
কায়া হৈতে[৩] পীতাম্বর পীতাম্বর ত্যজে।
হয়েছেন দিগম্বরী, বিদায় দিয়ে লাজে ॥ ১২৩
অলকা তিলকা ভালে অর্দ্ধচন্দ্র সাজে।
ধটী গিয়ে কটিতে কিঙ্কিণী ঘন বাজে ॥ ১২৪
চূড়া-শিরে যে রূপ হেরে ব্রজ-গোপী মজে।
কালোশশী এলোকেশী হয়েছেন অব্যাজে ॥ ১২৫
কিছু চিহ্ন নাই মুর্ত্তি বৈষ্ণব যা ভজে।
অপরূপ দেখিয়ে জিজ্ঞাসিছে ব্রজরাজে ॥ ১২৬

* * *

খট্‌ভৈরবী—একতালা

ওহে হরি! কি রূপ ধরিলে।
ত্যজে পদ্মাসন, মদনমোহন! মদনান্তক-হৃদে দাঁড়ালে ॥

পাঠান্তর: ১-১ ত্যজ্য শবাসন—জ। ২ বসি—জ। ৩ করি—জ।

কেন হরি! পীত বাস পরিহরি,
কি ভাব, সে ভাব পাসরি,
গোলোকের ঈশ্বরী কোথা সে কিশোরী,
মোহন বাঁশরী কোথায় লুকালে। (ঞ)

* * *

উভয়ে উভয়ে হেরি মগ্ন প্রেমভরে।
কৃষ্ণ-কালী তুল্য বলি কোলাকুলি করে। ১২৯

* * *

কালী-কৃষ্ণ অভেদ

কালী কৃষ্ণ অভেদ-আত্মা হৈল জ্ঞানোদয়।
উভয়ে হইল অতি আনন্দ-হৃদয়। ১২৭
বন্ধু সনে বিবাদ কি জন্যে হায় হায়।
সেই পথে উভয়ে আইল পুনরায়। ১২৮

গীত মিলন—আদ্য গীতের অন্তরা

তাদের উভয়ে হইল ঐক্য, দু'জনে করি সখ্য,
বলিছে প্রেমবাক্য, নয়নে বহিছে ধারা।
গেল ধন্দ গেল দ্বন্দ, দূরে গেল মন-সন্ধ,
জানিল যে শ্রীগোবিন্দ, সে ভবানী ভবদারা[1]। (ট)

বিধবা-বিবাহ

কলিকাতা সহরে বিধবা-বিবাহ আইন উপলক্ষে ঘোর আন্দোলন

বিধবার বিবাহ-কথা, কলির প্রধান কলিকাতা,
নগরে উঠেছে এই রব।
কাটাকাটি হচ্ছে বাণ, ক্রমে দেখ্‌ছি বলবান্,
হবার কথা হয়ে উঠছে সব। ১

ক্ষীরপাই নগরে ধাম, ধন্য গণ্য গুণধাম,
ঈশ্বর বিদ্যাসাগর নামক।
তিনি কর্ত্তা বাঙ্গালীর, তাতে আবার কোম্পানীর,
হিন্দু-কলেজের অধ্যাপক। ২

বিবাহ দিতে ত্বরায়, হাকিমের হয়েছে রায়,
আগে কেউ টের পায় নি সেটা।
তারা ক'রলে অর্ডার, জেতে[2] কারে[3] অর্ডর[4]
চটুকে বুদ্ধি আটকে রাখিবে কেটা। ৩

হাকিমের এই বুদ্ধি, ধর্ম্ম-বৃদ্ধি প্রজা-বৃদ্ধি,
এ বিবাহ সিদ্ধি হ'লে পরে।
বিধবা করে গর্ভপাত, অমঙ্গল উৎপাত,
এতে রাজার রাজ্যে হ'তে পারে। ৪

হিন্দু-ধর্ম্মে যারা রত, প্রমাণ দিয়ে নানা মত,
হবে না ব'লে করিতেছেন উক্ত।
ইহাদের যে উত্তর, টিকবে নাকো উত্তর,
উত্তীর্ণ হওয়া অতি শক্ত। ৫

* * *

পাঠান্তর: ১ এইখানে ক-গ্রন্থে 'মন ভাবরে' ইত্যাদি (ক)-সংখ্যক গীতটি 'তাদের উভয়ে হইল ঐক্য' ইত্যাদি (ট)-সংখ্যক অন্তরাসহ সম্পূর্ণ উল্লিখিত হইয়াছে।—সম্পাদক ২ যেতে—খ, গ। ৩ করে—ক ৪ অর্ডার—ক। 'আর ডর' কি?—সম্পাদক।

ঈশ্বর বিদ্যাসাগরকে দোষ দেওয়া মিথ্যা—
ইহা ঈশ্বরের কার্য্য

সিন্ধুভৈরবী—কাওয়ালী[১]

তোমরা এই ঈশ্বরের দোষ ঘটাবে কিরূপে।
রাখিতে ঈশ্বরের মত, হইয়ে ঈশ্বরের দূত,
এসেছেন ঈশ্বর বিদ্যাসাগর-রূপে ॥
রাজ-আজ্ঞায় দূতে আসি, কাটে মুণ্ড দিয়ে অসি,
রসি দিয়ে ফেলে অন্ধকূপে,
তা ব'লে দূতে কখন, দূষী হয় সেই পাপে ॥
কি আর ভাব সকলেতে, হবে যেতে জেতে হ'তে,
জাত-অভিমান সাগরে দাও সঁপে ॥
এক ধর্ম্ম প্রায় আগত, ভারত আদি পুরাণ-মত,
ভারতে চলিবে না কোনরূপে,
যখন করেছে এ ভারত অধিকার কলি-ভূপে ॥ (ক)

* * *

শান্তিপুরে এক বিধবা রমণীর আনন্দ

উঠেছে কথা রটেছে দেশ, কারু ইহাতে বড় দ্বেষ,
কারু ইহাতে সন্দেশ বিশেষ।
[২]কেউ বলিছেন নিষেধ রউক, কেউ বলিছেন হয় তো হউক,
কেউ বলিছেন হউক হউক বেশ ॥[২] ৬
বাল্যকালে মরেছে পতি, বিধবা নারী যত যুবতী,
তাদের গাটা শিউরে উঠেছে শুনে।
শুধাচ্ছে কথা ফিরে ফিরে, সিন্নি মেনে সত্যপীরে,
সত্য হবে এ কথা যে দিনে। ৭
এ কথাতে যার মতি, যে করিবে অনুমতি,
সবংশে সে জন সুখে থাকুক।
প্রতিবাদী যে এ কথায়, বজ্র পড়ুক তার মাথায়,
সে কুবংশ নির্ব্বংশ হউক ॥ ৮
ফিরে বিবাহ দিবার, বিপদ-শান্তি বিধবার,
শান্তিপুরে যে দিন রটিল।
যত বিধবা যুবতীরে, স্নান করে সব গঙ্গা-তীরে,
এক যুবতী কহিতে লাগিল ॥ ৯
দিদি গো! শুন শুন বাণী, বড় দুঃখ দিলেন ভবানী,
দশ বৎসরে হয়েছিল বিয়ে।
একাদশে মরেছে পতি, একাদশীতে হয়েছি ব্রতী,
বিশে বিশে চল্লিশ গেল ব'য়ে ॥ ১০
যত মূর্খ লোকে দুঃখ দিলে, অবলার প্রাণ বধিলে,
সূক্ষ্ম বিচার কেউ তো করে নাই।
যাজন করিতে ধর্ম্ম-পথ চ'লবে পরাশরের মত,
আজি যে আমরা শুনিতে পেলাম তাই ॥ ১১
গুণের মুনি পরাশর, যার কথাতে বিচ্ছেদ-শর,
ভুগিতে হয় না প্রাণেশ্বর ম'লে।
দিদি গো! এই কলিতে, যে ধর্ম্মে হয় চলিতে,
ব্যবস্থা দিয়াছেন তিনি ব'লে ॥ ১২
নষ্ট ক্লীব[৩] কিম্বা মৃত, অথবা পতি পতিত,
উদাসীন এই পঞ্চ যদি।
বচন আছে মুনির, হইয়াছে যে রমণীর,
পুন বিবাহ করিতে তার বিধি ॥ ১৩
বলেছেন এ সব পরাশর, আগে ইহা শুনিলে পর,
পরের তরে এত সই পরাণে?
অধ্যয়ন করেছে যারা, এ সব তত্ত্ব জানে তারা,
পোড়াকপালেরা পোড়ালে জেনে শুনে ॥ ১৪

* * *

কানেড়া-বাহার[৪]—একতালা

বিবাহ করিতে দিদি! আছে বিধবাদের বিধি।
মরুক দেশের পোড়া-কপালে সকলে,
কথা ছাপিয়ে রাখে হ'য়ে বাদী।

পাঠান্তর: ১ আড়া—খ, গ। ২—২ কেউ বলিছেন হউক হউক, কেউ বলিছেন নিষেধ রউক, কেউ বলিছেন, হয় না কেন বেশ।—ক। ৩ করিল—খ, কলির?—গ। ৪ টোরী—খ, গ।

আমাদিগকে দিতে নাগর,
এলেন গুণের সাগর বিদ্যাসাগর,
বিধবা পার করতে তরির গুণ ধরেছেন গুণনিধি ॥
কতকগুলো অধাৰ্ম্মিকে, বিপক্ষ বিধবার দিকে,
জুটেছে কলিকাতায়, এই কথায়,[১]
ঈশ্বর গুপ্ত অল্পেয়ে, নারীর রোগ চেনে না বৈদ্য হয়ে,
হাতুড়ে বৈদ্যেতে যেন বিষ দিয়ে দেয় প্রাণে বধি ॥ (খ)

* * *

হিন্দু-নারীর পক্ষে বৈধব্য-রোগ বড় রোগ

এ দেশে ল'য়ে জন্ম সই ! যে জ্বালা জন্ম সই,
আছি যে ক'রে জানাই ।
দেশ ত দিদি ! আছে সকল, নারীর মধ্যে যেমন গোল,
এ দেশে যেমন বিধি
এমন বিধি আর কোন দেশে নাই ॥ ১৫
আছে রাজ্য উৎকল, পতি ম'লে প্রাণ বিকল
হয় না, এমন প্রায় উপায় আছে ।
সদয় আছেন দিগম্বর, বর ম'লে বর পায় দেবর,
দেবীর বর সকল দেশেই আছে ॥ ১৬
ইংলণ্ড-দেশে সজনি ! হন্দ সুখ পদ্মযোনি
দিয়াছেন রমণীর প্রতি ।
যত দিন থাকে কান্ত, ঐ কান্তে ঐকান্ত
ক'রে কাল কাটায় যুবতী ॥ ১৭
রোগে কিম্বা সমরে, যদি সেই পতি মরে,
পুত্র যদি থাকেন পৃথিবীতে ।
মরি ! কি আশ্চর্য্য পুত্র পুত্র খুঁজে লগ্নপত্র
ক'রে যায় জননীর বিয়ে দিতে ॥ ১৮
ভারতবর্ষ এই দেশে, আমরা যেমন বিধির দ্বেষে
পড়েছি সই ! অন্ন জেতে নয় ত এত ।
হত প্রাণে হত মানে, মুসলমানে[২] এত কি মানে
এত গোল মোগল মানে না ত ॥ ১৯
কি ছার রোগ শূল কাস, তাতে আছে ত অবকাশ,
কাসে কেবল নাশে জানি পরাণী ।
এই যে মরণান্ত ভোগ, বৈধব্য যেমন রোগ,
এমন রোগ কোন রোগ লো ধনি ॥ ২০
দিদি লো ! এ যেমন অসাধ্য রোগ, তেমনি কিন্তু চিকিৎসক
শচী-গর্ভে জন্মেছে এক ছেলে ।
নামটি তার গৌরহরি, বিধবার ধন্বন্তরি,
"বাঁচে প্রাণ তার চিকিৎসা হলে ।"

* * *

কতকগুলি নেড়া-নেড়ীরও বিবাহে কত সুখ

"সুরট—কাওয়ালী"

আ মরি ! কি দয়াময় গৌরাঙ্গ ।
"নাগর ম'লেও এদের হয় না, নেড়ীদের"
অমনি জোটে নেড়া,
"কমল ছাড়া হয় না কভু ভৃঙ্গ" ॥
আমাদের সব অভাগারা, কালী কালী বলে এরা,
গৌরকে সর্ব্বদা করে ব্যঙ্গ ॥
নইলে পেতে ফাঁদ, ধরিতাম ন'দের চাঁদ,
ঘর হ'তে পদ বাড়াইতাম, জুড়াইতাম অঙ্গ ।
নাথ যে দিন অদর্শন, জেলে বিচ্ছেদ-হুতাশন,
"গেল বসন ভূষণ তার সঙ্গ" ॥
কি সুখে রয়েছি বাসে, বাসে কি আর ভালবাসে,
উপবাসে জ্ব'লে গেল অঙ্গ ॥
এমন পথে ছাই, আমরা দিতে চাই,
আমি সদা মনে করি, করে ধরিতে করঙ্গ ॥ (গ)

* * *

পাঠান্তর : ১ 'তারা বিলক হয় হ'য়ে বাদী'—ইহার পর 'ক' গ্রন্থে এই পদ অধিক । ২ অন্য জেতে—ক । ৩—৩ কত লোকের ঘর ছাড়িয়ে দিলে—ক । ৪—৪ টোরী—মধ্যমান—খ, গ । ৫-৫ নাগর মলে এদের বয়না নেড়ীদের—ক ; নাগর মলে ওদের হয় না—খ । ৬-৬ কমল ছাড়া হয় না তোদের অঙ্গ—খ, গ । ৭—৭ বসন ভূষণ গেল সঙ্গ—ক ।

পক্ষপাতী বিধাতা

বিধাতা পুরুষগণের উপর যেমন সদয়,
নারীগণের প্রতি তেমনই বাম
যা হউক এখন সে কথাটা বটেছে যদি হয় আঁটা,
নগর মাঝে এখনি নাগর খুঁজে।
পতিত অন্নির সেই পাটা, বেড়ে উঠে বুকের পাটা,
দিয়ে শত্রুর বুকে পা-টা, নাচি গাঁয়ের মাঝে। ২২
পূজা করি গুরুর পা-টা, দিয়ে ধুতি এক পাটা,
গুরুকে এখনি বরণ করি লো দিদি।
কালীর যদি হয় কৃপাটা, কালীকে দিব কাল পাঁটা
বিচ্ছেদের ঘা-টা শুকায় যদি। ২৩
সত্যপীরকে দিব বাটা, সাধ পূর্ণ, সাধু-সেবাটা
ক'রে ঘটা করি নিকতনে।
পাছে কোন বদ লোকটা, দেয় ইহাতে বাদহাটা,
ঐ ভয়টা সদা হ'তেছে মনে। ২৪
অবিচার বিধাতার, দেহে নাই ধর্ম্ম তার,
নারী পুরুষ দুই তাঁর সৃষ্টি।
বিধাতা পুরুষদিগকে, দেখেছে কি সোনার চক্ষে,
রমণীদিগে কেবল বিষদৃষ্টি। ২৫
এ ত বিধির পক্ষপাত! রমণীর পক্ষে পক্ষাঘাত,
পুরুষের সঙ্গে গলাগলি ভারি।
দুঃখ পেয়ে দুঃখ নাই বলা, তাতেই আমাদের নাম অবলা
কিছু করিতে নারি, তাই তো নারী। ২৬
গর্ভে হ'লে ছেলে প্রবেশ, রমণীর দুঃখের শেষ,
পুরুষের কোন ক্লেশ নাই।
বিধি আছেন পুরুষের বশে, ব'সে বাপ হ'য়ে বসে,
সেই ছেলেদের বাপের দোহাই। ২৭
পরশুরাম বাপের কথা শুনে মায়ের কাটে মাথা,
নারীর বলিব কি আর মাথা!
বাপ থাকিতে বর্ত্তমান, গয়ায় গিয়ে পিণ্ডদান
মায়ের নাই, এত বাদী বিধাতা। ২৮
বিধাতা তো নারীর পক্ষ সকল পক্ষ বিপক্ষ,
সকল সহ্য করিতাম লো দিদি!
এইটি যদি করতে ভব্য নামটী থুতো বৈধব্য,
সমান সমান ঐটে হতো যদি। ২৯

* * *

'পীলু বারোয়াঁ—পোস্তা'

পুরুষের ম'বার মরে, ত'খার বিয়ে সই!
সে সুখী আমরা কেন নই।
কি দোষে এক হাটে চোর মায়ে ঝিয়ে হই।
নারীর পতি কষ্ট পেলে, ঘরে এসে কষ্ট হ'লে,
সে যে কষ্ট—যে কষ্ট দেয় প্রাণে,
সে কষ্ট সখি লো! কৃষ্ণ জানে।
মজিলে পর-পুরুষেতে, কলঙ্কিনী আমরা তাতে,
পুরুষ নিলে পরস্ত্রীকে, এত বাদ কই। (ঘ)

* * *

হিন্দুর দেশে বিধবার বিবাহ অসম্ভব কথা

গ্রামে হলো সমাচার, নারী পুরুষের সমান বিচার,
বিধিমত হ'লো এত দিনে।
শুনি এক ধনী কহিছে, ছিছি জ্বালা দিসনে মিছে,
রাজ্যসুদ্ধ হাসালি এত দিনে। ৩০
পাপের ভোগ পঞ্চ দেশ, বিধির দ্বেষ বড় দ্বেষ,
ভারতবর্ষ নামটি লোকে কয়।
যে দেশে পাপ করে নরে, পাপের ভোগ করিবার তরে,
সেই দেশে আসি জন্ম লয়। ৩১
ওলো ধনি! পাপের ভোগ, যেমন ভুগলি তেমনি ভোগ,
স্বামী সঙ্গে রস-ভোগ, আর মিছে কর সাধ!
তোরা আবার সুখে রবি, পশ্চিমে উঠিবে রবি,
মনে মিছে করিস নে আহ্লাদ। ৩২
হাতের তেলোয় উঠিবে লোম, কুহু-নিশিতে উঠিবে সোম,
বাঘ ডাকিবে কুহু কুহু রবে।

পাঠান্তর: ১১. ঝিঁঝিট—টিমে তেতালা—খ. স।

শিমুল ফুলে হবে মধু, বসিবে কমলিনীর বঁধু,
হিজড়ের গর্ভেতে পুত্র হবে। ৩৩

অসার কথা কখন টেকে? তার সাক্ষী দেছে লোকে,
অকস্মাৎ লেজ ল'য়ে আকাশে।
উঠে একটা নক্ষত্র, নাম তার ধূমকেত্র,
কিছুদিন বই আপনি পড়ে খ'সে। ৩৪

কেন তোরা করিস ভুল, তাল গাছে হবে তেঁতুল,
কোন্ বাতুলে এ কথা রটায় লো?
যদি হাকিমের হ'তো আজ্ঞে, তবে ধনি! তোদের ভাগ্যে,
জাতি-কুল বাঁচান হতো দায় লো। ৩৫

যে কালে ইংরাজরা সিন্ধ-পুত্র, বজ্রকাষ্ঠ পরিবর্ত্ত,
করতে তাদের হয় না মত, শুনেছি তত্ত্ব ভাল লোকের মুখে।
'সকল পরিবর্ত্ত হবে, মেয়ে পুরুষ এক হ'য়ে রবে
সকলেতে থাকবে মনের সুখে' । ৩৬

কথা হবে না হবার নয়, লাভে থেকে এই হয়,
পতির শোকটা পুরাণ পড়েছিল।
বাধালে বিচ্ছেদ-যাগ, চিইয়ে দিলে ঘুমান বাঘ,
পোড়ার-মুখোদের হ'তে এই হ'লো। ৩৭

* * *

বিধবার বিবাহ-কথায় এক বাহাত্তুরে বুড়ীর পরিতাপ

এই রূপে যুবতী সব, করিছে নানা উৎসব,
প্রবীণ এক বিধবা সেইখানে।
যুবতী করে রসিকতা, হেসে হেসে বলিছে কথা,
ঠাকরুণ দিদি! শুনেছ কি কানে। ৩৮

প্রবীণে বলে, শুনেছি ভাই! ছার কথায় আর কাজ নাই,
বেল পাকিলে কাকের কিবা সুখ।
নাক মুখ চক্ষু বুক, বজায় আছে তোদের সুখ,
এসে ভ্রমর তোদের যৌবন-কমলে বসুক। ৩৯

আমার বয়স প্রায় বাহাত্তর, মনের মতন পাত্তর,
আর তো কেউ যুটিবে না লো ঘরে।
যদি বল সম্পর্ক, দেখিয়ে করিতে[২] সখ্য,
কালো কুকুর মাড় ভক্ষণ করে। ৪০

সমানে সমানে ঘর, খোঁড়া মেয়ের কানা বর,
সমানে সমান, গাধার পীঠে ধোবার ভার,
উননমুখো দেবতার, ঘুটের পাঁস নৈবেদ্য যেমন।
সমান সমান ঘটে যত, পেতনীর সঙ্গে জোটে ভূত,
মেয়ে মেয়ে মিশে ভাল জান। ৪১

* * *

"সিন্ধু—পোস্তা"

নবীন নাগর আর কে ধনি! চালাবে মোর তরণী।
নই যুবতী নই তরুণী, দু'দিন বই বৈতরণী॥
বয়স প্রায় যুনাল আশী,
ওলো নাতিনি! এবার ফিরে আসি,
নাই বুকে জোর, নাই সে নজর
জোর ক'রে হই কার ঘরণী। (৬)

পাঠান্তর: ১-১ ক-গ্রন্থে অতিরিক্ত। ২ করিত—খ। ৩-৩ কানেড়া বাহার—একতালা—ক

কর্ত্তাভজা

কর্ত্তাভজার বিবরণ

শ্রবণে সুশ্রাব্য অতি রসজ্ঞ পাঁচালী।
প্রণিধান কর কিছু কাব্যকথা বলি॥ ১

নূতন উঠেছে কর্ত্তাভজা, শুন কিঞ্চিৎ তার মজা,
সকল হতে শ্রবণে বড় মিষ্ট।
বাল-বৃদ্ধ-যুবা-রমণী, নিষেধ মানে না, যায় অমনি
অন্ধকারে পথ না হয় দৃষ্ট॥ ২
ইহার ঘোষপাড়াতে পূর্ব্বসূত্র, গোপাল ঘোষের ভ্রাতুষ্পুত্র,
সেই উহাদের কর্ত্তার প্রধান।
চারিজন তার আছে চেলা, মদন, সুবল, গোলোক[১], ভোলা,
তারা এখন বড় মান্যমান॥ ৩
সেই চারিজন আখড়াধারী, কুহক[২] দিয়ে পুরুষ নারী,
ভুলায়ে আনে বুলিয়ে মাথায় হাত।
ওদের ভোজের ভেলকী ধনি,[৩] সেজে চলেন ঘরের গিন্নী,
সিন্নি দিয়ে করেন প্রণিপাত॥ ৪
[৪]রসিকে ব্যাপিকে মাগিরে, বয়োধিকা যত মাগিরে,
তারা কেবল জাতি ঘুচাতে চলে।[৪]
কি নীচ ও কি ভদ্র, সকলেতে হয়ে একত্র
ঐক্য করে এক গোত্র, শপথ করে বলে॥[৫] ৫
[৬]বিশেষ নষ্ট মাগীদের কষ্ট গেছে, পুনর্ব্বার কেঁচে বসেছে
যৌবন গেছে এদ্দিকের দফায় কাবু।
এদের দেখ অন্ত নাই, মুখে দন্ত নাই,
কিন্তু এতে ক্ষান্ত নাই তবু॥[৬] ৬
* * *

ভৈরবী—রূপক

নূতন উঠেছে কর্ত্তাভজা রে।
বড় মজারে, বড় মজারে,
কুলবতী 'কুল ত্যজে কুলে দিল ধ্বজা রে'॥
মরি কি মানবলীলে, হরে জ্ঞান তা হেরিলে,
[৭]হরিভক্তি মুক্তিপথ দূরে যায়।
ভেঙে বলা নয়, ভেঙে বলা নয়,
বাঁচে কুল অনুকূল হয়ে যদি
রাজা দেন সাজা রে॥[৭] (ক)
* * *

বল কে বুঝিবে তাদের অন্ত, সকলে এক ধর্ম্মাক্রান্ত,
[৮]নিজ কান্ত পড়ে থাকেন ঘরে।[৮]
যত্নে নানা উপহার দধি দুগ্ধ মিষ্টান্ন আর
লয়ে যায় প্রতি শুক্রবারে॥ ৭
কোথা বা ভজন কোথা বা পূজন, লাগিয়ে দেয় শিবের গাজন
কতকগুলো এক জায়গায় জুটে।
[১০]কর্ত্তার প্রেমে হয়ে মত্ত, শ্রবণ করেন ভজনতত্ত্ব
উন্মত্ত হয়ে বেড়ায় ছুটে[১০]॥ ৮
জেতের বিচার নাই আচার শূন্য, একত্রে জুটে ছত্রিশ বর্ণ
ধোবা কলু মুচি।
বাগ্দী হাড়ি বামুন কায়স্থ, ডোম কোটাল আদি সমস্ত,
সকলেতে এক অন্নেই রুচি॥ ৯

পাঠান্তর: ১ গোপাল—ক, গোরোক—খ। ২ মন্ত্রণা—ক, খ। ৩ এমনি—ক, ধ্বনি—খ। ৪-৪ এই অংশটি ক, খ গ্রন্থে নাই। ৫ 'ক' গ্রন্থে ইহার পরে "আর যাব না কোন পথে, সবে রব এক পথে, যা করেন কর্ত্তা কপালে॥" ৬-৬ এই অংশ ক, খ গ্রন্থে নাই। ৭-৭ যায় তাতে না রয় কেহ ঘরে রে।—খ। ৮-৮ ধর্ম্ম নিয়ে চলেছে সং সাজা রে। হলে শুক্রবার, ধায় সব অনিবার সব রাড়ীগুলোর বাড় বেড়েছে, এই আজব ধর্ম্ম বাজারে।—ক ৯-৯ কেহ আর থাকতে নারে ঘরে—ক, খ। ১০-১০ ভেদ নাই বামুন বৈষ্ণব, ভোজন ভজন একত্রে সব, অন্য ইতর কিবা মযুর জুটে—ক।

আহ্লাদে সব হয়ে একত্র, মনে ভাবেন জগন্নাথ-ক্ষেত্র,
ভক্তির না হয় ত্রুটি।
ভগবানের নাম মুখে বলে না, প্রেম ভক্তির মতে চলে না,
'সার কেবল ডালিমতলার মাটি' ॥ ১০

পরে না কপ্‌নি বহির্ব্বেশ, নয় বৈরাগী নয় দরবেশ
নয় কোন ভেকধারী।
ওরা পুরাণ মানে, কি কোরাণ মানে[২]
তার কিছু বুঝিতে না পারি ॥ ১১

ওরা নয় সাধু, নয় পাষণ্ড, ডুয়ের বাইর যেমন ভণ্ড,
নয় যুগী নয় জোলা।
নয় পশু, নয় জানোয়ার, নয় তরী, নয় পালোয়ার,
নয় ডোঙ্গা নয় ভেলা ॥ ১২

ওরা নয় যে দৈত্য নয় যে দানা,কি গতিক ভাব যায়না জানা,
উল্‌টো সব হিন্দুস্থানী ধর্ম্ম।
দেবতা বামুন করে না মান্য, অঘোরপন্থীর অগ্রগণ্য,
শুনতে নাই ওদের যে সব কর্ম্ম ॥ ১৩

পরস্পর দেয় মুখে অন্ন, সাবাস ওদের রুচিকে ধন্য,
মহাপ্রসাদ বলে করে মান্য[৩]।
কুড়ায়ে উচ্ছিষ্ট ভাত, খেয়ে মাথায় বুলায় হাত
[৪]আচমনের বিষয়েতে শূন্য[৪] ॥ ১৪

বিধবার নাই একাদশী, বিশেষ শুক্রবারের নিশি
হয় ভোজন যার যা ইচ্ছা মত।
মৎস্য মাংস ছানা মাখন, উপস্থিত হয় যেটা যখন
তখন তাতেই রত ॥ ১৫

প্রতি পূর্ণিমাতে রাস ইচ্ছা পূর্ব্বক সহবাস
বিচার নাইক তাতে।
ছিছি বুড় মাগীদের নাইক মরণ, তাদের যেসব করণ কারণ
দেখে দেখে মরে গেলাম লজ্জাতে ॥ ১৬

আর জুলপী কাটা যুবা রমণী, তারা সকলে হয়ে গোপিনী
করে লীলে খেলা।
চুয়া চন্দন মেখে গাত্রে, রঞ্জন কাজল পরে নেত্রে
কর্ত্তার সঙ্গে বদল করে মালা ॥ ১৭

কর্ত্তা করেন বস্ত্র হরণ, কি শোভা দেখতে তখন,
ব্যস্ত হয়ে হস্ত দিয়ে ঢাকে।
দেখতে ভুলে যায় ঋষির চিত্ত, অন্যে ভুলবে কি বিচিত্র,
এরূপ কীর্ত্তি নিত্য হয়ে থাকে[৫] ॥ ১৮

আবার কেহ সখী কেহ বা কিশোরী, কর্ত্তা বাজান বাঁশরী,
কখন হন নিকুঞ্জবিহারী।
কখন হয় কৃষ্ণকালী কখন হয় বনমালী,
কখন বা হয় গিরিধারী ॥ ১৯

কখন গোষ্ঠে চরান ধেনু, মধুস্বরে বাজান বেণু,
মুগ্ধ সবাই বাঁশের বাঁশী রবে।
লীলা করেন নানা মতন, করেন না কেবল কালীয় দমন,
তা হলে যে শমন ভবন গমন কর্ত্তে হবে ॥ ২০

* * *

[৬]খাম্বাজ—পোস্তা[৬]

যদি কেউ সাধ কর ভাই কর্ত্তাভজার দলে যেতে।
হবি যেতে যেতে ছত্রিশ জেতে, জেতে 'হতে হবে' যেতে ॥
যেতে আর হবে না স্বর্গের মুখ এই উপসর্গে[৮],
ভুগবি সেই সংসর্গে[৯], যেতে হবে অধঃস্রোতে ॥ (খ)

* * *

কলির কাণ্ড

করে এইরূপ কৃষ্ণলীলে, মান্য করে শ্রেষ্ঠ বলে,
কলি যুগে আরো বা কত হবে।

পাঠান্তর: ১-১ জাতা বাড়ীর মধ্যে লীলার ঝুরি—চ ২ 'ক' গ্রন্থে ইহার পরে 'তার কথা কেবা জানে'। ৩ মান্য করে—ক। ৪-৪ আচমন নাই কানিতে হাত ঝাড়ে।—ক। ৫ ১৩ হইতে ১৮ শ্লোক ক, খ গ্রন্থে বর্জিত। ৬-৬ আলিয়া—কাওয়ালী—খ। ক-গ্রন্থে সুরতাল অনুল্লিখিত। ৭-৭ হবে না—ক। ৮ সংসর্গে—ক। ৯ উপসর্গে—ক।

কর্ত্তাভজার ভারি ধুম, যমের মত জুলুম[১],
ঘুম ভেঙে যায় তাদের কলরবে ॥ ২১
গুদের একটি আলাদা তন্ত্র, ত্যাগ করে সব ইষ্টমন্ত্র,
হয় সব মানুষ-মন্ত্রে দীক্ষে।
ধর্ম্ম সব অধর্ম্ম যোগ, [২]কর্ম্ম করিল কর্ম্ম ভোগ[২],
মূল কথাটা জুগুচুরি[৩] সব শিক্ষে ॥ ২২
হায়[৪] কি ভগবানের কীর্ত্তি, এতেও লোকের হয় প্রবৃত্তি,
গাই কি বলদ লেজ তুলে দেখে না।
মানে না আর কেউ লঘুগুরু, একাকারের হয়েছে সুরু,
কিন্তু ভাই[৫] হতে বাকি থাকে না ॥ ২৩
[৬]কাঁস্যুড়ে বেটারা হল সাধু, বেশ্যা হল কুলবধূ,
সতী যিনি তাঁর পতির সংখ্যা নাই।[৬]
মুচির ছেলে হলো দণ্ডী, চণ্ডালে পাঠ করে চণ্ডী,
জোলাতে যোগ শিখেছে শুনতে পাই ॥ ২৪
এখন নূতন নূতন কত হচ্ছে, অঘটনা ঘটে উঠিছে,
অনাসৃষ্টি এসে জুটেছে কত।
বিড়ালে ইন্দুরে সখ্য, হবিষ্যান্ন বাঘের ভক্ষ্য,
দেখে শুনে বুদ্ধি হল হত ॥ ২৫
লোকের ক'রে সর্ব্বনাশ স্বকায়াতে[৭] স্বর্গবাস,
ফাঁসিতে মরে কাশীতে যায় যমকে দিয়ে ফাঁকি।
পশুপক্ষী মেরে খায়, ধর্ম্মজ্ঞানী বলে তায়,
পরমহংস পঞ্চম পাতকী ॥ ২৬
খোঁড়ার নৃত্য দেখিছে কানা, খপুষ্প পুষ্করণী পানা,
কালা বসে বোবার গান শুনিছে।
কথায় বলে চিরকাল, ঘোড়ার ডিম আর কাঁচের ছাল,
কর্ত্তাভজার পরকাল, দেখে এলাম তাঁতী তাঁতে বুনিছে ॥ ২৭

* * *

[৮]ঝিঁঝিট—ঠেকা[৮]

অসম্ভব কি সাজালে সাজে।
বাজে লোকের কথা শুনে বাজের অধিক গায়ে বাজে ॥
বক মানায় না হংস-মাঝে, মুরগীকে কি ময়ূর সাজে,
বেতো[৯] ঘোড়া পক্ষীরাজে, তুল্য হয় কি শুক বাজে!
গাধায় কি বয় হাতীর বোঝা, সিংহের বনে শিয়াল রাজা,
কৃষ্ণ ত্যজে কর্ত্তাভজা, শুনি নাই সংসারের মাঝে। [গ]

* * *

জগতের কর্ত্তা হরি

দেখে শুনে বলিতে নাই অসম্ভব কথা।
জেনে শুনে যেতে নাই শত্রু আছে যথা ॥ ২৮
মানুষ কি করিতে পারে ভগবানের কার্য্য।
রাখালে কি রাখতে পারে সসাগরা রাজ্য ॥ ২৯

* * *

মানুষ কি কর্ত্তা হইতে পারে ?

এমন মান্য কে আছে যে হরি হতে পূজ্য।
এত ধৈর্য্য কার আছে যে ধরা হতে ধৈর্য্য ॥
এত শক্তি কে ধরে যে ধরে বসুন্ধরা।
এত সাধ্য কার আছে যে গণে গগনের তারা ॥
এত তৃষ্ণা কার আছে যে সমুদ্র করে পান।
দেহ ধারণে হয় না দুঃখ কে এত পুণ্যবান্ ॥
এ সামগ্রী কার আছে যে দামোদরের ক্ষুধা হরে।
এত দর্প কার আছে যে কালের হাতে তরে ॥
এমন দ্রব্য কি আছে যে সুধা হতে মিষ্ট।
এমন চক্ষু কার আছে যে শতযোজন দৃষ্ট ॥
এমন অস্ত্র কি আছে বজ্র করে নাশ।
এমন বীর কে আছে যে বধে হরিদাস ॥
দ্রুতগামী কে এমন যে মনের অগ্রে চলে।
এমন ফল কি আছে যে বৃষ্টি নইলে ফলে ॥
এত বুদ্ধি কার করে যে ব্রহ্মনিরূপণ।
কার এত ক্ষমতা খণ্ডে কপালের লিখন ॥

পাঠান্তর: ১ জুন—খ, চ। ২-২ করিল কর্ম্ম কর্ম্মভোগ—ক। ৩ লুকোচুরি—ক। ৪ যায়—খ, চ। ৫ আর—ক। ৬-৬ বুড়ীর গলায় পৈতে দেখি, আরো বা শুনে ঘটিবে কি? শুবের বাজার দেখে বলিহারি যাই।—ক। ৭ সকায়াতে—ক। ৮-৮ ঝিঁঝিট—মধ্যমান ত্রিতাল—ক। ৯ ভেটো—চ।

কে এমন বৈদ্য আছে মৃতকে বাঁচায়।
কে এমন মহাত্মা আছে কর্ত্তা হতে চায়॥ [অ]

* * *

মানুষ কখনো কর্ত্তা হইতে পারে না

অসম্ভব কি হয় রে বোকা, চাঁদের তুল্য জোনাক পোকা,
বাসুকি নাগের তুল্য হয় কি ঢোঁড়া।
তুল্য হয় কি গরুড়ে কাকে, মেঘের গর্জ্জন ঢাকে কি ঢাকে,
ঘোড়ার সঙ্গে তুল্য কি হয় ভেড়া॥
সাধুর কাছে যেমন চোর, হাতীর কাছে বন শূয়োর,
পদ্ম ফুলের কাছে কি শিমুল ফুল।
শুকের কাছে কি শকুনির শোভা,
সাগরের কাছে কি সাব ডোবা,
গজমতির কাছে কি শোভে কুল॥
তুল্য হয় না কাঁচ আর হীরে, গুবুরে পোকা মত্যাপীরে,
সত্য ক'রে বলিলে সত্য হয় না।
অমৃতের তুল্য হয় না বিষ, জগৎকর্ত্তা জগদীশ,
তাঁর কাছে আর কর্ত্তা শোভা পায় না॥ [আ]

* * *

তবে সে কর্ত্তা কেমন কর্ত্তা শুন বলি ভাই।
সকল ঘরে কর্ত্তা আছে, কর্ত্তা ছাড়া নাই॥ ৪২

সে কেমন?

যেমন, ঢেঁকিশালে কুকুর কর্ত্তা, বনের কর্ত্তা পশু।
শ্মশানেতে ভূত কর্ত্তা, চোরের কর্ত্তা যাদু॥
গোরস্থানে মামদো কর্ত্তা, ভাগাড়ের কর্ত্তা দানা।
ছাতনী তলায় পেত্নী কর্ত্তা, শেওড়াতলায় গোনা॥
মাঠে গোঠে রাখাল কর্ত্তা, আঁতুড়ে কর্ত্তা দাই।
ভেড়ার গোয়ালে বাছুর কর্ত্তা, এ কর্ত্তা তাই॥ [ই]

* * *

সুরট—পোস্তা

জগতের কর্ত্তা হরি আর কে আছে কর্ত্তা ভবে।
মজ তাঁর পদাম্বুজে ভজ রে কেশবে সবে॥
যখন আসিবে শমন, ধরিয়ে কেশে করিবে দমন,
বিনা সেই রাধারমণ, শমনদমন কে করিবে॥
নিতাই চৈতন্য গোরা, কেন ভজিলি নে তোরা,
শালগ্রামে ফেলে নোড়া, পূজিলে তোদের কি ফল হবে। [ঈ]

* * *

হরিনামের মাহাত্ম্য

[১]আছে এক কর্ত্তাভজা, স্ত্রী হিজরে পুরুষ খোজা,
সে সব কলিতে বড় শক্ত।[১]
গুরু সত্য গুরু ব্রহ্ম, গুরু ভিন্ন কোন কর্ম্ম,
হয় না এই বেদে আছে উক্ত॥ ৪৬
গুরুকে দিবে কর্ম্মফল, তবে সে ফলের ফলিবে ফল,
ফলাতে পারলে চতুর্ব্বর্গ ফলে।
অসাধ্য সাধন যোগ, কর্ম্ম ত্যজে ধর্ম্মযোগ,
সেই যোগ শুভ যোগ বলে॥ ৪৭
আছে নিগূঢ় তত্ত্বকথা, তার তথ্য পাবে কোথা,
সে কথা তো কথার কথা নয়।
আছে বস্তু না যায় ধরা, ধরাধর যাঁর হস্তে ধরা,
তাকেই একবার ধর্ত্তে পারে হয়॥ ৪৮
ধরা কি তাঁকে সাধারণ, তিনি নিত্য নিরঞ্জন,
নির্ব্বিকার নিত্যানন্দময়।
স্থূল সূক্ষ্ম সুশোভন, [২]সহস্রাক্ষ সহস্রানন,
বর্ণ তার বর্ণ সমুদয়[২]॥ ৪৯
তিনি নিত্য নিরাকার, ইচ্ছাতে হয় তাঁহার,
সৃজন পালন ত্রিসংসার।
পাতি বিষ্ণু মায়াজাল সৃজন করিয়ে কাল,
কালে সৃষ্টি করেন সংহার॥ ৫০

পাঠান্তর: ১-১ গুরুতত্ত্ব বুঝা ভার, তিনি ব্রহ্ম সারাৎসার, বুঝে তত্ত্ব যে হয় ভক্ত।—ক, দ্বিতীয় চরণরূপে।

২-২ সহস্রানন সহস্রশ্রবণ বর্ণ তাঁর বর্ণ সহস্রাক্ষ সমুদয়—ক; তিনি সহস্রানন বর্ণ সহস্রাক্ষ সমুদয়—খ।

নির্গুণ বেদে বাখানে, সগুণে[1] বা কোনখানে,
কেবা জানে তাহার নির্ণয়।
মহাযোগী যায় সদা চিন্তে, [2]তারে কেবা পারে চিনতে[2],
[3]চিন্তিলে যায় ভব চিন্তে[3], অচিন্ত্য অব্যয়॥ ৫১
লীলাহেতু নানা রূপ, ধারণ করেন বিশ্বরূপ,
সে রূপের তুলনা দিতে নারি।
তিনি সর্ব্ব মূলাধার, সংসারের সারাৎসার,
নির্ণয় কে করে তাঁর, পুরুষ কি নারী॥ ৫২
আছেন তিনি সর্ব্বঘটে, জেনে শুনে কই লভ্য ঘটে,
তিনি ঘটান তবেই ঘটে, নইলে সাধ্য কার।
তাঁর কর্ম করেন তিনি, ভক্তাধীন গোবিন্দ যিনি,
সুরধুনী পদে জন্মে যাঁর॥ ৫৩
সেই ভক্তাধীন ভক্ত জন্য, যুগে যুগে অবতীর্ণ,
ভক্তবাঞ্ছা পূরাবার তরে।
রামরূপে কোদণ্ড ধরি, রাক্ষস দল সংহারি,
কৃষ্ণলীলা করিলেন দ্বাপরে॥ ৫৪
হরিয়ে গোপীর মন, গোষ্ঠে করি গোচারণ,
গোবর্দ্ধন ধরিলা কৌতুকে।
ব্রজ পোড়ে দাবানলে, পান করিলেন ছলে,
ব্রহ্মাণ্ড দেখাইলা মুখে॥ ৫৫
সুর-অরি আদি কংস, কুরুকুল করি ধ্বংস,
হরি হরিলেন ক্ষিতিভার।
কে জানে তাহার অন্ত, দ্বারকায় দ্বারিকাকান্ত,
[4]অনন্ত না পায় অন্ত যাঁর[4]॥ ৫৬
কৃষ্ণলীলা অপারসিন্ধু, জগবন্ধু দীনবন্ধু,
তাঁর মহিমা কেবা জানে।
যে নাম জপে মৃত্যুঞ্জয়, মৃত্যুকে করেছেন জয়,
হরিনামামৃত সুধাপানে॥ ৫৭
ইন্দ্র চন্দ্র হুতাশন, সদা ভাবে যে চরণ,
ব্রহ্ম ভাবেন ব্রহ্মভাবে সদা।
ছিদাম আদি সঙ্গে যত, সখাভাবে অনুগত,
বাৎসল্য ভাবেন যশোদা॥ ৫৮
গোপীদের ভাব গোপীনাথ,[5] বিশ্বের ভাব বিশ্বতাত,
ভক্তের বড় শক্তভাব, ব্যক্ত নাই সংসারে।
শ্রীমতীর যে কত ভাব, সে যে ভাব ভবের অভাব,
কত যে ভাব কে বলিতে পারে॥ ৫৯
সেই রাধার ভাবে হয়ে ঋণী, শ্রীগৌরাঙ্গ চিন্তামণি,
[6]নবদ্বীপে হলেন অবতীর্ণ।
সঙ্গে যত পরিবার, কতেক বর্ণিব তার,
নিত্যানন্দ আর শঙ্করারণ্য॥[6] ৬০
জীবকে দিয়ে হরিনাম, প্রকাশিল পরিণাম,
যে নাম শ্রবণে জীব মুক্ত।
কিবা দয়া প্রকাশিলা, মরি কি মাধুর্য্যলীলা,
হরি হরি বলিতে নিযুক্ত॥ ৬১
এমন দয়াল প্রভু, তাহারে ডাকলি নে কভু,
ভুলে গেলি অসার সংসারে।
বল হরি শ্রীচৈতন্য, দূরে যাবে অচৈতন্য,
হরি হরি বল উচ্চৈঃস্বরে॥ ৬২

* * *

সুরট—পোস্তা

গৌর গোবিন্দ বলে নিশান তুলে বসে থাক।
কৃতান্ত দূরে যাবে, দয়াল নিতাই বলে ডাক॥
গেল দিন ভবের হাটে, সূর্য্য বসিল পাটে।
খেয়া বন্ধ হল খেয়া ঘাটে, এই বেলা তার উপায় দেখ।
নিত্য নয় অনিত্য দেহ, এ দেহ সদা সন্দেহ।
সঙ্গে যাবে না কেহ, কেউ কারু নয় জান না ক॥ (৬)

* * *

শিব করেছেন তন্ত্রসার, সংসারের মধ্যে সার,
পঞ্চপথের পঞ্চ মত দীক্ষা।

পাঠান্তর : ১ ষড়্গুণে—খ, চ। ২-২ এই অংশ ক-গ্রন্থে নাই। ৩-৩ এই অংশ খ-গ্রন্থে নাই। ৪-৪ নরকান্ত হয় করে ধীর—ক। ৫ বিশ্বতাত—ক। ৬-৬ নবদ্বীপে অবতীর্ণ সঙ্গে পরিবার। কতেক বর্ণিব আর, নিত্যানন্দ শঙ্করা আর, যত ভক্ত খ্যাত ত্রিসংসার—ক॥

নাস্তিকেরা কর্ম মানে, তারাও চায় ধর্ম পানে,
ব্রহ্মজ্ঞানী জ্ঞানী সব অপেক্ষা। ৬৩
সৃষ্টিছাড়া ওদের মত, হাত মেপে দেন নাকে খত,
জগৎকর্তা মানে জগদীশ।
সে কর্তার নাই উপাসনা, কাচে রাজি ত্যজে সোনা,
অমৃত ত্যজিয়ে খায় বিষ। ৬৪

* * *

কর্তাভজা অসার্থক

মাণিক ফেলিয়া দূরে, যতন করে কৌটা পূরে,
কুলের আঁটি রাখতে তাড়াতাড়ি।
নোড়া মান্য ঠেলে ঠাকুর, মিছরি ফেলে কোৎরা গুড়,
শাল ফেলে লাল খেরোর মারামারি।
পুষ্পরথ ফেলে কুম্ভকারের চাক।
কাকাতুয়া উড়িয়ে দিয়ে সোনার পিঞ্জরে কাক।
ক্ষীরকে[১] ফেলে রেখে নালতে শাকে রুচি।
মাখাল মিষ্ট কি অদৃষ্ট জেতের শ্রেষ্ঠ মুচি।
একাদশীতে ভোজন করে সাঁজ পূজনি ব্রত।
অগ্নি ত্যজে যজ্ঞ করা ভস্মে ঢালা ঘৃত।
দেবের দুর্লভ ভোগ নিবেদন কুকুরে।
মহাযোগে গঙ্গা ফেলে স্নান করা পুকুরে।
কাশীর চিনি ফেলে যেমন আহার করা ছাই।
গৌর নিতাই না ভজিয়ে কর্তাভজা তাই। [ঐ]

* * *

নিজ ধর্ম ত্যজে লোকে হয় যেমন খৃষ্টান।
কর্তাভজা জানবে তার পূর্ব অনুষ্ঠান। ৭১
ছত্রিশ জাতির পেসাদ মেরে জাতি ঘুচান লাভ।
গুরুর সঙ্গে চাতুরি করে রাখালের সঙ্গে ভাব। ৭২

* * *

কর্তা ভজা কিরূপ নিষ্ফল?

বানরে সঁপিলে রাজ্য দেশপূজ্য হয় না।
জলের কৌটা মিথ্যে [২]যেটা সেটাও কিছু হয় না[২]।
[৩]ছুঁচোর গায়ে আতর দিলে বোটকা গন্ধ যায় না।
মুড়ো বাঁশের হুড়ো কেটে বংশলোচন পায় না[৩]।
মৃত দেহে ওষধি দিলে ঔষধে গুণ করে না।
মানুষ কর্তা ভজে কখন পরকালে তরে না। [ঐ]

* * *

কাঠবিড়াল আর বাঘের সঙ্গে তুলনা হয় না কভু।
মরুইপোড়ার সঙ্গে তুল্য হয় কি মহাপ্রভু। ৭৬
দেবতা যার পদ সেবে মনুষ্য কোন্ ছার।
মহাপ্রভুর তুল্য নাই এ তিন সংসার। ৭৭

* * *

গৌরলীলার শ্রেষ্ঠত্ব কি প্রকার?

যেমন গঙ্গার তুল্য নাই ত্রৈলোক্যতারিণী।
সকল ব্যক্তির মনেই মুক্তি বেদের উক্তি জানি।
সকল মুক্তির সার মুক্তি হরিপদ-সেবা।
শুকদেবের তুল্য কর্মী আর আছে কেবা।
বৃন্দাবনের তুল্য ধাম আছে আর কোথা।
হরির গোষ্ঠে বেশ হতে যে বেশ, সেটা কেবল কথা।
গৌরলীলার তুল্য লীলা আর কি কোথা আছে।
সকল লীলা হার মেনেছে গৌরলীলার কাছে। [ঐ]

* * *

সার বস্তু

সকল তীর্থের সার জগন্নাথ-ক্ষেত্র।
সকল সাধনের সার সুনির্মল চিত্ত।
সকল পুণ্যের সার অন্নবস্ত্র দান।
সকল পুরাণের[৪] সার হরিগুণগান।

পাঠান্তর: ১ খিরিসে—চ। ২-২ কিছুক্ষণ বই রয় না—ক। ৩-৩ এই শ্লোকটি ক-গ্রন্থে নাই, চ-গ্রন্থে আছে। ৪ পুণ্যের—ক।

সকল কর্ম্মের[১] সার নিষ্কাম কামনা।
সকল ধর্ম্মের সার হিংসা ধর্ম্ম মানা॥
সকল পক্ষীর সার গরুড় মহাপক্ষ।
সকল বৃক্ষের সার তুলসীর বৃক্ষ॥
রাক্ষসকুলের মধ্যে সার বিভীষণ।
বানরের মধ্যে সার পবননন্দন॥
অসুরকুলের সার প্রহ্লাদ রতন।
সেই সার যেই জন হরি-পরায়ণ॥ [খ]

* * *

সুরট—পোস্তা

ভব সংসার মাঝে অসার কাজে দিন হরিলি।
হরি সারাৎসারে দিনান্তরে গৌর বলে না ডাকিলি॥
যে নামে হরে বিপদ, পূজিলি নে সেই হরির পদ।
কেন ভাব প্রমাদ ঢেউ দেখে না ডুবাইলি। [চ]

* * *

কর্ত্তাভজার চটক

ওদের দলের প্রধান কর্ত্তাবাবু, তিনি এবারে হয়েছেন কাবু,
সম্পূর্ণ হয়ে পড়েছেন দোষী।
[২]ঘরের লোক তার মাথা খেয়েছে,জুয়াচুরি সব ধরা পড়েছে,
রসিকতা তার বাবি হয়েছে, হাতে দিয়েছে বশি।[২] ৮৮
আর নাই সেই জারিজুরী, তিন বৎসর হরিণবাড়ী,
খেটে এবার এয়াদ পেয়েছেন ভাল।
কোথা কর্ত্তা কোথা আসামী, ঐ চাষা বেটার চাষামি,
তারির বুদ্ধে এত কীর্ত্তি হল।[৩] ৮৯
ইহার বিচার হয়েছে নবদ্বীপে পণ্ডিতের কাছে।
বলে কর্ত্তাভজা শুনি নে ভাই কোন পুরাণে আছে। ৯০
ওরা ইন্দ্রজালিক মন্ত্র দ্বারা ভুলায় লোকের মন।
ঘরের মধ্যে দেখায় ইন্দ্র চন্দ্র হুতাশন। ৯১
দ্রব্যগুণে দেখায় দ্রব্য সীসাকে বলে সোনা।
তাদের চটক দেখে চমকে লোকে সহজে হয় কানা॥৯২
বাজীকরের ভেল্কী যেমন বদল করে পান্না।
সকল দ্রব্য দেখাতে পারে খাওয়াতে পারে গোল্লা॥৯৩

* * *

কর্ত্তাটি বেশ তামাক খান, শুনুন তার ব্যাখ্যান,
নারিকেল নয়, হুঁকা তালের আঁটি!
রূপো বান্ধা সেই হুঁকোর খোলে, সোনার মুখনলটি ঝোলে,
সোনার জিঞ্জির গাঁথা বটে সেটি। ৯৪
বৈঠক হয় যেদিন রেতে, সময় সময় তামাক খেতে,
কর্ত্তাটির পিয়াস হয় মনে।
হুঁকোর ভিতর জল না পূরে, তেল পূরে টানেন ফুর্‌ফুর্ করে,
তেলপোরা হুঁকো তা কেউ না জানে। ৯৫
প্রদীপে তেল ফুরালো যখন, 'তেল আনো' ডাক পড়ল তখন,
প্রদীপটি নির্ব্বাণ-প্রায় হ'লে।
কর্ত্তা অমনি হুঁকোর তেলে, প্রদীপ পূর্ণ করেন ঢেলে,
তখন, কর্ত্তার হুঁকোর জলে প্রদীপ জলে। ৯৬
দেখে সব কড়ে রাঁড়ী, ভাবে অমনি গড়াগড়ি,
হুঁকোর জলে হেঁই মা প্রদীপ জলে।
বলে প্রভু কৃপা কর, দাসীর দোষ কভু না ধর,
স্থান দান কর পদতলে। ৯৭
মেয়ের দলের কর্ত্তা সাজি, কি বদমাইসী কারসাজি,
মনে হয় হাড় গুঁড়া করে দি।
দেখে শুনে হারিয়েছি ধৈর্য্য, শ্রীযুত কোম্পানির রাজ্য,
হাত নাই তাই করব কি।[৪] ৯৮

* * *

শেষ ফল

তেমনি ভেল্কী কর্ত্তাভজা বুঝিতে পারিলে হয়।
না বুঝে অমুকের গোষ্ঠি মজেছে সমুদয়। ৯৯

পাঠান্তর : ১ ধর্ম্মের—ক। ২-২ অনেকে আর মনে মানে না, তাদের কাছে আনাগোনা, ছল করে তাদের করতে চান খুশি।—ক। খ-গ্রন্থে এই অংশ নাই। ৩ এই শ্লোকটি ক ও খ-গ্রন্থে নাই। ৪ ৯৪-৯৮ শ্লোক পর্য্যন্ত বিষয় খ ও চ-গ্রন্থে নাই।

ছিল ঐ দলে এক প্রধান ভক্ত খুদিরাম চট্টো।
তার চেলা নারাণপুরে কাশীনাথ ভট্টো। ১০০
এই কথা পাটুলিতে হয়ে গেল রাষ্ট্র।
কর্ত্তাভজা খুদিরামের হল বড় কষ্ট। ১০১
সকলেতে ঐক্য হ'য়ে করে নিবারণ।
তা না শুনে খুদিরামের দুর্দ্দশা এখন। ১০২
কেউ খায় না ভাত দেয় না হুঁকো,
ছিদেম সরকার মণ্ডল বকো,
এই দুই জন ছিল তার সঙ্গী।
তারা কিছু মন্ত্র জানিত, দুই একটা ভুলিয়ে আনিত,
তারাও ছিল ঐ রঙ্গের রঙ্গী। ১০৩
কেউ বা হয়ে দেক্‌দারী[1], জানায় গিয়ে রাজার বাড়ী,
রাজা তাদের আনতে হুকুম দিল।
তারা, কাঁদতে কাঁদতে [2]নগদীর সঙ্গে, চলিল কেঁপে আতঙ্গে,[2]
তিন জনাতে গিয়ে হাজির হলো। ১০৪
রাজার কাছে রাজদণ্ড দিয়ে গেল বাড়ী।
কর্ত্তাভজা ত্যাগ করেছে মুড়িয়ে গোঁফ দাড়ী। ১০৫

* * *

[3]ভৈরবী—রূপক[3]

কর্ত্তাভজনের সে সুখ ফুরিয়াছে।
প্রধান কর্ত্তারা, ত্যজেছে আখড়া,
তারা অন্ত বুঝে ক্ষান্ত হয়ে লম্বা দাড়ি মুড়িয়েছে।
দেখে সম্প্রতি এক খুদিরাম, পাটুলি নগরে ধাম,
বলব কি রাম রাম, যে অপমান হয়েছে।
গ্রামস্থ সমস্ত লোকে, একঘরে করেছে তাকে,
বিপাকে ব্রাহ্মণ বড় পড়েছে।
দেয় না রে, বড় দুঃখ রে,
বাড়ীর মেয়ে ছেলে কেন্দে বলে আত্মবন্ধু ছেড়েছে। [ছ]

নবীনচাঁদ ও সোনামণি বা স্ত্রী পুরুষের দ্বন্দ্ব

দ্বন্দ্বের সূচনা

শ্রবণে বড় আনন্দ, এক নারী-পুরুষের দ্বন্দ্ব,
পেতে নানা রসের কথার ফাঁদ।
বালির উত্তরপাড়ায় বাড়ী, জেতে কায়স্থ উত্তর-রাঢ়ী,
বড় রসিক ও নামটী তার নবীন-চাঁদ। ১
বড় রসিকা তার রমণী, নামটি তার সোনামণি,
যৌবনে রূপ ছিল সোনা-চেয়ে।
নাই যৌবন হৃদয়-পরে, তবু স্বামী তার সোহাগ করে,
কান্তি ভাল, শান্তিপুরের মেয়ে। ২
এক দিন দুই জনে, নিশিযোগে নির্জ্জনে,
শয়ন-মন্দিরে পালঙ্কপোষে।
কন্দর্পের ঘুচিয়ে দর্প, শেষে হ'চ্ছে রসের গল্প,
দুজনে আনন্দে খাটে ব'সে। ৩
কহিতেছে সোনামণি, বল দেখি হে গুণমণি!
দেখি তোমার কেমন বিচার।
নারী পুরুষ দুই জন, বিধি করেছেন সৃজন,
এ দুয়ের ব্যাখ্যা কর কার। ৪

* * *

পাঠান্তর: ১ জেকধারী—গ। ২-২ এই অংশ খ ও চ গ্রন্থে নাই। ৩-৩ সুরট-মল্লার—কাওয়ালী—ক।

নারী অতি প্রশংসার

নবীনচাঁদ কহে প্রিয়ে! মোকদ্দমা সমর্পিয়ে
দিলাম তোমারে, তুমি বিচার কর।
রমণী কয়, তবে জানাই, পুরুষের গুণ কিছুই নাই,
আমার বিচারে নারীর ব্যাখ্যা বড় ॥ ৫
নারী অতি প্রশংসার, নারীর নামে এ সংসার,
নারী নইলে সকলি অন্ধকার।
যদি ইন্দ্রতুল্য পুরুষ হয়, দ্বারে রয় হস্তী হয়,
শোভা না হয়, নারী নাইকো যার ॥ ৬
নারী নাই ঘরে যার, দ্বারে কপাট বন্ধ তার,
দ্বারে দ্বারে ¹ঘুরিতে হয় কেবল¹।
ভিক্ষা পায় না বৈরাগী, নর হয় নরক-ভোগী,
নারী নাই যার, তার নাড়ী ছাড়াই ভাল ॥ ৭

* * *

নারী নরকের দ্বার

নবীনচাঁদ কয় ভয় যে লাগে, উচিত বললে এখনি রাগে,
আগুন হ'য়ে, আগুন দিবে চালে।
দোষ জেনে বলিতে পারি কই, থাকতে নারি নারী বই,
কাম-কূপে পড়েছি বন্দিশালে ॥ ৮
হয়েছি নারী-পরায়ণ, নারীকে ভাবি নারায়ণ,
নারী নইলে মুক্তি পাই কই।
নারী আপনার মান বাড়ায়ে, পুরুষগুলোকে ঘুম পাড়ায়ে,
কলিযুগে হ'য়ে বসেছে জয়ী ॥ ৯
নারীর এখন হয়েছে সুখ, টাকায় হলো নারীর মুখ,
পুরুষে হ'য়েছে বিধি বাম।
নারীর বুক ভারি তাজা মুলুকে হলো[2] নারী রাজা,
বিলাতে নারী[3] ভিক্টোরিয়া নাম ॥ ১০
বিশেষ কলিতে নারী প্রধান, পুরুষের ঘুচায়ে মান,
তুমি গেলে নারীর ব্যাখ্যা ক'রে।

নারীর সঙ্গে সম্ভোগ, পুরুষের নরক ভোগ[4],
দেখেছি আমি শান্তিশতক প'ড়ে ॥ ১১
নারী কিসে প্রশংসার, সংসারে নারী অসার,
বিধাতা পুরুষ ভাল বাজিকর।
নারী-ভেল্কি[5] দেখিয়ে ধাতা, খেয়ে বসেছেন পুরুষের মাথা,
নারী কেবল নরকের ঘর ॥ ১২
ভজিতে দেয় না কালী কালা, পরকালে পরম জ্বালা,
নারী বসেছে[6] মায়া-ফাঁদ পেতে।
নৈলে, যত পুরুষ যেতো স্বর্গ, নারী হয়েছে উপসর্গ,
নারিলাম পার হ'তে নারী হ'তে ॥ ১৩

* * *

'মূলতান—কাওয়ালী'

নারীর জন্যে নারকী আমরা সমুদাই।
ত্যজে এ বালাই, দেখ নারদ সুখী সদাই,
শুকের সুখের সীমা নাই,
প্রাণের রমণীর মুখে দিয়ে ছাই ॥
সদা, কুপথে কুমতে রত, কুচধারিণীতে যত,
কুচরিত, হিতে ঘটায় বিপরীত,
সুহৃদ্ ভাঙ্গিতে রত, এমন আর নাই,
পর হয় রমণীর লাগি প্রাণের ভাই ॥ (ক)

* * *

নারীর অশেষ গুণ—দোষ ত পুরুষেরই

নবীনচাঁদের কটু ভাষায়, ধনী দিচ্ছে উমায় সায়,
সকলের মূল নারী হয়েছে ভবে।
নারী-গর্ভে প্রবেশিয়ে, শুকদেব ভবে আসিয়ে,
ভব-পারের পথ পেয়েছেন তবে ॥ ১৪
ভজনে যার ভক্তি থাকে, নারী কি ভজন আটকে রাখে?
নারী কি রাখে লুকায়ে ভজন[8] মালা?

পাঠান্তর: ১-১ ফিরতে দিন গেল—ক। ২ এখন—ক। ৩ 'রাণী'? সম্পাদক। ৪ কর্মভোগ—ক। ৫ নারীর ভেলকি—খ ৬ রেখেছে—খ, গ, ঘ। ৭-৭ ইমন—একতালা—গ, ঙ, ঘ। ৮ জপের—ক।

নারীকে রেখে তপোবনে, মুনিরা বসিতেন যোগাসনে
কোন্ মুনির রমণী হ'লো জ্বালা। ১৫
পাণ্ডবদের ছিল নারী, হরি যে তার আজ্ঞাকারী,
সহায় হ'য়ে করেন শত্রুপাত।
বিন্ধ্যাবলীর গুণের কারণ, বলি রাজার মাথায় চরণ,
দিয়েছিলেন বৈকুণ্ঠের নাথ॥ ১৬
নারীতে পতির গতি করে, পতির সঙ্গে পুড়ে মরে,
নারী অশেষ গুণের গুণবতী।
নারীর দোষ কিছু নয়, কলির পুরুষ দুরাশয়,
ইহাদের ভজনে নাইকো মতি॥ ১৭
সবারি মন নারী পানে, কেউ মজেছে সুরা-পানে,
পরকাল মজাতে এখন, নানারূপ কারখানা।
নারী কি বলেছে, ভজো না কৃষ্ণ, ডেপুটি কালেক্টর যীশুখ্রীষ্ট,
খেয়ে বসেছেন ইংরাজের খানা। ১৮
ধর্ম্ম কর্ম্ম ডুবিয়ে দয়,[১] অতিশয় নির্দ্দয়,
পুরুষের কি শরীরে দয়া আছে ?
কেহ দস্যু সিঁদেল চোর, কেহ জুয়াচোর, কেহ গো-চোর,
সব গোচর আছে যমের কাছে॥ ১৯
পুরুষ-তুল্য নয় কর্ম্ম, নারীর শরীরে আছে ধর্ম্ম,
নারীরা চরণ দেন না পাপের ফাঁদে।
নারী অতি সরল কায়া, শরীরে আছে দয়া মায়া,
পুরুষের দুঃখ দেখিলে নারী কাঁদে॥ ২০

* * *

নারী বড় নিষ্ঠুর

নবীনচাঁদ কয়,—ওহে ধনি! ও কথা কি আমি শুনি!
নারীর যদি দয়া থাকত প্রাণে।
পুরাণে শুনেছি উক্তি, তবে কেন রাধা শক্তি,
শ্মশানে দেন সজীব সন্তানে॥ ২১
অদ্যাবধি সেই কু-রবে, 'মা-রাধা' কেহ বলে না ভবে,
নারীর দয়া আছে হে কোন্ কালে ?
ছাদে, পুতনা মাগী ছুতনা করে, স্তনের মধ্যে বিষ পুরে,
মারিতে যায় যশোদার গোপালে॥ ২২
ভাগ্যে ছেলে ভগবান্, নৈলে ত হারাত প্রাণ!
এই ত নারীর শরীরে দয়া মায়া।
আর এক কথা বল দেখি, কৈকেয়ী মাগী করলে কি!
শুনিলে পরে কেঁপে উঠে কায়া॥ ২৩

* * *

'ঝিঁঝিট—মধ্যমান'

কোন্ পরাণে রামকে দিল বন।
যেমন পাষাণী কৈকেয়ী রাণী,
পুরুষে কই কই হে তেমন॥
জটা বাকল পরাইয়ে, পাষাণ হ'য়ে পাসরিয়ে,
রাণী রামকে বনে দিয়ে, বধিল পতির জীবন॥
অর্দ্ধ-অঙ্গ-ভাগী[৩] নারী, লোকে বলে, সৈতে নারি,
তা হ'লে পর হতো নারীর,
পতির মরণেতে মরণ॥ (খ)

* * *

পুরুষ কি কঠিন

সোনামণি বলে,—ভাই! পুরুষের দয়া নাই।
নল রাজা গেলেন যখন বনে।
সেই দুখের দুখিনী হ'য়ে, স্বামীর শরণ ল'য়ে
দময়ন্তী গেলেন তাঁর সনে॥ ২৪
নল আপন ললনাকে, নিবিড় কাননে রেখে,
নিদয় হইয়ে লুকাইল।
পুরুষ কি কঠিন রাম রাম! ছেলে হয়ে ভৃগুরাম,
জননীর মুণ্ড কেটেছিল॥ ২৫
পঞ্চমাস গর্ভবতী সীতা সতী গুণবতী,
সদা মতি-গতি রাম-চরণে।
এমনি রাম নিরদয়, হয়ে[৪] পাষাণ হৃদয়,
পাঠান, পাপিনী ব'লে বনে॥ ২৬

পাঠান্তর: ১ দেয়—ক, গ, খ। ২—২ আলিয়া—বং—খ, গ, খ। ৩ অর্দ্ধাঙ্গভাগিনী - ক। ৪ তাঁর—ক।

শেষে সীতা শোকে হ'য়ে মত্ত, তপোবনে করেন তত্ত্ব,
এনে সীতা করিলেন রাজ্য।
আবার কন, শুন সীতে! আগুনে হবে প্রবেশিতে,
পরীক্ষা করিলে, করি গ্রাহ্য। ২৭
শুনে দুঃখে মাটি বিদরে, নির্দয় রামের অনাদরে,
পাতালে গেলেন সতী সাধ্বে।
বড় দুঃখ দিয়াছেন রাম, সেই অবধি সীতা নাম,
রাখে না কেহ সংসারের মধ্যে। ২৮
কৈকেয়ী দেয় রামকে বনে, এ কথা কি শুনি শ্রবণে!
রামের যেদিন হবে রাজ্য-ভার।
শুনে সংবাদ দাসীর মুখে কৈকেয়ী রাণী মনের সুখে,
দাসীর গলায় দিয়েছিল আপনার গলার হার।২৯
রাবণ বধিতে রাম, মায়ের কলঙ্কিনী নাম,
মায়া ক'রে দিয়েছিলেন তিনি।
বনে দিয়ে রঘুপতি, সে ধনী বধে নাই পতি,
কৈকেয়ী অতি পতিব্রতা ধনী। ৩০
নারী সম গুণ নাই প্রাণ! পতির শোকেতে প্রাণ,
ত্যাগ করেছে কত পতিব্রতা।
[1]বল দেখি, আমাদের প্রতি[1] [2]'পুরুষ পাষাণ অতি[2]
নারীর শোকে প্রাণ ত্যজেছে কোথা। ৩১

* * *

[3]বাহার—একতালা[3]

কত গুণের রমণী, গুণ[4] শুন হে গুণমণি!
শিব-নিন্দা শুনে শ্রবণে,
ত্যজিলেন প্রাণ, গিয়ে দক্ষালয়ে দাক্ষায়ণী।
সত্য যুগে সত্যবান্, তার রমণীর গুণ শুন,
[5]পবিত্র করেছে যার গুণে[5] ধরণী,
একাকিনী গহন কাননে,
কত বাদ করে শমনের সনে,
মরি কি সাবিত্রী সতী, মৃত পতির দেয় পরাণী। (গ)

* * *

পতিব্রতা নারী এখন আর নাই

তখন নবীনচাঁদ কয়—তাদের তুলনা,
সে সব কথা এখানে তুল না,
এখন সতী থাকিলে বুঝিতে পারি।
ছিল যখন সত্য ত্রেতা, তখন ছিল সতীত্বতা,
আর নাই সে পতিব্রতা নারী। ৩২
এখন আলগা সোহাগ আর কি চলে, গবর্ণমেন্টের কৌশলে,
চূড়ান্ত বিচার হয়েছে শাস্ত্র খুঁজে।
প্রকাশ হয়েছে অত্যাচার, আগুনে পুড়ে ম'রতে আর,
দেয় না কেবল[6] অপমৃত্যু বুঝে। ৩৩
[7]'এখন যে নারী স্বামীর বশ'[7], সেটা নয় ভক্তি-রস,
অন্য রসে চরণ সেবা করে।
দ্বিজ কুলীন কি বৈষ্ণব, সতী প্রভৃতি এই যে সব,
সকলের[8] গুণ বলি এক এক ক'রে। ৩৪

* * *

দ্বিজ কাহাকে বলি

তাঁকেই বলি ব্রাহ্মণ, নাই শূদ্রের দান-গ্রহণ,
সন্ধ্যা গায়ত্রী তপ জপ সদাই।
এখন রজত-খণ্ড পেলে পরে, রজক ব'লে কেবা ধুরে,
কলুতে দিলে কলুষ তাতে নাই। ৩৫
যদি মুদ্রা করেন বিতরণ, মুদ্দফরাস তিনি নন,
নিজ-ধর্ম্ম দ্বিজগণ ত্যজিয়ে তেজ-হানি।
নইলে দৈব ঘটিবে কেনে, দয় [9]মজায়ে দোয়েম কানুনে[9]
মুখের আহার কেড়ে লয় কোম্পানি। ৩৬

* * *

পাঠান্তর: ১—১ আমাদের পৌরুষ অতি—ক, খ। ২—২ ইহারা পাষণ্ড মতি—ক। ৩-৩ সুরট—কাওয়ালী—খ, ক, খ। ৪ গুন—ক, খ, খ। ৫-৫ পরিপূর্ণ গুণেতে—খ, খ। ৬ কারে—ক। ৭-৭ এখনকার স্ত্রী যে পতির বশ—ক। ৮ ইহাদের—ক। ৯-৯ মজেছেন কপাল গুণে—খ।

কুলীন কাকে বলি

কুলীন ছিলেন রাজা বল্লু, ব্রাহ্মণ সাক্ষাৎ ভৃগু,
বিষ্ণু ঠাকুরকে বিষ্ণু তুল্য গণ্য।
ইঁহারা[1] দানে ছিলেন কল্পতরু, সকল ব্রাহ্মণের গুরু,
আচার বিচারেতে নৈপুণ্য॥ ৩৭

সে কর্মের নাইকো গুঁড়, ফাঁকি দিয়ে মাছের মুড়,
ঠকিয়ে খান বকেয়া জারী তুলে।
পরিচয় দেন আমরা কু'লে, কিন্তু[2] হাত দেন না ফুলে,
ফুলে তো আর কিছু দেখি নে,
কেবল লেঙটা[3] আছে কু'লে॥ ৩৮

* * *

বৈষ্ণব কাকে বলি

সদাশিব গুণমণি, বৈষ্ণবের শিরোমণি,
বৈষ্ণবী ভামিনী ঘরে যাঁর।
শুনে কত জন্মে সুখ, বৈষ্ণব নারদ শুক,
কলিতে গৌরাঙ্গ অবতার॥ ৩৯

উদ্ধারিতে পরিণাম, জীবকে দিয়ে হরিনাম,
তিনি বলেন হ'তে সর্ব্বত্যাগী।
সেই প্রেমেতে হ'য়ে মত্ত, ত্যজে সংসার সম্পত্ত,
রূপ সনাতন হয়েছেন বৈরাগী॥ ৪০

এখনকার বৈষ্ণবের[4] ধারা, যত বেটারা ধুমড়ি-ধরা,
ভজন নাই ভোজন ছত্রিশ জেতে।
বামুনের সঙ্গে করেন গোল, রামের সঙ্গে রামছাগল,
[5]নেড়া বেটারা চায় তুল্য দিতে[5]॥ ৪১

জারী দেখে লাগে দেক, হাড়ি বেটা ল'য়ে ভেক,
প্রণাম করে না দ্বিজবরে।
গৌর ব'লে কোটাল বেটা, কপনি পরে অমনি[6] মোটা,
রেতে চুরি, দিনে ভিক্ষা করে॥ ৪২

যিনি মাদুলচোর জন্মদাগী, ভেক ল'য়ে হন ভণ্ড যোগী,
আজি[7] বৈরাগী, আগে ছিল ডোম।
জেতের বাড়ী খান না ভাত, পাঁটা বললেই কর্ণে হাত,
জন্ম জানি[8] শূকর খাবার যম॥ ৪৩

* * *

সতী কাহাকে বলি

পতি যার অতি দীন, অন্নহীন মান্যহীন,
ছিন্ন ভিন্ন পরনে জীর্ণ ধুতি।
দুঃখের শেষ, হেন ব্যক্তি, [9]তার নারীর[9] যে পতি-ভক্তি,
তাকেই বলি পতিব্রতা সতী॥ ৪৪

নইলে ভাতার যার সদর-আলা, বাড়ীতে দালান[10] তে-মহলা,
হাতি-শালা ঘোড়া-শালা,
শালার গায়ে শাল দোশালা থাকে।
মেগের গায়ে সোনা ঢালা, কণ্ঠমালা কানবালা,
নানা জাতি গহনা দেয় তাকে॥ ৪৫

আহ্লাদ হ'য়ে অতিশয়, দৈবে পতি-ভক্তি হয়,
কিন্তু এদের সতী বলিলে পরে।
বেশ্যা কেন সতী না হন, তারাও তো পেয়ে ধন,
উপপতির চরণ-সেবা করে॥ ৪৬

অতএব সতী লোপাপত্ত, এখন সব সম্পত্ত,
রসে[11] বশ হয় হে রসময়ি!
পতি-ধ্যান পতি-জ্ঞান, পতিরে সামান্য জ্ঞান
ছিল না যাদের, সে সতী আর কই॥ ৪৭

* * *

[12]খাম্বাজ—খেমটা[12]

আর সে সতী নাই, প্রাণ রে!
সম্পদের ভাগী সব নারী।

পাঠান্তর: ১ তাঁরা—ক। ২ অনেকে কখন—ক। ৩ কারো কারো লেঙ্গটী—ক। ৪ কোন কোন বৈষ্ণবের—ক। ৫-৫ কত নেড়া চায় তুলনা দিতে—ক। ৬ আপনি—ক। ৭ এবে—ক ৮ বেটা—ক, খ। ৯-৯ আর নারীর—খ, ঘ; তার স্ত্রীর—ক। ১০ মহল—ক। ১১ সে সব রসে—ক। ১২-১২ ললিত—চিমে তেতালা—খ, ক, ঘ।

সতী ছিল যখন[১], ভাবতো তখন,[১]
পতি ভবের কাণ্ডারী ॥
পূর্ব্বেতে সতী ছিল যেবা,
তারা করিত পতির চরণ-সেবা,[৩]
এখন, [৪]পদে পদে প্রায়[৪] পদাঘাত,
পদে পদে দেকদারি ॥ (ঘ)

* * * *

পুরুষের কেবল পরনারীর দিকেই দৃষ্টি

সোনামণি বলে, ভাই ! তেমন সতী যদিও নাই,
কিন্তু নারীর দোষ নাই, পুরুষের মত।
পুরুষের মুখে ছাই, দৌরাত্ম্যের সীমা নাই,
সর্ব্বদাই দুষ্টুমিতে রত ॥ ৪৮
পুরুষ পাষণ্ড ভারি, থাকতে ঘরে বিদ্যাধরী,
মৃগনয়নী নবীন-যৌবনী।
লইয়ে পরের পত্নী, যত বুড়ুটে গেছো পেত্নী,
প'ড়ে থাকেন দিবস রজনী ॥ ৪৯
মরুক, কপালে ছাই ! জেতের বিচার কিছু নাই,
দেখেছি কত ন্যায়বাগীশের ছেলে।
বিক্রয় ক'রে ঘর বাড়ী, ডোমের বাড়ী গড়াগড়ি,
যমের বাড়ী যান না কেন চলে ॥ ৫০
ভাবে না আছে ভবনদী, পোড়াকপালে পুরুষ যদি,
পরের নারী পথে দেখতে পায়।
মত্ত হ'য়ে তত্ত্ব করে, জ্ঞান থাকে না ভূতে ধরে,
পাগল হ'য়ে বগল পানে চায় ॥ ৫১
পরের নারীর পয়োধর, ফাঁকে ফাঁকে দেখলে পর,
পুরাণে বলে, পরকালে হয় কানা।
পরের নারীকে করিলে মন, নরকে তারে ফেলে শমন,
অভাগারা সে কথা মানে না ॥ ৫২
প'রে চন্দ্রকোণা ধুতি, চন্দ্রহার প'রে যুবতী,
পাড়ায় বেড়ায় যদি কেউ।
হতভাগারা দেখে তাকিয়ে, পাকে পাকে লাগে গিয়ে,
কাকে যেমন লাগে ফিঙ্গে, বাঘে লাগে ফেউ ॥ ৫৩
কিছু জ্ঞান থাকে না ঘটে, নাইতে গিয়ে নদীর ঘাটে,
দেখেছি পোড়া পুরুষের কারখানা।
নারীপানে দৃষ্টি বই, ইষ্টপূজায় ইষ্ট কই,
পুরুষ আবার শিষ্ট কোন্ জনা ॥ ৫৪
কোথা বা বাপের তর্পণ, হরি-পদে মন-অর্পণ,
পোড়ারমুখোদের থাকে বা কোন্ খানে।
ধ্যান করে এক শিব গড়িয়ে, মিছে মরেন ধ্যান পড়িয়ে,
প্রাণ পড়িয়ে থাকে নারীর পানে ॥ ৫৫
আড় চক্ষে চক্ষে চান, কোন্ যুবতী ক'রে স্নান,
চিকণ ধুতি ভিজে উঠিতে পারে।
কারু দেখে গোল মল, প্রাণটা করে টলমল,
ঘন ঘন দীর্ঘনিশ্বাস ছাড়ে ॥ ৫৬
স্নান ক'রে উঠিলে পরে, চাঁদবদনী চুল ঝাড়ে,
ভিজে কাপড়ে রমণী ভাল[৫] সাজে।
[৬]হতভাগারা যত চায়[৬], বুক দেখে বুক ফেটে যায়,
মনে মনে বসেন বুকের মাঝে ॥ ৫৭
দৃষ্টি করলে পরস্ত্রীকে, দৃষ্টিপোড়ায় পোড়ায় মনকে,
দুঃখে জ্বলে প্রাণ ! ফলে কিছু ফলে না।
এমন সুখের মুখে ছাই, ওহে কান্ত ! তুমিও তাই !
তাই তাই দিয়ে দোষ ঢেকো না ॥ ৫৮

* * *

'সিন্ধু—যৎ'

ফলে তো ফলে না বঁধু ! মনকলা খাও মনে মনে।
চোখের কষ্ট, আখের নষ্ট, করে দৃষ্ট, পরের পানে[৮]. ॥
[৯]মাথা নেড়ে ঘৃতের কুম্ভ,[৯]
ভেঙ্গে বিপদ্ ঘটাও কেনে ॥ (ঙ)

* * *

পাঠান্তর: ১ যারা—ক। ২ তারা—ক। ৩ পদসেবা—ক। ৪-৪ পদের উপর পায়—ক। ৫ বড়—ক
৬-৬ অমনি আড় চোখে আর চোখে চায়—ক। ৭-৭ ইমন—পোস্তা—খ, গ, ঘ। ৮ ধনে—ক। ৯-৯ মাতালের ঘৃতকুম্ভ—খ, গ।

রমণী বড়ই বেহায়া

হেসে বলে নবীনচাঁদ, ও কর্ম্মে ত তোমরা কাঁদ,
সকলি জানি, সতীত্বতা ছাড়।
চক্ষের কাছে দিয়ে ঢাল, স্বামী থাকেন চিরকাল,
নৈলে কাল হ'য়ে বসিতে পার। ৫৯
পরম সুন্দর পতি ঘরে, যদি পরম যত্ন করে,
তবু দৃষ্টি পরপুরুষের প্রতি।
গাছে চড়িতে আছে মন, পাছে পাছে অন্বেষণ
করে, তেঁই বাঁচে পুরুষের জাতি। ৬০
পরের তরে মন-উচাটন, যোগাযোগের অনাটন,
[1]ঘটাতে চেষ্টা পাও।
দৈবে কলঙ্কিনী হও না, স্থান পাও না ক্ষণ পাও না,
ফিকির পেলেই ফকির করে দাও। ৬১
বাল্য হ'তে বন্দিশালে, মেয়ে মানুষকে পাঠশালে,
লিখতে দেয় না, কেন জান না কান্তা!
যদি লেখাপড়া শিখত, লুকিয়ে লুকিয়ে পত্র লিখত,
খাটতো[2] ভাল পিরীতের পন্থা। ৬২
নারী কেবল পরের ঘরে, লজ্জায় প'ড়ে লজ্জা করে,
উপরে ক্ষীর ভিতরে বিষময়।
দশ যুবতী গিয়ে বিরলে, বিদেশী পুরুষ পেলে,
ঘোমটা খুলে কবির লড়াই হয়। ৬৩
অবলা কিছু জানি নে বলে, সদরে ডুবেন এক হাত জলে,
লুকিয়ে গিয়ে নদীতে দেন সাঁতার।
অগোচরে ভারি জোর, ঘরে এসে করেন ভোর
চাতুরীতে ভেকিয়ে যান ভাতার। ৬৪
নারীরা লম্পটশীলে, যেমন ফল্গুনদী অন্তঃশীলে,
বিয়ে যদি হয় প্রতিবাসীর বাড়ী।
ঘোমটা খুলে বাসরঘরে, নতুন জামাই পেলে পরে,
[3]নারীদের যেন নারিকেল কাড়াকাড়ি।[3]

যিনি মুখ দেখান না কুলের বধূ, তিনি সে রাত্রে গান সিন্ধু[4]
রসের ছড়ার খই ফুটে যায় মুখে।
যদি, ভীমের মতন হন পাত্র, তথাপি দুর্ব্বলগাত্র,
বিয়ের রেতে বাসর ঘরে ঢুকে। ৬৬
শুনে হয় ঘৃণা বড়, বার বছরী আইবড়,
হচ্ছে কেবল বিয়ের উপলক্ষী।
বীরসিংহরাজার সুতা, বিদ্যার কি শুন নাই কথা
লোকে বলিত, মেয়েটি বড় লক্ষ্মী। ৬৭
বাপে করলে স্বয়ম্বর, দেখে বিয়ে এনে বর,
বরদাস্ত হলো না, দুই এক মাস।
কি কর্ম্ম সে করে লুকিয়ে, সিঁদেল চোরকে ঘরে ঢুকিয়ে,
অদ্যাপি লোক করে উপহাস। ৬৮
শেষে উঠিল উদর ফেঁপে, রাজা রাণী মরে কেঁপে
রাজার মুখটা হাসালে রাজবালা।
আর এক কথা শুন প্রিয়ে! পুরুষ দেখে উঠে ক্ষেপিয়ে,
হিড়ম্বী রাক্ষসী গিয়ে, ভীমকে দেয় মালা। ৬৯
উর্ব্বশী অর্জ্জুনের কাছে, ধর ব'লে যৌবন যাচে,
নিল না অর্জ্জুন, শাপ দিল উর্ব্বশী।
বেহায়া রমণী যেমন, পরপুরুষের প্রতি মন,
পুরুষের তেমন মন নয় প্রেয়সি। ৭০

* * *

বাহার[5]—একতালা

নারীর গুণ জগতে জানে।
চেয়ে পর-পুরুষের পানে, শূর্পণখার [6]হত হল মানে[6]
[7]'ওরে প্রাণ'! গেল নাক কাটা লক্ষ্মণের বাণে।[7]
দ্রৌপদীর[8] শুনেছি আমি,[9] ছিল ইন্দ্রতুল্য পঞ্চ স্বামী,
ছি ছি নারীর কি বদনামি, তবু মন ছিল তার
কর্ণ-পানে। (চ)

* * *

পাঠান্তর: ১ 'ক' গ্রন্থে 'অঘটন' ঘটাতে। ২ ঘটতো—ক। ৩—৩ ছুঁড়িদের কত আমোদ বাড়াবাড়ি।—ক ৪ টপ্পা সিন্ধু—ক
৫ কানেড়া বাহার—ক, সিন্ধু—খ, ঘ, ধ। ৬—৬ কত অপমান—ক। ৭—৭ ক-গ্রন্থে অতিরিক্ত পদ। ৮ পুরাণে—খ, ঘ, ধ।
৯ 'দ্রৌপদী দ্রুপদনন্দিনী' খ গ্রন্থে এই অতিরিক্ত পদ আছে।

নবীনচাঁদ বলে, ওহে শুন সোনামণি!
আর একটা মিছে গৌরব করে যত রমণী॥ ৭১

বাড়াবাড়িতেই কষ্ট

দেখ, বিদ্যার গৌরব হ'লে পরে, ক্ষেপে উঠে বিদ্বান্।
নিদ্রার গৌরব হ'লে পরে, লক্ষ্মী ছেড়ে যান॥
ভোজনের গৌরব হলে ব্যাধির উৎপত্তি।
পাপের গৌরবে হয় নরকে বসতি॥
ধনের গৌরবে হলো রাবণ নিধন।
দানের গৌরবে বলির পাতালে গমন॥
মানের গৌরবে প্যারি হারাইলেন কৃষ্ণ।
যেখানে গৌরব দেখ, সেই খানেতেই কষ্ট॥ [অ]

* * *

নারীর যৌবন ক্ষণস্থায়ী যেন তালপাতার ছায়া

অবোধ নারী করে সব, যৌবনের গৌরব,
বুঝিতে নারি কিসের কারণে।
চিরকালের বস্তু নয়, থাকে বৎসর আট নয়,
তাও নয়, ভেবে দেখ মনে॥ ৭৬
হ'লে তের বৎসর উমর গত, স্থমর নাই, গুমর কত,
যুগল দাড়িম্ব উঠলে পেকে।
আপনার সোহাগে আপনি চলে, চলে যেতে পড়ে ট'লে,
আড়ে-আড়ে চান[১] আধখানি মুখ ঢেকে॥ ৭৭
বুকের জোরে করেন জোর, যৌবনকালে কত গুমর,
মনে মনে করে যুবতীগণ।
রাবণ রাজার কত ধন! কোন্ বা ধনী দুর্য্যোধন,
আমাদের মতন কার আছে বা ধন॥ ৭৮
যুবতীদের মনে হয়, আমাদের এই হৃদয়,
শ্রীমন্দির-তুল্য দেখতে পাই।
এই যে দুটি পয়োধর, জগন্নাথ আর হলধর,
দেখিলে জীবন পুনর্জ্জন্ম নাই॥ ৭৯

নেড়ার মেয়ে যত যুবতী, মনে করে সব রসবতী,
ন'দের তুল্য আমাদের হৃদয়।
এই যে পয়োধর জোড়া, বামে নিতাই ডাইনে গোরা,
দেখলে জীবের গোলোক-প্রাপ্তি হয়॥ ৮০
আবার ভাই সাহেবদের রমণী যত, মনে মনে গুমর কত,
ভাবে আমাদের বুক হয়েছে পেঁড়ো।
এই যে দুটি দুঃখ-মোচন, ইহাদের নাম ইমাম হোসেন,
এরা দুটি দুনিয়ার চুড়ো॥ ৮১
যত ক্ষুদ্র জেতের নারী, তাদের একটু বাড়ে জারী,
বুকে যৌবন দেখতে যদি পায়।
সুত বেচতে গিয়ে হাটে, তবু গরব ক'রে হাটে,
আড়নয়নে আপনার পানে চায়॥ ৮২
বৈষ্ণবী যান গৃহস্থঘরে, যৌবন থাকিলে পরে,
আকাঁড়া চাল দিলে ভিক্ষা লন না।
যদি, ঘোষের স্ত্রির যৌবন থাকে, ঘোল ঘোল ক'রে ডাকে,
তিনি ঘোল আকাড়া বই দেন না॥ ৮৩
নারীর যৌবন মিছে ধন, বাজিকরের ভেল্কী যেমন,
কিছুকাল সীসেকে দেখায় সোনা।
জান, যৌবন তাই মাত্র, ক'দিন জুড়াবে গাত্র,
তালপত্র-ছায়ার তুলনা॥ ৮৪

* * *

[২]কানেড়া—আড়খেমটা[২]

প্রাণ রে, জোয়ারের বারি যৌবন ত।
[৩]সে তো জলবিম্ব-প্রায় রয় না চির দিন তো।[৩]
ইথে কি সুখে গৌরব কর
ধিক্ ধিক্ ধিক্ ধিক্ বল কত দিন ত।
থাকে বলবন্ত, কদিন কান্তা পায় সুকান্ত।
[৪]তেরতে হয় যৌবননিধি, আঠার উনিশ অবধি
বিশ হ'লে বিষধর যেন হীন বিষদন্ত।
তবে কেন, ভ্রান্ত যৌবন অস্ত হলে আসবে না কান্ত।[৪]

পাঠান্তর: ১ ক-গ্রন্থে 'চান' নাই। ২-২ আড়ানা বাহার—কাওয়ালী। ৩-৩ ক-গ্রন্থে অধিক। ৪-৪ যৌবন চৌদ্দতে প্রবেশ স্থিতি আঠার উনিশ, বিষহীন বিষধর বিশ, পরে বয়স হলে পরে পয়োধরে ধরে সে পথে পথভ্রান্ত।—খ

[১]দরিদ্রের রমণী যিনি, হয় ধনী রূপে রাজরাণী,
নারীর যৌবন সে তো রূপ বলি অন্ত[২]। [ছ]

* * *

পুরুষ বড় নির্লজ্জ—নারী সৃষ্টিধর

নবীনচাঁদের রুক্ষ বাক্য শুনি সোনামণি।
গর্জিয়ে উঠিল যেন কাল ভুজঙ্গিনী। ৮৫

বলে, নারী এত কিসে মন্দ, নারীর গন্ধে ধর ছন্দ,
উচিত বললে এখনি দ্বন্দ্ব, করিবে, করিবে উগ্র।
পুরুষকে যে বলে ভদ্র, সতের পোদে[৩] শত ছিদ্র,
পুরুষের ব্যাভার বড় দুষ্য। ৮৬

মনে বুঝে দেখ কান্ত! পুরুষেতে যত ভ্রান্ত,
এত ভ্রান্ত নারীরে তো নয়।
বলিব কি আর অন্যের কথা, সৃষ্টি-কর্তা যিনি ধাতা,
কন্যার সঙ্গে উন্মত্ততা,[৪] সে কথা বলিতে লজ্জা হয়। ৮৭

যিনি সুর-শ্রেষ্ঠ দেবরাজ, শুনেছ তো তাঁর কাজ?
গুরুর স্ত্রী অহল্যাকে হরে।
আর দেখ লঙ্কার রাবণ, ভাইপো-বধূ করে হরণ,
আরো আছে কত এমন, বর্ণনা কে করে। ৮৮

দেবতাদের এই দেখ ভাই! তোমাদের তো কথাই নাই,
আলো নিভালে সম্বন্ধ থাকে না।
পুরুষের কপালে ঝাঁটা, পথে চ'লে যায় দুলিয়ে গা-টা,
গাই কি বলদ, ল্যাজ তুলে দেখে না। ৮৯

এখন টেরি-কাটা কাটা পোষাক, চুরুটেতে চলে তামাক,
আবকারী আর উইলসনের খানা ভিন্ন খায় না।
বিশেষ যারা তত্ত্বজ্ঞানী, আমি তাদের বিশেষ জানি,
তাদের আবার সমুদ্রের জলে "মার্গ ধোয়া[৫]" যায় না। ৯০

যারা তর্কবাগীশ সিদ্ধান্ত, বড় বড় বিদ্যাবন্ত,
করেন ফাঁকির সিদ্ধান্ত, আপন সিদ্ধান্ত পুতে পাঁকে।
যদি পরমহংস পুরুষ হয়, তবু মনটি শুদ্ধ নয়,
একটি রত্তি কিন্তু তায় থাকে। ৯১

বুঝে দেখ কাজে কাজে, নারীদের গৌরব সাজে,
পুরুষ হ'তে নারীর বুদ্ধি সূক্ষ্ম।
পুরুষকে নারী শিখায় নীত না প'ড়ে হয় পণ্ডিত,
প'ড়ে শুনে পুরুষ হয় মূর্খ, আমার ঐটে বড় দুঃখ। ৯২

তন্ত্রেতে লিখেছেন ভব, স্ত্রী-চরিত্র অসম্ভব,
যাহাতে নিস্তার ভব, সংসারের লোক।
রমণী হয় শুভদায়ক, হয় স্বর্গ, ঘুচে নরক,
ভূলোকের লোক যায় গোলোক,
নারী যে অতিপরম কারক। ৯৩

নারীর ভজনে বাধে না বাঁধা, রাধার ভাবে নন্দের বাধা,
বহিলেন হরি, হৈলেন উদাসীন।
দুর্জয় মান ভাঙ্গিতে হরি, দুই করে দুই চরণ ধরি,
নারীর দর্প দর্পহারী, রাখেন চিরদিন। ৯৪

নারীতে সকল দুঃখ হরে, নারীর পুণ্যে বিপদে তরে,
দৃষ্টান্ত শুন হে বলি তার।
দ্রৌপদীর ভোজনান্তরে, দুর্ব্বাসা শিষ্য সমভিব্যারে,
অতিথি কন[৬] যুধিষ্ঠিরে, কৃষ্ণা ডাকি শ্রীকৃষ্ণেরে,
সে বিপদে করিলা উদ্ধার। ৯৫

পাঠান্তর: ১-১ ক-গ্রন্থে নাই। ক—গ্রন্থে অতিরিক্ত গীত: কালাংড়া—একতালা

ধনি, যৌবন জোয়ারের বারি প্রায় লো।
দেখ বোল গেলে আর থাকে না
অমনি ভেটে যায় লো।
কিছুদিন দেখতে ভাল, যতদিন যৌবনকাল,
যৌবন গেলে, আর কে বলো, পানে তাকায় লো। [ছ]

৩ বেধি—ক। ৪ উন্মত্তা—খ, ঘ। ৫-৫ ধোয়া—খ। ৬ হন—ক।

আর দেখ বংশধরে, [1]কত কষ্টে গর্ভে ধরে,
বলিতে নারি বেদনা কত শত।[1]
পুরুষ যদিও না থাকত, নারীরে সব সৃষ্টি রাখত,
তার সাক্ষী দেখ ভগীরথ॥ ৯৬

নারীর প্রাণে সকলি সয়, তার সাক্ষী মহাশয়!
পুরুষেতে কত বিয়ে করে।
তবু পতিকে ভালবাসে, সদা থাকে পতিপাশে,
পতির দোষ কিছু নাহি ধরে॥ ৯৭

যদি বিধি করিতেন বিধি, তোমাদের মতন আমাদের যদি,
কতকগুলা বিয়ে করিতে থাকত।
তবে ঘুচতো আরী ঘুচতো জাঁক, পেটটা ফুলে হতো ঢাক,
উড়িত চিল পড়িত কাক, প্রাণ কি কেউ রাখত॥ ৯৮

কেউ বা দিত গলায় দড়ি, কেউ বা দিত গলায় ছুরী,
কেউ বা প'ড়ে জন্মাবধি কাঁদতো।
কিম্বা কেউ পাগল হ'তো, ঘর হ'তে বেরিয়ে যেতো,
গোদা পায়ের নাথি খেতো, কত যে মজা জানতো॥ ৯৯

যেমন সমান সমান সম্বন্ধ, সমান হ'লে যেতো সন্ধ,
কেবা ভাল কেবা মন্দ, জানা যেতো তবে।
বিশেষ ক'রে আর বলব কত, বিশেষ কাজে বিশেষতঃ,
দশে ধর্ম দেখতে পেতো সবে॥ ১০০

* * *

খাম্বাজ[2]—পোস্তা

বিধিকে বিধি দিতে, লোক ছিল না স্বর্গপুরে।
তা নইলে আমরা কেন, মনাগুনে মরব পুড়ে॥
নারীর বিয়ের নাই দ্বিতীয়ত্ব[3], প্রাচীন স্মৃতির তত্ত্ব,
স্মার্ত্ত কেবল আপন মত, চালিয়ে গেছে পালিয়ে দূরে॥
অধিক বিয়ে করলে নারী, পুরুষ হতো আজ্ঞাকারী,
বসাতাম কানে ধরি, আপন কর্ম্মে দিতাম জুড়ে।
নিত্য নূতন শ্বশুর পেতাম, আদরেতে খেতাম দেতাম,
রাগ করে মুখ [4]ফিরে শুতাম[4]
পায়ে ধরলে, ফেলতাম ছুঁড়ে॥ (জ)

* * *

নারী বড় অবিশ্বাসী

নবীনচাঁদ কয় আ রে মলো! শুনে যে গাটা জ্বলে গেল,
গায়ে যেন কেউ ছড়িয়ে দিচ্ছে বিষ।
তখন লাগিল কথার আঁটাআঁটি, প্রায় লক্ষণ চটাচটি,
দু-জনে বাণ কাটাকাটি, কেউ উনিশ কেউ বিশ॥ ১০১

নবীনচাঁদ বলে, বলি রাগ যদি না কর।
তোমরা ঢাকা খুলে, ঢাক বাজায়ে, ঢাকা যেতে পার॥১০২
তোমরা গাছের পাড়, তলার কুড়াও, কাদা উড়িয়ে দাও।
বিনা ফাঁদে ফন্দী করে, ভেঙ্গায় ডিঙ্গা বাও॥ ১০৩

এমন বুদ্ধি কার বা আছে, পোকা মাকড় জীয়ন্ত মাছে,
তিলটা হলে তালটা কর তাকে।
বেণা গাছে জড়িয়ে চুল, বিনা দোষে কর কুঁদুল,
লাগিয়ে পাক বেড়াও পাকে পাকে॥ ১০৪
তোমাদের যে কত ছলা, এর কথাটি ওকে বলা,
বিশেষ আবার আঠার কলা নষ্ট নারী যারা।
তাদের কি কেউ অন্ত পায়, দেখে শুনে সবে ক্ষান্ত পায়,
দিবসেতে তারা দেখায় তারা॥ ১০৫
নারী অতি অবিশ্বাসী, তলায় থেকে গলায় ফাঁসি,
লাগিয়ে দেয়, ভাবে না আছে ধর্ম্ম!
সদরে গিয়ে লিখিয়ে নাম, দয়ে মজায়ে পরিণাম,
করেন কি না ব্যভিচারিণী-কর্ম্ম॥ ১০৬
কেউ ঘুম্বি কেউ সদর, ইস্তক সন্ধ্যা নাগাদ ভোর,
পতি করে, তবু খেদ মেটে না।
এতেও বিয়ে করতে সাধ, আরে মলো কি প্রমাদ!
এ যে বিধির অসম্ভব ঘটনা॥ ১০৭

পাঠান্তর: ১-১ কত কষ্টে জাগা ধরে বলিতে নারি নারী যে কত সং।—খ। ২ ইমন—খ, ঘ, ধ। ৩ দ্বিতীয়ার্থ—গ, ঘ, ধ।
৪-৪ মুখ বাঁকাতাম—ক।

ধিক্ ধিক্ নারীকে ধিক্, বলিব আর কি অধিক,
যে সব কর্ম্ম নারীরা করেছে।
কেবল ডুবিলাম আমরা নারীর দোষে, পুরুষের কোন্ পুরুষে,
পুলিশে গিয়ে নাম লিখিয়েছে ॥ ১০৮

* * *

লম্পট ও বেশ্যা—দুইয়েরই সমান দোষ

সোনামণি বলে ভাই, পুরুষ ছাড়া খানকী নাই,
আমরা জানি, তোমরা এর গোড়া।
আগুন লাগাতে আগুন জ্বালো,তাতে আবার আহুতি ঢালো,
[১]নাম লেখান বরং ভাল,[১]
তোমাদের যে নাম লেখানোর বাড়া ॥ ১০৯
বেশ্যার অধীন তোমরা বটো, বেশ্যালয়ে বেগার খাটো,
পড়িতে পায় না আমানি চাটো,
হানি কেবল, খানকী খেতে বললে।
অবিহিত[২] কর্ম্ম যত, সকলের মূল তোমরা ই তো
ছি ছি ছি আর বলব কত, সকল নষ্ট করলে ॥ ১১০

বেশ্যার আলয়ে যাও, বঁধু হে, নিধুর টপ্পা গাও,
কোনখানে বা পানটি খাও, কোনখানে গর্দ্দানী।
কোনখানে তার উপরান্ত, গালাগালের হয় চূড়ান্ত,
যাও যাও ওহে কান্ত, ঘরে এসে মর্দ্দানী ॥ ১১১
অন্যায় বললে গায়ে বাজে, তোমরা কিসে মলে লাজে,
এক হাতে কি তালি বাজে,
উভয়ের দোষ গুণ ভিন্ন কিছু হয় না।
"ষাঁড় লোচ্চা" এই যে দুটি, এ দুয়ের কেউ নয়কো খাঁটি,
তোমার ও মুণ্ডমালার দাঁতখামুটি,
আমাকে আর সয় না ॥ ১১২

* * *

"খাম্বাজ—পোস্তা"

যাও যাও কয়ো না কথা, পুরুষের গুণ জানা আছে।
থাক চুপটি করে মুখটি বুজে, জাঁক করো না, আমার কাছে॥
পুরুষেতে কামে মত্ত, কুকর্ম্মে সদা প্রবৃত্ত,
তার সাক্ষী বিশ্বামিত্র হস্তমৈথুন করে গেছে।

প্রেমমণি ও প্রেমচাঁদ

প্রেমচাঁদের প্রেমবিরাগ

প্রেমমণি নামে রমণী, পুরুষ রসিকশিরোমণি,
প্রেমচাঁদ নামেতে একজন।
দুই জনে পিরীত করে, মিলন যেন চাঁদ চকোরে,
কমলিনী আর মধুকরে যেমন ॥ ১
দিন কতক কাল কত রস, পরশ হ'তে সরস
উভয়ে উভয়ে জ্ঞান করে।
দোঁহে দোঁহার গুণ গায়, দেখা মাত্র সুখোদয়,
ছাপিয়ে পিরীত গড়িয়ে পায় পড়ে ॥ ২

দু' জনে দুজনার বেশ, দেখে কত মন আবেশ,
বিচ্ছেদ প্রবেশ হয় শেষ।
দেখে নারীর যৌবন গত, প্রেমচাঁদ আর হয় না রত,
একেবারে জন্মিয়ে গেল দ্বেষ ॥ ৩
রসের কথায় হয় না সুখ, সম্পূর্ণ অরুচির মুখ,
তব দিয়ে লুকায় ক্রমে ক্রমে।
ত্যজে পুরাতন প্রেয়সীকে, রসবতী নামে রসিকে,
মজিল গিয়ে সেই যুবতীর প্রেমে ॥ ৪

পাঠান্তর: ১-১ ক-গ্রন্থে এই অংশটি নাই। ২ অহিত—ক। ৩-৩ লম্পট বেশ্যা—ক। ৪-৪ বেহাগ—আড়া—গ, ঙ, খ।

রূপবতীর ঘরে রাস[১], প্রেমমণির ঘরে নৈরাশ,
বিচ্ছেদে ছেদ হয় তনুখানি।
আঁখির সলিলে ভাসে, বলে, এক সখীর পাশে,
ঠিক যেন হয়েছে পাগলিনী। ৫

* * *

প্রেমমণির বিলাপ

ওলো সখি! বল কি করি? বিচ্ছেদ-বিকারে মরি,
খলের পিরীতে প্রাণ যায় লো!
ইথে কি ঔষধ নাই, কে দেয় কারে জানাই,
হায় হায়! কে হয় সহায় লো। ৬
গিয়েছিলাম বৈদ্যের বাড়ী, তাতে হলো রোগ বাড়াবাড়ি,
বিপরীত বুঝিলাম তথায় লো।
দেখিলাম বৈদ্যের ঘরে, খলেতে ঔষধ ক'রে,
সেই ঔষধ আমায় দিতে চায় লো। ৭
কাজ কি লো পাপ-ওষধি, এক খলের প্রেমে, দিদি!
খল ব্যাধিতে খুলে খুলে খায় লো।
কুলশীল ক'রে দখল, আমারে খেয়েছে খল,
খলে শক্ত খল খল হাসায় লো। ৮
বৈদ্যে বলে, কেন ভয়! পীড়াদায়ক কভু নয়,
কেন হ'লে খল দেখে বিকল?
খলের হাতে পেলে শাস্তি, এ খলের খলতা নাস্তি,
পাষাণে নির্ম্মাণ এই খল। ৯
আমি কহিলাম শেষে, তবে আর ভিন্ন কিসে?
এ খল সে খল দুই খল সমান।
অবলা-বধের ভয়, করে না যে দুরাশয়,
ওহে বৈদ্য! সে কি নয় পাষাণ। ১০
মজেছিলাম যে খলেতে, সে খলের অন্তরেতে,
কখন ছিল না বিষ ছাড়া।
তোমার খলেতে তাই, বিষে পূর্ণ দেখতে পাই,
গোদন্তি হিঙ্গুল আর পারা। ১১

হলো আমার প্রাণ-বিয়োগ, নিদেন দেখে নিদেন-রোগ,
বৈদ্য শেষ ক'রে দিলেন ব্যাখ্যা।
মরি মরি লো এ বিকার, প্রতিকার নাই সাধ্য কার,
যে দিলে বিচ্ছেদের ভার,
এখন যদি সেই করে লো রক্ষে। ১২

* * *

মূলতান—কাওয়ালী

ধনি! বিচ্ছেদ-বিকারে প্রাণ যায় লো!
বুঝি যায় লো, কর সজনি! রক্ষায় লো!
কি করে লজ্জায় লো, আন গে,
আমারে যে মজায় লো।
লাগিল রিপু নাচিতে, দিবে না বুঝি বাঁচিতে,
কদাচিতে হইয়ে প্রেমে বঞ্চিতে,
না খাই অন্ন রুচিতে, সদা চিতে
জ্বলে রাবণ-চিতে প্রায় লো। (ক)

* * *

প্রেমমণির সহচরী ও প্রেমচাঁদ

সহচরি বলে, সুন্দরি! নাগরকে তোর আনিব ধরি,
আর কেঁদ না ক্ষান্ত হও রূপসি!
আঁখি মুছায়ে অঞ্চলে, চঞ্চল চরণে চলে,
প্রেমচাঁদ নির্জ্জনে যথা বসি। ১৩
জোড়করে কহে রমণী, ওহে শঠের শিরোমণি!
শঠের নাই কি মায়া-মমতা?
কঠিন তো অনেক আছে, সকল কঠিন তোমার কাছে,
হারি মেনেছে দেখে কঠিনতা। ১৪
কঠিন একটা আছে শিলে, তুমি তা হ'তেও গুণ প্রকাশিলে,
অবলায় নাশিলে, এমনি লীলে।
তোমার গুণ নাই যেখানে ব্যক্ত, তারাই বলে, লোহা শক্ত,
তুমি হে লোহাকে লজ্জা দিলে। ১৫

পাঠান্তর: ১ বাস—ক।

কঠিন বটে ইস্পাত, তোমায় করে সে প্রণিপাত,
দেখে তোমার আশ্চর্য্য কঠিন দেহ।
তোমার হৃদয়-মাঝারে, যদি ইন্দ্র বজ্রপাত করে,
ভাঙ্গিতে পারে কি না পারে সন্দেহ॥ ১৬

* * *

প্রেমচাঁদের উত্তর

শুনিয়া সখীর ধ্বনি, প্রেমচাঁদ কয়, ওহে ধনি!
আমি কঠিন বটি, মিথ্যা নয়।
আমিও কঠিন দেখে, সকলি সঁপেছিলাম তাকে,
সমান সমান নৈলে কি প্রেম হয়॥ ১৭

সমানে সমানে ছাড়া প্রেম হয় না—যেমন

বালকে বালকে খেলা, শিশুর সঙ্গে শিশুর সলা,
চোরের পিরীত চোরের সহিতে।
পশুতে পশুতে ঐক্যি, পক্ষীর সঙ্গেতে পক্ষী,
ধনীতে ধনীতে কুটুম্বিতে।
পণ্ডিত পণ্ডিত পাশে, মেয়ের সঙ্গে মেয়ে মেশে,
চাষার সঙ্গেতে মেশে চাষা।
চণ্ডাল চণ্ডালে প্রবৃত্ত, শাঁখচুর্ণীর সঙ্গে ব্রহ্মদৈত্য,
পেত্নীর সঙ্গে ভূতে করে বাসা।
জল গিয়া মিশায় জলে, সন্ন্যাসী সন্ন্যাসী-দলে,
বানর বানর-পালে সুখী।
পিরীত সমান সমানে, সতীর মিলন সতীর সনে,
কলঙ্কিনী সঙ্গে কালামুখী।
ভদ্রেতে মিশান ভদ্র, ভূতের সঙ্গে বীরভদ্র,
রাখালে রাখালে হয় সখ্য।
আমার পিরীত ভাঙ্গিল ভাই, দেখিলাম, কঠিন নাই,
কঠিনে কঠিনে ছিল ঐক্য। [অ]

* * *

আমিও কঠিন দেখে পিরীত করেছিলাম,
তাহা এক্ষণে নাই।

সুরট[১]—কাওয়ালী

সাধে কি ছেড়েছি তার সঙ্গ!
কি রসেতে এসেছে লো সই!
দেখি কঠিন কমল দুটি, হৃদয়েতে ভঙ্গ॥
তারে কে দিবে অঙ্গ, তাহার নিরখি অঙ্গ,
আমার অঙ্গে বাস করে না অনঙ্গ,
চাহিলে দাড়িম্ব, সে দেখায় তুম্ব,
কিসে মজে মন সহজে আতঙ্গ[২]।
শুকায়েছে রস, "প্রেমে কি পৌরষ"[৩],
দেখ, দলহীন[৪] শতদলে বিহরে কি ভৃঙ্গ॥ (খ)

* * *

সুজনে সুজনেই প্রেম-সম্ভাবনা

সহচরী বলে, ভাই! তোমার দেহে ধর্ম্ম নাই,
মর্ম্মচ্ছেদী কথা কও কি লাগি।
যদি দু'জনে বাণিজ্য করে, আছে এমনি পূর্ব্বাপরে,
উভয়ে লাভ-লোকসানের ভাগী॥ ২২
তোমার ভাব দেখে বুঝিলাম ভাবে, কিছুকাল যৌবন-লোভে,
কপট কথায় করেছিলে সুখী।
যোগে যাগে যুগিয়ে মন, আদায় করে যৌবন,
লোকসান দেখিয়ে লুকোলুকি॥ ২৩
এ নয় সুজনের রীতি, মূর্খের এই পিরীতি,
দেখে, যৌবন গত করে কাঁদি।
সুজনে সুজনে প্রেম, হীরায় জড়িত হেম,
জীবন পর্য্যন্ত থাকে বন্দী॥ ২৪॥
পিরীতি অমূল্য ধন, তার বশ হলে না ধন,
জীরের শোকে হীরে ত্যজিলে ভাই!

পাঠান্তর : ১ বসন্ত বাহার মিশ্র—ক। ২ ইহার পর ক-গ্রন্থে অতিরিক্ত পদ :—মুখেতে মাছিতা কত, মাছি বসে শত শত, ভান্ ভান্ করে, করে ব্যঙ্গ। ৩-৩ সতত বিরস—ক। ৪ পরিমলহীন—ক।

যেমন ঘৃত ত্যাজ্য করে মাছি, যা দেখিলেই ঘটে রুচি,
ঘটে বুদ্ধি না থাকিলেই তাই। ২৫
পিরীতের কি আস্বাদন, কি বস্তু পিরীতি ধন,
তা কি জানে বস্তুহীন জনে!
পিরীতের বশ হ'য়ে কৃষ্ণ, রাখালের উচ্ছিষ্ট
ভোজন করেন বৃন্দাবনে। ২৬
হরি বশীভূত হ'য়ে পিরীতে, চণ্ডালে বলেন মিতে,
বলির দ্বারেতে হন দ্বারী।
দেখে দুর্য্যোধনের ধন, ত্যাজ্য করে নারায়ণ,
খুদ খেলেন গে বিদুরের বাড়ি। ২৭
মূর্খ জনে মিথ্যা বলা, তখন ধনী রাগে প্রবলা
হয়ে ধেয়ে চলিল সত্বরে।
প্রেমচাঁদের নির্ঘাত বাণী, ধনীকে শুনান ধনী[১],
শুনে ধনীর অমনি আঁখি ঝোরে। ২৮

* * *

প্রেমমণির বিলাপ ও যৌবন ভর্ৎসনা

না রহে বিরহে প্রাণী, বিরলে বসি বিরহিণী,
খেদ করি যৌবনের প্রতি বলে।
ওরে যৌবন দুরাশয়! বল যাতনা কত সয়,
তোর জ্বালায় জীবন যায় রে জ্বলে। ২৯

আমার বঁধুর সঙ্গে আমার পিরীত কেমন ছিল শুন—

যেমন মাটী আর পাটে। লোহা আর কাঠে।
দেবতা আর কুসুমে। জড়ি আর পশমে।
গুড়ে আর ছেনায়। মুক্ত আর সোনায়।
সতী আর স্বকান্তে। মিশি আর দন্তে।
মরিচ আর জীরে। কাঁঠাল আর ক্ষীরে।
বাজনা আর গানে। চূণে আর পাণে।
বাণে আর তূণে। মাস্তল আর গুণে।
দাতা আর দানে, জলে আর মীনে। নারদ আর বীণে।
হাঁড়ি আর সরায়। গন্ধক আর পারায়।
নয়ন আর অঞ্জনে। অন্ন আর ব্যঞ্জনে।
পিতা আর সুপুত্রে। মালা আর সূত্রে।
ভূষণ আর পাত্রে। পণ্ডিত আর ছাত্রে।
চাষা আর ক্ষেত্রে। চশমা আর নেত্রে।
সরোবর আর হংসে। [২]ধনে ভাজা আর মাংসে[২]। (ঘ)

তাজে যুবতীর অঙ্গ! এমন পিরীত ভঙ্গ
করিলে বৈরঙ্গ[৩]। ৪৪

* * *

ললিত[৪]—একতালা

করিলি রে যৌবন! যুবতীর দুঃখের অন্ত।
তোর অভাবে, পর ভেবে, পরের হ'ল প্রাণকান্ত।
[৫]বুকে রেখে, চক্ষে দেখে, তোকে ছিল প্রাণকান্ত।
এখন কলির মত, হ'য়ে হত করলি বিষ-দন্ত।[৫]
দুঃখ কত থাকব স'য়ে, দিন কয়েক হৃদয়ে র'য়ে,
জোয়ারের জল হ'য়ে, ব'য়ে গেলি রে দুরন্ত!
হৃদ্-মন্দিরে প্রবেশ ক'রে, ক'রে গেলি সর্ব্বস্বান্ত!
তুই তো গেলি আর এলি নে, এ জনমের মত ক্ষান্ত। (প)

* * *

প্রেমচাঁদের সহিত প্রেমমণির দেখা ও চুরির দাবী

নয়নেতে জল ঝরে, জল নিতে সরোবরে,
চললো ধনী হ'য়ে বিরসমুখী।
সঙ্গিনী কেউ নাই সনে, পথে প্রেমচাঁদ-সনে,
নির্জ্জনে দুজনে দেখাদেখি। ৪৫
ধনী কয় করিয়ে ছল, ক'রে আঁখি ছল ছল,
বাঞ্ছা হয় না, চাই নে বদন-পানে।

পাঠান্তর: ১ জানি—ক। ২-২ ধনে আর ভাজা মাংসে—ক। ৩ এই শ্লোকটির পূর্বার্ধ পাওয়া যায় নাই। হয়ত ইহা শ্লোকার্ধেই সম্পূর্ণ। —সম্পাদক। ৪ ললিত উত্তরো—ক। ৫-৫ তোকে বুকে চোখে, দেখে, দেহে ছিল প্রাণ শান্ত। এখন কলির মত হয়ে হত করালি বিষদন্ত।—ক

যে সব বস্তু আছে মোর, তোর কাছে রে পামর!
না দিয়ে লুকালি কি কারণে। ৪৬

দেখে নিতান্ত অনুগত, সমস্ত তোর হস্তগত,
করেছিলাম সরল অন্তরে।

এখন রাখ মান তো রাখি মান, নৈলে হবে হাকিমান,
দরবারে দাঁড়াব শনিবারে। ৪৭

রাজা নয় সামান্য নর, তিনি বসন্ত গবরনর,
কমিশনর আদি সঙ্গে সবে।

ভাল আদালতে নেজামত, সেখানে তোরে নে যাওয়া মত,
সোজামত বিচার হবে তবে। ৪৮

কুপ্রেম সেখানে নাই, সুপ্রেম কোর্ট শুনতে পাই,
প্রেমের বিচার ভাল হতে পারবে।

এক জন নাই অসার জন, সব সেখানে সার-জন,
যার বিচারে তোমার দফা সারবে। ৪৯

এখনো মিটাও যদি গোলমাল, ফিরে দাও আমার মাল,
পয়মাল যত্তপি বাঞ্ছা নাই।

থাক যদি অসামাল, তদ্‌বির হ'লে কামাল,
দায়মাল কপালে আছে, ভাই। ৫০

* * *

প্রেমচাঁদের সাফাই উত্তর

প্রেমচাঁদ কয়, কি বদনামি! কি ধনের কাঙ্গাল আমি!
কি ধন তোমার এনেছি আমি ধনি!

সেই ঘটী সেই বাটী, সব রয়েছে তোমার বাটী,
রোক গেল, সেই রোকশোধ আপনি। ৫১

'চোর' ব'লে রজনী দিবে, তুমি আমায় গালি যে দিবে,
আমি তোমার গালিচে-চোর নই।

দেখগে তোমার ঝুলিচে, তোমারি ঘরে ঝুলিচে,
বিবাদ করো না রসময়ি। ৫২

সেই লেপ সেই তোষক, যে সব তোমার প্রাণ-তোষক,
দেখগে তোমার ঘরে রয়েছে প্রিয়ে!

সেই মশারি সেই বালিশ, কিছু হয় নাই এবালিস,
আছে তাকিয়ে, তাকিয়ে দেখ গিয়ে। ৫৩

সেই যে তোমার গোলাপ-পাশ, সব রয়েছে তোমার পাশ,
পাশ-কথা বল না ধনি! তুমি।

এনেছি তোমার বাটা, ব'লে দিও না জেতে বাটা,
বাটা দিলে জাতি পাব না আমি। ৫৪

ফেলে দোলাই একলাই, এসেছি আমি একলাই,
কপাট ক-পাট দেখগা গুণে।

আমি নই এমন পাত্র, আপনারি জলপাত্র,
ফেলে এসেছি পাড়ার লোকে জানে। ৫৫

দেখগে তোমার সোটা-আশা, আমার কেবল রিক্ত আসা,
মুক্ত পুরুষ, তিক্ত করো না ভাই!

দেখগা, তোমার আছে সকলি, জরদা রঙ্গের পরদাগুলি,
পর-দার মোর প্রয়োজন নাই। ৫৬

* * *

মনচুরির দাবী

প্রেমমণি কয়,—লম্পট! যে ধন ল'য়ে চম্পট,
করেছ, তুমি তা বুঝ নাই মনে!

লইতে যদি জিনিস-পত্র, তাতে কি আমার যেতো যোত্র,
দৈন্ত আমার নাই অন্ত ধনে। ৫৭

যদি কিনতে পেতাম হাটে, তবে কি আমার বুক ফাটে,
হাটে মেলে না তাই করেছো চুরি!

ফিরে দাও মোর সমুদাই, যেগুলি লয়েছ ভাই!
অবলার গলায় দিয়ে ছুরি। ৫৮

* * *

কালাংড়া—একতালা

মিছে কেন বিবাদ করা, কুলের কর কূল-কিনারা।
মানে মানে মান ফিরে দাও, মন ফিরে দাও মন-চোরা!
কুল-শীল সব তোমার হাতে,
যদি শীল ফিরে দাও শীলতাতে,
নতুবা তোমার বাটীতে, শীল ক'রে সব লব ত্বরা। (ঘ)

* * *

তুমি যেন বটো সবল, রাজা দুর্ব্বলের বল,
আদালতের ঘর যে আছে খোলা।
দিয়ে দরবারে দরখাস্ত, বয়ামদি বরখাস্ত,
ক'রে দেখাব, আমি বয়ামদি অবলা ॥ ৫৯
তুমি যেমন পিরীত-আলা, তেমনি হাকিম সদর-আলা,
আলা দেখালেই পড়িবে চোর ধরা।
যদি সুরথাল করে রাজন্, সাক্ষী দিবে লক্ষ জন,
ফাঁকি দিয়ে অবলায় বধ করা ॥ ৬০
আমার বাঞ্ছা যে আদায়, তা করিবে পেয়াদায়,
ডিক্রীখানি পথে দেখিয়ে ভাই!
যখন হাতে হবে রসির কথা, তখন কেমন রসিকতা,
কর, একবার তাই দেখতে চাই ॥ ৬১
সন্ধান পাইয়ে শমন, না লও যদি শীঘ্র বন্ধন,
লুকিয়ে কর ঘরে ঢুকে আনন্দ।
বিশ আইন হইবে জারী, খিড়কিতে খিরকিচ ভারি,
সদরে হইবে বাতা বন্ধ ॥ ৬২
কত দিন লুকাবে প্রাণ! বন্ধু তোমাকে বন্দুখান,
ক'রে, মাটি কাটাব রাস্তায়।
এই মত জায়-বেজায়, ব'লে ধনী অমনি যায়,
জানাইতে বসন্ত রাজায় ॥ ৬৩

* * *

প্রেমচাঁদের বিরুদ্ধে দরখাস্ত দান

কুল শীল মান দাবি দিয়ে, কাছারির কাছে কাঁদিয়ে,
করে আরজী দাখিল উকীল-দ্বারেতে।
মদন সেরেস্তাদার, রসের আরজীর সমাচার,
যুতে-যুতে শুনান শ্রীযুতে ॥ ৬৪
প্রেমচাদের গুণাগুণ, লিখেছে ভাল মজমুন,
মদন পড়িয়ে যাচ্ছেন আশু।
মহামহিম গুণানন্ত, শ্রীমন্ত রাজা বসন্ত,
অশান্ত-দুরন্ত-ক্ষান্ত-শান্ত-পালকেষু ॥ ৬৫
লিখিতং প্রেমমণি, বিরহিণী কুল-রমণী,
বাদী প্রেমচাদ কালের স্বরূপ।
পরগণে প্রেমনগর, চৌকী রংপুরেতে ঘর,
মোতালাকে জেলা কামরূপ ॥ ৬৬
দরখাস্ত এই আমার, দোহাই ধর্ম্ম-অবতার!
একবারে হয়েছি আমি ফাঁক।
প্রেমচাঁদ যে অবলায়, মজিয়ে প্রেমে ত্যজিয়া যায়,
বাজিয়ে দিয়ে কলঙ্কের ঢাক ॥ ৬৭
ধন মন[১] যৌবন রূপ, কুল-শীল-মান তছ্রূপ,
নির্দ্দয় করেছে সমুদয়।
চেয়ে একবার নেক-নজরে, হাজির ক'রে হজুরে,
অবলার ধন দেলাতে হুকুম হয় ॥ ৬৮

* * *

আদালতে প্রেমচাঁদের এজাহার

প্রেমচাঁদকে ধ'রে আনা, অমনি হ'ল পরোয়ানা,
চাপরাশি সাজিল চারি জন।
রসি দিয়ে প্রেমচাঁদের করে, হজুরে হাজির করে,
কাতরে প্রেমচাঁদের নিবেদন ॥ ৬৯
মহারাজ! পিরীত বেটা আমাকে লয়ে,
যেতো ঐ ধনীর আলয়ে,
সে যায় না আমার কি শকতি।
উহার অন্তরে প্রবেশ ক'রে, কুল শীল মান সকল হ'রে,
জ্বালিয়ে ওরে, পালিয়েছে পিরীতে ॥ ৭০

* * *

পিরীতের নামে শমন-জারী

শুনে রাজা, উষ্ম ভারি, পিরীতের গেরেপ্তারি,
পরোয়ানা হয় পুলিশের উপরে।
পায় না প্রেমের খোঁজ-খবর, নাই বেটার চালছাপর,
খায় পরের, কাজ সারে পরে পরে ॥ ৭১

পাঠান্তর: ১ মান—ক।

না ধরিলে সকল পণ্ড, দারোগা হয় দন্‌পণ্ড,
একজন কয় মহাশয়! দেখে এলাম তায়।
পিরীত বেটা চিত-পুরে, চিত হ'য়ে রয়েছে প'ড়ে,
প্রেমদাস বাবাজীর আখড়ায়॥ ৭২

* * *

আদালতে পিরীতের এজাহার

বাবাজী প্রকাণ্ড দেড়ে সেবা-দাসী চৌদিকে বেড়ে,
চৈতন্যচরিতামৃত শুনছে।
অনঙ্গমঞ্জরী শশী, তুলসীদাসী প্রেম-বিলাসী,
কাছে ঘুনিয়ে প্রেমের কান্না কাঁদছে॥ ৭৩
দেখে অপূর্ব্ব দাড়ির ভাব, উঠেছে নারীর ভাব,
বিচ্ছেদ হয়েছে আখড়া-ছাড়া।
ঘড়ি ঘড়ি গাঁজা চলছে, গৌর-প্রেমের ঢেউ খেলছে,
পিরীত বেটা সেখানকার মেড়া॥ ৭৪
দারোগা গিয়ে সেইখানে, প্রেমকে বেঁধে হজুরে আনে,
পিরীত বলে, বাঁধ মহারাজ! কারে?
আমি নারীর প্রাণতোষক, বিচ্ছেদ আমার প্রাণ-নাশক,
সেই বেটা মজালে অবলারে॥ ৭৫

* * *

প্রেম ও বিচ্ছেদের শত্রুতা

বিচ্ছেদ বেটা আমার কেমন শত্রু, তাহা শুন—
প্রাণের শত্রু রোগ-শোক, পাড়ার শত্রু হিংস্রক,
নেড়ার শত্রু শাক্ত-বামাচার।
গাঁয়ের শত্রু যেমন ঠক, পথের শত্রু কণ্টক,
নায়ের শত্রু কোটালে জোয়ার।
চুলের শত্রু যেমন টাক, পেঁচার শত্রু ফিঙে কাক,
প্রজার শত্রু শোষক রাজাকে দেখি।
কেবল বোবার শত্রু নাই কেহ, গগনচাঁদের শত্রু রাহু,
যাত্রা-কালে শত্রু টিকটিকি।
পাতকীর শত্রু শমন, চাতকীর শত্রু যেমন,
পবন গিয়া উড়ায় নবঘন।
কুলের শত্রু কু-পুত্র, বিচ্ছেদ পিরীতের শত্রু,
তেমনি ধারা, জেন হে রাজন্। [ই]

* * *

মহারাজ! আমার দোষ নাই।

মূলতান—একতালা

আমি পিরীত নাম ধরি, জেনে আপনারি
প্রাণে রাখে নারী।
না জানি বিবাদ, কোন বিসম্বাদ,
বিনে অপরাধে একি অপবাদ!
সাধে সাধে সাধে, সাধের প্রেমে বাদ,
বিচ্ছেদে বাদ করি॥
পিরীতের গুণ শুন হে রাজন্! প্রকাশিত আছে ভুবনে,
কুমুদ-বন্ধু ইন্দু, কিন্তু দু-লক্ষ যোজনে দু-জনে,
বিচ্ছেদ-দোষে কর পিরীতে বন্ধন,
এমনি আয়োজন, কর হে রাজন্!
পরাপরাধেন[১] জলধি-বন্ধন, করেছিলেন হরি। (৬)

* * *

আদালতে বিচ্ছেদের এজাহার

পিরীত যত কহে দুঃখে, পিরীত জন্মিল বাক্যে,
বিচ্ছেদ উপরে রাজার উম্।
সেই বেটা এর আসামী, সেই বেটারি চাষামী,
অবলা ব'ধেছে বেটা দস্যু॥ ৭৯
ক'রে দায়রা সোপরদ্দ, বেটাকে বৎসর চৌদ্দ,
খাটাবো, খাইতে দিয়ে ধান।
হুকুম হলো গেরেপ্তার, দ্বারে দ্বারে দারোগা তার,
বাঙ্গলা যুড়ে না পায় সন্ধান॥ ৮০

পাঠান্তর: ১ পরাপরাধে—ক।

এক গোয়েন্দা গেল বলিতে, চোরবাগানের গলিতে,
বিচ্ছেদকে দেখে এক ঠাঁই।
কতকগুলা প্রাচীনে রমণী, বৃদ্ধবেশ্যা তপস্বিনী,
এক যায়গায় বসেছে একজাই। ৮১
যত দিন ছিল যৌবন, পরপুরুষ পরম ধন,
জ্ঞান করতো, মজা নাই এর সম।
সে সুখ হলো শিকেয় তোলা, বন্ধুর সঙ্গে হয় না মেলা,
ফাটালে[১] পড়েছে কলা, গোপালায় নমঃ। ৮২
এক ধনী আর ধনীকে বলে, প্রেম-ভরে নয়ন গলে,
বলে, দিদি! সত্য কেবল হরি।
লোকের দেখে আচরণ, ঘৃণাতে মোর হচ্ছে মন,
বৃন্দাবনে গিয়ে বসত করি। ৮৩
আমরা যখন যৌবনে, পাঁচ বছরের ছেলের সনে,
কথা কৈ নাই, শাশুড়ীর ভয়ে কালি।
এখন তিনকুড়ি বয়েসে ঠেকেছে, অদ্যাপি কেউ মুখ দেখেছে?
বলুক দেখি, কোন পোড়াকপালী। ৮৪
এখনকার ছুঁড়ীদের দিদি! রঙ্গগুলো দেখিস্ যদি,
আই মা ছিছি! দেখে ঘৃণা লাগে।
কাল হলো কি বিষম কলি! না উঠতে যৌবনের কলি,
কত ফুল ফুটে যাচ্ছে আগে। ৮৫
কি ছুঁড়ীদের ঠমক-ঠাট, কি সব কথার চোট-পাট,
মেগের কাছে ভাতার থাটো সদা।
কাট্-কাট্-ভাব কাটাপীর, ভঙ্গি দেখে রমণীর,
সিংহবেশে পুরুষ হ'য়েছেন গাধা। ৮৬
আরমানি হয়েছে ঝুঁটি, আর গছে না গছের শাটী,
রুল-পেড়ে শিমলের ধুতি খানি।
যার ভাতারের দাম বারো আনা,
তার মেগের নাকে বিবি-আনা,
নথ না দিলে পথ দেখেন তখনি। ৮৭
কিবে নীচ কিবে ভদ্র, কোন ঘরে নাই ভদ্র,
সতের শতছিদ্র ছি ছি লো সজনি।
প্রেম যেন বন-পশুর, ল'য়ে শশুর ভাশুর,
খুড়ো দাদা, বাধা নাই এদানী। ৮৮
এইরূপ প্রবীণাগণ, প্রেমের শোকে পুড়ছে মন,
যুবতীর সুখ দেখে, দুঃখে হিংসে ক'রে কহিছে।
তাদের দুঃখ শুনে কানেতে, বিচ্ছেদ বেটা সেই খানেতে,
হেসে হেসে গড়াগড়ি দিচ্ছে। ৮৯
পেয়ে কথা গোয়েন্দার, খামকা গিয়ে থানাদার,
গেরেপ্তার করিয়া বিচ্ছেদে।
তখনি দিয়ে রসি করে, হুজুরে হাজির করে,
জগতে খুসি, বিচ্ছেদের বিপদে। ৯০
সবাই বলে মার মার, ও বেটা ভারি চামার,
ডেকে কামার, কাটা উচিত এখনি।
কি ধনি কি মজুরে, সবাই বলছে হুজুরে,
ও বেটা ডাকাত আমরা জানি। ৯১
ওটা মানুষরে মাসুল-দাগী, কেবল ঐ বেটারি লাগি,
ঘর ভেঙ্গে যায়, ভেয়ে ভেয়ে বিকার।
বিচ্ছেদ বলে,—মা রে! মা রে! গাঁ-শুদ্ধ মানুষ মারে,
ও মহারাজ! দোহাই দিব কার। ৯২
ভাল বৈ করি নে মন্দ, কি কপাল, হে গোবিন্দ!
আমাকে মারতে সকলেরি সলা।
আমি বিচ্ছেদ নাম ধরি, পিরীতকে পবিত্র করি,
যখন পিরীতে বাধে মলা। ৯৩

* * *

পিরীত-পাবন বিচ্ছেদ

বিচ্ছেদ পিরীতের ময়লা কাটে কি প্রকার—
বসনের ময়লা যেমন কেটে দেয় সাবানে।
মনের ময়লা কাটে যেমন সুরধুনী-স্নানে।
ফট্‌কিরিতে জলের ময়লা কাটে জগতে জানে।
গুড়ের ময়লা শেওলায় কাটে, ক্ষুরের ময়লা শাণে।
জেতের ময়লা কাটে যেমন সমন্বয়ের গুণে।
খেতের ময়লা কাটে যেমন ঔষধ-সেবনে।

পাঠান্তর: ১ ফাটায়—গ।

নয়নের ময়লা যেমন কেটে দেয় অঞ্জনে।
দাঁতের ময়লা কাটে যেমন হুগলীর মঞ্জনে॥
চুলের ময়লা কাটে যেমন দিলে আমলা বেটে।
উত্তম করণে যেমন কুলের ময়লা কাটে॥
যেমন আগুনে সোনার ময়লা কেটে করি খাঁটি।
আমি বিচ্ছেদ সেইরূপ পিরীতির ময়লা কাটি॥ [ঈ]

*   *   *

খাম্বাজ—খেমটা

ওহে মহারাজ! বিচ্ছেদ-উপরে কিসের জন্যে রাগ?
প্রেমের রঙ্গভঙ্গ ভাঙ্‌লে করি, ভঙ্গ-প্রেমের অঙ্গরাগ॥
আমি রই সুরাগের পথে, অনুরাগ যায় না কি রাগেতে?
আমি ঐ রাগে বৈরাগে যেতে চাই,
অন্তরে ঘটে বৈরাগ॥ (চ)

*   *   *

বিচ্ছেদের সওয়াল

মহারাজ! শুন বিনয়, তাদের দোষ নয়,
প্রেমেরো নয়, প্রেমচাঁদেরো নয়।
নারীকে মজালে রূপ, সেই বেটা হ'য়ে বিরূপ,
সকল অগ্রে পলাতক হয়॥ ১০০
রূপ হ'য়েছিল ঋতুপতি, রূপ দেখে প্রেমের উৎপত্তি,
প্রেমচাঁদ প্রেম করেছিল রূপ দেখে।
আছে এমনি পূর্ব্বাপর, মজেছিলেন পরাশর,
জেলের মেয়ের রূপটি দেখে চ'খে॥ ১০১
অহল্যার দেখে রূপ, কীর্ত্তি করলে অপরূপ,
ইন্দ্রকে ইন্দ্রিয়-দোষে ধরে।
দেখে দ্রৌপদীর রূপের ছটা, ভীমের হাতে কীচক বেটা,
অপমৃত্যু মলো আন্ধার ঘরে॥ ১০২
মোহিনী হইয়েছিলেন কৃষ্ণ, সেই রূপ করিয়া দৃষ্ট,
হরির সঙ্গে মিশিয়েছিলেন হর।
শিব ক্ষেপেছেন থাকুক অন্যে, জাতি যায় রূপের জন্যে,
ডোমের কন্যে ভজেন দ্বিজবর॥ ১০৩
প্রেমমণি হয়েছে জীর্ণ, কিছু নাই রূপের চিহ্ন,
বয়েশ বেয়াল্লিশ উত্তীর্ণ প্রায়।
কেশ হয়েছে পক্বতা,[১] কিসে হবে ঐক্যতা,[২]
সখ্যতা[৩] ভেঙ্গেছে ভুজনায়॥ ১০৪
কৃষ্ণবর্ণ কলেবর, অধো হ'য়েছে পয়োধর,
নাগর গিয়েছে তাইতে বেঁকে।
অতএব হে ঋতুবর! রূপকে ধ'রে শাসন কর,
না যায় যেন যুবতীর অঙ্গ থেকে॥ ১০৫

*   *   *

রূপের নামে শমন

এ সওয়ালে এজলাসে, হুকুম হলো খালাসে,
বে-কসুর বিচ্ছেদ যায় বাটী।
রূপকে এনে হাজির করা, হুজুরের হরকরা,
প্রতি অমনি হলো হুকুম চিঠি॥ ১০৬
বাঙ্গলা খোঁজে চাপরাশী, শেষ খোঁজে কাশ্মীর কাশী,
গয়ার গোয়েন্দা অনেক যোটে।
এক শাক্ত বামুন দিচ্ছে খবর, ভেকধারী বৈরাগীর উপর,
এমনি রাগ, কালীতলাতে কাটে॥ ১০৭
বলে, ও ভাই চাপরাশি! এসো দেখিয়ে দিয়ে আসি,
রূপ-বেটা রয়েছে বৃন্দাবনে।
নাম তার রূপ গোসাঞি, নারী-মজানো ব্যবসাই,
সেই বেটাদের জানে জগজ্জনে॥ ১০৮

*   *   *

ভ্রমক্রমে রূপ গোঁসাইকে গ্রেপ্তার

শুনে ধায় চাপরাশিগণ, যেখানে রূপ-সনাতন,
বৃন্দাবনে ল'য়ে আখড়াধারী।
রসি দিয়ে রূপের করে, তুখী ধ'রে তম্বি ক'রে,
এক জন কয়, ক'সে ধরে দাড়ি॥ ১০৯

পাঠান্তর: ১ পক—ক। ২ ঐক্য—ক। ৩ সখ্য—ক।

খুঁজে খুঁজে মলাম ধরা, ওরে বেটা ধুমড়ি-ধরা!
এখানে এসে করেছো ঘরকন্না।
ভজিবে যদি বংশীধারী, এত কেন প্রকাণ্ড দাড়ি?
রামকৃষ্ণ রাম-ছাগল তো খান না। ১১০

যার ভক্ত রাজা বলি, যার প্রেয়সী চন্দ্রাবলী,
ভজিবে বলি তুমি রয়েছ হেথা।
হুজুরে হচ্ছে বলাবলি, কেড়ে নিয়ে তোর নামাবলি,
চণ্ডীতলায় বলি দেবার কথা। ১১১

কথা শুন না এর ভিতরি, মালা তিলক ঝুৎরি,
খোদ্‌কারী ঘুচাবেন খোদাবন্দ।
নারী-মজানো চাকরি গেল, তোমার দফা ভিক্রী হলো,
ধুকড়ি তোল, ছুকরি নালিশ-বন্দ। ১১২

* * *

এই কথা শুনিয়া, গোসাঞি কাতর হ'য়ে কহিছেন

সুরট—ঝাঁপতাল

বসন্ত-রাজদূত! দিও না দুঃখ কদাচিত,
বলো না অনুচিত, আমার চিত ও রসে বঞ্চিত,
রতনে রত নহে চিত, হ'লে চৈতন্য বঞ্চিত।
সোনার বাসনা ভঙ্গ, ক'রে দিলেন আমার সঙ্গ,
সোনার অঙ্গ গৌরাঙ্গ, সনাতন সখা সহিত। (ছ)

* * *

দূত বলে, বুঝিছি ভাবে, আজি তুমি চৈতন্য পাবে,
গৌরাঙ্গ হবে রক্তপাতে।
ভেঙ্গে পিরীতের আখড়া, রূপ গোসাঞিকে পাকড়া,
ক'রে দূত আনে রাজসভাতে। ১১৩

কাঁদিয়ে কহিছে রূপ, মহারাজ! কি অপরূপ,
বিশ্বরূপ-স্বরূপ মহাশয়!
কিছু জানিনে হে গৌরাঙ্গ! আমায় ল'য়ে একি রঙ্গ!
রাজা কন, তোমার ত তলব নয়। ১১৪

* * *

আদালতে রূপের এজাহার

তখন চাপরাশিদের চাকরি মানা, ছ-মাস ফাটক জরিমানা,
রূপ-গোসাঞি গেলেন বৃন্দাবনে।
দোসরা চাপরাশী উপরে, হুজুরের হুকুম পড়ে,
নারী-মজা'নে রূপকে ধ'রে আনে। ১১৫

ঘোর সঙ্কট পেয়াদার, খোঁজে বাঙ্গালার দ্বার দ্বার,
পথে একদিন হলো দৈববাণী।
রূপকে যদি ধরবি দূত! যাও যেখানে বিদ্যুৎ,
রূপ ধ'রে রেখেছে সৌদামিনী। ১১৬

তখন চঞ্চল হইয়ে চরে, চলে চঞ্চলার ঘরে,
চঞ্চলা কন পরে, রূপ বসন্ত-দাস।
রূপকে যদি ধরতে চাও, মদন-সদনে যাও,
অনঙ্গের অঙ্গে রূপের বাস। ১১৭

মদন বলেন, পদাতিক! রূপ রেখেছেন কার্ত্তিক,
শুনে গেল কার্ত্তিকের দ্বারে।
শুধাচ্ছেন কার্ত্তিকেয়, কিসের জন্য দাঁড়িয়ে কে ও?
দূত বলে, এসেছি রূপের তরে। ১১৮

শুনে কচ্ছেন ষড়ানন, আমার বাধ্য রূপ নন,
চাঁদের শরীরে রূপের বাসা।
শুনে বসন্ত-অনুচর, চলিল চাঁদের ঘর,
রূপকে ধরিবার করি আশা। ১১৯

চাঁদ কন বসন্ত-চরে, আমার রূপ চুরি ক'রে,
পালিয়েছে জন-কতক রমণী।
রূপকে যদি ধরিবি—যা রে! কলিকাতার বৌবাজারে,
যে ধনীদের খাস্মিদ গৌরমণি। ১২০

বিধুবদনী বিনোদিনী, কাদম্বিনী নিতম্বিনী,
কাঞ্চনী কামিনী কনকলতা।
গোলবদনী গোলাপী চাঁপা, দশ যুবতী চাঁদের দফা
সেরেছে, তাদের শুন রূপের কথা। ১২১

তাদের রূপ দেখিয়া উর্ব্বশী, একবারে গিয়েছেন বসি,
আমি শশী, মসী হয়েছি দুঃখে।
নারদ আদি বৈরাগীর, যোগ ভঙ্গ হয় যোগীর,
মৃগীর ভাগর চক্ষু দেখে। ১২২

সে ধনীদের দেখলে কান, অন্য কান না বিকান,
সব কান লুকান কান হেরে।
আপশোষে রোদন করে, বদন দেখে নজরে,
মদন মদন-জ্বরে মরে ॥ ১২৩
শতদল-কলিকার, আগে ছিল অহঙ্কার,
'কুচায় ঘুচায়' তার মান।
বুক নয় সে কি কারখানা, বসন্তের বালাখানা,
সেই ধন্য, যারে তাহা দান ॥ ১২৪
শুকের ওষ্ঠ জিনি নাক, ভুরু কামের পিনাক,
গলায় গলায় রতিকান্তে।
গতির তারিফ কত, হাতির খাতির হত,
মতির খাতির নাই দন্তে ॥ ১২৫
দেখে ধনীদের মধ্যদেশ, সিংহ কাঁদে ক'রে দ্বেষ,
কি ছার সুন্দরী সর্ব্বোপরি।
যাচ্ছে কত উমেদারে, না পায় ঢুকিতে দ্বারে,
রূপ বেটা সেই স্থানে গড়াগড়ি ॥ ১২৬
গিয়ে চর চটক পায়, বৌবাজারে রূপকে পায়,
ধ'রে তায় বসন্তের কাছে আনে।
রূপ কয়, করি করযোড়, মহারাজ! না কর জোর,
নেক-নজর কর কাঙ্গাল পানে ॥ ১২৭
ভদ্র কি নীচ জাতির, আমি কোন যুবতীর,
বে-খাতির করি নে মহাশয়!
যো পাই নে থাকতে আর, যার জোরে থাকা আমার,
সে যে অগ্রে পলাতক হয় ॥ ১২৮

* * *

আখিয়া মিশ্র—একতালা

আমি রূপ, রই কিরূপ, করি ভূপ! কি রঙ্গ।
রূপ থাকে কার কাছে, যৌবন যখন গেছে,
ত্যজে যুবতীর অঙ্গ।
য'দিন যৌবন বুকে রেখেছিল ধনী,
ছিল দেখেছি গৌরাঙ্গ অঙ্গ-খানি,
ছেড়ে রঙ্গ ভঙ্গ, যে পথে গৌরাঙ্গ,
রূপ সনাতন লয় তার সঙ্গ ॥ (অ)

* * *

খাম্বাজ—পোস্তা

বল রূপ, থাকবে কিরূপ, রূপ থাকে কি যৌবন গেলে!
কখন সরোবরে, হংস চরে, জল শুকালে ॥
যুবতীর গৌরাঙ্গ, ছিল যৌবনের কালে।
গৌরাঙ্গ যান যে পথে, তাঁর রূপ-সনাতন সঙ্গে চলে ॥ (অ)

* * *

যৌবনের নামে পরোয়ানা

এইরূপ কথাতে রূপ, ভূপের কাছে কয়।
যৌবন-উপরে পরে পরোয়ানা হয় ॥ ১২৯
হুকুম-পত্র, প্রাপ্তমাত্র, চললো অনুচরে।
দেব-রসিকে, উর্ব্বশীকে, আগে গিয়া ধরে ॥ ১৩০
কয় উর্ব্বশী, ও চাপরাশি! হেথা যৌবন নাই।
হুকুমনামা, তিলোত্তমা, কাছে ল'য়ে যাও ভাই ॥ ১৩১
শুনে চর, তার গোচর, যৌবন ধরতে যায়।
চরকে ধরি, বিম্বাধরী, বলে হায় হায় ॥ ১৩২
ছিল ধন, তা এখন, আর কি আমার আছে?
ধর গে তায়, কলকাতায়, বকনা প্যারীর কাছে ॥ ১৩৩
সুলুক পেয়ে, চললো ধেয়ে, বকনা প্যারী যথা।
বকনা বলে, ফেকনা করে, দেখ'না যৌবন কোথা ॥ ১৩৪
তখন চাপরাশী, ঘর-তলাসি, করে পরদা খুলে।
দেখে, নাই সে রাগে, অধোভাগে, অধর পড়েছে ঝুলে ॥ ১৩৫
লজ্জা পেয়ে, চললো ধেয়ে, দামড়া গুপীর বাড়ী।
দামড়া বলে, কোথায় এলে, করতে হুকুমজারী ॥ ১৩৬
সে যৌবন, চোদ্দ সন, হারা হয়েছি আমি।
এখন তাকে, রেখেছে বুকে, বর্দ্ধমানের রামী ॥ ১৩৭
ঘোর সন্ধানে, বর্দ্ধমানে, ধেয়ে যায় চাপরাশী।
দেখে রামী, গরকামী, ঘরে রয়েছে বসি ॥ ১৩৮

পাঠান্তর : ১-১ কুচয় যুচয়—ক।

দেখে দূত, যৌবনের ভেঙ্গে গিয়েছে মাথা।
হারিয়ে রতন, মলিন-বদন, নীরস ব্যাকুলতা। ১৩৯
সকল মাল গোলমাল, শাল রুমাল আছে।
গিয়েছে কদর, অরুণ অধর, পয়মাল হ'য়েছে। ১৪০
কিছু নাই সার, কেবল পশার পাতিয়ে নাগর রাখা।
মেখে মাখন, চিক্কণ-চাকন, ঢাকন দিয়ে থাকা। ১৪১
না পেয়ে টের, যৌবনের, চিন্তিত চাপরাশী।
অমনি কলিকাতার গোয়েন্দায় অনেক বলছে আসি। ১৪২
রূপকে যথায়, ধরেছে তথায়, যৌবনের থানা।
শুনে যায় চর, হয়ে তৎপর, হস্তে পরোয়ানা। ১৪৩
গিয়ে রূপের ঘরে, করে করে, বাঁধিয়ে যৌবনে।
যথা বিরাজ, ঋতুরাজ, আনে বিদ্যমানে। ১৪৪

* * *

বসন্তের আদালতে যৌবনের এজাহার

বলে যৌবন, শুন হে রাজন্! তুমি ত সুজন ভূপ।
নারীর হৃদয়ে, দগ্ধ হয়ে, আমি থাকি কিরূপ। ১৪৫
হ'লে সন্তান, তার কাছে মান, যৌবনের কি রয়?
অধিকার আমার, কামিনী-কুমার, জোর ক'রে সে লয়। ১৪৬
এলায়ে বসন, করেছে শাসন, আমাকে তাড়া দিয়ে।
হ'য়ে বলবান্, করে পয় পান, পয়োধর ধরিয়ে। ১৪৭

* * *

কালাংড়া—আড়া

আমারে, ধনীর কুমারে, স্থান দিলে না হৃদয় পরে।
বলে, যৌবন! তুই বেটা কি পিণ্ডং দত্বা ধনং হরে।
আমি যত করি মানা, ধরে কে তায় করবে মানা!
ধনীর শিশু তো আমায় ধরে না,
সদয় হ'য়ে, অধর দিয়ে, আপনি পয়োধরে ধরে। (এ)

* * *

মোকদ্দমা ডিস্‌মিস্ ও প্রেমমণির অপমান

হুজুরে দোষ দিয়ে শিশুর, যৌবন তো বে-কসুর!
উকীলে কৈরাদি প্রতি কয়।
নাবালক বালক উপরে, নালিশ-বন্দ হ'লে পরে,
আইনে তজবীজ গ্রাহ্য নয়। ১৪৮
কহেন বসন্ত-ভূপ, শিশুর তলপ মহকুপ,
ডিস্‌মিস্ হইল মোকদ্দমা।
শত্রু নেচে উঠিল রুখে, প্রেমমণি যায় অধোমুখে,
মনোদুঃখে হ'য়ে মৃত্যুসমা। ১৪৯
মাথায় কলঙ্ক ডালি, তুলে দিলেন বনমালী,
অপমানটা হলো খালি, মুখে উঠে মার্গের কালি,
প্রেমচাঁদের সাহস-আলি, বেড়ে উঠলো নাগরালি,
পিরীত দিচ্ছে গালাগালি, বিচ্ছেদ দিচ্ছে হাততালি,
রূপ বল্‌ছে, মরুক শালী, যৌবন বলে, পোড়াকপালী,
আবার আমাকে চান।
হেঁলো বেটি! একি বেজায়, দোয়া দুধ কি বাঁটে যায়,
ছেড়ে গঙ্গা কি ফিরে বাউড়ে যান। ১৫০

* * *

বিচ্ছেদান্তে প্রেমমণির প্রেম-মিলন

তখন প্রেমমণি ধর্ম্ম-ঘরে, আদালতে আপীল করে,
আপীলে ফিরিল মোকদ্দমা।
প্রীত প্রেমচাঁদ যৌবনাদি, শরণাগত সকল বাদী,
তাইতে ধনী দিল রাজিনামা। ১৫১
ভেটিয়াছিল যৌবন, পুনরায় ধরে উজোন,
বসিল গিয়ে প্রেমমণির বক্ষে।
রূপ গিয়ে গায়ে মিশান, পিরীত ত্বরিত যান,
প্রেমচাঁদ সদয় নারীর পক্ষে। ১৫২
পূর্ব্বের অপূর্ব্ব ভাব, বরং কিছু প্রাদুর্ভাব,
হলো পিরীত, বিচ্ছেদের পরে।
প্রেমমণি পাইয়ে জয়, সহচরী প্রতি কয়,
মগ্ন হ'য়ে আনন্দ-সাগরে। ১৫৩

* * *

খট্—পোস্তা

তেমনি সুখ সজনি লো! বিচ্ছেদের পর পিরীত খানি।
অনাবৃষ্টি পরে মেঘ দেখে যেমন চাতকিনী॥
যগুপি পড়ে খুলে, অঞ্চলের মাণিক জলে,
আবার তাই যদি কেউ করে তুলে দেয় লো ধনি!
পেয়ে প্রাণ বিচ্ছেদ-শরে, চৌদ্দ বৎসরের পরে,
যেমন রামকে হেরে, অযোধ্যাবাসীর পরাণী॥ (ট)

বসন্ত-আগমনে বিরহিণীদিগের বিরহ বর্ণন

বিরহিণীদিগের বিলাপ

হেমন্ত মিয়াদ গত, বসন্ত হল আগত,
ওষ্ঠাগত বিরহিণীর প্রাণ।
আমলা ঘোর তস্কর, দুরন্ত রাজ কিঙ্কর,
ঘন ঘন চাহে কর, নাহি পরিত্রাণ॥ ১
রাষ্ট্র হলো ত্রিপুরে, রাজকাছারী চিৎপুরে,
রতন রায় যতন করি দিয়েছে।
করিতে মহল শাসন, সদা লগ্ন শরাসন,
সহরে সহরে পুরিতেছে॥ ২
পিকবর মধুকর, এদের শাসন দুষ্কর,
করের জন্ম করে[১] বাঁধে গিয়ে।
করিতে দ্বিগুণ ব্যাপার, সবে হয়ে গঙ্গা পার,
ঘোর ব্যাপার হ'ল পাড়াগাঁয়ে॥ ৩
চাহে কর মধুকর, লোমাঞ্চ হয় কলেবর,
জুটে একত্রে যত বিরহিণী।
কেহ বলে সই! যাই কোথা, যার যে মনের কথা,
কহে সবে যেন পাগলিনী॥ ৪
এক ধনী কয় কি করি! পতি গিয়াছে বিবাহ করি,
পিতা মাতায় আদর করি, রাখিবে কত দিন।
রুচে না সই! ভাত আর, জন্মে পেলেম না ভাতার,
আশা-পথ চেয়ে তার, আছি নিশিদিন॥ ৫
ষোল বৎসর হ'লো বয়স, '[২]রমণ রমণ-রস[২]',
জন্মে তো জানি নাই লো দিদি।
রৈল কান্ত দেশান্তরে, যে যাতনা পাই অন্তরে,
এ ব্যাধির কোথা পাই ঔষধি॥ ৬
হৃদয়ে জলিছে আগুন, ছি[৩] তার এমন গুণ!
গুন গুন করিয়ে কাঁদি কত।
মরি মদনেরি শরাসনে, পাছে পিতা মাতা শুনে,
শয়নাসনে প'ড়ে থাকি জ্ঞান-হত॥ ৭
একি সই! হলো দায়, গেলাম প্রেমের দায়,
কুল-শীল রাখা দায় হলো।
দুখের কথা যায় কি বলা, বিধি করেছেন অবলা,
বলাবলিতে কত রাখি বল॥ ৮

* * *

'[৪]পরজ—একতালা[৪]'

বুঝি কুল-শীল রাখা হলো দায় লো।
একি দায় লো! হায় হায় লো,
বুঝি জীবন যায় লো!
যে যাতনা—কব সখি! কায় লো॥

পাঠান্তর: ১ খ, ট-গ্রন্থে এই শব্দ নাই। ২-২ পতির মিলন-রস—ক। ৩ ছিছি—খ। ৪-৪ মুলতান—কাওয়ালী—ক।

পতির সহ বঞ্চিতে, পেলাম না তাতে বঞ্চিতে,
যে দুঃখ চিত্তে, জ্বলে প্রাণ যেন রাবণের চিতে ;
থাকে প্রাণ কদাচিতে, কিসে রয় বজায় লো ;
মরি লাজে, লাজ[১] পেয়ে লাজ যে যায় লো ॥ (ক)

* * *

প্রোষিতভর্তৃকা এক বিরহিণীর বিলাপ

শুনে বলে আর এক নারী, আর যাতনা সইতে নারি,
থাকতে পতি উপপতি করি কেমনে।
ব'লে গিয়েছে আসিব কা'ল, কাল হলো মোর বিষম কাল,
আর কত কাল প্রবোধ মানে ॥ ৯

গণ্ডমূর্খ এমন অসভ্য, আমার মাথায় হাত দে করলে দিব্য,
দিব্যজ্ঞান হয়েছে সেখা গিয়ে।
পেটে নাই বিদ্যার অংশ, ক-অক্ষর গোমাংস,
ভেবে ভেবে, গায়ের মাংস গেল শুকাইয়ে ॥ ১০

আছি দিবা-নিশি করে আশা, তার আসা অগস্ত্যের আসা,
আশা-পথ নিরখিয়ে নয়ন আছে।
সে করলে মোরে এবালিস,[২] অলস রাখি, ল'য়ে বালিশ,
মালিস ক'রে নালিশ করি কার কাছে ॥ ১১

তত্ত্ব লয় না লোকের দ্বারা, আছে ল'য়ে পর-দারা,
গেল আপন দারা কারাবদ্ধ করিয়ে।
হ'য়ে মোরে প্রতিকূল, দিয়ে গিয়েছে ব্যাকুল,[৩]
যৌবন-তুফানে পাইনে কূল,
যায় দুকূল হারিয়ে[৪] ॥ ১২

তাতে আমি নবীন তরী, কাণ্ডারী বিনে কিসে তরি,
কিসে তরি, ডুবিলাম তুফানে।
দফরায় যাচ্ছে গালি ফেঁসে, এর পরে কি করিবে এসে!
ভেসে ভেসে বানচাল হলো মাঝখানে ॥ ১৩

* * *

"আলিয়া—যৎ"[৫]

কে চালাবে তরী নাবিক বিনে।
ডুবিলাম বুঝি ঘোর তুফানে ॥
যদি আসিয়ে ত্বরায়, লাগায় কিনারায়,
তবে রই সই! আর ডুবি নে।
মলয়ার সমীরণে, নদীর তুফান বাড়িছে দিনে দিনে,
ভেঙ্গে গেল হাল, ছিঁড়ে গেল পাল,
কত থাকে আর আশা-গুণে ॥ (খ)

* * *

কুলীন-পত্নী এক বিরহিণীর বিলাপ

এইরূপ বলে যুবতী, শুনে কয় এক রসবতী,
কুলীন পতি প্রজাপতি দিয়েছে।
দৈবে যদি দয়া ক'রে, এসেন দুই তিন বৎসর পরে,
মনান্তরে রাত কেটে গিয়েছে ॥ ১৪

নাইকো তার ঘর বাড়ী, কেবল কথার আঁটুনি বাড়াবাড়ি,
শ্বশুর-বাড়ী খেয়ে-কান্তি পুষ্ট।
তিনি, বেড়াতে যান না কোন পাড়া,
পাছে জিজ্ঞাসে লেখা-পড়া,
মেজাজ কড়া বচন কড়া, সকলের প্রতি রুষ্ট ॥ ১৫

এমনি হতমূর্খ গরু, যেন নিশ্চয় এসেছে গুরু,
কেবল টাকা কাপড় চায় বিছানায় শুয়ে।
আমি যদি কোন যত্ন[৬] করি, সে শুয়ে রয় পাছু করি,
হুকো ধরি মটকা পানে চেয়ে ॥ ১৬

তাতে আষাঢ় শ্রাবণের নিশি, কথায় কথায় অস্ত শশী,
মসীমুখ দেখে না কো চেয়ে।
থাকতে ভাতার উদ্‌মো বাঁড়ি, যান না কেন যমের বাড়ী!
থাকি না কেন বাপের বাড়ী, অমন ভাতারের মাথা খেয়ে ॥ ১৭

* * *

পাঠান্তর : ১ খ-গ্রন্থে এই শব্দটি নাই। ২ এ বালিশ—ক। ৩ ব্যাকুল—ক, খ, ট। ৪ হারিয়ে—খ, ট।
৫—৫ ঝিঁঝিট—একতালা—ক। ৬ চেষ্টা—গ, ট খ।

সুরট—একতালা

আর কেউ করো না কুলীন বরে কন্যা-দান।
দেখে দেখে সই! হ'লাম হতজ্ঞান॥
বিচ্ছেদ-বাণে দগ্ধ পঞ্চবাণের বাণে,
দিবানিশি দগ্ধ প্রাণে,
জানা থাকতো এমন যদি, একাদশী ভাল দিদি!
অমন কুলের মুখে হুতাশন প্রদান।
কিছু জানে না রস, মানে না অপৌরষ,
কুলীনদের লব থাব রব না কো,
কেবল সদা টাকা চান॥ (গ)

* * *

বংশজ-কন্যা এক বিরহিণীর দুঃখ

শুনে বলে আর এক রসবতী, মন্দ কি কুলীন পতি,
মান্য-গণ্য সকলকার কাছে।
তুমি যে বিচ্ছেদ-জ্বালায় জ্বল, সবার উপর মুখ-উজ্জ্বল,
তার বাড়া সুখ আর কিসে আছে॥ ১৮
দোষ দিলে কি হবে পরে, এসে ছয় মাস বৎসর পরে,
আমি হ'লে তার উপরে, করি কি অভিমান?
টাকা দিতাম আদর করতাম, কত রকমে মন যোগাতাম,
যেতে কি সই! তারে দিতাম, অঙ্গ অঙ্গ স্থান॥ ১৯
আমি ত বংশজের নারী, যে দুঃখ পাই বলিতে নারি,
কোথাও যেতে নারি, জেতে নারী, করি তাই ভয়।
বিয়ে হয়েছে বাল্যকালে, পতি চিনি নে কোন কালে,
যে পর্য্যন্ত হয়েছে জ্ঞান-উদয়॥ ২০
যার এ নব যৌবন-কাল, তায় উপস্থিত বসন্ত-কাল,
কাল-সম প্রহার করিছে আসি।
মদনের পঞ্চশরে, কোকিলের কুহুস্বরে,
তাতে পতির বিচ্ছেদ-শরে, কাঁদি দিবানিশি॥ ২১
একবার মনে হয়, পেলাম না পতি, করি না হয় উপপতি,
সতীত্ব লয়ে কি ধুয়ে খাব?
দুঃখের কথা কারে বলি, লজ্জা খেয়ে কারে বলি,
মনে করি বরাবরি, দিদির বাড়ী যাব॥ ২২
এ জ্বালা গিয়ে নিভাই, ভগ্নীপতির আছে ভাই,
সদয় হয়ে সে আদর করিবে কত।
ঘোমটা দিয়ে নয়ন ঠেরে, ইসারা ক'রে ঠারে ঠোরে,
দেখাব তারে ভাব কত-মত॥ ২৩

* * *

খাম্বাজ—পোস্তা

বিরহ-জ্বালাতে হলো দগ্ধ প্রাণ।
তায় পঞ্চবাণ, হানে বাণ,
কেবল বিরহী বধিতে সই! সদা করে সুসন্ধান॥
আবার ভাবি, থাকতে পতি উপপতি কেমনে,
সখি! দিবস-রজনী তাই ভাবি মনে,
করলে অগস্ত্য-গমনে গমন, গণ্ডমূর্খ হত-জ্ঞান॥ (ঘ)

* * *

বিরহ-বিকারগ্রস্তা বিরহিণীগণের পরস্পর পরামর্শ

আবার বলে শুন সই! যে যাতনা জন্ম সই,
যতে সই দিইনে ত তার কাছে!
আমি একা থাকবো জন্ম-বাস, তুমি রবে প্রবাস,
আসবে না আর বাদে, লেখা আছে॥ ২৪
এর যুক্তি বলি শুন সকলে, বাটী হইতে ছলে কলে,
গঙ্গাস্নান ব'লে বারুণীর যোগে।
কেন বিরহানলে জ্বলি, কুলে দিয়ে জলাঞ্জলি,
আরোগ্য-লাভ করি গে বিচ্ছেদ-রোগে॥ ২৫
হলো ভেবে সোনার অঙ্গ কালি, ভাতারের মুখে চূণকালি,
[১]দিব কালী[১] দয়া করেন যদি।
আর রবে না বিরহ বিকার, হাতে হাতে প্রতিকার,
গেলেই সদ্য আরাম বৈদ্য পায় দিদি॥ ২৬
আর হাতুড়ের হাতে কেন পুড়ি, দিবানিশি খোলা-পুড়ি,
শয্যায় পড়ি আশা-পিপাসায় মরি।

পাঠান্তর: ১—১ দিব কালি কালী—ক, দিব কালই—খ।

তারা ধাতু-ঘটিত ঔষধ দিবে, ধাতু পেলেই ধাতু সুস্থ হবে,
থাকবে না রোগ সহজে সহচরি ॥ ২৭
যদি কও এখানেও তো হয় আরাম,
এমন কত শত শক্ত বেয়ারাম,
করিছে আরাম বৈদ্য আছে এমন।
তা ডাকতে পাই কই অবকাশ, হ'তে মাত্র রোগ-প্রকাশ,
হব নিকাশ, সঙ্গে নগদ-শমন ॥ ২৮
একে মদনের শরাসন, তাতে দগ্ধ সদা মন,
তার উপর ননদীর শাসন, কেমন তা শুন ॥ ২৯

* * *

পরজ[১]—একতালা[২]

অবলা ব'লে কি এত সয়, সয় রে!
জ্বলে কায় কব কায়, হায় হায় রে।
উহু উহু আহা আহা মরি মরি প্রাণে,
দুরন্ত কৃতান্ত সম মদনেরি বাণে,
নাহি ত্রাণ কুল-মান, হলো রাখা দায় রে ॥ (৬)

* * *

শেষ-বয়সে বেশ্যার অনেক দুর্দ্দশা

শুনে কহিছে এক রমণী, ভাতার যে গুণের গুণমণি,
মদনকে দোষ দিলে অমনি, কি হবে তা বল।
বসন্ত চিরকাল তো আছে, পতি যদি থাকে কাছে,
তবে কি সবে মদন-জ্বালাতে জ্বল ॥ ৩৮
আবার বললি সহরে যাবি, খানকী নাম লিখাইবি,
প্রেমসাগরে পড়ে খাবি খাবি, সে বড় লাঞ্ছনা ॥ ৩৯
সে বাঁধবে চুল ক'রবে বেশ, দেখলেই লোকে বলবে বেশ!
মিটাবে আয়েস কত জনকে লয়ে।
যদি রাখতে পার জমিবে ক্যাস,
নৈলে ভাঙ্গিলে দন্ত পাকলে কেশ,
খাবে শেষ টুক্‌নি হাতে লয়ে ॥ ৪০
এখন হবে বাদশাজাদীর মতন চাল,
শেষে হাটখোলাতে কাঁড়বে চাল,
এ সব চাল থাকবে তখন কোথা?
এখন গ্রাহ্য হবে না বানারসী শাড়ীখানায়,
শুয়ে থাকবে বালাখানায়,
আতর গোলাপ মাখবে গায়ে বাবু-আনা কথা ॥ ৪১
তখন পরবে ন্যাকড়া আট-গাঁটি ছিঁড়ে,
গায়ে তিসির ধূলা লাগবে উড়ে,
মাথা জুড়ে জটা পাকিয়ে যাবে।
গেছোপেত্নির মতন হবে আকার, মুটে মজুরে দিবে ধিক্কার,
খোলার ঘরে ছেঁড়া চেটায় শোবে ॥ ৪২

মদনের শাসন

মহাদেবের কাছে মদনের কেমন শাসন হইয়াছে?—
রাবণ যেমন শমনকে শাসন ক'রে, রেখেছিল অশ্বশালে।
ইন্দ্রজিৎ ইন্দ্রকে শাসন ক'রলে বেঁধে ইন্দ্রজালে ॥
ব্রহ্মা শাসন হ'লেন কৃষ্ণের গোবৎস হরিয়ে।
কৃষ্ণের শাসন করলেন প্যারী কুঞ্জে কুঞ্জরী হ'য়ে ॥
কুম্ভকর্ণ হ'লো শাসন ঘুমের বর মেগে।
মারীচ সুবাহু রাক্ষস-শাসন মুনিগণের যাগে ॥
গোলোকপতি শাসন যেমন প্রহ্লাদ ধ্রুবের কাছে।
আদ্যাশক্তির শাসন যেমন কালকেতু করেছে ॥
লক্ষ্মী যেমন শাসন হয়েছেন জগৎশেঠের ঘরে।
শিব যেমন শাসন হয়েছেন, গরল পান ক'রে ॥
হ'লো গরুড়-শাসন হনুমানের কাছে, পদ্ম আনিতে গিয়ে।
হনুমান্ শাসন হ'লো যেমন, রামের কলটি খেয়ে ॥
চন্দ্র-সূর্য্যের শাসন যেমন রাহু-কেতুর কাছে।
সূর্পণখার শাসন যেমন লক্ষ্মণ করেছে ॥
দুর্য্যোধন শাসন যেমন ভীমের হাতে হ'লো।
তেমনি ঐ পোড়া মদন শিবের কাছে শাসন হ'লো ॥ [অ]

* * *

পাঠান্তর: ১ খাম্বাজ—খ। ২ কাওয়ালী—ক।

এখন গায়ে দিবে জামিয়ার, উঞ্চা গাবে শরি মিয়ার,
কত শত বাবুমিয়ার, ইয়ার হয়ে থাকবে।
হলে গায়ের মাংস ললিত কেউ কবে না কথা,
মিলবে নাকো ছেঁড়া কাঁথা, এসব লজ্জা রবে কোথা.
শেষে গৌর বলে ডাকবে। ৪৩
তবে মিছে কেন করিস ভুল, একেবারেই কি হলি বাতুল?
সুপ্রতুল ঐ কর্ম্মে কোথা আছে?
ও সব কথা কাজ নাই তুলে, গৌর ব'লে দুই হাত তু'লে,
ভেক লয়ে যাই ভেকধারীদের কাছে। ৪৪

* * *

বাহার—একতালা

এতে হান্ কি বলো, খানকী হবার মুখে ছাই।
নিশিদিন ভাবি তাই, আজ ভেক লব বৈষ্ণবী হব,
যা করেন গৌর নিতাই।
আর কি করিতে পারিবে সই! অনঙ্গে,
সদা আখড়ায় ফিরবো মজা করে সঙ্গে,
ঘোমটা খুলে বাহু তুলে,
ডাকব, এসো হে জগাই মাধাই। (৮)

* * *

বিরহিণীগণের সিদ্ধান্ত

সই! এই কথায় কর মনকে ঠিক, হইও না আর বেঠিক,
হ'য়ে ঠিক সকলেতেই চল।
গলায় পর তুলসীর হার, যদি সুখে সব করবি বিহার,
হরিনামের ঝোলা করে ধর, মুখে গৌর গৌর বল। ৪৫

যদি বল বৈষ্ণব কোথা?

খুঁজবো পাড়া পাড়া, গেলেই হবে মালপাড়া,
তা আমার কপাল পোড়া, ভাবছ বুঝি তাই।
বড় মনে হচ্ছে উৎসব, আজ কাল গোঁসাইদের মোচ্ছব,
মেলা মোচ্ছব লেগেছে ঠাঁই ঠাঁই। ৪৬
এতে হবে না অধর্ম্ম, বৈষ্ণবতা, এও এক ধর্ম্ম,
সতীত্বধর্ম্ম নষ্ট হবে না এতে।
শুনব না কথা, লোকের দ্বেষ, ভ্রমণ করিব দেশ বিদেশ,
ছেড়ে দেশ যাব শ্রীক্ষেত্রেতে। ৪৭
সঙ্গে সঙ্গে থাকবে নাথ, রঙ্গে দেখব জগন্নাথ,
কে রাগে আটকে, আটকে বাঁধবো সেথা।
পরে বাস করব বৃন্দাবনে, ভ্রমণ করব বনে বনে,
মজা করব, কে কবে কি কথা। ৪৮
শুনে কেউ বলে, পথ নয় সোজা, ভাল বরং কর্ত্তা-ভজা,
হবে মজা, বজায় রবে দুই দিকে।
কিছু তো কবে না পিতা, যা করেন শচীমাতা,
তা'তে মমতা করিবে সকল লোকে। ৪৯
রাগ করবে নাকো ঘরের কর্ত্তা, মনের মতন জুটাব ভর্ত্তা,
ভজন করিব নির্জ্জনে দুজনে।
হবে না কারো মনের ভার, দেশশুদ্ধ ব্যবহার,
সভার মাঝে লাজ পাব না মনে।
কেন দুঃখ পাও বারে বারে, যাব প্রতি শুক্রবারে,
শর্করা ক্ষীর মণ্ডা মুণ্ডি লয়ে।
আর লয়ে যাব কত ফল, হাতে হাতে পাব ফল,
ফল দেখাব, কর্ম্মফল দিবেন কর্ত্তা ফলিয়ে। ৫১
ভজিব কর্ত্তার শ্রীচরণ, করবেন 'যখন বস্ত্রহরণ'
মন-দুঃখ নিবারণ, অমনি সবার হবে।
বুকে উঠে হবেন মুরলীধর, আমরা করে ঢাকিব পয়োধর,
হেসে অধো করিব অধর, তখন কত[২] সুখ পাবে। ৫২
হবে ব্রজের লীলা শুন বলি, কেউ বৃন্দে কেউ চন্দ্রাবলী,
ললিতে আদি কেউ হবে শ্রীরাধা।
লেগে যাবে ভারি চটক, কেউ কারে ক'রবে না আটক,
কর্ম্মে দিবে না কেউ বাধা। ৫৩

* * *

পাঠান্তর: ১-১ রস আলাপন—ক। ২ কর্ম্ম—খ।

পরজ—একতালা

কর্ত্তা-ভজন কর্‌তে যাই চল সকলে।
মজায় করবি যদি দুকুলে, কেন যাস হয়ে ব্যাকুলে,
হারিয়ে দুকুল, কুল ত্যজে অনন্ত কূলে॥

এতে করতেছে মজা কত জন, করিয়ে পূজার আয়োজন,
যাব নির্জ্জন স্থানে প্রতি শুক্রবার হ'লে।
তাতে নাই পৌরষ, এতে কত রস,
লব রসিক কর্ত্তা জুটিয়ে জ্বাশু,[১]
রসের মোয়ান যাবে খুলে॥ (ছ)

* * *

বসন্ত বিরহ বর্ণন

বসন্তরাজের রাজ্যলাভ

হেমন্তের মেয়াদপূর্ণ, নিজ অধিকার জন্য,
বসন্ত লইয়ে সৈন্য, করতে অধিকার।
চলে করে ঘোর জন্দী, আমলা সব নানা রঙ্গী,
মদন দেওয়ান সঙ্গী, হুকুম বরদার॥ ১
সঙ্গে সঙ্গে বান্ধি কোমর, দুই পাশেতে চলল ভ্রমর,
বলে মোদের বাড়িল গুমর, রাজার অধিকারে।
আগে গিয়ে হচ্ছে দাখিল, সমাচার করছে কোকিল,
কুহু কুহু রব করি নকীব ফুকারে॥ ২
মলয়া বাতাস লাগিল গায়, ঋষিগণের রস জোগায়,
সে তো গিয়ে মন জোগায়, বসন্ত সান্নিধ্যে।
মশালচি হয়েছে মশা, যেমন পাত্র তেমনি দশা,
প্রথমে আসি রাজার বাসা কলিকাতার মধ্যে॥ ৩
বাগবাজারে করি থানা, বাজনা দিয়ে দেন জানা,
বাজনা দিতে হল মানা হেমন্ত রাজায়।
লয়ে ক্রোকী পরোয়ানা, ক্রোক করতে পরগনা,
জিলা বজিলা থানায় থানা মলয়া পবন যায়॥ ৪
বাকির আসামী সাকিরে নিচ্ছে, হেমন্তের গুমর যাচ্ছে,
ভ্রমর গিয়ে তোমর কচ্ছে কুসুম বনে বসে।
ভারি তাগাদা আদায় জন্যে, মহালে মহালে হচ্ছে পুন্যে,
ভেবে মরছে কুলকন্যে পতি যার বিদেশে॥ ৫

* * *

বাহার—কাওয়ালি

হইল ঋতুরাজন্ শাসন রাজ্যে।
মজাতে সতী রতিপতি রণে সাজছে॥
মরি রে তার কি বাহার করে অমনি রমণী গলে হার
সুখে জগজন করয়ে বিহার।
কেহ গায় রে বসন্ত বাহার, তাহে তাক ধেলাং তাক ধেলাং
ধুম কিটি ধা ধা কিটি বাজছে॥
আইল রাজন্ কি দুর্জ্জন ভয়ে ভ্রমণ করয়ে জগজ্জন
কেহ করয়ে নিম ভোজন কেহ করিছে বহ্নি সেবন
কেহ ভাসে প্রেমরসে লয়ে যুবতী ভার্য্যে॥ [ক]

* * *

হেমন্তের প্রতি বসন্তের কোপ

ভ্রমর অমনি গিয়ে হজুরে সমাচার দেয় গুজুরে
বলে হেমন্তের রীত শুন মহারাজ।
কুসুম বন সব শুকিয়ে গেছে লুকিয়ে রাজ্য লুট করেছে
কি রূপে আরাম দিব কাজ॥ ৬
কতক পত্র উড়িয়ে গেছে কতক বৃক্ষে কুড়িয়ে আছে
চাষাগণের আর চাষা নাই যে বাঁচে।
মধু খাওয়া খাজু আমার বীজ পাওয়া হয়েছে ভার
বিচার কর বীজের কি উপায় আছে॥ ৭

পাঠান্তর: ১ আশু?—সম্পাদক।

ভ্রমর বলে এইরূপে পাব অনেক মধ্যালিপে
জাহের কচ্ছে হেমন্তের বদনামী।
বসন্ত কয় উষ্ম করে শীঘ্র তাকে আন ধরে
বড় হিত পেয়েছে তায় আজি বিহিত করিব আমি। ৮
হেমন্ত ঋতু ভীত হয়ে ঋতু রাজার কোপ জানিয়ে
সম্মুখে আসিয়া জোড় হস্ত।
বসন্ত কহিছে চোটে বড় হিম হয়ে হিম আছিস বটে
রাজ্য আমার ঘুচিয়ে রে সমস্ত। ৯
করে হারামজাদিগ হামে হাল হালছে করে বেহাল
বেজায় দুঃখ প্রজায় দিয়েছিস কেনে।
যে হাল করেছিস লোকে জেহেলে পাঠাব তোকে
বাহাল হতে হালে আর পাবি নে। ১০
জিম্মা তোকে দিলাম মহাল দুইমাস কাল ছিলি বহাল
পরের পেলে কি সর্ব্বস্ব লোটে।
ফাটিয়ে চাটিয়ে লোককে দলি এক বারেতে চটিয়ে গেলি
ধুবির যেমন ফাটে না ফোটে। ১১
তোর জ্বালাতে কম্পবান্ অগ্নিকোণে সূর্য্য যান
দিন হয়েছে অতি খাটো তোরি ভয়ে বন্ধ।
অগ্নির তেজ হয়েছে মরা জোরমন্ত পুরুষ জরা,
বৃদ্ধের দফা হদ্দ। ১২
লোকে খায় জেয়াদা পায় বাড়ে না, জরো রোগীর জ্বর ছাড়ে না,
মেওয়া গাছে ফল ফলে না, বাগান ঘুরে ফুল মেলে না,
মধু বিহনে ভ্রমরা প্রাণে হত।
কাঁচা তৃণ ভোজন বিনে গাভী হয়েছে দুগ্ধ হীনে,
পরের বিষয় দখল করে দখলস্থি এত। ১৩
পর হয়েছেন পরের কাল, ভাবনা আছে পরকাল,
উছিয়ে পোড়ায় পরের চাল,
প্রদীপে পোড়ায় পরের ঘৃত পেলে।
পরের পেলে চিবায় ধান্য, পর নন যেন পরমান্ন
এমনি মিষ্টি সৃষ্টি পায় তো গেলে। ১৪
আপনি পায় না তুলা এক পোয়া,
পরের মাথায় দেয় ছমন লোহা
দেখি পূর্ব্বাপরে।
এমনি মন্দকারী পর, পরের গায়ে দেয় আপন জ্বর,
যোগ করে শনি মঙ্গল বারে। ১৫
পরের এমনি মনোরথ ঘরের মাঝে সে করে পথ,
পরে পায় মাজারে পায় বলে।
মুনকার অঙ্কে আপনি ধায় পরের পায় তো আসল খায়,
পরের বৃক্ষ মূল সহিতে তোলে। ১৬
তাই করেছিস তুই হেমন্ত ক্রোধেতে কহেন বসন্ত
এ দুরন্তে উচিত করা হচ্ছে।
মদনের হাওয়ালে রেখে একরার নিলেন লিখে
কোকিল মৌসিল বাকীর আদায় করতে। ১৭
মৌসিলের তৌসিলের দায়ে ছিট বাকীর একরার দিয়ে
কাতর হয়ে কহিতেছে হেমন্ত।
মহারাজ তুই কিস্তি হুকুম হবে গরুর বিষয় ফাল্গুনে যাবে
মানুষের বিষয় বৈশাখ পর্য্যন্ত। ১৮
হেমন্তের দেখি বিপদ্ ভারি হেমন্তের যত সমিত্যারী
ভারি ব্যস্ত পালাবার জন্যে।
কন কর্ণে কন ও ভাই কালা শলা শুনিস তো শীঘ্র পালা
ঋতুরাজা এল রে সসৈন্যে। ১৯
শিশির বলে ও ভাই বরফ, আমাদের মধ্যে তুমি চরফ,
রাজার হচ্ছে বরতরফ, দেখ দিও না যেন ধরা।
উত্তরে হাওয়া বলে শুও আমাদের রাজার আমল ভুয়ো
আলোয় আলোয় উচিত প্রস্থান করা। ২০
এইরূপে হেমন্ত সেনা আপসে করে মন্ত্রণা
রোপস হইল পরস্পরে।
হেমন্তে করে বরখাস মহাল করিয়া খাস
বসন্ত কহিছে কন্দর্পেরে। ২১

* * *

মদনের প্রতি বসন্ত রাজার আদেশ

করে ভারি আপন জারি করিবারে শাসন ভারি
দর্পে কন শুন রে কন্দর্প।
একজায় জরিপ করগে তুমি হচ্ছে আমার জমায় কমি
রোকড়ে পড়ে না সাদায় কালি আদায় হচ্ছে অল্প। ২২

বড় ফাঁকে যাকে করেছে ফাঁকি বিরহিণীদের বিরোধ বাকী,
বিরোধ করতে হল তাদের সনে।
আচ্ছা করিবে তহশীল মানিবে না কো কুলশীল
এ কালে হলে ধর্ম্মশীল কষ্ট পটিবে কেনে। ২৩

বিরহিণীদের বলিবে গিয়া, বিরাজ করুক খেরাজ দিয়া,
কত যোগী তপস্বী দিচ্ছে কর, নিস্কর কেবা আছে।
তবে রেয়াৎ করিব কিসের জন্যে, তারা কি আমার গুরু-কন্যে,
এবার তাদের সুদ আগে পুন্যে অন্তে হবে পাছে। ২৪

সিকির কম পার্চে মাল, বার আনা মোর পয়মাল
বিরহিণীদের গোলমাল কহ যে তারা সহজে দিউক কর।
নৈলে দেব নিলামে তুলে, ঘোড়া বিকাবে ভেড়ার মূলে
আগে বলিবে কথায় খুলে, বিবেচনা তার পর। ২৫

কান্দিলে হইও না অনুকূল, মানিবে না কো মান কুল,
আদায় করিবে বেলকুল, শুনে মদন সাজিল ত্বরায়।
ধনুকে সন্ধান পুরে, মত্ত হয়ে মর্ত্ত্যপুরে
বিরহিণীর অন্তঃপুরে, অন্তরীক্ষে যায়। ২৬

* * *

বসন্ত—খং

প্রেমে মজাইতে যুবতী কুলবতী সতীর মন।
রঙ্গে চলে কুলমজানে মদন।
করি করে ফুলবাণ হরের যাতে হরে ধ্যান
কোকিল ভ্রমর সঙ্গে আর মলয়া পবন।
মদন আগমন আশে অসতী প্রেমরসে ভাসে
বিরসে কম্পিত সতী বিরহিণীগণ। [খ]

* * *

মদনের পরোয়ানা জারি

লয়ে বসন্ত রাজার পরোয়ানা মদন গিয়ে কচ্ছে থানা,
বিরহিণীর পুরে লাগায় জারি।
অনেক বিরহিণী বলে, কার কাছে কার সাধ্যে এলে,
আমি বসন্ত রাজার কি ধার ধারি। ২৭

যে হতে বঁধু গেছে প্রবাস, প্রেম-নগরে করি নে বাস,
চাটি বাটি উঠিয়ে এসেছি চলে।
বিচ্ছেদকে দিয়ে মালগুজারি, অনেক কাল হতে কাল গুজারি,
ভুলবো না তোর ভুয়ো জারি ছলে। ২৮

* * *

মদনের প্রতি বিরহিণীদের অনুনয়

শুন মদন তোয় করি মানা, কর চেয়ো না গর-সীমানা,
পূর্ব্বের আলাপ আছে তাই বলিতেছি।
প্রেম-নগর চৌদিগ হদ্দ, তোর সীমানা সরহদ্দ,
আমি তার প্রায় চৌদ্দ ক্রোশ তফাতে আছি। ২৯
এখন বিচ্ছেদ রুমে ভর্তি আছি, সম্প্রতি আমি বর্ত্তিয়াছি,
খাই না খাই বাতাস সুখ পাই।
ছেড়ে এসেছি প্রেমের হট্ট, ঢু ঢু নাই করা বট্ট,
আমার কাছে কেন এসেছে ভাই। ৩০

* * *

বসন্ত—একতালা

যা রে মদন আমার বেদন বল গে তোর রাজারে।
আমার পতি রেখেছে আমায় বিচ্ছেদ-বাজারে।
বিচ্ছেদের কিঙ্কর আসিয়া, আমার গেছে রে কর সাধি লইয়া,
আবার তোয় ফিরে কর দিব দোকর, কর ক্ষমা
ধরি করে। [গ]

* * *

বিরহিণী বলিছে ফিরে, যেমন এলে যাও অমনি ফিরে,
আইলে কান্ত যাব তোদের দেশে।
কেন কর দে বলি কর ব্যস্ত, কে করিবে উপুড় হস্ত,
পরহস্তগত ধন হইয়াছে বিদেশে। ৩১

* * *

পতিহীনা নারী

পতিহীনার অবস্থা কিপ্রকার ?

যেমন, খাপছাড়া তলোয়ার। জল ছাড়া পলোয়ার।
ঢাল ছাড়া খেলোয়ার। দেশ ছাড়া মাড়োয়ার।
বনছাড়া জানোয়ার।

বিদ্যাছাড়া বিপ্র। মজলিশ ছাড়া গল্প।
গর্ত্ত ছাড়া সর্প। শক্তি ছাড়া দর্প।
প্রীত ছাড়া অভিমান। বুদ্ধি ছাড়া অনুমান।
ডাল ছাড়া হনুমান্।
ছপ্পর ছাড়া ঘর। লক্ষ্মী ছাড়া নর।
সাক্ষী ছাড়া খত। চাকা ছাড়া রথ।
পণ্ডিত ছাড়া মত।
বৃক্ষ ছাড়া লতা। শ্রোতা ছাড়া কথা।
চন্দ্র ছাড়া যামিনী। পতি ছাড়া কামিনী। [অ]
এইরূপ আছি।

কান্ত রইল দেশান্তরে, বসন্তে কে শান্ত করে,
অন্তরে তাই মন্ত্রণা করিয়া।
সম্বৎসর হচ্ছে গত, বিচ্ছেদের শরণাগত,
হইয়াছি মদন তোদের ফাঁকি দিয়া। ৪১
হইয়াছি আমি অবসর, শুন ওহে পঞ্চশর,
সড় সড় হানিস নে শর অঙ্গে।
পরের প্রজায় বেজায় ধরিবে, তোর রাজা কি বিচ্ছেদ করিবে
বিচ্ছেদ রাজার সঙ্গে। ৪২
বিচ্ছেদ রাজার দর্প ভারি, তার কাছে সাজিবে না জারি,
যেমন রাজা তেমনি আমলাগণ।
আমি জেনেছি তাদের জনে জনে,
করেছি আলাপ সবারি সনে,
তাদের নাম শুন রে মদন। ৪৩

* * *

বিচ্ছেদ রাজার পরিচয়

অদর্শন পুরী মধ্যে বিচ্ছেদ রাজন্।
ভাবনা তোর মোছাহেব, মন্ত্রিণী রোদন। ৪৪
হাহাকার দেওয়ান তার, নায়েব উৎপাত।
কারকুন তার হায় হায়, বক্সী করাঘাত। ৪৫
অন্যমনস্ক মুহুরী, নিরানন্দ তহবিলদার।
দীর্ঘ নিঃশ্বাস মুন্সী, নাজির অন্ধকার। ৪৬
হজুরি জমাদার নামে বুকফাটা।
বাপ রে, কি হল রে, পেয়াদা দুই বেটা। ৪৭
কাহিল বদশ্রী আশাসোটা-বরদার।
কাষ্ঠহাসি খানসামা, চাকর নাচার। ৪৮
এ রাজ্যেতে রেখে আমার বন্ধুর গমন।
সাধ্য কি জোর করে কর সাধবি রে মদন। ৪৯

যদি বল এক রাজ্যের লোক কি অন্যরাজ্যে যায় না। তাহা যায়—

ইংরেজের আমলের লোক রঞ্জিতের মুলুকে যায়।
কিন্তু জোরাও মতে নহে, অতিথি রূপে যাইতে পায়। ৫০
তুমি যদি বল আমি অতিথি রূপে এসেছি।
তাহাই কি দিব এক্ষণে যে আহয়ালে আছি। ৫১
যোগ নাই যোগাড় নাই, যোগে যাগে দিন কাটাই,
যোগে বন্দী হ'য়ে বঁধু যে বিদেশে।
বিধি করে শুভ যোগ, হয় যদি ফের যোগাযোগ,
যোগাইলে যোগাইতে পারি শেষে। ৫২

* * *

কানাড়া-বাহার—খং

ঘরে কান্তধন বাড়ন্ত রতিকান্ত কি দিব তোরে।
আপনারে দেওয়া যায় না, এখন বিচ্ছেদের অধিকারে।
মিথ্যা মদন দিলি ধন্না, মিথ্যা আমার ঘরকন্না,
বিষয় কেবল বিচ্ছেদ কান্না, আছে নয়ন-ভাণ্ডারে।
জানে পাড়া প্রতিবাদী, যে হতে বন্ধু প্রবাসী
সেই হৈতে রে উপবাসী, প্রেমক্ষুধায় প্রাণ হরে। [ঘ]

* * *

কোকিলের প্রতি বিরহিণী

ইতোমধ্যে কোকিল-ডাকে বিরহিণী কি বলে শুন—

শুনি কোকিলের ধ্বনি, ধনী কয় কহিয়ে ধ্বনি,
তোর ডাকে রে কান দিয়ে প্রাণ গেল।

জানি রে তোর পূর্ব্বসূত্র, তুই রে কাকের পুত্র,
আথের মন্দ সেই পাপে তোর হলো ॥ ৫৩
আমাপা স্বর পেয়েছিলি, এটু পত্রের ধুম হলি,
কাজে না লাগে অকাজে খুব দড় ।
আ মরুক তোর দুরাদৃষ্ট, বললে বলিস নে রে রাধাকৃষ্ণ,
বসন্ত রাজার বুচকি বেয়ে মর ॥ ৫৪
একে জালায় মদন কৃষ্ণপুত্র, আমার তুই বেটা কি পুনকে শত্রু,
মদনের তলপেট্যে বল শুনি ।
ডাক ডাকে তো অনেক পক্ষে, বিরহিণী নারীর পক্ষে,
কি কাল হয়েছে তোর ধ্বনি ॥ ৫৫

খঞ্জনখঞ্জনী আর ডাহক-ডাহকী ।
চন্দনা চাতক ছিল চাতক-চাতকী ॥ ৫৬
সারস-সারসী শিকড়ে হুও শুকসারী ।
মদন ময়না আর ময়ূর-ময়ূরী ॥ ৫৭
বাজবৌরি পানকৌড়ি বাবুই বাদুড় ।
গিধি নেকড়া গুও চিল গৃধিনী গুড়গুড় ॥ ৫৮
কাস্তে চোরা কাঠঠোকরা কালে কালপেচা ।
কোকিল কপোত করটোক কাদাখোঁচা ॥ ৫৯
কলামোচা কালকণ্ট কঙ্ক কলেবর ।
কাকাতুয়া কলা বুলবুলি কবুতর ॥ ৬০
সরল কুরল শুও চান্দ শিরোমণি ।
মৎস্য-রাঙ্গা টিয়ে টাকসোনা টুনটুনি ॥ ৬১
দলপিপি দধিয়াল দিঘলিরা পাখী ।
সুরঙ্গ কুরঙ্গ আর নরী বকবকী ॥ ৬২
চামচিকে গাংশালিক চক্রবাক চটা ।
তুলক্কুরকী তাম্রচূড় ঘুঘু তালজটা ॥ ৬৩
বাবুই ফাবুই ফদি ফিরে ঝাঁকে ঝাঁকে ।
ডালে বসে হাপানে ফটিক জল ডাকে ॥ ৬৪
শামা কোল করতোক কুলিক কাজলা ।
রাজহংস হাড়গিলে হলদে হারতালা ॥ ৬৫

আবার অভিমানে কয় ওরে পক্ষ, পক্ষে কিছু হও সাপক্ষ,
বিপক্ষ হইয়াছে প্রাণনাথ ।
যদি বিপক্ষ হও উভয় পক্ষে, তবে ভাল হয় আমার পক্ষে,
এক পক্ষে করিস নে পক্ষপাত ॥ ৬৬
ওরে কৃষ্ণবর্ণ পক্ষ, আমার দিনে রজনী কৃষ্ণপক্ষ,
কৃষ্ণ এ পক্ষের দুঃখ জানে ।
দেহপিঞ্জর হৈতে ওরে পক্ষ, উড়ে গেছে সেই শুক পক্ষ,
বিধি যদি দেয় পক্ষ উড়ে যাই সেইখানে ॥ ৬৭
যাবে কত শত পক্ষ, তবে বক্ষ[1] হবে সাপক্ষ,
অপর পক্ষ পরে আছে কথা ।
এক পক্ষ মধ্যে মরি, পক্ষ রে তোর পায়ে ধরি,
করিবে রে কিঞ্চিৎ সাপক্ষতা ॥ ৬৮
তোরে বিনয় করি বলছি ডেকে, প্রাণবন্ধুরে দে রে ডেকে,
একবার গিয়ে ডেকে তার কানে ।
তোর ডাক সে শুনলে পরে, ডাক ধরে আসিবে ঘরে,
ডাকাতে ডাক তো শুনে নাই সেখানে ॥ ৬৯

* * *

বসন্ত—খৎ

গেল তোর জ্বালায় এ প্রাণ ত রে একান্ত বাঁচিনে ।
যা রে কোকিল প্রাণকান্ত যেখানে ॥
ধনীর পতি-নিবাসে, তোর ধ্বনি সে ভালবাসে,
প্রাণপতি রইল যে বিদেশে, গেলি নে করে উপদেশে,
ওরে কোকিল সে দেশে তোর দ্বেষ এত কেনে ॥ ।ও

* * *

অন্য বিরহিণীর কাল বিভ্রম

কোকিলেরে এ প্রকারে কহিতেছে ধনী ।
তা শুনে কহিছে এক অন্য বিরহিণী ॥ ৭০
কেন গো সখি কোকিল পাখী প্রতি ভর্ৎসন কর ।
সখী বলে ও পাখী নয় বসন্তের চর ॥ ৭১

[1] পাঠান্তর : বন্ধু ।—সম্পাদক ।

শুনে বিরহিণী কয় হে গো এ কি বসন্তকাল।
আমার মাস ভুল হয়েছে সখী, এ কোন্ জঞ্জাল ॥ ৭২
আমি যেন বর্ষাকাল মনে ভেবেছিলাম।
হায় হায় প্রাণনাথের জ্বালায় সকলি ভুলে গেলাম ॥ ৭৩
তিথি করে লেখাজোখা থাকুক সহচরী।
কখন কখন রাত্রি কি দিন তা-ও বুঝিতে নারি ॥ ৭৪
যেমন বিকারের রোগী আতঙ্ক দেখে একে বলে আর।
গত বৎসর বরষা হইতে তাই হলো আমার ॥ ৭৫
করিতে বাণিজ্য ত্যাজ্য করিয়ে যুবতী।
রথযাত্রার দিনে গেল মোর যৌবনরথের সারথি ॥ ৭৬
কান্ত গেল পাছে পাছে ভ্রান্ত কি জন্মিল।
বর্ষাকালে এমনি আমার শরৎ জ্ঞান হইল ॥ ৭৭
গগনে গর্জ্জিয়ে মেঘ আমার জ্ঞান তায়।
শঙ্খধ্বনি হ'ল বুঝি দেবীর পূজায় ॥ ৭৮
মধ্যে মধ্যে বিদ্যুৎ করায় গগন আলা।
আমি ভাবি সন্ধি-পূজার দিচ্ছে দীপমালা ॥ ৭৯
এই মতে উলটে কাল যায় গো সই আমার।
শরতে হেমন্ত জ্ঞান হলো পুনর্ব্বার ॥ ৮০
দেবী পূজার ধুনার ধূমে করে অন্ধকার।
আমি ভাবি পৌষমাসে এ কুয়াসা সঞ্চার ॥ ৮১
শঙ্খধ্বনি উলুধ্বনি হয় পূজার জন্যে।
আমার জ্ঞান পৌষ আগলে যত কুলকন্যে ॥ ৮২
বিরহ-জ্বরেতে শীত লাগে অতিশয়।
নিদ্রা হয় না তাইতে রাত্রি বড় জ্ঞান হয় ॥ ৮৩
আবার বসন্ত-তুল্য জ্ঞান হয় হেমন্ত-কালে।
ধুমিয়ে বিচ্ছেদের আগুন পৌষ মাসে জ্বলে ॥ ৮৪
সেই আগুনে হয় প্রেমের সরোবর শুষ্ক।
বসন্তের তুল্য ক্রমে ক্রমে বলি দুঃখ ॥ ৮৫
ত্রাহি ত্রাহি করে প্রাণ লেগে গেল সে হুতাশ।
আমি ভাবি বুঝি আমার আগেরি চৈত্র মাস ॥ ৮৬
বিরহতাপেতে হৃদয়ের কুসুম প্রফুল্ল হইল।
আমি ভাবি এই বুঝি সই কাল বসন্ত এল ॥ ৮৭

একণে বসন্তে বর্ষা-জ্ঞান

বাহার—খং

সই, বসন্তে বরষা আমার জ্ঞান হয় মনে।
হলো উদয় বিরহমেঘ হৃদয়গগনে।
দুর্যোগ যেন সজনী অন্ধকার দিনে রজনী
তাহে বজ্রাঘাত সম কালকোকিল-ধ্বনি
আশা-তরুবর ভাঙিছে ঝড় মলয়া পবনে।
সদা বৃষ্টি নয়ন শূন্যে ভেবে মরি কুলকন্যে
বুঝি ভাঙ্গে ঘর লাগিয়ে কুলে অকূল বন্যে,
ইথে কে দিবে বন্ধন আমার প্রাণনাথ বিনে ॥ [৮]

* * *

সকলের মূল মন

শুনে অন্য বিরহিণী সেই ধনীকে বলে।
হে গো বরষা জ্ঞান হয়েছে তোর কাল বসন্ত কালে ॥ ৮৮
অন্য মনে সদাই থাকিস বাঁচলি মনের গুণে।
এ কাল বসন্ত-জ্বালা জানতে তো পারলি নে ॥ ৮৯
মন হতেই সই সুখ দুঃখ মন মজাবার মূল।
মন ভাবে যে পরের জন্যে কেবল মনের ভুল ॥ ৯০
সুখের কথা মনে হলে মনে মনে হাসি।
দুঃখের কথা হলে মনে নয়নজলে ভাসি ॥ ৯১
লোকে বলে কর্ণে শুনে জিহ্বার আস্বাদন।
সেটা মিথ্যা, সকলের মূল হয়েছেন মন ॥ ৯২
মন না দিয়ে খেলে দ্রব্য স্বাদ বুঝা কি যায়।
মন না দিলে হাজার ডাকে কান না শুনতে পায় ॥ ৯৩
সখী গো আমি পাপ মনকে বধিবার তরে।
ডুবিয়ে খাওয়াইলাম জল বিচ্ছেদ-সাগরে ॥ ৯৪
তবু তো মোল না মন আবার উঠিল ভেসে।
বলে দেখব বঁধু প্রাণ থাকতে এসে কিনা এসে ॥ ৯৫
মনের মতন নাই মন্দকারী পরের আগুন জ্বালি।
আপনি কান্দে প্রাণকে কান্দায় শরীর করে কালি ॥ ৯৬

মনে করি মন ধরবো দেখা দেয় না কোন কালে।
এক লাফে বৈকুণ্ঠে যায় এক লাফে পাতালে ॥ ৯৭

মন তো মনে টেনে আনে বিরহ-হুতাশ।
শুন গো সজনী আমার যে দুঃখ বার মাস ॥ ৯৮

* * *

বিরহিণীর বারমাস্যা

বৈশাখেতে গঙ্গাস্নান জলদান করে।
আমার বৈশাখে স্নানদান শুন যে প্রকারে ॥ ৯৯

বিচ্ছেদ-সাগর-জলে করি প্রাতঃস্নান।
নয়ন-জল-কুম্ভে অবিশ্রাম করি দান ॥ ১০০

জ্যৈষ্ঠ মাসে জামাই এনে লোক ভাসে আনন্দ-চিত্তে।
আমার বাপের জামাই বিনে সকলি সে মিথ্যে ॥ ১০১

আষাঢ় মাসে নামিলে চল যত সদাগরে।
তরণী লইয়া যায় বাণিজ্য ব্যাপারে ॥ ১০২

আমি তো তরণী তার যৌবন ধনে পোরা।
তবে কি ধনতত্ত্বে বঁধু আমার বর্ষাতে দেশ ছাড়া ॥ ১০৩

ধারা শ্রাবণের ধারা কি সই ব্যাখ্যা করে লোকে।
আমার বঁধু বিনে সে নয়ন ধারা কেউ নাহি দেখে ॥ ১০৪

ভাদ্র মাসে সর্ব্বদেশে নদী ভেসে হয় বান।
বঁধুর অনাবৃষ্টিতে মোর প্রেমনদী শুকান ॥ ১০৫

আশ্বিনে শরৎচন্দ্র ব্যাখ্যা বড় শুনি।
আমার দিনে আঁধার বিনে বঁধুর চন্দ্রবদন খানি ॥ ১০৬

কার্ত্তিক মাসে রোগের ভাগ বৃদ্ধি বড় দেখি।
আমার নিরোগী প্রাণ বঁধু দিলে বৈদ্যকে খুব ফাঁকি ॥ ১০৭

লোকে বলে শিশিরে বসো না জল বসিবে শিরে।
আমি সমুদ্রে পতিত শয্যা কি করে শিশিরে ॥ ১০৮

চারিমাস কাল শয়নকাল সকলে কয় বটে।
এ পোড়া কপালে শয়ন দুদিন যদি ঘটে ॥ ১০৯

অঘ্রান মাসে বিছে বেশে বড় হিংসা করে।
বঁধু বিচার করে না, সার বিছের কামড়ে ॥ ১১০

পৌষমাসে বঁধু আমার হয় না আনুকূল্য।
শীতের শক্তি বলিব কি শীতের দুঃখ তুল্য ॥ ১১১

দুরন্ত মাঘের হিমে সীমা দিতে নাই সই।
বঁধু হীন হয়ে রহিল হিমে তত্ত্ব করলে কই ॥ ১১২

দশমাস কাল পাই দুঃখ দশবিধ মতে।
এখন পড়েছি সে কালের স্বরূপ কাল বসন্তের হাতে ॥ ১১৩

দাখিল করিছে খুন কোকিলের রবে।
কুলে থাকা হল ভার ফুলের সৌরভে ॥ ১১৪

* * *

বাসন্ত কুসুমের জ্বালা

ফুলচয় হানে শূল বকুল করে ব্যাকুল
নাগপ্রায় নাগেশ্বর সর্ব্বদা কামড়ায় গো।
যাহার নাম অশোক সে যেন বাড়ায় শোক
গোলাপে নিরন্তর প্রলাপ বাড়ায় গো ॥ ১১৫

চাঁপায় কাঁপায় কায় ঝুমকায় চমকায় তায়
সই রজনীগন্ধায় রজনী দগ্ধায় গো।
আছে ত ফুল নানা জাতি জাতির সে কি বজ্জাতি
জাতি রাখা হল দায় জাতির জ্বালায় গো ॥ ১১৬

কামিনী নামেতে ফুল কামিনীরে প্রতিকূল
কামিনী কামিনীর দুঃখ জানা সমুদায় গো।
ভেবে তনু কাষ্ঠপ্রায় দহে কাষ্ঠমল্লিকায়
দোপাটি দু'পাটি দন্তে কপাটি লাগায় গো ॥ ১১৭

* * *

মদন কালেকটরের তাগাদা

এ সব ফুলের জ্বালা এড়ান দুষ্কর।
আবার ফুল হয়ে এসেছে সখি মদন কালেকটর ॥ ১১৮

তার ডেপুটি হয়েছে কোকিল অবলার প্রাণ বধতে।
বিরহিণী সব সোপদ্দ হয়েছে দোয়েম কাগুনের মধ্যে ॥ ১১৯

করের তরে করে ধরে করে শশব্যস্ত।
কুলের ভয়ে খুলে বঁধুকে লিখিলাম সমস্ত ॥ ১২০

উত্তর লিখেছে পতি আমার উত্তর দেশ হতে।
এক্ষণে আমার যাওয়া হয় না কোন মতে। ১২১
দেখ প্রিয়সী রেখো মান হইও না পরহস্ত।
বরদাস্তকে জামিন দিয়ে করো বন্দোবস্ত। ১২২
নির্ম্মল কুলেতে মেখো না কলঙ্কের পাঁক।
বরষা বাদে আমি গিয়ে করসা করিব আঁক। ১২৩
এমন বরদাস্ত মোর জামিন হয় না হয় কি তবে সখী।
রয় কিসে কুল ভেবে আকুল মদন ছাড়ে না বাকী। ১২৪
পরহাজির ডিক্রি হলো হায় হায় কি হবে।
ডঙ্কা দিয়ে বেচিব ঘর, কার ঘর কে লবে। ১২৫

* * *

বসন্ত—কাওয়ালি

কে বাঁচাবে সজনী গো বসন্তে।
তার আসা দূর আশা আছে ভরসা
বরষা গেলে পাব প্রাণকান্তে।
বসন্ত রাজা কি বখিল গো, তার কোকিল উকিল
দাখিল করে খুন অখিলপতি হরি পারে দুঃখ জানতে।
বুঝি হারাই গো আজি সবে সৌরভে গৌরবে
কুল কি রবে কোকিলের রবে
বল সখী কি হইল মোর গো
আবার ভ্রমর পামর কি মোর হল বাদি
গুমরে মরি মরি লাগে খিল দন্তে। [ছ]

* * *

আশাহীনা বিরহিণী

আর এক বিরহিণী বলিছে কাছে
হে গো তোর তো আসিবার আশা আছে
যাহোক তারে পাবি আগে পাছে।
বৈশাখে বীজ ফেলে চাষায় পৌষ মাসে পাবার আশায়
আসার আশায় লোক বাঁচে। ১২৬
যারা করে যোগধর্ম্ম শুকিয়ে করে অস্থিচর্ম্ম
আশা আছে কৃষ্ণপদ পাবে।
আশাতে লোক পুত্র পালে হবে সুখ উত্তর কালে
উপযুক্ত হলে দুঃখ যাবে। ১২৭
হাতের বিষয় ফেলে জলে আশাতে লোক যুক্তি খেলে
বলে পাই তো পাব এক দিয়ে এক শত।
আসন্ন কালে আশা রাখে বিষয় কথা বলে না কাকে
বলে বাঁচি যদি তো প্রকাশ হবে অর্থ। ১২৮
মাছধরা মাছ পাবার আশে যোগাসনে থাকে বসে
বড়শী ফেলে এক দৃষ্টে মরে।
যদি মোছাবেরা কি না পায় বাবুলোকের মন যোগায়
আশা যদি কালকে কপাল ফেরে। ১২৯

* * *

কিন্তু সখি আমার আশা নাই—

কানেড়া-বাহার—তেওট

কত করিব সই তার আশা
নাথের আসা অগস্ত্যমুনির আসা।
যুবতীর যৌবন ফুরাবে, হারাইয়া তিথি গঙ্গা যাবে,
সই আসিবে কি প্রাণকান্ত আবার হৈলে সতীর অন্তর্দ্দশা। [জ]

* * *

যৌবন-জ্বালা

দশ বৎসর বিয়ে ক'রে আমাকে ফেলে দশায় ফেরে
দশ বৎসর দশ দিনের পথ ছাড়া।
থাকতে পতি একাদশী একাদশী হতেই একাদশী
এমন কপাল কার পোড়া। ১২৩
যখন বয়স হলো বার, মনে আশা পাব এবার,
তাতে পড়লো কচে বার, আশায় পড়িল ছাই।
আবার ভাবলাম পাব তেরতে, সে নাই মোর তিন তেরতে,
যেমন কপালে আমার ভারতে এমন কারু নাই। ১২৪
পৌঁছছিলাম সই ক্রমে ক্রমে চৌদ্দ বৎসর বয়ঃক্রমে,
কোন ক্রমে পাইনে সই তারে।
চৌদ্দবৎসর করেম গত, লক্ষণের ফল ধরার মত
হৃদয় মাঝে দাড়িম্ব ফল ধরে। ১২৫
তবু ক্ষান্ত হয় না মন, পনর পর্য্যন্ত পণ,
তাহাতে হলো না দেখা দেখি।

যখন ষোল হলো পূর্ণ ষোলকলা পরিপূর্ণ
তখন ভাবিলাম আমি সখী। ১২৬
তার সঙ্গে এত বাদ, সম্পর্ক করে বাদ,
বাদ করে সংবাদটি দেওয়া নাই।
যৌবন হইল গত হল না সে হস্তগত,
কতদিন রাখিব আশা বাই। ১২৭
আর নাই মোর আশা বল, আশাকে দিলাম রসাতল,
জলে মরিলাম আশা বাই লয়ে।
এখন সে বাই ঘুচাইলাম সখি বিচ্ছেদ বিষ্ণুতৈল মাখি
নৈরাশ নারিকেল-জল খেয়ে। ১২৮
রেয়ের[১] নাড়ী হইল লোপ বৃদ্ধি হল কফের কোপ
ঘেরেছে মদন সন্নিপাতে।
মলয়া পবনে কম্পদাহ, ভ্রমরে হল তন্দ্রা-মোহ,
ডাকিছে কোকিল যমদূতে। ১২৯
মদন-বিকার বিষম এ রোগ, পতি ইহার বিষ-প্রয়োগ,
সে ঔষধ তো মিলিবে না কপালে।
বিপাকে হয় মরণ সই, পরের পতির শরণ লই
ঔষধার্থে সুরাম্পিবেৎ বলে। ১৩০
ঘুচাব মদন-আসক্তি, প্রাণান্তে পাতক নাস্তি,
বাঁচাই প্রাণ, দান করে যৌবন।
চাণক্যের শ্লোক মতে দোষ কি যৌবন-দান দিতে
তন্নষ্টং যন্নদীয়তে চিন্তা কি কারণ। ১৩১
যদি বল ফল কিছু হবে না যৌবনদানে।
সতীর ক্রিয়া হয় না পতির অনুমতি বিনে। ১৩২
অগোচরে যৌবন দান করা সিদ্ধি হয়।
প্রেমকরা প্রার্থনা এ তো পোষ্যপুত্র নয়। ১৩৩
যদি বল কুলশীল যাবে—
যৌবনদান দিলে পরে কুলশীলমান যদি হরে,
দানের ফলে তো হতে পারে তা কে করিবে নয়।
যেমন অকালে দেখিলে জগন্নাথ পূর্ব্বপুণ্য হয় নিপাত
দরশনের ফল তো তার হয়। ১৩৪
যা হউক মন্দ হয় হউক ধর্ম্মকর্ম্ম রউক না রউক
মর্ম্মজ্বালা সম্প্রতি যাউক ঘুচি।
পরাণ সঁপিব পরে, যা হবার তাই হবে পরে,
এক পাহাড়ি বাঁচিলে পরে হাজার পাহাড়ি বাঁচি। ১৩৫

* * *

বাহার—খং

সই অনেক সুজন মেলে আমায় কই।
ইথে হব কলঙ্কী কিছু দিন তো সুখে রই।
সই আমারে আর প্রবোধ বাক্যে, কতদিন আর করবি রক্ষে
আর হবে না সাপক্ষ বঁধু দুঃখিনীর পক্ষে
আমি বক্ষে করে বক্ষের ধন আর কতকাল রই। [ঝ]

* * *

বিরহিণীর পরপুরুষ প্রীতি

মনে সাধ করেছি সখী মন সঁপিব পরে।
কিন্তু সুজন বিনে মজিব না, ভজিব না মূর্খ নরে। ১৩৬
সাধ করেছি সাধের যৌবন দিব সেই নাগরে।
বিচ্ছেদের সঙ্গে যদি জন্ম-বিচ্ছেদ করে। ১৩৭
আমায় না দেখিলে যেন বুদ্ধিশুদ্ধি হরে।
আমি যেন হই তার হরে কৃষ্ণ হরে। ১৩৮
স্বার্থের মত ছেড়ে যেন আমার মত ধরে।
তবে পীরিত করি যদি জ্ঞাতি দিয়ে পেট ভরে। ১৩৯
করিব পীরিত করিব না সই কিন্তু সুজন ভিন্ন।
তুমি যদি জান সখী, সুজনের চিহ্ন। ১৪০
পরচিত্ত অন্ধকার করে ফেরে পড়িব।
পাছে মতি বলে দুর্মতির জ্বালায় রতির মালা পরিব। ১৪১
শিক্ষালয়ে নিজে দেখিব লক্ষণালক্ষণ।
পাছে ক্ষুধার জ্বালায় করিব অভক্ষ্য ভক্ষণ। ১৪২

প্রেমবিলাসীর পরিচয়

বিরহিণীর কথা শুনি বিরহিণী কয়।
সখী পিরীতের সন্ধান যদি নিতে বাঞ্ছা হয়। ১৪৩

পাঠান্তর: ১ বেয়ের ?—সম্পাদক।

প্রেমবিলাসী মনোগ্রামে প্রবীণা এক ধনী।
জিহ্বাগ্রে করছেন তিনি প্রেমের গ্রন্থখানি। ১৪৪

দুদিন বই নিরানব্বই বয়স হবে সাঙ্গ।
একান্ত পেয়ে ক্ষান্ত নাই করিতে অঙ্গ সঙ্গ। ১৪৫

শতমারী সহস্রমারী পিরীতের বাজারে।
বহাল বরখাস কত হাজারে হাজারে। ১৪৬

দুয়ারে প্রেমের নবত বাজিত নব অনুরাগে।
তিল থুতে গায় জায়গা নাই কলঙ্কের দাগে। ১৪৭

দুই চক্ষে ছানি পড়েছে প্রেমের কান্না কান্দি।
বিচ্ছেদের বোঝা বইতে বইতে মাথায় নাইক চান্দি। ১৪৮

আশি বৎসর ডাকাতি প্রেমের সরবরাহ করে।
হুজুরে জানিত হয়ে এখন বসে আছেন ঘরে। ১৪৯

নিশ্চিন্ত আছেন আর কাছারীতে না যান।
এখন বসন্ত রাজার সরকারেতে পেন্‌সন্ খান। ১৫০

* * *

পরপুরুষ পরীক্ষা-কৌশল

পর পুরুষের পরখ সেই জানে—
যেমন, বাবুর পরখ সখে, টাকার পরখ নখে,
চোরের পরখ মুখে, রসিকের পরখ চক্ষে,
বন্ধুর পরখ অসময়, কপাল পরখ চেষ্টা হয়
ফলে বা না ফলে।
বস্ত্রের পরখ মাজার দেখা, নেয়ের পরখ তুফানে রাখা,
বালকের পরখ শুধালে লেখা মুখে মুখে বলে।

আগুনে হয় ধাতুর পরখ, ব্যবহারে হয় জাতির পরখ,
গায়কের পরখ তালে।
হীরের পরখ জহরি-মাঝে, জিরের পরখ বেনের বোঝে,
বীরের পরখ মোথালিপ পৌছিলে।
রও বামনের পরখ হয় মিনতি বাক্য শুনে।
রন্ধনের পরখ লবণে, মন পরখ অনুমানে,
ঘোড়ার পরখ কানে, পরপুরুষের পরখ সেই প্রেমবিলাসী
জানে। [আ]

* * *

প্রেমবিলাসী ও বিরহিণী

শুনে ধনী অমনি যান যথা প্রেমবিলাসী।
নিবেদন, বেদন, রোদন জানায় আসি। ১৫৪
বলে সখী শুনিলাম তোমার খোসনামি।
বসন্ত রাজার দায়ে দায়গ্রস্ত আমি। ১৫৫
দেহ প্রেমশিক্ষা যাতে বক্ষে হয় শেষ।
গুরু কর্ণে সকলেরি আছে গুরু-উপদেশ। ১৫৬

* * *

কানাড়া বাহার—তেওট

তুমি প্রবীণা প্রেম বিনা এ নবীনার
মদনের দায়ে প্রাণ গেল।
শিক্ষে দে প্রেম করিব অন্ত, তুমি নাকি প্রেমের সিন্ত,
শতমারি ভবেং বৈদ্য তুই, শুনে যুবতী এলো।
কিছু সঞ্চিত বিষয় আমার আছে লো,
করে মতান্তর রাজকর দিলে পর
অবসর হয়ে বাঁচি মদনের কাছে লো।
অন্য ধন নাই সবে মাত্র, আছে কিছু যৌবন যোত্র, সই,
পতির আশায় রয় না আর তো পাত্র বুঝে দিতে হলো।(এ)

* * *

প্রেমবিলাসীর পিরীতি ব্যাখ্যা

প্রেমবিলাসী বলে তোকে বলি বলি বোস।
পিরীত হয়েছে ত্রিদোষপ্রাপ্ত তিন অক্ষরেই দোষ। ১৫৭
পি রী তি
পি-য়ের দোষ হন্দ জেনো পিলুড়ি সাজায় ভোগী।
পৃষ্ঠে মৃত লাগে যেন পৃষ্ঠাঘাতের রোগী। ১৫৮

এ পিরীতে পি-র অর্থ কি পীতাম্বর মানে।
পিতার সঙ্গে প্রীত থাকে না পিসাপিসী কোন খানে ॥ ১৫৯
প্রত্যহ পিরীত যাতে পিছে হয় প্রমাদ।
প্রকৃত কর্মের হানি পিতৃপিণ্ড বাদ ॥ ১৬০
পিরীত করে পিরীতে পড়ে পেটে পিলে ধরে।
পীড়ে কেবল পেতে হয় পীরের গহ্বরে পড়ে ॥ ১৬১
পণ্য কি প্রতিষ্ঠা কেবল পঞ্জরেতে পোড়া।
পিরীত লয়ে পিশাচে পায় পিছলে পাঁকে পড়া ॥ ১৬২
রিপু-দোষে রিপু হাসে সদাই রেষারেষি।
পিরীতের রি-য়ের দোষে রীতবেগরে ঋষি ॥ ১৬৩
রিক্তহস্ত অতিরিক্ত রিপুবুদ্ধি জানি।
ঋতুরক্ষা হয় না ঘরে হলে পরের ঋণী ॥ ১৬৪
ঋ ঋ [2] ঃ ভুলিলে হয় ঋতু রাজার বশে।
জুহ্বা[1] করে রি রি সদা পিরীতের বশে ॥ ১৬৫
তিক্ত বিরক্ত হয় প্রাণ চক্ষে তিমির দেখে।
তিষ্ঠন ভার তিলটি পেলে তালটি করে লোকে ॥ ১৬৬
তৃপ্তি নাই তবু তাতে মন তিন সন্ধ্যা ধায়।
কলঙ্ক তিলেকের দাগে তিল থাকে না গায় ॥ ১৬৭

* * *

কৃষ্ণপ্রেমের মহিমা

অতএব, যত পাজী-পুজরো গণ্ডমূর্খে, মন সঁপে যায় জন্মদুঃখে
প্রেমের শিক্ষা বলি গো তোর কাছে।
আর সকলি অপকৃষ্ট, ত্রিলোকের মধ্যে শ্রেষ্ঠ,
কৃষ্ণ নামে একটি পুরুষ আছে। ১৬৮
তাতে যার প্রীতি হয়, তার প্রীতি নিবৃত্ত হয়,
কীর্ত্তি রয় যে করে তায় সখা।
অন্য প্রেম নয় চিরস্থায়ী, তার প্রেমে বিচ্ছেদ নাই,
মরিলেও তার সঙ্গে হয় দেখা ॥ ১৬৯
গুণ একটি ভারি তার নিজগুণে করে পার,
নিগুণে যদ্যপি ডাকে কেন্দে।
জানি না কোন্ জাতির ছেলে, অনুমানে জ্ঞান হয় জেলে,
মায়াজালে জীবকে রেখেছে বেন্ধে ॥ ১৭০
আর একটু বলি ভাব, তার সঙ্গে যার ভাব,
জাল-মধ্যে তাহারে না লয়।
কিন্তু মন যোগান ভার তারে, মনের কথা বুঝিতে পারে,
কপট মনের কর্ম্ম নয় ॥ ১৭১

শুনে শিক্ষা রসবতী, কৃষ্ণপ্রেমে হৈল মতি,
বলে সখী পাই কোথা বল না।
প্রেমবিলাসী বলে শুন, বনে কর গে অন্বেষণ,
সে নাগরের নাগাল পাবে না ॥ ১৭২
এই কথা কর্ণে শুনে, কৃষ্ণপ্রেমের অন্বেষণে,
রমণী অমনি যায় ত্বরা।
যায় দিয়ে শত মধ্যে, যেতে যেতে পথ মধ্যে,
রমণী-মণ্ডলে পড়ে ধরা ॥ ১৭৩
শুধায় যত রমণী কোথা যাস গো বিরহিণী,
বলে মৃদু ভাষা।
ঘুচালে মদন আহার-নিদ্রে দায় পড়ে যাই বনমধ্যে
মনোমধ্যে কৃষ্ণপ্রেমের আশা ॥ ১৭৪
তারা বলে ফের ফের, কার কোথায় বাঁধাবি ফের,
পোড়াকপালে কৃষ্ণকে তুই ভজবি।
কি ভেবেছিস হে গো সখি, মদন জ্বালা ঘুচাতে কি
মদনের বাপের সঙ্গে মজবি ॥ ১৭৫
তার ছেলে দৌরাত্ম্যি করে, ছেলের দোষ কি বাপে ধরে,
মিথ্যা তুই শরণ নিবি তার।
পুত্রের অধিকার ঘুচিয়ে সে কি স্বর্গে যাবে তোকে নিয়ে,
কৃষ্ণ তো করিবে না অঙ্গীকার ॥ ১৭৬
কেবল পড়বি মদনের দুনো কোপে,
পেলে কাটিবে একটি কোপে,
ঘটিবে জ্বালা চটিবে তার সনে।
দিনে দুপুরে রতিকান্ত জ্বালা দিবে অধিকান্ত,
কেঁদে মরিবি প্রাণকান্ত বিনে ॥ ১৭৭

পাঠান্তর: ১ জিহ্বা ?—সম্পাদক।

কথা শুনে আকুল হয়ে প্রেমবিলাসী কাছে গিয়ে
কান্দিয়ে কহিছে কুলকন্যে।
ভাল দেখিয়ে দিলি স্বরীত, ভাল তো করেছিলাম পিরীত,
ফিকির বলা তোর ফকির করিবার জন্যে। ১৭৮
গিয়েছিল বুদ্ধি-বল, নালা কেটে আনিলাম জল,
চক্ষের জল আরো বেড়ে যেতো।
ভাগ্যে শুনিলাম সমাচার কৃষ্ণসঙ্গে প্রেমাচার
করিলে নৃপি প্রমাদ ঘটিতো। ১৭৯

* * *

বাহার—খং

যদি না রহে একান্ত কান্ত বিরহে জীবন।
নই করিব না আমি কৃষ্ণ আরাধন॥
কৃষ্ণ যেমন করুণাময়, ভাবে পেলেম তার পরিচয়,
পিতৃতুল্য উদয় যার কুলে মদন॥ (ট)

* * *

পরে মদন বাঙ্গালা শাসন করিয়া কামরূপ যান। তথায় ভেড়া বানায়। পরে হিন্দুস্থান শাসন করেন। পরে পঞ্চবাণ লয়ে পঞ্চকুট যান। আমি অবলা ধন রক্ষের কারণ।

পতির প্রতি বিরহিণীর উক্তি

একজন নব যুবতী তীর্থে যার যাচ্ছে পতি
বসন্তের নব অনুরাগে।
কহিছে নবযৌবনী কোথা যাও হে গুণমণি
তুমি যাবে কি আমি গেলেম আগে। ১৮০
যৌবন জো ঘরে পুরে বিচ্ছেদ আগুন দান করে
বধ করে রমণীকে চললে।
চললে করি নারী হত্যে এ পাপ কি যাবে তীর্থে
যাও হে বঁধু যা হবার তাই করলে। ১৮১
কিন্তু মরণ হচ্ছে যৌবনকালে গর্ভে না জন্মিল ছেলে
তোমা বৈ আর গতি আমার কই।
গয়া গিয়ে পিণ্ড দিও কাশী গিয়ে দণ্ডী হইও
উভয়েতে মুক্তি যেন হই। ১৮২

ছলে কয় রসবতী হেদে হে নিদয় পতি
সর্ব্বস্ব লয়ে সঙ্গে আমায় চললে ফেলে।
আমি কি রূপে ঘর চালাইব নিত্য কত পলাইব
বসন্ত রাজার পেয়াদা এলে। ১৮৩
পুরুষ কহিছে প্রিয়ে যাচ্ছি মাত্র হাত পা লয়ে
কি ধন লয়েছি আমি সঙ্গে।
ঘরকন্না সমর্পিয়ে সব তোমাকে দিলাম প্রিয়ে
নানা আভরণ রৈল অঙ্গে। ১৮৪
শুনিয়া ধনী কহিছে এ ঘরকন্না কেবল মিছে
মলয়া বাতাসে ঘর উড়িবে।
তুমি না থাকিলে পরে বন্ধন ছাড়িবে ঘরে
কিম্বা বিচ্ছেদ আগুনে ঘর পুড়িবে। ১৮৫
রমণীর সর্ব্বস্বধন পতি বৈ কি প্রয়োজন
তুমি গেলে বিষয় কি থাকিবে।
সাধ্য কি যে ঘরে তিষ্ঠি তুমি গেলে যাবে সৃষ্টি
বসন্ত রাজার দৃষ্টি বসনে কি ঢাকিবে। ১৮৬
গহনার সুখ যত বলি পাসুলি হয় পায় শূলী
তুমি না থাকিলে পরে কি করিবে নূপুরে হে।
পায়ে দিয়ে পঞ্চম-গুঞ্জরি সাধ্য কি যে কাল গুজারি
পৈছে দেবে পৌছে শমনপুরে হে। ১৮৭
তাড়না করিবে তাড়, হারে বিদ্ধিবেক হাড়,
কণ্ঠমালা কণ্টক হইবে হে।
অভিমানে মরিব ফুলে, কি করিবে কর্ণফুলে,
ফুলে না বসিলে ভৃঙ্গ মূলে সুখ না রবে হে। ১৮৮
ঋতুরাজার পড়িবে ঢেঁড়ি, কি করিবে কর্ণে ঢেঁড়ী,
গোখুরো যেন গোখুরা প্রায় কানেতে দংশিবে হে।
জলে মরিব কুলবালা, কি করিবে কানবালা,
কোকিলের গানে কান কি রবে হে। ১৮৯
তুমি না করিলে স্মৃতি, শিরঃপীড়া হবে স্থিতি,
স্মৃতির বচন তুমি পাপের ভাগী হবে হে।
ফেলিয়ে প্রফুল্ল ফুল, পতি হইলে প্রতিকূল,
কুলবতীর কুল কি করিবে হে। ১৯০

* * *

বসন্ত—কাওয়ালি

দহিবে জীবন মম অনঙ্গ।
রসময় এ সময় গেলে প্রবাসে
নবীনে মরে বিনে তব সঙ্গ॥
ফুটিলে ফুল রসময় হে, যত পতঙ্গ রবে প্রাণ আতঙ্কে
যাবে বঁধু বিহঙ্গ কোকিলে ডাকিলে প্রাণ সঙ্গ।
মদন হানিবে হে ফুলবাণ, কুলমান যাবে প্রাণ,
শেষে সাজিবে না অভিমান, কামিনীর কাল সে মদন হে।
অতি অকর্ম্ম করে, সতীর সতীত্ব হরে,
শরে বাঁচে কি রমণী যাতে হরের ধ্যান ভঙ্গ॥ [ঠ]

* * *

মদনের দিগ্বিজয়

হেথা বসন্ত কোম্পানীর চর, মদন মেষ্টর গবরনর,
মুলুকগিরি করেন সৈন্য লয়ে।
দক্ষিণ রাজ্য শাসি তামাম, কামরূপেতে যান কাম,
যেখানেতে গাছচালানে মেয়ে॥ ১৯১
তারা হাতে করছে জলপড়া, বলে বেটাকে বানাব ভেড়া,
তাড়া খেয়ে মদন চঞ্চল।
ধনুক সন্ধান পরে, সেই দিনে যান দিনাজপুরে,
দিনাজপুরে সইল নাকো জল॥ ১৯২
সেইখান হইতে প্রস্থান, আমল করতে হিন্দুস্থান,
খোট্টার বড় আটা ঘরকন্না।
দাঙ্গাবাজ ঘরে ঘরে, লাঙ্গা তলোয়ার করে,
রাহিলোকে আগুন একটু দেয় না॥ ১৯৩
মদন গিয়ে প্রবেশিলে, অন্তঃপুরে অন্তঃশীলে,
ঘাগরি আঁটা নাগরী মজাইছে।
খসম বিনে বিষম ঘরে, বিবিগণ সব বিবয়ে[১] মরে,
কান্দি বিবি কহে নানীর কাছে॥ ১৯৪

বসন্ মেঁ খোলিয়া ডেরা, কব আওয়েগা চৌবে মেরা,
চৌদা রোজছে মেঁই পিয়া নেই পানি।
ভিতর মেঁ লাগায়ে অঙ্গি, মদন কী বাৎ ক্যা কহঙ্গি,
এচ্ছে নডনা মর্দ্দ কি মর্দ্দানী॥ ১৯৫

* * *

খাম্বাজ—আড় খেমটা

ক্যা করে নানি মদন যে গুরে ককোল হুয়া।
পিয়ের রে দরদী সার হঁয়া খসমনে পরদেশ গিয়া।
আওবে নানা এতনা বহুত রোজ গিয়া।
বিবি সব চাঙ্গা হোগা তব হাজিরি লেগা মেরা ময়া[২]।
নয় নাহে নিকারে পানী নয়নামেঁ নিয়া যাতাহা।
জাহান্ মেরা জায় হে ফুকারে কোকিল চিড়িয়া॥ [ড]

* * *

কৃষ্ণপুত্র কন্দর্প, মুলুকে বাড়িল দর্প,
দখল করিল হিন্দুস্থান।
সেখান থেকে দিয়ে ভঙ্গ, নাগপুরে লাগায় রঙ্গ,
পঞ্চবাণ পঞ্চকুটে যান॥ ১৯৬
বীরভূমে বীরদর্প করে, চটক করি যান পরে,
ফটক ভেঙে কটক করেন জয়।
ভ্রমর কোকিল উত্তর পাশে, সঙ্গ করি রঙ্গে বসে,
বঙ্গদেশে হইলেন উদয়॥ ১৯৭
বঙ্গদেশী বিরহিণী, বিরলে বিরহ কাহিনী,
বিরসে বিবশে কয় মদনে।
কি কাম তোর অজ্জিত তবে বল মান প্রত,[৩]
বাড়ায় নাকি বার্ত্তা শুনে॥ ১৯৮
শুনাইয়া দিলা কাম, হিতার্ ভাতারের নাম,
ঝাপ দিমু কি বাগিরতী জলে।
ডুইলা দেয়ে জোরে আকি, এদেরে কোহিলা পাকি,
গোমাইয়া ডাহিস কেন ডালে॥ ১৯৯

* * *

পাঠান্তর: ১ বিরহে?—সম্পাদক। ২ মিয়া?—সম্পাদক। ৩ মনঃপুত—সম্পাদক।

বাহার—যৎ

বঁধু যেহানে কোহিলা সেহানে না যায়।
ঐ কোহিলা পুঙ্গির বাই ডাকে হে তোমায়।
গুচাইলা প্রাণ অরি অরি,
ইচ্ছা অয় বিষ কাইয়া মরি,
বান্তার ঐলা দেশ চাড়ি বাগ্যে না মিলায়। [চ]

বিরহ

বিরহিণীদের দুঃখ

কতকগুলি বিরহিণী বিরহ-জ্বালায় জ্বলিছে।
আপন আপন দুঃখের কথা পরস্পরে বলিছে। ১
কেউ বলে ভাই ছোটবেলায় আলাপ করেছিলাম।
সেই অবধি তার সঙ্গে রঙ্গে দিন কাটালাম। ২
সম্প্রতি ছেড়েছে আমায় ফাল্গুন মাসের বিশে।
আমার সঙ্গে বিষদৃষ্টি হলো জানি নে কিসে। ৩
ভাল মন্দ কোন কথা বলি নাই তাকে।
ডাকিলে পরে দেয় না দেখা বেড়ায় ফাঁকে ফাঁকে। ৪
কেউ বলে, ভাই তোর তো ভাল আমার কপাল মন্দ।
দিবারাত্র আমার সঙ্গে করে মিছে দ্বন্দ্ব। ৫
সোনার বরণ কালি দিদি হয়েছে তার পাকে।
ভাল কথা বললে পরে মন্দ ভাবে তাকে। ৬
আর এক বিরহিণী বলে বলিব কি আর বল।
আমার নাগর ছেড়ে গেছে মাস পাঁচ ছয় হল। ৭
সরোবরের ঘাটে যদি কখন দেখা হয়।
মুখে যাব বলে কিন্তু কেজো কাজে নয়। ৮
কেউ বলে ভাই পরের লেগে মজালাম জাতিকুল।
লভ্য করিব বলে শেষে হারাইলাম মূল। ৯
পরের সঙ্গে করে আলাপ থাকে নাকো পরে।
দেখছে শুনছে ঠেকছে লোক তবু তো আলাপ করে। ১০
তবে কারু কপালগুণে শতকে দুই একজন।
চিরকালটা কাটায় সুখে করে না অন্যমন। ১১
যদি কোন যুবতীর সঙ্গতি থাকে খাওয়ায় ছানা ক্ষীর।
সেটা শুধু আলাপ নয় লো দিদি টাকা নিবার ফিকির। ১২
দিয়ে টাকাকড়ি যত বুড়ী করে রাখে বশ।
কেজো কাজে নয় লো তার মুখে কেবল রস। ১৩
যৌবন গেলে নাগর রাখা কার বা বাপের সাধ্যি।
সেটা কেবল জান ভাই ভাঙ্গা হাটের বাত্তি। ১৪

* * *

ইমন—আড়খেমটা

পদ্মে না থাকিলে মধু, কি দেখে আসিবে বঁধু,
কোফল চাকি দেখে শুধু, মন ভুলে না।
পদ্মের সুখ সরোবরে, সুখ নইলে কি হংস চরে,
বিকার জন্মিলে পরে, সুস্থ সেবায় প্রাণ বাঁচে না।
দন্তের বিষয় হলে অস্ত, ভাঙ্গা ভুঙ্গায় আপনি ক্ষান্ত,
মহাজনের সর্ব্বস্বান্ত হলে গদিয়ান থাকে না। [ক]

* * *

নারীর যৌবন সম্পদ্

আর এক ধনী কহিতেছে

আলাপের রীতি তোমরা শুনতে চাও যদি।
পিরীত পরেশ তুল্য তার তুল্য পুরুষ মেলে যদি। ১৫
নয়নে নয়ন মিশায়ে থাকিবে নিরবধি।
সুখের তরঙ্গে রঙ্গে বয়ে যায় নদী। ১৬

মনের মতন মনোরঞ্জন মিলান যদি বিধি।
প্রেমের অনল প্রবল ঘোচে এমনি মহৌষধি। ১৭
তবে প্রেমের বিঘ্ন ঘটায় যদি বিচ্ছেদ বিবাদী।
তবে পলায় কুলশীল লজ্জা সরম আদি। ১৮
মনের মতন মেলা তার শতকে যদি ঘটে।
তার সঙ্গে করে আলাপ আলাপ কখন চটে। ১৯
তার কাছেতে করে মান মানের মান থাকে।
প্রাণতুল্য ভাবে তাকে প্রাণ দিয়ে প্রাণ রাখে। ২০
কয় মিষ্ট কথা দৃষ্টিমাত্রে সুজন যেজন হয়।
তার কাছেতে তুচ্ছ করি মদন রাজার ভয়। ২১
যে যৌবন গেলে, যায় না ফেলে হয় না ছাড়াছড়ি।
রসিকের সঙ্গে রসক্রমে হয় লো বাড়াবাড়ি। ২২
অরসিকের কাছে রস যৌবন যদ্দিন থাকে।
যেমন পাকা আম্র ফাঁকি দিয়ে খেয়ে যায় দাঁড়কাকে। ২৩
দেখ পদ্মের নাগর ভ্রমর বেটার কোমর ভেঙ্গে গেছে।
তবু স্বভাব-দোষে মরতে যায় অন্য ফুলের কাছে। ২৪
অরসিকের প্রেম তেমনি ঠিক থাকে না তার।
বিরহানল জেলে দিয়ে নিভায় নাকো আর। ২৫
পোড়া কপালে পুড়িয়ে মারে আর বলিব কি ?
এমন আলাপের রীতের মুখে আগুন দি। ২৬
শঠের সঙ্গে করলে আলাপ মজে নাকো মন।
পশুতে কি যত্ন জানে রত্ন কেমন ধন। ২৭
অমূল্য রতন হয় নারীর যৌবন।
রসিকে ত্যজিতে নারে ত্যজিলে জীবন। ২৮

প্রেমবস্ত প্রেমাধীন সঁপিতে হয় পরে।
রসিকের শেষ বলি যে শেষ রাখতে পারে। ২৯

সকলে কি বুঝিতে পারে আলাপের কি কর্ম্ম।
বিচ্ছেদকে ছেদ করিলে থাকে আলাপের ধর্ম্ম। ৩০

* * *

সুরট—পোস্তা

যে জানে আলাপের মর্ম্ম সে অধর্ম্ম করে না।
রত্ন বলি যত্ন করে যৌবন গেলে ছাড়ে না।
আছে বিধাতার সৃষ্টি, সৃষ্টির উপর অনাবৃষ্টি
যার যাতে লাগে মিষ্টি, তিতো মিষ্টি সে বুঝে না।
কেন কও কটু ভাষা, পরস্পর সমান দশা,
হলে পর মনটি কশা, ধনটি দিলেও আর ফেরে না। [খ]

* * *

উপপতি নিন্দনীয় কেন

চিরকাল আছে রীতি পতি আর উপপতি,
তা দিদি কিসে মন্দ হ'ল বল না।
ওগো দিদি ভারতে, লেখা আছে ভারতে
পিরীত ছাড়া কোন যুবতী বল না। ৩১

অম্বিকে আর অম্বালিকে সতী বলি কোন্ শালীকে
ব্যাসকে মানলে না ভাসুর বলে।
তার পুত্রবধূ কুন্তী যেমন রাজা তেমনি মন্ত্রী
উপপতি হতে হয় তার ছেলে। ৩২

যাকে বলে দ্রৌপদী সতী, পঞ্চজন তার পতি,
শুনহে পিরীতের রীতি, অহল্যা হরিল দেবরাজে।
মৎস্যগন্ধা পরাশরে, কুয়াসায় সৃষ্টি করে,
ব্যাসদেব জন্মে বনমাঝে। ৩৩

অঞ্জনা নিল পবনে, মন্দোদরী বিভীষণে,
সুগ্রীবের বামে বসিল তারা।
মানে না কেউ ভাসুর, রম্ভার কি ছিল কসুর,
আলাপ যেন বনপশুর বাড়া। ৩৪

দেখ ত্রৈলোক্য-তারিণী যিনি স্বর্গে নাথ মন্দাকিনী
শান্তনুকে লইলেন তিনি যাঁর পুত্র ভীষ্ম।
দেখি গুরুপত্নীর কর্ম্ম সকলের বাড়িল মর্ম্ম
মানে না কেউ ধর্ম্মাধর্ম্ম গুরুর দেখে শিষ্য। ৩৫

আলাপে পায় চতুর্ব্বর্গ, হাত বাড়ালে মিলে স্বর্গ,
আলাপ হতে চতুর্ব্বর্গ ফলে।
যে জন করেছে পিরীত, সে জানে আলাপের রীত,
বিপরীত হলেও সে কি ভুলে। ৩৬

* * *

খাম্বাজ—তেলেনা

তুম্ তানানা দের না দের না প্রাণ তো বাঁচে না।
ধাকিটি ধাকিটি বাজিছে রে তাল, একি হলো কাল
প্রাণ বাঁচে না॥
গাইছে রে ধনী ধনি মৃদঙ্গের ধ্বনি শুনিতে তাল।
বাজে ধাধা ধাকুট ত্রেকুট ত্রেকুট বাজে তেলেনা॥ [গ]

* * *

প্রেম-মহিমা

আলাপের রীতি আছে নানা, হয়ত মাটি নয়ত সোনা
আলাপ করে কত জনার কত লভ্য হ'লো।
কেউ বা চলে গেল স্বর্গে, কেউ বা পড়ে উপসর্গে
চিরকাল দুঃখেতে ডুবিল॥ ৩৭
ওহে মোক্ষ আলাপের পথে যায় যেই জন।
অনায়াসে মুক্ত হয় ভবের বন্ধন॥ ৩৮
ধর্ম্ম অর্থ কাম মোক্ষ চতুর্ব্বর্গ পায়।
ওলো এ আলাপে মজিলে কি আর ভবে আসিতে হয়॥ ৩৯
যাঁর আলাপে ধ্রুব শিশু গিয়েছিল বনে।
বহু কষ্টে পেলে পদ্মপলাশলোচনে॥ ৪০
প্রহ্লাদ নামেতে হিরণ্যকশিপু-নন্দন।
যার প্রেমে করেন হরি গরল ভক্ষণ॥ ৪১
এ প্রেমেতে মজা আছে ভাবে বুঝা গেল।
নৈলে কেন পদ্মাবতী পুত্র কেটে দিল॥ ৪২
মোক্ষ আলাপের গুণ এইরূপ সকলি।
অতঃপর সখ্যপ্রেম শুন তবে বলি॥ ৪৩
প্রেমের অঙ্কুর হয় করিলে যতন[১]॥ ৪৪
থাকে মুখে মুখে বুকে বুকে চক্ষের আড়াল করে না।
অদর্শনে বুক ফেটে যায় সুখ তাতে ঘটে না॥ ৪৫
বিচ্ছেদ ছেদন করে আলাপের মূল।
সদাই চঞ্চল মন বিরহে ব্যাকুল॥ ৪৬
হুতাশ নামেতে অগ্নি প্রজ্বলিত হয়।
নিঃশ্বাস পবন তায় ঘন ঘন বয়॥ ৪৭
মনপতঙ্গ পুড়ে মরে অনলশিখাতে।
ধৈর্য্যশান্তি নিবৃত্তি আদি পলায় তফাতে॥ ৪৮
অধৈর্য্য উত্তাপে মন পোড়ায় অনলে।
তাকে নিবাইতে নাহি পারে নয়নের জলে॥ ৪৯
ওলো এ আলাপে কত জন পোড়ে দেখতে পাই।
কেবল অপমান কলঙ্ক থাকে আলাপ পোড়া ছাই॥ ৫০
মোক্ষ সখ্য দুই প্রেম শুনিলে সকলি।
অতএব ফক্য প্রেম শুন তবে বলি॥ ৫১

ফক্য প্রেম

ফক্য প্রেমে ফক্কিকারি সকল প্রেমের ওঁচা।
তার আগাগোড়া ধোকার টাটি কোন্‌টা বলিব সাঁচা॥ ৫২
বেচে বাড়ীর পাটা কত বেটা ফক্য আলাপ করে।
বেড়ায় খিচুড়ী মেরে রাঁড়ের দ্বারে জেতের দফা সারে॥ ৫৩
তাদের বাবুয়ানা কি কারখানা ধোবার কাপড় নিয়ে।
কেবল তিলকাঞ্চনে রাত্রি কাটান ছেঁড়া চেটায় শুয়ে॥ ৫৪
থাকে হাটে পড়ে পত্নী ছেড়ে সদাই খুসি দিল।
জলপানের বরাদ্দ কেবল চৌকীদারের কিল॥ ৫৫

* * *

মূলতান—খেমটা

মরি কি বাবুগিরি দিয়ে ঠোঁটে গিরি, বেড়িয়ে বেড়ান।
আবাল শিক্ষে করেন ভিক্ষে, পরের খেয়ে দিনটি কাটান।
রাত্তি রেণ্ডী গাঁজাগুলি, ইয়ার জুটে কতকগুলি,
মুখেতে সর্ব্বদা বুলি, হট বলে দেয় গাঁজায় টান।
পড়ে থাকে রাঁড়ের বাড়ী, হয়ে তাদের আজ্ঞাকারী
হলে তাদের মনটি ভারি, হুঁকাটি কল্কেটি পানটি
যোগান॥ [ঘ]

* * *

পাঠান্তর: (১) ৪৪ শ্লোকের প্রথম চরণটি পাওয়া যায় নাই। —সম্পাদক

বিরহিণীদের প্রেম-সাধনা

আলাপের এই রীতি দিদি কেন কর মন্দ।
স্ত্রী পুরুষ উভয়ের পরে হয় মন্দ ॥ ৫৬
এক যুক্তি বলি তবে শুন সর্ব্বজনা।
বনে গিয়ে করিগে চল প্রেমের সাধনা ॥ ৫৭
আর একজন হেসে কয়, তোদের ওসব কর্ম্ম নয়,
প্রেমের সাধন করতে হলে বনে যেতে হয়।
কেউ বলিছে আমার মতে বনে কেন হবে যেতে
দিদির মতন বিধি আমার নয় ॥ ৫৮
যৌবন হইবে অতি রম্য তপোবন।
হইবে লাবণ্য তায় কুটির বন্ধন ॥ ৫৯
হায়া লজ্জা ধিকার চেলাগণ সাথে।
কলঙ্কের কমণ্ডলু করবি লো সব হাতে ॥ ৬০
বেণী কটা হবে জটা মাখালে বিভূতি।
বিরহ হইবে যেন কেশব ভারতী ॥ ৬১
কথা শুনি সকলের ভক্তি জন্মে শেষ।
সকলে উঠিল বলে বেশ বেশ বেশ ॥ ৬২
সকলেতে ঐক্য হয়ে বনে প্রবেশিল।
নদে আঁধার করে নিমাই যেন সন্ন্যাসে চলিল ॥ ৬৩
প্রথমেতে প্রেমের পথে যায় বিরহিণী।
এক লম্পট এলো তথা করতে রাহাদানি[১] ॥ ৬৪

* * *

লম্পটের আগমন

তখন বিরহিণী জিজ্ঞাসিল, কে তুমি হে বল বল,
আমি তোমার পরিচয় চাই।
সে বলে আমি লম্পট, পরের খেয়ে চম্পট
করি আমি, নাম ধাম কিছুই আমার নাই ॥ ৬৫
মুখে করি হট্ হট্, জলপান আমার বিস্কুট
পায়েতে ইংরাজী বুট, লোকের পোঁদে দিয়ে বেড়াই খোঁচা।
কথা কই সব লম্বা লম্বা, ঠাকুর ঘরে খাই রম্ভা,
সন্ধ্যা আহ্নিক অষ্টরম্ভা, গলায় পৈতের গোছা ॥ ৬৬
অপব্যয়ে বিতরণ, অধর্ম্মে সর্ব্বদা মন
তাতেই অর্থ বিতরণ, ধর্ম্ম নাই এক কাঁচ্চা।
যেখানে সেখানে খাই জেতের বিচার কোথাও নাই,
হাস্তমুখে অন্ন খাই, বলে থাকি আচ্ছা ॥ ৬৭
পরিবারে দেয় গালি, ঘরেতে নাহিক চালি,
সদাই নবাবি চালি, ভাল ধুতির কোচ্চা।
সদাই আমার দিল খুসি, মদে গেল কোশাকুশি,
ঠিকে রাঁড়ের অন্ন লুসি, নাম ধরি লোচ্চা ॥ ৬৮
লোচ্চার শুনিয়ে বাণী, সহাস্য বদনে ধনী
বলে তোমার পেলেম পরিচয়।
বসে কয় আশীর্ব্বাদ, ঘটে না যেন কোন প্রমাদ
যেন আমার যোগ সিদ্ধ হয় ॥ ৬৯

* * *

প্রেম-তপস্যায় বসন্ত-সেনার পলায়ন

ভক্তি ভাব কব কত, যেন ভক্ত ভগীরথ
করেছিল গঙ্গা আরাধন।
তখন কমলা বিমলা সরলা চাঁপা, আরম্ভিল পঞ্চতপা,
প্রেমতাপে তাপিত ত্রিভুবন ॥ ৭০
অধৈর্য্যতা গ্রীষ্মকালে, অসুখের কাষ্ঠজালে
হুতাশ করিল হুতাশন।
জ্বালিয়া বিচ্ছেদানল, ধ্যানে চিন্তে চিন্তানল,
কি কহিব তার বিবরণ ॥ ৭১
ব্যাকুল মেঘেতে ভীতু, পাইয়ে বসন্ত ঋতু
তাহে ধনী নাহি থাকে ঘরে।
নেত্রবারি অবলম্ব মহাশীতে জলস্তম্ভ
হেন তপ তপোবনে করে। ৭২
তপস্বিনীর তপের তাপে শমন পবন কাঁপে
ঋতুরাজার সিংহাসন নড়ে।
বসন্ত ভূপতি কন, দেখ দেখি হে মদন,
বনেতে তপস্যা কেবা করে ॥ ৭৩

পাঠান্তর : ১ রাহাজানি ?—সম্পাদক

একবার ত্রেতাযুগে নিষাদপুত্র তপ আরম্ভিল।
রামরাজ্যে বিপ্রসুত অকালে মরিল। ৭৪
কোকিল ভ্রমর আদি মলয় পবন।
বিরহিণীর নিকটেতে করিল গমন। ৭৫
তেজঃপুঞ্জ বিরহিণী দেখে ভয় পায়।
বসন্তের সেনাগণ পলাইয়ে যায়। ৭৬

*   *   *

বসন্ত বাহার—আড়খেমটা

কি করিবে বসন্ত-সেনা কি সূত্রে বা তারে আঁটে।
অনলে ফল ফলে না জল দিলে পর শুষ্ক কাঠে।
যৌবন না থাকিলে পরে, মদন কি করতে পারে?
লজ্জা পায় হাঁসের ধারে, তাতে ভেড়ার শিং না কাটে।
বস্তু না থাকিলে পরে, বিচার হয় কি প্রকারে?
চোরে চুরি করলে পরে, খুঁজিলে কি পায় মাঠে ঘাটে। (৬)

*   *   *

বসন্তরাজ ও বসন্ত-সেনা

তখন বসন্ত-সেনা পেয়ে লাজ, কহিতেছে মহারাজ
তাতে আমাদের নাহি সাধ্য।
হয়ে গেছে আয় ছাড়া, মিথ্যা তাতে ব্যয় করা,
দেখিলাম ভাঙা হাটের বাদ্য। ৭৭
তারি মধ্যে একজন, আছে তার যৌবন,
তাকে করিতে গিয়ে শাসন, পড়েছিলাম সংকটে।
হর সম পয়োধর, দেখিয়ে লাগিল ডর,
এজন্য তার গেলাম না নিকটে। ৭৮
কিছু দোষ নাইকো আমার, পলাইল মদন তোমার,
হরকোপানলে তার, মরণের সুরু।
সেই অবধি মদন তোমার ঘরপোড়া গরু। ৭৯

ভাল পলাল মদন, মলয় পবন, তুমি পলালে কেন।
নিবেদন হে রাজন্, করি তবে শুন। ৮০
ফণী সম বেণী তার শিরে সুশোভন।
সর্পভ্রমে পলাইলাম এই নিবেদন। ৮১
মরুৎ ভক্ষণ করে ভুজঙ্গ বালাই।
আস্তিকের নাম নিলে তবু রক্ষা নাই। ৮২

রাজা কহিতেছেন—ইহারা যেন পলাইল। কোকিল ভ্রমর তোমরা পলাইলে কেন? তাহারা উত্তর করিতেছে :—

কামধনু সম ভ্রূ ভ্রমর তায় আঁটা।
চঞ্চল নয়ন তার ব্যাধ সেই বেটা। ৮৩
সেই ভয়ে পলাইল যত পিকগণ।
ভ্রমর বলে আমার তবে শুনহ কারণ। ৮৪
বদন-কমল দেখে গেলাম তার কাছে।
কিছু নাইকো মধু শুধু শুধু পাপড়ি ঢেকে আছে। ৮৫

*   *   *

বিরহিণীদের নিকট বসন্তরাজের আগমন

তখন, সজ্জা করে মনোহর, চলিলেন নৃপবর
কামিনীর কামনা তপোবনে।
ঋতুর আগমন হল, শুষ্ক তরু মুঞ্জরিল,
বিরহিণী সব বসেছিল ধ্যানে। ৮৬
বিষম কুসুমাঘাতে অঙ্গ শিহরিল।
বসন্তের আবির্ভাবে ধ্যানভঙ্গ হল। ৮৭
তখন বসন্ত বসিল গিয়ে কুসুম-সিংহাসনে।
দূতগণে দিল আজ্ঞা রাজ্যের শাসনে। ৮৮
রাজ-আজ্ঞায় সৈন্যগণ যায় তাড়াতাড়ি।
কোকিল সংবাদ লোকে দেয় বাড়ী বাড়ী। ৮৯
উত্তরে চলিল তবে মলয়া পবন।
আড়কুলিতে অলিরাজ দিল দরশন। ৯০
ঢোল কাঁধে করে বেড়ায় বাজারে বাজারে।
রাজার হুকুম আছে বাজা রে বাজা রে। ৯১
এইরূপে মহারাজা করি আগমন।
বিরহিণী লয়ে কিছু শুন বিবরণ। ৯২
কহিছেন বসন্ত রায়, কে তোমরা দাও পরিচয়,
কি হেতু এখানে আগমন।

শুনে বিরহিণী বলে, বিরহানলে অঙ্গ জলে,
আপনার কৃপা হলে হয় নিবারণ ॥

* * *

খট ভৈরবী—ঠেকা

ওহে মহারাজ তুমি যদি কর নিবারণ।
বিষম বিরহানলে করে অঙ্গ জালাতন ॥
যে ছিল প্রণয়ের বঁধু, সে খেতে এসে না মধু,
যক্ষের মতন রক্ষে শুধু, করলে কি তায় বোঝে মন ॥
বড় ভালবাসিত আগে, নব নব অনুরাগে,
এখন কথায় কথায় সদাই রাগে, খুঁজে পাইনে দরশন ॥ (চ)

* * *

বিরহিণীদের দরখাস্ত

বিরহিণী সব দুঃখে কাতর শুনি বসন্ত নৃপবর
আজ্ঞা দেন করিতে দরখাস্ত।
তোমার গুপ্ত বস্তু যে সকল ইষ্টাম্পেতে করি নকল
আমার কাছে জানাবে সমস্ত ॥ ৯৪
তখন বিরহিণীদের হল মত দরখাস্ত দেওয়া।
লেখে মহামহিম মহারাজ নিবেদয়ে বেওয়া ॥ ৯৫
লিখিতং কার্য্যঞ্চাগে নিবেদি সন হালে।
মৌজে মাইনগর কামনগর জেলে ॥ ৯৬
চৌকী মদনপুর বদনপুর থানা।
মৌজে মঙ্কুরের মধ্যে তানা নানা ॥ ৯৭
রাত্রি আন্দাজ দুই প্রহরে চোর ঢুকে ঘরে।
সিঁদ কেটে সিঁদেল চোর সর্ব্বস্ব হরে ॥ ৯৮
অগ্রেতে হরিল মন ধনের প্রধান।
তারপরে হরে নিল কুলশীল মান ॥ ৯৯
দ্বারেতে প্রহরী ছিল ভয় আর লজ্জা।
ভয় পেয়ে ভয় গেল দেখে তার সজ্জা ॥ ১০০
লজ্জা পেয়ে লজ্জা গেল নির্লজ্জায় দেখে।
সবাই মিলে পলাইল আমায় একা রেখে ॥ ১০১
পলাইতে চাই যদি হৃদি চেপে ধরে।
ধরে কর কড়াকড় করে বন্ধন করে ॥ ১০২

গুপ্তধন যত ছিল কুড়ে কেড়ে সব তুলে নিল
মূলে হাভাত করেছে একেবারে।
হৃদয়বৃক্ষের ফল হয়ে গেছে নিষ্ফল,
বিফল করিয়ে গেছে তারে ॥ ১০৩
সুধাময় সরোবর, পতি[১] রম্য মনোহর,
বিষম সে তস্কর বিষ ঢালিয়াছে।
অমৃতের ভাণ্ড লয়ে পলাইয়া গেছে ॥ ১০৪
কি কব তোমার কাছে, চোটপাট করিয়াছে,
বসনে নিশান আছে যতনে রেখেছি সমুদয়।
বিরহিণীদের দরখাস্ত শুনতে আজ্ঞা হয় ॥ ১০৫

* * *

বসন্ত—পোস্তা

শুনে দরখাস্ত বড় ব্যস্ত হয়ে বলেন রাজা।
লয়ে আলাপের ডঙ্কা শঙ্কা যাই রে বাজা বাজা ॥
যে বেটারা আলাপআলা তার বিচার করবেন সদর আলা
ঘুচাব সকল জ্বালা, করিব শাসন দিয়ে সাজা ॥
যে করিবে ছাড়াছাড়ি, আমার নাই ছাড়াছাড়ি,
দিব তায় হরিণবাড়ী, তখন জানতে পারিবে মজা ॥ (ছ)

* * *

বসন্তের আবির্ভাব ও যৌবনের মর্য্যাদা

তখন না করিয়ে কালব্যাজ, বসিয়ে বসন্তরাজ,
ধর ধর পড়িল ঘোষণা।
শীতের টুটিল বল, প্রকাশিল শতদল
প্রবল হইল চারিখানা ॥ ১০৬
ত্রিভুবনে লাগে শঙ্কা আলাপের পিঠে ডঙ্কা
মলয় প্রলয় করে ধুম।
হিন্দু করে বাবা বাবা, নেড়ে করে তোবা তোবা,
হাবা বোবার চক্ষে নাহি ঘুম ॥ ১০৭
রাজার হুকুম কড়া খবর দিল পাড়া পাড়া
কর দিবার কর আয়োজন।
সাতোয়ান নাতোয়ান সকলেরি গেল মান
অপমান মহামানি হন ॥ ১০৮

পাঠান্তর: ১ অতি ?—সম্পাদক

ভ্রমর লাগায় চৌকী বলে এখন হয় কি হয় কি,
কেমন করে বাঁচাবি জাতিকুল।
ছিল ঠিকের মুহুরি যারা বেঠিক হয়ে বসিল তারা,
তাড়া পেয়ে ঠিকে হল ভুল ॥ ১০৯

ভ্রমরের গুণ গুণ কাটা ঘায়ে যেন নুন
ফাটা পায়ে যেন কাঁটা ফোটে।
শুনিয়ে কোকিলের রব শব নড়ে উঠে সব,
শুনতে শুনতে গা শিউরে উঠে ॥ ১১০

তখন ভ্রমর কোকিলের ডাকে পত্র পাঠাইলে তাকে
পত্র পাঠ আইল নাগর।
বিরহিণীর জ্বালা শান্তি, ঘুচিল মনের ভ্রান্তি,
ভেসে উঠিল সুখের সাগর ॥ ১১১

যাদের ছিল যৌবন, তাদের মনোরঞ্জন
সকলেতে করে।
তারা হেসে কইলে কথা, স্বর্গে যেন ঠেকে মাথা,
ফেরে থুতু হস্ত পেতে ধরে ॥ ১১২

যৌবনের বড় আদর, বসিতে দেয় পেড়ে চাদর,
লক্ষ টাকা তার দর, আজিকের বাজারে।
সে যদি করে বাপান্ত, পায়ে ধরে তায় করে শান্ত,
প্রাণান্তেও ছাড়িতে না পারে ॥ ১১৩

যে নারীর যৌবন গত চিনি দিলে তাতে হয় না স্বত,
যত বলে শুনে না কথা কানে।
কেঁদে যদি ধরে পায়, তবু তাকে নাহি পায়,
মরে গেলে চায় না তার পানে ॥ ১১৪

না থাকিলে যৌবন মিথ্যে কেবল আয়োজন,
প্রদীপ জ্বেলে ঘরে বসে থাকা।
আসিছে আসিছে মনে হয়, কিন্তু সে সব সত্য নয়,
মিথ্যা যে সব স্বপ্নপ্রায় দেখা ॥ ১১৫

* * *

পরের জন্য সর্ব্বনাশ

বয়েস ঘাটিয়ে গেলে পরে, আদর কখন করে না পরে,
পর কখন ভাবে পরের দুঃখ।
পরের নারী ভুলায় পরে মাসেক দুমাস ছমাস পরে
পর ভেবে দেখে না পরের মুখ ॥ ১১৬

পরের কাছে করলে মান, পর কে পরের রাখে মান,
পরের কথা পরকে বড় বাজে।
পরের কথায় ঘরে দ্বন্দ্ব, পর হতে হয় পরে মন্দ,
পরের মন হয় না পরের কাজে ॥ ১১৭

পরের ঘরে করলে ঘর পরের হয় অনাদর,
তার পর দুর্দ্দশা তার ঘটে।
তবু পরের জন্য মরে নর দেখছি আমি পূর্ব্বাপর,
পরের লেগে ঘরের মনটি চটে ॥ ১১৮

শুনে আমি পরের কথা, আপনি খেলাম আপনার মাথা,
পরের কথায় পরে আমি ডুবিলাম।
পরের কথায় বিশ্বাস, হলো আমার সর্ব্বনাশ,
এখন আমি বনবাসে চললাম ॥ ১১৯

* * *

মল্লার—একতালা

পরে হতে হল পরে সর্ব্বনাশ।
করিয়ে বিশ্বাস বি-শ্বাস হইল আমার
না সরে নাকের নিঃশ্বাস।
শুনিয়ে পরের কথা, আপনি খেলাম আপনার মাথা,
এখন আমি যাব কোথা উঠিল বুঝি বসবাস।
পরের জন্য ভাবিয়ে খুন, আগেতে জানিনে কি গুণ
অবশেষে হল বিগুণ, কাজেতে হল প্রকাশ। [ক]

* * *

প্রবীণার পরামর্শ

দুঃখে দুটি চক্ষে জল করিতেছে ছল ছল
মনোদুঃখে আছে মৌন ভাবে।
এক প্রবীণে এসে তথা বলে আয় গো গেলি কোথা,
অনেক দিনের পরে দেখাটা হবে ॥ ১২০

এসো এসো বলে তারে মুখে সমাদর করে,
পরে তারে কহে বিবরণ।

সে বলে তোর কিসের ভয় দয়া করিবেন দয়াময়
শ্রীগৌরাঙ্গ শ্রীশচীনন্দন। ১২১
শুনিয়ে প্রবীণের উক্তি জন্মাইল হরিভক্তি
প্রেমভক্তি শুনতে বাসনা হল।
বলে হব আমি সেবাদাসী, নাম হবে মোর প্রেমবিলাসী
কিম্বা হব গৌরমণি গৌর গৌর বল। ১২২
রসকলি পরিয়ে নাকে ভিক্ষের একটা চুপড়ি কাঁকে
সরয়া মাফিক করিয়া করে নিল।
গায়ে দিয়ে নামাবলি বেড়ায় লোকের গলি গলি
গলাতে তিনকণ্ঠী মালা দিল। ১২৩
তখন ক্রমে হলেন উপনীত নবদ্বীপ ধামে।
কোটি জন্মার্জ্জিত পাপ ধ্বংস যার নামে। ১২৪
মহাপ্রভু দরশনে ভাবের উদয়।
বলে কৃপা কর প্রভু দীন দয়াময়। ১২৫

* * *

বঁধুর প্রতি বিরহিণীর ভর্ৎসনা

তথা ধনী পেলে আপনার বঁধুর দেখা, অঙ্গে গোপীমাটি মাখা,
বসে আছে কত রঙ্গে।
পূর্ব্বের ভাব সকলি গেছে, ভাবের ভাবক জুটেছে কাছে,
সারি সারি হরিনাম লিখেছে সর্ব্বাঙ্গে। ১২৬
বসেছে প্রেমভক্তি খুলে কেলি কদম্বের তরুমূলে,
প্রেমচাঁদ নামে হয়েছে আখড়াধারী।
দেখে তার ভক্তিভাব প্রেমমণির পূর্ব্বভাব
উদ্দীপন হল ত্বরা করি। ১২৭
প্রেমমণি কয় কে হে তুমি ভণ্ডযোগী দেখছি আমি
পণ্ডশ্রম কেন মিছে করিছ।
কালনেমির মতন আকার বোধ হয় তেমনি প্রকার
মনে মনে লঙ্কা ভাগ করিছ। ১২৮
কপট ভক্তির কর্ম্ম নয়, রিপুজয় করতে হয়,
সাধনা কি অমনি হয়, শুধু শুধু পোঁদে দিলে কপ্‌নি।
বৃক্ষ নইলে ফল ফলে না, শুকনা ডাঙ্গায় তরী চলে না,
জলে কখন শিলা ভাসে না, হরি মেলে না আপনি। ১২৯
শুন শুন ওহে ও বৈরাগী, হতে পার যদি সর্ব্বত্যাগী,
বিবেক জন্মিলে জ্বালা চুকিবে।
নইলে তুমি পড়িবে ফেরে মাওমারা নয় সেওয়ানে হেরে
শিং ভেঙে কি বুড়ো এঁড়ে বাছুরের পালে ঢুকিবে। ১৩০
গোফা কেটে তার ভিতরে বসো, ভক্তি-ডোরে মনকে কসো,
সাধুর অধরামৃত খাও হে।
না জেনে ভজনের গোড়া, হয়ে বসেছ মস্ত গোঁড়া,
ক্ষমতা নাই ধরতে ঢোড়া, বোড়া ধরতে চাও হে। ১৩১
যায় নাই তোমার দুষ্ট বুদ্ধি, কিসে হবে হে অঙ্গশুদ্ধি,
ভূতশুদ্ধি ভূতে কি করতে পারে।
ছাগলে ধরতে পারে না বাঘ, যোগে যাগে হয় না যাগ,
কাটে না পাষাণ ভোঁতা কুড়ুলের ধারে। ১৩২
কদ্দিন যোগ শিখবার সুরু, কে তোমার প্রেমদাতা গুরু,
অটলবেহারি পটোল গুরু কে হে?
সেবাদাসী কটি আছে, তারা কেন নাই হে কাছে
এ ভাবের ভাবে মজেছে যে হে। ১৩৩
যা হউক সেজেছ ভাল সুঠামটি,
রাম রাম রাম যেন পাকা জামটি,
ভেক দেখে যে ভেক ভেকিয়ে উঠিছে।
বলিছে কোথা গৌরহরি ভাবের বালাই লয়ে মরি
নেড়ানেড়ী যে কত এসে জুটিছে। ১৩৪
শ্রীগৌরাঙ্গ-প্রেমের প্রেমী কতদিন হয়েছ তুমি
চৈতন্য তোমারে বুঝি দিয়াছেন চৈতন্য।
ত্যাজ্য করি গৃহবাসে কবে এসেছ সন্ন্যাসে
হরিনামে বিশ্বাস হলে হবে ধন্য। ১৩৫

* * *

সুরট—একতালা

বল হে কার ভাবে, কি ভাবের অভাবে
এ ভাবেতে কবে হলে হে মত্ত।
কও হে সত্য কথা, কে তব প্রেমদাতা,
তত্ত্বকথার কোথায় পেলে হে তত্ত্ব।

বড় দয়াল আমার নিতাই শ্রীচৈতন্য,
কৃপা করে তোমায় দিয়েছেন চৈতন্য,
তাইতে হলে ধন্য জন্মান্তরের পুণ্য তোমার ছিল হে,
তাইতে গৌর-প্রেমে তুমি হলে প্রবর্ত্ত। [ঝ]

• • •

বৈরাগী-বঁধু ও বিরহিণীর বাক্যযুদ্ধ

তখন লজ্জা পেয়ে কয় বৈরাগী আবার মরতে এসেছে মাগী
যার জ্বালাতে হয়েছি দেশান্তরী।
সকল মায়া ত্যজেছিলাম, দেক হ'য়ে ভেকধারী হলাম,
আবার তাকেই জুটিয়ে দিলেন হরি। ১৩৬

কোথা হতে ঘটিল রোগ, হয়েছিল বড় সুযোগ,
ভঙ্গী করি ভাঙ্গিতে যোগ মাগী আবার এল।
যার জ্বালাতে হই বৈরাগী গৌর-প্রেমের অনুরাগী,
আবার এসে জুটিল মাগী আরে মলো মলো। ১৩৭

বৈষ্ণবী কয় ও বৈরাগী তুমি তো বড় অনুরাগী,
বিরাগ নইলে কৃষ্ণপ্রাপ্তি হয় না।
পড়িতে হয় ভাগবত ব্যাখ্যা করে তাবত,
পণ্ডিতেরা ভাষা[১] কথা কয় না। ১৩৮

জানি তোমার যত গুণ বিদ্যাতে যত নিপুণ,
খুলে বল্‌লে বাকি কিছু রয় না।
তোমার যত পাণ্ডিত্য আমি জানি সকল তত্ত্ব,
উচিত বল্লে গায়ে তোমার সয় না। ১৩৯

আছে কেবল কথার আটুনি, লা ডোঙ্গা নাই শুধুই পাটুনি,
বসে বসে কুকাটুনি গর্জ্জে গগন ফাটে।
তোমার বিদ্যা বুদ্ধি আছে জানা, ক-অক্ষর খুঁজে মেলে না
ডুবুরি নামিলে পেটে। ১৪০

শুনে বৈরাগী করে উম্ম, বলে, বলিস নে কথা দুষ্য,
নইলে দণ্ড দিব তোর এক্ষণে।
জানি তোদের নারীর রীত, সকল কর্ম্মে বিপরীত,
বিপদ ঘটে নারীর সঙ্ঘটনে। ১৪১

নারীর জন্যে দশানন, সবংশেতে নিধন,
সর্ব্বনাশ নারী হতে ঘটে।
সহস্র লোচন হইল ইন্দ্র, নারী হতে কলঙ্কী চন্দ্র,
নারী হতে বন্ধু-বান্ধব চটে। ১৪২

নারীর জন্য পাণ্ডু মরে, নারীতে সকল পুণ্য হরে,
নারী হতে হয় নরকেতে বাস।
নারীর জন্য কুরুবংশ সবংশেতে নির্ব্বংশ,
নারী হতে ঘটে সর্ব্বনাশ। ১৪৩

বৈষ্ণবী বলে সইতে নারি, নারী হতে উপকারী
বল দেখি কে আছে ভারতে।
নারী হতে সত্যবান্ মরে পায় প্রাণদান
সাবিত্রী সতী বলে ত্রিজগতে। ১৪৪

যার হয় পূর্ণ গ্রহ, নারীশূন্য তারি গৃহ,
নারী নইলে কোন কর্ম্ম হয় না।
নারী হতে হয় কর্ম্মসূত্র, সেই সূত্রেতে জন্মে পুত্র,
পুত্র নইলে জলপিণ্ড পায় না। ১৪৫

পতি যদি পাপ করে, নারী যদি সহমৃতা মরে,
পাপতাপ সকল হরে অনাসে হয় মুক্তি।
শক্তিভিন্ন জীর্ণ তনু মহাদেবের উক্তি। ১৪৬

• • •

মূলতান—ঝং

আছে কার এমন শক্তি শক্তি ভিন্ন দেহ ধরে।
সকলি হয় শবাকার, শক্তি যদি শক্তি হরে।
আছে এই ভবের উক্তি, শক্তি ভিন্ন হয় না মুক্তি,
সাদরে সাধক ব্যক্তি, শক্তি উপাসনা করে।
শক্তি হয় সর্ব্ব ভজনের মূল, হরি তার প্রতি হন সানুকূল,
শক্তি প্রতিকূল হলে, দুই কূল যায় রে,
হরি থাকেন তার অন্তরের অন্তরে। [ঞ]

• • •

গৌরমণির হাতে বৈরাগীর দুরবস্থা

এই রূপেতে দুইজনাতে লেগে গেল ঝকড়া।
বৈরাগী বলে হরিভজনে হল আমার বাগড়া। ১৪৭

পাঠান্তর: ১ ভাসা।—সম্পাদক।

শুনেছি এক মর্ম্মকথা আছে ধর্ম্মনীতি।
অশুভকাল হরণ জন্ম পালাবে শীঘ্রগতি। ১৪৮

হরি বলে যাত্রা করতে পড়ে গেল বাধা।
বলে যে না মানে খনার বচন সেই বেটা বড় গাধা॥ ১৪৯

হল একে আর গ্রহ দ্বিগুণ রক্ষা পাই কিসে।
অমৃত পান করতে এসে জলে মলাম বিষে। ১৫০

আছেন এই রূপেতে অটলবেহারী পটোল তুলিবার আশে।
এমন সময় গৌরমণি তার টিকি ধরল এসে॥ ১৫১

বলে হাঁ রে বৈরাগী তোরে যমরা কি ভুলেছে।
দেখিব দেখি রক্ষা করতে কোন্ নানা তোর আছে। ১৫২

গৌরমণি ধরেছে যেমন ধরে যমদূতে।
প্রাণের ভয়ে বৈরাগী ফেলে কাপড়ে-চোপড়ে মুতে॥ ১৫৩

হল বৃদ্ধদশা ভাল তামাসা হদ্দ করলি মাগী।
এখন হও ক্ষান্ত হইও না ভ্রান্ত ভিক্ষা তোমায় মাগি॥১৫৪

হ্যা লো এখন হলি নি তুই বুড়ো বয়সে ক্ষান্ত।
যুবাকালে কত লোকের করেছিস প্রাণান্ত॥ ১৫৫

বয়স প্রায় তোর হল আশী এখন তোর দাঁতে মিশি
বল দেখি লো তোকে কি সম্ভবে।
এখন হবি তুই কার ঘরণী, পার হবি কালি বৈতরণী
কার এত ঘুরঘুরুণী তোকে আবার লবে। ১৫৬

গেছে তুবড়ে গাল নাই হাল
তোকে লয় কোন্ বেটা।
তুই তবে টের পাস গালে চড় খাস
উল্টাপাল্টা ঝাঁটা॥ ১৫৭

এখনো গেল না বেটির লুকিয়ে জল খাওয়া।
জুতোর চোটে ঘুচাব তোর নিধুর টপ্পা গাওয়া॥ ১৫৮

তোর ভিতরে ভিতরে দেখছি আমি
ভেলকীদারের বাজী।
তোর নাইক সত্যি একরত্তি সকলি কারসাজি। ১৫৯

তোকে ছেড়ে কপ্‌নি পরে হলাম ভেকধারী।
তুই চিনবি বলে মন বাউলে রেখেছি গোঁফদাড়ি। ১৬০

নিলাম হাতে মালা তবু জ্বালা এসে আমায় ঘটিল।
ভাবিলাম গেল গ্রহ ত্যজিলাম গৃহ আবার এসে
গলগ্রহ জুটিল॥ ১৬১

* * *

বসন্ত বাহার—তেলেনা

দিলে না দিলে না আমায় ভক্তিতে গৌরাঙ্গে।
মরি কিবা রূপ, যার নাই স্বরূপ সনাতন ডুবিছে
রূপসাগরের তরঙ্গে।
একবার যে দেখেছে মোর শ্রীচৈতন্য, অমনি হয় সচৈতন্য,
অচৈতন্য দূরে যায় তার তখনি॥
আহা কিবা মূর্ত্তি মহাপ্রভু, দেখি নাই নয়নে কভু,
পরশেতে ধন্য হল ধরণী।
গৌরহরি নাম জীবের পরিণাম
হকু দাশরথির মতিগতি গৌরাঙ্গপ্রসঙ্গে। [টি]

* * *

প্রেমিক-প্রেমিকার মিলন

কহিতেছে গৌরমণি, দেখেছি তোর মর্দ্দানী,
কে তোমাকে নাও নাও করিছে।
কথা শুনে সর্ব্বাঙ্গ জলে, কাঁদিছে কার কটা ছেলে,
খেতে পাইনে দাও বলে, কে তোর পায়ে ধরিছে॥১৬২
গৌরমণি কয় দাঁড়া দাঁড়া, ঘুচাব প্রেমভক্তি পড়া,
বলে কথা কড়া কড়া, কোথা যাবে বৈরাগী!
তুই আমার সঙ্গে করিস জোর, তুই রে আসল মাশুল চোর,
ধরেছি তোকে করেছি আমি দাগী॥ ১৬৩
চুরি দাঙ্গা নালিশে, এখনি ধরিব পুলিশে,
গোটা দুই জাল সাজি কেসে, বঁধু তোমাকে বন্দুয়ান খাটাব।
করিস যদি বাড়াবাড়ি, তবে দিব হরিণবাড়ী,
না হয়তো পুলোপিনাং পাঠাব। ১৬৪
না করতে মোকদ্দমা, করিস যদি রাজীনামা,
আমার কাছে আগে হও রে রাজী।
তবে চল যাই মোক্তারের কাছে, এখন আমার এক্তার আছে,
কিন্তু না গেলে পর পেঁচ লাগিবে আজি। ১৬৫

শুনিয়ে প্রেমমণির কথা, ভয়ে করিল মৈত্রতা,
তত্ত্বকথায় ভুলে গেল সব তত্ত্ব।
ঘুচে গেল সকল গুমোর, নামাবলিতে বেঁধে কোমর,
প্রেমমণির প্রেমে হল প্রবর্ত্ত। ১৬৬
বিচ্ছেদের পর মিলন হলে, যত সুখ হয় জান সকলে,
প্রকাশ করে বলার কার্য্য নাই।
মনের দুঃখ ছিল যত, বলিতে কহিতে রাত্র গত,
উঠিল বলে গৌর নিতাই। ১৬৭
বলে দেখ হে হরি ভুল না মনে, দেখ একবার নয়নকোণে,
এত বলি বসিল দুইজনে।
ক্রমে হলেন আখড়াধারী, সাবেক তার ছিল দাড়ি,
দাড়ি দেখে রাঢ়ীদের হয় মনে। ১৬৮
মজায়ে সকল দেশ, অবশেষে দরবেশ,
দু'জনে দুজনায় বেশ, দ্বেষ আর হয় না।
হল ভালবাসাবাসি, মুখেতে ধরে না হাসি,
প্রেমতরঙ্গে ভাসাভাসি, গড়িয়ে যায় আর বয় না। ১৬৯

* * *

বসন্ত—আড় খেমটা

প্রেমের সাগরে ভাসিল দু'জনায়।
ও প্রেম ছাপিয়ে যায় কানায় কানায়।
প্রেমের তুল্য আর কি আছে ধন,
প্রেম পরেশ তুল্য নাইক মূল্য অমূল্য রতন,
হয়ে প্রেমে ঋণী গৌরমণি সদাই রাধার গুণ গায়।
গৌর-প্রেমের প্রেমী হয় যে জন,
তার কাজ কি বাসে, কাজ কি বাসে, সদাই খুসি মন।
হলে মনটি বাঁকা, হয় না দেখা, গৌরহরি মেলা দায়। [ঐ]

কলিরাজার উপাখ্যান ও চারি-ইয়ারি

যুগের মধ্যে কলি অধম

একদিন নির্জ্জনে, জুটে বন্ধু চারিজনে,
একত্র বসিয়ে এক স্থানে।
কত শত পরিহাস, দৃষ্টান্ত ইতিহাস,
দৃষ্টান্ত ভাবে হর্ষমনে। ১

তারাচাঁদ, গোরাচাঁদ, রামচাঁদ, নিমচাঁদ,
রূপ গুণ চারির সমভাব।
মনে নাই ভেদাভেদ, প্রাণ এক দেহ অভেদ[১],
সভ্য ভব্য সরস[২] স্বভাব। ২

দেখেন সব নানা দরশন, রসের[৩] প্রমাণ ষড়্‌দরশন,
একাসনে বসিয়া কহয়।
কহিতে কহিতে কথা, রামচাঁদ কয় একটি কথা,
মীমাংসা করহ মহাশয়। ৩
সত্য ত্রেতা দ্বাপর কলি, অবগত আছ সকলি,
পূর্ব্ব নিয়ম যা সকলি একেবারে[৪] গিয়েছে।
কেহ নাই আর সত্যবাদী, ধর্ম্মে কর্ম্মে প্রতিবাদী,
সর্ব্ববাদী সম্মত হয়েছে। ৪
দেখ যুগের মধ্যে অধম কলি, তাই অধম কার্য্যে রত সকলি,
সর্ব্বদা বলেন সকলি, কাল-মাহাত্ম্যে করে।
দেখ ক'রে অনুমান, কলির মাহাত্ম্য-প্রমাণ,
দৃষ্টান্ত-বচন সকল ধরে। ৫

* * *

পাঠান্তর: ১ অভেদ? —সম্পাদক। ২ সরল—খ, থ। ৩ রমণ—খ, থ। ৪ একবারে—ক।

যুগের গুণে সকলের গতি

দেখ চোরের পুত্র হয় কি সাধু, শিমুলে কি জন্মে মধু,
সুধা কখন উঠে সর্পের মুখে ?
বেশ্যার কন্যে কি সতী হয়, কুকুরের গর্ভে কি জন্ম হয়,
আম্র ফলে কি বাবলার বৃক্ষে ?
ছুঁচার মাথায় জন্মে মতি, বাঁশে হয় কি চন্দন উৎপত্তি,
বৈষ্ণব হয় কি যবনের পুত্র ?
খড়ি উড়ে কি অঙ্গার ঘ'ষে, চিনি হয় কি নিমের রসে,
শেয়াকুল গাছে গোলাপ ফুটেছে কুত্র ? [অ]

ক্ষেত্র-গুণে শস্য-উৎপত্তি, বংশ-গুণে সন্তানের গতি,
তেমনি যুগের গুণে সকলের গতি, দেখ সকলে।
সদা পরের কুচ্ছ গায়, অবলার মন যোগায়,
দৃষ্ট হয় না ইষ্টদেবে ভুলে। ৮

* * *

বাহার-মূলতান[১]—কাওয়ালী

সত্য বল্‌লে এখনি হবে বেজার।
অনিত্যেতে মত্ত সদা, চিত্ত আছে সবাকার।
চেষ্টা নাই আর সাধুসঙ্গ, কেবল নারীর গুণ-প্রসঙ্গ,
সর্ব্বদা হয় অঙ্গ-ভঙ্গ, দেখ্‌ছি রঙ্গ ঐ মজার। (ক)

* * *

কলিযুগে সকলেই স্ত্রীর বাধ্য

শুনি কথা রামচাঁদের মুখে, নিমচাঁদ কয় হাস্যমুখে,
কলির দোষটা ব্যাখ্যা করিলে ভাল।
কলিযুগ সব যুগের অধম, কলির নর নরাধম,
কলির দোষ এত কিসে বল। ৯
দেখ সত্য ত্রেতা দ্বাপর যুগে, মুনি ঋষি সব ব'সে যোগে
করিয়ে তাঁরা ইষ্ট-আরাধন।
আছে প্রমাণ বেদে তার, দয়া হয় না দেবতার,
সহস্র বর্ষে হয় না যা সাধন। ১০

কর্‌লে কলিতে দেব-আবাহন, তিন দিনে বাক্‌সিদ্ধ হন,
হন সিদ্ধ গুটিকা-নায়িকা-পিশাচে।
দেখ, ব্যাপ্ত গুণ যার আছে ধরায়, বিক্রমাদিত্য নররায়,
একরাত্রে বেতাল-সিদ্ধ হয়েছে। ১১

শুনে রামচাঁদ কয়,—মিথ্যা নয়, যা কহিলে মনে লয়,
অন্য বড় গণ্য নয়, নায়িকে পিশাচেই বেশী।
দেখ, কলিতে বা নাই কে, সিদ্ধ হতে নায়িকে,
পিশাচ-সিদ্ধ হলো সকল দেশই। ১২

তা যদি বল আমাকেই,—সিদ্ধ হলো কেমনে,
বিচার ক'রে দেখ মনে মনে,
নায়িকে নে নাই কে[২] জগতে।
তাতেই ভাই! সকলে মুগ্ধ, বাল্য যুবা কিবা বৃদ্ধ,
প্রায় বাধ্য সকলেই তাতে। ১৩

ভুলে যায় সবে আত্মতত্ত্ব, মাগ হয়েছেন ব্রহ্মপদার্থ,
মেগের গুণ-বর্ণন যথা তথা।
কারো হাতে খেয়ে পান না সুখ, মেগের যদি দেখেন অসুখ,
কোণে বসে কাঁদেন ধ'রে মাথা। ১৪

আর দেখ, পদে পদে সব গুটিকাসিদ্ধ,
হ'য়ে আপনার নালে আপনারা বদ্ধ,
ভেবে দেখ গুটীকাসিদ্ধ সকল লোকেই হয়েছে।
রামচাঁদের কথা শুনি, নিমচাঁদ কয়,—ও কথা কি শুনি,
এতে কলির দোষটা কিসে আছে। ১৫

বললে, ভার্য্যা-রত এই ভারতে, শ্রবণ করেছ ভারতে,
রামায়ণে লেখা বাল্মীকি মুনির।
সুরাসুর আদি কিন্নরে, গন্ধর্ব্ব কি নর বানরে,
কে না বাধ্য আছেন রমণীর ? ১৬

* * *

পাঠান্তর : ১ বাহার-বসন্ত—ক। ২ বিনায়িকে—ক ; কে নায়িকে—খ।

সুরট-মল্লার[1]—পোস্তা[2]

চিরদিন ভার্য্যের অধীন, দেখছি শুনছি এই ভারতে।
আছে রাষ্ট্র, সুস্পষ্ট[3] লেখা রামায়ণ ভারতে॥
ভার্য্যের পদ হৃদে করি, রেখেছেন ত্রিপুরারি,
ভাগীরথীকে ধরি, স্থান দিয়েছেন মস্তকেতে॥ (খ)

* * *

কলিযুগে অনেকেই ঘোর বেশ্যাসক্ত

শুনে রামচাঁদ কয়, এ কি কথা! এ কথার যোগ্য ও কথা,
কোথাও তো শুনিনে আমি, ভাই!
এ কথার নয় ও তুলনা, শুন "কথা আর তুল না"[4],
সে তুলনার তুলনা নাই॥ ১৭
কেমনে বললে গঙ্গাধরে, মস্তকেতে গঙ্গা ধরে,
হৃদয়ে আদরে[5] ধরে, সে নারীর পদ।
তুলনা তার দিতে নারি, তার কাছে কি তুলনা নারী?
সেই ভবের নারী, ভবের সম্পদ॥ ১৮
বললে, দশরথ নারীর কথায়, বনে দিলেন জগৎপিতায়,
এ কথা ত গ্রাহ্য হয় না মনে।
সুর নরে করিতে নিস্তার, তারকব্রহ্ম রাম-অবতার,
হয়েছিলেন বধিতে রাবণে॥ ১৯
শুনে নীরব নিমচাঁদ, পুনঃ হেসে রামচাঁদ,
বলে, ভাই! কর আর শ্রবণ।
গুটিকা নায়িকায় সিদ্ধির কথা, শুনিলে ত সব বিশেষ কথা,
পিশাচসিদ্ধ দেখ সে কেমন॥ ২০
পূর্ব্বে পিশাচসিদ্ধ হ'তো যারা, সর্ব্বদা অশুচি তারা,
এ সব পিশাচ সিদ্ধ যারা, হয়েছেন কলিতে।
কিছুমাত্র কষ্ট নাই, সে পিশাচ দৃষ্ট হ'তো নাই,
এ পিশাচ কেন দেখ না ভাই! সাক্ষাতে সকলেতে॥ ২১
পিশাচ-সিদ্ধির যা আয়োজন, এ পিশাচদের তাই প্রয়োজন,
মদ্য মাংস মৎস্যাদি সকল।
সে পিশাচ ছাড়ালে ছাড়ান যায়,
ছাড়ে না এ পিশাচ পেয়েছে যায়,
ভেবে দেখ—আসল কি নকল॥ ২২
আর দেখ কত মনের ভ্রম, কয়ে নানা পরিশ্রম,
গুটিকা নায়িকায় সিদ্ধ না হ'য়ে![6]
পঞ্চতত্ত্বে হয়ে বিরত, পিশাচ হয়ে পিশাচে রত,
তেমনি দেখ ভার্য্যাকে ত্যজিয়ে[7]॥ ২৩
হ'য়ে উঠেছে রীত নীত, পর-বনিতে মনোনীত,
বারবনিতা ভিন্ন হয় না বিহার।
ঐ ব্যাপার বাড়াবাড়ি, মনে থাকে না ঘর-বাড়ী,
রাঁড়ের বাড়ী তৃপ্তিপূর্ব্বক আহার॥ ২৪
মানে না গুরু পুরোহিত, কেবল শয্যাগুরু পুর হিত-
কারিণী ভাবে, হিতাহিত থাকে না জ্ঞান!
ভুলে পিতার শ্রাদ্ধ তর্পণ, বেশ্যা-চরণে মন অর্পণ,
করে কালযাপন হ'য়ে হতজ্ঞান॥ ২৫
গ্রাহ্য হয় না কাশী গয়া, বেশ্যার পদ গঙ্গা গয়া,
একবারেতে দফা গয়া, হয় জন্মের মত।
দেখ ভাই বন্ধু সমস্ত, দেখ না কেন জগতে সমস্ত,
লোকেতে এতে রত কি বিরত॥ ২৬

* * *

খাম্বাজ[8]—কাওয়ালী[9]

পারি[10] কি লজ্জার কথা বলিতে!
যে ব্যাভার করিতে, ত্যজে সতী গুণবতী,
রতি-মতি বারবনিতে।
মনের ভ্রমেতে ভ্রমণ ও-পদে সদা,
প্রণয় থাকে না সমান, হত ধন প্রাণ মান,
কেবল পূর্ব্ব পুণ্য শূন্য পায়, গণিকা-পরশেতে॥ (গ)

* * *

পাঠান্তর: ১ সুরট খাম্বাজ—ক। ২ একতালা—গ, খ। ৩ খ-গ্রন্থে এই শব্দটি নাই। ৪-৪ কথার তুলনা—খ। 'কথায় ভুল না—গ। ৫ পাদপদ্ম—গ, খ। ৬ হবে—গ, খ। ৭ ত্যজিবে—গ, খ। ৮ সুরট-খাম্বাজ—ক। ৯ পোস্তা—খ। ১০ পার—গ, খ।

বেশ্যা সর্ব্ব কালে সকল যুগেই আছে

তখন শুনে হেসে নিমচাঁদ বলে, এ কর্ম্মটা সর্ব্বকালে,
আছে বরং কলিকালে, কম দেখতে পাই।
হও হবে মনে বেজার, দোষ গুণ যাতে যার,
ভারতে প্রচার, ভারতে শুনেছি ভাই ॥ ২৭
বললে, কলির নর পাপী কেবল, দেখ এরা তত নয় প্রবল,
সে বলে বলবান্ ছিলেন তাঁরা।
এরা তত রত নয় পর-স্ত্রীতে, কিম্বা বারবনিতে,
যাতায়াতে ধর্ম্মভীত এরা ॥ ২৮
দেখ, সৃষ্টি-কর্ত্তা করেন সৃষ্টি, তাঁর দেখ কাজের সৃষ্টি,
দৃষ্টি ক'রে কন্যেকে হলো মন।
এই ত করলেন প্রজাপতি, আবার দেখ সুরপতি,
গুরু-পত্নী করিলেন হরণ ॥ ২৯
দেখ, শুনেছি সকলে জানি, গুরুর শাপে সহস্র যোনি
হলো ইন্দ্রের ইন্দ্রিয়-দোষেতে।
যার গুণ অতি পরাশর, সেই মুনি পরাশর,
মদন-শর নাশিতে দিবসেতে ॥ ৩০
ক'রে কুজ্‌ঝটিতে অন্ধকার, করেন মৎস্যগন্ধা বলাৎকার,
ধীবরকন্যে তখনকার, দোষ কি তাতে নাই?
আবার মহাঋষি বেদব্যাস, ভারি যার বেদ-অভ্যাস,
ভাতৃবধূ সহবাস, করলেন কেমনে ভাই ॥ ৩১
তখন সতীইবা ছিল কে, বল দেখি ভূলোকে?
ইচ্ছা হ'লে ফেলত পাকে, যেখানে সেখানে যেতো।
দিলেন শুক্রাচার্য্য শাপ যে অবধি, পরস্ত্রী-হরণ সে অবধি,
হয় নাই প্রায় সেই অবধি, নিবারণ আছে কত ॥ ৩২
আর বেশ্যা আছে সর্ব্বকালে, সে কালেই কি এ কালে,
তাদের কাছে সকলে আমোদ[১] করে থাকে।
শুনে রামচাঁদ পুনরায় কয়, শুনেছি ভারতে ভারতে কয়,
সে তুলনার তুল্য দিব কা'কে। ৩৩
তখনকার গণিকায়, এদের ঘরে গণি কায়,
তাদের নামে শুদ্ধ কায়, হয় প্রাতঃস্মরণে।
এদের সঙ্গে সহবাস, করিলে নরকে বাস,
কৃত্তিবাস-বচন-প্রমাণে ॥ ৩৪

* * *

আলিয়া—যৎ[২]

কলিতে কি নিষেধ মানে?
বচন-প্রমাণ গণে না মনে॥
জ্ঞান নাই ইত্যাকার, একি চমৎকার!
হলো একাকার সব সমানে॥
দেখ কেউ ভাবে না লঘু-গুরু,
সদা আপনি বলে,—'আমি গুরু'
স্থান পান না মহাগুরু, শ্যো[৩]-গুরু-বিদ্যমানে॥ (৫)

* * *

কলিরাজার পুত্র পরিবার

পুনরায় রামচাঁদ কয়—চমৎকার, দেখে শুনে জন্মে বিকার
সকলকার একচাল হয়েছে।
ভদ্রের ঘুচায়ে আদর, আধানিকে[৪] পায় আদর,
মুড়ি মোণ্ডা সমান দর[৫]—এক হাটে করেছে ॥ ৩৫
যা ছিল সদর, তাদের করলে অন্দর,
অন্দর সদর হ'য়ে গেল।
দেখ না কেন তার সাক্ষী, কোর্টে কোর্টে দিয়েছে সাক্ষী,
এমনি মজার করেছে অক্যি[৬], সে মুখ্যি কুলীন হলো ॥ ৩৬
যদি বল অসম্ভব, অসম্ভব সম্ভব,
যে বংশে যে উদ্ভব, তার তেমনি মান।
এখন ঘুচে গিয়েছে সে সব দিন, ব্যাভার ফিরেছে দিন দিন,
নিশি দিন করেছে সমান ॥ ৩৭
হলো অধিকার কলি রাজার, রাজার গতিতে গতি প্রজার,
তা নইলে—ইচ্ছা যে যার, করিছে অনায়াসে?
আবার কও যদি, তোমার মিথ্যে কথা,
রাজা যিনি তাঁর বাস কোথা?
সরস্বতি আমলা কোথা, বিচার করেন ব'সে ॥ ৩৮

পাঠান্তর: ১ গমন—খ। ২ একতালা—ক। ৩ শিষ্য—খ। ৪ আধুনিকে—খ। ৫ আদর—খ। ৬ অক্কি—গ, ঘ।

একটা স্থান চাই প্রয়োজন, সৈন্য সেনাপতি কত জন
কে কে রাজার প্রিয় জন, কন্যা পুত্র কয়!
রাজরাণী কতজন আছে, পরিচয় সব তোমাদের কাছে,
একে একে কহিব নিশ্চয়। ৩৯

আছে পুত্র পুত্র-বধূ কলিরাজার,
কলির কন্যেগুলি মজার মজার,
হাজার হাজার দেখছি শুছি আছে।
এদের গুণ বলিব কিঞ্চিৎ পরে, যে যে আছে পরে পরে,
আমলা উকিল রাজদরবারে, যারা সব রয়েছে। ৪০

বিশ্বাসঘাতকী সেরেস্তাদার, দস্তাপহারী পেশকার,
মিছিলনবিস বন্ধু পরিবার হরণ করেন যিনি।
শঠকে দিয়েছেন হমাফেজগিরি, জাল হয়েছে মুহুরি,
ডিক্রীনবিস্ প্রবঞ্চক আপনি। ৪১
আমলা নাই বেশী আর, ঋণ-ছ্যাচড়া বেটা কেশীয়ার,
মিথ্যাবাদী উকিল কৌন্সলি।
কাৎ পেলে করে সাৎ, সিঁদেল রাহাজানি ডাকাত,
গাঁট কাটে দিন রাত, সৈন্য সেনাপতি সকলি। ৪২

চলে রাত দিন আদালত, নাই বন্ধ,
সাক্ষীদের ঠক্‌ঠকর বন্দ,
বন্দোবস্ত করেছেন সকল, অতি অল্প বাকী।
রেকর্ডে মজুত অল্প কেস, প্রায় কর্ম্ম হয়েছে নিকেশ,
দুই এক বৎসরে হবে শেষ, দেশ দেশ গেলেই দেখি। ৪৩

* * *

পরজ[১]—পোস্তা[২]

"কি বিচার দেখছি মজার," কলি-রাজার রাজ-দরবারে।
রবে কি জেতে, যাবে জেতে হ'তে একেবারে।
কুচ্ছ যার ঘরে পরে, সে দোষী করে পরে,
ভাবে না পূর্ব্বাপরে, রঙ্গ লাগায় পরে পরে।" (ঙ)

* * *

কলি-রাজার কন্যা বেশ্যাগণের পরিচয়

হেসে রামচাঁদ কয় পুনরায়, কলি-রাজার কন্যের পরিচয়,
শ্রবণ কর শ্রবণ-কুহরে।
কথা ব'ললেই বল,—আছে কালে-কালে,
কিন্তু[৩] সম্প্রতি একদিন বৈকালে,
ভ্রমণ করিতে কলিকাতা সহরে। ৪৪

দেখিলাম রাস্তার দুই পাশে, বারান্দার পাশে পাশে,
আছে বসে বিদ্যুৎ-সমান।
গহনায় ঢেকেছে গায়, শরি মিঞার টপ্পা গায়,
কত বাবুরা মন যোগায়, ভৃত্যের সমান। ৪৫

তামাকটি খান আলবেলায়, নয়ন ঠেরে মন ভুলায়,
কত মিঞা পার তলায়, প'ড়ে গড়াগড়ি।
মন কেড়ে লন কথার ছলে, শত সহস্র ক্রোড়পতির ছেলে,
সদরে আছেন বাঁদরের মতন, লাগিয়ে গাড়ী জুড়ি। ৪৬

একবার একবার উঠছে হাসি, পুরুষের গলায় দিচ্ছে ফাঁসী,
প্রেম-রশিতে বঁড়শী লাগায়ে।
ক'রে মনে আচপাঁচ, ইচ্ছামতে মারছে খ্যাঁচ,
ধর্‌ছে মাছ, পড়ছে যত গিয়ে। ৪৭

কোথায় আছেন বা নর, বানায় একেবারে বানর,
তাই বলি বা নর, বানর কলিতে।
এড়ান যায় না কোন সূত্রে, এমন বাঁধে প্রেমের সূত্রে,
এক গেলাসে পিতা পুত্রে, মদ খাওয়ায় কৌশলেতে। ৪৮

দেখি বাকী হন্দ একটী পাই, ভারতবর্ষে মত্তপায়ী,
আর দেখতে পাই কি না পাই, কিছুদিন বাদেতে।
ঢাকে কি ধর্ম্মে ঢাক বাজায়, থাকবে না কো মান বজায়,
যোতে-যাতে আর থাকে না বজায়, ফেলবে প্রমাদেতে। ৪৯

যায় বল জাতি মান, যাবে যাতে তার প্রাণ,
বিদ্যমান দেখ না সকলে।
কলিরাজার কন্যা যারা, ধর্ম্ম-কর্ম্ম জাতি-মারা,
বেশ্যা-রূপে আছে তারা, ফাঁদ পেতে কৌশলে। ৫০

পাঠান্তর: ১ কানেড়া পরজ—ক। ২ একতালা—খ, গ। ৩-৩ এই অংশটুকু 'খ'গ্রন্থে নাই ৪ গ, ঘ গ্রন্থে একবার 'পরে' ৫ ক গ্রন্থে নাই।

বল যদি ভাই! তা নয়, জ্যেঠা খুড়া পিতা তনয়,
এক বেশ্যায় করে প্রণয়, এমন বাঁধে প্রেমে।
করে মজা তলে তলে, ছেলেকে রেখে খাটের তলে,
তার বাপকে লয়ে খাটে তুলে, ছাড়ে না কোন ক্রমে॥ ৫১

* * *

খাম্বাজ—কাওয়ালী

হায় কি দেখি মজার রঙ্গ!
কি ঘটালে প্রমাদ, পেতে প্রেম-ফাঁদ,
যেমন ব্যাধে ফাঁদে, অনায়াসে বাঁধে সব বিহঙ্গ॥
এমন তো শুনিনে কানে, পিতা-পুত্রে এক স্থানে,
বিহরিছে এক নারীর সঙ্গ।
ঐ পথেতে যায় সকলি, ধন্য ধন্য ধন্য কলি!
আমার, হেরে মনে হয় যে আতঙ্ক॥
কিছু নাই কসুর, পিরীত যেন পশুর,
সুবাদে কি বাধা মানে, নিবারে অনঙ্গ॥ (চ)

* * *

বেশ্যাগণের বলিহারি কুহক

হেসে রামচাঁদ পুনরায় বলে, হারায়েছি বুদ্ধি-বলে,
ছলে বলে কলে কৌশলে, এমন পিরীত রাখে।
ধন্য বেশ্যা বলিহারি! বুদ্ধিতে[১] সকলে হারি,
ধন মন হরি নিচ্ছে ফাঁকে ফাঁকে॥ ৫২
ভাবে না অধম উত্তম, ঠিক যেন পুরুষোত্তম,
জাতিভেদ কিছুমাত্র নাই!
কে যায় বল জেতের তল্লাসে, মদ ঢেলে এক গেলাসে,
অনায়াসে খাচ্ছেন, দেখতে পাই॥ ৫৩
কেউ হচ্ছে কুপোকাত, কেউ শুয়ে কাটান রাত,
কেউ খান খিচুড়ি-ভাত, আচ্ছা মজার রুচি।
মদের ঝোঁকে কে কি বলে, কেউ ডাকে মা মাসী ব'লে,
এমন তো দেখি নে ছেলে, এসব যমের অরুচি॥ ৫৪

এতে কি থাকে মান বেশ্যালয়ে সব সমান,
দৃশ্যমান দেখ না সকলে।
হবে না কেন মরদানি, যে বিলাতী আমদানি,
ধুতি উড়ানি জামদানি, পরে মেথরের ছেলে॥ ৫৫

আবার কেন বেশ্যার বাড়ী. গুলির নেশা বাড়াবাড়ি,
ঘর বাড়ী যে বেটাদের নাই!
পরনেতে কপ্নি আঁটা, চেহারা যেন বেহারা বেটা,
বসবার আসন ছেঁড়া চেটা, শয়নেতেও তাই॥ ৫৬

অল্পবয়সী আশী পঁচাশি, গল্প করেন লাক-পঁচাশি,
যবক্ষাড়ুনীর বেটা, কাটকুড়ানীর ভাই।
মাগ হাঁটে হাটে মাঠে, ভুলেও যান না তার নিকটে,
বাথানে যেমন বেড়ায় বাথানের গাই॥ ৫৭

গুলিখোরের এমন বুদ্ধি সরু, ঠিক যেন কলুর গরু,
থাকে চক্ষু মুদে,—দৃষ্টি হয় না ধরা।
নাই কিছু খোঁজ খবর, উড়ে গিয়েছে ছপ্পর,
ভূতের আকার ঠিক যেন আধমরা॥ ৫৭

কথায় মারেন মালসাট, শোলা ভিজিয়ে গুলির চাট,
এমন নেশা কে করিতে বলে!
ওসব, ছোটলোকের কর্ম নয়, আমীরের ছেলে যদি হয়,
তারাই নেশা ক'রে থাকে ও-সকলে॥ ৫৯

এদের ধিক্ ধিক্ গলায় দড়ি, জুটে না যে দিন পয়সা-কড়ি,
বেটার বাড়ি রাঁড়ের[২] বাড়ী গিয়ে।
এমন কুহক বলিহারি! বেটা পরের ধন ল'তে যায় হরি,
ধরে বাঁধে প্রহরী, করে বশি দিয়ে॥ ৬০

গুলি খেয়ে শরীর শীর্ণ, ধরা পড়ে সেই জন্য,
বেশ্যার দায়ে জ্ঞানশূন্য, ঠিক যেন বেটা পশু।
শুধালে কথার নাই উত্তর, ভ্রম হ'য়ে যায় পূর্ব্বোত্তর,
বুদ্ধি বল হরণ হয় আশু॥ ৬১

* * *

পাঠান্তর: ১ বুদ্ধিতে—ক। ২ বেশ্যা—ক।

মূলতান—একতালা

কলি-কল্কার কি মাহাত্ম্য !
ভুলিতে হয় আত্মতত্ত্ব ।
দেখে শুনে হলাম হতজ্ঞান, গেল মান,
করলে ঐ পথে সবে প্রবর্ত্ত ।
কেবা কারে নিষেধ করে, হলো আবকারী প্রায় ঘরে ঘরে,
'মাগ বলে ভগ্নীকে ধরে' গুলি খেয়ে হয়ে উন্মত্ত । (ছ)

* * *

যুগধর্ম্মের নিন্দা-করা বৃথা

হয় এইরূপে বাদানুবাদ, ঘুচাইতে সে বিবাদ,
গোরাচাঁদ তারাচাঁদ বলে ।
শাস্ত্র-প্রসঙ্গে শুনেছি ভাই ! সাধু অসাধু আপনার ঠাঁই,
পর পরকে ক'রে থাকে কোন্ কালে । ৬২
ধর্ম্মে মন থাকে যার, কি রাজার কি প্রজার,
ধর্ম্মে ধর্ম রাখেন তারে ভারতে ।
নেশা বেশ্যা দস্যুবৃত্তি, কুকর্ম্মেতে প্রবৃত্তি,
বিশেষ প্রমাণ শুনেছি ভারতে । ৬৩
সত্য ত্রেতা দ্বাপর কলি, যুগের ধর্ম জানি সকলি,
চারি যুগের কার্য্য সকলি, ভগবানের কথা ।
যে যুগের যে বিধান, করেছেন গোলোকের প্রধান,
তার কখন হয়ে থাকে অন্যথা । ৬৪
পূর্ব্ব জন্মের কর্ম্মফল, ভুগিতে সেই ফলাফল,
সকল হয় বিফল, কভু ফলে ।
মিছা দোষ যুগ-ধর্ম্ম, যে যা করে আপনার কর্ম্ম,
মিথ্যে লোকের দোষ দাও সকলে । ৬৫
রাখিতে উভয়ের মান, নানা শাস্ত্রের বচন প্রমাণ,
উভয়ের মন সন্তোষ করিয়ে ।
কেউ হলো না অসন্তোষ, উভয়ের বাক্যে উভয়ে সন্তোষ
হয়ে রয় একত্রে বসিয়ে ।

* * *

বাহার—কাওয়ালী

সার ভাব শ্রীগোবিন্দ-শ্রীচরণ ।
অধর্ম্ম-আচরণ, ত্যাগ করিলে কালের হাতে
তারিবেন বিপদ-তারণ ।
সংসার অসার-সাগরে,
কেন ডুবিলি ! ও নাম ভুলিলি ! ভ্রমিলি !
সদা বিষয়-মদে মত্ত হ'য়ে,
জঠর-যন্ত্রণা কঠোর দায়ে, কে করিবে নিবারণ । (জ)

নলিনী ভ্রমরের বিরহ [প্রথম]

ভ্রমরের তীর্থযাত্রা ও কুমুদীর উক্তি

দ্বন্দ্ব করি মধুকর করে তীর্থযাত্রা ।
কুমুদী আমোদ করি নলিনীকে কয় বার্ত্তা । ১
বলে, প্রেম করি তোর সুখের আশা দেখতে পাইনে অল্প ।
নিত্যি অপকীর্ত্তি তোদের বৃত্তি বাহিরে কর্ম্ম । ২
আমরা তো প্রেম করে থাকি এমন নয় যে সতী ।
এমনি ধারা করেছি বশ, তার তফাৎ নাই এক রতি । ৩
আমি মান করলে আমার বঁধুর কাছে সে আঁধার দেখে সৃষ্টি ।
আমি নয়ন ফিরালে তার নয়নে বহে বৃষ্টি । ৪

পাঠান্তর : ১-১ কত অকর্ম কুকর্ম করে—ক ।

আমাকে সে ভালবাসে যেমন ছেলেয় ভালবাসে মিষ্টি।
আমাকে সে মান্য করে যেমন পোয়াতিরা মানে ষষ্ঠী। ৫
আমি হয়েছি পাকা সোনা সে হয়েছে কষ্টি।
সে হয়েছে জন্ম-অন্ধ, আমি হয়েছি তার যষ্টি। ৬
আটপর কাল আমার কাছে দিয়ে থাকে তুষ্টি।
সাধ্য কি যে, আমা বই তার অন্য-পানে দৃষ্টি। ৭
[১]তার আর আমার একলগ্নেতে কোষ্ঠী।[১]
আগে তার আমি, তা বই পাবে তার ইষ্টি। ৮

যদি বল এমন পিরীত কিসে হল—পিরীতের শত্রু হয়েছেন বিচ্ছেদ, সে বিচ্ছেদ নষ্ট করিয়াছি।[২]

[৩]বিচ্ছেদকে ছেদ করেছি প্রেম-কালিকা-বৃক্ষতলে।
দু'জনে দুদিক ধরিও সই প্রেমরত্ন শলা লাগিয়ে গলে।[৩] ৯

* * *

খাম্বাজ—আড়খেমটা

পশ্চিমে ভানু উদয় হয় যদি কোন কালে।
সাত সাগর শুকায় যদি
আমার বঁধুর সঙ্গে মন কি টলে।[৪] (ক)

* * *

অযোগ্যের সহিত প্রেমের পরিণাম

কমলিনী বলে সখি! যে দুঃখে প্রাণ জ্বলে।
অধম-সঙ্গে থাকিতে হৈলে অধর্মের ফল ফলে। ১০
আমি চণ্ডালেরে করেছিলাম চণ্ডী পূজায় ভক্তি[৫]।
রামছাগলকে দিয়াছিলাম রামশাল চালের পথ্যি। ১১
মুচিকে ক'রে পুরোহিত করেছি সাবিত্রীর ব্রত।
ঠাকুরের জিনিস ঠাকুরকে না দিয়ে, কুকুরকে
দিয়েছি ঘৃত। ১২
গজমুক্তা গেঁথে দিলাম বানর পশুর গলে।
বোবাকে বললাম হরি বল, সে কেমন করে বলে। ১৩
জানি বেটা জন্ম-ভেড়া, দিলে কিছু শিক্ষা-পড়া,
লাগে যদি কাজে।
তাও কখন লাগে কাজে? দগড়ের হাতে কি তবলা বাজে?
রামশিঙে যে বাজায়, তার কি হাতে বাঁশী বাজে। ১৪

পদ্মিনী আর ভ্রমরে কিরূপ তফাৎ?

যেমন শুকশারী আর শালিকে, চাকরে আর মালিকে,
ডোঙা আর শুলুকে, একখানি গাঁ আর মুলুকে।
পাতালে আর গোলোকে, টুমটুমী[৬] আর ঢোলকে,
সালিম আর শালুকে,[৭] শাঁকে আর শামুকে,
আফিঙ্গ আর তামুকে।
মালজমী আর খামারে, কলু আর কামারে,
শেয়াকুল আর জামিরে, দরিদ্র আর আমীরে,
বেঙে আর কুমীরে, গণ্ডারে আর শূকরে,
চণ্ডালে আর ঠাকুরে, সাগরে[৮] আর পুকুরে,
সিংহ আর কুকুরে, কমললোচন আর দর্দুরে,[৯]
বলবান্ আর আতুরে, [১০]ধনবান্ আর কতুরে[১০]
বোকা আর চতুরে।
দেওয়ান আর মেথরে, রাজ-বৈদ্য আর হাতুড়ে,
ধন্বন্তরি আর ভুতুড়ে, সক্ষম আর ভাতুড়ে,
ময়ূর আর বাদুড়ে, ভ্রমরে আর পাছুরে
আমন আর ভাদুরে। (অ)

* * *

পাঠান্তর : ১-১ এই চরণটি জ গ্রন্থে নাই। ২ গদ্যের বদলে ক ও খ গ্রন্থে এই পদ্য : যদি বল তোমার এমন পিরীত কিসে হল?
পিরীতের বিচ্ছেদ ব্যাধি আছে চিরকাল।
সব রাত্রিভোর তাকে পায় না বুঝেছি।
তাই বুঝি সে বিচ্ছেদকে নষ্ট করিয়াছি।
৩-৩ জ গ্রন্থে অতিরিক্ত। ৪ ক ও খ গ্রন্থে ইহা গদ্যের মধ্যে ধৃত। ৫ ভক্তি—খ। ৬ টৈমটৈমী—ক। ৭ লালুকে—জ।
৮ আগাড়ে—ক; আ-গড়ে—খ। ৯ দুন্দ্রে—জ। ১০-১০ ক, খ গ্রন্থে নাই।

ভ্রমরের নজর বড় ছোট

শুন দিদি কুমুদি গো, যে দুঃখেতে জ্বলি।
কিছু 'খ'কার ঘটিত খেদের কথা, খেদ মিটায়ে বলি ॥ ২২
যে জন খড় পেতে খেজুরের চেটায়, ঘুমিয়ে কাল কাটে।
তাকে খাটপালঙ্গ খাসা মশারী, খাটিয়ে দিলে কি খাটে ॥ ২৩
তাকে খেজুর গুড়ে ক্ষীর মিশায়ে, খেতে
দিয়াছিলাম কালি।
সে বলে, আমি পাই যদি খাই খালি খেসারির দালি ॥ ২৪
ক্ষুদ্র লোকের ক্ষুদ্র নজর খুব জেনেছি দিদি!
খুদের জাউ খেয়ে বলে, খুব খাওয়ালি খুদি ॥ ২৫
খাসা গোলা খাগড়াই মুড়কি খাবে, তার বাড়া কি আছে।
বলে খালি যেমন খাঁড়[1] খেতে সুখ তার বাড়া
কি আছে ॥ ২৬
খড়খড়িতে চ'ড়ে বলে খোক্‌শা[2] খাওয়াই ভাল।
তাইতে খেঙ্গরা মেরে খেদিয়ে বেটাকে খেদে নিবৃত্তি হল। ২৭
ক্ষুদ্র বেটাকে খাতির করে খাতির জমায়ছিলাম ভুলে।
খিরকিচ করছে বেটা, খিড়কির দুয়ার খু'লে ॥ ২৮
খাতক[3] বলি খত দিয়ে খালি করেছি লেঠা।
খুঁট মিলাতে পারে না এমনি খুঁট-আঁখুরে[4] বেটা ॥ ২৯
বেটা আমারই প্রজা আমারি খাতক, বেটা এমনি মহাপাতক,
ঘুচাব জারি ক'রে ডিক্রীজারী।
দিতে পারি আচ্ছা সুখ, দেখিয়ে প্রেমের তমসুক,
যদি কাজির কাছারিতে একবার হাজির করতে পারি ॥ ৩০

* * *

রাঙ্গের বদলে রূপা

এইমত উমাভাবে কুমুদীরে বলে।
পুনর্ব্বার কহে কিছু অভিমান ছলে ॥ ৩১
শুন দিদি কুমুদি গো! যে দুঃখে বুক ফাটে।
আমি কি কুক্ষণে এসেছিলাম পিরীতের হাটে ॥ ৩২
বেটা এল মাহেন্দ্রযোগে, আমি এলেম মঘায়।
অল্প দুঃখে কি আমি কাঁদি? বেটা রাং দিয়ে নিয়েছে চাঁদি,
ফেলে ভারি ভোগায় ॥ ৩৩
আমার পরেশ পাথর নিয়ে সখি, বেটা দিলে এক চকমকি,
সকলি যে আগুন-পোরা।
আমি মুক্ত দিয়ে শুক্ত নিয়েছি, ঘোড়া দিয়ে ভেড়া ॥ ৩৪
আঠার পর্ব্ব ভারত বেচে কিনলাম বকেয়া পাঁজি।
কালকূট[5] বেটাকে দুগ্ধ দিয়ে, কিনে লয়েছি কাঁজি ॥ ৩৫
আমার ঘটেছিল কি দুর্মতি! মতি দিয়ে নিয়েছি রতি,
ব্যাপার করেছি ভাল।
বালসার ঔষধ বদলে বেটা, সালসা নিয়ে গেল ॥ ৩৬

* * *

সিন্ধু—কাওয়ালী

সই রে! মন দিয়ে শঠে, ঠকেছি[6] পিরীতের হাটে,
না বুঝিয়ে আসলে[7] হ'ল দণ্ড।
গরল ভুকেছি, তারে সঁপিয়ে সুধা-ভাণ্ড।
মরমে যাতনা ভারি, শরমে কহিতে নারি,
গণ্ডমূর্খে করেছি গলগণ্ড।
যেমন চণ্ডালে ব্রাহ্মণে মারে, দ্বিজ প্রকাশিতে নারে,
সেই দশা মোর [8]হয় না দুঃখ বলা দুর্দ্দণ্ড[8] ।[9] (খ)

* * *

শিমূল ফুলের আত্মদুঃখ বর্ণন

[10]নলিনীরে এত বলি[10] তীর্থবাসে যায় অলি,[11]
নানা ফুলের সঙ্গে দেখা বনে।
চলিল পদ্মিনীর স্বামী যেন শুকদেব গোস্বামী,
ডাকিলে কথা কন না কারু সনে ॥ ৩৭

পাঠান্তর: ১ খাঁড় গুড়—ক। ২ খুন্ধি—জ। ৩ খাটবো—জ। ৪ খাট-আঁখুরে—জ। ৫ কালুটে—জ। ৬ মজেছি—ক, খ। ৭ আসতে—ক, খ। ৮-৮ হয়েছে প্রচণ্ড—ক, খ। ৯ শেষটি ক ও খ গ্রন্থে গানের মধ্যে ধৃত হইয়াছে। ১০-১০ যেথায় মনের বিরাগে অলি—ক, খ। ১১ চলি।

এক দিন এক স্থলে, ভৃঙ্গে দেখি শিমুলে বলে,
ওহে ভৃঙ্গ! বিরহিণী আমি।
অলি! কিছু বলি দুঃখে, যদি কর আমায় রক্ষে,
ফুলের পক্ষে বল্লালসেন তুমি ॥ ৩৮

পিতা মাতা শত্রু হ'য়ে বিশিষ্ট বর দেখে বিয়ে
না দিয়ে, ফেলেছে ঝিয়ে জলে।
কা'কে বলিব হায় হায়! কাকে ঠুকরে মধু খায়,
মনস্তাপে সদা অঙ্গ জ্বলে। ৩৯

বলিব কারে শুনিবে কেটা, অভিমানে গা শিউরে কাঁটা,
কম্পজ্বরে একজ্বরী হ'ল।
সুজন বিনা সুখ খণ্ড, মূলে হয়েছে লণ্ডভণ্ড,
ভেবে ভেবে পেটে জন্মায় তুলো ॥ ৪০

ভূতের বেগার খেটে খেটে, শেষ কালেতে মরি ফেটে!
মুখ দেখান ভার হয়েছে লাজে।
ভেবে ভেবে ওহে ভৃঙ্গ! অসার হয়েছে অঙ্গ,
পড়িয়ে রয়েছি বনের[১] মাঝে ॥

* * *

ঝিঁঝিট[২] — খং

আমায় যদি জেতে তু'লে, যেতে পারিস ভ্রমরা!
তবেই তোরে রসিক বলি, নলিনীর মন-চোরা! ॥
কারে দুঃখ বলব যাদু! [৩]চিরদিন রই[৩] শুধু শুধু,
দাঁড়কাকে খায় ঠুকরে মধু; আতঙ্কেতে অঙ্গ জরা ॥ (গ)

* * *

শিমুল ফুলের প্রতি ভৃঙ্গের ক্রোধ

ভ্রমর বলে, সামলে কহিস ওসব কথা সইনে।
শোন লো শালি! শোন শোন, চুপ ক'রে থাকি চারি সন,
তবু অরসিকের সঙ্গে কথা কইনে। ৪২
অমন কথা, সাধ্য কি যে আমায় বলে অন্যে।
যেমন রাজপুত্র দেখে ক্ষিপ্ত কোটালের কন্যে ॥ ৪৩
তুই কি ছেঁড়া চেটায় শুয়ে দেখিস লক্ষ টাকার স্বপন।
যেমন লক্ষ্মণকে বিবাহ করতে শূর্পণখার মন ॥ ৪৪
কি জানি কপালের কথা ঐটে বুঝি বাকী!
এখন তোমার সঙ্গে পিরীত ক'রে পিরিলি হ'য়ে থাকি ॥ ৪৫
তখন শিমুল বুঝিয়ে মূল, মলিন লজ্জায়।
অবজ্ঞা করিয়ে অলি তীর্থবাসে যায় ॥ ৪৬
পতঙ্গ, আতঙ্ক-ভয়ে বিরস বয়ান!
নাহি পায় কোন তীর্থপথের সন্ধান। ৪৭

* * *

ডাকসাইটে বেশ্যাগণের তীর্থযাত্রা

দৈবে, এক রাত্রে নৌকা যাচ্ছে গঙ্গা বেয়ে।
যাচ্ছে কাশী, দক্ষিণ-দেশী যত ছেনাল মেয়ে ॥ ৪৮
কলুটোলার কৃপা কলুনী[৪] কাঞ্চনী আর কুদী।
খিদিরপুরের ক্ষেমা খান্‌কী, খড়ম-পেয়ে খুদী ॥ ৪৯
গোঁদলপাড়ার গোদা কমলী, গেঁদা গোলবদনী।
ঘুস্তীপাড়ার ঘুস্-খাকী[৫] ঘোষাণ ঘোল-বেচুনী ॥ ৫০
উদমর্দাড়ি উজ্জ্বলী, উষা খান্‌কীর বাঁদী।
চোরবাগানের চাঁপার বেটী, চোপরা-কাটা চাঁদী। ৫১
ছোলা-দাঁতী ছক্কবি ছেনাল, ছিদ্যে[৬] ছুতোরের বেটী।
জোড়াসাঁকোর জয় যুগিনী যমুনা রাঁড়ীর জেটী। ৫২
ঝাড়ুর নাত্‌নী, ঝোড়[৭]-ঝেঁটেনী ঝাড়ুওয়ালীর ঝি।
ইদুর[৮] নাত্‌নী ইচ্ছামণি, ইতর বলিব কি। ৫৩
টেপুশালী টোপ্‌নাগালী টেরি বসে টেরে।
ঠাকুরোর বেটী, মানটি ঠেঁটী, ঠন্‌ঠনের বাজারে। ৫৪
ডুমুরদয়ের ডাকসাইটে ডউরে রাঁড়ী ডুমী।
ঢাকাপটীর[৯] ঢাক-বাজানি ঢাকাই বাবুর প্রেমী ॥ ৫৫

পাঠান্তর: ১ ফুলের—ক। ২ পিলু—ক। ৩-৩ পড়ে থাকি—ক, খ। ৪ কমলী—ক। ৫ ঘুনখাকী—ক। ৬ পদ্ম—খ। ৭ ঝগড়—ক। ৮ ইন্দুর—ক। ৯ বাগবাজারের—ক।

আন্দুলবেড়ের আন্দি রাঁড়ি, আহীরিটোলার হীরা।
তুলোপটীর[১] তেমা তাঁতিনী, তুলসী-বাগানের তারা ॥ ৫৬
থানা মাজুল খোকপড়নি থুবড়ো থাক বামনী।
ছুলোর বেটী প্রেমছুলালি ছুলাল ঘোষের[২] চেমনী ॥ ৫৭
ধর্ম্মতলার ধানী ধোপানী, ধীরে মণি দাঁতনী।
নাথের বাগানের নবি নাপতিনী নকুড়ে নটীর নাতিনী ॥৫৮
প্রেমানন্দে যায় তীর্থে প্রেমার বেটী পদী।
তরুণী-ভরা তরণী লয়ে বেয়ে যায় নদী ॥ ৫৯
মধুকর সেই মধুকর মধ্যে প্রবেশিল।
বাঁশের কোটর মধ্যে মাস্তলে বসিল ॥ ৬০

* * *

ভ্রমরের নৌকায় পদ্মিনী ও ভ্রমরের বিরক্তি

ইতোমধ্যে নৌকায় একজন পদ্ম পদ্ম বলিয়া ডাকিতেছে[৩]
ভ্রমর বলে, আমায় বিধি ফেললে কি বিপত্তে।
আমি ভেবেছিলাম, জ্ঞান-কৃত পাপ খণ্ডাইব তীর্থে ॥ ৬১
চন্দ্র সূর্য্য সাক্ষী, তোমরা আছ মর্ত্ত্যে।
আমার পাকার ঘুটী কাঁচায় বেটী কিসের নিমিত্তে ॥ ৬২
আমি হরি-পদে মন সমর্পণ করেছি এক চিত্তে।
'সব নষ্ট হয় কষ্ট পদীর দৌরাত্ম্যে'[৪] ॥ ৬৩

ভ্রমর বলে, পদী তুই আমার কি বালাই হলি।
কেমন বালাই
যেমনি নিশি হৈলে ঘোর, গৃহস্থের[৫] বালাই চোর।
ভূতের বালাই রাম, যোগীর বালাই কাম।
মুহুরির বালাই ধোঁকা, পথের বালাই টাকা,
পিপড়ার বালাই পাখা।
পতির বালাই দুষ্টা নারী, সতীর বালাই সজ্জা।
তক্ষকের বালাই গরুড়, ভিক্ষুকের বালাই লজ্জা ॥
ভেকের বালাই সর্প যেমন, কাকের বালাই ঝড়ি।
বংশের বালাই কুপুত্র, কংসের বালাই হরি ॥
যোদ্ধার বালাই ভয়, সকলের বালাই পর।
মদনের বালাই হর, ইংরেজের বালাই জ্বর ॥
জ্বরের বালাই বৈদ্য যেমন, ঘরের বালাই উই।
আমার পরমার্থের বালাই তেমনি, পদি! হয়েছিস তুই ॥(অা)

* * *

"খাম্বাজ—আড়খেমটা"[৬]

উপায় করিব কি, বল মা গঙ্গে।
আপদ্ ছুটিল কই, জুটিল সঙ্গে সঙ্গে ॥
ঐ বেটী গায়ে পড়ে, বসেছে নায়ে চড়ে।
ছি ছি পদীর মতন ছেনাল, নাইকো রাঢ়ে বঙ্গে ॥ (খ)

* * *

গয়ায় গদাধরের পাদপদ্মে ভ্রমর কর্ত্তৃক পিণ্ডদান

ল'য়ে যত নারী, নৌকার কাণ্ডারী,
সুরধুনী বাহি যায়।
গয়ার নিকটে, রাখি নৌকা ঘাটে,
উঠে যাত্রী হেঁটে যায় ॥ ৭১
গেল যাত্রী তদন্তর যথা প্রভু[৭] গদাধর,
পাদপদ্মে পিণ্ড দিতে।

পাঠান্তর ১ তেলোপটির—খ। ২ সরকারের—জ। ৩ এই গদ্য স্থলে ক ও খ গ্রন্থে এই পদ্যাংশ আছে:
ইতিমধ্যে সেই নৌকায় পদ্ম পদ্ম বলে।
শুনে অমনি ভ্রমরের অঙ্গ গেল জ্বলে।
বলে, পদি বেটি! তুই বুঝি আমার সঙ্গে এলি।
পরমার্থের পথে তুই বড় বালাই হলি।
৪-৪ এই অংশটি কেবল ক-গ্রন্থে পাওয়া যায়। খ-গ্রন্থের পাঠ—"কেমন খান করে এসেছে বেটী খান ভঙ্গ করতে"
৫ শব্দটি ক ও খ গ্রন্থে নাই। ৬-৬ সুরটি খাম্বাজ—কাওয়ালী—ক। ৭ ক গ্রন্থে 'যাত্রী', 'প্রভু' নাই।

পাদপদ্ম-রবে, ভৃঙ্গ মনে ভাবে,
পদ্ম কি মান্ত জগতে। ৭২

যার মর্ম্ম ছাড়ি হৈলাম ব্রহ্মচারী,
তারি কথা ত্রিভুবনে ?
যা হউক মেনে অন্ত[১], এ কেমন পদ্ম,
বারেক দেখি নয়নে। ৭৩

*　*　*

ভ্রমরের জ্ঞানলাভ

গদাধরের পাদপদ্ম দরশন করিয়া, ভ্রমরের জ্ঞান জন্মিতেছে

যেমন পাপ ঘুচিলে, পৃথিবী পবিত্র বলি শাস্ত্রমত।
দুর্জ্জন ঘুচিলে দেশ পবিত্র, দস্যু ঘুচিলে পথ॥
রাহু ঘুচিলে চাঁদ পবিত্র, আলো করে ভুবন।
জঙ্গল ঘুচিলে স্থান পবিত্র, সন্দেহ ঘুচিলে মন॥
ঋণ ঘুচিলে গৃহী পবিত্র, শাস্ত্র-মত বলি।
তেমনি ভ্রম ঘুচায়ে[২] জ্ঞান প্রাপ্ত হয় অলি[২]। [ই]

*　*　*

তখন ভ্রমরের পবিত্র জ্ঞান জন্মিল।

খাম্বাজ—পোস্তা[৩]

পদ্মিনীর পদ্মবনে বদ্ধ হ'য়ে আর কে রবে !
হরি-পাদপদ্ম-মধুপান করি,—এ প্রাণ জুড়াইবে॥
কাজ কি আমার মধুর মায়া, ক'রে যাই মধু-গয়া,
বিপত্তে মধুসূদন, পদছায়া আমায় দিবে॥ (ড)

*　*　*

গয়া-মধ্যে মধুগয়া ক'রে ভৃঙ্গ পরে।
'কাশী গিয়ে কাশীনাথ দরশন করে'[৪]। ৭৭

প্রয়াগেতে গিয়ে ভ্রমর মুড়াইল মাথা।
নাপিতের সঙ্গে ভ্রমরের বিবাদ লাগিল তথা। ৭৮

নাপিত বুঝিতে না পারিয়া ভ্রমরের চুল বলিয়া হুল কেটে দিল[৫]

এখন কাটিল হুল উঠিল জ্বলি, মার্গে হস্ত দিয়ে অলি,
তাপিত হ'য়ে নাপিত প্রতি বলিছে।
ওরে বেটা চালশে-ধরা ! ক্ষেউরি কি তোর এমনিধারা !
কোথা কামালি ! উহু মরি জ্বলিছে। ৭৯

ওরে ভাই রে ! কি উৎপাত, বেটার খুরে দণ্ডবত,
"ঘুৎ ক'রে"[৬] কামাব বেটা বললি।
'ছিলাম গোটা করি কাটা,' জাতি ঘুচায়ে দিলি বেটা !
ধর্ম্ম কর্ম্ম জন্মের মত দারলি। ৮০

ওরে নাপিত বেটা ! কোথা যাবি, লাগিবে তোকে হুলের দাবি
দায়মালে পাঠাব তোকে দেখিবি।
কি গুণে তুই ধরিস ভাঁড়ি, চিন্তে নারিস্ মাথা কি দাড়ি,
ঠেঁটা বেটা ! ঠেকিসনে আজ ঠেকবি। ৮১

কেন করিলাম তীর্থবাস, হৈল আমার সর্ব্বনাশ !
নাপতে বেটা মারলে আমাকে ভাই রে !
মিছে ঘুরিলাম হরির পিছে, ধর্ম্ম কর্ম্ম সকলি মিছে,
কলিকালে দেবতা নাই দেখি রে। ৮২

করে চুরি ডাকাতি ছেনালি যারা, কলিতে কেবল সুখী তারা,
ধর্ম্ম করিলে "জন্ম যায়[৮]" বিপত্তে।
ছিলাম পদ্মবনে হৃদ্দ সুখে, ছাই দিয়ে আপনার মুখে,
কেন তীর্থে এসেছিলাম মরতে। ৮৩

পাঠান্তর : ১ হন্দ—ক। ২-২। জ্ঞান প্রাপ্ত হয় অমনি অলি—ক, খ। ৩ আড় খেমটা—জ, দ।
৪-৪। গেল কাশী অভিলাষী দরশন হরে—জ। ৫ এই গদ্যের স্থলে ক ও খ-গ্রন্থে একটি পদ আছে :
নাপিত অমনি তাহার তথ্য বুঝিতে না পারি।
চুল বলে হুল কেটে তার দিল তাড়াতাড়ি॥
৬-৬। ঘুটি তুলে—জ। ৭-৭। করলি আমার হুলকাটা—ক, খ। ৮-৮। পড়তে হয়—ক, খ।

শুনিলাম যেখানে ধর্ম্ম সেখানে জয়, খুব পেলাম তার পরিচয়,
কপালে দণ্ড, তাইতে দণ্ড ধরিলাম।
বলি, হরি দয়া করিবেন দাসে, অপূর্ব্ব ধন পাবার আশে,
পূর্ব্ব ধনটা বিনষ্ট্রতি করিলাম। ৮৪
তীর্থে আমার নাইকো মন, হৃদে জাগিছে পদ্মবন,
পদ্মের বিপরীত[১] এত দিনে মোর ছুটিল।
কিসে হবে আর সে সব কর্ম্ম, গঙ্গা নারায়ণ ব্রহ্ম,
আমার ভাগ্যে দৈবে এখন ঘটিল। ৮৫

* * *

ভ্রমরের তিরস্কার-বাক্যে নাপিতের উত্তর

নাপিত বলে দামলে কহিস, নবাব-জাদার বেটা নহিস,
'স্বরূপে কিবা ভঙ্গি[২]' পরিপাটী!
মুখটি পুঁটুকি[৩] সমান ভাব, কিসে করিব অনুভব,
হাত বুলায়ে চুল ব'লে হল কাটি। ৮৬
বেটার কিবা চরণ, কিবা গঠন, হাত নাই তার ছটি চরণ,
হরের ডম্বুর মত মাঝখান তার সরু।
কত বাবু-ভেয়ের ছেলেকে কামাই, লক্ষ টাকা করেছি কামাই
চালশে-ধরা বলিস বেটা গরু। ৮৭
অঙ্গহীন হ'য়ে ভৃঙ্গ, তথা হৈতে দেয় ভঙ্গ,
রাগেতে প্রয়াগ-ধাম ছাড়ে।
ভাবিছে ভ্রমর কি হইবে, এখন মুক্তিপথের যুক্তি কিবে,
লজ্জার কথা উক্তি করি কারে। ৮৮

* * *

ভ্রমরের দুর্দ্দশা

ভ্রমর বলিতেছে, আমি দুয়ের বাহির হইলাম,এখন
করিব কি? কোন পথে যাইব? আমি দুয়ের বাহির
হইলাম।

যেমন, মরাও নয়, জীয়ন্ত নয়, যেমন চিররোগী।
হিন্দু নয়, যবন নয়, 'তার সাক্ষী যুগী'।
মেটেলও নয়, বেলেও নয়, দো-আঁসলা মাটি।
আমনও নয়, আউশও নয়, কার্ত্তিক মাসের ঝাঁটি।
ধুতিও নয়, সাড়ীও নয়, বালা-আঁচলা বলে।
গৃহীও নয়, সন্ন্যাসী নয়, যার নাই মাগ ছেলে।
গ্রামও নয়, বনও নয়, যেখানে ভদ্রলোক ছাড়া।
পাকাও নয়, কাঁচাও নয়, যেমন টেসোমারা।
কাঁসাও নয়, পিতলও নয়, যেমন ধারা ভরণ।
হিন্দু বটি, কি মুসলমান বটি, আমার দেখচি মরণ। [ঐ]

* * *

ভাবিছে ভ্রমর একজাই, এখন কাশী যাই কি মক্কা যাই,
কি মজা ঘটালে বিধি হায় রে!
কাটা করলে বেটা নাই, হিন্দু বটি, হিন্দুয়ানি নাই,
কোন্ মতে চলিব এ কি দায় রে। ৯৪
এখন রাম ভজি কি রহিম ভজি, দিশে পাইনে কিসে মজি,
নিশে কে করে শেষে আমার পক্ষে।
এখন ব্রত করি কি রোজা করি, সন্ধ্যা করি কি নামাজ পড়ি,
করিতে চাই ত পরকালটা রক্ষে। ৯৫
মহরমেতে সহরে থাকি, কি মাহেশ গিয়ে রথ দেখি?
কোন্‌টা ন্যায় কোন্‌টা বা অন্যায় রে!
নবির নাম কি বলিব হরি, তুলসী ধরি কি তছবী[৪] ধরি,
তজবিজ করিয়া কেবা দেয় রে। ৯৬
হক[৫] কথা কওয়ার ভারি জালা, কলা বলি কি বলি কেলা,
একি জ্বালা কা'কে হেলা করিব?
দিদি বলি কি বলি নানী, জল বলি কি বলি পানি,
কোরাণ মানি কি শাস্ত্র-মতটা ধরিব। ৯৭
বিবেচনা কিছু যায় না করা, গাড়ু কিনি কি 'বদনা ধরা,'
থাল কিনি কি সানকিতেই খাই রে?
তাজ বলি কি বলি দাদী, বিয়ে বলি কি বলি সাদী,
ছালম বলি কি বাওন বলি চাই রে? ৯৮

পাঠান্তর: ১ পিরীত—ক, খ। ২-২ ওরে বেটা তুমি—জ। ৩ পুঁকটি—ক। ৪-৪ ছত্রিশ জেতে খাী—ক, খ। ৫ তছবীর—ক, খ। ৬ হক—ক, খ। ৭-৭ কিনি কড়া—জ।

হ'ল মরণ-কালে বিপদ ঘোর, গঙ্গা নেই কি নেই গোর,
কার কাছে বা শরণ ল'য়ে থাকিব ?
যা করেন গোকুলের চাঁদ, যা করেন পীর গোরাচাঁদ,
কিছু কিছু দুইয়ের মতে চলিব ॥ ৯৯

* * *

থাম্বাজ—খেমটা[১]

মজ[২] মন, নন্দলালা, খোদায় তালা, দিন তো গেছে।
কর পান গঙ্গাপানী, বল পানী, শূলপাণি[৩]
আর এমাম হোসেন
মৎ কিজে রাম রহিমকো ভিন '[৪]মন আমার' ভেব না মিছে॥
চল মন মক্কা কাশী, 'মন উদাসী'[৪], দোনো বিনে
তরঙ্গে[৫] ক্যাসে ॥ [৬]

নলিনী-ভ্রমরের বিরহ [দ্বিতীয়]

ভৃঙ্গবিরহে কমলিনীর খেদ

দিন দুই তিন কমলিনী না হেরিয়ে ভৃঙ্গে।
কুমুদিনীরে কন ভাসি নয়ন-তরঙ্গে ॥ ১
'এই আসি প্রেয়সী' ব'লে ক'রে চাতুরি রঙ্গে।
বুঝি মজেছে পাতকী বেটা কেতকীর সঙ্গে ॥ ২
হায় বিধি ! আমারে কেন মিলালি কুসঙ্গে।
এ মিলন হয়েছে যেন পতঙ্গে মাতঙ্গে ॥ ৩
[৬]ধরাতে না পেয়ে[৬] পতি, ধরেছি পতঙ্গে।
গঙ্গাতীরে মেয়ে হয়ে পড়েছি অগঙ্গে ॥ ৪
সর্ব্বদা আমারে ব্যঙ্গ করে অঙ্গে-বঙ্গে।
অপমান '[৭]অঙ্গীকার করিব[৭]' কত অঙ্গে ॥ ৫
অপাঙ্গের বারি সদা নিবারি অপাঙ্গে।
সোনার অঙ্গ দিলাম আমি, এমন পাপাঙ্গে ॥ ৬
দহিছে মন, সদা যেন দংশিছে ভুজঙ্গে।
প্রকাশিলে ব্যঙ্গ করি, হাসে লো বৈরঙ্গে ॥ ৭
এমন পাপিষ্ঠ বেটা সত্যবক্সী[৮], লজ্জে।
এ জ্বালা এড়াই দিদি ! যদি লন গঙ্গে ॥ ৮
অরসিক কি বশে থাকে রসের প্রসঙ্গে।
রসনায় নাই রস-বোধ, ভয় কি রসভঙ্গে ॥ ৯

* * *

বেহাগ[৯]—কাওয়ালী

মন দিয়ে অরসিকে মরি !
মরি মরি মনাগুনে গুমরি, যায় বুঝি যায় গো !
ভেবে ভেবে তার গুণ ভেবে,
বিরলে কাঁদি গুন গুন রবে সহচরি ॥

অবলারে করে ধাপ্‌পা সই !
মজালে মজিব বলে সে মজিল কৈ ?
সে আমায়, যে কাঁদায়, প্রেমদায় একি দায় !
তথাপি তাহারে কেন মন চায়, কি করি ॥ (ক)

* * *

পাঠান্তর : ১ পোস্তা—ক ; আড়খেমটা —ঋ। ২ ভজ—ক। ৩ গ-গ্রন্থে এই শব্দটি নাই। ৪-৪ খ-গ্রন্থে নাই।
৫ তরবো—ক। ৬-৬ ধরিতে না পেরে—খ। ৭-৭ অলঙ্কার পরিব-খ। ৮ সত্যবলী—ক। ৯ মুলতান—ক।

কমলিনীর ক্রোধ ও ভৃঙ্গকে ভর্ৎসনা

কিছু দিন বই সরোজীর, নিকটে হলো হাজির,
ভ্রমর ভ্রমিয়া নানা বনে।
নলিনী রাগে গরগর গর্জে যেন অজগর
কহিছে চাহিয়ে কোপ-নয়নে ॥ ১০
ওরে বেটা ভ্রমরা করে বেঁড়ে চোমরা
মান বাড়ালাম, তার ফল দিলি।
করে শত্রু হাসাহাসি বাসা করে মাসামাসি
বেটা তোর মাগীর কাছে ছিলি ॥ ১১

যদি শুনতে পাই স্থলপদ্ম, তোরে দিবে কি স্থল পদ্ম
পাদপদ্মে পড়ে যদি থাকিস।
যদি অশোকের সঙ্গে শুনি আশোক,
আমি কি তোর করিব রে শোক
প্রাণের নাশক হব বেটা দেখিস ॥ ১২

যদি শুনি মজেছ বকে, যেন ক্ষুদ্র মীন খায় বকে
তেমতি হানিয়া প্রাণে মারিব।
যদি শুনি বেল ফুলের কথা, বেল ভাঙ্গার ন্যায় ভাঙ্গিব মাথা
বেলমোক্তা মজা[১] মারা সারিব ॥ ১৩
যদি শুনি নাম অতসীর, এখনি করিব হতশির,
সে মাগীর আর করো না ভরসা।
যদি শুনি টগরের নাগর, নগরের মাঝে বাজায়ে ডগর
গোর দিয়া গৌরব করিব ফরসা ॥ ১৪

শুনতে যদি পাই জাতী, বজায় রবে কি বজ্জাতি,
যুথীর কথা শুনলে গুণে একুশ জুতি ঝাড়িব[২]।
যদি জবার কথা কেহ কয়, য'বার আমার ইচ্ছা হয়
ত' বার মুণ্ডেতে লাথি মারিব ॥ ১৫

যদি গিয়ে থাক কাঞ্চনে, বাকি রবে কি লাঞ্ছনে,
গোলাপের সঙ্গে আলাপ শুনে প্রলাপ দেখাব ভারি।
যদি নাগেশ্বরের নাগর শুনি
যেমন নাগের মুখে যায় ভেকের প্রাণী
লাগিলে[৩] বেটা, গিলে খেতে পারি ॥ ১৬

যদি কদম্বের সঙ্গে শুনি লেঠা, বেদম করে রাখব বেটা,
"আসল চিজের" আদর ঘুচালি যেমন।
"যদি খেয়ে থাক অসার ফুলের মধু দুরাচার",
সত্বরে দেখাব তোরে শমন ॥ ১৭

না বুঝিয়া কায়দা কারণ মধু খাওগে অন্য কানন,
কোথা রবে করলে কাঞ্চন জারি।
করতে পারি পয়মাল, দিতে পারি দায়মাল,
যে মাল করেছ তুমি চুরি ॥ ১৮

ছি ছি রাখা যায় দুঃখের কথা, রাখাল হল রাজজামাতা,
চন্দন দিয়েছে মেখে চণ্ডালের অঙ্গে।
পরাণে কি সহ্য হয়, কুড়ুনীর বেটার উড়ুনী গায়,
ভাড়ানীর বেটার আড়ানী যায় সঙ্গে ॥ ১৯

এখন দুঃখে জলে যায় গাত্র, পাত্র বুঝে মধুর পাত্র
দিলে পর কি এমন ধারা ডুবি রে।
হল খুব ক্ষতি মোর খেলা খেলে, গোলমাল করিয়া মেলে
বদরঙ্গের গোলাম বিবিরে ॥ ২০

* * *

কমলিনীর অপমানের স্বরূপ

তো হতে আমার অপমান কেমন ?
যেমন রাখাল বসে বাদসার পাটে।
যজ্ঞের ঘৃত কুকুর চাটে।
দক্ষের মুণ্ড ভূতে কাটে।
লঙ্কা পোড়ায় মর্কটে।
পাকা আম্র কাকের[৫] পেটে।
মুক্তার মালা বানরে কাটে ॥

পাঠান্তর : ১ মোক্তা—ক। ২ মারিব—খ। ৩ না গিলে—ক। ৪-৪ আসরিনীর—ক, আতর চিবের—খ।
৪-৪ যদি খেয়ে থাক মধুরে অসার ফুলে সত্বরে—ক। ৫ কাকের—ক।

রত্তির আমদানী মত্তির হাটে।
[১]আদায় আবাদ আফিমের মাঠে।
ভস্ম যেমন শিবের ললাটে।
ফরাসের উপর ছাগল হাঁটে।[১] [অ]

* * *

সুরট—কাওয়ালী

হায় রে ঘটালে বিধি কি রঙ্গ।
ধিক্ ধিক্ রে যৌবনে প্রাণে ধিক্ ধিক্ ধিক্ ধিক্ ধিক্—
ধিক্ ধিক্ ধিক্ কি লোকে করে ব্যঙ্গ, হলো রসভঙ্গ
ভাতার পতঙ্গ কালো-কুজ ভৃঙ্গ।

বাছার কি যে রূপের ছটা, বরণ কালো চরণ ছটা,
কি সুঠাম, রাম রাম পাকা জাম জিনি সুরঙ্গ।
অগণ্য নির্গুণে
কেবল গুণের মধ্যে গুণ গুণ গুণ গুণ।
আমায় মজালে রে কি গুণে বেটা ঢঙ্গ॥

নীচ-সহবাসে ভালো কেহ তো না বাসে
কি বাসে প্রবাসে রে হাসে তত বৈরঙ্গ।
তাপের প্রতাপে কাঁপে সদা অঙ্গ
থর থর থর নিরন্তর নয়নের নীরে বয় তরঙ্গ॥[২] [থ]

* * *

নলিনীর ভৎর্সনায় ভ্রমরের ক্রোধ

নলিনীর কথায় ক্রোধে জ্বলে, কোমর বেঁধে ভ্রমর বলে,
হেঁলো বেটি, এত কি অবিজ্ঞে।
যদি হারায় হাজার টাকার তোড়া, তবু সয় না মান তোড়া,
করিব একথান, যা থাকে আজি ভাগ্যে॥ ২৬
যদি পীরিতে লোকে "বলে জুটে", স্বভাব ছিল না রেগে[৪] উঠে
বেজায় হলো যায় বুঝি প্রেম কেঁচে।
ক্রমে ক্রমে তোর দেখে কুরীত,
পিরীতের আর নাই লো পিরীত,
ভঙ্গ হলে ভৃঙ্গ যায় বেঁচে॥ ২৭
আমি এতই কি অক্ষম অলি, অলীক করে বলাবলি
আপনারি সর্ব্বদা জোর জারী।
জানে সবে আমার বাহাদুরী, বৃহৎ কাষ্ঠ বাহাদুরী,
তাতে আমি বিঁধ করতে পারি॥ ২৮
অবলার বলা বলে তাতি নে উড়িয়ে দিই গায়ে পাতি নে
মান রেখে আপনি যাই হ'টে।
নইলে, আমি ক্ষমা করি সে রীত, কত বেটীর সঙ্গে পিরীত
আদর পূর্ব্বক যায়[৫] পটে॥ ২৯

* * *

ভ্রমরের আদর

আর আর ফুলের কাছে আমার কেমন আদর জানিস?

আর আর ফুলের কাছে, আমার এমনি আদর আছে।
যেমন এক জেতে পুরুতের আদর যজমানের কাছে॥
রোগী যেমন যত্ন করি, বৈদ্যের আদর রাখে।
চাকুরে ভাতারের আদর যেমন মেগের কাছে থাকে॥
ষষ্ঠীর আদর যেমন, পোয়াতীর নিকটে।
বক্কলের[৬] আদর যেমন ফরিয়াদীর কাছে ঘটে॥
লোচ্চার কাছেতে যেমন, কুটনী আদর পায়।
গোঁসায়ের আদর যেমন, বৈরাগীর আখড়ায়।
মাতালের নিকটে যেমন, শুঁড়ির আদর ঘটে।
ভগবানের আদর যেমন, ভক্তের নিকটে॥
গুণ-বোদ্ধার কাছে যেমন, গুণীর সমাদর।
চাষার নিকটে যেমন, বলদের আদর॥
হাড়িঝির আদর যেমন, নারী-প্রসবের সময়।
পাঠা বিক্রীর আদর যেমন, আশ্বিন মাসে হয়॥ [আ]

* * *

পাঠান্তর: ১-১ এই অংশ খ গ্রন্থে নাই। ২ গীতটি খ ও ধ গ্রন্থে নাই। ৩-৩ মজে যটে—ক। ৪ রেখে—ক।
৫ কে যায়—খ। ৬ বর্কবের খ; সাক্ষীর—খ।

নলিনীর মুখে ভ্রমরের নিন্দা

নলিনী বলে তোর আদর কেন না করিবে ফুলে।
মান্যমান, কুলবান, তুমি যে কুলীনের ছেলে॥ ৩৭
যার মুখটি কালো, কালামুখো জগতে কয় তারে।
তোর সর্বাঙ্গ কালো, লজ্জা থাকবে কি প্রকারে॥ ৩৮
চারি পেয়ে হলে পর তার যেমন মান্য।
তুমি ছ'পেয়ে নাগর আমার, তাদের দেড়া মান্য॥ ৩৯
দু'দলে থাকিলে পর ঠক বলে লোকে।
সে দফায় চূড়ান্ত তুমি, শতদলে থেকে॥ ৪০

ভ্রমরকে পদ্মিনীর তিরস্কার

কমলিনী কয় ভ্রমরে, কেন মিথ্যা ভ্রম রে,
ঘুচিল মনের ভ্রম রে, দূর হও রে দুরাচার।
আমার কাজ নাই এমন নাগরে, গিয়ে অন্য ফুলে নাগ রে,
ঘরে রেখে নাগরে, নাগর-ভয় অনিবার॥ ৪১
হব না তোর হিংসক, যে ফুলে তোর হয় আশোক,
যা রে বেটা, কিসের শোক গেলে পাঁজির হিল্লে।
আমার কাছে আর এসো না, কোনরূপে করব না
তোর উদ্দেশ, মৌত খবর শুনলে॥ ৪২
যাও কলকাতা কি শালকে, কিম্বা কোন মুলুকে,
আবার পুরে রাখিবে।
মরি লোকের গঞ্জনাতে, তোকে দিয়ে মধু রে,
ওরে বেটা তুই গেলে, নলিনী সুখে থাকিবে॥ ৪৩
আমি জবা দিচ্ছি শহরে, থাকিব না আর তোর সহ রে,
যাতনা দুঃসহ রে, সইতে না আর পারব।
তোর বাবা যদি মাথা কোটে,[১]
তবু তোকে দখল দিব না কোটে,
দরখাস্ত দিয়ে কোটে, দাবীর দায়ে সারব॥ ৪৪
সঁপিলে ভাণ্ডার সব লোটে, কিছু রাখে না সব্-লোটে
কুমুদি দিদি, কেহ লোটে, কি করেছি মরতে।
এখন ভ্রমরা আমার সঙ্গে নাই, ঘটলে কথা গঙ্গা নাই।
বেটাকে আর দেব না ভাই,[২] পাতে ভোজন করতে॥ ৪

* * *

বসন্ত—তিওট

ছি, ছি, নাই তোর সঙ্গে প্রেম প্রয়োজন।
মিছে আয়োজন,
দুর্জ্জনের সঙ্গে আলাপ,
রাখে না সজ্জনে, দেয় বিসর্জ্জন॥
আমায়, বিধি কি বৈরঙ্গে ভঙ্গ,
করি তোর সঙ্গে রসরঙ্গ।
করে ব্যঙ্গ তায় অঙ্গে বঙ্গে,
তোর অঙ্গে করে অঙ্গ-বিতরণ॥
আমি নিরন্তর বাস করি জলে, যায় না জলে
সদা ভাসিতেছে নয়ন, পোড়া বিষমাখা অঞ্জন॥ (গ)

* * *

পদ্মিনীর প্রতি ভ্রমর

শুনে রেগে কয় ভ্রমর, হেঁলো বেটি ঐ তো গুমর,
কিছু মান রাখ না মোর, এত গৌরব কার লো।
আমি এখন হলাম অযোগ্য, বাবা বলে দিয়ে অর্ঘ্য,
শালা বলে শেষে মার্গ মধ্যে জল পোর লো॥ ৪৬
নিজে হয়েছি কর্ম্মনাশা, তোমারও প্রায় প্রাচীন দশা,
দৈবেই আমাকে খুঁজে বাসা, যেতে হলো তফাতে।
দশা তোমার দেখবে দশে, কিসে আমাকে রাখবে বশে,
আটকা রই টাটকা রসে, চু চু সেই দফাতে॥ ৪৭
বিষয় থাকলেই জামাই বেহাই, পরকে ডেকে খাওয়াই পরাই
বিষয় গেলে বিষ লাগে সকলে।
বসেছ তুমি হারিয়ে বিষয়, কিসে আর থাকিবে আশয়,
ভোমরা পোষা আর কি লো সয়, তোর এমন কালে॥ ৪৮

* * *

পাঠান্তর: ১ কাটে—ক। ২ তাই—ক।

মানরক্ষার উপায়

পদ্মিনীর আর মধুও নাই, কাজেই তার মানও নাই।
সে কেমন?
বস্তু গেলে পূর্ব্বাপর আছে এমনি স্বভাব।
মহাজন দেউলে পড়িলে, গদীয়ানে জবাব॥
মেয়ে মরিলে জামায়েরে মনে কেউ রাখে না।
দন্তের দফায় অন্ত হলে ভুজো-ভাজায় মন থাকে না॥
মাগমরা পুরুষের কোথা ঘরে থাকে আঁটুনি।
গুজার ঘাটে জল শুকালে জবাব পান পাটুনী॥
চক্ষে চাল্‌শে ধরলে কেহ আয়না ধরে চায় না।
আঁটকুড়ী মাগীরা কখন ষষ্ঠীতলায় যায় না॥
জমাজমি বিকিলে চাষার বলদ পোষা মিছে।
মানী লোকের মান গেলে পর, প্রাণের করে না পিছে॥ [ই]

নাই রসকষ কর্কশ বাক্য কেবল তোমার কাছে।
কিসে রাখবে কসে, পাপড়ি খসে ফুলের শোভা গেছে॥ ৫৪

* * *

শোভার গৌরব

পাপড়ি সকল তোমার কি প্রকার শোভা ছিল?
যেমন—

কালীর শোভা করে অসি।
শিবের শোভা শিরে শশী।
কৃষ্ণের শোভা চূড়া বাঁশী[১]।
বৃক্ষের শোভা শাখা।
পক্ষীর শোভা পাখা।
সন্ন্যাসীর শোভা ছাইমাখা॥
দালানের শোভা দেওয়ালগিরি।
নারীর শোভা কুচগিরি।
পানের শোভা বোটখিরি॥
হাটের শোভা পসারি।
খাটের শোভা মশারি॥
বাগানের শোভা ফুল।
মাথার শোভা চুল॥
কপালের শোভা তিলক।
নথের শোভা নোলক॥
পথের শোভা বারসত।
গ্রামের শোভা ইমারত॥
দালান কোটা-বাড়ী।
মোল্লায় শোভা দাড়ি॥
গ্রন্থের শোভা টিপ্পনী।
বৈরাগীর শোভা কপনী॥
বিয়ের শোভা বাদ্যভাণ্ড,
হাউই চরকি বোম।
ভেড়ার শোভা লোম।
রাজার শোভা ভোম॥
ভূমির শোভা ফসল।
ঢেঁকির শোভা মুষল॥
মুহুরীর শোভা খোসনবিশী, মিলন জুলন খুট।
পলটনের শোভা যেমন হাতী ঘোড়া উট।
বলদের দলের মধ্যে এঁড়ের শোভা ঝুঁট॥
সতীর শোভা নাথ।
হাতীর শোভা দাঁত॥
প্যায়াদার শোভা পাগড়ী।
ভেকধারী নেড়াদের শোভা 'হরে' বুলি আর ধুকুড়ি।
তেমনি তো পদ্মিনি ছিল তোমার শোভা পাপড়ি॥ [ঈ]

* * *

সুরট—কাওয়ালী

কি সুখে আর আসবে অলি।
যে গুমর সে গুড়ে বালি॥
এখন তোর কোঁপল লয়ে কোঁপলদালালি॥

পাঠান্তর: ১ ইহার পর ক-গ্রন্থে অধিক—"আর ময়ূর পাখা।"

এখন শ্রীভিন্ন হলে, অতি প্রাচীন কালে
আছে কি চিহ্ন ফুলে, রসহীন,
সুদিন গিয়েছে, হয়েছে কুদিন,
করলে যতনে যতন যতদিন লো
কমলিনি, বুকে ছিল সুকোমল সুখের কলি। (ঘ)

* * *

ভৃঙ্গের তিরস্কারে পদ্মিনীর অভিমান

ভ্রমরের বাক্যশরে, মুখে নাহি বাক্য সরে,
দুঃখে নলিনী আলাপে দিয়া ক্ষান্ত।
দেখে অপ্রমাণ অপমান, করেন দুরন্ত মান,
উঠিল মান বিমান পর্যন্ত। ৬৯

ঢেকে ঢেকে মকরন্দ, করেন প্রেমের দ্বার বন্ধ,
প্রতিজ্ঞা আর দেখবে না ভ্রমরে।
ভাব দেখে ভ্রমরের সন্ধ, হায় কি করলাম করে দ্বন্দ,
বুক ভেঙে যায় পিরীত-ভাঙ্গা ডরে। ৭০

কেঁদে উঠে প্রাণ ক্রমে ক্রমে, মন বাঁধা নলিনীর প্রেমে,
সাধে সাধে ভেঙ্গে সাধের বাসা।
করতে নারেন প্রস্থান, বসে বসে পস্তান,
হায় কেন বলেছি কটু ভাষা। ৭১

কাতর হয়ে কন ভৃঙ্গ, ওহে প্রিয়ে একি রঙ্গ,
পিরীতের কাজিয়ে রসের কুঠী।
তুমি ইথে করিবে বিষ, অমৃতে উঠিবে বিষ,
না বুঝে করেছি আমি ত্রুটি। ৭২

রসের কথায় কে যায় জলে, জামাইকে শাশুড়ে ব'লে,
কোন্ কালে হ'য়েছে লাঠালাঠি।
এমন কি জানে ভ্রমর, তপ্ত জলে পুড়িয়ে ঘর
তোমার সঙ্গে হবে চটাচটি। ৭৩

* * *

অভিন্ন মিলন

ভ্রমরের সঙ্গে পদ্মিনীর কেমন মিলন?
তোমার আমার যে ভিন্নতা,
সেটা কেবল কথার কথা।
তুমি পর্ব্বত, আমি লতা॥

আমি তোমার চরণের লাগি।
তুমি চণ্ডী, আমি সিদ্ধি॥

তোমাতে আমাতে ছাড়া নাই।
তুমি সন্ন্যাসী, আমি ছাই॥

তুমি চাল, আমি খুঁটি।
তুমি বেদনা, আমি পটি।
তুমি রোগী, আমি পাটি॥

তুমি বাঁশ, আমি কোঁড়া।
তুমি দারোগা, আমি ঘোড়া।
তুমি শিল, আমি নোড়া॥

তুমি জমি, আমি কৃষাণ।
তুমি ভাঁড়, আমি দশান॥

তুমি খোঁপা, আমি চাঁপা।
তুমি তাবিজ, আমি ঝাঁপা॥

তুমি মঠ, আমি ত্রিশূল।
তুমি উদূখল, আমি মুষল॥

তুমি আকাশ, আমি তারা।
তুমি আয়না, আমি পারা॥

তুমি মালা, আমি সুত।
তুমি শ্মশান, আমি ভূত॥

তুমি দাড়ি, আমি ক্ষুর।
তুমি মশক, আমি গুড়॥

তুমি মড়া, আমি পাটুলি।
তুমি জন্তু, আমি এটুলি॥ (ঙ)

* * *

মান ভাঙ্গাইতে ব্যর্থ ভ্রমরের বৈরাগ্য

অনেক রসের কথা বলি, প্রাণান্ত করিয়া অলি
মানান্ত করিতে না পারিল।
মানিনী দেখি নলিনীরে বসি নয়নের নীরে,
ভৃঙ্গ-অঙ্গ ভাসিতে লাগিল। ৮৬
করে বিচ্ছেদ-জ্বরে ছটফট, মৃত্যু লক্ষণ ঝটপট
শরীরের ইন্দ্রিয় সব ছুটলো।
নারীকে দেখে মানে বসে যায় ভ্রমরার নাড়ী বসে
গঙ্গাযাত্রার বিধি হ'য়ে উঠলো। ৮৭
রোজার[১] সঙ্গে রাগারাগি কি করে বাঁচেন রোগী,
উঠিতে নাহি শক্তি উপবাসে।
দুঃখের কথা বলতে যত, পক্ষাঘাতের রোগীর মত
যান ভৃঙ্গ কুমুদিনীর পাশে। ৮৮
কেঁদে কন বার বার, উঠল সুখের কারবার,
বিপদ্ শুনেছ ঠাকুরঝি লো।
করেছিলেম আজ্ঞা হাত হয়ে কমলিনীর নাথ,
তাঁতখানা ভাই পেতেছিলেম ভাল। ৮৯
করে অনেক আনাগোনা, কাড়িয়ে সোহাগের টানা,
জড়িয়ে সুতো প্রেম-মানার মুখে লো।
বুকে পাতলাম করে আদর বুনবো বলে সুখের চাদর
বিধি বড় মেরেছে বাণ বুকে লো। ৯০

* * *

খাম্বাজ—খেমটা

ওলো কুমুদিনি, হায়, হায়,
ভ্রমরের প্রেমের তাঁত গেল।
প্রেমের টানায়, সুতো মানায় না আর,
টানায় কোঁচকা লাগিল লো।
বলব কাকে মনে গণি, কত কল্লেম টানাটানি,
কপাল গুণে দ্বিগুণ বেড়ে
ফের লেগে যায়, আমার বড় ফের হলো। (ঙ)

* * *

ভ্রমর বলে—কুমুদি, দেখলাম আমি নয়ন মুদি,
সকলি অসার কেঁদে মরি আর কেনে!
ঐহিকে উঠলো সুখের পাই, শেষটা রক্ষার চেষ্টা পাই
ভ্রষ্টা বেটীদের চেষ্টা আর করিনে। ৯১
পিরীতে হয়েছি দেকদারী, হব আমি ভেকধারী,
তীর্থাশ্রমে করিব প্রস্থান।
বলিয়ে গৌরতত্ত্ব, বাবাজী দিলেন মন্ত্র,
আদরে অধরামৃত খান। ৯২
বাসনা বৃন্দাবনে বাস, পরণে পরি বহির্ব্বাস,
বহিভূর্ত বাস হইতে অলি।
প্রেমের ভরে গদগদ, শচীনন্দনের পদ
বন্দিয়া আনন্দে যান অলি। ৯৩
যদি কেহ শুধায়—ভৃঙ্গ, ওহে ভাই, একি রঙ্গ,
কি সুখে প্রেয়সী ত্যজি ভ্রম।
এ কারখানা কার ধেষে, কৌপীন কেন কটিদেশে,
বিনয় করে ভ্রমর বলে—শোন। ৯৪
যাক, ও কথায় কাজ নাই গৌর গৌর, বল ভাই
পরকাল রাখার পর[২] নাই।
প্রেমদাতা মোর গুরুজীর হুকুমে আছি হাজির,
পাজির নজদিগে নাই যাই। ৯৫
ছিলাম আমি অচৈতন্য, এখন আমার চৈতন্য,
চৈতন্য দিয়েছেন কৃপা করি।
ছিল নিত্য জ্বালা নলিনীর কাছে, নিত্যানন্দ ঘুচায়েছে,
যাব নিত্যধাম ব্রজপুরী। ৯৬
মিছে পুত্র মিছে ভার্য্যে, তারা লাগে কোন কার্য্যে,
মুদিলে নয়ন কি সাহায্যে থাকে।
মাতা বলো পিতা বলো, সব মিথ্যা, নিতাই বলো
যদি পার পাইবে বিপাকে। ৯৭
কেন তোল আর কমলের বচন, হৃৎকমলে কমললোচন
ধ্যান করে সব ধ্যান গিয়েছে দূরে।
আমার কতকাল বা দুঃখে রৈত, অনাথের নাথ অদ্বৈত
অবধৌত না করিলে কৃপা মোরে। ৯৮

পাঠান্তর: ১ রোগার—ক। ২ পথ—ক।

বৈরাগী ভ্রমরের বৃন্দাবন-যাত্রা

ভ্রমর করেছেন সন্ন্যাস, দেখে বেশ-বিন্যাস,
ভ্রমরকে ডেকে মধুমালতী কয়।
কেন তব দিয়ে বেতর বেশ, ধর ওহে নববেশ।
বেশ! ও বেশ মন্দ নয়। ৯৯
ভ্রমর বলে ঈষৎ হাসি, হব বৃন্দাবনবাসী,
হতে পার সেবাদাসী, তোমায় কিছু ভালবাসি জন্য।
ভ্রমণ কিবা উপার্জ্জন, ভজন কিবা পূজন,
দুই জনে হয় ভাল কর্ম্ম। ১০০
দেখাব কত সাধুর আখড়া, দিব তোমাকে শিক্ষা পড়া,
ভাবিলে গৌর মনের আঁধার যাবে।
রসবৃন্দাবনে গিয়ে, দিব প্রেমের পথ দেখিয়ে,
কর্ত্তা ভজন করতে হদিশ পাবে। ১০১
হৃদে দেখাব নদের গোরা, ওরে ফকীরের মনোচোরা,
ভুলে রয়েছ স্থূলের কথা ভুলে।
তোমার চক্ষে অঙ্গুলি দিব, শিখাব, চৈতন্য করে দিব,
চৈতন্যচরিতামৃত খুলে। ১০২
পরণে পর হীরেবলি, নাসায় পর রসকলি,
হরি বুলি সার কর বদনে।
যদি আমার সঙ্গে ফকিরী কর ছুকরি, তবে ধুকড়ি
ধর, চল নদের চাঁদ দরশনে। ১০৩
দেখাব জয়দেবের পাট, পথে দেখাব রাণাঘাট
যে সব আখড়ায় পিরীত পাকড়া থাকে।
যেখানে যেখানে প্রেমের আখড়া, সম্প্রতি চল বাগনাপাড়া,
বলরাম দেখিয়ে আনি তোকে। ১০৪
মধুকরের বাক্যছলে, মধুমালতী রসে গ'লে,
বলে কি করেছি পুণ্য কবে।
মরি মরি ওহে ভৃঙ্গ, আমারে কি গৌরাঙ্গ
কৃপা করিবেন, এমন দিন কি হবে। ১০৫
মজে মন হয়ে উদাসী, স্বীকার করে সেবাদাসী,
অলি সঙ্গে মালতী সুখে যায়।
সঙ্গেতে রমণী পেয়ে, ভৃঙ্গ-অঙ্গ জুড়াইয়ে,
রঙ্গেতে গৌরাঙ্গগুণ গান। ১০৬

* * *

খাম্বাজ—আড়খেমটা

করলে নিতাই আমার মন বাউলের মতন।
কৃপা করেছেন আমায়, আমার প্রেমের গুরু সনাতন।
প্রেম-সাগরে ডুবিলাম আমি করিয়ে যতন,
ডুব দিয়ে তুলল নিতাই আসি,
গোরার প্রেম অমূল্য রতন। (চ)

* * *

মধুর বসন্তকালে, মধুসূদন দেখিব বলে,
মধুর গৌরাঙ্গ গুণগানে।
লয়ে মধুমালতী মধুকর, মধুর প্রেমে হয়ে ভর,
চলেন মধুর বৃন্দাবনে। ১০৭
সুখের নাই সুমার, পিতৃদত্ত নামটি ভ্রমর,
ভাঁড়িয়ে সে নাম অন্য নাম ধার্য্য।
প্রেমদাস নাম ধরেন আপনি, সেবাদাসীর নাম গৌরমণি,
আখড়ায় আখড়ায় কত পূজ্য। ১০৮
বৃন্দাবনে হ'য়ে প্রবিষ্ট মদনের বাপ কৃষ্ণ
মদনমোহন দেখে নয়ন গলে।
ভাবে গদগদ হয়ে ভালবাসা-প্রেয়সী লয়ে,
বাসা করলেন কেলি-কদম্বের তলে। ১০৯

ভৃঙ্গ-বিরহে পদ্মিনীর ক্লেশ ও বিলাপ

হেথা নলিনীর মান ভঙ্গ, না দেখে নাগর ভৃঙ্গ,
অনঙ্গতরঙ্গে অঙ্গ ভাসে।
বিরহে দংশে শরীর, যেমন দংশন কেশরীর,
পাবে পাবে পাবকে বিনাশে। ১১০
যেন বিছের কামড় বিছানায়, ভুজঙ্গে ভুজঙ্গে খায়,
পৃষ্ঠে যেন পিটায় গদাতে।
গুমরে গুমরে মরে, কোমরে কুম্ভীরে ধরে,
চিতের আগুন জ্বলে যেন চিতে। ১১১
বাগে পেয়ে বাগে ধরি, কুচ্ করে যায় কুচগিরি,
কটিতে যেন কোটি নাগে লাগে।
বক্ষেতে তক্ষকে পায়, ভালেতে ভল্লুকে খায়,
গুলে পোড়ে গুলের আগুন লেগে। ১১২

বসিলেন গা তুলিয়ে, উঠছে রস উথলিয়ে,
ধরে না অঙ্গে ধারা বেয়ে পড়ে।
যেমন পুতহারা স্থতিকা ঘরে, পোয়াতি মরে দুগ্ধের ভরে,
কেবা খায় পয়োধরে না ধরে। ১১৩
সুখের সরোবর শুকালো, সরোবরে জল দ্বিগুণ হলো,
সরোজীর নয়নের জলে।
ভেকের বদনে শুনি, ভেক-আশ্রিত গুণমণি,
কাঁদয়ে প্রাণ, ভৃঙ্গ কোথা বলে। ১১৪

* * *

খাম্বাজ—আড়খেমটা[১]

কোথা রইলে রে মনচোরা আমার কালভৃঙ্গ।
করে অসময়ে যাদু সাধুসঙ্গ॥
করে করঙ্গ ক'রে, কটিতে কৌপীন পরে,
কাঙ্গালী করে যেন, শচীমাকে কাঁদালে গৌরাঙ্গ॥(ছ)

* * *

পদ্মিনীকে দেখিয়া ভৃঙ্গের কাতরতা

পদ্মিনী পড়িয়া পাকে, বসন্ত রাজার ডাকে,
দেন পত্র, মাঙ্গ করি শেষ।
লেখেন সুচরিতেষু, আসিতে হবে আশু,
লিখনং প্রয়োজনঞ্চ বিশেষ। ১১৫
রাখিস যদি এসব ঠাট, যাত্রা করিস পত্রপাঠ,
নইলে রে নিলামে লাট ডাকে।
বেটা তোমার নাইকো ডর, কাল বসন্ত কলেক্টর,
সহর দিলে কি মহল বাহাল থাকে। ১১৬
এ কারবার যে হাল সাল, প্রায় বন্ধ ইরসাল,
পুণ্যের বিলেতে পলাতকা।
বাদিয়ে ভারি গোলমাল, এবার হলি পয়মাল,
মালামাল এরূপে কি যায় রাখা। ১১৭
নূতন আইন শুন নাই, উঠে গিয়েছে সসমাই,
এখনকার বিষয়ের মিছে ভরসা।
হাকিম ভারি মুদ্দই, মাসের হলে চৌদ্দই,
সূর্য্য অস্ত হইলে দফা ফরসা। ১১৮
যদি আসামীর করার যায়, ঢেঁড়া পড়ে কড়ার দায়,
ক্রান্তি একটি ভ্রান্তি নাই ভূপে।
খাতির করা নাইকো কারে, বসন্তের অধিকারে,
কাল-কাটান হয়েছে কোনরূপে। ১১৯
বেটা হেরিয়ে তোর গলা বোঁচা, করি না তার তলাগোচা,
ভাবনা, ভুবনে শত্রু হাসিবে।
কোনদিনে কে নিলাম কিনে, এসে তোর কোট জিনে,
ঈশান কোণে নিশান গেড়ে বসিবে। ১২০
এ কালে তোর মত মূর্খে, করতে নারে বিষয় রক্ষে,
গেলি বুঝি মদনের কায়দা দেখে।
বেটা আমি যে তোর ভার সই, বসে বসে ঢেঁরা সই,
তুই যদি করিস ঘরে থেকে। ১২১
তখন ডাক-মুন্সি কালো কোকিল, ডাকে ডাকে পত্র দাখিল
করে দিল বৃন্দাবনের ডাকে।
শিরোনামা ভ্রমরের নামে, হরকরা গিয়ে দিল ধামে,
ভ্রমর বলে—এ পত্র কাকে। ১২২
বিশ বৎসর ব্রজে বাস, আমার নাম প্রেমদাস,
ভ্রমর বলে লিখছে কোন বেটী।
বলে না করেন দৃষ্ট, অমনি হয়ে রিয়ারিং-পোষ্ট,
ফিরে এল পদ্মিনীর কাছে চিঠি। ১২৩
না হইল কর্ম্ম উশুল, লাভে হল ডবল মাশুল,
রাগে হয় রাগের তুল্য মতি।
ত্যজে লোক-বৃন্দাবনে, ভ্রমরকে ধরতে বৃন্দাবনে,
আপনি চলিলেন রসবতী। ১২৪
দূর হইতে দেখে অলি, ধরলে পাছে মারলে শালী,
পলায় অমনি পদ্মিনীর ত্রাসে।
কাতর দেখে ভ্রমরায়, পদ্মিনীর রাগ ফুরায়,
ডাকেন ভ্রমরে মিষ্টভাষে। ১২৫

* * *

পাঠান্তর: ১ পোস্তা—ক।

ললিত[1]—একতালা

বধিব না, আয় আয়রে, নলিনীর অবোধ ভৃঙ্গ।
কি যশ আছে লোকের কাছে, তোরে ব'ধে রে পতঙ্গ॥
ডাকে যত, পালায় তত, অলি পাইয়ে আতঙ্ক।
মান বাড়াতে মানভরে, ছিলাম মান-সরোবরে,
সে মান হ'য়ে, হাসালি রে বিরঙ্গ।
কমল ফেলে রস কি পেলে করে মালতীর সঙ্গ।
তোর কি দুধের তৃষ্ণা ঘোলে ভৃঙ্গ, হয়েছে রে ভঙ্গ॥(জ)

* * *

মালতীকে তিরস্কার

নলিনী যত দেয় আশ্বাস, ভ্রমরের অবিশ্বাস,
এই কথা ভাবেন মনে মনে।
যদি ফণী চায় মণি দিতে, তার নিকটে ঘনাইতে,
ভরসা করে না ভদ্রজনে॥ ১২৬

এত বলি পলায়ন, নলিনী রক্ত নয়ন,
মালতী-পানে বিষদৃষ্টে চেয়ে।
বলে—ধিক্ ধিক্ তোর পরাণে, পরে কি হবে তা না গণে,
পরেছ কানে পরের সোনা লয়ে॥ ১২৭

মানে বসেছিলাম আমি, ভাঙ্গতো আমার ভৃঙ্গস্বামী,
ভাঙ্গিয়ে যে নিস, টোটকা দিয়ে তায় লো।
যেমন ভগীরথ প্রপ্রাবে বসে, সেই ইত্যবকাশে,
শঙ্খাসুরে গঙ্গা লয়ে যায় লো॥ ১২৮

যেমন রাজার আহারে ক্ষীরসে থাকে,
বিরলে গিয়ে খায় বিড়ালে তাকে,
তেমনি তুই পেয়েছিস ভ্রমরায় লো।
পরিয়া রাজরাণীর সাটি, ধোপানী যেমন সাজায় ভাটি,
বল না তার কি শোভাটি পায় লো॥ ১২৯

আমার অলিকে করে বাধ্য, হৃদ্য ভাবে দিন চৌদ্দ,
গদ্য[2] করলি অদ্য তোর ভ্রমরা যে পলায় লো[3]॥১৩০

হেথা ভ্রমর হ'লে অদর্শন, নলিনী বলে শোন শোন,
কতক্ষণ থাকিবে বেটা উপোস!
বিবাদের পথ না বাধিয়ে, মন ফিরে দিয়ে ধরা দিয়ে,
আপত্ত ঘুচাও করে আপোষ॥ ১৩১

লুটে আমার সর্ব্বস্ব, গায়েতে মেখেছ ভস্ম,
পরের মাল পদ্মমাল বাসনা।
ভ্রমর বলে তোর কি ধার ধারি, ভাবিতে দিলেন বংশীধারী,
এই কথা বলি তিন দিকে তিন জনা॥ ১৩২

* * *

ভৃঙ্গের বিচার

তখন ভ্রমরকে শীঘ্র ধরিতে, আরজী লিখে মাজিষ্টরীতে,
দেয় আরজী লুঠ-দরাজী বলি।
বসন্ত মাজিষ্টরের রোকে, মদন দারোগার তদারকে,
বৌবাজারে ধরা পড়িলেন অলি॥ ১৩৩

কড়া কড়া বেঁধে করে, হুজুরে হাজির করে,
দাবির জবাব চান ভূপ।
আখের দুষ্ট আসামী, প্রকাশ হয়ে আসামী,
একেবারে হয়ে আছেন চুপ॥ ১৩৪

ডিক্রি হল সরোজীর, কেউ বলে যাবে জিঞ্জির,
দায়মাল হইবে কেহ বলে।
বসন্ত কন কর্ম্মযোগ্য, সাজা দিলে রাজা বিজ্ঞ,
বলিবে আমাকে জগতে সকলে॥ ১৩৫

খুনের বদলে হবে খুন, ঠগের গালে কালি চুন,
বদ্মলে বেটাদের কাটা জিহ্বা।
চোরের সাজা মাটি কাটা, আর এক সাজা হাত কাটা,
জাল করে জঞ্জাল ঘটায় যেবা॥ ১৩৬

যেটা নিয়ে যার কারদানি, ঘুচাও তার মর্দ্দানি,
হুল কাটা ব্যবস্থা এ বেটার।
বলে অমনি আইল হুলে, আঘাত করেন হুলে,
ভ্রমর বলে, করিব কি নাচার॥ ১৩৭

পাঠান্তর: ১ ললিত ভৈরো—ক। ২ হৃদ্য—ক। ৩ একটি চরণ পাওয়া গেছে।

রাজ সমাজে বেঁড়ে হয়ে, জলে যায়, মার্গে হাত দিয়ে
মন্ত্রণা করিছে গিয়ে দূরে।
হিন্দুর পথটা ছাড়ালে বেটা চড়ালে বেটা জেতে বাটা,
কাটা নাম রটালে জগৎ জুড়ে। ১৩৮
কাটালে ভয় কি তাতে, কাটা হয়ে কাল কাটাতে,
এমন একটা শঙ্কাই কি ভারি।
কে আমার ঘুচাবে ফিকির, ছিলাম বৈরাগী হব ফকীর,
সমান ভিক্ষা গৃহস্থের বাড়ী। ১৩৯
এমন একটা কিসের তোয়াক্কা, যেতাম কাশী যাব মক্কা
বলতাম রাধা ক্ষতি কি খোদা বলতে।
যেতাম গোপালে দেখতে সাঁজের বেলা, না হয় যাব
দরগাতলা
মলে তো হবে এক পথেই চলতে। ১৪০
আমি উহুঁ গণিতে হাপু বলি, পিসি না বলিব ফুফু বলি,
পানী না বলে বলি জল মিষ্টি।
এক বস্তু কথার পাড়ন বলতাম ব্যঞ্জন বলিব ছালন,
কলা কেলা খেতে সমান মিষ্টি। ১৪১
ছেলের নাম রাখিতাম রাম, না হয় রাখিব রছুল এমাম,
ছিল সব চুল না হয় রাখিব দাড়ি।
জীবহত্যা নিষেধ বটে, না হয় মারলাম গিরগিটিটে,
এ মতে নাই আর মতে তো পারি। ১৪২

এখন ধরে ফকীরের বেশ, প্রথম গিয়ে হন প্রবেশ
ভিক্ষাছলে পদ্মিনীর ডেরা।
বলে—যা পীর করেগা ভালা, মহম্মদ খোদাতালা,
মুস্কিল আসান হোগে তেরা। ১৪৩
কি নাম ধরো, কোন গাঁয় কোন পীরের দরগায়
বাসা তব—নলিনী জিজ্ঞাসে।
গুমর করি ভ্রমর কহে, ফকীরকো এয়ছা পুছনা কাহে,
যে ক্যা মতলব ক্যায়সে। ১৪৪
এক মুট্টি লেগা তেরা, এত্‌নে বাত কাহে তেরা
দোয়াগীর ম্যায় ক্যা বখেড়া হামছে।
যাঁহা হ্যাঁয় মেরে ডেরা ক্যা কাম করেগা তেরা,
ক্যা করেগা মেরা নামছে। ১৪৫

* * *

খট—পোস্তা

মেরে নাম মজন্থ ফকীর
মোকাম মেরি মাটিয়ারি।
মুট ভিখ দে মুঝে, এত্‌নে কাহে কো দেক্‌দারি।
এয়ছে হ্যায় তোম লোককো
মালিক গ্রাম জান্‌নে পীরকো
ম্যায় কান্দে হোকে শুনকে হুঁই, মিয়া ফকীরি। (ঝ)

ভেক ও ভৃঙ্গ দ্বন্দ্ব

নলিনীর চরিত্রে ভ্রমরের সন্দেহ

একদিন কাত্তিক মাসে মধুপান আশে।
উত্তরিল অলিরাজা নলিনীর পাশে। ১
দেখে সোনা ব্যাঙ এক পদ্মপত্র পরে।
বসিয়া রয়েছে তথা প্রফুল্ল অন্তরে। ২
ভ্রমরের গুণ গুণ রব শুনি সেই ব্যাঙ।
জল মধ্যে লাফ দিল প্রসারিয়া ঠ্যাঙ্গ। ৩
জলেতে ডুবিল ভেক আর না উঠিল।
দেখিয়া অলির মনে সন্দেহ জন্মিল। ৪

বলে এই ভেক বেটা অবশ্যই দুষী।
নতুবা লুকাবে কেন জলেতে প্রবেশি ॥ ৫
জলেতে না দেখি ভেকে অলি গেল জ্বলে।
ক্রোধান্বিত হয়ে তখন পদ্ম প্রতি বলে ॥ ৬

* * *

নলিনীর প্রতি ভ্রমরের তিরস্কার

শোনলো পদ্মী হারামজাদী একি ব্যাভার তোর।
চুরি করে পিরীত কর এখন ধরা পড়েছে চোর ॥ ৭
ভেকের পিরীতে পড়ে গেছিস তুই ভেজিয়ে।
নিত্য ভেকে মধু দিস তুই আমাকে ঠকিয়ে ॥ ৮
তাইতে এখন নাই সে বরণ পাই না মধু আর।
ভেক বেটা এমনি ঠেঁটা তোর চাকি করেছে সার ॥ ৯

* * *

নলিনীর উত্তর

শুনিয়ে কথা পাইয়ে ব্যথা
পদ্মিনী তখন।
করি মিনতি অলি প্রতি
বলিছে বচন ॥ ১০
এ যে কার্ত্তিক মাস বহিছে বাতাস
শীতল হয়েছে নীর।
তাইতে ভেক পত্রপরে দিবাকর করে
শুকায় শরীর ॥ ১১
ছি ছি লাজের কথা আমি যাব কোথা
লোকে যদ্যপি শুনে।
করিবে সন্দ বলিবে মন্দ
মরিব পরাণে ॥ ১২
কিসে গেল রূপ, কই তার স্বরূপ
শুনহে প্রাণের কান্ত।
হইও না ভ্রান্ত শুন তদন্ত
আইল যে হেমন্ত ॥ ১৩
পড়িছে শিশির দহিছে শরীর
কেমনে থাকবে মধু।
হেমন্ত আমার বড়ই শত্রু
শুন হে প্রাণের যাদু ॥ ১৪

* * *

ভ্রমরের বৈরাগ্য

নলিনী ভ্রমরে যত বিনয়েতে বলে।
শুনিয়ে ভ্রমর অমনি অগ্নিসম জ্বলে ॥ ১৫
বলে, আমি খুব জানি ছিনালের রীতি।
পতির কাছে থেকে তবু চায় উপপতি ॥ ১৬
এখনি তো ধরলাম আমি, তবু মানিস কই।
দেখলে তোরে ঘৃণা করে ইচ্ছা হয় না ছুঁই ॥ ১৭
কাজ নাই পিরীতের পায়ে করি নমস্কার।
তীর্থবাসে যাব হ'ল বৈরাগ্য আমার ॥ ১৮

* * *

ললিত—ঝাঁপতাল

চল রে মন তীর্থবাস, ক'রো না আর মধুর আশ।
নয়ন মন সফল কর হেরিয়ে সেই পীতবাস ॥
কুলটার কুটিল প্রেমে মজো না, মজো না আর,
ভজ ভজ রে সদা সত্য নিত্য সারাৎসার,
অন্তিমে পাইবে অতুল গোলোকে বাস ॥
ও যে মুখে বলে ভালবাসি, অন্তরে গরল রাশি,
কেন তার প্রেম অভিলাষী হতে ভালবাস।
মায়ার ছলনে পড়ে ভুল না ভুল না আর
এখনো সময় আছে কর তার প্রতিকার
নতুবা করিতে হবে নরকেতে বাস ॥ (ক)

সঙ্গীত-সংগ্রহ

শ্যামাসঙ্গীত

ক রূপোল্লাস

১

খাম্বাজ—কাওয়ালী

শঙ্করে করে বাস বিবসনা।
কে লোল-রসনা পুরায় কার বাসনা,
জবা দিয়ে পদোপরে কে করে উপাসনা॥
দনুজ-রণে প্রবেশি নাচে উন্মত্তবেশী
ঘোর ধ্বনি সঘন ঘোষণা;
অতি প্রকট ভঙ্গিমা শ্যামা বিকট-দশনা॥
যদি কোপান্বিতা ধনী, কেন সহাস্য-বদনী
বরাভয় যোগে স্বরে সম্ভাষণা;
শব-অঙ্গ সব স্থলে যুগল শ্রুতিমণ্ডলে
শব দিলে তাহে শবাসনা।
দাশরথির দুঃখহরা শিশুশশি-বিভূষণা॥ ১

*　　*　　*

২

ইমন—একতালা

কার রমণী নাচে সমরে।
বিগলিত কেশে কে সে বর দেয় অমরে॥
দনুজ নাশে গগনে, রক্ত পিয়ে খগগণে
নাহি হেরি ত্রিভুবনে, এ বামার সমরে॥ ২

*　　*　　*

৩

রামকেলি—একতালা

কার কামিনী হয়ে উলঙ্গিনী
দনুজ সমরে নীলাভ-বরণী।
না জানি কি বুঝে, হৃদয়-অম্বুজে
মহাকাল ধরে চরণ দু'খানি॥
বিহরিছে কিবা হয়ে শান্তা মূর্ত্তি
কালোরূপে কাল বিকাশিয়ে দীপ্তি
সুধাপানে সুধামুখীসম তৃপ্তি,
অসুরক্ত রক্ত যোগাচ্ছে যোগিনী।
কে বটে ও নারী, চিনিতে না পারি
মূর্ত্তি ভয়ঙ্করী রণে উন্মাদিনী॥

উন্মত্তা-বেশে, বিগলিতা-কেশে
বিবাসে দিগ্‌বাস-হৃদে দাঁড়ায়েছে;
দেখ মহারাজ, এ কি নারীর সাজ
লাজে লাজ দিলে, নাহি কুললাজ
রণে ক্ষান্ত হও, রণে নাহি কাজ
করে করি অসি সৈন্য-নাশিনী॥ ৩

*　　*　　*

৪

আলিয়া—কাওয়ালী

রণে শবাসনা নাশে সব সৈন্যে
বড় বিপদ্ সম্প্রতি, রে দনুজকুল প্রতি
প্রতিকূল এ রমণী কার কুলকন্যে॥

ঘন ঘন কম্পিতা পদভরে ধরা,
ধরা না দেয় রণে কে রে অসিধরা,
প্রাণ ধরা ভার ওর কৃপা ভিন্নে;

অনুমানি এ রমণী ত্রিভঙ্গিনী ত্রিলোচনী
ত্রিলোচন-হৃদি-বাসিনী ত্রিলোক-ধন্যে ॥
সুসিদ্ধ নয় রণ নিষিদ্ধ, এ যে হ'লো প্রসিদ্ধ
ধায় দনুজোপরে,
কি হেতু অপ্রীতি, দিতি-সুতগণ প্রতি
শ্যামা শমন-রূপিণী কেন সমরে,
বরাভয়-প্রদায়িনী যত অমরে,
ত্যাজ্য কেন কর দাশরথিরে
ও পদশরণ বিনে উপায় নাই আর অন্যে ॥ ৪

*   *   *

৫

ইমন—মধ্যমান

কে রে রমণী উলঙ্গে।
মনোরমণীয় কে নাচে রণ-রঙ্গে ॥
কি হেরি অম্বরোপরে, না হেরি অম্বর পরে
মহেশেরে মোহে সে রে, ঈষৎ অপাঙ্গে ॥ ৫

*   *   *

৬

আলিয়া—কাওয়ালী

রণে কে নীলবরণী চেন কি উহারে।
কে হরে বিহরে!
বুঝি হরের মহিষী, হাসিতে হাসিতে আসি
অসুর নাশিছে অসি-প্রহারে।
নিতান্ত মরি বুঝি সদলে
কৃতান্ত-দলনী বুঝি দনুজকুল দলে,
ত্রিপত্র প্রভৃতি শতদলে
চরণ পূজিছে অমরদলে;
যাবে জীবন আপনারি
চিনতে নারি, এ যে নারী
জীবনারি জেনেছি ব্যবহারে ॥ ৬

*   *   *

৭

সুরট-খাম্বাজ—আড়া-কাওয়ালী

আর কে আছে তোর ঐ সমরে।
করিলি সাহস কি বিষম রে
শুম্ভ, হারাবি জীবন
শম্ভু-হৃদয়-বাসিনী-সমরে ॥
ঐ দেখ হাসিতে হাসিতে
এল অসিতে নাশিতে
তোরে শাসিতে, নাশিতে পারে কে ওরে।
যার চরণে শিব আরাধে, অনন্ত জীব আরাধে
চরণাধারে দেখ রে শশধরে ॥
শুম্ভ, তোর এমন রে উন্মত্ত মন
চাও জিনতে শশিধরা, যেমনে বামনে সাধ করে।
ধর এত শক্তি মনে, গঙ্গাধর-শক্তি সনে
চললে রণে প্রাণবাসনা দিয়ে দূরে।
ওরে দাশরথি, ত্বরায় শোন, কুমতি রণবাসন
ছাড় ছাড় ছাড় রে জ্ঞান-শরে
জ্ঞান গঙ্গাজল, ভক্তি শতদল
দিয়ে লওগে শরণ, দিয়ে বিল্বদল ঐ পদোপরে ॥ ৭

*   *   *

৮

সুরট-খাম্বাজ—আড়কাওয়ালী

চক্ষে না দেখি না পাই শুনিতে
করে রণজয় কার রমণীতে।
কাঁপে ধ্বনিতে ধরণী, ধনী কার বনিতে অবনীতে ॥
ভাল ভাল-শোভা করে রে বালক-সুধাকরে
দিক্ আলো করে, ও দিগ্‌বাসিনীতে।
মরি মরি শিরোহারে, কি শোভা করে উহারে
এত কি রমণীয় সাজে মণিতে ॥
নীল জলধর নিন্দি কলেবর,
দেখি তড়িত-নিন্দিত, কত শোভা করিছে শোণিতে ॥
বড় বিপদ্ সম্প্রতি রে দনুজদলপতি
সব সেনাপতি সহ পতিত মেদিনীতে।

সব হস্তী সব হয়, ক্রমে সব শব হয়
শেষে প্রাণ না পায় এক প্রাণীতে।
না ঘটে মরণ, তেয়াগিয়ে রণ,
বামার চরণে হও দাস
ওরে দাশরথি ত্বরান্বিতে ॥ ৮ ॥

* * *

৯

পূরবী—একতালা

শবে কে রমণী ভাই, হের সবে।
অসিতে সব করিল শব,
নগনা মগনা হয়ে আসবে ॥
লক্ষণে ভাবি হবে দক্ষ-তনয়ে,
হরবক্ষ বাসিনী এ
বিপক্ষ হইলে নাহি রক্ষে
ও পায় সাধিল কে সবে।
ধরণী কম্পে ঘন ধনীর ধ্বনিতে
ঘোর শব্দ সাধ্য কার সবে ॥
দাশরথি-ভারতী ভকতি ভাবে ভজ
পড়ে ভ্রান্ত দনুজ-পদপ্রান্তে সে মজ
নহে প্রাণ তো এ রমণীর করে না রবে ॥ ৯ ॥

* * *

১০

কালাংড়া—ঠুংরী

কে রূপ অনুপমা, নীলাব্জ-বরণী শ্যামা
স্ত্রী-শূন্যাকার বামা।
ব্যাপ্তাননা ত্রিনয়না, লোলরসনা ভীমা।
কালভয়ে রক্ষ কালী দাশরথিরে মোক্ষ দাও মা ॥ ১০ ॥

* * *

১১

সুরট মল্লার—একতালা

কে মা শ্যামাঙ্গিনী মত্তা মাতঙ্গিনী
উলঙ্গিনী হয়ে সমরে নাচিছে।
বিলোল-রসনা, বিকট-দশনা
কালো রূপে ত্রিলোক আলোক করিছে ॥
করে মুণ্ড দোলে, মুণ্ডমালা গলে
মুণ্ডের কুণ্ডল শ্রুতিযুগলে
চণ্ডমুণ্ডের মুণ্ড কাটি কুতূহলে
রক্তবীজের রক্ত পান করিছে ॥

মায়ের কুন্তল পড়িছে অবনীমণ্ডলে
কিরীট ঠেকেছে গগনমণ্ডলে
গ্রাসিছে অসংখ্য দনুজ-মণ্ডলে
যখন বদন বিস্তারিছে ॥

অর্দ্ধ-শশি-ধরা, দীর্ঘ-অসি-ধরা,
লম্ফে ঝম্ফে দম্ফে কম্পে বসুন্ধরা
ধরার সাধ্য নয় বামার ভার ধরা
গঙ্গাধর তাইতে হৃদে ধরেছে ॥

বামার উগ্রচণ্ডা মূর্তি মহাভয়ংকরা,
ভয়ে পলায় দৈত্য দেখে চতুষ্করা,
বলে কিসে যাবে রণে ক্ষান্ত করা
প্রাণরক্ষার কি উপায় আছে ॥

তুরঙ্গে মাতঙ্গে নাশে চতুরঙ্গে,
রক্তেতে নদী বহিছে তরঙ্গে,
ডাকিনী যোগিনী রাক্ষসীরা সঙ্গে
রক্তে শৃগাল শুনী সন্তরিছে ॥

সর্ব্বাঙ্গ অধীর প্রত্যঙ্গে রুধির,
শোভার উপমা কি করিব স্থির
কল্লোলেতে যে কালিন্দীর নীর
জবাসম তায় ভাসিছে ॥

প্রলয়ের মেঘ-গভীর-গর্জ্জিনী
সিংহ জিনি লক্ষ্য সুরঙ্গ-গঞ্জিনী
আরক্ত-নয়নী স্বভক্ত-রঞ্জিনী
দাশরথির বৈরী নাশিছে হাসিছে ॥ ১১ ॥

* * *

১২

সুরট—ঝাঁপতাল

ভবোপরে ত্রিভঙ্গিনী, ভববিপদভঞ্জিনী,
ভক্তমনোরঞ্জিনী, নাচে দৈত্যরণ জিনি।
পদভরে কাঁপে মেদিনী, ঘন ঘন ভীষণ ধ্বনি,
দেখাইছে দৈত্যদলে, ভুবনান্ধকার ধনী॥
কটিতটে বেষ্টিত কর, করে মুণ্ড শোভাকর,
কপালে শিশু সুধাকর, এলোকেশী উলঙ্গিনী।
অসিতে অসি-প্রহরণে, সব প্রায় নাশিল রণে,
শরণ বিনে এ রণে, ত্রাণ নাই রে দাশরথি-বাণী॥ ১২

* * *

১৩

বসন্ত—একতালা

ও কে ঘনরূপা হাসিছে, নাশিছে অসিতে অসুরগণ।
দিতিসুত প্রাণ নাশে, সুরে আশু তোষে,
অন্তে তোষে অরিগণ॥
পদভরে টলমল ভূমণ্ডল, কম্পিত ধ্বনি শুনি আখণ্ডল,
অসুর-শিশুর কুণ্ডল, শ্রুতিমণ্ডলে সুশোভন।
করে খড়্গ অসি, শিরে শিশুশশী,
বিগলিত-কেশী, ও কার প্রেয়সী,
কি দোষে ধনীর কাছে শ্মশানবাসী,
পদাশ্রিত কি কারণ॥ ১৩॥

* * *

১৪

আলিয়া—একতালা

বামারে কেউ পার চিনতে।
এর সনে রণ মরণ চিন্তে॥
মদননিধনকারী ত্রিপুরারি শরণ নিয়েছে চরণপ্রান্তে॥
বামার একি অসম্ভব ভাব দেখি,
ক্রোধে রক্তজবাপ্রভা তিন আঁখি,
উমাকালে যেন হেরি হাস্যমুখী,
চপলা খেলিছে বিকট দন্তে॥ ১৪॥

* * *

১৫

মূলতান—একতালা

মহাশ্মশানে কে মহাকালবুকে, মহাসুখে মেয়ে কে বিহরে।
কে রে নীলবর্ণকায়, স্বল্প শ্বেত তায়, ভুবন ভুলে যায়
একবার হেরে॥
জিনি রক্তোৎপল, চরণযুগল, সুশীতল শোভা পায় নূপুরে,
যত শাক্ত ভক্ত মেলি রক্তজবাফুলে, চন্দনাক্ত করি
রেখেছে ঘিরে॥
চারু চতুর্ভুজ, অসি নীলাম্বুজ, বামে খড়্গখর্পর পাত্র করে।
নাগযজ্ঞসূত্র গলে, ধক্ ধক্ জ্বলে, ভালে আলো
করে সুধাকরে॥
সুচারু চাঁচর, এক জটা শিরে, বিনত ফণী তার উপরে।
দ্বিজ দাশরথি কয়, নে রে পদাশ্রয়, জয়ী হবি যদি
যমরাজারে॥ ১৫॥

* * *

১৬

ঝিঝিট—যৎ

এ নারীকে নারি চিনিতে কার বনিতে।
শিরচ্ছেদ স্বয়ং করি, ছিন্নমস্তা ভয়ঙ্করী,
রক্তবর্ণা মগনা শোনিতে॥
বিপরীত সুরতি রতি রতিপতি,
তদুপরি মুরতি কৃপাণ পাণিতে।
অস্থি মুণ্ডমালা গলে, ছিন্ন মুণ্ড করতলে,
সুশোভিত শোভিত নাগযজ্ঞোপবীতে।
কণ্ঠোত্থিত রুধির ত্রিধার, তার একধার, ধরে নিজাধরেতে॥
আরোহণ শবোপর, রুধির-পানে তৎপর,
দ্বিধার পিয়ে পাশে দ্বিযোগিনীতে॥
কলানাথ-কলিত ভালে, আধকলা চন্দ্রিমা, আর দিনমণিতে।
তন্ত্রে তুমি মহাসিদ্ধ, শিবে দাও মা ইষ্টসিদ্ধ,
অন্তে যেন প্রাণ যায় দাশুর সুরধুনীতে॥ ১৬

* * *

১৭

স্বরট মল্লার—একতালা।

লম্বিত গলে মুণ্ডমাল, দন্তিতা ধনী মুখ করাল,
কম্পিতা ভয়ে মেদিনী।
দিগ্বসনী চন্দ্রভাল, আলুয়ে পড়েছে কেশজাল,
শোভিত অসি, করে কপাল, প্রখরা শিখরিনন্দিনী॥
চারিদিকে যত দিক্‌পাল, ভৈরবী শিবে তালবেতাল,
একি অপরূপ রূপ বিশাল, কালী কলুষখণ্ডিনী॥ ১৭॥

* * *

(খ) প্রার্থনা

১

আলিয়া—একতালা।

কর কর নৃত্য নৃত্যকালি, একবার মন-সাধে,
রণক্ষেত্রে, মা মোর হৃদয়মাঝে।
দেহের ভেদী ছজন কুজন, এরা বাদী ভজন পূজন কাজে॥
জ্ঞান-অসিতে তার কর ছেদন, নিবেদন চরণ-সরোজে।
আগে বধ ব্রহ্মময়ি, মোর কুমতি-রক্তবীজে,
ও তোর ভক্ত দাশরথি, অনুরক্ত ঐ পদাম্বুজে॥ ১৮॥

* * *

২

মূলতান—একতালা।

দোষ কারো নয় গো মা,
আমি স্বখাত্ সলিলে ডুবে মরি শ্যামা।
ষড়্‌রিপু হল কোদণ্ডস্বরূপ, পুণ্যক্ষেত্রমাঝে কাটিলাম কূপ,
সে কূপ ব্যাপিল, কালরূপ জল, কালমনোরামা।
আমার কি হবে তারিণি, ত্রিগুণধারিণী,
বিগুণ করেছি স্বগুণে,
কিসে এ বারি নিবারি, ভেবে দাশরথির অনিবারি
বারি নয়নে,
বারি ছিল কক্ষে, ক্রমে এল বক্ষে,
জীবনে জীবন নাহি হয় রক্ষে
তবে, তরি দিলে চরণতরী ক্ষেমঙ্করি, করি ক্ষমা॥ ১৯

* * *

৩

মূলতান—একতালা।

একি বিকার শঙ্করি।
তরি পেলে কৃপাধন্বন্তরি॥
অনিত্য গৌরব সদা অঙ্গে দাহ, আমার কি ঘটিল পাপমোহ,
ধনজন-তৃষ্ণা হয় না বিরহ, কিসে জীবন ধরি।
ও মা অনিত্য আলাপ, কি পাপপ্রলাপ,
সতত গো সর্ব্বমঙ্গলে
মায়ারূপা কাকনিদ্রা সদা দাশরথির নয়নযুগলে,
হিংসারূপ হল সেই উদরে কৃমি,
মিছে কাজে ভ্রমি, সেই হল ভ্রমি,
এ রোগে কি বাঁচি, অন্নামে অরুচি, দিবস-শর্ব্বরী॥ ২০

* * *

৪

ইমন—কাওয়ালী

হের কালকান্তে মা, ত্বং সময়গতং শরণাগতং।
ত্রিতাপহারিণি, ত্রিপুরান্তকারিণি, প্রাণকান্তে শিবে,
জীবের অন্তে গতি সতি, ত্বাং বিনে কিং ভবে,
সদা ভাবিত সভয়সুতং।
দাসানুদাসোহং দাশরথ্যতিসুদীন,
ধর্ম্মজ্ঞানহীন, জন্মপাপাধীন,
হে শিবে কিং ভবে সদা ভাবিত সভয়হৃতং॥ ২১

* * *

৫

মূলতান—একতালা।

জাগ জাগ জননি।
মূলাধারে নিদ্রাগত, কত দিন গত হল কুলকুণ্ডলিনি॥
স্বকার্য্য-সাধনে চল শিরোমধ্যে, পরমশিব যথা সহস্রদলপদ্মে,
করে ষট্‌চক্রভেদ, শঙ্করি, পূরাও মনের খেদ চৈতন্যরূপিণি॥
ঈড়া পিঙ্গলা সুষুম্না, চিন্তে নারি এ তিন নাড়ী,
ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর,

শিবাস্বপে দেবতারা নিয়ম জপে তারা,
যে অপেক্ষা তারা গো তোমার,
অধিষ্ঠান হয়ে স্বাধিষ্ঠানপরে, চিন্তাহরা চল চিন্তামণিপুরে,
জীবাত্মা যে স্থলে, দীপশিখার ন্যায় জ্বলে, দিবারজনী ॥
এই দেহবিশ্বচক্রে, যে বিশুদ্ধ চক্রযোলদলে কমল শোভা পায়,
কিবা অর্দ্ধনাভিসরে, সদা সেবা করে, শাকিনী নামে শক্তি তথায়,
ওগো কুণ্ডলিনি, করগো গমন,
আজ্ঞাখ্য চক্রেতে দ্বিদলপদ্মে মন,
করে ষট্‌চক্র-ভ্রমণ, দাশরথিরে সাধন করাও শর্ব্বাণি ॥ ২২

* * *

৬

আলিয়া—কাওয়ালী

আমি আছি গো তারিণি, ঋণী তব পায়।
মা, আমার অদুপায়।
ভজন পূজন দিয়ে বিসর্জ্জন, জননি গো,
বিষয়বিষভোজনে প্রাণ যায়।
জঠরে যাতনা পেয়ে বলিলাম,
এবার ভজিতে তোমায় আমি ভবে চলিলাম,
সুপুত্র হব রব স্বপদে, ত্রিপত্র দিব তব শ্রীপদে,
এখন ধরায় পতিত হয়ে রয়েছি পতিত হয়ে,
পতিতপাবনি ভুলে মা তোমায়।
হলো না সাধন আর হয় না,
হে দুর্গে, আমার মনোদুঃখ আর সয় না,
অপার দাশরথি শঙ্করি, হয় না মানসবশ কি করি,
মা যদি মোরে মনে করি, স্বগুণে বন্ধন করি,
কর মুক্ত মুক্তকেশি, এ ভববন্ধন-দায় ॥ ২৩

* * *

৭

আলিয়া—কাওয়ালী

মোরে হের গো তারিণি কৃপানেত্রে।
আমি ভজন-পূজন-হীন অভাজন,
বৃথা জনম হল আমার কর্ম্মক্ষেত্রে।
তবাজ্ঘ্রি-সরোজ সাধন বিনে,
নাই অন্য ধন দয়াময়ি গো নিধন-দিনে,
নিবারণে দিনমণি-পুত্রে।
মনে করি পদ ধরি, ধ্যান করি শঙ্করি,
কিছু তো করিতে দিলে না কর্ণসূত্রে।
মন তো পামর মোর সদার্থলোভে জ্ঞান,
পদার্থহীন দোষে মজিলাম,
না হয় ত্বৎপদে নত, যাতে ঘটে পদচ্যুত,
পদে পদে সে বিপদে মজিলাম,
কেবল অলসে অতুল পদ ত্যজিলাম,
এখন ভরসা-স্থল, দাশরথির কেবল,
আমি শুনেছি ত্যজে না মা মায়ে পুত্রে। ২৪

* * *

৮

ভৈরবী—একতালা

মা সেদিন কবে প্রভাত হবে।
পূরাতে বাসনা ওমা শবাসনা, রসনা লোলরসনা জপিবে ॥
কলুষান্ধকারে ইষ্টপ্রতি দৃষ্টিহারা হ'য়ে আছি সব যেন রিষ্টি,
হৃদয়-আকাশে, তারা কবে এসে
পুণ্যের বিপাকতিমির নাশিবে।
দেহমুক্ত হব দেহ যাবে ত্বরা, এ দীনে সে দিনে হে দীনতারা,
প্রকাশিও করুণানয়নে তারা, এ ক্রিয়াবিহীন জীবে।
মিছে কাজে দিন গত প্রতিদিন, সে দিন দীনের কি হবে,
দীনদৈন্য গণি, যে দিন জননি, দ্বিজ দাশরথি দীনে দিন দিবে ॥ ২৫

* * *

৯

সুরট—কাওয়ালী

তারা দীনতারা, দীনদুঃখবারিণি।
দুস্তারতারিণি ভবানি, মা,
মোর মানসতরণী ডুবে কলুষভারে,
কামাদিরিপু ব্যাভারে,

তায় কে লবে ভবতুস্তারে
ভয়ে ডাকি তোমারে, ভবঘোরে ভরসা তোমার ভবানি।
স্মরণ মনন ধ্যান জ্ঞানহীন ক্রিয়াহীন্ মামতি,
কিং ভবে মা মম গতি, পাপাগুণে মন দহতি,
দ্বিজ দাশরথি দীন দুঃখ হর মা হররাণি। ২৬

* * *

১০

খাম্বাজ—কাওয়ালী

আমি পতিত, পতিত-পাবনি,
মম জন্ম অনিত্য অবনী,
পুণ্যহীন পাপ-নৈপুণ্য মা! প্রপন্নে দিয়ে পদ, অপর্ণে,
যদি সাধ পূর্ণ কর আপনি।
যদি কর এ দুরাচার, নিগুর্ণে গুণ-বিচার,
প্রচার তবে নাই গো মা, শিবসুন্দরি শ্যামা,
হেতু দাশরথির ত্রাণ, জীবনান্ত দিনে যেন
জীবনে আশ্রয় দেন সুরধুনী। ২৭

* * *

১১

পূরবী—কাওয়ালী

তব সুতের অবদান হ'ল গো শিবে,
হে শিবে, সঙ্কটনাশিনী,
ও পদ কি এ দীন অধমে দিবে,
দুর্লভ নরোদরে জন্ম লইয়ে ওগো ব্রহ্মরূপিণি!
কিছু কর্ম হলো না, রিপুধর্মে অধর্মে ভ্রমণ ভবে।
স্বধামে নাস্তি মতি-গতি, কু-পথে গতি,
দাশরথির গতি মা, কি হবে।
ভক্ত-মানস-অনুরক্ত ওগো মুক্তিদায়িকে,
পাতকে নাহি নাম উক্ত এ মুখে,
মুক্তি কি পাবে পাপযুক্ত জীবে। ২৮

* * *

১২

খাম্বাজ—কাওয়ালী

দীন-তারা, তারা তা'রা লাভ করে,
যে যে জন ক'রে পণ, করিল সমর্পণ,
জ্ঞান-নয়নের তারা, তারার পদোপরে।
প্রাপ্ত হ'য়ে জ্ঞানোদয়, তারাময় সমুদয়,
ত্রিভুবন দরশন করে,
ভব-তারাগুণ শুনে, তারা তারাকারা ঝোরে।
ভব-আসা দিনে, যারা পায় শুভ-চন্দ্র-তারা,
কেবল তারা, তারা আরাধিয়ে তরে,
যে না ভজে দীন-তারা, দেখে তারা দিনে তারা;
তারা মাত্র আসিয়া সংহারে,
দাশরথি দেখে তারা, যদি জ্ঞানাঞ্জন পরে। ২৯

* * *

১৩

সুরট—আড়া

কত পাতকী তরে।
তারি তরে, তারা, তোরে ডাকি কাতরে।
গতি-নাথ প্রিয় গতি, তুমি গতির সঙ্গতি,
গতিহীনগণে গতি, বিলাও অকাতরে।
দেহ মা, শ্রীপদ-তরি, ত্বরিতে দুস্তরে তরি,
নতুবা কি ব'লে দীন ভবে উত্তরে।
সত্ত্ব-রসে না থেকে বশে, মত্ত মন তম-রসে,
কাল বুঝি এসে কেশে, ধরে সত্বরে। ৩০

* * *

১৪

ইমন—কাওয়ালী

ত্রাণ কর, তারা ত্রিনয়নি।
হে ভবানি ভবরাণি ভব-ভয়বারিণি।
ভয়ঙ্করি ভীমে, ভূভার-হারিণি,
ত্রিভুবন-তারিণি ত্রিগুণ-ধারিণি!
ত্রিজন-সৃজন-কারিণি।

এ মা শারদে শুভদে সুরেন্দ্রপালিকে,
গিরীন্দ্র-বালিকে কালিকে, যোগেন্দ্র-মনোমোহিনি।
হে শিবে শর্ব্বাণি গিরিজা গীর্ব্বাণি,
নির্ব্বাণ-পদ-দায়িনি,
তারা, এ ভব দুস্তার, দাশরথিরে তার,
ভবান্ধকার-বারিণি॥ ৩১

* * *

১৫

সিন্ধু—ঝাঁপতাল

শিবে, সম্প্রতি ওমা,
সংসার-বাসনা-মতি সংহর সকল রিপু,
শমন সন্নিকট হলো মা॥
তব করুণা-সিন্ধু, তদ্বিন্দু-বরিষণে,
বিন্ধ্যবাসিনি, ইন্দু করে ধরে বামনে,
ইন্দ্রত্ব-ভার কোন্ ছার, ওগো হর-মনোরমা।
দূর কর তারিণি দুঃখহারিণি,
মম দুঃখ-ভার, বারম্বার, কর যাতায়াত-সীমা॥
অন্তে এই করো, গমনে তট ভাগীরথীর,
দাশরথির যেন ঘটে,
অন্তরে নিরখি তব রূপ নীরদ-বরণি শ্যামা॥ ৩২

* * *

১৬

মূলতান—কাওয়ালী

শমন নিকটে গো শঙ্করি!
কি হবে, হারালাম পরিণাম স্বনাম না করি।
না ভাবি তব চরণ, ত্বন্নাম-উচ্চারণ,
মূঢ়মতি আমার স্বৎস্মরণ,
বিস্মরণ, বিবশ দিবস বিভাবরী॥ ৩৩

* * *

১৭

টোরী—কাওয়ালী

দিন দিলে না মা, দিনতারিণি, দীনে,
দীন-দয়াময়ী হ'য়ে, কেন দুঃখ দিলে দীনে।
অতুলমহিমে, দীন-নিস্তারিণী নামে,
কেন ডুবাবে সে নাম, অযশার্ণব-জীবনে।
দিবস রজনী দুঃখানলে জলে কলেবর,
স্বকর্ম্ম-ফলে ভাবী গতি দুঃখ ভাবিনে।
দিলে দুঃখ যত, তাতো সহিল মা,
আর সহে না, দুঃখ দিও না,
সঁপে এ দীন দাশরথিরে দিনমণি-সন্তানে॥ ৩৪

* * *

১৮

আলিয়া—কাওয়ালী

কালি, অকূল সাগরে কূল দেখি নে
কি হবে কু-লীনে!
আকুল দেখিয়ে যদি অনুকূল হ'য়ে,
কুলকুণ্ডলিনি, কুলাও কুল-বিহীনে॥
আমি কুলহীন দীন ভ্রান্ত,
কুলের পাতক মা, হয়েছি একান্ত,
কাল-বশে করিয়ে কালান্ত,
কূলে এলাম হ'য়ে কুলশ্রান্ত,
না হইয়ে প্রতিকূল, দাশরথি প্রতি কূল,
দে মা গিরিকুলোদ্ভবা, স্বগুণে॥ ৩৫

* * *

১৯

মনেরি বাসনা শ্যামা, শবাসনা শোন মা বলি।
অন্তিমকালে জিহ্বা যেন বলতে পায় মা কালী কালী।
হৃদয়মাঝে উদয় হয়ো মা, যখন করবে অন্তর্জলি।
তখন আমি মনে মনে, তুলব জবা বনে বনে,
মিশায়ে ভক্তিচন্দনে, পদে দিব পুষ্পাঞ্জলি।

অর্দ্ধ অঙ্গ গঙ্গাজলে, অর্দ্ধ অঙ্গ থাকবে স্থলে,
কেহ বা লিখিবে ভালে, কালী-নামাবলী।
কেহ বা কর্ণকুহরে, বলবে কালী উচ্চৈঃস্বরে,
কেহ বলবে হরে হরে, করে দিয়ে করতালি। ৩৬

শিবদুর্গা-বিষয়ক সঙ্গীত

১

ভৈরবী—একতালা

ত্রাণ কর, হে শঙ্কর।
আশুতোষ নাম, গুণে গুণ-ধাম,
হর মম দুঃখ হর, হর।
বিপদ-কাণ্ডারী, প্রভু ত্রিপুরারি,
বিখ্যাত গুণ ত্রিপুর
পাপে হ'য়ে ভারি, ভবে ডুবে মরি,
ওহে গঙ্গাধর, ধর ধর।
ওহে ত্রিনয়ন ত্রিতাপ-হারি,
ত্রিপুরান্তক ত্রিশূল-ধারি,
ত্রিজগৎ-পাপ-তাপ-নিবারি,
কৃপা-নয়নে হের।
কি করি শঙ্কর, শমন-কিঙ্কর,
বাঁধে কর হে, কি কর কি কর,
কর শক্র-জয়, ওহে মৃত্যুঞ্জয়,
দাশরথি কাঁপে থর থর। ৩৭

* * *

২

সিন্ধু—পোস্তা

ত্বং মায়া-রূপিণী দুর্গে, কে জানে মায়া, জননি।
কখন দরিদ্র-জায়া, কখন হও রাজ-রাণী।
ত্বং পুরুষ—ত্বংহি কন্যা, ধন্যা তুমি—তুমি দৈন্যা,
দয়াময়ী দয়াশূন্যা, সৃজন-লয়-কারিণী।
তুমি সুখ—তুমি ক্লেশ, ত্বং পীযূষ—তুমি বিষ,
তুমি আদ্য—তুমি শেষ, তুমি অনাদ্যা-রূপিণী।
সরলা—অতি দুর্ব্বলা, অচলা—অতি চঞ্চলা,
কুলহীনা—কুলবালা, কুলোজ্জ্বলা—কলঙ্কিনী। ৩৮

* * *

৩

ছায়ানট—কাওয়ালী

হেরম্ব-জননি, হের মা দীনে।
হে দীনতারিণি, দুঃখ দিও না আর দীনে।
যায় যায় যায় প্রাণ, মা, দেহ দহে পাপাগুনে।
ডাকি অনিবার, একবার কৃপা-নয়নে,
কর দৃষ্ট, দুরদৃষ্টহরা তারা,
ভূ-ভার-হারিণি, তারা,
কি ভার দীনের ভারে,
সুধাকরে করে ধরে, করুণা হৈলে বামনে। ৩৯

* * *

৪

সিন্ধু—পোস্তা

যা কর গো দুর্গে, ভব-দুঃখে দুঃখহরা তুমি।
করিয়ে কু-কর্ম্ম, অঙ্গ ঢেলেছি তরঙ্গে আমি।
নিত্য ধন না করি তত্ত্ব, নীচ-কর্ম্মাশ্রিত নিত্য,
সাধিলাম অনিত্য অর্থ, ব্যর্থ এসে কর্ম্ম-ভূমি। ৪০

* * *

৫

সুরট—একতালা

গিরিশ-রাণি, পরমেশানি, সম্প্রতি মা, হের।
দীন-দয়াময়ি, হের ময়ি দীনে,
দিন গত, দিন দেহি মা, সুদীনে,
দিনমণি-সুত এল দিন গ'ণে,
নিগুণে নিস্তার।
মা, তুমি যা কর, শিখর-তনয়া,
প্রখর কলুষে দহে মম কায়া,
গুণ-হীন-দোষ নিজগুণে নিবার।

স্মরণ-মনন-সাধন না জানি,
দাশরথি অতি ভীত,মা ভবানি,
শঙ্কাবারিণি, শঙ্কর-রাণি,
সঙ্কটে উদ্ধার। ৪১

* * *

৬

খাম্বাজ—কাওয়ালী

দুর্গে, পার কর এ ভবে।
দেখে পাপের ভার, কুব্যবহার,
তুমি ভার হ'লে মা, কে ভার সবে॥
ব্রাহ্মণ্ ভাজন কিম্বা অভাজন,
কে তব অপ্রিয় কে বা প্রিয়জন,
কি সুজন দীন-জন কি দুর্জ্জন,
সুজন তোমারি সবে।
যা কর মা, শমন এলো শীঘ্রগতি,
দাও যদি মা গতি, দেখিয়ে দুর্গতি,
তবে দাশরথির গতি,
(নয়) অসঙ্গতি দুর্গতি সতত রবে॥ ৪২

* * *

৭

খাম্বাজ—একতালা

মরি কি রূপ-মাধুরী!
হিমগিরি-রাজসুতা রাজরাজেশ্বরী।
পদাশ্রিত পঙ্কে, পঙ্কদেব অঙ্কে,
বঙ্কে ত্রিপুরা সুন্দরী॥
কত মায়া তাতো জ্ঞাত নাহি কালে,
বিধিতে বিদিত নাহি কোন কালে,
দক্ষযজ্ঞ-কালে মায়ায় মহাকালে,
ভুলালেন ঐ রূপ ধরি॥
ও পদ দাশরথি, কেন না চিন্ত শুনি,
যে পদ-চিন্তাতে আছেন চিন্তামণি,
ব্রহ্মা-চিন্তামণির চিন্তা-নিবারণী,
ঐ বিশ্বগ্রামেশ্বরী॥ ৪৩

* * *

৮

মুলতান—একতালা

দুর্গে বাঁচিনে মা আর।
মা, ভবচিন্তা জ্বরে জন্মিল বিকার॥
আশা প্রলাপ দেখি মায়ানিদ্রা চক্ষে,
চিন্তে নারি মানব চিনতে কোন পক্ষে
মুখে নামরুচি না ঘটে, প্রেম মন্দাগ্নি ঘটে,
কর্ম্ম করা হ'ল ভার।
মা, আমি অতি দীন, জ্ঞান-অর্থহীন,
সাধু বৈদ্য পাই কি গুণে।
কে দেয় এমন সুপথ্য ঔষধি
বৃদ্ধি পায় যে ব্যাধি
দিনে দিনে সুপথ্য বিনে।
ত্রিনয়নী হয়ে দেখলি না মা চক্ষে,
এ যাত্রার মত পাই না মা আর রক্ষে,
রোগের চিকিৎসা অভাবে, দাশরথি ভাবে,
এবার নাহিক নিস্তার॥ ৪৪

* * *

৯

ললিত—ঝাঁপতাল

হরগৌরী মিলিতাঙ্গ হইয়ে কে বিহরে।
কাঞ্চনে জড়িত যেন হীরক-মণি শোভা করে॥
আধ মৌলে জটা-পরিবেষ্টিত ফণী,
কুলু কুলু ধ্বনি তাহে করিছে মন্দাকিনী,
চঞ্চল চিকুরে বেণী কি শোভে আধ শিরে॥

কিবা নীলপট্ট অজিন পরিধান অতি সুন্দর,
বাম পদ-কমলে বাজিছে ঘুঙুর মঞ্জীর,
দক্ষিণ চরণে নৃত্য করি তাল ধরে।
রতন কঙ্কণ বলয়া অঙ্গুরী বাম ভুজে,
অঙ্গুলিদলেতে নখর ছলে কত বিধু সাজে,
দক্ষ করে শোভিছে বিশাল ডম্বুরে।
কিবা লোহিত বরণ এক নয়ন ঢল ঢল,
অপর নয়ন খঞ্জন জিনি রচিত কাজল,
গলে অক্ষমালা দোলে মণিমুক্তা হারে।
আধ ললাটে কিবা শোভিছে বালক ইন্দু,
প্রকাশিছে অরুণ কিরণ আধ সিন্দূরের বিন্দু,
দাশরথি সদা ভাবে এই রূপ অন্তরে।[১] ৪৫

* * *

গঙ্গা-বিষয়ক

১

আলিয়া—কাওয়ালী

তুমি যা কর করুণাময়ি গঙ্গে।
ভীতোঽহং তরঙ্গে।
পায় পথ কুপথগামী, পায় যদি মা রাখ তুমি,
পতিতপাবনি এ পাপাঙ্গে।

ভরসা করে ভাগীরথীবাসিগণ,
প্রবল পাপী আসি সকলে লয় শরণ,
শমন আমারে বল কি করিবে যখন,
সে বল ঘুচাব, কি আছে বল এমন,
শিব এসে মোর হবেন সখা, অন্তে যদি ঘটে দেখা,
অভয়দায়িনী মায়ের সঙ্গে। ৪৬

* * *

২

আলিয়া—কাওয়ালী

তুমি কি আর করিবে তপন-তনয়,
যদি হয় অপ্রণয়।
এ নয় অধিকার-ভূমি, শমনে কয়েছি আমি নিরাশ্রয়,
লয়ে জননীর তীরাশ্রয়।
তুমি দুঃখ দিবে রে নিতান্ত, হৃদয় কঠিন তোর নিদয় কৃতান্ত,
তোরে করে বঞ্চিত একান্ত, মা কয়েছেন স্বগুণে দুঃখান্ত,
দেখে সন্তানে অকৃতী ভার লয়েছেন ভাগীরথী,
দাশরথির সঙ্গে দেখা আর কি হয়। ৪৭

* * *

৩

ললিত—ঝাঁপতাল

এই অন্তে, পদপ্রান্তে আমায় রাখ মা সুরধুনি।
ভয়ে ডাকি গঙ্গে ভয়ভঞ্জিনী তরঙ্গিণী।
ভাই ভগ্নী আদি করি সুত দারা বান্ধবে,
মরণকালেতে গঙ্গে কেহ সঙ্গে না যাইবে,
ভব-সঙ্কটেতে কেবল ভরসা জননী।
মা, তরে অশেষ পাতকী, শমনেরে দিয়ে ফাঁকি,
বেদে বলে তুমি নাকি পতিতপাবনী।
আমারে অকৃতী জেনে, দুঃখ দিও না ফিরে ফিরে,
অজ্ঞান সন্তান আবার সজ্ঞানে এসেছে তীরে,
নির্ম্মল তব সলিলে ত্যজিতে পরাণী।
স্বীয় কর্ম্মদোষে ভবে পেয়ে দুঃখ পদে পদে,
হ'লে পতিত পদে, পতিতে রাখ পতিতপাবনী পদে,
শুনে ধরেছি পদ হরিপদরজবিহারিণি।
আরাধিয়ে পীতাম্বর, শিব ভজে না পেয়ে বর,
বড় দুঃখ পেয়েছি গিরিবরনন্দিনী।

[১] বঙ্গবাসী-সংস্করণের সম্পাদক হরিমোহন বাবুর পাদটীকায় লিখিয়াছেন যে হুগলী জিলার জাঙ্গাড়া গ্রামের জমিদার মনু বাবুর বাড়ীতে হরগৌরী অর্দ্ধনারীশ্বর প্রতিমা দেখিয়া দাশরথি গীতটি রচনা করেন।

এখন জীবনান্ত জেনে অন্তে, এসেছি তব জীবনে,
তুমি জীবন-রূপিণী গঙ্গে, তোমা বিনা ত্রিভুবনে,
কে আছে আর দাশরথির নিস্তারকারিণি ॥ ৪৮

* * *

৪

সুরট—কাওয়ালী

শমনদমনি শিবরমণি মা তরঙ্গিণি।
এ ভবতরঙ্গে তারো গঙ্গে, গতিপ্রদায়িনি।
বরদে ব্রহ্মাণি ব্রহ্মময়ি ব্রহ্মাণ্ড-জননি।
ব্রহ্মস্বরূপিণি ব্রহ্মা-কমণ্ডলু-নিবাসিনি ॥ ৪৯

* * *

৫

আলিয়া—একতালা

হের মা অপাঙ্গ-ভঙ্গে।
সুখ-মোক্ষ-প্রদাজ্ঞানদা গঙ্গে ॥
যোগীন্দ্র-মুনীন্দ্র-সুর-শরণি
শশধর-ধর-শির-বিহারিণি,
শমন-ভবন-গমন-বারিণি
দমনকারিণী সুর-মাতঙ্গে ॥
স্মরণ মনন সাধন ভকতি,
সঙ্গতিহীন দীন দাশরথি
স্বীয় গুণে প্রাণ-বিয়োগ-সময়ে
দিও স্থান মা এ পাপাঙ্গে ॥ ৫০

* * *

৬

আয় গো কে যাবি সুরধুনীতে।
এ অবনীতে হরবনিতে
হলেন উত্তর-বাহিনী গঙ্গা পাতকী নিস্তারিতে ॥
দ্রবময়ীর কিবা ধারা, ত্রিধারা হয়ে হন তারা
এমন ধারা দেখি নাই অবনীতে।
আছেন উত্তরবাহিনী নামে, মুক্তিক্ষেত্র কাশীধামে
শুনিয়াছ বেদ আর পুরাণেতে ॥
সে ধাম ত্যাগ করে, এলেন কড়-কড়ে
তোরা আয় লো দৌড়ে হুপড়ে পড়ে,
বালি খুঁড়ে ডুব দিতে।
কোথায় দেখ-হাসি, আয় মনের কথা,
বকুল ফুল আর অন্তরের ব্যথা,
এস মন ঠাণ্ডা করি ত্বরিতে ॥
হেদে লো অন্তরের বালি,
অন্তরের দুঃখ তোরে বলি
মেখে বালি মনের কালী ঘুচাতে।
ভেবে প্রাণাকুল, আয় লো বেগুন ফুল
চল গঙ্গাজল, গঙ্গাজলে অঙ্গজ্বালা জুড়াতে[১] ॥ ৫১

* * *

শ্রীকৃষ্ণ-বিষয়ক

১

মল্লার—কাওয়ালী

চল গো হেরি গে কালার কাল বরণে।
কালান্ত কেন আরো, প্রাণান্ত হ'ল মোর
একান্ত যাব সখি, সে কান্ত সদনে ॥
সাজ সাজ সখি, সব সাজ সদনে
চল সে বনে, সেই পদ সেবনে
বিপদভঞ্জন হরির শ্রীপদ দরশনে ॥
সাজ সাজ সখীসব, যাতনা কত আর সব,
দিয়ে সব হয়ে সবে শবাকার—
হৃদয়ে উৎসব নাই আর সবার

১। বঙ্গবাসী সংস্করণের সম্পাদক হরিমোহনবাবু লিখিয়াছেন যে নদীয়া বিল্বগ্রামের নিকট আমুনে কড়কড়ে গ্রামে গঙ্গা উত্তরবাহিনী ও ত্রিধারা হন। গানটি এই প্রসঙ্গে রচিত।

ব্যাকুল হইয়ে কালার বাঁশীর রবে
কুলগৌরবে কেবা রবে,
গোকুল-মাঝারে সখি গো কুলভয় কেনে ॥ ৫২

*　　*　　*

২

সুরট মল্লার—একতালা

দুঃখ বর্ণিতে নারি ওহে হরি
　দুঃখ-বহ্নিতে দহে যেরূপ জীবন।
কৃপারূপ বারি, দাও হে দানবারি,
　বিপদ্ ভারি বারিদ-বরণ ॥
জলে গেলে জ্বালা না হয় নির্ব্বাণ
　দুখানল দিনে দিনে বলবান্
কেমনেতে পাব পাবকেতে ত্রাণ
　ও ভয় নাশিতে অভয় চরণ ॥
পাপরূপ কাষ্ঠ করি আয়োজন,
　অনল উজল করিছে দুজন,
না দেয় নিভাতে, নিরন্তর তাতে
　অন্তর্গত আশা-পবন।
অবিচ্ছেদ ব্রতী হইয়ে কুমতি
　দিতেছে তাহে অধর্ম্ম-আহুতি
দুখানলে দগ্ধ হল দাশরথি
　স্বমনোদোষে হে শমন-দমন ॥ ৫৩

*　　*　　*

৩

খাম্বাজ—একতালা

অন্য দরশন কি আর কাজে।
কর দরশন ব্রজরাজে।
কি শোভা সুন্দর, রাধা-দামোদর
এই অযোধ্যা-ভুবন-মাঝে।
ধন্য ধন্য অযোধ্যাবাসী সব,
ধন্য পুণ্য জন্য প্রশান্ত মাধব,
বন্দ্য কুলেশ্বর, রাম গদাধর
ধন্য এ পৃথিবী-মাঝে।
ত্রিকোণ ব্রহ্মাণ্ড-ভাণ্ড যার উদরে,
কার সাধ্য বাধ্য করে দামোদরে
ভক্তি-ডোরে বাঁধে, রাম গদাধরে
তাই তে হরি গোলোক ত্যজে ॥[1] ৫৪

*　　*　　*

৪

ললিত—একতালা

ওহে দয়ার্ণব, শ্রীরাধাবল্লভ
শ্রীপদপল্লব দেহি মে কৃপায়।
আমার মনকৃত পাপে, কলেবর কাঁপে,
বিষম সন্তাপে, তাপিত হৃদয় ॥

বিধিমার্গে যত আছে হে অবিধি
আমি সব করেছি বাকি নাই হে গুণনিধি,
জনম অবধি তোমায় না আরাধি
চির অপরাধী আছি তব পায়।

সদা চঞ্চল আমার মন-মত্তকরী,
জ্ঞানাঙ্কুশ নাই কিসে বাধ্য করি,
ভক্তি-পদ্মবন, বিদলিল অরি
রক্ষা কর হরি, নইলে জীবন যায়।

রাখতে ব্রজবাসী গোপগোপী গোধন,
অনায়াসে ধরেছ গিরি গোবর্দ্ধন
আমার পাপ-গোবর্দ্ধন, ওহে জনার্দ্দন
ধর কিনা ধর, বোঝা নাহি যায় ॥ ৫৫

*　　*　　*

১ বাঁকুড়া অযোধ্যার জমিদার রাম ও গদাধর বন্দ্যোপাধ্যায় ভ্রাতৃদ্বয়ের গৃহদেবতা রাধা দামোদরের সম্মুখে মুখে মুখে রচনা করিয়া গীতটি দাশরথি গাহিয়াছিলেন বলিয়া প্রবাদ আছে।

শ্রীরামচন্দ্র বিষয়ক

১

ঝিঁঝিট—যৎ

ওহে দিনমণি-কুলোদ্ভব দীনবন্ধু রাম !
দীনে তারো, তাইতে তারকব্রহ্ম নাম ।
দুস্তর-ভব-কাণ্ডারী, দুর্জ্জন-দমনকারী,
দুর্ব্বলের বল তুমি দূর্ব্বাদল-শ্যাম !
দশ জন্মার্জ্জিত দশবিধ পাপ নাশ,
মানসে দাশরথি রেখেছে
শ্রীরাম-নাম মোক্ষ-ধাম । ৫৬

* * *

ব্রহ্ম-বিষয়ক

১

ভৈরবী—কাওয়ালী

ভাব, নির্ব্বিকার নিত্য-নিরঞ্জন ।
যে করে ত্রিজন-জন-স্বজন, আয়োজন বিসর্জ্জন ।
সে জনে নির্জ্জনে ভাব,
সত্ত্ব-রজঃ-তমো-বিসর্জ্জন ।
ভাব ব্রহ্ম সনাতনে, চেতনে যতনে,
সে রতনে সহজ প্রেমে কর উপার্জ্জন ;
বৃথা পূজনে কি আছে প্রয়োজন ।
সর্ব্ব-মনোরঞ্জন, সর্ব্বজন-প্রিয়জন,
সর্ব্ব ঘটে ঘটে বিরাজমান,
দেখা ঘটে, কৃপা করলে সাধু জন,
গুরু দিয়েছেন যার চক্ষে জ্ঞানাঞ্জন । ৫৭

* * *

গণেশ-বিষয়ক সঙ্গীত

১

ইমন—মধ্যমান

মানস, গণেশ ভাব না ।
ভাবিলে তব রবে না ভবিসুত-ভাবনা ।
সানন্দে সদা সাধে সুরেন্দ্র যাঁকে,
ভজ গিরিজসুতাসুত করীন্দ্রমুখে,
যদি করিবে সিদ্ধ কামনা ।
ভাব খর্ব্বদেহ, দুঃখখর্ব্বকারীরে,
হবে সর্ব্বসুখ তব লভ্য শরীরে,
ভেবে দিব্য জ্ঞান লভ না ।
মুক্তিকারণ গুণযুক্তহৃদয়, প্রভু ভক্তকায় অনুরক্ত উক্তপ্রিয়,
ব্যক্ত গুণনিধি বক্তে, সতত লভে মুক্তি, সাধে যে জনা ।৫৮

* * *

সরস্বতী-বিষয়ক সঙ্গীত

১

মুলতান—একতালা

পদে প্রণাম জননি ।
ভদ্রকালী সর্ব্ববিদ্যাপ্রদায়িনী, সর্ব্ব ঘটে স্থিতি বাগবাদিনী ।
শ্বেতসরোজিনী জিনি নিরঞ্জনী,
শ্বেতবরণী শ্বেতপদ্মে বিরাজিনী ।
পদে পদ দিয়ে ত্রিভঙ্গী হইয়ে দাঁড়াইয়ে ব্রহ্মাণী,
নীলবসনাঙ্গে স্থিতি, দেবী সরস্বতী বিংশতি শশী নখরে
কিবা কজ্জলপূরিত লোচনশোভিত, কণ্ঠে দুলিত মুক্তাহারে ।
ব্রজে যেমন বলরামের রূপ দেখিতে, তেমনি রূপ মায়ের
বাঁকাচূড়া মাথে,
কত শোভা করে, বীণা যন্ত্র করে, নৃত্যগীতরূপিণী ।
মায়ের চতুর্ব্বর্ণে বর্ণে, কার সাধ্য বর্ণে, বর্ণময়ী ত্বং বর্ণরূপা,
দেব স্মৃতিশ্রুতি মূল, তুমি সর্ব্বমূল, সেই জানে যারে কর
কৃপা ।
বাল্মীকি আদি মহাকবি বেদব্যাস, তব কৃপায় তাদের
কবিত্ব প্রকাশ,
পূরাও অভিলাষ শ্রীচরণের দাস দাশরথির এই বাণী । ৫৯

* * *

অধ্যাত্ম বিষয়ক

ললিত—কাওয়ালী

(আরে) কুলকুণ্ডলিনী যার জাগে।
যার না জাগে, কি করিবে তার আর
তপজপ যোগযাগে ॥
অন্তরে যার শ্যামাপদ, প্রান্তরে যার শ্যামাপদ
সে কেন অপর পদ মাগে।
অশেষ সম্পদপদ ইন্দ্রাদি ঐশ্বর্যপদ
শিব আদি ব্রহ্মপদ, পেলেও কি তার মনে লাগে ॥ ৭০

* * *

২

খাম্বাজ—একতালা

বদনে বল কালী,
আজ মলে দুদিন হবে রে কালি।
কালী কালী যদি বলতাম রে সকালে,
তবে কি রে আজ ছুঁতে পারে কালে।
লয়ে যায়, ও ভাই তিহুরে,
লয়ে যায় আমায় রবি-সুত কালে।
সঘনে শ্রবণে শুনাবে কালী,
দাশরথির মনে থাকবে না রে কালি
ঘুচাইবেন আজ সদয় হয়ে কালী।
ঐ দেখ আমায় নিতে আসছেন ঐ যে কালী
কালের মুখে এবার পড়ুক রে কালি[১] ॥ ৭১ ॥

* * *

৩

সুরট—আড়া

এ কি রে হইল আমায়!
নয়ন মেলিতে দেখি, নয়নে শ্যামায় ॥
যদি আঁখি মুদে থাকি, বলা যায় সে কথা কি,
অন্তরে ব্যাপিত দেখি, সদা শ্যামা মায় ॥ ৭২

* * *

৪

মুলতান—কাওয়ালী

একবার এই সময় ভজ মন তারা।
গেলে এ সময়, হবে অসময়
তখন স্থূলে ভুলে মূলেতে হইবি দিশেহারা ॥
সময়ে সকলি হয়, অসময় অনর্থময়
রিপু ছয় মাঝে আছ ঘেরা।
কাল ফিরিছে অগ্র, জীর্ণ করিছে তনু,
রে তোর গেলে দিন, হবি পরাধীন,
হবি ভ্রান্ত নিতান্ত কৃতান্ত-ভয়ে সারা ॥
সম্পদে বাড়িছে সুখ, কাল বৈ পরন্তু দুখ,
দুখের উপরে দুখ যখন হবি জরা।
দাশরথির কাছে এখনো তার উপায় আছে,
আনন্দে বস না, তারে ডাক না,
ওরে পাবি মুক্তি, ভব-উক্তি, ভাবলে ভবদারা ॥ ৭৩

* * *

৫

জীব সাজ সমরে।
রণবেশে কাল প্রবেশে তোর ঘরে।
ভক্তি-রথে চড়ি, লয়ে জ্ঞানতূণ,
রসনাধনুকে দিয়ে প্রেমগুণ,
ব্রহ্মময়ীর নাম-ব্রহ্ম, অস্ত্র তাহে সন্ধান করে।
আর এক যুক্তি রণে, চাই না রথ রথী,
শক্রনাশে জীব হবে সুসঙ্গতি,
রণভূমি যদি করে দাশরথি ভাগীরথীর তীরে ॥ ৭৪

* * *

৬

খাম্বাজ—আড়া

জীব রে আর কদিন দেহে জীবন রহিবে।
আজ যদি না বল তবে কৃষ্ণ-কথা কবে কবে ॥

১ প্রবাদ এইটি দাশরথির শেষ গান।

দেহতত্ত্বে মন দেহ, এ দেহ সদা সন্দেহ।
চিন্ত নীলদেহ, মিছে দেহের গৌরব রবে॥
কি চিন্ত রে দাশরথি, অতীত দিন অল্প অতি
আর কবে শরণ হরির চরণ-পল্লবে লবে॥ ৬৫

* * *

৭

সিন্ধু—আড়-কাওয়ালী

মন রে! বিপদে ত্রাণ আর হ'লি নে।
বলিতে হরি তোয় আর বলি নে।
তুই এ জনমে হরিপদ-নলিনে স্থান নিলি নে॥
যখন জঠরেতে ছিলি, দুঃখ পেয়ে বলেছিলি,
হরি ভুলে দুঃখ পেয়েছি, আর ভুলি নে,
সব কার্য্য পরিহরি, এবার ভজিব হরি,
ভবে এসে সে পথে তুই গেলি নে।
কুপথে ভ্রমণ, সদাই কর মন!
সেই শমন-দমন রাধা-রমণে মন দিলি নে॥
পাপ-ধূলি গায় মাখিলে, হরিপদ-ভুঙ্গজলে,
একবার প্রবেশিয়ে, সে ধূলি তুই ধুলে নে।
নিরখিতে নিরঞ্জন, গুরুদত্ত জ্ঞানাঞ্জন,
দূরে রেখে আঁখিতে মাখিলি নে!
রে অধমাধিপ, তুই তো জ্ঞানপ্রদীপ,
নিভাইলি, দাশরথিরে
নিস্তার-পথ দেখালি নে॥ ৬৬

* * *

৮

আলিয়া—কাওয়ালী

বুঝি সঁপিলি রে স্বমন! আমায় শমনে।
কুপথভ্রমণে পাবি রে ত্রাণ কেমনে॥
ভেবেছ রে কি মনে,
একবার ভাবলিনে রে রাধারমণে।
না ভেবে মরণ কাল,
হলো রে হরণ কাল, চিরকাল,
আসিবে পাইয়ে কাল, শিয়রে বসিবে কাল,
সে কালে তুই কি ডাকিবি নে রে কালদমনে॥ ৬৭

* * *

৯

আলিয়া—কাওয়ালী

জীব! জান না কি হবে জীবনান্তে।
আছে চরমে পরমাপদ, শমন-সহ বিবাদ,
হবে না, হরির চরণ-বিনে চিন্তে॥
দুর্লভ জনম ল'য়ে ভবে কি কাজ করিলি,
যখন জননী-জঠরে ছিলি,
ব'লেছিলি ভজিব শ্রীকান্তে।
পরিহরি হরি-পদ, পরিবারে সদা সাধ,
ভবে, মিছে কেন পরিবাদ এলি কিনতে॥
অদ্য অথবা শতান্তরে, দেহ যাবে, নাহি রবে তো,
র'য়েছ কি গৌরবে রে!
নাম যাবে, দাশরথি! শয়ন করিয়ে ক্ষিতি,
নয়ন মুদিয়ে হবি শব রে!
যাবে দারা-সুত-সহিত উৎসব রে!
শব দেখি যাবে সবে, তখন সে ভার কে সবে,
কেন না মজিলি, কেশবের পদ-প্রান্তে॥ ৬৮

* * *

১০

খাম্বাজ—কাওয়ালী

ও রে অচেতন কেন তুমি, চিত!
এ নহে উচিত, হয় যা'য় বাঞ্ছিত,
না চিন্তিয়া চিন্তামণি-পদ হইলে বঞ্চিত॥
তাঁরে চিন্তা বিনা গতি, পথের কোন সঙ্গতি,
নাহি বিধি, বিধি-বিরচিত,
ভব-দুস্তরে নিস্তার, চিত! নাহি কদাচিত॥ ৬৯

* * *

১১

খাম্বাজ—একতালা

মম মানস শুকপাখি।
সুখ-মোক্ষ-ধাম, সুকোমল নামটি কমল আঁখি ॥
ঐ বুলিটি ধর, আমায় সুখী কর, শুক নারদ যায় সুখী।
সদা বল তুমি কৃষ্ণরাধা রাধা,
পাবে সুধা, ক্ষান্ত হবে ভবের ক্ষুধা,
কেন খাও রে ফলহীন ফল সদা, বিষয়কাননে থাকি ॥
আশাবৃক্ষে বাস আর কেন নিয়ত,
এখন হও দাশরথির অনুগত,
আয় রে আমি তোরে হেমবিনিন্দিত
প্রেমপিঞ্জরেতে রাখি ॥ ৭০

* * *

১২

মূলতান—কাওয়ালী

চিন্ত ভ্রান্ত মন, আপদের আপদ তারিণীপদ।
যে জন যতনে ভাবে তারাপদ, তারা হরে তার আপদ,
যে পদ বাঞ্ছিত রে, যোগীন্দ্র ফণীন্দ্র ভাবিল যে পদ,
ভবসাগর গোষ্পদ বোধ, যে পদ সদা সদাশিবের সম্পদ্ ॥
ওরে দেবের দেবত্ব যখন হরিল দৈত্য,
পদ ভেবে পায় অমরে সম্পদ,
যে পদ স্মরণে পরমার্থ কৃতার্থ, যথার্থ দোষ পদে পদে কেনে,
নিরন্তর পদধ্যান দাশরথি কয় মতি নিরাপদ্ ॥ ৭১

* * *

১৩

ললিত ভৈরোঁ—একতালা

দীনতারা ভবতারা ভবদারা গুণালাপে
দিন হর রে সার কর রে।
শমন-ভবন-গমন-বারণকারিণী তারিণী, ত্রিতাপহারিণী,
যে তারিণী-পদ তরণী, বিপদ-সাগরে ॥
আপনি আপন এ গুণস্বপন, বৃথা আলাপন ছাড় রে,
সদা ধর ধর গঙ্গাধরপ্রিয়ে, ধরাধর-মেয়ের গুণ অধরে ॥
ত্যজে মায়া-নিদ্রা হয়ে জাগরণ, কর রে স্মরণ জননী-চরণ,
জন্মিবে সুখ জনম-বারণ, বারম্বার জঠরে।
সঘন সে ঘনবরণী, সুরেশ-স্মরণীয় গুণ স্মর রে,
যেন লয়-কালে নাহি লয় কালে,
কালিদাস বলি দাশরথিরে ॥ ৭২

* * *

১৪

বসন্ত—একতালা

ওরে রসনা রস না বুঝে, কেন তুমি কুরসে মজেছো ভাই।
ডাক তারা তারা বলে, তারা চিরকালে,
আমি যেন তাই পাই ॥
তারানাথ বাণী, তারা নাম রস, পাইয়ে সুরস সুরেশাদি বশ,
তা ত্যজিয়া কেন অন্য রসে ভাস, যে রসে পৌরুষ নাই।
রসময়-বাক্য ভাব যদি তবে, রসজ্ঞ বলিয়া যশ দিবে সবে,
দাশরথির অঙ্গে বিরস ঘটাবে, তোর নাকি অন্তরে তাই ॥ ৭৩

* * *

১৫

জয়জয়ন্তী—ঝাঁপতাল

মন কেন এখন দুঃখ পেয়ে রোদন কর বসে।
জান না রে অভয়ার অপ্রিয় হয়েছ নিজ দোষে।
রিপুবশে ত্যজে ধর্ম্ম, হত করে সে গত জন্ম,
ভেবে যা করেছ কর্ম্ম, করে ভাবিছ এসে।
যখন পেলে জন্ম তুমি অবনীতে, দুর্লভ যোনিতে,
কেন দুর্নীতে হরিলি দিন দুর্জ্জন সহবাসে ॥
সদা করেছ পরানিষ্ট, পরমেষ্ঠ পরদেবে ছিল না দৃষ্ট,
দাশরথি যে পরে কষ্ট পাবে ছিল না তা মানসে ॥ ৭৪

* * *

১৬

ছায়ানট—কাওয়ালী

কুসঙ্গ ছাড় রে, ও মোর পামর মন।
ভবানী-বাণী, ভব-নিস্তারকারিণী,
বল বল বল মন, নিকটে বিকট শমন।

গেল গেল দিন, কি দিন এল ভাব না,
সুদুরন্ত সে কৃতান্তদায় রে, হায় রে,
তারা নামে দিয়ে সাড়া, বপু কর রিপু ছাড়া,
তারা ছাড়া হলে হবে তারাধন আরাধন॥
বল সারা দিন সে দীন-তারা মন রে,
তারা নাম পরমার্থ গুরুদত্ত ধন রে,
মন রে সে ধন সাধন কর, শুধিবে শমন-কর,
করো না দুষ্কর ভবে দাশরথির পতন॥ ৭৫

* * *

১৭

ভৈরবী—একতালা

ভাব নবজলধর-বরণীরে।
যদি তরিবে স্মরি রে॥
দুঃখ-নাশিনী ঈশানী ঈশ-হৃদয়-বাসিনী,
পদ ভাবিলে ভাবনা যায় দূরে রে।
ও রে অন্তর! ভাব দনুজান্তকারিণী,
সে কৃতান্ত-বারিণী শ্যামা মা'রে॥
যে রূপে অসিতবরণী অসি ধ'রে,
বাসনা পূরে জননী, বাসনা-ফল-দায়িনী,
বাস করে, সদা পতি-পরে,
কিবা সুন্দর কর শোভা করে,
নর-নরক-বারিণী নরশিরে॥
শিবে শঙ্কর-দারা, সব সঙ্কটহরা,
নাম-রসে বশ কর রসনারে,
তারা-নাম পরিণামে দুঃখ হরে;
গত দিন দ্রুতগতি, গতির কর সঙ্গতি,
দাশরথি! কেন চিন্ত না রে
শ্যামা জনমহারিণী জননীরে,
কেন জনম-মরণ ফিরে ফিরে। ৭৬

* * *

১৮

ভৈরবী—একতালা

ব্রহ্মাণী ভবানী সে বাণী, বল না রসনা! অনিবার।
ভব তরিবার তরণী তারিণী-চরণ-স্মরণ সার।
মন! তারা বল বল,
বল পাবে, হবে সম্বল, পথ চলিবার।
নিত্য ধন ত্যজি অনিত্য-আশ্রয়,
কেন পাপচয় কর রে সঞ্চয়,
দারা-সুতচয়, পথ-পরিচয়,
পরিণামে বাদী পরিবার॥
ভয়-নিবারণ অভয়-কারণ,
অভয়-চরণ অভয়ার,
দশানন ভয়ে ভীত, হইয়া আশ্রিত
দাশরথি শ্রীচরণে যার॥ ৭৭

* * *

১৯

পূরবী—কাওয়ালী

ভাব, কি ভাবনা মন, ভবানীরে।
গেল দিন, দীন-তারিণী পদ-তরীতে
তর না মন, ভব-নীরে।
ওরে মন-মধুকর!
কি কর রে সুধাকর-শেখর-
রমণী নাম সুধা পান কর, গান কর,
দুষ্কর ভাস্কর-তনয়-ভাবনা যাবে দূরে। ৭৮

* * *

২০

সুরট মল্লার—কাওয়ালী

ও মোর পামর মন, এখনো বল না কালী।
কোরো না রে মন আর আজি কালি।
আজি কালি করে কি কাটাবি চিরকালই,
কি হবে রে কাল এলে, কেন কালীপদে না বিকালি।

ত্যজে মিছে কাজ, ভজ না রে কালী,
মিছে কাজে থেকো না, মেখো না মনে কালি,
অঙ্গেতে লিখিয়া কালী, কর কালী নামাবলি,
না লিখিয়া কালী, কেন বিষয়কালি মাখালি।
জঠরে যন্ত্রণা পেয়ে প্রতিজ্ঞা সেকালই,
এবার কালীর পদ ভজিব ত্রিকালই,
সে বচনে দিয়া কালী দাশরথি কি আকালি,
বলিব বলিয়া কালী কেন বদন বাঁকালি। ৭৯

* * *

২১

সুরট—কাওয়ালী

কি জন্যে ভব-রোগে ভোগ রে ভ্রান্ত মন।
ত্যজ দুষ্টাহার সংসার এখন,
তারা-নাম মহৌষধি কর রে সেবন,
কুমতি-চূর্ণ আর ভক্তি-মধু তার অনুপান।
যাবে সব বেদনা শুন রে মন বেদো,
কালী-নাম পাবকে কর রে তনু স্বেদো,
নয়ন-রোগ-নাশক, ধর গুরু চিকিৎসক,
তারাতে দেখিবে তারা তিনি দিলে জ্ঞান।
নিবৃত্তি লঙ্ঘনে কর রসের দমন,
তবে তো হইবে প্রেমক্ষুধার উদ্দীপন,
যোগসুধা পথ্য কর, হবে বল, হলে পরে,
আরোগ্য-নির্ব্বাণপুরে দাশরথির গমন। ৮০

* * *

২২

খাম্বাজ—একতালা

জীব-মীন রে, জীবন গেল।
হয়ে কাল ঐ কাল ধীবর এল।
বিষয়বারিক্ষেত্রে, টানছে কর্ম্মসূত্রে, ফেলিয়া জঞ্জাল-জাল।
কেন আশ্রয় করলি এ সংসারবারি,
কাল জাল যায় ফেলিতে অধিকারী,
এ পাপজল হরি পরিহরি, হরির চরণ-গভীর জলে চল।
দাশরথি বলে নয়ন-জলে ভাসি,
জল কেন হয়ে জল-অভিলাষী,
যে জল মাঝারে জলে দিবানিশি, কলুষ বাড়বানল। ৮১

* * *

২৩

খাম্বাজ—আড়া

জীবের আর কদিন এ দেহে জীব রবে।
আজ যদি না বল তবে কৃষ্ণ-কথা কবে কবে॥
দেহতত্ত্বে মন দেহ, এ দেহ সদা সন্দেহ,
চিন্ত নীলদেহ, মিছে দেহের গৌরব রবে।
কি চিন্ত রে দাশরথি বাকি দিন আর অল্প অতি,
আর কবে শরণ হরির চরণ-পল্লবে লবে॥ ৮২

* * *

২৪

কল্যাণ—মধ্যমান

রাগ-চণ্ডালেরে আগে প্রাণে কর নিধন।
ভূত হবে বশীভূত, সব রিপু পরাভূত,
গুরুদত্ত মহামন্ত্র তত্ত্বমসি কর আরাধন।
আগমে বলে ঈশান শানঈ শানঈ শান,
মরা মরা বলিতে হবে রাম সম্বোধন।
সাধনের এই সার অসার হবে সুসার,
সদাশিব মনোসাধে সাধে সে পরম ধন। ৮৩

* * *

২৫

মুলতান—একতালা

ভেবে দেখ মন আমার।
মানবদেহ-নবদ্বারে ব্রহ্মপুরী, ব্রহ্মাণ্ড ভাণ্ডোদরে তোমার।
চৌদ্দ পোয়া চৌদ্দ ভুবনে ব্রহ্মাণ্ড,
সুমেরু সমান এই যে মেরুদণ্ড,
তাহে যুক্ত রবিশশী দোঁহে দিবানিশি করিছে বিহার।

বহে ত্রিধারা ত্রিবেণী, মহাতীর্থ জানি,
যোগে স্নান কর রে তথায়
তাহে আছে সপ্ত স্বর্গ, সপ্ত পাতালবর্গ,
সপ্ত সিন্ধু সপ্ত রসময়।
এই দেহ ব্রহ্মরন্ধ্রে, ভাব সদানন্দে,
যার মাথায় সৃষ্টি স্থিতি লয়।
যিনি নিত্য নিরঞ্জন, সত্য সনাতন,
পরম ব্রহ্ম যারে বেদে কয়।
অনন্ত কোটি ব্রহ্মাণ্ড একাত্মা,
সর্ব্বজীবে স্থিতি সেই ত জগৎকর্ত্তা
দেহের পরমাত্মা রথী, কহে দাশরথি, আত্মতত্ত্ব সার॥ ৮৪

* * *

২৬

তোরা আয়না দিদি, তুলো কিনতে যাবি নে।
এবার সস্তা দরে বিকায়ে যায়
ফুরালে আর পাবি নে।
সে মহাজনের নাম সাধু বেনে,
সে ধর্ম্ম তুলে করে ওজন কমি-কমতা শুনিনে।
অবিশ্রান্ত রাত্রিদিনে, কাড়ায় টানা পঞ্চজনে
ছজন কুজন পাপ মাকুতে ছিঁড়ছে টানা-পড়েনে॥
দিদি কাঁদিস নে, চরকা ছাড়িস নে,
কাট ভক্তি-সূতো, নন্দসুত পড়বে বন্ধনে।
আশীলক্ষ যায় হেঁটে, কিনে তুলো ভবের হাটে
নিজ কর্ম্ম-সূতো কেটে, পড়ল দাশরথি মায়া-বন্ধনে॥ ৮৫

* * *

২৭

সুরট—কাওয়ালী

দেখি রে কত জ্বালা সয়!
জল আশয় ক'রে কিসে পাব জলাশয়॥
পিপাসা কেমনে বারি, যাই যথা পাই বারি,
তত্ত্ব করি সদাবারি, তাতেও নিরাশয়।
অন্ধ হ'য়ে অন্ধকারে, আসিয়ে প'ড়েছি কারে,
এখন ডাকিব কা'রে, জীবন সংশয়।
হৃদি-পুর-দীর্ঘিকায়, কিম্বা মণি-কর্ণিকায়,
কালী-হ্রদে শিব-কায়, পড়িলে ডুবায়॥ ৮৬

* * *

ব্যঙ্গ-রঙ্গ

১

আলিয়া—কাওয়ালী

সই লো! তোর মরা মাহুষ ফিরেছে।
কিন্তু পচে নাই, কিঞ্চিৎ র'সেছে।
আমি দেখে এলাম বাগবাজারে,
ভাস্‌তে ভাস্‌তে আস্‌তেছে॥
নেড়া মাথা বুনো ওল,
ফুলিয়ে হয়েছে ঢোল,
বোধ করি, রসা সালসা খেয়েছে।
শুন ও লো মতি! হবে তোর পতি,
আবার অভিমানে, মনের দুঃখে,
ঘাড় বাঁকায়ে রয়েছে॥ ৮৭

* * *

২

পীরিত গ্রাবু খেলা হল সই।
কিসে করি জোর, এখন গোলাম চোর
আর বিবি ধরা কেউ খেলে না, কার কাছে বাঁধা রই॥
দুখের কথা কারে জানাই, স্বর্ণ কান্তি বিন্তি নাই
চটক পঞ্চাশ নাই তাতে লো, জ্বালা কত সই, দেখে
হত হই।
এখন তুরুকের জোর নাইক হাতে তাতে আবার
ফেরাই কৈ।

পড়তা ভাল ছিল যখন, কি হাতে হন্দর তখন,
মেরে তাস করতাম আমি হাতে লো,
নাই রং হাতে, নাই রং তাতে, .
আগে আসত গোলাম, হয়ে গোলাম,
এখন আমি গোলাম হই।
শেষে পেয়ে আঁচ, নিলে হাতের পাঁচ
হচ্ছে বারে বারে ছক্কা পঞ্জা
ব্যোম হয়ে আর বাকি নাই॥ ৮৮

* * *

৩

দিদি, দিন পাব, শুভদিন হবে, ভেব না।
মরা মানুষ আসবে ফিরে,
গোল শুনে তাই বলছি তোরে
গোল হাতে আর কাল কাটাতে হবে না॥
অনঙ্গ করে কি রঙ্গ…
এ ছুটো মাস যা তুর্গতি
কাত্তিক মাসে আসবে পতি,
গোপালের এই অনুমতি
ঘুচবে তাদের একাদশী ধনী লো॥ ৮৯

---

৮৫ ও ৮৮ সংখ্যক গান তুইটি বঙ্গবাসীর চতুর্থ সংস্করণের পরিশিষ্ট হইতে সংগৃহীত। সুর-তালের উল্লেখ নাই।

৮৭ নং ও ৮৯ নং গান তুটির রচনা সম্বন্ধে একটি প্রবাদ আছে। কোন এক সময়ে রাণাঘাটে গুজব রটিয়াছিল যে নবদ্বীপে গোপাল অবতার হইয়াছেন এবং তাঁহার আদেশে ১৫ই কার্ত্তিক যত মরা মানুষ ফিরিয়া আসিবে। ইহাতে বিশ্বাস করিয়া অনেক বিধবা নাকি মৃত পতির জন্ত রান্নাবান্না করিয়া প্রতীক্ষা করিয়াছিল। বঙ্গবাসী সংস্করণে সুরতালের উল্লেখ নাই।

পরিশিষ্ট— ক

বিরহ

১ টাট্‌কা প্রেমের সুখ ; বিরহ-জ্বালা বড় জ্বালা
কতকগুলি বিরহিণী বিষাদ-অন্তরে।
আপন আপন মনের দুঃখ বল্‌ছে পরস্পরে॥ ১
তাদের মধ্যে ভব বলে,—ব'ল্‌বো কিরে সই।
ইচ্ছা হয় না ক্ষণেক কাল বেঁচে আর রই॥ ২
আমি ব'লে সই! আর আমি ব'লে সই।
প্রাণে বাঁচি এখন গিয়ে হ'লে জলসই॥ ৩
কিবা কব নব প্রেম হইল যখন।
সে কথা হইলে মনে বিদরে জীবন॥ ৪
সকল কথায় ক'র্‌তো বিনয়, বল্‌বো কিবা আর।
ভাব্‌তো মনে, আমি যেন গুরুপত্নী তার॥ ৫
মুখের দিকে একদৃষ্টে থাক্‌তো সদা চেয়ে।
দেখ্‌তো না সে, রূপবতী আর আমার চেয়ে॥ ৬
ঠোঙ্গা ভ'রে খাবার এনে খাওয়াত যতনে।
মান কর্‌লে সৃষ্টি-সংসার শূন্য ভাব্‌তো মনে॥ ৭
পায়ে ধ'রে বিনয় ক'রে কতই সাধিত।
চোখের জলে বুক ভাসায়ে কতই কাঁদিত॥ ৮
আপিস্ ছেড়ে, থাক্‌তো প'ড়ে আমার ঘরে এসে।
জরিমানার টাকা দিয়ে, মান ভাঙ্গ্‌তো শেষে॥ ৯
যে বারে মানের টাকা নাহি থাক্‌তো হাতে।
কত কাকুতি কর্‌তো আর কুটো ধর্‌তো দাঁতে॥ ১০
তাতেও তখন মান, না ভাঙ্গলে আমার।
এনে দিত স্ত্রীর গায়ের খুলে অলঙ্কার॥ ১১
দুটি যুগ গেছে কেটে এমনি সুখ-ভোগে।
সম্প্রতি জানি না, তারে ধ'রেছে কি রোগে॥ ১২
সামান্য কথায় ছল ধরিয়ে আমার।
রাগ করে চলে গেছে এসে নাকো আর॥ ১৩
কত ডাকাডাকি করি, বাড়ী না মাড়ায়।
দেখা হ'লে মুখ বাঁকায়ে অমনি চলে যায়॥ ১৪
বিষদৃষ্টি হয়েছে তার আমার উপরে।
গুমরে গুমরে মরি! হৃদয় বিদরে॥ ১৫
কি যে হ'চ্ছে, ফেটে যাচ্ছে, হৃদয় আমার।
কেঁদে কেঁদে উঠ্‌ছে মন, বাঁচি না রে আর॥ ১৬
কিবা কব, জানিয়াছি বাঁচিব না আর।
বিরহ-জ্বালাই প্রাণ নাশিবে আমার॥ ১৭

* * *

ইমন—আড়খেমটা

সখি রে! সহিব কত, বিরহ-যাতন।
হব হত জানিয়াছি মনে এখন॥
প্রেমিক প্রণয়-ধনে, জীবনের সার গণে,
মীন কি বারি-বিহনে, প্রাণেতে বাঁচে কখন॥
গিয়েছি জন্মের তরে, দারুণ জ্বালা অন্তরে,
হৃদয়-সভা বিদরে, মরি এখন॥ (ক)

* * *

ভাঙ্গা-প্রেমে মনস্তাপ

ভবর কথা শুনি, তখন তারামণি কয়।
ওরে ভব! তোর তো তবে প্রেম মন্দ নয়॥ ১৮
চিরকালটা সুখে গেছে, না হয় এখন।
দিন কতকটা দুঃখ-ভোগ করিছ এমন॥ ১৯
বহু কালের মাখামাখি, যাবার তাহা নয়।
আবার এসে জুটবে, তোর প্রেমে নাহি ভয়॥ ২০
আমার কথা বলবো কিবা! এম্‌নি কপাল মন্দ!
দিবা-রাত্রি আমার সঙ্গে করে মিছে দ্বন্দ্ব॥ ২১
সোণার বরণ কালি দিদি! হয়েছে তার পাকে।
ভাল কথা বল্‌লে পরে, মন্দ ভাবে তাকে॥ ২২

আর এক বিরহিণী বলে, বলিব কি আর বলো!
আমায় সে যে ছেড়ে গেছে, মাস পাঁচ ছয় হ'লো ॥ ২৩
সরোবরের ঘাটে যদি কখন দেখা হয়।
মুখে যাব বলে, কিন্তু কাজে তাহা নয় ॥ ২৪
কেউ বলে, ভাই! পরের জন্য মজালেম জাতি-কুল!
লভ্য করিব ব'লে, শেষে হারাইলাম মূল ॥ ২৫
পরের সঙ্গে করলে আলাপ, থাকে নাকো পরে।
দেখ্‌ছে শুনছে ঠেক্‌ছে লোক, তবু তো আলাপ করে ॥ ২৬
তবে কারু কপাল-গুণে শতেকে মিলে এক জন।
চিরকালটা কাটায় সুখে, করে না অন্য-মন ॥ ২৭
যদি নারীর সহিত প্রেম থাকে, পাওয়ায় ছানা ক্ষীর।
সেটা সুধু আলাপ নয়, পেট-টানা ফিকির ॥ ২৮
দিয়ে টাকাকড়ি কত বুড়ী, বশ ক'রে রাখে।
প্রেম নয় সে, তাতে কেবল কীর্ত্তি একটা থাকে ॥ ২৯
বয়স হ'লে, প্রেম রাখা কার বা বাপের সাধ্যি!
সেটা কেবল জান, ভাই! ভাঙ্গা হাটের বাদ্যি ॥ ৩০

* * *

প্রেমিক পুরুষের পরিচয়

আর এক ধনী কহিতেছে—
আলাপের রীতি তোরা শুনতে চাস্ যদি।
প্রেমকে পরশ-তুল্য গণি, পুরুষ মেলে যদি ॥ ৩১
নয়নে নয়ন মিশায়ে, সদা নিকটে রবে।
ভালবাসা মাখাইয়া, সকল কথা ক'বে ॥ ৩২
পরিজনদের ভাব্‌বে পর, ঘরকে দেখ্‌বে বন।
ভালবাসবে এক ব্রহ্ম ব্রহ্মাণ্ডে যেমন ॥ ৩৩
এমন প্রেমের প্রেমিক হ'লে, তবে প্রেম হয়।
বলিতে কি, প্রেমিক পুরুষ সকলে কি হয় ॥ ৩৪
মনের মতন মেলা ভার, শতকে যদি ঘটে।
তার সঙ্গে করলে আলাপ, কখন না চটে ॥ ৩৫
তার কাছেতে করলে মান, মানে মান থাকে।
প্রাণ-তুল্য ভাবে তাকে, প্রাণ দিয়ে প্রাণ রাখে ॥ ৩৬
কয় মিষ্টি কথা দৃষ্টিমাত্রে, সুজন যে জন হয়।
তার কাছেতে তুচ্ছ করি, বিরহের ভয় ॥ ৩৭
সে বয়স হ'লেও, যায় না ফেলে, করে না ছাড়াছাড়ি।
যত প্রেমের বয়স বাড়ে, তত বাড়াবাড়ি ॥ ৩৮
অরসিকের সঙ্গে প্রেম, চিরদিন না থাকে।
বয়েস হ'লেই, অমনি গিয়া, দাঁড়ায় সে ফাঁকে ॥ ৩৯
পোড়াকপালে পুড়িয়ে মারে আর বলিব কি।
এমন প্রেমের রীতের মুখে আগুন জেলে দি ॥ ৪০
শঠের সঙ্গে করলে আলাপ সুখী হয় না মন।
পশুতে কি যত্ন জানে রত্ন কেমন ধন ॥ ৪১
অমূল্য রতন হয় নারীর জীবন।
রসিকে ত্যজিতে তাহা পারে না কখন ॥ ৪২
প্রেমবস্তু প্রেমাধীন, সঁপিতে হয় পরে।
রসিকের শেষ বলি, যে শেষ রাখ্‌তে পারে ॥ ৪৩
সকলে কি বুঝিতে পারে, আলাপের কি কর্ম্ম।
বিচ্ছেদকে ছেদ করিলে, থাকে আলাপের ধর্ম্ম ॥ ৪৪

* * *

সুরট—পোস্তা

যে জানে প্রণয়ের কর্ম্ম, সে অধর্ম্ম করে না।
রত্ন বলি যত্ন করে, যৌবন গেলে ছাড়ে না।
আছে বিধাতার সৃষ্টি, সৃষ্টির উপর অনাসৃষ্টি,
যার খাতে লাগে মিষ্টি, তিতো মিষ্টি সে বুঝে না।
কেন কও কটু ভাষা, পরস্পর সমান দশা,
হ'লে পর মনটি কসা, প্রাণটি দিলেও আর ফেরে না। (খ)

* * *

সতী-অসতী চারি যুগেই আছে।

সত্য ত্রেতা দ্বাপর কলি যুগ-চতুষ্টয়।
দেখ চেয়ে, সকল নারী সতী কিছু নয় ॥ ৪৫
সতী ও অসতী দুই হয় দরশন।
রকম সকম কত আছে পুরাণে লিখন ॥ ৪৬
অম্বিকা আর অম্বালিকা ব্যাসের কৃপায়।
ধৃতরাষ্ট্র পাণ্ডু আর বিদুরকে পায় ॥ ৪৭
পাণ্ডু-পত্নী কুন্তী, তিনি মন্ত্র আচরিয়া।
রবি ধর্ম্মরায় আর বাসবে সেবিয়া ॥ ৪৮

চারি পুত্র পেয়ে তিনি হ'লেন পুত্রবতী।
অশ্বিনীকুমারে সেবিলেন মাদ্রী সতী ॥ ৪৯
দুটী পুত্র হ'লো তার, তাঁহার কৃপায়।
নকুল আর সহদেব বিদিত ধরায় ॥ ৫০
অহল্যা বাসবে সেবি পাষাণী হইল।
শ্রীরামের পদ-স্পর্শে স্ব-দেহ লভিল ॥ ৫১
মৎস্যগন্ধা যথা-কন্যা বিদিত ধরায়।
মুনির কৃপায় পুত্র বেদব্যাসে পায় ॥ ৫২
অঞ্জনা কেশরী-পত্নী সেবি সমীরণে।
হনুমানে লভে পুত্র ভাগ্যের কারণে ॥ ৫৩
রাবণ নিধন হ'লে মন্দোদরী সতী।
শোক ত্যজি বিভীষণে পাইলেন পতি ॥ ৫৪
বালির বনিতা তারা বালির নিধনে।
সুগ্রীবে পাইল পতি, ভেবে দেখ মনে ॥ ৫৫
কত আর কব, আছে বিস্তর এমন।
জাহ্নবী শান্তনুরাজে করিল বরণ ॥ ৫৬
তাঁর পুত্র ভীষ্মদেব খ্যাত ধরাতলে।
ভারতে তাঁহারে দেখ গঙ্গাপুত্র বলে ॥ ৫৭
দেবতাদিগের বেলা, লীলা বলি ঢাকে।
আমাদের পক্ষে কেবল পাপ লেখা থাকে ॥ ৫৮
যাঁরা সব সতী ব'লে হলেন পরিচিত ॥
নাম নিলে তাঁহাদের পাপ তিরোহিত ॥ ৫৯
কুল-কলঙ্কিনী, ভাই! আমরা ধরায়।
ম'লেও অসীম দুঃখ হইবে তথায় ॥ ৬০
তাঁরা সব প্রেম করি পেলেন সতী নাম।
অনায়াসে লভিলেন ধর্ম্ম-অর্থ-কাম ॥ ৬১
আমাদের প্রেমে, ভাই! যন্ত্রণা অপার।
সহে না সহে না প্রাণে, কি বলিব আর ॥ ৬২

* * *

খাম্বাজ—তেলেনা

তুম্ তানানা দের না দের না প্রাণ তো বাঁচে না।
ধাকিটি ধাকিটি বাজিছে রে তাল,
একি হ'লো কাল, প্রাণ বাঁচে না॥
গাইছে রে ধনী, ধ্বনি মৃদঙ্গের ধ্বনি, শুনিতে ভাল ;
বাজে ধাধা ধাকুট, ত্রেকুট ত্রেকুট বাজে তেলেনা ॥ (গ)

* * * *

প্রেম দুই প্রকার

আলাপের রীতি আছে নানা, হয় তো মাটি নয় ত সোনা,
তারামণির কথা শু'নে পদ্মমণি কয়।
প্রেম করা কি সহজ, সেটা মুখের কথা নয় ॥ ৬৩
প্রেম কোথা প্রেমিক কোথা, তাহা নাহি জানে।
প্রেম প্রেম ক'রে কেবল, আপনি মরে প্রাণে ॥ ৬৪
বিশুদ্ধ ও প্রেতত্ব, প্রেম আছে দুই প্রকার।
যে যেমন প্রেমিক পায়, তেমনি ফল তার ॥ ৬৫
কেহ প্রেম ক'রে সুখে স্বর্গে গিয়া রহে।
কেহ উপসর্গে পড়ি, সর্ব্বকাল দহে ॥ ৬৬
মোক্ষ-প্রণয়ের পথে যায় যেই জন।
অনায়াসে নাশে, ঘোর ভবের বন্ধন ॥ ৬৭
ধর্ম্ম অর্থ কাম মোক্ষ চতুর্ব্বর্গ পায়।
যে প্রণয়ে মজলে ভবে আসা দূরে যায় ॥ ৬৮
যে প্রণয়ে ধ্রুব-শিশু গিয়ে ঘোর বনে!
বহুকষ্টে পেলে পদ্মপলাশ-লোচনে ॥ ৬৯
হিরণ্যকশিপু-পুত্র প্রহ্লাদ ধীমান্।
যার প্রেমে করিলেম হরি-গরল পান ॥ ৭০
সে প্রেমেতে মজা আছে, পদ্মা জানি মনে।
পুত্রের কাটিয়া মুণ্ড, দিলেন ব্রাহ্মণে ॥ ৭১
মোক্ষ-প্রণয়ের গুণ এরূপ সকলি।
প্রেতত্ব প্রেমের কথা শুন তবে বলি ॥ ৭২
থাকে সর্ব্বক্ষণ সন্নিকটে, চক্ষের আড় করে না।
অদর্শনে অসীম দুঃখ, কিছুই সুখ ত ঘটে না ॥ ৭৩
বিচ্ছেদ ছেদন করে প্রণয়ের মূল।
সর্ব্বদা চঞ্চল মন বিরহে ব্যাকুল ॥ ৭৪
হুতাশন নামেতে অগ্নি, প্রজ্জলিত হয়।
নিঃশ্বাস-পবন তায়, ঘন ঘন বয় ॥ ৭৫
মন-পতঙ্গ পু'ড়ে মরে, অনল-শিখাতে।
ধৈর্য্য-শান্তি-নিবৃত্তি পলায় তফাতে ॥ ৭৬

অধৈর্য্য-উত্তাপে মন পোড়য়ে অনলে।
তাকে নিবাইতে নাহি পারে নয়নের জলে। ৭৭
ওলো! এ প্রণয়ে কত জন পোড়ে দেখ্‌তে পাই!
কেবল অপমান-কলঙ্ক থাকে, আলাপ পোড়া ছাই। ৭৮

* * *

ফক্য প্রেমের পরিচয়

বিশুদ্ধ ও প্রেতত্ব প্রেম শুনিলে সকলি।
অতঃপর ফক্য প্রেম শুন তবে বলি। ৭৯
ফক্য প্রেম ফক্কিকারি, সকল প্রেমের ওঁচা।
তার আগা-গোড়া ধোঁকার টাটি, কিছুই নহে সাঁচা। ৮০
বেচে বাড়ীর পাটা, কত বেটা, ফক্য প্রণয় করে।
বেড়ায় খিচুড়ি মেরে, বেশ্যার দ্বারে, জেতের দফা সারে। ৮১
তাদের বাবুয়ানা, কি কারখানা, ধোবার কাপড় নিয়ে।
কেবল তিলকাঞ্চনে, রাত্রি কাটান, ছেঁড়া চেটায় শুয়ে। ৮২
থাকে হাটে প'ড়ে, পত্নী ছেড়ে, সদাই খুসি দিল।
জলপানের বরাদ্দ কেবল চৌকীদারের কিল। ৮৩

* * *

মূলতান—খেম্‌টা

মরি কি বাবুগিরি, দিয়ে ঠোঁটে গিরি,
বেড়িয়ে বেড়ান।
আবাল-শিক্ষে, করেন ভিক্ষে,
পরের খেয়ে দিনটা কাটান।
রাত্তি রেণ্ডী গাঁজা গুলি, ইয়ার জুটে কতকগুলি,
মুখেতে সর্ব্বদা বুলি, হুট ব'লে দেয় গাঁজায় টান।
প'ড়ে থাকে বেশ্যার বাড়ী, হ'য়ে তাদের আজ্ঞাকারী,
হ'লে তাদের মনটি ভারী,
হকোটী কল্কেটী পানটী যোগান। (ঘ)

* * *

প্রেম-কাঙ্গালিনী কামিনীগণের বন-গমন

পদ্মমণি বলে দিদি! কি বলিব আর।
প্রেতত্ব বিশুদ্ধ প্রেম, ব'ল্‌লেম দুই প্রকার। ৮৪
যার যেমন ভাগ্য, তার তেমনি প্রেম ফলে।
কালের দোষে প্রেতত্বেই অনেক লোক চলে। ৮৫
প্রেতত্ব প্রেমেতে, দিদি! কিছু নাই সন্দ।
স্ত্রী-পুরুষ উভয়েরই পরে হয় মন্দ। ৮৬

আমরা সেই প্রেতত্ব-প্রেমের পথে গিয়া।
অসহ্য যাতনা সহি হৃদয়ে ধরিয়া। ৮৭
কুল গেছে, মান গেছে, কিছু নাহি আর।
জঠরের জ্বালা আছে, ভাবনা অপার। ৮৮
ইহলোকের যত জ্বালা, বল্‌লেম তোর কাছে।
পরলোকে লোহার ডাণ্ডা, যমের বাড়ী আছে। ৮৯

অগ্নিতুল্য তপ্ত তৈল, অঙ্গে দিয়া ঢেলে।
বিষ্ঠা-কৃমি-পূর্ণ নরক-কুণ্ডে দিবে ফেলে। ৯০
মস্তক তুলিলে, মুগুর মারিবে এমন।
দুর্দ্দশার সীমা আর, রবে না তখন। ৯১

আমার যুক্তি শুনিস্ যদি, শেষটা ভাল হবে।
করিব বিশুদ্ধ প্রেম, বনে গিয়া সবে। ৯২
আর এক নারী হেসে কয়, তোদের ও সব কর্ম্ম নয়,
প্রেমের সাধন কর্‌তে হ'লে বনে যেতে হয়।
কেউ বলিছে, আমার মতে, বনে কেন হবে যেতে?
দিদির মতন বিধি আমার নয়। ৯৩

হৃদয় হইবে অতি রম্য তপোবন।
হইবে লাবণ্য তায় কুটীরবন্ধন। ৯৪
হায়া লজ্জা-ধিক্কার, চেলাগণ সাথে।
কলঙ্কের কমণ্ডলু করিব সব হাতে। ৯৫

বেণী কটা, হবে জটা, মাখালে বিভূতি।
সন্তাপ হইবে যেন, কেশব ভারতী। ৯৬
কথা শুনে সকলের ভক্তি জন্মে শেষ।
সকলে উঠিল ব'লে বেশ বেশ বেশ। ৯৭

সকলেতে ঐক্য হ'য়ে, বনে প্রবেশিল।
নদে আঁধার ক'রে নিমাই, যেন সন্ন্যাসে চলিল। ৯৮
প্রথমে প্রণয়-ব্রতে যায় বিরহিণী।
এক পুরুষ এলো তথা হ'য়ে বাহাদানী। ৯৯

* * *

লম্পটের পরিচয়

তখন বিরহিণী জিজ্ঞাসিল, কে তুমি হে বল বল,
আমি তোমার পরিচয় চাই।
সে বলে আমি লম্পট, পরের খেয়ে চম্পট
করি আমি, নাম ধাম কিছুই আমার নাই। ১০০
মুখে করি হট্ হট্, জলপান আমার বিস্কুট,
পায়েতে ইংরাজী বুট,
লোকের গায়ে দিয়ে বেড়াই খোঁচা।
কথা কই সব লম্বা লম্বা, ঠাকুর-ঘরে খাই রম্ভা,
সন্ধ্যা আহ্নিক অষ্টরম্ভা, গলায় পৈতের গোছা। ১০১
অপব্যয়ে বিতরণ, অধর্ম্মে সর্ব্বদা মন,
তাতেই অর্থ-বিতরণ, ধর্ম্মে নাই এক কাঁচ্চা।
যেখানে সেখানে যাই, জেতের বিচার কোথাও নাই,
হাস্যমুখে অন্ন খাই, বলে থাকি, আচ্ছা। ১০২
পরিবারে দেই গালি, ঘরেতে নাহিক চালি,
সদাই নবাবী চালি, পরি কালা-পাড় ধুতী।
সদাই আমার দেল্ খুসি, মদে গেল কোশা-কুশী,
ঠিক যথা-তথা অন্ন লুসি, লম্পট খেয়াতি। ১০৩
শুনি লম্পটের বাণী, সহাস্য বদনে ধনী,
বলে তোমার পেলাম পরিচয়।
ব'সে কর আশীর্ব্বাদ, ঘটে না যেন কোন প্রমাদ,
যেন আমার যোগ সিদ্ধ হয়। ১০৪

* * *

প্রেম-ভিখারিণী প্রমদার পঞ্চতপ

ভক্তিভাব কব কত, যেন ভক্ত ভগীরথ,
করেছিল গঙ্গা-আরাধন।
তখন কমলা বিমলা সরলা চাঁপা, আরম্ভিল পঞ্চতপা,
প্রেম-তাপে তাপিত ত্রিভুবন। ১০৫
অধৈর্য্যতা গ্রীষ্মকালে, অসুখের কাষ্ঠ-জ্বালে,
হুতাশ করিল হুতাশন।
জ্বালিয়া সন্তাপানল, ধ্যানে চিন্তে চিন্তানল
কি কহিব তার বিবরণ। ১০৬
ব্যাকুল মেঘেতে ভীতু, পাইয়ে বসন্ত-ঋতু,
তাহে ধনী নাহি থাকে ঘরে।
নেত্র-বারি অবলম্ব, মহাশীতে জলস্তম্ভ,
হেন তপ তপোবনে করে। ১০৭
তপস্বিনীর তপের তাপে, শমন পবন কাঁপে,
ঋতু-রাজার সিংহাসন নড়ে।
বসন্ত ভূপতি ক'ন, দেখ দেখি হে মদন,
বনেতে তপস্যা কেবা করে। ১০৮
একবার ত্রেতাযুগে, নিষাদ-পুত্র তপ আরম্ভিল।
রাম-রাজ্যে বিপ্র-সুত অকালে মরিল। ১০৯
কোকিল ভ্রমর আদি মলয় পবন।
বিরহিণীর নিকটেতে করিল গমন। ১১০
তেজঃপুঞ্জ বিরহিণী দেখে মনে ভয় পায়।
বসন্তের সেনাগণ পলাইয়ে যায়। ১১১

* * *

বিরহিণী রমণীর নবদ্বীপ-যাত্রা

দুঃখে দুটি চক্ষে জল, করিতেছে ছল ছল,
মনোদুঃখে আছে মৌন-ভাবে।
এক প্রবীণে এসে তথা, বলে, আয় গো! গেলি কোথা,
অনেক দিনের পরে দেখাটা হবে। ১১২
এসো এসো ব'লে তারে, মুখে সমাদর করে,
পরে তারে কহে বিবরণ।
সে বলে, তোর কিসের ভয়? দয়া করিবেন দয়াময়,
শ্রীগৌরাঙ্গ শ্রীশচীনন্দন। ১১৩
শুনিয়ে প্রবীণের উক্তি, জন্মাইল হরি-ভক্তি,
প্রেম-ভক্তি শুনতে বাসনা হলো।
বলে, হব আমি সেবাদাসী, নাম হবে মোর প্রেম-বিলাসী,
কিম্বা হব গৌরমণি, গৌর গৌর বল। ১১৪
রসকলি পরিয়ে নাকে, ভিক্ষের একটা চুপড়ি কাঁকে,
সবোয়া মাফিক করোয়া করে মিল।
গায় দিয়ে নামাবলি, বেড়ায় লোকের গলি গলি,
গলাতে তিন কণ্ঠী মালা দিল। ১১৫

তখন ক্রমে হ'লেন উপনীত নবদ্বীপ ধামে।
কোটি-জন্মার্জ্জিত পাপ ধ্বংস যার নামে ॥ ১১৬
মহাপ্রভু-দরশনে ভাবের উদয়।
বলে, কৃপাময় প্রভু দীন দয়াময়! ॥ ১১৭

* * *

নবদ্বীপে বঁধুর সহিত বিরহিণীর সাক্ষাৎ

তথা, ধনী পেলে আপনার বঁধুর দেখা,
অঙ্গে গোপীমাটী মাখা,
বসে আছে কত রঙ্গে।
পূর্ব্বের ভাব সকলি গেছে, ভাবের ভাবুক জুটেছে কাছে,
সারি সারি হরিনাম লিখেছে সর্ব্বাঙ্গে। ১১৮
বসেছে প্রেমভক্তি খুলে, কেলি-কদম্ব-তরু-মূলে,
প্রেমচাঁদ নামে হয়েছে আখড়াধারী।
দেখে তার ভক্তিভাব, প্রেমমণির পূর্ব্ব ভাব,
উদ্দীপন হ'ল ত্বরা করি। ১১৯
প্রেমমণি কয়, কে হে তুমি! ভণ্ডযোগী দেখছি আমি,
পণ্ডশ্রম কেন মিছে করিছ।
কালনেমির মতন আকার, বোধ হয়, তেমনি প্রকার,
মনে মনে লঙ্কা ভাগ করিছ ॥ ১২০
কপট ভক্তির কর্ম্ম নয়, রিপু-জয় ক'রতে হয়,
সাধনা কি অমনি হয়, শুধু শুধু কোমরে দিলে কপ্নি?
বৃক্ষ নইলে ফল ফলে না, শুকান ডাঙ্গায় তরী চলে না,
জলে কখন শিলে ভাসে না, হরি মেলে না আপনি ॥ ১২১
শুন শুন ওহে বৈরাগি, হ'তে পার যদি সর্ব্বত্যাগী,
বিবেক জন্মিলে জ্বালা চুকবে।
নইলে তুমি পড়বে ফেরে, শিং ভেঙ্গে কি বুড়ো এঁড়ে,
বাছুরের পালে ঢুকবে ॥ ১২২
ফোঁটা কেটে তার ভিতরে বসো, ভক্তি-ডোরে ভ্রমকে কসো,
সাধুর অধরামৃত খাও হে!
না জেনে ভজনের গোড়া, হয়ে বসেছ মস্ত গোঁড়া,
ক্ষমতা নাই ধ'রতে ঢোঁড়া, বোড়া ধ'রতে চাও হে ॥ ১২৩

যায় নাই তোমার দুষ্ট বুদ্ধি, কিসে হবে হে অঙ্গশুদ্ধি,
ভূতশুদ্ধি ভূতে কি করতে পারে?
ছাগলে ধরতে পারে না বাঘ, যোগে-যাগে হয় না যাগ,
কাটে না পাষাণ ভোঁতা কুড়ুলের ধারে ॥ ১২৪
কদ্দিন যোগ-শিক্ষের সুরু, কে তোমার প্রেমদাতা গুরু,
অটলবিহারী পটোল, গুরু কে হে।
সেবাদাসী কটী আছে, তারা কেন নাই হে কাছে,
এ ভাবের ভাবে মজেছে যে হে ॥ ১২৫
যা হউক, সেজেছ ভাল সুঠামটী,
রাম রাম রাম! যেন পাকা জামটী,
ভেক দেখে যে ভেক্ ভেকিয়ে উঠছে।
বলিছ, কোথা গৌরহরি, ভাবের বালাই লয়ে মরি,
নেড়ী নেড়া যে কত এসে জুটছে ॥ ১২৬
শ্রীগৌরাঙ্গ-প্রেমের প্রেমী, কত দিন হয়েছ তুমি,
চৈতন্য তোমারে বুঝি দিয়েছেন চৈতন্য।
তেজ্য ক'রে গৃহবাসে, কবে এসেছ সন্ন্যাসে,
হরি-নামে বিশ্বাস হ'লে হবে ধন্য ॥ ১২৭

* * *

সুরট—একতালা

বল হে! কার ভাবে, কি ভাবের অভাবে,
এ ভাবেতে, কবে হ'লে মত্ত।
কে তব প্রেমদাতা, কও হে সত্য কথা,
তত্ত্ব-কথার কোথায় পেলে হে তত্ত্ব ॥
বড় দয়াল আমার নিতাই শ্রীচৈতন্য,
কৃপা ক'রে তোমায় দিয়েছেন চৈতন্য,
তাইতে হ'লে ধন্য, জন্মান্তরের পুণ্য,
তোমার ছিল হে,
তাইতে গৌর-প্রেম তুমি হ'লে প্রাপ্ত ॥ (৬)

* * *

বঁধুর সহিত বিরহিণীর কোন্দল

তখন লজ্জা পেয়ে কয় বৈরাগী, আবার ম'রতে এসেছে মাগী,
যার জ্বালাতে হয়েছি দেশান্তরী।
মায়া ত্যজেছিলাম, ভেক ল'য়ে ভেকধারী হ'লাম,
আবার তাকেই জুটিয়ে দিলেন হরি। ১২৮
কোথা হতে ঘটিল যোগ, হ'য়েছিল বড় সুযোগ,
ভক্তী ক'রে ভাঙ্গিতে যোগ, মাগী আবার এলো।
যার জ্বালাতে হই বৈরাগী, গৌর-প্রেমের অনুরাগী,
আবার এসে জুটিল মাগী, আরে মলো মলো। ১২৯
বৈষ্ণবী কয়, ও বৈরাগী! তুমি তো বড় বদরাগী,
বিরাগ নইলে কৃষ্ণ-প্রাপ্তি হয় না।
পড়িতে হয় ভাগবত, ব্যাখ্যা ক'রে তাবৎ,
পণ্ডিতেরা ভাসা-কথা কয় না। ১৩০
জানি তোমার যত গুণ, বিদ্যাতে যত নিপুণ,
খুলে বললে বাকী কিছু রয় না।
তোমার যত পাণ্ডিত্য, আমি জানি সকল তত্ত্ব,
উচিত বললে গায়ে তোমার সয় না। ১৩১
আছে কেবল কথার আঁটুনি, লা ডোঙ্গা নাই শুধুই পাটুনি,
ব'সে ব'সে কুকাটুনি, গর্জ্জে গগন ফাটে।
তোমার বিদ্যা বুদ্ধি আছে জানা, ক-অক্ষর খুঁজে মেলে না,
ডুবুরি নাবালে পেটে। ১৩২
শুনি বৈরাগী করে উগ্র, বলে, বলিসনে কথা দুগ্র,
নইলে দণ্ড দিব তোর এক্ষণে।
জানি তোদের নারীর রীত, সকল কর্ম্মে বিপরীত,
বিপদ্ ঘটে নারীর সঙ্ঘটনে। ১৩৩
নারীর জন্যে দশানন, সবংশেতে নিধন,
সর্ব্বনাশ নারী হ'তে ঘটে!
সহস্রলোচন হইল ইন্দ্র, নারী হ'তে কলঙ্কী চন্দ্র,
নারী হইতে বন্ধু-বান্ধব চটে। ১৩৪
নারীর জন্যে পাণ্ডু মরে, নারীতে সকল পুণ্য হরে,
নারী হ'তে হয় নরকেতে বাস।
নারীর জন্যে কুরুবংশ, সবংশেতে নির্ব্বংশ,
নারী হ'তে ঘটে সর্ব্বনাশ। ১৩৫
বৈষ্ণবী বলে, সইতে নারি, নারী হ'তে উপকারী,
বল দেখি, কে আছে এ ভারতে?
নারী হ'তে সত্যবান্, ম'রে পায় প্রাণদান,
সাবিত্রী সতী বলে ত্রিজগতে। ১৩৬
যার হয় পূর্ণ গ্রহ, নারী-শূন্য তারি গৃহ,
নারী নইলে কোন কর্ম্ম হয় না।
নারী হ'তে হয় কর্ম্মসূত্র, যে সূত্রেতে জন্মে পুত্র,
পুত্র নইলে জলপিণ্ড পায় না। ১৩৭
পতি যদি পাপ করে, নারী যদি সহমৃতা মরে,
পাপ তাপ সকল হরে, অনায়াসে হয় মুক্তি।
শক্তি ভিন্ন জীর্ণ তনু, মহাদেবের উক্তি। ১৩৮

* * *

মূলতান—যৎ

আছে কার এমন শক্তি, শক্তি ভিন্ন দেহ ধরে।
সকলি হয় শবাকার, শক্তি যদি শক্তি হরে।
আছে এই ভবের উক্তি, শক্তি ভিন্ন হয় না মুক্তি,
সাদরে সাধক ব্যক্তি, শক্তি উপাসনা করে।
শক্তি হয় সর্ব্ব ভজনের মূল,
হরি তার প্রতি হন সানুকূল,
শক্তি প্রতিকূল হ'লে, দুই কুল যায় রে;
হরি থাকেন তার অন্তরের অন্তরে। (৮)

* * *

বৈরাগীবেশী বঁধুর লাঞ্ছনা

এইরূপেতে দুই জনাতে, লেগে গেল ঝগড়া।
বৈরাগী বলে, হরি-ভজনে হ'ল আমার বাগড়া। ১৩৯
শুনেছি এক মধ্য-কথা, আছে ধর্ম্ম-নীতি।
অশুভ কাল-হরণ জন্য, পলাবে শীঘ্রগতি। ১৪০
হরি ব'লে যাত্রা করতে পড়ে গেল বাধা।
বলে, যে না মানে গনার বচন সেই বেটা বড় গাধা। ১৪১
হ'ল একে আর, গ্রহ বিগুণ, রক্ষে পাই কিসে।
অমৃত পান করতে এসে, জলে ম'লাম বিষে। ১৪২

আছেন এইরূপেতে অটল-বিহারী পটোল তুলিবার আশে।
এমন সময়ে গৌরমণি, তার টিকি ধরলে এসে ॥ ১৪৩

* * *

বসন্ত-বাহার—তেলেনা

দিলে না দিলে না, আমায় ভক্তিতে গৌরাঙ্গে।
মরি কিবা রূপ! যার নাই স্বরূপ,
সনাতন ডুবেছে রূপ-সাগর-তরঙ্গে ॥
একবার যে দেখেছে মোর শ্রীচৈতন্য,
অমনি হয় সচৈতন্য,
অচৈতন্য দূরে যায় তার তখনি,
আহা কিবা মূর্ত্তি মহাপ্রভু, দেখি নাই নয়নে কভু,
পরশেতে ধন্য হ'ল ধরণী,
গৌরহরি নাম, জীবের পরিণাম,
হউক দাশরথির মতি-গতি গৌরাঙ্গ-প্রসঙ্গে। (ছ)

* * *

কহিতেছে গৌরমণি, দেখেছি তোমার মর্দ্দানি,
কে তোমাকে নাও নাও করিছে!
কথা শুনে সর্ব্বাঙ্গ জ্বলে, কাঁদিছে কার কটা ছেলে,
খেতে পরিতে দাও বলে, কে তোর পায়ে ধরিছে। ১৪৪

গৌরমণি কয়, দাঁড়া দাঁড়া, ঘুচাব প্রেমভক্তি-পড়া,
বলে, কথা কড়া কড়া, কোথা যাবি বৈরাগি!।
তুই আমার সঙ্গে করিস জোর, তুই রে আসল মাস্থল-চোর,
ধরেছি তোকে, করেছি আমি দাগী। ১৪৫

চুরি দাঙ্গা নালিশে, এখনি ধরিবে পুলিশে,
গোটা দুই জাল সাজিয়ে শেষে,
বঁধু! তোমাকে বন্দুয়ান খাটাব।
করিস যদি বাড়াবাড়ি, তবে দিব হরিণ-বাড়ী,
না হয় তো পুলি-পোলাম পাঠাব ॥ ১৪৬
না করতে মোকদ্দমা, করিস যদি রাজীনামা,
আমার কাছে আগে হও রে রাজী।
তবে চল যাই মোক্তারের কাছে, এখন আমার এক্তার আছে,
কিন্তু না গেলে পর, পেঁচ লাগিবে আজি। ১৪৭

* * *

খাম্বাজ—পোস্তা

শোন রে পাষণ্ড ভণ্ড কর্ম্মকাণ্ড-হীন বৈরাগী।
লম্পট-বেশে এসে এখন চম্পট দাও হয়ে বিবাগী ॥
জেনেছি তোদের রীতি
দম নিয়ে মজিয়ে সতী
সর্ব্বস্ব হাত করে শেষে
বলিস—তুই ভাল নস মাগী।
সেবাদাসীর থাকিতে রস
পড়ে থাকিস হয়ে পরশ,
তখন কথা সদাই সরস
পৌরুষ পাবার লাগি।
এখন তাতে নব ডঙ্কা
তাতেই মনে হচ্ছে শঙ্কা
নগরে বাজা রে ডঙ্কা
তাড়িয়ে দেব করে দাসী ॥[১] [জ]

* *

---

১ এই পালাটি এই সংস্করণের ১০৯ পৃষ্ঠায় উল্লিখিত 'বিরহ' পালার পরিমার্জিত পরবর্তী রূপ।

নলিনী-ভ্রমরের বিরহ [তৃতীয়]

বিরহিণী পদ্মিনীর বিলাপ

সূর্য্য গেলেন ত্যাজ্য করে, পদ্মিনীর প্রেম-সরোবরে,
একেবারে দুঃখের অনল জ্বলে উঠিল।
কাম-জ্বালাতে মরিছে জ্বলে, কান্দে প্রাণ ভোমরা বলে,
নিদারুণ বিচ্ছেদ কাঁটা বুকে ফুটিল। ১
কন্ কন্ ঝন্ ঝন্ জ্বালা চড়চড়ানি ঝালা পালা
সময় পেয়ে সকল জ্বালা একেবারে জুটিল।
উদয় করে কোপল চাকি, থেকে থেকে মারে ঝাকি,
প্রেমের বান্ধন ভেঙ্গে রসের মহাল ছুটিল। ২
বলে, কোথা ওরে প্রাণ-ভ্রমরা, অনাথিনীর মনচোরা,
তোমা হারিয়ে যাদু প্রাণ যায় জ্বলি রে।
এ সময়ে কোথা যাদু, উরস্ত বয়ে পড়ছে মধু,
তোমা বিনে বার ভূতে লুটে পুটে খায় রে। ৩
দরিদ্রের ধনের মত, চুপে চুপে রাখিব কত,
অকূল পাথার হয়ে দু'কূল ভেসে যাচ্ছে।
মন আগুনে জ্বলে মরি, এ দুঃখ কি সহিতে পারি,
পাশে বসে পদ্মমধু সোনা ব্যাঙ্গে খাচ্ছে। ৪
মধুর সৌরভ পেয়ে, কামশরে মত্ত হয়ে,
ঝাঁকে ঝাঁকে মৌমাছি সব উপরে চেপে পড়িছে।
করে খানকীর বাড়ীর মত, এসে যায় কত শত
বোলতা-ভেমরুলে আসি পাকড়িগুলো ছিঁড়িছে। ৫
কোকিলের কুহু স্বরে, সদা মন হু হু করে,
মলয়া বাতাসে মন উড়ু উড়ু করিছে।
এত বলি পদ্ম ফুল, বিরহে হয়ে আকুল,
ব্যস্ত হয়ে কামানলে অলিরাজকে স্মরিছে। ৬

*   *   *

খাম্বাজ—খেমটা

কোথা রইলি রে কাল ভৃঙ্গ।
আমার দংশে প্রাণ বিচ্ছেদ-ভুজঙ্গ।
যৌবন-কমলের মধু, উথলে উঠিছে যাদু,
এসে এমন সময় করিবি মম সঙ্গ।
তুই বেড়াস চাকলা জুড়ে, আমি রই একলা ঘরে,
আমি আছি যেমন পিঞ্জরেতে বিহঙ্গ। [ক]

*   *   *

কেতকীর প্রতি ভৃঙ্গের তিরস্কার

হেথায় ভ্রমর বেড়ায় ছুটে, নানা ফুলের মজা লুটে,
মত্ত হয়ে বিদঘুটে কামাতে।
দেখে সম্মুখে কেতকী ফুল, খানকী ঠাটে দিচ্ছে দুল,
আকুল হয়ে পড়িল গিয়া তাতে। ৭
না পেলে তার মধু কণা, লাভে হৈতে চক্ষু কানা,
কণ্টকেতে ডেনা গেল ছিড়ে।
বিপাকে পড়িল ভৃঙ্গ, খেদে বলে, হে গৌরাঙ্গ,
এমন জানিলে আসিত কোন্ ভেড়ে। ৮
পেট না ভরিল গেল জাত, মধ্যে হলো কুপোকাত,
কিক্ষণে রাত প্রভাত হৈল মোর।
হেদে শালীর নেশায় পড়ে, সর্ব্বাঙ্গটা গেল ছিড়ে,
এত বলি রাগে হৈল ভোর। ৯
ক্রোধ করি কয় কেতকীরে, ভাল মধু দান করলি মোরে,
বুঝিতে নারিলাম কেয়ার রঙ্গ।
তোর পাকড়িতে গেল শুণ্ড, মধুর দফা আচাভুয়ো,
দেখতে কেবল খাপছুরতা ঢঙ্গ। ১০
বেটীর গৌরব তো মুলুক জুড়ে, কেশর ঝাড়লে শুণ্ড উড়ে,
আকড়ের ফুল পাকড়ি জুড়ে কাঁটা।
ডালপালাহীন যণ্ড ছুঁড়ি, চেনা যায় না ফুল কি কুঁড়ি,
পাকড়ি খসে সার হয়েছে ডাটা। ১১
ফুটে যোগী ধ্যানে দড়, পুষ্পশূন্য পাতা বড়,
নাম গোয়ালা ভক্ষণেতে কাঁজি।

ভূমিশূন্য রাজা যেমন, তেমনি দেখি তোর আচরণ,
মধুশূন্য ফুলের মধ্যে পাজি। ১২
বেটী তুই তো ঠিক দাহুড়ে মেয়ে, বনে আছিস গুপ্ত হয়ে,
দোকান লয়ে ঝাল মোয়ানের নীচে।
বল দেখি কত ভ্রমরে, খুন করেছিস এমন করে,
ভাগ্যে আমি পালিয়েছি বেঁচে। ১৩

* * *

মালকোষ—খেমটা

এখনি প্রাণটা আমার হয়েছিল ওয়াক্তা।
যা লো বেহায়া কেয়া, কে করে তোর তোয়াক্তা।
শালী তোর রূপটো বড়, দেখি ঠিক যেন মজিদের চূড়,
লম্বা হাত করো;
কেবল নামের ডাকে গগন ফাটে
মধুর বিষয় ফাক্কা। [খ]

* * *

ভৃঙ্গকে কেতকীর ভৎ'সনা

তখন ভৃঙ্গের বচনে কেয়া ক্রোধে বলে—মর বেহায়া,
কোন্ গুণে তুই কুচ্ছ করিস মোর।
নিজে তো সুন্দর বড়, পরকে খোঁটা দিতে পার,
কালমুখো লজ্জা হয় না তোর। ১৪
দেখছি পাতরা চাটার মত, তোর কেন চরফুটি এত,
তুই তো সেই সিমুলের পুটুকি সোঙ্গা।
স্থান না পেয়ে শতদলে, মরতে এলি কেয়া ফুলে,
সাধ করে চুলকাতে এলি পোঙ্গা। ১৫
বেটা কালকুটে কুচুটের গোড়া, নিজ অঙ্গের কি ভাব পড়া,
পেট জুড়ে তোর বুড়ি চৌদ্দ ঠেং।
না বটে খর্ব্ব, না বটে ডোঙ্গা, কোন্‌টা মুখ কোন্‌টা পোঙ্গা,
নাকের দফা দেখছি নবডেং। ১৬
পিরীতের বেড়ি কাটা, ফেরারি চোর তুই বেটা,
শুকনা কাঠের গায়ে করিস বিন্দ।
ফুলের সৌগন্ধি পেয়ে, ভেনা নেড়ে চুপ খেয়ে,
মধুর ভাণ্ডারে দিস সিন্ধ। ১৭

চুরি করে মধু খেয়ে, কত দফা কয়েদ হয়ে,
বাগবাজারে থানায় কয়েদ ছিলি।
সেখান হৈতে খালাস পেয়ে, কেতকিনীর গন্ধ পেয়ে,
পোঁদের কালি গায়ে মাখতে এলি। ১৮
চোর বেটা জোর কথা কহিস, বোস বেটা তোরে সারছি
রহিস,
খবর দিয়ে পদ্মিনীর থানাতে।
পিরীতের সোহাগের বেড়ি, ঘুচাব সব তেরিমেরি,
ঘুরাইয়ে দিয়ে রসের পীলুড়িতে। ১৯
মর বেহায়া কালামুখো, ঘরের খবর রাখিস নে কো,
এলোর পোঙ্গা লেলোয় মেরে গেছে।
নিত্য মাঙ্গনা মধু খেয়ে, বেড়াস পরের কুচ্ছ গেয়ে,
ভার্য্যাকে তোর সূর্য্য হাত করেছে। ২০
পদ্ম একলা ছিল ঘরে, সূর্য্য তারে জোরে ধরে
গুলা ফুটিয়ে মেলা মচ্ছোব লাগিয়েছে।
আর করিবে কোথা নাগরালি, সে গুড়ে পড়েছে বালি,
আচ্ছা সূর্য্য পদ্মিনীকে বাগিয়েছে। ২১

* * *

পরজ—একতালা

লজ্জা কি তোর দূর হাবাতে।
বেটা তোর লজ্জা হয় না, মুখ দেখাতে।
রাগে পড়ে বলি ফুটে
ঘরে দেখ গে গিয়ে কালকুটে,
মধু খায় লুটে পুটে, বার ভুতে। [গ]

* * *

ভৃঙ্গ ও নলিনীর পরস্পরের প্রতি ক্রোধ

কমলিনীর রাগরঙ্গ শুনে ভৃঙ্গবর।
পদ্মবনে চলে মন্দ সক্রোধ অন্তর। ২২
দেখে রতিচিহ্ন, কমল ফুলের ছিন্নভিন্ন বেশ।
বিষণ্ণ মুখ মলিনতা নাহি মধুর লেশ। ২৩

রতিশ্রান্তা, ক্লান্ত কান্তা, কেশর পড়িছে খুলে।
ঝগড়া খেয়ে রসের গবড়া ঢাক হয়েছে ফুলে ॥ ২৪
পাকড়ি জুড়ে মধুর ছড়া উপড়ে গেছে চাকি।
হেচকা দমে মুচকে গেছে লুকাবার নাই ফাঁকি ॥ ২৫
লপটা নিতে ঝপটা খেয়ে চেপটে গেছে পাতি।
লুকায়ে পীরিত ঢকিয়ে এই যে শুকায়ে গেছে আঁতি ॥ ২৬
তখন, দেখে ভ্রমরা তোবড়া কমল রাগে ভেমরুল হয়ে।
ভনর ভনর কচ্চে গান আনন্দপুরে ভেয়ে ॥ ২৭
এখানে পদ্ম তখন মন্দপানে চেয়ে।
কোপে তাপে কাঁপে অঙ্গ রতিচিহ্ন পেয়ে ॥ ২৮
দেখে কেয়ার ফুলের কাঁটায় বেটার ছিঁড়ে গেছে পাখা।
এল চলতে চলতে শলতে বেটা গায়ে রজস্‌ মাখা ॥ ২৯
দেখে উভয়ের গায়ে রতিচিহ্ন উভয়ে যায় জ্বলে।
হোল চোরে চোরে মাসতুতো ভাই, কেবা কারে বলে ॥ ৩০
মনে মনে অভিমানে ভ্রমর রৈল বসে।
হাত পা তড়কে, ডেনা ফড়কে ভ্রমর চলিল রোষে ॥ ৩১

* * *

কুমুদিনীর কাছে ভ্রমরের দুঃখের কথা

ছিল চাঁদের চেমনি কুমুদিনী সেই সরোবরেতে।
বলে একি রঙ্গ, কেন ভৃঙ্গ বসিলে না পদ্মেতে ॥ ৩২
তখন অলিরাজে জলমাঝে বলিছে কুমুদিনী।
ত্যজে পদ্মবন কোথায় যাদু চলেছেন আপনি ॥ ৩৩
ভ্রমর বলে, অঙ্গ জ্বলে পদ্মিনীর কু-রীতে।
কোন্‌ লাজে আর হুল বসাব ওর ফোপল চাকীতে ॥ ৩৪
এখন সূর্য্য মামার সঙ্গে উহার পিরীত বেন্ধে গেছে।
এখন মোর মরণ ভাল, সুখ কি আছে বেঁচে ॥ ৩৫
সবে জানে, সূর্য্যমামার সাক্ষাৎ ভাগিনা আমি।
বলিব কাকে সে সম্পর্কে, পদ্মিনী মোর মামী ॥ ৩৬
এখন পদ্ম মামী মামার সঙ্গে সুখে করুন ঘর।
আমি মরিব, কাশী যাব, যা করেন ঈশ্বর ॥ ৩৭

* * *

ভ্রমরের প্রতি কুমুদিনীর প্রবোধ-বাক্য

এই কথা শুনিয়া কুমুদিনী ভ্রমরকে প্রবোধ দেন—'আমরা বিধি দিলাম, তোর পাপ নাই'।

ঝিঁঝিট—খং

অবোধ ভ্রমরা বল্লেম আমরা
যা নলিনীর কাছে রে।
তুলিস কি ঢেউ পিরীতে কেউ
মামী বাছে রে ॥
পূর্ব্বাপরে শাস্ত্রে লিখন,
বিদ্যাধন আর রমণীধন,
যার কাছে রয় তারি তখন,
ঔষধি কি আছে রে ॥ [খ]

* * *

ভ্রমর হয় অভিমানী আমোদে কয় কুমুদিনী
পিরীতে সম্পর্ক কেবা বাছে।
ওরে বেটা হাবা ছেলে, একেবারে কি বয়ে গেলে,
দেখ দেখি শাস্ত্রে কি লিখেছে ॥ ৩৮
দেখ অহল্যা গৌতমের নারী, ইন্দ্র তারে নিল হরি,
বলে ধরি করিল শৃঙ্গার।
রাবণ মলো মন্দোদরী, বৈধব্য তাপ পরিহরি,
বিভীষণে কৈল অঙ্গীকার ॥ ৩৯
বালী রাজার রমণী তারা, হৈল সুগ্রীবের দারা
পতিশোক হৈল বিস্মরণ।
মৎস্যগন্ধা পরাশরে, ভজিল সরসীস্তরে
পরে নিল শান্তনু রাজন ॥ ৪০
শুন শুন ওরে যাদু, সেই শান্তনু রাজার বধূ
অম্বিকে আর ছিল অম্বালিকে।
রূপে গুণে মহীধন্যা, তারা দুটি সতী-কন্যা,
ভাশুর ভাতার কল্লে ব্যাসমুনিকে ॥ ৪১
অঞ্জনা কেশরী-পত্নী, পশুমধ্যে বড় যত্নী,
পবন তারে করে বলাৎকার।

শুন নাই কি সে সব সূত্র, যাতে হয় তার পবন-পুত্র,
ক্ষুদ্র নয় রুদ্র-অবতার। ৪২
কিঞ্চিৎ কহিলাম সার, নানা শাস্ত্র অনুসার,
অপ্রকাশ আছে আর কত।
পূর্ব্বাপর আছে এমনি, সকলের ঘরেই ঢেমনা-ঢেমনী,
ইথে রাগ করা অনুচিত। ৪৩

* * *

ভ্রমরের আত্মচিন্তা ও বৈরাগ্য

ভ্রমর কহে দুঃখে, তেজোবান লোকে,
করিতে পারে সকলি।
তাদের সঙ্গে খুট দেওয়া মোর ঝুট,
ক্ষুদ্র পোকা অলি। ৪৪
ভাবিছে ভ্রমর, আমি কি পামর,
মামী কি পাপিনী হলো।
হৈল অগম্যাগমন, করিতে দমন,
নিকটে শমন এলো। ৪৫
মিথ্যা ভবে আসি, বয়স প্রায় আশি,
কৃষ্ণপদ নাহি ভাবি।
নাই পুণ্য সাইত, হলে কুপোকাত
ভবে পড়ে খাব খাবি। ৪৬
পদ্মী বেটি বাদী, করে সাধাসাধি,
টেনে এনে বসায় কুলে।
বুঝেছি নিশ্চয়, কারু দোষ নয়,
আমারে মজালে ছলে। ৪৭
পোড়াইব হুল, মুড়াইব চুল,
হইব প্রয়াগবাসী।[1] ৪৮
বলে যায় নদে, ভাদ্র মাসের রোদে,
উপনীত হৈল টোলে।
করে লেন ধার্য্য, স্মার্ত্ত ভট্টাচার্য্য,
দায়ভাগখানি খুলে। ৪৯

বলে—ওরে অলি, মহাপাপী হলি,
অতিদ্রোহী তোর কর্ম্ম।
তুষানল হ'লে, পাপ যায় ম'লে,
অভাবে বৈরাগ্য ধর্ম্ম। ৫০
ছেড়ে উপসর্গ, রমণী-সংসর্গ,
দণ্ড কমণ্ডলু ধরি।
আজন্ম ভ্রমণ কাশী, বৃন্দাবনে জপ বসি,
কর হরি হরি। ৫১
শুনে অলিরাজ, করে তীর্থসাজ,
কালব্যাজ নাহি করে।
হইতে বিদায়, সরোবরে যায়,
কহে কথা সরোজীরে। ৫২
শুন লো নলিনী, হয়ে মাতুলানী,
চিরদিন দিলি রতি।
করি তীর্থবাস, ভজিব কৃত্তিবাস,
নতুবা নাহিক গতি। ৫৩

ভ্রমরের প্রতি নলিনী

কমলিনী কয়, মূর্খ, দুরাশয়,
দুঃখ হয় তোর বোলে।
ইথে কি পৌরুষ, ভজিবি আশুতোষ
আশু সুখোদয় ফেলে। ৫৪
হবি নিজে আশুতোষ, আয় রে মোর কুলে বোস
এলে দিলি বলে মামী।
এইখানে বর্ব্বর, মধু গয়া কর,
গয়া তোর আমি। ৫৫
করিয়া গুন গুন একাক্ষরের গুণ
কমলিনী নাহি পেলি।
ভক্তিভাবে ভাব, হবে মুক্তি লাভ,
ক-অক্ষরের গুণ বলি। ৫৬

* * *

[1] একটি চরণই মাত্র পাওয়া গিয়াছে।

টেরি—একতালা

তোর অগুণে মলাম, মলাম।
বেটা গুণ বুঝিলে পরে হতিস গোলাম॥
তুই বেটা নহিস কাজের কাজী
কেবল গুণ-টানাকে করে মাজি,
গেল প্রাণ, মাঝামাঝি না ডুবিলাম॥ [৬]

* * *

ক-য়ের গুণ

ওরে আমার ক-য়ের গুণ কি তাহা শুন—

কলিকাতাতে কালমোহিনী কালী সত্য জানি।
কার্তিক মাসে পূজা যার কার্তিকজননী॥ ৫৭
করালবদনা কালী করে বেষ্টিত কটি।
কণ্ঠে হার কণ্টকগণের কণ্ঠ কাটি। ৫৮
কালপরে কাল হয়ে কাল-কমল-কায়া।
কালভয়ে কাতরে কৃপা করেন কালজায়া। ৫৯

* * *

কৃষ্ণ যিনি কৃপাময়, কেশরী জিনি কটি।
কমলা সেবিত তার কোমল চরণ দুটি॥ ৬০
কি শোভা কৌস্তুভ-মণি কণ্ঠ মাঝে দোলে।
বিহরে কদম্বমূলে কালিন্দীর কূলে॥ ৬১
কালীদহে করেন কপট কালীয় দমন।
কামদেবের পিতা কৃষ্ণ কামিনী-রঞ্জন॥ ৬২
করে কুলবতীকে কুলের বাহির গোকুলে কত কাণ্ড।
কুবলয় কুঞ্জর বধে কংসে করেন দণ্ড॥ ৬৩
কুন্তীর কুমারগণে করেন কৃপা দৃষ্ট।
কুরুক্ষেত্রে করেন গিয়ে কুরুকুলের নষ্ট॥ ৬৪

* * *

দেখ ক-কারে কমলা লক্ষ্মী কমলাকান্তের ঘরে।
তারা কলিচুণে কমলের কাজ কোটায় কোটায় করে॥ ৬৫

কবুতর খুবিতে কত কবুতরের বাসা।
কাকাতুয়া, কাজলা কোকিল কত পক্ষী পোষা॥ ৬৬
কড়িতে টাঙ্গায় কাচের ঝাড় কত শোভা করে।
কামিনীদের কায়া ভূষিত কাঞ্চন অলঙ্কারে॥ ৬৭
সঙ্গে কোমর বন্ধ, ক্রিয়া কর্ম্মে কাটায় কাল।
কাল হেমন্তকালে গায়ে কাশ্মীরী শাল॥ ৬৮
করে কাজী[১] কাশীতীর্থ কপট নাশক।
কাঙ্গাল কাতরে কৃপা কুটুম্ব-পালক। ৬৯
কাপড় নয় যেন কলাজ-মাজ কোচা ঝুলিয়ে আছে।
কড়ির লোভে কোটনা কত ঘুরছে কাছে কাছে॥ ৭০
কিম্মতীর গন্ধ যেন কুঙ্কুম কস্তুরী।
জলপানেতে কেবল কাশীর চিনি আর চুরি॥ ৭১
কমিল্লের কমলা লেবু কিস্‌মিস্‌ আদি ফল।
কর্পূর কাইফি প্রাণ কর্পূর-বাসিত জল। ৭২

* * *

ক-কারেতে দেখ যত কাঙ্গালের কুচালি।
কাঙ্গালের কাঁচাগোল্লা, কাঁচা কলায়ের দালি॥ ৭৩
কমলা নিগ্রহ সদা কলহ কিচকিচি করে।
কুচ্‌কি কঠা ভোজন-শক্তি, কাজে কিন্তু কুঁড়ে। ৭৪
কাঁচাকলা কচুসিদ্ধ ভোজন এই কষ্ট।
কোন প্রকারে কাল কাটান কলেবর কাষ্ঠ॥ ৭৫
কেচে কেচে কষ্টে শয়ন পরনে কাণি কাচা।
তার কোচা করিতে কাচা কুলায় না কপাল এমনি কাঁচা॥৭৬
মলে কান্না কাষ্ঠহাসি কাঁচকলা নাই ঘরে।
কুটুম্ব দেখিলে কাঙ্গাল কাষ্ঠ লৌকতা করে। ৭৭
কাঙ্গাল দেখে কটু কয় কলু কোটাল আর কৃষি।
কামিনীতে ফেলে দেয় না কামক্রোধিনী বেশি॥ ৭৮

* * *

কাল বসন্ত কালে দেখ সকলি ক-কারে।
কৃষ্ণের কুমার কাম প্রবেশ করেন কলেবরে॥ ৭৯

১ 'কাশী'—সম্পাদক।

কাশীনাথ যান কুচনীর পাড়া কাম সাদ্ধালে কায়।
কপিল মুনির কৌপীন খসে কৃষ্ণ ভজন যায়। ৮০
কুসুম-কলিকা ফোটে কুসুম-কাননে।
কোকিলের কুহুস্বরে কামিনী মরে প্রাণে। ৮১
কুলখেগো কামিনী তারা যত রং দেয় কামে।
কাজে কামাই হয় না কখন তাদের কপালক্রমে। ৮২
কড়ি পেলেই কল্পতরু কড়ি বিনে নন কারু।
কাঙ্গাল কুটে কাণা খোঁড়া উদ্ধারের গুরু। ৮৩
কুহক দিয়ে কত ঋষিকে কূপের ব্যাং করে।
কর্ম্মকর্ত্তার কোটনা-কুটনী কাছে কাছে ফিরে। ৮৪

* * *

শরীরের নাম কলেবর আর কায়া বলি।
প্রধান কপাল কেশ ক-কারে সকলি। ৮৫
কর্ণ আর কপালদেশ, স্কন্ধ তার বাহু রে।
কে কবজ হয় হস্তের নাম করে। ৮৬
বুকের মাঝে কলিজে, করের মাঝে কুইনে।
মাজার নিচে কটিদেশ কুচকী বাম ডাইনে। ৮৭

* * *

ক-কারেতে কত ঋষি বিধি সৃষ্টি করে।
কোশাকুশী, কুশাসন কুশাঙ্গুরী করে। ৮৮
তাদের কুটিরে বসি কৃষ্ণ আর কমলা।
কৌপীন করঙ্গ ধরি করে করমালা। ৮৯

* * *

ক-কারে কায়স্থ জাতে সকলি বর্ণনা।
কাগজেতে কালিকলম করে কাল যাপনা। ৯০
কিতাবতী কড়চা হিসাব হন কর্ম্মচারী।
কবুলতি কেওলা পাঠ লিখিতে কাণ্ড ভারি। ৯১

* * *

ক-কারেতে চাষী লোকের সকলি বর্ণন।
কৃষাণ লইয়া সদা কৃষিকর্ম্মে রন। ৯২
কোদালি কুড়ালি কান্ধে নিরবধি ধরে।
কার্পাস, কলাই, কচু কলা ফসল রোপণ করে। ৯৩

* * *

ক-কারেতে দেখ যত ইংরাজের কারখানা।
কলাগেছেতে লাগিয়ে জাহাজ কলিকাতাতে থানা। ৯৪
কাপড় দেখ, কুর্ত্তি, কাবা, কামিজ, কেপ শিরে।
কৌচ কেদারা কিতাব কিনে কামড়া সজ্জা করে। ৯৫
কেরেঞ্চেতে কৌচমেন কুকুর কত রয়।
লায়েকের নাম কেলেবর, জুটে কোম্পানী হয়। ৯৬
কর্ণেল, কাপ্তেন, কিল্লা, কলেক্টর হয় লুটে।
বাদশাহাকে কিং বলে কৌন্সেল হয় কোর্টে। ৯৭

* * *

ক-কারেতে মুসলমানের সব করেছেন বিধি।
নাম কিনা কেনা কেচ্ছা কুকরো কলমা আদি। ৯৮
লাউকে কদু, রম্ভা কেলা—কথার এমনি ধারা।
পোষেন কুকড়ো, পড়েন কোরান মাত্র মাত্র করা। ৯৯
মলে পরে কবর দেয়, ক-কারে সব ঘটা।
পড়েন কলমা ভাই সাহেবেরা ফলে হচ্ছেন কাটা। ১০০

ভ-কারের গুণ

ভ্রমর বলে কমলিনী তোর ক-কারে কি রস।
আমার ভ-কারে ভদ্রতা গুণ ভুবন ভরে যশ। ১০১
ভবানী ভৈরবী ভীমা ভগবতী যিনি।
ভয়ঙ্করী ভদ্রকালী ভবের ভবানী। ১০২
ভক্তগুণে ভজে তারে ভুবন ভিতর।
পতির নাম ভূতনাথ ভব মহেশ্বর। ১০৩
তিনি ভাং খেয়ে বিভোল সদা ভস্মভূষণ অঙ্গে।
ভুবন ভ্রমেন সদা ভৈরবাদি সঙ্গে। ১০৪
নামটি ভব ভজনহীনে ভবে দেন গতি।
ভিক্ষার ঝুলি কক্ষে তার শিরে ভাগীরথী। ১০৫
ভাগীরথী গঙ্গা যাকে ভীষ্মমাতা বলে।
ভক্তিগুণে ভগীরথ আনেন ভূমণ্ডলে। ১০৬

ভারতবর্ষে ভাগ্যবান্ বলি সেই জনে।
ভাবুক হয়ে ভাগবত ভারত কথা শুনে। ১০৭
করেন তারে ভগবান্ ভববন্ধন মুক্তি।
ভত্র কর্ম ভজন, কিন্তু সকলের মূল ভক্তি। ১০৮
ভক্তির মাহাত্ম্য-কথা দেখ না ভুবনে।
ভগবানের বক্ষে পদ ভৃগুমুনি হানে। ১০৯
ভারতবর্ষে ভদ্রলোক ভব্যযুক্ত জানি।
পড়ে শুনে হয় ভট্টাচার্য্য ভুবন জুড়ে মানী। ১১০
ভট্টি কিম্বা ভবের শ্লোক ভুবন ভিতরে।
ভজনের গোড়া ভূতশুদ্ধি কত গুণ ভকারে। ১১১
ভর্ত্তা আর ভার্য্যা হ'তে সৃষ্টি দেখতে পাই।
ভগিনী হ'তে ভাগিনেয়, ভেয়ের বন্ধু ভাই। ১১২
কথায় কথায় ভোজন হয় ভীমরতি হৈলে।
ভকারের কথাটি দেখ সার কথাটি ভালে। ১১৩
যেখানে ভর্ত্তা সেখানে ভর্ত্তৃ ভর করেছে ভবে।
ভগ্নস্নেহে বিচ্ছেদ হয়, মিলন হয় ভাবে। ১১৪
ভানু-বংশে উৎপত্তি রাম ভরতের ভাই।
তারে ভাবিলে পরে ভাবনা-সিদ্ধি, আর ভবের ভয়
নাই। ১১৫

* * *

কমলিনীর খেদ

এত বলি রসভঙ্গ, করিয়া দিলে ভৃঙ্গ,
কমলিনী বিচ্ছেদ-কাতরা।
ভাসিয়া নয়ন-নীরে, আসিয়া কন কুমুদীরে,
দুঃখ দিলে রসহীন ভ্রমরা। ২১৬
পিরীতি অমূল্য ধন, তার কি পায় আস্বাদন
অরসিক ব্যক্তি।
বাতিক বুদ্ধি যে জনার, রস নাই তার রসনার,
মধু চিনি মিশ্রি লাগে তিক্তি। ১১৭
পদে পদে গঞ্জনা সই, পদার্থ নাহিক সই
মজে ভ্রমরার সাথে।
কুল পুতেছি কলতলায়, শীল বেটেছি শীলনোড়ায়,
মান পুতেছি মানের গোড়াতে। ১১৮

রসাতলে গেছে রস, যশোহরে গিয়েছে যশ
বুদ্ধি গেছে বস্তিবাটির হাটে।
ঘৃণা গেছেন ঘৃণা করে, পিত্ত মরেছেন পিত্ত পড়ে,
কীর্ত্তি গেছেন মৃত্তিকার পেটে। ১১৯

* * *

এই কথা বলিয়া কমলিনী খেদ করিয়া কহিতেছেন—

পরজ—আড়া

সই প্রেম করো না যার থাকে জ্ঞানোদয়।
অন্ন দয়, সুখোদয় কিছুই নয়।
আমার আমার করা মিছে, পর কি পরের হয়। [৮]

* * *

নলিনীর কাছে ভ্রমরের প্রত্যাবর্ত্তন

নলিনী বিচ্ছেদ ভোগে, হেথা একদিন রাত্রি-যোগে
মধুকর হইয়া ক্ষুধিত।
লজ্জামান তেয়াগিয়ে, পদ্মিনী নিকটে গিয়ে
উন্মত্তভাবে উপনীত। ১২০
কহেন কাতর হয়ে, বড় মুখে এলাম প্রিয়ে,
দুঃখের দোসর তুমি হও।
বাঁচাও বিরহ-রোগে, অন্ত প্রিয়ে রাত্রি-যোগে,
উঠে একবার ফুটে কথা কও। ১২১
শরীরে পিরীত বিধি, দিয়ে করেছেন বিধি,
আমারে কুলের কুলাঙ্গার।
আয়ুক্ষয় ধর্ম্মনাশ, করতে হয় বারমাস,
পাপকর্ম্ম দিবসে শৃঙ্গার। ১২২
হৃদয় অতি কাতর, কমলিনী কেমন তোর
বল দেখি লো ভালবাসাবাসি।
প্রাতঃকালে ডেকে নিস, সন্ধ্যাকালে জওয়াব দিস,
তোর বাটিতে কি মজুর খাটিতে আসি। ১২৩
হৈলে দিবা অবসান, অবশ হইয়া প্রাণ,
রাগ দূরে থাক আপনি বুজে।
হইয়া তোমার স্বামী, নিত্য কত বেড়াই আমি,
মুসাফিরের মত বাসা খুঁজে। ১২৪

তোমার এক তরীতে দুজন মাঝি, থাক জলের মাঝামাঝি,
তোমার জালায় জন্মটা প্রাণে জলি।
ভেবে ভেবে হলেম কুঁজা, ভুলে গিয়েছি আহ্নিক পূজা,
সোনার মূর্ত্তি তোরি জালায় কালি॥ ১২৫

• • •

কমলিনীর উত্তর

কমলিনী ক্রোধভরে, কহেন কাল ভ্রমরে,
ওরে বেটা বুদ্ধিশুদ্ধি-হত।
দু' প্রহর রেতে যোগায়ে ধূম, ভাঙ্গালি আমার কাঁচা ঘুম
কড়া কড়া কথা কহিস কত॥ ১২৬
কেন পাক দিয়ে মরিস পাকড়ি খুলে,
পারিস যদি ঢোক না ফুলে
তার বেলায় হবে কাটাকাটি।
একজন এসে জুটায়ে দিবে, তৈয়ারী মাল জুটিয়ে নেবে,
তুই দিবি রান্ধা ব্যঞ্জনে কাটি॥ ১২৭

• • •

তখন কমলিনী খেদ করিয়া বলিতেছে—

গৌরী—কাওয়ালী

কবে কত ব্যঙ্গ লোকে।
বুঝিয়ে অপাঙ্গ শোকে, রসরঙ্গ ভঙ্গ, অঙ্গ
দিয়ে রে পতঙ্গ তোকে॥
সাধ্য নাই তো বিনে রবি,
আবার বললে দূরে গিয়ে রবি,
লইয়ে টগর করবী,
রবিরে ধিক্, ধিক্ আমাকে॥ [ছ]

• • •

ভ্রমর ও পদ্মের উত্তর-প্রত্যুত্তর

শুনিয়ে ভ্রমর কন, তোর প্রেমে নাই প্রয়োজন,
বিসর্জ্জন দিলাম আজি নিতান্ত।
আসিব না আর সরোবরে, চলে যাব চাঁপার ঘরে,
তার মান বাড়াব হয়ে কান্ত॥ ১২৮
দেখতে অতি রূপের ডালি, ঘরটাও তার আছে খালি,
তোর অপেক্ষা গৌরব সে ফুলে।
সৌরভে ভোলেন হরি, রসিকের মন লয় হরি,
শুনি ক্রোধে কমলিনী বলে॥ ১২৯
ওরে বেটা ক্ষুদ্র পোক, মান্য তোমার চম্পক,
ব্যাপক আমার কাছে এত।
মোর তুল্য সৌরভ, এত কার সাধ্য রব,
তো হতে গৌরব কিছু হত॥ ১৩০

পদ্মের শ্রেষ্ঠত্ব

পদ্মের মান্য কেমন তাহা শুন—
পদ্মের উপরে থাকেন লক্ষ্মী পদ্ম করে করি।
পদ্মবনে করেন বাস পদ্মলোচন হরি॥
যে জন সংসার-মধ্যে হয় মনে সুখী।
সে জন কন্যার নাম রাখে পদ্মমুখী॥
পদ্মগন্ধা জেলের কন্যায় সম্ভোগ করেন মুনি।
চক্ষে দিলে পদ্মের মধু কাটে চক্ষের ছানি॥ [জ]

চম্পকের ব্যাখ্যা

ভ্রমর বলে চম্পকের হেন ব্যাখ্যা করি।
চম্পক চন্দনে তুষ্ট চিন্তামণি হরি॥ ১৩৫
আদ্যাশক্তি ভগবতী হরের ঘরণী।
তার কণ্ঠে দোলে চাঁপাকলি চম্পকবরণী॥ ১৩৬
পদ্মমুখী মেয়ের নাম ভাগ্যবন্তে রাখে।
কেউ নাম রাখে চম্পকলতা কম বলবি কাকে॥ ১৩৭

মধুর গৌরব

কমলিনী বলে মনে জান না বর্ব্বর।
কমলিনীর মধু খেয়ে নামটি মধুকর॥ ১৩৮
হায় হায়, স্থান না বুঝে দান করিছি বৃথা।
তুই কিসে জানবি রে আমার মধু আধিক্যতা॥ ১৩৯
মধু কথাটি সংসারে প্রধান পক্ষ মানি।
ভগবতীর নাম মধুকৈটভ-নাশিনী॥ ১৪০

মধুহীন ফুলে নাই দেবের অভিলাষ।
মধুর বসন্তকাল, মধু চৈত্র মাস। ১৪১
গয়ার শ্রাদ্ধ যখন কর কার্য্য হয় না বৃথা।
মধুগয়া করলে কিন্তু অধিক আধিক্যতা। ১৪২
কৃষ্ণের অনন্ত নাম জপিলে শুভদিন।
অন্য অন্য নামে কৃষ্ণের আছে মধুহীন। ১৪৩
মধুসূদন নামে একার নামে
একটু তলায় মধু থাকে।
ডাকিলে পরে বিপদ্ হরে
তাইতো তারে ডাকে। ১৪৪
মধুসূদন নাম ধরেন জন্ম মধুপুরে।
মধুর বৃন্দাবনে বংশী বাজান মধুস্বরে। ১৪৫
মধুর ভাবেতে ব্রজে মজিল কুলবধূ।
শ্রাদ্ধকালে বলে লোকে মধু মধু মধু। ১৪৬

* * *

মধুর অগৌরব

ভ্রমর বলে কমলিনী মধুর গৌরব কর।
মধু কি একটা সংসারের সুখাদ্য বড়। ১৪৭
মধু খাদ্য হলে বাধ্য হতো সর্ব্ব লোকে।
গণ্য লোকে গণে না মনে, চিনে না কেউ তোকে। ১৪৮
এসে লো কোন্ নর বল সরোবরের মাঝে।
দেবদ্রব্য চিনি মিছরি ঘৃত দুগ্ধ খোঁজে। ১৪৯
মধুলোভে আসি যে আমি প্রেমে হয়ে ভোর।
তোর সঙ্গে স্ত্রীসংসর্গে উপসর্গ মোর। ১৫০
ভেবে দেখ স্বর্গমর্ত্ত্য মধুতে কে মত্ত।
যার কপাল ভাঙ্গে সে মধু দিয়ে খায় পানে সত্ত্ব। ১৫১
কমলিনী বলে তা তো জানিস্ তুই মনে।
অভাবে করেছি ভাব ভৃঙ্গ তোর সনে। ১৫২

অভাবের ভাব

সে কি প্রকার?
অভাবেতে হয় না কভু মনঃপূত কর্ম।
তিলকাঞ্চন শ্রাদ্ধ করে রাখে লোক ধর্ম।
নগদ শ্রাদ্ধ করে সবে আছে লোকধর্ম।
ভাবে নাকো লোক সব নগদের কি মর্ম।
নগদ অভাবে ধারে কোন জিনিস হয় না ভাল।
তৈল অভাবে ঘর ঘুটিয়ে চাঁদে করে আলো।
শয্যা অভাবে সহ্য হয় মৃত্তিকা-শয়ন।
মরণ অভাবে বেঁচে থাকে চিরদুঃখী জন।
মধু অভাবে গুড়ং দদ্যাৎ শ্রাদ্ধ হোম যাগে।
দধি অভাবে চিড়ে ভোজন তেঁতুল সংযোগে।
শুভদিন অভাবেতে ঊষায় যাত্রা করে।
পুত্র অভাবে পোষ্যপুত্র মন বুঝাবার তরে।
রাস্তার অভাবে লোক জঙ্গল দিয়ে যায়।
কদলী-পত্র অভাবেতে শালপত্রে খায়।
গঙ্গাজল অভাবেতে কূপজলে পূজা।
সূর্য্যের অভাবে আমি নাগর করেছি কুঁজা। [আ]

* * *

কমলিনীর খেদ

এত বলি কমলিনী না দেন উত্তর।
কান্দিয়া মানসে কন সূর্য্যের উপর। ১৬১
দিনমণি-রমণী জগতে মোরে বলে।
লোকের মুখে বলে কিন্তু মোর বিফল ফলে। ১৬২
যে দুঃখ গোবিন্দ জানে আর কারে জানাই।
তোমার সঙ্গে প্রীত আমার থাকতে হয়েছে নাই। ১৬৩

* * *

থাকতে নাই

যেমন থাকতে নাই কালার কান, অন্ধের নয়ন।
থাকতে নাই ময়ূরের লিঙ্গ হয় না সংঘটন।
থাকতে নাই নদনদীতে চাতকের জল।
চিররোগীর বিদ্যা যেমন থাকতে হয় নিষ্ফল।
থাকতে নাই কৃপণের ধন, কারু নাই আশা।
থাকতে নাই যেমনি ধারা বাদুড়ের বাসা।
থাকতে নাই পরের হস্তে থাকে যেমন টাকা।
থাকতে নাই মূর্খ পুত্র মিছে কেবল থাকা।

থাকতে নাই বৈষ্ণবের পৈতে নবেদার আশ্বিন।
থাকতে নাই ঢাকের বাওয়া বাজে না একদিন। [ই]

একি অপরূপ প্রেম তাই ভাবি মানসে।
সতত অন্তর কেন আমায় ভালবেসে। ১৬৯

* * *

সিন্ধু-ভৈরবী—পোস্তা

কেন রে দিনমণি তোয় নলিনী ভালবাসে।
তুমি রও লক্ষান্তরে এ দুঃখিনী জলে ভাসে।
আমি রই শূন্য ঘরে, তুমি রও শূন্যোপরে,
মধু খায় অন্যে পরে, মরি লোকের উপহাসে। [জ]

* * *

কমলিনীর নিকট ভেকের প্রেম-নিবেদন

ব্যঙ্গছলে অঙ্গ জলে দুজনারি খেদ।
উড়ে গেল অলিরাজ উভয়ে বিচ্ছেদ। ১৭০
বাসা করে ভ্রমর রহিল অন্য ঠাঁই।
মাসাবধি হৈল আর আসাআসি নাই। ১৭১
সরোবরে এই কথা হইল প্রচার।
নলিনী-সঙ্গে প্রেম ভাঙিল ভ্রমরার। ১৭২
হেথায় পিরীত বাসনা করি কমলিনী সনে।
মনের আনন্দে ভেক যান পদ্মবনে। ১৭৩

বলে—শুন কমলিনী ফুলে তোমায় প্রধান মানি
ভৃঙ্গ বেটা ব্যঙ্গ তোমায় করে।
তোমার কপাল কাটা, কোটালের ভাগ্যে কাঁটা,
বনের পতঙ্গ বেটা, থাকে তোমার ঘরে। ১৭৪
সে বেটার কি আছে ধার, ধারে কি পিরীতের ধার,
সুধার আধার তুমি প্রাণ।
না বুঝিয়া গাঁই গোত্র, কুপাত্রে সুধার পাত্র,
সঁপিয়ে হয়েছ হতমান। ১৭৫
এখন দুঃখের নিশি হল ভোর ঘাম দিয়ে জ্বর ছাড়িল তোর
কমলিনী ভাবিস যদি মনে।

আমার সঙ্গে কর পিরীত, দেখিবে আমি কেমন সুহৃদ,
মিলে যাবে সুজনে সুজনে। ১৭৬
যে বেটা অতি কু-ভঙ্গী, তাহারে করেছ সঙ্গী,
কালো কুজোয় কুরূপ কুবেশ।
তাহার মুখে আগুন, শব্দ কেবল গুন গুন
কিন্তু বেটা নির্গুণের শেষ। ১৭৭
আমার সঙ্গে করিলে ভাব, কিসের থাকিবে অভাব,
ঘটে না ঐ দুঃখে প্রাণ জলে।
তোকে যথেষ্ট ভালবাসি, বিশেষ তোমার প্রতিবাসী,
তুমিও জলে, আমিও থাকি জলে। ১৭৮
যদি আমার প্রেমে মত্ত হৈতে, তত্ত্ব লইতাম দিনেরেতে,
আপনা হতে দেখ না ঘর বর।
সে বেটা থাকে কোন্ দেশে, উড়ে এসে জুড়ে বসে,
কমলিনী আমি হৈলাম তোর পর। ১৭৯
ভ্রমরা করে গুন গুন, গুণী লোক তার ধরে না গুণ,
আমারি গুণ বলে লো সকলে।
শুনতে অতি সুমধুর, আমার খাদের সুর,
তানের সঙ্গে জান পূরাতে মেলে। ১৮০
দেখ ধনী হয় না হয়, স্বভাব আমার উতলা নয়,
বারোমাস কাল নীরব হয়ে থাকি।
পৃথিবী শীতল হলে, আষাঢ় মাসে নূতন জলে,
আমি কেবল দিন পাঁচ ডাকি। ১৮১
শীতল শরীর শীতল গুণ, কিছু নয় মোর বিগুণ,
শীতলে বাস শীতল দ্রব্য ভোগ।
আমাতে অতি গুণোদয়, মাংস খেলে ধ্বংস হয়,
জান না ধনী বাতিক-বৃদ্ধি যোগ। ১৮২
মিথ্যা তার কর পিছে, সে বেটার কি বিষয় আছে,
কি দিয়ে করিবে দায় মুক্ত।
আমারে জান না ধনী, বনেদী বিষয় ধনী,
বহুমূল্য মাথায় আমার মুক্ত। ১৮৩
একটা সন্দ জন্মাবধি, নীচ জাতি বলে যদি,
তুচ্ছ করি এ বিষয়ে রও।

সেটাও ঠাহরে আছি মনে, যোজুব দেই আজি পদ্মবনে,
ভেকের সনে ভেকধারী হও। ১৮৪

* * *

ভেকের প্রতি কমলিনীর ভৎর্সনা-বাক্য

ভেকের শুনিয়া ধ্বনি, উষ্মায় কহেন ধনী,
ব্যাং হয়ে ব্যঙ্গ কর তুমি।
যা বেটা করিস নে দেক, ভেকের সঙ্গে লব ভেক,
ভেকিয়ে কি গিয়েছি এত আমি। ১৮৫
আমার সঙ্গে পিরীত করতে ঠুকে বেড়াস তাল।
যেমন রুক্মিণীরে বিয়ে করতে আসে শিশুপাল। ১৮৬
কীচকের বাঞ্ছা যেমন দ্রৌপদীকে লইতে।
রাবণের বাঞ্ছা যেমন রঘুনাথের সীতে। ১৮৭
বামনের বাঞ্ছা ধরে গগনের চাঁদে।
এত বলি, 'ভৃঙ্গ' বলি, কমলিনী কান্দে। ১৮৮

* * *

ঝিঁঝিট—ঠেকা

জলে কমলিনী বলে কোথা মধুকর।
রে প্রাণ, তোর উপরে করে মান, হলো এত অপমান
ভেক চাহে মধু দান, কপালে কি আছে আরো। [ঝ]

* * *

কমলিনী বলে মূর্খ ওরে দুরাশয়।
তুই যে হবি আমার পতি একি সম্ভব হয়। ১৮৯
তালকাষ্ঠ ডোঙ্গা কখন পদ্মার তুফানে চলে।
চণ্ডালের পক্ষী কখন রাধাকৃষ্ণ বলে। ১৯০
ফিঙ্গে কখন করতে পারে কোকিলের মত রব।
পাগলের মধ্যস্থ, ছাগলে মারে যব। ১৯১
এমন কুবুদ্ধি তোর কেন হৈল সুরু।
চণ্ডাল কখন হয় ব্রাহ্মণের গুরু।

* * *

ভেক ও কমলিনীর প্রত্যুত্তর

ভেক বলে—চণ্ডাল বলে করো না তুণ্ড শব্দ।
চণ্ডালের হাতে মুনি চিরকাল জব্দ। ১৯৩
ডোঙ্গায় চড়ে মুণ্ড ছিঁড়ে লয়ে যায় তারা।
বাজারে তোমার মূল্য করে তিন কড়া। ১৯৪
কমলিনী বলে— নিন্দা হবে না তোর বোলে।
চণ্ডীর চরণে দিতে চণ্ডালেতে তোলে। ১৯৫
কমলার পতি কৃষ্ণ কমল-লোচনে।
তারে কে করিবে তুষ্ট কমল বিহনে। ১৯৬
আমি কমলিনী মজি সেই কৃষ্ণপদে।
যে পদে মজিল ব্রজে কমলিনী রাধে। ১৯৭

* * *

এত বলি কমলিনী কুমুদিনীকে ডাকে।
বলে দিদি আমায় বিধি ফেলেছেন বিপাকে। ১৯৮
যায় প্রাণ, জ্বালায় বেটা, বলে জায়-বেজায়।
ভেক বেটা ভেকধারী হতে আমার সঙ্গে চায়। ১৯৯
কুস্তি করতে চায় যেমন কোমর-ভাঙ্গা বেজো।
কানা বলে আমি হব জগন্নাথের সেখো। ২০০
কামু শেখের মামু এসেছে রামুর লড়াই জিনতে।
ঘুঁটেকুড়ানীর ভাই এসেছেন ধুতী উড়ানি কিনতে। ২০১
কানা এসেছেন ঠাকুর দেখতে, খোঁড়া এসেছেন নাচতে।
ধান-বেচা বেনে এসেছে আফিঙ্গের ভাও জানতে। ২০২
যেমন চৌকিদারের ছেলের বিয়ের রৌশনচৌকী বাজনা।
ভাড়ানি বলে আড়ানি নিলে আমার ।[1] ২০৩

১ উপজীব্য পুস্তকের শেষ পত্র কয়টি ছুড়িয়া যাওয়ায় ইহার পরের অংশের পাঠ উদ্ধার করা যায় নাই। পরে দুইটি গান আছে প্রথমটির প্রথম লাইন—"ভ্রমরা কি বাদ সাধিলে সই," শেষটির শেষ লাইন—"অনাবৃষ্টির পর যেমন জল দেখে চাতকিনী।"

নায়ক-নায়িকা বর্ণন

কথা আরম্ভ

কতকগুলি রূপের ডালি নব যৌবনী নারী।
জল আনতে বৈকালেতে করছে তাড়াতাড়ি॥ ১
বলে যাবি যদি আয় লো দিদি সূর্য্য যায় পাটে।
আর বেলা নাই এই বেলা যাই সুখ-সাগরের ঘাটে॥ ২
শুনে যাচ্ছে রামু বিমলা বিনকমলা কনকলতা।
কাঁখে কলসী যায় তুলসী তুলে রসের কথা॥ ৩
যায় দিগমী দোরো হারানী হয় মুক্তমণি ধুনি।
ক্ষেমা বামা নারী আকামা করে রসের ধ্বনি॥ ৪
মদনী আদি বদনী পদী ভ্রমরী ভগী ভীমে।
যাচ্ছে দাসী প্রেমবিলাসী নাহি খুদির সীমে॥ ৫
কারু হদ্দ বয়স চৌদ্দ ষোল উর্দ্ধ নাই।
গোলগাল মাকড়া মাল দেখিলে উঠে বাই॥ ৬
পায় গোল মল পরা মল মল করে ঝলমল রূপে।
চক্ষু ঢল্ ঢল্ মুখ টল্ টল্ কাম ঢুকেছেন কূপে॥ ৭
দুগলে মিসি দন্তে ঘসি কিবে হাসির ঘটা।
পুঁছে মুখটি ভাতে একটি খয়েরের ফোটা॥ ৮
যত যুবা পুরুষ যায় এক পাশে তাদিগ নায় ঠারা।
.... ॥ ৯
দৈবযোগে শোন একটা অপরূপ রহস্য।
হর কোপানলে যখন মদন হ'ল ভস্ম॥ ১০
একটা পড়ো জমিতে পড়েছিল মদন পোড়া ছাই।
... . ॥ ১১

সেই যোগে মদন গিয়ে অমনি ভিতরে ঢুকিল। তথা ঐ রমণী মদন জ্বালায় ছট্‌ফট্ করিয়া কি কহে তাহা শুন—

মল্লার—কয়ালি

সখি বিনে রমণ আর যুবতী বাঁচে না।
... ...
... ... [ক]

কথা—
কেহ বলে গেলেম গেলেম মলেম বুঝি ধনী।
আমি দিনে তারে কি প্রকারে বলি লো সজনী॥ ১২
সে যে কালা ভাতার মাথা খেয়ে তার এক বলি আর শুনে।
যদি ঘরে ডাকি ইশারা করে, যায় সে মাঠ পানে॥ ১৩
সামান্য কালা নয় লো দিদি অতি চিকনকালা।
গোরা ছিলাম, কালার নিমিত্তে হলাম কালা॥ ১৪
মহাভারতের কথা শুনতে সাধ করে যায় কালা।
ঘরে এসে বলে বলেছে ভাল মহীরাবণের পালা॥ ১৫
আমি যদি বলি, প্রাণ হেদে শুনছ, ঘরে নাই চালি।
কালা বলে পরশ কেন, একাদশী কালি॥ ১৬
আমি আদিরসের কবি শিখলাম আইবড় বয়সে।
ছি আই আই, কি ভাতার বাবা দিলা সর্ব্বনেশে॥ ১৭
ইচ্ছা করে কালার জ্বালায় কুল ত্যজি সজনী।
যেমন ত্যজেছে কুল কালার জ্বালায় গোকুলে গোপিনী॥১৮
... ...
... ... ॥ ১৯
আমি ইসারাতে করি মানা, মানে না মান বোঝে না
ততই ধরে টানে।
বলে কেলের মা তুই কাল অবধি মান করেছিস কেনে॥২০
... ...
... ... ॥ ২১
আমি মাথায় হাত দিয়ে দেখাই পরে,
মাথা ঘসা যদি বুঝতে পারে,
মাথা বুঝেছে তা মাথা ধরাটাই ভাবে।
বলে উর্দ্ধকে ধরেছে মাথা পথ্য করে যাবে॥ ২২

পদী বলে আমি পড়েছি কানার কানায় লো।
দুঃখ-সাগর উঠেছে ভেসে কানায় কানায় লো॥ ২৩
কিছু ভাল লাগে না ভাতে অরুচি ভাতারের দোষে।
ভরা যৌবন যাচ্ছে আমার ভরা ভাদ্রে ভেসে॥ ২৪
অতি দোষ ব্যয়কুণ্ঠ, কানার দোষ নানা।
বামনকে দান দিতে দেয় না শুক্রাচার্য্য কানা॥ ২৫
আর এক কানা ভাবি হিংসক ধৃতরাষ্ট্র কুরু।
কানা ভাঙ্গা মঙ্গলচণ্ডী কুস্বপ্নের গুরু॥ ২৬

গান করে যে তালকানা তার গানে নাই যশ।
ইক্ষু মধ্যে কানা পাবটা কিছু নাই কো রস ॥ ২৭
কাহনের মধ্যে কানা কড়িটে বেছে দেয় ফেলে।
কানা গরুর ভিন্ন গোষ্ঠ সকলেতে বলে ॥ ২৮
কানা কুকুর মাড়ে তুষ্ট ভারি সমাদর।
বাজারে গেলে কানা কাপাসে কেউ না করে দর ॥ ২৯
আমি অন্ধমুনির পত্নী, দুঃখের সিন্ধু আমার ছেলে।
কানা আমারে কানা করেছে রমণীমণ্ডলে ॥ ৩০

* * *

খাম্বাজ—আড়খেমটা

কানার সঙ্গে সই মন মোর মজিল না।
... ... ।
কানা খুব আছে মজায়, কানা মোর তবলা বাজায়
আমার ভাঙা কপাল, আমি বাজাই ভাঙ্গা
কলসীর কানা ॥ [খ]

* * *

কথা—
বলিছে আর এক রসবতী ওলো আমার কুবন্ধে পতি
প্রজাপতির হয় কি বিবেচনা।
... ... ॥ ৩৯
কত বড় বিলেতি কুমড়া তোরা দেখেছিস বল।
আমার বঁধুর গাছে ধরেছে অধর্মের ফল ॥ ৪০
মরতো ভাতার একাদশী করিতাম না হয় মেনে।
উহার বুকে না চেপে সন্নিপাত ওখানে চাপিল কেনে ॥ ৪১
নেড়ুর নাড়িবার শক্তি নাই বিধি করেছেন ভেড়ে।
মুসলমানের কথা যেমন লাল ভেঙ্গে হয় কেরে ॥ ৪২
... ...

* * *

সুরট—কয়ালি

সই লো ভাতারে সুখ হল না।
... ... ॥ [গ]

* * *

আর এক রমণী বলিতেছে, ওলো শুন—
যদি চলিতে পারিস আমার কথায় তবে তোদের বলি।
তবে মদন বেটাকে গাদন ত সগায় পুরে দেই বালি ॥ ৪৭
যৌবনের পসরা খুলে এখান থেকে সবাই।
কামসাগরে হই গে পার ওপারেতে যাই ॥ ৪৮
... ...
গাদন গ্রাহক জুটাব হ'তে শান্তিপুর অম্বিকে।
বিকেল বেলা বিকাবে মাল পিরীতের বিকে ॥ ৫১
... ...
গলা ধরে গলিয়ে দিবি দেখিয়ে রসের গলি।
কত বেটা গুণ গেয়ে বেড়াবে গলি গলি ॥ ৫৩

* * *

হাম্বীরা—একতালা

সখি চল গো সবাই।
... ...
প্রেম নদী হল ভাসিয়া তুফান
ঘরেতে ভাতার মিছে মহাজন
ছাই দিয়ে কুলে কুলের তরী খুলে
নাঙ্গের ঘাটে লাগাই। [ঘ]

* * *

নাঙ্গের তত্ত্ব শুনে মত্ত কামিনীমণ্ডলে।
খামকা খানকী-নাম লেখাইতে চলে ॥ ৫৪
কেউ গেল বাঁশতলার গলি, কেউ বাগবাজারে।
কেউ গেল চোরবাগানে, কেউ চীৎপুরে ॥ ৫৫
পরস্পর শহরে গিয়ে হচ্ছে ছাড়াছাড়ি।
ধীরে রইল খিদিরপুরে ক্ষেমা খানকীর বাড়ী ॥ ৫৬
রাষ্ট্র হল ক্ষেমা বাড়ী এনেছে নূতন ছুড়ি।
নূতন ছুকরি শুনলে হয় লোচ্চার হুড়াহুড়ি ॥ ৫৭
আদ্যশ্রাদ্ধের কালে যেমন কাঙ্গালী গিয়ে জুটে।
অর্দ্ধোদয়ের কালে যেমন চাকদহের ঘাটে ॥ ৫৮
বারুণীর যোগে যেমন অগ্রদ্বীপের হাটে।
রথযাত্রার দিবসে যেমন মাহেশ-রাণাঘাটে ॥ ৫৯

উত্তরায়ণের দিনে যেমন জয়দেবের পাটে।
শনি মঙ্গলবারে যেমন বস্তিবাটির হাটে। ৬০
আসিছে ছুটে মজুর মুটে কানা কুটে।
দেদো ঘুটে মগ মুটে পঞ্চকুটে। ৬১
খেরুয়া পোঁদে, বেরুয়া কাঁধে গুণটানা সব ধাচ্ছে।
বাঙ্গাল উড়ে নাগপুরে ধাঙ্গড়গুলি যাচ্ছে। ৬২

*   *   *

[ইহার পর তিনটি লম্পটের আগমন ও তাহাদের কীর্ত্তিকলাপের বিশদ বর্ণনা। প্রথম "এক খোট্টা এল আট্ট-শরীর পশ্চিমে জোয়ান।" হিন্দী-ভাষায় তাহার কথা ও গান। গানটির প্রথম চরণতেই :—"আবি ক্যা এ রোতে হো রেণ্ডি ঘণ্টা-বিচকো ছোড়েঙ্গে।"
দ্বিতীয় লম্পট সাহেব :
মাথায় টোপ কুর্‌তী পরা, বৈকালে এক বিলাতি গোরা,
চর হ'য়ে যায় খেয়ে সরাপ ব্রাণ্ডি।
খাদিমকে বলে—"ওয়েল্ বুড্ডি, টেক্ টু রুপিস্ ওল্ড লেডি,
গিভ মি হেষ্ট্ ওয়েল ইয়ং রেণ্ডি।" ৭৮
এই লম্পট সাহেবের গানটির প্রথম লাইন—"হোয়াট্ ফর্ ক্রাইং রেণ্ডি হামছে টেকেন লেবেল মণি।" তৃতীয় লম্পট "এক বাঙ্গাল এলো।" তাহার মুখের গানটির প্রথম চরণ—"হুন হুন্দরী লো হুদ নয়।"][1]

নায়ক-নায়িকা বর্ণন [দ্বিতীয়]

কলিকাতা শহরে হীরামণি নামে এক খান্‌কি আর
বাবুরাম নামে এক লোচ্চা দুইজন থাকে। তাহার মধ্যে
হীরামণি খান্‌কির সেরা, আর বাবুরাম লোচ্চার ওঁছা।

যোগীর ওঁছা যোগে থাকে অল্প দোষে হয় খাপ্পা।
কর্ম্মের ওঁছা কোটনাগিরি, জুয়াচুরি ধাপ্পা। ১
লোকের ওঁছা কানা খোঁড়া বোবা আর কালা।
টাকার ওঁছা আলা, সম্পর্কের ওঁছা শালা। ২
তরকারীর ওঁছা কাঁচাকলার মোচা আর ওঁছা ঝিঙ্গে।
পিঁপড়ের ওঁছা ডিয়ে[2], পেকের ওঁছা ফিঙ্গে। ৩
... ...
রূপার ওঁছা নোড়। বদনামের ওঁছা চোর। ৪
হাকিমের ওঁছা তজবিজ্ঞ করে না, বক্সলের সাক্ষি।
গাঁয়ের ওঁছা দশজনেতে থাকে নাক অক্ষি। ৫
দেশের ওঁছা দেড়ে, ঘৃতের[3] ওঁছা কড়ে।
চাউলের ওঁছা ভেড়ে। ৬

১ এই অংশের মোট নায়ক-নায়িকা উপাখ্যানে শ্লোক সংখ্যা, একটি ছড়াসহ ৮৯টি। গান আছে মোট সাতটি। শেষের গান তিনটির একটি হিন্দী, একটি ইংরাজী, একটি পূর্ব্ববঙ্গের উপভাষায় রচিত। সমস্ত গান ও শ্লোক উদ্ধৃত করার মত নহে—ছড়াটি আংশিকভাবে উল্লেখযোগ্য :

খোট্টা ব্যস্ত হয়েছে কেমন শুন—
যেমন ঘরে বাপের হাত ছাড়লে ব্যস্ত তার ছেলে।
চোর যেমন লুকাতে ব্যস্ত পরের ধন পেলে। ৬৯
তৃষ্ণাযুক্ত ব্যস্ত যেমন যায় নদীর তটে।
আমাশয়ের রোগী যেমন ব্যস্ত-সমস্ত হাটে। ৭০
খরচের খরচ খসিলে লোকে যেমন ব্যস্ত।
নীলাম দিনে ব্যস্ত যেমন জমিদার সমস্ত। ৭১
যেমন সন্তিপূজার সংকরে জগৎ ব্যস্ত হয়।
জয়দ্রথ বধে যেমন ব্যস্ত ধনঞ্জয়। ৭২
ঘরে আগুন লাগিলে হয় গৃহস্থ যেমন ব্যস্ত।
... ... । ৭৩

২ ডেয়ে? ৩ জুতার?

হীরামণি খানকি যে সকল খানকির সেরা। তাহার রূপ কেমন?

যে শুনে নাই তার মধুর ধ্বনি, মধু মিষ্টি বলেন তিনি,
কোকিলের গৌরব গেছে রবে।
কমল আছে অধোমুখে, গোলাপ উঠিল প্রলাপ দেখে,
আতর কাতর তার অঙ্গের সৌরভে। ৭

তার কোন অংশ নাই ত্রুটি, নয়ন জুড়ায় নয়ন দুটি,
হরিণীর হরিল দর্প বনে লুকাল ডরে।
শরতের চন্দ্রোদয় মুখের তুলনা নয়,
মুখ দেখে মুখ লুকাতে হয়,
তার বুক দেখে লোক বুক বুক করে মরে। ৮

তার যে দুটি মোচরা ফল, তার কাছে কি মোক্ষ ফল,
দালিম বলে মোর গালিম এল একি বিধাতার কর্ম্ম।
যে মলে তার কুচগিরি, তারি সার্থক বাবুগিরি,
যে করে তার কোটনাগিরি, তারো সার্থক জন্ম। ৯

... ...

তার দন্তের তদন্ত বলি, নিন্দে করে কুন্দ কলি,
'মতির ঘটি মতিপাৎ' তুল্য দিতে চান।
ওষ্ঠ দেখে করে লোকের ওষ্ঠাগত প্রাণ। ১২

তার চাচর চুল নিবিড় কালো, পামরে বলে চামরে ভাল,
বুঝিবার চুকে।
চুলের তুলনা নয় নয়, চুল দেখে ফুল জ্ঞান হয়,
ফুল দিলে শূল হানে লোচ্চার বুকে। ১৩

তার বর্ণ জিনি কাঁচাসোনা, দিয়ে কত রূপা সোনা,
অনেকে করে উপাসনা,
হাজারে একজন পায় যার প্রসন্ন কপাল।
যেমন দ্যুতি খেলায় সবই ফর্সা ভাগ্যগুণে মাল। ১৪

যার শরীরে থাকে বিদ্যা, সে কি বলে সুন্দরী বিদ্যা,
স্বর্গবিদ্যাধরী ধরি কি তার কাছে।
লক্ষহীরা পড়ে থাকে লক্ষ পইঠের নীচে। ১৫

একদিন জানালা খুলে চাঁদবদনী চায় রাস্তা পানে।
দেখে বাবুরাম লোচ্চা খেপিল মদনের বাণে। ১৬
যেমন শিব খেপেছিলেন মোহিনীর রূপে সাগরের কূলেতে।
দ্রৌপদীর রূপ দেখে যেমন কীচক উঠিল মেতে। ১৭

* * *

বাহার—খেমটা

একটিবার খয়রাতে···
বরং ত্রিলোক তোর তুষ্ট হতে
আমায় তুষ্ট করিলে পরে। [ক]

* * *

এই কথা শুনিয়া হীরামণি খানকি জানালা বন্ধ করিয়া বাটীর মধ্যে প্রবেশ করিলেন। বাবুরাম বলিলেন যে কুটনীর উপাসনা ভিন্ন ইহার কাছে যাওয়া হইবেক না।

সেই সময়ে চারিজন কুটনী সাক্ষাৎ যোগিনী।
মালিনী ময়রানী আর ধোবানী নাপ্তিনী। ১৮
নাপ্তিনীর কাপ্তিনী ভাব বুদ্ধির পলটানে বটে।
তার ছলেতে জলের মাছ শুকনা ডেঙ্গায় উঠে। ১৯
কুটনী নয় যেন কোর্টে উকিল থাকে কৈয়াদী
লোচ্চার ঘরে।
বৃন্দাবনের বড়াই তিনি, বর্দ্ধমানের হীরে। ২০

এইরূপে প্রকারে সেই কুটনী মুখরা তার নিকটে বাবুরাম গমন করিতেছে কি প্রকার—

বাবুরাম জেতেতে কায়স্থ পূর্ব্বে ছিল রেস্ত
এখন হয়েছে নিকস্থ··· ···
চলেছে এমনি ত্রস্ত যেন বাপমরা দায়গ্রস্ত। ২১

বাবুরাম নাপ্তিনীর নিকট গিয়া বলিতেছে যে হীরামনি নামে একটি খানকি আছে তাহাকে যদি আমার সংঘটন করিয়া দিতে পার, তবেই বাঁচি নতুবা প্রাণ যায়।

* * *

১-১ মতির ঘটা মতিমান্?

ভৈরবী—খং

ও নাপ্তিনী মাসী মিলাইতে পার যদি তায়।
তবেই থাকে এ প্রাণ নইলে বুঝি যায়॥
তো বিনে নাই নাই সাধ্য কার,
যদি এ দায় রাখিতে পার
তবে জন্মের মত বিকাই আমি তোমার রাঙ্গা পায়॥
পুরাণে শুনেছি তুমি কুটনীর শিরোমণি
কাম সাগরে তরাইতে চরণ তরণী
তুমি আমার ব্রহ্মা বিষ্ণু ইন্দ্র চন্দ্র
নম নমস্তভ্যাং নমো নম॥ [খ]

* * *

কুটনী স্তবে তুষ্ট হইয়া কহিতেছে বাপু এ কোন্ অসাধ্য, কুলের কুলবতী ভুলাইতে পারি, যদি টাকা পাই, যেখানে টাকা সেখানে সকলি হইতে পারে।

যেখানে বৃক্ষ সেইখানেই ফল।
যেখানে মেঘ সেইখানে জল।
যেখানে কাজিয়ে সেইখানে দল॥ ২২
যেখানে কৃষ্ণ সেইখানে বাঁশী
যেখানে আহ্লাদ সেইখানে হাসি।
যেখানে খুন সেইখানে ফাঁসি॥ ২৩
যেখানে স্বজন সেইখানে ঐক্য।
যেখানে দোমবাজ সেইখানে ফক্কি॥ ২৪
যেখানে আচার সেইখানে লক্ষ্মী।
যেখানে দাতা সেইখানে দুঃখী॥ ২৫
যেখানে ইংরেজ সেইখানে ঘড়ি।
যেখানে কৃপণ সেইখানে কড়ি।
যেখানে কানা সেইখানে লড়ি॥ ২৬
যেখানে বৃক্ষ সেইখানে বাকল,
যেখানে আসল সেইখানে নকল,
যেখানে টাকা সেইখানে সকল॥ ২৭

এই কথা শুনিয়া বাবুরাম কহিলেন যে তাহার কিছু চিন্তা নাই। টাকা যত লাগে তাহাই আমি দিব। এই কথা শুনিয়া নাপ্তিনী হীরামণি খানকীর নিকট গমন করিয়া কহিলেক যে তোমার জন্য এক বাবু উন্মত্ত হইয়াছে, এমন বাবু দেখি নাই। হীরামণি কহিতেছে—বাবু দুই রকম আছে। এক যথার্থ বাবু, আর এক ফতো বাবু। দুয়ের-ই গুণ বর্ণন।

যথার্থ বাবুর 'বা'য়ের গুণ কি ?

বালক বৃদ্ধ বাধ্য সদাই বাক্য ধরি অতি।
বাজে লোকেতে বার পায় না, বালাখানায় জলে বাতি॥২৮
বাদ নাইকো বৈদিক কর্ম্ম বৈকালে বেড়ান বাগে।
বাখুনীতে বারমাস বেশ্যা বাম ভাগে॥ ২৯

তাহার 'বু'য়ের গুণ কি ?

বাবু থাকে বুজরুকি থাকে বুনাদি লোকের ছেলে।
ব্যুৎপত্তি বাড়ে বিষয়লোকে বুঝমান বলে॥ ৩০
বুট পায় বুটিদার পোষাক পরে জন্ম।
বৃথা কথা নাই এক বুলি বাবু লোকের ধর্ম্ম॥ ৩১

ফতো বাবুর 'বা'-য়ের গুণ কি ?

বাটপাড় বাতানে বাবু বাবলা বনে বাস।
বাগুন পোড়া দিয়ে ভোজন করেন বারমাস॥ ৩২
বাগে পেলে পর বামন বধে মানেন না বারবেলা।
বাবলা বনে কেড়ে নেন বালকের বালা॥ ৩৩
বাপ করেছেন বদক্রিয়াতে বাপ বেত্তাপুত্র নাম।
বাইরে বাবু ঘরে কিন্তু বড়ে বাস্তারাম॥ ৩৪

'বু'-য়ের গুণ কি ?

বুছকি বওয়া মুটের মত বুদ্ধি চিরকাল।
বুট ভিজে খেয়ে বলে············ ॥ ৩৫

* * *

এই কথা শুনিয়া নাপ্তিনী কহিতেছে সে যথার্থ বাবু। তখন হীরামণি কহিল, তারে চারি ঘণ্টা রাত্রি পরে আসিতে কহিবে। এই কথা বাবুরামের নাপ্তিনী কহিবামাত্র তাহার পদধূলি বাবুরাম মস্তকে ধারণ করিয়া হীরামণির বাড়ী যাত্রা করিলেন।

পথমধ্যে বাবুরামের এয়ার সেবারামের সঙ্গে দেখা। সেবারাম বৃত্তান্ত শুনিয়া বাবুরামকে নিষেধ করিছেন।

তোমার একটি অমঙ্গল শুনিলাম আমি অগ্ত।
খানকি বেশ্যার কাছে ভাই তুচ্ছ করে মন্ত। ৩৭
আগে আমি রুগী ছিলাম, এখন হয়েছি বৈদ্য।
খানকির পিরীতে মজিলে ভাই ধ্বংস হবি সদ্য। ৩৮
পাঁকে থেকে উঠে আমি নাকে দিয়েছি খত।
হা রে কে তোরে বাতলিয়ে দিলে সৃষ্টিনাশের পথ। ৩৯

* * *

কিন্তু পোন পাবে না দোম দিয়ে যেন যমের মত টানিবে।
আমার কথা মান নহিলে তিন দিনেতে জানিবে। ৪১
যদি তুমি খানকি বাড়ী না গিয়া থাকিতে না পার, তাহার একটা উপায় বলি।

* * *

খাম্বাজ—খং

ভাই ক'রো না ....
নির্জ্জন জঙ্গলে বসি স্মরি বিশ্বামিত্র ঋষি
যার শুনি নাম করে কর কামে নিবারণ। [গ]

* * *

তোমাকে এসব কথা বলিলে বুঝিবা না, হইতে কষ্ট হইবে।

যেমন নাই বলিলে ভিখারী রুষ্ট যান বেজার হয়ে।
পাঠার নামে বৈরাগী রুষ্ট রোগী কষ্ট ক্ষয়ে। ৪২

ভেড়ার কষ্ট হয় যেমন কান মোচড়া দিলে।
জামাইর কষ্ট শ্বশুরের সেবার কসুর হলে। ৪৩

ভিজে কাঠে রান্ধনী কষ্ট দিতে নারে জাল।
তেমনি...নিষেধে কামী রুষ্ট আছে চিরকাল। ৪৪

[এইভাবে সেবারাম বাবুরামকে বেশ্যাগমনের সর্ব্ব-নাশকর ফল সম্বন্ধে বহু সতর্ক করিয়াও নিরস্ত করিতে পারিল না। বাবুরাম হীরামনির বাড়ী গেল। তারপর সেখানকার নানা বর্ণনা দ্বারা পালা শেষ।][1]

১ পালাতে ছড়া সহ শ্লোকসংখ্যা ৭৭ টি, গীতসংখ্যা পাঁচ। গদ্য কথার প্রাচুর্য্য আছে।

পরিশিষ্ট—খ

সঙ্গীত-সূচী

পাদটীকা : ১ দুইটি গানে সামান্য পাঠান্তর আছে।—সম্পাদক

ছড়ার সূচী

বিশিষ্ট শব্দ সূচী

	পৃষ্ঠাঙ্ক
দুধরাঁড়ী—তরুণী বিধবা	২৪
দুরশন—অখাদ্য	৪৫৫
দুর্ভাষা—গাল	৫১৪
দুষ্য—দোষোর	১৪২
দুষ্করণী—দুষ্কর্ম	৫৬৫
দুস্পার—অপার	৫৬৫
দূষণ—দোষের	১৮২
দেক—দুঃখ	৬৭৩
দেকদারী—লজ্জা	৫৫৩
দেড়ে—দাড়িওয়ালা	৬৮৫
দেদো—দাদরোগাক্রান্ত	৭৮৫
দৈন্যতা—দীনতা	৫৮০
দোয়েম—জমিসংক্রান্ত	৬৭২
দোলাই—চাদর	৬৮৩
দোহার—দু'সারি	৮৫
দ্বিজ-বিশ্রাম—ব্রাহ্মণের বাস	৩
দ্বিজরাজ—ব্রাহ্মণ শ্রেষ্ঠ	১
দ্বিজরাজ – গরুড়	৪
দ্বিজরাজ—চন্দ্র	৪
দ্বিতীয়ত্ব—দুইবার হওয়া	৬৭৮
দ্বিদল—দুই গোষ্ঠী	২৮৭
দ্বিলোচন—দুই চোখ	৮০
দ্বীপান্তর—অন্য দ্বীপ	৪৮৮
ধটি—লেঙট	৮৪
ধড়া—হেঁটো বস্ত্র	১৭১
ধড়াপরা—কৌপীন পরিহিত	৩১৭
ধনেশ—কুবের	২
ধন্দ—সন্দেহ	৬৯
ধব—স্বামী	২৩৩
ধরানেত্র—মাটিতে বদ্ধ দৃষ্টি	৪১০
ধরাধর—পর্ব্বত	১৯
ধরাধর—কৃষ্ণ	৪১
ধরাধর—মেঘ ?	৪৮২
ধর্ম্মরাজ—ধর্ম ঠাকুর	১২০
ধাঁচা—অঙ্গভঙ্গী	১৭৪
ধাঁচা—রীতি	১৮০
ধাত—ধাতু	২৭২
ধাতু—ইন্দ্রিয়	১০০
ধারাধর—মেঘ	১৩৫
ধিৎকারী—টিটকারী	৪৫৫
ধুহুড়ি—ঝুলি	৭৩৬
ধুকধুকী—পদকাকার অলংকার	৫৩২
ধুমতিধরা—বৈরাগী	৬৭৩
ধুমতী—বোষ্টুমী	২৪
ধুপ—রৌদ্র	১৩
ধূমক্ষেত্র—ধূমকেতু	৬৬১
ধূমা—ধূমাবতী	৬১৫
ন—না	৩২৪
নকীব—ঘোষণাকারী	৬৯৬
নকুল—বেজী	৩৭২
নক্র—কুম্ভীর	১৯
নগদী—পাইক	৬৬৯
নজদিগ—নিকট	৭৩৮
নট—না	২৭৪
ননী—নবনী	১০৩
নফর—ভৃত্য	২২৭
নবভক্ত—শূদ্র	২০৪
নবডেং—নাই	৭৭৪
নবত—নহবৎ	৭০৫
নবযৌবনী—যুবতী	৭০৭
নবাৎ—চিনির খাদ্য বস্তু	৩২৬
নবেদার—জামা বিশেষ ?	৭৮২
নম্রমান—অবনত	১৯৩
নয়নাম্বু—অশ্রু	২২৯
নয়নাম্বুজ—আঁখি কমল	২২৯

	পৃষ্ঠাঙ্ক
নেটা—অসুবিধা	১৮৬
নেড়া—বোষ্টম	৩০৯
নেড়ী—বোষ্টমী	৬৫৯
নৈরাশ—নিরাশ	৪
নৈরেকার—নিরাকার	৩০৪
নোড—ব্যবহারের অযোগ্য	৭৮৬
নোলা—জিহ্বা	৪১২
ন্যূনকল্প—কমপক্ষে	১৩৬
পঁইছে—হাতের গহনা	৩১২
পইঠা—ধাপ	৭৮৭
পওখ্যা—অতি কৃপণ	৫১৬
পঞ্চকুট—পাঁচ প্রকার কুষ্ঠ	৭৮৬
পঞ্চগ্রাম—গ্রামসমূহ	২৫৬
পঞ্চত্বহরা—মৃত্যুভয়নাশকারিনী	২১৭
পঞ্চত্বহারিণী—মৃত্যুহরা	৫৬১
পঞ্চবক্ত্র—পঞ্চমুখ, (শিব)	৯৫
পঞ্চমপাতকী—ঘোরপাপী	৬৬৪
পঞ্চমপাত্তা—গহনা বিশেষ	৩২৭
পঞ্চরং—দাবাখেলার জয়	২৯৪
পড়েন—টানার উল্টা সূতী	১৭৩
পড়ো—পড়ুয়া	২৩
পত্তনি—জমির পত্তন দেওয়া	১৭৩
পত্র—বিবাহের দলিল	২৪৪
পত্রকুটীর—পাতার ঘর	৫১
পথি—পথিক	৫৮
পদচ্যুত—পা হইতে খলিত	১৪০
পদদ্বন্দ্ব—পদ যুগল	৩৩১
পদাশ্রম—পদতল	১৫১
পদ্মনাভ—ব্রহ্মা	১৬২
পয়—সৌভাগ্য	৩১১
পয়নামা—গোয়ালাবৃত্তি ?	১৭২
পয়মাল—নষ্ট	৪

	পৃষ্ঠাঙ্ক
পরকুচ্ছ—পরনিন্দা	১০৮
পরবনিতা—পরস্ত্রী	৪৪
পরবাদ—নষ্ট ?	২৭৬
পরশ—পরশমণি	২৫১
পরিতোষণ—সন্তুষ্টি	৭৫
পরিপক্কা—পাকা	৫২৬
পরিবর্ত্ত—পরিবর্ত্তন	৯
পরিবাদ—অপবাদ	৬৯
পরোয়ানা—হুকুমনামা	৫৫১
পলয়ার—পালদার নৌকা	৩৬
পশ্চাদগামী—পিছনের যাত্রী	৩৪৭
পস্তান—পশ্চাদনুতাপ	৭৩৭
পক্ষ—পক্ষী	১৮২
পাঁক—পরিপাক	১০
পাক—দুঃখ	৪৯৮
পাক—রান্না	৪২৮
পাকস্থলী—রান্নার পাত্র	৩০২
পাকাম—বুড়োমি	২৭১
পাকী—পাচিকা	৫৬৪
পাঁচনরী—হার বিশেষ	৩২৭
পাঁচ-ভাতারী—পঞ্চ স্বামী বিশিষ্ট	১০৯
পাঁচুটে—জন্মের পঞ্চম দিন	৪৭৮
পাজী পুজরো—গাল বিশেষ	৭০৬
পাটা—ইজারা	৬৬০
পাটা—তক্তা	৬৬০
পাটেশ্বরী—প্রধানা রাণী	১২৪
পাড়াঢলানি—গালি বিশেষ	১০০
পাতুর—গোবরের পোকা	৭২৬
পানা—সরবৎ	১২
পানা—পুকুরের পানা	৬৬৪
পাপনিবারী—পাপ নিবারণকারী	৭১১
পাপাত্ম—পাপী	৩৪০
পাব—পর্ব	৭৮৫

	পৃষ্ঠাঙ্ক
বনচর—বানর	২৭০
বনচারী—বনবাসী	২৭৬
বনত্রপাস্তরে—সুদূর বনে	৩৭৩
বন্দ—জমির মাপ	৪
বন্দুয়ান—বন্দী	৬৮৪
বন্ধল—মিথ্যা সাক্ষ্য	৭৩৪
বরখাস—বরখাস্ত	৬৯৭
বরদাস্ত—সহ্য	৬৭৫
বরামদি—অতি খোসামুদে	৬৮৪
বর্ণময়ী—সুন্দরী	৪৩২
বলবন্ত—বলবান	২৮৭
বলবন্ত—বলবান	২৫৬
বলবর্ত্ত—বলবান	২১২
বসতি—গ্রাম	১
বসু—রত্ন	২২১
বসু—আট সংখ্যা	৩৫০
বাউটি—অলংকার বিশেষ	৫১২
বাঁক—বাস্ত	২৫৭
বাখুশী—আহ্লাদ ?	৭৮৮
বাগড়া—ব্যাঘাত	৭১৭
বাগিরতি—ভাগীরথী	৭০৮
বাঘাম্বর—ব্যাঘ্রচর্ম্ম	১৫১
বাচনি—নির্বাচনকারী	৩৮৮
বাটা—পাত্র	৬৮৩
বাটা—কলঙ্ক	৪০
বাণীহত—বাকরুদ্ধ	৩৩৭
বাতান—গোহাল ?	৬৯৮
বাতিক—বায়ুরোগ	৩৭
বাতিক—বাত	৩০৮
বাদহাটা—বাধা	৬৬০
বাধা—মোট, বোঝা	৪৪
বাপাস্ত—গাল বিশেষ	২৭২
বামাচারী—শাক্ত	৬৫২

	পৃষ্ঠাঙ্ক
বারুণী—স্নানযোগ বিশেষ	৭৮৫
বালকতা—চপলতা	৩২৯
বালসা—বালরোগ	৭২৭
বালিসা—রোগ বিশেষ	১২৬
বাহার—সৌন্দর্য্য	৩২৭
বাহাল—নিযুক্ত	৬৯৭
বিংশতি-অক্ষ—রাবণ	৪৩৬
বিকূল—প্রতিকূল	১৮২
বিকে—হাটে	১৪০
বিগলিতকেশী—বিস্রস্ত কুন্তলা	১৭৯
বিগুণ—প্রতিকূল	৩৯
বিচিত্ত—ব্যাকুল	১০
বিছেবেশে—বৃশ্চিকরাশি	৭০২
বিড়ম্ব—বিড়ম্বনা	৮৪
বিদূষক—দোষগ্রাহী	৩৭০
বিস্তাবস্ত—বিধান	২৬
বিনশুতি—বিনাশ	৪২১
বিস্তি—খেলা	৭৬৩
বিপত্ত—বিপদ	২০
বিপদস্থ—বিপন্ন	৩৩০
বিবন্ধ—বিপদ	১২
বিবরণ—বিবর্ণ	৮
বিবরণ—তালিকা	৮
বিবর্ণতা—বিবর্ণ	৬৬
বিবর্ণধারিণী—মলিনা	২২০
বিবসনী—উলঙ্গিনী	২৯৩
বিবেকী—সন্ন্যাসী	৮
বিভোগ—দুর্ভোগ	৪৮০
বিমত—ক্রোধ	২৭৬
বিমন—বিরূপতা	১৪৪
বিরক্ত—রক্তশূন্য	৬৪৫
বিরসমতি—দুঃখিতা	৩৯
বিরুদ্ধবিরোধিনী—শত্রুহন্ত্রী	৬৪৮

প্রবাদ প্রবচন বিচিত্রা

সংশোধন পত্র

পৃষ্ঠা	শ্লোক বা গীত	মুদ্রিত রূপ	শুদ্ধ রূপ
৩৩	১৯ শ্লোকটি ছড়া	সংখ্যা হইবে	[অ]
৫৬	৭১	স্মরণ	শরণ
৭২	৭-৮ শ্লোক দুইটি ছড়া, সংখ্যা হইবে		[অ]
৭৫	৪৪-৪৬ শ্লোকগুলি ছড়া, সংখ্যা হইবে		[আ]
৯৬	৩৮	কান্তি	কীর্ত্তি
১০০	২৩	কবরী	করীর
১১৩	"শ্রীমতীর প্রতি কুটিলার" ইত্যাদি শিরোনামার বদলে "চন্দ্রাবলীর প্রতি কুটিলার ইত্যাদি"		
১২৪	১১৫	আহার করো কৃষ্ণজীরে	আহার করো কৃষ্ণজিরে
১৪৬	১১	অপরাগ	অপারগ
১৫২	৮১-৮৪ শ্লোকগুলি ছড়া, সংখ্যা হইবে		[আ]
১৫৩	১০৬	মরণ	রমণ
১৭৩	গীত (ঙ)	জগতের তাঁত	জগতের তাত
১৭৩	১৪১	বনবালা	বনমালা
১৮০	৫৫ শ্লোক সংখ্যার অবস্থান প্রমাদ দুষ্ট, উত্তরোত্তর এক এক করিয়া শ্লোক সংখ্যা বাড়িবে		

পৃষ্ঠা	শ্লোক বা গীত	মুদ্রিত রূপ	শুদ্ধ রূপ
২৪৯	১৫৩	স্বথালে	স্বর্ণথালে
২৮১	গীত (চ)	পরদ	পরম
৩২২	২৫৮	আলপেন	আলাপন
৩৩৫	৭৩	উনিশ বিষ	উনিশ বিশ
৩৪৪	গীত (খ)	রণে উৎপত্তি	চরণে উৎপত্তি
৩৭৯	৮৮	তুমি র্প	তুমি দর্প
৩৮৫	'কে আছ হে ধনুর্দ্ধর' গীতটির সংখ্যা হইবে		(ণ)
৩৮৬	১৭৩-১৭৪ শ্লোক দুইটি ছড়া, সংখ্যা হইবে		(আ)
৪৮৮	১১৬	কহিজে	কহিছে
৫৬৯	১৭৯	গিরিশ	গিরীশ
৬৬৫	৫০	ত্রসংসার	ত্রিসংসার
৬৮২	ছড়ার সংখ্যা	[ঘ]	[আ]
৬৯৮	৩০	সত্তি	সতী
৬৯৯	৩৮	ছপ্পছ	ছপ্পর
৭২৩	৪০	শুছি	শুনছি
৭২৮	৪০	সুধ	সুধা